Barcode - 4990010225171
Title - Bengal Legislative Assembly Proceedings (1985) vol.83, no. 4
Subject - SOCIAL SCIENCES
Author - N. A.
Language - bengali
Pages - 1114
Publication Year - 1985
Creator - Fast DLI Downloader
https://github.com/cancerian0684/dli-downloader
Barcode EAN.UCC-13

Vol. 83
No. IV

# Assembly Proceedings

## OFFICIAL REPORT

# WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

## Eighty Third Session

(Budget Session, 1985)

(From 11th March, 1985 to 10th May, 1985)

(The 22nd, 23rd, 25th, 26th April & 2nd, 3rd, 9th, 10th May 1985).

Published by authority of the Assembly under Rule 353
of the Rules of Procedure and Conduct of Business
in the West Bengal Legislative Assembly

Price Rs. 442

Vol. 83
No. IV

# Assembly Proceedings

## OFFICIAL REPORT

# WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

## Eighty Third Session

(Budget Session, 1985)

(From 11th March, 1985 to 10th May, 1985)

(The 22nd, 23rd, 25th, 26th April & 2nd, 3rd, 9th, 10th May 1985).

Published by authority of the Assembly under Rule 353
of the Rules of Procedure and Conduct of Business
in the West Bengal Legislative Assembly

## GOVERNMENT OF WEST BENGAL

### Governor
### SRI UMA SANKAR DIKSHIT

### Members of the Council of Ministers

1. Shri Jyoti Basu, Chief Minister and Minister-in-charge of Home Department (excluding Jails, Civil, Defence and Parliamentary Affairs Branches and matters relating to Minorities Affairs) and Hill Affairs Branch of Department of Development and Planning.
2. Shri Benoy Krishna Chowdhury, Minister-in-charge of Department of Land and Land Reforms, Department of Panchayat and Community Development and Rural Development.
3. Shri Jatin Chakraborty, Minister-in-charge of Public Works Department and Housing Department.
4. Shri Nirmal Bose, Minister-in-charge of Department of Commerce and Industries, Department of Industrial Reconstruction and Department of Public Undertakings (excluding matters connected with West Bengal Agro-Industries Corporation Limited).
5. Shri Kanai Bhowmik, Minister-in-charge of Minor Irrigation, Small Irrigation and Command Area Development in the Department of Agriculture and matters connected with West Bengal Agro-Industries Corporation Ltd. in the Department of Public Undertakings.
6. Shri Debabrata Bandyopadhyay, Minister-in-charge of Welfare Branch of Relief and Welfare Department and Jails Branch of Home Department.
7. Shri Radhika Ranjan Banerjee, Minister-in-charge of Department of Food and Supplies and Relief Branch of Relief and Welfare Department.
8. Shri Nani Bhattacharya, Minister-in-charge of Department of Irrigation and Waterways.
9. Shri Kanti Biswas, Minister-in-charge of Primary and Secondary Education Branches of Department of Education.

10. Shri Nihar Basu, Minister-in-charge of Department of Co-operation.

11. Shri Sambhu Charan Ghose, Minister-in-charge of Department of Education (excluding Primary Education, Seconcdary Ecucation, Audiovisual Education, Social Education, Non-Formal Education and Library Service Branches).

12. Shri Kamal Guha. Minister-in-charge of Department of Agriculture (excluding Minor Irrigation, Small Irrigation and Command Area Developpment) and Rural Water Supply and sanitations in the Department of Health and Family Welfare.

13. Dr. Sambhu Nath Mandi, Minister-in-charge of Scheduled Casts and Tribes Welfare Department and Jhargram Affairs Branch of Development and Planning Department.

14. Shri Amritendu Mukhopadhaya, Minister-in-charge of Department of Animal Husbandry and Veterinary Services and Department of Refugee Relief and Rehabilitation.

15. Shri Bhabani Mukherjee, Minister-in-charge of Department of Environment.

16. Shri Rabin Mukherjee, Minister-in-charge of Transport Department.

17. Shri Prasanta Kumar Sur, Minister-in-charge of Department of Local Government and Urban Developement, Metropolitan Developement Department and Urban Water Supply and Sanitation in the Department of Health and Family Welfare.

18. Shri Syed Abul Mansur Habibullah, Minister-in-charge of Legislative Department and Judicial Department and matters relating to Minorities affairs in the Home Department.

19. Dr. Ashok Mitra, Minister-in-charge of Finance Department and Department of Development and Planning (excluding Sundarban Areas Branch, Jhargram Affairs Branch and Hill Affairs Branch).

20. Shri Md. Abdul Bari, Minister of State for Primary and Secondary Educaiton under the Minister-in-charge of Primary Education and Secondary Education.

21. Shrimati Chhaya Bera, Minister of State-in-charge of Social Education, Non -Formal Education and Library Service of

Department of Education.

22. Shri Subhas Chakraborty, Minister of State-in-charge of Department of Sports and Youth Services and Minister of State for Dairy Development Branch under the Minister-in-charge of Animal Husbandry and Veterinary Services Department.

23. Shrimati Nirupama Chatterjee, Minister of State-in-charge of Relief Branch of Relief and Welfare Department.

24. Shri Ram Chatterjee, Minister of State-in-charge of Civil of Defence Branch of Home Department.

25. Shri Sibendra Narayan, Chowdhury, Minister of State for Transport Branch of Home Department under the Minister-in-charge of Transport Branch of Home Department.

26. Shri Santi Ranjan Ghatak, Minister of State -in-charge of Labour Department.

27. Shri Ram Narayan Goswami, Minister of State-in-charge of Public Health and Programme in the Department of Health and Family Welfare.

28. Shri Dawa Lama, Minister of State for Hill Affairs Branch of Development and Planning Department under the Chief Minister and Minister-in-Charge of Home Department (excluding Jails, Transport, Civil Defence and Parliamentary Affairs Branches and matter relating to Minorities Affairs) and Hill Affairs Branch of Development and Planning Department.

29. Shri Sunil Majumdar, Minister of State for land and Land Reforms Department under the Minister-in-charge of Land and Land Reforms Department and Department of Rural Development.

30. Shri Abdur Razzak molla., Minister of State-in-charge of Sunderban Areas Branch of the Development and Planning Department.

31. Dr. Ambarish Mukhopadhyay, Minister of State-in-charge of Medical Education, Equipments and Supplies in the Department of Health and Family Welfare

32. Shri Bimalananda Mukherjee, Minister of State-in-charge of Excise Department.

33. Shri Kiranmoy Nanda, Minister of State-in-charge of Department of Fisheries.

34. Shri Probhas Chandra Podikar, Minister of State-in-charge of Information and Cultural Affairs Department.

35. Shri Patit Paban Pathak, Minister of State-in-charge of Parliamentary Affairs Branch of Home Department.

36. Shri Achintya Krishna Roy, Minister of State for Food and Supplies Department under the Minister-in-charge of Food and Supplies Department and Department of Forest and Tourism.

37. Shri Banamali Roy, Minister of State for Scheduled Castes and Tribes Welfare Department under the Minister-in-charge of Scheduled Castes and Tribes Welfare Department.

38. Shri Sailen Sarkar, Minister of State for Local Government and Urban Development under the Minister-in-charge of Local Governemt and Urban Development.

39. Shri Prabir Sen Gupta, Minister of State-in-charge of Department of Power.

40. Shri Pralay Talukdar, Minister of State-in-charge of Cottage and Small Scale Industries Department.

## WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY
## PRINCIPAL OFFICERS AND OFFICIALS

Speaker : **SHRI HASHIM ABDUL HALIM**
Deputy Speaker : **SHRI KALIMUDDIN SHAMS**

Joint Secretary-Cum-Committee Officer
**SHRI A. RAHMAN**

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

1. Abdul Mannan, Shri (149-Arambagh – Hooghly)
2. Abdul Quiyom Molla, Shri (119-Diamond Harbour–24-parganas)
3. Abdur Razzak Molla, Shri (106-Canning East – 24 Parganas)
4. Abdul Wahed, Shri (42-Harishchandrapur – Malda)
5. Abdur Rauf Ansari, Shri (145-Bowbazar – Calcutta)
6. Abdus Sattar, Shri (55-Lalgola –Murshidabad)
7. Abdus Sobahan Gazi, Shri (120 - Magrahat West - 24-Parganas)
8. Abul Hasnat Khan, Shri (50-Farakka– Murshidabad)
9. Abul Mansur Hibibullah, Shri Syed (277-Nadanghat – Burdwan)
10. Abedin Dr. Zainal (34-Itahar – West Dinajpur)
11. Adak, Shri Gourhari (172 Shyampur – Howrah)
12. Adak, Shri Nitai Charan(174-Kalyanpur – Howrah)
13. Adhikari, Shri Sisir(211-Contai South – Midnapore)
14. Anwar Ali Sk., Shri(168-Panchla –-Howrah)
15. Atahar Rahaman,Shri (59-Jalangi – Murshidabad)
16. Bagdi, Shri Lakhan (263- Ukhra (S.C.) – Burdwan)
17. Bagdi, Shri Natabar (241 Raghunathpur (S.C) – Purulia)
18. Bandyopadhyay, Shri Balai(184- Haripal – Hooghly)
19. Bandyopadhary, Shri Debabrata (63- Berhampore – Murshidabad)
20. Banerjee, Shri Ambica (163- Howrah Central – Howrah)
21. Banerjee, Shri Amiya Bhusun (96-Hasnabad – 24 Parganas)
22. Banerjee, Shri Madhu (257-Kulti – Burdawn)
23. Banerjee, Dr. Sushovan (284-Bolepur – Birbhum)
24. Banerjee, Shri Radhika Ranjan (136- Kamarhati – 24-

Parganas)

25. Bapuli, Shri Satya Ranjan (123-Mathurapur – 24-Parganas)
26. Barma, Shri Manindra Nath (9-Tufangung (S.C.) – Cooch Behar)
27. Barman, Shri Dipendra (31-Raiganj (S.C.) – West Dinajpur
28. Basu, Shri Ajit (129-Naihati – 24-Parganas)
29. Basu, Shri Bimal Kanti(5-Cooch Behar West – Cooch Behar)
30. Basu, Shri Debi Prosad (77 Nabadwip – Nadia)
31. Basu, Dr. Hoimi (149-Rashbehari Avenue – Calcutta)
32. Basu, Shri Jyoti (177 Satgachia – 24-Parganas)
33. Basu, Shri Nihar Kumar ( 131 Jagatdal – 24-parganas)
34. Basu, Shri Subhas (82-Chakdah – Nadia)
35. Bauri, Shri Gobinda[240-Para (S.C) – Purulia]
36. Bauri, Shri Madan [247-Indpur (S. C.) – Bankura]
37. Bera, Shrimati Chhaya (199-Nandanpur – Midnapur)
38. Bera, Shri Pulin (203- Moyna – Midnapur)
39. Bhattacharya, Shri Amarendra Nath (160-Belgachia West – Calcutta)
40. Bhattacharya, Shri Nani (12-Alipurduar – Jalpaiguri)
41. Bhattacharyya, Shri Gopal Krishna (135-Panihati – 24 Parganas)
42. Bhattacharyya, Shri Lal Behari (250-Barjora - Bankura)
43. Bhattacharyya, Shri Satya Pada (68-Bharatpur – Murshidabad)
44. Bhowmik, Shri Kanai (228-Dantan – Midnapur)
45. Bhunia, Dr. Manas (216-Sabong – Midnapur)
46. Biswas, Shri Ananda Mohan (74-Krishnaganj – Nadia)

47. Biswas, Shri Anisur Rahman (93-Swarupnagar – 24-parganas)
48. Biswas, Shri Chittaranjan (69- Karimpur – Nadia)
49. Biswas, Shri Hazari [53-Sagardighi (S.C.) – Murshidabad]
50. Biswas, Shri Jayanta Kumar (61-Naoda – Murshidabad)
51. Biswas, Shri Kamalakshmi [84-Bagdaha (S. C.) – 24 Parganas]
52. Biswas, Shri Kanti (86-Gaighata – 24-Parganas)
53. Biswas, Shri Kumud Ranjan [98-Sandeshkhali (S.C.) – 24-Parganas]
54. Biswas, Shri Satish [80-Ranaghat East (S.C.) – Nadia]
55. Bora, Shri Badan [255-Indus (S.C.) – Bankura]
56. Bose, Shri Biren ( 25-Siliguri – Darjeeling)
57. Bose, Shri Nirmal (20-Jalpaiguri – Jalpaiguri)
58. Bose, Dr. Sisir Kumar (146-Chowringhee – Calcutta)
59. Bouri, Shri Nabani [249-Gangajalghati (S.C.) – Bankura]
60. Chakraborty, Shri Ajit Kumar (258-Barabani – Burdwan)
61. Chakraborty, Shri Jatin (151-Dhakuria – Calcutta)
62. Chakraborty, Shri Shyamal (159-Manicktola – Calcutta)
63. Chakraborty, Shri Subhas (139-Belgachia East – Calcutta)
64. Chakraborty, Shri Umapati (196-Chandrakona – Midnapore)
65. Chakraborty, Shri Deb Narayan (189-Pandua – Hooghly)
66. Chandra, Shri Anup Kumar (!48-Alipore – Calcutta)
67. Chattaraj, Shri Suniti (288-Suri – Birbhum)
68. Chatterjee, Shri Dhirendra Nath (273-Raina – Burdwan)
69. Chatterjee, Shrimati Nirupama (173-Bagnan – Howrah)
70. Chatterjee, Shri Ram (185- Tarakeshwar – Hooghly)

**Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly**—*Contd.*

71. Chatterjee, Shri Tarun (265-Durgapur-II - Burdwan)
72. Chattopadhyay, Shri Dhrubeswar (236-Arsa - Purulia)
73. Chattopadhyah, Shri Sadhan (75-Krishnagar East - Nadia)
74. Chattopadhyay, Shri Sailendra Nath (181-Champdani - Hooghly)
75. Chattopadhyay, Shri Santasri (179-Uttarpara - Hooghly)
76. Chaudhuri, Dr. Kiran (141-Shyampukur - Calcutta)
77. Choudhury, Shri Biswanath (38-Balurghat - West Dinajpur)
78. Choudhury, Shri Gunadhar (254-Kotulpur - Bankura)
79. Chowdhury, Shri Abdul Karim (28- Islampur - West Dinajpur)
80. Chowdhury, Shri Benoy Krishna (271-Burdwan South - Burdwan)
81. Chowdhury, Shri Bikash (262, Jamuria - Burdwan)
82. Chowdhury, Shri Sibendra Narayan (8-Natabari - Cooch Behar)
83. Dakua, Shri Dinesh Chandra [3-Mathabhanga (S.C) - Cooch Behar]
84. Dalui, Shri Shiba Prasad [272-Khandaghosh (S.C.) - Burdwan]
85. Das, Shri Ananda Gopal [283-Nanoor (S.C.) - Birbhum]
86. Das, Shri Jagadish Chandra (128-Bijpore - 24-Parganas)
87. Das, Shri Nimai Chandra (118-Falta - 24-Parganas)
88. Das Mahapatra, , Shri Kamkshyanandan (215-Patashpur - Midnapore)
89. Daud Khan, Shri (107-Bhangar - 24-Parganas)
90. De, Shri Bibhuti Bhusan, (227-Narayangarh - Midnapore)
91. De, Shri Sunil (230-Gopiballavpur - Midnapore)
92. Deb, Shri Saral ( 90-Barasat - 24-Pargana)

**Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly**—*Contd.*

93. Dey, Shri Lakshmi Kanta (157-Vidyasagar – Calcutta)
94. Fazle Azim Molla, Shri (114-Garden Reach – Calcutta)
95. Ghatak, Shri Santi Ranjan (138-DumDum – 24-parganas)
96. Ghosh, Shri Sambhu Charan (186-Chinsurah – Hooghly)
97. Ghosh, Shri Satyendra Nath (165-Shibpur – Howrah)
98. Ghosh, Shri Ashok (162-Howrah North – Howrah)
99. Ghosh, Shrimati Chhaya (58-Murshidabad – Murshidabad)
100. Ghosh, Shri Debsaran (72-Kaliganj – Nadia)
101. Ghosh, Shri Kamakhya (223-Midnapore – Midnapore)
102. Ghosh, Shri Krishna Pada (155-Beliaghata – Calcutta)
103. Ghosh, Shri Malin (178-Chanditala – Hooghly)
104. Ghosh, Shri Prafulla Kanti (140-Cossipur – Calcutta)
105. Ghosh, Shri Rabindra (171-Uluberia South- Howrah)
106. Ghosh, Shri Susanta (220-Garbeta East – Midnapore)
107. Goppi, Shrimati Aparajita (4-Cooch Behar North – Cooch Behar)
108. Goswami, Shri Arun Kumar (180-Serampore – Hooghly)
109. Goswami. Shri Ram Narayan (270- Burdwan North – Burdwan)
110. Goswami, Shri Subhas (248-Chhatna – Bankura)
111. Guha, Shri Kamal Kanti (7-Dinhata – Cooch Behar)
112. Gupta, Shri Sitaram (130-Bhatpara – 24-Parganas)
113. Gyan Singh Sohanpal, Shri (224-Kharagpur Town – Midnapore)
114. Habib Mustafa, Shri (44-Ariadanga – Malda)
115. Habibur, Rahman, Shri (54-Jangipur – Murshidabad)
116. Hajra, Shri Sachindra Nath [193-Khanakul (S.C.) – Hooghly]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd.*

117. Haldar, Shri Krishnadhan [124-Kulpi (S.C.) - 24-Parganas]
118. Hashim Abdul Halim, Shri (89-Amdanga - 24-Paraganas)
119. Hazra, Shri Haran [169-Sankrail (S.C.) - Howrah]
120. Hazra, Shri Sundar (222-Salboni - Midnapore)
121. Hira, Shri Sumanta Kumar [154-Taltola (S.C.) - Calcutta]
122. Humayoun Chowdhury, Shri (48-Sujapur - Malda)
123. Humayoun Reza, Shri (51-Aurangabad - Murshidabad)
124. Jana, Shri Haripada (217-Pingla - Midnapore)
125. Jana, Shri Manindra Nath (177-Jangipara - Hooghly)
126. Kalimuddin Shams, Shri (147-Kabitirtha - Calcutta)
127. Kar, Shrimati Anju (276-Kalna - Burdwan)
128. Kar, Shri Nani (88-Ashokenagar - 24-Parganas)
129. Kazi, Hafizur Rahman, Shri (56-Bhagabangola Murshidabad)
130. Khaitan, Shri Rajesh (144-Bara Bazar - Calcutta)
131. Khan, Shri Sukhendu [256-Sonamukhi (S.C.) Bankura]
132. Kisku, Shri Upendra [245-Raipur(S.T.) - Bankura]
133. Koley, Shri Barindra Nath (175-Amta - Howrah)
134. Konar, Shrimati Maharani (275-Memari - Burdwan)
135. Kujur, Shri Sushil [14-Madarihat (S.T.) - Jalpaiguri]
136. Kunar, Shri Himansu [219-Keshpur (S.C.) - Midnapore]
137. Kundu, Shri Gour Chandra (81-Ranaghat West - Nadia)
138. Lama, Shri Dawa (23-Darjeeling - Darjeeling)
139. Let, Shri Dhirendra [290-Mayureswar (S.C) - Birbhum)
140. M. Ansaruddin, Shri (167-Jagatballavpur- Howrah)
141. Mahato, Shri Kamala Kanta (234-Manbazar - Purulia)
142. Mahato, Shri Shanti Ram (238-Jaipur - Purulia)

143. Mahato, Shri Subhas Chandra (237-Jhalda – Purulia)
144. Mahbubul Haque, Shri (41-Kharba – Malda)
145. Maity, Shri Bankim Behari (207-Narghat – Midnapore)
146. Maity, Shri Gunadhar (125-Patharpratima – 24-parganas)
147. Maity, Shri Hrishikesh (126-Kakdwip – 24-Parganas)
148. Maity, Shri Mukul Bikash (210-Contai North – Midnapore)
149. Majee, Shri Surendra Nath [242-Kashipur (S.T.) – Purulia
150. Majhi, Shri Dinabandhu [66-Khargram (S.C.) – Murshidabad]
151. Majhi, Shri Raicharan [282-Ketugram (S.C.) – Burdwan]
152. Majhi, Shri Sudhangsu Sekhar[233-Bandwan (S.T.) – Purulia]
153. Majhi, Shri Pannalal (176-Udaynarayanpur – Howrah)
154. Majhi, Shri Swadesranjan (201-Panskura East – Midnapore)
155. Malakar, Shri Nani Gopal (83-Haringhata – Nadia)
156. Malik. Shri Sreedhar [267-Ausgram (S.C.) – Burdwan]
157. Malick, Shri Shiba Prasad [195-Goghat (S.C.) – Hooghly]
158. Malla, Shri Anadi [221-Garbeta West (S.C.) – Midnapur]
159. Mandal, Shri Bhakti Bhusan (286-Dubrajpur – Birbhum)
160. Mandal, Shri Gopal [197-Ghatal (S.C.) – Midnapur]
161. Mandal, Shri Jokhilal (47 Manikchak– Malda)
162. Mandal, Shri Prabhanjan Kumar (127-Sagar – 24-Parganas)
163. Mandal, Shri Rabindra Nath [91-Rajarhat (S.C.) – 24-Parganas]
164. Mandal, Shri Sidheswar [287-Rajnagar (S.C.) – Birbhum]
165. Mandal, Shri Sukumar [79-Hanskhali (S.C.) – Nadia]
166. Mandi, Shri Ramapada [246-Ranibandh (S.T.) – Bankura]

167. Mandi, Dr. Sambhu Nath [232-Binpur (S.T.) -Midnapore]
168. Majumdar, Shri Sunil (285-Labhpur - Birbhum)
169. Mazumdar, Shri Dilip Kumar (264-Durgapur-I - Burdwan)
170. Md. Abdul Bari, Shri (60-Domkal - Murshidabad)
171. Md. Nezamuddin, Shri (153-Entally - Calcutta)
172. Minz, Shri Patras [26-Phansidewa (S.T.) - Darjeeling]
173. Mir Abdus Sayeed, Shri (115-Maheshtala - 24-Parganas)
174. Mir Fakir Mohammad, Shri (71 -Nakashipara - Nadia)
175. Mishra, Shri Abanti (212-Ramnagar - Midnapur)
176. Misra, Shri Kashi Nath (251-Bankura - Bankura)
177. Mitra, Dr. Ashok (108-Jadavpur - 24-Parganas)
178. Mitra, Shri Somendra Nath (156-Sealdah - Calcutta)
179. Mohammad Ramzan Ali, Shri (29-Goalpokhar - West Dinajpur)
180. Mohanta, Shri Madhabendu (70-Palashipara - Nadia)
181. Mojumdar, Shri Hemen (104-Baruipur - 24-Parganas)
182. Mondal, Shri Dinabandhu (204-Mahisadal - Midnapore)
183. Mondal, Shri Ganesh Chandra [100-Gosaba (S.C.) - 24-Parganas]
184. Mondal, Shri Kshiti Ranjan [97-Haroa (S.C.) - 24-Parganas]
185. Mondal, Shri Raj Kumar [170-Uluberia North (S.C.) - Howrah]
186. Mondal, Shri Sasanka Sekhar (291-Rampurhat - Birbhum)
187. Mondal, Shri Sahabudin (73-Chapra - Nadia)
188. Mondal, Shri Sudhanshu [99-Hingalganj (S.C.) - 24-Pargnas]
189. Mortaza Hossain, Dr. (92-Deganga - 24-Parganas)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd.*

190. Moslehuddin Ahmed, Shri (35-Gangarampur - West Dinajpuir)

191. Motahar Hossain, Dr. (294-Murarai - Birbhum)

192. Mridha, Shri Chitta Ranjan [105-Canning West (S.C.) - 24-Parganas]

193. Mukhopadhaya, Shri Amritendu (76-Krishnagar West - Nadia)

194. Mukherjee, Shri Anil (252-Onda - Bankura)

195. Mukherjee, Shri Bamapada (259-Hirapur - Burdwan)

196. Mukherjee, Shri Bhabani (182-Chandernagore - Hooghly)

197. Mukherjee, Shri Bimalananda (78-Santipur - Nadia)

198. Mukherjee, Shri Biswanath (202-Tamluk - Midnapore)

199. Mukherjee, Shri Joykesh (166-Domjur - Howrah)

200. Mukherjee, Shri Narayandas (95-Basirhat - 24-Parganas)

201. Mukerjee, Shri Niranjan (112-Behala East - 24-Parganas)

202. Mukherjee, Shri Rabin (113-Behala West - 24-Parganas)

203. Mukherjee, Shri Samar (43-Ratua - Malda)

204. Mukhopadhyay, Dr. Ambarish (243-Hura - Purulia)

205. Mukhopadhyay, Shri Subrata (142-Jorabagan - Calcutta)

206. Munshi, Shri Mohammad Bacha (27-Chopra - West Dinajpur)

207. Murmu, Shri Maheshwar [226-Keshiari (S.T.) - Malda]

208. Murmu, Shri Sarkar [39-Habibpur (S.T.) - Malda]

209. Murmu, Shri Sufal [40-Gazole (S.T.) - Malda]

210. Moazzam Hossain, Shri Syed(218-Debra - Midnapore)

211. Nanda, Shri Kiranmoy (214-Mugberia - Midnapore)

212. Naskar, Shri Gangadhar [109-Sonarpur (S.C.) - 24-Pargaas]

213. Naskar, Shri Subhas [101-Basanti (S.C.) - 24-Parganas]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd.*

214. Naskar, Shri Sundar [110-Bishnupur East (S.C.) - 24-Parganas]
215. Nath, Shri Manoranjan (279-Purbasthali - Burdwan)
216. Neogy, Shri Brajo Gopal (190-Polba - Hooghly)
217. Nurul Islam Chowdhury, Shri (64-Beldanga Murshidabad)
218. O'Brien, Shri Neil Aloysius (Nominated)
219. Omar Ali, Dr. (200-Panskura West - Midnapore)
220. Oraon, Shri Mohan Lal [18-Mal (S.T.) - Jalpaiguri]
221. Paik, Shri Sunirmal [209-Khajuri (S.C.) - Midnapore]
222. Pal. Shri Bejoy (260-Asansole - Burdwan)
223. Panda, Shri Bhupal (206-Nandigram -- Midnapore)
224. Panda, Shri Mohini Mohan (244-Taldangra - Bankura)
225. Pande, Shri Sadhan (158-Burtola- Calcutta)
226. Pathak, Shri Patit Paban (161-Bally - Howrah)
227. Phodhikar, Shri Prabhas Chandra (198-Daspur - Midnapore)
228. Poddar, Shri Deokinandan (143-Jorasanko - Calcutta)
229. Pradhan, Shri Prasanta Kumar (208-Bhagabanpur - Midnapore)
230. Pramanik, Shri Abinash [188-Balagarh (S.C.) - Hooghly]
231. Pramanik, Shri Radhika Ranjan [121-Magrahat East (S.C.) - 24-Parganas]
232. Pramanik, Shri Sudhir [2-Sitalkuchi (S.C.) - Cooch Behar]
233. Purkait, Shri Prabodh [102-Kultali (S.C.) - 24-Parganas]
234. Quazi Abdul Gaffar, Shri (94-Baduria - 24-Parganas)
235. Raha, Shri Sudhan (19-Kranti - Jalpaiguri)
236. Rai, Shri H.B.(24-Kurseong - Darjeeling)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd.*

237. Ray, Shri Achintya Krishna (253-Vishnupur - Bankura)
238. Ray, Shri Birendra Narayan (57-Nabagram - Murshidabad)
239. Ray, Shri Dhirendra Nath [21-Raiganj (S.C.) - Jalpaiguri]
240. Ray, Shri Dwijendra Nath (37-Kumarganj - West Dinajpur)
241. Ray, Shri Matish (137-Baranagar - 24-Paraganas)
242. Ray, Shri Naba Kumar [32-Kaliaganj (S.C.) - West Dinajpur]
243. Ray, Shri Subhas Chandra [122-Mandirbazar (S.C.) - 24-Parganas]
244. Roy, Shri Amalendra (67-Burwan - Murshidabad)
245. Roy, Shri Banamali [15-Dhupguri (S.C.) - Jalpaiguri]
246. Roy, Shri Haradhan (261-Raniganj - Burdwan)
247. Roy, Shri Hemanta (278-Monteswar - Burdwasn)
248. Roy, Shri Phani Bhusan [45-Malda (S.C.) - Malda]
249. Roy, Shri Provash Chandra(111-Bishnupur West - 24-Parganas)
250. Roy, Shri Sadakanta [1Mekliganj (S.C.) - Cooch Behar]
251. Roy, Shri Santi Mohun (192-Pursurah - Hooghly)
252. Roy, Shri Sattik Kumar (293-Nalhati - Birbhum)
253. Roy, Dr. Sukumar(239-Purulia - Purulia)
254. Roy, Shri Tarak Bandhu [17-Mainaguri (S.C.) - Jalpaiguri]
255. Roy, Shri Umakanta [292-Hasan (S.C.) - Birbhum]
256. Roy Barman, shri Kshitibhusan (116-Budge Budge - 24-Parganas)
257. Roy Chowdhury, Shri Nirode (87-Habra - 24-Parganas)
258. Sadhukhan, Shri Tarapada (183-Singur - Hooghly)
259. Saha, Shri Jamini Bhusan (132-Noapara - 24-Parganas)
260. Saha, Shri Kripa Sindhu [191-Dhaniakhali (S.C.) - Hooghly]

261. Saha, Shri Lakshi Narayan[266-Kanksa (S.C.) - Burdwan]
262. Santra, Shri Sunil[274-Jamalpur (S.C.) - Burdwan]
263. Sar, Shri Nikhilananda (281-Mangalkote - Burdwan)
264. Saren, Shri Ananta [229-Nayagram.(S.T.) - Midnapore]
265. Sarkar, Shri Deba Prasad (103-Joynagar - 24-Parganas)
266. Sarkar, Shri Dhirendranath [33-Kushmandi (S.C.) - West Donajpur]
267. Sarkar, Shri Kamal (134-Khardah - 24-Parganas)
268. Sarkar, Shri Sailen (46-Englishbazar - Malda)
269. Satpathy, Shri Abanibhusan (231-Jhargram - Midnapur)
270. Sayed Md. Masih, Shri (268-Bhatar - Burdwan)
271. Sen, Shri Deb Ranjan (269-Galsi - Burdwan)
272. Sen, Shri Dhirendra Nath (289-Mahammad Bazar - Birbhum)
273. Sen, Shri Sachin (152-Ballygunge - Calcutta)
274. Sengupta, Shri Dipak (6-Sitai - Cooch Behar)
275. Sengupta, Shri Prabir (187-Bansberia - Hooghly)
276. Seth, shri Bhupendra Nath (85-Bongaon - 24-Parganas)
277. Seth, Shri Laksman Chandra [205 Sutahata (S.C.) - Midnapur]
278. Sha, Shri Ganga Prosad (133-Titagarh - 24-Parganas)
279. Shamsuddin Ahmad, Shri ( 49-Kaliachak - Malda)
280. Shish Mohammad, Shri (52-Suti - Murshidabad)
281. Sinha, Dr. Haramohan (280-Katwa - Burdwan)
282. Sinha, Shri Prabodh Chandra (213-Egra - Midnapore)
283. Sinha, Shri Suresh (30-Karandighi - West Dinajpur)
284. Singha Roy, Shri Jogendra Nath [13-Falakata (S.C.) - Jalpaiguri]

**Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd.***

285. Sk. Imajuddin, Shri (62-Hariharpara – Murshidabad)
286. Sk. Siraj Ali, Shri (225-Kharagpur Rural – Midnapur)
287. Soren, Shri Khara [36-Tapan (S.C.) – West Dinajpur]
288. Subha, Shrimati Renu Leene (22-Kalimpong – Darjeelin)
289. Sur, Shri Prasanta Kumar (150-Tallygunge – Calcutta)
290. Talukdar, shri Pralay (164-Howrah South – Howrah)
291. Tirkey, Shri Manohar [11-Kalchini (S.T.) –Jalpaiguri]
292. Tribedi, Shri Bankim (65-Kandi – Murshidabad)
293. Tudu, Shri Bikram [235-Balarampur (S.T.) – Purulia]
294. Uraon, Shri Punai [16-Nagrakata (S.T.) – Jalpaiguri]
295. Uraon, Shri Subodh [10-Kumargram (S.T.) – Jalpajguri]

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Monday, the 22nd April 1985 at 12.00 noon.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 9 Ministers, 11 Ministers of State and 132 Members.

**ভবতোষ দত্ত কমিশন-এর প্রতিবেদন**

*২০২। (অনুমোদিত প্রশ্ন নং *১৪২৩।) **শ্রী দেবপ্রসাদ সরকার :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) ইহা কি সত্য যে, ১৯৮১ সালের নভেম্বর মাসে বামফ্রন্ট সরকার রাজ্যের উচ্চ শিক্ষা বিষয়ের শ্রীভবতোষ দত্তের নেতৃত্বে যে কমিশন গঠন করেছিলেন উক্ত কমিশন সরকারের কাছে তার প্রতিবেদন পেশ করেছে; এবং

(খ) সত্য হলে -

(১) দত্ত কমিশনের এই প্রতিবেদন কোন্ সময়ে রাজ্য সরকারের হস্তগত হয়েছে; ও

(২) উক্ত প্রতিবেদনে দত্ত কমিশন স্নাতক পর্যায়ে কলা ও বিজ্ঞান উভয় ক্ষেত্রেই ইংরাজী ভাষা শিক্ষাকে আবশ্যিক পাঠ্য হিসাবে চালু করার সুপারিশ করেছেন কিনা?

**[12.00-12.10 p.m.]**

**শ্রী নির্মল কুমার বসু :** ক) সত্য; তবে ঐ কমিশন ১৯৮১ সালের জুলাই মাসে গঠিত হয়েছিল। খ) (১) ৪.৪.৮৪ তারিখে প্রতিবেদনটি সরকারের কাছে উপস্থাপিত করা হয়েছে। (২) হ্যাঁ।

**শ্রী দেব প্রসাদ সরকার :** সরকারের নিয়োজিত কোন তদন্ত কমিটির রিপোর্ট সরকারের হস্তগত হওয়ার ৬ মাসের মধ্যে প্রকাশ করা বিধি সম্মত হওয়া সত্ত্বেও এই রিপোর্ট প্রকাশে ১ বছর দেরী হওয়ায় সরকার যে বিধি লংঘন করেছেন সেই ব্যাপারে প্রায়র এই হাউসে অনুমতি সরকারের নিয়েছিলেন কিনা?

**শ্রী নির্মল কুমার বসু :** এই কমিশন সম্বন্ধে আগে যে প্রশ্ন ছিল সেদিন বলেছিলাম যে কমিশনের রিপোর্টটি বড় বলে দেরী হচ্ছে। যে বিধির কথা বললেন তা যদি ভঙ্গ হয়ে থাকে তাহলে বিধানসভার সামনে ত্রুটি স্বীকার করব। রিপোর্টের কপি বিধানসভার সদস্যদের কাছে পৌঁছে দেওয়া হয়েছে এবং আমরা সরকারের পক্ষ থেকে একটা কমিটি করেছি যাতে সমস্ত জিনিস দেখে তাড়াতাড়ি কাজ করতে পারি।

**শ্রী দেব প্রসাদ সরকার :** এই রিপোর্টে সরকারী শিক্ষা নীতির কিছু কিছু পরিবর্তন করার সুপারিশ করা হয়েছে। যেমন স্পেসিফিক বলছি ডিগ্রি স্তরে কলা, বিজ্ঞান বিভাগে ইংরাজী ভাষাকে

আবশ্যিক পাঠ্য হিসাবে যে সুপারিশ করা হয়েছে সেই সুপারিশ কার্যকরী করবেন কি?

**শ্রী নির্মল কুমার বসু** : এই রিপোর্টটি এখন একটা প্রকাশিত দলিল এবং ইংরাজী ভাষাকে ডিগ্রী স্তরে কমিশন কি সুপারিশ করেছেন তা সকলেই অবগত আছেন। ডিগ্রী স্তরে কম্পালসারি এ্যাডিশানাল বলে ১০০ নম্বরের যে ব্যবস্থা করেছিলাম কমিশন সেটাও অনুমোদন করেনি। তারা মনে করছেন এই কাজ ঠিক হয়নি, এতে সময়ের অপচয় হচ্ছে এবং ইংরেজী ভাষার উপর গুরুত্ব দেওয়া হচ্ছে না। এই রিপোর্টের ৩০৩ পৃষ্ঠায় ১৮.৭.৬ সুপারিশ হল At the degree stage there should be one compulsory paper of 100 marks on English or any other foreign languages like German, French, Russian, and Japanese etc. The present system of "Compulsory Additional" paper on a language should be abolished. A compuplsory paper on language should be introduced in all the courses at the degree level, i.e.B.A., B.Com., B.Sd., B.E., B.L. and M.B.B.S. সুতরাং সুপারিশটি একটি গুরুত্বপূর্ণ। পূর্বে বি.এস. স্তরে যেটা ছিল আমরা সেটাকে কম্পালসারি এ্যাডিশানাল হিসাবে বি.এ., বি.এস.সি. স্তরে চালু করেছি। কিন্তু তারা বলছেন শুধু বি.এ বি.এস.সি. নয় বি.ই.ল. এবং মেডিকেল স্তরে ইংরেজী অথবা অন্য কোন বিদেশী ভাষার শিক্ষার উপর গুরুত্ব দেওয়া উচিৎ। কেবল এটা নয় আরো অনেক সুপারিশ আছে তার মধ্যে কোনটা চালু করব সেটা বিবেচনা করছি। এবং কমিশনের রিপোর্টের উপর সরকার যথেষ্ঠ গুরুত্ব দেবেন।

**শ্রী রবীন মন্ডল** : প্রাথমিক এবং মাধ্যমিক স্তরে ইংরাজীটাকে বাধ্যতামূলক করার কোন সুপারিশ কমিশন সরকারের কাছে পাঠিয়েছে কিনা?

**শ্রী নির্মল কুমার বসু** : এই কমিশন করা হয়েছিল উচ্চ শিক্ষার ব্যাপারে, এর মধ্যে প্রাথমিক বা মাধ্যমিক পড়ে না।

**Dr. Zainal Abedin** : Will the Hon'ble Minister-in-charge be pleased to state, although he has admitted that the submission of the report has been delayed, is it not obligatory on the part of the State Government to attach a memorandum of action and an explanatory note along with the report while the report has been circulated ?

**Shri Nirmal Kumar Bose** : I have alredy stated that the report has been laid on the table of the House and the Government will take action after the Committee scrutinises the entire report and submits its recommendation to the Government.

**Mr. Speaker** : Mr. Bose, as the provision is mandatory, I would request you to circulate an action taken report before the House.

**Shri Nirmal Kumer Bose :** Yes, I will do.

## Starred Questions

(to which oral answers were given)

### সংগঠিত প্রাথমিক বিদ্যালয়

*৬৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৯।) **শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস :** শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) সংগঠিত প্রাথমিক বিদ্যালয়গুলির অনুমোদন সম্পর্কে রাজ্য সরকার সর্বশেষ কি সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন; এবং

(খ) এ সম্পর্কে হাইকোর্ট-এর রায়ে কি বলা হইয়াছে?

**[12.10–12.20 p.m.]**

**শ্রী মহম্মদ আব্দুল বরি :**

(ক) এই বিষয়ে রাজ্য সরকার এখন পর্যন্ত কোন সিদ্ধান্ত নেননি;

(খ) হাইকোর্ট এ সম্পর্কে কোন সুনির্দিষ্ট রায় দেন নি।

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস :** হাইকোর্টের রায় যেভাবে দেওয়া হয়েছে সংবাদগুলিতে সেইভাবে লেখা হয়নি, সেজন্য মাননীয় মন্ত্রী মহাশয় হাইকোর্টের মূল বক্তব্য কি ছিল সেটা সংক্ষিপ্তভাবে বলবেন কি?

**শ্রী মহম্মদ আব্দুল বারি :** মেদিনীপুর জেলায় একটা গ্রাম থেকে একজন ব্যক্তিগত উদ্যোগে বিদ্যালয় স্থাপন করে হাইকোর্টের কাছে আবেদন করেছিলেন অনুমোদন দেওয়ার ক্ষেত্রে, হাইকোর্ট ঐ গ্রামের ঐ বিদ্যালয়টি বিবেচনা করার নির্দেশ দিয়েছেন জেলা স্কুল বোর্ডকে।

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস :** আমি আমাদের জেলা স্কুল বোর্ডের সদস্য হিসাবে জানি এক সময় বলা হয়েছিল সংগঠিত স্কুল যেগুলির উপযোগীতা আছে সেগুলির ক্ষেত্রে বিবেচনা করা হবে। সংগঠিত শিক্ষকরা যখন আমরণ অনশন করছিলেন সেই সময মন্ত্রী মহাশয় একজন বয়ঃজ্যেষ্ঠ সদস্য হিসাবে বলেছিলেন বিষয়টা বিবেচনা করা হবে। আমি জানতে চাই সংগঠিত শিক্ষকদের ক্ষেত্রে যেসব স্কুলের উপযোগীতা আছে শিক্ষা সম্প্রসারনের জন্য সেই ক্ষেত্রগুলি বিবেচনা করবেন কি?

**শ্রী মহম্মদ আব্দুল বারি :** আমি মাননীয় সদস্যদের অবগতির জন্য এর আগেও বলেছিলাম ১৯৭৭ সালের এপ্রিল মাসে সংগঠিত স্কুলগুলিতে আর অনুমোদন না দেওয়ার সরকারী নির্দেশ পাঠিয়েছি। পরবর্তীকালে বোর্ড থেকে জানতে চাইলে কোন গ্রামে বিদ্যালয় করব কিনা সেই সময় আমরা বলেছিলাম কতকগুলি স্কুল বোর্ডের অনুমোদন পেয়েছে কিন্তু শিক্ষকদের অনুমোদন ছিল না সেগুলির অনুমোদনের ব্যবস্থা কর। পরে ঐ সূত্র ধরে একটা পরিসংখ্যান করার জন্য সার্কুলার দিয়েছি যে কোন বিদ্যালয় এই রকম আছে, বিদ্যালয় গড়ে উঠেনি কিন্তু শিক্ষকরা শিক্ষকতা করছেন, স্কুল যে জায়গায় আছে সেই জায়গা স্কুল বোর্ডের কাছে রেজিষ্ট্রি করে দিয়েছে কিনা, সেই পরিসংখ্যান দেওয়ার চেষ্টা করছি। এই পরিসংখ্যান সব জেলা থেকে আসেনি, এগুলি আমরা পরীক্ষা করে দেখছি,

এই পর্যন্ত হয়েছে।

**শ্রী সুব্রত মুখার্জী :** মন্ত্রী মহাশয় জানাবেন কি সংগঠিত প্রাথমিক বিদ্যালয় অনুমোদন পায়নি তার সংখ্যা কত?

**শ্রী মহম্মদ আব্দুল বারি :** নোটিশ দিলে বলতে পারব।

**শ্রী বঙ্কিম বিহারী মাইতি :** গত বছর মন্ত্রী মহাশয় বলেছিলেন যখন শিক্ষকরা আমরণ অনশন করছিলেন যে আমরা শিক্ষকদের সঙ্গে আলোচনা করে এই সম্পর্কে ঘোষণা করবেন, তারপর এক বছর হয়ে গেল, এবছরেও তাঁরা ডেপুটেশান দিয়েছিলেন, সত্যিকারে কত দিনে এটা করবেন, বা করবেন কিনা সেটা জানাবেন কি?

**শ্রী মহম্মদ আব্দুল বারি :** আমরা সব জেলার পরিসংখ্যান না পেলে এটা সম্ভব নয়।

**Dr. Zainal Abedin :** Will the Hon'ble Minister of State in charge of Education (Primary) be pleased to state what are the reasons of withholding the recognition of organised schools in villages where there exists no primary school at all?

**শ্রী মহম্মদ আব্দুল বারি :** অতীতে যে সরকার ছিলেন সেই সরকারই এই নীতি ঘোষণা করেছিলেন, আমরা সেটাকে অনুসরণ করছি।

**শ্রী সাধন চট্টোপাধ্যায় :** মাননীয় মন্ত্রী মহাশয় বল্লেন ১৯৭৭ সালের যে সংগঠিত স্কুলগুলি ছিল সেগুলির অনুমোদন করা হয় নি এবং এটা হচ্ছে সরকারের নীতি। কিন্তু এই ধরণের সংগঠিত স্কুল যেগুলি ১৯৭৭ সালের আগে শুকিয়ে গিয়েছিল সেগুলি নূতন করে জাগিয়ে তোলবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

**শ্রী মহম্মদ আব্দুল বারি :** আমরা৷ সারকুলার মারফত সুনির্দিষ্টভাবে জানিয়ে দিয়েছি ১৯৭১ সালের আগে যে সংগঠিত স্কুলগুলি হয়েছিল সেগুলি থাকতে পারে না। এগুলি আমরা জেলায় জেলায় জানিয়ে দিয়েছি।

**শ্রী প্রবোধ পুরকায়েত :** বোর্ড থেকে অনেক স্কুলকে অনুমোদন দেওয়া হয়েছে। কিন্তু যে সমস্ত স্কুল আগে থেকে সংগঠিত ছিল সেগুলি আগে যে জায়গায় ছিল সেখানে না করে অন্য জায়গায় অনুমোদন দেওয়া হয়েছে এবং এই ধরণের সংগঠিত কতগুলি স্কুল হাইকোর্ট গিয়েছে বলতে পারেন?

**শ্রী মহম্মদ আব্দুল বারি :** এ বিষয়ে নোটিশ দিলে বলে দিতে পারবো।

**Mr. Speaker :** I find Hon'ble Minister is not here. Probably he is tired because of yesterday's long' walk' for Stadium.

**শ্রী পতিত পাবন পাঠক :** মন্ত্রীকে আমি সংবাদ দিয়েছি। তিনি এখনও এসে পৌঁছায়নি। আমি আবার সংবাদ পাঠিয়েছি।

**বেসরকারী কলেজের অধ্যাপকদের মাসের ১লা তারিখে বেতন প্রদান**

***৬৪৯।** (অনুমোদিত প্রশ্ন নং *২২৮।) **শ্রীবিভূতিভূষণ দে ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) এ কথা সত্য যে, বেসরকারী কলেজের অধ্যাপকরা মাসের ১লা তারিখে বেতন পান না;

(খ) সত্য হলে, মাসের ১লা তারিখের বেতন পেতে অসুবিধা কি; এবং

(গ) এই অসুবিধা দূর করার জন্য কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

**শ্রী নির্মল কুমার বোস ঃ**

(ক) কখন কখন কোন কোন ক্ষেত্রে বেতন পেতে দেরী হতে পারে। তবে সামগ্রিক ভাবে মাসের গোড়ার দিকে বেতন দিয়ে দেওয়া হয়।

(খ) সরকার সরাসরি অধ্যাপকদের বেতন দান করে না। কলেজ কর্তৃপক্ষ বেতন দানের নিমিত্ত সরকারের নিকট বছরে চারবার দাবীপত্র পেশ করে এবং যথাযথ পরীক্ষার পর তার ভিত্তিতে কলেজগুলিকে চারবার অগ্রিম অনুদান ট্রেজারী মারফৎ দেওয়া হয়, যেসব কলেজ ঠিক সময়ে ত্রুটিমুক্ত দাবীপত্র পেশ করে তাদের অনুদান ট্রেজারীতে পাঠিয়ে দেওয়া হয় এবং ট্রেজারী প্রতিমাসের ১লা তারিখে তাদের সেই মাসের অনুদান বাবদ চেক দিয়ে দেয়। এই চেক ভাঙ্গানোর জন্য কম বেশী কিছু সময় লাগতে পারে।

(গ) কলেজগুলি যাতে ত্রুটিমুক্ত দাবীপত্র পেশ করে তার জন্য দাবীপত্রকে সরলীকরণ করা হচ্ছে এবং অনুদান দেবার পদ্ধতি আরও সহজ করার কথা বিবেচনা করা হচ্ছে।

**শ্রী বিভূতি ভূষণ দে ঃ** মন্ত্রী মহাশয় বল্লেন কোন কোন ক্ষেত্রে ১লা তারিখে অধ্যাপকরা বেতন পান না। এই যে কোন কোন ক্ষেত্রে পাচ্ছেন না তাতে মন্ত্রী মহাশয় কি মনে করে এটা আমলাতন্ত্রের প্রতিবন্ধকতার জন্য এবং কর্মচারীর অভাবে এটা হচ্ছে?

**শ্রী নির্মল কুমার বসু ঃ** আমি মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি যে কোন জায়গায় বাধা দানের কোন ব্যাপার নয়। একটা হচ্ছে কলেজ থেকে সব সময় পরিষ্কারভাবে কাগজপত্র পাওয়া যায় না। ইউটিলাইজেসন সার্টিফিকেট টাকাটা ঠিকভাবে খরচ হয়েছে কিনা এই সব দিতে হয়। সেটা অনেক সময় কলেজ থেকে দিতে দেরী হয়। আর দু নম্বর হচ্ছে এই সব কাজ কর্ম করার জন্য কিছু লোকেরও অসুবিধা আছে। আরও দরকার এবং তাদের স্থান সংকুলান হওয়া দরকার। এই বিষয়ে কলেজ কর্তৃপক্ষের সঙ্গে আমরা আলোচনা করেছি এবং মুখ্য মন্ত্রীও সেই আলোচনায় ছিলেন।

দ্বিতীয় কথা, আমরা যদি কোনও রকম কাগজপত্র না পাই, আগাম টাকা দিয়ে পরে হিসাবটা করা যায় কি না, এই প্রস্তাবটা বর্ত্তমানে বিবেচনা করা হচ্ছে।

**শ্রী বিভূতি ভূষণ দে ঃ** মন্ত্রী মহাশয় বললেন তিন মাস অন্তর মানে বছরে চারবার বিল ছাড়া হয়। কিন্তু কলেজ থেকে সঠিক ভাবে কাগজপত্র পাঠানো হয়েছে, কিন্তু টাকা যেতে অহেতুক দেরী

হচ্ছে, এটা কি জানা আছে, এবং বেসরকারী কলেজের অধ্যক্ষদের তদ্বির করে টাকা নিয়ে যেতে হয়, এটা কি জানেন?

**শ্রী নির্মল কুমার বোস ঃ** আমি তো বলেছি, এই কাজকর্মে কিছু অসুবিধা হচ্ছে, যেমন কিছু কর্মচারীর অভাব আছে, জায়গার অভাব আছে এবং মুখ্যমন্ত্রীও এই বিষয়ে অবহিত আছেন, এই বিষয়টা যাতে মীমাংসা হয় তার জন্য আমরা চেষ্টা করছি। কিন্তু মাননীয় সদস্যকে এইটুকু বলতে পারি, কোনও স্তরে ইচ্ছাকৃতভাবে আটকে রাখা হয় না।

**শ্রী দেব প্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে পয়লা তারিখে বেতন পাওয়ার অসুবিধা ঘটছে, কিন্তু আমাদের কাছে যেটা সংবাদ, শতকরা ৮০ভাগ কলেজে দু তিন মাস ধরে বেতন বাকী রয়েছে, এটা খোঁজ নিয়ে দেখবেন কি?

**শ্রী নির্মল কুমার বোস ঃ** এই কথা সত্য নয়, কারণ কলেজ এবং বিশ্ববিদ্যালয় অধ্যাপক সমিতি যে বক্তব্য রেখেছেন, সেই বক্তব্য রাখার সময় আপনাদের দলভুক্ত প্রতিনিধি অধ্যাপক সুধীর বসু রায়ও ছিলেন, আমি এই বিষয়ে এই সভাকে বলতে পারি, খুব অল্প কয়েকটি জায়গায় বাকী আছে এবং তিনি যেটা বল্লেন, এটা ঠিক নয়।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ইউটিলাইজেশন সার্টিফিকেট দেওয়া সত্ত্বেও গত মার্চ মাসের বেতন বহু বেসরকারী কলেজ এখনও পর্য্যন্ত পায়নি।

**শ্রী নির্মল কুমার বোস ঃ-** এই ব্যাপারটা হলো অন্য। বছরের শুরুতে বাজেটে যে টাকা বরাদ্দ হয়, সরকার মার্চ মাসে সেই টাকা পায়, সেই জন্য প্রথম তিন মাস একটু সময় লাগে।

**[12.20–12.30 p.m.]**

### দুর্গাপুরে কেন্দ্রীয় ডেয়ারী হইতে দুগ্ধ সরবরাহ

*৬৫১। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৯৪।) **শ্রীসত্যপদ ভট্টাচার্য্য ঃ** পশুপালন ও পশুচিকিৎসা (দুগ্ধ উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) ইহা কি সত্য যে, দুর্গাপুরে কেন্দ্রীয় ডেয়ারী হইতে বর্ধমান, আসানসোল এবং বৃহত্তর দুর্গাপুরের বিভিন্ন কেন্দ্রে দুগ্ধ সরবরাহ করা হইয়া থাকে;

(খ) সত্য হইলে, এই দুগ্ধ সরবরাহের জন্য ট্রাক ভাড়া করা হইয়া থাকে কি; এবং

(গ) ভাড়া করা হইয়া থাকিলে —

(১) এই ট্রাকের ভাড়ার হার কিরূপ, ও

(২) কি পরিমাণ দুগ্ধ প্রত্যহ সরবরাহ করা হইয়া থাকে?

**শ্রী অমৃতেন্দু মুখার্জী ঃ**

**(ক) হ্যাঁ, ইহা সত্য।**

**(খ) হ্যাঁ, ঐ উদ্দেশ্য ট্রাক ভাড়া করা হইরা থাকে।**

(গ) (১) এই ভাড়ার হার নিম্নরূপ :-

| স্থান | ভাড়ার হার(দুগ্ধের ক্ষেত্রে প্রতি ১০০ লিঃ প্রতি কি.মি. হিসাবে) | ভাড়ার হার(দুগ্ধ জাত দ্রব্যের ক্ষেত্রে প্রতি কুইন্ট্যাল প্রতি কি.মি হিসাবে |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। দুর্গাপুর এবং সংলগ্ন এলাকা | ৮ টাকা ১৩পঃ (প্রতি ১০০ লিটারে) | ৪টাঃ ৭৫ পঃ * (প্রতি কুইন্টাল) |
| ২। আসানসোল | ১৯ পঃ | ১০ পঃ |
| ৩। বৰ্দ্ধমান | ২০ পঃ | ১০ পঃ |
| ৪। অন্ডাল | ৪০ পঃ | ৬৯ পঃ |
| ৫। রাণীগঞ্জ | ২৮ পঃ | ৮ পঃ |
| ৬। পানাগড় | ৪০ পঃ | ৭ পঃ |

* উক্ত ভাড়ার হার কেবলমাত্র দুর্গাপুরের ক্ষেত্রে ১০০ লিটার কে.জি. হিসাবে ধার্য্য। দুর্গাপুরে অন্যান্য স্থানের ক্ষেত্রে প্রতি ১০০ লি. কে.জি. হিসাবে ধরা হয়।

(২) বর্তমানে দৈনিক ১৪,০০০ (চোদ্দ হাজার) লিটার দুগ্ধ ঐসব এলাকার সরবরাহ করা হয়।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য্য :** মাননীয় মন্ত্রী মহাশয়, যে দুধ ক্যারি করে বোধ হয় একটা লিমিট আছে যে এত লিটার পর্যন্ত দুধ দিতে হবে। সেই পরিমাণ দুধ জোগাড় হয়না। তাসত্বেও আপনাকে সেই পরিমাণ টাকা ভাড়া দিতে হয় — এটা কি সত্য?

**শ্রী অমৃতেন্দু মুখার্জী :** সত্য। কারণ দুধ যদি কম পাওয়া যায়, কন্ট্রাক্টরকে যদি ১০০ লিটার না দিয়ে আমরা হয়ত ৫০ লিটার দিলাম; সেক্ষেত্রেও যেহেতু, তার সঙ্গে কনট্রাক্ট আছে যে জন্য তাকে দিতে হবে।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য্য :** মাননীয় মন্ত্রী মহাশয়, দুগ্ধজাত দ্রব্য যেমন চকোলেট ইত্যাদি এগুলি সেই রকম উৎপাদন না হওয়া সত্বেও আপনাকে ট্রাকের ভাড়া দিতে হয়। এটা কি সত্য ?

**শ্রী অমৃতেন্দু মুখার্জী :** এখানে চকোলেট হয় না। এখানে হিমক্রিম হয়। সেই হিমক্রিম ঐ এলাকায় বিক্রয় হয়। আপনাকে দেওয়া হয়নি, আমি স্বীকার করছি। আমি দেখছি যদি পারি দেব।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য্য :** মাননীয় মন্ত্রী মহাশয়, আমার কথা হচ্ছে, দুগ্ধজাত দ্রব্য সেই পরিমাণ উৎপাদন হয়না যাতে ট্রাকে করে যেতে পারে। অথচ ট্রাককে ভাড়া দিতে হয় - এটা কি সত্য?

**শ্রী অমৃতেন্দু মুখার্জী :** আমরা বছরের কন্ট্রাক্ট করি। কাজেই আমাদের মাল সরবরাহ হোক বা না হোক কন্ট্রাক্টরকে টাকা দিতে হয়। তা না দিলে কোর্টে মামলা হয়। ইতিমধ্যে কয়েকটা মামলা হয়ে গেছে। কোর্ট থেকে হুকুম দিয়েছে যে দুধ সরবরাহ করুন না না করুন, যখন কন্ট্রাক্ট করেছেন তখন আপনাদের টাকা শোধ করতে হবে, ভাড়া দিতে হবে।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য্য :** মাননীয় মন্ত্রী মহাশয়, একথা কি সত্য যে একজন কনট্রাক্টরের সঙ্গে এমন কনট্রাক্ট ছিল যে শুধু দুধ হলে দুধ নেবে, মিল্ক প্রোডাক্ট হলে মিল্ক নেবে। সেই কন্ট্রাক্টরকে বাদ দিয়ে অন্যকে দেওয়া হয়েছে?

**শ্রী অমৃতেন্দু মুখার্জী :** একথা সত্য নয়। সেই কন্ট্রাক্টর কোর্টে মামলা করেছেন। মামলা এখন বিচারাধীন অবস্থায় আছে। কাজেই এই বিষয়ে কোন মন্তব্য করতে পারিনা।

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় মন্ত্রী মহাশয়, দুর্গাপুর, আসানসোলে যে কেন্দ্রীয় ডায়েরী হয়েছে, সেখানে যে দুধ সরবরাহ হচ্ছে তাতে কতপরিমাণ দুধ বিনা সীলে সরবরাহ করা হচ্ছে সেটা জানাবেন কি?

**শ্রী অমৃতেন্দু মুখার্জী :** এই রকম অভিযোগ আমি এই প্রথম শুনলাম। আপনি দয়া করে আমাকে নির্দ্দিষ্ট অভিযোগ দেবেন, আমি সেটা দেখবো। তবে এটা হতে পারে। কারণ কিছু পিলফারেজ হয়, এটা আমি অকপটে স্বীকার করছি। তবে বেশীর ভাগ ক্ষেত্রে পিলফারেজ যাতে না হয় তার জন্য গাড়ীতে দুই রকমের লোক থাকে। একজনের নাম হচ্ছে এসকর্ট, আর একজন হচ্ছে ডেলিভারী ম্যান। আর একটা হচ্ছে ড্রাইভার। ড্রাইভার হচ্ছে কন্ট্রাক্টরের ডাইভাল। আর সরকারী যে লোক থাকে তারা হচ্ছে এসকর্ট, আর ডেলিভারী ম্যান। আপনার যদি নির্দ্দিষ্ট খবর থাকে আমাকে দেবেন, আমি এই ব্যাপারে ব্যবস্থা নেব।

**Mr. Speaker :** Now stand question 652.

**Shri Subrata Mukherjee :** Sir, we will not raise this question.

### ২নং শালবনী ফডার ফার্মে গোট ফার্ম খোলার পরিকল্পনা

*৬৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *২১১৭।) **শ্রীসুন্দর হাজরা :** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) মেদিনীপুর জেলার ২নং শালবনী ফডার ফার্মে গোট ফার্ম খোলার কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) থাকলে, কত দিনের মধ্যে উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে?

**শ্রী অমৃতেন্দু মুখার্জী :**

(ক) হ্যাঁ, আছে।

(খ) খামারের ঘরবাড়ী নির্মান এবং কর্মী নিয়োগের পরেই পরিকল্পনা বাস্তবায়িত হবে।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য :** মাননীয় মন্ত্রী মহাশয়, এই যে গোটারীর পরিকল্পনা করছেন, তাদের খাদ্য সম্পর্কে কি আপনি চিন্তা করেছেন?

**শ্রী অমৃতেন্দু মুখার্জী :** খাদ্য সম্পর্কেও আমরা চিন্তা করেছি। শালবনী একটা বিরাট ফার্ম। কাশীবাবু এটা জানেন কারণ তার বাড়ীর কাছে! সেখানে খাদ্যেরও পরিকল্পনা করা হয়েছে।

## Calcutta Netaji Institute of South East Asian Studies

***654.** ( Admitted question No. *1508) **Shri Subrata Mukherjee :** Will the Minister-in-charge of the Education (Higher) Department be plased to state -

(a) the actual amount of annual grant for Netaji Institute of South East Asian Studies, Calcutta;

(b) the number of research projects that have been undertaken by the Institute since its inception; and

(c) the number of projects so far undertaken have actually been completed till February, 1985 ?

**শ্রী নির্মল কুমার বোস :**

| | | | |
|---|---|---|---|
| (ক) | ১৯৮১-৮২ | - | ৩,১০,০০০ টাকা |
| | ১৯৮২-৮৩ | - | ৫,৮৯,৬০০ টাকা |
| | ১৯৮৩-৮৪ | - | ৭,১২,০০০ টাকা |
| | ১৯৮৪-৮৫ | - | ৭,৬৫,২৮০ টাকা |

(খ) ১৭টি।

(গ) এর মধ্যে ৫টির কাজ প্রায় সম্পূর্ণ হওয়ার মুখে।

**শ্রী সুব্রত মুখার্জী :** এই প্রজেক্ট সম্পর্কে রাজ্য সরকারের কোন হস্তক্ষেপ থাকে কিনা এবং ১৭টি প্রজেক্টের মধ্যে বাকি যে প্রজেক্টগুলি কমপ্লিট হল না, কি কারণে হল না সেটা বলবেন কি?

**শ্রী নির্মল কুমার বোস :** এটা একটা বিধিবদ্ধ সংস্থা এবং এটা নেতাজী ইন্সটিটিউট অব সাউথ-ওয়েষ্ট এশিয়ান ষ্টাডিজ নয়, এর নাম হচ্ছে নেতাজী ইন্সটিটিউট ফর এশিয়ান ষ্টাডিজ। এশিয়া মহাদেশের অর্থনৈতিক, রাজনৈতিক, সামাজিক, প্রশাসনিক ইত্যাদি বিভিন্ন সমস্যা নিয়ে ওখানে বিভিন্ন

গবেষকরা কাজ করছেন এবং এই গবেষণার মধ্যে ভারতবর্ষের বিভিন্ন অঞ্চল থেকে বাছাই করা গবেষকরা রয়েছেন। এরা সকলেই নিজ নিজ ক্ষেত্রে কৃতবিজ্ঞ পণ্ডিত এবং এদের কাজ কর্ম পরিচালনায় সরকারের বিন্দুমাত্র হস্তক্ষেপ নেই। গবেষণার জন্য যে সাধারণ নিয়ম আছে সেই নিয়ম অনুযায়ী এরা কাজ করছেন এবং সব ক'টি কাজই এগোচ্ছে। এই কাজগুলি এর আগেই বিধানসভায় বলা হয়েছিল এবং মাননীয় সদস্যরা যদি নামগুলি জানতে চান এবং স্পীকার মহাশয় যদি অনুমতি দেন তাহলে আমি সব নামগুলি বলে দিতে পারি। এর থেকেই বোঝা যাবে যে, এটা কি গুরুত্বপূর্ণ কাজ। এর কোনটি'ই বন্ধ হয়নি, বন্ধ হবার কোন কারণ নেই, সবগুলি'ই এগোচ্ছে।

**শ্রী সুব্রত মুখার্জী :** ওরা বারে বারে ক্যাটিগোরিক্যালি বলছেন আপনাদের অনুদানের পরিমান অত্যন্ত কম। সে সমস্ত ষ্টাফ ওখানে সরবরাহ করা হত সেগুলি বন্ধ করে দিয়েছেন। এমন কি অফিস ওয়ার্ক ইকুইপ করার সরকারী সাহায্য পর্যন্ত বন্ধ করে দিয়েছেন। আপনি নেতাজীর উপর খুব বেশী বেশী করে বলেন, সুতরাং নেতাজী রিসার্চের উপর যে সমস্ত সাবজেক্ট হচ্ছে সেগুলি দীর্ঘদিন ধরে বছরের পর বছর পেনডিং থাকবে এটা ঠিক নয়। আপনি দয়া করে বলুন কোন্ ৫টি পজেটিভ প্রজেক্টের কাজ শেষ করেছেন এবং বাকি আর যে ১২টি পজেটিভ ওয়ার্কের কাজ বন্ধ হয়ে আছে, কি কারণে বন্ধ আছে সেটা আমাদের জানান।

**শ্রী নির্মল কুমার বোস :** একটি ভুল ধারণা সৃষ্টি হয়েছে- এই গবেষণা কেন্দ্রটি নেতাজীর জন্য তৈরী হয়েছে, তা নয়। গবেষণা কেন্দ্রটির নাম হচ্ছে নেতাজী গবেষণা কেন্দ্র। যে ১৭টি প্রকল্পের কাজ হচ্ছে তার একটিও নেতাজীর উপর নয়, সবগুলিই হচ্ছে এশিয়ার বিভিন্ন দেশের বিভিন্ন সমস্যার উপর কাজ হচ্ছে এবং এই কাজগুলির কোনটিই সরকারী হস্তক্ষেপে, সরকারী সাহায্যের অভাবে বন্ধ হয়ে যাবার মুখে যায় নি। সরকারী অর্থের অসুবিধা আছে, কিন্তু তাসত্বেও এই অবস্থার মধ্যে আমরা টাকা দিয়েছি এবং সেই টাকায় তারা কাজ করছেন। আমরা টাকা দিয়েছি, সেই টাকায় গবেষকরা বিভিন্ন দেশ ঘুরে এসেছেন এবং তারা তথ্য সংগ্রহ করেছেন, কাজ করে চলেছেন। নিশ্চয় আরো বেশী টাকা দিলে আরো ভাল কাজ হবে। আমাদের আর্থিক সঙ্গতি একটু ভাল হলে নিশ্চয় আমরা আরো বেশী টাকা দিতে পারব। কারণ এই গবেষণার উপর আমরা অত্যন্ত গুরুত্ব দিচ্ছি।

**শ্রী বঙ্কিম বিহারী মাইতি :** এই নেতাজী ইনসটিটিউটে কোন কোন বিষয়ের উপর গবেষণা হচ্ছে, মাননীয় মন্ত্রী মহাশয় এটা দয়া করে জানাবেন কি?

**শ্রী নির্মল কুমার বোস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে বিষয়টি পড়ে দিচ্ছি। ডঃ করুণাকর গুপ্ত কাজ করছেন কে.এম.পানিকর.

Dr. Karunakar Gupta, K.M. Panikar and India-China Relations, Dr.G.P.Ramachandra, Indian diplomacy and Kampuchea Problems(esp. Srilanka), Dr. Baladas Ghosal, Authoritarianism and Political Repression: Case Study of 5 Asian Countries, Sm.Cihtra Ghosh, Women in Decisiòn making Roles in S.E.Asian Countries, Dr. Mamata Desai, Techno-Eco System of Sikkim, Shri Debashis Chatterjee, Thematic Mapping of Environmental Balance,

Dr.Sachidananda Dhar, Transformation of Buddhism in the 20th C. in South-East Asia, Dr. Neela Mukherjee, Balance of Payments Problems of S.Asian Countries in the 70s and scope of Regional Co-operation, Dr.S.B.Mukherjee, Population growth and Patterns of Trade in South & S.E.Asia, Dr.Ashis Kumar Majumdar, Socio-Political Hindrances to Development in the New States of Asia : A case Study of Bangladesh, Sm. Pratima Sarkar, Changing Socio-Demographic Profilies of Nepal and Sikkim and their Impact on Environment, Sm. Lily Mukhopadhyay, Parliament and Indian Foreign Policy, 1947-1957, Sm.Sunita Chandra (Roy), Geomorphology, Water Resources and Land Use Studies of Ranchi Plateau. আমি মাননীয় সদস্যদের সঙ্গে একমত যে, টাকার পরিমাণ আরো বাড়ানো দরকার। আমাদের এই সীমিত সামর্থ্যের মধ্যেও আমরা এই গুরুত্বপূর্ণ গবেষণার কাজ করতে চাই।

**Dr. Zainal Abedin :** Will the Honourable Minister-in-charge of Higher Education be pleased to state as to whether any scholar has sought permission for research about the poverty of nations in South East Asia?

**Shri Nirmal Kumar Bose :** Different problems of the countries of South East Asia are being studied here. This may be considered.

**শ্রী সুমন্ত কুমার হীরা :** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, এই Netaji Institute of South East Asian Studies এর এ্যাকাডেমিক ডিগ্রি দেবার কোন অধিকার আছে কিনা এবং থাকলে এ পর্যন্ত তারা কতজনকে ডিগ্রি দিয়েছেন এইসব ষ্টাডিসের উপর?

**শ্রী নির্মল কুমার বোস :** এখনও ডিগ্রি দেবার কোন ব্যাপার হয়নি, তবে ব্যাপারটি সরকারের বিবেচনাধীন।

**Mr. Speaker :** Now, Shri Subhas Chakraborti has come. So, I will take up starred question no.648 আপনি তখন উপস্থিত ছিলেন না।

**বাঁকুড়া জেলায় নেহেরু যুব কেন্দ্র**

***৬৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫০৮।) শ্রীকাশীনাথ মিশ্র :** যুবকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া জেলায় নেহেরু যুব কেন্দ্রের জন্য কেন্দ্রীয় সরকার ৪ লক্ষ টাকা দিয়েছেন কিন্তু অদ্যাবধি ঐ কেন্দ্রের কাজ আরম্ভ হয় নি;

(খ) সত্য হলে, তার কারণ কি;

(গ) ঐ কেন্দ্রের জন্য ১৯৮৩-৮৪ ও ১৯৮৪-৮৫ সালে মোট বরাদ্দের পরিমাণ কত ছিল; এবং

(ঘ) পশ্চিমবঙ্গের আর কোন জেলায় জেলায় নেহেরু যুব কেন্দ্র স্থাপন করার কোন পরিকল্পনা আছে কিনা?

**শ্রী সুভাষ চক্রবর্তী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই আপনার মাধ্যমে হাউসের কাছে এবং আপনার কাছে ক্ষমা চেয়ে নিচ্ছি নির্দ্দিষ্ট সময়ে উপস্থিত থাকতে পারিনি বলে।

(ক) হ্যাঁ।

(খ) যুব সংযোজক নিয়োগ ও যুবকেন্দ্র অফিস না হওয়ায় কাজ শুরু করা সম্ভব হয়নি।

(গ) মোট বরাদ্দের পরিমান দুই লক্ষ নব্বই হাজার টাকা।

(ঘ) বীরভূম, পশ্চিমদিনাজপুর, নদীয়া, হাওড়া, বাঁকুড়া ও মালদা জেলায় নেহেরু যুবকেন্দ্রের স্থাপনের পরিকল্পনা কেন্দ্রীয় সরকার করেছেন।

**শ্রী কাশীনাথ মিশ্র :** ১৯৮৩/৮৪ এবং ১৯৮৪/৮৫ সালের আর্থিক বৎসরে ধার্যকৃত টাকা যে ফেরত চলে গেল তারজন্য বাঁকুড়া জেলাতে নেহেরু যুব কেন্দ্র স্থাপনের কাজ আরো দেরি হবে-একথা কি সত্য?

**শ্রী সুভাষ চক্রবর্তী :** মূল প্রশ্নটা বোধহয় মাননীয় সদস্য বুঝতে একটু ভুল করেছেন। বিষয়টি কেন্দ্রীয় সরকারের, কেন্দ্রীয় সরকারের যে শিক্ষামন্ত্রক, তাদের সঙ্গে এই বিষয়টি যুক্ত। আমাদের দিক থেকে যে যুব কল্যাণের কাজকর্ম আমরা করি সেটা যুব কল্যান বিভাগের মাধ্যমে ব্লক স্তর পর্যান্ত করেছি। এ বছর আমরা শহরে মিউনিসিপ্যাল ইয়ুথ অফিস করেছি। এটার সঙ্গে আমাদের একটা সাধারণ সম্পর্ক আছে যেহেতু একই ধরনের কাজ নেহেরু যুব কেন্দ্র থেকে কেন্দ্রীয় সরকার পরিচালনা করেন। এর আর্থিক দায়িত্ব, প্রশাসনিক দায়িত্ব সব কিছু কেন্দ্রীয় সরকারের।

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, বাঁকুড়া, বীরভূম, পশ্চিমদিনাজপুর, নদীয়া, হাওড়া ও মালদায় নেহেরু যুব কেন্দ্র স্থাপনের পরিকল্পনা কবে গৃহীত হয়েছিল এবং কবে এগুলি কেন্দ্রীয় সরকার মঞ্জুর করেছেন?

**শ্রী সুভাষ চক্রবর্তী :** এটা ওরা ঠিক করেছেন ১৯৭২ সালে। একই সময় ৮টি জেলাতে হয় তারপর আর করেন নি। যে প্রস্তাব রয়েছে সেগুলিরও পারসুয়েশান তারা করেন নি। এটা কেন্দ্রীয় সরকারের প্রকল্প, কেন্দ্রীয় সরকার এটা করেন নি। এটা কেন্দ্রীয় প্রকল্প। ওরা যদি টাকা দেয় সেই টাকাটা এখান থেকে যায়। ৮টি জেলায় আছে, ৮টি জেলায় যাচ্ছে। আমাদের বাজেটে প্রভিসান রাখা আছে কিন্তু হচ্ছে না ওরা করছেন না বলে। আমি মাননীয় সদস্যকে বলব, আপনি এই ব্যাপারটি কেন্দ্রীয় সরকারকে বলুন। আমাদের যে কাজ সেটা আমরা করছি আমাদের যুব কল্যান বিভাগের সাহায্যে।

**শ্রী সাধন চট্টোপাধ্যায় :** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে কেন্দ্রীয় সরকার এর টাকা দেন এবং এর প্রশাসনিক ব্যবস্থাও কেন্দ্রীয় সরকারের। রাজ্য যুব দপ্তরের ব্লক স্তর পর্য্যন্ত যুব কেন্দ্র আছে।

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারের সঙ্গে সমান্তরাল যুব কেন্দ্র স্থাপনের জন্য কি এটা করছেন? এ সম্বন্ধে রাজ্যসরকারের প্রতিক্রিয়া কি?

**শ্রী সুভাষ চক্রবর্তী :** আমি আগেই উল্লেখ করেছি যে, ১৯৭২ সালে কেন্দ্রীয় সরকার এই প্রকল্পটি গ্রহণ করেছিলেন, রাজ্য যুবকল্যাণ বিভাগও প্রায় একই সময়ে সৃষ্টি হয়েছিল। তখন একটা ধারণা ছিল যে, একে অন্যের পরিপূরক হয়ে কাজ করবে। শহরাঞ্চলে, বিশেষ করে জেলা শহরগুলিতে নেহেরু যুব কেন্দ্র যুব কল্যাণের কাজগুলি পরিচালনা করবে, আর রাজ্য সরকারের কাজ-কর্ম গ্রামাঞ্চলে ব্লক স্তর পর্যন্ত হবে।

**শ্রী প্রবোধ পুরকাইত :** মাননীয় মন্ত্রী মহাশয়, কেন্দ্রীয় সরকার নেহেরু যুব কেন্দ্র বিভিন্ন জেলায় করবার জন্য '৭২ সালে একটি প্রকল্প গ্রহণ করেছিল, কিন্তু তারা সে প্রকল্পকে আজ পর্যন্ত কার্যকরী করেনি, অতএব এ সম্পর্কে আপনি কেন্দ্রীয় শিক্ষা-মন্ত্রকের দৃষ্টি আকর্ষণ করেছেন কি?

**শ্রী সুভাষ চক্রবর্তী :** না, আমি করিনি।

**শ্রী দীপেন্দ্র বর্মন :** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, নেহেরু যুব কেন্দ্র স্থাপনের পরিকল্পনা গুলি ইমপ্লিমেন্ট করার দায়িত্ব কাদের উপর ন্যস্ত আছে?

**শ্রী সুভাষ চক্রবর্তী :** পরিষ্কারভাবে বলা আছে, দায়িত্ব তাঁদের, তাঁরা লোক চাইলে রাজ্য সরকার লোক দিয়ে তাঁদের সাহায্য করবে। তবে আমি যত দিন এখানে মন্ত্রী আছি ততদিন পর্যন্ত এ বিষয়ে আমাদের সাহায্য তাঁরা চাননি, উপরন্তু কিছু বিষয়ে আমরা অসুবিধার মধ্যে পড়েছি, আমাদের ইতিমধ্যেই দু'একটি মামলা করতে হয়েছে। যেমন পুরুলিয়ার নেহেরু যুব কেন্দ্রের যিনি অধিকর্তা ছিলেন তাঁর বিরুদ্ধে চুরি, আত্মসাৎ ইত্যাদির অভিযোগ ছিল। শুধু তাই নয় সেখানকার মানুষরা এবং জেলা পরিষদের সদস্যরা তাঁকে হাতেনাতে ধরেছিল আলমারি খুলে মাল-পত্র সরাচ্ছিলেন। দু'নং কাগজ-পত্র তৈরী করে টাকা পয়সা তছনছ করেছিলেন আমরা বাধ্য হয়ে তাঁর বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছি। কিন্তু ব্যবস্থা নিতে গিয়ে আমরা লক্ষ্য করছি কেন্দ্রীয় সরকার এ ব্যাপারে আমাদের সাহায্য করছেননা।

**[12.40–12.50 p.m.]**

### অবর বিদ্যালয় পরিদর্শক পদে নিয়োগ

***৬৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৫২৯।) শ্রীসরল দেব :** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) "স্নাতকোত্তর বৃত্তিমূলক ট্রেনিং প্রাপ্ত এবং তিন বছরের অভিজ্ঞতা" সম্পন্ন সকল মাধ্যমিক শিক্ষকদের "অবর বিদ্যালয় পরিদর্শক" পদে নিয়োগের ন্যূনতম যোগ্যতা হিসাবে গ্রহণ করার কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, কবে নাগাত তাহা কার্যকরী হইবে?

**শ্রী কান্তি বিশ্বাস :** মাননীয় সদস্যের কাছে আমার একটা নিবেদন আছে। নিবেদনটি হচ্ছে, প্রশ্নটির ভাষা দ্ব্যর্থবোধক, এটাও হতে পারে, ওটাও হতে পারে। সেই জন্য আমি ধরে নিচ্ছি উনি জানতে চাইছেন, (ক) "স্নাতকোত্তর, বৃত্তিমূলক ট্রেনিং প্রাপ্ত এবং তিন বছরের অভিজ্ঞতা সম্পন্ন সকল

মাধ্যমিক শিক্ষকদের 'অবর বিদ্যালয় পরিদর্শক' পদে নিয়োগের কোন কর্মসূচী আছে কিনা"; (খ) "থাকলে, তা কবে নাগাত তা কার্যকরী হইবে"? উত্তর হচ্ছে - (ক) না। (খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী সরল দেব :** মাননীয় মন্ত্রী মহাশয়, 'অবর বিদ্যালয় পরিদর্শক' পদে যাঁদের নিয়োগ করা হয় তাঁদের ন্যুনতম যোগ্যতা কি এবং নিয়োগের পদ্ধতি কি?

**শ্রী কান্তি বিশ্বাস :** ন্যুনতম যোগ্যতা শিক্ষাপ্রাপ্ত স্নাতক।

**শ্রী সরল দেব :** নিয়োগ করার পদ্ধতি কি? পি.এস.সি'র মাধ্যমে কি নিয়োগ করা হয়?

**শ্রী কান্তি বিশ্বাস :** এ গুলি গেজেটেড পোষ্ট নয়, সেই জন্য পি.সি.সি'র মাধ্যমে নিয়োগ করা হয় না। এ বিষয়ে একটা সিলেকসন কমিটি আছে, সেই কমিটি এঁদের নিয়োগ করে। এ বিষয়ে পি.এস.সি'র উপর দায়িত্ব দেওয়ার কোন পরিকল্পনা আমাদের নেই।

**শ্রী সুধাংশু শেখর মাঝি :** পশ্চিমবঙ্গে কতগুলি 'অবর বিদ্যালয় পরিদর্শক'পদ শূন্য আছে এবং শূন্যপদগুলি পূরণ করার কোন চিন্তা ভাবনা আছে কি?

**শ্রী কান্তি বিশ্বাস :** মূল প্রশ্নের সঙ্গে এটি পুরোপুরি সামঞ্জস্যপূর্ণ নয়, তবুও মাননীয় সদস্য যখন জিজ্ঞাসা করলেন তখন আমি তাঁকে জানাচ্ছি যে, ২০০'টির উপর পদ শূন্য আছে। ব্যবস্থা গ্রহণ করা হয়েছে, যাতে দ্রুত পদগুলি পূরণ করা হয়।

**Dr. Zainal Abedin :** Sir, the Minister has just stated that the post is not Gazetted. Will the Hon'ble Minister in charge be pleased to state whether there is still any differenciation between the Gazetted and non-Gazetted posts in the Government Departments?

**Shri Kanti Chandra Biswas :** Yes, I know that sometimes even clarical posts are filled up through Public Service Commission.

**Dr. Zainal Abedin :** Sir, I specifically want to know whether there is any differenciation between the Gazetted and non-Gazetted posts in the Government departments. We are in the know that this dimarkcation between the Gazetted and non-Gazetted posts has been abolished.

**Shri Kanti Biswas :** The tern Gazetted for all practical purposes has been abolished. But some of the transfers and appointments are published in the Calcutta Gazetted and hence those posts are regarded as Gazetted one.

**Dr. Zainal Abedin :** Sir, is not the answer of the Minister falacious?

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ-** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি, এবার যে ইনটারভিউগুলি নেওয়া হয়েছে অবর বিদ্যালয় পরিদর্শকের জন্য - আপনি বললেন, নিম্নতম কোয়ালিফিকেসান হচ্ছে স্নাতক এবং শিক্ষন প্রাপ্ত - এখন স্নাতকোত্তর অনেকেই আছেন - আর একটা জোরের সঙ্গে জিজ্ঞাসা করা হচ্ছে যে শিক্ষকতার সঙ্গে যুক্ত আছেন কিনা - শিক্ষকতার সঙ্গে যারা যুক্ত আছেন তাদের বেশী অগ্রাধিকার দেওয়ার নীতি নেওয়া হয়েছে কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ-** আপনি জানেন, চাকরীর ক্ষেত্রে যোগ্যতা দুই ভাগে ভাগ করা হয়েছে। একটা হচ্ছে আবশ্যিক আর একটি হচ্ছে কাঙ্খিত। সরলবাবু যে প্রশ্নটি করেছিলেন সেটা হচ্ছে আবশ্যিক আর কাঙ্খিত হচ্ছে, যারা শিক্ষকতা করেন, যদি অভিজ্ঞতা থাকে তারফলে অতিরিক্ত গুরুত্ব সেই গুরুত্বটা দেওয়া হয়। কাঙ্খিত যোগ্যতার মধ্যে শিক্ষাগত যোগ্যতাও আছে।

## Fixation of pay of College Teachers as per U.G.C. Scales of pay

***656.** ( Admitted question No. *2024) **Shri Ambica Banerjee and Dr. Kiran Chowdhury :** Will the Minister-in-charge of the Education (Higher) Department be plased to state -

(a) It is true that fixation of U.G.C. scales of pay of a number of teachers appointed on the recommendation of the College Public Service Commission has not been made so far; and

(b) if so,-

(i) the reason there of

(ii) the number of teachers whose fixation of pay has been withheld; and

(iii) the steps taken and\or contemplated to be taken by the Government in the matter?

**শ্রী নির্মল কুমার বোস ঃ-**

(ক) না, ইহা সত্য নহে। তবে কোন কোন ক্ষেত্রে সকল শিক্ষক পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশন-এর মাধ্যমে বে-সরকারী কলেজে নিযুক্ত হইয়াছেন তাঁহাদের নিযুক্তির সঙ্গে সঙ্গে ইউ.জি.সি বেতনক্রমে বেতন-নির্ধারন করা সম্ভব হয় নাই।

(খ) (১) নিয়ম অনুসারে বেসরকারী কলেজে কোন শিক্ষক নিযুক্ত হইলে ঐ কলেজ কর্তৃপক্ষ ইউ.জি.সি বেতনক্রমে তাঁহার বেতন নির্ধারনের প্রস্তাব প্রয়োজনীয় নথীপত্র সহ পশ্চিমবঙ্গ শিক্ষা অধিকর্তার নিকট পেশ করে। কোন কোন ক্ষেত্রে ঐ প্রস্তাব অনেক দেরীতে পেশ করা হয় অথবা প্রয়োজনীয় নথীপত্র ঠিক ঠিক ভাবে পেশ করা হয় না। ফলে, ঐ সকল শিক্ষকের নির্ধারণে বিলম্ব ঘটে।

(২) যে সকল শিক্ষকের বেতন নির্ধারনের প্রস্তাব প্রয়োজনীয় নথীপত্র সহ ঠিক ঠিক ভাবে পেশ করা হইয়াছে তাহাদের কাহারও বেতন নির্ধারণ স্থগিত (with held) রাখা হয় নাই।

(৩) শিক্ষকদের বেতন নির্ধারনের কাজ দ্রুত নিস্পত্তি করার জন্য বে-সরকারী কলেজগুলিকে প্রয়োজনীয় তথ্য সহ এই সকল প্রস্তাব শিক্ষা অধিকারে পেশ করিয়া এই ব্যাপারে সহযোগীতা করিতে নির্দেশ দেওয়া হইতেছে।

**শ্রী কাশীনাথ মিশ্র** ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কলেজে সার্ভিস কমিশনের মাধ্যমে বেসরকারী কলেজগুলিতে যারা শিক্ষকতার পদে আসীন আছেন তাদের মধ্যে কতজন আজ পর্যন্ত এই ইউ.জি.সি স্কেল পাচ্ছেন না, এই অভিযোগ কতজন শিক্ষকমহাশয় করেছেন?

**শ্রী নির্মল কুমার বোস** ঃ- আমি উত্তরে পরিষ্কার করে বলে দিয়েছি, সার্ভিস কমিশন থেকে সুপারিশ করা নিযুক্ত শিক্ষকের কেস আটকে রাখা হয়েছে এইরকম একটাও কেস নেই। গোলমাল হচ্ছে কোথায়? সেটা হচ্ছে, সার্ভিস কমিশন থেকে নাম পাঠালো কলেজে, কলেজ নিয়োগ করলো। এখন নিয়োগের ক্ষেত্রে যে গোলমাল হয় সেটা ছেড়ে দিচ্ছি। নিয়োগ করবার ক্ষেত্রে লেখা আছে নতুন একেবারে পাশ করা, কোথাও কাজ করেনি এইরকম শিক্ষককে ৭০০-১৬০০ টাকা দিতে হবে। আর অন্য কলেজে কাজ করে এসেছে এইরকম শিক্ষককের পে-প্রোটেকসান দেওয়া হচ্ছে। এইসব কাগজ পত্র দেখে কলেজ থেকে প্রস্তাব আসে, কাগজপত্রে যদি কোন গোলমাল না থাকে তাহলে দেরী হবার কোন কারণ নেই। যাতে দেরী না হয় সেজন্য আমরা সমস্ত কলেজে নির্দেশ পাঠিয়ে নিয়েছি যে দেরী না করে তাড়াতাড়ি কাগজপত্র পাঠিয়ে দিন কলেজ সার্ভিস কমিশনে। কোন শিক্ষকের এই ফিকসেসন হতে যাতে বিলম্ব না হয়। আর এই সব কারণে ফিকসেসনে বিলম্ব হয়েছে এ রকম কোন ব্যাপার আমার জানা নেই।

**শ্রী কাশী নাথ মিশ্র** ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি যে, এই ইউ.জি.সি, ইউনিভারসিটি গ্রান্ট কমিশন, এর স্কেলটা পেতে গেলে কিছু কিছু বিষয়ে কোন রকম মাপকাঠি আছে কিনা, এবং সেই পরিপেক্ষিতে কোন বেসরকারী কলেজ প্রতিষ্ঠানে শিক্ষকদের পে-স্কেল নির্ধারণ হচ্ছে না। এ সম্বন্ধে কিছু জানাবেন কি?

**শ্রী নির্মল কুমার বোস** ঃ- বিশ্ববিদ্যালয়ের মঞ্জুরী কমিশন যা বলে দিয়েছেন, রাজ্য সরকার সেটা মেনে নিয়েছেন, কি কি যোগ্যতা থাকলে কলেজে শিক্ষক নেওয়া হয়। কলেজ সার্ভিস কমিশন সেরকম কারো নাম সুপারিশ করতে পারছেন না, সেই কারণে ফিকসেসন ইত্যাতির কোন প্রশ্ন ওঠে না।

**[12.50–1.00 p.m.]**

### বর্ধমান জেলায় অনুমোদনপ্রাপ্ত পশুচিকিৎসালয়

*৬৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৩৩।) **শ্রীধীরেন্দ্রনাথ চ্যাটার্জী** ঃ পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) বিগত ৫/৭ বৎসরের মধ্যে বর্ধমান জেলায় কোন পশুচিকিৎসালয় কেন্দ্র রাজ্য সরকারের অনুমোদনলাভ করিয়াছে কি;

(খ) করিয়া থাকিলে, বর্তমানে তাহার কাজ আরম্ভ হইয়াছে কিনা; এবং

(গ) আরম্ভ না হইয়া থাকিলে, কবে নাগাত আরম্ভ হইবে?

**শ্রী অমৃতেন্দু মুখার্জী ঃ-**

(ক) গত ৫।৭ বৎসরের মধ্যে বর্ধমান জেলায় মোট ২৯টি পশুচিকিৎসালয় কেন্দ্র স্থাপনের প্রস্তাব সরকার কর্তৃক অনুমোদিত হইয়াছে।

ইহা ছাড়া ঐ জেলায় ১৮টি পশুচিকিৎসা সহায়ক কেন্দ্রকে অতিরিক্ত পশুচিকিৎসা ডিস্‌পেন্‌সারীতে উন্নীত করা হইয়াছে।

(খ) ১টি পশুচিকিৎসা সহায়ক কেন্দ্র ছাড়া সবগুলির কাজ আরম্ভ হইয়াছে।

(গ) ঐ পশুচিকিৎসা সহায়ক কেন্দ্রটির কাজ বর্তমান বৎসরে আরম্ভ হইবে।

**মাথাভাঙ্গা কলেজে বিজ্ঞান এবং অনার্স পাঠক্রম চালু**

*৬৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬৩১।) **শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) ইহা কি সত্য যে, মাথাভাঙ্গা-১, মাথাভাঙ্গা-২, শিতলকুচি ও মেখলীগঞ্জ ব্লকগুলির মধ্যে মাথাভাঙ্গা কলেজটিই একটিমাত্র কলেজ;

(খ) সত্য হ'লে, এই কলেজটিতে বিজ্ঞান পড়াবার ব্যবস্থা চালু করার বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে কিনা;

(গ) আর্টস ও কমার্সের যে সমস্ত বিষয়ে বর্তমানে ডিগ্রী কোর্স চালু আছে সেগুলোতে অনার্স চালু করার কোন ব্যবস্থা সরকার গ্রহণ করেছেন কি; এবং

(ঘ) না করে থাকলে, তার কারণ কি?

**শ্রী নির্মল কুমার বোস ঃ-**

(ক) হ্যাঁ।

(খ) আছে।

(গ) ও (ঘ) কলেজের পক্ষ থেকে বাংলা রাষ্ট্রবিজ্ঞান, দর্শন, অর্থনীতি, ইতিহাস ও ইংরাজীতে অনার্স পাঠক্রম চালু করার প্রস্তাব পাওয়া গেছে। এই ব্যাপারে শিক্ষা অধিকারের পক্ষ থেকে কলেজে পরিদর্শন করা হয়েছে। প্রস্তাবগুলি সরকারের বিবেচনাধীন আছে।

**জুনিয়ার বেসিক ট্রেনিং কলেজের সংখ্যা**

*৬৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৬২৬।) **শ্রীউপেন্দ্র কিস্কু ঃ** শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) বর্তমানে পশ্চিম বাংলায় জুনিয়ার বেসিক ট্রেনিং কলেজের সংখ্যা কত;

(খ) উক্ত কলেজগুলিতে শিক্ষক ও ফ্রেশারদের আসন-সংখ্যা কত; এবং

(গ) ঐ কলেজগুলিতে তফসিলী ও আদিবাসীদের জন্য আসন সংরক্ষণের কোন ব্যবস্থা আছে কিনা?

**শ্রী মহঃ আব্দুল বারি ঃ-**

(ক) ৪৮ টি।

| | | |
|---|---|---|
| (খ) বর্তমানে শিক্ষক প্রার্থী | - | ৩১৫৫ |
| ফ্রেশার | - | ১৫৬০ |
| (২১০ জন ডে স্কলারস সহ) | মোট- | ৪৭১৫ |

(গ) হ্যাঁ। তপশীলী প্রার্থীদের জন্য - ১৫ শতকরা

আদিবাসী প্রার্থীদের জন্য - ৫ শতকরা

আসন সংরক্ষনের ব্যবস্থা আছে।

**শ্রী উপেন কিস্কু ঃ-** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি - আপনি যে এই সংখ্যা বললেন ২০ পারসেন্ট আসন সংরক্ষিত আছে, আপনার এই সম্পর্কে কোন তথ্য জানা আছে কি যে তপশীলিদের এই যে রিজার্ভ সিট এগুলি প্রতি বছর পূরণ হয় না?

**শ্রী মহঃ আব্দুল বারি ঃ-** এই বিষয়ে কোন তথ্য এখন আমার জানা নেই, আপনার প্রশ্নের উত্তর পরবর্ত্তীকালে তথ্য সংগ্রহ করে জানাব।

**শ্রী উপেন কিস্কু ঃ-** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া জানাবেন কি যে বিগত বছরে কত জন তপশীলি এবং আদিবাসী প্রার্থী ট্রেনিং নিয়েছিলেন?

**শ্রী মহঃ আব্দুল বারি ঃ-** এটার জন্য নোটিশ চাই।

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ-** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি যে এই ধরণের কোন অভিযোগ আপনি পেয়েছেন কি না, ফ্রেশারদের ক্ষেত্রে বেসিক ট্রেনিং কলেজে এ্যাডমিশনের সময়ে দেখা যাচ্ছে অনেক ক্ষেত্রে - বিশেষ করে বহরমপুরে - ফার্স্ট ডিভিসন এবং সেকেন্ড ডিভিসন বঞ্চিত হচ্ছে, অন্যদিক থেকে থার্ড ডিভিসন সুযোগ লাভ করছে। এই বিষয়ে আপনার কিছু জানা আছে কি?

**শ্রী মহঃ আব্দুল বারি ঃ-** এই রকম কোন অভিযোগ পাইনি। তবে ভর্তির ব্যাপারে আমাদের একটা নীতি আছে। এক্ষেত্রে সবাইকে একটি পরীক্ষা দিতে হয়। পরীক্ষার পরে তাঁদের আবার একটা ইন্টারভিউ হয় এবং ইন্টারভিউ হবার পরই সিলেকশন হয়। পরীক্ষাটা রাজ্যভিত্তিক করা হয়।

**শ্রী বিভূতি ভূষণ দে ঃ-** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, ঐ সমস্ত ট্রেনিং

কলেজগুলিতে প্রেশারের তুলনায় আসনসংখ্যা কম হওয়াতে অনেককে ফিরে যেতে হয়; এক্ষেত্রে আসন সংখ্যা বাড়াবার কথা ভাবছেন কিনা?

**শ্রী মহঃ আব্দুল বারি** ঃ- এখনই বলতে পারছিনা, তবে আপনার প্রস্তাবটা ভেবে দেখবো।

**শ্রী সাধন চট্টোপাধ্যায়** ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, আসন সংখ্যা কম হওয়ায় ট্রেনিং দেবার জন্য ছাত্র ভর্ত্তি করা যাচ্ছে না - এই রকম কোন শিক্ষা কেন্দ্রের কথা জানা আছে কিনা?

**শ্রী মহঃ আব্দুল বারি** ঃ- আপনি যেভাবে প্রশ্নটা করলেন তাতে জেনে জানিয়ে দেবো।

## Starred question

## (to which replies were laid on the Table).

## Unutilisation of a portion of provisions meant for promotion of Urdu

***652.** ( Admitted question No. *1319) **Shri Rajesh Khaitan :** Will the Minister-in-charge of the Education (Higher) Department be plased to state -

(a) Whether it is fact that during the first four years of the Sixth Five-Year Plan period, a substantial portion of the provisions in the State's Plan outlay, meant for promotion of Urdu in the State could not be utilised; and

(b) if so, -

(i) the actual expenditure as compared to the provisions in the annual Plan outalys for the period mentioned above, and

(ii) the reasons why the provisions for the promotion of Urdu in the State could not be fully utilised during the period mentioned above?

**Minister-in-charge of Education (Higher) Department :**

(ক) না।

(খ) (১) প্রশ্ন উঠে না।

(২) প্রশ্ন উঠে না।

### আলিপুরদুয়ারে মহিলা কলেজ স্থাপনের পরিকল্পনা

*৬৬০। (অনুমোদিত প্রশ্ন নং *৮১২।) শ্রী[illegible] সিংহরায় ঃ শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ারে মহিলা কলেজ স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, ১৯৮৫-৮৬ আর্থিক বৎসরে ঐ কলেজ স্থাপনের কাজ আরম্ভ হইবার কোন সম্ভাবনা আছে কি?

**Minister-in-charge of Education (Higher) Department :**

(ক) ও (খ)

উচ্চশিক্ষার ক্ষেত্রে বিভিন্ন সমস্যা পর্য্যালোচনা করিয়া ঐগুলির সমাধানকল্পে সুপারিশ করিবার নিমিত্ত সরকার ডঃ ভবতোষ দত্তের নেতৃত্বে একটি কমিশন গঠন করিয়াছিলেন। ঐ কমিশনের রিপোর্ট সরকারের হস্তগত হইয়াছে। কমিশন রাজ্যে নুতন কলেজ স্থাপন বিষয়ে সুনির্দ্দিষ্ট সুপারিশ করিয়াছেন। এই সুপারিশের ভিত্তিতে সরকার নুতন কলেজ স্থাপন বিষয়ে নীতি নির্ধারণ করিবেন। নীতি নির্ধারণ করিবার পর নতুন কলেজ স্থাপনের জন্য স্থান নির্বাচন করা সম্ভব হইবে। কমিশনের রিপোর্ট ও সুপারিশ বর্তমানে বিবেচনাধীন আছে।

### কিশলয়ে "বাংলাদেশ" কবিতা

*৬৬১। (অনুমোদিত প্রশ্ন নং *২৫২২।) শ্রীযোগীলাল মন্ডল ঃ শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকারের স্টেট কাউন্সিল ফর এডুকেশন অ্যান্ড রিসার্চ ট্রেনিং চতুর্থ শ্রেণীর "কিশলয়"-এ কবি সত্যেন্দ্রনাথ দত্তের "বাংলাদেশ" কবিতাটি বাতিল করতে মনস্থ করেছেন; এবং

(খ) সত্য হলে, তার কারণ কি?

**Minister-in-charge of Education (Primary) Department :**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

### হলদিয়ায় সরকারী কলেজ নির্মাণ

*৬৬২। (অনুমোদিত প্রশ্ন নং *৯৮২।) শ্রীলক্ষ্মণচন্দ্র শেঠ ঃ শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন-কি -

(ক) হলদিয়া সরকারী কলেজের নির্মাণ কাজ কবে নাগাত শেষ হবে; এবং

(খ) ঐ কলেজে কি কি বিভাগ খোলা হবে, এবং কবে কবে থেকে পঠন-পাঠন শুরু হবে?

**Minister-in-charge of Education (Higher) Department :**

(ক) এখন বলা সম্ভব নয়।

(খ) এখন বলা সম্ভব নয়।

**তফসিলী ও [illegible] শিক্ষক পদে নিয়োগের ক্ষেত্রে বৈষম্য**

*৬৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৭১।) **শ্রীশিবপ্রসাদ মালিক :** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) তফসিলী ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত ব্যক্তিকে শিক্ষক পদে নিয়োগের ক্ষেত্রে বৈষম্য করা হচ্ছে - এই ধরনের কোন অভিযোগ সরকারের নিকট আছে কি; এবং

(খ) থাকিলে, এ ব্যাপারে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন বা করিতেছেন?

**Minister-in-charge of Education (Primary and Secondary) Department :**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**হাওড়া জেলায় আন্তর্জাতিক স্বাক্ষরতা দিবস উৎযাপন উপলক্ষে যোগদানকারী প্রশিক্ষক**

*৬৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *১০৫৫।) **শ্রীগৌরহরি আদক :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) আন্তর্জাতিক স্বাক্ষরতা দিবস উৎযাপন উপলক্ষ্যে হাওড়া জেলার শ্যামপুর থানার শ্যামপুর ১ ও ২ নং ব্লক হইতে প্রোজেক্ট অফিসারের পরিচালনায় কতজন প্রশিক্ষক যোগদান করিয়াছিল;

(খ) উক্ত প্রোজেক্ট-এর সমস্ত প্রশিক্ষককে আন্তর্জাতিক স্বাক্ষরতা দিবস উৎযাপনের গুরুত্ব অবগত করানো হইয়াছে কিনা;

(গ) ঐ পদ্ধতি অনুযায়ী প্রতি মাসে ছাত্র ও প্রশিক্ষকদের লইয়া আলোচনা সভ্য হয় কিনা; এবং

(ঘ) (১) উক্ত [illegible] জন্য কোন এক্স-গ্রাসিয়া বরাদ্দ ছিল কিনা; এবং

(২) থাকিলে, তাহার পরিমাণ কত?

**Minister-in-charge of Education (Higher) Department :**

(ক) ৫০ জন।

(খ) হ্যাঁ, হইয়াছিল।

বাধ্যতামূলকভাবে প্রতিমাসে আলোচনা সভা হয় না। তবে প্রশিক্ষক ও ছাত্রদের সঙ্গে সুপারভাইজারগণ মাঝে মাঝে আলোচনা করিয়া থাকেন।

(১) আর্ন্তজাতিক সাক্ষরতা দিবস উৎযাপন উপলক্ষ্যে প্রশিক্ষকদের জন্য কোন এক্সগ্রাসিয়া বরাদ্দ করা হয় না; এবং

(২) প্রশ্ন ওঠেনা।

### [illegible] বিশ্ববিদ্যালয়

*৬৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *১১২০।) **শ্রীপ্রবোধচন্দ্র সিংহ :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় কোন্ শিক্ষাবর্ষ হতে পাঠদানের কাজ শুরু করবেন বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে;

(খ) কোন্ কোন্ বিষয়ে স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষাদানের সিদ্ধান্ত নেওয়া হয়েছে; এবং

(গ) উক্ত বিষয়গুলিতে পাঠক্রম প্রস্তুত এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দ্বারা অনুমোদিত হয়েছে কিনা?

**Minister-in-charge of Education (Higher) Department :**

(ক) বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় ইংরাজী ১৯৮৫-৮৬ শিক্ষাবর্ষের অক্টোবর নভেম্বর মাস হইতে পাঠদানের কাজ শুরু করবে বলে আশা করা যাচ্ছে।

(খ) প্রয়োজনীয় শিক্ষা ও অশিক্ষক কর্মচারী নিয়োগ সাপেক্ষে এই বিষয়ে কোন চূড়ান্ত সিদ্ধান্ত এখনও গ্রহণ করা হয়নি। তবে বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর সিলেবাস কমিটির সুপারিশ অনুযায়ী বিশ্ববিদ্যালয় উপাচার্য্য নিম্নলিখিত ছয়টি "নন-ট্রাডিশ্যানাল" বিষয় স্নাতকোত্তরে পর্য্যায়ে শিক্ষাদানের নিমিত্ত অন্তভুর্ক্তির জন্য প্রস্তাব রেখেছেন;

1) M.A. in Economics with a rural bias.

2) Political Science with rural administration and special reference to Indian conditions.

3) M.A. in Commerce with Management.

4) Applied Mathematics with Computer Science and Oceanography etc.

5) Anthropology with emphasis on Tribal Culture; and

6) Master of Library & Information Science.

(গ) উক্ত বিষয়গুলিতে পাঠক্রম প্রস্তুত করার কাজ দ্রুত সম্পন্ন হচ্ছে এবং শীঘ্রই উহা বিশ্ববিদ্যালয় কাউন্সিলের কাছে অনুমোদনের জন্য পেশ করা হবে।

### মাধ্যমিক স্কুলে নতুনভাবে অডিট করার পরিকল্পনা

***৬৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৮৯।) শ্রীবিশ্বনাথ চৌধুরী :** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) রাজ্যের দশ হাজার মাধ্যমিক স্কুলে অর্থ দপ্তর দিয়ে নতুন করে অডিট করার কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) থাকলে, কবে নাগাত উহা কার্যকরী হবে?

**Minister-in-charge of Education (Primary & Secondary) Department :**

(ক) নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

### বীরসিংহ গ্রামে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর স্মৃতিরক্ষা

***৬৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *১১৯৯।) শ্রীগোপাল মন্ডল :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) মেদিনপুর জেলার বীরসিংহ গ্রামে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের স্মৃতিরক্ষার জন্য কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকলে, উক্ত পরিকল্পনা রূপায়ণের ব্যবস্থা কবে নাগাত করা হবে বলে আশা করা যায়?

**Minister-in-charge of Education (Higher) Department :**

(ক) আপাততঃ নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

### মাধ্যমিক বিদ্যালয় কার্যকরী সমিতিতে পৌর প্রতিনিধি

***৬৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৮৬।) শ্রীনীরোদ রায়চৌধুরী :** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মাধ্যমিক বিদ্যালয়ের কার্যকরী সমিতিতে পঞ্চায়েত সমিতির প্রতিনিধি পাঠাবার বিধান আছে কিন্তু পৌর এলাকায় মাধ্যমিক বিদ্যালয়গুলিতে পৌর প্রতিনিধি পাঠাবার বিধান না থাকার কারণ কি?

**Minister-in-charge of Education (Primary and Seocondary) Department :**

পঞ্চায়েত এলাকাধীন কোন বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের পরিচালক সমিতিতে পঞ্চায়েতের কোন প্রতিনিধি থাকেন না তবে কোন শিক্ষানুরাগীকে তারা উক্ত সমিতিতে মনোনীত করেন।

শহর এলাকায় এই শিক্ষানুরাগী পরিচালন সমিতির সদস্যদের দ্বারা নির্বাচিত হন।

**বিদ্যাসাগর বিশ্ববিদ্যায়ের নিজস্ব ভবন**

*৬৭০। (অনুমোদিত প্রশ্ন নং *১২৬১।) **শ্রীপ্রশান্তকুমার প্রধান :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ভবন নির্মাণের কাজ বর্তমানে কি পর্যায়ে আছে?

## Minister-in-charge of Education (Higher) Department :

(১) দ্বিতল প্রশাসনিক ভবনের নিম্মার্ন কার্য্য সম্পূর্ণ। প্রথম পর্য্যায়ের বিজ্ঞান ভবনের নির্মান কার্য্যও সমাপ্ত। বর্তমানে বিজ্ঞান ভবনের দ্বিতীয় পর্য্যায়ের কাজ চলছে। কলাভবনের প্রথম পর্য্যায়ের নির্মান কার্য্য শুরু করা প্রাথমিক প্রস্তুতিও সমাপ্ত।

**দুবরাজপুরে বালিকা বিদ্যালয় স্থাপনের প্রস্তাব**

*৬৭১। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৩৪।) **শ্রীসাত্বিককুমার রায় :** ১লা এপ্রিল, ১৯৮৫ তারিখের প্রশ্ন নং *৬৪ (অনুমোদিত প্রশ্ন নং *২৮৪)-এর উত্তর উল্লেখে শিক্ষা (মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) এ কথা কি সত্য, যে,—

(১) বীরভূম জেলার দুবরাজপুরে একটি বালিকা বিদ্যালয় স্থাপনের প্রস্তাব উক্ত জেলার জেলা পরিষদ এবং দুবরাজপুর পৌরসভা কর্তৃক সুপারিশ করা সত্ত্বেও উক্ত প্রস্তাব সরকারের নিকট পড়ে আছে, ও

(২) ঐ প্রস্তাবিত বালিকা বিদ্যালয়টি পরিদর্শন করার জন্য শিক্ষা বিভাগ ঐ জেলার ডি আই-কে নির্দেশ দিয়েছিলেন;

(খ) সত্য হলে, উক্ত পরিদর্শনের রিপোর্ট সরকার পেয়েছেন কিনা;

(গ) না পেয়ে থাকলে, তার কারণ কি; এবং

(ঘ) উক্ত প্রস্তাবিত বিদ্যালয়টি কবে সরকারের অনুমোদন লাভ করবে?

## Minister-in-charge of Education (Primary and Secondary) Department :

(ক)(১) শিক্ষা বিভাগের নিকট এমন কোন প্রস্তাব আসে নি।

(২) প্রশ্ন ওঠে না।

(খ) না।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

### পানিহাটি মহাবিদ্যালয়ে ডিগ্রী কোর্স অনুমোদন

*৬৭২। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৯০।) **শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) পানিহাটি মহাবিদ্যালয়ে ডিগ্রী কোর্স অনুমোদিত হয়েছে কি; এবং

(খ) হয়ে থাকলে, উক্ত ডিগ্রী কোর্সে ছাত্রছাত্রী ভর্তি করা হচ্ছে কিনা?

**Minister-in-charge of Education (Higher) Department :**

(ক) ও (খ)

কলিকাতা বিশ্ববিদ্যালয় পানিহাটি মহা বিদ্যালয়ের Provisional Govering Bodyর পরিচালনায় কলেজ কর্তৃপক্ষকে বি.এ. এবং বি.কম কোর্স খোলার অনুমতি দিয়েছিলেন। কিন্তু সরকার বিশ্ববিদ্যালয়ের সহিত একমত হন নাই এবং এই কলেজ খোলার অনুমতি দেন নাই।

### বয়স্ক শিক্ষা প্রকল্পে নিযুক্ত সুপারভাইজার

*৬৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৫০।) **শ্রীসুভাষ গোস্বামী :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) বয়স্ক শিক্ষা প্রকল্পে নিযুক্ত সুপারভাইজারদের মোট সংখ্যা কত; এবং

(খ) উহাদের যোগ্যতা ও বেতনহার কিরূপ?

**Minister-in-charge of Education (Higher) Department :**

(ক) ৪১৬ জন।

(খ) সুপারভাইজারদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়ের স্নাতক।

সুপারভাইজারদের কোন বেতনহার নেই। তাঁরা পারিশ্রমিক হিসাবে প্রতি মাসে ৫০০ টাকা পেয়ে থাকেন। এ ছাড়া প্রতি মাসে রাহাখরচ বাবদ পান ৬০ টাকা।

### Proposal for bringing all the Universities of India under Central control

***674.** ( Admitted question No. *1740.) **Shri KAMAL SARKAR :** Will the Minister-in-charge of the Education (Higher) Department be plased to state -

(a) Whether it is fact that the Central Government is considering to introduce a Bill in Parliament with the object of bringing all the Universities of the country under Central contral; and

(b) if so the salient features of the Bill and the State Government's reaction thereto?

**Minister-in-charge of Education (Higher) Department :**

(ক) না, রাজ্যসরকারের নিকট এরূপ কোন সংবাদ নাই।

(খ) প্রশ্ন উঠে না।

### কলেজ ও বিশ্ববিদ্যালয়ে নিয়মিত "মক পার্লামেন্ট"

*৬৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৬১।) **শ্রীঅমলেন্দ্র রায় :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) ইউনিয়ন সরকারের সাহায্যে নিয়মিত "মক পার্লামেন্ট"-এর অনুষ্ঠান কলেজ ও বিশ্ববিদ্যালয় এবং তদনুরূপ স্তরে পাঠ্যসূচী-অতিরিক্ত কর্মসূচী হিসাবে গ্রহণ করার কথা বিবেচনা করা হয়েছিল কি; এবং

(খ) হয়ে থাকলে, ঐ সম্বন্ধে সরকারী সিদ্ধান্ত কি?

**Minister-in-charge of Education (Higher) Department :**

(ক) না, এরূপ কোন কর্মসূচী গ্রহণ করার কথা সরকারের বিবেচনাধীন ছিল না;

(খ) প্রশ্ন উঠে না।

### কাঁথি শহরে মহিলা কলেজ স্থাপন

*৬৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৪৮।) **শ্রীমুকুলবিকাশ মাইতি :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) কাঁথি শহরে মহিলা কলেজ স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) থাকিলে, কবে নাগাত উহা বাস্তবায়িত হইবে; এবং

(গ) না থাকিলে, তাহার কারণ কি?

**Minister-in-charge of Education (Higher) Department :**

(ক) (খ) ও (গ)

উচ্চশিক্ষার ক্ষেত্রে (বিভিন্ন সমস্যা পর্যালোচনা করিয়া) ঐগুলির সমাধানকল্পে সুপারিশ করিবার নিমিত্ত সরকার ডঃ ভবতোষ দত্তের নেতৃত্বে একটি কমিশন গঠন করিয়াছিলেন। এই কমিশনের রিপোর্ট সরকারের হস্তগত হইয়াছে। কমিশন রাজ্যে নতুন কলেজ স্থাপন বিষয়ের সুনির্দিষ্ট সুপারিশ করিয়াছেন। এই সুপারিশের ভিত্তিতে সরকার নতুন কলেজ স্থাপন বিষয়ে নীতি নির্দ্ধারণ করিবেন। নীতি নির্দ্ধারণ করিবার পরই নতুন কলেজ স্থাপনের জন্য স্থান নির্বাচন করা সম্ভব হইবে।

কমিশনের রিপোর্ট ও সুপারিশ বর্তমানে বিবেচনাধীন আছে।

### বিভিন্ন কলেজে ভূগোলে অনার্স পাঠ্যক্রম চালু

*৬৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৮৩।) শ্রীপুলিন বেরা : শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, রাজ্যের মাধ্যমিক বিদ্যালয়ে ভূগোলে অনার্স বা এম এ পাস করা শিক্ষকের অভাবে লাঘব করার জন্য মফঃস্বল এবং শহরে কলেজগুলিতে ব্যাপকহারে ভূগোল বিষয়ে অনার্স [illegible] ব্যবস্থা করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

**Minister-in-charge of Education (Higher) Department :**

কতকগুলি কলেজে ইতিমধ্যেই এই বিষয়ে অনার্স খোলা হইয়াছে। আরও কলেজে অনার্স খোলার প্রস্তাব বিবেচনাধীন আছে।

### সন্দেশ[illegible] স্থাপন

*৬৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৩৪।) শ্রী কুমুদরঞ্জন বিশ্বাস : শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) ২৪-পরগনার সন্দেশখালির কালীনগরে মহাবিদ্যালয় স্থাপনের কোন প্রস্তাব সরকারের নিকট আসিয়াছে কিনা;

(খ) আসিয়া থাকিলে, তাহার জন্য কি ব্যবস্থা সরকার গ্রহণ করিয়াছেন বা করিতেছেন; এবং

(গ) এই আর্থিক বৎসরে উক্ত মহাবিদ্যালয়টি অনুমোদন পাইবে বলিয়া আশা করা যায় কি?

**Minister-in-charge of Education (Higher) Department :**

(ক) হ্যাঁ।

(খ) ও (গ) - উচ্চশিক্ষার ক্ষেত্রে বিভিন্ন সমস্যা পর্যালোচনা করিয়া ঐগুলির সমাধানকল্পে সুপারিশ করিবার নিমিত্ত সরকার ডাঃ ভবতোষ দত্তের নেতৃত্বে একটি কমিশন গঠন করিয়াছিলেন। ঐ কমিশনের রিপোর্ট সরকারের হস্তগত হইয়াছে। কমিশন রাজ্যে নূতন কলেজ স্থাপন বিষয়ে সুনির্দিষ্ট সুপারিশ করিয়াছেন। এই সুপারিশ পর্যালোচনা করিয়া সরকার নূতন কলেজ স্থাপন বিষয়ে নীতি নির্ধারণ করিবেন। নীতি নির্ধারণ করিবার পরই নূতন কলেজ স্থাপনের জন্য স্থান নির্ধারণ করা সম্ভব হইবে।

কমিশনের রিপোর্ট ও সুপারিশ বর্তমানে বিবেচনাধীন আছে।

### বেতাই ডঃ বি আর আম্বেদকর কলেজে স্থায়ী অধ্যক্ষ

*৬৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৭২।) শ্রীমাধবেন্দু মোহান্ত : শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) নদীয়া জেলার বেতাই ডঃ বি আর আম্বেদকর কলেজে স্থায়ী অধ্যক্ষ নিয়োগ বিষয়টি কতদিন বিবেচনাধীন আছে; এবং

(খ) বর্তমান অস্থায়ী অধ্যক্ষকে স্থায়ীকরণের কোন বাধা আছে কি?

**Minister-in-charge of Education (Higher) Department :**

(ক) ও (খ)

ঐ কলেজের অস্থায়ী অধ্যক্ষের অধ্যক্ষরূপে নিযুক্তি নিয়মিত করণ করা হইয়াছে।

## Shortnotice question

## (to which oral answer was given).

**উচ্চমাধ্যমিক সংসদের টেবুলেটরের পদ হইতে খড়খপুর কলেজের জনৈক অধ্যাপকের অপসারণ**

*৬৮০। (অনুমোদিত প্রশ্ন নং *৩০১০।) (শর্ট নোটিশ) **শ্রীননী কর :** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) এ কথা কি সত্য যে, সম্প্রতি খড়্গপুর কলেজের জনৈক অধ্যাপককে উচ্চমাধ্যমিক সংসদের টেবুলেটরের পদ থেকে অপসারিত করা হয়েছে;

(খ) সত্য হলে, কি কি অভিযোগের ভিত্তিতে তাঁকে অপসারণ করা হয়েছে;

(গ) সরকার বা ঐ উচ্চমাধ্যমিক সংসদ ঐ অধ্যাপকের বিরুদ্ধে অন্য কোন শাস্তির বিষয়ে চিন্তা করছেন কিনা; এবং

(ঘ) চিন্তা করে থাকলে, তা কি?

**[1.00–1.10 p.m.]**

**শ্রী কান্তি চন্দ্র বিশ্বাস :** (ক) হ্যাঁ, (খ) নিজের মেয়ের মার্কশীটে নম্বর বাড়াবার দায়ে, (গ) এবং (ঘ) তাঁকে ব্ল্যাক লিষ্টেড করা হয়েছে এবং তাঁর প্রাপ্য সমস্ত টাকা বন্ধ করা হয়েছে। মাধ্যমিক সংসদের এই সিদ্ধান্তের কথা মধ্যশিক্ষা পর্যদ ও পশ্চিমবাংলার সমস্ত বিশ্ববিদ্যালয়কে জানান হয়েছে এবং তাঁর বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা নেবার জন্য খড়্গপুর কলেজ-কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়েছে।

**শ্রী ননী কর :** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, ঐ অধ্যাপক এখনও ঐ কলেজে কর্মরত আছেন কিনা এবং তাঁকে প্রিন্সিপাল করবার জন্য সার্ভিস কমিশনে যে লিষ্ট হয়েছিল তার অবস্থাই বা কি দাঁড়ালো?

**শ্রী কান্তি বিশ্বাস :** আমার কাছে খবর আছে যে, কলেজের অধ্যক্ষ নির্বাচনের জন্য কলেজ সার্ভিস কমিশন যে প্যানেল তৈরী করেছিলেন, তাঁর নাম ঐ প্যানেলভুক্ত ছিল। কিন্তু তাঁর কলঙ্কিত কাজের কথা স্মরণ করে যাতে শিক্ষা প্রতিষ্ঠান কলঙ্কিত না হয়, তারজন্য কলেজ সার্ভির্স কমিশন তাঁদের লিষ্ট থেকে এই নামটি বাদ দিয়েছেন,- এটা আমরা জানতে পেরেছি। যখন আমরা কলেজ কর্তৃপক্ষকে জানাই তাঁর ঐ কলঙ্কিত কাজের কথা, আমাদের চিঠি পাবার পর তিনি পদত্যাগ করেছেন এবং সেটা গৃহীত হয়েছে।

**শ্রী ননী কর :** নিজের মেয়ের মার্কশীটে কারচুপি করিয়ে তো তাকে কলেজে ভর্তির ব্যবস্থা হোল। কাজেই তার এই ভর্তির ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করা হোল?

**শ্রী কান্তি বিশ্বাস :** মার্কশীটে ২০০ নম্বর বাড়ান হয়েছিল, ৫৮৭ নম্বরের জায়গায় ৭৮৭ করা হয়েছিল; মেয়েটি সম্পর্কে কোন মন্তব্য করতে চাই না; এ-ব্যাপারে মেয়েটিকে সাজা দেওয়া উচিত নয়। তবে, ঐ মার্কসের ভিত্তিতে সে অনার্সে ভর্তি হয়েছিল বলে তাকে অনার্স থেকে সরিয়ে দেওয়া হয়েছে।

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, উচ্চমাধ্যমিক সংসদ তাঁকে টেবুলেটর পদে কবে নিয়োগ করেছিলেন?

**শ্রী কান্তি বিশ্বাস :** ১৯৮৪ সালে।

**Dr. Zainal Abedin :** Will the Hon'ble Minister-in-charge be pleased to state whther Government of the Board is contemplating criminal action against this offending invegilator or tabulator?

**Shri Kanti Biswas :** Neither the Board nor the Government is concerned. The Council is concerned with this. The Council is contemplating whether further action can be taken against the Professor.

**শ্রী নীরোদ রায়চৌধুরী :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, নিকটতম আত্মীয় পরীক্ষার্থী থাকলে তিনি কি ট্যাবুলেটার হতে পারেন?

**শ্রী কান্তি চন্দ্র বিশ্বাস :** নিয়ম আছে যখন একজামিনারসিপ-এর জন্য দরখাস্ত করতে হয় বা ট্যাবুলেটারের জন্য দরখাস্ত করতে হয় তখন সেই ফর্মে একটা ঘর থাকে এবং তাতে জানাতে হয় তাঁর কোন ছেলে কিংবা মেয়ে পরীক্ষার্থী হিসাবে আছে কিনা। এই ক্ষেত্রে ঐ ব্যক্তি সত্যকে গোপন করেছেন। তাঁর মেয়ের কথা তিনি যদি উল্লেখ করতেন তাহলে কাউন্সিল নিশ্চই ট্যবুলেটার হিসাবে তাঁকে নিয়োগপত্র দিতেন না।

**Mr. Speaker :** Regarding the report of Bhabatosh Dutta Commission, I have asked the Hon'ble Minister-in-charge to make a statement why there has been delay. Although it is not a statutory Commission, it is not mandatory. However, I will request the Minister-in-charge to explain the reasons for delay.

**শ্রী নির্মল কুমার বোস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুটি বিষয় এখানে উঠেছে। একটা হচ্ছে রিপোর্ট পেস করতে বিলম্ব হয়েছে কেন এবং এর সঙ্গে মেমোরান্ডাম অন এ্যাকসান টেকেন এটা কেন দেওয়া হয় নি। প্রথম হচ্ছে যে আমি গত বছরের ৪ঠা এপ্রিল এটা পেয়েছি। তারপর সেইগুলোকে দেখার পর বিধান সভায় পেস করা গেল না। কারণ সেই সময় কোন বিধানসভার অধিবেশন ছিল না। তারপর এই কাজগুলো করছিলাম। এটা ঠিক যে সমস্ত কেসটা তৈরী হতে একটু বিলম্ব হয়ে গেছে। তারজন্য আমি এই বিধানসভায় ত্রুটি স্বীকার করে নিচ্ছি। আর মেমোরান্ডাম অন এ্যাকসান টেকেন এটার ব্যাপারে বলছি যে এই রিপোর্টটা আমরা এখন একটা সরকারী কমিটিকে বলেছি তৈরী

করতে। এটা একটা বড় রিপোর্ট, অনেকগুলি সুপারিস আছে সেইগুলি খতিয়ে দেখার জন্য বলেছি এবং সরকারী নীতি নির্ধারিন করতে। অনেক পরিবর্ত্তনের কথা বলা আছে। এই মুহুর্ত্তে মেমোরান্ডাম অন এ্যাকসান টেকেন কিছু নেই, নো এ্যাকসান হ্যাজ অলরেডি বিন টেকেন। সুতরাং যখন কোন এ্যাকসান নেওয়া হবে আমরা নিশ্চই বিধানসভায় অবহিত করবো।

**শ্রী শচীন সেন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর উপস্থিতিতে একটা কথা বলতে চাই। স্যার, পলিটেকনিক স্টাফ এ্যাসোসিয়েসানের বেশ কিছু সদস্য একটা দরখাস্ত নিয়ে এসেছেন। তাঁরা মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর সঙ্গে দেখা করতে চান এবং তাদের বিভিন্ন দাবি-দাওয়া আছে। আমি অনুরোধ করছি মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীকে যেন দেখা করে তাঁদের প্রতিনিধিদের সঙ্গে আলোচনা করেন।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** I have received three notices of Adjournment motion. The first is from Shri Asok Ghosh and Kashinath Misra on the subject of outbreak of Jaundice and enteric diseases for want of drinking water through-out the State. The second is from Dr. Manas Bhunia on the subject of alleged threatening by the majority party of the ruling front to the voters in the ensuing three bye-elections, and the last is from Shri Abdul Mannan on the subject of acute scarcity of drinking water in Arambag sub-division resulting in out-break of enteric disease.

On the subject of the first motion the Minister concerned made a statement in the House on 19th April, 1985. The second motion relates to day administration. On the subject of the third motion the Member may draw the attention of the Minister concerned through calling attention and question.

I therefore withheld my consent to all the motions.

One member of the party may, however, read out the text of his motion as amended.

**শ্রী আব্দুল মান্নান :** স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতবি রাখছেন। বিষয়টি হ'ল -

আরামবাগ মহকুমার বেশীর ভাগ নলকূপগুলি অকেজ হয়ে পড়ায় ফলে পানীয় জলের গভীর সংকট দেখা দিয়েছে। এলাকার মানুষকে এক অসহায় অবস্থার মধ্যে কাটাতে হচ্ছে। এরই মধ্যে আন্ত্রিক রোগে বহু মানুষ আক্রান্ত হয়েছেন। জলের অভাবে বহু জায়গায় ফসল নষ্ট হয়ে যাচ্ছে।

## CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

**Mr. Speaker :** I have received 6 notices of Calling Attention, namely:-

1. Seisure of huge C.M.S. stamped medicine from the medical stores of Berhampur, Murashidabad - Shri Birendra Narayan Ray.
2. Police - vendor clash at Kharua Bazar, Chinsura on 21.4.85 and tense situation Prevailing thereon. - Dr. Manas Bhunia and Shri Abdul Mannan.
3. Out-break of Jaundice in Howrah District - Shri Asok Ghosh.
4. Apprehended closure of Law College of Calcutta University - Shri Kashnath Misra.
5. Throwing of refusal materials in the rivers Hoghly and Bhaghirathi causing pollution of water by the industrial institutions of Calcutta. Howrah and 24-Parganas - Shri Sadhan Chattopadhyay and Shri Dilip Mazumdar.
6. Reported clausure of Jute Mills in West Bengal. - Shri Anil Mukherjee.

I have selected the notice of Shri Sadhan Chattapadhy and Dilip Mazumder on the the subject of Throwing of refusal materials in the river Hooghly and Bhaghirathi causing pollution of water by the industrial institutions of Calcutta, Howrah and 24 Pargs.

The Minister-in-charge will please make a statement to-day, if possible of give a date.

**Shri Patit Paban Pathak :** Sir, on 2-5-85.

**Mr. Speaker :** Now I request the Minister-in-charge of Commerce and Industries Department to make a statement on the subject of deadlock in Haldia Oil Refinery and its effect.

(Attention called by Shri Anil Mukherjee and Dr. Omar Ali on the 9th April, 1985)

**[1.10–1.20 p.m.]**

**শ্রী নির্মল কুমার বসু :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার নির্দ্দেশে আমি এই বিবৃতিটি রাখছি। হলদিয়া শোধনাগারে যে অঘোষিত ধর্মঘটের উল্লেখ করা হয়েছে, সেই ধর্মঘট শুরু হয় ৫ই এপ্রিল, ১৯৮৫ তারিখে রাত্রি দশটার সময়। শুরু করেন ওখানকার পরিবহন কন্ট্রাকটরের আই.এন.টি.ইউ.সি. সমিতিভুক্ত কর্মচারীরা। পরদিন অর্থাৎ ৬ই এপ্রিল তারিখ সকাল থেকে শোধনাগারের নিয়মিত কর্মীরাও অবশ্য ঐ ধর্মঘটে যোগ দিন।

এখানে উল্লেখ্য, হলদিয়া শোধনাগারের কর্মীদের টাউনশিপ থেকে শোধনাগার পর্য্যন্ত নিয়ে যাবার যে পরিবহন ব্যবস্থা আছে, তা চালাবার ভার ন্যস্ত আছে, মেসার্স জয় মা তারা ট্রান্সপোর্ট নামক একটি কন্ট্রাক্টর ফার্মের উপর। তাঁরা মোট ১৬টি বাস চালান। ঐ বাসগুলির কর্মীরা সি.আই.টি.ইউ এবং আই.এন.টি.ইউ.সি. এই দুই ইউনিয়ন ভুক্ত সি.আই.টি.ইউ. ইউনিয়নভুক্ত কর্মীদের হাতে ৯টি বাস আছে, আই.এন.টি.ইউ.সি. ইউনিয়নভুক্ত কর্মীদের হাতে আছে ৬টি। ১৬ নং বাসটি সি.আই.টি.ইউ. এবং আই.এন.টি.ইউ.সি. ইউনিয়নভুক্ত কর্মীরা পর্যায়ক্রমে ১৫দিন করে চালান। গোলমাল বাধে ১৭ নং বাস চলু করার সময়। উভয় ইউনিয়নভুক্ত কর্মীরাই এই শেষ বাসটি চালাবার কর্ত্তৃত্ব দাবী করতে থাকেন এবং এর মধ্যে সি.আই.টি.ইউ. ইউনিয়নভুক্ত কর্মীরা বাসটিকে নিয়ে গ্যারেজে চলে যান। এতে অসন্তুষ্ট হয়ে ঐ সংস্থার আই.এন.টি.সি. ইউনিয়নভুক্ত কর্মীরা ধর্মঘটের সিদ্ধান্ত নেন এবং এর ফলে হলদিয়া শোধনাগারের সমস্ত পরিবহন ব্যবস্থা ভেঙে পড়ে।

সমস্যার গুরুত্ব উপলব্ধি করে স্থানীয় জেলা কর্ত্তৃপক্ষ ৬ই এপ্রিল তারিখে সংশ্লিষ্ট সকলের সঙ্গে আলোচনার মাধ্যমে একটা মীমাংসায় উপনীত হতে চেষ্টা শুরু করেন এবং ৮ই এপ্রিল সন্ধ্যা বেলায় তাঁরা একটি মীংমাসায় উপনীত হতে সক্ষমও হন। ফলে শোধনাগারে স্বাভাবিক অবস্থায় ফিরে আসে এবং এখন সেখানে সব কাজেই স্বাভাবিক ভাবেই চলছে।

**Mr. Speaker :** Now, I request the Minister-in-charge of Labour Department to make a statement on the subject of non-impliementation of the recommentations of "Bhattacharjee Commission" on the Cotton Textile Industries.

(Attention called by Shri Jamini Bhushan Saha and Shri Gopal Krishna Bhattacherya on the 10th April-1985)

**Shri Santi Ranjan Ghatak :** Mr. Speaker, Sir,

A number of separate and joint discussions were held to find an amieable settlement on the carter of demands of Cotton Textile Workers in West Bengal. Unfortunately, it has not been possible to effect an agreement so far having regard to the stand taken by the Eastern India Textile Mills Association (which was earlier known as Bengal Mill Owners' Association). The Association has persistently

refused to accept the views of Labour Minister, as per the terms of Tripartite Settlement, on the grades and seales of pay without having a decision on work load and duties on the ground that work load in West Bengal is much lower than in other States. Government is concerned and is still trying to have an early settlement on the demands of the cotton textile workers and further discussions are being initiated shortly.

Unfortunately, unless the parties are able to reduce their differences on the various points, prospect of a settlement does not appear to be very bright. Due to its various shortcomings pointed out by the parties, no decision could be given on the report of the Work Load Committee and it was indieated that this would also require discussions between parties. Cortain problems of the industry would also require to be looked into. One of them, the question of mills here being burdened with higher freight charges, has been taken up with the Government of India as recommended by Pandey Committee on a number of occasions but freight equalisation could not be achieved as yet. The Eastern India Textile Mills Association has also stressed the problems faced due to power situation and has pointcd out that the industry has been passing through an unprecedented crisis on the cumulative impact of the increase of the cost of cotton, power and wages on the one hand and sluggish market conditions on the other and unless productivity and profitability increased, they were not in a position to bear any additional burden, arising out of either settlement of charter of demands or implementation of the recommendations on grades and scales of pay. They had also requested us to keep the discussions in abeyance following the setting up of a committee at the national level by the Department of Textiles, Union Ministry of Commerce. They have further indicated their opposition to any adhoc rise or to arant retrospective effect under any circumstance without any agreement.

Admittedly, cotton textile workers are suffering due to this attitude of the employers and Government is still trying to secure a fair deal for them.

**Mr. Speaker** : The statement will be circulated. Now I call upon The Minister-in-charge of Home(Police) Department to make a statement on the subject of suported Naxalite activities at Kandi and Bhartpur in Murshidabad district.

**Shri Shanti Ranjan Ghatak** : Mr. Speaker, Sir, With your permission, I rise to make a statement with reference to the Calling Attention Notive given by Shri Bankim Tribedi, M.L.A., on the law and order situation in Kandi and Bharatpur Police Station areas of Murshidabad District in the context of the activities of the Naxalites there.

Recently, activeties of some Naxalite elements in Kandi Sub-Division of Murshidabad district have come to notice. Their field of operation normally is the bordering areas under Kandi, Bharatpur and Berhanpore Police Stations. Some of them have been committing extortion in the rural areas and indulging in other criminal acts. They were involved in four incidents of violence, three in 1984 and one in 1985. In course of these violent incidents three persons were murdered and a DBBL gun was looted. Specific cases were started over these incidents by the local police and in course of investigation the identity of the miscreants taking part in these cases could be established. Police drives were also intensified. Initially, two police camps were extablished in the area and later, with intensification of police action, four more special camps have been set up at strategic points. As a result of intensified police action, 17 Naxalites could be arrested from Kandi Sub-Division alone. On 27.3.85, an important Naxalite activist who had been involved in some recent cases and his three associates were arrested from Bharatpur area with one rifle, one DBBL gun, one revolver, 19 rounds of .303 bullets, 14 rounds of .12 bore cartridges and a number of Naxalite documents. The recovered rifle and gun were stolen earlier by the miscreants, the rifle from a police party and the gun from a licencee. It is expected that with the setting up of new police camps in Kandi Sub-Division firearms which had been snatched earlier, will also be recovered and the remaining Naxalite activists will be arrested. To achieve the desired result, two more police camps have been set up, bringing the total number of

police camps in Murshidabad district, set up for this purpose, to eight. The local public in the affected areas are coming forward to co-operate with the police in their drive against the Naxalities. As a result of intensive police drives in Mursidabad, the activities of the Naxalites have been kept under control. There is no sense of insecurity anywhere in the area.

**Mr. Speaker :** The statement will be circulated.

**Dr. Zainal Abedin :** Mr. Ghatak was reading a statement on behalf of the Chief Minister. He should have told that he would read the statment.

**Mr. Speker :** Yes, that should be.

**শ্রী সত্যপদ ভট্টাচার্য্য :** স্যার, চীফ মিনিষ্টারের পক্ষ থেকে যে ষ্টেটমেন্ট তিনি দিলেন তাতে একজন নিরপরাধ লোককে পুলিশ গুলি করে মেরেছে সেটা নেই।

**মিঃ স্পীকার :** এর উপর কোন রিবেট হয় না। Now I call upon the Minister-in-charge of Relief and Welfare Department to make a statement on the subject of disaster caused by cyclone on the 16th April, 1985 in Midnapore district, attention called by Dr. Manas Bhunia on the 17th April, 1985.

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১৬ই এপ্রিল ১৯৮৫ মঙ্গলবার মেদিনীপুর জেলার কিছু এলাকার ঘুর্নিঝড় সম্পর্কে মাননীয় সদস্য ডাঃ মানস ভুইয়াঁর দৃষ্টি আকর্ষণী নোটিশের উত্তরে মাননীয় সদস্যদের আপনার মাধ্যমে জানতে চাই যে গত ১৬ই এপ্রিল মঙ্গলবার মেদিনীপুর জেলার সদর, খড়্গপুর ১ ও ২ নং ব্লকের কিছু এলাকা ঝড় ও শিলা বৃষ্টিতে এবং দাসপুর ১ ও ২ নং ব্লকের কিছু এলাকা ঝড় ও বৃষ্টিতে ক্ষতিগ্রস্ত হয়। জেলা শাসক জানিয়েছেন যে এই প্রাকৃতিক বিপর্যয়ের ফলে ৯২৬টি বাড়ী সম্পূর্ণ ও ১,৩২০টি বাড়ী আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে। এ ছাড়া ১,৩৫০ একর জমির বোরোধান ও ৯৫০ একর জমির শাকশব্জি নষ্ট হয়েছে। যাঁদের বাড়ী সম্পূর্ণ বিনষ্ট হয়েছে তাঁদের প্রায় ৫০০টি ত্রিপল সরবরাহ করা হয়েছে। শিলাবৃষ্টির ফলে আঘাত প্রাপ্ত ১২ জন ব্যক্তিকে চিকিৎসার জন্যে হাসপাতালে ভর্ত্তি করা হয়েছে এঁদের মধ্যে দুজনের আঘাত গুরতর।

যাঁদের বাড়ী সম্পূর্ণ বিনষ্ট বা ক্ষতিগ্রস্ত হয়েছে তাঁরা যাতে অবিলম্বে গৃহ নির্মাণ বা সংস্কার বাবদ প্রচলিত নিয়ম অনুযায়ী গৃহ নির্মাণ অনুদান অথবা ঋণ লাভে সক্ষম হন তার জন্য অবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা-শাসককে নির্দ্দেশ দেওয়া হয়েছে।

জেলা শাসকের প্রস্তাবের অপেক্ষা না করে ত্রাণ বিভাগ ক্ষতিগ্রস্ত দুঃস্থব্যক্তিদের ত্রাণ সাহায্যের জন্য নগত ১০০০০ টাকা, ৫০০ ধুতি ৫০০ শাড়ী, ১০০০ ত্রিপল ও ১০০০ শিশুদের পোষাক বরাদ্দ করেছেন।

**মিঃ স্পীকার :** এটা সার্কুলেট করা হবে।

**ডাঃ জয়নাল আবেদীন :** স্যার, আমার ত্রাণ মন্ত্রীর কাছে নিবেদন আছে আমাদের পশ্চিম দিনাজপুর একটা পিছিয়ে পড়া জেলা। আমার কেন্দ্রে ৩টি গ্রামে একজন মানুষ সহ ৯৭টা বাড়ী পুড়ে গেছে। দারুণ খরা চলছে, I rushed to the District Administration I met the District Relief Officer, Shri R.N.Banerjee. He pleaded helpless. জেলা পরিষদে একটা রিলিফ কমিটি আছে। They pleaded helpless অত্যন্ত যে কোন সময় বৃষ্টি নামতে পারে তার্পালিন কিছু পাঠিয়ে দিন এবং কিছু খাবার পাঠিয়ে দিন। ৯৭টার বাড়ীর লোকজন ৪দিন কিছু খায়নি। I will request you to please take some action to give relief to these victimes of accidental reasons. Please look into the matter and contact DM West Dinajapur.

**শ্রী নিরুপমা চ্যাটার্জী :** স্যার, ইতিমধ্যে পশ্চিমবাংলার বিভিন্ন জেলা থেকে যে সংবাদ এসেছে তাতে কোথাও ঘূর্ণি বার্তা, কোথাও ঝড়, কোথাও আগুন লাগায় আমরা প্রত্যেক জায়গায় কিছু কিছু পাঠিয়ে দিয়েছে তার হিসাব যদি চান পরবর্তীকালে আমি দেব। আপনি যেটা বললেন সেটা সম্পর্কে জানার চেষ্টা করছি।

**Mr. Speaker :** I now call upon the Minister-in-charge of Health and Family Welfare (Rural Water Supply and Sanitation) Department to make a statement on the subject of acute scarcity of drinking water in North-Western part of Bankura district, attention called by Shri Subhas Goswami on the 19th April,1985.

**শ্রী পতিত পাবন পাঠক :** স্যার, কলিং এ্যাটেনশান এর জবাব দেওয়া আজকে সম্ভব হচ্ছে না। কারণ মাননীয় মন্ত্রী খবর দিয়েছেন তাতে তথ্যগুলি যোগাড় হয়নি। সুতরাং এটা ২ তারিখে দেব।

**[1.20–1.30 p.m.]**

## Mention Cases

**শ্রী রবীন্দ্র নাথ মন্ডল :** মাননীয় স্পীকার মহোদয়, পশ্চিমবঙ্গের গর্বিত অহংকার যুব ভারতী ক্রীড়াঙ্গন, সল্ট লেক স্টেডিয়াম। শত বাধা বিপত্তি। কেন্দ্রের বিরূপ মানসিকতা সত্বেও এই জাতীয় স্টেডিয়ামকে পূর্ণাঙ্গ করার জন্য বামফ্রন্ট সরকার আপ্রাণ চেষ্টা চালিয়ে যাচ্ছেন। বামফ্রন্ট সরকারের তরুন উদ্যোগী ক্রীড়ামন্ত্রী শ্রী সুভাষ চক্রবর্তীর সুযোগ্য নেতৃত্বে সমস্ত পশ্চিমবঙ্গের জনগণকে এর সঙ্গে যুক্তবদ্ধ করার যে প্রচেষ্টা তা প্রশংসনীয়। গতকাল এই স্টেড়িয়ামকে পূর্ণাঙ্গ করার জন্য পশ্চিমবঙ্গের জনগণের সমস্ত অংশের মানুষ ৫ বছর থেকে শুরু করে ৮২/৯২ বছর বয়সের পর্যন্ত স্কুলের ছাত্র, যুবক, বৃদ্ধ, মহিলা, কলকারখানার শ্রমিক, ক্ষেত মজুর, গরীব কৃষক, শিল্পী, সাহিত্যিক, পুরান দিনের বিখ্যাত খেলোয়াড় সকলে যুক্তবদ্ধ হয়েছিলেন। স্যার, আপনি নিজে সেই ঐতিহাসিক মহান মিছিলের একদিকে যেমন নেতৃত্বে দিয়েছিলেন, তেমনি অন্যদিকে মাননীয় রাজ্যপাল শ্রী উমা শংকর দিক্ষিত মহাশয় নেতৃত্বে দিয়েছিলেন। এটা পশ্চিমবঙ্গের গনতান্ত্রিক আন্দোলনের ইতিহাসে

স্বর্ণাক্ষরে লিখিত থাকবে। আমি শুধু এই প্রসঙ্গে বলতে চাই কল্লোলিনী কলকাতা জীবনের যে নিদর্শন দেখিয়েছে তাতে পশ্চিমবঙ্গ এগিয়ে চলেছে। সেজন্য আমি আপনাকে, মাননীয় রাজ্যপালকে, সমস্ত পশ্চিমবঙ্গের জনগণকে আমার আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। কিন্তু আমি অত্যন্ত দুঃখিত যে আমরা দেখেছি কংগ্রেস এই ব্যাপারে কোন ভূমিকা গ্রহণ করেনি।

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রীমন্ডলীর এবং মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। যদি সেচ ব্যবস্থা থাকে সে ক্ষুদ্র সেচ হোক, মাঝারি সেচ হোক, বৃহৎ সেচ হোক, যদি সেচ ব্যবস্থা থাকে তাহলে সেচ কর নেবে তাতে কিছু যায় আসে না, চাষীরা দিতে আগ্রহী থাকে। কিন্তু দুঃখের বিষয় কয়েকদিন আগে বাঁকুড়া জেলা শাসকের পক্ষ থেকে অতিরিক্ত জেলা শাসক ঘোষণা করলেন যে ছাতনা, শালতোড়া, গঙ্গাজলঘাটিতে সেচ কর লাগবে না, কিন্তু বাঁকুড়া ১ নং ব্লক, ২ নং ব্লক যেখানে সেচ ব্যবস্থা নেই সেখানে একটা নির্দেশ জারি করে ৩শো মৌজার ১ লক্ষ ক্ষুদ্র প্রান্তিক চাষীদের উপর সেচ কর বসান হয়েছে। এই যে কৃষিজীবী মানুষ যাদের কোন রকম স্যালো টিউবওয়েল, ডিপ টিউবওয়েল, আর এল আই-এর ব্যবস্থা নেই, যেখানে কংসাবতী, ডি ভি সি পরিকল্পনার কোন জলের ব্যবস্থা নেই তাদের সেচ কর দিতে হবে। এই ব্যাপারে মন্ত্রী মহাশয় অবিলম্বে যেন একটা স্টেটমেন্ট করেন এবং এটা প্রত্যাহার করার দাবি রাখছি আপনার মাধ্যমে।

**শ্রী সরল দেব :** মাননীয় স্পীকার স্যার, আমি একটা গুরুত্বপূর্ণ ব্যাপারে আপনার এবং রাজ্যের স্বরাষ্ট্র এবং পুর্নবাসন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচন কেন্দ্র অনন্তপুরে ১৯৭৫ সালে জরুরী অবস্থার সময় কংগ্রেস উদ্বাস্তুদের নিয়ে ওখানকার কবরখানায় বসিয়ে ছিল। পরে ওখানকার সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ তারা এর বিরুদ্ধে মহামান্য আদালতে মামলা করে। মহামান্য আদালত সেখানকার সংখ্যালঘুদের পক্ষে রায় দেন যে ওখান থেকে উদ্বাস্তুদের উঠে যেতে হবে। তারপর সরকার তাদের বিকল্প পুর্নবাসনের জন্য বারাসতের মধুপুরে ব্যবস্থা করেছেন, কিন্তু তারা ওখানে যাচ্ছে না। ফলে সেখানে একটা ভয়াবহ অবস্থা দেখা দিয়েছে। আশে-পাশের হাজার হাজার সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ মৃত দেহ কবরে দেবার জায়গা পাচ্ছে না। তারা আমাদের কাছে আসছে, সরকারের কাছে আসছে, তাই আমি আপনার মাধ্যমে পুর্নবাসন দপ্তরের মন্ত্রী এবং স্বরাষ্ট্র মন্ত্রীর এই ব্যাপারে হস্তক্ষেপ প্রার্থনা করছি। এর প্রতিকার না হলে আমি সতর্কবানি উচ্চারণ করছি যেকোন মুহূর্তে একটা বিস্ফোরণ সেখানে ঘটে যেতে পারে যার দায়-দায়িত্ব, সরকারের উপর বর্তাবে। এই ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পীকার :** অমৃতেন্দু বাবু, এটা লক্ষ্য রাখবেন।

**শ্রী অমৃতেন্দু মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সরল দেব মহাশয় যে প্রশ্ন এখানে তুলেছেন সে সম্বন্ধে বোধহয় আপনিও জানেন এটি জটিল প্রশ্ন। অনন্তপুরে যে উদ্বাস্তুরা রয়েছে তাদের জন্যও বিকল্প পুনবার্সনের ব্যবস্থা করা হয়েছে। বারসতের এস ডি ও এবং ব্যারাকপুর মহকুমার এ ডি এম এই বিষয় নিয়ে আমাদের সঙ্গে আলোচনা করেন এবং আমরা আশা করেছিলাম ওই উদ্বাস্তুদের অনন্তপুর থেকে সরিয়ে বারাসতের অন্য একটা জায়গায় দেওয়া হবে। তাঁরা এতে রাজীও হয়েছিলেন। কিন্তু পরে আমরা শুনলাম যে ওই গোরস্থান এলাকার ছেড়ে তারা অন্যত্র যেতে

চাচ্ছেন না। নিশ্চয়ই এটা আমরা দেখব যাতে সংখ্যালঘুদের সামাজিক আচার এবং ধর্মে কোন রকম আঘাত না লাগে এবং উদ্বাস্তুরাও বিকল্প পুনর্বাসন পায়।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কেন্দ্রীয় সরকার অন্যায় এবং অযৌক্তিকভাবে রেলভাড়া এবং মাশুলের হার বৃদ্ধি যেভাবে করেছেন তার বিরুদ্ধে এস ইউ সি সহ কংগ্রেস বিরোধী ৮টি রাজনৈতিক দল ২০শে এপ্রিল পর্যন্ত প্রতিরোধ আন্দোলনের আহ্বান জানিয়েছিল। পশ্চিমবাংলার সংগ্রামী জনগন এই আন্দোলনে যেভাবে এগিয়ে এসেছেন সেটা এক অভূতপূর্ব ব্যাপার এবং তারজন্য তারা অভিনন্দন যোগ্য। কিন্তু দুঃখের সংঙ্গে লক্ষ্য করছি আজ কদিন ধরে রেলভাড়া বৃদ্ধির জন্য প্রতিবাদ জানিয়েও রেল কর্তৃপক্ষের হয়ে রাজ্য সরকার যেভাবে এই ন্যায়সঙ্গত গনতান্ত্রিক আন্দোলনকে দমন করার জন্য আন্দোলনকারীদের উপর লাঠি, গুলি, টিয়ারগ্যাস, চালাচ্ছে সেটা অত্যন্তই নিন্দনীয়। আজও মেচেদাতে গোলমাল হয়েছে, ১৯শে এপ্রিল ট্রেন অবরোধ হয়েছিল। আমরা এখন দেখছি পুলিশ বিশেষ করে এস ইউ সি-র কর্মীদের উপর অকথ্য অত্যাচার চালাচ্ছে এবং আমাদের পার্টির বিশিষ্ট নেতা অধ্যাপক আশুতোষ সামন্তের বাড়ীতে পুলিশ গিয়ে রেইড করেছে। এস ইউ সি-র কর্মীদের উপর এই যে পুলিশের দমন, পীড়ন চলছে আমি একে নিন্দা করছি এবং এরজন্য প্রতিবাদ জানাচ্ছি।

**শ্রী গোপাল কৃষ্ণ ভট্টাচার্য্য :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি অত্যন্ত করুণ এবং সামাজিক ঘটনার প্রতি রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। গত পরশুদিন আমার এলাকায় একটি ১৬ বছরের কিশোরের মৃত্যু হয় এবং ছেলেটি সুইসাইড করে। সাধারণতঃ সুইসাইডের ঘটনা উল্লেখ পর্বের মধ্যে হয় না, কিন্তু এই ঘটনাটি আমাকে জানাতেই হবে কারণ ব্যাপারটা বড়ই করুণ। এই ছেলেটির বাবার নাম শ্রী শিব প্রসাদ চক্রবর্তী এবং মায়ের নাম শ্রীমতী শর্মিষ্ঠা চক্রবর্তী। গত ১২.৫.৮১ তারিখ এডিসন্যাল ডিস্ট্রিক্ট জাজ, আলিপুর মিঃ, বি কে দত্ত এঁদের ডাইভোর্স মামলায় রায় দেন - ইন দি সারকামসট্যানসেস্, দি প্রেয়ার ফর কাস্টডি অব দি চিলড্রেন ইজ রিজেক্টড এ্যাট প্রেজেন্ট। এই ছেলেটির বয়স তখন ছিল ১২ বছর। এর পর এই ছেলেটিকে তার বাবা রাখবেন, না মা রাখবেন এনিয়ে আলোচনা চলছিল। পরবর্তীকালে তার বাবা নানাভাবে ছেলেটিকে নেবার চেষ্টা করে এবং সে হুগলী জেলার একটা জায়গায় থাকত। এরপর এস.ডি.জে.এম, আরামবাগ এই মামলায় যে রায় দেন সেটা হল,

That the Children till the disposal of this case will remain in the custody of the mother Smt. Sharmistha Chatterjee. That Shri Shiva Prasad Chakraborty, father have face access to them till the disposal of the case.

The father will also have the liberty to keep the children with him during the school holidays subject to the condition of the health of the Children. All the holidays available to the children shall be divided equally for the enjoyment of the father and the mother.

এই অর্ডারের পরে ১৬ বছরের ছেলে দীর্ঘ চার বছর ধরে বাপ মার অশান্তি অর্থাৎ সামাজিক

ব্যাধির কবলে পড়ে গত পরশু দিন যে সুইসাইড করতে বাধ্য হয়। তাই আমার অনুরোধ এই ব্যাপারটি সরকারের একটু দেখা দরকার।

**[1.30–1.40 p.m.]**

**শ্রী বঙ্কিম ত্রিবেদী :** স্যার, আমি আপনার মাধ্যমে একটি খুব গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পরিবহন মন্ত্রী দৃষ্টির আকর্ষণ করছি। ৩৪ নং জাতীয় সড়ক ধরে নদীয়ার উপর দিয়া মুর্শিদাবাদের দিকে যে সমস্ত বাস যায় সেগুলি কৃষ্ণনগর শহরের ভিতর এমন একটি জায়গায় থামানো হয় যে জায়গায় না আছে কোন বাথরুম, না আছে কোন খাবার জল, না আছে কোন রকম বিশ্রামের জায়গা, না আছে কোন রকম চা বা জলখাবারের দোকান। এখানে এই জন্য মহিলারা শিশু এবং বৃদ্ধিরা অত্যন্ত অসুবিধার মধ্যে পড়েন। ৫/৬ ঘন্টা দীর্ঘ যাতায়াতের পথে যাত্রী সাধারণের এই সব জিনিসের প্রয়োজন হয়। নর্থ বেঙ্গলের বাসগুলি কৃষ্ণনগরের বাইরে যেখানে থামে এবং কৃষ্ণনগরের ভিতর একটা ভাল বাস ষ্ট্যান্ড আছে - সেখানে কিন্তু এই সব অসুবিধা নাই। কিন্তু সি.এস.টি.সি বাসগুলি কেন যে এখানে থামানো হয় না সেটা আমরা ঠিক বুঝতে পারছি না। হাউসে এই সব কথা বলা হয়েছে এবং আমার সঙ্গে নদীয়ার মাননীয় সদস্যরাও এ বিষয়ে এক মত এবং যারা ঐ বাসে যাতায়াত করেন তারা সকলেই এক মত। এই অসুবিধার ব্যাপারটি আমি আপনাার মাধ্যমে পরিবহন মন্ত্রীর দৃষ্টিতে আনছি এবং আশা করছি তিনি অবিলম্বে এই ব্যাপারে হস্তক্ষেপ করবেন এবং এর প্রতিকার করবেন।

**শ্রী বিভূতি ভূষণ দে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই সভার মাননীয় সদস্যদের এবং সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আর্কষণ করছি। স্যার, কলকাতায় কষ্টিং ইনষ্টিটিউটের অফিসটি কেন্দ্রীয় সরকার কলকাতা থেকে সরিয়ে দিল্লীতে নিয়ে যাবার একটা ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে। ১৯৫৪ সালে এই ইনষ্টিটিউটের কাজ প্রথম এখানে সুরু হয় এবং আপনি জানেন এ ইনষ্টিটিউটটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। কলকাতায় এই কষ্টিং ইনষ্টিটিটিউটের অফিস হচ্ছে মূল শাখা এবং এর সঙ্গে বহু কর্মীর জীবন জীবিকা জড়িত এবং এর মোট ৪টি আঞ্চলিক শাখা আছে যেমন কলকাতা, দিল্লী, মাদ্রাজ এবং বম্বে এবং এর সঙ্গে আরও ৫০টি শাখা ভারতবর্ষের বিভিন্ন প্রান্ত ছড়িয়ে আছে। তার মধ্যে কলকাতার শাখা অফিসটি হচ্ছে কেন্দ্রীয় অফিস। এখানে পশ্চিমবাংলার এবং কলকাতার গুরুত্বকে হ্রাস করার জন্য কেন্দ্রীয় সরকার কলকাতাকে আরও মুমুর্ষু করার জন্য এই প্রান চঞ্চল শহর থেকে এই ইনষ্টিটিউটের মূল অফিসটিকে চক্রান্ত করে দিল্লীতে নিয়ে যাবার জন্য পরিকল্পনা করছে। আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি অবিলম্বে তিনি কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করে যাতে এই কেন্দ্রীয় অফিসটি এখান থেকে না চলে যায় তার ব্যবস্থা করুন।

**শ্রী অমরেন্দ্র নাথ ভট্টাচার্য্য :** মাননীয় অধ্যক্ষ মহাশয় একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হচ্ছে কলকাতায় একটি নূতন মাদক উপদ্রব সৃষ্টি করা। যত রকম খুন খারাপী লুটতরাজ তার পিছনে এই মাদক দ্রব্যের ভূমিকা অপরিসীম। সরকারের দায়িত্ব অপরাধ দমন করা এবং তার জন্য দরকার এই.মাদক দ্রব্য প্রসারনী বন্ধ করা। কিন্তু তার পরিবর্তে দেখছি কলকাতায় নূতন করে বিয়ার বার চালু করার জন্য একটি সরকারী উদ্যোগ নেওয়া হয়েছে। বিভিন্ন জায়গায় লেখা হচ্ছে সরকারের রাজস্ব বৃদ্ধির জন্য এখানে একটি মদের দোকান দেওয়া হবে।

আমাদের ওখানে দেওয়া হয়েছিল - আমি আপত্তি করেছি। মধ্য কলকাতায় এটা ব্যাপকভাবে চালু হয়েছে। শুনছি সমস্ত কলকাতায় এটা চালু হবে। এ হলে কলকাতায় সামাজিক জীবনে আরও উপদ্রব বাড়বে। এই আশংকা করে আমি আপনার মাধ্যমে আবগারী বিভাগের কাজে অনুরোধ জানাচ্ছি যে এই ধরণের প্রচেষ্টা বন্ধ করুন এবং আর যেন কলকাতায় নূতন করে মাদক দ্রব্যের উপদ্রবে সহায়তা না করেন।

**শ্রী গৌরহরি আদক :** মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি পাবলিক হেলথ্ ইঞ্জিনীয়ারিং দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়া জেলার শ্যামপুর থানায় একটি ট্যাপ ওয়াটার প্রকল্প মঞ্জুরী সাপেক্ষে পড়ে আছে। এই ট্যাপ ওয়াটার প্রকল্প শ্যামপুর ১নং ব্লকের কমলাপুর রাধাপুর এবং শ্যামপুর অঞ্চলের ২নং ব্লকের ডি এম ঘাট গ্রামপঞ্চায়েতের ও ২৪টি মৌজা নিয়ে গঠিত হবে এটা আমরা শুনেছি। এবং গত এক বছর আগে তার সার্ভে ওয়ার্ক হয়ে গেছে। কিন্তু তারপর থেকে আজ পর্যন্ত কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হয় নি। এবং সেটাকে কার্যকরী করতে গেলে এই জল সমস্যার সমাধান কল্পে ওটা সহায়ক হবে বলে আমরা মনে করি এবং আপনার মাধ্যমে সংশ্লিষ্ট পাবলিক হেল্‌থ ইঞ্জিনিয়ারিং মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে ঐ ট্যাপ ওয়াটার প্রকল্পটি কার্য্যকরী হয়।

**ডাঃ মানস ভূইঞ্যা :-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি মর্মান্তিক ঘটনার প্রতি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি করছি। আপনি জানেন খড়্গপুর মিউনিসিপ্যাল শহর এবং কসমোপলিটন শহর, এখানে সমাজবিরোধীদের দৌরাত্ম্যে এমন একটা পর্য্যায়ে এসে পৌঁছেছে, একটা অসহনীয় অবস্থার সৃষ্টি হয়েছে। মুরলী লাল একজন কুখ্যাত গুন্ডা, সমাজবিরোধী গত ৬/৪/৮৫ তারিখ রাত্রি দুটোর সময় আমাদের খড়্গপুরের খরিদাবাজারের কাছে একটা মন্দির আছে, বিশ্বকর্মার মন্দির, সেই মন্দিরের পাশে প্রেমাবাঈ বলে একজন ভদ্র মহিলা এবং তাঁর স্বামী পুরণ লাল, তাঁদের বাড়িতে গিয়ে ঐ সমাজ বিরোধী ধাক্কা ধাক্কি শুরু করে। শুধু ধাক্কা ধাক্কি নয়, গোটা বাড়িটাকে ভেঙ্গে তছনছ করে দেয় এবং সেই বাড়ি থেকে প্রেমাবাঈকে তুলে নিয়ে গিয়ে তার বাড়িতে তার উপর দৈহিক অত্যাচার করে। এখানেই শেষ নয়, যখন পাড়া পড়শিরা জেগে উঠে প্রতিবাদ করে, তারপর রাত্রি চারটের সময় সেই বাড়িতে এসে কেরোসিন তেল ঢেলে আগুন জালিয়ে দেয়। এরপর যখন পাড়াপড়শিরা জেগে উঠে খড়্গপুর থানার পুলিশকে জানায়, তারপরের দিন আবার এসে পুরণলালের প্রথম পক্ষের স্ত্রীর বাসু বলে ছেলেটিকে বল্লমকে আগুনে গরম করে গায়ে ছেঁকা দেয় এবং প্রেমা বাঈ এর উপর আরও অত্যাচার করে। এই পরিস্থিতিকে পাড়া পড়শিরা যখন প্রতিবাদ করতে থাকে এবং এস.পি.কে জানায়, ডি.এম.কে জানায়, লোকাল পুলিশকে জানায় কিন্তু তার কোন রকম বিচার হয় না। উল্টে একজন সমাজ সেবী ভদ্র মহিলা বালেশ্বরী দেবী, তিনি গিয়ে এর প্রতিবাদ করতে থাকেন এস.পি.'র কাছে এবং লোকাল থানার ও.সি.'র কাছে। ১৩ তারিখে রাত্রিবেলা সেই বালেশ্বরী দেবীর বুকের উপর রিভালবার ঠেকিয়ে সেই মুরলী, কুখ্যাত সমাজ বিরোধী বলে যে তুমকো জিন্দা মার দেগা, এই ল্যাংগুয়েজে এবং এই ঘটনা বারে বারে থানায় ডায়েরী করা সত্বেও, এস.পি. কে জানানো সত্বেও, প্রশাসনকে জানানো সত্বেও, সমগ্র খড়্গপুরের এই কুখ্যাত গুন্ডা এবং সমাজবিরোধীর বিরুদ্ধে কোন পদক্ষেপ পর্য্যন্ত নেওয়া নেয়নি। দুর্ভাগ্যের ব্যাপার, আজ খড়্গপুরের বুকে যদি এই রকম ঘটনা ঘটে, আজকে মায়েদের ইজ্জৎ নষ্ট হয়, ঘর পুড়িয়ে দেওয়া হয়, গরম বল্লম দিয়ে সারা

শরীরে ছ্যাঁকা দেওয়া হয়, ক্ষত বিক্ষত করা হয়, এটা খুব দুর্ভাগ্যের ঘটনা। আজকে মাননীয় পুলিশ মন্ত্রী এবং পুলিশ বিভাগ, তাঁর প্রশাসন থাকা সত্ত্বেও কি পরিস্থিতিতে পশ্চিমবাংলার মানুষ বাস করছে, এটা জানার দরকার আছে এবং এর পিছনে আমাদের যা খবর আছে, বিখ্যাত এক রাজনৈতিক নেতা, তিনি পার্লামেন্টের একজন সদস্য, শ্রী নারায়ন চৌবে, তিনি এদের মদৎ দিচ্ছেন, এটা আমার কাছে প্রত্যক্ষ ভাবে অভিযোগ আছে। এটা অত্যন্ত দুঃখের বিষয়ে, পুলিশ কিছু করছে না, পুলিশ বলছে এম.পি নাকি তাকে গ্রেপ্তার করতে বারণ করেছে, এই বিষয়ে পুলিশ মন্ত্রীর কাছে আমি দাবী করছি, তিনি তদন্ত করে এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী রবীন্দ্র ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১৮/৪/৮৫ তারিখে পাঁচলা থানার জয়নগর গ্রামে একটি ঘটনা ঘটে। সেখানে সমাজ বিরোধীরা যে সব মদ, তাড়ি বিক্রি করে, তাদের সঙ্গে সার্কল্ ইনস্পেক্টার অব পুলিশ, সাঁকরাইলের যোগাযোগ রয়েছে। কিছুদিন আগে দেউলপুরের একটি ক্লাবের কাছ থেকে ঐ সুদীপ রায়, সি.আই. তিন হাজার টাকা ঘুষ নেয় এবং ২০টা নারকোল ঘুষ নেয়। এই সি.আই এর বিরুদ্ধে সি.বি.আই. এর তদন্ত হচ্ছে এবং প্রাক্তন এম.এল.এ সন্তোষ দাস এর প্রধান সাক্ষী। এই ঘটনার পরিপ্রেক্ষিতে পাঁচলা থানার নেতৃত্বে একটা মিমাংশা হয়, কিন্তু বিকাল ৪।। টা নাগাত স্কুল থেকে সন্তোষ দাস এবং জয়নগর গ্রাম পঞ্চায়েতের প্রধান লক্ষী ধাড়া ফিরে এসে রাণীহাটিতে শোনে যে জয়নগরে একটা গন্ডগোল হয়েছে। হাওড়া সদর এস.ডি.ও ওখানে গেছেন। তখন ঐ এক্স এম.এল.এ. ঐ প্রধান এবং আরও কয়েকজনকে সঙ্গে নিয়ে ঐ জয়নগরে যাচ্ছিলেন এস ডি.ও.'র সঙ্গে দেখা করতে। তখন সি আই. এবং এ্যাডিশন্যাল এস.পি.হাওড়া, সন্তোষ দাস এবং ঐ প্রধানের উপর লাঠি চার্জ করে, এর ফলে তারা আহত হয়। তারপর প্রধানকে এ্যারেস্ট করা হয়। তিনি জামিনে বেরিয়ে এসে ২০ তারিখে ডি.এম. এর কাছে বিষয়টি মুভ করে, এক্স এম.এল.এ. এবং প্রধানকে কেন মারা হলো? সেই জন্য আমি দাবী করছি, প্রকৃত যে ঘটনা, সেটা তদন্ত করা হোক এবং প্রকৃত দোষীদের শাস্তি দেবার ব্যবস্থা করা হোক।

**[1.40–1.50 p.m.]**

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে রাজ্য মন্ত্রীসভা এবং কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টা আমাদের কাছে খুবই লজ্জার। আজকে স্বাধীনতার ৩৮ বছর পরেও বেকার সমস্যা এখনও প্রকট হয়ে রয়েছে। কয়েক কোটি বেকার যুবকের কর্মসংস্থান আমরা এখনও করতে পারিনি। পশ্চিমবাংলায় এই বেকার সমস্যার আরো জর্জরিত। এই বেকার ছেলেরা যে চাকুরী পাচ্ছে না সেটা তাদের দোষ নয়, এটা আমাদের দোষ। রাজ্য সরকার বলুন, আর কেন্দ্রীয় সরকারই বলুন এটা আমাদের সকলেরই ব্যর্থতা যে তাদের চাকুরীর সংস্থান আমরা করতে পারছি না। সে ক্ষেত্রে আমরা দেখছি যে সেই যুবকদের চাকুরীর একটা বয়স সীমা বেধে দেওয়া হয়েছে। তার ফলে ২৯ বছর পার হয়ে যাবার পরে তারা আর চাকুরী পাচ্ছে না, তাদের মধ্যে একটা হতাশা দেখা দিচ্ছে। আবার চাকুরীর জন্য কোন দরখাস্ত করতে গেলে দরখাস্তের নামে নগদ টাকা ফি অথবা পোষ্টাল অর্ডার দিতে হচ্ছে। এর ফলে যে বেকার যুবকদের নিজেদেরই খাবার সংস্থান নেই তাদের উপরে একটা ট্যাক্সেশান হচ্ছে। আমি আপনার মাধ্যমে রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন রাখছি যে তাদের চাকুরীর ক্ষেত্রে বয়স সীমা যাতে

তুলে দেওয়া হয় এবং চাকুরীর ক্ষেত্রে যে দরখাস্ত জমা দিতে হয় সেই দরখাস্তের নামে যেন কোন নগত টাকা বা পোষ্টাল অর্ডার না নেওয়া হয়। এই আবেদন আপনার মাধ্যমে করছি।

**শ্রী পন্ডিত পাবন পাঠক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডঃ মানস ভূঁঞ্যা একটু আগে উল্লেখ পর্বে একজন এম.পি.'র নাম করেছেন। আমার মনে হয় উনি এটা ভুলে করে ফেলেছেন। কাজেই এটা বাদ দেওয়া উচিত।

**শ্রী শচীন সেন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে সভার দৃষ্টি আকর্ষণ করছি। ২/৩ দিন আগে প্রায় সব কয়টি সংবাদপত্রে একটা রিপোর্ট প্রকাশিত হয়েছে যে আমার নির্বাচনী কেন্দ্রের ব্যাপক অঞ্চলে বিশেষ করে বস্তি অঞ্চলগুলিতে জলে দুষিত বীজানু পাওয়া গেছে। সেই অঞ্চলগুলি হচ্ছে - পিকনিক গার্ডেন রোড, তিলজলা রোড, তপশিয়া রোড, সি.এম.রায় রোড, ডঃ জি.সি.বসু রোড ইত্যাদি। সেখানে দুষিত বীজানুমুক্ত করার জন্য কর্পোরেশান আপ্রাণ চেষ্টা করছেন এবং দিন রাত্রি সেই প্রচেষ্টা চলছে যাতে দুষিত জলকে বীজানু মুক্ত করে আবার পানীয় জলের উপযুক্ত করা যায়। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানি এটা আবার দুষিত হবে। কারণ ঐ সমগ্র অঞ্চলে যে জল দুষিত হচ্ছে তার কারণ হচ্ছে খাটাল। সেখানে যে খাটাল রয়েছে তাতে হাজার হাজার গরু এবং মোষ রয়েছে। এদের প্রাদুর্ভাব এত বেশী যে বারবার প্রচেষ্টা করা সত্বেও দিনের পর দিন এটা বেড়ে যাচ্ছে। এখানে পানীয় জলের যে ট্যাপ আছে তার সঙ্গে, বিভিন্ন জলের যে সোর্স আছে তার সঙ্গে গোবরগুলি মিশে যাচ্ছে। এই সম্পর্কে কোন ব্যবস্থা গ্রহণ করলেও আবার পরবর্ত্তী সময়ে সেই গোবর জড়িত হয়ে পানীয় জল এবং গোবর জল একসঙ্গে মিশে দুষিত হয়ে যাচ্ছে। কাজেই এই খাটালগুলি সম্পর্কে যদি যথাযথ ব্যবস্থা না নেওয়া হয় তাহলে এখানে মহামারী দেখা দেবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এ কথা বলতে চাই যে ৪বছর আগে এখানে কলেরা হয়েছিল এবং তাতে ৩৬ জন লোক মারা গিয়েছিল। তখনও এই গোবর থেকে জল দুষিত হয়েছিল। কাজেই এই সম্পর্কে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

**শ্রী জয়কেশ মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় নিউ.কর্ড লাইনে রাজচন্দ্রপুর বলে একটা ষ্টেশন তৈরী হয়েছে। বলা হয়েছিল ওখানে ফ্ল্যাগ ষ্টেশন হবে, কিন্তু দেখা যাচ্ছে হল্ট ষ্টেশন হয়েছে। তার ফলে ওখানে সব ট্রেন দাঁড়ায় না। এই ব্যাপারে ওখানকার মানুষ দীর্ঘদিন ধরে আলোচনা করছেন, আন্দোলন করছেন, গাড়ী বন্ধ করছেন। ওখানে সব প্যাসেঞ্জার ট্রেন থামার প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল,কিন্তু থামছে না। সব ট্রেন যাতে ওখানে থামে সেই জন্য আমি বিষয়টি আপনার মারফৎ রেল বিভাগের কাছে তুলে ধরতে চাই।

**শ্রী গুনধর মাইতি :-** মাননীয় স্পীকার মহোদয়, ১৫টি গ্রাম পঞ্চায়েত এবং ১৪টি দ্বীপের সমষ্টি নিয়ে এই পাথর প্রতিমা থানা অবস্থিত। ওখানে ১ লক্ষ ৯৭ হাজার ৮২৫ জন লোক বাস করে। কিন্তু বর্তমানে ওখানে বাস চলাচলের জন্য ১ ইঞ্চি রাস্তা'ও নেই। রায়পুর ফেরিঘাট থেকে পাথরপ্রতিমা পর্যন্ত একটি সড়ক রাস্তার কাজ চলেছে। ৩ স্তর পর্যন্ত ইঁট বিছানো হয়েছে, কিন্তু পাথরকুচি ও পীচ ঢালার কাজ বাকি আছে। ঐ সঙ্গে ঢোলা থেকে সুন্দরবন সড়ক পর্যন্ত আর একটি রাস্তা করা হয়েছে। সেখানেও ৩স্তর পর্যন্ত ইঁট বিছানো হয়েছে, পাথরকুচি, পীচ ঢালার কাজ বাকি আছে। এটা সংযোগ রক্ষাকারী রাস্তা। জেলা শাসক কর্তৃক হয়েছে। কিন্তু পি.ডবলিউ.ডি.কর্তৃক এই

রাস্তাটির দায়িত্বভার গ্রহণ করা হয়নি। পি.ডবলিউ.ডি কর্তৃক রাস্তাটির দায়িত্বভার গ্রহণ করে সুন্দরবন সড়কের সঙ্গে যোগাযোগ রক্ষার জন্য রাস্তাটির কাজ অবিলম্বে শেষ করতে পশ্চিমবঙ্গ সরকারকে অনুরোধ করছি।

**শ্রী হৃষিকেশ মাইতি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৫/২/৮৪ তারিখে কাকদ্বীপ থানা এলাকায় একটি বাচ্ছা শিশুর উপর রেপ করার কুৎসিত ঘটনাকে কেন্দ্র করে একটি মামলা উদ্ভব হয়। কাকদ্বীপে থানা, কেস নং ১২, ৩৭৬ আই.পি.সি। ২৮/২/৮৪ তারিখে তার এফ.এস.এল. করা হয়েছে, কিন্তু এখনো পর্যন্ত তার পূর্ণাঙ্গ রিপোর্ট পাওয়া গেল না। রিপোর্টে সিরোলজি, অরিজিন অব দি ব্লাড গ্রুপ নাকি পাওয়া গেছে, এটুকু পর্যন্ত'ও তারা জানান নি। আমি তাই মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে অনুরোধ করব তারা যে রিপোর্টই দিন, তাড়াতাড়ি দিন। ১ বছর হয়ে গেল, এখনো রিপোর্ট আসে নি। এটা একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ঘটনা। আর সব চেয়ে বড় কথা হল রিপোর্ট দিতে যত দেরি হচ্ছে নানা লোকে নানা কথা বলছেন। কারণ একটি পঞ্চায়েতের সভ্য বাচ্ছা শিশুর উপর রেপ করেছে বলেই এই ধরণের ঘৃণ্য অভিযোগ এবং এই পঞ্চায়েত সভ্য কংগ্রেস দলের বলেই দেরি হচ্ছে কিনা, এই কথা মানুষ বারে বারে আমাকে জিজ্ঞাসা করছেন। আমি এতে লজ্জা বোধ করছি। তাই রিপোর্ট যাতে তাড়াতাড়ি পাওয়া যায় সেই জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**[1.50–2.00 p.m.]**

**শ্রী রাজকুমার মন্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এবং মাননীয় পরিবেশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি। স্যার, উলুবেড়িয়া মহকুমায় উলুবেড়িয়া থানার মধ্যে উত্তর গঙ্গারামপুরে একটি বোন মিল আছে। এই বোন মিলটিতে হাড় গুঁড়া করা হয়। এই বোন মিলটি প্রতিষ্ঠিত হওয়ার সময়েই সেখানকার স্থানীয় বাসিন্দারা এবং অন্যান্য লোকরা আপত্তি জানিয়েছিলেন এবং আজও তাঁদের এ ব্যাপারে ভীষন আপত্তি আছে। স্যার, আপনি জানেন, উলুবেড়িয়া মহকুমায় ওখানে একটি কলেজ আছে, কোর্ট আছে, দুটি হাইস্কুল আছে এবং ৭টি রুটের বাস ওখান থেকে ছাড়ছে। অসংখ্য লোক ওখান দিয়ে যাতায়াত করেন এবং যাতায়াতের পথে তাদের ভীষন অসুবিধা হয়। ইদানিংকালে ঐ বোন মিলটি আর একটি নতুন প্রসেস চালু করেছেন, সেটি হচ্ছে, তারা গরুর খুর এবং শিং গলানো শুরু করেছেন। এটা বিশেষ করে রাত্রির বেলার দিতে তারা করছেন। স্যার, এই খুর এবং শিং গলানোর পর যখন ধোঁয়া ছাড়া হয় তখন আশেপাশের ৭টি গ্রামের লোকরা দুর্গন্ধে অতিষ্ঠ হয়ে যায়। ধোঁয়া ছাড়ার সময় ঐ অঞ্চলের লোকেরা জানলা-দরজায় কপাট বন্ধ করে দিয়ে ধুপ, ধুনো জ্বালিয়ে সময় কাটাতে বাধ্য হ'ন এবং অনেকে বমিও করেন। এ সম্বন্ধে স্যার, এস.ডি.ও এস.ডি.পি.ও সবাইকে জানানো হয়েছে কিন্তু কোন প্রতিকার হয়নি। মাননীয় মন্ত্রী মহাশয়দের কাছে আমার আবেদন, অবিলম্বে গুরুত্বসহকারে বিষয়টি দেখে এ ব্যাপারে হস্তক্ষেপ করুন ও প্রতিকারের ব্যবস্থা করুন।

**শ্রীহারান হাজরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার নির্বাচনীকেন্দ্র সাঁকরাইলের মধ্যে আন্দুল ষ্টেশনের অতি নিকটে মারোয়াড়ী বাগান বলে একটি অতি পরিচিত বাগান আছে। এই বাগানের

ভেতরে একটি বিরাট পাকা বাড়ীও আছে। ঐ এলাকার দাবী ছিল, ঐ বাগান এবং বাড়ীতে একটি প্রসূতি সদন করা হোক। এরজন্য সাঁকরাইল পঞ্চায়েত সমিতি সিদ্ধান্ত গ্রহণ করে জেলাপরিষদের মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্যদপ্তরের কাছে পাঠান এবং ঐ বাড়ী ও বাগানটি অধিগ্রহণের প্রস্তাব দেন। পশ্চিমবঙ্গ সরকার ঐ বাগান এবং বাড়ীটি অধিগ্রহণ করেছেন। শুধু অধিগ্রহণই নয়, বাড়ীটির রক্ষণাবেক্ষণের জন্য একজন কেয়ারটেকারও নিযুক্ত করা হয়েছে কিন্তু আজ পর্য্যন্ত ঐ প্রসূতি সদন সম্পর্কে কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হয়নি। মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আমার আবেদন, অবিলম্বে ঐ মারোয়াড়ী বাগানের বাড়ীটিতে একটি প্রসূতি সদন স্থাপন করা হোক।

**শ্রী সাধন চট্টোপাধ্যায় :-** মাননীয় অধ্যক্ষ মহাশয়,একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রী ও মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, নদীয়াজেলার সদর শহর কৃষ্ণনগরের পাশ দিয়ে জলঙ্গী নদী প্রবাহিত হয়েছে; এর দক্ষিণ দিকে এবং অর্থাৎ শহরের দিকে ৩৪নং জাতীয় সড়কের জলঙ্গী নদী সেতুর কাছ থেকে কদমতলা পর্য্যন্ত একটি মাটির বাধঁ আছে। স্যার, এই বাঁধটিকে আরো চওড়া করে এবং উন্নত করে যদি ঘূর্ণির উত্তর দিকে করিমপুর কৃষ্ণনগর রাস্তা পর্য্যন্ত প্রসারিত করা যায় তাহলে এই বাঁধ দিয়ে রাস্তা-কাম-বাঁধের কাজ হতে পারে। মহাশয় এ সম্বন্ধে একাধিকবার এই সভায় আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করেছি কিন্তু এ সম্পর্কে কোন তৎপরতা লক্ষ্য করা যাচ্ছে না। কৃষ্ণনগর একটি প্রাচীন শহর, সেই শহরের রাস্তায় আধুনিক যানবাহন চলাচলের ক্ষেত্রে যে সংকটের সৃষ্টি হচ্ছে সেটা নিরসনের জন্য এবং পথ দুর্ঘটনা এড়িয়ে যাবার জন্য এটি অত্যন্ত প্রয়োজনীয়। আমি পুনরায় এ ব্যাপারে মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষন করে বলছি, এই কাজটি অবিলম্বে করা হোক। যেহেতু এটা শহর সংশ্লিষ্ট ব্যাপার সেইহেতু আমি এ ব্যাপারে মাননীয় পৌরমন্ত্রীরও দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শিবপ্রসাদ মালিক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় গ্রামীণ জল সরবরাহ মন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমানে আমার কেন্দ্র গোঘাটে তীব্র পানীয় জলের সংকট দেখা দিয়েছে। ওখানে প্রায় ৬০ ভাগ নলকূপ অকেজো হয়ে গিয়েছে। এলাকার সমস্ত পুকুর, খাল, বিল এবং পাশ্ববর্তী দ্বারকেশ্বর নদী শুকিয়ে গিয়েছে। ঐ এলাকায় ব্যাপক আকারে বোরো চাষ হওয়া সত্বেও জলের অভাবে সমস্ত ফসল নষ্ট হয়ে যাচ্ছে, ফলে কৃষকরা এবং ক্ষেতমজুররা সংকটের মধ্যে পড়েছে। এই অবস্থায় আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি অবিলম্বে গোঘাট এলাকায় পানীয় জল ও সেচের জলের জন্য ব্যবস্থা গ্রহণ করা হোক।

**শ্রী বঙ্কিম বিহারী মাইতি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গে গ্রাম পঞ্চায়েতের অধীন যে সমস্ত হোমিওপ্যাথিক ডিসপেনসারি গুলি আছে, সে গুলিতে ডাক্তার এবং কমপাউন্ডার আছে। সরকারের পক্ষ থেকে ওষুধ সরবরাহ করার ব্যবস্থাও আছে। কিন্তু পায় দেড় বছর দু' বছর ধরে ডাক্তার, কমপাউন্ডাররা বেতন পাচ্ছে না, ওষুধ সরবরাহ করা হচ্ছে না। ফলে গ্রামবাংলার মানুষরা চিকিৎসার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। অবিলম্বে ডাক্তার, কমপাউন্ডারদের বেতন দেওয়ার ব্যবস্থা করার জন্য এবং ওষুধ সরবরাহ করার জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করছি। এবং ডাক্তার কমপাউন্ডারদের বেতন বৃদ্ধি করার জন্যও আমি স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি।

শ্রী অনিল মুখার্জী :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমাদের মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখেছেন যে, কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ থেকে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন অফিস উঠিয়ে নিয়ে চলে যাচ্ছে। ইতিপূর্বে মাননীয় সদস্যরা এই হাউসে একটা অফিস ট্রানসফারের কথা বলেছেন। আজকের প্রভাতী সংবাদপত্রে আমরা দেখলাম যে, আমাদের যে জাতীয় গন্থাগার বা ন্যাসনল লাইব্রেরী আছে সেই ন্যাসনল লাইব্রেরীর যে সেন্ট্রাল রেফারেন্স লাইব্রেরী আছে সেটি এখান থেকে দিল্লীতে সরিয়ে নিয়ে যাবার জন্য প্ল্যানিং কমিশনের একটি কমিটি রেকমেন্ড করেছে। ফলে কেন্দ্রীয় সরকার জাতীয় গ্রন্থাগারের একটি বড় অংশ পশ্চিম বাংলা থেকে দিল্লীতে সরিয়ে নিয়ে যাবার চেষ্টা করছে। এই অবস্থায় মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং শিক্ষামন্ত্রীকে অনুরোধ করছি যে, অবিলম্বে এই বিষয়টি নিয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করুন, এবং যাতে এটাকে সরিয়ে না নিয়ে যায় তার জন্য ব্যবস্থা গ্রহণ করুন।

শ্রীমতী অপরাজিতা গোপ্পী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত জরুরী এবং গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় কারামন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কিছু দিন ধরেই বিভিন্ন সংবাদপত্রে একটি ঘটনার উল্লেখ দেখে আমরা অত্যন্ত চিন্তিত। ঘটনাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। ঘটনাটি হচ্ছে, বিনা অপরাধে বিভিন্ন জেলে বছরের পর বছর বহু মেয়ে বন্দী জীবন কাটাচ্ছেন। এই সংবাদটি আজকে দীর্ঘদিন ধরে বিভিন্ন সংবাদপত্রে প্রকাশিত হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানতে চাই এই সংবাদ সত্য কিনা এবং কারামন্ত্রী এটা তদন্ত করে দেখুন। কারণ আমাদের প্রশ্ন হচ্ছে নিরপরাধ মহিলারা জেল কাস্টোডিতে কেন থাকবেন? সংবাদপত্রে এই ঘটনার পরিপ্রেক্ষিতে যে সমস্ত সংবাদ প্রকাশিত হয়েছে তাতে আমরা দেখছি যে, গত ২০শে জুন ২৪-পরগনা জেলা এবং দায়রা আদাসত থেকে চম্পা বিশ্বাস নামে একজন নিরপরাধ ১০ বছর বয়সের বন্দীকে মুক্তি দেওয়া হয়েছে এবং অর্চনা মন্ডল নামে একজন ১৪ বছর বয়সের বন্দীকে মুক্তি দেওয়া হয়েছে। ২১শে মার্চ বর্ধমান আদালত থেকে ১৩জন মহিলা মুক্তি পান। সে সময়ে আদালতে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা শাসক, জেলা সুপার এবং সমাজকল্যাণ আধিকারিক নন্দিতা ব্যানার্জী। তাঁর বলেছেন১০০ জনকে আরো নিরপরাধী বন্দী রয়েছেন। প্রেসিডেন্সি জেল থেকে প্রায় ২০ জন মহিলা ছাড়া পেয়েছেন, তাঁদের মধ্যে জ্যোৎস্না মিস্ত্রি, মায়া বাড়ুই ও কমালা দেবীও আছেন। এদের মধ্যে জ্যোৎস্না মিস্ত্রী যখন জেলে আসেন তখন তাঁর বয়স ছিল ৮ বছর, আর যখন ছাড়া পেলেন তখন তাঁর বয়স ১৫বছর এবং দেখা গেছে যে, জেলে এর কোনো রেকর্ড নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এটা বলতে চাই যে, এই ঘটনা সমস্ত মানবাধিকার বিরোধী। এদের মধ্যে অধিকাংশ মহিলাই ধর্ষিতা হয়ে বিচার প্রার্থী। অথচ ভাগ্যের এমনই পরিহাস যে, যাঁরা বিচার প্রার্থী তাঁরাই আজ কারাগারে বন্দিনী। আমি মনে করি এভাবে কোন মানুষের স্বাধীনতা এবং গণতন্ত্রকে হত্যা করার আমাদের কোনো অধিকার নেই। আমরা যখন মানবাধিকার নিয়ে লড়াই করছি, গণতন্ত্র নিয়ে লড়াই করছি, স্বাধীনতা নিয়ে লড়াই করছি তখন এই জিনিষ ঘটছে, নিরপরাধ বন্দিনী মহিলারা দিনের পর দিন, বছরের পর বছর কারাগারে আটক রয়েছেন। আমার মনে হয় আমাদের সরকার এটা জানেন না বা তাঁদের জানান হয়নি। আলিপুর কোর্টের জাজ্ ভৎসনা করেছেন প্রেসিডেন্সী জেলের সুপারকে -কেন এই সমস্ত তথ্য দেওয়া হয়নি সরকারকে। একজন তরুন এ্যাডভোকেট শ্রী শিব শঙ্কর চক্রবর্তী তিনিই প্রথম স্বেচ্ছা প্রণোদিত হয়ে মামলাগুলি করেছেন। আমি আপনার মাধ্যমে কারামন্ত্রীর

দৃষ্টি আকর্ষণ করছি, অবিলম্বে এই সমস্ত মহিলাদের মুক্তি দেওয়া হোক। যে ২০০ জন মহিলা বিভিন্ন জেলে আছেন তাদের ব্যাপারে তদন্ত করে বিচারের ব্যবস্থা করা হোক।

**[2.00–2.10 p.m.]**

**শ্রী ভূপাল চন্দ্র পাণ্ডা :** মাননীয় স্পীকার স্যার, আমি একটি জরুরী বিষয়ে এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। সল্টলেক, লেক-টাউন, দমদম-পার্ক এবং দক্ষিণ দমদম মিউনিসিপ্যালিটি এলাকায় তীব্র জল-কষ্ট দেখা দিয়েছে। ঐসব এলাকায় জল সরবরাহ করা হয় সাধারাণতঃ নলকূপ এবং গভীর নলকূপের মাধ্যমে। অত্যাধিক চাপের ফলে নলকূপগুলি প্রায়ই অকেজো হয়ে পড়েছে। আর গভীর নলকূপগুলির ক্ষেত্রে দেখা গেছে, যে সময়ে গভীর নলকূপ থেকে জল সরবরাহ করার কথা সেই সময়ে লোড-শেডিং এত প্রচণ্ডভাবে বেড়ে যায় যারফলে জল সরবরাহ করা যায় না। এরফলে জণ্ডিসের প্রকোপ বেড়ে যাচ্ছে। মাননীয় সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ, নলকূপগুলি যেন দ্রুত মেরামত করা হয় এবং গভীর নলকূপ থেকে অপারেশনের সময় লোড-শেডিং না হয় সেইদিকে বিশেষ দৃষ্টি দেবার জন্য আবেদন করছি। এছাড়া ঐসব এলাকায় যেন প্রয়োজনীয় নলকূপ বসানো হয়। অন্যথায় স্থানীয় লোকেরা পুকুর, ডোবা এবং নালার উপর নির্ভরশীল হয়ে পড়ছে। যারফলে জণ্ডিসের প্রকোপ বাড়ছে। সেইজন্য সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষন করছি।

**শ্রী সুভাষ নস্কর :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, গত ৫-৪-৮৫ তারিখে পার্বতীপুরে পুলিশের গুলিতে বলাই মাইতির মৃত্যু হয়েছিল এবং সেখানে অজস্র গুলি বর্ষন হয়েছিল। সেদিন থেকে বাসন্তী থানার পুলিশ অফিসাররা এবং পুলিশেরা তাঁরা একরকম চুপ-চাপ বসে ছিলেন, কোন রকম খোঁজ-খবর রাখছিলেন না। কোন দুর্ঘটনা ঘটলে তাঁরা সেখান যাচ্ছিলেন না। গত ২০ তারিখে পার্বতীপুরের ঘটনা নিয়ে ব্লকে ডেপুটেসানের আয়োজন করা হয়। বলাই মাইতির আত্মার প্রতি শ্রদ্ধা জানাবার জন্য পেটুয়াখালি গ্রাম থেকে যখন লোকজন নিয়ে আসার আয়োজন হচ্ছিল সেই সময় দেখা গেল ঐ গ্রামের ৪জন জমিদার-জোতদার তাঁদের নিজেদের লাইসেন্সকৃত বন্দুক এবং বেশ কিছু গুন্ডাবাহিনী সঙ্গে নিয়ে সেই ডেপুটেসানে আক্রমন চালালো। তারফলে দেখা গেল, ৪ থেকে ৫ বছরের শিশু থেকে আরম্ভ করে মহিলাদের উপর হঠাৎ বোমা এবং বন্দুকের গুলি ছোড়া হোল, তাতে ১৯ জন আহত হলেন এবং ৪ জনকে কলকাতার হাসপাতালে ভর্ত্তি করা হলো এবং ১০টি বাড়ী লুঠ করা হলো। সঙ্গে সঙ্গে এই ব্যাপারে পুলিশকে খবর দিলাম। খবর দেবার পরেও পুলিশ ইতস্ততঃ করে সেখানে গেলেন এবং দুটো বন্দুক সিজ্ করলেন। একজন বন্দুকের মালিককে ধরে আনলেন এবং ২জন বন্দুকের মালিকের খোঁজ-খবর নিলেন না এবং তাঁদের বাড়ীতেও গেলেন না। তাঁরা বহাল-তবিয়দে বাড়ীতে আছেন এবং তাঁরা ঘুরে বেড়াচ্ছেন। সেদিন থেকে তাঁরা শাসাচ্ছেন পার্বতীপুরের ঘটনায় যদি সমর্থন করতে যাওয়া হয় তাহলে বাড়ী-ঘর লুঠ হবে এবং যে পুলিশকে মাননীয় মুখ্যমন্ত্রীর নির্দেশে সাসাপেন্ড করা হয়েছে তাঁদের পক্ষে সমর্থন জানিয়ে এলাকার কংগ্রেসী বন্ধুরা এবং কংগ্রেসী জোতদাররা হাইকোর্টে মামলা করে তাঁদের থানায় ফিরিয়ে আনার চেষ্টা করছেন। ঐ ও.সি শ্রী দেবব্রত তেওয়ারী, সি.আই. সকলে হাইকোর্টে ইনজাংসান পেয়েছে। তারা আবার ঐ থানায় যোগ দেওয়ার চেষ্টা করছে। এই নিয়ে ঐ বাসন্তীতে একটা বিক্ষোভ হয়। ওঁরা যদি আবার ঐ থানাতে ফিরে যান তাহলে ওখানে একটা গোলমাল এবং অসুবিধার সৃষ্টি হবে। তাই আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই সমস্ত খুনী আক্রমণ... এবং সি.আই. যেন আবার যোগদান

করতে না পারে। আর গুলি চালনার ব্যাপারে একটা পূর্ণ তদন্ত যেন করা হয়। এই ব্যাপারটি আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের কাছে জানাচ্ছি।

**শ্রী কৃপাসিন্ধু সাহা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পুলিশের একটি অংশের বিরুদ্ধে সরাসরি অভিযোগ করছি। আমরা লক্ষ্য করছি যে আজকাল সামান্য ঘটনাকে কেন্দ্র করে পশ্চিমবঙ্গের অনেক জায়গায় অরাজকতা এবং বিশৃঙ্খলা সৃষ্টি করছে। গতকাল চুঁচুড়া শহরে সাধারণ মানুষের উপর লাঠি এবং টিয়ারগ্যাস চলছে। ওখানকার স্থানীয় সি.পি.এম. নেতাকে ভীষণভাবে আঘাত করা হয়েছে। ঘটনাটা সামান্য, একজন চুঁচুড়ার বাজারের সামনে একটা ট্রলি থেকে আলু নামাচ্ছিল, ট্রলির যে চালক তার উপর হঠাৎ মারধোর সুরু করা হয় এবং সেজন্য বাজার সমিতির সভ্যরা তার প্রতিবাদ করেন। তাদের নিয়ে গিয়ে ফাঁড়ীর মধ্যে বেদম প্রহার করা হয় এবং আটকে রাখা হয়। কয়েক হাজার মানুষ সেখানে সমবেত হন। সেখানে যখন ফরওয়ার্ড ব্লকের নেতৃবৃন্দ যখন এই ব্যাপারে এস.পি.র সঙ্গে কথাবার্ত্তা বলছিলেন যে, এইসব লোককে ছেড়ে দেওয়া হোক তা না হলে একটা বিশৃংখলার সৃষ্টি হতে পারে। সেই সময় যখন ঐ সব আলোচনা চলছে স্থানীয় সি.পি.এম নেতা তিনি ব্যাপারটি জানতেন না, তিনি তখন মফেটে চেপে আসছিলেন সেই সময় পুলিশ বাহিনী থেকে তাঁর উপর চড়াও হয়ে তাঁদের প্রহার করে, তিনি এখন হাসপাতালে আছেন এবং তাঁর অবস্থা আশংকাজনক। তা ছাড়া বেশ কিছু মানুষ এখন হাসপাতালে পড়ে আছেন। পুলিশের একটা অংশ বিশৃংখলার সৃষ্টি করছে এবং তার পিছনে পুলিশ এ্যাসোসিয়েসনের ইন্ধন রয়েছে এবং পুলিশ এ্যাসোসিয়েসনের তরফ থেকে বক্তব্য রাখা হয়েছে যে যদি কোন পুলিশের এক ফোঁটা রক্ত পড়ে তাহলে সাধারণ মানুষের কাছ থেকে হাজার ফোঁটা রক্ত নেওয়া হবে। প্লেন ড্রেসের পুলিশরা রিভলভার নিয়ে সাধারণ মানুষকে তাড়া করছে। খেঁটে লাঠি দিয়ে সাধারণ মানুষকে প্রহার করছে, তাদের নিরাপত্তার ব্যবস্থা তো দূরের কথা। ওখানকার যিনি উচ্চশিক্ষা মন্ত্রী রয়েছেন তাঁর স্পেশাল এ্যাসিসটেন্টের কাছে ফোন পর্য্যন্ত করতে দেয় নি। আমাদের পরিষদীয় বিভাগীয় মন্ত্রী শ্রী পতিত পাবন পাঠক এবং মাননীয় সদস্য শ্রী বলাই বন্দ্যোপাধ্যায় মহাশয় সব কিছু জানেন। বামফ্রন্ট সরকারকে হেয় প্রতিপন্ন করার জন্য এই অবস্থার সৃষ্টি করা হচ্ছে। এ ব্যাপারের একটা পূর্ণ তদন্ত হওয়ার প্রয়োজন আছে। আমি এই অরাজকতার বিরুদ্ধে আপনার মাধ্যমে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি।

**মিঃ স্পীকার :** এখন মেনসেন আওয়ার শেষ। এইবার জিরো আওয়ার।

**শ্রী বলাই বন্দ্যোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার পূববর্ত্তী বক্তা মাননীয় সদস্য শ্রী কৃপাসিন্ধু সাহা মহাশয়, সে বিষয়ের উল্লেখ করলেন আমিও সেই বিষয়টি উল্লেখ করতে চাই। এটা খুবই গুরুত্বপূর্ণ এবং উদ্বেগজনক ব্যাপার। পুলিশ এ্যাসোসিয়েসনের কতিপয় সদস্য- সমস্ত সদস্য না হতে পারে - চুঁচুড়ায় ডি.এম.এস.পি. অফিসের মাত্র ১০০ গজ দূরে যেভাবে তান্ডব নৃত্য করে নেতৃবৃন্দকে এবং সাধারণ মানুষকে আক্রমণ করেছেন তা অতি নিন্দনীয় ব্যাপার। পুলিশ এ্যাসোসিয়েসনের পক্ষ থেকে থানায় ডিকলেয়ার করা হয়েছে যে থানার মধ্যে কোন পাবলিক ডাইরী করতে আসতে পারবেন না। সেখানে মুখ্যমন্ত্রীর সম্বন্ধে এবং জেলা পরিষদের সম্বন্দে কুৎসা উক্তি করা হয়েছিল। এম.এল.এর বিরুদ্ধে কুৎসা করা হোল এবং ঘোষণা করা হোল যে, থানার বাইরে কোন ডিউটি করবো না। এই সাহস তাঁরা কোথা থেকে পাচ্ছেন? সদরের সি.আই যিনি রয়েছেন,

ওঁর নেতৃত্বে সমস্ত জিনিসটা পরিচালিত হয়েছে - লাঠি চার্জ হয়েছে, টিয়ার গ্যাসিং হয়েছে, ফায়ারিং হয়েছে। তাঁকে আজকে ওখান থেকে ট্রান্সফার করা হোক। হাই কোর্টের রায় নিয়ে বহালতবিয়তে তিনি ওখানে বসে আছেন। পুলিশের একটি অংশ ওখানে যে পরিবেশ সৃষ্টি করে চলেছেন, তাঁরা আজকে যেভাবে বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে কুৎসা প্রচার করছেন, বামফ্রন্ট সরকারকে একটা অপ্রস্তুত অবস্থার মধ্যে ফেলে দিয়ে হেয় করবার চেষ্টা করছেন - এর বিরুদ্ধে উপযুক্ত তদন্ত হওয়া উচিত।

**[2.10-2.20 p.m.]**

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ব্যাপারটা অতি সিরিয়াস। এটা বিধানসভার সদস্যদের মর্যাদা এবং অধিকারের প্রশ্নে জড়িয়ে যাচ্ছে। যদি একজন সি.আই-র নেতৃত্বে কতিপয় সদস্য একটি শান্ত শহরকে ইচ্ছাকৃতভাবে অশান্ত করে তোলে তাহলে হুগলী, চুঁচুড়ার মানুষ সেটা বরদাস্ত করবেন কিনা জানা নেই। আমি শুনেছি, আগামীকাল সেখানে সর্বাত্মক বন্ধ হচ্ছে। শান্তিপ্রিয় মানুষ প্রশ্ন করছেন, মার্কসিস্ট কম্যুনিষ্ট পার্টির লোক্যাল কমিটির সদস্য সদালিপি অচিন্ত পালের উপর আক্রমণ হোল কি করে? মাননীয় উচ্চশিক্ষা-মন্ত্রীর সি.এ শ্রীনৃপেন চক্রবর্তী একজন সম্মানীয় ব্যক্তি, তিনি এস.পির ঘরে ফোন করতে গেলেন, কিন্তু তাঁকে বলা হোল - এখান থেকে ফোন করবেন না, বাইরে থেকে করুন। এ-ব্যাপারে সি.পি.এম, ফরোয়ার্ড ব্লক এবং আর.এস.পি স্মারকলিপি দিচ্ছেন মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে। আমাদের বামফ্রন্ট সরকারের সদস্যদের দাবী, মাননীয় মুখ্যমন্ত্রী যেন অবিলম্বে এ-ব্যাপারে হস্তক্ষেপ করেন, ঐ ধরণের অফিসার, যে কিনা হুগলী, চুঁচুড়ার মত শহরে নারকীয়, নৃশংস সব ঘটনা ঘটালো, তার বিরুদ্ধে যেন দ্রুত ব্যবস্থা গ্রহণ করেন এবং তাঁকে সাসপেন্ড করে অশান্ত শহরে যেন শান্তি ফিরিয়ে আনেন — এই অনুরোধ আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে করছি।

(গোলমাল)

**শ্রী সুব্রত মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শান্তশ্রী বাবু যে বক্তব্য রাখলেন এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। অনেক সময় আমরা একমত না হলেও এই ব্যাপারে আমরা তাঁর সঙ্গে একমত। কারণ, সরকারের একজন মন্ত্রীর লোক এর সঙ্গে যুক্ত। তিনি নিজে শান্তি রক্ষার জন্য এস.পি-র ঘরে ফোন করতে গিয়েছিলেন, কিন্তু তাঁকে ফোন করতে না দিয়ে বের করে দেওয়া হোল। সেখানে মার্কসিষ্ট কম্যুনিষ্ট পার্টির লোকের উপর পর্যন্ত অত্যাচার চালান হোল। কাজেই এখানে যদি মন্ত্রীসভার পক্ষ থেকে কি ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে সেটা জানানো না হয় তাহলে সাধারণ মানুষের নিরাপত্তা বিঘ্নিত হবে। শান্তশ্রীবাবুর প্রস্তাবটিকে স্বাগত জানাই এবং মন্ত্রীসভার পক্ষ থেকে আপনার নির্দেশে কি ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে সেটা যেন এখানে ঘোষণা করা হয় এবং সেটা যেন এখনই তাঁরা করেন।

**শ্রী পতিত পাবন পাঠক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যেখানে ঐ ঘটনা ঘটেছে, আমি তার পার্শ্ববর্তী এলাকার মানুষ। আমি এই ব্যাপারে মন্ত্রীসভার সঙ্গে যোগাযোগ করেছি এবং সকলকেই ঘটনাটা বলেছি। মাননীয় মুখ্যমন্ত্রী এ-ব্যাপারে উদ্বিগ্ন। তিনি অনুসন্ধান করে প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন।

**শ্রী সুব্রত মুখার্জী :** প্রয়োজনীয় ব্যবস্থা কি গ্রহণ করছেন ইমমিডিয়েটলি সেটা ঘোষণা করুন, কারণ উনি আর অল হিয়ার এবং উদ্বিগ্ন।

**শ্রী পন্ডিত পাঠক :** আমি জানি আপনি উদ্বিগ্ন, কারণ এরসঙ্গে একটা প্রচ্ছন্ন ব্যাপার আছে। আপনার মত আমরাও উদ্বিগ্ন। তবে আপনি বসে পড়ুন, কারণ একজনের বলবার সময় এইভাবে কথা বললে সেখানে শিষ্টাচার শেখানোর প্রশ্নটা এসে যায়। যা হোক, আমরা জানি ওঁদের উদ্বেগের পেছনে একটা প্রচ্ছন্ন ব্যাপার আছে।

(গোলমাল)

**শ্রী সুব্রত মুখার্জী :** কোন প্রচ্ছন্ন ব্যপার নেই। আজকে হোল হাউস এ-ব্যপারে উদ্বিগ্ন। লেট দি চিফ মিনিষ্টার কাম হিয়ার এ্যান্ড এ্যানাউন্স হোয়াট ষ্টেপস্ হি ইজ গোয়িং টু টেক্। এবং সেটা ইমমিডিয়েটলি বলুন তিনি।

(গোলমাল)

**শ্রী পন্ডিত পাবন পাঠক :** ঐ ব্যাপারে সরকার উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করছেন।

**শ্রী প্রবোধ পুরকায়েত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গনতান্ত্রিক অধিকারের উপর হস্তক্ষেপ এবং গনতন্ত্রের কন্ঠ রোধ করার একটা দৃষ্টান্ত আমি এখানে তুলে ধরছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ছাত্রসংসদের নির্বাচন হতে যাচ্ছে। হতে যাচ্ছে। রাজাবাজার এবং বালিগঞ্জ বিজ্ঞান কলেজের ছাত্রসংসদের নির্বাচনের জন্য মনোনয়ন পত্র স্ক্রুটিনির দিন ছিল ১৯ তারিখ। ডি.এস.ও-র ছাত্র সংগঠনের পক্ষ থেকে মনোনয়ন পত্র দাখিল করা হয়েছিল। ১৯ তারিখে মনোনয়ন পত্র তদারকি দেবার সময় ডি.এস.ও.-র ছাত্র প্রতিনিধি অসিত মন্ডল এবং সিদ্ধার্থ বৈদ্য - একজন পদার্থ বিজ্ঞানের ছাত্র একজন ফলিত বিজ্ঞানের ছাত্র - ওদের পরিচয় পত্র থাকা সত্বেও পুলিশ এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সেখানে তাদের উপস্থিত থাকতে দেয় নি। সেখানে এস.এফ.আই-এর কর্মীরা ডি.এস.ও ছাত্রদের উপর হামলা করেছে। ডি.এস.ও প্রার্থী কার্ত্তিক মন্ডলের মনোনয়ন পত্র বাতিল করা হয়েছে। বালিগঞ্জ বিজ্ঞান কলেজে ডি.এস.ও প্রার্থীদের সমস্ত বৈধ মনোনয়ন পত্র বাতিল করা হয়েছে। এই ব্যাপারে প্রতিবাদ করলে ছাত্র নেতা উদ্ভিদ বিজ্ঞানের ছাত্র সন্দিপন মহাপাত্রকে- মারধোর করা হয় এবং সে ন্যাশান্যাল মেডিক্যাল কলেজে ভর্ত্তি আছে। এই ঘটনার প্রতিকারের জন্য মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী ও উচ্চশিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অমলেন্দ্র রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জিরো আওয়ারে যে বিষয়টা উৎথাপন করবার জন্য আপনার অনুমতি নিয়েছিলাম, ইতিপূর্বে উল্লেখ পর্বে মাননীয় সদস্য অনিল মুখার্জী মহাশয় সেই বিষয়টা উৎথাপন করেছেন। বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ, সেই জন্য আমি আবার জিরো আওয়ারে উৎথাপন করতে চাই। অনিলবাবু বলেছেন - দিল্লী কলিকাতাকে মুমূর্ষ বানানোর জন্য বহু রকম চেষ্টা করে যাচ্ছে। সেই চেষ্টার আর একটা প্রমান আমরা পেয়ে গেলাম।

(গোলমাল)

**শ্রী সুব্রত মুখার্জী :** স্যার, আপনি রুলিং দিয়েছেন একটা বিষয়ের উপর দু-বার মেনসান করা যায় না। এখানে একই বিষয়ের উপর দু-বার মেনসান করা হচ্ছে।

**মি স্পীকার :** You do not understand the meaning of my ruling. My ruling is that the same member cannot repeat the same subject in mention hour and zero hour in the same day.

**শ্রী অমলেন্দ্র রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আরো পরিষ্কার ভাষায় বলতে চাই নানা কায়দায় কলিকাতাকে মূমূর্ষু বানানোর চেষ্টা করা হচ্ছে। স্যার, আজকে জাতীয় গ্রন্থাগারকে এখান থেকে নিয়ে যাবার জন্য গ্রাউন্ড পেপার তৈরী করা হচ্ছে। এবং সেটা কে করছে? আর কেউ নয়, স্বয়ং প্ল্যানিং কমিশান এবং স্বয়ং দিল্লীর শিক্ষা মন্ত্রক নিজে। বিশেষ করে জাতীয় গ্রন্থাগার কলিকাতা থেকে না নিয়ে গিয়ে এই সেন্ট্রাল রেফারেন্স লাইব্রেরী যেটা আছে সেই সেন্ট্রাল রেফারেন্স লাইব্রেরীটা তুলে নিয়ে যাবার জন্য সেভেনথ্ প্ল্যান পিরিওডে ওঁর বন্দোবস্ত করছে। যদি সেন্ট্রাল রেফারেন্স লাইব্রেরী এখান থেকে নিয়ে যাওয়া হয় জাতীয় গ্রন্থাগার এখানে থাকা সত্ত্বেও জাতীয় গ্রন্থাগার এক দিক থেকে ঠুঁটো হয়ে যাবে এটা সকলের ভাল করে জানা আছে। এই ব্যাপারে কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রক এবং প্ল্যানিং কমিশান এই ষড়যন্ত্রের সামিল হয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেভেনথ্ প্ল্যান পিরিওডে এডুকেসন, কালচার এবং স্পোর্টস ইত্যাদি সম্পর্কে সুপারিশ করার জন্য যে স্টেয়ারিং গ্রুপ করেছিল সেই স্টেয়ারিং গ্রুপ যে সব সুপারিশ দিয়েছেন সেটা সুস্থ মানসিকতা নিয়ে যদি কেউ পড়েন তাহলে সে হেঁসে গড়াগড়ি যাবেন। জাতীয় গ্রন্থাগারের সঙ্গে কতকগুলি স্পেসাল সাবজেক্ট কি করে করা হয়েছে। কাজেই ষড়যন্ত্র চলছে এবং এই ষড়যন্ত্রের বিরুদ্ধে আমি আশা করবো মাননীয় মন্ত্রী মহাশয় যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

**[2.20–2.30 p.m.]**

**শ্রী সুনীতি চট্টরাজ :** মাননীয় স্পীকার স্যার, আপনি আপনার মাধ্যমে ঘটনার কথা জানাতে বাধ্য হচ্ছি, এর আগেও বিষয়টি সম্পর্কে জানিয়েছিলাম - সেটি হচ্ছে, দারুন জলকষ্ট। জলের অভাবে বোরো ধান চাষ হতে পারছে না। অবস্থা এই রকম দাঁড়িয়েছে যে, বোরো ধানের জন্য জল নেই, মানুষের খাবার জলটুকুও পর্য্যন্ত নেই। যে সমস্ত টিউবওয়েলগুলো আমরা ১৯৭২-৭৭ সালের মধ্যে বীরভূম জেলার বিভিন্ন প্রান্তরে বসিয়েছিলাম, সেই টিউবওয়েগুলো থেকে জল উঠছে না। টিউবওয়েলগুলোর পার্টস চুরি হয়ে গেছে! সেচের জন্য আমরা যে সমস্ত শ্যালো টিউবওয়েল এবং রিভার লিফটিংয়ের ব্যবস্থা করেছিলাম, সেগুলো সংশ্লিষ্ট এলাকার সি.পি.এম.'এর কমরেডরা চুরি করে নিয়ে গেছে। তারগুলো সেখান থেকে চুরি হয়ে গেছে। বিভিন্ন থানা এলাকা আজ এই অবস্থা চলছে। আজকে বিদ্যুতের অভাবে বোরো চাষের জন্য জল পাওয়া যাচ্ছে না। রামপুরহাট থানা এলাকার বিদ্যুতের তার সব চুরি হয়ে গেছে। কোন ক্যানেলেই জল নেই - বোরো ধান সব মরে যাচ্ছে। আমি হাসান কেন্দ্রে উপনির্বাচনের জন্য গ্রামে গ্রামে গিয়ে দেখলাম যে, ওখানে জলের অভাবে বোরো ধান সব মারা যাচ্ছে। গ্রামের মানুষরা জলের অভাবে পচা পুকুরের জল খেয়ে কোন রকমে বেঁচে আছেন। কোথাও কোন টিউবওয়েল, শ্যালো টিউবওয়েল বা কোন ডিপ টিউবওয়েল থেকে জল পাওয়া যাচ্ছে না - সব জায়গাতেই আন্ডার ওয়াটারের ফলে জল উঠছে না। স্যার, ইট ইজ এ সিরিয়াস ইস্যু, মানুষের জীবন ধারণের জন্য প্রয়োজনীয় জলটুকুও পর্য্যন্ত আজ মানুষ পাচ্ছেন না। আমি আপনাকে অনুরোধ করছি যে, - আজ সরকারের প্রশাসন তথা পুলিশ প্রশাসন ফেলিওর, মানুষের মধ্যে আজ সর্বত্রই যেখানে নিরাপত্তার অভাব আমরা দেখছি - এই রকম একটা অবস্থায়

মানুষ তার খাওয়ার জলটুকু পেয়ে যে বেঁচে থাকবে, তাও দিতে এই সরকার অপারক, এরজন্য একটা জরুরী ব্যবস্থা অবলম্বিত হওয়া প্রয়োজন। গ্রামের গরীব মানুষ বোরো ধানের চারাগুলো কোন রকমে যা লাগিয়েছিলেন সেগুলো জলের অভাবে মারা যাচ্ছে, সবকিছু শুকিয়ে যাচ্ছে। এর বিরুদ্ধে অবিলম্বে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আর্কষণ করছি।

**শ্রী বীরেন্দ্র নারায়ণ রায় :** মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে একটা গুরুতর এবং দুর্ভাগ্যজনক ঘটনার প্রতি মাননীয় পুলিশ মন্ত্রী এবং এই সভার মেম্বারদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, গত ১৮ই এপ্রিল সকাল ৮-৩০ মিনিটের সময়ে ডোমকোর থানার কুশবেড়িয়া গ্রামে - যেখানে আমাদের কর্মী এবং বর্তমানে রাষ্ট্রমন্ত্রী মহঃ আব্দুল বারী মহাশয়ের বাড়ী - কিছু অসামাজিক জীব মারাত্মক অস্ত্রশস্ত্র নিয়ে তাঁর বাড়ী আক্রমণ করে। গরীবপুর গ্রামে, তাঁর ভাই ইসাহার থাকেন। সেখানে তাঁর উপর আক্রমণের উদ্দেশ্যে এরা চড়াও হয়েছিল। এই ধরণের ঘটনা এই প্রথম নয়, এর আগেও ঘটেছে। গত ৪ঠা ডিসেম্বর জনৈক বিশ্বাস'এর বাড়ীতে যখন বোমা তৈরী হচ্ছিল, তখন বোমা ফেটে কয়েকজন ব্যক্তি আহত হয়েছিল। ঐ ঘটনাকে কেন্দ্র করে পুলিশ কয়েকজনকে গ্রেপ্তারও করেছিল। পরবর্ত্তী ঘটনার সময়ে যখন মন্ত্রী মহাশয়ের বাড়ী ঐ অসামাজিক ব্যক্তিরাও আক্রমণ করতে আসে, তখন স্থানীয় গ্রামবাসী প্রতিরোধ করতে গিয়ে বেশকিছু সংখ্যক ব্যক্তি আহত হয়েছেন। সব চাইতে দুঃখের এবং লজ্জার কথা হচ্ছে যে, ঐ ঘটনার পরিপেক্ষিতে থানায় ডাইরী করতে গেলে ও.সি. মহাশয় ডাইরী লিপিবদ্ধ করেন নি। এস.পি. সাহেবের কাছে শেষ পর্য্যন্ত ডাইরী লিপিবদ্ধ করাতে হয়েছে। আপনি এখন বিচার করুন ঐ ও.সি.কে কি করা উচিত? এই সঙ্গে সঙ্গে আমি মাননীয় পুলিশমন্ত্রীকে এই বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী রবীন্দ্র নাথ মন্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জিরো আওয়ারে যে বিষয়টি উল্লেখ করতে চাই, তা ইতিমধ্যে মাননীয় সদস্যরা উল্লেখ করেছেন। বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। ইতিমধ্যে এখানে মাননীয় দুজন সদস্য যে বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেছেন - চুঁচুড়ার বিষয়ে - সে ব্যাপারে মাননীয় সুব্রত বাবুও উদ্বেগ প্রকাশ করেছেন। তাঁর এই উদ্বেগের মধ্যে যদি আমরা আন্তরিকতা দেখতে পাই তাহলে নিশ্চয়ই আমরা সহানুভূতি দেখাব। আমি যে বিষয়টি উল্লেখ করতে চাই তা হল এই যে, আজকে প্ল্যানিং কমিশন একটা উদ্দেশ্য নিয়ে - তাঁদের যে স্টিয়ারীং গ্রুপ আছে, তাঁরা ঠিক করেছেন যে, এখানে যে ন্যাশানাল লাইব্রেরী আছে তা উঠিয়ে সেন্ট্রাল লাইব্রেরীর যে রিসার্চ কেন্দ্র আছে, সেখানে নিয়ে যাচ্ছেন। এরফলে শতাধিক বৎসরের পুরাতন ঐতিহ্য মন্ডিত সংগ্রহ দ্বারা সমৃদ্ধ লাইব্রেরীটির গুরুত্ব শুধু হ্রাস পাবে না, এরফলে শুধু পশ্চিমবাংলা নয়, সমগ্র পূর্ব ভারতের শিক্ষা এবং গবেষণা অনেক জায়গাতেই ক্ষতিগ্রস্থ হবে। শুধু তাই নয়, কোন কোন জায়গাতে শিক্ষা এবং গবেষণা একেবারে পরিপূর্ণভাবে স্তব্ধ হয়ে যাবে। এই প্রসঙ্গে আমি বলতে চাই যে, ডেলিভারী অফ বুকস্ এ্যাক্ট অনুযায়ী এখানে যে সমস্ত প্রকাশকরা আছেন, তাঁরা প্রত্যেকে এই ন্যাশানাল লাইব্রেরীতে তাঁদের প্রকাশিত বই দিয়ে থাকেন। এছাড়া এই লাইব্রেরীর সংগ্রহশালায় মোট ১৮ লক্ষ বই সংগ্রহ করা আছে। যেখানে বোম্বেতে আছে ১ লক্ষ থেকে ১।। লক্ষ মাত্র। এখান থেকে এই লাইব্রেরীটি উঠিয়ে নিয়ে পশ্চিমবাংলাকে বঞ্চিত করার চেষ্টা হচ্ছে।

**শ্রী কমল সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলিকাতার সন্নিকটে একটি শহর খড়দহ আছে যেটি আমার নির্বাচন কেন্দ্র। সেখানকার অবস্থা সম্পর্কে ইতিপূর্বে দৃষ্টি আকর্ষণ করেছিলাম এবং

বলেছিলাম যে সেখানে একটা এ্যান্টি ম্যালেরিয়াল খাল আছে সেটির সংস্কার করাতে হবে। আমাদের সি.এম.ডি. মন্ত্রী সেইদিকে নজর দিয়েছিলেন এবং সংস্কারে হাতও দিয়েছিলেন কিন্তু এরফল হয়েছে উল্টো। এই এ্যান্টি-ম্যালেরিয়াল খালটি সংস্কারের ফলে ওখানকার জল ওই অঞ্চলের যে সমস্ত বাড়ী আছে সেই বাড়ীগুলির মধ্যে ঢুকে পড়ছে এবং এতে জনজীবন বিপর্যস্ত হওয়ার আশংকা দেখা দিয়েছে। এই জল ঢুকে যাবার ফলে ব্যাপক হারে মহামারি দেখা দিতে পারে। এই ব্যাপারে পৌরমন্ত্রী এবং সি-এম.ডি.এ - মন্ত্রীকে আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে যাতে ওই খড়দহের খালটির সঙ্গে যারা জড়িত তাদের যেন নির্দেশ দেন খালটি সাড়াবার জন্য। সেখানে একটিমাত্র পাম্প আছে তাতে কাজ ঠিকমত হয় না। এই খালটির যদি সংস্কার ঠিকমত না হয় তাহলে মহামারির হাত থেকে ওই অঞ্চলে বাচঁবার কোন উপায় থাকবে না। সুতরাং এর প্রতিকার করার ব্যবস্থা করুন।

**শ্রী যামিনী ভূষণ সাহা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি নিয়মিত ট্রেনের যাত্রী, ইচ্ছাপুর থেকে নিয়মিত ট্রেনে যাতায়াত করি। ট্রেনের একটি কামড়ায় ২৫জনের বসার জায়গা থাকে সেখান ৩০০জন যাত্রী ধ্বস্তাধ্বস্তি করে, গাদাগাদি করে কামড়ার মধ্যে ওঠেন। সেখান না আছে আলো, না আছে পাখা কিছুই নেই, জনসাধারণের সুযোগসুবিধা সব কাট করেছে কিন্তু ট্রেনের ভাড়া ক্রমশই বেড়ে যাচ্ছে। ডি.ভি.সি থেকে এখানে ট্রেনগুলিতে বিদ্যুৎ দেয় কিন্তু দেখা যায়, ট্রেন চলতে চলতে হঠাৎ বন্ধ হয়ে যায় কারণ বিদ্যুৎ না থাকার জন্যে। এখানকার জনসাধারণ এই অবস্থায় ট্রেনে চড়ে, ট্রেনে যখন চড়ে তখন উত্তমকুমার হয়ে ওঠে এবং যখন নামে তখন ত্রৈলঙ্গস্বামী হয়ে নামে। এই বিষয়ে আশা করি সুব্রতবাবুরাও একমত হবেন যে ট্রেনে যে অবস্থা তাতে ভাড়া বাড়ানো উচিত নয়। আমি সেইজন্য আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, তিনি যাতে অবিলম্বে এই বিষয়ে কেন্দ্রের কাছে তুলে ধরেন।

**শ্রী ননী কর :** মাননীয় স্পীকার স্যার, গতকাল আপনার নেতৃত্বে এবং মহামান্য রাজ্যপালের নেতৃত্বে কলকাতায় মিছিল করেছেন সাম্প্রদায়িকতার বিরুদ্ধে এবং সেদিন যুব কল্লোলে কল্লোলিত হয়ে গেছিল কলকাতা তখন আমি এইখানে একটি বিষয়ে দৃষ্টি আর্কষণ করছি যা কিনা অত্যন্ত বেদনা দায়ক। আপনি জানেন পশ্চিমবঙ্গে তিনটি উপনির্বাচন হচ্ছে এবং এই ৩টি কেন্দ্রেই বামফ্রন্টের পক্ষে জনসমর্থন বেশী দেখে সেখানকার সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট করার জন্য বক্তৃতা দেওয়া হচ্ছে। আমি অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি যে ১৬ই এপ্রিল তারিখে গড়বেতায় আমাদের (* * *) নিজে সাম্প্রদায়িকতার উস্কানি দিয়ে বক্তৃতা দিয়েছেন। আজকে যেখানে সাম্প্রদায়িকতা রক্ষা করার জন্য সমগ্র পশ্চিমবঙ্গে চেষ্টা চলছে তখন এই ধরণের কংগ্রেসের উস্কানি সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট করার জন্য চেষ্টা ছাড়া কিছু নয়। এর ফলে সমগ্র পশ্চিমবঙ্গকে সর্বনাশ করার চেষ্টা করছি। এর বিরুদ্ধে বিশেষ ব্যবস্থা নেওয়া প্রয়োজন। আমি আপনার সামনে দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, বিরোধীদলের নেতাকে ডেকে পাঠান হোক এবং জিজ্ঞাসা করা হোক তিনি গড়বেতায় কি বলেছেন। এইভাবে তিনি সাম্প্রদারিক সম্প্রীতি নষ্ট করবার চেষ্টা করছেন। সরকার পক্ষ থেকে বিরোধীপক্ষের নেতাকে স্বীকৃতিকে দেওয়া হয়েছে বলে তিনি তার সুযোগ নিয়ে এইভাবে সম্প্রীতি নষ্ট করবার চেষ্টা করছেন। কিন্তু এই জিনিষ পশ্চিমবাংলার জাগ্রত মানুষ কোন সময়ে বরদাস্ত করবে না।

---

***Note*** *** Expunged as order by the chair.

**[2.30–2.40 p.m.]**

**শ্রী শিবপ্রসাদ মালিক :** স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় পরিবহণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গ্রাম বাংলা থেকে প্রতিদিন মদ কলকাতায় আসছে। আরামবাগ থেকে সি.এস.টি.সি.র যে বাসগুলো আসছে এবং সিঙ্গুড় থেকে যে বাসগুলো আসছে তাতে মদ নিয়ে আসছে। আমি পরিবহণ মন্ত্রীকে বহুবার ইতিপূর্বে বলেছি। আজকেও আসবার সময় দেখলাম মদ আসছে। যাতে বাসে মদ ওঠা বন্ধ হয় সেই বিষয়ে আবার পরিবহণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী জয়ন্ত বিশ্বাস :** স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ডোমকলের পাশেই আমার নির্বাচন কেন্দ্র। সেখান থেকে যে ঘটনা শুনেছি তা উদ্বেগজনক। একদল সমাজবিরোধী মানুষ আমাদের শিক্ষা দপ্তরের রাষ্ট্রমন্ত্রী বারী সাহেবের বাড়ী আক্রমণ করেছিল। যদিও বারী সাহেব থাকেন না কিন্তু তার পরিবারবর্গের সকলেই থাকেন। তারা আশা করেছিলেন বারী সাহেব সেদিন থাকবেন। এই রকম পরিকল্পিতভাবে তাঁকে হত্যা করার চেষ্টা হয়। তাকে না পেয়ে তাঁর ভাইয়ের উপর আক্রমণ করা হয়। কিন্তু সেখানকার জনসাধারণ সংঘবদ্ধভাবে তা প্রতিরোধ করেছেন। ননী কর বাবু যেটা বললেন সেটা ঠিকই কংগ্রেসীরা দায়িত্বজ্ঞানহীনভাবে বক্তব্য রাখছেন। এই বিষয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনার মাধ্যমে আবেদন জানাচ্ছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** স্যার, পশ্চিমবাংলার থানায় যারা ডায়েরী করতে যাচ্ছে তাদের জোর করে স্টেডিয়ামের লটারীর টিকিট দেওয়া হচ্ছে। জে.এল.আর.ও.র অফিসে যে যাচ্ছে তাকেও টিকিট দেওয়া হচ্ছে। আমরা জানি না কত কোটি লটারীর টিকিট বাজারে বিক্রি হয়েছে? বি.ডি.ও., এস.ডি.ও ইত্যাদি এমন একটা অফিস নেই যেখানে লটারীর টিকিট জোর করে বিক্রি করা হচ্ছে না। লটারীর টিকিট বিক্রি করলে প্রমোশন দেওয়া হবে, মস্কোতে প্লেনে করে নিয়ে যাওয়া হবে। ইত্যাদি সব কথা সরকারী কর্মচারীদের বলা হচ্ছে। কত কোটি টাকা টিকিট হয়েছে সেটা আমরা জানতে চাই? টিকিট বিক্রি নিয়ে সাধারণ মানুষের উপর অত্যাচার হচ্ছে। এবং বি.ডি.ও. অফিসে বলছে লটারীর টিকিট না নিলে লোনের টাকা দেওয়া হবে না। এই বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সুব্রত মুখার্জী :** স্যার, আপনি বার বার আমাদের নির্দেশ দিয়েছেন যে কোন সদস্য সম্পর্কে স্পেসিফিক্যালি যদি এ্যালিগেশান করতে হয় তাহলে নোটিশ দিতে হবে। আমাদের দলনেতা সম্পর্কে যে মন্তব্য হল সেটা তাঁকে তাঁর মত না নিয়ে করায় আপনি এটা এক্সপাঞ্জ করুন। অথবা সাত্তার সাহেবকে নোটিশ দিয়ে তাকে বলবার সুযোগ দিন।

**Mr. Speaker :** Mr. Kar, It has become the convention of the House that if you want to make any allegation against any Member you have to give prior notice. Mr.Kar, have you given any notice in the name of Shri Sattar?

**শ্রী ননী কর :** স্যার, আপনি যে নির্দেশ দেন তা আমরা সব সময় মানি। কিন্তু সাহেবকে তো খুঁজে পাচ্ছি না। (* * *) তিনি এইসব করে বেড়াবেন তখন তো আমাকে বলতেই হবে। মন্ত্রী মহাশয়

***Note*** : [*** Expunged as order by the chair.]

সম্পর্কে যখন বলা হয় তখন তো তাকে নোটিশ দেওয়া হয় না। সেই মন্ত্রীর সমস্ত স্টাটাশ তার আছে বলে তাকে নোটিশ না দিয়ে বলছি। আমি বলেছি, আপনি যেটা বলবেন সেটাই হবে।

(Noise)

**Mr. Speaker :** In the submission of shri Nani Kar, the name of Shri Abdus Sattar will be expunged. No further discussion on this.

Shri Abdul Manan has referred the name of the son of shri Lakshmi Sen who is not a member of this House. I have not gone through the proceedings. I will go through the proceedings and after that, if necessary, the relevant portion will be expunged.

(Noise)

**Dr. Zainal Abidin :** In the name of Shri Rajesh Khaitan, উর্দু জাবাব যে প্রশ্ন ছিল because it is a sentive issue, our Congress(I) Chief Whip is wise enough not to call the question. This is the attitude of the Congress(I). He is perhaps a novice who wants to encourage communal sentiments. We look down upon their sentiments.

**Mr. Speaker :** I only request all the members that communal sentiments should not exploited by any member. It is not a healthy practice. It is neither good for the people nor for the nation. We have got such experience from Punjab, Assam and Tripura. In the election meetings, people should be reserved. I will appeal to all members that they should restrain themselves from practising this.

**Government Business**

**Financial**

Presentation of the statements of Excess Expenditure for the years 1974-75, 1975-76, 1976-77, and 1977-78.

**Shri Patit Paban Pathak :** Sir, with your permission, I beg to present the statements of Excess Expenditure for the years 1974-75, 1975-76, 1976-77 and 1977-78.

**[2.40 - 3.10 p.m.] (Including Adjourment)**

Demand No. 67

**Major Heads : 334-Power Projects and 735-Loans for Power**

Projects.

**Shri Prabir Sengupta :** Sir, on the recommendation of the I beg to move that a sum of Rs.70,22,00,000 be granted for expenditure under Demand No.67, Major Heads : "334-Power Projects and 734-Loans for Power Projects".

(This is inclusive of a total sum of Rs.11,70,34,000 already voted on account in March, 1985).

The Printed speech of Shri Prabir Sengupta is taken us read.

(২) বর্তমান সরকার বিদ্যুৎকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে আসছেন। ১৯৭৭-৭৮-এ বিদ্যুৎ বাবদ বরাদ্দ ছিল ৯৯ কোটি ৮১ লক্ষ টাকা। এই বৎসর বরাদ্দের পরিমাণ বেড়ে দাঁড়িয়েছে ১৭৫ কোটি টাকা। এ ছাড়া বিদ্যুৎখাতে দুর্গাপুর প্রকল্প অন্তর্ভুক্ত বিদ্যুৎকেন্দ্রগুলির জন্য ৭ কোটি ৫১ লক্ষ ৩১ হাজার টাকা ব্যয়বরাদ্দ ধরা হয়েছে। এইভাবে প্রতি বছরই বিদ্যুৎখাতে অর্থ বরাদ্দের পরিমাণ বাড়ান হচ্ছে।

(৩) (ক) ভারতবর্ষের বিদ্যুৎ মানচিত্রে কিভাবে বছরের পর বছর পশ্চিমবাংলা ক্রমান্বয়ে পিছিয়ে পড়েছে সে সম্পর্কে আমার পূর্ববর্তী বাজেট ভাষণে উল্লেখ আছে। পূর্বতন রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারের দীর্ঘ এবং ক্রমাগত অবহেলা ও ঔদাসীন্যের ফলেই আজকের পশ্চিমবঙ্গের বিদ্যুতের এই দুরবস্থা। এখনও যদি তাঁরা এই অবস্থা সম্পর্কে সম্যক সচেতন না হন, পরিস্থিতির আরও অবনতি ঘটতে বাধ্য।

(খ) বর্তমান বিদ্যুৎ পরিস্থিতির পর্যালোচনা ও পর্যায়ক্রমে আগামী ২০০০ সাল অবধি বিদ্যুতের চাহিদা নির্ধারণের জন্য সরকার একটি কমিটি গঠন করেছিলেন। কমিটি তার প্রতিবেদনে পেশ করেছে, দেখা যাচ্ছে যে, অনিয়ন্ত্রিত চাহিদার ভিত্তিতে ১৯৮৯-৯০ সাল নাগাদ রাজ্যের বিদ্যুতের ঘাটতির পরিমাণ দাঁড়াবে ১০০০ মেগাওয়াটেরও বেশী এবং ১৯৯০ সাল থেকে ২০০০ সালের মধ্যে চাহিদার পরিমাণ আরও ১৫০০ মেগাওয়াট বাড়বে। পরিস্থিতি সত্যই ভয়াবহ।

(গ) অবস্থা যে উদ্বেগজনক, আশা করি যে বিষয়ে সকলেই একমত। এই পরিস্থিতির মোকাবিলার জন্য বর্তমানে ভারত সরকারের কাছে যে প্রস্তাবিত বিদ্যুৎ প্রকল্পগুলি আছে তার সত্বর অনুমোদন প্রয়োজন। ভবিষ্যতের প্রস্তাবিত প্রকল্পের ক্ষেত্রেও দ্রুত অনুমোদন প্রয়োজন। এ ব্যাপার ভারত সরকারের উপর চাপ সৃষ্টি করা দরকার।

(ঘ) প্রসঙ্গত উল্লেখ করা যেতে পারে, নিম্নোক্ত প্রস্তাবগুলি কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন, সে ব্যাপারে আজ পর্যন্ত কোন সুনির্দিষ্ট সিদ্ধান্ত জানানো হয়নি।

(১) ১৯৮০-৮১ সালে প্রেরিত পশ্চিম দিনাজপুরের ধুমডাঙ্গীতে ২৪০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন একটি তাপবিদ্যুৎ কেন্দ্র স্থাপন;

(২) ১৯৮২ সালের অক্টোবর মাসে প্রেরিত মুর্শিদাবাদ জেলার সাগরদীঘিতে ৪x৫০০

মেগাওয়াটসম্পন্ন অতিকায় তাপবিদ্যুৎ কেন্দ্র;

(৩) ১৯৮৩ সালে প্রেরিত বীরভূম জেলার বক্রেশ্বরের ৩x২১০ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন তাপবিদ্যুৎ কেন্দ্র;

(৪) ১৯৭৮-৭৯ সালে প্রেরিত তিস্তা প্রকল্পের জলাধারে ৬৬.৫ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন জলবিদ্যুৎ কেন্দ্র স্থাপন এবং

(৫) ১৯৭৮ সালে প্রেরিত রাম্মাম নদীতে (১ম পর্যায়ে) ২x১৫ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন জলবিদ্যুৎ প্রকল্প।

(৬) দামোদর ভ্যালি কর্পোরেশনের (৩x২১০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন) বাঁকুড়া জেলায় মেনিয়ায় প্রস্তাবিত তাপ বিদ্যুৎ কেন্দ্র।

(৪) (ক) মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য বিপুল মূলধন বিনিয়োগের প্রয়োজন এবং প্রকল্প রূপায়ণে দীর্ঘ সময় লাগে। প্রস্তাবিত বিদ্যুৎ কেন্দ্রগুলির কাজ শুরু করায় অহেতুক বিলম্ব হচ্ছে। এর ফলে আগামী দিনে বিদ্যুতের অবস্থা আরও খারাপ হতে পারে। বর্তমানেব এই দুরবস্থা অতীতের অবহেলার ফলশ্রুতি। এখনই যদি এই বিষয়ে সুষ্ঠু এবং কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা না হয় তাহলে অবস্থার আরও অবনতি ঘটবে।

(খ) বিভিন্ন অসুবিধা যেমন কেন্দ্রীয় সরকারের উপেক্ষা, একশ্রেণীর ঠিকাদারের ধীরে কাজ করার প্রবণতা এবং কিছু সংখ্যাক ইঞ্জিনীয়ার ও কর্মীর অসহযোগিতামূলক মনোভাব ইত্যাদি সত্বেও বামফ্রন্ট সরকার ক্ষমতাসীন হবার পর থেকে ১০০০ মেগাওয়াট উৎপাদন-ক্ষমতা বাড়ান সম্ভব হয়েছে অর্থাৎ বৎসরে গড়ে ১২৫ মেগাওয়াট।

(গ) পূববর্তী বছরের তুলনায় চলতি আর্থিক বছরে তাপবিদ্যুতের উৎপাদন শতকরা ৬ভাগের বেশী ও জলবিদ্যুতের উৎপাদন শতকরা ৪ভাগ বেড়েছে। ফলে, বিদ্যুৎ সরবরাহ কিছুটা উন্নতি হয়েছে। শিল্পে বিদ্যুৎ সরবরাহ বিষয়ে নীতি শিথিল করা হয়েছে।

(৫) (ক) বহু বাধাবিপত্তি সত্বেও কোলাঘাটে ২১০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন একটি ইউনিট চালু করা সম্ভব হয়েছে। কোলাঘাটের প্রকল্পের 'কোলহ্যান্ডলিং প্ল্যান্ট' ও 'ক্রাশার হাউসের 'কাজ ভারত সরকারের অধীনস্থ একটি সংস্থার (এম এ এম সি) উপর ন্যস্ত। ঐ সংস্থাটির কাজে গাফিলতিতে এই অতি প্রয়োজনীয় কাজটি বিলম্বিত হচ্ছে। ফলে ঐ ইউনিটের বিদ্যুৎ উৎপাদন [illegible] ব্যাহত হচ্ছে। আশা করা যাচ্ছে কোলাঘাট প্রকল্পের (২১০ মেগাওয়াট) দ্বিতীয় ইউনিটটি এই আর্থিক বৎসরে চালু করা হবে।

(খ) রাম্মাম জলবিদ্যুৎ প্রকল্পে (২য় পর্যায়)কাজের অগ্রগতি ব্যাহত হয়েছে। রাজ্য বিদ্যুৎ পর্ষদ এই প্রকল্পের জন্য প্রয়োজনীয় ৪টি টার[illegible] একটি হাঙ্গেরীয় সংস্থা থেকে সংগ্রহের কথা ভেবেছিল। ঐ সংস্থার প্রস্তাবিত দর ভারতীয় সংস্থা ভেল (BHEL) অপেক্ষা কম এবং ঐ হাঙ্গেরীয় সংস্থাটি দশবছরের কিস্তিতে ঐ দাম পরিশোধে রাজী ছিল। কিন্তু ভারত সরকার এই প্রস্তাবটি অনুমোদন করেন নি। প্রয়োজনীয় টা[illegible] 'ভেল' এর কাজ থেকেই নিতে হবে। টাবোজেনা[illegible]-সংক্রান্ত এই সিদ্ধান্তটি বিলম্বিত হওয়ায় কাজের অগ্রগতি বেশ কিছুটা ব্যাবত হয়েছে,

ফলে এই প্রকল্পটি চালু হতে প্রায় এক/দেড় বৎসর দেরী হবে।

সাম্প্রতিক উদার আমদানী নীতির ফলে আমদানীকৃত টার্বো-জেনারেটরের মূল্য হ্রাস পাবে। এর পরিপ্রেক্ষিতে সমগ্র বিষয়টি পুনবিবেচনা প্রয়োজন।

(গ) কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্রটির (দ্বিতীয় পর্যায়) নির্মাণের দায়িত্ব (৩x২১০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন) 'টার্নকী' ভিত্তিতে 'ভেল'কে (BHEL) দেওয়া হয়েছে। চুক্তি অনুসারে প্রকল্পটির সম্পূর্ণ কাজ পাঁচ বছরে শেষ হবে। প্রথম ইউনিটটি চার বছরের মাথায় চালু হবে এবং অপর দুটি ইউনিট প্রতি ছ'মাস অন্তর চালু হবে।

৬ (ক) নতুন বিদ্যুৎ কেন্দ্র স্থাপন এবং নির্মীয়মান প্রকল্পগুলি দ্রুত রূপায়ণের সঙ্গে সঙ্গে চালু বিদ্যুৎ কেন্দ্রগুলির উৎপাদন বৃদ্ধির জন্য বিভিন্ন ব্যবস্থা নেওয়া হচ্ছে।

(খ) ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রে ৮২.৫ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন চারটি ইউনিট আছে, এই ইউনিটগুলি বহু পুরান। অতীতে নিয়মকানুনের তোয়াক্কা না করে এই ইউনিটগুলিকে যথেচ্ছভাবে চালান হয়। ফলে, এই ইউনিটগুলির উৎপাদন ক্ষমতা হ্রাস পেয়েছে বর্তমানে এগুলি ৬০.৬৫ মেগাওয়াটের বেশী উৎপাদন করতে সক্ষম নয়। এই ইউনিটগুলির উৎপাদন বৃদ্ধির জন্য একটি দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এতে প্রায় ৫৪ কোটি টাকা খরচ হবে। বর্তমানে এই পরিকল্পনাটি কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষ এবং যোজনা কমিশনের বিবেচনাধীন। ইতিমধ্যে কিছু কিছু কার্যক্রম হাতে নেওয়া হয়েছে।

(গ) সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্রটি জন্মলগ্ন থেকেই ব্যাধিগ্রস্ত - প্রথম অবস্থা থেকেই মৌলিক গলদ রয়ে গেছে। কোন সময়েই এই কেন্দ্রটি মোটামুটিভাবে উৎপাদন ক্ষমতার শতকরা ৩৫ভাগের বেশী পৌছাতে পারেনি। এই মৌলিক ত্রুটিগুলি সংশোধন করা দরকার। ইতিপূর্বে এ ব্যাপারে কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষ ও যোজনা কমিশন ১২ কোটি ৩৭ লক্ষ টাকার একটি প্রকল্প অনুমোদন করেছিলেন। কিন্তু দেখা যাচ্ছে যে, ঐ কেন্দ্রটির উৎপাদন ক্ষমতা বৃদ্ধি করতে হলে আরও অনেক ত্রুটি সংশোধনের প্রয়োজন। এর জন্য আরও ১৮ কোটি ৭৫ লক্ষ টাকা খরচ করা দরকার। এ ব্যাপারে একটি বিস্তারিত কর্মসূচী বর্তমানে কেন্দ্রীয় বিদ্যুৎ সংস্থা ও যোজনা কমিশনের বিবেচনাধীন। বর্তমানে প্রস্তাবিত কর্মসূচীভূক্ত কিছু কাজ হাতে নেওয়া হয়েছে। ইদানীং এই কেন্দ্রে মোটামুটি গড়ে দৈনিক ২০০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদিত হচ্ছে। কর্মসূচীটির সম্পূর্ণ রূপায়ণ করা হলে ঐ কেন্দ্রের উৎপাদন ক্ষমতা শতকরা ৫০ ভাগে পৌছাতে পারে।

৭ (ক) সি ই এস সি'র টিটাগড়ের চতুর্থ ইউনিটটি চালু হয়েছে। ঐ সংস্থার ইঞ্জিনিয়ার ও কর্মীদের নিষ্ঠা ও উদ্যোগে নির্ধারিত সময়ে টিটাগড় প্রকল্পে কাজ শেষ করা সম্ভব হয়েছে। এর ফলে কলকাতার উত্তরাঞ্চলে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থার প্রভূত উন্নতি ঘটেছে। সরবরাহ ব্যবস্থার অপ্রতুলতার জন্য শহরের দক্ষিণাঞ্চল এই সুবিধা থেকে কিছুটা বঞ্চিত হচ্ছে। বর্তমানে রাজ্য বিদ্যুৎ পর্ষদের মাধ্যমে ৭০ মেগাওয়াটের মতো বিদ্যুৎ দক্ষিণাঞ্চলে সরবরাহের ব্যবস্থা করা হয়েছে। টিটাগড় উৎপাদন কেন্দ্র ও প্রিন্সেপ স্ট্রীট সাব স্টেশনের মধ্যে ১৩২ কে ভি ক্ষমতাসম্পন্ন সরবরাহ ব্যবস্থা সম্পূর্ণ হলে এই অবস্থার উন্নতি ঘটবে। বর্তমানে কাজটি টিটাগড় থেকে নিউ কাশীপুর পর্যন্ত শেষ হয়েছে। আশা করা যায়, এই বৎসরের মধ্যে পুরো কাজটি শেষ হবে।

(খ) সি ই এস সি'র দক্ষিণ অঞ্চলীয় বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র (২x৬০ মেগাওয়াট) নতুনভাবে স্থাপনের কর্ম প্রকল্পটি কিছুটা ব্যহত হয়েছে। ঐ সংস্থার সবকটি উৎপাদন কেন্দ্রেই যুক্তরাজ্যের পার্সন্স (PRSONS) কোম্পানীর তৈরী টার্বোজেনারেটর আছে। স্বাভাবিকভাবেই তাদের দক্ষিণাঞ্চলীয় কেন্দ্রেও উক্ত কোম্পানীর টার্বোজেনারেটর ব্যবহার করতে চেয়েছিল। সি ই এস সি'র এই প্রস্তাব সহানুভূতি সঙ্গে বিবেচনা করা হবে বলে ভারত সরকার গোড়ায় জানিয়েছিলেন। এখন, প্রায় দেড় বৎসর বাদে ভারত সরকার জানাচ্ছেন যে, এই টার্বোজেনারেটর আমদানী করা যাবে না এবং 'ভেলে'র (BHEL) কাছ থেকে এটা নিতে হবে। এর ফলে অহেতুক কাজটি বিলম্বিত হলো।

পূর্বে উল্লিখিত উদার আমদানী নীতির পরিপেক্ষিতে এ-বিষয়টিরও পুনর্বিবেচনা প্রয়োজন।

৮ (ক) ১৯৮৫ সালের মার্চ মাস থেকে জাতীয় তাপবিদ্যুৎ কর্পোরেশনের ফরাক্কা কেন্দ্র এবং জাতীয় জলবিদ্যুৎ কর্পোরেশনের চুখা কেন্দ্র থেকে বিদ্যুৎ পাওয়ার সম্ভাবনার কথা পূর্বে উল্লেখ করা হয়েছে। মার্চ মাস থেকে এই বিদ্যুৎ সরবরাহ শুরু হওয়ার কথা ছিল। এই বিদ্যুৎ পাওয়ার সম্ভাবনার পরিপ্রেক্ষিতে রাজ্য বিদ্যুৎ পর্ষদ জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় সরবরাহ ও বন্টন ব্যবস্থার কাজ শেষ করেছে। কিন্তু এই প্রকল্প দু'টির কাজই কিছুটা বিঘ্নিত হচ্ছে। আশা করা যায় ঐ প্রকল্প দু'টি যথাক্রমে আগামী জুলাই ও ডিসেম্বর চালু হবে।

(খ) ফরাক্কা কেন্দ্র থেকে বিদ্যুৎ সরবরাহের জন্য জাতীয় তাপবিদ্যুৎ কর্পোরেশন ও রাজ্য বিদ্যুৎ পর্ষদের মধ্যে সম্প্রতি একটি চুক্তি সম্পাদনের জন্য আলোচনা চলছে। প্রথমে জাতীয় তাপবিদ্যুৎ কর্পোরেশন ইউনিট প্রতি ৫১.৯৮ পয়সা দর চেয়েছিল, বিস্তারিত আলোচনার মাধ্যমে ইউনিট প্রতি ৪৬.৫ পয়সা দর ঠিক হয়েছে। এ দরটাও বেশী। ঐ তাপবিদ্যুৎ কর্পোরেশনের অন্তর্ভুক্ত রামগুন্ডাম, সিংগ্রউলি ও কোরবা কেন্দ্রের ক্ষেত্রে এই দর ইউনিট প্রতি ৪৩ পয়সা এবং ৩৬.২২ পয়সা। ঐ কর্পোরেশনের অন্তর্ভুক্ত সবকটি কেন্দ্রের ক্ষেত্রে বিদ্যুতের হার একই রকম হওয়া উচিত। ভারত সরকারকে এ বিষয়টি বহুবার জানানো হয়েছে। শেষ পর্যন্ত ভারত সরকার এই প্রস্তাবের যৌক্তিকতা মেনে নিয়েছেন। ঐ কর্পোরেশনের অর্ন্তভুক্ত সবকটি কেন্দ্রের উৎপাদিক বিদ্যুতের জন্য একটি জাতীয় মূল্য নির্ধারণ কমিটি গঠন করা হয়েছে। এই কমিটিতে সংশ্লিষ্ট রাজ্যগুলির কোন প্রতিনিধি নেওয়া হয়নি। এটা দরকার ছিল। তবুও আশা করা যায় এই কমিটির কিছু সুপারিশ আমাদের অনুকূলে যাবে।

৯ (ক) ১৯৮৩-৮৪ সালে ডি ভি সি'র বিদ্যুৎ উৎপাদন ছিল ৬৩৩৬ এম ইউ (M.U)। ১৯৮৪-৮৫ সালে এই উৎপাদন বেড়ে ৬৪৭৫ এম ইউ (M.U) হবে বলে আশা করা যায়। এটি সুসংবাদ। কিন্তু দুঃখের বিষয়, ডি ভি সি'র উৎপাদন যখন বাড়ছে রাজ্য বিদ্যুৎ পর্ষদকে তাদের দেয় অংশ প্রতি বৎসরই কমছে। ১৯৮১-৮২ সালে ডি ভি সি রাজ্য বিদ্যুৎ পর্ষদকে ৫০১ এম ইউ (M.U) সরবরাহ করে, ১৯৮২-৮৩তে এর পরিমাণ ৪৮৬ এম ইউ (M.U), ১৯৮৩-৮৪তে ৪৬২.৭ এম ইউ (M.U), ১৯৮৪-৮৫তে এই সরবরাহ ৪০০ এম ইউ (M.U) এর কম হবে। রাজ্যের যে সমস্ত এলাকা ডি ভি সি'র বিদ্যুৎ সরবরাহের উপর নির্ভরশীল এই ক্রমহ্রাসমান সরবরাহের জন্য ঐ এলাকাগুলি নানাবিধ অসুবিধার সম্মুখীন হচ্ছে - বিশেষ করে মেদিনীপুর ও বর্ধমান জেলা। এই সমস্ত এলাকায় বিভিন্ন কারণে দৈনন্দিন বিদ্যুতের চাহিদা বেড়ে চলেছে। দুঃখের বিষয় বারবার জানানো সত্ত্বেও ডি ভি সি এই ক্রমবর্ধমান চাহিদা উপেক্ষিত করে চলেছে। এর ফলে খড়্গপুর, মেদিনীপুর, বর্ধমান প্রভৃতি অঞ্চলে শিল্পের প্রসার বিঘ্নিত হচ্ছে।

(খ) আপনারা জানেন এ বছর আলুর ফলন খুবই ভাল হয়েছে। চাষী যাতে ন্যায্য মূল্য পায় সেই কার্য্য সমবায়ের মাধ্যমে আলু কেনার ব্যবস্থা করা হয়েছে। এই বাড়তি ফসল হিমঘরে রাখা দরকার। বর্ধমান অঞ্চলে বেশ কয়েকটি হিমঘর আছে। ডি ভি সিকে বারবার অনুরোধ করা হচ্ছে যে, এইসব হিমঘরের জন্য বর্ধমানে নিরবিচ্ছিন্ন এবং বাড়তি বিদ্যুৎ দেওয়া দরকার। দুঃখের বিষয়, ডি ভি সি'র কাছ থেকে এ ব্যাপারে যথেষ্ঠ সহযোগিতা পাওয়া যাচ্ছে না।

(গ) যদিও বিহার এবং পশ্চিমবঙ্গ সরকার ডি.ভি.সি'র অংশীদার, কিন্তু দেখা যায় যে, বিদ্যুৎ বন্টন ও অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে ডি.ভি.সি এককভাবেই সিদ্ধান্ত নেয়। অনেক সময়ে সিদ্ধান্তগুলি এই অংশীদারী রাজ্য দুটির স্বার্থের পরিপন্থী।

১০ (ক) গ্রামীণ বৈদ্যুতিকরণ ক্ষেত্রে আমরা নির্দিষ্ট লক্ষ্যমাত্রায় পৌঁছাতে পারিনি। বিগত আর্থিক বৎসর পর্যন্ত পশ্চিমবঙ্গের ৩৮০৫০ মৌজার মধ্যে ১৯৩০০ মৌজায় গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজ সম্পূর্ণ করা সম্ভব হয়েছে—শতকরা ৫০ ভাগ। প্রসঙ্গত উল্লেখ করা যায় যে, ১৯৭৬-৭৭ সাল পর্যন্ত ১০৯৮১ গ্রামে বৈদ্যুতিকরণের কাজ হয়েছিল এবং ঐ সময়ে বিদ্যুতায়িত পাম্প সেটের সংখ্যা ছিল ১০০৮০, বর্তমানে এর সংখ্যা প্রায় ৪০,০০০।

(খ) গ্রামীণ বৈদ্যুতিকরণের ক্ষেত্রে নানা অসুবিধা আছে। প্রকল্প অনুমোদনের ব্যাপারে গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্পোরেশনের নির্দিষ্ট অর্থনৈতিক মাপকাঠি আছে। দেখা যায় বিভিন্ন প্রকল্পের ক্ষেত্রে এই মান রক্ষা করা সম্ভব নয়। বাস্তব অবস্থার বিচারে এই মাপকাঠি শিথিল করা দরকার। ১৯৯০-৯২-এর মধ্যে প্রতিটি গ্রাম বৈদ্যুতিকরণের ঘোষিত জাতীয় নীতির সঙ্গে উক্ত মাপকাঠি সামঞ্জস্যহীন। জিনিসপত্রের দর প্রতিদিনই বাড়ছে। প্রতিটি প্রকল্পের ক্ষেত্রে খরচ অনুমোদিত ব্যয়-বরাদ্দ অপেক্ষা বহুলাংশে বেড়ে যায়। গ্রামীণ বৈদুত্যিক কর্পোরেশন এ বাবদ যে বাড়তি টাকা দেয়, দেখা যাচ্ছে তা যথেষ্ট নয়। এ ব্যাপারে তাদের নীতির পরিবর্তন দরকার।

(গ) এইসব অন্তরায় ছাড়া আরও অনেকগুলি অসুবিধা আছে। অনেক ক্ষেত্রে প্রয়োজনীয় সরঞ্জামাদি সময়মতো সংগ্রহ করা মুশকিল হয়ে পড়ে। এটা অবশ্যই অনস্বীকার্য যে, রাজ্য বিদ্যুৎ পর্ষদও এই অবস্থার মোকাবিলায় সম্পূর্ণ সমর্থ নয়।

(ঘ) সরঞ্জামাদির ব্যাপক চুরির জন্য এই সকল কাজের অগ্রগতি ব্যাহত হচ্ছে। এই চুরি প্রতিরোধের জন্য পঞ্চায়েতের মাধ্যমে পাহারা দেওয়া একটি নীতি গ্রহণ করা হয়েছে। ১৯৮৪ সালের জানুয়ারী মাস থেকে বিভিন্ন জেলায় পঞ্চায়েত স্তরে স্বেচ্ছাসেবী নিয়োগ করা হয়েছে। এই ব্যবস্থার কিছুটা সুফল পাওয়া গেছে। ১৯৮২ ও ১৯৮৩ সালে চুরির ঘটনা ছিল যথাক্রমে ২১৭১ এবং ২০২৮, ১৯৮৪তে তা কমে দাঁড়িয়েছে ১৭২৩।

(ঙ) নির্দিষ্ট সময়সীমার মধ্যে (১৯৯০/৯২) প্রতিটি গ্রামে বৈদ্যুতিকরণের জাতীয় কর্মসূচী গ্রহণ করা হয়েছে। রাজ্য বিদ্যুৎ পর্ষদের পক্ষে এককভাবে এই কর্মসূচী রূপায়ণ সম্ভব নয়। জেলা পরিষদ এবং অন্যান্য পঞ্চায়েত সংস্থা ও প্রয়োজনে 'সেবা সমবায়ে'র মাধ্যমে গ্রাম বৈদ্যুতিকরণের বিষয়টি ভেবে দেখা হচ্ছে।

(চ) রাজ্যের সামগ্রিক উন্নতি গ্রামীণ সমৃদ্ধির উপর নির্ভরশীল-এ-বিষয়ে বামফ্রন্ট সরকার

সচেতন। বর্তমানে এ-রাজ্যে কৃষিকাজে বিদ্যুতের ব্যবহার খুবই নগণ্য - শতকরা মাত্র ৬ ভাগ। উত্তরপ্রদেশ, রাজস্থান, হরিয়ানা, তামিলনাড়ু প্রভৃতি রাজ্যে শতকরা ২৫ ভাগের বেশী বিদ্যুৎ কৃষিকাজে ব্যবহৃত হয়। এই রাজ্যে কৃষিতে জলসেচের জন্য প্রায় আড়াই লক্ষ পাম্পসেট ব্যবহৃত হয়। এর মধ্যে মাত্র ৪০,০০০ পাম্পসেট বিদ্যুৎচালিত। গ্রামাঞ্চলে বিশেষ করে যাতে আরও বেশী বিদ্যুৎ ব্যবহার করা হয় তার জন্য প্রচেষ্টা চালান হচ্ছে। এ-ব্যাপারে শর্তাবলী অনেক শিথিল করা হয়েছে।

এই পরিসংখ্যান থেকে বোঝা যায় যে এই রাজ্যে একটি শক্তিশালী 'ডিজেলচক্র' কাজ করছে। সমাজের বিভিন্ন ক্ষেত্রে এদের ব্যাপক প্রভাব। বিভ্রান্তিমূলক প্রচার চালিয়ে ও অন্যান্য পদ্ধতিতে এই চক্র কৃষকদের ডিজেল পাম্পসেট কেনার ব্যাপারে প্ররোচিত করছে।

কৃষকদের এটাও বোঝানো দরকার যে ডিজেলচালিত পাম্পসেটের চেয়ে বিদ্যুৎ চালিত পাম্পসেটে খরচ কম।

(ছ) চাষীরা প্রায়ই অভিযোগ করেন যে, কম ভোল্টেজে বিদ্যুৎ সরবরাহের জন্য পাম্পসেটের ক্ষতি হচ্ছে। চাষের কাজে রাত্রে বিদ্যুৎ ব্যবহার করলে এই অসুবিধা দুর হবে এবং তারা নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ পাবেন। এ-ব্যাপারে জনমত গড়ে তোলা দরকার। রাতে বিদ্যুৎ ব্যবহারের বিষয় বর্ধমান ও হুগলি জেলার কৃষকদের মধ্যে বেশ সাড়া পাওয়া গেছে। সম্প্রতি এই দু'টি জেলায় কেবলমাত্র রাত্রিকালে চাষের কাজে বিদ্যুৎ ব্যবহার করা হচ্ছে। এই দু'টি জেলার এই কার্যক্রম সফল হলে ক্রমান্বয়ে অন্যান্য জেলাগুলিতে এই ব্যবস্থা চালু করা হবে।

(জ) গত আর্থিক বৎসরে আনুমানিক নতুন এক হাজারটি মৌজা ও দশ হাজার পাম্পসেট বৈদ্যুতিকরণ সম্ভব হয়েছে। চলতি আর্থিক বৎসরের লক্ষ্যমাত্রা ২,৩০০ মৌজা ও ১৮০০০ পাম্পসেট বৈদ্যুতিকরণ।

(১১) (ক) যে-কোন প্রতিষ্ঠানের কর্মদক্ষতা নির্ভর করে কাজের সুষ্ঠু পরিবেশ ও কর্মীদের নিয়মানুবর্তিতা ও সততার উপর। বামফ্রন্ট সরকার সে ব্যাপারে সচেতন। পর্ষদের সর্বশ্রেণীর কর্মচারীর মধ্যে নিয়মানুবর্তিতা ও শৃংখলাবোধ আনা দরকার। এই জন্য বিভিন্ন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে 'পাঞ্চিং' প্রথা এবং অন্যত্র হাজিরা খাতা চালু করা হয়েছে। এই সঙ্গে তাদের চাকুরীগত সুযোগ-সুবিধার উন্নতি, প্রমোশন ও বদলির ক্ষেত্রে সুষ্ঠু নীতি গ্রহণ করা হয়েছে। পর্ষদকে দুর্নীতিমুক্ত করাও প্রয়োজন। এ-ব্যাপারে সর্বাত্মক প্রচেষ্টা চালানো হচ্ছে।

(খ) পে-কমিটির সুপারিশগুলি ইতিমধ্যে কার্যকর করা হয়েছে। এর ফলে পর্ষদের কর্মীদের গড় আয় মাসিক ২৫০টাকার মত বেড়েছে। এ-বাবদ পর্ষদের বার্ষিক ব্যয় প্রায় সাড়ে পাঁচ কোটি টাকার মতো বাড়বে।

(গ) রাজ্য বিদ্যুৎ পর্ষদের কর্মীদের আর্থিক ও চাকুরীগত অন্যান্য সুযোগ-সুবিধা বাড়ানো হয়েছে। আশা করা যায় পর্ষদের কর্মীরাও তাঁদের সততা ও নিষ্ঠার মাধ্যমে তাঁদের যোগ্য ভূমিকা পালন করবেন। দুঃখের বিষয় বিদ্যুৎ উৎপাদন, নিয়মিত বিল আদায় প্রভৃতি ক্ষেত্রে এখনও আশানুরূপ সাড়া পাওয়া যায়নি।

**Mr. Speaker :** Cut motions (Nos. 1-16) and (Nos.17-19) are in

order. But cut motion No.20 is not taken as moved as Dr. Susovan Banerjee is not present in the House.

**Shri Kashinath Misra :** Sir, I beg to move that the amount of demand be ruduced by Rs.100/-

**Shri Abdul Mannan :** Sir, I beg to move that the amount of demand be ruduced by Rs.100/-

**[3.10–3.20 p.m.]**

**শ্রী সুব্রত মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিদ্যুৎ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় আজকে যে ব্যয় বরাদ্দের দাবী এখানে পেশ করেছেন খুব সাধারণভাবে আমি আমার দলের পক্ষ থেকে এবং ব্যক্তিগতভাবে তার বিরোধীতা করছি। বিরোধীতা করছি প্রথাগত কারণে নয়। আমার মনে হয়, অন্যান্য যেসব সদস্য এখানে উপস্থিত রয়েছেন তারা অনেকেই এই ব্যাপারে একমত হবেন যে আমরা সমালোচনা করলেই সরকারের পতন হয়ে যাবে এই রকম কথা নয়। আপনারা ভোটের জোরে এই ব্যয় বরাদ্দ পাশ করিয়ে নিয়ে যাবেন। গণতন্ত্রের অনেক ভাল গুণও আছে। ৫১ জন টাট্টু ঘোড়ার চেয়ে ৫২ জন খচ্চরের মূল্য অনেক বেশী। ঠিক সেইভাবে সংখ্যাধিক্যের জোরে যেহেতু আমরা দুর্বল আপনার এই বাজেট পাশ করিয়ে নিয়ে যাবেন। এটি একটি এমন দপ্তর যে দপ্তর বিগত ৭।৮ বছরে চূড়ান্ত ব্যর্থতা ও ঔদাসীন্যে আজকে সাধারণ মানুষের জীবন, তাদের অর্থনৈতিক জীবনে একটা বিপর্যয় এসে গেছে। এই বিপর্যয়ে কোন রাজনৈতিক কারণ থাকতে পারে না। আজকে সমস্ত মানুষ একটা বিপর্যয়ের মধ্যে এসে গেছে। ডোমেষ্টিক কনজামসনে কয়েকটা পাখা ঘুরলো কি না ঘুরলো বা কয়েকটা আলো জ্বললো কিনা জ্বললোনা সেটা বড় কথা নয়। আজকে মানুষের জীবনে যে অর্থনৈতিক বিপর্যয় দেখা দিয়েছে তাতে কোন সন্দেহ নেই। আমরা নানা রকম সমালোচনা করি শুধু সরকারকে হেয় করবার জন্য নয়। আমরা সমালোচনা করি সরকারের মানসিকতা সরকারের ঔদাসীন্যকে। আমরা জানি মানুষের যেটা কাজ সেটা কোন পশুপক্ষী দিয়ে হয় না। বিদ্যুৎ দপ্তরের কথা বলতে গিয়ে সেই কথা যা আপনারা সব সময় বলে থাকেন সেই একটি কথা কেন্দ্রের দুয়ো তোলা তাই করেছেন। কেন্দ্রের আনুকূল্য পাওয়া যাচ্ছে না বলে মোর পাওয়ার ফর দি ষ্টেট করতে পারছেন না। আমাদের তাই স্লোগান যে পাওয়ার চাই। তা না হলে আমরা অর্থনৈতিক বিপর্যয়ের হাত থেকে বাঁচতে পারবো না। আমাদের সামাজিক উন্নতি অর্থনৈতিক উন্নতি শিল্পকে বাঁচাতে গেলে কেন্দ্রের বিরুদ্ধে স্লোগান দিয়ে ধামাচাপ দিতে পারবো না। আমরা লাল পতাকার সঙ্গে যেতে রাজী আছি, কিন্তু আমরা সেই লজিক চাই এবং র‍্যাসন্যাল ওয়েতে যেতে রাজী আছি।

স্যার, বিদ্যুতের ব্যাপারটিকে দুটি ভাগে ভাগ করা যায় - নতুন প্রজেক্ট এবং মেনটেনন্স ও প্রডাকসান। নতুন প্রজেক্টের ব্যাপারে সমস্ত দায়দায়িত্ব কেন্দ্রীয়সরকারের, সে ব্যাপারে যদি কোন কার্পন্য দেখি, রাজ্যের প্রতি বৈষম্য দেখি নিশ্চয় কেন্দ্রের বিরুদ্ধে স্লোগানে রাজী আছি, কিন্তু তা তো নয়। আমরা নতুন নতুন প্রজেক্ট পেয়েছি। সাঁওতালদি পেয়েছি, ডি.পি.এল পেয়েছি, নতুন করে যে তিনটি বড় পাওয়ার প্রজেক্ট ভারতবর্ষের বুকে স্যাংসান করা হয়েছে শ্রীমতী ইন্দিরা গান্ধীর সময় দু হাজার [illegible] সেই ফরাক্কা পেয়েছি, জলঢাকা পেয়েছি, কোলাঘাট পেয়েছি এবং এমনি আরো

আনুসাঙ্গিক প্রজেক্ট পেয়েছি। সেখানে তো কোন কার্পন্য দেখি নি। অতীতে যে কোলাঘাট নিয়ে সংবাদপত্রে অনেক হৈ চৈ করা হয়েছিল এবং বলা হয়েছিল সিদ্ধার্থ রায়ের আমলে কোলঘাটের টাকা নিয়ে খেলার জায়গা করা হয়েছে, তারপর তো ৮ বছর হয়ে গেল আজও সেই কোলাঘাট কেন হয়নি? কেন সময়মত চালু হয়নি তার জবাবদিহি মাননীয় মন্ত্রী মহাশয়কে নিশ্চয় করতে হবে। এখানে বাজেট প্রেস করে শুধু বক্তৃতা দিলেই আপনার কাজ হয়ে গেল না, আপনাকে এর জবাবদিহি নিশ্চয় করতে হবে। এক বছর আগে মন্ত্রীমহাশয় সেপ্টেম্বর মাসে কোলাঘাট চালু করবেন বলেছিলেন, এখানকার এ্যাসিওরেন্স কমিটি সেটা নিশ্চয় বিবেচনা করবেন কিন্তু এখানেও মাননীয় মন্ত্রীমহাশয়কে তাদের ব্যর্থতার উত্তর দিতে হবে। কোটি কোটি টাকা সেখানে লোকসানে হয়েছে জল বার করার জন্য। মেনটেন্সের ব্যর্থতা রাজ্যের, এটা কেন্দ্রের ব্যাপার নয়, সেই ব্যর্থতার জবাব দিতে হবে। স্যার, আমাদের এই রাজ্যের বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলির ক্যাপাসিটি কত এবং কত সেখানে উৎপাদন হচ্ছে সেকথায় আমি এবারে আসছি। ব্যান্ডেল থারমল পাওয়ার ষ্টেশনে ৩২০ মেগাওয়াট উৎপাদন হওয়া দরকার, ৫ম টায় আরো ২১০ মেগাওয়াট। সাঁওতালদির ৪টেয় আরো ৪৮০ মেগাওয়াট, কোলাঘাটে ২১০ মেগাওয়াট উৎপাদন হতে পারে, গৌরীপুর ১৬ মেগাওয়াট। কসবা, হলদিয়া, শিলিগুড়িতে যে সব গ্যাস টারবাইন নিয়ে এসেছেন, যে সমস্ত গ্যাস টারবাইন সম্পর্কে আমি অতীতে বহুবার দুর্নীতির অভিযোগে এনেছি সেখানে ১০০ মেগাওয়াট উৎপাদন হতে পারে। জলঢাকায় ২৮ মেগাওয়াট উৎপাদন হতে পারে, অন্যান্য ডিজেল পাওয়ার ষ্টেশনে ২৫ মেগাওয়াট উৎপাদন হতে পারে, তাহলে টোটাল দাঁড়াচ্ছে ১৩৮৯। এই হচ্ছে আমাদের ক্যাপাসিটি। আর আমাদের দরকার কত? কিছুদিন আগে ঐ দপ্তর থেকে আমি জেনেছি ৬০০ থেকে ৬৫০ মেগাওয়াট আমাদের দরকার। একেবারে ৫০ পারসেন্ট যদি রিজার্ভ রাখেন, ৫০ পারসেন্ট যদি চালু থাকে তাহলেও পশ্চিমবঙ্গ ভারতবর্ষের যে কোন রাজ্যের চেয়ে পাওয়ার উৎপাদনের ক্ষেত্রে এক নং জায়গায় যেতে পারে। আপনাদের ব্যর্থতা সেখানেই। যেখানে নায্য কয়লা দরকার সেখানে সেই কয়লা দিতে পারছেন না, যেখানে যা অয়েল দরকার সেখানে তা দিচ্ছেন না। এরজন্য কি কেন্দ্র দায়ী, না এরজন্য রাজ্যের হাতে অধিক ক্ষমতার দরকার? আমরা মনে করি মানুষকে বিভ্রান্ত না করে সত্যিকারের তথ্য মানুষকে দেওয়া দরকার। আমরা আরো মনে করি মহাসত্য যেটা সেটাকে স্বীকার করে তার মোকাবিলা করা দরকার। আশা করি মাননীয় মন্ত্রীমহাশয় সেই মহাসত্যকে স্বীকার করে এবং তার মোকাবিলার চেষ্টা করে তবেই এখানে বাজেট প্রস্তাব উত্থাপন করবেন। স্যার, অদ্ভুদ ব্যাপার, রাজ্য বিদ্যুৎ পর্ষদের মোট উৎপাদন যেখানে ১৩৮৯ মেগাওয়াট সেখানে মাত্র ৩০/৩৫ পারসেন্টের বেশী উৎপাদন হয় না, সারা ভারতবর্ষের গড় সেখানে ৪৮.২৫ পারসেন্ট। কেন্দ্র এখানে কি করতে পারে? সম্পূর্ণভাবে এটা রাজ্যের হাতে রয়েছে। স্যার, আমরা যখন এই দপ্তর নিয়ে এখানে আলোচনা করছি তখন আমাদের জানা দরকার এই দপ্তরের অবস্থাটা কি? এই দপ্তর একটা ফকিরের দপ্তরে পরিণত হয়েছে। কিভাবে একটা দপ্তরকে আস্তে আস্তে চূড়ান্ত নৈরাজ্যের মধ্যে ঠেলে দেওয়া হচ্ছে, যখন আমরা এখানে আলোচনা করছি, তখন ১৩৮ কোটি টাকা লোকসানের বোঝা নিয়ে উনি আজকে নতুন ব্যয় বরাদ্দ করছেন। কেন আজকে এই ১৩৮ কোটি টাকার লোকসান? একদিকে যেমন ১৩৮ কোটি টাকা লোকসানের বোঝা অপর দিকে উৎপাদনের হার একেবারে জ্যামিতিক হারে কমে যাওয়া, এই দুমুখী আক্রমনে মানুষ বিপর্যয়ের মুখে আস্তে আস্তে চলে যাচ্ছে। আজকে এই সভার সকলের ভাবার অধিকার আছে বলে মনে করি। অপর দিকে কি করছেন? ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই, যেটা একটা

বহুজাতিক ব্যবসা, লাভজনক ব্যবসা - আপনি অবাক হয়ে যাবেন, আপনি একজন ট্যাক্স পেয়ার, যা ভারতবর্ষের কোন জায়গায় হয়নি, অল টাইম রেকর্ড, একটা বহু জাতিক লাভজনক সংস্থাকে তাদের আমলে পাঁচ বার ট্যাক্স বাড়াবার অধিকার দিয়েছেন। কমিউনিষ্ট পার্টির নেতা হিসাবে যখন জ্যোতি বাবু সিটু'র ভাইস প্রেসিডেন্ট, আমরা তখন সরকারে. — একটা চিঠির কথা মনে আছে, যখন টিটাগড়ে তাদের নতুন করে পাওয়ার প্রজেক্ট তৈরী করার পরিকল্পনা তারা ঘোষণা করলেন, আমাদের সময়ে, সিদ্ধার্থ শংকর রায়, তখন জ্যোতি বাবু সিটুর ভাইস প্রেসিডেন্ট হিসাবে চিঠি লিখেছিলেন যে এই বহু জাতিক ব্যবসাকে আর সম্প্রসারণ করতে দেওয়া একটা অন্যায় এবং নীতিগতভাবে এর তীব্র বিরোধীতা করছি। সরকারী ফাইলে এই সব এখনও আছে। আজকে পরবর্ত্তীকালে এই বহু জাতিক লাভজনক ব্যবসাকে ভায়লেটিং অল নর্মস।

**[3.20–3.30 p.m.]**

এ.জি.বেঙ্গল নানা রকম ইর্‌রেগুলারিটিজ এর যে সংবাদ দিয়েছে, তা এই হাউসের কাছে পাবলিশ্‌ড হয়ে গেছে। তা সত্বেও তাকে পাঁচবার এক্সটেনশান দেওয়া হয়েছে। এমন কি কেউ বলতে পারেন ভারতবর্ষের মধ্যে কোন একটা বহুজাতিক ইলেকট্রিক সাপ্লাই ডিস্ট্রিবিউশন সংস্থাকে এইভাবে লাভজনক অবস্থায় পৌঁছে দিয়েছে?

ওয়েস্ট বেঙ্গল গর্ভনমেন্টের অনুমোদন ছাড়া এই জিনিস সম্ভব নয়। কি ভাবে মানুষের উপর ট্যাক্স বৃদ্ধি করেছে, তার কয়েকটা নমুনা দিচ্ছি। ১/৭/৭৮ সালে একবার ট্যাক্স বাড়ালেন, ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাইকে অনুমোদন দিলেন। বারবার তো আমাদের সম্পর্কে ওনারা তুলনা মূলকভাবে আলোচনা করেন, দেখান তো, ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্য্যন্ত আমরা কবার এই ইলেকট্রিক সাপ্লাই কোম্পানীকে ট্যাক্স বাড়াবার অনুমতি দিয়েছি, দেখাতে পারেন? আমি তুলনা মূলকভাবে দেখাচ্ছি যে আপনারা পাঁচ বার দিয়েছেন, ১/৭/৭৮ সালে দিয়েছেন, সেখানে কি ভাবে বেড়েছে, যেখানে গ্রস রেট ছিল মিনিমাম ৩১.৮৩ পয়সা হিসাবে, সেখানে ম্যাক্সিমাম রেজ হয়ে গেছে, রিবেট কমিয়ে দেওয়া হলো, রিবেট সেখানে ছিল ৮.০০, রিবেট কমিয়ে দেওয়া হলো ৩.০তে। নেট রেট যেখানে ২৩.৮৩ ছিল, সেখানে বাড়িয়ে ২৮.৮৩ তে আনা হলো এবং টোটাল যেটা দাঁড়ালো, যেখানে ২৬.৪৮ পয়সা ছিল, সেখানে ৩৬.৩৮ পযসায় দাঁড়ালো এবং এইগুলো ইন্ডিভিজুয়্যাল প্রত্যেকটি মানুষের উপর গিয়ে চাপ পড়ছে। ১/৯/৮৪ সালে ঠিক এইভাবে ৪৮.৮০ পয়সা থেকে ৬৮.৫০ পয়সা নিয়ে যাওয়া হয়েছে সরকারী অনুমতিতে। ১/৪/৮৫ সালে আর একবার বেড়েছে, তার মাঝখানে আর একবার হয়েছে, সেটা হচ্ছে ১/৪/৮৪ তারিখে, তারপর ৫০.৮০ থেকে ৭৪ টাকায় নিয়ে যাওয়া হয়েছে। আজকে এর বিরুদ্ধে প্রতিবাদ করতে গেলে বলবেন যে সরকারের বিরুদ্ধে চক্রান্ত হচ্ছে, ষড়যন্ত্র হচ্ছে। আর আমরা বলতে চাই যে মানুষের উপর যদি এইভাবে ফ্যাসিস্ট কায়দায় ট্যাক্স চাপিয়ে দেওয়া হয়, মাল্টিন্যাশান্যালের স্বার্থে, যাদের কোটি কোটি টাকা মুনাফা রয়েছে, তার প্রতিবাদ যদি আমরা করি, সেটা যদি চক্রান্ত হয়, তাহলে আমরা চক্রান্ত করছি। তাসত্বেও আমরা যদি বুঝতাম যে এই কোম্পানীর শ্রমিক কর্মচারীরা কিছু পাচ্ছে, এখানে তো অনেক ট্রেড ইউনিয়ন নেতারা রয়েছেন, শ্রমিক কর্মচারীরা, এমন কি আই.এন.টিইউ.সি., সিটু এক সঙ্গে বসে ওয়েজেস নেগোসিয়েশন বসেছিল - অভূতপূর্ব সমস্ত কথাবার্ত্তা, আমি একটু পড়ে শোনাচ্ছি, চুক্তি অনুযায়ী ঐ ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী যেখানে এবার ১ কোটি টাকার বাজেট বাঁচিয়ে দিয়েছে, নেগোসিয়েশন

করে এই সরকার পক্ষ থেকে লেবার মিনিষ্টার, সমস্ত ট্রেড ইউনিয়নগুলো বিরোধীতা করা সত্ত্বেও এদের দাবীকে অগ্রাহ্য করা হয়েছে। বলা হচ্ছে, যে আই.এন.টি.ইউ.সি. এবং সিটু এই দুটো ইউনিয়নের দাবী ১৯৮৩ সালের জন্য কর্মীদের কিছু টাকা দিতে হবে। আর ১৯৮৪ সালের জন্য নতুন বেতন বৃদ্ধির পরে সুযোগ সুবিধা দিতে হবে এবং শ্রমমন্ত্রী বলেন তা সম্ভব নয়। কারণ পশ্চিমবাংলায় আগে কখনও এমন চুক্তি হয়নি। ঠিক কথা নয়, তিনি অসত্য কথা বলেছেন। কারণ আমি আপনাকে একটা বই দেখাচ্ছি, দি ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন মেমোরান্ডাম অব সেটেলমেন্ট ডেটেড ১৫.৫.৮৫। ১৫/৮/৮১ সালে যেখানে এই ধরণের চুক্তিতে এই সরকারই — ৯ পাতাতে ১৯৭৯ সালের ৩১শে মার্চ এবং ১৯৮০ সালে ৪৫০ টাকা করে বাড়িয়েছিলেন এবং ২.৪ ক্রোর্স অব রুপিজ বাড়িয়েছিলেন। এবারেও ঠিক একই হিসাবে যখন প্রায় ২.৪ কোটি টাকা আসবার কথা, সেখানে কমিয়ে দেওয়া হয়েছে। কার স্বার্থে এটা করা হয়েছে, না, বিদ্যুতের স্বার্থে, না, শ্রমিক কর্মচারীদের স্বার্থে, কার স্বার্থে এটা করা হয়েছে। সুতরাং এই সব বিষয়গুলো ভাববার প্রয়োজন আছে বলে আমি মনে করি। স্যার, আপনি অবাক হয়ে যাবেন, এই ইলেকট্রিসিটি বোর্ড একটা স্বয়ং শাসিত সংস্থা, বাংলাদেশের বুকে সরকারের নিয়ন্ত্রিত একটি মাত্র সংস্থা, সেটাও সিক ইন্ডাষ্ট্রিতে পরিণত হয়েছে। ইট ইজ এ্যাবসোলিউটলি এ সিক ইন্ডাষ্ট্রি। এদের ভ্রান্ত নীতির ফলে প্রশাসন থেকে আরম্ভ করে কোথাও শৃঙ্খলা নেই, কর্মদক্ষতার অভাব, আর্থিক ক্ষয়ক্ষতি সব মিলিয়ে একটা চূড়ান্ত জায়গায় গিয়ে পৌঁছুছে। সব থেকে মজার কথা হচ্ছে আমাদের সরকারের অধীনে থাকা সত্বেও আজকে সিক ইন্ডাষ্ট্রির যে কয়টা ক্রাইটেরিয়া তার সব কয়টা এর মধ্যে বিদ্ধমান হয়ে দাঁড়িয়েছে। কোন প্ল্যানিং নেই, ইউনিটের সঙ্গে বোর্ডের কোন যোগাযোগ নেই। আপনি বলতে পারবেন যে ব্যান্ডেল থার্মাল ইউনিটের কর্মকর্তাদের সঙ্গে বোর্ডের কর্মকর্তাদের কয়বার মিটিং হয়েছে? এক একটা ইউনিট সম্পূর্ণভাবে সেই জেলার সি.পি.এম এর, বামপন্থী নেতাদের নিয়ন্ত্রনে। সামগ্রীকভাবে যেটাকে একটা মাষ্টার প্ল্যান বলে সেই ধরণের কোন প্ল্যানিং করতে পারেন নি এবং তার এক মাত্র কারণ হচ্ছে চূড়ান্ত দলবাজী। আমরা বারবার এই হাউসে বলেছি যে ডেভলপমেন্ট-এর কাজে ইঞ্জিনিয়ারদের একটা অবদান আছে, একটা গুরুত্বপূর্ণ ভূমিকা থাকে। আজকে সানতালদি থার্মাল প্লান্টে এ্যাকাউন্টস অফিসার থেকে আরম্ভ করে ইঞ্জিনিয়াররা রাজনীতির চাপে বাধ্য হয়ে ৩০০ মত ইঞ্জিনিয়ার এবং অফিসার চাকুরী ছেড়ে দিয়ে চলে গেছে। এ সব জিনিস কোথায় হয়? যখন কোন বিদ্যুতের প্রচন্ড অবক্ষয় দেখা যায় তখন আমরা দেখি যে বিজ্ঞপ্তি জারী করা হয়ে যে থার্মাল প্লান্টের অমুক ইউনিট বাষ্ট করেছে। জ্যোতিবাবু মাঝে মাঝে বলেন, আমরা নাকি ম্যাজিক জানি। কি রকম ম্যাজিক? আমরা যখন সরকার থেকে চালে যাই তখন নাকি এমন সব যন্ত্র ফিট করে নিয়ে এসেছি যে আমরা চলে গেলেই থার্মাল প্লান্টের ম্যাসিনগুলি ফট ফট করে ফেটে যাবে। এই রকম ম্যাজিক নাকি আমরা করে দিয়ে এসেছিলাম। যে গ্যাসটার্বাইনগুলি ৫০ কোটি টাকা দিয়ে ৪টি কিনে আনা হয়েছে, সেগুলি এমন দেখবেন যে গ্যাস আছে, আর এ্যাস আছে টার্বাইন নেই। আমরা তদন্ত করার জন্য দাবী করেছিলাম। গ্যাসটার্বাইন যে ৪টি বসিয়েছেন সেগুলি ভাঙ্গা জিনিস নিয়ে এসে বসিয়েছেন। এই ৪টি গ্যাস টার্বাইন মিলে ১০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করার কথা কিন্তু তার কিছুই হচ্ছে না। এতে সায়েন্টিফিক এ্যাপ্রোচ কি আছে? আজকে পিক আওয়ারে গ্যাস টার্বাইন দিয়ে খানিকটা ম্যানেজ করা যায় কিন্তু মেইন স্পালাই পৃথিবীর কোন জায়গায় গ্যাস টার্বাইন ব্যবহার করে হয়, যা এরা করছেন? শুধু মাত্র চূড়ান্ত দুনীর্তি করার জন্য এগুলি করা হয়েছে। বারবার একথাগুলি বলা সত্ত্বেও তাদের কর্ণে প্রবেশ করেনা। আর একটা কথা বলা দরকার।

বিদ্যুৎ দপ্তরে কোন প্রোমোশান পলিসি নেই। আজকে শাস্তিমূলকভাবে ট্রান্সফারের ব্যবস্থা করা হয়েছে। আমাদের ৬ হাজার কর্মীকে এই রকম ভাবে বদলী করা হয়েছে যেটা শাস্তিমূলক বদলী। দার্জিলিং থেকে দক্ষিণবঙ্গ থেকে উত্তরবঙ্গে তাদের শাস্তিমূলক বদলীর ব্যবস্থার করা হয়েছে। আমরা বারবার বলেছি কিন্তু সেখানে আপনারা পুলিশ দিয়েছেন। পুলিশ দিয়ে আমাদের কর্মীদের গা থেকে রক্ত বের করতে পারবেন, ৬ থেকে ১৬ হাজার আমাদের সমর্থক কর্মীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিতে পারবেন কিন্তু তাতে বিদ্যুৎ বের করতে পারবেন না। শ্রমিক কর্মচারীদের আপনার নিজের পরিবারের মত দেখতে হবে। তাদের দিয়ে কাজ আদায় করতে হবে। তা না করে খালি পুলিশ পাঠিয়ে দিয়ে জবরদস্ত কায়দায় তাদের পেটানো হচ্ছে এবং শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করে তাদের পিঠ ভেঙ্গে দেবার ব্যবস্থা করছেন। আজকে ইউনিয়নগুলিতে শুধু মাত্র রাজনৈতিক অনুপ্রবেশ ঘটানোর জন্য এই জিনিস করা হচ্ছে। কাজেই আমরা এর তীব্র প্রতিবাদ করছি। স্যার, আমি এদের অযোগ্যতা সম্পর্কে একটু বলি। সানতালদির ফার্স্ট ইউনিটের কমিশন হয়েছিল ১৯৭৪ সালে এবং তখন কংগ্রেস সরকার ছিল। ১৯৭৪ সাল থেকে এই ইউনিটে আজ পর্যন্ত কতবার খারাপ হয়েছিল? আর ফোর্থ ইউনিট কমিশন হয়েছিল ৩১শো মার্চ অর্থাৎ ১৯৮১ সালের মার্চ থেকে ১৯৮৪ সালের ডিসেম্বর পর্যন্ত গড়ে প্রায় ৫ বার খারাপ হয়েছে। এটা কার দোষে হয়েছে? মেইনটেনেন্স হয়েছে? যদি বছরে ৫ বার খারাপ হয় তাহলে মন্ত্রী মহাশয় বলবেন কি যে এটা কার দোষে হয়েছে - কেন্দ্রীয় সরকারের দোষে, না আপনাদের অযোগ্যতার জন্য হয়েছে? এমন ভাবে সব ব্রেক ডাউন হয়েছে যেখানে ট্রেন এ্যান্ড রেডিও পর্যন্ত আমাদের দেশে অচল হয়ে গেছে। এটা অল টাইম রেকর্ড এবং যদি অন্যান্য রাজ্যের সঙ্গে তুলনা করি তাহলেও রেকর্ড করেছে। এমন কি আর্ন্তজাতিক রেকর্ডের কথাও যদি বলা যায় তাহলে আর্ন্তজাতিক রেকর্ডও করেছে। কি রকম রেকর্ড সেটা একটা আপনাদের শোনা দরকার। রাজ্যে বিদ্যুৎ তদারকীর জন্য পশ্চিমবঙ্গ বিশ্বরেকর্ড করেছে ট্রান্সমিশন এবং লসের ক্ষেত্রে। যেখানে আর্ন্তজাতিক লস হচ্ছে ১১ পারসেন্ট, সেখানে ভারতের হচ্ছে ১২-১৩ পারসেন্ট। আর পশ্চিমবঙ্গে হচ্ছে ৩১ পারসেন্ট।

**[3.30–3.40 p.m.]**

ভারতবর্ষের মধ্যে আমি একটা ছোট্ট রেকর্ড দেখলাম। আমাদের মন্ত্রী আর একটা আন্তর্জাতিক রেকর্ড করেছেন এবং তার জন্য তাকে পদ্মভূষণ উপাধি দেবার প্রস্তাব এখান থেকে পাঠানো হোক। আর ট্রানসমিসন এ্যান্ড লসের ক্ষেত্রে উনি বিশ্বরেকর্ড করেছেন। শুধু তাই নয়, স্যার, এটা একটা মস্ত বড় ক্রিমিন্যাল অফেন্স যে, গ্রামীন উন্নতির জন্য ৮২ কোটি টাকার বিদ্যুৎ সরবরাহের যন্ত্রপাতি কেনা হয়েছিল এবং এতদিন পরে টনক নড়ল যে, সেই যন্ত্রপাতি ব্যবহার করা হয়নি, স্ক্রাপের দরে এবার বিক্রী হবে। গ্রামীন ইলেকট্রিফিকেসনের জন্য ৮২ কোটি টাকার আধুনিক যন্ত্রপাতি কেনা হয়েছিল, সেগুলি ১১ কোটি টাকার বিনিময়ে স্ক্রাপের দরে বিক্রী করা হয়েছে। তারপরেও আপনারা বলবেন আপনাদের সমর্থণ করতে হবে? স্যার, আপনি বামফ্রন্টের লোকদের জিজ্ঞাসা করুন যে, এর পরেও ওদের সমর্থণ করা যায় কিনা - এই জিনিস উনি করে চালাচ্ছেন। স্যার, গ্রামীন উন্নতির জন্য কেন্দ্রীয় সরকার যে টাকা দিয়েছিলেন সেই টাকা ফেরৎ গেছে বহুবার এবং তা নিয়ে বহুবার আলোচিতও হয়েছে। কিন্তু আজ পর্যন্ত তার কোন ব্যবস্থা করা হয়নি। স্যার, বিদ্যুৎ এবং তার চুরির ব্যাপার নিয়ে প্রত্যেকটি জায়গায় অনুসন্ধান করে দেখলে দেখা যাবে যে, বেশীর ভাগই সেই সব জায়গায় তার চুরি হচ্ছে যেখানে ডমিনেটেড্ বাই লেফট্ ফ্রন্ট আছে। এর থেকে বোঝা যাচ্ছে ডমিনেটেড্ বাই লেফট্

ফ্রন্ট এলাকায় ম্যাক্সিমাম তার ও অন্যান্য যন্ত্রপাতি চুরি হয়েছে। স্যার, এমন অনেক জায়গার কথা জানি যেখানে এফ.আর. পর্যন্ত করা হয়নি। এমন কি এরকমও হয়েছে যেখানে তার চুরি হবার পরে পুলিশ গ্রেপ্তার করেছিল জবরদস্তি কায়দায় পার্টি থেকে ছাড়িয়ে আনা হয়েছে, তার কোন বিহিত হচ্ছে না। স্যার, কিছু বললেই বলবে সমস্ত চুরি হয়ে চলে যাবে। সমাজবিরোধীদের সাথে পুলিশের যোগসাজস এবং তার সঙ্গে সরকারী যোগাযোগে এক অভূতপূর্ব অবস্থার সৃষ্টি হয়েছে। স্যার, সাঁওতালদিতে আই.এন.টি.ইউ.সি.র ১৩ জন কর্মীকে ছাঁটাই করা হল। হাই কোর্ট রায় দিল অবিলম্বে এদের বহাল করতে হবে। মন্ত্রী মহাশয় রাজনৈতিক কারণে এখনো পর্যন্ত বহাল করেন নি, হাই কোর্টের রায় মেনে নেন নি। শ্রমিক কর্মচারীদের সঙ্গে, কর্মচারীদের সঙ্গে যদি এই সম্পর্ক নিয়ে রাজনীতি করেন তাহলে বিদ্যুৎ উৎপাদন অব্যাহত থাকবে কি থাকবে না সেই প্রশ্নের জবাব উনি দেবেন। আই.এন.টি.ইউ.সি. ইউনিয়নের কি অপরাধ? ওরা অনেক জায়গায় দুর্নীতির কথা বলে দিয়েছেন। আই.এন.টি.ইউ.সি. ব্যান্ডেল প্রজেক্টের একটা দুর্নীতি কথা বলে দিয়েছিল। সেখানে কোটি কোটি টাকার ব্যাপার ছিল। ২১ কোটি টাকার দুর্নীতির কথা বলা হয়েছিল। তদন্ত এড়িয়ে যাওয়া হয়েছিল। অডিটের প্রশ্ন দিয়ে তদন্ত শুরু হয়েছিল, কিন্তু আজ পর্যন্ত সেই তদন্তের রিপোর্ট প্রকাশ করেন নি। এই রিপোর্ট প্রকাশ করছেন না কেন? কয়েক বছর হয়ে গেলে তারপর আর প্রকাশ করতে পারবেন না। অনেক রাঘব বোয়াল এর সঙ্গে যুক্ত আছে তারা ধরা পড়ে যাবে তাই রিপোর্ট প্রকাশ করছেন না। আমি তাই আজকে দাবী করছি আপনি সেই রিপোর্ট সাবমিট করুন এবং এই কেলেঙ্কারীর সাথে যুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে অবিলম্বে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করুন। কিন্তু তা তিনি করতে পারবেন না। এইভাবে বিদ্যুৎ পর্ষদে গাদা গাদা ইঞ্জিনিয়ার নিয়ে এসে মাথা ভারি করা হয়েছে এবং বোর্ডের মধ্যে নিজেদেব লোকদের ঢোকানো হয়েছে, যাদের কাজই হচ্ছে শুধুমাত্র বোর্ডের সঙ্গে যোগাযোগ রেখে ইউনিটগুলি পরিচালনা করা এবং তারা সবই হচ্ছে মার্কসবাদী কমুনিষ্ট পার্টির লোক। সুতরাং এটা যদি রাজনৈতিক আখড়া হয়ে যায় তাহলে ইউনিটগুলিতে এক ফোঁটাও বিদ্যুৎ উৎপাদন হতে পারে না। এই অবস্থা হলে এটা শুধু রাজনৈতিক দোষে দুষ্ট হতে পারে উৎপাদন হতে পারে না, অন্য কিছু হতে পারে। আমি এর তীব্র প্রতিবাদ করছি এবং সমস্ত মূল নীতি পরিবর্তনের দাবী করছি এবং পথ পরিবর্তনের চিন্তা ভাবনা করতে হবে। শুধু কেন্দ্রের বিরুদ্ধে জিগির তুলে দিলেই বিদ্যুৎ উৎপাদন হবে না। আমাদের এই অর্থনৈতিক অবস্থার জন্য বিদ্যুৎ উৎপাদন কতকটা যে দায়ী সেই কথা কি কেউ অস্বীকার করতে পারেন? আজকে ওরা ঘরে ঘরে এক রেট করে নিয়েছেন। সিক ইনডাস্ট্রি খুলবেন বলে ইনসেনটিভ দিচ্ছেন। বিড়লার হিন্দমোটরে যে ভাবে বিদ্যুৎ ব্যবহার করা হচ্ছে সেই ধরণের নির্দেশ ক'টা ইন্ডাষ্ট্রির ক্ষেত্রে মানা হচ্ছে? বহু ইন্ডাষ্ট্রি সিক হয়ে বন্ধ হয়ে গেছে। অন্যান্য যেসব সিক ইন্ডাষ্ট্রি আছে যেমন, কোলে বিস্কুট ইত্যাদি ক্ষেত্রেও সেই একই জিনিস হওয়া উচিত। কিন্তু সিক ইন্ডাষ্ট্রির ক্ষেত্রে বিদ্যুতের একটা বিশেষ ইনসেনটিভ দেবার ব্যবস্থা করা হচ্ছে না। আমি দাবী করছি সেখানে এই ইনসনেটিভ দেবার ব্যবস্থা চালু করা হোক এবং বিশেষ করে বিদ্যুৎ সংক্রান্ত ব্যাপারে রাজ্যসরকারের পক্ষ থেকে সিক এ্যান্ড ক্লোজড ইন্ডাষ্ট্রির ক্ষেত্রে একটা বিশেষ ইনসেনটিভ দেবার নীতি অবিলম্বে সরকার ঘোষণা করুন। স্যার, এল.আই.সি.র ঋণ বহুল পরিমাণে পড়ে রয়েছে, প্রায় ৮ বছর ধরে এটা পড়ে আছে। এই সরকার যতদিন ধরে ক্ষমতায় আছে ততদিন পড়ে আছে। এই এল.আই.সি.র ঋণ ইনস্টলমেন্টে করা সত্বেও কিছু করা হচ্ছে না। আর সব চেয়ে মজার ব্যাপার হচ্ছে এই যে, বিদ্যুতের ঘাটতি আছে এবং তার সঙ্গে টাকা অনাদায় অবস্থায় রেখে দেওয়া হয়েছে।

ওঁর কোনো রেকর্ড নেই, কতজন লোক ওঁর কাছ থেকে বিদ্যুৎ নিচ্ছে তা উনি জানেন না। স্যার, ভেবে দেখুন একটা সরকার এই ভাবে চলছে, একটা বিভাগ এইভাবে চলছে! বিদ্যুতের কতজন গ্রাহক তার কোনো রেকর্ড নেই, গ্রাহকদের কাছ থেকে কত অর্থ আদায় হচ্ছে তারও কোনো রেকর্ড নেই। দেয়ার ইজ্ নো রেকর্ড, এ একটা অভূতপূর্ব অবস্থা। এই অভূতপূর্ব অবস্থায় দেশের মানুষের ঘাতে বাড়তি আর্থিক বোঝা চাপিয়ে দেওয়া হচ্ছে এবং সমগ্র অর্থনীতির সর্বনাশ করা হচ্ছে। গ্রাহকদের উপর এ্যাপ্রকসিমেট্ রেট্ ধার্য করা হচ্ছে। কোন্ আইনে করা হচ্ছে? যে আইনেই করা হোক না কেন, যা হোক একটা রেট্ বসিয়ে দিয়ে বলা হচ্ছে, আগে পেমেন্ট করতে হবে, তারপরে কোর্টে যেতে পারো। জনগণের উপর এইভাবে অত্যাচার করার পরেও ওঁরা বলেন, জনগণের সরকার। আমি অনুরোধ করছি, এই সমস্ত আইন প্রত্যাহার করে নিয়ে মানুষকে একটু রিলিফ দেওয়ার ব্যবস্থা করুন। এরপরেও আমরা দেখতে পাচ্ছি এক একটি সার্কেলে কোটি কোটি টাকা অনাদায়ী পড়ে আছে। একমাত্র হুগলী সার্কেলেই আমরা দেখছি ১৯৭৯-৮০ সালের ১০ লক্ষ টাকা অনাদায়ী, ১৯৮০-৮১ সালের ১৩ লক্ষ ৬০ হাজার টাকা অনাদায়ী, ১৯৮১-৮২ সালের ১৩ লক্ষ টাকা অনাদায়ী আছে। বর্ধমান সার্কেলে ১৯৮০ সাল থেকে ১৯৮৩ সালের মধ্যে ১৩ লক্ষ টাকা অনাদায়ী পড়ে আছে। সামগ্রিকভাবে এই সার্কেলে এস.ই.বি.'র ২ কোটি টাকার উপর অনাদায়ী পড়ে আছে, আদায় করতে পারছে না। অথচ তাদের ব্যাঙ্ক চেক্ ডিসঅনার হচ্ছে। ডোমেসটিক, কোম্পানী এবং অন্যান্য খাতে তাদের যে দায় রয়েছে, সে সমস্ত ক্ষেত্রে ২২.৩ কোটি টাকা অনাদায়ী অবস্থায় পড়ে রয়েছে। বড় বড় কোম্পানীগুলির কাছে বড় বড় অঙ্ক অনাদায়ী পড়ে আছে। লক্ষ লক্ষ কোটি টাকা বছরের পর বছর এইভাবে পড়ে আছে, এর উপর যদি ১৮ পারসেন্ট সুদ ধরা হয় তাহলে অঙ্কটা আরো অনেক বেড়ে যায়। অথচ এই টাকা আদায় করার জন্য সার্টিফিকেট পর্যন্ত ইসু করা হচ্ছে না। একটি কোম্পানীকেও সার্টিফিকেট ইসু করা হচ্ছে না। অপর দিকে প্রতিটি কোম্পানীই এ বিষয়ে অনমোনীয় এবং তা জেনে শুনেও ওঁর দপ্তর সার্টিফিকেট ইসু করছে না। কে বা কারা এর সঙ্গে জড়িত তা তদন্ত করা দরকার। এক দিকে সংকীর্ণ দলীয় রাজনীতি, অপর দিকে মেন্‌নেন্যান্স এবং প্রডাকশনের ক্ষেত্রে চরম ব্যর্থতার জন্যই আজকে রাজ্যে বিদ্যুতের এই শোচনীয় অবস্থা। তাই আমি বলছিলাম মানুষের কাজ পশু-পক্ষীকে দিয়ে করানো সম্ভব নয়। বিহার, উড়িষ্যা বা ভারতবর্ষের অন্য রাজ্যের প্রসঙ্গ এখানে টেনে আনার কোনো যুক্তি আছে বলে আমি মনে করি না। আজকে আমাদের বিদ্যুৎ পরিস্থিতির উন্নতির জন্য একটা সামগ্রিক নীতি ঘোষণা করা প্রয়োজন।

এই ক'টি কথা বলে ব্যয়বরাদ্দের বিরোধিতা করে, ছাঁটাই প্রস্তাবগুলি সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**[3.40–3.50 p.m.]**

**শ্রী ব্রজ গোপাল নিয়োগী :** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি বিদ্যুৎ খাতের ব্যয়বরাদ্দকে সমর্থন করে এবং এই ব্যয়বরাদ্দের উপরে যে সমস্ত ছাঁটাই প্রস্তাব গুলি আনা হয়েছে সেগুলির বিরোধিতা করে কিছু বলতে চাই। মাননীয় সদস্য সুব্রত মুখার্জী আজকে এই ব্যয়বরাদ্দের বিরোধিতা করে মেনটেন্যান্স ক্ষেত্রে বামফ্রন্টের গাফিলতির কথা বলেগেলেন। অথচ ওঁরা যে বিগত ৩০ বছরের কংগ্রেস রাজত্বে বিদ্যুৎ প্রকল্পগুলির মেনটেন্যান্স করেননি, সে কথা ভুলেগেলেন। আমরা জানি জরুরী অবস্থার সময়ে ব্যান্ডেল তাপ বিদ্যুৎ কেন্দ্রের ইউনিটগুলিকে একটানা ২৫/৩০ মাস চালান

হয়েছিল, যন্ত্রপাতিগুলিকে একটুও বিশ্রাম দেওয়া হয়নি। এসব কথা কি উনি ভুলে গেছেন? আজকে ওঁদের মুখে মেনটেন্যান্স'এর কথা ভূতের মুখে রাম নামের মত শোনাচ্ছে! আমরা দেখেছি ওঁরা বিভিন্ন প্রজেক্টে কর্মচারী নিয়োগের সময়ে টেক্নিক্যাল কাজের জন্য নন্-টেকনিক্যাল মানুষদের নিয়োগ করেছিলেন। যারা বিদ্যুৎ উৎপাদনের কাজ-কর্ম সম্বন্ধে কিছুই জানত না, তাদের বিদ্যুৎ উৎপাদনের কাজে নিয়োগ করেছিলেন। ফলে শ্রমিকদের মধ্যে বিশৃংখলা সৃষ্টি হয়েছিল। বর্তমানে বামফ্রন্ট সরকার বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলিতে নিয়ম-শৃংখলা ফিরিয়ে এনেছেন, পানচিং প্রথা চালু করেছেন, অকারণ ওভার টাইম বন্ধ করেছেন। আগে ওভার টাইমের নামে লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা ব্যয় হ'ত। মাননীয় ডেপুটি মহাশয়, বামফ্রন্ট সরকার শৃংখলা ফিরিয়ে আনার জন্য বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করেছেন বলেই আজকে আই.এন.টি.ইউ.সি নেতার গাত্রদাহ হচ্ছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বিদ্যুৎ ঘাটতিজনিত সমস্যা আজকের নতুন কোন সমস্যা নয়, এই রাজ্যে ১৯৬১ সাল থেকে বিদ্যুৎ ঘাটতি শুরু হয়েছে এবং '৬৩ সাল থেকে চরম অবস্থা সৃষ্টি হয়েছে। তৃতীয় যোজনার সময় থেকেই আমরা কেন্দ্রীয় সরকারের পশ্চিমবাংলার প্রতি বিমাতৃসুলভ আচরণ লক্ষ্য করছি। নতুন প্রজেক্ট স্থাপনের ক্ষেত্রে, টাকা পয়সা বরাদ্দ করার ক্ষেত্রে, সর্বক্ষেত্রেই আমরা কেন্দ্রীয় সরকারের অনমোনীয় মনোভাব লক্ষ্য করছি। যার ফলশ্রুতি হিসাবে আজকে পশ্চিমবাংলায় এই অবস্থার সৃষ্টি হয়েছে। ডেপুটি স্পীকার স্যার, মাননীয় সুব্রত বাবু সাঁওতালদির কথা বললেন। এই সাঁওতালদি এশিয়ার মধ্যে বৃহত্তম পাওয়ার প্রজেক্ট হওয়ার কথা ছিল, ১০০০ মেগা ওয়াট বিদ্যুৎ উৎপাদন হওয়ার কথা ছিল। কিন্তু তাঁরা তাদের সময়ে সাঁওতালদিতে এমনই একটি প্রকল্প করলেন যে প্রকল্পটির কোনো দিনই আর [illegible] হওয়ার সম্ভাবনা নেই। এই প্রকল্পটি নির্মানের ক্ষেত্রে প্রথমেই ওঁরা যে ভুলটি করেছিলেন সেটি হচ্ছে সাঁওতালদি পাওয়ার প্ল্যান্ট হওয়ার মত জায়গায়ই নয়। সেখানে জল নেই, উন্নত মানের কয়লা নেই, কোন যোগাযোগ ব্যবস্থা নেই। সে রকম একটা জায়গায় ওঁরা পাওয়ার প্ল্যান্ট করলেন। শুধু তাই নয়, ভারতবর্ষের দেশীয় মেশিনগুলি পরীক্ষা-নিরীক্ষা করার জন্য, [illegible]ন্ট করার জন্য সাঁওতালডিহিতে ব্যবহার করা হলো। আজকে উনি ৫ বার খারাপ হয়ে গেছে যেটা বললেন তার মূল কারণ হচ্ছে, বিদেশী যন্ত্রপাতি না এনে এইরকম দেশীয় ভারতীয় যন্ত্রপাতি প্রয়োগ করলেন, একসপেরিমেন্ট করতে গেলেন সাঁওতালডিহিতে। তার ফল আমাদের ভোগ করতে হচ্ছে। ওদের কুকীর্তির বোঝা আমাদের ঘাড়ে এসেছে। ১৯৭৭ সাল থেকেই সেই বোঝা আমরা বহন করে চলেছি। ১৯৭৭ সালে যখন আমরা দায়িত্বে এলাম তখন সাঁওতালডিহির তৃতীয় এবং চতুর্থ ইউনিটটির কাজ মাঝখানে বন্ধ হয়ে গেছে। ব্যান্ডেলের ৫ ইউনিটের প্রাথমিক পর্যায়ের কাজ শেষ হয়নি। কোলাঘাটের জমি অধিগ্রহণ না করেই মূল্যবান যন্ত্রপাতিগুলি মাঠের মধ্যে ফেলে রাখলেন। ১৯৭২/৭৩ সালে কোলাঘাটে সেইসব লক্ষ লক্ষ টাকার যন্ত্রপাতিগুলি রোদ, বৃষ্টি, ঝড় এবং পর পর দুবার বন্যার মধ্য দিয়ে যন্ত্রপাতিগুলি নষ্ট হয়ে গেল। এই রকম দায়িত্বজ্ঞানহীনতার পরিচয় কোথায় আর দেখা যায়? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওঁরা কোলাঘাটের কথা বললেন কিন্তু ওদের অপকৃর্তি এবং গাফিলতির জন্য যে মেশিনগুলি নষ্ট হয়ে গেল সেকথা ওনারা বললেন না। আমরা ক্ষমতায় আসবার পর কোলাঘাটের জমি অধিগ্রহণ করা হয়েছে এবং দ্রুতিগতিতে কাজ যাতে চলে তারজন্য প্রাণ-পন চেষ্টা করা হচ্ছে। ১৯৭৭ সালের সময় যখন আমরা ক্ষমতায় এলাম তখন দেখা গেল ২০০ থেকে ৩০০ মেগাওয়াট ঘাটতি এবং এটা নিত্য-নৈমিত্তিক ঘটনা ছিল। আগেকার সরকারের বিদ্যুতের প্রতি যে অবহেলা সেই অবহেলা দায়িত্ব ভার, সেই বিদ্যুৎ সংকটের গুরুভার

বামফ্রন্ট সরকারের ঘাড়ে এসে পড়লো। এটা কারোই অস্বীকার করার উপায় নেই। এর সাথে সাথে রাজ্য বিদ্যুৎ পর্ষদ এবং ডি.পি.এলের প্রশাসনিক বিশৃঙ্খলা আমাদের ঘাড়ে এসে পড়লো। এখন প্রশ্ন হচ্ছে, এই বিদ্যুৎ সংকট কি শুধু পশ্চিমবাংলায়? ভারতবর্ষের অন্যান্য রাজ্যগুলিতে কি বিদ্যুৎ সংকট নেই? নিশ্চয়ই আছে। সেইজন্য আজকে ভাবতে হবে, কেন এই বিদ্যুৎ সংকট। ভারতবর্ষের প্রত্যেকটি রাজ্যে বিদ্যুৎ সংকট আছে, কোথাও কম কোথাও বেশী। এই বিদ্যুৎ সংকটের মূল কারণ হচ্ছে পরিকল্পনার ত্রুটি। কেন্দ্রীয় সরকার যেভাবে পরিকল্পনা করে, যেভাবে সাংসান করে তার ভিত্তিতেই সেইসব প্রজেক্টের কাজ এগিয়ে যায়। এখানে যে বাজেট বই দেওয়া হয়েছে তাতে সব লেখা আছে, মাননীয় সদস্য বোধ হয় বাজেট বইটি পড়েননি বহু স্কীম দেওয়া হয়েছে কিন্তু সেগুলি পড়ে আছে। কোনটা সি.ই.এর কাছে আবার কোনটা যোজনা কমিশনের কাছে আটকে আছে টাকা বরাদ্দ করবার জন্য। নতুন নতুন পরিকল্পনা যদি বাড়ানো না যায় তাহলে চাহিদা যেভাবে বাড়ছে তার যোগানের ব্যবস্থা না করলে পরে এই বিদ্যুৎ সংকট বাড়বেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সাঁওতালডিহি বিদ্যুৎ প্রকল্পের যে ত্রুটি সেই ত্রুটিগুলি হচ্ছে, উন্নতমানের কয়লা, জল, পরিবহন এবং লোড সেন্টারের নৈকট্য-এগুলির জরুরী দরকার, এগুলির অভাব। এছাড়া সেখানে উন্নতমানের যন্ত্রপাতি ব্যবহার না করে ভারতীয় যন্ত্রপাতি পরীক্ষা নিরীক্ষা করার জন্য মেশিনগুলি আনানো হয়েছিল। আমরা যখন সাঁওতালডিহিতে গিয়েছিলাম, তখন ওখানকার ইঞ্জিনিয়াররা বললেন, ঐ মেশিনগুলি এখনও যে চলছে এটাই আশ্চর্য্য, এটা চলা উচিত নয়। ১২ বছরের মধ্যেই শেষ হয়ে যাওয়া উচিৎ ছিল। সেইজন্য দরকার হচ্ছে, নতুন নতুন প্রজেক্ট মঞ্জুর করার এবং সেইসব প্রজেক্টগুলি চালু করার ক্ষেত্রে বিরোধী পক্ষ থেকে হাতে হাত মিলিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে দাবী জানানো উচিৎ। আমাদের যেসব প্রজেক্টগুলি ১৯৮২ সাল থেকে পড়ে আছে সেগুলি সাংসান হয়ে গেলে ১৯৯০ সালের মধ্যে এই বিদ্যুৎ সমস্যার সমাধানের দিকে যেতে পারি। ওঁরা দুর্নীতির কথা বলছেন, আশ্চর্য্যি লাগছে। দুর্নীতির জন্যই সাসপেন্ড এবং ছাঁটাই হয়েছে, এটার প্রমাণ আছে, সে ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় জবাব দেবেন। কিন্তু যে চরম দুর্নীতি ছিল আমরা তার রোধ করার চেষ্টাই করেছি। আমরা দাবী করতে পারি না যে ১৬ আনাই সফল হয়েছে, কিন্তু ঐ সমস্ত দুর্নীতির জন্যই পানিশমেন্ট দেওয়া হয়েছে এবং ছাঁটাই ইত্যাদি করা হয়েছে। তা সত্ত্বেও আমরা বলতে পারি যে ব্যন্ডেল তাপ বিদ্যুৎ প্রকল্প ১৯৮১ সালে এই অবস্থার থেকে মেরামত করে তাকে চালু করার মধ্যে দিয়ে যে উৎপাদন দিয়েছে সেটা একটা রেকর্ড। ভারতবর্ষের মধ্যে যে ১০টি কেন্দ্র বেশী উৎপাদন দেয় ব্যান্ডেল তাদের মধ্যে অন্যতম। ব্যান্ডেল হচ্ছে পশ্চিমবঙ্গের একটা গৌরবের বিষয়, সে সম্বন্ধে ওঁরা কিছুই বললেন না, বরং উল্টো কথা বললেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিদ্যুৎ প্রকল্প চালু করতে গেলে প্রথমেই হচ্ছে টাকার সমস্যা। ১৯৭৬-৭৭ সালে ওনাদের আমলে যেটা ছিল সেটা হচ্ছে ৬৯ কোটি ৫২ লক্ষ টাকা। আর আমাদের আমলে গত বছরে ১৯৮৪-৮৫ সালে বাজেটে বরাদ্দ করেছেন, ১৭০ কোটি ১২ লক্ষ টাকা। এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যেও বিদ্যুৎ খাতে বেশী টাকা বরাদ্দ করা হয়েছে এবং বিদ্যুৎকে অগ্রাধিকার দেওয়া হয়েছে। ১৯৭৬-৭৭ সালে কংগ্রেস সরকার ঋণ মঞ্জুর করেছিলেন ২০ কোটি ৮৫ লক্ষ টাকা, আর বামফ্রন্ট সরকার ১৯৮১-৮২ সালে ঋণ মঞ্জুর করেছিলেন ৬৪ কোটি ৬৭ লক্ষ টাকা। সেদিক থেকে দেখা যাচ্ছে যে কংগ্রেস আমলের থেকে বামফ্রন্ট সরকার বিদ্যুতের সমস্ত ঋণ বাড়িয়েছেন যেহেতু ছাঁটাই বিদ্যুতের সমস্যার ব্যাপার আছে, আপনারা হিসাব দেখলেই বুঝতে পারবেন। ১৯৪৭ থেকে ১৯৭৭ পর্য্যন্ত এই রাজ্যে নূতন বিদ্যুৎ গ্রীডে ৯২০ মেগাওয়াট নূতন সংযোজিত হয়েছিল, আর ১৯৭৮ থেকে ১৯৮৩

পর্যন্ত ৬/৭ বছরে ৯০৮ মেগাওয়াট নূতন সংযোজিত হল, অর্থাৎ কংগ্রেস রাজত্বে ৩০ বছরে যত নূতন ক্ষমতা সংযোজিত হয়েছিল, বামফ্রন্ট সরকার ৬/৭ বছরে সম পরিমাণ নূতন ক্ষমতা সংযোজন করবার চেষ্টা করেছেন, তার মানে আমি বলেছি না যে আমাদের রাজ্যে, পশ্চিমবঙ্গে বিদ্যুৎ সংকট থেকে মুক্ত। বিদ্যুৎ সংকট আছে, বিদ্যুৎ সংকট যে আছে তার কারণ হচ্ছে চাহিদা। ক্রমবর্ধমান চাহিদা প্রতি বছর গড়ে ১০০ মেগাওয়াট। অন্যদিকে পুরানো ঝর্ঝরে কেন্দ্রগুলির ক্ষমতা হ্রাস পাচ্ছে তাই নূতন প্রোজেক্ট, নূতন তাপ বিদ্যুৎ কেন্দ্র স্থাপন ছাড়া ক্রমবর্ধমান চাহিদা মেটানোর কোন বিকল্প পথ নেই। সেক্ষেত্রে বামফ্রন্ট সরকার ৭/৮ বছরে ১৫টি প্রোজেক্ট সম্পূর্ণ করেছেন। এবং আরও ১১টি প্রোজেক্ট ২/৩ বছরের মধ্যে সম্পূর্ণ হবে, এসব বাজেট বক্তব্যের মধ্যে লিষ্টে আছে, এগুলি হলে পরে আগামী ১৯৯০ সালের মধ্যে পশ্চিমবঙ্গ বিদ্যুৎ সংকটের হাত থেকে যাতে মুক্ত হয় সেজন্য ব্যবস্থা নেওয়া হচ্ছে। কোলাঘাট কেন্দ্রের অনুমোদন পাওয়া গিয়েছিল ১৯৭৩ সালে ওঁদের আমলে, কিন্তু আমরা দেখছি তখন কেন্দ্রীয় সরকার একটাকাও মঞ্জুর করেন নি পঞ্চম যোজনায়। বামফ্রন্ট সরকারের একক চেষ্টায় ২১০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন ৩ ইউনিটের কাজ শেষ হয়েছে এবং চালু হয়েছে। সমস্যা হচ্ছে বাড়তি যোগানের ব্যবস্থায় এ রাজ্যে কতকগুলি সমস্যা আছে, সারা ভারতবর্ষে বিদ্যুতের সংকট রয়েছে এবং এই সংকট উন্নত দেশগুলিতে নেই, এবং নেই বলেই তারা সমস্যার সমাধান করতে পেরেছে। সেজন্য নূতন ক্ষমতার সংযোজন হল সমস্যা সমাধানের মূল চাবিকাঠি, কিন্তু দুর্ভাগ্যের কথা এইগুলি আমাদের দেশে অবহেলিত। প্রয়োজনমত বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের দিক থেকে - যে স্থাপনের ক্ষমতা রাজ্য সরকারের নেই - আপনারা সকলেই জানেন নূতন কেন্দ্র স্থাপন করতে পারেন কেন্দ্রীয় বিদ্যুৎ পরিষদ এবং বিদ্যুৎ পরিষদের বিভিন্ন রকম টালবাহানা দেখা দিচ্ছে, পশ্চিমবঙ্গ যাতে নূতন করে অনুমোদন না পায় তার জন্য ব্যবস্থা করছেন। পরাধীন অবস্থা থেকে প্রায় ১৯৫৬ সাল পর্যন্ত বিদ্যুতে প্রথম স্থান ছিল আজ পঞ্চম পরিকল্পনার পরে সপ্তম স্থানে এসে দাঁড়িয়েছে, এর মূল কারণ হচ্ছে নূতন প্রোজেক্টগুলি অনুমোদন করার ব্যাপারে কেন্দ্রীয় সরকারের অনীহা আজকে পশ্চিমবঙ্গে এই অবস্থার সৃষ্টি করেছে।

**[3.50–4.00 p.m.]**

আমি একটি অন্য ব্যাপারে বলবো। এখানে সুব্রতবাবু কলকাতায় ট্যাক্স বাড়াবার ব্যাপারে বলে গেলেন। আমি শুধু ওঁকে মনে করিয়ে দিতে চাই যে, তাপ বিদ্যুৎ কর্পোরেশন প্রথমে ইউনিট প্রতি ১.৯ পয়সা দর চেয়েছিলেন, কিন্তু বিস্তারিত আলোচনার পর সেটা ৪৬.০৫ পয়সায় দাঁড়ায় - সেটা তো এখানে বললেন না! কলকাতার ব্যাপারে তো অনেক কথা বলে গেলেন, সেখানে এটাও যদি বলতেন তো বুঝতে পারতাম যে নিরপেক্ষভাবে বলছেন। কয়েকদিন আগে কেন্দ্রীয় বিদ্যুৎ বিভাগের রাষ্ট্রমন্ত্রী শ্রী অরুন নেহেরু বলেছেন যে, বিদ্যুতের ঘাটতির ব্যাপারে সমস্ত দায়িত্ব নাকি রাজ্য বিদ্যুৎ পর্ষদের। অবশ্য তিনি এটা সমস্ত রাজ্যের ক্ষেত্রেই বলেছেন। কিন্তু গত ১৭ই এপ্রিল পার্লামেন্টের ফ্লোরো বাজেট বক্তৃতার সময়ে তিনি বলেছেন যে, আর্থিক এবং পরিকল্পনা মঞ্জুর করবার ব্যাপারে কেন্দ্রীয় সরকারের দায়িত্ব আছে। আজকে বিহার এবং পশ্চিমবাংলা ডি.ভি.সির সমান সমান অংশিদার, কিন্তু দেখা যাচ্ছে যে, ডি.ভি.সির উৎপাদন যখন বৃদ্ধি হয় তখন পশ্চিমবঙ্গে বিদ্যুৎ সরবরাহের পরিমাণ কমে যায়। এই ব্যাপারে পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের কোন কথা তাঁরা শুনছেন না। সেইজন্য আমরা দাবী করতে পারি যে, পশ্চিমবঙ্গ এবং বিহারের সম্মতি নিয়ে বরাদ্দের পরিমাণটা নির্ধারণ

করতে হবে। উৎপাদন বাড়া সত্ত্বেও পশ্চিমবাংলাকে যে পরিমাণ বিদ্যুৎ সাপ্লাই দেবার কথা - সেটা ডি.ভি.সি দিচ্ছে না এবং এর ফলে বিশেষভাবে বর্ধমান ও মেদিনীপুর জেলা ক্ষতিগ্রস্ত হচ্ছে, হীমঘরগুলিতে চাষীরা আলু রাখতে পারছে না। ডি.ভি.সির যে আমাদের আরো বেশী বিদ্যুৎ দেওয়া উচিৎ এ-ব্যাপারে নিশ্চয়ই কংগ্রেসী বন্ধুরা একমত হবেন আশা করি। আমি এখানে ইকোনমিক রিভিউ থেকে তথ্য তুলে ধরে দেখাবো যে কেন্দ্রীয় সরকার সারা ভারতবর্ষের ক্ষেত্রে পশ্চিমবাংলাকে কিভাবে বঞ্চিত করছে। ষষ্ঠ পরিকল্পনার শেষে বিদ্যুতের উপর মোট সংস্থাপিত ক্ষমতা যেখানে ছিল মহারাষ্ট্রে ৬,১৯৬.৩০ মেগাওয়াট, উত্তরপ্রদেশ ৫,৩১১.৭৬ মেগাওয়াট, গুজরাটে ৩,৩৯৬.০২ মেগাওয়াট; সেখানে পশ্চিমবঙ্গে ছিল ২,৯৭৮.৫৪ মেগাওয়াট। তেমনি পরিকল্পনার মোট ব্যয় নিবার্হের ক্ষমতা যেখানে মহারাষ্ট্রের ছিল ২,১৫৭ কোটি টাকা, উত্তরপ্রদেশের ২,১২৫ কোটি ৯০ লক্ষ টাকা, গুজরাটের ৯৪১ কোটি ৫০ লক্ষ টাকা, সেখানে পশ্চিমবঙ্গের ক্ষেত্রে ছিল ৮৮৬ কোটি ৫৫ লক্ষ টাকা। কাজেই দেখা যাচ্ছে যে, বরাদ্দের দিক থেকেও পশ্চিমবাংলা সবচেয়ে কম পেয়েছে এবং সেই অবস্থাটা এখনও চলছে। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, কংগ্রেস আমলে বিদ্যুতের চাহিদা যে হারে বৃদ্ধি পেয়েছিল, উৎপাদন ক্ষমতা সেই হারে বাড়াবার কোন ব্যবস্থা তাঁরা করেন নি। তার একটি বাস্তব দৃষ্টান্ত হচ্ছে কোলাঘাট তাপবিদ্যুৎ প্রকল্প। সেখানে তাঁরা কিছু যন্ত্রপাতি ইত্যাদি কিনে ফেলে রেখেছিলেন, কিন্তু কেন্দ্রটি চালু করবার কোন প্রকার উদ্যোগ নেননি। ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন সম্বন্ধে যা বলছিলেন, সেক্ষেত্রে বলতে পারি যে, ওঁরা এখানে মুনাফা করতে এসেছেন; দক্ষিণ কলকাতাকে বিদ্যুৎ দেবার কোন আগ্রহ ওঁদের নেই। অন্য দিকে, ৬০ মেগাওয়াটের দুইটি ইউনিট গড়ে তোলার সিদ্ধান্ত অনেক আগে করা হলেও কেন্দ্রীয় সরকার নানা ধরণের অজুহাত তুলে তা করতে দেননি। এই সেদিন কলকাতাকে মুমূর্ষু নগরী বলা হোল। সেই মুমূর্ষুতাকে জিইয়ে রাখার জন্যই ঐ ৬০ মেগাওয়াটের দুটি ইউনিট মঞ্জুর না করবার একটি কারণ। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি শুধু বলতে চাই ১৯৭৮ সালের পর থেকে যে সমস্ত চলতি ইউনিটগুলির কাজ শেষ হয়েছে তার নামগুলি এবং কত উৎপাদন হচ্ছে। সাঁওতালডি তাপ বিদ্যুৎ কেন্দ্র, ৬নং ইউনিট ১২০ মেগাওয়াট, সাঁওতালডি তাপ বিদ্যুৎ কেন্দ্র, ৪নং ইউনিটে ১২০ মেগাওয়াট, ব্যান্ডেল তাপ বিদ্যুৎ কেন্দ্র, পঞ্চম ইউনিটে ২১০ মেগাওয়াট, কলিকাতা বিদ্যুৎ সরবরাহ প্রতিষ্ঠান টিটাগড় ১নং এবং ২নং ইউনিটে ১২০ মেগাওয়াট করে, কসবা গ্যাস টারবাইন, শিলিগুড়ি গ্যাস টারবাইন ২০ মেগাওয়াট করে, হলদিয়ায় ২০ মেগাওয়াট করে, শিলিগুড়ি ডিজেল (২x৩.৫), জলবিদ্যুৎ- জলঢাকা ষ্টেজ ২ (২x৮) মিগাওয়াট, কোলাঘাট ৩নং ইউনিট ২১০ মেগাওয়াট, দুর্গাপুর প্রোজেক্ট লিমিটেড ৬নং ইউনিট ১১০ মেগাওয়াট, সি.ই.এস.সি ৩নং ইউনিট টিটাগড় ৬০ মেগাওয়াট, সি.ই.এস.সি ৪নং ইউনিট টিটাগড় ৬০ মেগাওয়াট, ডি.পি.এল ৬নং ইউনিট ১১০ মেগাওয়াট। এ ছাড়া আমি নাম বলছি না অন্ততঃ পক্ষে ৯টি প্রোজেক্টের কাজ চলছে। আশা করা যাচ্ছে ২-৩ বছরের মধ্যে কাজগুলি শেষ হয়ে যাবে। চুখা জলবিদ্যুৎ প্রকল্পের কাজ চলছে। প্রধানমন্ত্রী রাজীব গান্ধি অনেক তো লম্বা-চওড়া কথা বলেন, অনেক বড় বড় কথা বলেন, যে সমস্ত প্রকল্পগুলি কেন্দ্রীয় সরকারের অধীনে প্ল্যানিং কমিশানের টেকনিক্যাল কমিটির কাছে পড়ে আছে সেইগুলি তিনি যদি মঞ্জুর করে দিতে পারেন তাঁর কথা সার্থকতা থাকবে। তিনি যে মুমূর্ষু কলিকাতার কথা বলেছেন সেটাকে পুনরুজ্জীবিত করবার কথা চিন্তা করছেন এটা আমরা বুঝতে পারতাম। আমি আশা করবো রাজীব গান্ধির সরকার এই প্রকল্পগুলির অনুমোদন দিয়ে নূতন দৃষ্টিভঙ্গীর পরিচয় দেবেন। এই বামফ্রন্ট সরকার একটা কমিটি তৈরী করেছেন - পারস্পেকটীভ

পাওয়ার প্ল্যানিং কমিটি, - যে কমিটি ভবিষ্যতে বিদ্যুৎ পরিকল্পনার ব্যাপারে বিশেষজ্ঞ দল তদন্ত করে ঠিক করবেন কিভাবে পরিকল্পনা করা হবে। এ ছাড়া এই সরকার কলিকাতায় একটা টাস্ক ফোর্স তৈরী করেছেন। জিওলজিক্যাল সারভে অফ ইন্ডিয়ার হিসাব অনুযায়ী ২৫০০ সালে সমস্ত কয়লা শেষ হয়ে যাবে। এই কথা একজন বিলেতী বৈজ্ঞানিক বলেছেন। তাই আমাদের সুন্দরবন এলাকায় জোয়ারের শক্তিকে কাজে লাগিয়ে বিদ্যুৎ উৎপাদনের চেষ্টা করতে হবে। আরো অন্যান্য উপায়ে বিদ্যুৎ উৎপাদনের কথা চিন্তা করতে হবে। সৌরশক্তিকে কাজে লাগিয়ে বিদ্যুৎ উৎপাদনে কতটা উন্নতি করা যায় সেটা দেখতে হবে। এই সব পরীক্ষা-নিরীক্ষা করার জন্য যে টাকার প্রয়োজন সেই টাকা আমাদের নেই। সেই জন্য এই কাজ গুলি কেন্দ্রীয় সরকারকে করতে হবে। উত্তর-পূর্বাঞ্চল যেমন আসাম, মেঘালয়, অরুনাচলপ্রদেশ, ত্রিপুরা, মনিপুর, মিজোরাম প্রভৃতি জায়গায় রাজ্যসমূহে জল বিদ্যুৎ প্রকল্পের সম্ভবনা আছে। এখানে এই প্রকল্প কার্যকরী করার চেষ্টা চালানো দরকার। এটা করতে পারলে এই অঞ্চল থেকে যে উৎপাদন হবে তা পার্শ্ববর্ত্তী রাজ্যের চাহিদা মিটবে। এই কথা বলে এই বাজেটকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**[4.00–4.10 p.m.]**

**শ্রী সুনীতি চট্টরাজ :** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, জম্মলগ্নে যে সরকার ব্যাধিগ্রস্থ সেই সরকারের বিদ্যুৎ বিভাগ পোলিও রোগগ্রস্থ। এটা আমি বলছি না, মাননীয় বিদ্যুৎ মন্ত্রী বাজেট বক্তৃতায় বলেছেন রোগগ্রস্থের কথা। কেন ব্যাধি হ'ল, কি কারণে হ'ল, এটা অফিসারদের ইরেসপনসিবিলিটির জন্য হ'ল না এক্সপার্ট ইনজিনিয়ারদের ইনডিপেনডেন্ট ওয়েতে, তাদের নিজস্ব চিন্তা ধারায় কাজ করতে দেওয়া হচ্ছে না, তাদের কাজের উপর হস্তক্ষেপ করা হচ্ছে এটা বিশ্লেষণ করার প্রয়োজন আছে। আমি সেই কথায় ফিরে আসতে চাই স্যার, বামফ্রন্ট সরকারের মাননীয় মন্ত্রীরা এবং সদস্যরা যে কোন বিভাগের ব্যয়-বরাদ্দ পেশের সময়েই কেন্দ্রীয় সরকারের উপর এক হাত নেবার চেষ্টা করেন - এই জিনিস আমরা শুরু থেকেই লক্ষ্য করছি। মাননীয় সদস্যরা একথা শুনলে হয়ত লজ্জা পাবেন যে, পশ্চিমবাংলার বুকে হাই ভোল্টেজ ট্রান্সমিশান লাইনে বর্ত্তমানে ১৩২ ভোল্টেজ শক্তি আছে। কেন্দ্রীয় সরকার রেকমেন্ডশান করে এটাকে ৪,০০০ হাজার ভোল্টেজ করার সিদ্ধান্ত নিয়েছেন। কেন্দ্র যেখানে রেকমেন্ডেশান করলেন, সেখানে আমরা এবারে কি দেখতে পেলাম? আমরা দেখলাম, আপনারই নির্দেশে আপনার বিভাগের একজন এক্সপার্ট ইনজিনিয়ার জনৈক দিব্যেন্দু বাবু একটা নক্সা তৈরী করে দিলেন। তিনি নক্সা তৈরী করে দিয়ে আপনারে অনুরোধে করেছিলেন ভারতীয় কোম্পানীকে দিয়ে এই ট্রান্সমিশান লাইনের কাজটি করা উচিত। জানিনা, পেছনে অন্য কি উদ্দেশ্য কাজ করেছে, আপনারা তাঁর সেই সুপারিশ না মেনে কাজটির ভার দিলেন অন্য একটি বিদেশী কোম্পানীর হাতে? আপনারই দপ্তরের একজন এক্সপার্ট ইঞ্জিনিয়ার, যিনি ছক তৈরী করলেন, নক্সা তৈরী করে দিলেন আপনাকে - কার্য্যক্ষেত্রে যিনি প্ল্যান তৈরী করে দিলেন আপনাকে, তাঁকে আপনারা টর্চার করলেন। এরফল ভবিষ্যতে কি অবস্থায় গিয়ে পৌঁছবে, তা কি ভেবে দেখেছেন একবারও? রগ্ন শিল্পের সমাধানকল্পে এই সমস্ত ইঞ্জিনিয়াররা ভবিষ্যতে আর কখনও তাঁদের দৃঢ়তা নিয়ে প্রযুক্তি বিদ্যার ক্ষেত্রে সাহায্য করার জন্য সরকারের কাছে এগিয়ে আসতে সাহস পাবেন না। কিছু কারণ এর পেছনে নিশ্চয়ই আছে। কয়েক কোটি টাকা লেনদেনের মারফৎ ভেল'এর সেই কোম্পানীর কাছে কাজের দায়িত্ব না দিয়ে দায়িত্ব দেওয়া হল ইটালী এবং সুইজারল্যান্ডের কোম্পানীর হাতে। কোন

ভারতীয় কোম্পানী কাজের দায়িত্ব পেল না। কয়েক কোটি টাকার লেনদেন হয়েছিল নিশ্চয়ই। এর পরেও আপনারা দোষ দেবেন কেন্দ্রীয় সরকারের উপরে? আপনাদের সদস্যদের হয়ত এ কথা জানা নেই যে, কাজটি করা হল কেন্দ্রীয় সরকারের সুপারিশক্রমে, অথচ দায়িত্ব দেওয়া হল বিদেশী সংস্থার হাতে। কেন্দ্র শুধু আজ নয়, বহুদিন আগে থেকেই এই ধরণের উন্নতির কথা চিন্তা করে আসছেন। কোন সময় থেকে চিন্তা করছেন, তা নিশ্চয়ই আপনার জানা আছে। টোট্যাল পাওয়ার প্রোডাকসনের ৮৪ পারসেন্টই আছে স্টেটের জুরিসডিকসনের মধ্যে এবং ১৬ পারসেন্ট আছে সেন্ট্রালের জুরিসডিকসনে। আপনি একথা নিশ্চয়ই জানেন যে, সেই সময় পর্য্যন্ত সেন্ট্রাল নতুন নতুন প্রজেক্টের কথা চিন্তা করেন, বিদ্যুৎ শিল্পে বোর্ড যেখানে হয়েছে, সেখানে ফাইন্যান্স দিয়ে সাহায্য করার কথা চিন্তা করেন। এই কথা চিন্তা করে সেন্ট্রাল বিদ্যুতের জন্য ফাইন্যান্স কর্পোরেশন গড়েছেন। সেন্ট্রাল একথা জানেন যে, এই বিদ্যুৎ পর্ষদ মারফৎ দেশ পূর্ণতার দিকে এগিয়ে যাবে। সেইজন্য ৩৬টি বিদ্যুৎ ষ্টেশনকে আধুনিকীকরণের ব্যবস্থা করেছেন। ওয়েষ্ট বেঙ্গলের জন্য হয়ত ২টা ইউনিট হয়েছে। এখানে সবকিছু মিসইউস হচ্ছে। উপযুক্ত এক্সপার্ট ইঞ্জিনিয়াররা সাহায্য করতে আর হয়ত এগিয়ে আসবেন না। বিশেষ করে যাঁরা ঐ দিব্যেন্দু বাবুর মত প্রযুক্তি দিয়ে সাহায্য করতে চান, তাঁরা আর এগিয়ে আসতে সাহসী হবেন না। এই জিনিস কেন হচ্ছে? সমস্ত কথার মধ্যে না গিয়েও আমরা বলতে পারি যে, এই জিনিস একেবারে জন্মলগ্ন থেকেই হচ্ছে। অনেকদিন আগে থেকেই এই জিনিস ঘটছে। আপনি যদি স্যার রিপোর্ট অফ দি বর্মন কমিশন অন পাওয়ার জেনারেশার এ্যান্ড সাপ্লাইটা দেখেন, তাহলে দেখতে পাবেন এই সরকারের উৎশৃঙ্খলতা কিভাবে দেখা দিয়েছে। এই রিপোর্টের মধ্যেই বলা হয়েছে, বিভিন্ন উৎশৃঙ্খলতার কথা। এই সরকার হচ্ছে রেল রোকো এবং মিছিলের সরকার। কোন ফাউন্ডেশানেই এই সরকারের উৎশৃংঙ্খলতা ছাড়া আর কিছু চোখে পড়ে না। কোথাও এই সরকার পাওয়ার জেনারেশান ঠিকমত করতে পারে না, সর্বত্রই উৎশৃঙ্খলতায় ভরা। ব্যান্ডেল পাওয়ার জেনারেশান কেন্দ্রে উৎশৃঙ্খলতা, থার্মাল পাওয়ারে উৎশৃঙ্খলতা, এই জিনিস চলছে। এটা আমার কথা নয়। এটা হচ্ছে রিপোর্ট অফ দি বার্মান কমিশন অন পাওয়ার জেনারেশন এ্যান্ড সাপ্লাই'এর পেজ ২৬০তে স্পেসিফিক বলা হয়েছে। এরমধ্যে বলা হয়েছে যে, এই পাওয়ার প্রবলেম স্টার্টেড্ ইন দি ইয়ার ১৯৬৮। এই উৎশৃঙ্খলার জন্য সেই সময় থেকে যখন এঁরা ক্ষমতায় এসেছিলেন। এটা আজকের দিন থেকেই শুরু হয় নি, এর স্টার্টিং পয়েন্ট তখন থেকেই শুরু হয়েছে। একথা আজ পুরাতন কথা হয়ে দাঁড়িয়েছে। বর্মন কমিশনের রিপোর্ট থেকেই এটা দেখা যাচ্ছে যে ১৯৬৮ সাল থেকেই এর জন্ম। লেবার প্রবলেম ক্যালকাটা ইলেকট্রিসিটি সাপ্লাই কর্পোরেশনের মধ্যে উৎশৃঙ্খলতা শুরু করে আজ বিদ্যুৎকে অন্ধকারের জায়গায় নিয়ে এসেছে কারা? নানা ভাবে দমন-পীড়নের নীতিকে যে ভাবে আজ প্রশয় দেওয়া হচ্ছে, তা নিয়ে চিন্তা করার সময় আজকে এসেছে। আজকে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার সম্বন্ধে অল্পপরিসরে সব কথা বলা যায় না, আজকে এই দপ্তরের যদি আন্তরিকতা থাকতো তাহলে পাওয়ারের আজকে এই অবস্থা হোত না। আজকে বিদ্যুৎমন্ত্রী নিশ্চয় স্বীকার করবেন যে বিদ্যুৎ বিভাগের দুটি মেন দায়িত্ব সাপ্লাই এ্যান্ড ডিমান্ডের ক্ষেত্রে সংযোগ রক্ষা করা। পাওয়ার জেনারেশান আজকে ডিসট্রিবিউশান থ্রু ট্রান্সমিশান লাইন, একথা আজকে বিদ্যুৎ মন্ত্রী করবেন। আজকে ডি ভি সির পাওয়ার জেনারেশান ডে বাই ডে বাড়ছে কিন্তু বিদ্যুৎমন্ত্রী বলছেন যে এখানে পাওয়ার প্রোপরসনেটলী আমরা বেশী পাচ্ছি না। আমি বিদ্যুৎ মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই যেখানে আপনাদের ৯৫ মেগাওয়াট বিদ্যুৎ দেওয়ার কথা সেখানে যদি ২৯৫ মেগাওয়াট বিদ্যুৎ ডি ভি সি দেয়

তাহলে কি আপনারা রিসিভ করতে পারবেন? সেই সেখানে আপনাদের যে রিসিভিং ইউনিট আছে তাতে আপনি বুকে হাত দিয়ে বলুন তো আপনাদের সেই রিসিভিং ক্যাপাসিটি কি আছে? আজকে ডি ভি সি ৩০০ মেগাওয়াট বিদ্যুৎ দিলেও আপনাদের ক্ষমতা নেই রিসিভ করতে পারেন, আপনারা পারবেন না। আজকে যদি রিসিভ করতে পারতেন তাহলে সি ই এস সি এবং ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের এই অবস্থা হোত না। আপনাদের ট্রান্সমিশান লাইন ঠিক নেই। ডিসট্রিবিউশানের অসুবিধা আছে। আপনারা নিজেদের বঞ্চনা লোকাবার জন্য বলে বেড়াচ্ছেন যে ডি ভি সি পাওয়ার দিচ্ছে না। আগে আপনাদের ফাউন্ডেশান ঠিক করুন। বিদ্যুৎ হচ্ছে একটা ইমপর্টেন্ট দপ্তর, এর ফাউন্ডেশান ঠিক না করে সমালোচনা করা যায় না। সমালোচনার আগে আপনি নিজের কাছে প্রশ্ন রাখুন যেকথা বললেন ঠিক হচ্ছে কিনা। আপনি ডি ভি সির সমালোচনা না করে নিজের ইউনিটের সমালোচনা করুন। নিজের আয়নায় নিজের মুখটা দেখুন। বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী হয়ে আজকে বিদ্যুৎ দপ্তরকে আপনি রুগ্ন শিল্পে কনভার্ট করে দিয়েছেন। আজকে পশ্চিমবঙ্গের জনগণ এই বিদ্যুতের কথা শুনে আঁতকে ওঠেন। ১৯৭৭ সাল থেকে ১৯৮৫ সাল পর্যন্ত আপনারা এখনো বিদ্যুতের কিছু সুরাহা করতে পারেন নি। এই দপ্তরের প্রতি জণগণের আস্থা আর নেই। আপনাদের কাজের জন্য এই দপ্তর রুগ্ন শিল্পে অর্থাৎ সিক ইন্ডাষ্ট্রিতে কনভার্ট হয়ে গেছে। আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে প্রশ্ন করতে চাই পিকডিমান্ডে পশ্চিমবঙ্গের টোটাল কত এবং টোটাল ডিমান্ড কত? - ১ হাজার ৪৩০ মেগাওয়াট আর ইনস্টলড্ ক্যাপাসিটি ইন ওয়েষ্ট বেঙ্গল আপনার ইকোনমিক রিভিউ দেখে বলছি হাজার ৯৯৩ মেগাওয়াট। সুতরাং এই যেখানে ইনস্টলড্ এবং এই অদ্ধের্ক পিক ডিমান্ড নিয়ে আপনারা জেনারেশান করতে যাচ্ছেন, সেখানে কি জেনারেশান হবে? ফলে ইনস্টলড্ ক্যাপাসিটির ওয়ান ফোর্থ জেনারেশান পাওয়া যাবে। এরফলেই আজকে বিদ্যুতের ক্রাইসিস, বিদ্যুতের ঘাটতি, ইন্ডাষ্ট্রির গ্রোথ হচ্ছে না, ইরিগেশানের গ্রোথ হচ্ছে না, এগ্রিকালচার গ্রোথ, সেচের জল এবং লিফট ইরিগেশান এবং ডিপ টিউবেল যেগুলি কংগ্রেস আমলে তৈরী করা হয়েছিল সেগুলি বিদ্যুতের অভাবে নষ্ট হতে চলেছে। বিদ্যুতের অভাবে নতুন শিল্প সংস্থা হতে পারছে না। আজকে ওনলি ৫মেগাওয়াট বিদ্যুৎ আপনারা দিতে পারছেন না। আজকে কেউ যদি এখানে শিল্প স্থাপন করতে চায় আপনি তাকে ভয়ে বলেন এখানে করবেন না, বিদ্যুৎ নেই। আজকে বিদ্যুৎ দপ্তর আপনার নিজের দোষে রুগ্ন শিল্প পরিণত হয়েছে, এরফলে পশ্চিমবঙ্গে কোন শিল্প স্থাপনের জন্য এ্যাপলিকেশান আসছে না, সব পশ্চিমবঙ্গে র বাইরে চলে যাচ্ছে। এরজন্য ইউ আর রেসপনসিবিল। আজকে পশ্চিমবঙ্গে পাওয়ার বা বিদ্যুৎ দপ্তরের উপর নির্ভর করছে শিল্প, এগ্রিকালচার ইত্যাদি। বিদ্যুতের উপর নির্ভর করছে সমস্ত অর্থনৈতিক বনিয়াদ, যেটাকে আপনি ভেঙ্গে ভেঙ্গে শেষ করে দিচ্ছেন। আজকে বিদ্যুৎ মন্ত্রীকে জানিয়ে দিই যে ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশানকে আর মানুষ বিশ্বাস করে না, তাদের বলে ক্যানটেংকেরাস এক্সিবিশান সার্ভিস সেন্টার। পশ্চিমবঙ্গের মানুষ নয় কলকাতার মানুষ এই নাম আজকে ঘোষণা করেছে। কি কারণে বলেছে এবং কেন বলেছে সেটা একটু বোঝার চেষ্টা করুন। সি ই এস. সির কিছু উচ্চপদস্থ অফিসার এবং ইঞ্জিনিয়ার এরজন্য দায়ী। আপনারা বার্মা কমিশন দেখবেন সেখানে রেকমেনডেশান আছে সেটা পড়ে দেখবেন। শুধু ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশান নয়, ডব্লিউ, বি এস, বি সম্বন্ধে জনসাধারণ বলতে আরম্ভ করেছেন ওয়ার্স্ট স্টেট ইলেকট্রিসিটি বোর্ড, এখানে কো-অর্ডিনেশান বিপন্ন হয়ে পড়েছে, একটা কো-অর্ডিনেশান স্থাপন করা দরকার, সেখানে কো-অর্ডিনেশান বিটউইন সি ই এস সি এ্যান্ড ডব্লিউ ই এস বি মধ্যে থাকার জন্যে একটা মিটিং

ভেবেছেন?

[4.10–4.20 p.m.]

সি.ই.এস.সি যে পাওয়ার জেনারেশান করছে সেটা ষ্টোর, ডিষ্ট্রিবিউশান এবং এ.সি.বি.তে যে পাওয়ার জেনারেশান হচ্ছে সি.ই.এস.সি. সেটা রিসিভ করে কোথায় তার ডিষ্ট্রিবিউশান হচ্ছে বা কি কারণে সি.ই.এস.সি. সেটা রিসিভ করতে পারছে না এটা নিয়ে বোর্ড এবং সি.ই.এস.সি.র মিটিং করা হয়েছে। সেই বিষয়ে আপনি উত্তর দেবেন। বর্মন কমিশন তার ৩৬২ পৃষ্ঠায় ষ্টেট প্ল্যানিং সম্বন্ধে পরিষ্কার করে বলে গেছেন - The absence of perspective plan for power have affected contunuous power growth programme. The State should pay attention to the question of fund for the additional power generation. Power sector should be accepted as the core sector of the state planning. এই পারপেসটিভ সি.ই.এস.সি. এবং এ.সি.বি.র এক্সপার্ট ইঞ্জিনীয়ার যারা আছেন তাদের ভিউমিন যে কি ভাবে এদের কাজে লাগান যায়। কিন্তু সেদিকে বিদ্যুৎ মন্ত্রীর নজর নেই। তার নজর আছে কি ভাবে ইন্দিরা গান্ধী বা কেন্দ্রের উপর দোষ চাপান যায়। আমি জিজ্ঞাসা করি রুরাল ইলেকট্রিক কর্পোরেশন যেটা সেন্ট্রাল গর্ভমেন্টের তাদের সম্বন্ধে ইকনমিক রিভিউতে কোন তথ্য দেন নি। আপনার বিদ্যুৎ দপ্তর থেকে কোন তথ্য পাইনি যে গত ৫ বছরে সেন্ট্রাল রুরাল ইলেকট্রিক কর্পোরেশন আপনাদের কত কোটি টাকা দিয়েছেন, কত কোটি খরচ করতে পেরেছেন এবং কত কোটি টাকা ফেরৎ গেছে? গত ৫ বছরে ৯৮ কোটি টাকা দিয়েছেন তার মধ্যে মাত্র ৫৮ কোটি টাকা খরচ করেছেন। এই বিষয়ে একটি হিসাব আপনাদের দেওয়া উচিৎ ছিল। আমার হিসাবে বলছে বা কি টাকা ফেরৎ গেল। অর্থাৎ টাকা আসছে কিন্তু আপনারা খরচ করতে পারছেন না। বিভিন্ন গ্রামে গিয়ে দেখবেন গ্রামীন বিদ্যুৎকীকরণের জন্য কেন্দ্র টাকা দিচ্ছে। আমি এই রিপোর্ট আপনার দপ্তর থেকে পেয়েছি যে টোটাল ইলেট্রিফিকেশান আপনাদের আমলে, গত বছর নিয়েই বলছি, ৮৬৫টা মৌজায় হয়েছে। কোন কোন মৌজায় বিদ্যুৎ গেছে সেই হিসাব দেন নি। কারণ দিলে আমরা গিয়ে দেখব কোন জায়গায় তার আছে খুঁটি নেই, আবার কোন জায়গায় খুঁটি আছে তার নেই। আমরা যে সমস্ত গ্রামে বিদ্যুৎ দিয়েছিলাম সেই সমস্ত গ্রামে বিদ্যুৎয়ের তার চুরি যাচ্ছে। এই বিষয়ে রামপুর হাটে পুলিশ ষ্টেশানের একটা কেস নং দিচ্ছি। সেখানে কেস স্টার্ট হয়েছে। সি.পি.এম.এর নির্বাচিত সদস্যর ছেলে ইলেকট্রিক এর তার চুরি করেছে। পুলিশকে জনসাধারণ তার জমা দিয়েছে কিন্তু আপনাদের কমরেডের ছেলে চুরি করল তাকে ছেড়ে দেওয়া হ'ল। আপনাদের মধ্যে আন্তরিকতা নেই যে গ্রামে বিদ্যুৎ যাক। গ্রামে যদি অন্ধকার না থাকে তাহলে আপনাদের রাজনীতি করা অসুবিধে হবে, আপনাদের কম্যুনিজম এগুবো না। এইভাবে ভুল ওয়েতে আপনারা মার্কসিজিম এর থিওরি এ্যাপ্লাই করছেন। যারজন্য আপনারা চাচ্ছেন না গ্রামের উন্নতি হোক। আশাকরি কৃষিমন্ত্রী কমলবাবু এবং ক্ষুদ্র সেচ মন্ত্রী কানাইবাবু এটা স্বীকার করবেন। কিছুদিন আগে কানাইবাবুকে একটা প্রশ্ন করা হয়েছিল, পশ্চিমবঙ্গে আর এল আই কতগুলো অকেজো হয়ে আছে এবং তারজন্য বিদ্যুৎ কতখানি দায়ী? তিনি তার উত্তরে বলেছিলেন, হ্যাঁ, বিদ্যুতের জন্য আর এল আই এবং ডিপ টিউবওয়েলের কাজ বন্ধ হয়েছে। কাজেই কমলবাবু চেষ্টা করলেও কৃষিতে উন্নতি করতে পারবেন না, তাঁর যদি ইচ্ছাও থাকে তিনি গ্রামে জল দিতে পারবেননা কারণ বিদ্যুৎ নেই। আমি আর একটা জিনিষ দেখছি আন্তরিকতার দারুণ অভাব

আপনাদের মধ্যে রয়েছে। হোয়াই দিস? আমি মন্ত্রীমহাশয়কে আপনারা পুলিশ, কৃষি, শিল্প নিয়ে রাজনীতি করুন, কিন্তু এই বিদ্যুৎ বিভাগ নিয়ে রাজনীতি করবেন না। এখানেও আপনারা যদি রাজনীতি করেন তাহলে যাঁরা বিদ্যুৎ উৎপাদন করেন তাঁদের মধ্যে হতাশা নেমে আসবে, বিদ্যুৎ উৎপাদন কম হবে। ব্যান্ডেল, সাঁওতালদিহি, হাইডেল থার্মাল পাওয়ার, হাইডেল ইলেকট্রিসিটি প্রভৃতিতে যে উৎপাদন হয় সেখানে দেখছি ক্রমশঃ ক্রমশঃ উৎপাদন কমে যাচ্ছে। ইনস্টল্ড ক্যাপাসিটির চেয়ে পাওয়ার জেনারেসন কোথাও কোথাও ওয়ান ফোর্থ হয়ে যাচ্ছে। এর জন্য দায়ী কে? আপনারা নয়? স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের ইঞ্জিনিয়াররা নয়? বলুন, কার দোষে এসব হচ্ছে? এরজন্য দায়ী হচ্ছে আপনাদের ভুল পলিসি। থার্মাল প্ল্যান্ট নিয়ে, জেনারেসন নিয়ে, কন্ট্রাক্ট দেয়া নিয়ে আপনাদের ইন্টারফিয়ারেন্স- এর দরুণ অফিসারদের এবং চেয়ারম্যানের মন ভেঙ্গে যাচ্ছে। স্টেট ইলেকট্রিসিটি বোর্ড একটা অটোনমাস বডি, কিন্তু এই আপনাদের এগেন এ্যান্ড এগেন ইন্টারফিয়ারেন্স টু দি স্টেট ইলেকট্রিসিটি বোর্ড অথরিটি এতে তাদের মন ভেঙ্গে যাচ্ছে। হয়ত কোন ব্যাপার চেয়ারম্যান, সেক্রেটারী রাজী হচ্ছেন না, কিন্তু পরে দেখা গেল আপনাদের চাপে পড়ে সেই কাজ তাঁরা করতে বাধ্য হচ্ছেন। তারপর দেখা যাচ্ছে ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ড - এর রেগুলেসন থার্টিফোর অনুযায়ী আপনাদের নির্দেশে রাজনৈতিক কারণে একেবারে ডিস্‌মিস্‌ করে দেওয়া হচ্ছে। কোন রকম শো কজ নেই, এনকোয়ারী নেই, সাসপেনসন নেই, প্রথমেই একেবারে ডিস্‌মিস্‌ করে দেওয়া হচ্ছে। তারা প্রথম হাইকোর্টে গেল, তারপর সুপ্রিম কোর্টে গেল এবং সুপ্রিম কোর্ট স্টেট ইলেট্রিসিটি বোর্ডের ওই রেগুলেসন থার্টিফোর-কে কনডেম করল এবং তাঁরা ডিভিসন দিলেন এঁদের জয়েন করতে দাও। সুপ্রিম কোর্ট জয়েন করতে নির্দেশ দিয়েছেন তাই জয়েন করতে দেওয়া হল বটে, কিন্তু ঠিক দুমাস পর দেখা গেল কোন অদৃশ্য হস্তক্ষেপের ফলে বিশেষ কারণে, বিশেষ অভিযোগ থাকার জন্য বলা হল আপনাকে আবার সাসপেন্ড করা হল! কি অদ্ভুত ব্যাপার দেখুন, সুপ্রিম কোর্টের আদেশে জয়েন করল কিন্তু ঠিক দুমিনিট পর তাকে আবার সাসপেন্ড করা হল। এর কারণ তারা আপনাদের দলের কর্মী নয়। এইসব কারণে এক শ্রেণীর কর্মচারীর এবং দিব্যেন্দুর মত এক্সপার্ট ইঞ্জিনিয়ারের মন ভেঙ্গে যাচ্ছে। ওই সমস্ত কর্মচারীদের সাসপেন্ড করার পরই দেখা গেল সেই সমস্ত পোস্টে লাল রুমাল বাঁধা গুন্ডাদের বসিয়ে দেখা হল। এতে আপনাদের দলের পার্পাস সার্ভড হচ্ছে, কিন্তু জেনারেসনের ব্যাপারে যাঁদের উপযুক্ত এ্যাডভাইস দেবারক্ষমতা আছে, যাঁরা অর্গানাইজড ওয়েতে বিদ্যুৎ দপ্তর চালাবার ক্ষমতা রাখে তাঁদের আপনি সরিয়ে দিচ্ছেন, তাঁদের কাজ করতে দিচ্ছেন না। আপনাদের এইসব কাজকর্মের ফলে আগামীদিনে যদি পশ্চিমবাংলায় বিদ্যুৎ বন্ধ হয়ে যায় তাহলে কোথায় গিয়ে দাঁড়াবেন? আমরা যদি আবার হ্যারিকেনের যুগে ফিরে যাই তাহলেও তো মনে সান্তনা পাবনা। আজ সমস্ত কিছু ভেঙ্গে তচনচ হয়ে যাচ্ছে কাজেই বার বার বলছি এই ধরনের রাজনীতি করবেন না। বিদ্যুৎ দপ্তরের ই[illegible] রিপোর্ট আপনার ফাইলে আছে, বর্মন কমিশনের রিপোর্ট আপনার কাছে আছে। এগুলি নিয়ে চিন্তা করুন নি করা যায়। কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছেন রুরাল ইলেকট্রিফিকেসনের জন্য। কিন্তু আমরা দেখছি যে ধরনের জেনারেসন করবার কথা সেটা আপনারা করতে পারছেন না। কেন পারছেন না? এই ব্যাপারে ইঞ্জিনিয়ারদের এ্যাডভাইস্‌ কেন নিচ্ছেন না? আপনি সেই এ্যাডভাইস কার্যকরী করার চেষ্টা করুন। কিন্তু আপনি তা ফেল করছেন। আপনি সুইজারল্যান্ডের কন্ট্রাক্টরদের কন্ট্রাক্ট দেবার জন্য চেষ্টা করছেন। কিন্তু উপযুক্তভাবে এ্যাডভাইস নেবার চেষ্টা করুন যে কি করে পরিবেশের উন্নতি করা যায়। আপনি নির্মলবাবুর কথা

তুলবেন। ডি পি এল যেখানে পাওয়ার জেনারেসন ছিল ৮৮৬ মেগাওয়াট, এবারে সেখানে হয়েছে ৭৭০ মেগাওয়াট। এটা তো আপনাদের ইকনমিক রিভিউতে আছে। আপনি এখানে নির্মলবাবুকে দেখাবেন। কেন আপনাদের মধ্যে কো-অডিনেশন থাকবে না। ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের সঙ্গে ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেসনের সঙ্গে কো-অর্ডিনেশন না থাকতে পারে - কারণ এটা অটোনমাস বডি প্রাইভেট কনসার্ন বিদেশী কোম্পানী। কিন্তু আপনাদের নিজেদের দপ্তর কানাইবাবুর সঙ্গে কমলবাবুর সঙ্গে জ্যোতিবাবুর সঙ্গে নির্মলবাবুর সঙ্গে কেন কো-অর্ডিনেশন থাকবে না? এবং যে সমস্ত জাতীয়বাদী মানুষ যারা দেশের ভাল করতে চান তারা আপনাদের পার্টি মনোভাবাপন্ন নয় তাদের সঙ্গে আপনি বসুন আলোচনা করুন - আপনাদের মন্ত্রীদের নিয়ে ইঞ্জিনিয়ারদের নিয়ে বসে আলোচনা করুন। তা না করে আপনি কেবল ডিভিসি পাওয়ার দিচ্ছে না, কেন্দ্র দিচ্ছে না এই কথা শুনে পশ্চিমবাংলার মানুষ শান্তি পাবে না। আজকে বিদ্যুৎ মন্ত্রীকে এই হাউসে কথা দিতে হবে যে থারম্যাল পাওয়ারের উন্নতি তিনি করবেন। আমাদের সেন্ট্রাল সাহায্য করছে। কোলের যে অভাব হচ্ছে সেদিকে আপনাকে নজর দিতে হবে। এনারজী ডেভেলমেন্ট বাই জ্যোতি কুমার পারেখ তার ১৩৮ পেজে আছে। আপনাদের ভারতবর্ষের কথা ভাল লাগবে না। আমি চীনের কথা বলেছি, তারা আজকে প্ল্যানিং করে হাইডেল পাওয়ার ৪০০ মেগাওয়াট থেকে ৫০০মেগাওয়াট নিয়ে গেছে। এবং এইভাবে এভরি ইয়ারে তারা হাইডেল পাওয়ার বাড়াচ্ছে। আজকে আমাদের হাইডেল পাওয়ার বাড়ানো দরকার। এবং সেটা কি করে বাড়ানো যায় তার দিকে মন্ত্রী মহাশয়ের নজর দেওয়া দরকার। আজকে আপনার রিসোরস বাড়াতে হবে। আজকে ডি ভি সি থেকে পাওয়ার নিয়ে তাকে কি ইউটিলাইজ করতে পারেন সেদিকে লক্ষ্য রাখুন। কারণ আজকে পশ্চিমবাংলার স্বার্থে পাওয়ারবাড়াবার প্রয়োজনীয়তার কথা চিন্তা করুন। আপনি ট্রান্সমিসন লাইন ঠিক করুন। এই সব যদি করতে পারেন তাহলে আপনাকে আমরা সাপোর্ট করবো, তার আগে আপনার এই বাজেট বরাদ্দ সাপোর্ট করতে পারি না।

**[4.20–4.30 p.m.]**

**শ্রী ভক্তি ভূষণ মন্ডল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার মূল বক্তব্য রাখার আগে আমাদের যিনি বিদ্যুৎ মন্ত্রী আছে তাঁর কাছে কয়েকটি পয়েন্টের ক্লারিফিকেসন নেবার চেষ্টা করবো। ফার্ষ্ট পয়েন্ট হচ্ছে এই যে সিক্সথ প্ল্যানে যে টাকা দেওয়া হয়েছিল তার মধ্যে ১৬ কোটি টাকা খরচ না করতে পেরে ফেরত দিয়েছেন - এটা কেন হয়েছে। কি তার কারণ এটা আমার মনে হয় হাউসকে অবহিত করা দরকার। আর একটা কথা উনি বলেছেন এবং সেটা হচ্ছে বিদ্যুতের ক্ষেত্রে যে কস্ট অব প্রোডাকসন পড়ে তার চেয়ে অনেক কম দামে এ ক্লাশ অব [illegible] দেওয়া হয়েছে এবং এটা দেবার জন্য বিদ্যুৎ পর্ষদের ফাইনানসিয়াল কন্ডিন খারাপ হয়েছে। যদি তাই হয়ে থাকে তাহলে কেন দেওয়া হয়েছে সেটা হাউসকে জানাবেন। বিদ্যুতের ব্যাপারে দেখলাম ৫টি জেলায় ৩/৪ ভাগ বিদ্যুৎ দিচ্ছে এবং ১২টি জেলায় ওয়ানফোর্থ বিদ্যুৎ দেওয়া হচ্ছে। হাওড়া, হুগলী, ২৪পরগণা, বর্ধমান এবং মেদিনীপুর এই ৫টি জেলায় থ্রি ফোর্থ - এর বেশী বিদ্যুৎ দিচ্ছে এবং বাকী ১২ টি জেলায় ওয়ানফোর্থ বিদ্যুৎ দেওয়া হচ্ছে। এই প্রসঙ্গে আমি একটা কথা আপনাদের বলব ইনডাসট্রিয়াল পাওয়ার এবং ডোমেস্টিক পাওয়া সম্বন্ধে আপনারা একটু চিন্তা ভাবনা করুন। ডোমেস্টিক পাওয়ার যেটা দিচ্ছেন তাতে দেখছি অন্যান্য জেলাগুলোর উন্নতির দিকটা ব্যাহত হচ্ছে। কাজেই পসিবেল

ইকুইটেবেল ডিস্ট্রিবিউসন করা যায় কিনা সেটা বিবেচনা করে দেখবেন। আর একটা কথা আমি মনে করি এবং সেটা হচ্ছে বিদ্যুৎকে ফার্স্ট প্রাইওরিটি দেওয়া দরকার। অবশ্য এটা আপনাদের ক্যাবিনেটের ব্যাপার। আমি দেখলাম হোল বাজেটের মাত্র ৭থেকে ৮পারসেন্ট এই বিদ্যুৎ খাতে দেওয়া হচ্ছে। এটা ক্যাবিনেটের ব্যাপার হলেও আপনি চিন্তা করুন বিদ্যুৎকে ফার্স্ট প্রাইওরিটি দেওয়া যায় কিনা। বিদ্যুতের উপর নির্ভর করছে শিল্পের উন্নতি কাজেই একে ফাস্ট প্রাইওরিটি দেওয়া এবং প্রয়োজনে সাপ্লিমেন্টারী টাকা আরও দিতে পারেন কিনা সেটা আপনি চিন্তা করে দেখুন এবং ব্যাপারটা ক্যাবিনেটে প্লেশ করার কথা ভাবুন। এবারে আমি কয়েকটা অবজেকটিভ স্ট্যান্ডার্ড- এর কথা বলতে চাই। মাননীয় সদস্য সুব্রতবাবু যাত্রা দলের ভীমের মত অভিনয় করলেন এবং তিনি যা বললেন তার একটা পোর্সন হচ্ছে, আপনারা এই যে সবসময় বলেন কেন্দ্র এই করেছে, কেন্দ্র এই করছে, এ্যাকচুয়ালি এতে কেন্দ্রের কিছু করার নেই। আপনারা নিজেদের অপদার্থতা ঢাকবার জন্য এইসব কথা শুধু বললেন। আমার বক্তব্য হচ্ছে যেসব অসুবিধা আছে সেটা আপনাকে বিবেচনা করতে হবে। যে ইন্সটল্ড ক্যাপাসিটি আছে সেটা এত লো হচ্ছে কেন সেটা আপনাকে দেখতে হবে। আর একটা ব্যাপারে পলিসি আপনারাই ডিটারমিন করবেন তবে আমার বক্তব্য হচ্ছে এই যে ইউনিয়ন রাইভ্যালরি রয়েছে তার কোন রকম পলিটিক্যাল সেটেলমেন্ট করা যায় কিনা সেটা আপনি একবার ভেবে দেখুন। এখানে ৩রকম ইউনিয়ন আছে। আমি অনেককাল আগে অর্থাৎ ১৯৬৫/৬৬ সালে এই সমস্ত ইউনিয়নের সঙ্গে জড়িত ছিলাম। ওখানে একজিকিউটিভ স্ট্যান্ডার্ড অর্থ্যাৎ ইঞ্জিনিয়ার এবং আদার অফিসার্স স্টাফদের একটা ইউনিয়ন আছে। কিন্তু সবচেয়ে যে বড় দুটো রাইভ্যালরি ইউনিয়ন আছে, তারা হচ্ছে বিলো দ্যাট অফিসিয়াল স্টাফ - একসঙ্গে বসে এদের সম্বন্ধে কিছু করা যায় কিনা সেটা আপনি চিন্তা করুন। এক্ষেত্রে সমস্যার সমাধান না হলে পশ্চিমবঙ্গের তথা ভারতবর্ষের ক্ষতি হবে। এবং সেইজন্য আমি আপনাকে বলছি যে অফিসিয়াল স্টাফ, একজিকিউটিভ ইঞ্জিনিয়ার, তাদের কি অবস্থার সৃষ্টি হয়েছে, এটা আপনাকে দেখতে বলছি এবং ইউনিয়নগুলোর মধ্যে যে একটা রাইভ্যালরি আছে এবং সেটার সুযোগ নিয়ে কখনও কখনও স্যাবটেজ হচ্ছে, এটা অস্বীকার করা যায় না। হয়তো যে ইউনিয়ন খুব আমাদের বিরোধী, বামফ্রন্টের বিরোধী, তারা বিদ্যুৎ উৎপাদন স্যাবটেজ করছে এবং আমার ব্যক্তি গত যে ধারণা, সেই হিসাবে বলছি, ভুল হতে পারে, দ্যাট ইজ সাবজেক্ট কারেক্টনেস অলয়েস।

[4.30–4.40 p.m.]

কিন্তু আমার নিজের মনে যদি সুব্রত বাবুর কথা ঠিক হয় যে আমরা ওখানে পলিটিক্স করছি না, তাহলে তাঁদের যে ইউনিয়ন আছে, সেই ইউনিয়ন কোঅপারেট করছে কিনা, এটা আপনি বলবেন, না উল্টে তারা এটাকে স্যাবটেজ করার কথা ভাবছেন যাতে বামফ্রন্ট সরকার একেবারে জব্দ হয়ে যায়, সেই জন্য নানা রকম কৌশল করছেন, এটা বলবেন। মোটামুটি দুটো ইউনিয়ন রয়েছে, একটা হচ্ছে পরিমল দাসগুপ্তের ইউনিয়ন, আর একটা হচ্ছে সি.পি.এম. এর সিটু এ্যাফিলিয়েটেড, এছাড়া আই.এন.টি.ইউ.সি. যেটা আছে, সেটা এমন কিছু ইমপর্টেন্ট নয়, এই দুটো মূল ইউনিয়ন আছে। আমি সেই জন্য বলছি এদের নিয়ে একটা পলিটিক্যাল সলিউশন করা যায় কিনা, আপনি ভেবে দেখুন এবং যে ইনস্টল ক্যাপাসিটি আছে, সেটা যদি ফুল রিয়্যালাইজেশন করা যায় তাহলে বর্তমানে সবার কোঅপারেশন না পেলে আমার মনে হয় করা সম্ভব হবে না। অথচ আমি আপনার কাছে বলছি যে বিদ্যুৎটা আমাদের সবচেয়ে বেশী প্রয়োজন। কারণ গ্রামের দিকে যদি যান, গ্রামে বিদ্যুৎ নেই বললেই

হয়। উনারা গল্প করতে পারেন, আমাদের দোষ দিতে পারেন, উনাদের সময়েও সেভেন পার্সেন্টের বেশী যায়নি রুরাল ইলেকট্রিফিকেশন, যদিও দেখানো হয়েছে - উনি একটু বোধ হয় ভুল তথ্য দিলেন, ৯ হাজার নয়, ১৯ হাজার গ্রাম। আমি বলছি, ৫০ পার্সেন্ট দেখানো হয়েছে, মৌজাতে বিদ্যুৎ দেওয়া হয়েছে, কিন্তু সত্যিকারের বিদ্যুৎ বেশী যদি দেওয়া হয় তাহলে বলবো আপনাদের ৫০ পার্সেন্টটা কমিয়ে ২০ পার্সেন্টও হবে না। কারণ এই কথা আপনাদের কাছে বলছি, আপনাদের জানার জন্য বলছি, একটা মৌজা দিয়ে লাইন বেরিয়ে গেলেই ঐ মৌজাকে বলছেন যে ক্লিয়ার হয়ে গেছে। এটা ওঁদের আমলে হয়েছে। কাজেই রুরাল ইরিগেশন, স্মল স্কেল ইনডাষ্ট্রি যেগুলো আছে মফস্বলে, এদের জন্য বিদ্যুৎ ভবিষ্যতে দিতে পারেন কিনা সেটা দেখবেন। এটা একটা পলিশির ব্যাপার। আমরা যারা এম.এল.এ আছি, যারা কেবিনেটের লোক নই, তাঁরা একটু বিবেচনা করে দেখবেন। আপনাদের কাছে বলছি, অনেকগুলো ডিফিকাল্টি আছে, এঁরা কেন পারছেন না ইনস্টল ক্যাপাসিটি রিয়্যালাইজ করতে, কারণ অনেকগুলো মেশিন, যেগুলো ওল্ড এজেড হয়ে গেছে, পুরাণ হয়ে গেছে। সেইগুলো ফাংশান করছে, তার মার্জিন্যাল ইকনমি, সেই মার্জিন্যাল ইকনমি ঠিকভাবে হচ্ছে না। তার কারণ হচ্ছে, সেইগুলো ওল্ড ষ্টেজে চলে গেছে, প্রডাকশন যার ফলে হচ্ছে না। এইগুলো গেল আমাদের যে সব জিনিস ষ্টেট গর্ভনমেন্টের বিবেচনা করা উচিত। আপনি নিশ্চয়ই করবেন এবং এই জন্য আমরা আপনাকে বিবেচনা করার কথা বললাম। মূল বিদ্যুতের কথা যদি বলতে হয়, তাহলে আমাদের যে ক্যাপাসিটি আছে- সুনীতি বাবু বলেছেন যে বোধ হয় ২৩০০ জেনারেশন দরকার, ১৪০০ জেনারেশন হচ্ছে, সেটা বইতে লেখা আছে, কাজেই তিনি ঠিকই বলেছেন। তাহলে আমাদের একটা বিরাট ডেফিসিট হচ্ছে সে বিষয়ে কোন সন্দেহ নেই। সেই ডেফিসিটটা মেক আপ করা যেত কিনা সেটাই চিন্তা করার বিষয়। আজকে ডেফিসেট যে আছে সেটা অস্বীকার করে বা সাপপ্রেস করে লাভ নেই। ওরা যে কথা বলেছেন যে আমরা এটা নিয়ে রাজনীতি করবো না, তা যদি না করতেন, যদি আমাদের সাহায্য করতেন তাহলে কি এই অবস্থা থাকতো? আপনি যেগুলি সেন্ট্রালের কাছে চেয়েছেন, যেটা তারা স্যাংশান করবেন, ইমপ্লিমেন্ট করা হবে সেটাও দেখা যাচ্ছে যে ৩/৪ বছর ধরে দিয়েছেন, কিন্তু এখনও পর্যন্ত তারা রিলিজ করেন নি বা গ্রীন সিগন্যাল দেননি। যেমন ধরুন সাগরদিঘী, বক্রেশ্বর, তিস্তা, দামোদরভ্যালি, সাওতালদি ইত্যাদি এই জিনিসগুলি আছে। ৩/৪ বছর আগে বীরভূম জেলার ফয়রাসোলের কাকুঁড়তলা বলে একটা জায়গায় ২ হাজার বিঘা জমি নেওয়া হল যে সুপার থার্মাল পাওয়ার প্ল্যান্ট করা হবে। আমি উইথ অথরিটি আপনার কাছে বলছি যে গণিখান সাহেব এবং সেই সঙ্গে আমাদের প্রণববাবুও সেখানে গিয়েছিলেন। এরা দুই জনেই তখন মন্ত্রী ছিলেন। একজন ছিলেন এনার্জি মিনিষ্টার, আর একজন ছিলেন ফাইন্যান্স মিনিষ্টার। তারা ইলেকশানের আগে সেখানে গিয়েছিলেন। ২ হাজার বিঘা জমি নেওয়া হল। ঐ এলাকায় অর্থাৎ পলাশথলি থেকে জয়দেব পর্যন্ত একটা কোল সিন আছে। তারপরে অজয় নদীর কাছে সমস্ত এলাকায় অনেক কয়লা আছে। সেখানে তারা বলেছিলেন যে এখান একটা বড় থার্মাল প্লান্ট হবে এবং এই প্লান্ট থেকে সমস্ত জায়গায় বিদ্যুৎ দেওয়া সম্ভব হবে। ২ হাজার একর জমি কাঁকুড়তলা মৌজায়, বহড়া মৌজায় এ্যারেঞ্জ করে দেওয়া হয়েছিল কিন্তু আজ পর্যন্ত সেটাও রিলিজ করা হয়নি। সেখানকার ইকনমিক পজিশান অত্যন্ত ভাল। তার কারণ সেখানে একটা ন্যাশান্যাল হাই ওয়ের কাজ চলেছে, এখনও সবটা কমপ্লিট হয়নি। সেখানে রেল লাইন হবে, অজয় নদীতে জলও প্রচুর আছে এবং সাফিসিয়েন্ট কোল আছে, ফ্রাষ্ট গ্রেড কোল যেটা ইঞ্জিনে ব্যবহার করা হয়, সেগুলি সেখানে আছে। আমি জানিনা কোন অদৃশ্য হাতের খেলায়

সেটা এ্যাবানডাণ্ট হয়ে গেল। সত্যি কথা বলতে কি এসব সেন্ট্রাল গভর্ণমেন্টের অসত্য কথা মিথ্যা কথা, ভুল কথা। আমি গ্যারান্টি দিয়ে বলেছি যে ঐ ২ হাজার কেন, আপনারা যদি চান আমি আরো ২ হাজার বিঘা জমি যোগাড় করে দেব। আমি সেই এলাকার লোক। আমি আপনাদের ৪ হাজার বিঘা জমি যোগাড় করে দেব। আপনারা বলুন যে ইউ ক্যান এ্যাকসেপ্ট ইট? আমি উইথ ফুল গ্যারান্টি ছাড়া এই সব কথা বলিনা। আমি সে জন্য বলছি যে এটা আপনারা বিচার-বিবেচনা করে দেখবেন। তারপরে আর একটা কথা এখানে উঠেছে যে বক্রেশ্বরে ৬শত মেগা ওয়াটের একটা প্রজেক্ট করা হবে। কিন্তু আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে এটা বক্রেশ্বরেই নয়, এটা সিনপাইয়ে। বক্রেশ্বরে কি করে হল আমি বুঝলাম না। ৬শত মেগাওয়াট প্রজেক্ট করার যে কথা হয়েছে এটা বক্রেশ্বর নদীর ধারে কিছুটা বলতে পারি। কিন্তু বক্রেশ্বর হল সেখান থেকে ৮মাইল দূরে। এটাও সেন্ট্রাল গভর্ণমেন্টের ব্যাপার। আমি আপনাদের কাছে বলছি যে ফারাক্কা প্লান্ট দিলে ২হাজার মেগাওয়াট হবে। এখন যা হচ্ছে তাতে আমাদের অন্ততঃ যদি ১ হাজার মেগাওয়াট আরো বেশী উৎপাদন হয় তাহলে পশ্চিমবাংলার অনেকটা প্রবলেম সলভ হয়ে যাবে। কিন্তু সেটাও এখনও পর্যন্ত তারা করবো, করছি করে চলেছেন, বোধহয় আরো ৩ বছর লাগাবার চেষ্টা করছেন। আর [illegible]টা যদি করতেন, যেখানে থার্মাল প্লানটা হবে তার আধ মাইলও নয়, অনেক কাছে কয়লাখনি আছে কিন্তু কেন হলনা, কেন সেন্ট্রাল গভর্ণমেন্ট করছেন না সেটা আমরা বুঝতে পারছি না। কাজেই এই সিরিজগুলি বিচার-বিবেচনা করলে দেখা যাবে যে এই পাওয়ার নিয়ে কংগ্রেসই রাজনীতি বেশী করছে এবং সে বিষয়ে কোন সন্দেহ নেই এ্যান্ড ইট ইজ সাপোর্টেড বাই ফ্যাক্টস এ্যান্ড ফিগারস। কাজেই আপনি যেগুলি চেয়েছেন, যেগুলি বলছেন যে আমি কর্পোরেশান করবো, তা যদি করেন তাহলে পশ্চিম বাংলায় রুরাল ইলেকট্রিফিকেশানই বলুন, আর্বান ইলেকট্রিফিকেশানই বলুন, ইন্ডাস্ট্রিয়ালই বুলন কোনটাই বাদ থাকবে না। আমি কয়েকটা উদাহরণ দিলাম যে এই এই জিনিসগুলি তারা করবো বলেও করছেন না, আর একটা কথা হচ্ছে, সত্যি যদি তারা দিতে চান তাহলে কি তারা ডি.ভি.সি তে এবারে যে ৬ হাজার ৩৬২ মেগাওয়াট উৎপাদন হচ্ছে, এটাকে আরো একটু বাড়িয়ে দিতে পারেন? নিশ্চয়ই পারেন। আর একটি কথা হচ্ছে ৬ হাজার ৩৬২ মেগাওয়াট হয়েছে। এটা তারা দিতে পারেন, আরো বাড়িয়ে দিতে পারেন নিশ্চয়। সুনীতিবাবু একটি কথা বলেছেন যদি দিতে যাওয়া হয় তাহলে ওরা নিতে পারছেন না। জানি না, ওদের কতটা ক্ষমতা আছে, সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে যেতে পারেন। যদি পারেন তাহলে ৩০০/৪০০ এখানে ইজিলি পেতে পারি। আপনারা আগে দিয়ে দেখুন, যদি ট্রান্সমিসন না নিতে পারি তাহলে তখন আমাদের দোষ দেবেন। কিন্তু সেটাই। এটাই আমরা চাই। সেটা যদি দেয় তাহলে পশ্চিমবাংলায় সত্যিকারে একটা ব্যাপার হবে। এবং ট্রান্সমিসন ক্যাপাসিটি আছে কিনা সেটা আপনারা একটু পরিষ্কার করে বুঝে নেবেন। আর একটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব, সেটা হচ্ছে এই, সেন্ট্রাল গভর্নমেন্ট ইচ্ছাকৃতভাবে এটা করছেন। বাঁকুড়ার মেজিয়ার কাছে ইজিলি কয়লা পাওয়া যেতে পারে এবং থার্ম্যাল প্ল্যান্ট করে নিতে পারে। আপনি নিশ্চয় জানেন পশ্চিমবাংলা এবং বিহার ছাড়া সারা ভারতবর্ষে মাত্র ১২থেকে ১৪ পারসেন্ট কয়লা আছে। পশ্চিমবাংলায় সব চেয়ে বেশী কয়লা আছে, কোক কোল বাদ দিয়ে। সেটা আপনারা বিচার করে দেখবেন। আপনারা ঐখানে চুপটি করে বসে আছেন। আপনারা পলিটিক্স না করে পশ্চিমবাংলাকে পাওয়ার যদি দিতে চান তাহলে নিশ্চয় আমরা সেই কথা স্বীকার করব। কিন্তু তা না দিয়ে কেবল বড় বড় কথা বলব, আর ঐখানে গিয়ে বলব দিও না, পশ্চিমবাংলাকে আমরা কাবু করবো, এই দুমুখো নীতিকে সম্পূর্ণভাবে ঘৃণা করি। সেই

জন্য আপনি যে বাজেট এনেছেন, আমি তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4.40–4.50 p.m.]

**শ্রী সুব্রত মুখার্জী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি আমাকে একটু খানি বলবার অনুমতি যে দিয়েছেন তার জন্য আমি কৃতজ্ঞ। স্যার, আমি কালকে আপনার ঘরে হঠাৎ ঢুকে গিয়ে দেখলাম আপনার চেয়ারে কেউ নেই। আপনি কিছু মনে করবেন না, ভগবানের কৃপায় আপনার গায়ের রং আর চেয়ারের রং এক হয়ে গেছে। তাই আপনি যখন চেয়ারে বসবেন তখন একটা কিছু চিহ্ন চেয়ারের কাছে লাগিয়ে দেবার ব্যবস্থা করুন যাতে আমরা বুঝতে পারব যে আপনি ওখানে আছেন। তা না হলে আপনার মুখের রং, গায়ের রং চেয়ারের রং সব মিলে এক হয়ে যাচ্ছে।

**শ্রী কৃপা সিন্ধু সাহা :** স্যার, সুব্রতবাবু কেন এই কথা বললেন জানি না। তবে স্যার, রাস্তা দিয়ে যেতে গেলে অনেক সময় হয়ত কারো সঙ্গে ধাক্কা লেগে গেল। লক্ষ্য করলে দেখা যায় সেই লোকটা দেখতে পায় না, অন্ধ, তাই ধাক্কা লাগিয়েছে। সুব্রতবাবুর অবস্থাও হয়ত তাই হয়েছে।

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিদ্যুৎ দপ্তরের ভারপ্রাপ্ত রাষ্ট্রমন্ত্রী আজকে এই সভায় বিদ্যুৎ দপ্তরের যে ব্যয়বরাদ্দের দাবী পেশ করেছেন আমি তা সমর্থন করতে পারছি না। স্যার, ওঁকে বিদ্যুৎ মন্ত্রী না বলে 'অমাবস্যা' মন্ত্রী বললেই বোধহয় কিছুটা মানায়। স্যার, আমার আগে সরকারী দলের মাননীয় সদস্য শ্রী ভক্তি ভূষণ মন্ডল বিদ্যুৎ দপ্তর সম্পর্কে আলোচনা করতে গিয়ে এর কয়েকটি সমস্যার কথা বললেন। বিদ্যুৎ দপ্তরের ব্যর্থতার কথাও তিনি বললেন কিন্তু তার কারণগুলি বললেন না। যদি তিনি তা বলতেন তাহলে আমরা খুশী হতাম। এর আগে আমরা জানি, তিনি রাজ্যসরকারের কয়েকটি ব্যর্থতার কারণ বলায় আজকে তাঁর স্থান ট্রেজারি বেঞ্চ থেকে ঐখানে হয়েছে, আজকে যদি তিনি ব্যর্থতার কারণ বলতেন তাহলে আমাদের ধারণা, আগামী নির্বাচনে ওঁকে বাইরে থাকতে হ'ত, তিনি নমিনেশান পেতেন না। যাইহোক, উনি রেখে ঢেকে কথাবার্তা বলেছেন। স্যার, আমি এই বিদ্যুৎ দপ্তরের বাজেট নিয়ে আলোচনা করার সময় সরকারের কাছে এর ব্যর্থতার কারণগুলি জানতে চাইবো না কারণ আমরা জানি, এই সরকার ক্ষমতায় আসার পর রাজ্য বিদ্যুৎ পর্যদকে যেভাবে ভাঙ্গা-গড়া করেছেন তা পৃথিবীর ইতিহাসে বিরল। মিঃ ডি.এন মল্লিক, তিনি নাকি কংগ্রেসের লোক ছিলেন তাই তাঁকে সরিয়ে মিঃ দাশগুপ্তকে নিয়ে এলেন, তারপর আবার ভাঙ্গা-গড়া হ'ল এবং শ্রীঅংশুমান ঘটককে পরবর্তীকালে এস.ই.বি'র চেয়ারম্যান করে নিয়ে এলেন। স্যার, ওঁরা একটা নতুন প্রজেক্ট পশ্চিমবাংলার বুকে চালু করার চেষ্টা করলেন - সেটা হচ্ছে গ্যাসটারবাইন। যদিও এটার নাম গ্যাসটারবাইন কিন্তু এটা হাই স্পিড ডিজেলে চলে। ৫টি কেনার কথা ওঁরা চিন্তা করলেন, তার এক একটির প্রডাকসান ক্যাপাসিটি ২৫ মেগাওয়াট। ৫টিতে মোট ১২৫ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করবেন ঠিক করলেন। স্যার, এই গ্যাসটারবাইন প্রকল্প রাজস্থান এবং কর্ণাটক রাজ্যসরকারও এক্সপেরিমেন্ট করেছিলেন কিন্তু তারা ফেল করেছেন। তারা দেখেছেন এর প্রডাকসান খরচ যা সেই টাকা বিদ্যুৎ বিক্রি করে ওঠে না। তারা বিনা পয়সায় পশ্চিমবঙ্গ সরকারকে এগুলি দিয়ে দিতে চেয়েছিলেন কিন্তু রাজ্যসরকার তা নিলেন না, বোধহয় লোকে ভিখারী বলবে তাই ভিক্ষা নিতে চাইলেন না। এই গ্যাসটারবাইন সম্পর্কে রাজ্যসরকার গ্লোবাল টেন্ডার ডাকলেন। ১১টি টেন্ডার জমা পড়লো। ৮টি প্রথমেই বাদ হয়ে গেল, বাকি রইলো তিনটি - এগুলি হচ্ছে ওয়েষ্ট জার্মানি, জাপান

এবং বৃটেনের জন ব্রাউন এ্যান্ড কোম্পানীর। ওয়েষ্ট জার্মানি দিয়েছিল ১৭.২৫ কোটি টাকার টেন্ডার, জাপান দিয়েছিল ১৬.৯৩ কোটি টাকার এবং বৃটেন দিয়েছিল ১৬.৭৫ কোটি টাকার। ভালো কথা, লোয়েষ্ট টেন্ডারারকে দিলেন, বৃটেনের জন ব্রাউন এ্যান্ড কোম্পানীর টেন্ডার এ্যাকসেপ্ট করলেন। কিন্তু তারপর কি দেখলাম? পেমেন্টের সময় ২.৬৭ কোটি টাকা তাদের বেশী দেওয়া হল। সেখানে ১৯.৪২ কোটি টাকা দেওয়া হ'ল। তারপর স্যার, তাদের যে এ্যাডভান্স দেওয়া হয়েছিল ২৩ লক্ষ টাকা সেটাও পরে এ্যাডজাস্টেড হল না। গ্যাসটারবাইনগুলি কেনার সময় এগ্রিমেন্ট ছিল যে ১৪ দিনের বেশী যদি খারাপ হয় তাহলে তারজন্য কমপেনসেসান দেওয়া হবে।

**[4.50–5.00 p.m.]**

সেখানে কমপেনসেসন বাবদ ৩০ লক্ষ টাকা পাবার কথা, কিন্তু তা পাওয়া যায়নি। উপরন্তু মোট ৩ কোটি ২৫ লক্ষ টাকা বেশী দেওয়া হয়েছে। আমরা দেখছি গ্যাস টার্বাইন প্রকল্প নিয়ে বামফ্রন্ট সরকার জালিয়াতি করেছেন, দুর্নীতি করেছেন, টাকা নয়-ছয় করেছেন। এ সমস্ত যখন সারা পশ্চিম বাংলার মানুষ জানতে পারল এবং তদন্ত দাবী করল তখন শ্রী দেব কুমার বসুর নেতৃত্বে একটা তদন্ত কমিটি গঠণ করা হয়েছিল। কিন্তু সেই কমিটি কি রিপোর্ট দিয়েছিল তা আজ পর্যন্ত পশ্চিমবাংলার মানুষদের জানান হয়নি। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, তিনি তাঁর জবাবী ভাষণের মধ্যে দিয়ে সেই কমিটির তদন্ত রিপোর্ট সম্বন্ধে আমাদের একটু বলুন। আমি তাঁকে জিজ্ঞাসা করছি, তদন্ত রিপোর্টে কাদের দোষী বলা হয়েছে? কারণ আমরা জানি অডিট রিপোর্টে বহু গোলমাল পাওয়া গিয়েছে। যদি কাউকে দোষী সাব্যস্ত করে থাকেন, তাহলে তার বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হয়েছে? আর যদি কারো কোন দোষ না থেকে তাহলেও ঐ বিষয়ে কি কি রেকমেনডেশন আছে সেটা অন্তত হাউসে একটু বলুন, সেটা বললেও আমরা খুশী হব। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমাদের লজ্জা করে যখন বিভিন্ন ব্যাপারে অন্যান্য রাজ্যের সঙ্গে পশ্চিমবাংলার তুলনা করা হয়। আজকে আমরা কি দেখছি, আসামের নামরূপে গ্যাস এ্যান্ড অয়েল মিস্রচারে এ্যাসোসিয়েটেড গ্যাস চালিয়ে সেখানে লাভ হচ্ছে। অথচ পশ্চিমবঙ্গে ৩০ কোটি টাকা খরচ করে গ্যাস টার্বাইন বসিয়ে অতিরিক্ত ২০ কোটি টাকা লোকসান হয়ে গেছে। এখানে পাঁচটি গ্যাস টার্বাইনের সাহায্যে ১২৫ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করার কথা ছিল। কসবায় দুটি ইউনিট, হলদিয়ায় দু'টি ইউনিট এবং শিলিগুড়িতে একটি ইউনিট করবার কথা ছিল। সিলিগুড়িরটি তো হলোই না, কসবায় একটি হলো এবং হলদিয়াতে একটি হলো। ৩০ কোটি টাকা খরচ করার পরেও ২০ কোটি টাকা কেন লোকসান হয়ে গেল, সে বিষয়ে কি মন্ত্রী মহাশয় আমাদের একটু আলোকপাত করবেন? আমরা দেখছি বিভিন্ন সময়ে বিভিন্ন বিষয়ের উপর বক্তব্য রাখতে গিয়ে বামফ্রন্টের সদস্যরা ভারতবর্ষের অন্যান্য রাজ্যের সঙ্গে পশ্চিমবাংলার তুলনা করেন। কিন্তু আজকে আমরা একটা জিনিস নতুন দেখছি, ইতিপূর্বে সরকারী পক্ষের দু'জন মাননীয় সদস্য এখানে বিদ্যুৎ ব্যয়বরাদ্দের সমর্থনে বক্তব্য রাখলেন, কিন্তু তাঁরা কেউ বিদ্যুতের বিষয়ে ভারতবর্ষের অন্য কোন রাজ্যের সঙ্গে পশ্চিমবঙ্গের তুলনা করলেন না। আমার মনে হচ্ছে বাস্তব চিত্র দেখে তাঁদের শুভ-বুদ্ধি জেগেছে। কারণ বিদ্যুতের ক্ষেত্রে পশ্চিম বাংলার এমনই অবস্থা যে, তুলনা করলে তাঁরা নিজেরাই লজ্জা পেতেন। বর্তমানে বিদ্যুতের ক্ষেত্রে পশ্চিম বাংলার ভারতবর্ষের কোন্ কোন্ রাজ্যের উপরে আছে? না, পশ্চিম বাংলা উড়িষ্যা, আসাম, মণীপুর, মেঘালয়, সিকিম এবং ত্রিপুরার উপরে আছে। এটা আমাদের লজ্জার কথা। গ্রামীণ বৈদ্যুতিকরণের ক্ষেত্রে ২২'টি রাজ্যের মধ্যে পশ্চিমবাংলার

স্থান ১৬'তে। পশ্চিমবাংলায় শতকরা ৪৯.৪ ভাগ গ্রামীণ বৈদ্যুতিকরণ হয়েছে। আর এ ক্ষেত্রে সর্বভারতীয় গড় হচ্ছে শতকরা ৫০ ভাগ। অর্থাৎ সর্বভারতীয় গড় থেকেও আমরা পিছিয়ে আছি। পশ্চিম বাংলার মোট ৭ কোটি জনসংখ্যার মাত্র ৪৯.৪ পারসেন্ট গ্রামকে আজ পর্যন্ত বৈদ্যুতিকরণ করা সম্ভব হয়েছে? ১৯৮৪ সালের ৩১শে মার্চের রিপোর্ট থেকে আমরা এই হিসাব পাচ্ছি। সেচের ক্ষেত্রে বিদ্যুতের অভাবে ব্যর্থতা সৃষ্টি হয়েছে, মাইনর ইরিগেসন ফেল্ করেছে। বিদ্যুতের অভাবে মাত্র ৩৩ হাজার ৭৪০টি বসান সম্ভব হয়েছে। এ বিষয়ে আমরা অন্যান্য রাজ্যের চেহারাটা কি দেখছি, বিহারে ১ লক্ষ ৮৮ হাজার ২১২টি, উত্তরপ্রদেশে ৪ লক্ষ ৮৫ হাজার ৫৭৫টি, কেরালায় - একটা ছোট রাজ্য - ১ লক্ষ ১৮ হাজার ৬৪২টি, বৈদ্যুতিক সেচ পাম্প বসাতে পেরেছে। পশ্চিম বাংলায় মাত্র ৩৩,৭৪০টি বসান হয়েছে। এটা আমাদের লজ্জা। ১৯৪৭ সালে পশ্চিমবাংলা ভারতবর্ষের মধ্যে বিদ্যুতের ক্ষেত্রে প্রথম স্থানে ছিল। যখন প্রথম পরিকল্পনা তৈরী হয় তখনো প্রথম স্থানে ছিল, দ্বিতীয় পরিকল্পাব সময়েও আমাদের অবস্থা একই ছিল। আজকে ৬ষ্ঠ পরিকল্পনা শেষে আমাদের স্থান নেমে এসেছে ১৬ নম্বরে। এর চেয়ে লজ্জার আর কি হতে পারে। হরিয়ানা, পাঞ্জাব, কেরলা, তামিলনাডু যখন শীর্ষে পৌঁছে গিয়েছে তখন আমরা ১৬ নম্বরে নেমে এসেছি। হরিয়ানা, পাঞ্জাব এবং কেরলা সেন্ট পারসেন্টে পৌছে গিয়েছে। তামিলনাডু ৬ষ্ঠ পরিকল্পনার শেষে ৯৯.৬ পারসেন্ট-এ পৌঁছে ছিল, বাকি ০.৪পারসেন্ট ৭ম পরিকল্পনার প্রথম দিকেই কমপ্লিট করে দিয়েছে। এই ভাবে তারা আজকে গ্রামীণ বৈদ্যুতিকরণ-এর ক্ষেত্রে প্রথম স্থান অধিকার করেছে। মহারাষ্ট্র, গুজরাট, অন্ধ্রপ্রদেশ, কর্ণাটক'ও প্রথম স্থানে যাবার জন্য প্রতিযোগিতা শুরু করে দিয়েছে। মহারাষ্ট্র গ্রামীণ বৈদ্যুতিরকরণের ক্ষেত্রে ৮৯.২পারসেন্ট, গুজরাট ৮২.৪ পারসেন্ট, অন্ধ্রপ্রদেশে ৭৯.৭ পারসেন্ট, কর্ণাটক ৭৯.২ পারসেন্ট-এ পৌঁছেছে। আজকে হিমাচল প্রদেশ এবং জম্মু কাশ্মীরের মতন জায়গায় যেখানে পাহাড়ী এলাকা, যেখানে যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন, সেইসব রাজ্যও গুজরাটের থেকে এগিয়ে রয়েছে। হিমাচল প্রদেশে হচ্ছে ৮১.৭ পারসেন্ট এবং জম্মু এবং কাশ্মীর হচ্ছে ৮৪.১ পারসেন্ট। পশ্চিমবাংলা সেখানে পিছিয়ে রয়েছে। ন্যাগাল্যান্ডে মোট ১ হাজার গ্রাম রয়েছে। সেখানে যোগাযোগ ব্যবস্থা কি সেটা আপনি ভালভাবেই জানেন। সেখানে ৬০ পারসেন্ট গ্রামে অর্থাৎ প্রায় ৫৮০ টি গ্রামে বিদ্যুৎ পৌঁছে দেওয়া হয়েছে। উত্তরপ্রদেশে ৫২ পারসেন্ট গ্রামে বিদ্যুৎ পৌঁছে দেওয়া হয়েছে। মধ্যপ্রদেশে ৫২.১ পারসেন্ট। ঐসব রাজ্য পশ্চিমবাংলার উপরে। আপনারা বিদ্যুৎ উৎপাদন কমে যাওয়ার জন্য, গ্রামীন বৈদ্যুতীকরণ না হওয়ার জন্য কেন্দ্রকে দোষ দিচ্ছেন, কিন্তু আপনারা কি করেছিলেন? ১৯৬৭ সালে চতুর্থ পরিকল্পনা সুরু হয়েছিল। এখন আপনাদের যিনি মুখ্যমন্ত্রী তিনি তখন অর্থমন্ত্রী এবং উপ-মুখ্যমন্ত্রী ছিলেন, তখন বামপন্থী সরকার ছিল। কংগ্রেস সরকার ছিল না। সেইদিন আপনারা বিদ্যুৎ উৎপাদনের পরিকল্পনা নেননি। তার আগে পরিকল্পনার ৩০৫ কোটি টাকা ধরা হয়েছিল। নিয়ম অনুযায়ী পরের পরিকল্পনাটা আগের ডাবল হওয়া উচিৎ। কিন্তু আপনারা কি করলেন? মাত্র ৩১৭ কোটি টাকার চতুর্থ পরিকল্পনা তৈরী করলেন। আপনারা কমিউনিজমের কথা বলেন। ১৯১০ সালে রুশ বিপ্লব, গৃহ যুদ্ধের সময় মহামতী লেনিন কমিউনিষ্ট পার্টির নেতৃত্বে ছিলেন, সেই মহামতী লেনিন সেদিন গোয়েল বো প্ল্যান তৈরী করলেন। তাতে তিনি ইকোয়েসান অর্থাৎ সমীকরণ তৈরী করলেন। এইসব [illegible] পাওয়া যায় না। কমিউনিজম মানে সোভিয়েত রাশিয়ার সারা দেশে বৈদ্যুতিকরণ এবং তাঁর ফরমূলা ছিল বিদ্যুৎ যদি উৎপাদন করতে না পারি, বিদ্যুৎ যদি সারা গ্রামে পৌঁছে না দিতে পারি তাহলে সোভিয়েত রাশিয়ার উন্নতি করা যাবে না। কমিউনিজম মানে সোভিয়েত রাশিয়া প্লাস সারা দেশের বৈদ্যুতিকরণ।

ট্রটস্কি পন্থী যারা ছিলেন তাঁরা ব্যঙ্গ করে সেদিন বলেছিলেন এটা ইলেকট্রিফিকেশান নয় এটা হচ্ছে ইলেকট্র-ফ্রিকসান। বৈদ্যুতীকরণ নয় বিদ্যুতের গল্প হবে। ভারতবর্ষের প্রথম প্রধানমন্ত্রী পণ্ডিত জওহরলাল নেহেরু প্রথম পঞ্চ বার্ষিকী পরিকল্পনার প্রারম্ভে বলেছিলেন (১৯৫১) বিদ্যুৎ যদি গ্রামে গ্রামে পৌঁছে না দিতে পারি তাহলে ভারতবর্ষের উন্নতি করা যাবে না এবং তারজন্য তিনি ডি.ভি.সি তৈরী করলেন, ময়ূরাক্ষী প্রজেক্ট তৈরী করলেন। তারই ফলশ্রুতি হিসাবে পশ্চিমবাংলা বাদে অন্যান্য রাজ্যগুলি ব্যাপকভাবে গ্রামে-গ্রামে বিদ্যুৎ পৌঁছে দিতে পারছে। মহামতী লেনিনের সঙ্গে জওহরলাল নেহেরুর আদর্শের মিল ছিল না, নেহেরু কংগ্রেস করতেন আর তিনি কমিউনিষ্ট করতেন। কিন্তু অদ্ভুত মিল ছিল মহামতী লেনিন-এর উদ্যোগ্যের সঙ্গে। কিন্তু ১৯৬৭ সালে ক্ষমতায় এসে জ্যোতিবাবু কি বললেন? বিদ্যুৎ দিয়ে কি হবে? বিদ্যুৎ কি খাবো? স্নান করবো. জ্যোতিবাবু মহামতী লেনিনের পন্থী হলেও তিনি ছিলেন ট্রটস্কি পন্থী। অবশ্য তিনি ট্রটস্কি পন্থী ছিলেন কিনা আমি জানি না। কিন্তু যে ট্রটস্কি পন্থীরা মহামতী লেনিনের ইলেকট্রিফিকেশানকে ইলেকট্রো-ফ্রিকসান বলে ব্যাঙ্গ করেন সেই ট্রটস্কি পন্থীর সঙ্গে জ্যোতিবাবুর আদর্শের মিল পাওয়া যায়। আজকে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার বিভিন্ন ক্ষেত্রে নিজেদের ব্যর্থতার জন্য সব জায়গায় দোষ চাপিয়ে দিচ্ছেন চক্রান্তের বিরুদ্ধে। আজকে ভক্তিবাবু ইউনিয়নের কথা বললেন, পরিমল দাশগুপ্তের কথা বললেন। কিন্তু এস.ই.বি-তেও আই.এন.টি.ইউ.সির ইউনিয়ন আছে। আপনারা রাজ্যস্তরের নেতা মিলন চৌধুরীকে সাসপেন্ড করে দিলেন। দুর্নীর্তির জন্য আপনারা ছাঁটাই করবেন, দুর্নীতির জন্য ছাঁটাই করুন এটা আমরা চাই, আমরা আপনাদের পাশে এসে দাঁড়াবো, যদি কোন কর্মচারীকে দুর্নীতির জন্য ছাঁটাই করা হয় তারজন্য যে শাস্তি দেবেন আমরা মাথা পেতে নিতে রাজি আছি। কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, রুল ৩৪ দুর্নীতির পর্যায়ে কি পড়ে? আপনি ১০ জন অফিসারকে ছাঁটাই করলেন কেন? কোন অপরাধে? তাঁরা আদালতে গেলেন, আদালতে বছরের পর বছর কেস করে আপনারা হেরে গেলেন, যারফলে কয়েক লক্ষ টাকা চলে গেল।

**[5.00–5.10 p.m.]**

আপনাদের দুজন লইয়ার, - তার মধ্যে একজন সংসদ সদস্য, যাঁকে যাদবপুরের মানুষ পরিত্যাগ করেছেন - নাম করা লইয়ারকে ব্রিফগুলি দিয়েছিলেন, কিন্তু কেস করে আপনারা হেরে গেলেন, কয়েক লক্ষ টাকা জলে গেল। তারপর ছাঁটাই করলেন; সেখানেও আজকে কর্মচারীদের মনে একটা বিভ্রান্তি এনে দিয়েছেন এবং সেখানেও আপনাদের একটা পলিটিক্যাল মোটিভ আছে। একদিকে নিজের দলের লোকদেরকে টাকা পাইয়ে দিচ্ছেন, আর একদিকে কর্মচারীদের হ্যারাস করছেন রাজনৈতিক উদ্দেশ্য চরিতার্থ করার জন্য। কর্মচারীদের উৎসাহ দেওয়া তো দূরের কথা, তাদের মধ্যে একটা নিরুৎসাহের ভাব সৃষ্টি করলেন। আজকে সারা ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের মধ্যে ৩৮১টি কেস রয়েছে, এর জন্য লক্ষ লক্ষ টাকা অপচয় হল। এরজন্য বিদ্যুৎমন্ত্রী মহাশয়কে জবাবদিহী করতে হবে। আজকে আমরা দেখতে পাচ্ছি যে, কিছুদিন আগে মাননীয় মন্ত্রী মহাশয় বহু এম্প্লয়ীকে ট্রান্সফার করে দিলেন, বিভিন্ন জায়গায় বদলী করলেন। আপনাদের ক্ষমতা আছে বদলী করার, কিন্তু সেটা একটা রুটিন মাফিক করুন। যারা আপনাদের ইউনিয়নকে সমর্থন করেনা, অন্য ইউনিয়নের লোক, তাদের বদলী করলেন এবং বদলী করার পরে কি করলেন? তার মধ্যে পরে আবার অনেকে আপনাদের ইউনিয়নের সদস্য হয়ে গেল। ফলে বদলী হয়ে join করে আবার তারা ফিরে এলেন।

বদলীর ব্যাপারে তাদের যে টি.এ.বিলের সুবিধা দেওয়া হয়েছিল এবং তাদের ব্যাক করিয়ে আনা হয়েছিল। এইসব টি.এ. বিল ইত্যাদি করে আপনাদের খাম খেয়ালীপনার জন্য প্রায় কয়েক লক্ষ টাকা দিতে হল। আজকে আমরা জানি যে ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের অনেক কর্মচারীকে অসুবিধার মধ্যে পড়তে হয়েছে। কিন্তু আপনারাই আবার শ্রমিক দরদের কথা বলেন। আপনারা একটা পে-কমিটি করেছিলেন। সেই পে-কমিটির চেয়ারম্যান ছিলেন আর.কে. দাশগুপ্ত। তাঁকে নিয়েই ঐ থ্রিম্যান কমিটি গঠিত হয়েছিল। কমিটি রিপোর্ট দিলেন ১৯শে জুলাই, ১৯৮৪, সেই রিপোর্ট দেওয়ার পরে দেখা গেল যে অফিসারদের মাইনে বাড়ল ৭০০ টাকার মত, আর যারা মেহনতী মানুষ তাদের বাড়ল মাত্র ৬০ টাকা করে। এতে তাদের মনে কোন উৎসাহ আনতে পারলেন না, শুধু কিছু কিছু আমলার স্বার্থ দেখে গেলেন এবং এর জন্য ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের সাড়ে তিন কোটি টাকা নষ্ট হল। এই অবস্থায় এই সরকার তাঁদের কাজের জন্য কৃতিত্বের দাবী করেন কি করে? ১৯৭৭ সালে যখন কংগ্রেস সরকার চলে গেল তখন সারা পশ্চিমবঙ্গে বিদ্যুতের সর্টেজ ছিল ৩০ থেকে ৫০ মেগাওয়াট। ম্যাকসিমাম পাওয়ার সর্টেজ ছিল ৫০ মেগাওয়াট। তখন আমাদের বিদ্যুৎ মন্ত্রী এবং ডি.পি.এলের সদস্য ডাঃ জয়নাল আবেদিন কতকগুলি পরিকল্পনা নিয়েছিলেন। সাঁওতালডির থার্ড এ্যান্ড ফোর্থ ইউনিট এবং কোলাঘাট ফিফথ ইউনিটের পরিকল্পনা কংগ্রেস সরকার নিয়েছিলেন। ডি.পি.এলের সিক্সথ ইউনিট কংগ্রেস সরকারেরই পরিকল্পনা যা ১১০ মেগাওয়াট ছিল, আর কোলাঘাটের দুটি ইউনিটে ২২০ মেগাওয়াটের পরিকল্পনা ছিল। এইসব কাজগুলি কংগ্রেস সরকারের পিরিয়ডে হয়েছিল। সেখানে যে কমিশন হয়েছিল তার কৃতিত্বও কংগ্রেস সরকারের। এত প্রোডাকসনের ব্যবস্থা করে দেওয়ার পরেও এবং সি.ই.এস.সি.র থার্ড ইউনিটে উৎপাদন সহ মোট প্রায় হাজার মেগাওয়াট অতিরিক্ত উৎপাদন যেখানে হওয়ার কথা, সেখানে কেন পশ্চিমবঙ্গ এত অমাবস্যার অন্ধকারে থাকবে? আজকে পাওয়ার মিনিষ্টারের এর জবাব দেওয়ার দরকার আছে। প্রত্যেকটি জায়গায়, এমন কি কন্ট্রাকটারদের ভিতরেও আপনারা নিজেদের লোক বসিয়ে রেখেছেন। মেসার্স আর.ডি.ষ্টিল এবং সামিনা এ্যান্ড কোং এই দুটির বিরুদ্ধে বার বার ব্ল্যাক লিষ্টেড হওয়ার অভিযোগ এসেছিল, কিন্তু এদের বিরুদ্ধে কোন ব্যবস্থা না নিয়ে দলের লোকের স্বার্থ রক্ষার জন্য এই ব্ল্যাক লিষ্টেড কোম্পানী দুটিকেই বার বার টেন্ডার দিয়ে যাচ্ছেন। আজকে পাওয়ার মিনিষ্টারের একজন ঘনিষ্ট ব্যক্তি - মিষ্টার ঘটককে চেয়ারম্যান করা হয়েছে। আবার মিঃ ঘটকের ফ্রেন্ড এবং তাঁর অত্যন্ত ঘনিষ্ট ব্যক্তি বলে মিঃ মিত্রকে ডি.ভি.সি থেকে নিয়ে এলেন। কিন্তু তিনি কোন কাজ করতে পারছেন না। একটা বিরাট অঙ্কের করসোলিডেটেড্ পে পার মানথ্ দিয়ে তাঁকে নিয়ে এসেছেন এবং তারজন্য রাজ্য বিদ্যুৎ পর্ষদকে প্রতি মাসে ৬০০০ টাকা গুনতে হচ্ছে। এইভাবে প্রতিটি জায়গায় আপনারা করাপটেড্ মানুষদের দিয়ে কাজ করাচ্ছেন। কিন্তু আপনারা করাপশনকে এত মদৎ দিচ্ছেন কেন? যদি সৎ সাহস থাকে, তাহলে এর উত্তর দেবেন। একজন ইঞ্জিনিয়ারকে সেখানে এ্যাডিশনাল চিফ্ ইঞ্জিনিয়ারকে সেখানে এ্যাডিশনাল চিফ্ ইঞ্জিনিয়ার করে দিলেন, যাঁর বিরুদ্ধে ষ্টেট ভিজিলেন্স কমিশন রিপোর্ট দিয়েছে। আর একজন ইঞ্জিনিয়ারকে প্রমোশন দিয়ে নর্থ বেঙ্গলের ৫০ মেগাওয়াট হাইডেল প্রজেক্টে পাঠিয়ে দিলেন, যেটা কিনা বিগেষ্ট হাইডেল পাওয়ার প্রজেক্ট অফ দি বোর্ড। এঁর বিরুদ্ধে ভিজিলেন্স কমিশন এ্যাডভার্স রিপোর্ট দেবার পরও তাঁকে প্রমোশন দিয়ে সেখানে পাঠিয়েছেন। নর্থ বেঙ্গলের একজন জোনাল ম্যানেজারকে প্রমোশন দিয়েছেন, যাঁর বিরুদ্ধেও ভিজিলেন্স রিপোর্ট রয়েছে। আজকে তাঁকে প্রমোশন দিয়ে এ্যাডিশন্যাল চিফ্ ইঞ্জিনিয়ার করে দিলেন। দেখা যাচ্ছে, যে সমস্ত অফিসারের বিরুদ্ধে ভিজিলেন্স হয়েছে, যে সমস্ত অফিসারের

বিরুদ্ধে ভিজিলেন্স কমিশন-এর এ্যাডভার্স রেকমাণ্ডেশন রয়েছে, আপনারা তাঁদের মদৎ দিয়ে যাচ্ছেন। আজকে কোন্ ইন্টারেষ্টে তাঁদের এই মদৎ দিচ্ছেন? আজকে হাওড়া থেকে ব্যান্ডেল পর্যন্ত যেসব সাব-ষ্টেশন আছে, সেইসব সাব-ষ্টেশন আজকে এমন অবস্থার মধ্যে দিয়ে যাচ্ছে যে, সেখানে কোন রকম মেনটেনেন্সের কাজ হচ্ছে না, সেখানে কাজের গাফিলতী চলছে। এর ফলে সাধারণ মানুষরা ক্ষতিগ্রস্ত হচ্ছেন। ২৪-পরগণা জেলার জিরাটে একটি সাব-ষ্টেশন কনষ্ট্রাকশন করবার কথা ছিল, যার টাকা ওয়েষ্ট বেঙ্গল গর্ভণমেন্ট দিয়েছেন। আমি জানি, যারা আজকে পশ্চিমবাংলাকে অন্ধকার করে দিয়েছে, যারা অন্ধকারের জীব হিসাবে পরিগণিত হয়েছে, তারা ভাল কথা শুনতে চায়না - খারাপ কথা শুনতে চায়। ২৪-পরগণার জিরাট সাব-ষ্টেশন করার সময় ল্যান্ডড লুজার্সদের স্বার্থ রক্ষার চাইতে কে কত টাকা মারতে পারেন সেটা দেখেছেন। আজকের দিনে আইনমন্ত্রী মহাশয় সেখানে ৩০০ লোককে চাকরী দিয়ে দিলেন, কিন্তু ল্যান্ড লুজার্সদের জন্য কিছুই করলেন না। আজকে বিদ্যুতের অভাবে পশ্চিমবাংলার ইন্ডাষ্ট্রিগুলি ধ্বংস হতে বসেছে, বিদ্যুতের অভাবে পশ্চিমবাংলার মানুষ আজকে একটা অসহনীয় অবস্থার মধ্যে দিন কাটাচ্ছেন, কিন্তু সেক্ষেত্রে বিদ্যুৎ উৎপাদন করে তাঁদের স্বার্থ রক্ষা করতে পারছেন না। জেনারেটর বসাবার ক্ষেত্রে যে পারমিশন দিয়েছেন, আজকে বড় বড় কারখানাগুলি হয়ত নিজেরা জেনারেটর বসিয়ে কোনভাবে কাজ চালিয়ে নিচ্ছে, কিন্তু লক্ষ লক্ষ ছোট কারখানাগুলি নিজেদের সামর্থে জেনারেটর বসাতে পারছে না, ফলে সেগুলো ধুঁকছে বা বন্ধ হয়ে যাচ্ছে। আজকে তাঁদের স্বার্থের কথা চিন্তা করতে পারছেন না। সেইজন্য, এখানে বিদ্যুৎ খাতে যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তার তীব্র বিরোধীতা করে এবং আমাদের সমস্ত কাট্‌মোশনকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**[5.10–5.20 p.m.]**

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বিদ্যুৎমন্ত্রী যে ব্যয়বরাদ্দ উত্থাপন করেছেন, তাকে আমি সমর্থন করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধী পক্ষের সদস্যরা তথ্য বিকৃত করবার চেষ্টা করেছেন এবং বাস্তব অবস্থা থেকে বিচ্ছিন্ন সব উক্তি করে গোটা পরিস্থিতিটাকে অন্য জায়গায় নিয়ে যাবার চেষ্টা করেছেন। সেইজন্য তাঁদের বক্তব্যের কয়েকটি জবাব এখানে দেওয়া প্রয়োজন। বিরোধী পক্ষের সদস্য শ্রী সুনীতি চট্টরাজ এখানে বর্মন কমিশনের কথা বলছিলেন। বর্মন কমিশন তাঁদের রিপোর্ট সিদ্ধার্থ শঙ্কর রায়ের সময় দিয়েছিলেন। সেই সময় বর্মন কমিশনের রিপোর্টের মধ্যে সাঁওতালদি, কোলাঘাট প্রভৃতি সমস্ত জায়গায় অপদার্থতার কথা উপস্থিত করা হয়েছিল। ওঁদের সময়ে বর্মন কমিশনের সেই রিপোর্ট কার্যকর করলেন না; আজকে বলছেন যে, বর্মন কমিশনের রিপোর্ট কার্যকর করতে হবে। বর্মন কমিশনের রিপোর্টের মধ্যে ভাল যেগুলো আছে সেগুলো নিশ্চয়ই মন্ত্রীসভা কার্যকর করবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওনারা বিশেষ করে সুনীতিবাবু গ্রামীন বৈদ্যুতিকরণ সম্পর্কে তথ্যবিকৃতি করলেন। তিনি এখানে কিছু ভুল তথ্য পরিবেশন করলেন। ওনারা বিগত ২৮ বছরের রাজত্বকালে কি করেছিলেন সেই সব কথা তিনি বললেন না। গ্রামীন বৈদ্যুতিকরণ কর্মসুচীতে ২৮ বছরে তাঁরা ১০, ৯, ৮১টি মৌজায় গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজ শেষ করেছিল। আর এই বামফ্রন্ট সরকার ৮ বছরে ১৯, ২, ৩২টি মৌজায় গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজ শেষ করেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা জানি কৃষি অর্থনীতির অগ্রগতির জন্য, কৃষিকে সমৃদ্ধ করার জন্য খুব সংগতভাবে আমাদের মন্ত্রী মহাশয় সিদ্ধান্ত নিয়েছে যে কৃষির ক্ষেত্রে বিদ্যুৎকে

অগ্রাধিকার দিতে হবে, প্রাধান্য দিতে হবে। সেইজন্য দেখতে পাচ্ছি ওনারা ২৮ বছরে স্যালো করেছেন ১৯, ২, ৬১টি এবং সেই জায়গায় বামফ্রন্ট সরকার ৮ বছরে ৪০ হাজার স্যালো করেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মান্নান সাহেব এখানে বললেন - "পরিসংখ্যান তো দেওয়া হচ্ছে না বিদ্যুতের ক্ষেত্রে কোন রাজ্য কত উৎপাদন করেছে"? সেই প্রসঙ্গে উনি বললেন পশ্চিমবাংলা বিদ্যুতের ক্ষেত্রে এক সময় প্রথম স্থান অধিকার করে ছিল এবং সেটা ছিল ১৯৫০ সালে। ১৯৫০ সালের পরবর্ত্তীকালে দীর্ঘ দিনের যে রাজত্ব তার ফলশ্রুতিতে পশ্চিমবাংলা সপ্তম স্থানে এসে দাঁড়িয়েছে। ওনাদের অপদার্থতায়, ওনাদের অযোগ্যতায় এবং ওনাদের দূরদর্শিতার অভাবের জন্য এই জিনিষ হয়েছে। আমাদের মন্ত্রী মহাশয় অত্যন্ত সংগতভাবে এখানে যে বিদ্যুতের সংকট সেই সংকটকে তিনি অকপটে স্বীকার করে নিয়েছেন। এই রাজ্যের বিদ্যুৎ সম্পর্কে এবং তার ভবিষ্যত সম্পর্কে তিনি পরিষ্কার ভাবে যে কথা বলেছেন সেটা একটুও দোষের হয়নি। বিদ্যুতের সম্প্রসারণের কথা উঠলে এই কথা বলতে হবে যে কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা ছাড়া বিদ্যুতের সম্প্রসারণ ঘটানো সম্ভব নয়। আজকে বিদ্যুৎ আধুনিক সভ্যতার হাতিয়ার। আমরা অবাক বিস্ময়ে লক্ষ্য করেছি প্রথম এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বিদ্যুতের উপর গুরুত্ব দেওয়া হয়নি। প্রথম এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার যাঁরা রচয়িতা তাঁরা বিদ্যুতের গুরুত্বকে উপলব্ধি করতে পারেন নি। তাঁরা অনেকে বলেছিলেন যে বিদ্যুৎ নিয়ে কি হবে। জওহরলাল নেহেরুর কথা ওনারা উল্লেখ করেছেন। কিন্তু প্রথম এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার যাঁরা রচয়িতা এবং যাঁরা মুখ্য নেতৃত্বে ছিলেন তাঁরা বিদ্যুতের কথা বলেন নি। মাঝে যে ১০ বছর সেই ১০ বছরের মধ্যে বিদ্যুতের সম্প্রসারণ ঘটানোর জন্য, বিদ্যুতের উন্নতি ঘটানোর জন্য কেন্দ্রীয় সরকার কোন ব্যবস্থা গ্রহণ করেন নি। সেই কারণে বিদ্যুৎ আজ বিপর্যস্ত। এটা একটা দিনে হয় নি। ওনাদের আমলে বিধানসভার কার্য্যবিবরনী পড়লে দেখা যাবে কংগ্রেস পক্ষের সদস্যরা- বিরোধী দলের নামেমাত্র কয়েকজন সদস্য ছিলেন - প্রতিদিন লোড সেডিং-এর কথা বলতেন। আজকে যে বিদ্যুতের বির্পযয় ঘটেছে এটা একটা বির্পযয়ের ফলশ্রুতি। এটা যে আজকের বির্পযয় এটা বললে চলবে না। কিন্তু আমাদের কৃতিত্ব হচ্ছে এই বামফ্রন্ট সরকার ৭-৮ বছরে ১ হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন বাড়িয়েছে। সেই তুলনায় বিদ্যুতের চাহিদা অনেক বেড়েছে। গ্রামে বিদ্যুৎ সরবরাহ করার জন্য বিদ্যুতের চাহিদা অনেক বেড়ে গেছে। গ্রামের মানুষ আজকে বিদ্যুৎ নিশ্চয়ই চাইবে এবং সেই সঙ্গে বহু ছোট ছোট কল-কারখানা গড়ে উঠেছে। সেই জন্য বিদ্যুতের চাহিদা বেড়ে যাচ্ছে। এই কথা ঠিক বামফ্রন্ট সরকারের আমলে তাদের চাহিদা সম্পূর্ণভাবে পূরণ করা যাচ্ছে না। ওনারা একবারও এই প্রসঙ্গে কোন কথা বলছেন না। যে সমস্ত প্রকল্প অনুমোদনের জন্য পাঠানো হল কেন্দ্রীয় সরকার সেইগুলি অনুমোদন দিচ্ছেন না। ওনারা এই ব্যাপারে আমাদের সঙ্গে ঐক্যমত হলেন না। পশ্চিমদিনাজপুরের ডুমডাঙ্গি এবং সাগরদীঘি তাপ বিদ্যুৎ পরিকল্পনা, বীরভূমের বক্রেশ্বরে তিস্তায় জল বিদ্যুৎ পরিকল্পনার যদি অনুমোদন মিলত তাহলে বিদ্যুতের ক্ষেত্রে স্বয়ং সম্পূর্ণ হওয়া যেত। তাহলে এই রাজ্য [illegible] অগ্রসর হতে পারত। কি অদ্ভুত যুক্তি ওনারা দেখিয়েছেন। আমি একবার বিধানসভার প্রশ্ন-উত্তর পর্বে জানতে চেয়েছিলাম কেন মুর্শিদাবাদে তাপ বিদ্যুৎ কেন্দ্র হচ্ছে না। কেন্দ্র থেকে জবাব এসেছিল কয়লা পরিবহনের সমস্যা, সেই জন্য সাগরদিঘীতে তাপ বিদ্যুৎ কেন্দ্র হতে পারবে না। আসানসোলের কয়লা সাগরদীঘিতে যেতে পারবে না। আসানসোলের কয়লা পাঞ্জাবে যেতে পারবে, মহারাষ্ট্রে যেতে পারবে, গুজরাতে যেতে পারবে কিন্তু পরিবহন সমস্যার জন্য আসানসোলের কয়লা সাগরদীঘীতে তাপ বিদ্যুৎ কেন্দ্রের জন্য যেতে পারবে না। এই সমস্ত কথা ওঁরা

বললেন এবং এই সমস্ত জবাব পাঠান। ওঁরা যদি পশ্চিমবঙ্গের প্রকৃত ভাল কিছু চান, তাহলে রাজ্য সরকারের যে সমস্ত পরিকল্পনা কেন্দ্রীয় সরকারের কাছে ইতিমধ্যে পাঠানো হয়েছে, সেগুলিকে রাজ্যের মানুষের সাথে ঐক্যবদ্ধ হয়ে বামফ্রন্ট সরকারের সাথে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে লড়াইতে সামিল হয়ে এগিয়ে যাবার চেষ্টা করুন। এইভাবে কেন্দ্রীয় সরকারের বিরোধী মনোভাবের বিরুদ্ধে লড়াই করতে পারলে পশ্চিমবাংলার বর্তমান দিনের এবং আগামী দিনের নাগরিকবৃন্দ আর্শীবাদ জানাবেন। ডি.ভি.সি.তে আজকে উৎপাদন বাড়ছে, অথচ আমরা তা থেকে ভাগ পাব না। ডি.ভি.সি.র মধ্যে পশ্চিমবঙ্গ অংশীদার, অথচ বিদ্যুতের ব্যাপারে কোন ভাগ আমরা পাব না। এই দাবী জানালে আমরা অন্যায় করে ফেললাম এবং আমরা অপরাধী হয়ে যাব। এই দাবী আমাদের পক্ষ থেকে ওঁদের কাছে জানালে ওঁরা প্রতিবাদ করছেন। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, বামফ্রন্ট সরকার যখন ক্ষমতায় আসীন হলেন, তখন রাজ্যের বিদ্যুৎ ব্যবস্থা একটা বিপর্যস্ত অবস্থায় ছিল। বিদ্যুৎ'এর অবস্থা তখন এখানে সম্পূর্ণ ধ্বংসস্তুপের মধ্যে পড়ে ছিল। তা থেকে উদ্ধারের জন্য আজ আমরা বিভিন্ন কর্মসূচী গ্রহণ করেছি। বিদ্যুৎ দপ্তরে তদানিন্তন বিদ্যুৎমন্ত্রী ১২,৫০০ সাড়ে বারো হাজার সম্পূর্ণ অদক্ষ কর্মী নিয়োজিত করেছিলেন। বিদ্যুতের মত একটা বিভাগে এই ধরণের আনস্কিল্ড্ লেবারকে চাকুরী দেবার পর থেকে উন্নতির বদলে ক্রমাগত অবনতির দিকে ঝুঁকে পড়েছিল। এই ধরণের আনস্কিল্ড লেবার নিয়োজিত হলে যে এই দপ্তরের বিরাট ক্ষতি হতে পারে, এই বাস্তব বোধ তাঁদের ছিল না। মাননীয় বিদ্যুৎ মন্ত্রী একথা অকপটে স্বীকার করেছেন যে, সাঁওতালদিহি তার জন্মলগ্ন থেকেই রুগ্ন। সেইজন্য এই ব্যাপারে আমি একটি সাজেস্‌সান তাঁর কাছে রাখতে চাই। এই দপ্তরে উন্নতির জন্য বা বিভিন্ন কাজের জন্য আমরা ভেল ইত্যাদি সংস্থার সাহায্য নিয়ে থাকি এবং অন্যান্য অনেক ক্ষেত্রে বিদেশী সংস্থাগুলির কাছ থেকেও সাহায্য নিয়ে থাকি। এই ক্ষেত্রে আমার প্রস্তাব হচ্ছে যে, ঐ সমস্ত সংস্থার মত অনেক সংস্থা এবং তাঁদের ইঞ্জিনিয়াররা আমাদের এখানেও আছেন, তাঁদের সহযোগিতা গ্রহণের জন্য আমি তাঁর কাছে অনুরোধ জানাই। সঙ্গে সঙ্গে বিদ্যুতের মত প্রয়োজনীয় একটি ব্যাপার যে সমস্ত ক্ষেত্রে বৈদেশিক পরামর্শ ও প্রযুক্তিগত সাহায্য একান্তই প্রয়োজন, সেই সমস্ত ক্ষেত্রে সাহায্য অবশ্যই নিতে হবে। কিন্তু যে সমস্ত ক্ষেত্রে আমাদের দেশের ইঞ্জিনিয়ারদের কাছ থেকে সাহায্য নিয়ে এগোতে পারা যায়, সেই সমস্ত ক্ষেত্রে সাহায্য গ্রহণের জন্য আমি তাঁর কাছে অনুরোধ জানাই। আশাকরি, মাননীয় মন্ত্রীমহোদয় এদিকে দৃষ্টিপাত করবেন। আমি বিদ্যুৎ বিভাগের কয়েকটি সমস্যার কথা এখানে উপস্থাপিত করতে চাই। আপনি উপাধ্যক্ষ মহাশয়, জানেন যে, এই সমস্যার দিকে আমাদের বিশেষ ভাবে দৃষ্টিপাত করা প্রয়োজন, অনেক গ্রাহক বিদ্যুতের জন্য টাকা জমা দিচ্ছেন, কিন্তু কানেকশান পাচ্ছেন না। তাঁদের বলা হচ্ছে যে মিটার নেই, অমুক নেই, তমুক নেই ইত্যাদি। অসংখ্য মানুষ আজ এই সমস্যার মধ্যে পড়েছেন। সম্প্রতি আর একটি জিনিস আমাদের চোখে পড়ছে যে, - এগুলি যদিও খুব ছোটখাট ব্যাপার, কিন্তু তাহলেও মোটেই উপেক্ষণীয় নয় - আগে কনজুমারদের মিটার রিডিং ১ মাস বাদে বাদে নেওয়া হ'ত, কিন্তু এখন তা ৩মাস বাদে নেওয়া হচ্ছে। কর্মচারীরা অনেক ক্ষেত্রে মিটার রিডিং নেন না। আর একটি বিষয়ের প্রতি আমি মাননীয় মন্ত্রীমহোদয়ের দৃষ্টি আর্কষণ করতে চাই - বিষয়টি হচ্ছে- বর্তমানে রাজ্যে জল-সংকট চলছে। পশ্চিমবাংলার বুকে এই সংকটের নিরসনের জন্য রাজ্য সরকার রুরাল পাইপ ওয়াটারের যে সমস্ত পরিকল্পনা গ্রহণ করেছেন, সেই সমস্ত পরিকল্পনাগুলো সম্পূর্ণ হয়ে যাবার পরেও বিদ্যুৎ সরবরাহ বিঘ্নিত হওয়ার ফলে চালু হতে পারছে না। অগ্রাধিকারের ভিত্তিতে এগুলিকে দেখার জন্য আমি তাঁর কাছে বিশেষভাবে অনুরোধ জানাই।

অপর একটি বিষয়ে বর্তমানে প্রশ্ন উঠেছে - সেটি হচ্ছে বিদ্যুৎ সংকটের বর্তমান কারণ নিয়ে। এই সংকটের অন্যতম কারণ হচ্ছে শ্রমিক-কর্মচারীদের গনতান্ত্রিক আন্দোলনে প্রশাসনের হস্তক্ষেপ। ফলে এই আন্দোলন আরও ঘনীভূত আকার ধারণ করছে। সেই জন্য আপনার কাছে অনুরোধ, বিদ্যুতের মত প্রয়োজনীয় একটি সংস্থাতে আপনি অত্যন্ত দৃঢ়তার সঙ্গে কঠোর হস্তে প্রতিরোধ করার ব্যবস্থা গ্রহণ করুন। কারণ বিদ্যুৎ হচ্ছে দেশের সমাজ শিক্ষা এবং অন্যান্য ক্ষেত্রে অগ্রগতির এক বাহন। সেইজন্য ট্রেড ইউনিয়ন আন্দোলনের ব্যাপারে আরও দায়িত্বশীল হওয়ার প্রয়োজন নিশ্চয়ই আছে। ট্রেড ইউনিয়ন আন্দোলনের নামে যাঁরা দায়িত্বহীনতার পরিচয় দিচ্ছেন। তাঁদের আপনি অত্যন্ত কঠোর ব্যবস্থা গ্রহণের মাধ্যমে মোকাবিলা করুন। সাঁওতালদিহিতে আমরা বার বার লক্ষ্য করছি যে. সেখানে স্যাবোটেজ হচ্ছে এবং কর্মীদের ব্যাপকভাবে রদ-বদল করা হচ্ছে। রিরোধী পক্ষের বন্ধুরা এই ধরণের ব্যাপক রদ-বদলের বিরোধীতা করে অনেক কথা বলেছেন। তাঁরা বলেছেন যে, কায়েমী স্বার্থের জন্যই এই ধরণের রদ-বদল নাকি বামফ্রন্ট সরকার করছেন। আমরা জানি, সেখানে এক শ্রেণীর কায়েমী স্বার্থের কর্মচারী নিজেদের ন্যস্ত কাজকর্ম না করে বামফ্রন্ট সরকারের সমস্ত কাজকর্ম ব্যাহত ও নষ্ট করার চক্রান্ত করে চলেছেন। সেই জন্য সেখানে রদ-বদল করা হচ্ছে। এই রদ-বদল দেশের স্বার্থে, দেশের মানুষের স্বার্থেই করা হচ্ছে- একথা আজকে দেশের মানুষ পরিষ্কার উপলব্ধি করতে পেরেছেন বলে আমার বিশ্বাস। সঙ্গে সঙ্গে একথাও আজ এখানে বলা প্রয়োজন যে, গনতান্ত্রিক আন্দোলনকে এই বামফ্রন্ট সরকার সব সময়েই সমর্থন করেন বলে, কোন অন্যায় আন্দোলনকে নিশ্চয়ই সমর্থন করা যেতে পারে না। এই ক্ষেত্রে আমাদের দেখতে হবে যে কর্মচারীবৃন্দ প্রকৃত দাবী-হওয়ার ভিত্তিতে আন্দোলন করতে গিয়ে যেন ভিকটিমাইসড না হন। মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আবেদন জানাই যে, এই রকম অনেক ঘটনা ঘটেছে যে - তিনি যেমন অন্যায় আন্দোলনের বিরুদ্ধে দৃঢ়তার সঙ্গে প্রতিরোধ করেছেন, ট্রেড ইউনিয়নের নামে বিশৃংখলাকে কঠোর ভাবে প্রতিরোধ করেছেন - অনেক ক্ষেত্রে গনতান্ত্রিক আন্দোলন করতে গিয়ে অনেকে সাসপেন্ড হয়েছেন। বহরমপুরে আমি বিশেষভাবে জানি, সেখানে আমাদের আর.এস.পি.র ট্রেড ইউনিয়ন আছে, তারা গনতান্ত্রিক আন্দোলন করতে গিয়ে এই ধরণের শিকার হয়েছেন। সেখানে আপনি কাদের রিপোর্টের উপর নির্ভর করলেন? গনতান্ত্রিক আন্দোলনের ব্যাপারে সেই ইউনিয়নের একটা দীর্ঘদিনের সংগ্রামী চরিত্র ছিল। সেখানে আপনি আমলাতন্ত্রের উপর নির্ভর করলেন। অফিসাররা সেখানে রিপোর্ট দিলেন যে, তারা চেয়ার ভেঙ্গেছে, বেঞ্চ ভেঙ্গেছে। আপনি সেই কথাকেই প্রাধান্য দিলেন।

**[5.20–5.30 p.m.]**

আমি আপনার কাছে আবেদন জানাবো ট্রেড ইউনিয়ন আন্দোলনের মধ্যে যে উচ্ছৃঙ্খলতা দেখা দিয়েছে যেটা দমন করতে হবে এটাও যেমন ঠিক সঙ্গে সঙ্গে গণতান্ত্রিক আন্দোলন যেখানে গড়ে উঠেছে সেই আন্দোলনকে কোনভাবেই দমন করা যাবে না। বহরমপুর প্রসঙ্গটি আপনি একটু ভেবে দেখবেন। কাদের উপর আপনি নির্ভর করে ছিলেন - আমলাতন্ত্রের ইঞ্জিনীয়ারদের উপর? তারা কি সবাই বামফ্রন্টের বন্ধু ছিলেন? তারা বিকৃত রিপোর্ট দিয়েছিলেন সেই রিপোর্টের ভিত্তিতে তাদের সাসপেন্ড করা হল। আমি জানি যারা সাসপেন্ড হলেন তারা বাম আন্দোলনের দীর্ঘদিনের কর্মচারী এবং ছাত্র জীবন থেকে বাম আন্দোলনের হয়ে লড়ে গেছেন। অথচ বামফ্রন্টের আমলে তাদেরই সাসপেন্ড করা হল। আপনি বিষয়টি একটু ভেবে দেখবেন। আরেকটি বিষয় হচ্ছে সাব-স্টেশান

অনেকগুলি নতুন নতুন সাব-ষ্টেশান খোলা হয়েছে বিভিন্ন জেলায়। কিন্তু আপনি একটু খোঁজ নিয়ে দেখবেন যে সেই সাব-ষ্টেশানগুলি পরিপূর্ণভাবে খোলা হল না এবং সেগুলি অসম্পূর্ণ হয়ে আছে। আমি জানি মুর্শিদাবাদ জেলায় আমতলায় একটি সাব-ষ্টেশান খোলা হল। সেই সাব-ষ্টেশানের যে ক্যাপাসিটি তাতে ৪টি ব্লক এবং নদীয়ার একাংশে বিদ্যুৎ সরবরাহ হতে পারতো কিন্তু সেখানে দেখা যাচ্ছে তা সম্পূর্ণভাবে করা হল না। তারফলে বিদ্যুৎ সরবরাহে বিঘ্ন ঘটছে। এই বিষয়গুলি একটু ভেবে দেখবেন। মাননীয় মন্ত্রীমহাশয় তারসঙ্গে সঙ্গে আরেকটি কথা বলবো, আজকে যে চরম বেকার সমস্যা, এই বেকার সমস্যার পরিপ্রেক্ষিতে আজকের ছেলেরা, শিক্ষিত যুবকরা ছোট ছোট কলকারখানা গড়ে তুলতে চাইছে, ছোট ছোট কল-কারখানা গড়ে তোলার জন্যে তারা নতুন শিল্পোদ্যোগ নিতে চাইছে, স্বাবলম্বী হতে চাইছে সেক্ষেত্রে প্রচন্ড বাধা হয়ে দাঁড়িয়েছে আজকের এই পদ্ধতি। এখন যে পদ্ধতি গ্রহণ করা হয়েছে সেই পদ্ধতির ভেতর দিয়ে ওই বিদ্যুৎ পাওয়া সহজ নয়। ইন্ডাষ্ট্রিয়াল অফিস থেকে কোনরকমে পরিকল্পনা বার করা হল কিন্তু বিদ্যুৎ পাওয়ার ক্ষেত্রে সংকট থেকেই যাচ্ছে। সেইজন্য গ্রামের ছেলেরা, শহরের ছেলেরা ছোট ছোট কল-কারখানা গড়ে তোলার যে উদ্যোগ গ্রহণ করেছে তা আজকে বানচাল হতে চলেছে। সেইজন্য আজকে বিদ্যুৎ পাওয়ার ব্যাপারে অগ্রাধিকার দেওয়া দরকার। আপনাকে আরেকটি বিষয় জানাচ্ছি যে আপনি যে প্রত্যেক জেলা স্তরে কমিটি করেছেন এটা খুব ভালো কাজ করেছেন। আপনি প্রত্যেক জেলা স্তরে, গ্রাম স্তরে কমিটি করেছেন প্রশাসনকে নিয়ন্ত্রণ করার জন্যে, প্রশাসন যাতে ইচ্ছামত না চলতে পারে সেইজন্য ব্লক স্তরে থেকে আরম্ভ করে সাব-ডিভিশনাল স্তর, জেলা স্তর পর্যন্ত কমিটি করেছেন। কিন্তু আপনাকে একটি বিষয়ে খবর নিতে হবে আজকে ব্লক স্তরে মিটিং কোথায় কতটা হচ্ছে এবং সাব-ডিভিশনাল এবং জেলা স্তরে মিটিং কোথায় কতটা হচ্ছে। আপনি যে শুভ প্রচেষ্টা নিয়ে, দৃষ্টি ভঙ্গী নিয়ে এবং দূরদর্শিতা নিয়ে কমিটি তৈরী করলেন কিন্তু কার্য্যত দেখা যাচ্ছে সেই কমিটিগুলি ডিফাংক্ট হয়ে গেছে। মুর্শিদাবাদ জেলায় স্তরে যে কমিটি সেই কমিটির আমি সদস্য, আমি শেষের দিকে সমস্ত মিটিংগুলিতে উপস্থিত হয়েছি কিন্তু দেখিছি যে সেখানে ৪-৫ মাস বাদে মিটিং বসেছে এবং সেই মিটিংয়ে যে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে সেগুলি কার্য্যকরী করার দিকে দৃষ্টি দেওয়া হয় নি। সেগুলির প্রতি দৃষ্টি দেওয়া দরকার, আপনি এই বিষয়ে একটু ভেবে দেখবেন। পরিশেষে গ্রামীণ বৈদ্যুতিকরণ সম্পর্কে বলবো, সেদিন একটি সংবাদপত্রে দেখলাম যে গ্রামীণ বৈদ্যুতিকরণ প্রকল্পে পশ্চিমবঙ্গ থেকে সাড়ে ৪০০ কোটি টাকা ফেরৎ চলে গিয়েছে কাজে লাগাতে পারা যায় নি বলে। আমরা জানি বিদ্যুৎ পরিষদকে পরিপূর্ণভাবে আমরা নিয়ন্ত্রণ করিনা। এই গ্রামীণ বৈদ্যুতিকরণ প্রকল্পকে কাজে লাগানোর পরিপূর্ণ দায়িত্ব আপনার উপরে নেই, সুতরাং এই যে প্রচার যা সাধারণ মানুষকে বিভ্রান্ত করছে যে গ্রামাঞ্চলে মানুষের বিদ্যুতের চাহিদা থাকা সত্বেও আমরা টাকা খরচা করতে পারিনা, তাদের বিদ্যুতের চাহিদা মেটাতে পারছি না এই জিনিষটা আপনি একটু দেখবেন। গ্রামের মানুষের বিদ্যুতের চাহিদা বেড়েছে, সেই চাহিদাকে মেটানোর জন্যে যে টাকার প্রয়োজন তার ব্যবস্থা আপনারা গ্রহণ করতে পারছেন না। সেইজন্য আপনার কাছে আবেদন জানাবো যে গ্রামীণ বৈদ্যুতিকরণ প্রকল্পে টাকা ফেরতের ব্যাপারটা যাতে আর পুনর্বার না ঘটে তার দিকে দৃষ্টি দেবেন। আমি মৌজার কথা বহুবার বলেছি। মাননীয় মন্ত্রীমহাশয় ইতিপূর্বে বিধানসভায় প্রশ্নোত্তর সময়ে বলেছেন যে বিদ্যুৎ পর্ষদের উপরে সরকারের নিয়ন্ত্রণ থাকার কথা নয় এবং যে ঘটনাটি ঘটেছে এই কারণেই ঘটেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয় যে ব্যয়বরাদ্দ দাবী উত্থাপন করেছেন, আমি তাকে সমর্থন করে [illegible] কাছে আবেদন জানাবো

যে এই রাজ্যসরকারের যে প্রকল্প এবং পরিকল্পনা আছে তাতে সবাই মিলে একসঙ্গে লড়াই করে এর অনুমোদন কেন্দ্রের কাছ থেকে নিয়ে নেবো। তবে আমি সবাইকে দোষ দিই না, একটি উপলক্ষ্যে আমরা বিরোধীদল মিলে সবাই দিল্লী গিয়েছিলাম ফারক্কা ব্যারেজ ওয়াটার সম্পর্কে, গঙ্গার জল বন্টন সম্পর্কে এবং তখন শ্রীমতী ইন্দিরা গান্ধী প্রধানমন্ত্রী ছিলেন, সেখানে একজন বিরোধীদলের সদস্যের বুকের পাটার প্রশংসা না করে পারা যায় না। ইন্দিরা গান্ধীর সঙ্গে যখন আলোচনা হচ্ছিল তখন আলোচনার সময় সুব্রতবাবু বললেন যে কলকাতা পোর্ট যদি না বাচে তাহলে সমস্ত পূর্বাঞ্চলের অর্থনীতি ধ্বংস হয়ে যাবে। আমি তখন সেখানে উপস্থিত ছিলাম এবং সেদিন তাকে অভিনন্দন জানিয়েছিলাম। আমি বলছি (* * *) কাপুরুষ হয়ে থাকবে না। আপনাদের কাছে আহ্বান জানাব পশ্চিমবাংলার নায্য দাবীর জন্য আমাদের সঙ্গে জোটবদ্ধ হয়ে আপনারাও লড়াই করুন। পশ্চিমবাংলার মানুষ এবং পশ্চিমবাংলার অর্থনীতিকে চাঙ্গা করার জন্য বিদ্যুৎ অপরিহার্য্য। এই কথা বলে এই ব্যয় বরাদ্দকে সমর্থন করে আমি শেষ করছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, মাননীয় সদস্য জয়ন্তবাবু একজন সুবক্তা। তিনি অনেক কথা বলবার সময় একটা জায়গায় কংগ্রেসের প্রশংসা করেছেন - বিশেষ করে সুব্রত মুখার্জীর। আমি মন্ত্রী মহাশয়কে বলছি আমাদের সকলের সৎ সাহস আছে পশ্চিমবাংলার জন্য। কিন্তু আপনারা চুরি করবেন না, আপনাদের ব্যর্থতা ঢাকবার চেষ্টা করবেন না তাহলেই আপনাদের সঙ্গে এক সঙ্গে লড়ব।

**ডাঃ জয়নাল আবেদীন :** Sir, I would invite your attention to rule 328(iii). জয়ন্তবাবু পুরানো হয়ে গেলেন। রাজা তাড়িয়ে মহারাজা আনলেন এবং জয়ন্তবাবুরা এখন মহারাজদের সঙ্গে আছেন। তিনি নপুংসক যে কথাটা বললেন এটা আনপার্লামেন্টারি ইন দি সেন্ট। I would request you to look into it if it is unparliamentary. At least to me it appears to be below dignity. হাউসের একটা ডিগনিটি আছে। ইউ লুক এ্যাট দি ডিকসেনারি। রাজা তাড়িয়ে মহারাজা এনে তাতে যদি মার্কসিজম বাচে আপত্তি নেই। ইউ লুক ইনটুইট।

**মিঃ ডেপুটি স্পীকার :** ন পুংসক আন-পার্লামেন্টারি। এটা এক্সপাঞ্জ হবে। (কতিপয় মেম্বার একসাথে বলিতে উঠিলেম)

**শ্রী অনিল মুখার্জী :** স্যার, আমার পয়েন্ট অফ অর্ডার হচ্ছে সুনীতি বাবু এখানে খাওয়া-দাওয়া করছেন। এখানে কি টিউন করা যায়? এটা ইউ.পি. এ্যাসেম্বলীতে আছে। এখানে রসগোল্লা খাওয়া কি চলতে পারে?

**মিঃ ডেপুটি স্পীকার :** এর মধ্যে কোন পয়েন্ট অফ অর্ডার নেই।

**শ্রী মতীশ রায় :** পরিশোধীয় রাজনীতিতে ভাষা ব্যবহার করার ক্ষেত্রে জয়নাল সাহেব যে আপত্তি করেছেন আমি মনে করি এটা পলিটিক্যাল ইম্পোর্টেন্ট।

---

*Note* *** Expunged as order by the chair.

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** আমার রুলিংয়ের বিষয়ে বলবার স্কোপ কোথায় আছে? Please take your seat. Now Shri Prabadh Purkait.

**[5.30–5.40 p.m.]**

**শ্রী প্রবোধ পুরকায়েত ঃ** মাননীয় উপাধ্যাক্ষ মহাশয়, আজকে বিদ্যুৎ মন্ত্রী যে বাজেট উত্থাপন করেছেন তার উপর কয়েকটি কথা বলতে চাই। বিদ্যুৎ শিল্প ও কৃষি বিকাশের একটা প্রধান অঙ্গ। পশ্চিমবঙ্গের শিল্পের যে অনগ্রসরতা এবং শিল্পের যে পশ্চাৎপদ অবস্থার কারণগুলির মধ্যে বিদ্যুৎ সঙ্কটই মূলতঃ দায়ী। এই বিদ্যুৎ সংকটের ফলে অনেক কলকারখানা বন্ধ হয়ে যাচ্ছে, ছোট ছোট ব্যবসা গুটিয়ে যাচ্ছে এবং গ্রামাঞ্চলের দিকে তাকালে দেখা যাবে এই বিদ্যুতের অভাবের জন্য আর এল আই, ডিপ টিউবওয়েল, স্যালো টিউবওয়েল অনেক জায়গায় অকেজো হয়ে পড়েছে। এর ফলে গ্রামের কৃষকরা যে ফসল তৈরী করেছিল বিদ্যুতের অভাবের জন্য সেই ফসলে জল দেওয়া যাচ্ছে না। এই রকম একটা পরিস্থিতিতে মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর ভাষণে বলেছেন কেন্দ্রের যে পরিকল্পনা সেই পরিকল্পনার ত্রুটি আজকের এই সংকটের জন্য মূলতঃ দায়ী। এটা ঠিক কথা কেন্দ্রীয় সরকারের যে পরিকল্পনা সেই পরিকল্পনা মূলতঃ দায়ী, কিন্তু পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার ৮ বছর ক্ষমতায় এসেছে, এই ৮ বছর কম সময় নয়, এই সময়ে বামফ্রন্ট সরকারের বিদ্যুৎ সংক্রান্ত যে নীতি সেই নীতির মধ্যেও ত্রুটি আছে, তার যে পরিচালন ব্যবস্থা, প্রশাসনিক ব্যবস্থা সেই প্রশাসনিক ব্যবস্থাও মূলতঃ দায়ী। বামফ্রন্ট সরকার যদি সঠিক নীতি গ্রহণ করে পরিচালন ব্যবস্থাকে সঠিক দৃষ্টিভঙ্গী দিয়ে চালাতেন তাহলে এই বিদ্যুৎ সংকটের অনেকখানি সমাধান হত। স্যার, আপনি জানেন বামফন্ট সরকার পশ্চিমবঙ্গে এই ৮ বছরে বারে বারে বিদ্যুতের দাম বাড়িয়েছেন, চতুর্থবার তাঁরা বিদ্যুতের দাম বাড়ালেন। সম্প্রতি তাঁরা যে দাম বাড়িয়েছেন তাতে বলেছেন গৃহস্থদের উপর বোঝা চাপবে না, বিদ্যুতের বাড়তি দাম বড় বড় শিল্প যারা বেশী পরিমানে বিদ্যুৎ ব্যবহার করে তাদের উপর পড়বে, গরীব গৃহস্থ, সাধারণ মানুষ, ছোট ছোট ব্যবসা, কারখানা তারা এর আওতায় পড়বে না। গৃহস্থদের উপর এই বোঝা না পড়লেও অর্থনীতি নিয়ম অনুযায়ী কলকারখানার উপর এই বিদ্যুতের বাড়তি দামের বোঝা চাপলে উৎপাদিত জিনিসের ব্যয় বেড়ে যাবে, ফলে জিনিসের দামও বেড়ে যাবে। এবারে যে বিদ্যুতের দাম বাড়াচ্ছেন যে সমস্ত শিল্প কারখানা বেশী করে বিদ্যুৎ ব্যবহার করে তাদের উপর সেই বোঝা পড়বে এবং তাতে দেখা যাচ্ছে ৫০ কোটি টাকা পড়বে। এই ৫০ কোটি টাকার বোঝাটা উৎপাদন মূল্যের মধ্যে চলে যাবে যেটা সরসরি সাধারণ মানুষের উপর এসে পড়ছে, বর্তমানে কেন্দ্রীয় সরকার রেলের ভাড়া ও মাশুল বৃদ্ধি করার জন্য সমস্ত জিনিসের দাম বৃদ্ধিটা সাধারণ মানুষের উপর এসে পড়ছে, যেমন করে পেট্রোল ডিজেলের দাম বাড়ানোর জন্য পরিবহন ব্যবস্থায় ভাড়া বাড়ার জন্য অন্যান্য জিনিসের দাম বেড়েছে যার পরিণামটা সাধারণ মানুষের উপর এসে পড়ছে। সুতরাং এটা যুক্তি নয় যে সরাসরি গৃহস্থদের উপর পড়বে না, বড় বড় শিল্পীপতিদের উপর পড়বে, এই বোঝা থেকে সাধারণ মানুষ রেহাই পাবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পশ্চিমবঙ্গে এই বিদ্যুতের স্বল্পতার ক্ষেত্রে দেখা যাচ্ছে মাত্র ৩৮ পার্সেন্ট ইনস্টল্ড ক্যাপাসিটি, আর সারা দেশে যে বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থা আছে তাতে দেখা যাচ্ছে ৫০ পার্সেন্ট ইনস্টল্ড ক্যাপাসিটি। আমাদের পশ্চিমবঙ্গে যে সমস্ত থার্ম্যাল প্ল্যান্টগুলি আছে সেখানে যদি সারা দেশে যেমন ৫০পারসেন্ট উৎপাদন হচ্ছে সেই অনুপাতে উৎপাদন হত তা তাহলে অনেকখানি সমস্যার সমাধান হত। কিন্তু গত

৮বছরে বামফ্রন্ট সরকার সারা দেশের সঙ্গে সমতা না রাখতে পেরে মাত্র ৩৮ পারসেন্ট উৎপাদন করছে। এতেই বোঝা যায় বামফ্রন্ট সরকারের দক্ষতার অভাব রয়েছে এবং তাদের ব্যর্থতার বোঝা জনসাধারণের উপর পড়ছে। এঁরা আবার বারে বারে বিদ্যুতের দামও বাড়াচ্ছেন। যেটুকু বিদ্যুৎ আছে তা বন্টন করবার জন্য সরকার র‍্যাশনিং ব্যবস্থা করেছেন। এই র‍্যাশনিং ব্যবস্থার মাধ্যমেও যদি সময় মত বিদ্যুৎ দিতেন তাহলে বুঝতাম। কিন্তু সেটাও তাঁরা গ্যারানটিড করতে পারছেন না এবং তার ফলে কলকারখানা, শিল্প, কৃষিতে তার প্রভাব পড়ছে। সরকার বিদ্যুতের দাম বাড়াচ্ছেন বটে, কিন্তু প্রশাসন ব্যবস্থাকে দুর্নীতি মুক্ত করতে না পারলে কোন সুফল পাওয়া যাবে না। গ্রামীন বিদ্যুতের ক্ষেত্রে বলা হয়েছে পশ্চিমবাংলায় যতগুলি মৌজা আছে তার ৫০ পারসেন্ট বৈদ্যুতিকরণ করা হয়েছে এবং বাকী ৫০ পারসেন্ট এর বৈদ্যুতিকরণ এক দশকের মধ্যে করা হবে। এখন প্রশ্ন হল, সত্যি সত্যিই গ্রামে কতখানি বিদ্যুৎ গিয়েছে। এক্ষেত্রে আমরা দেখছি কোথাও হয়ত পোষ্ট গেছে কিন্তু লাইন নেই বলে কাজ হচ্ছে না। কাজেই ৫০ পারসেন্ট মৌজায় তাঁরা বৈদ্যুতিকরণের কাজ সম্পন্ন করেছেন বলছেন এটা ঠিক কথা নয়। বিভিন্ন সাব ষ্টেশনে সে সমস্ত ট্র্যান্সফরমার আছে তাদের ক্যাপাসিটি তেমন নেই বলে আমরা দেখছি বিদ্যুতের যোগান থাকা সত্বেও ট্র্যান্সফরমারের অভাবে লোডশেডিং হচ্ছে। কাজেই অনুরোধ করছি সাব ষ্টেশনে যে সমস্ত ট্র্যান্সফরমার আছে তাদের ক্যাপাসিটি বাড়াবার পরিকল্পনা গ্রহণ করুন। এবারে উৎপাদন কেন্দ্র সম্বন্ধে কিছু বলব। কোলাঘাট থার্মাল প্ল্যান্টে মাত্র একটি ইউনিট চালু আছে। আপনি হয়ত বলবেন কংগ্রেস সরকার যখন ক্ষমতায় ছিল তখন পরিকল্পনা গ্রহণ করার ব্যাপারে তাঁদের ত্রুটি বিচ্যুতি ছিল। কিন্তু আপনারাও তো কম দিন নেই। এতদিনে কেন এই সমস্ত ইউনিটগুলো চালু করতে পারলেন না? এখানে দেখেছি বিদ্যুতের মূল্যবান যন্ত্রপাতিগুলো খোলা মাঠে পড়ে পড়েছে, বন্যার জলে নষ্ট হয়ে যাচ্ছে। কাজেই এইভাবে যে অপচয় হচ্ছে সেক্ষেত্রে সুব্যবস্থা এই ৮বছরে কেন আপনারা করতে পারলেন না? বিভিন্ন মাননীয় সদস্যরা বলেছেন বিদ্যুৎ কর্মচারীবৃন্দ এবং ইঞ্জিনীয়ারদের যে ইউনিয়ন রয়েছে তাদের মধ্যে গোলমাল রয়েছে। আমরা দেখেছি উচ্চপদস্থ ইঞ্জিনীয়ারদের ইউনিয়নের সঙ্গে অন্যান্য কর্মচারীদের ইউনিয়নের গোলমাল চলেছে এবং আপনাদের সঙ্গেও তাদের মত পার্থক্য রয়েছে। এ ক্ষেত্রে দেখা যাচ্ছে সি আই টি ইউ ইউনিয়ন বা অন্য ইউনিয়নের সঙ্গে মতপার্থক্য হচ্ছে এবং সেই মত পার্থক্যদের কেন্দ্র করে বিভিন্ন সময়ে সংকীর্ণ দলীয় স্বার্থে যোগ্য উচ্চ পদস্থ কর্মচারী ইঞ্জিনীয়ারদের অন্য জায়গায় ট্রান্সফার করা হচ্ছে। এতে যোগ্য কর্মচারীদের কর্মক্ষমতা ব্যাহত হচ্ছে বিদ্যুৎ উৎপাদন করতে পারছে না। ট্রেড ইউনিয়ন অধিকার গণতান্ত্রিক অধিকার কর্মচারীদের থাকা উচিত একথা আপনারা বলেন। সেক্ষেত্রে গণতান্ত্রিক অধিকার বজায় রেখে যাতে বিদ্যুৎ উৎপাদন করা যায় এবং যোগ্যতা সম্পন্ন যে সমস্ত অফিসার আছে তাদের দক্ষতা প্রয়োগে অপরাগ হচ্ছে। আপনারা বলেছেন কংগ্রেসের সময় তাদের অবিমিশ্রকারী নীতির ফলে দলীয় স্বার্থে তারা সমস্ত অযোগ্য কর্মচারী নিয়োগ করেছিলেন, এমন কি দেশলাইয়ের বাক্সে লিখে তাদের সব এ্যাপয়েন্টমেন্ট দিয়েছিলেন। এখন আপনাদের সময়েও আপনারা ১০ হাজার কর্মচারী নিয়োগ করেছেন। আপনারা সব যোগ্যতাসম্পন্ন কর্মচারী এম্পলয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে নিয়োগ করেছেন। তাহলে এই সব যোগ্যতাসম্পন্ন ব্যক্তি যেখানে কাজ করছে- সেক্ষেত্রে এক বছরেও আপনারা কেন বিদ্যুৎ উৎপাদনে বা অগ্রগতি করতে পারেন নি। স্বাভাবিকভাবে এই প্রশ্ন এসে যায়। মন্ত্রী মহাশয়কে বলবো গণতান্ত্রিক ট্রেড ইউনিয়ন অধিকার [illegible] থাকবে - কিন্তু এর উর্ধ্বে থেকে এর সমাধান করতে হবে। আজকে দেখছি অগ্রগতি ব্যহত হচ্ছে। এই অগ্রগতি যাতে ব্যাহত

না হয় সেদিকে নজর দেওয়া দরকার। অধিকাংশ ক্ষেত্রে বিদ্যুৎ সরবরাহ ব্যাপারে কোন নিশ্চয়তা নাই। ব্যাপক অঞ্চলে দেখা যাচ্ছে ডিপ টিউওয়েলের ক্ষেত্রে স্যালো টিউবওয়েলের ক্ষেত্রে রিভার লিফট্ ইরিগেশনের ক্ষেত্রে আর এল আই -এর ক্ষেত্রে বিদ্যুৎ পাওয়া যাচ্ছে না। এগুলি আজ ব্যাপকভাবে চালু করার ব্যবস্থা হয়েছে। অথচ দেখা যাচ্ছে সেগুলিতে বিদ্যুৎ কানেকসন পাওয়া যাচ্ছে না। এর ফলে গরীব দরিদ্র কৃষক তারা মহাজনদের কাছে ঋণ করে যে চাষআবাদ করেছে সেই চাষ আবাদ খরায় শুকিয়ে যাচ্ছে, নষ্ট হয়ে যাচ্ছে। আজকে বিদ্যুতের অভাবে সেগুলি চালু করা যাচ্ছে না। এগুলিতে বিদ্যুৎ অগ্রাধিকারে ভিত্তিতে সরবরাহ করে দেওয়া উচিত। এটা করতে পারলে আমাদের দেশে কৃষির উন্নতি হতে পারবে। আজকে মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ এখানে না উৎথাপন করেছেন তা আমি সমর্থন করতে পারছি না। কারণ গত ৮ বছরে আপনারা এই দপ্তরকে দক্ষতার সঙ্গে পরিচালনা করতে পারেন নি এবং প্রশাসনকে দুর্নীতি মুক্ত করতে পারেন নি।

**[5.40–5.50 p.m.]**

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় বিদ্যুৎ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে বাজেট এখানে পেশ করেছেন তাতে আমরা দেখতে পাচ্ছি, এই বিদ্যুৎ দপ্তর ক্রমশ অবলুপ্তির দিকেই চলেছে। সেখানে শ্রমিকদের স্বার্থ ক্ষুন্ন হয়েছে। সেখানে ট্রেড ইউনিয়নের যে অধিকার শ্রমিকদের সেটা ঠিকমতভাবে রক্ষিত হয় নি। তার ফলে সেখানে ব্যাপকভাবে শ্রমিক অসন্তোষ দেখা দিয়েছে। সেখানে রেজিষ্টার্ড শ্রমিকদের বিনা কারণে সাসপেন্ড করা হচ্ছে। তাদের উপর পি৪৫৭ সারকুলার দিয়ে সভ্য সমিতি মিছিল ইত্যাদি করা বন্ধ করে দেওয়া হচ্ছে। আজকে বিদ্যুৎকে উৎচ্ছন্ন করে দেওয়া হচ্ছে। তার প্রমান ১৯৮২-৮৩ সালে এই খাতে ৪৫ কোটি ১৩ লক্ষ টাকা ধার্য করা হয়েছিল। আমরা ১৯৮৫-৮৬ সালে দেখছি ৭০ কোটি ২২ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে, ১৯৮৪-৮৫ সালে বরাদ্দ হয় ৬১ কোটি ২৫ লক্ষ টাকা, ৮৩-৮৪ সালে বরাদ্দ হয়েছিল ৭৩ কোটি ২৪লক্ষ টাকা। তাহলে এবারে বাজেট বরাদ্দ কমলো কেন, বিদ্যুতের সমস্যা কি এখানে নেই? বিদ্যুৎ সমস্যার সমাধান হয়ে গেছে, যার জন্য বাজেট করেছে। কারণ ১৯৮৩-৮৪ সালে বাজেট ধার্য্য বেশী ছিল। আমরা দেখতে পাচ্ছি কি, আজকে যে সব কারণগুলো আমাদের চোখের সামনে দেখা যায়, বিদ্যুতের সমস্যা নিয়ে, সরকারী হোক, বিরোধী দলের হোক, সকলেই আলোচনা প্রত্যক্ষ ভাবে বা পরোক্ষ ভাবে করেছেন। আমরা দেখতে পাচ্ছি কি, কোলাঘাট প্রকল্পে এক হাজার ৬০ মেগাওয়াট বিদ্যুৎ হবার কথা ছিল, কিন্তু আজকে দেখা যাচ্ছে, তা ব্যহত হয়েছে। মেনলি হচ্ছে পরিকল্পনার জন্য, সয়েল টেস্ট থেকে কোল হ্যান্ডলিং থেকে আরম্ভ করে, প্রপার প্ল্যানিং থেকে আরম্ভ করে, আজকে সব কিছু বিষয় সেখানে ব্যাহত হচ্ছে এবং আজকে এই প্ল্যানটি গোলমাল থাকার জন্য - রেলওয়ে ইয়ার্ড পর্য্যন্ত তৈরী শেষ হয়নি, যার জন্য দেখা যাচ্ছে সেই টাকার বিরাট অংশ ঠিক ভাবে কাজে লাগাতে পারেন নি। রামাম হাইডেল প্রজেক্ট, যেটা থেকে প্রডাকশন হবার কথা ছিল, সেটাতে আমরা দেখতে পাই বিভিন্ন কাছে ত্রুটি বিচ্যুতি দেখা গেছে। সেই কাজে ত্রুটি বিচ্যুতির জন্য আজকে সেটা কার্য্যকরী হচ্ছে না। আজকে আমরা বিদ্যুতে দেখতে পাচ্ছি সরকারী ব্যর্থতা ক্রমাগত ভাবে বেড়ে চলেছে। পশ্চিমবঙ্গ যেখানে সেচের জন্য ১০ শতাংশ জমিতে বিদ্যুৎ দিতে পেরেছেন, এখনও পর্যন্ত যেখানে অন্যান্য রাজ্যে সেচের জন্য ৫০ থেকে ৬০ শতাংশ বিদ্যুৎ সরবরাহ করছে, যার ফলে পশ্চিমবাংলায় আপাতদৃষ্টিতে সেচ পরিকল্পনাগুলো নিঃশেষ হতে চলেছে। প্রথমতঃ ১৯৮২-৮৩ সালে

যখন আমাদের প্রয়াতঃ শংকর গুপ্ত বিদ্যুৎমন্ত্রী ছিলেন, তখন তিনি যেটা বলেছিলেন, ১৯৮১-৮২ সালে বিদ্যুতের ক্ষেত্রে বিনিয়োগের পরিমান ছিল রাজ্য বাজেটে ৩০ শতাংশ, আজকে সেটা কমছে। তিনি বলেছিলেন ১৯৮৬-৮৭ সালে রাজ্যের বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ৩ হাজার ৫০০ মেগাওয়াট করে তোলা সম্ভব হবে।

**[5.50–6.00 p.m.]**

সেগুলি আজকে কোথায় হচ্ছে? যে বক্তব্যগুলি বিধানসভায় দেওয়া হয় সেগুলি পরবর্তীকালে ঠিক মত কার্যকরী হচ্ছে না বলে আমাদের মনে প্রশ্ন আসে। আমরা দেখছি আপনার বক্তব্যে বলেছেন যে ১৯৭৭-৭৮ সাল থেকে ১৯৮২-৮৩ সাল পর্যন্ত বিদ্যুতের জন্য মোট বরাদ্দ ছিল ৭৬৮কোটি ৬৬ লক্ষ টাকা। এই বরাদ্দ ১৯৪৭ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত এই রাজ্যের বিদ্যুতের জন্য মোট বিনিয়োগের চেয়ে অনেক বেশী। কিন্তু সেখানেও আজকে বিভিন্নভাবে দোষ চাপান হচ্ছে। আজকে যে তথ্যগুলি দেওয়া দরকার, যেটা কার্যকরী করা দরকার সেগুলি কার্যকরী হয়না এবং যার ফলে নানা রকম গরমিল দেখা দিচ্ছে। এর ফলে আমরা দেখছি যে যেখানে ১৯৬০-৬১ সালে পশ্চিমবাংলা বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে দ্বিতীয় স্থানে ছিল, সেখানে আজকে ষষ্ঠ স্থানে এসে দাঁড়িয়েছে। সেই সময়ে মহারাষ্ট্রে বিদ্যুৎ উৎপাদন হয়েছিল ৭৫৯ মেগাওয়াট, আর পশ্চিমবাংলায় বিদ্যুৎ উৎপাদন হয়েছিল ৭৫৩ মেগাওয়াট। আজকে যে অবস্থার মধ্যে এসেছে সেখানে কোথায় ত্রুটি বিচ্যুতি আছে সেগুলি দেখা হচ্ছে না। আজকে গ্রামীন বৈদ্যুতিকরণ ৫০ শতাংশ কভার করেনি। এই সম্পর্কে ত্রুটি-বিচ্যুতিগুলি মাননীয় সদস্যরা বলেছেন। এগুলিকে তরান্বিত করবে হবে। আজকে গ্রামীণ বৈদ্যুতিকরণের টাকা ফেরত চলে যাচ্ছে। সেই অর্থের সদ্ব্যবহার হয়নি। কেন হয়নি, সেই কারণ নিশ্চয় অনুসন্ধান করার একান্ত প্রয়োজন আছে। সেটা যদি আপনি না করতে পারেন তাহলে ক্রমাগতভাবে ত্রুটিগুলি বেড়েই চলবে। আপনি বলেছিলেন ডি.ভি.সি. ১০৫ মেগাওয়াট বিদ্যুৎ ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেসনকে সরবরাহ করার জন্য চুক্তিবদ্ধ হয়েছিল। কিন্তু আজকে আমরা সেখানে কি দেখতে পাচ্ছি? ডি.ভি.সি. যদিও আপনকে দিচ্ছে, কিন্তু ডি.পি.এল. ঠিকমত ভাবে দিতে পারছে না। ডি.পি.এল. চিঠিতে বলছে, due to outage of our big units at night and as no assistance was available from WBSEB and DVC during the lean hours, we had no other alternative but to restore to loadshedding to all the consummers. আমরা দেখতে পাচ্ছি ব্যাপকভাবে লোডসেডিং হচ্ছে এবং ডি.পি.এল. এর এই অবস্থা হয়েছে। আমি চিঠি লিখেছিলাম। সেখানে অফিস অব দি জেনারেল সুপারিটেনডেন্ট (জেনারেসন), তিনি এটা জানিয়েছেন। আমরা দেখতে পাচ্ছি ক্রমাগতভাবে এই অবস্থা বেড়েই চলেছে। ওয়েষ্ট বেঙ্গল ইলেকট্রিসিটি বোর্ডকে ডি.পি.এল. ঠিকমত ভাবে এ্যাসিসট্যান্স দিতে পারছে না। ডি.পি.সি. সম্পর্কে যা বলেছেন, এই বক্তব্যের মধ্যে সেই রকম একটা কিছু পার্থক্য আমরা দেখতে পাচ্ছি না। আপনার এই বক্তব্যের মধ্যে কিন্তু হতাশার সুর পাওয়া যাচ্ছে। আপনি বলেছেন ২ হাজার সালের মধ্যে বিদ্যুতের চরম হাহাকার উঠবে, এটা পূরণ করা যাবে না। আপনার বক্তব্যের মধ্যেই যদি ক্রমাগত হতাশার সুর বাড়তে থাকে তাহলে আমাদের কাছে আশাব্যঞ্জক কথা বলে কোন সুরাহা হবে না। আর এই আশাব্যঞ্জক কথাগুলির মাধ্যমে বিদ্যুৎ সমস্যার সমাধান হতে পারে না। কাজেই আপনার পরিকল্পনার ত্রুটিগুলি দেখা দরকার। আমরা দেখতে পাচ্ছি তার চুরি,

ট্রান্সফরমার চুরি হচ্ছে। বিভিন্ন জেলায় ব্যাপকভাবে ট্রান্সফরমার, তার এ্যান্ড আদার পার্টস চুরি হয়ে যাচ্ছে এবং এর ফলে কোটি কোটি টাকা লোকসান হচ্ছে। এই কোটি কোটি টাকার লোকসান বন্ধ করার জন্য আপনি ব্যবস্থা নিয়েছেন, কিন্তু তবুও সুরাহা হচ্ছে না। এর জন্য আপনি ১০ লক্ষ টাকা খরচ করলেন। কিন্তু প্রোটেকসান কতটা দিতে পারছেন,রক্ষনাবেক্ষন কতটা করতে পারছেন সেটা আপনাকে ভেবে দেখতে হবে। এইভাবে আনপ্ল্যান্ড ওয়েতে খরচ করে চলেছেন। এই ত্রুটিগুলি ক্রমাগতভাবে বেড়েই চলেছে, এর সমাধান করতে পারছেন না। এই ভাবে মানুষের মনের মধ্যে একটা আশঙ্কার পরিবেশ তৈরী করে তুলছেন। এই পরিবেশের ফলে আমরা দেখতে পাচ্ছি ছোট, মাঝারি, বৃহৎ শিল্প বিদ্যুতের অভাবের জন্য গড়ে তুলতে পারা যাচ্ছে না। শিল্প ইনফ্রাস্ট্রকচারের একটা অঙ্গই হচ্ছে হচ্ছে এই বিদ্যুৎ। বিদ্যুৎ নাহলে আজকে শিল্প গড়ে উঠবে না। নো ইন্ডাষ্ট্রি বলে যেসব জেলা ডিক্রেয়ার্ড হয়েছে সেখানে বিদ্যুৎ যাচ্ছে না, ফলে সেখানে শিল্পও গড়ে উঠছে না। সেখানে কেন বিদ্যুৎ নেই, এই প্রশ্নের জবাব কে দেবে? সেখানে কিন্তু এই শিল্প ব্যর্থতার জন্য আপনি'ই দায়ী হয়ে পড়বেন, আপনার দপ্তরকেই দোষারোপ করবে। আপনার ব্যর্থতা সেখানে আরো ভালভাবে পরিস্ফুঠিত হবে। আপনার নিজের মেনটিনেন্স করার ক্ষমতা নেই। অথচ আমরা দেখতে পাচ্ছি এইভাবে হাজার হাজার টাকার অপচয় হয়ে যাচ্ছে। আপনার এস.ই.বি.র টাকার প্রয়োজন আছে। ফরম নং ১ এর প্রয়োজন আছে। বাঁকুড়া জেলায় এই ফরম পাওয়া যাচ্ছে না। ও এ্যান্ড এম.এ.র পক্ষ থেকে ফরম না পাওয়ায় মানুষকে হয়রানির মধ্যে ফেলে দেওয়া হয়েছে। ফলে জনসাধারণের খুব অসুবিধা হচ্ছে। আপনি গ্রামাঞ্চলে বৈদ্যুতিকরণ করার জন্য চেষ্টা করছেন। মিউনিসিপ্যালিটিকে বলছেন টাকা পয়সা পাওনা আছে। টাকা পয়সার জন্য বাইপার্টাইট, ট্রিপার্টাইট আলোচনায় বসছেন। কিন্তু দেখা যাচ্ছে গ্রামাঞ্চলের তপসিলি জাতি এবং আদিবাসী এলাকাগুলির মৌজা কভার করতে পারছেন না। বিভিন্ন বস্তিগুলিকে ক্রমাগত বিদ্যুৎ বিহীন অবস্থায় রেখে দেওয়া হচ্ছে। মিউনিসিপ্যালিটির কাছে বলতে গেলে তারা বলেন বিদ্যুৎ দপ্তরের সাথে আমাদের কথাবার্তা হচ্ছে। এই অবস্থায় মানুষের মধ্যে আলাদা একটা রিপারকাসান হচ্ছে, সেগুলি দূর করা প্রয়োজন। এই গুলি দূর করতে ক্রমাগতভাবে ব্যর্থ হচ্ছেন, এটা আমরা দেখতে পাচ্ছি। আপনারা সেখানে ঠিকমতভাবে কাজ করতে পারছেন না। এর ফলে পশ্চিমবাংলায় সব দিক থেকে একটা অব্যবস্থা, আশঙ্কা দেখা যাচ্ছে। মানুষের মধ্যে হতাশার ভাব এসে যাচ্ছে। আপনি নানা পরিকল্পনার কথা বলেছেন। মেজিয়া পরিকল্পনার কথা আমরা জানি। ডি.ভি.সি. মেজিয়ায় ৬৩০ মেগাওয়াটের পরিকল্পনা গ্রহণ করেছে। ডি.ভি.সি. জন্য ১৯৮৫/৮৬ সালে ১০ কোটি টাকা বরাদ্দ হয়েছে, কেন্দ্রীয় অর্থমন্ত্রীর কাছ থেকে এই বিষয়ে আমি চিঠি পেয়েছি। তিনি চিঠি দিয়ে বলেছেন আমি এইবারের জন্য ১০ কোটি টাকা মঞ্জুর করেছি। প্রাথমিক ভাবে সেই কাজ আরম্ভ করার ক্ষেত্রে আমরা কিন্তু হতাশা দেখতে পাচ্ছি। সেখানে আপনি কোন ব্যবস্থা গ্রহণ করতে পারেন নি। আপনি জমি ট্রান্সফার করতে পারলেন না। বছরের শেষে দেখা যাবে সেই টাকা আপনি ব্যবহার করতে পারলেন না। আপনি বক্তব্যের মধ্যে বিভিন্ন পরিকল্পনার কথা উল্লেখ করেছেন। কিন্তু এগুলিকে কার্যকরী করতে গেলে, বাঁকুড়ার কথাই বলুন, আর বীরভূমের কথাই বলুন, আপনাকে আরো একটু তৎপরতার সঙ্গে কাজ করতে হবে। সেইকাজ আপনি যদি করতে না পারেন তাহলে এগুলি কার্যকরী হবে না। আর কার্যকরী না হলে মানুষের মধ্যে ক্রমাগত হতাশা বেড়ে যাবে এবং এই অবস্থার প্রতিকার আপনি করতে পারবেন। না। আমরা দেখতে পাচ্ছি ও এ্যান্ড এম.এ.র অবস্থা শোচনীয় হয়ে আছে। বাঁকুড়া জেলার বিভিন্ন ইন্ডাষ্ট্রিয়াল

...ইন্ডাষ্ট্রিয়াল মিটারে সিল নেই। এটা একটা অদ্ভুত ব্যাপার। বিভিন্ন ভাবে সেখানে বিদ্যুৎ চুরি হয়ে যাচ্ছে, আটকাতে পারেন নি। জেলায় জেলায় বিদ্যুৎ চুরির সুযোগ করে দেওয়া হচ্ছে। ইন্ডাষ্ট্রিয়াল ইউনিটে বিদ্যুৎ দেওয়া যাচ্ছে না, অথচ এইভাবে টাকা ফাঁকি দেওয়া হচ্ছে। বিদ্যুৎ দপ্তরের আরো অধোগতি দেখা যাচ্ছে। দীর্ঘ ৮ বছরের মধ্যে ইন্ডাষ্ট্রিয়াল কনজিউমারস মিটার সিল করেন নি। কত বিদ্যুৎ চুরি হল আপনারা কল্পনাও করতে পারবেন না। এইগুলি দুর করতে পারেন নি এই রকম বহু জিনিস আছে। ডিপার্টমেন্টাল ডেজিগনেসান নেই, এই রকম বিভিন্ন দপ্তর দেখতে পাওয়া যাবে। সুইচ বোর্ড ডিপার্টমেন্ট আছে, সেখানে সুইচ বোর্ড এ্যাটেন্ড্যান্ট আছে। দীর্ঘদিন ধরে এই দপ্তর বসে আছে, কতখানি কি কাজ করছে জানি না। আমি বাঁকুড়া জেলার কথা বলছি। বাঁকুড়ার সুপারিনটেনডেন্টের অফিসের এই ঘটনা ঘটেছে। আজকে তাই মাননীয় মন্ত্রীমহাশয়কে আমি বলব, শ্রমিক, কর্মচারী এবং ইঞ্জিনিয়ারদের সঙ্গে লিঁয়াজ করে যদি পরিকল্পনার কাজ এগিয়ে নিয়ে যেতে না পারেন তাহলে কিছুতেই বিদ্যুৎ সমস্যার সমাধান করতে পারবেন না। আজকে গ্রামীণ বৈদ্যুতিকরণের অবস্থা অত্যন্ত ভয়াবহ। এইভাবে যদি চলে তাহলে শিল্প, সেচ কোন জায়গায় আপনি বিদ্যুৎ দিতে পারবেন না। তা ছাড়া সাধারণ মানুষকে কানেকসান দেবার ব্যাপারেও যে সমস্যা রয়েছে তারও সমাধান করতে পারবেন না। আমি আমার কাটমোশানে যে সমস্ত অভিযোগ করেছি আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় তার তদন্ত করেছেন, সেগুলির জবাব আশা করি তিনি দেবেন। এই কথা বলে বিদ্যুৎ সমস্যার সমাধানের ব্যাপারে হতাশার সুরে দেখেছি বলে আমি এই বাজেটের বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

**[6.00–6.10 p.m.]**

**শ্রী ভূপাল চন্দ্র পান্ডা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বিরাট তত্ত্বের মধ্যে না গিয়ে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর ব্যয়বরাদ্দকে পরিপূর্ণভাবে সমর্থন জানিয়ে কয়েকটি কথা আপনার মাধ্যমে এই সভায় রাখছি। স্যার, বিরোধীতাপক্ষের বক্তব্য শুনে আমার কাছে যে কথাটা স্পষ্টতর হয়ে উঠেছে সেটা হ'ল, ওঁরা ওঁদের রাজত্বকালে ব্যর্থতাকে ঢাকা দেবার জন্য কৌশলে কতকগুলি ভুল এবং বিকৃত তথ্য পরিবেশন করে বামফ্রন্ট সরকারকে তারজন্য দায়ী করতে চেয়েছেন। স্যার, কেন্দ্রীয় সরকারের বিরোধিতা এবং রাজ্যের প্রতি বিমাতৃসুলভ আচরণের ফলে এখানে তীব্র বেকার সমস্যা এবং রাজ্যসরকারের সীমিত আর্থিক ক্ষমতা এইসব বিচার করে যদি এঁরা বক্তব্য রাখতেন তাহলে নিশ্চয় এঁরা মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর ব্যয়বরাদ্দকে দুহাত তুলে সমর্থন করতেন, কিন্তু তা তাঁরা করেন নি। স্যার, গ্রামীণ বৈদ্যুতিকরণের ব্যাপারটি সেচের দিক থেকে দেখতে গেলে, শিল্পের প্রসারের দিক থেকে দেখতে গেলে এবং অন্যান্য আনুষাঙ্গিক দিক থেকে দেখতে গেলে এটাই এখন প্রধান ব্যাপার হয়ে দাঁড়িয়েছে, ফলে এর গুরুত্ব অনেক বেড়ে গিয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ, বর্তমানে শতকরা ৬ ভাগের পরিবর্তে গ্রামগুলি যাতে শতকরা ১০ ভাগ বিদ্যুৎ পেতে পারে তার ব্যবস্থা করুন। এই ব্যবস্থা হলে আংশিকভাবে সমস্যার সমাধান হতে পারে। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, গ্রামে বিদ্যুৎ চুরি এবং তার চুরির বিষয়ে পঞ্চায়েতের উপর তদারকির দায়িত্ব দিয়ে মাননীয় মন্ত্রী মহাশয় সরকারী এই গুরুত্বপূর্ণ কাজে সাধারণ মানুষকে জড়িত করার প্রশংসনীয় উদ্যোগ গ্রহণ করেছেন। তাঁর এই উদ্যোগকে আমাদের সকলের সমর্থন করা উচিত। এ জিনিসকে বিরোধী পক্ষেরও সমর্থন করা উচিত। তারপরে আমরা দেখছি গ্রামীণ বৈদ্যুতিকরণের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের অর্থ

বরাদ্দ করার ব্যাপারটি বাধা হয়ে দাঁড়িয়েছে। কারণ তাঁরা কাজ করার উপযুক্ত সময়ে অর্থ বরাদ্দ করেন না, যখন অর্থ বরাদ্দ করেন তার কাজ করার মত সময় হাতে থাকে না। ফলে অর্থ ফেরত চলে যায়। এই সমস্যার মোকাবিলা করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয় একটি কমিটি তৈরী করেছেন। তাঁরা আগে থাকতে প্ল্যান তৈরী করে রাখবেন, ফলে বরাদ্দকৃত টাকা খরচ করা সম্ভব হবে এবং প্ল্যান সুষ্ঠুভাবে কার্যকরী হতে পারবে। গ্রামীণ বৈদ্যুতিকরণের বিষয়ে বিদ্যুৎমন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ, তিনি যেন ইন্ডাষ্ট্রিয়াল এস্টেট যে গুলি হচ্ছে সেগুলির পার্শ্ববর্তী এলাকা এবং যে সমস্ত জায়গা ডেভলপমেন্টের পর্যায়ে এসে উপস্থিত হয়েছে সে সমস্ত জায়গাকে অগ্রাধিকার দেন। সেইভাবে গ্রামীণ বৈদ্যুতিকরণ পরিকল্পনা গ্রহণ করা উচিত। তাহলে ঐ সমস্ত এলাকার বেকার যুবকদের কর্ম সংস্থানের সুযোগ সৃষ্টি হবে। আমরা জানি ন্যুনতম কর্মসংস্থানের সুযোগ গ্রামীণ বৈদ্যুতিকরণের মাধ্যমেই হতে পারে, অন্য কোন উপায়ে হতে পারে না। তারপরে কৃষিতে কোন এলাকাকে স্বাবলম্বি করতে গেলে সেচকার্যে বিদ্যুৎ সরবরাহ করা দরকার। সেই জন্য আমি অনুরোধ করছি, ইন্ডাষ্ট্রিয়াল এষ্টেট গুলির পাশাপাশি গ্রামীণ এলাকাগুলিকে অগ্রাধিকার দিন, গ্রামীণ বৈদ্যুতিকরণ পরিকল্পনার মধ্যে। এই সুযোগ আমি বিশেষ করে একটি জায়গার কথা এখানে উল্লেখ করে আমার বক্তব্য শেষ করব। হলদিয়ার ডেভলপমেন্টের জন্য হলদিয়া মহকুমাকে দ্রুত বৈদ্যুতিকরণ করা প্রয়োজন। সুতরাং আমি অবিলম্বে এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করে তাঁর ব্যয়বরাদ্দ প্রস্তাবকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বঙ্কিম বিহারী মাইতি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে বিদ্যুৎমন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ এই সভায় রেখেছেন আমি তাকে পূর্ণ সমর্থন করছি। আজকে বিরোধী সদস্য কাশীবাবু বললেন বিদ্যুৎমন্ত্রী মহাশয়ের বক্তব্যের মধ্যে দিয়ে হতাশা ফুটে উঠেছে। আমি কাশীবাবুকে বলছি যে, না, বিদ্যুৎ মন্ত্রী কোনো হতাশার কথা বলেননি। বিদ্যুৎ ক্ষেত্রে যে সমস্ত সমস্যা আছে তিনি শুধু সে সমস্ত সমস্যাগুলিই তুলে ধরেছেন। কেন্দ্রীয় সরকার পশ্চিম বাংলার ক্ষেত্রে যে মনোভাব গ্রহণ করেছেন তাতে পশ্চিমবাংলাকে বঞ্চিত করা হচ্ছে, মন্ত্রী মহাশয় সেই বঞ্চনার কথাই এখানে বলেছেন। ডি.ভি.সির বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র থেকে বিহার এবং পশ্চিমবাংলাকে সমহারে বিদ্যুৎ সরবরাহ করা উচিত। কিন্তু তা না করে পশ্চিমবাংলাকে বঞ্চিত করা হচ্ছে। সে কথাই মন্ত্রী মহাশয় উল্লেখ করেছেন। তিনি আরো উল্লেখ করেছেন, সে সমস্ত বিদ্যুৎ কেন্দ্রের অনুমোদনের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে পাঠান হয়েছিল সে সমস্ত কেন্দ্রের অনুমোদন তাঁরা দেননি। এ ক্ষেত্রেও পশ্চিম বাংলাকে বঞ্চিত করা হচ্ছে। মন্ত্রী মহাশয় কর্মচারীদের মাসিক ২৫০ টাকা করে বেতন বৃদ্ধি করে ভেবেছিলেন তাদের সুখ সুবিধা বৃদ্ধি করলে তাদের কাছ থেকে ভাল কাজ পাবেন, কিন্তু যখন তিনি তা পাচ্ছেন না তখন সে কথা বলাটা কোন অন্যায় নয়। তথাপি আমি বলব যে, কংগ্রেস আমলে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা প্রধানত শহরমুখী ছিল, আজকে বামফ্রন্ট আমলে তাকে গ্রামমুখী করা হয়েছে।

**[6.10–6.20 p.m.]**

আজকে গ্রাম-মুখী পরিকল্পনার মাধ্যমে চাষের উৎপাদন, কৃষির উৎপাদন এবং কৃষি সম্পদ গড়ে উঠবে। কুটির শিল্প গড়ে উঠবে, সেইদিকেই আজকে জোর দেওয়া হয়েছে। তাই ওদের আজকে ক্ষোভ হয়েছে। ওদের রাগ, গ্রামের মানুষ বিদ্যুৎ পাবে এটা কি করে হতে পারে? শহরের মা-বোনেরা, শহরের বধূরা বিদ্যুতের মাধ্যমে পাখা চালাবে, বিদ্যুতের মাধ্যমে টি.ভি দেখবে আর গ্রামের বধূরা

সেটা কি আশা করতে পারে না? গ্রামের বধূরা যদি আশা করে তাহলে কি অন্যায় হয়ে যাচ্ছে? সুতরাং গ্রামের বধূরা যাতে বিদ্যুৎ পায় অর্থাৎ গ্রামে গ্রামে যাতে বিদ্যুৎ যায় তারজন্য দেখা অত্যন্ত প্রয়োজন এবং মাননীয় মন্ত্রী মহাশয় গ্রামমুখী বিদ্যুৎ পরিকল্পনার জন্য যে সচেষ্ট হয়েছেন সেটা ন্যায়-সঙ্গত হয়েছে। কোলাঘাট বিদ্যুৎ পরিকল্পনা কংগ্রেস আমলে হয়নি। কোলাঘাট বিদ্যুৎ পরিকল্পনা আজকে বামফ্রন্ট সরকারের আমলে সম্পূর্ণ রূপ নিতে চলেছে। এরফলে জনসাধারণ অনেক উপকৃত হবেন। হলদিয়ায় যে শিল্প উঠেছিল কংগ্রেস আমলে সেই এলাকায় বিদ্যুৎ যায় নি। যুক্তফ্রন্ট সরকার আসার পর সেখানে বিদ্যুৎ গিয়েছিল। কংগ্রেস আমলে ১৯৭২ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত হলদিয়াকে কেন্দ্র করে আশে-পাশের সে সমস্ত ছোট ছোট গঞ্জ বা শহর আছে সেইসব জায়গাতে বিদ্যুৎ পাঠাতে পারেনি। সেখানকার মানুষদের বিদ্যুৎ থেকে বঞ্চিত করে রেখেছিলেন এই কংগ্রেস সরকার এবং হলদিয়াকে অর্থব্য করে রেখেছিলেন। কিন্তু আজ বামফ্রন্ট সরকার আসবার পর সেই সমস্ত জায়গায় আলো জ্বলছে, আলো ঝলমল করছে। তাই ওনাদের রাগ হচ্ছে। আজকে যে গ্রাম-মুখী বিদ্যুৎ পরিকল্পনা করা হয়েছে এর দ্বারা সেচ বাড়বে, কুটির শিল্প বাড়বে এবং এর ফলে দেশের সমৃদ্ধি আসবে, দেশের কৃষি-সম্পদ বাড়বে এবং কৃষি সম্পদ বাড়লে দেশের আর্থিক উন্নতি এবং কৃষকদের উন্নতি হবে। সেইজন্য আমি মনে করি সমবেতভাবে কেন্দ্রের কাছে এই বঞ্চনার জন্য দাবী রাখা উচিৎ। পশ্চিমবাংলাকে বিদ্যুৎ সরবরাহ করে প্রথম স্থানে নিয়ে যাওয়া উচিৎ। তারপর বিভিন্ন বিদ্যুৎ পর্যদে যে সমস্ত কর্মচারীরা কাজ করেন তাদের এখান থেকে ওখানে বদল করা হয়েছে কংগ্রেসীরা বললেন। আমি বলছি, এটা ন্যয়-সঙ্গত হয়েছে। বিদ্যুৎ পর্যদে গিয়ে দেখেছি, কংগ্রেস আমলে যারা চাকরীতে ঢুকেছে তারা কেউ কাজ করতে চায় না। তারা বসে বসে তাস খেলে এবং নানা রকম খেলা-ধূলা করে সময় কাটায়। এরা গ্রামের মানুষের জন্য চিন্তা করে না। আমরা এম.এল.এরা যখন যাই তখন গিয়ে দেখি ২টার পর আর কাজ করে না। এরা খালি কাজ না করে টাকা নিয়ে যায়। তাই এদের শাস্তি দানের ব্যবস্থা হওয়া উচিৎ। যারা বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে বা পরিকল্পনার ক্ষেত্রে সহায়তা করবে না, কোন কাজ করবে না, তাদের দরকার হলে বদল না করে বরখাস্ত করার প্রয়োজন আছে বলে আমি মনে করি। বিদ্যুৎ উৎপাদনের মধ্য দিয়ে দেশের যাতে সমৃদ্ধি হয় তারজন্য আপনারা হাত মেলান। এই বিদ্যুৎ প্রকল্পের মাধ্যমে দেশের শ্রী বৃদ্ধি হতে পারে, দেশের কুটির শিল্প বাড়তে পারে এবং বেকারত্ব দূর হতে পারে। বেকারত্ব দূর করার কথা যেটা সকলেই বলছেন তারজন্য একমত হয়ে কাজ করার প্রয়োজন আছে। সুতরাং সেক্ষেত্রে ট্রান্সফার করার জন্য নিশ্চয়ই ক্ষোভ প্রকাশ করবেন না। একটা ইঞ্জিনিয়ার কোন প্রকল্পের কাজে সহায়তা না করে বসে বসে টাকা নেবে তা হবে না। ১৯৮০, ১৯৮২ এবং ১৯৭৮ সালে যে প্রকল্প তৈরী করা হয়েছিল সেইসব প্রকল্পের অনুমোদন [illegible] করেননি, বঞ্চনা করেছেন। আজকে বিদ্যুৎ পর্যদে যে সমস্ত অসৎ কর্মীরা আছেন তাদের বদল করে দিয়ে সৎ কর্মী সেখানে এনে বিদ্যুৎ প্রকল্প বাড়িয়ে যাওয়া উচিৎ, গ্রামের উন্নতি করার জন্য। এই কথা বলে মাননীয় বিদ্যুৎ মন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবী পেশ করেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী হিমাংশু কুঙর :** মিঃ ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রী যে বাজেট উত্থাপন করেছেন তাকে পূর্ণ সমর্থন জ্ঞাপন করছি। আপনি জানেন যে ১৯৬১ সালে প্রথম বিদ্যুৎ সংকট সুরু হয় এবং ধীরে ধীরে সেটা বাড়তে থাকে। ১৯৬৯ সালে যখন যুক্তফ্রন্ট সরকার ক্ষমতায় এলেন তাঁরা তখনই ক্রমবর্ধমান বিদ্যুতের চাহিদার দিকে লক্ষ্য রেখে বুঝতে পারলেন যে অচিরেই

এক সংকট চরমে উঠবে, তাই তাঁরা কয়েকটি প্রকল্পের দাবী নিয়ে দিল্লীতে শ্রীমতী ইন্দিরা গান্ধীর কাছে গিয়েছিলেন, কিন্তু শ্রীমতী গান্ধী তাঁদের এইসব প্রকল্প মঞ্জুর করেন নি। তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন যে আমি ন্যাশান্যাল গ্রীড করে বিদ্যুৎ সরবরাহ করব। তিনি তাঁর প্রতিশ্রুতি রক্ষা করেন নি এবং ১৯৭৩ সালে যখন এই অবস্থা গুরুতর আকার ধারণ করল তখন আমরা দেখেছি যে এই সময় বিদ্যুতের অভাবে কলকারখানায় বিদ্যুৎ সরবরাহ বন্ধ করে দেওয়া হয়েছিল, কুটিরশিল্পে সন্ধ্যার পর বিদ্যুৎ দেওয়া হোতো না। পাম্প মেশিনগুলি এবং ইরিগেশনেও বিদ্যুৎ ব্যাহত হতো। বিভিন্ন ক্ষেত্রে এই সমস্ত বিদ্যুৎ চালিত পাম্পে বিধি নিষেধ আরোপ করা হয়েছিল। জরুরী অবস্থা ঘোষণা করার পরে ভারত রক্ষা আইন ঘোষিত হল। গ্রামাঞ্চলে যে সমস্ত ইউনিট ছিল সেখানে কারেন্ট না দিয়ে শুধু ক্যালক্যাটায় বিদ্যুৎ অব্যাহত রাখার ব্যবস্থা হয়েছিল। এর জন্য ঐ সব ইউনিট আস্তে আস্তে খারাপ হতে থাকল। আমরা দেখেছি ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পরে এই ভয়াবহ পরিস্থিতি হাত থেকে রক্ষা করে ৯৫০ মেগাওয়াট উৎপাদন করলেন এবং এর সাথে সাথে আমরা দেখেছি যে গ্রামে বৈদ্যুতিকরণের জন্য অভূতপূর্ব পদক্ষেপ গ্রহণ করলেন। তার আগে আমরা কি দেখেছি যে গ্রামে বৈদ্যুতিকরণের নাম করে শুধু খুঁটি পুঁতে দেয়, কিন্তু সেখানে সার্ভিস কানেকসন দেওয়া হয় না। ওঁরা শুধু পশ্চিমবঙ্গ কেন, সারা ভারতবর্ষকে অন্ধকারের রাজত্বে পরিণত করেছিলেন। তাছাড়া এই পশ্চিমবঙ্গকে দমন করে রাখবার চেষ্টা করেছিলেন, যেহেতু পশ্চিমবঙ্গ আন্দোলনের পীঠস্থান, সেজন্য কেন্দ্রীয় সরকার কংগ্রেস দলের সঙ্গে চক্রান্ত করেছিলেন পশ্চিমবঙ্গের মানুষকে দমন করে রাখবার জন্য। এরজন্য বিভিন্ন রকম চক্রান্ত করে এখানে কারেন্ট কমিয়ে দিয়েছিলেন এবং যত পারসেন্ট পাবার কথা তা পাওয়া যায় নি। কিন্তু ১৯৭৭ সালে ১০৯৬১টি গ্রাম বিদ্যুতায়িত হয়েছে, ১৯৮৫ সালে ১৯২০১টি গ্রাম বিদ্যুতায়িত হয়েছে। আমরা এর সঙ্গে উল্লেখযোগ্যভাবে লক্ষ্য করছি যে ১৯৮৩-৮৪তে ৭২৬টি এবং ১৯৮৪-৮৫ সালে ৮৮১টি বিদ্যুতায়িত হয়েছে। এটা লক্ষ্য করার বিষয় যে শুধু তার টেনে দিয়ে বা খুঁটি পুঁতে দিয়ে কাজ সারা নয় এক লক্ষের বেশী ওয়ে সার্ভিস কানেকসন দেওয়া হয়েছে। শুধু তার টেনে বা খুঁটি পুঁতে মানুষের উপকার হয় না। প্রো[illegible] সম্পর্কে মানুষকে সচেতন করতে হবে। ওঁরা এতকাল ভোট নেওয়ার জন্য এই রকম বিদ্যুৎ ব্যবস্থা করতেন এবং প্রত্যেকটি জেলায় এই জন্য এক-একটি রাঘব বোয়াল পুষতেন। কাজেই এখন এইসব তারচুরি, ট্রান্সফারমার চুরি এগুলি বন্ধ করতে হবে। এ সরকার এইজন্য কমিটি করে এই সমস্ত বন্ধ করার ব্যবস্থা করেছেন। তা না হলে আগে মাইলের পর মাইল তার চুরি হতো, তাঁরা ঠিক করেন কোথায় কোথায় বিদ্যুৎদেওয়া হবে, আগে বছরের পর বছর দরখাস্ত পড়ে থাকত। ওয়েষ্ট বেঙ্গল ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড তাদের গ্রুপ ইলেকট্রিক সাপ্লাই সেন্টার তারা এক জায়গায় বসে থাকেনা। গ্রুপ ইলেকট্রিক কো-অর্ডিনেসন কমিটি এবং ডিসট্রিক্ট লেভেল কো-অর্ডিনেসন কমিটি এঁরা আছেন এবং পঞ্চায়েতে সদস্যরাও আছেন। তাঁরা সকলে যুক্ত থেকে কোথায় সার্ভিস কানেকসন দেওয়া যাবে এসব ব্যবস্থা করেন।

**[6.20–6.30 p.m.]**

যাতে পাওয়ার আরো বেশী করে দেওয়া যায় তার ব্যবস্থা করলেন। চাষীদের প্রয়োজনীয় টাকা দেবার ব্যবস্থা করলেন। ফলে ১ লক্ষের বেশী শ্রমদিবস সৃষ্টি হোল। দেখা গেল যে, উৎপাদন বাড়লো। লক্ষ লক্ষ চাষী বেশী করে ফসল তুলতে লাগলেন। ডিজেল পাম্পসেট ব্যবহার করা হোত

ফলে চাষীদের ব্যয় বেশী হোত। সেটা লক্ষ্য করে কারেন্টের পাম্পের মাধ্যমে জমিতে জল দেবার ব্যবস্থা করলেন, ফলে শ্রমদিবস যেমন বাড়লো, তেমনি চাষীদের অর্থনৈতিক বুনিয়াদও দৃঢ় হোল। বামফ্রন্ট সরকারের এই যে গৌরবোজ্জল ভূমিকা, এই ভূমিকা অব্যহত থাকলে বিদ্যুতের অভাবও পুরণ হতে পারে। বামফ্রন্ট সরকারের বিদ্যুতের ক্ষেত্রে গত ৭বছরে গৌরবোজ্জল ভূমিকা পালনের ফলে সাঁওতালদির দুটি ইউনিটে ২৪০ মেগাওয়াট ব্যান্ডেলের পঞ্চম ইউনিটে ২১০ মেগাওয়াট, দুটি গ্যাস টারবাইনে ১০০ মেগাওয়াট, কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্রে ২১০ মেগাওয়াট, সি.ই.এস.সির ১৮০ মেগাওয়াট, জলঢাকা প্রকল্পে ৮মেগাওয়াট এবং অন্যান্য ছোট প্রকল্পে ২ মেগাওয়াট অতিরিক্ত বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা বেড়েছে। আজকে বামফ্রন্ট সরকার দ্রুতিগতিতে তাঁর লক্ষ্য পূরণের দিকে এগিয়ে চলেছেন। কংগ্রেস গর্ভর্ণমেন্টের আমলে বিদ্যুৎখাতে উপযুক্ত অর্থ বিনিয়োগ না করায় সারা ভারতের মধ্যে পশ্চিমবঙ্গ যেখানে বিদ্যুতের দিক থেকে ষষ্ঠস্থানে ছিল, ১৯৭৩ সালে সেই স্থান চরম নীচে নেমে গেল এবং দেশের মধ্যে অন্ধকার নেমে এলো। তাঁরা এখানে যে সমস্ত ইউনিটগুলি স্থাপন করেছিলেন, সেগুলোতে অবৈজ্ঞানিক পদ্ধতিতে কাজ হয়েছে। স্ক্র্যাপড্ পার্টস সব সেখানে লাগান হয়েছিল। তাছাড়া স্পেয়ার পার্টস-এর অভাব থাকায় এবং সরবরাহকৃত কয়লা নীচু মানের হওয়ায় ইউনিটগুলির উৎপাদন ক্ষমতার পুরোপুরি সদ্ব্যবহার সম্ভব হয়নি। তারসঙ্গে আজকে নতুন নতুন যে সমস্ত সমস্যা সৃষ্টি হয়েছে, সেগুলো বর্তমানে দুর করতে হবে। শুধু তাই নয়, ৩ হাজার ৬৬০টি এলাকায় বর্তমানে সেচের ব্যবস্থা করা হয়েছে। বামফ্রন্ট সরকারের আর একটি গুরুত্বপূর্ণ কৃতিত্ব হচ্ছে, জনপ্রতিনিধি এবং গণসংগঠনের মাধ্যমে বৈদ্যুতিকরণের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণের মাধ্যমে সাফল্যের দিতে এগিয়ে যাওয়া। তাছাড়া গত ৭ বছরে বামফ্রন্ট সরকার গার্হস্থ খাতে ৫লক্ষ ইউনিট, ১৪ হাজার ৫৯২টি অগভীর নলকুপে বিদ্যুৎ সংযোজন, হাই টেনশন ফিল্ডে ৩১৭টি ক্ষেত্রে এবং লো টেনশন শিল্পে ১৮,০০০টি ক্ষেত্রে বিদ্যুৎ যোগান দিয়েছেন। আমরা আরো লক্ষ্য করেছি যে, ষষ্ঠ পরিকল্পনার শেষভাগে কংগ্রেস আমলের শেষ বর্ষে বিদ্যুতের ক্ষেত্রে ত্রুটি-বিচ্যুতি ছিল - তা লক্ষ্য করবার পর ষষ্ঠ পরিকল্পনার শেষে ১৯৮০ থেকে ১৯৮৫ এই সময়কালে বামফ্রন্ট সরকার অর্থ বরাদ্দের পরিমাণ অনেক বাড়িয়েছেন, কিন্তু তাতেও দেখা যাচ্ছে যে, আমাদের বিদ্যুৎ সরবরাহে ঘাটতি রয়ে গেছে। আমরা দেখেছি যে, বিদ্যুতের ক্ষেত্রে অর্থ বরাদ্দের ব্যাপারে পশ্চিমবাংলাকে কেন্দ্র বঞ্চিত করে এসেছেন। ষষ্ঠ পরিকল্পনার শেষে বিদ্যুৎ খাতে পরিকল্পনা-ব্যয় নির্বাহের জন্য ১৯৮০-৮৫ সালের বাজেটে যেখানে মহারাষ্ট্রকে ২ হাজার ১৫৭ কোটি, উত্তরপ্রদেশকে ২ হাজার ১২৫ কোটি ৯০ লক্ষ টাকা, গুজরাটকে ৯৪১ কোটি ৫০ লক্ষ টাকা মঞ্জুর করছেন, সেখান পশ্চিমবঙ্গকে মাত্র ৮৮৬ কোটি ৫৫ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। আজকে তাই বামফ্রন্ট সরকার এই পরিস্থিতিতে দাঁড়িয়ে নিজেদের সীমিত ক্ষমতার মধ্যে পশ্চিমবাংলায় বিদ্যুতের স্বার্থে যে প্রয়াস চালিয়ে যাচ্ছেন তারজন্য এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য এখানেই শেষ করছি।

**Dr. Zainal Abedin:** Mr. Deputy Speaker, Sir, I am thankful to you for allowing me to speak and intervene in this important debate. I charge this Government of inactivity and unfaithfulness to the people of West Bengal. They are inefficient and absolutely irregular in their financial management. They are not impartial. I charge this

Government in the name of the people of West Bengal.This government is absolutely unfaithful to the interest of West Bengal both in agriculture and industry. I charge the Minister why have you chosen to omit the performance of your gas turbines? Why have you chosen to omit in your 42-para speech the performance of your gas turbines which were installed against the interest of the people of West Bengal. Next, will you please admit what is the derated installed capacity - you said it to be 2218 as on 31st March. But what is the generation average per kilo watt? It is only 7200 Kilo watt - which is less than 33 percent. Sir, the statement of the Minister is full of contradictions, full of omission and full of self-complacency. There are misgivings and misquotings also. You have circulated the Economic Review the total derated generation installed capacity is 2200 kilo watt and what is the average generation. It is only one-third of the derated installed capacity. Why? You have not been able to inspire a sense of responsibility amongst the workers. You have not been able to utilise the resources of the State. Next point, the average gestation period of a power plant is 36 to 48 months, i.e. 3 to 4 years. Could you explain why? You have not mentioned a single word about this in connection with 6th Unit of D.P.L. You have not mentioned the functioning of the gas turbines here. You have mentioned the functioning of the gas turbines here. You have mentioned abóut the several projects in your report. I charge you. These are all lip services. Have you prepared any project report? If you have prepared the project report then place the cost probable/against each proposal about which you have mentioned in your send para. It is only lip service. You have tried to avoid your responsibility. sir, in the matter of distribution and generation of power there are four loopholes. First, in the whole of India the average shortfall is 11 percent and in the Eastern Region the average shortfall is 20 percent and in West Bengal the average shortfall is 67 percent. You will have to answer all these questions. It is not my statistics. I refer you to page 142 of the Economic Review. Next, you tell me what action you have taken so far? You have mentioned in your Budget Speech that you have supplied electricity to Nine Thousand Three Hundred Villages. Again, Sir, this is only lip service. In my area, I have seen that

no poles are there and no wires are there. You want to involve the Panchayat in a partisan way. You pick and choose. You do not want to involve the common masses and as such you have totally failed and you are falling still now. Sir, what is the average decrease in the criminal activities of the State, It has come down from 2000 to 1700 only.

**[6.30–6.40 p.m.]**

Are you not self-complacent? Even if there is a single theft the whole distribution system is delayed. Next, as you know, the natural resources are there in Farakka. I often pass through Farakka Super Thermal Plant. The other states are building up their infrastructure for transmission but the Government of West Bengal, as far as I know, I have personally visited the spot, has not so far able to arrange, to make available the transmission line through Farakka when it will be commissioned, we have told, within September this year. The boilers have already been fired and tested. But the government of West Bengal is still shy. Chukha will be commissioned this year. There is a half agency in Malda town. Why you have not built up the transmission line so far. Why you have not girded transmission line so far? Why you have not girded transmission line as soon as the generation starts there. The share of West Bengal will be lost bacause the Government of West Bengal is reluctant to build up the infrastructure, the essential infranstructure, i.e. the transmission line. The Government of West Bengal is absolutely a failure. Sir, then again, there is another point, i.e., the leakage of electricity. Everywhere, in the whole of the world it is a global phenomenon that in between the actual generation and distribution there is a gap. But it should be reasonable. In West Bengal it is not 25 per cent? I think it exceeds 20 per cent. And the honourable member Shri Kashinath Misra mentioned that you have overlooked this peenomenon of leakage of electricity through unauthorised transmission. Why are you silent over this? Next, please tell us why you advised the farmers here this way ' Please, switch over to electrically operated transmission and River Lift Irrigation '. But where are these? The number of deep tubewell centres, the clusters were already electrified during the

Congress regine. You have only been able so far to destroy the entire transmission and clusters and deep tubewells and River Lift Irrigation systems. Next, in matters of electricity and installation, there is regional imbalance. Why are you silent over Jaldhaka? Not a single work is mentioned here. So, I charge this government for inefficiency. I charge this government for mis-management and irregularities in the management-meterial, man and money. I charge this government for contradiction and self-complacency and I charge this government for absolute inertness and inaction. Once you created a movement against the private sector, why you have invited CESC in Titagarh afresh? You have not objected to it. So you contradict yourself with you earlier statement and if this book is true the consumption of per-capita electricity here is 11th in the whole of India. Why? It was number one in the past. In the First Plan, in the Second Plan and up to the Third plan. Now it has come down to this position because the Hon'ble Chief Minister, who happened to be the Finance Minister during the completion and preparation of the Fourth Plan - there was total denial by the predecessor of this government, I mean the first U.F.Government - dinied the installation of further electrical projects here in West Bengal. Sir, I charge this government of all accounts and they are irresponsible and unfaithful to the five hundred million people of West Bengal. You, Minister, must answer these questions.

Thank you, Sir.

**[6.40–6.50 p.m.]**

**শ্রী প্রবীর সেনগুপ্ত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতক্ষণ ধরে কংগ্রেসের মাননীয় সদস্যদের বক্তৃতা শুনে মনে হল তাঁরা উপযুক্ত চেলা - উপযুক্ত গুরুর উপযুক্ত চেলা। তিনি বলেন যে কলকাতা মুমূর্ষু, আর এঁরা বলেন এর মৃত্যু ঘটেছে। এই যাঁরা মনে করেন, তাঁরাই হচ্ছেন, যিনি বলেন যে পশ্চিমবঙ্গ, বিশেষ করে কলকাতাকে সি.পি.এম. শোষণ করছে। তাঁরা যে তাঁর উপযুক্ত চেলা, তা তাঁদের বক্তৃতার মধ্যে দিয়েই প্রকাশ পাচ্ছে। ১৯৭৭ সালে ৬০৫ মেগাওয়াট উৎপাদন করতো এখন সেখানে বেড়ে ১ হাজার ১৩ মেগাওয়াট উৎপাদন হোল অর্থাৎ প্রতি বছর ১২৫ মেগাওয়াট উৎপাদন বাড়ছে, এটা তো কোন চিন্তা-ভাবনার বিষয় নয় এবং এটা স্বীকার করুন, তবে ওঁরা স্বীকার করবেন না কারণ এই ঘটনা স্বীকার করলে গুরুর সেবা তো হবে না। সুতরাং এইজন্য এটা তাদের মূলগত সিদ্ধান্ত। সি ই এস সি তে কলকাতায় যে লোডশেডিং হচ্ছে তার কারণ হচ্ছে এই সি ই এস সি তে নতুন করে ইউনিট করতে দেওয়া হয় নি। শুধু তাই নয় যে সমস্ত পুরানো ইউনিট আছে ৩০-৪০

বছর ধরে সেগুলি পরিবর্তন করার অনুমতি কংগ্রেস আমলে দেওয়া হয়নি, সেগুলি আমরা ক্ষমতায় আসার পরে অনুমতি দিয়েছি এবং তারজন্য আমরা টাকাও দিয়েছি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে চেয়ে। কেন্দ্রীয় সরকারের কাছে ঋণ নেওয়ার জন্য আমরা গ্যারান্টর পর্যন্ত হয়েছি। এই সি ই এস সি তে দক্ষ ইঞ্জিনীয়ার এবং যোগ্য কর্মীর দ্বারা আজকে নির্দিষ্ট সময়ে উৎপাদন বেড়েছে এবং ২৪০ মেগাওয়াট উৎপাদন বাড়ানো সম্ভব হয়েছে। আপনারা এসব স্বীকার করবেন না কারণ তাহলে কলকাতাকে মুমূর্ষু বলা যাবে না, আসতে তারা কলকাতাকে ধ্বংস করতে চান। সুতরাং এইসব কথায় না গিয়ে তারা যে হিসাব দিয়েছেন সেটার দিকে লক্ষ্য রেখে বলি যে বিদ্যুৎ যে ঘাটতি পশ্চিমবঙ্গে সেটা বামফ্রন্টের আমল থেকে আরম্ভ হয় নি, এটার সুত্রপাত কংগ্রেস আমল থেকে। ওনারা যখন মন্ত্রী ছিলেন তখন ডিফ্রেন্স অফ ইন্ডি এ্যাক্ট চালু করেন এবং এতে কিছু বাধা-নিষেধ চালু করেছিলেন। সেগুলো ভুলে গেলে চলবে কেন? পশ্চিমবঙ্গের মানুষ এই ভুল তথ্যের ধার ধারেনা। প্রতি বছর কিছু কিছু করে কলকাতায় বিদ্যুতের যে লোডশেডিং সেটা কমছে, গত বছরের তুলনায় এ বছর ৪ পার্সেন্ট থেকে ৫ পার্সেন্ট করেছে। এই যে বিদ্যুতে লোডশেডিং কমছে - এসব হিসেবের ধার দিয়ে ওরা যাবে না, আসলে কলকাতার ভালো ওরা কিছু দেখতে চায় না। ডি ভি সি বিদ্যুৎ বাড়িয়েছে এটা খুব ভালো কথা, ডি ভি সি থেকে শুধু আমরাই বিদ্যুৎ নিই না, বিহার সরকার এরমধ্যে শরিক। ডি ভি সির বিদ্যুৎ উৎপাদন বেড়েছে, ১৯৭৭ সালে ৪ হাজার ৪৭৭ মিলিয়ন ইউনিট বিদ্যুৎ উৎপাদন করতো এখন সেটা ৫ হাজার ৬৮ লক্ষ মিলিয়ন ইউনিট বিদ্যুৎ উৎপাদন বেড়েছে। কলকাতায় ১৯৭৭ সালে ৫৫০ মেগাওয়াট বিদ্যুৎ দিতো আর আজকে সেখানে কলকাতাকে এই হিসাবে দেখা যাচ্ছে অর্থাৎ গত বছরের হিসাবে দেখা যাচ্ছে ৫০৫ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন বাড়িয়েছে। কলকাতায় বিদ্যুৎ সরবরাহ কমিয়ে দিয়েছে শুধু তাই নয় ডি ভি সি যাতে বেশী না দিতে না পারে তারজন্য কেন্দ্রীয় সরকার চেষ্টা করে যাচ্ছে। এই তো কলকাতার প্রতি আপনাদের দরদ? যেখানে ৪৫০ থেকে ৫০৫ মেগাওয়াট উৎপাদন করে দেওয়া হল সেখানে ডি ভি সি বিদ্যুৎ কমাতে কমাতে আজকে ৩৬৫ মিলিয়ন ইউনিট বিদ্যুৎ পর্ষদকে দিচ্ছেন। এটা কি প্রকৃত পশ্চিমবঙ্গের প্রতি দরদ দেখানো? আপনাদের লজ্জা হওয়ার কথা। এই বিষয় নিয়ে বহু আলোচনা হয়েছে, অনেক কাগজে লেখা হয়েছে কিন্তু কিছুই হয় নি। আপনারা কংগ্রেস আমলেও এঁদের সেবা করতেন, আগে গুরুর চর ছিলেন আর এখন দাসে পরিণত হয়েছেন। আপনারা যদি প্রতিবাদ করেন তাহলে তো আপনাদের চাকুরী চলে যাবে। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে দেখবেন যে ডি ভি সি যে বিদ্যুৎ দিচ্ছে তাতে বিদ্যুৎ পর্ষদকে কম করে দিচ্ছে। সম্পর্কে একটি কথাও তো উল্লেখ করলেন না কারণ সেই সৎসাহস আপনাদের নেই। আপনারা যে কত দরদী তা এর মধ্যে দিয়ে প্রমাণিত হয়। আজকে বলছেন বিদ্যুৎ হচ্ছে না। সাঁওতালডিহি চতুর্থ ইউনিটে ৭৬ সালের অক্টোবর মাসে শেষ করার কথা ছিল। কিন্তু আপনার তা করতে পারেন নি। কোলাঘাটের প্রথম ইউনিট ৭৮ সালের অক্টোবর মাসে শেষ করার কথা ছিল, দ্বিতীয় এবং তৃতীয় ইউনিট ৭৯ সালের অক্টোবর মাসে শেষ করার কথা ছিল কিন্তু আপনারা তা করেন নি। ৭৭ সালে আমরা এসে দেখলাম জমি অধিগ্রহণ না করে তারা সমস্ত জিনিষ ফেলে রেখেছেন। এর জন্য লজ্জায় মাথা নোওয়ানো উচিৎ আপনাদের। কংগ্রেস দল কি অস্বীকার করতে পারেন ১৯৫০ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উৎপাদনে যেখানে প্রথম স্থানে ছিল সেখানে আজকে সপ্তম রাজ্যে পরিণত হয়েছে। এর জন্য দায়ী পশ্চিমবাংলার কংগ্রেস দল এবং কেন্দ্রের সরকার। তারা ইচ্ছা করে পশ্চিমবাংলায় শুধু নয় ইষ্টার্ণ জোনে বিদ্যুৎ উৎপাদন বাড়াতে পারেন নি। যে দৃষ্টিভঙ্গী শিল্প উৎপাদন বাড়াতে দেয়নি সেই

দৃষ্টিভঙ্গী বিদ্যুৎ বাড়াতে দেয়নি। সুব্রত বাবু বলেছেন যুক্তিসঙ্গত কারণ থাকলে আমাদের সঙ্গেকেন্দ্রের বিরুদ্ধে লড়াই করবেন। সিদ্ধার্থ বাবু যে কমিশন করেছিলেন সেই বর্মন কমিশনের কথা বললেন। কংগ্রেস আমলে কি পরিস্থিতির সৃষ্টি হয়েছিল সেই সব কথা সেখানে লেখা আছে। সে সমস্ত সর্ত তারা দিয়েছিলেন একটাও তারা পালন করার চেষ্টা করেন নি। আমরা এসে পাওয়ার [illegible] প্ল্যানিং করি। আমাদের প্রকৃত চাহিদা কত এবং ১০ বছরে কি চাহিদা হবে সমস্ত [illegible] নিয়ে আমরা অনুসন্ধান করেছি। আমার বিবৃতির মধ্যে সেইসব উল্লেখ করেছি। কংগ্রেস দলের পক্ষ থেকে বলা হয় সমস্যা গভীর। আসুন না কেন আমরা সকলে মিলে কেন্দ্রের উপর চাপ সৃষ্টি করি। আপনারা জানেন কোন বিদ্যুৎ প্রকল্প পশ্চিমবঙ্গ সরকার করতে পারেন না। কেন্দ্রীয় সরকারের সেন্ট্রাল ইলেকট্রিসিটি অথরিটি এবং প্ল্যানিং কমিশন গ্রহণ না করলে সেটা করা যায় না। সেইসব আপনারা বললেন না। পশ্চিমবাংলাকে ভালবাসেন না সেবাদাসত্ব করেন। ধূপডিজির প্রস্তাব আপনারা দিয়েছিলেন। ৮০-৮১ সালের প্রজেক্ট রিপোর্ট দিয়েছিলাম কিন্তু তার উল্লেখ পর্যন্ত হচ্ছে না। ৮২ সালে সাগরদীঘিতে ৫শ মেগাওয়াটে ৪টি করার কথা ছিল - তার ও কোন উল্লেখ নেই। বক্রেশ্বর সম্বন্ধে সেন্ট্রাল ইলেকট্রিশিটি অথরিটি বলেছে টেকনিক্যালি ঠিক আছে। আজকে বলা হচ্ছে না সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সেটা যুক্ত হবে কিনা? মেদিয়ার জন্য ১০ কোটি টাকা দিয়েছেন। সেন্ট্রাল ইলেকট্রিসিটি অথরিটি মনে করে এটা কারিগরি দিক থেকে করা উচিৎ। আজকে সেন্ট্রাল ইলেকট্রিসিটি অথরিটি বললেন প্ল্যানিং কমিশন সপ্তম পরিকল্পনায় এটা গ্রহণ করেন নি। তিস্তায় ৪ বছরের মধ্যে সেখানে ৭৭.৬ মেগাওয়াট বিদ্যুৎ আসতে পারে। আজ পর্যন্ত ভারত সরকার বলছেন না এটা কর, সি.এস.সি. অনুমোদন দিয়েছেন এটা কর। কিন্তু তাও হচ্ছে না। রম্মম প্রথম স্টেজে ৭৮ সালে এটা দেওয়া ছিল। অথচ ঐসব কথা বলছেন সহযোগিতা করবেন, এক সাথে লড়াই করবেন। শুধু তাই নয়, এখানে কথা বলা হয়েছে যে কোলাঘাট চালু হয়নি। সুব্রত বাবু জানেন না, খবর নেওয়ার তাঁর সময় নেই, কারণ, দলাদলি করতে হবে। আমি বলি যে ঐ কোলাঘাট চালু হয়েছে এবং চালু হয়ে পূর্ণ বিদ্যুৎ হচ্ছে না, কারণ, কেন্দ্রীয় সরকারের একটা কোম্পানী এম এ এম সি তারা কোল হ্যান্ডিলিং প্ল্যান্ট করতে পারেনি। আগামী এক বছরে করতে পারবে কিনা সন্দেহ। আমরা বেশী টাকা খরচ করেও ক্রাসার হাউস, কোল হ্যান্ডিলিং প্ল্যান্ট আজো শেষ করতে পারেনি। এছাড়া অনেকে কথা তুলেছেন, সঠিকভাবেই বলেছেন যে আমাদের পশ্চিমবঙ্গে বিদ্যুৎ উৎপাদনের হার কম কেন। এটা কম হওয়ার অন্যতম প্রধান কারণ হচ্ছে সাঁওতালদি। সাঁওতালদির যে স্থান নির্বাচন করা হয়েছে সেটা হচ্ছে ত্রুটিপূর্ণ স্থান নির্বাচন। জল নিয়ে আসতে হয় বিহার থেকে, সেখানে কয়লা পাওয়া যায় না। বলা হয়েছিল স্থানীয় কয়লা নিয়ে হবে, কিন্তু দেখা গেল হয়নি। ওখানে যে প্রোজেক্ট রিপোর্ট করা হয়েছে তাতে ৪টি ইউনিট একসাথে চালালে কয়লা পাওয়া সম্ভব নয়। ওখানে ইয়ার্ড করা হয়েছে সেটা ত্রুটিপূর্ণ। এর ফলে সাঁওতালদির পি এল এম কম হওয়ার ফলে আমাদের মূল পি এল এম কমে গেছে। আপনারা জরুরী অবস্থার সময় বাধ্য করেছেন ইঞ্জিনিয়ারদের ইউনিটগুলি চালু রাখতে, ধ্বংসে হলেও চালু রাখতে হবে। আপনাদের শ্রীমতী ইন্দিরা গান্ধী সমস্ত ভারতবর্ষের গণতান্ত্রিক অধিকার কেড়ে নিয়েছিলেন, সেই সময় কি করা হয়েছে, না, নিয়ম হচ্ছে প্রতি বছর যেখানে ২৪/৩০ বার ওভারহলিং করার কথা, সেখানে সেই ওভারহলিং করতে দেননি। ফলে ব্যান্ডেলের ৪টি ইউনিট ঝরঝরে করে দিয়েছিলেন। পশ্চিমবঙ্গে যদি বামফ্রন্ট সরকার না আসত, তাঁরা যদি ওভারহলিং-এর কাজ না করতেন তাহলে ব্যান্ডেলের ৪টি ইউনিট ধ্বংস হয়ে যেত। আজকে ব্যান্ডেলের যে ৪টি

ইউনিট বিদ্যুৎ দিচ্ছে সেকথা একবারও উচ্চারণ করলেন না। এরা এত দেশদ্রোহী, পশ্চিমবঙ্গের মানুষের এত বিদ্বেষী যে পঞ্চম ইউনিট থেকে বাঙালী ইঞ্জিনিয়াররা যেভাবে যোগ্যতার সাথে বিদ্যুৎ দিচ্ছে, সেখানকার উৎপাদনের হার ভারতবর্ষের যতগুলি বিদ্যুৎ প্রকল্প আছে তাদের সাথে পাল্লা দিতে পারে, একবারও সেকথা তাঁরা উল্লেখ করার প্রয়োজন মনে করেননি। জলঢাকার কংগ্রেস দল স্যাবোটেজ করছিল, সেখানে বড় বড় পাথর চাপিয়ে দিচ্ছিল, মেশিন নষ্ট হয়ে যাচ্ছিল, সেখানে বড় বড় লগ ঢুকিয়ে দিচ্ছিল, আজকে ভারতবর্ষের জল বিদ্যুৎ প্রকল্পের মধ্যে সেই জলঢাকা অন্যতম। এছাড়া এঁরা জানেন না যে সেন্ট্রাল ইলেকট্রিসিটি অথরিটি সমস্তটা দেখে এই কথা বলেছেন সাঁওতালদির যে পরিস্থিতি সেই প্রকল্পের ত্রুটির জন্য তাতে সেখানে নবীকরণ করতে হবে রিভ্যাম্পিং করতে হবে। তারজন্য তাঁরা টাকা দিতে রাজী হয়েছেন। আজকে সেন্ট্রাল ইলেকট্রিসিটি অথরিটি ব্যান্ডেলে গিয়ে বলেছেন আমরাও মনে করি এখান থেকেও আশানুরূপ বিদ্যুৎ হতে পারে, তারজন্য এটাকে নবীকরণ করা দরকার। তারজন্য টাকা দেবেন বলে প্রতিশ্রুতি দিয়েছেন, কিন্তু এখনও দেননি। এছাড়া বলা হয়েছে গ্রামীণ বৈদ্যুতিকরণের কথা। এটা ঠিক গ্রামীন বৈদ্যুতিকরণের দিক থেকে আমরা পিছিয়ে রয়েছি অন্যান্য রাজ্যের তুলনায়। কিন্তু এর কারণ কি? গণিখান চৌধুরী যখন মন্ত্রী ছিলেন তখন তিনি এই গ্রামীন বৈদ্যুতিকরণের নামে একটা দুর্নীতির চক্রান্ত সৃষ্টি করেছিলেন এবং জোড়া দেওয়া কাঠ লাগিয়ে একটা ভয়ানক অবস্থা সৃষ্টি করেছিলেন। জয়নাল আবেদিন বললেন তাঁর জেলায় ৩০০ মৌজায় বিদ্যুৎ নেই। এতো হবেই। তার গেছে, কাঠ নেই, তার ফলে অনেক জায়গায় বিদ্যুৎ যেতে পারে নি। লোককে দেখাতে হবে, প্রচার করতে হবে তাই ২০/৩০ মাইল এল.টি. লাইন নিয়ে গেছে কিন্তু তাতে ভোল্টেজ থাকছে না। সঙ্গে সঙ্গে এস.টি লাইন করা দরকার সেটা করা হয়নি। এস.টি.লাইন যদি না থাকে তাহলে ঐ লাইন নিয়ে কোন লাভ নেই। কাজেই মাঝখানে এই যে ৩০০/৪০০ মৌজায় বিদ্যুৎ নেই সেটার ব্যবস্থা না করে আমরা এগিয়ে যেতে পারব না। তারপর; আর.ই.সি বলছে টাকা নেই। তারা আমাদের টাকা ঋণ দেয় এবং নিয়ম হল ঋণ দেবার সময় আগের সুদ সহ টাকা ফেরত দিতে হবে। এখন তারা বলছে ঐ টাকা না দিলে হবে না। কাজেই এটাও একটা সমস্যা-তারপর সাব ষ্টেশন করা হয়নি- এস টি লাইন করা হয়নি। তাহলে সেখানে নূতন লাইন কি করে হবে? ২৮ বছরে কংগ্রেস করেছেন ১০ হাজার এবং আমরা সেখানে নানা রকম সীমাবদ্ধতা সত্ত্বেও দ্বিগুণ মৌজায় ব্যবস্থা করেছি। তাঁরা শ্যালোতে বিদ্যুৎ দিয়েছিলেন ১৭ হাজারের মত। আর আজকে ৪০ হাজার শ্যালো বৈদ্যুতিকরণ করা হয়েছে। টাকা যে ফেরত যাচ্ছে তার কারণ আমরা তাঁদের মত লুঠ করিনি। চুরির ব্যাপারে আমরা আপনাদের সাহায্য চেয়েছিলাম। পর্ষৎকে আমরা সাহায্য করবার জন্য পঞ্চায়েত যখন ভলানটিয়ার দিল তখন দেখা গেল সেই জায়গায় চুরি বন্ধ হল কিন্তু নূতন জায়গায় চুরি সুরু হল।

(নয়েজ)

**[6.50–7.00 p.m.]**

কাজেই এখন আমদের আবার নূতন করে ভাবতে হবে চুরি বন্ধ করবার জন্য। এই চুরির ব্যাপারে কোন আইন ছিল না। সাজা দেবার ব্যপারে আইন হচ্ছে - যদি চোর ধরা হয় তাহলে তার ৬ বছর পর্য্যন্ত সাজা হবে। আমরা বিদ্যুৎ পর্ষদের কর্মীদের এবং ইঞ্জিনীয়ারদের সেই ধারা বলে চুরি করলে গ্রেপ্তার করবার কথা বলছি। এবং এখন আর জামিন পাবে না। কেন্দ্রীয় সরকার যে আইন

করেছে সেই আইন আমরাও চালু করবার চেষ্টা করছি। তবে চুরি যাতে না হয় তার জন্য আপনারাও সাহায্য করুন তারপর বলা হয়েছে এখানে নাকি দুর্নীতি আছে। বিশৃংখলা আছে। আপনারা কি অস্বীকার করতে পারেন বিদ্যুৎ পর্ষদে বিশৃংলা সৃষ্টি করে আপনারা একে ধ্বংসের পথে নিয়ে গিয়েছিলেন? আমরা এখন খাতায় সহি করবার ব্যপারে নূতন ব্যবস্থা নিচ্ছি, আগে কর্মীদের মাসে একবার খাতায় সহি করলেই হোতো। এখন সকলকে গিয়ে সহি করতে হয় এবং সাঁওতালদি ও ব্যান্ডেলে পাঞ্চিং ব্যবস্থা চালু করা হয়েছে। সকলকে তাদের কার্ড পাঞ্চ করতে হয়। আই এন টি ইউ সি প্রথমে আপত্তি করেছিল। যখন তখন ঘেরাও ঘেরাও, অফিসারদের অকথ্য ভাষা সব গালিগালাজ করতো। এখন ঘেরাও করলে সাসপেন্ড হতে হবে, ডিসমিস হতে হবে। আপনাদের সময়, অর্থাৎ এর আগে বছরে ৭/৮ বার করে ধর্মঘট ডাকা হোত। এখন তা কমে গেছে। গত দুবছর দুবার ধর্মঘট ডাকা হয়েছে। আগে ধর্মঘট করলেও তাদের মাইনে দেওয়া হোত। এখন আর তা নাই। আগে যারা ছিলেন তাদের প্রতিনিধিদের চাটুকারী করলে তাদের আর কলকাতা থেকে অন্য জায়গায় যেতে হোত না। তার ফলে যারা সেই চিরকাল বনে জঙ্গলে দূরে পড়ে আছে তারা সেইখানেই পড়ে থাকতে হোত। তাদের আর ভাল জায়গায় ট্রান্সফার হওয়ার সুযোগ হোত না। এখন আই এন টি ইউ সি এবং সি আই টি ইউ এক মত হয়ে একটা বদলী নীতি ঠিক করা হয়েছে। সুব্রতবাবু তো আই এন টি ইউ সি-র একজন নেতা তিনি নিশ্চয় এটা জানেন। এই বদলী শুধু কারা হবে না, ইউনিয়নের যিনি প্রেসিডেন্ট, বা ইউনিয়নের সেক্রেটারী, বা ট্রেজারার - এদেরকে বদলী করা হবে না। এই জিনিস আই এন টি ইউ সি-র সঙ্গে সি আই টি ইউ যোগাযোগ করে করেছে। আই এন টি ইউ সি-র একই ইউনিয়নে রেজেষ্ট্রিভুক্ত হয়ে দুটি ইউনিয়ন চলছে। এতে কাজের অনেক ক্ষতি হচ্ছে। এস ই বি-তে এন টি বি সি নামে একটা কেন্দ্রীয় ইউনিয়ন আছে। এঁদের দুটি ইউনিয়ন চলছে। তাতে কাজের অনেক ক্ষতি করে দিচ্ছে। শুধু তাই নয়, এখানে আপশোষ করা হোল যে সব ছাঁটাই করা হয়েছে। যাদের বিরুদ্ধে অভিযোগ আছে -কোন দুর্নীতির অভিযোগ আছে এই রকম ৬২ জনকে সাসপেন্ড করা হয়েছে। প্রমাণ হলে এই ৬২ জনকে আমরা বিদায় করে দেবো। আমরা প্রশাসনকে দুর্নীতি মুক্ত করতে চাই। এবং শুধু তাই নয় এই ৬২ জন ছাড়া আরও ৬৪ জনকে সাসপেন্ড করা হয়েছে। প্রমাণ হলে এই বিদ্যুৎ পরিষদে তাদের আর স্থান হবে না। যদি কারও আপত্তি থাকে আপনারা তা ঠেকাবেন। কারণ আমরা দুর্নীতিগ্রস্ত লোককে এখানে রাখতে চাই না। আপনারা যদি পারেন তাহলে আটকাবেন। এখানে পরিবহন ক্ষমতা নাই। বন্টন ক্ষমতা নাই।

**[7.00–7.10 p.m.]**

কি করেছেন আপনারা? ১০বছর, ১৫ বছর আগে যে সব সাব-ষ্টেশন করার কথা ছিল, সেই সব করেন নি। তালিকা দিতে পারি। টাকা নিয়েছেন। গত আট বছরে ১৭টা বড় ষ্টেশন করা হয়েছে এবং ৩০ টা সাব ষ্টেশন অগমেন্টেশন করা হয়েছে এবং ২৪টা বড় সাব ষ্টেশনের কাজ চলেছে। শুধু তাই নয় ১২টা ডিসট্রিবিউশন সাব ষ্টেশনের কাজ এই আট বছরে করা হয়েছে এবং বলছেন ডি.ভি.সি বিদ্যুৎ দিলে আমরা বিদ্যুৎ নিতে পারি না। ডি.ভি.সি. যাতে বিদ্যুৎ না দেয় তার জন্য আপনারা ওকালতি করছেন। ডি.ভি.সি. বিদ্যুৎ দিলে আমরা বিদ্যুৎ নিতে পারি। শুধু তাই নয়, এন.টি.পি.সি. বলেছিল মার্চ মাসে বিদ্যুৎ দেবে, আমরা ওয়ার ফুটিং-এ জিরাট সাব ষ্টেশনের কাজ শেষ করে বসে আছি। কবে তারা বিদ্যুৎ দেবে, আমরা জানি না। আমাদের বেশী টাকা খরচ করতে হয়েছে। ঐ দুখা

বলেছিল - ঐ কেন্দ্রীয় সরকারের পরিচালিত সংস্থা বলেছিল মার্চ মাসে তারা বিদ্যুৎ দেবে। আমরা উত্তরবঙ্গে বিদ্যুৎ সরবরাহ করার জন্য সাব ষ্টেশন করে সাজিয়ে বসে আছি, তার জন্য বেশী টাকা খরচ করে একেবারে মিলিটারী কায়দায় করা হয়েছে। কিন্তু কি হলো - বসে আছি, এই খবরও আপনারা রাখেন না এবং খবর রাখলেও জানেন না। আর ডি.ভি.সি বিদ্যুৎ দিলে আমরা নিতে পারি। আপনারা শুনে রাখুন এই বিদ্যুৎ পর্ষদের ১২ হাজার ৭৭১ টা নতুন নিয়োগ করা হয়েছে এই আট বছরে এবং সকলকেই এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে নেওয়া হয়েছে এবং এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ কেন্দ্রীয় সরকারী আইন অনুযায়ী হয়েছে। আপনারা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের ধার ধারতেন না। আপনারা নিজেদের নন-টেকনিক্যাল লোকদের টেকনিক্যাল কাছে নিয়োগ করেছেন। শুধু তাই নয় ওখানে প্রায় ৪০০ জন নতুন ইঞ্জিনিয়ার নিয়োগ করা হয়েছে এবং অফিসার নেওয়া হয়েছে ১১৫ জন। এছাড়াও ট্রান্সমিশন লাইনের কথা বলেছেন। আমরা ট্রান্সমিশন লাইন এই আট বছরে ৯ হাজার ২৩ সার্কিট কিলো মিটার লাইন আমরা টেনেছি এবং ওরা বলছিলেন যে ৪০০ ডে.ভি.'র যে লাইন, আমরা যাকে দিয়েছি, তাদের অনেক অভিজ্ঞতা আছে, তারা এই রকম কাজ করেছে এবং টেন্ডার করে নিয়ম মাফিক দেওয়া হয়েছে। ভারতবর্ষে এই রকম কোন কোম্পানী নেই, যাদের এই ৪০০ কেভির লাইন টানার অভিজ্ঞতা আছে। সুতরাং যে রকম নিয়ম, টেন্ডার কমিটিতে যাদের কম আছে, সেই ভাবে দেওয়া হয়েছে। শুধু তাই নয় আপনাদের বলতে পারি, হতাশার কথা বলে দুঃখিত হচ্ছেন, এটা হতাশা নয়, বাস্তব অবস্থা হচ্ছে, পাঁচ বছর পরে কি অবস্থা হতে পারে, যদি কেন্দ্রীয় সরকারে কংগ্রেস আরও ১০ বছর থাকে, তাহলে সংকট আরও বাড়বে। কারণ এইগুলো যদি পরিবর্তন করতে না পারি তাহলে বিদ্যুতের সংকট বাড়বে। আমরা ধরুন কিছুদিনের মধ্যে, এক সপ্তাহ, দু সপ্তাহের মধ্যে কোলাঘাটের যে তিন নং ইউনিট ১৪০ থেকে ১৫০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করবে। আমাদের যে দ্বিতীয় ইউনিটটা আছে - আপনারা শুনুন, মন খারাপ হয়ে যাচ্ছে ঠিকই, তৃতীয় ইউনিট সেটা মে মাসে লাইট আপ হবে এবং এই বছরে শেষে সেখান থেকে বিদ্যুৎ পাবার আশা করা যায়। শুধু তাই নয় আমরা বিদ্যুৎ পাব ফরাক্কা থেকে ২১০ মেগাওয়াট। জুন জুলাই মাসে আমরা পাবো বলে আশা করি। শুধু তাই নয়, আমরা আরও পাবো চুখা থেকে। এর ফলে আগামী দিনে কংগ্রেসের সদস্যরা যেটা আশা করেন, সেটা হচ্ছে না, বিদ্যুৎ পরিস্থিতির পরিবর্তন হচ্ছে, ভালর দিকে পরিবর্তন হচ্ছে এবং আগামী দু বছরে আরও ভাল হবে। কিন্তু এখানে বলা হচ্ছে যে ১৯৯০ সালে কি হবে, দু হাজার সালে কি হবে, যদি এই প্রকল্পগুলো না করতে দেওয়া হয় এবং আমি বলবো, যদি পশ্চিমবঙ্গবাসী হিসাবে একটুও দরদ থাকে তাহলে একটু বলুন কেন্দ্রীয় সরকারকে, ডি.ভি.সি.কে - মেজিয়ায় করতে দিন, বক্রেশ্বরে আমাদের করতে দিন, তিস্তা করতে দিন, রাম্মাম এর প্রথম স্তর করতে দিন। আপনাদের দিয়ে হবে না, কারণ আপনারা চান পশ্চিমবঙ্গ মুমূর্ষু হোক, কলকাতা ধ্বংস হোক, এটা আপনারা চান। সেই জন্য আমি আর সময় নেব না, যে সমস্ত কাটমোশন এসেছে, তার বিরোধীতা করে এবং আমার এই প্রস্তাবকে সমর্থন জানাবার আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** I now put all the cut motions except cut motions Nos. 4,6,7,8,9,10,12,13, 17 and 19 on which, I understand, division will be demanded, to vote.

**The Cut Motion Nos. 1 to 3,5,11,14 to 16 and 18 moved by**

Shri Kashinath Mishra and Shri Abdul Mannan that the Amount of Demand be reduced by Rs.100/-, were then put and lost.

The Cut Motion Nos. 4,6,7,8,9,10,12,13,17 and 19 moved by Shsri Kashinath Mishra and Shri Abdul Mannan that the Amount of Demand be reduced by Rs.100/- were then put and a division taken with the following result:-

(At this stage the Automatic Vote Recording Machine became out of order)

**Mr. Speaker** : I order the voting would be done manually, i.e. by show of hands.

(The voting was accordingly done by show of hands.)

The Ayes being 11 and the Noes 83, the motions were, lost.

The motion of Shri Prabir Sengupta that a sum of Rs.70,22,00,000 be granted for expenditure under Demand No. 67, Major Heads: "334-Power Projects and 734 - Loans for Power Projects". (This is inclusive of a total sum of Rs.11,70,34,000 already voted on account in March, 1985) was then put and agreed to.

**Demand No. 63**

[7.10–7.20 p.m.]

**Major Heads** : 321-Villages and Small Industries (Excluding Public undertakings), 521-Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) and 721-Loans for Village and Small Industries (Excluding Public Undertakings).

**Shri Pralay Talukdar** : Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs.18,86,71,000 be granted for expenditure under Demand No.63 Major Heads: "321-Village and Small Industries (Excluding Public Undertakings), 521-Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) and 721-Loans for Village and Small Industries (Excluding Public Undertakings)". (This is inclusive of a total sum of Rs. 3,14,46,000 already voted on account in March, 1985).

The Written Speech of Shri Pralay Talukdar is taken as read

২। গ্রামীণ ও ক্ষুদ্র শিল্পের উন্নতি এবং তার মাধ্যমে অতিরিক্ত কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির জন্য কুটির ও ক্ষুদ্র শিল্প বিভাগের কর্মতৎপরতা অব্যাহত রয়েছে। ১৯৮৪-৮৫ সালে প্রায় ১ লক্ষ ১৭ হাজার ব্যক্তির অতিরিক্ত কর্মস্থানের সুযোগ সৃষ্টি হয়েছিল। এরমধ্যে ক্ষুদ্র শিল্প সেক্টরে (আই, আর, ডি, পি-এর শিল্প ও পরিসেবা অংশ এবং বিশেষ কর্মসংস্থান কর্মসূচীর অধীনে উপকৃত সমেত) ৬৭৪৭২, হস্তচালিত তাঁত সেক্টরে ৩৫,০০০, খাদি ও গ্রামীণ শিল্প সেক্টরে ৫০০০ এবং রেশমগুটির চাষ সেক্টরে ১০,০০০ নূতন কাজের সুযোগ হয়েছে। ১৯৮৫-৮৬ সালের জন্য লক্ষ্যমাত্রা ধার্য হয়েছে ১ লক্ষ ৪৮ হাজার ব্যক্তির কর্মসংস্থান। এর মধ্যে ক্ষুদ্র শিল্পে (আই, আর, ডি, পি-এর শিল্প ও পরিসেবা অংশ এবং বিশেষ কর্মসংস্থান কর্মসূচীর অধীনে উপকৃতগণ সমেত) ৭১,০০০ হস্তচালিত তাঁত সেক্টরে ৩৩,০০০, খাদি ও গ্রামীণ শিল্প সেক্টরে ২০,১৭৬ এবং রেশমগুটির চাষ সেক্টরে ২০,০০০ নূতন কর্মসংস্থান ধরা হয়েছে।

### ক্ষুদ্র শিল্প

৩। রাজ্যের ক্ষুদ্র শিল্প ইউনিটগুলির উন্নতির উদ্দেশ্যে উদ্যোক্তাদের প্রয়োগিক ও পরিচালনগত দক্ষতা বৃদ্ধির জন্য বিশেষ ব্যবস্থা নেওয়া হয়েছে। ডি, আই, সি-গুলি সরাসরি এবং সেই সঙ্গে এস, আই, এস, আই, রামকৃষ্ণ মিশন, অর্থপ্রদায়ী প্রতিষ্ঠানসমূহ, ওয়েবকন, কলকাতা উৎপাদনশীলতা পরিষদ এবং আঞ্চলিক উন্নয়ন প্রাধিকারের মতো আর্থিক প্রতিষ্ঠান এবং প্রায়োগিক উন্নতিবিধায়ক এজেন্সিগুলির সহযোগিতায় উদ্যোক্তা-বিকাশ কর্মসূচী (এন্টারপ্রেনারশিপ ডেভেলপমেন্ট প্রোগ্রাম) হাতে নিচ্ছে। ইলেট্রনিকস্‌, চামড়ার জুতো, হস্তশিল্প, ছোবড়া ও লাক্ষাজাত দ্রব্যসামগ্রীর ক্ষেত্রে উৎপাদন ভিত্তিক প্রশিক্ষণও দেওয়া হচ্ছে। ১৯৮৪-৮৫ সালে উদ্যোক্তা-বিকাশ-কর্মসূচীর মাধ্যমে প্রায় ৮৩০ জন উদ্যোক্তা কারিগর প্রশিক্ষিত হয়েছেন। ১৯৮৫-৮৬ সালে ৯৫০ জন উদ্যোক্তা/কারিগরকে বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচীর আওতায় আনার লক্ষ্যমাত্রা ধার্য হয়েছে। যে সব স্থানে প্রশিক্ষনের স্থানীয় সুযোগ-সুবিধা নেই, সে সব অঞ্চলে উপযুক্ত মহিলা, প্রায়োগিক যোগ্যতাসম্পন্ন, বিকলাংগ ও গ্রামীণ উদ্যোক্তাদের প্রশিক্ষণ দেওয়ার জন্য বিশেষ যত্ন নেওয়া হয়েছে।

৪। রাজ্যে ইলেকট্রনিকস্‌ শিল্প উন্নয়নের জন্য ফলপ্রসু ব্যবস্থা নেওয়া হয়েছে। ১৯৮৫-৮৬ সালে ইলেকট্রনিকস্‌ শিল্পের ক্ষেত্রে উদ্যোক্তা-বিকাশ কর্মসূচীর অধীনে ৬০ জনকে প্রশিক্ষণ দেওয়ার প্রস্তাব করা হয়েছে। রাজ্যে ইলেকট্রনিকস্‌ শিল্পের জন্য সম্প্রতি একটি সমীক্ষা শেষ হয়েছে। সমীক্ষায় দেখা গেছে ইউনিটগুলি মাইক্রো-প্রসেসর, টেপরেকর্ডার, টিভি, টিভির যন্ত্রাংশ, ইনভার্টার, ভোল্টেজ স্ট্যাবিলাইজার, রেডিও কার রেডিও, এমারজেন্সি লাইট, ট্রান্সফর্মার, অ্যানটেনা, বুষ্টার ইত্যাদি নির্মাণ/যন্ত্রাংশ-মেলনের কাজ করছে। ১১৫টি টিভি ইউনিট, যার মধ্যে ৪০টি রঙিন ও বাদবাকি সাদা-কালো সমেত মোট ১২৬০টি ইলেকট্রনিকস্‌ ইউনিটকে এখনও পর্যন্ত সহায়তা দেওয়ার জন্য অনুমোদন করা হয়েছে। এর মধ্যে ১৫টি সাদা-কালো এবং ১০টি রঙিন টিভি ইউনিট ইতিমধ্যেই উৎপাদন শুরু করেছে। এখনও পর্যন্ত সূক্ষ্ম কারিগরী কৌশলযুক্ত যে সব ইলেকট্রনিক যন্ত্রাংশ ও সরঞ্জাম আমদানি করতে হচ্ছে সেগুলি নির্মাণের জন্য নূতন নূতন ইলেকট্রনিক ইউনিট স্থাপনের জন্যও প্রয়াস চালানো হচ্ছে।

এই ক্ষেত্রে ভারত সরকার সম্প্রতি কিছু নীতিগত সিদ্ধান্ত ঘোষণা করেছেন এবং এ সম্বন্ধে

আমি এখনই কিছু বলব। আমার বিভাগ অবশ্য ক্ষুদ্র শিল্প সেক্টরে ইলেকট্রনিক শিল্প প্রসারের জন্য অব্যবহৃত রাখবে।

৫। প্ল্যান্ট ও মেশিনারি বাবদ ২ লক্ষ টাকার বেশি মূলধন বিনিয়োগ করে নূতন এস, এস, আই ইউনিটগুলোকে সহায়তাদান ও তাদের উন্নতি সাধনের উদ্দেশ্যে ওয়ান উইন্ডো এজেন্সির মতো কাজ করার জন্য ১৯৮৩-৮৪ সালে ক্ষুদ্র শিল্প উন্নয়ন এজেন্সি স্থাপিত হয়েছিল। গত বাজেট ভাষণে আমি উল্লেখ করেছিলাম যে, এই এজেন্সি কলকাতা, হুগলী, হাওড়া ও ২৪-পরগণা জেলার উদ্যোক্তাদের প্রয়োজন মেটাবে। আমি সানন্দে ঘোষণা করছি যে, তারপর থেকে বর্ধমান জেলাকেও এই এজেন্সির আওতায় আনা হয়েছে। আরম্ভ থেকে এস, আই, ডি, এ ২৯১টি প্রস্তাব পেয়েছে যেগুলির প্রকল্প-ব্যয় ৫৮ কোটি টাকা। এগুলির মধ্যে ৪১টি ইউনিট ইতিমধ্যেই উৎপাদন শুরু করেছে এবং ৭৯টি ক্ষেত্রে উৎপাদন শুরু হওয়ার পথে। ১৩৫টি ইউনিটের প্রস্তাব বিচার বিবেচনা করে দেখা হচ্ছে এবং ৩৬জন উদ্যোক্তা সরে দাঁড়িয়েছেন। এই প্রকল্পের আওতা ভুক্ত বিভিন্ন ধরনের শিল্পগুলি হলো ইস্পাত ঢালাই, অফসেট মুদ্রণ, বিস্কুট তৈরী থেকে প্লাস্টিকের কৌটো ইত্যাদি তৈরী করা, পি,ভি,সি/তার, মাইক্রোপ্রসেসর ভিত্তিক ব্যবস্থা, বিদ্যুৎ নিয়ন্ত্রণ প্যানেল সমূহ, ইলেকট্রনিক হয়েস্ট চেনস্ (উত্তোলক শিকল), সাদা-কালো ও রঙিন টিভি সহ ইলেকট্রনিক সামগ্রী উৎপাদন। প্ল্যান্ট ও মেশিনারি বাবদ ন্যূনতম নির্ধারিত মূলধন বিনিয়োগ-নিরপেক্ষভাবে প্রবাসী ভারতীয় ও সেই সঙ্গে ইলেট্রনিক শিল্পসমূহের জন্য ফলতা এক্সপোর্ট প্রসেসিং জোনে নির্মীয়মাণ ক্ষুদ্রায়তন ইউনিটগুলির সমস্ত বিষয় তত্ত্বাবধান করার জন্য এস, আই, ডি, এ-কে ক্ষমতা দেওয়া হয়েছে।

৬। এস, এস, আই ইউনিট সমূহ স্থাপন ও সম্প্রসারণ এবং তাদের সহায়তাদানের জন্য প্রাতিষ্ঠানিক অর্থের অনুপূরক 'প্রান্তিক অর্থ' ও 'প্রেরণাসঞ্চারী' কর্মপ্রকল্প সমূহের কাজ চলছে। ১৯৮৩-৮৪ সালে, প্রান্তিক অর্থ এবং প্রেরণাসঞ্চারী হিসেবে যথাক্রমে ৫৪.৫৮ লক্ষ টাকা ও ৭৯.৭২ লক্ষ টাকার তুলনায় ১৯৮৪-৮৫ সালে যথাক্রমে ৯৬.২৩ লক্ষ টাকা ও ২১৬.৮০ লক্ষ টাকার মঞ্জুর করা হয়েছে। এছাড়া, নিরবিচ্ছিন্নভাবে অনুরোধ জানানোর ফলে গত কয়েক বছরে আর্থিক প্রতিষ্ঠানগুলির কাছ থেকে লব্ধ মঞ্জুরীর পরিমাণও উল্লেখ যোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। ১৯৮২-৮৩ সালে যেখানে এই বাবদ বরাদ্দের পরিমাণ ছিল ৩৯.৪৬ কোটি টাকা, ১৯৮৪-৮৫ সালে তা বেড়ে দাঁড়িয়েছে ৫৪.৬৪ কোটি টাকায়। ১৯৮৫-৮৬ সালেও প্রেরণাসঞ্চারী কর্মপ্রকল্পগুলি নূতন ইউনিটসমূহ এবং পর্যাপ্ত সম্প্রসারণের উপযোগী ইউনিটসমূহকে নিজেদের আওতায় নিয়ে আসবে।

৭। পর পর তিন বছর ধরে আমার বিভাগ জৈব-গ্যাস উন্নয়নের জাতীয় কর্মসূচীকে রূপায়িত করে আসছে। ১৯৮৩-৮৪ সালে ১৩৬৫টি জৈব-গ্যাস প্ল্যান্ট স্থাপন করা সম্ভব হলে ভারত সরকার ১৯৮৪-৮৫ সালে লক্ষ্যমাত্রা শতকরা তিনশ ভাগ বৃদ্ধি করেছিলেন এবং ২৪-পরগণা, বর্ধমান, মেদিনীপুর, বীরভূম, নদীয়া, পশ্চিম দিনাজপুর, পুরুলিয়া জলপাইগুড়ি ও দার্জিলিং জেলায় ৩৫০০ জৈব-গ্যাস প্ল্যান্ট স্থাপনের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে।

৮। শিক্ষিত বেকার যুবকদের জন্য কর্মসংস্থান প্রকল্পের অধীনে, ১৯৮৪-৮৫ সালে ২৪১০০ জন যুবক যুবতী উপকৃত হবেন বলে আশা করা হচ্ছে।

৯। ১৯৮৫-৮৬ সালে, কয়েকটি নূতন কর্মপ্রকল্পের কাজ শুরু করার প্রস্তাব করা হয়েছে।

তাদের মধ্যে যেগুলি বিশেষভাবে উল্লেখ করা যেতে পারে সেগুলি হলো :-

ক) শিল্প, পরিসেবা এবং ব্যবসাক্ষেত্রে নূতন উদ্যোক্তাদের ক্ষুদ্রতন ইউনিটগুলিকে জায়গা করে দেওয়ার জন্য নির্বাচিত অনগ্রসর এলাকারসমুহে দুটি ক্ষুদ্র এলাকাকে ইন্‌ফ্রাষ্ট্রাকচার গড়ে তোলা।

খ) উদ্যোক্তাদের এসকর্ট সারভিস দেওয়ার উদ্দেশ্যে, কলকাতা অঞ্চলে, যেখানে পর্যাপ্ত সংখ্যক নিবন্ধভুক্ত এস.এস.আই ইউনিট আছে, সেখানে একটি জেলা শিল্পকেন্দ্র স্থাপন করা।

গ) নির্ধারিত আঞ্চলিক গ্রোথ সেন্টারগুলিতে বর্ধিত কার্যভার নিবার্হ করতে ৫টি উপ-জেলাশিল্প কেন্দ্র স্থাপন।

ঘ) এস.এস.আই ইউনিটগুলির আধুনিকীকরণ ও রুগ্ন ইউনিটগুলির পুনরুজ্জীবন করা।

ঙ) পশ্চিমবঙ্গ রাজ্যে হস্তশিল্প উন্নয়ন কর্পোরেশন যাতে হস্ত শিল্পসংক্রান্ত প্রশিক্ষণ, পরিষেবা ও উপযোগিতা এবং শ্রেণীবিন্যস্ত হস্তশিল্পের সুচারু বিকাশে তাঁদের কাজকর্ম আরো জোরদার করে তুলতে পারেন সেজন্য কর্পোরেশনকে বিশেষ সহায়তা দেওয়া।

চ) খাদি ও গ্রামীণ শিল্পে রাজ্য প্রশিক্ষণ সংস্থা স্থাপন করা, রেশমগুটি সংগ্রহ ও সরবরাহের জন্য কাঁচা মালের ব্যাঙ্ক খোলা এবং লাভজনক খাদি ও গ্রামীণ শিল্পসমুহে অন্যান্য কয়েকটি সুচারু বিকাশমুখী কর্মপ্রকল্পের জন্য পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীণ শিল্পসমুহে বিশেষ সহায়তা দেওয়া।

## রুগ্ন ইউনিটসমুহ

১০। পশ্চিমবঙ্গ ক্ষুদ্র শিল্পে বহু আলোচিত রুগ্নতা সম্পর্কে কয়েকটি কথা বলা বোধ হয় এখানে অপ্রাসংগিক হবে না। এই রাজ্যে ক্ষুদ্র শিল্পের রুগ্নতা শিল্পের দিক দিয়ে গুরুত্বপূর্ণ অন্যান্য রাজ্যের তুলনায় বেশী এমন একটি ধারণা সাধারণভাবে চলে আসছে। কিন্তু বাস্তব অবস্থা তার বিপরীত। এই সভার মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি যে ৩১/১২/৮২ তারিখ পর্যন্ত ক্ষুদ্রায়তন শিল্পগুলির ক্ষেত্রে রুগ্নতার যে চিত্র পাওয়া যাচ্ছে তা হল তামিলনাড়ু শতকরা ২০.৩, মহারাষ্ট্র শতকরা ১৮.৯ এবং কর্ণাটক শতকরা ১৪.৫৪, উত্তর প্রদেশ শতকরা ১৩.৭। অথচ পশ্চিমবঙ্গের ক্ষেত্রে ঐ সময়ে রুগ্নতার হার ছিল কেবল শতকরা ১০.৩ ভাগ। আবার ঐ একই সময়ে দেখা যাচ্ছে যে ঐ রকম রুগ্ন ইউনিটগুলির ক্ষেত্রে অনাদায়ী অর্থের পরিমাণ যেখানে পশ্চিমবঙ্গে ছিল ৭১.৫৪ কোটি টাকা সেখানে মহারাষ্ট্রে ছিল ১১০.৩৬ কোটি টাকা। যাই হোক রুগ্নতা আছে। আমার বিভাগ ঐ সমস্ত ইউনিটগুলির স্বাস্থ্যোদ্ধারের উদ্দেশ্যে যেসব পদক্ষেপ নিয়েছেন আমি সেগুলি এখানে বিবৃত করছি :-

ক) এই বিভাগের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন একটি উদ্যোগ পশ্চিমবঙ্গ ক্ষুদ্রশিল্প কর্পোরেশন লিমিটেড সম্প্রতি একটি কর্মপ্রকল্প চালু করেছেন। এই কর্মপ্রকল্পের উদ্দেশ্য হল ইন্ডা রাল রি কনস্ট্রাকশন ব্যাঙ্ক অব ইন্ডিয়া ( আই.আর.বি.আই) থেকে ঋণের ব্যবস্থা করে দিয়ে রুগ্ন ইউনিটগুলিকে কর্মক্ষম করে তোলা। কর্পোরেশন ইতিমধ্যেই ৭টি রুগ্ন

ইউনিটকে ৩২.৫৮ লক্ষ টাকা আর্থিক সহায়তাদান করেছেন এবং আরও ৯টি রুগ্ন ইউনিটকে একই পরিমাণ আর্থিক সাহায্য দিতে চলেছেন।

খ) আমার বিভাগ রুগ্ন ইউনিটগুলির জন্য একটি প্রান্তিক অর্থ ঋণদান কর্মপ্রকল্প গ্রহণ করেছেন। যে রুগ্ন ইউনিটগুলি নিজেদের পুনরুজ্জীবিত করতে ইচ্ছুক এবং তদুদ্দেশ্যে কোনো বাণিজ্যিক ব্যাঙ্ক কর্তৃক অনুমোদিত লাভজনক কর্মপ্রকল্প পেশ করেন, সেই ইউনিটগুলিকে প্রান্তিক অর্থ দেওয়া হয়। তবে এ রকম প্রান্তিক অর্থ কেবল সেইসব ক্ষেত্রেই অনুমোদন করা যেতে পারে যেসব ক্ষেত্রে কোন আর্থিক সংস্থা ঐ ইউনিটগুলির জন্য পুনর্গঠন কর্মপ্রকল্পটি গ্রহণ করতে এবং অর্থ মঞ্জুর করতে সম্মত হয়েছেন।

গ) যেহেতু পুরাতন এবং কালজীর্ণ যন্ত্রপাতির সাহায্যে নির্মাণ প্রক্রিয়া চালানোই রুগ্নতার অন্যতম প্রধান কারণ যে জন্য আমার বিভাগ ক্ষুদ্রায়তন ইউনিটগুলির আধুনিকরণের উদ্দেশ্যে একটি কর্মপ্রকল্প চূড়ান্ত করতে চলেছেন। এই কর্মপ্রকল্পটি রূপায়িত হলে কিছু ইউনিট তাদের রুগ্নতার সমস্যাকে কাটিয়ে উঠতে পারবেন বলে আমি আশা রাখি।

ঘ) রুগ্ন ইউনিটগুলিতে সক্রিয়ভাবে সাহায্য করার উদ্দেশ্যে, ঐ ইউনিটগুলির পুনরুজ্জীবনের জন্য যাতে যথোপযুক্ত ক্ষেত্রে ব্যবস্থা নেওয়া যায় সেজন্য ডি,আই,সি-গুলিকে নির্দেশ দেওয়া হয়েছে তারা যেন ৬ মাসের মধ্যে তাদের ক্ষেত্রাধিকারভুক্ত রুগ্ন ইউনিটগুলি সম্পর্কে তথ্যাদি সংগ্রহ করেন।

১১। এই বিভাগের প্রশাসনিক নিয়ন্ত্রাধীন কর্পোরেশন সমূহের ক্ষেত্রে ক্ষুদ্রায়তনগুলির জন্য কাঁচামাল সংগ্রহ ও বন্টনের উদ্দেশ্যে ক্ষুদ্রায়তন শিল্পগুলি যাতে সম্ভাব্য বিপণন সংক্রান্ত সহায়তা পান সেজন্য পশ্চিমবঙ্গ ক্ষুদ্রায়তন শিল্প কর্পোরেশন লিমিটেড তার কাজকর্ম চালিয়ে যাচ্ছে।

১২। চীনামাটি ধৌতাগার দুটির নির্মাণকার্য এগিয়ে চলেছে। এর একটি বাঁকুড়ায় অন্যটি বীরভূমে। লাইম লাইট ইন্ডাসট্রিজ প্রাইভেট লিমিটেড নামে যে যৌথ উদ্যোগ প্রতিষ্ঠানের উপর লিম্পো(সিমেন্টের বিকল্প) তৈরি করার কাজ ন্যস্ত হয়েছে সেটি ১৯৮৫ সালের অক্টোবর মাসের মধ্যে উৎপাদন শুরু করবে বলে আশা করা যায়। তাপ-বিদ্যুৎ কেন্দ্রগুলির বর্জ্য ছাই (ফ্লাই-অ্যাশ) কাজে লাগিয়ে ফ্লাই-অ্যাশ ইট তৈরি করার জন্য আর একটি যৌথ উদ্যেগ প্রতিষ্ঠান স্থাপন করা হয়েছে। শিল্পবার্তা প্রিন্টিং প্রেস নামে পশ্চিমবঙ্গ ক্ষুদ্রায়তন শিল্প কর্পোরেশন লিমিটেড-এর আর একটি সহায়ক সংস্থার কাজকর্ম সন্তোষজনক ভাবেই চলছে এবং ১৯৮২-৮৩ সালে তা বেড়ে গিয়ে দাঁড়িয়েছে প্রায় ৪২ লক্ষ টাকায়। এই সংস্থাটি লাভও করেছে।

১৩। পশ্চিমবঙ্গ রাজ্য চর্মশিল্প উন্নয়ন কর্পোরেশন লিমিটেডের কাজকর্মের প্রসঙ্গে উল্লেখ করতে হয় যে শীঘ্রই মেদিনীপুর জেলার কেলোমালে একটি পাইলট ট্যানারি-কাম-ফ্লেইং কেন্দ্র স্থাপন করার প্রস্তাব করা হয়েছে। এছাড়া, যাতে স্থানীয় তপশীলি জাতিভক্ত কারিগরদের সুবিধে দেওয়া যায় সেজন্য বেলডাঙ্গায় একটি ও কুচবিহারে আর একটি গ্রামীণ ট্যানারি স্থাপনের সম্ভাবনাও খতিয়ে দেখা হচ্ছে। তপশীলি জাতিভুক্ত কারিগর ও অন্যান্য এস, এস, আই ইউনিটগুলিকে সাহায্য দেওয়ার উদ্দেশ্যে ২৪ পরগণা জেলায় একটি চর্মজাত ক্রীড়াসামগ্রী কেন্দ্র স্থাপন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

১৪। মেদিনীপুর জেলা ও সন্নিতিহ অঞ্চলের কারিগরদের বিপণনে সহায়তা দেওয়ার জন্য পশ্চিমবঙ্গ হস্তশিল্প উন্নয়ন কর্পোরেশন দীঘায় একটি কারুশিল্প তালুক স্থাপন করার কথা বিবেচনা করছেন। প্রায় ২০০ জনের মত কারিগরকে এই কর্মপ্রকল্পের আওতায় আনা হবে। ভারতবর্ষের বিভিন্ন জায়গায় হস্তচালিত তাঁত ও হস্তশিল্পজাত দ্রব্যাদি বিপণনের উদ্দেশ্যে কর্পোরেশন ভারতবর্ষের বিভিন্ন জায়গায় ১১টি নতুন এম্পোরিয়ামও খুলবেন। নবদ্বীপে পিতল ও কাঁসাশিল্পের কারিগরদের জন্য কমন ফেসিলিটি সেন্টার স্থাপন করার এক কর্মপ্রকল্প হাতে নেওয়া হয়েছে। বর্ধমানের দরিয়াপুর ও বাঁকুড়ার স্কুলডাঙ্গায় যে ঢোকড়া সমবায় সমিতিগুলি আছে উন্নততর নক্শা ও মানোন্নয়নের মাধ্যমে সেগুলিকে পুনুরুজ্জীবিদ করার প্রস্তাবও করা হয়েছে।

১৫। ভাষণে আগেই আমি উল্লেখ করেছি যে ইলেকট্রনিক্স শিল্পের ক্ষেত্রে ভারত সরকার বেশ কিছু গুরুত্বপূর্ণ নীতিগত সিদ্ধান্ত ঘোষণা করেছেন। ইলেকট্রনিসের ক্ষেত্রে ভারত সরকারের নুতন নীতিতে যে ব্যবস্থাগুলি নেওয়ার কথা সেগুলি হলো ঃ-

১) আগে যে সমস্ত জিনিস কেবল ক্ষুদ্র শিল্প প্রতিষ্ঠানের আওতায় তৈরী করার জন্য সংরক্ষিত ছিল সেগুলির কিছু কিছু সংরক্ষণমুক্ত করা হয়েছে;

২) প্রমোদের প্রধান প্রধান সাজ-সরঞ্জামের (এন্টারটেনমেন্ট ইকুপমেন্ট) উৎপাদনকে আংশিকভাবে লাইসেন্স রহিত করা;

৩) এম, আর, টি, পি ও ফেরা-র আওতায় যে কোম্পানিগুলি রয়েছে সেগুলিকে ইলেকট্রনিকসের ক্ষেত্রে প্রবেশাধিকার দান।

১৫। ক) ভারত সরকার অপর যে নীতিগত গুরুত্বপূর্ণ সিদ্ধান্তটি ঘোষণা করেছেন তা হলো, ক্ষুদ্রায়তন শিল্পের ক্ষেত্রে উর্দ্ধসীমা বৃদ্ধি করে কারখানা ও যন্ত্রপাতিতে বিনিয়োগের পরিমাণ ২০ লক্ষ টাকা থেকে বেড়ে হবে ৩৫ লক্ষ টাকা। আর সহায়ক শিল্পের ক্ষেত্রে তা ২৫ লক্ষ টাকা থেকে বৃদ্ধি পেয়ে ৪৫ লক্ষ টাকায় দাঁড়াবে।

১৬। যেহেতু এই রাজ্যে ইলেকট্রনিক শিল্পের বেশির ভাগই অ্যাসেম্বলি ইউনিট ধরণের তাই, ইলেকট্রনিক শিল্পের জন্য ভারত সরকার কর্তৃক ঘোষিত নূতন নীতির ফলে এই রাজ্যের ইলেকট্রনিক শিল্প বেশ ক্ষতিগ্রস্থ হবে বলে আশঙ্কা করা হচ্ছে। বিশেষ করে, প্রমোদমূলক ইলেকট্রনিক শিল্পে তাদের প্রস্তুত সামগ্রী বিপণনের ক্ষেত্রে বহুজাতিক প্রতিষ্ঠানগুলির সঙ্গে প্রতিযোগিতা করা তাদের পক্ষে খুবই কঠিন হয়ে পড়বে। ক্ষুদ্রায়তন শিল্পের সীমা বাড়িয়ে ৩৫ লক্ষ টাকা করার ফলে যে সমস্ত নাতিবৃহৎ কোম্পানি এতদিন মাঝারি আয়তনের শিল্পের আওতায় ছিল তারাও ছোট ছোট শিল্প প্রতিষ্ঠানগুলির মতো সরকারের প্রেরণাসঞ্চারী কর্মপ্রকল্পগুলি থেকে একই ধরনের সুযোগ সুবিধা পেতে সমর্থ হবে। যেহেতু এই রাজ্যে ক্ষুদ্রায়তন শিল্পে প্ল্যান্ট ও মেশিনারি কার্যকরী মূলধন বিনিয়োগের পরিমাণ তুলনামূলকভাবে খুবই কম, তাদের জন্য এক বিশেষ ধরনের প্ররক্ষণ ব্যবস্থার কথা বোধহয় ভেবে দেখার প্রয়োজন আছে। মাননীয় সদস্যরা শুনেখুশী হবেন যে কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগ ছোট ছোট ইউনিটগুলিকে উৎসাহিত করার প্রয়োজন অনুভব করেছেন এবং কাঁচা মাল কেনার জন্য হস্তশিল্পের কারিগরদের রিবেট দিচ্ছেন।

১৭। ক্ষুদ্র-শিল্পক্ষেত্রে, হস্তশিল্প ও চর্মশিল্পসংক্রান্ত বিভিন্ন কর্মপ্রকল্প রূপায়ণের জন্য ১৯৮৪-৮৫ সালের বাজেটে যেক্ষেত্রে ৪১৮ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছিল ১৯৮৫-৮৬ সালের বাজেটে সেক্ষেত্রে বরাদ্দ করা হয়েছে ৫৫০ লক্ষ টাকা। আমার বিভাগের অধীনস্থ অধিকাংশ গুরুত্বপূর্ণ কর্মপ্রকল্প ব্যাঙ্ক প্রদত্ত অর্থের সঙ্গে জড়িত। অর্থ-প্রতিষ্ঠানগুলি থেকে উপযুক্ত আর্থিক সহায়তা পাওয়া গেলে এই প্রকল্পের অধীনে গৃহীত বিভিন্ন কর্মসূচীর মাধ্যমে ৭১,০০০ ব্যাক্তির অতিরিক্ত কর্মসংস্থান হতে পারবে বলে আশা করছি।

## হস্তচালিত তাঁত

১৮। হস্তচালিত তাঁত সেক্টরে আমাদের অগ্রগতি অব্যাহত রয়েছে। ৬ষ্ঠ যোজনার শুরুতে সমবায়ভুক্তির প্রকৃত সংখ্যা ছিল ৪৯২০০; ৬ষ্ঠ যোজনার শেষে ( ১৯৮৪-৮৫ সালের শেষে) ঐ সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৯২০০০। একটি কর্মমুখী পরিকল্পনা তৈরি করা হয়েছে যাতে সক্রিয় সমবায় সমিতিগুলির দ্বারা প্রকৃত ব্যবহৃত তাঁতের সংখ্যা ১৯৮৫-৮৬ সালের শেষে বাড়িয়ে প্রায় ১০০,০০০ করা যায়। প্রস্তাব করা হয়েছে যে ৭ম পঞ্চবার্ষিক যোজনা কালপর্বে আমাদের লক্ষ্যসীমা হবে শতকরা ৫০ভাগ তাঁত সংগঠিত সেক্টরের আওতায় নিয়ে আসা।

১৯। তন্তুবায়দের সমবায় সমিতির অধীনে সংগঠিত করার উদ্দেশ্যে কয়েকটি সমবায়মুখী সহায়তা-কর্মসূচী চালু রয়েছে। কার্যকরী মূলধনী ঋণ, অংশীদারী মূলধনী ঋণ আধুনিক তাঁত ও তার আনুষঙ্গিক যন্ত্রাদি সরবরাহ, তাঁতবস্ত্র বিক্রয়ে ভরতুকি, NABARD প্রদত্ত ব্যাঙ্ক ঋণ বাবদ প্রদেয় সুদের জন্য ভরতুকি, নিজস্ব তাঁতবিহীন তন্তুবায়দের তাঁত সরবরাহ ও তাঁদের জন্য একটি সার্বজনীন কর্মশালা নির্মাণ এবং সমবায়ভুক্ত তন্তুবায়দের জন্য প্রভিডেন্ট ফান্ড কর্মপ্রকল্প এর অন্তর্ভুক্ত। হস্তচালিত তাঁত বস্ত্রের উৎপাদন ও বিপণনের লক্ষ্যমাত্রা পূর্ণ করার উদ্দেশ্যে NABARD ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান থেকে আরো অর্থ সহায়তা লাভের যোগ্যতা অর্জন করার জন্য প্রাথমিক স্তরের সমবায় সমিতিগুলি তথা অ্যাপেকস কো-অপারেটিভ ও ডব্লু, বি, এইচ, পি, ডি সি-র ইকুইটি ক্যাপিটাল বাড়ান হয়েছে।

২০। এই চালু কর্মপ্রকল্পগুলি ছাড়াও ৭ম যোজনা কালপর্বে কয়েকটি 'অতিরিক্ত কর্মপ্রকল্প রূপায়ণের প্রস্তাব করা হয়েছে। গৃহ-তথা-কর্মশালা নির্মাণ, সমবায় সমিতিগুলির তন্তুবায় সদস্যদের জন্য সঞ্চয় তহবিল চালু করা, চিকিৎসার সুযোগ তন্তুবায়দের জন্য সম্প্রসারিত করা, অ্যাপেকস সোসাইটি এবং এইচ, পি, ডি, সি-র জন্য আরও বিক্রয় এম্পোরিয়াম খোলা ও সংস্কার করা, গবেষণা, প্রশিক্ষণ ও নক্সা উন্নয়ন কেন্দ্র প্রতিষ্ঠা এবং পলিয়েষ্টার কাপড়ের জন্য অ্যাপেকস সোসাইটির মাধ্যমে ও উলের কম্বলের জন্য এইচ, পি, ডি, সি-এর মাধ্যমে প্রসেসিং হাউস প্রতিষ্টা করা এর অন্তর্ভুক্ত।

২১। মেদিনীপুর ও বাঁকুড়ার দুটি সুতাকল নির্মাণের কাজ ১৯৮৫-৮৬ সালের মধ্যে সম্পূর্ণ হয়ে যাবে বলে আশা করা যায়। ৭ম যোজনা কালপর্বে সমবায় সেক্টরের অধীনে আরো দুটি সুতাকল স্থাপন করার প্রস্তাব রয়েছে।

২২। হস্তচালিত তাঁতের ক্ষেত্রে প্রধান প্রতিষ্ঠানগুলির বিক্রয় বৃদ্ধির পরিমাণ থেকেই এর উল্লেখযোগ্য অগ্রগতি সুস্পষ্ট। যেখানে হস্তচালিত তাঁতের অ্যাপেক্স সোসাইটির ১৯৭৬-৭৭ সালের মোট বিক্রয় ছিল ২.৪১ কোটি টাকা, ১৯৮৪-৮৫ সালে তা বেড়ে ৩০ কোটিতে দাঁড়াবে বলে অনুমান

করা যায়। অনুরূপভাবে এইচ,পি,ডি,সি-এর মোট বিক্রয়ের পরিমাণও ১৯৭৯-৮০ সালে ১.৯৬ কোটি টাকা থেকে ১৯৮৪-৮৫ সালে ৭.৬০ কোটিতে দাঁড়াবে বলে অনুমান করা হচ্ছে। 'তন্তুজ' বিপণীর সংখ্যাও ৭৬-৭৭ সালের ৩৭ থেকে ১৯৮৪-৮৫ সালের শেষে ১১২তে দাঁড়িয়েছে আর তন্তুশ্রী বিপণীর সংখ্যাও ইতিমধ্যে ৬৩তে পৌঁছেছে। আমি আনন্দের সঙ্গে ঘোষণা করছি যে আমার বিভাগ ইতিমধ্যেই অক্টোবর ১৯৮৪ থেকে 'জনতা' বস্ত্র বয়নকারী তন্তুবায়দের প্রদেয় মজুরি শতকরা ৩০ ভাগ বাড়িয়েছে।

২৩। বর্তমানে হস্তচালিত তাঁত সেক্টরে প্রায় ৭.৫ লক্ষ ব্যক্তি নিয়মিত নিযুক্তি লাভ করেছেন। পুর্বোক্ত উন্নয়ন-মূলক কাজের ফলে ১৯৮৫-৮৬ সালে হস্তচালিত তাঁত বিদ্যুৎচালিত সেক্টরে ৩৩০০০ নূতন কর্মনিযুক্তির সুযোগ সৃষ্টি হবে বলে অনুমান করা যায়।

২৪। রাজ্যের হোসিয়ারি শিল্পের সার্বিক বৃদ্ধি ও উন্নয়নের জন্য একটি সমীক্ষা চালানো হচ্ছে। হোসিয়ারি শিল্পের উন্নতির জন্য ৭ম যোজনা কালপর্বে যেসব নূতন কর্মপ্রকল্পের প্রস্তাব করা হয়েছে সেগুলি হলো :-

১) হোসিয়ারি শিল্পেরজন্য একটি শিল্প-তালুক স্থাপন করা;

২) একটি আধুনিক প্রসেসিং হাউস স্থাপন করা;

৩) হোসিয়ারি শিল্পের আধুনিকীকরণের জন্য প্রান্তিক অর্থ কর্মপ্রকল্প প্রবর্তন করা।

৪) হোসিয়ারি শিল্পের জন্য সুপারভাইজারদের প্রশিক্ষনের ব্যবস্থা করা।

২৫। রাজ্যে বিদ্যুৎচালিত তাঁতের সংখ্যা বর্তমানে প্রায় ৮৬০০। এগুলির মধ্যে ১৭০০টি সমবায় ভিত্তিতে পরিচালিত। ৭ম যোজনা কালপর্বে নীতিগত সিদ্ধান্ত হলো, বিদ্যুৎ চালিত তাঁত শিল্পের উন্নয়নের জন্য বিদ্যুৎচালিত তাঁতকে পাইলট ভিত্তিতে সমবায়ের আওতায় আনা এবং সেইজন্য এইসব কর্মপ্রকল্পগুলি হাতে নেওয়ার প্রস্তাব করা হয়েছে।

ক) বিদ্যুৎচালিত তাঁতের আধুনিকীকরণ;

খ) উৎপাদনের বহুমুখীতা অর্জনের জন্য কারিগরদের প্রশিক্ষণ দেওয়া;

গ) সমবায় সমিতিগুলিকে পুনরুজ্জীবিত করা ও ঐসব সমবায় সমিতিগুলির বিদ্যুৎচালিত তাঁতের উৎপন্ন দ্রব্যাদি বিপণণের জন্য এইচ, পি, ডি, সি-কে সহায়তা করা।

২৬। পার্বত্য অঞ্চল সমূহের উন্নয়নের উদ্দেশ্যে, কালিম্পঙে উলের কম্বল তৈরি করতে একটি বয়ন-প্রশিক্ষণ-কেন্দ্র স্থাপন করার প্রস্তাব করা হয়েছে। দর্জির কাজ শেখানোর জন্য দার্জিলিঙে আর একটি প্রশিক্ষণ কেন্দ্র অচিরেই স্থাপন করা হবে।

২৭। সুবিধাজনক হারের সুদে হস্তচালিত তাঁত শিল্পকে অর্থ সাহায্য করার যে কর্মপ্রকল্প রয়েছে তার অধীনে, NABARD এবং অন্যান্য আর্থিক সংস্থা থেকে সর্বাধিক পরিমাণ অর্থঋণ যাতে পাওয়া যায় তার জন্য বিভিন্ন প্রয়াস চালানো হচ্ছে। ১৯৮৪-৮৫ সালে আনুমানিক ১৫ কোটি টাকা পর্যন্ত নগদ অর্থঋণ মঞ্জুর করা হয়েছিল।

২৮। হস্তচালিত তাঁত সেক্টরের জন্য ১৯৮৪-৮৫ সালের ৩৯০ লক্ষ টাকার জায়গায় ১৯৮৫-৮৬ সালের বাজেটে ৬৬৪ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

### রেশমগুটির চাষ

২৯। চারা লাগানোর মরশুমে অত্যাধিক বর্ষা এবং চারা লাগানোর জন্য প্রয়োজনীয় জিনিষপত্রের ন্যূনতা হেতু ১৯৮৪-৮৫ সালে রেশমগুটির চাষের ক্ষেত্রে অগ্রগতি ব্যাহত হয়। এইসব অসুবিধে সত্বেও উল্লেখযোগ্য সাফল্য লাভ করা গিয়েছে এবং ১০ হাজার লোকের জন্য নূতন কাজ সৃষ্টি করা গিয়েছে। এই সাফল্যের কয়েকটি উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হলো ঃ

ক) উর্দ্ধমুখী বিকাশ অব্যাহত রাখার নীতির সঙ্গে সংগতি রেখে কর্ণাটক থেকে কন্থ-২ নামে তাঁতের এক উন্নততর জাত আনা হয়েছে এবং অতিরিক্ত ১৫০০ একর জমিতে এই উন্নত জাতের তুঁত চাষ করা হয়েছে।

খ) ১৫ লক্ষ এফ/১ লেয়িংস উৎপাদনের একটি কর্মসূচী সাফল্যের সঙ্গে রূপায়িত করা হয়েছে। এর ফলে সবচেয়ে ভরামরশুমে রীলাররা যাতে নিস্তারি জাতের পরিবর্তে উচ্চ ফলনশীল জাতের উঁচুমানের বীজ ব্যবহার করতে পারেন সেজন্য তাঁদের মধ্যে ঐ বীজ বিতরণ সুনিশ্চিত করা সম্ভব হয়েছে এবং র-সিল্কের উৎপাদন বৃদ্ধি পেয়েছে।

গ) সারা বছরে তপশিলী জাতি, উপজাতি ও প্রান্তিক চাষী সহ ৫০০ জন চাষীকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

ঘ) এরি শিল্পের পুনরুজ্জীবনের জন্য জলপাইগুড়িতে এরি লালন-পালন ও রীলিংয়ের কাজ সাফল্যের সঙ্গে এগিয়ে নিয়ে যাওয়া হয়েছে।

ঙ) বাঁকুড়া, মেদিনীপুর এবং পুরুলিয়াতে তসর চাষকে উৎসাহিত ও পুনরুজ্জীবিত করা হয়েছে।

চ) তপশীলি জাতিভুক্ত ব্যক্তিদের সুবিধার জন্য কিরীটেশ্বরীতে একটি এবং তপশীলি উপজাতিভুক্ত ব্যক্তিদের সুবিধার জন্য গাজোলে আর একটি প্রদর্শন খামার মঞ্জুর করা হয়েছে।

ছ) উপাজাতির মধ্যে বিনামূল্যে ডিজিজ-ফ্রী লেয়িংস বিতরণ করা হয়েছে।

জ) উন্নততর বিপণন-সুবিধাদানের উদ্দেশ্যে উদ্যোক্তাদের সাহায্যে দেওয়া হয়েছে।

ঝ) উপাজাতিভুক্ত মানুষদের এরি-রীলিংয়ে সামিল করা হয়েছে এবং তাঁদের নিজেদের উৎপাদিত রেশমের গুটি ও পাকানো সূতা যাতে তারা বাজারজাত করতে পারেন সেজন্য তাঁদের সাহায্য করা হয়েছে।

৩০। চালু কর্মপ্রকল্পগুলি অব্যাহত রাখা হবে এবং সেইসঙ্গে ১৯৮৫-৮৬ সালে দুটি নূতন কর্মপ্রকল্পও রূপায়িত করার প্রস্তাব করা হয়েছে। এগুলি হলো ঃ-

ক) এক হাজার একর জমি সেচের আওতায় আনার উদ্দেশ্য সামনে রেশমগুটির চাষের

উন্নতির জন্য ক্ষুদ্র সেচপ্রকল্প;

খ) রেশমগুটির চাষের জন্য বিপণন-উন্নয়ন প্রকল্পের মাধ্যমে বিভিন্ন জেলায় কিছু বিপণন-কেন্দ্র খোলা হবে এবং মালদহে একটি রেশমগুটির বাজার চালানো হবে। আশা করা যায় যে এই প্রকল্পের রূপায়ণ দালালদের উচ্ছেদ করতে এবং সিল্ক বাজারে স্থিতি আনতে সুদূর প্রসারী ফল দেবে।

৩১। তুঁত সেক্টরে, ১৯৮৫-৮৬ সালে আরো তিন হাজার একর জমিতে তুঁত চাষের সম্প্রসারণ ঘটবে। ডিজিজ-ফ্রী লেয়িংস ও সিল্কের উৎপাদন ১৯৮৫-৮৬ সাল থেকে যথাক্রমে ৬.৫ কোটি এবং ৭.৮৪ লক্ষ কেজি হবে বলে অনুমিত হয়। আগে যেসব বিভিন্ন কর্মসূচীর কথা বললাম সেগুলির রূপায়ণের জন্য মূল বরাদ্দ ১৯৮৪-৮৫ সালের ২২১ লক্ষ টাকার জায়গায় ১৯৮৫-৮৬ সালে ৪২৫ লক্ষ টাকা রাখার প্রস্তাব করা হয়েছে। এই ধরণের বিনিয়োগের ফলে অতিরিক্ত ২৪,০০০ ব্যক্তির কর্মসংস্থান হবে বলে আশা করা যায়।

### খাদি ও গ্রামীণ শিল্প

৩২। ১৯৮৫-৮৬ সালে, খাদি ও গ্রামীণ শিল্প যাতে প্রশিক্ষণ, গবেষণা ও উন্নয়নমূলক সুযোগসুবিধার প্রসার ঘটে সেই উদ্দেশ্যে এই সেক্টরের অধীনে একটি রাজ্যস্তরের প্রশিক্ষণ প্রতিষ্ঠান স্থাপনের প্রস্তাব করা হয়েছে। ১৯৮৫-৮৬ সালে রেশমগুটিজাত সিল্কের সংগ্রহ ও সুষ্ঠু সরবরাহ বজায় রাখার উদ্দেশ্যে মালদহ ও বিষ্ণুপুরে দুটি কাঁচামালের ব্যাঙ্ক, স্থাপন করার প্রস্তাবও করা হয়েছে। সপ্তম যোজনা কালপর্বে খাদি পর্ষদ বালুচরী সিল্ক, তালজাত দ্রব্য, চামড়ার জুতো, বাড়িতে তৈরী দেশলাই, গ্রামীণ সরঞ্জাম ও যন্ত্রপাতি প্রভৃতির উৎপাদনবর্ধনমূলক বেশ কিছু কর্মপ্রকল্প হাতে নেবেন। মাননীয় সদস্যবৃন্দ অবগত আছেন যে পর্ষদ উন্নয়ন কর্মপ্রকল্পের জন্য খাদি ও গ্রামীণ শিল্প কমিশনের কাছ থেকে টাকা পান এবং যাতে খাদি ও গ্রামীণ শিল্প কমিশন থেকে এ রাজ্যের জন্য আরো টাকা নিয়ে আসা যায় সেজন্য পর্ষদের কাজকর্মের পরিসর আরো সম্প্রসারিত করার জন্য আমরা ঐ উদ্দেশ্যের সঙ্গে সংগতি রেখে প্রয়াস চালিয়ে যাচ্ছি। রাজ্য সেক্টরে চালানো হচ্ছে এমন বেশ কয়েকটি বাছাই কর্মপ্রকল্পের রূপায়ণের জন্য ১৯৮৫-৮৬ সালে ৮০ লক্ষ টাকা বরাদ্দ করে রাখা হয়েছে। খাদি ও গ্রামীণ কর্মসূচীর অধীনে ১৯৮৪-৮৫ সালে অতিরিক্ত ৫০০০ লোকের কর্মসংস্থান সম্ভব হয়েছিল, ১৯৮৫-৮৬ সালে ২০,১৭৬ জন ব্যক্তির অতিরিক্ত কর্মসংস্থান হবে বলে অনুমিত হয়।

### লাক্ষা

৩৩। লাক্ষা চাষ কেবল পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুর, মুর্শিদাবাদ এবং মালদহ জেলাতে সীমাবদ্ধ আছে। ব্রুড লাক্ষার উৎপাদন বৃদ্ধি করতে বীরভূম, নদীয়া, জলপাইগুড়ি এবং কোচবিহার জেলাতে কোনো সম্ভাবনা আছে কিনা তা খতিয়ে দেখা হবে। প্রায় ৭৮,০০০ হাজার চাষী, যাদের মধ্যে বেশির ভাগই তপশীলি উপজাতিভুক্ত লাক্ষা চাষে নিযুক্ত আছেন। লাক্ষা কর্মপ্রকল্পের মূল উদ্দেশ্য হলো ব্রুড লাক্ষার অবাধ সরবরাহ, ঠিক লাক্ষার নায্য দাম এবং বাণিজ্যিক লাক্ষা উৎপাদনে বৈচিত্র্য আনা যাতে চাষী এবং কারিগরদের আয় আর একটু বাড়ে। ১৯৮৪-৮৫ সাল পর্যন্ত ২৮টি ব্রুড লাক্ষা খামার স্থাপিত হয়েছে। ১৯৮৫-৮৬ সালে এইরকম আরও দুটি খামার স্থাপন করা হবে। পুরুলিয়া, বাঁকুড়া এবং মুর্শিদাবাদ এই তিন জেলার প্রত্যেকটিতে একটি করে প্রশিক্ষণ তথা-সার্ভিসিং কেন্দ্র কাজ

করছে।

৩৪। বিভিন্ন নির্দিষ্ট কর্মপ্রকল্পের জন্য কি বরাদ্দ করা হয়েছে, "১৯৮৫-৮৬ সালের জন্য ব্যয় মঞ্জুরিসংক্রান্ত বিশদ দাবি সমূহ এবং তৎসংক্রান্ত ব্যাখামূলক স্মারকপত্র" শীর্ষক আমাদের ৩নং বাজেট প্রকাশন পুস্তিকার ১২৮-১৯৯ পৃষ্ঠায় তার বিশদ বিবরণ পাওয়া যাবে।

৩৫। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বলে, এই সভার মাননীয় সদস্যবৃন্দের সহযোগিতা এবং যে দাবির ব্যয় বরাদ্দ নিয়ে এ পর্যন্ত বললাম তার অনুমোদনের জন্য আবেদন জানিয়ে আমি আমার ভাষণ শেষ করছি।

**Mr. Speaker :** There are 5 cut motions by Shri Kashinath Misra. All the cut motions are in order.

**Shri Kashinath Mishra :** Sir, I beg to move that the amount of Demand be reudced by Rs. 100/-

**ডাঃ মানস ভুইঞ্যা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী তার ব্যয় বরাদ্দের দাবী নিয়ে এখানে উপস্থিত হয়েছেন। সেই পরিপ্রেক্ষিতে তিনি বর্তমান শিল্প ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকারের পদক্ষেপের কিছু অতীত ইতিহাস এবং বর্তমান কিছু পরিকল্পনার কথা বলেছেন। কিন্তু যে কথাগুলি উনি বলেন নি কিম্বা ইচ্ছাকৃতভাবে চেপে যাবার চেষ্টা করেছেন সেই জিনিসের দিকে মাননীয় সদস্য এবং মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টিপাত আশা করেছিলাম, কিন্তু পাই নি। প্রাথমিকভাবে তিনি তার বক্তব্য রাখতে গিয়ে বলেছেন কোন কোন খাতে কত টাকা ব্যয় করেছেন এবং কত হাজার মানুষ সেই সব শিল্পের তাগিদে উপকৃত হয়েছে, এই সব বলেছেন। মন্ত্রী মহাশয়ের বক্তব্য শুনতে খুব ভাল লাগে। কিন্তু আদতে সারা পশ্চিমবঙ্গের ক্ষুদ্র শিল্প দপ্তরের অবস্থা যদি আপনারা ইন রিয়্যালিটি ফিল করেন, দেখেন এবং যদি বাস্তবের সঙ্গে মিলিয়ে নেন তাহলে দেখা যাবে তার বক্তব্যের সঙ্গে বাস্তবের তফাৎ কতখানি আছে। তিনি তার লিখিত বক্তব্যের মধ্যে এটা জাহির করার চেষ্টা করেছেন যে, গ্রামীন অর্থনীতিকে পুনরুজ্জীবিত করতে গিয়ে তার দপ্তরের অধীন বিভিন্ন বিভিন্ন খাতে যেসমস্ত সুঠাম এবং বলিষ্ঠ অর্থনীতির পদক্ষেপ রাখতে পেরেছেন, তা নাকি একটা ঐতিহাসিক। এটা একটা হাস্যস্পদ ব্যাপার। এই প্রসঙ্গে তিনি তার বক্তব্য রাখতে গিয়ে আই.আর.ডি.পি.র কথা বলেছেন। ভাল কথা। আমি প্রাথমিকভাবে সেই প্রসঙ্গেই আসছি।

আমরা কি দেখেছিলাম? ১৯৮৪ সালে বিধানসভায় আমাদের একজন সদস্য প্রশ্ন করেছিলেন মাননীয় মন্ত্রীর কাছে, তিনি তার একটি লিখিত উত্তর দিয়েছিলেন। কি দিয়েছিলেন? পশ্চিমবঙ্গ সরকার একটি মিনিমাম টার্গেট করেছিলেন যে এতগুলি মানুষকে বিভিন্ন জেলায়, বিভিন্ন ব্লকে আই.আর.ডি.পি'র অধীনে বিভিন্ন পরিকল্পনায় - তারমধ্যে ক্ষুদ্র এবং কুটিরশিল্প একটা মুখ্যতঃ ভূমিকা রাখে- তার আওতায় আনবেন এবং তার ভেতর দিয়ে তাদের অর্থনৈতিক উন্নতির দিকে এগিয়ে নিয়ে যাবেন। আমরা কি দেখলাম? ১৯৮০/৮১ সালে টার্গেট ছিল ২ লক্ষ এক হাজার, ১৯৮১/৮২ সালে ২ লক্ষ এক হাজার, ১৯৮২/৮৩ সালে ২ লক্ষ এক হাজার এবং ১৯৮৩/৮৪ সালের মার্চ পর্যন্ত ২ লক্ষ এক হাজার। এটা টার্গেট, সে ক্ষেত্রে এ্যাচিভমেন্ট কি? ১৯৮০/৮১ সালে উপকৃত হয়েছেন মাত্র ২৮ হাজার ৪৮১, সেখানে টার্গেট ছিল ২ লক্ষ এক হাজার। তারপর ১৯৮১/৮২ সালে যেখানে টার্গেট

ছিল ২ লক্ষ এক হাজার সেখানে উপকৃত হয়েছেন ৫৪ হাজার ১১৬ জন। ১৯৮২/৮৩ সালে যেখানে টার্গেট ছিল ২ লক্ষ এক হাজার সেখানে উপকৃত হয়েছেন ৯৬ হাজার ৬১৬ জন। ১৯৮৩/৮৪ সালের মার্চ পর্যন্ত যেখানে টার্গেট ছিল ২ লক্ষ এক হাজার সেখানে উপকৃত হয়েছেন ১ লক্ষ ১২ হাজার ৮৫৮ জন। আপনাদের মন্ত্রী বিনয়বাবু এই উত্তর দিয়েছিলেন। এর থেকে কি প্রমাণ হয়? এর থেকে প্রমাণ হয় সদিচ্ছার অভাব। টাকা আছে, সরকার আছে, প্রশাসন আছে, কর্মচারী আছে, জেলা প্রশাসন আছে, ডিসট্রিক্ট ইন্ডাসট্রিয়াল কর্পোরেশান আছে, সেন্টার আছে, জেলাপরিষদ আছে, পঞ্চায়েতের বিভিন্ন স্তর আছে, সবই আপনাদের। সেখানে লাল কাপড়ে বাঁধানো মানুষগুলিকে খুঁজতে আপনাদের কোন অসুবিধা হবার কথা নয় বিগত বছরগুলিতে, তাহলে পরিকল্পনা সফল হ'ল না কেন? এ ক্ষেত্রে ক্ষুদ্র এবং কুটির শিল্পের মুখ্যতঃ ভূমিকা ছিল এবং বলা হয়েছিল এর মাধ্যমে ঐ মানুষগুলিকে অনেকখানি এগিয়ে নিয়ে যাওয়া যাবে। এ ক্ষেত্রে এ বছরের বাজেট বক্তৃতায় আমরা কি দেখছি? আমরা দেখছি, বিগত ৪।। বছর ধরে যা করতে পারেন নি মাত্র ৬ মাসের মধ্যে সেই মিনিমাম টার্গেট তড়িতড়ি করে ফিল আপ করার চেষ্টা করেছেন। ৪।। বছর ধরে যেখানে ৪০ পারসেন্টও করতে পারলেন না, মাত্র ৬ মাসের ভেতরে সেখানে ৬০ পারসেন্ট করার চেষ্টা করেছেন। এ ক্ষেত্রে একেবারে বিপ্লবের বন্যা বইয়ে দেওয়ার চেষ্টা করেছেন। আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে বলব, সত্যের অপলাপ করবেন না, বাস্তব দৃষ্টিভঙ্গী নিয়ে সমস্ত জিনিসটা বোঝার চেষ্টা করুন। মাননীয় মন্ত্রী মহাশয় যদি রাইটার্স বিল্ডিং-এর ঠান্ডা ঘরে বসে অফিসারদের উত্তর শুনে যে জিনিষটা মনে মনে অনুভব করেন সেটাই যদি লেখার ভেতর দিয়ে প্রকাশ করেন তাহলে আলাদা কথা কিন্তু তা না করে যদি বাস্তব দৃষ্টিভঙ্গী নিয়ে সমস্ত জিনিষটা বোঝার চেষ্টা করেন তাহলে সেটাই যথার্থ হবে। এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করি, কোন চেক ভালভ আছে? কোন ইনভেষ্টিগেটিং মেশিনারী আছে? কোন রকম সংস্থা আছে যা দিয়ে এই ক্ষুদ্র এবং কুটির শিল্প দপ্তর যে সব নীতি গ্রহণ করেছিলেন সত্যি সত্যি সেগুলি ঠিকমত ইমপ্লিমেনটেড হচ্ছে কিনা তা দেখার? তা ছাড়া এর ভেতর দিয়ে পার ক্যাপিটা ইনকাম কতটা বেড়েছে তাও কি আপনারা জানতে পারছেন? আপনারা ক্লেম করেন গ্রামীণ অর্থনীতিতে এই ক্ষুদ্র এবং কুটির শিল্প দপ্তর অনেক উন্নতি করে দিয়েছে, তা দেখার কোন সিসটেম আছে? আমাদের যতটুকু জানা আছে, নেই। তারপর রুগ্ন শিল্পের ব্যাপারে আপনারা ক্লেম করেন বিরাট বিরাট আপনারা মেজার্স নিয়েছেন। আপনি উৎসাহী লোক, আপনি উৎসাহী নিয়ে কাজ করলে আমাদের কোন আপত্তি নেই, আপনার সঙ্গে আমরা একমত হব যদি সত্যিকারের আপনি উৎসাহ নিয়ে কাজ করতে পারেন কিন্তু বাস্তব ক্ষেত্রে কি দেখছি? আমরা দেখছি, সারা ভারতবর্ষের রুগ্ন শিল্পের সংখ্যা যা, তার ১০।। পারসেন্ট শুধু পশ্চিমবাংলায়।

**[7.20–7.30 p.m.]**

সাড়ে এগার হাজার ক্ষুদ্র শিল্প রুগ্ন হয়ে গেছে আপনার কার্যকরী নেতৃত্বে এবং প্রশাসনিক কাঠামোর নেতৃত্বে, এটা কি আপনি অস্বীকার করতে পারেন? পারেন না। এটা কংগ্রেসের বানান গল্প নয়, এই সেদিন লোকসভায় এই রিপ্লাই হয়েছে। আপনি রুগ্ন শিল্পের ক্ষেত্রে অনেক কথা বলেছেন, সিক্‌নেস সম্বন্ধে এ্যানালাইসিস্ করতে গিয়ে ইনসেনটিভের কথা বলেছেন, সে গুলিকে বাঁচিয়ে রাখার জন্য সত্যি কথা বলতে কি আপনি কতগুলি কোরামিন ইঞ্জেকসনের কথা বলেছেন। কিন্তু আপনি কি তাদের প্রকৃতপক্ষে বাঁচিয়ে তোলার জন্য র'মেটিরিয়াল দিতে পারছেন, বিদ্যুৎ এবং অন্যান্য প্রয়োজনীয়

ইনফ্রাস্ট্রাকচার দিতে পারছেন? আপনি বিভিন্ন ইন্ডাস্ট্রিয়াল এস্টেটের নাম করে কিছু কিছু জায়গা দিয়েছেন কিছু কিছু শিল্পকে, কিন্তু সে সব শিল্পের কাজ আছে কি? তারা তো ধুঁকে ধুঁকে মৃত প্রায় অবস্থায় এসে দাঁড়িয়েছে। আপনি কি সেগুলির কোনো খোঁজ নিয়েছেন? যেগুলি আপনার কল্পনাধন্য নয় সেগুলি আজকে কিভাবে মরতে বসেছে, আপনি কি তা জানেন? আমাদের কাছে খবর আছে ব্যাঙের ছাতার মত কিছু কিছু শিল্প গড়ে উঠেছে, ফিকটিসিয়াস্ ইউনিট গড়ে উঠেছে, আপনার দপ্তর থেকে ইমপোর্ট লাইসেন্স পেয়েছে, এক্সপোর্ট লাইসেন্স পেয়েছে এবং যেখানে একজিসিটিং ইউনিটগুলি র'মেটিরিয়ালস পাচ্ছে না, সেখানে এই সমস্ত ইউনিট র'মেটিরিয়ালস নিয়ে দুর্নীতি করছে। আপনি আপনার বাজেট বক্তৃতার মধ্যে দিয়ে সুন্দর সুন্দর কথা বলেছেন, কিন্তু বাস্তব চিত্র সম্বন্ধে আপনি কোন কথা বলেননি। আপনি দয়া করে আপনার প্রশাসন যন্ত্রের মাধ্যমে এসব বিষয়ে একটু খোঁজ খবর নেবার চেষ্টা করুন। এবং তথ্যের উপর ভিত্তি করে ঘটনাগুলি প্রচার করবার চেষ্টা করুন। পশ্চিম বাংলায় কি ঘটছে? আপনার জেলা হাওড়ায় কি দেখছি আমরা? যে হাওড়াকে বলা হ'ত বার্মিংহাম অফ্ দি ইষ্ট, সেখানকার অবস্থা আজকে কি হয়েছে? অতীতে আমরা দেখেছি হাওড়া শহরে এমন কোন গলি ছিল না যেখানে প্রতি ঘরে ক্ষুদ্র শিল্প ছিল না, হাজার হাজার মানুষের সে সমস্ত শিল্পের সঙ্গে জড়িত ছিল। হাওড়ায় আপনার বাড়ি, আপনি আজ ফুঁস করে ঢুকে ভুঁস করে বেরিয়ে আসেন, হাওড়ার অসহায় মানুষ আপনার দিকে তাকিয়ে থাকে। আজকে সেখানে ক্ষুদ্র ও কুটির শিল্পের এমন অবস্থা যে মানুষগুলি হাহুতাশ করছে। মানুষগুলির আশা আকাঙ্খা নষ্ট হয়ে যাবার মুখে এসে পৌঁছেছে। আপনি আপনার বক্তৃতার মধ্যে যে সমস্ত ইন্ডাষ্ট্রিয়াল এসটেট গুলি করেছেন সেগুলির সম্বন্ধে অনেক বড় বড় কথা বলেছেন। কিন্তু আমরা দেখছি তাদের আপনারা কোনো রকম ফেসিলিটিস দিচ্ছেন না, র'মেটিরিয়ালস দিচ্ছেন না। আপনি চামড়া শিল্পের কথা বলতে গিয়ে মেদিনীপুরের একটা ইউনিট স্থাপনের কথা বলেছেন। এটা নিশ্চয়ই ভাল কথা। কিন্তু আজকে পশ্চিমবঙ্গের লেদার টেকনোলজির কি অবস্থা হয়েছে, সেটা কি একটু ভেবে দেখেছেন। আজকে র'মেটিরিয়ালস'এর অভাবে, ইনফ্রাষ্ট্রাকচারের অভাবে স্কিলড্ ইঞ্জিনিয়ার থাকা সত্ত্বেও, লেদার টেকনোলজিস্ট ইনসটিটিউট থাকা সত্ত্বেও, পশ্চিম বাংলায় প্রসেসিং'এর ব্যবস্থা থাকা সত্ত্বেও লেদার টেকনোলজির ক্ষেত্রে, প্রডিউসড লেদার মেটিরিয়ালস'এর ক্ষেত্রে পশ্চিমবাংলা লক্ষ্ণৌ, কানপুরের সঙ্গে পাল্লা দিতে পারছে না। এ ব্যাপারটা কি আপনি খতিয়ে দেখেছেন? আপনি কোনো রেমিডির কথা বললেন না, শুধু মাত্র বললেন দুটি ইউনিট স্থাপন করবেন। লেদার ডেভলপমেন্ট কর্পোরেশনের বর্তমান অবস্থা কি, সে কথাও বললেন না। এর থেকে আপনার দপ্তরের কত টাকা লাভ হয়েছে, তাও বলেননি। তারপরে আপনি তন্তুবায়দের সম্বন্ধে অনেক কথা বলেছেন। তাঁত শিল্পে কিছু কিছু কাজ হচ্ছে আমরা জানি, কিন্তু কাজের চেয়ে অকাজই বেশী হচ্ছে, সেটা আপনি দেখেননি। আপনি দেখছেন অনেক এক্সপোর্ট বেড়েছে। ৩৫ হাজার মানুষ এই শিল্পের সঙ্গে যুক্ত আছে। আপনি এ বিষয়ে অনেক টাকা বরাদ্দ করেছেন। সমবায়ের ভেতর দিয়ে কেন্দ্রীয় সরকারের এবং রাজ্য সরকারের পাবলিক এক্সচেকারের টাকা আজকে এই ক্ষেত্রে ড্রেন্ড আউট হয়ে যাচ্ছে। তন্তুবায় সমিতিগুলির মাধ্যমে এই জিনিস হচ্ছে। এগুলিকে ইনভেসটিগেসন করে ঠিক পথে চালিত করার কোন প্রচেষ্টা আপনার আছে বলে আমাদের মনে হচ্ছে না। আপনি [illegible] জেনারেসন'এর কথা বলেছেন। ভাল কথা। কিন্তু আপনি প্রডাক্টের কোয়ালিটি এবং মার্কেটিং-এর কথা কি বলেছেন? না আপনি সে কথা বলেননি। তারপরে তালগুড় এবং অন্যান্য জিনিসপত্র খাদি ও গ্রামীণ পর্ষদের মাধ্যমে উৎপাদন এবং বিপননের কথা বলেছেন এবং

এবিষয়ে একটা হেড-লাইন করেছেন। কিন্তু এই পর্ষদের কাজকর্ম সম্বন্ধে এই সভায় অনেক সদস্যকেই অনেক কথা বলতে শুনেছি। তাদের কাজ কর্মের বিরুদ্ধে। খাদি কমিশন টাকা দিচ্ছেন স্বীকার করেছেন। আমার কাছে তথ্য আছে, পশ্চিমবঙ্গ খাদি পর্ষদ, খাদি বোর্ডের যে সুনাম ছিল, যে কাপড় তৈরী হতো, যে তালগুড় তৈরী হতো, যে কাগজ তৈরী হতো, যে জুতো তৈরী হতো এবং আরোও সব নানা রকম জিনিষ তৈরী হতো সেই খাদি বোর্ডের পরিচালন ব্যবস্থার অপদার্থতার জন্য, অকর্মন্যতার জন্য তার সেই সুনাম নষ্ট করেছে। খাদি বোর্ডের সেই টোটাল নেট-ওয়ার্ক নষ্ট হয়ে গেছে। এর সঙ্গে যে শিল্পীরা জড়িত ছিলেন এবং এই খাদি বোর্ডের নেতৃত্বে যে সমস্ত ছোট ছোট [illegible] ইন্ডাষ্ট্রিসগুলি গড়ে উঠেছিল সারা পশ্চিমবঙ্গ ব্যাপী সেগুলি আজ শুকিয়ে গেছে। একথা ভেবে দেখেছেন কি? এই সমস্ত শিল্পীদের পরিবারের অবস্থার কথা চিন্তা করেছেন কি? আজকে মাঝারী শিল্পের মালিকরা, বড় বড় শিল্পের মালিকরা কায়েদা করে আইনের সুযোগ নিয়ে ছোট ছোট শিল্পের মালিকদের সুযোগ-সুবিধা ভোগ করছে। এটা প্রিভেন্ট করার পরিকল্পনা আপনার মাথায় এসেছে কি? আপনি স্মল স্কেল এবং কটেজ ইন্ডাষ্ট্রিগুলিকে ইনসেনটিভ দেবার কথা বলেছেন। সেই সুযোগ নিয়ে বড় বড় ব্যবসায়ীরা মাঝারী শিল্পের বড় বড় মালিকরা এর মধ্যে ঢোকবার চেষ্টা করছেন, এই ব্যাপারে প্রিভেন্ট করার চেষ্টা করছেন না। মাননীয় সদস্য শ্রী অম্বিকা ব্যানার্জী মহাশয় একদিন মেনসান করতে গিয়ে বললেন, কতগুলি ফিকটিটাস স্মলস্কেল কটেজ ইন্ডাষ্ট্রিসের ইউনিট আছে তার সার্ভে রিপোর্ট আছে কি? আপনি এই সমস্ত ফিকটিটাস ইউনিটগুলিকে প্যাট্রোনাইজ করে র-মেটিরিয়ালস দিয়েছেন আর এদিকে এসট্যাবলিশড্ একজিসটিং ইউনিটগুলি পাচ্ছে না। সুতরাং এ ব্যাপারটা আমরা যদি জানতে না পারি, আপনি যদি জানাতে না পারেন তাহলে কে আমাদের জানাবে? কার কাছে এ ব্যাপারে কৈফিয়ত চাইবো? আপনার কি কোন কমপ্লেন ডিপার্টমেন্ট আছে? সাধারণ মানুষ যদি অভিযোগ করে তাহলে উত্তর পাবে? আপনি এর বড় একটা বই ছেপেছেন বিরাট খরচ করে কিন্তু মাদুর শিল্প যে একটা অন্যতম শিল্প তার একটি কথাও আপনার এই বইতে নেই। এই মাদুর শিল্পে লক্ষ লক্ষ শিল্পী জড়িয়ে আছেন। তাদের পরিবারের অবস্থার কথাটা ভেবে দেখেছেন কি? আজকে ব্যক্তিগত ফড়েরা, ব্যক্তিগত মালিকানাধীন ব্যবসায়ীরা কত টাকা এক্সপোর্ট করছে। কেন পশ্চিমবঙ্গ সরকার এ ব্যাপারে এগিয়ে আসছেন না? বিপনন কেন্দ্র স্থাপনের কথা বিভিন্ন জেলায় বোর্ড অফ হ্যান্ডিক্রাফটস-এর মাধ্যমে এবং মঞ্জুষার মাধ্যমে করার কথা বলেছেন। কিন্তু কেন্দ্রগুলি কিভাবে কাজ করছে সেটা স্বরেজমিনে ঘুরে ঘুরে দেখেছেন কি? খালি জেলা-শাসক এবং জেলা পরিষদের সভাপতিদের প্রতি বছর একটি করে প্রদর্শনী করতে বলেন এবং আপনি জেলা পরিষদ ভবনে গিয়ে খালি ফিতা কেটে আসেন। এছাড়া আর কিছু হচ্ছে কি? সেইজন্য আপনার কাছে বিনীত আবেদন, আপনি নিজে দেখুন। কুটির শিল্পে প্রসারের যদি মনোবৃত্তি থাকে তাহলে ইমপ্লিমেনটেসান প্রসিডিওর ঠিক করতে হবে। কোথায় ল্যাকুনা, ইমপ্লিমেন্ট করতে গিয়ে সত্যিই সত্যিই ইমপ্লিমেন্ট হচ্ছে কিনা তারজন্য চেক্ ভ্যাখ করার দরকার আছে। পরিকল্পনা মাফিক সমস্ত বিভাগগুলিতে চেক করার দরকার আছে। তারপর ডি.আই.সির কথা বলেছেন। এরা এ্যাডভাইস দিচ্ছেন পরিকল্পনা করছেন। ইন্ডাষ্ট্রিয়াল সেক্টরে ইন্ডাসষ্ট্রিয়াল এসেস্টে দারুণ নাকি পরিকল্পনা করে যাচ্ছে, কিসব রূপরেখা তৈরী করছে। কিন্তু ব্লকগুলির অধিকাংশ জায়গায় ইন্ডা[illegible]য়াল অফিসার নেই। এই দপ্তরের মেরুদণ্ড হিসাবে এরা কাজ করুন। জেলা স্তরে এবং ব্লক স্তরে প্ল্যানিং এর কথা বলেছেন। ডিষ্ট্রিক্ট প্ল্যানিং বোর্ড এবং ব্লক প্ল্যানিং বোর্ড তৈরী করবেন। কিন্তু ব্লক স্তরে তাকিয়ে দেখুন, পশ্চিমবাংলার মানুষের উন্নয়নের জন্য ব্লকগুলিতে ইন্ডাসষ্ট্রিয়াল অফিসার দিতে

পারেননি। প্ল্যানিং বোর্ডগুলিতে ডব্লু.বি.সি.এস এবং আই.এ.এসদের কথায় প্ল্যান হবে। তাদের মর্জির উপর নির্ভর করে এবং কিছু সংখ্যাক অফিসারদের উপর নির্ভর করে কিন্তু তাঁরা টেকনিক্যাল এক্সপার্টদের মূল্য দেন না এবং সুযোগও দেন না।

**[7.30–7.40 p.m.]**

যেখানে ডিসট্রিক্ট প্ল্যানিং বোর্ডে আপনারা কোন রকম টেকনিক্যাল অফিসারের প্রভিসন রাখেন নি, অধিকাংশ ব্লকে ইন্ডাসট্রিয়াল অফিসার নেই বললেই চলে। সেখানে আপনারা আমাদের স্বপ্ন দেখাচ্ছেন বিধানসভার এই ঠান্ডা কক্ষে বসে সুন্দর সুন্দর কথা বলে, এটা আপনি চিন্তা করুন, দেখুন আপনার ভবিষ্যৎ পরিকল্পনার কথা এবং ভবিষ্যতে এই দপ্তর কি হবে, এবং এই দপ্তরের ভিতর দিয়ে পশ্চিমবঙ্গের মানুষ কি বলবে সে কথাটা ভাবার দরকার আছে। আজকে আমরা কি দেখতে পাচ্ছি? আজকে মূলতঃ যে জিনিষগুলি আমার লক্ষ্যে এসেছে, সেটা হচ্ছে কি? ডিলেড ইলেকট্রি[illegible] এবং ল্যাক অফ পাওয়ার সাপ্লাই, এই হচ্ছে মূল কারণ। তারপর কি দেখা যাবে, আজকে আপনারা ডবলিউ.বি.এফ.সি যেটা তৈরী করেছেন আজ আমাদের জেলায় জেলায় যেগুলি আছে তার মাধ্যমে ডি.আই.সি. সঙ্গে করে স্কীম ভেটিং করে ব্যাঙ্ক অথবা আমাদের ডবলিউ.বি.এফ.সি'র সুদে আপনারা ছোট ছোট এন্ট্রাপেনার করে এষ্টাবলিষমেন্ট করার চেষ্টা করছেন। কিন্তু আজকে তাদের রোলটা কি? আজকে যে সমস্ত পরিকল্পনাগুলি করেছেন তাদের জমা দিয়ে বেরিয়ে আসতে একটা ছেলের ৩ বছর সময় লাগবে। পেছনে পেছনে ঘোর, আর এক একটা অফিস দুর্নীতির আখড়া, প্রত্যেকটি ডি.আই.সি. অফিস দুর্নীর্তির আখড়া হয়েছে। আমি জানি, আপনি নিজেই অনেক জেলায় ঘুরে অবহিত হয়ে এসেছেন, আপনি নিশ্চয়ই জানেন জেলার অফিসগুলি দুর্নীতির আখড়া। সেখানে স্কীম জমা দিলে ৩ বছরের আগে স্কীম ভেটিং হয় না, তারপর ডবলিউ.বি.এফ.সি. তারপর ব্যাঙ্ক, তারপর সীড মাণি, ওয়াকিং ক্যাপিটাল, এইসব নিয়ে একটা মহাভারত। এর মাঝখানে বসে একটা বেকার যুবক যাদেরকে আপনারা ঐ ৫০টাকা কি সব বেকারভাতা দিতেন এখন আবার কি সব ঐ সীড মানির কথা বলেছেন, নুতন একটা স্বপন দেখাচ্ছেন এই বাজেটের ভিতর ঐ সব আছে। আজকে যারা বেরিয়ে আসবে তাদের জন্য একটা সুনির্দিষ্ট রূপরেখা আপনারা বক্তব্যের মধ্যে থাকা উচিত ছিল, কিন্তু তা নেই। এর জন্য পশ্চিমবঙ্গের যুবকেরা আজকে হতাশ হয়েছে, আজকে পশ্চিমবঙ্গের উপর ক্ষুদ্র শিল্পের সঙ্গে যুক্ত হবে বলে যারা ইচ্ছা প্রকাশ করে এদের ব্যাপারটা একটু দেখা দরকার। আপনারা বড়াই করেছেন, যে আমরা বেকারদের সীড মাণি দিয়ে তাদের ক্ষুদ্র শিল্পের সঙ্গে যুক্ত করব। একবারও তো বললেন না যে ১৯৮৩ সালের ১৫ই আগষ্ট তদানীনতন প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী ঘোষণা করেছিলেন যে প্রতি বৎসর দেশের আড়াই লক্ষ বেকার যুবককে আমরা ২৫ হাজার টাকা করে সাহায্য দেবে, প্রতি রাজ্যের ক্ষুদ্র শিল্প দপ্তরের সঙ্গে সহযোগিতা করব। জেলার ডি.আই.সি.র ম্যানেজারের সহযোগিতায়, ন্যাশ্যানাল ব্যাঙ্কের সহযোগিতায় এই সাহায্য আমরা পৌঁছে দেব। পশ্চিমবঙ্গে এই বাবদে আমার কাছে যেটুকু খবর আছে- প্রায় ৩০ হাজার বেকার যুবকদের এই সাহায্য পাবার কথা, কিন্তু কি হয়েছে? হাজার হাজার দরখাস্ত জমা পড়ে আছে। স্ক্রুটিনি করার লোক নেই, বস্তা বন্দী হয়ে পড়ে থেকেছে, উই এবং ইঁদুরে খেয়ে শেষ করে ফেলেছে। একটা প্যানেল নেই, কোন সিরিয়াল ইন্টারভিউ নেই। উল্টে দোষ দিচ্ছেন ঐ ন্যাশানালাইজড ব্যাঙ্ককে। টাকা নাকি সব দিচ্ছে না, একটা অজুহাত খাড়া করার চেষ্টা করছেন নিজেদের অপদার্থতা ঢাকার জন্য। বেকার

যুবকদের প্রবঞ্চনা করে যে সমস্ত স্কীমগুলোকে ফেল করিয়ে দেবার চেষ্টা করেছেন। এবং পদাঙ্ক অনুসরণ করে সেই জিনিষটাকে সম্পূর্ণভাবে অবলুপ্ত রেখেছেন। বক্তব্য এবং লেখার ভিতর দিয়ে প্রকাশ না করে আজকে নিজেদের একটা বড় কথা বলার চেষ্টা করেছেন যে এবার আমরা অনেক সীড মাণি দিচ্ছি, ওহে বেকার যুবকরা তোমাদের এবার আমরা সীড মাণি দিচ্ছি, ব্যাঙ্ক তোমাদের জন্য সাহায্য করবে, তোমরা পরিকল্পনা কর, তোমাদের জন্য বামফ্রন্ট সরকার উদার হাতে এগিয়ে আসছে। এটা কার নীতি? কি করেছেন, আমি জানতে চাই আপনি উত্তর দেবার সময় বলবেন গত দুটি আর্থিক বছরে কেন্দ্রীয় ঘোষিত নীতি অনুযায়ী যে টাকার একটা নয়া পয়সাও রাজ্য সরকারের বা আপনার দপ্তরের নয় সে টাকা কতজন বেকার যুবক কে দিয়েছেন? আমি আপনার কাছে আবেদন করছি যদি সত্যিই গ্রামীণ শিল্পকে ভালবেসে থাকেন, যদি তার প্রতি আপনার সত্যিকার মমত্ববোধ থাকে তাহলে এদিকে একটু দৃষ্টি দেবেন। গ্রামীণ শিল্প এক সময় ঘরে ঘরে চরকার গান শোনাত, মানুষ যে খাদি তৈরী করত, কাগজ তৈরী করত, গুড়, সরষের তেল নানা জিনিষপত্র তৈরী করত এবং তার সঙ্গে যুক্ত যে পরিবারগুলি অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে নিজেরা এগিয়ে যেত সেই খাদি গ্রামীণ শিল্পকে আপনি জোর দেবেন, এবং এই খাদি বোর্ড, বর্তমানে পশ্চিমবঙ্গের খাদি বোর্ডের যে অপদার্থতা, অকর্মন্যতা চলছে যে অর্থনৈতিক অপচয় চলছে তার বিরুদ্ধে আপনি নিশ্চয় পদক্ষেপ নেবেন এবং সুষ্ঠুভাবে চিন্তা ভাবনা করে নিশ্চয় আগামী দিনের ক্ষুদ্র শিল্পকে এগিয়ে নিয়ে যাবার একটা চেষ্টা করবেন কিন্তু যে সমস্ত ভাবধারা আপনার লিখিত বক্তব্যের মধ্যে নেই বলে আমি এর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সতীশ চন্দ্র বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের মাননীয় ক্ষুদ্র কুটির শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় যে বাজেট এখানে রেখেছেন সে সম্পর্কে আমি দু চারটি কথা বলতে চাই। বিশেষতঃ বিরোধীদলের ডাঃ মানস ভুঁইয়া যেভাবে বলেছেন তাঁর কথাবার্ত্তা শুনে মনে হয়েছে একটা কথা। যার লজ্জা আছে এক কান কাটা সে উঠানের বাইরে দিয়ে যায়, আর যার দুকান কাটা যে উঠানের ভিতর দিয়ে যায়। বামফ্রন্ট সরকারের বিভিন্ন যে দপ্তর আছে তারমধ্যে ক্ষুদ্রকুটিরশিল্প এমন একটি দপ্তর যার গুরুত্ব অপরিসিম এবং আজকে সেই দপ্তর নিয়ে দুই চারটি কথা বলবার সুযোগ পেয়ে আমি গর্বিত। আজকে সরকারের বিভিন্ন দপ্তরের মধ্যে দিয়ে যে সাফল্য অর্জিত হয়েছে, তার যদি তুলনামুলক বিচার করা যায় তাহলে বলতেই হবে যে, সবচেয়ে কৃতিত্বপূর্ণ দপ্তর হচ্ছে ক্ষুদ্রকুটিরশিল্প দপ্তর। আপনি জানেন যে, বাংলার শিক্ষা, সংস্কৃতি, অর্থনীতি, সমাজ ও ধর্ম - সমস্ত কিছুর সঙ্গে জড়িয়ে রয়েছে কুটির শিল্প। বাংলার, বিশেষ করে অখন্ড বাংলার ভোর বাংলার ভোর বেলায় নমাজের আজান, দুপুরে বাউলের সঙ্গীত এবং সন্ধ্যায় কীর্ত্তন ও খোল কর্তালের আওয়াজের সাথে তাঁতের মাকুর খটখটানির আওয়াজ মিলে মিশে থাকতো এবং এই সবকিছু নিয়েই বাঙ্গালীর সংস্কৃতি, এই সবকিছু নিয়েই বাংলার কৃষ্টি, বাংলার গর্ব। তাকে ধ্বংস করে দিল ঐ কংগ্রেস। পশ্চিমবাংলার রূপকার স্বর্গীয় ডাঃ বিধানচন্দ্র রায়কে স্মরণ করি, তবে তিনি পশ্চিমবাংলায় ভারী শিল্পকে গুরুত্ব দিয়ে কুটির শিল্পকে উপেক্ষা করে গেছেন। তবে এক্ষেত্রে সবচেয়ে বেশী উপেক্ষা করা হোল ১৯৭২ থেকে ১৯৭৭ পর্যন্ত। সেই সময় তাঁরা ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নতি ঘটিয়েছিলেন ঠিকই, তবে সেটা ছিল ছুরি, কাঁচি, পাইপগান, রিভলবার শিল্প। এই সমস্ত অস্ত্রশস্ত্রের কুটিরশিল্পকে তাঁরা ঘরে ঘরে আমদানী করেছিলেন সেদিন। এছাড়া অন্য কোন কুটিরশিল্পের উন্নতি ১৯৭২ থেকে ১৯৭৭ পর্যন্ত হয়নি। আমি বলতে চাই যে, আবার শুরু হয়েছে বাংলার ঘরে ঘরে সেই তাঁতের খটখটানি।

ওঁরা বলছিলেন যে, আই.আর.ডি.পির মাধ্যমে কোন উন্নতি হয়নি। কিন্তু আমি তাঁদের বক্তব্যকে খণ্ডন করে এখানে কয়েকটিমাত্র তথ্য তুলে ধরছি। ষষ্ঠ যোজনাকালে ১৯৮০ সালে যেখানে ইউনিটের সংখ্যা ছিল ৪৯,২০০, ১৯৮৪/৮৫ সালে সেটা গিয়ে ৯২,০০০ হাজারে এবং ১৯৮৫ সালের বর্তমান সময় পর্যন্ত তার সংখ্যা দাঁড়িয়েছে ১ লক্ষে এবং সপ্তম যোজনাকালে সমবায় সমিতির মাধ্যমে ৫০ শতাংশ তাঁতশিল্প সংগঠিত সমিতির মধ্যে চলে আসবে। ওঁদের সময়, ১৯৭৭ সালে তন্তুজের বিক্রী ছিল ২ কোটি ৩২ লক্ষ টাকা, আজকে আমরা সেই বিক্রীকে ৪০ কোটি টাকায় দাঁড় করিয়েছি। আর তন্তুশ্রীর তাঁতশিল্পের কথা তো আপনারা ভুলিয়েই দিয়েছিলেন বোমার শব্দে। আজকে সেই তন্তুশ্রী ১৯৭৯/৮০ সালে ১ কোটি ৯৬ লক্ষ টাকার তাঁতবস্ত্র বিক্রী করেছে এবং সেই বিক্রী ১৯৮৪/৮৫ সালে হয়েছে ৭ কোটি ৬০ লক্ষ টাকা। অর্থাৎ সর্বসাকুল্যে বিক্রি হচ্ছে ৫০ কোটি টাকা। ২ কোটি টাকা থেকে বেড়ে ৫০ কোটিতে দাঁয়িয়েছে, এর মানেটা কি? এটা আপনারা কল্পনা করতে পারছেন না। আপনাদের সময় তন্তুশ্রী একটাও ছিল না, এখন সেটা ৬৩তে দাঁড়িয়েছে। তন্তুজ বিপননীর সংখ্যা ৩৭ থেকে ১১২টিতে গিয়ে দাঁড়িয়েছে। এইগুলি নাকি উন্নতির কোন ব্যাপার নয়, সাফল্যের ব্যপার নয়, এই গুলি নাকি ব্যর্থতা! অবাক হয়ে যাই ওনাদের কথা শুনে। তারপর দেখুন তাঁত শিল্প প্রতিষ্ঠান গুলি, ক্ষুদ্র এবং কুটির শিল্প প্রতিষ্ঠান এবং অন্যান্য প্রতিষ্ঠান থেকে পুঁজি এই দপ্তর উদ্যোগ নিয়ে আদায় করেছে। ব্যাঙ্ক থেকে টাকা দেওয়ার অভ্যাস ছিল না, বিশেষ করে ব্যাঙ্কাররা টাকা দিত না। বিভিন্ন প্রতিষ্ঠান থেকে কি পরিমান টাকা পাওয়া গেছে সেটা আমি বলছি। ১৯৮১-৮২ সালে ৩৯.২২ কোটি, ১৯৮২-৮৩ সালে ৪৩.৬২ কোটি এবং ১৯৮৩-৮৪ সালে ৫০ কোটি টাকা পাওয়া গেছে। বিভিন্ন প্রতিষ্ঠান থেকে কোটি কোটি টাকা এই দপ্তর আনছে। আই.আর.ডি.পির মাধ্যমে লক্ষাধিক প্রতিষ্ঠান গড়ে উঠেছে। এর ফলে ১ লক্ষ পরিবার উপকৃত হয়েছে। প্রত্যেক পরিবারে ৫ জন করে সদস্য ধরলে ৫ লক্ষ লোক উপকৃত হয়েছে। এমপ্লয়মেন্ট-এর দিক থেকে বিভিন্ন সেক্টরে এই দপ্তর উন্নতি এবং অগ্রগতি ঘটিয়েছে। ১৯৮৪-৮৫ সালে ১ লক্ষ ১৭ হাজার মানুষ এবং ১৯৮৫-৮৬ সালে ১ লক্ষ ৪৮ হাজার মানুষের কর্মসংস্থান হয়েছে। সর্ব্বসাকুল্যে ২ লক্ষ ৬৫ হাজার মানুষ এবং তাকে ৫ দিয়ে গুন করলে - প্রতিটি পরিবারের যদি ৫ জন সদস্য ধরা হয় - ১৫ লক্ষ মানুষ এর মধ্যে যুক্ত হয়েছে। আরো বেশী লোককে যুক্ত করা যেত বৃহৎ শিল্পের অগ্রগতি ঘটানো যেত। হলদিয়ায় পেট্রোকেমিক্যাল, কমপ্লেক্স, সল্টলেকে ইলেকট্রনিক কারখানা, হলদিয়ায় জাহাজ মেরামত কারখানা, সার কারখানা এই সব বৃহৎ শিল্পের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের সহযোগিতা পাওয়া যেত তাহলে সর্বসাকুল্যে পশ্চিমবাংলায় বেকার থাকতো না। কিন্তু প্রথম থেকে সমস্ত দিক থেকে চক্রান্ত করে এখানে বৃহৎ শিল্পের অগ্রগতি ব্যহত করা হয়েছে। বৃহৎ শিল্পের ক্ষেত্রে সমস্ত দিক থেকে পশ্চিমবাংলাকে গলা টিপে হত্যা করার চেষ্টা করা হয়েছে। এর উপরও আপানারা আবার বড় বড় কথা বলেন, আপনাদের লজ্জা করে না? ক্ষুদ্র এবং কুটির শিল্পের আলোচনার সময় আপনাদের নীরব থাকা উচিত। আপনারা শুরু বিরোধিতা করার জন্য বিরোধিতা করলেন। তাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলবো আপনি যেভাবে সাফল্য অর্জন করেছেন তাতে গোটা পশ্চিমবাংলার লক্ষ লক্ষ মানুষ আপনার পেছনে আছে এবং আমরাও আছি। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো, আপনি অন্তত সুন্দরবনের দিকে একটু নজর দেবেন। এখানে লক্ষ লক্ষ গরীব মানুষ বাস করে, এখানে কোন বৃহৎ শিল্প নেই। কিন্তু এখানে ক্ষুদ্র ও কুটির শিল্পের সম্ভবনা আছে। নদীয়া জেলার বগুলা, হাঁসখালি, আড়ংঘাটা এবং হরিণঘাটায় যাতে ক্ষুদ্র ও কুটির শিল্পের মাধ্যমে উন্নতি ঘটানো যায় তার জন্য আপনি একটা ব্যবস্থা করবেন। এই কথা বলে

এই বাজেটকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[7.40–7.50 p.m.]

**শ্রী অম্বিকা ব্যানার্জী :** মাননীয় স্পীকার স্যার, আজকে ক্ষুদ্র এবং কুটির শিল্প দপ্তরের মন্ত্রী শ্রী প্রলয় তালুকদার মহাশয় স্মল- স্কেল এ্যান্ড কটেজ ইন্ডাষ্ট্রির উপর যে বাজেট এনেছেন তার ভ্যালু হ'ল ১৮ কোটি ৮৬ লক্ষ ৭১ হাজার টাকা। বর্ত্তমানে যে অবস্থা, পশ্চিমবাংলায় যে ভাবে বেকার বাড়ছে তার থেকে উদ্ধার পাবার একটা রাস্তা হ'ল গ্রামে গ্রামে স্মল স্কেল ইন্ডাষ্ট্রি গোড়ে তোলা। যদি এইগুলি গোড়ে তোলা না যায় তাহলে কোন দিন এই ভয়াবহ বেকার সমস্যার সমাধান সম্ভব হবে না। তাই এই রকম একটা ডিমান্ডে যা টাকা বরাদ্দ করা হয়েছে আমার মনে হয় এটা অত্যন্ত অল্প। এই অল্প টাকা দিয়ে মাননীয় মন্ত্রী মহাশয় কি করবেন সেটা আমি বুঝে উঠতে পারছি না। মন্ত্রী মহাশয়ের সাথে আমার ব্যক্তিগত পরিচয় আছে, আমরা একই জেলার লোক। সুতরাং কয়েকটি ক্ষেত্রে আমি দেখেছি তিনি ডেভলপমেন্ট নিশ্চয়ই কিছু করেছেন। আমার পূববর্ত্তী বক্তা কটেজ ইন্ডাষ্ট্রি সম্বন্ধে হাইলাইট করলেন যে তাঁতশিল্পে উন্নতি হয়েছে। এই শিল্পে আমরা যে প্রডাকসন দেখছি, তাতে তাঁকে কংগ্রাচুলেশান জানাচ্ছি। এই ব্যাপারে তিনি অনেক উন্নতি সাধন করেছেন এবং তাঁতের সংখ্যা অনেক বেশী বাড়িয়েছেন - একথা ঠিক। কিন্তু প্রডাকসন কত করেছেন, সে সম্বন্ধে আমাদের জানার দরকার ছিল। উনি তন্তুজ বা অন্যান্য সেলিং অর্গানাইজেশন সম্বন্ধে বলেছেন। এর পার্সেন্টেজ অফ ভ্যালু বেড়েছে, অর্থাৎ সেল অনেক বেড়েছে। কিন্তু এই সেল পশ্চিমবঙ্গে কতটা হয়েছে, তা তিনি বলেন নি। কর্ণাটক, মাদ্রাজ থেকে কোটি কোটি টাকার মাল নিয়ে এসে তন্তুজের মাধ্যমে বিক্রি করে এই ব্যবসায়িক প্রতিষ্ঠান কমার্সিয়াল সাইডে লাভ করছে বা বিক্রি করেছে, সেটা আমরা দেখছি। কিন্তু আমরা ইন্টারেষ্টেড হচ্ছি এই ব্যাপারে যে, আমাদের এখানে কত পরিমাণ প্রডাকসন হচ্ছে, আমাদের এখানকার মানুষ কি পরিমাণ কাজ পেল এবং মোট টাকার কত পরিমাণ আমাদের এখানে রইল। পশ্চিমবঙ্গের মানুষ হিসাবে আমরা এই ব্যাপারে বেশী ইন্টারেষ্টেড্। আমি কটেজ ইন্ডাষ্ট্রি সম্বন্ধে বিশেষ কিছু বলতে পারব না, এই ব্যাপারে বিশেষ কিছু জ্ঞান আমার নেই। তবে একথা জানি যে, এই কটেজ ইন্ডাষ্ট্রিকে গ্রামে গ্রামে নিয়ে না যেতে পারলে বিশেষ উন্নতি ঘটান যায় না। সারা ভারতবর্ষের মধ্যে হাওড়ার জেলা এক সময়ে স্মল স্কেল ইন্ডাষ্ট্রির পীঠস্থান হিসাবে আখ্যা পেত। এই জেলার স্মল স্কেল ইন্ডাষ্ট্রির ব্যাপারে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। হাওড়া জেলার যে ডিষ্ট্রিক্ট ইন্ডাষ্ট্রিয়াল অফিস আছে, সেই অফিসটা প্রাকটিক্যালি গর্ভার্মেন্ট বিরাট ব্যয়ভার বহন করে চালাচ্ছেন। আপনি যদি সেখানে গিয়ে তাঁদের কাছে রিপোর্ট চান যে হাওড়া জেলাতে সিক ইন্ডাষ্টির কতগুলো আছে, তাহলে দেখতে পাবেন যে, সেগুলি ভালভাবে চলছে না, প্রায় বন্ধ হবার উপক্রম হয়ে রয়েছে। আপনাকে তাঁরা উপযুক্ত পরিসংখ্যান কিন্তু দিতে পারবেন না। ব্যক্তিগত ভাবে আমি ব্যবসার সঙ্গে যুক্ত থাকার ফলে বহুবার সেখানে গিয়েছি। বহু কলকারখানার সঙ্গে ব্যক্তিগতভাবে যুক্ত থাকার জন্য আমি বলতে পারি যে, বহু কলকারখানা আজ বন্ধ হবার মুখে। একথা আমি দায়িত্ব নিয়ে বলতে পারি। একথা আমি দায়িত্ব নিয়ে বলতে পারি যে, তাঁরা তাঁদের এ্যাডভাইস করতে পারেন নি। অর্থাৎ তাঁরা আমাদের জানাতে পারেন না যে, এই শিল্পের এ্যাকচুয়াল পজিসান কি। আমরা জানিনা, সারা পশ্চিমবাংলার ক্ষেত্রে তাদের রেকর্ড কি আছে? হাওড়া জেলা একটা মস্ত বড় ইন্ডাষ্ট্রিয়াল এরিয়া। অন্য এলাকায় ইন্ডাষ্ট্রি অফিসার পর্যন্ত নেই। সেখান থেকে কি

করে পরিসংখ্যান সংগ্রহ করা হয় এবং দেখান হয় যে - এতগুলি কারখানা বন্ধ, এতগুলি কারখানা খোলা ইত্যাদি ইত্যাদি? এগুলি আমার মাথায় আসে না যে, এই সমস্ত তথ্য আপনি পান কোথা থেকে? এই সমস্ত ছোট ছোট ইন্ডাষ্ট্রির মালিক হন সাধারণত ছোট ছোট মালিকেরা, যাঁদের অধীনে মাত্র ৫/১০ জন কর্মচারী কাজ করেন। এই সমস্ত ইন্ডাষ্ট্রির মালিকেরা যখন ঐ ইন্ডাষ্ট্রিয়াল এষ্টেট অফিসে যান, তখন সেই অফিসের সিঁড়ি ভেঙে ম্যানেজারের ঘরে পৌঁছুতে এক সপ্তাহের ভেতরেও পারেন কিনা সে বিষয়ে যথেষ্ট সন্দেহ আছে। সেখানে যে পরিমাণ দুর্নীতি চলছে, তা বর্ণনার অতীত। আপনি যদি একটা কারখানা খোলেন, আপনি নিশ্চয়ই প্রথমে সেখানে যাবেন এ্যাসেসমেন্ট করার জন্য। আপনার কি দরকার, কি র‍্য ম্যাটেরিয়ালস্ দরকার তা জানতে চাইবেন। যিনি কোন ফাউন্ড্রি করতে চান, তার প্রয়োজন পিগ আয়রন, কোল এবং মাইল, স্টীল ইত্যাদি। এই সব কিছুর জন্য এ্যাসেস্মেন্ট করা একান্তই প্রয়োজন। কিন্তু এই সমস্ত ব্যাপারে বিরাট প্রবলেম হচ্ছে এ্যাসেসমেন্ট করান। মাসের পর মাস, বছরের পর বছর ঘুরেও তিনি সেই কাজটুকু করাতে পারেন না, বার বার করে ফিরে আসতে হয় তাঁকে। অথচ দেখা যাবে, যাঁর অন্য বহু জায়গায় অনেক ফিকটিসাস্ কলকারখানা আছে, সে সমস্ত মালিকের ডিফারেন্ট জায়গায় ডিফারেন্ট কারখানা আছে, তাদের জন্য কোটা আলাদাভাবে রেখে দেওয়া হচ্ছে। ঐ কোটা, মাল ইত্যাদি প্রকৃত কারখানাগুলোর জন্য নাম কা ওয়াস্তে থাকে। বাস্তবে কিন্তু ঐ সমস্ত ছোট ছোট কারখানাগুলো চলে না। আপনারা অন্তত একট ভিজিলেন্স ডিপার্টমেন্ট করুন ইন্ডাষ্ট্রির জন্য। আপনাদের ডিষ্ট্রিক্ট ইন্ডাষ্ট্রিয়াল অফিসার আছেন তার কাজ হচ্ছে সব কিছু ঘুরে দেখা এবং তাকে সমস্ত কারখানার মান্থলি রিপোর্ট দেওয়ার কথা কিন্তু তা কি করেন? আপনার যে ডিপার্টমেন্ট ওয়েষ্ট বেঙ্গল স্মল ইন্ডাষ্ট্রিজ কর্পোরেশান-এটি একটি বিশাল ডিপার্টমেন্ট। এখানে একজন আই পি এস অফিসারকে রেখে দিয়েছেন যিনি এক সময়ে জুট মিলের আই জে এম এর এ্যাডভাইসার ছিলেন, সেখানে এ্যাডভাইস দিতেন এবং এই প্রোগ্রেসিভ গভর্ণমেন্ট তাকে এনে বসিয়ে দিয়েছেন, তার কাছ থেকে কি আশা করা যেতে পারে? ছোট ছোট যে এন্টার প্রেনিয়রগুলি আছে সেগুলি খোলবার জন্য আমি দায়িত্ব নিয়ে দুবার তাঁর সঙ্গে দেখা করতে গেছি, কিন্তু দেখা পাই নি। আমি একজন এম.এল.এ হিসাবে যাই নি, সাধারণ মানুষ হিসাবে এইসব ছোট ছোট কারখানার রিপ্রেজেনটিভ হিসাবে দেখা করতে গিয়েছিলাম, প্রায় ২ ঘন্টা বসে চলে আসতে বাধ্য হয়েছি এবং এইভাবে দুবারই তিনি মিটিংয়ে ব্যস্ত ছিলেন। সুতরাং সাধারণ মানুষের সঙ্গে তাঁর দেখা করবার সময় কোথায়। আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করবো তিনি যাতে এই বিষয়ে একটু দৃষ্টি দেন, কারণ ছোট ছোট এন্টার প্রেনিয়রদের সময় অল্প, তাদের একটু গাইড করতে হবে, তা না হলে তারা নানা রকম প্রজেক্ট কিভাবে করবে, তার বুদ্ধি তাদের নেই, কারখানা চালাতে গেলে যে সব বুদ্ধির দরকার সেগুলি যদি আপনার দপ্তর থেকে তারা না পায় তাহলে তারা কাজ করবে কি করে, প্রজেক্ট রিপোর্ট যেটা দেওয়ার কথা সেটা যদি ঠিকমত না দিতে পারে তাহলে নতুন নতুন কারখানা কি করে হওয়া সম্ভব? এই বিষয়ে নানা রকম অ্যানোম্যালিজ আছে যেমন ব্যাঙ্কের কাছ থেকে যে টাকা পায় সেক্ষেত্রেও এক দুর্নীতি দেখা যায়। সেখানে ইন্ডাষ্ট্রিয়াল অফিসারের কাছে কাগজপত্র যে পাঠান হয় সেগুলি বারে বারেই ঘুরে আসে, ফলে ব্যাঙ্ক থেকে ঠিকমত ঋণ নেওয়া যায় না। সেইজন্য আমার অনুরোধ এই একটা ব্যাপারে অন্তত আপনারা জেনুইন হন, একটু পারদর্শিতা দেখান। এই দপ্তরে কো-অর্ডিনেশান কমিটির একটা বিরাট গ্রুপ আছে, তারাই সত্যিকারের এই দপ্তরটিকে দেখাশোনা করে, এখানে যাবার ক্ষমতা কারোর নেই। হাওড়া এককালে কারখানায় ভর্ত্তি থেকেছে আর এখন অধিকাংশ

কারখানা বন্ধ হয়ে পড়েছে। আজকে বহু মধ্যবিত্তক কারখানার [illegible] চিন্তা, উদ্বেগ যে এই প্রফিট যা হচ্ছে তাতে চলতে পারে না। আজকে প্রায় ১৫০টি মিডিয়াম কারখানা বন্ধ হয়ে পড়েছে, ১০০টি প্লাসটিক কারখানা প্রায় অন্য রাজ্যে যথা মহারাষ্ট্র প্রভৃতি রাজ্যে চলে যাচ্ছে। আপনারা হোসিয়ারী ইন্ডাষ্ট্রির কথা বলেছেন, আজকে প্রায় হোসিয়ারী ইন্ডাষ্ট্রি বন্ধ হবার উপক্রম হয়ে উঠেছে, আর্দ্ধেক শিল্প লুধিয়ানায় চলে গেছে। চামড়ায় পশ্চিমবঙ্গে পায়োনীয়র ছিল তাও আজকে চলে গেছে। মার্কেট কম্পিটিশানে আজকে কোন সুযোগ পাচ্ছে না। সেইজন্য এই ব্যয় বরাদ্দের বিরোধীতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**[7.50–8.00 p.m.]**

**শ্রী সরল দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের ক্ষুদ্র ও কুটির শিল্পের মন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবী পেশ করেছেন তাকে সমর্থন করে দুএকটি কথা বলতে চাই। ১৯৫৬ সালে ১১ই জুন পশ্চিমবঙ্গের সর্বনাশ ডেকে এনেছিলেন তৎকালীন লোকসভার সদস্য এবং শিল্প মন্ত্রী শ্রী কৃষ্ণ মাচরী। এটা আমাদের কথা নয়, স্বয়ং জয়নাল সাহেবের কথা, তিনি তখন ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত ক্ষুদ্র ও কুটির শিল্পের মন্ত্রী ছিলেন পশ্চিমবঙ্গে এবং তখন সিদ্ধার্থবাবুও এটার প্রতিবাদ করেছিলেন। ইস্পাত এবং লৌহ শিল্পকে এখানে মূল ক্ষেত্রে হিসাবে ঘোষণা করা হল অথচ ইকুইজিশান অফ ফ্রেটস্ এ্যান্ড প্রাইসেসের ক্ষেত্রে আমরা দেখলাম এই রাজ্যের নিজস্ব শিল্প এই রাজ্য থেকে অন্য রাজ্যে চলে যাচ্ছে যেমন কাঁচা তুলার ক্ষেত্রে দেখা যায় এই কাঁচা তুলা যখন এখানে আসে তার বেশী থাকে এবং এতে শ্রমিকরা ২৪ শতাংশ মজুরী কম পায়- একথা কিন্তু কেউ বললেন না। মানসবাবু বললেন যে আপনারা কেবল কেন্দ্রে কেন্দ্র করছেন কেন? কেন্দ্রের কথা তো আসবেই কারণ আমাদের আর্থিক বিনিয়োগ কেন্দ্রীয় সরকার পরিচালনা করেন, রাজ্যের হাতে আর্থিক ব্যাপারে চাবি-কাঠি নেই। ১৯৫৬-৫৭ সালে এল.আই.সি শিল্পক্ষেত্রে বিনিয়োগের জন্য মহারাষ্ট্রে এবং গুজরাটকে যৌথভাবে ৪৫ কোটি টাকা দিয়েছিল। এবং ওয়েষ্ট বেঙ্গলে ১৯৫৬-৭৭ সালে ৩৭ কোটি টাকা। ১৯৬৭ সালে দেখলাম মহারাষ্ট্র গুজরাট মিলিয়ে ১৭৪ কোটি ৩৩ লক্ষ টাকা। সেখানে পশ্চিমবাংলাকে দেওয়া হল ৪২ কোটি ৫৮ লক্ষ টাকা। শিল্পোন্নয়ন ব্যাঙ্ক মহারাষ্ট্র এবং গুজরাটকে মিলিয়ে দিলেন ১১৮ এবং ৪৩ কোটি টাকা, সেখানে পশ্চিমবাংলাকে দিলেন ৪১.২১ কোটি টাকা সুতরাং এই প্রশ্নগুলি আসবে। ১৯৭৫ সালে এই রাজ্যে স্মল স্কেল ইন্ডাষ্ট্রিজ এর জন্য ৯০.৪৪ লক্ষ টাকা মঞ্জুর করেছিল। আর ৮৩ সালে ৪৭.৪৪ লক্ষ টাকা। ২৫৪২ কুটির শিল্পের মধ্যে ২৫০৩ টি স্মল ইন্ডাষ্ট্রিকে লোন দেওয়া হয়েছে। ইন্ডাষ্ট্রিয়াল এষ্টেট ওদের আমলে হয়নি। ১৯৮০ সালে ১৪ টি ইন্ডাষ্ট্রিয়াল এষ্টেট ছিল আজকে সেটা বেড়ে গিয়ে ২৮টি হয়েছে। বিদ্যুতের কথা বলেছেন ১৯৮১ সালে ১২৬.৮৯ পার্সেন্ট যেটা ছিল সেটা ৮৩ সালে বেড়ে গিয়ে ১৪৫.৭ পারসেন্ট হয়েছে। সিক ইন্ডাষ্ট্রির কথা বললেন এই বিষয়ে তামিলনাডুতে ২০.৩ পারসেন্ট সিক হয়েছে। মহারাষ্ট্রতে ১৮.৯ পারসেন্ট, কর্ণাটকে ১৩.৭ পারসেন্ট এবং পশ্চিমবাংলায় ১০.৩ পারসেন্ট। সুতরাং রুগ্ন শিল্পের ক্ষেত্রে অনাদায়ীর টাকার পরিমাণ পশ্চিমবঙ্গে যেখানে ৭১.৫৪ কোটি টাকা সেখানে মহারাষ্ট্রে সেটা ১১০.৩৬ কোটি টাকা। আমাদের কিছু কিছু ত্রুটি-বিচ্যুতি নিশ্চয় থাকতে পারে। কিন্তু মানসবাবু বললেন না যেটা এই রাজ্যে ওরা থাকাকালীন করেন নি। এই মন্ত্রীসভা মহারাষ্ট্রের মতন সিডা করেছেন। এটা নূতন নূতন নিয়ম এন্ট্রিপেরিওরদের সাহায্য দেবার জন্য করেছেন। এই পা[illegible] ৮৩ সালে এটা হবার পর ২৯১টা

এ্যাপ্লিকেশানের মধ্যে ৪১টার প্রডাকশান শুরু করেছে, ৭৯টি ইউনিট প্রোডাকশান শুরু করবে এবং আরো ১৩৫টি বিবেচনা করা হচ্ছে। ৩৬টি এ্যাপ্লিকেশান প্রত্যাহার করে নিয়েছে। আগে আমাদের কর্মকেন্দ্র ছিল হাওড়া হুগলী ২৪ পরগণা এবার বর্দ্ধমান হচ্ছে। কিন্তু উত্তরবঙ্গের কি হবে? এর জন্য কোন পরিকল্পনা বাজেটের মধ্যে নেই। উত্তরবঙ্গ সম্বন্ধে তার জবাবী ভাষণে কিছু আশা করব। সেল্ফ এমপ্লয়মেন্ট স্কীমের কথা তারা বললেন এই বিষয়ে ভারত সরকার ২৪ হাজার ১শটি টার্গেট করেছেন। আমাদের রাজ্য ইতিমধ্যে ৩৮ হাজার ২৫৬টি ফরোয়ার্ড করেছে। ইতিমধ্যে ব্যাঙ্কের স্যাংশান হয়েছে ২০ হাজার ২১৪টি -অর্থাৎ ৬০ পারসেন্ট। এদের প্রজেক্টস কষ্ট হচ্ছে ৭৫,৫২,৪১,০০ টাকা, স্যাংশান হয়েছে ৩৮ কোটি ১৬ লক্ষ ৩ হাজার টাকা। অর্থাৎ এ্যাভারেজে ৬০ পারসেন্ট। ঠিক সেই সময় গুজরাটের ব্যাঙ্কগুলি থেকে দিল ১০০ পারসেন্ট, মহারাষ্ট্রে ১০০ পারসেন্ট এবং তামিলনাড়ুতে ১২৫ পারসেন্ট। ব্যাঙ্কের এই বৈষম্যমূলক আচরণ সম্বন্ধে আপনারা কি কিছু বলবেন না? ব্যাঙ্কগুলি কন্ট্রোল করেন কেন্দ্রীয় সরকার। স্মল স্কেল ইন্ডাস্ট্রিতে কারা আসবে ভারত সরকার সেটা ঠিক করেন। তারা বলেছেন প্ল্যান এবং মেশিনারী কষ্ট ৩৫ লক্ষ টাকা হবে। অর্থাৎ তাহলে টোটাল হবে ১ কোটি টাকা। তাদের যে সাবসিডিয়ারী দেওয়ার কথা তার জন্য ৮৩-৮৪ সালে খরচ হয়েছিল ৭৩ লক্ষ টাকা, ৮৪-৮৫ সালে ২ কোটি ১৭ লক্ষ টাকা। এই সাবসিডিয়ারীটা বড় বড় যারা আছেন তারাই নিয়ে যাবেন। স্মল স্কেল এর ডেফিনেশন কেন্দ্রীয় সরকারি ঠিক করেন। অর্থাৎ প্ল্যান এবং মেশিনারী বাবদ ৪৩ লক্ষ টাকা যার টোটাল হবে ১ কোটি টাকা। সুতরাং এই সাবসিডির ফল ছোটরা পাবে না। তাদের সম্পর্কে বলা উচিৎ।

**[8.00–8.10 p.m.]**

দ্বিতীয়তঃ আমরা বলি ওরা একবারও প্রশংসা করলেন না যে তন্তুজ যার ১৯৭৭ সালে সেল ভ্যালু ছিল ২.৩০ কোটি টাকা আজকে সেটা ৩০ কোটিতে গিয়ে দাঁড়িয়েছে। খাদি সম্পর্কে ওঁরা অনেক কথা বলেছেন, কিন্তু খাদিতে ১৯৮৪-৮৫ সালে যেখানে ৫ হাজার লোকের কর্মসংস্থান হয়েছিল আজকে সেখানে ২০ হাজার ১ শো লোকের কর্মসংস্থান হয়েছে। জয়নাল সাহেব এই দপ্তরের মন্ত্রী ছিলেন, ১৯৭৪ সালে বাজেট বক্তৃতাতে মন্ত্রী হিসাবে বলেছেন কেন্দ্রের অবিচার হচ্ছে রাজ্যের প্রতি, তাকে সমর্থন করলেন ডাঃ গোপাল দাস নাগ, সেখানে কনফ্রন্টেশান হল না, সেখানে পশ্চিমবঙ্গের স্বার্থে কনফ্রন্টেশান হল না। আমি একটা ব্যাপারে মানস বাবুর সাথে একমত। ব্লকে যে ইন্ডাস্ট্রিয়াল অফিসার আছেন তাঁকে খুঁজে পাওয়া যায় না, তাঁকে খুঁজে পাওয়ার জন্য লাল বাজারে গিয়ে খবর দেবার দরকার হয়। এই ইন্ডাস্ট্রিয়ালল অফিসার বাড়ীতে বসে বসে কেস না দেখেই টি এ বিল করে দেয়। তারা যাতে ব্লকে থেকে স্মল স্কেল ইন্ডাস্ট্রি যারা করতে চায় সেই ইয়ং একট্রিপ্রেনিওরদের সাহায্য করে সেটা দেখবেন। ওয়েষ্ট বেঙ্গল স্মল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশান একটা আজব জায়গা। প্রথম কথা এখানে লোকজন কম আছে, এটাকে প্রপারলি ম্যানিং করা উচিত। কারণ, স্মল স্কেল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশান এর অধীনে ডি আই সি - গুলি হয়েছে। আপনি ১৬টি টি আই সি করেছেন, আপনার কাছে আমার আবেদন আপনাদের ক্যাবিনেট সিদ্ধান্ত করেছে যে বারাসতে উত্তর ২৪-পরগনার হেড কোয়ার্টার হবে, সেখানে ডি আই সি করতে হবে, সে সম্বন্ধে আপনার বক্তব্যে থাকা উচিত ছিল, কিন্তু নেই। ১ লক্ষ ৭০ হাজার ইউনিট আছে, এটা আপনাদের কৃতিত্ব, এরা এ্যাসেস করবে প্ল্যান্ড ক্যাপাসিটি কতটা এবং এ্যাকর্ডিংলি ওয়েষ্ট বেঙ্গল স্মল স্কেল ইনডাস্ট্রিজ কর্পোরেশানকে তারা রেকমেন্ড করে

মালের জন্য। আমরা দেখেছি এপর্যন্ত থ্রি টু ফিফটিন পার্সেন্ট কেউ ডি আই সি যা এ্যাসেস করে দিচ্ছে সেই মাল পায় না। ঐ স্মল স্কেল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশানে স্টাফ কম, অফিসার কম আছে, এটাকে প্রপারলি ম্যান করতে হবে। ওখানে দেখেছি প্রাইভেট এন্ট্রিপ্রেনিওর যারা যায়, অম্বিকা বাবু যেটা বললেন, তারা আপনার অফিসারের কাছে ভাল ব্যবহার পায় না। ওখানে বাস্তু ঘুঘুর বাসা আছে, সেটা আপনাকে দেখতে হবে। আপনার দপ্তরে কিছু দক্ষ অফিসার এসেছেন, তাঁরা কিছু কিছু কাজ করতে চেষ্টা করছেন। কিন্তু কিছু কিছু বাস্তু ঘুঘুও আছে। আপনার ম্যানেজিং ডাইরেক্টরের সম্বন্ধে বহু অভিযোগ আছে। জেনুইন পার্টি, যাদের কারখানা আছে, যাদের এ্যাসেস করে নিয়ে গেছে, তাদের সম্পর্কে তাঁর আচরণ ভাল নয়। বহু অভিযোগ আমার কাছে এসেছে এই সম্পর্কে। মন্ত্রী মহাশয় এই দিকে দৃষ্টি দেবেন এটা তাঁর উপর আমার বিশ্বাস আছে। জয়নাল সাহেবের মন্ত্রীত্বের আমলে রাজ্যে শিল্পের যে অধঃগতি সেই অধঃগতি শুরু হয় ১৯৬৫ সাল থেকে ১৯৭৫ সালে। সেই সময় দেখেছেন আমাদের রাজ্যে শিল্পে উৎপাদন অর্ধেকের উপর কমে গিয়েছিল। এই উৎপাদন ১৯৭৭ সালের পর বৃদ্ধি হয়েছে। আমরা যদি ১৯৬৯ সালকে ১০০ গড় ধরি তাহলে দেখব ১৯৭৬-৭৭ সালে যেখানে উৎপাদন গড় ছিল ১০৮.৮, ১৯৮২-৮৩ সালে এটা সেটা বেড়ে গিয়ে ১২২.২ হয়েছে। উৎপাদন যে বাড়েনি এবং বন্ধ্যা অবস্থা সৃষ্টি হয়েছে এটা ঠিক কথা নয়। ওঁনারা বলেছেন এই রাজ্যে বামফ্রন্ট সরকার আসবার পর বিদ্যুতের কারখানার অগ্রগতি হচ্ছে না এবং পশ্চিমবাংলা থেকে ক্যাপিটাল ফ্লাই করছে। এটাও সঠিক কথা নয়। বরং আমরা দেখছি কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলার সঙ্গে বিমাতৃসুলভ আচরণ করছে বিশেষ করে স্মল স্কেল ইন্ডাস্ট্রির ইকোয়ালাইজেসন অব ফ্রেট এ্যান্ড প্রাইসের ক্ষেত্রে। আমাদের এখানকার তুলো শিল্পের র মেটেরিয়ালস্—এর জন্য গুজরাট এবং অন্যান্য স্টেট - এর উপর আমাদের নির্ভর করতে হয়। এই রাজ্যের কয়লা পেয়ে মহারাষ্ট্র, হরিয়ানা এবং গুজরাট লাভবান হচ্ছে অথচ আমাদের তুলো শিল্প মার খাচ্ছে। আমরা কি তাহলে একটা বদ্বীপে বাস করছি। পশ্চিমবঙ্গ তো ভারতবর্ষের মধ্যে একটা অঙ্গ রাজ্য। তাহলে এরকম বৈষম্য কেন হবে? বিরোধীদলের সদস্যরা বারে বারে বলেছেন আমাদের ব্যর্থতার কথা, তাঁরা তো এখানে ৩০ বছর ছিলেন- তাহলে কেন এরকম বন্ধ্যা অবস্থা সৃষ্টি হল, কেন এরকম বিমাতৃসুলভ আচরণ করা হচ্ছে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে? একসময় হাওড়াকে বলা হোত রুড় অব ইন্ডিয়া। কেন আজকে সেই হাওড়া মার খাচ্ছে? আমরা জানি এ্যানসিল্যারি ইউনিটগুলো বড় বড় ইন্ডাস্ট্রির উপর নির্ভর করে। কিন্তু এক্ষেত্রে আমরা দেখেছি বড় বড় ইন্ডাস্ট্রিগুলো - যেমন, দুর্গাপুর,ইস্পাত কারখানা, টেক্সম্যাকো, বার্ণ, ব্রেথওয়েট অন্যান্য রাজ্যের বিশেষ করে বোম্বে, মহারাষ্ট্রের ১৫ থেকে ২০ কোটি টাকার মাল ব্যবহার করে অথচ এখানে সেটা করেনা। তবে যেটুকুও ব্যবহার করছে তাতে দেখছি ছোট ছোট এ্যানসিল্যারি ইউনিটগুলোকে ঠিকভাবে পেমেন্ট দেয়না। আমার অনুরোধ হচ্ছে বিগ ইন্ডাস্ট্রির মালিকদের এবং ম্যানেজিং ডিরেক্টরদের ডেকে এনে বলুন তাঁরা যেন এই সমস্ত ছোট ছোট এ্যানসিল্যারি ইউনিটগুলোর কাছে অর্ডার প্লেশ করেন এবং ঠিকভাবে পেমেন্ট দেন। একথা বলে মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই ৫২১ গ্রামীণ ও ক্ষুদ্র মূলধন বিনিয়োগী মুখ্য খাতের ব্যয় নির্বাহের জন্য ১৯৮৫/৮৬ সালে যে টাকা মন্ত্রীমহাশয় দাবী করেছেন তাতে এই আলোচনা আরও স্বার্থক হোত যদি আমরা জানতে পারতাম এই রাজ্যের জন্য ১৯৮৫/৮৬

সালের পরিকল্পনা কত। কিন্তু আমরা দেখলাম এক্ষেত্রে আমরা এখনও অন্ধকারে আছি। because of the inefficiency of the Government.

স্যার, একটা কমন নর্মস, একটা বেসিক কথা তরুন মন্ত্রীর জানা উচিত যে, উই আর লিভিং অন এ ভলক্যানো।

যেখানে রেজিস্টার্ড বেকারের সংখ্যা মোর দ্যান ফোর মিলিয়ন সেখানে একমাত্র আউটলেট হচ্ছে smallscale industries and cottage industries and where you have not abandoned the infrasturucture and corporations we have built up rather you have nurished and developed. You have taken the right measures. I praise you for that - not that these have been treated as redundant.

সুতরাং যেখানে পরিকল্পনার আয়তন জানা নেই সেখানে আলোচনা অসমাপ্ত থাকতে বাধ্য। আমার একটা আইডিয়া হয়েছে The Left Government is determined to distribute poverty and perpituate darkness in West Bengal. The Statement of the small Scale Industries Minister is little inspiring even in the out come of grotesque. আপনি আপনার দাবী অনুসারে বরাদ্দ মিনিমাম থ্রি পারসেন্ট পেয়েছেন কিনা সেটা দেখা আপনার একটা কন্টিনিউআস্ দায়িত্ব ছিল। আমি দাবী করি এবং আমি কনফার্মড যে, আমি আপত্তি করেছিলাম এবং এখনও করি। কিন্তু আমি ইকোয়ালি খুসী সাম্প্রতিককালে কেন্দ্রীয় সরকার তাদের বাজেটে যে ৩টি মূল জিনিস ঘোষণা করেছেন তার মধ্যে No.1 freight. It will be a vegue term. Telescopic scale of freight will be built up gradually. এটা আমাদের আশার কথা। আজকে কয়লা লোহা, সিমেন্ট এবং সূতার মধ্যে বৈষম্য আছে এবং এটা ক্রমশ পাজড আউট হয়ে যাবে। যে দুরত্ব সূতায় রয়েছে, অর্থাৎ অধিক মাশুল দিতে হচ্ছে সেই দুরত্ব, অর্থাৎ অধিক মাশুল কয়লা সিমেন্ট এবং লোহায় দিতে হবে। এটা যে কেন্দ্রীয় সরকার ঘোষণা করেছে তার জন্য আমি স্বাগত জানাই এই ঘোষণার জন্য। ২ নং হচ্ছে এখানে যে দ্রব্য মূল্য বৃদ্ধি পেয়েছে থ্রু আইট দি গ্লোব সারা বিশ্ব জুড়ে তার জন্য পশ্চিমবাংলাকে সুযোগ দিতে হবে। আমাদের তিনটি অসুবিধা আছে। আমরা জানি এখানেই প্রথম ক্ষুদ্র শিল্পের সৃষ্টি হয়েছিল। কিন্তু এর প্লান্ট মেশিনারী, This escalation of the limit of smalll scale industries 35 lakhs plant and machinary, ancillary and another 10 lakhs. This is timely and this is rational as plant and machinary and old and outdated.

**[8.10–8.20 p.m.]**

সুতরাং মাননীয় মন্ত্রী মহাশয়কে ৫টি কাজ সুরু করতে হবে। There was no continuous process in research and development and modernisation No.1 - Motivation No.2 - Consultancy firm subsequently unit infrastructure. In the industrial estate we are the pioneer and we are glad that

we have expanded it more. It was No.1 - In the industrial map of India and we hope you will expand it further. Not 28000 limit in the 7th plan. তাহলে আমাদের ৪.১ মিলিয়ন বেকার এবং সেখানে একমাত্র আমাদের আউটলেট হচ্ছে এই কুটির শিল্প। আর কোন পথ নাই - কোথাও নাই। নং ৩ ইনফ্রসটাকচার-এর সঙ্গে ফাইন্যান্স যে আন্ডারে তিনটি দেওয়া আছে - ইনষ্টিটিউসন্যাল ফাইন্যান্স - আপনাদের ষ্টেট ফাইন্যান্স কর্পোরেসন - এই তিনটির সৎব্যবহার আপনি করছেন না কেন? No-3-B.S.I (Bengal State Industries) আপনার এই বিরাট বক্তৃতায় আমি তার ইঙ্গিত পাই নি। আমি আশা করছি আপনি তরুন এবং এনারজেটিক মন দিয়ে এই তিনটি ষ্টেজের সুবিধা আপনি গ্রহণ করবেন। নং ফোর ইনষ্টিটিউসন্যাল ফাইনেন্সের আমাদের এস্টায়ার ইষ্টার্ন জোর্ন এন্ড ইনষ্টিটিউসন্যাল ব্রাঞ্চেতে এর পপুলেসন রেসিও এবং এদের ডিপোজিট এ্যান্ড ডিসবার্সমেন্ট রেসিও একটা ব্রডেষ্ট ডিসপারিটি আমি সমস্ত ইষ্টার্ন জোনে দেখতে পেয়েছি। এখানে আমাদের ১০০ টাকা জমা হয় আমার আমলে আমি দেখেছি সেখানে ৪৭ টাকাও লগ্নি হয় না। হয়ার অ্যাস ইন আদার স্টেট ১০০ টাকা জমা হলে ১৬২ লগ্নি হয়। আমি নাম করতে চাই না বিকজ ইট ইস লিটিগেশন অব ইন্ডিয়া, ১৬২ টাকা লগ্নি করা হয়। আপনার ষ্টেট গভর্ণমেন্টের হোম ডিপার্টমেন্ট and Finance Department should have constant touch with the financial. Institutions and the banking Deptt. of the Government of India for seting up branches in certain areas. নেক্সট আপনি এখানে গ্রোথ সেন্টার আইডেন্টিফাই সম্বন্ধে বলছি যে আমরা তো ৮টি গ্রোথ সেন্টার আইডেন্টিফাই করেছিলাম। আপনার বয়ানে কোথায়ও তার চিহ্ন দেখতে পেলাম না। এই গ্রোথ সেন্টার আপনারা আইডেন্টিফাই করবেন। সরলবাবু যদি মনের কথা বলে থাকেন যদি কুম্ভীরাশ্রু বিসর্জন না করেন তাহলে নর্থ বেঙ্গলে গ্রোথ সেন্টার হওয়া উচিত। ফরাক্কা ইজ কামিং আপ একটা গ্রোথ সেন্টার হওয়া উচিত, দুর্গাপুর ইজ কামিং আপ সেখানে একটা গ্রোথ সেন্টার হওয়া উচিত। আজকে বাঁকুড়া ইজ কামিং আপ সেখানে একটা গ্রোথ সেন্টার হওয়া উচিত। আজকে এই রকম আটটি অনুমান করতে পারছি। কল্যানী এগুলি মাল্টিপ্রায়েড কেন করবেন না? While Falta has been taken up as an export processing zone. আপনারা দাবী করছেন সল্টলেক - বিধান নগরে নিজেরা ইলেকট্রনিক কর্পোরেসন কিংবা ইন্ডাসষ্ট্রিয়াল ষ্টেট করবেন। আপনারা গ্রোথ সেন্টারের ইনফ্রাসট্রাকচার এখানে করছেন না কেন? Why have you not taken up initiative process so long? নং সিক্স আজকে ভারত সরকারের লিবার্যাল নীতির ফলে ফরেন ক্যাপিটেল ইনভিটেসন যে নূতন নীতি গ্রহণ করেছেন তাতে আমাদের এখানে যেসব বর্হিবাসী আছে পরবাসী আছে ভারতীয় আছে - মাননীয় মুখ্য মন্ত্রী দুবার বিদেশ ভ্রমণ করেছেন আরও সব মন্ত্রীরা যারা বিদেশ ভ্রমণ করেছেন আজকে আমাদের এখানে প্যাকেজ অব ইনসেনটিভ যেটা আমরা ডিটারমিন করতে গিয়েছিলাম। There is enough scope to expand the entire package of incentive to the respective enterpreneurs. আজকে foreign enterpreneurs and foreign capital attract করার দিকে আপনাদের চেষ্টা কোথায়? আজকে মুখ্যমন্ত্রী একবার বিদেশ ঘুরে এসেছেন, বহুদেশ ঘুরেছেন, অন্যান্য মন্ত্রীরাও ঘুরেছেন। আজকে সার্টেন আদার আমাদের ইঞ্জিনিয়ারিং শিল্পের ক্ষেত্রে থাউজ্যান্ডস অ্যান্ড অ্যাবাভ ক্রোরস এক্সপোর্ট করছে। আজকে এই ডিসিপ্লিনে কনফাইন্ড থাকলে আমরা কমপিটিশনে পারবো না। আমাদের বিদেশে

রপ্তানির উপর যদি সুযোগ নিতে হয়, যেটা ভারতবর্ষ নিতে চলছে, দি আদার প্যারালাল ডিসিপ্লিন যেগুলো বুনিয়াদ গড়ে গিয়েছিলাম, যেমন লেদার - We have got internal demand military, police and etc. মাদ্রাজে আমাদের raw hide and skin চলে যাচ্ছে। অথচ এখানে আমরা কেন ইমপোর্ট সাবটিটিউট গ্রো করে, ইন্ডাষ্ট্রিয়াল এস্টেট গ্রো করে, কেন আমরা এদের সাপোর্ট দিতে পারছি না, যেখানে এদের নিজেদের উদ্যোগ আছে? আমাদের চামড়া কেন মাদ্রাজে চলে যাবে এবং মাদ্রাজ থেকে চলে যাবে র মেটিরিয়াল হয়ে, এখানকার ফিনিশড্ গুডস্ কেন বিদেশে যাবে না? কারণ চামড়ার একটা বিশ্ব বাজার আছে। নেক্সট, সিন্থেটিক, এতদিন যেটা আমাদের কমপিটিটার ছিল, আজকে সিন্থেটিক হ্যাস বিন এগেন রিপ্লেসড বাই হায়ার সিল্ক) আপনি মেনশন করে গেছেন। এই রাজ্যে - Japan has withdraw from the sericulture. Chaina has come again to sericulture. আমাদের ভারতবর্ষের দুটি রাজ্য একটা কর্ণাটক, নেকস্ট দিস ওয়েস্ট বেঙ্গল, - আমাদের এই এক্সপ্যান্ডিং স্কীম আছে, আমরা দেখেছি, বিদেশে আমি একবার ঘোরবার সুযোগ পেয়েছিলাম, সেখানে আমাদের সিল্কের কি কদর, সিন্থেটিক কিংবা ইয়োর পলিয়েস্টার - They have discarded the fibe. আমাদের যে অসীম সম্ভাবনা আছে, এইগুলো এক্সপ্লয়েট করা হলো না কেন, আমি বুঝতে পারছি না। দেয়ার ইস নো রেকর্ড আপনাদের ইকনমিক ভিরিউ ইস ডিস অ্যাপয়েন্টিং যে আমাদের সিল্কের Production and in other mulberry cultivation and processing of this. এটাতে আমরা একটা বিরাট ব্যবধানে পড়ে যাচ্ছি! এর জন্য যে ইনফ্রাষট্রাকচার দরকার - সূতো হবে মালদহে, কাপড় বুনবে ইসলামপুর, মুর্শিদাবাদের আর প্রিন্ট হবে হুগলির শ্রীরামপুরে, এই যে কমবাইন্ড ওয়ান উইন্ডো সারভিস এটা করার জন্য আপনাদের উদ্যোগ নেই। My Larned friends Dr. Haramohon Sinha is there. I am glad that he is in charge of the powerloom and Handloom Development Corporation. He has expanded it largely. We sowed the seed and the tree has come up. আজকে এর মাধ্যমে এবং তন্তুজ আর একটা, যেটা হ্যান্ডলুম wevers co-operative society এর মাধ্যমে - এটা বোধ হয় কন্ট্রাডিকশন হয়ে গেছে, মাদ্রাজ আমাদের এখানে হ্যান্ডলুম কাপড়ের বাজার দখল করে নিয়েছে, But after installation of this Handloom and Power loom Development corpoation. আমরা মাদ্রাজকে হটিয়ে দিতে সক্ষম হয়েছি এবং উইনডো সার্ভিস আমাদের তাঁতীদের আমরা যদি দিতে পারি এবং যদি ইন্টারমিডিয়েট মহাজনদের হাত থেকে উদ্ধার করতে পারি, by Co-operative and by Handloom and Powerloom Development Corporation. এটা অনেক সময় আমাদের পরিবর্তন করতে হয়েছে, দুটো ষ্টেজ, এক সময় শুধু হ্যান্ডলুম ডেভালপমেন্ট কর্পোরেশন করতে হয়েছিল, আবার পরবর্তীকালে Handloom Powerloom Development Corporation. Once a Public Limited Company and again a Private Limited Company. আমাদের করতে হয়েছিল। আজকে এই বাধাগুলো অতিক্রম করে আপনি যদি সুযোগ নিতে পারেন, বোথ উইদিন দি কান্ট্রি। অথবা in the other states and out side the country. এর যথেষ্ট সুযোগ রয়েছে। আপনার আন্ডারে তিন চারটে সিউইং-সেলাই ট্রেনিং সেন্টার রয়েছে, হোয়াই ক্যান্ট উই মাল্টিপ্লাই। আজকে মাদ্রাজের দর্জি এসে এখানে বাজার গরম করছে, আমাদের ছেলেরা এখানে মিত্য

নূতন - The time is changing, taste to changing এই কথাটা ক্ষুদ্র এবং কুটির শিল্পের বেলায় বেশীর ভাগ প্রযোজ্য। যেমন আমাদের ট্রাডিশন্যাল শিল্প ছিল কাঁশা শিল্প। আজ পিপল্ are changhing to Hindolluminium, people are changing to stainless steel even enamel has been discarded. এই যে Change of taste within the country and outside the country. এটার জন্য তো আপনাদের তৎপর থাকতে হবে? এই মেশনারী কোথায়? আপনি বলে গেছেন যে দিয়ে গেছে। কিন্তু আমাদের দুটো জিনিস ইনিশিয়েট করা দরকার, যেটা আমরা করে গিয়েছিলাম নাম্বার (1) Constant census একটা সেনসাস থাকার দরকার, রেকর্ড register of all the discipline of all the branches and নেকস্ট এদের নার্সিং, সিকনেসটা আসে কিনা, যে অভিযোগ এখানে উঠেছে এই পক্ষ থেকে ওপক্ষ থেকে, ফিকটিসাস এই রকম আছে কিনা, কিংবা বড় কারখানাগুলোর একটা রিজার্ভেশন আইটেম আছে, আপনি জানেন Small scale production 45% of the total industrial production of the country. আমাদের রাজ্যে শেয়ার 45% of the total industrial Production হচ্ছে কিনা, সেটা মিলিয়ে দেখবেন। এটা রিজার্ভ ব্যাঙ্কের বুলেটিন থেকে, economic and Social weekly, capital থেকে বারবার কলেক্ট করে দেখতে হবে, whether we are going at par of whether we are begging behind.

**[8.20–8.30 p.m.]**

আমি সমালোচনা করছি না কিন্তু এটা সব সময়ে দেখা দরকার। নেকষ্ট কামস র' মেটিরিয়াল ডিষ্ট্রিবিউশান। এটা আপনাকে কনট্যান্ট ভিজিলেন্স এবং কনসট্যান্ট সুপারভিশানে রাখতে হবে। কারণ এই প্রশ্ন আসবে — even I be the Minister that Tom Dick and Hary are taking away this scare raw materials. এখানে কেন্দ্রীয় সরকার অনেকগুলি স্কোপ করে দিয়েছে। দুটো জিনিস আছে। আই ওয়েলকাম দি সেন্ট্রাল ডিসিশান। প্রথমতঃ ওরা রিজার্ভেশানের আইটেমটা বাড়িয়ে দিয়েছে। এখানে মিল কিম্বা large industrial sector, medium industrial sector violet করছে কিনা সেটা আপনাকে দেখতে হবে। এটা দেখতে গেলে আপনার ফিনিসড প্রোডাক্টস-এর জন্য দুটো জিনিস দরকার। (১) কোয়ানটিটি কন্ট্রোল করতে হবে। এরজন্য আপনাকে এস.আই.এস.আর- এর সঙ্গে কনট্যান্ট টাচ রাখতে হবে, ষ্ট্যান্ডারডাইজেশান অব প্রোডাক্টস এর জন্য চেকস এ্যান্ড স্ক্রুটিনি এ্যান্ড ষ্ট্যানডার্ড ভেরিফিকেশান এবং মেসিনারী মর্ডানাইজড করতে হবে এবং এর জন্য কনট্যান্ট রিসার্চ দরকার। আজকে যেটা ১০০ পারসেন্ট আগমার্ক বলে পন্ডিত, কালকে দ্যাট হ্যাপেন্ড টু বি আউটডেটেট মডেল। কাজেই এর জন্য আপনাকে তৎপর থাকবে হবে। এই ব্যবস্থা আপনার কোথায় আছে? কোথায় ইনফ্রাষ্ট্রাকচার, কোথায় কো-অর্ডিনেশান? দ্বিতীয় আমি যে কথা বলছি না সেট হচ্ছে, আমাদের বে অব বেঙ্গল আছে। মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে জাপান একটা এশিয়া দেশ। তাদের এক গ্রাম তেল নেই, এক গ্রাম খনিজ পদার্থ নেই। তাদের স্পেসিফিক কিছু ছিলনা। আজকে জাপানে ১৪০টি ষ্টীল মিল চলছে। আমি ১৯৭৫ সালে দেখে এসেছিলাম। আজকে Japan in top in optical instrument. কিন্তু আমরা পিছিয়ে যাচ্ছি। We are looking hankering after. We are chasing after foreign goods. এখানে কেপি মার্কেট এ্যান্ড আদারস রয়েছে। To my surprise I have seen report in

certain periodicals. যে আমরা আমেরিকা গিয়ে জিনিস কিনছি, হংকং গিয়ে জিনিস কিনছি, কিন্তু পরে এসে দেখা যাচ্ছে যে মেড ইন ইন্ডিয়া লেখা। আমাদের একটা ক্রেজ, একটা মেন্টাল ম্যানিয়া রয়েছে এই ব্যাপারে। Here is my friend, Dr. Hara Mohan Sinha. He can speak. আজকে ফরেন ব্লাংকেট বাইরে থেকে কিনতে হয়। আজকে তার আন্ডারে যে হ্যান্ডলুম, পাওয়ার লুম কর্পোরেশান আছে. Why cann't we manufacture this blanket here for military and for eivil population. এটা কেন আমরা কেন করতে পারছি না? আমরা দেখছি যে এই ঘটনাগুলি ঘটছে। আজকে যুগটা ইলেকট্রনিকের। আমি যে কথা বলছিলাম, জাপানের প্রশান্ত মহাসাগর ছাড়া কিছু নেই। আমাদের বঙ্গোপসাগর আছে। আজকে ভেসেলস দরকার। আমাদের সময়ে একই সঙ্গে আমার ফিসারীর দায়িত্ব ছিল। উই হ্যাভ টু রান টু ম্যাক্সিকো ফর হ্যান্ডিং ট্রলারস। আজকে গঙ্গার দুই ধারে আমাদের সামান্য কিছু মেকানাইজ বোট তৈরী হচ্ছে। We have to depend on Madras for mechanised boats. Why cann't we incourage the enterpreneurs? Mariband Institute. আমাদের এখানে ২৭৩টি মরিব্যান্ড ইনষ্টিটিউট আছে। আজকে কেন এদের আপনি এনকারেজ করতে পারছেন না for production of machinised boats for Bay of Bengal, for Digha, for Diomond Hourbour, for Raichak. এদের জন্য আপনি কোন ডিসিপ্লিন আনতে পারছেন না। আজকে হোল ইকনমি ইজ এক্সপেনডিং ইন দি হোল ওয়ার্লর্ড। সেক্ষেত্রে আজকে mobile van, auto mobile - These are increasing, ever this Assembly, know, these are lack, polish, paint, colour. আজকে এর একটা বিরাট বাজার আছে। চায়না হ্যাজ লেটলি কাম টু দি প্রোডাকসান অব ল্যাক। আমাদের এখানে পুরুলিয়া, বাঁকুড়ায় ল্যাক প্রোডাকসান হয়। আনফরচ্যুনেটলি, the producers, the agriculturists, those who are actually producing, they are not reaping the harvest. আজকে এটা কি অবস্থায় আছে আমি জানিনা। There are intermediary companies. Some were foreign ers at that time. এখানে গভর্মেন্ট এজেন্সি সেট আপ করা কেন সম্ভবপর হবেনা? এখানে হ্যান্ডিক্রাফট কর্পোরেশান আছে। আপনার ডবলিউ.বি.সি. এ্যান্ড সাবসিডিয়ারী কম্পানী এবং হ্যান্ডিক্রাফট এ্যান্ড আদার কর্পোরেশান এখানে আছে। কাজেই পুরুলিয়ায় এই ল্যাক প্রোডাকসান মগ আপ কেন সম্ভবপর হবে না? And again negotiate with the Indian Railways, negiate with the foreign buyers and other for the pain industry. আজকে এখানে ল্যাক-এর সম্ভাবনা দারুন। আজকে ল্যাক-এর দিকে চায়না নূতন করে এসেছে। অপর দিকে আমরা পিছিয়ে গেছি। আমি বোধ হয় কালকের কাগজে দেখছিলাম যে We have enormous scope of expanding this lack industry. সেখানে আমরা কেন পিছিয়ে পড়বো?

আমরা কিন্তু পিছিয়ে পড়ব। আই উড রিকোয়েষ্ট দি অনারেবল্ মিনিষ্টার, দি ইয়ং ওয়ান টু বি লিট্‌ল মোর এনারজেটিক টু লুক ইনটু দিস ডিসিপ্লিন। কনভেনসন্যাল এ্যান্ড ট্রাডিসন্যাল ডিসিপ্লিনে আমরা হয়ত অনেক দুর পিছিয়ে পড়েছি। নেক্সট হচ্ছে, ক্রেডিওর সম্পর্কে এখানে অনেক অভিযোগ উঠেছে। এটা খানিকটা মনিটর করা প্রয়োজন রয়েছে। If credit goes, if realisation does not come back, refund is not paid, instalments are not paid, এইখানে

গভর্নমেন্টকে ইন্টারমিডিয়্যারি হিসাবে কাজ করতে হবে, সেইজন্য আপনাকে একটু তৎপর হতে বলছি। আপনি প্যাকেজ অব ইনসেন্টিভস দিয়েছেন। আজকে রোড ট্রান্সপোর্ট চার্জ, ইলেকট্রিসিটি চার্জ দিতে পেরেছেন বলুন? আপ টু থ্রি ইয়ারস সাবসিডাইস করার কথা আমাদের স্কীমে ছিল। আপনার ডিপার্টমেন্ট এটাকে আরো এক্সপ্যানসান করেছে কিনা আমার জানা নেই, সেখানে আপনাকে একটু তৎপর হতে হবে। ৩২৩টি ব্লকে আমিই প্রথম ইন্ট্রোডিউস করেছিলাম আমাদের সময়ে। তারপর ৩৩৯টি করার কথা ছিল। ব্লকে ব্লকে ইন্ডাষ্ট্রিয়াল এক্সটেনসন অফিসার আছে কিনা আমার জানা নেই। এ্যাকচুয়্যালি ব্লকে এদের দেখতে পাওয়া যায় কিনা, সেই সম্পর্কে বহু অভিযোগ উঠেছে। আমি একটি ব্লকে বাস করি, I live among them but I do not find those officers often. এটা আদৌ মোটিভেটেড্ কিনা সেই জিনিস দেখতে হবে। আজকে অভিযোগ উঠেছে ফ্রম দি ruling front also, not from the opposition alone. প্রজেক্ট সম্বন্ধে ওয়াকিবহাল হতে হবে এ্যান্ড অব দি আদার হ্যান্ড আমি বলব They must be under one window service. Not that they only go to the bank. তাই প্রজেক্ট সম্পর্কে ওয়াকিবহাল হওয়া দরকার আছে। হায়ার সেকেন্ডারি, বি.এ.ডিগ্রী, মাষ্টার ডিগ্রী তাদের আছে, কিন্তু বাট দে ডু নট নোও প্রিপেয়ার প্রোজেক্ট রিপোর্ট। তারা প্রজেক্ট রিপোর্ট তৈরী করতে জানে না। সেই জন্য সাফিসিয়েন্ট কনসালটেন্সি সার্ভিসে সাবসিডাইস করতে হবে। লোকাল কতকগুলি স্কীম লোকাল র মেটিরিয়্যালের উপর নির্ভরশীল। সেই র মেটিরিয়্যালের উপর নির্ভর করে আপনাকে স্কীমগুলির জন্য র মেটিরিয়্যাল রাখতে হবে। রেডিমেড এ্যাট দি ডিষ্ট্রিক্ট ইন্ডাষ্ট্রিয়্যাল সেন্টার এর ডিষ্ট্রিক্ট ম্যানেজার রয়েছে, তাকে তৎপর থাকতে হবে উইথ দিস স্কীম so that enterpreneurs come. He will be taken to bank and he will be under one window service. সেখানে প্রজেক্ট রিপোর্ট পাবে, He should be given some facilities, he should be given infra-structure facilities. সরলবাবু উল্লেখ করলেন আমাদের সময়ে ১৮টি ছিল। পসিবলি ওখানে একটা দারুণ ভেষ্টেড ইন্টারেষ্ট কাজ করছে। দাশনগর, কল্যাণী স্পিনিং মিলের কথা ওয়েল্ অফ সেকসান অব দি ইন্ডাষ্ট্রিয়্যালিষ্টস্ বলেছেন। They do not pay properly for the out turn of the products. And on the other hand এ্যানাসিলারির কথা বলেছেন। সরলবাবু এ্যানসিলারি প্রোডাক্টসের কথা বললেন। আমাদের সময়ে তৎকালে দুর্গাপুরে ২৩ কোটি টাকার এ্যানসিলারি প্রোডাক্টস হত। আর এখন সেই দুর্গাপুরে ৫ কোটি টাকারও প্রোডাক্টস হয় না, বাইরে থেকে আসে। আজকে গভর্নমেন্ট অব ইন্ডিয়া ডেফিনিসানটা পাল্টে দিয়েছে, এর সুযোগ আমাদের নিতে হবে। সাম ফরম অব লেজিসলেসান রিজার্ভেসান আকারে যখন গভর্নমেন্ট অব ইন্ডিয়া এটা করেছেন তখন কমপালসনের মধ্যে আনতে পারেন এবং normal presoure or quality control by some sorts of package of incentives of some sub-sidy. দিয়ে এখানকার এ্যানসিলারি প্রোডাক্টস বিগ ইন্ডাষ্ট্রি, মিডিয়াম ইন্ডাষ্ট্রি যে হোল্ড আপ করছে সেটাকে ভেদ করতে পারেন কিনা সেই চেষ্টা আপনাকে করতে হবে। গভর্নমেন্ট আন্ডারটেকিং-এ মোটা টাকার ব্যাপার থাকে। প্রোডিউসারদের দিকে লক্ষ্য রাখতে হবে এবং এ্যানসিলারি প্রোডাক্টস ফ্রাম দি স্মল স্কেল ইন্ডাষ্ট্রি থেকে যেটা হয়, তারা দে ডু নট পে অফ এ্যান্ড অন, সেখানে পেমেন্ট যাতে ঠিকমত হয় সেটা আপনাকে দেখতে হবে। আর ইন্ডাষ্ট্রি ডু নট সাফার সো অফ্ন্ সেদিকেও আপনাকে লক্ষ্য রাখতে হবে। এখানে রিজিওন্যাল ইমব্যালান্স দূর করার জন্য আপনি অনেকগুলি

প্রতিশ্রুতি দিয়েছিলেন। ডিউরিং ইওর ফার্স্ট রেজিম ৩৬ পয়েন্ট প্রোগ্রাম ছিল তারপর সাবসিকোয়েন্ট রেজিমে সেটা ৩৪ পয়েন্টস হল। রিজিওন্যাল ইমব্যালান্স দূর করার কথা আপনি বলেছেন। ইমব্যালান্স মিনস ইন পয়েন্ট অব ডেভেলাপমেন্ট। অনেকে নর্থ বেংগলের কথা বলেছেন। নর্থবেংগলের কথা আপনাকে ভাবতে হবে। নর্থবেংগল ইজ রিচ্ ইন মেনি রেসপেক্টস। আমরা চাই না ওখানে জুট মিল করুন, যদিও ওখানে প্রচুর পাট উৎপন্ন হয়। ওখানে হাইড্রো-ইলেকট্রিসিটি হতে পারে এবং সেই ব্যবস্থা আপনি করতে পারেন কিনা দেখুন। ইট কামস আন্ডার ইওর পারভিউ। সেই জন্য আমি বলছি উইথ দি লিমিট অব স্মল-স্কেল এই স্কীমগুলিকে মনিটর করা কেন সম্ভবপর হবে না? নেক্সট্ পাওয়ারলুম অর্গানাইজেসন সম্পর্কে আসুন। এখানে তাঁতের একটা বিরাট ভূমিকা আছে। এখানে দুটি পাওয়ারলুম অর্গানাইজেসন আছে। একটি হচ্ছে তন্তুজ, কো-অপারেটিভ উইংগ, আর একটি হচ্ছে গর্ভনমেন্ট ডাইরেকটিভস। এই দুটোকেই ফারদার এনলার্জ করতে হবে। এরা অনেক দূর আরো এগোবার সুযোগ করে দিতে হবে।

**[8.30—8.40 p.m.]**

Why cann't we manufacture our hosiery goods here - woolen and cotton production?

আপনাকে কো-অর্ডিনেট করতে হবে with the Commerce and Industries Department. তা না হলে পাবে কোথায় এরা। কাজেই এই র'মেটিরিয়ালের যোগান আপনাকে নিয়মিতভাবে দিয়ে যেতে হবে। for setting up industrial spinning mill for hosiery cotton - for supplying hosiery cotton,- for supplying woolen cotton.

লাষ্ট পয়েন্ট হচ্ছে বিপনন। এ ক্ষেত্রে কোয়ালিটিও যেমন দরকার তেমনি সেখানে আপনাদের টাইম টু টাইম ইনফর্মেসান এবং রিসার্চেরও দরকার। এখানে কোয়ালিটি কনট্রোলটার রিজিড হওয়া দরকার এবং যোগাযোগ - কমিউনিকিসানটাও সাংঘাতিক হওয়া দরকার। এখানে কতকগুলি সাজেষ্ট করেছেন দেখলাম - প্রগতি ময়দানের অনুরুপ এখানে পার্মানেন্ট এগজিবিসান রাখবেন। আমারও আইডিয়া ছিল এক সময় যে দুর্গাপুর, শিলিগুড়ি এবং কোলকাতায় পার্মানেন্ট একজিবিসান করার displaying our products-both cottage and small scale industuries. আপনাদের কেউ কেউ ভাবনা চিন্তা করছেন but these are stray thinkings or articulate dicisions of the Government. এই ব্যাপারটি দেখার জন্য আপনাকে অনুরোধ করবো। আজকে মার্কেটিং-এর ক্ষেত্রে Exhibition will help you a lot for participation in foreign exhibition, national exhibition and international exhibition. এরজন্য আমি আপনাকে অনুরোধ করছি। মাননীয় মন্ত্রীমহাশয়ের এইসব ল্যাপসের জন্য অনেকগুলি জায়গায় একমত থাকা সত্ত্বেও আপনাদের বেসিক চিন্তা আমাদের চিন্তাকে ছাড়িয়ে যায়নি বরং আজকে যে কনট্রাডিকসান এসেছে খাদিতে I do not believe that Marxists believe in Khadi and Cottage industry. This is a Contradiction. So I am undone and I can not support this demand. My freind Dr. Manas

Bhunia and Shri Ambika Benerjee have spoken a lot about khadi. খাদি নিয়ে যে কথার উল্লেখ করা হয়েছে সেগুলি আপনি দেখবেন। বম্বেতে গিয়ে আমাদের ঝুলে থাকতে হচ্ছে। আজকে অনেকগুলি Institute without touching the State Government. এটাই বা যায় কি করে, এ ব্যপারে আপনাকে তৎপর হতে হবে। With this words, Sir, I am unable to support this Grant moved by Shri Pralay Talukdar. I oppose it, but I wish he should come out successful and in the midst of distribution of poverty and purpetuation of darkness this is the only silver lining in the Horizon of West Bengal, and I think that no amount will do justice to this department in future.

**শ্রীমতীশ রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ক্ষুদ্র ও কুটিরশিল্প দপ্তরের মাননীয় মন্ত্রীমহাশয় আজ এই সভায় তাঁর দপ্তরের যে ব্যয় বরাদ্দের দাবী পেশ করেছেন আমি তা সমর্থন করে কয়েকটি কথা আপনার মাধ্যমে এই সভায় রাখছি। স্যার, পৃথিবীর প্রতিটি দেশে এই ক্ষুদ্র এবং কুটিরশিল্প সুষ্ঠুভাবে গড়ে উঠতে পারে যদি ইনপুট, আউটপুট এবং সেলিং অর্গানাইজেসানের মধ্যে সমন্বয় থাকে। আমাদের এই পশ্চিমবাংলায় বিশেষ করে সুতিবস্ত্রের ক্ষেত্রে আমরা উল্লেখযোগ্য ভূমিকা নিতে পেরেছি। হ্যান্ডলুম এ্যান্ড পাওয়ারলুম ডেভালপমেন্ট কর্পোরেশন সহ আরো কয়েকটি সুতিবস্ত্রের সংস্থা আছে তারা যে উন্নতি দেখিয়েছেন সেটা সমস্ত ভারতবর্ষের ক্ষেত্রে প্রশংসারযোগ্য। স্যার, সমস্ত ভারতবর্ষের তুলনায় আমাদের এই পশ্চিমবাংলায় যে ক্ষুদ্র ও কুটির শিল্পে যথেষ্ট উন্নতি হয়েছে সে বিষয়ে কোন সন্দেহ নেই এবং এ সম্পর্কে কেন্দ্রীয় সরকারেরও স্বীকৃতি আছে। তবে এ ক্ষেত্রে আমাদের আত্মসন্তুষ্টির মনোভাব নিয়ে চললে হবে না, আরো কাজ এ ক্ষেত্রে আমাদের করতে হবে। স্যার, জয়নাল সাহেব কতকগুলি ভালো ভালো কথা বলবার চেষ্টা করেছেন। তবে তাঁকে আমি বলব, তিনি যেন মনে রাখেন কেন্দ্রীয় সরকার ইতিমধ্যে শিল্পনীতি ঘোষনা করেছেন। আমাদের দেশে শিল্পের আধুনিকীকরণ করতে হবে এবং বড় শিল্পের ক্ষেত্রে তারা বলেছেন, বিদেশের সঙ্গে সহযোগিতা অত্যন্ত আধুনিক ধরণের শিল্প গড়ে তুলতে হবে। এই প্রচেষ্টা যদি গৃহীত হয় তাহলে আমাদের এখানে যে ছোট ছোট শিল্পগুলি আছে, যে গুলি বড় বড় ইন্ডাষ্ট্রির এ্যানসিলারি ইউনিট হিসাবে গড়ে উঠেছে সেগুলি ধ্বংস হয়ে যাবে। সুতরাং আমি এই বিষয়টির প্রতি মাননীয় ক্ষুদ্র ও কুটির শিল্প মন্ত্রীকে সজাগ দৃষ্টি রাখতে অনুরোধ করছি। অতীতে এই জাতীয় বহু ঘটনা ঘটেছে, বিদেশী পুঁজি, বিদেশী টেকনোলজি এসেছে, তারা বিভিন্ন শর্ত আরোপ করেছে। এমন কি আমরা দেখছি প্রডাকসনের জন্য বিভিন্ন ছোট ছোট আইটেম আমাদের দেশের ভিতর থেকে সংগ্রহ না করে বিদেশ থেকে আনতে বাধ্য করা হয়েছে। ফলে আমাদের এখানকার যে সমস্ত এ্যানসিলারি ইউনিটগুলি বৃহৎ শিল্পকে ফিড্ করছিল যেগুলি রুগ্ন হয়ে যায়, বন্ধ হয়ে যায়। এই রকম বেশ কিছু রুগ্ন এবং বন্ধ ক্ষুদ্র শিল্প আজ আমরা হাওড়ায় দেখতে পাচ্ছি। অন্যান্য এলাকাতেও এই জিনিস ঘটেছে। হিন্দ্‌মটোরস'এর ২০০ এ্যানসিলারি ইউনিট আছে, আজকে তাদের জাপানের সঙ্গে যে কোলাবরেসনের কথাবার্তা চলছে যদি কার্যকরী হয় তাহলে এই ইউনিটগুলি বন্ধ হয়ে যাবে। শিল্প ক্ষেত্রে পশ্চিমবাংলায় একটা বিরাট ক্ষতি হয়ে যাবে। সুতরাং এদিকেও সজাগ দৃষ্টি রাখতে হবে। আজকে এখানে শিল্প নীতি সম্বন্ধে কথা উঠেছে এবং মাননীয় সদস্য জয়নাল সাহেব বললেন, আমাদের এখানে উপযুক্ত পরিমান শিল্প গড়ে উঠেছে না, আরো বেশী গড়ে

ওঠা উচিত ছিল। আমি তাঁকে স্মরণ করিয়ে দিই, এই পশ্চিম বাংলায় তাঁরা যখন ক্ষমতায় ছিলেন, ডাঃ বিধান চন্দ্র রায়ের আমলে তরুন কান্তি ঘোষ মহাশয় এখানে শিল্প বাণিজ্য মন্ত্রী ছিলেন। সে সময়ে তাঁরা পশ্চিমবাংলার সব চেয়ে বেশী সর্বনাশ করে গিয়েছেন। গোবিন্দ বল্লভ পন্থ ফর্মুলা অনুযায়ী রাজ্যগুলিকে কাঁচা মাল সরবরাহের কোটার পুনর্বিন্যাস করা হয়েছিল। কোন্ রাজ্য কি পরিমান কাঁচা মাল পাবে তা নির্দিষ্ট করে দেওয়া হয়েছিল। ঐ ফর্মুলা চালু হওয়ার আগে পর্যন্ত শিল্পে কাঁচা মাল ব্যবহারে ক্ষেত্রে পশ্চিমবঙ্গ প্রথম স্থানে ছিল। ঐ ফমূর্লা চালু হবার পরে দেখা গেল উত্তর প্রদেশ প্রভৃতি কয়েকটি রাজ্য যাদের জনসংখ্যা আমাদের চেয়ে অনেক বেশী, কিন্তু কাঁচা মালের চাহিদা আমাদের চেয়ে অনেক কম, তারা জনসংখ্যার হিসাবে আমাদের চেয়ে অনেক বেশী কাঁচা মাল পেতে শুরু করল। ফলে আমাদের রাজ্যের শিল্পপতিদের, ক্ষুদ্র শিল্পের মালিকদের বেশী দাম দিয়ে কাঁচা মাল কিনতে বাধ্য হতে হচ্ছে। এই অবস্থায় তাদের প্রস্তুত শিল্পজাত দ্রব্য অন্য রাজ্যের দ্রব্যের সঙ্গে প্রতিযোগিতায় পিছিয়ে পড়ছে। সুতরাং আমি জয়নাল সাহেবকে বলি, এই সর্বনাশ আপনারা করেছিলেন। আজকে বলছেন আমাদের রাজ্যে শিল্প গড়ে উঠছে না, আরো বেশী শিল্প গড়ে ওটা প্রয়োজন। আরো বলছেন, শিল্পে কাঁচা মালের যোগান দিতে হবে, বিদ্যুৎ সরবরাহ করতে হবে। এ সব কথা আজ আর আপনাদের বলা সাজে না। তথাপি এই প্রসঙ্গে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব যে, আমাদের যে স্মল স্কেল ডাইরেক্টরেট্ আছে এবং সেখান থেকে সাপ্লাই'এর যে ব্যবস্থা তা আমি মনে করি খুবই ক্রটি-পূর্ণ। আমি জানি কলকাতার আসে পাশে টিন প্লেট থেকে কনটেনার তৈরী করার যে টিন প্লেট কারখানাগুলি আছে সেগুলি আজ চরম দুর্গতির মধ্যে দিয়ে চলছে। তাদের আজকে বেশী দাম দিয়ে টিন প্লেট কিনতে হচ্ছে। অথচ আমি জানি মেছুয়া বাজাদের শেখ ঝুমন নামে একজন স্টকিষ্টের কাছে যে কোন মুহূর্তে ১ কোটি টাকার টিন্ প্লেট পাওয়া যায়। কিন্তু আমাদের ক্ষুদ্র শিল্প ডাইরেক্টরেট থেকে টিন প্লেটের কোটা সরবরাহ করার কোনো ব্যবস্থা নেই। এই বিষয়টি বর্তমানে কেন্দ্রীয় সরকারের আওতায় নয়, এটা আমাদের রাজ্য সরকারের আওতায়। সুতরাং আমি ক্ষুদ্র ও কুটির শিল্প মন্ত্রীকে অনুরোধ করছি বিষয়টির প্রতি একটু লক্ষ্য দিতে। তা নাহলে টিন কনটেনার নির্মানের কারখানাগুলি বন্ধ হয়ে যাবে। ভারতবর্ষের ১৬'টি শিল্পে পিছিয়ে পড়া জেলার মধ্যে আমাদের বাঁকুড়া জেলা অন্যতম। রাজ্য সরকারের পক্ষ থেকে সেখানে স্পিনিং মিল তৈরী করার কথা ঘোষণা করা হয়েছে। রাজ্য সরকারের এই উদ্যোগ নিঃসন্দেহে প্রশংসনীয় এবং সেখানে চায়না ক্লে'র বাসন-পত্র তৈরী করারও কথা আছে। কিন্তু আজও এগুলি বাস্তবায়িত হয়নি। আমাদের পিছিয়ে পড়া জেলাগুলির দিকে দৃষ্টি দিতে হবে। যেমন আমরা কলকাতা, হাওড়া, ২৪ পরগনার দিকে নজর দেব, তেমনি পিছিয়ে পড়া জেলাগুলির দিকেও নজর দিতে হবে। তাদের সাবসিডি দিয়ে, অন্যান্য সুযোগ সুবিধা দিয়ে যাতে যে সমস্ত জেলায় ক্ষুদ্র শিল্প এবং কুটির শিল্প গড়ে উঠতে পারে তার জন্য নজর দিতে হবে। মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আমি আর একটা কথা আপনার মাধ্যমে বলতে চাই। সমবায়ের ভিত্তিতে যে সমস্ত কুটির শিল্প গড়ে উঠেছে সে সমস্ত শিল্পগুলি ব্যাঙ্কের কাছ থেকে কোনো রকম সুযোগ সুবিধা পাচ্ছে না। এটা আজকে বাস্তব সত্য। কেন্দ্রীয় সরকারের নীতির ফলেই আজকে এই জিনিস ঘটছে। কেবল মাত্র আমাদের রাজ্যের ষ্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কের সাহায্যই তারা পাচ্ছে। অবশ্য এ বিষয়ে আমরা বিস্তারিত জানি না, আমি আশা করব আমাদের মাননীয় ক্ষুদ্র ও কুটির শিল্প মন্ত্রী মহাশয় তাঁর জবাবী ভাবনের মধ্যে দিয়ে আমাদের এ বিষয়ে বলবেন। সেই ব্যাঙ্কও ক্ষুদ্র ও কুটির শিল্পের ক্ষেত্রে দাদন বা অনুদান দেবার ক্ষেত্রে যে মনোভাব গ্রহণ করেছেন সেটা খুব

সহায়ক নয়। আমাদের কংগ্রেসী বন্ধুরা এই ব্যাপারে একটি কথাও বললেন না। ক্ষুদ্র ও কুটির শিল্পের ক্ষেত্রে বাস্তব ধর্মী যে ব্যবস্থা সেই ব্যবস্থা যদি গ্রহণ করতে হয় তাহলে সমন্বয় দরকার। বিভিন্ন জেলার জন্য প্রপার এ্যাসেসমেন্ট হওয়া দরকার। আজকে জয়নাল সাহেব সঠিকভাবেই বলেছেন এ ব্যাপারে রিসার্চ হওয়ার দরকার। সেইজন্য আমেরিকার মতন দেশে যেটা পৃথিবীর মধ্যে সবচেয়ে বড় উন্নতিশীল দেশ সেই দেশেও ক্ষুদ্র ও কুটির শিল্পের যে মূল উৎপাদন তার পরিমান শতকরা ৪০ ভাগ। সেই জন্য আমাদের দেশে এই পশ্চিমবাংলায় ক্ষুদ্র ও কুটির শিল্পের যে ভূমিকা আজকে উল্লেখযোগ্য জায়গায় আছে আগামী দিনে এর গতি যাতে আরোও বাড়ে তারজন্য চেষ্টা করতে হবে। এছাড়া আর একটি সর্বনাশের কথা হচ্ছে, রাজ্যসরকারের পরিচালিত মালদায় ষ্টেট ফিলিয়েচার কারখানাটি বন্ধ হয়ে গেছে। কারখানার কর্তৃপক্ষ লক-আউট করে দিয়েছেন। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে রিপোর্ট গেছে, যে শ্রমিক বিশৃঙ্খলার জন্য কারখানাটি বন্ধ হয়ে গেছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো, ষ্টেট স্মল ইন্ডাষ্ট্রিস দপ্তরের যিনি ডায়েরেক্টর আছেন কিম্বা সেক্রেটারী আছেন তিনি যেন সেখান গিয়ে প্রকৃত ঘটনার তদন্ত করে আপনার কাছে যেন একটি রিপোর্ট দেন। আমি মনে করি, যারা ঐ কারখানাটির পরিচালনা ব্যবস্থার কর্ণধার তারা তাদের অযোগ্যতা ঢাকবার জন্য এই কাজ করেছেন। শ্রমিক কর্মচারীদের বিক্ষোভের কথা তুলে যে বক্তব্য তাঁরা রেখেছেন সেটা সত্য কথা নয়। তাঁরা রাজ্যের ক্ষতি করছেন এবং রাজ্যসরকারকে মিথ্যা অপবাদ দেওয়ার চেষ্টা করছেন। আমি মনে করি আমলাতন্ত্রের যে চক্রান্ত সেই চক্রান্তের জন্য এই ঘটনা ঘটেছে। সেইজন্য দাবী করছি, সেখানে যে লক-আউট চলছে সেই লক-আউট যাতে প্রত্যাহৃত হয় তারজন্য মাননীয় মন্ত্রী মহাশয় এ ব্যাপারে সক্রিয় ব্যবস্থা গ্রহণ করবেন।

**[8.40–8.50 p.m.]**

**শ্রী লালবিহারী ভট্টাচার্য :** মাননীয় উপধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই মাননীয় ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তরের মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবী পেশ করেছেন তাকে সমর্থন করছি এবং সমর্থন করতে গিয়ে আমি কয়েকটি কথা বলছি। আমি মাননীয় বিরোধীপক্ষের বক্তব্য শুনলাম এবং আমি এইটুকু উপলব্ধি করলাম যে তাঁদের বাস্তবকে স্বীকার করার মতন সততা এবং সাহস নেই। যদি থাকতো তাহলে ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তরের যে অগ্রগতি তাকে সমর্থন না করার কোন উপায় ছিল না। আমরা জানি, বিগত কংগ্রেস আমলে ক্ষুদ্র ও কুটির শিল্পকে ধ্বংস করে দেওয়া হয়েছিল। বামফ্রন্ট সরকার আসবার পর ১৯৭৮ সালের পর নতুন শিল্পের সম্ভাবনা সৃষ্টি করা হলো এবং শিল্প নীতির মাধ্যমে ক্ষুদ্র ও কুটির শিল্পকে গুরুত্বপূর্ণ স্থানে নিয়ে যাওয়া হলো। ১৯৭৮ সালের পর পশ্চিমবাংলায় ১৫টি জেলায় ১৫জন জেনারেল ম্যানেজার নিযুক্ত করা হলো যাদের নির্দেশ দেওয়া হয়েছিল জেলা ভিত্তিক পরিকল্পনা মাফিক ক্ষুদ্র ও কুটির শিল্পের দ্রুত অগ্রগতি ঘটাবেন। আপনারা লক্ষ্য করে দেখবেন, বামফ্রন্ট সরকার আসবার পর ক্ষুদ্রও কুটির শিল্প দপ্তরের যে অসামান্য অগ্রগতি হয়েছে তাকে সমর্থন না করে কংগ্রেসর বন্ধুরা ইনডায়েরেকট ওয়েতে অনেক কিছু ভাল হয়েছে বলে মাননীয় মন্ত্রী মহাশয়কে কনগ্রাচুলেসান জানালেন। কিন্তু তাঁদের সেই সততাটুকু নেই, বাস্তবে স্বীকার করার মতন সাহস নেই সেইজন্য সমর্থন করলেন না, বিরোধীতা করলেন। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি কয়েকটি তথ্য তুলে ধরতে চাই যা থেকে বোঝা যাবে বামফ্রন্ট সরকারের আমলে কিভাবে ক্ষুদ্র ও কুটির শিল্পের অগ্রগতি ঘটেছে। এই ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তর সংবিধানে রাজ্য তালিকাভুক্ত হওয়ায়

অগ্রগতি ঘটানো সম্ভব হয়েছে, যদিও নানারকম বাধা-বিপত্তি আছে, কেন্দ্রের বিমাতৃসুলভ আচরণ আছে কাঁচামাল সরবরাহের ব্যাপারে। এইসব যদি ঠিক-ঠিকভাবে পাওয়া যেত তাহলে আজকে আরোও অগ্রগতি ঘটানো সম্ভব হতো। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, এই শিল্পের রেজিস্ট্রেশন স্বেচ্ছানির্ভর। ১৯৭৭ সাল পর্যন্ত রেজিষ্ট্রিকৃত ইউনিট ছিল ৯৬,৬২৩টি, ১৯৮২-৮৩ সালে ১,৭০,৬৬৬টি হয়েছিল। এর থেকে পরিষ্কার বোঝা যায় এই শিল্পে অগ্রগতি ঘটাতে রাজ্যসরকার যথেষ্ট সচেষ্ট। গত কয়েক বছরে এই রাজ্যে ইলেকট্রনিক শিল্পের দ্রুত প্রসার ঘটেছে। ১৯৭৬-৭৭ সালে রেজিষ্ট্রিকৃত ইউনিট ছিল ৫৬টি এবং ১৯৮২-৮৩ সালে রেজিষ্ট্রিকৃত ইউনিট হয়েছে ১০৫টি। এটা কি অগ্রগতি নয়? গত ৫ বছরে স্টেট ফাইনানসিয়াল কর্পোরেসান ২,৫৪২টি ক্ষেত্রে শিল্পে ঋণ দিয়েছে। এর মধ্যে ২৫০৩টি হল ক্ষুদ্র শিল্পে। এই সংস্থা ১৯৭৫ সালে ঋণ দিয়েছিল ৯০.৪৪ লক্ষ টাকা আর ১৯৮৩ সালে ঋণ দিয়েছে ৬৪৭.৪৪ লক্ষ টাকা। এটা কি অগ্রগতি নয়? ষ্টেট এড্ টু ইন্ডাষ্ট্রি এ্যাক্ট অনুযায়ী কম সুদে ১৯৭৭ সাল থেকে ১৯৮২ সাল পর্যন্ত ঋণ দেওয়া হয় ৩৩৩.৭৫ লক্ষ টাকা। এর পূর্বে ৫ বছরে কংগ্রেস আমলে এই খাতে ঋণ দেওয়া হয়েছিল ৫২.৫৩ লক্ষ টাকা। অনুন্নত এলাকায় শিল্প বিকাশের জন্য ১৯৭৬-৭৭ সালে সাহায্য দেওয়া হয়েছিল ১৫.৬৪ লক্ষ টাকা। আর আমাদের আমলে ঐ সময় সাহায্য দেওয়া হয় ৩৬০.৭৪ লক্ষ টাকা। ১৯৭৯/৮০ সাল পর্যন্ত ইন্ডাষ্ট্রিয়াল স্টেটের সংখ্যা ছিল মাত্র ১৪টি বর্ত্তমানে সেটা দ্বিগুন হয়েছে অর্থাৎ ২৮টি। এই সব স্টেটে তখন চালু ইউনিট ছিল ৪২০টি এবং চালু ইউনিটের সংখ্যা হ'ল ৮৪০টি। এটা কি অগ্রগতির কোন লক্ষ্মণ নয়? ক্ষুদ্র শিল্প বিকাশের জন্য রাজ্য সরকারে হাওড়া ও জলপাইগুড়িতে ৫০ একর জমি উন্নয়নের দায়িত্ব নিয়েছে। ১৯৭৯-৮০ সালে এই শিল্পের জন্য বেকার ছেলেরা ট্রেনিং পায় ২৫৬ জন আর ১৯৮৩-৮৪ সালে এই শিল্পে ট্রেনিং পায় ৫৪১ জন। নিবিড় গ্রামান্নয়ন প্রকল্পে ১৯৮১-৮৩ সাল পর্যন্ত ৪০,২৪৫ জনকে ক্ষুদ্র শিল্প স্থাপনের জন্য ৩৪৩.২ লক্ষ টাকা দেওয়া হয়েছে। খাদি ও গ্রামীণ পর্ষদ ঐ সময় ১৬২.৬৭ লক্ষ টাকা সাহায্য দিয়েছে। এই শিল্পে গুরুত্ব আরোপের ফলে গত ৫ বছরে ১,১৪,৪৪২ জনের কর্মসংস্থান হয়েছে। এরপর আমি হস্তচালিত তাঁত শিল্পের উল্লেখ করতে চাই। এই শিল্পের বিকাশ সারা দেশের মধ্যে পশ্চিমবাংলায় স্থান শীর্ষে। তাই কংগ্রেস পক্ষের সদস্যদের গায়ে এতো জ্বালা। পশ্চিমবাংলায় ক্ষুদ্র ও কুটির শিল্পে যে ধরনের অগ্রগতি ঘটছে তাতে আমাদের এই সরকারের সুনাম বেড়ে যাচ্ছে, সেই জন্য ওনাদের গায়ে এতো জ্বালা ধরেছে। ১৯৮২-৮৩ সালে সেন্সাস রিপোর্টে দেখা যায় তাঁতের সংখ্যা ২,৫৬,৫৬৬টি। এই সব তাঁত শিল্পে প্রত্যক্ষ কর্মীর সংখ্যা ৭ লক্ষ ১০ হাজারের ম'ত। এই শিল্পে সমবায় অত্যন্ত সংগঠিত এবং শক্তিশালী। আমরা জানি ১৯৭৮-৭৯ এবং ১৯৮৩-৮৪ সালের মধ্যে এ্যাপেক্স সমবায়ের মোট বিক্রয় ৮.২৪ কোটি থেকে বেড়ে ৩০ কোটিতে দাঁড়িয়েছে। ১৯৮৩-৮৪ সালে ৩০,০০০ একর জমিকে সেরি কালচারের আওতায় আনা হয়েছে এবং রেশম বিক্রয় ৬.৯৩ লক্ষ কেজিতে দাঁড়িয়েছে। এর ফলে ২ লক্ষ লোকের কর্মসংস্থান হয়েছে। এটা কি অগ্রগতি নয়? ১৯৮২-৮৩ সালে পশ্চিমবাংলার রাজ্যের মোট জাতীয় আয়ে এই শিল্পের অবদান ছিল ১৮৮.৭১ কোটি টাকা। ১৮৮৩-৮৪ সালে এই আয় ২০১.১৫ কোটি টাকাতে দাঁড়িয়েছে। এই ব্যাপারে আরো অগ্রগতি ঘটানো যেত যদি কাঁচামাল ইত্যাদি সরবরাহের ক্ষেত্রে কেন্দ্র [illegible] আচরণ না করতেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এবার আমি বাঁকুড়া জেলার কথা উল্লেখ করতে চাই। এখানে ক্ষুদ্র এবং কুটির শিল্পে একটা সমস্যা দেখা দিয়েছে। বাঁকুড়াতে একটা স্পিনিং মিল হবার কথা আছে এবং এটা ১৯৮৫-৮৬ সালের মধ্যে শেষ হবার কথা আছে। কিন্তু এখানে জলের একটা বিরাট

সমস্যা দেখা দিয়েছে। এই ব্যাপারে অফিসাররা কিছু জানেন না। এই সমস্যা না মিটলে এখানে এই মিল করা সম্ভব হবে না। জল কোথা থেকে আসবে সেটা ঠিক করে দেওয়া দরকার। এখানে কিছু দুর্নীতি পরায়ন অফিসার আছেন যাঁরা কন্ট্রাকটারদের কাজ মাঝে মাঝে বন্ধ করে দিচ্ছেন। এখানে একটা অচল অবস্থার সৃষ্টি হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো, উনি যেন এই ব্যাপারটা গুরুত্ব সহকারে দেখেন। এ-ব্যাপারে ইতিপূর্বেও ওঁকে বলেছি এবং লিখিত কাগজও দিয়েছি। বলার সময় শেষ হয়ে গেছে, তাই আবার এই ব্যয়বরাদ্দকে সমর্থন করে এবং কংগ্রেসীদের সমস্ত বক্তব্যের বিরোধীতা করে আমার বক্তব্য এখানেই শেষ করছি।

**[8.50–9.00 p.m.]**

**শ্রী প্রলয় তালুকদার :** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, সাত জন বক্তা এখানে বলেছেন। আমি মোটামুটি আলোচনা যা শুনলাম, তাতে মনে হোল না যে, বিপক্ষ দলের সদস্য যাঁরা এখানে আছেন, তাঁরা এই বাজেটের বিরোধীতা করেছেন। তাঁদের বক্তব্যের সুরু থেকে এটাই মনে হোল, এই বাজেটকে তাঁরা সমর্থন করেছেন। তবে সর্বশেষে গাজনের গান শুনতে হয়, তাই 'বিরোধীতা করছি' বলেছেন। প্রথমে আমি বলবো, মাননীয় সদস্য জয়নাল আবেদিন মহাশয় এই দপ্তরের মন্ত্রী ছিলেন, এই দপ্তর সম্পর্কে তাঁর অভিজ্ঞতা আছে। তিনি এখানে অনেকগুলো গঠনমূলক বক্তব্য রেখেছেন। আমি নিশ্চয়ই তাঁর গঠনমূলক বক্তব্যগুলো যথাযথ গুরুত্ব দিয়ে দেখবো এবং ভবিষ্যতেও তাঁর কাছ থেকে আরো কিছু গঠনমূলক আলোচনা এবং সদ্ব্যবহার আশা করবো। গ্রোথ সেন্টার সম্পর্কে মাননীয় জয়নাল সাহেব কিছু কথা বলেছেন। আমরা গ্রোথ সেন্টার অনেকগুলো করেছি। দুর্গাপুর, খড়্গপুর, বাঁকুড়া, হলদিয়া, কল্যানী, ফলতা, জলপাইগুড়ি, শিলিগুড়িতে আমরা গ্রোথ সেন্টার করেছি। এ-সম্পর্কে আমরা বার বার বলেছি, খবরের কাগজেও বেরিয়েছে, বিধানসভাতেও বলেছি, বিভিন্ন চেম্বারের মিটিংয়ে বলেছি যে, আমাদের ওখানে আসুন; কিন্তু দেখেছি - শিল্পদ্যোগীদের সব সময় ঝোঁক হচ্ছে কলকাতায় আশেপাশে শিল্প স্থাপন করার। তাঁরা যেতে চাচ্ছেন না কলকাতা থেকে দূরে। বহুবার আমি বলেছি যে, আপনারা খড়্গপুর, বাঁকুড়ায় আসুন। আমি বিভিন্ন জায়গায় মিটিং ডেকে বলেছি, আমাদের যে গ্রোথ সেন্টারগুলো আছে সেখানে আপনারা শিল্প স্থাপন করবার জন্য কে কে স্থান চান বলুন, আমার ক্ষমতা থাকে আমি দেবো। কিন্তু আজ পর্যন্ত একমাত্র উত্তরবঙ্গের শিলিগুড়ি গ্রোথ সেন্টার এবং কল্যানী গ্রোথ সেন্টার ছাড়া রেসপন্ড পাচ্ছি না। শিলিগুড়িতে গতবার মোটামুটি ভালই রেসপন্ড পেয়েছিলাম এবং এ-বছরও ভালো পাচ্ছি। জলপাইগুড়িতে ৩০ জনকে নিয়ে করেছি এবং আশা করছি তাঁরা সেখান থেকে চলে যাবেন না। কিন্তু অন্যত্র রেসপন্ড পাচ্ছি না। আমি বলেছি - উড়িষ্যার বালেশ্বর বা ভূবনেশ্বর যদি ইন্ডাষ্ট্রিয়াল এষ্টেট হতে পারে তাহলে কল্যানী, বাঁকুড়া, দুর্গাপুরে তাঁরা কেন যাবেন না? কিন্তু দেখছি যে, শিল্প উদ্যোগীরা কলকাতা থেকে দূরে যেতে চাচ্ছেন না। আমি আশা করবো, তাঁদের অনীহাটা কাটাবার জন, উৎসাহিত করবার জন্য আমাদের সরকারের সঙ্গে বিরোধীদল একসঙ্গে চেষ্টা করবেন। ডাঃ মানষ ভূঁইয়া এখানে কতগুলো কথা বলেছেন। তিনি হয়ত সবটা জানেন না অথবা ইচ্ছা করেই বলেন নি। তিনি আই.আর.ডি.পি সম্বন্ধে বলেছেন। আই.আর.ডি.পির এ্যাচিভমেন্টের মধ্যে অনেক ফাঁরাক রয়েছে। আমার বাজেট বক্তব্যের মধ্যে আই.আর.ডি.পির যে পোরশন রেখেছি, সেটা হচ্ছে ইন্ডাষ্ট্রিয়াল পোরশন্। আই.আর.ডি.পির মধ্যে অনেকগুলো পোরশন্ আছে, যেমন - ইন্ডাষ্ট্রিয়াল পোরশন্ আছে এ্যানিমেল হাজব্যান্ড্রি পোরশন্ আছে। আমার বিভাগ

আই.আর.ডি.পি.র যেটা শিল্প বিভাগের মধ্যেই সীমাবদ্ধ। সেজন্য শুধু সেটাকে দেখে আমার বাজেট সম্বন্ধে সমালোচনা করবেন এই অনুরোধ আমি মাননীয় সদস্যদের কাছে করব। সমগ্র আই.আর.ডি.পি. যদি দেখেন তাহলে কিন্তু ঠিক হবে না। যে পোর্সনটা আমার, যে পোর্সনটা আমি দেখা শোনা করি সেটা যদি দেখেন তাহলে ডাঃ মানস ভূঁইয়া নিশ্চয় আমার সঙ্গে একমত হবেন। উনি বলেছেন আমাদের ৩৩৫টি ব্লকের মধ্যে ৮০টি ব্লকে এক্সটেনসন অফিসার নেই। না থাকার কারণ হচ্ছে অনেক এক্সটেনসন অফিসার গ্রামীণ ব্যাঙ্ক ইতিমধ্যে চাকরি পেয়ে গেছেন। আমাদের ভেকেনসি ফিল আপের একটা পদ্ধতি আছে যেটা ডাঃ মানস ভূঁইয়া জানেন না, ডাঃ জয়নাল আবেদিন জানেন। আমাদের পি.এস.সি.তে পাঠাতে হয়। পি.এস.সি.তে যদি দিই তো কিছুদিন সময় লাগে। আমরা পি.এস.সি.তে জানায়েছি, পি.এস.সি. তাদের রিটিন পরীক্ষা করেছে। রিটিন পরীক্ষায় যারা কোয়ালিফাই করেছে তাদের ইন্টারভিউ সুরু হচ্ছে এই মাসের আগামী কাল অথবা পরশু থেকে। আমি আশা করছি যে আগামী জুন মাসে পি.এস.সি থেকে নাম গুলি পেয়ে যাব। মুশকিল এই যে আমাদের এ্যাপয়েন্টমেন্ট দেবার নিজস্ব কোন সুযোগ নেই। এখানে যাঁরা এক্সটেনসেন অফিসার আছেন ডি.আই.সি আছেন তাঁদের সবাইকে আমাদের কনট্রেনটের কথা চিন্তা করে কাজ করতে হয়। এ ব্যাপারে আমি আর পুনরাবৃত্তি করতে চাই না। আমি আগেও দুবার বাজেট পেশ করেছি, জবাবী ভাষণে বলেছি যে আমাদের মানসিকতা কি আমাদের কেউ ইন্ডাস্ট্রিয়াল হেরিটেজ নিয়ে জন্মাইনি। আমাদের মানসিকতার একটা বিশেষ দিক আছে; তা হচ্ছে বিশেষ একটা মানসিকতা নিয়ে একজন শিল্প মালিক তাঁর শিল্পকে দেখবেন। একজন ডক্টর অথবা একজন শিক্ষিত মানুষ কলেজ অথবা ইউনিভারসিটি থেকে পাশ করে বসে থেকে যেমন করেন তেমন করবেন না; কিম্বা একজন জমিদার যে মানসিকতা নিয়ে চলতে অভ্যস্ত সেই মানসিকতা নিয়ে দেখবেন না। কনট্যান্ট মোটিভেশনের কথা জয়নাল আবেদিন সাহেব বললেন। এই প্রসঙ্গে নিজেদের পরিবর্তন হওয়াটা যে দরকার সেটা আমাদের বুঝতে হবে। আমরা তা পারি না, সেটাই আমাদের ডিফেক্ট। এ ব্যাপারে আমি পুনরাবৃত্তি করতে চাই না, গত বছর এবং তার আগের বছর বাজেটের জবাবী ভাষণে দেখবেন, একই কথা আমি বলেছি। অনেকে ফিকটিসাস ইন্ডাস্ট্রিজের কথা বলেছেন। আমরা ইনভেষ্টিগেসনের দ্বারা সেইসব ইন্ডাস্ট্রিজ ধরবার চেষ্টা করছি। অনেকে এ সম্বন্ধে বলেছেন। এগুলি আমাদের নজরে মাঝে মাঝে আসে। আমরা রীতি অনুযায়ী সবকিছু করবার চেষ্টা করছি। ডি.আই.সি. এতদিন কাঁচামাল সরবরাহ করার ব্যবস্থা করেছেন, পরবর্তীকালে যখন অনুসন্ধান হয় তখন যে সমস্ত মরোটোরিয়াম ইউনিট ফিকটিসাস দেখা যায় সে ক্ষেত্রে আমরা তাদের সরবরাহ বন্ধ করে দিয়ে রেজিষ্ট্রেসন ক্যান্সেল করে দিয়েছি। ১৯৮০ সালের পরে আমরা ৪৮টি ইউনিটকে সরবরাহ ইতিমধ্যেই বন্ধ করে দিয়েছি এবং ১৯৮২-৮৩ সালে আমরা বিভিন্ন রকম এনকোয়ারী করে ৩২৫টি সংস্থার রেজিষ্ট্রেসন বাতিল করে দিয়েছি। যদি আমাদের এই রকম কোন ঠিকানা দিতে পারেন, তাহলে বাধিত হব। আমাদের লিমিটেড রিসোর্সের কথা চিন্তা করে আমরা চাই সে সম্বন্ধে প্রতিবাদ হোক। বিরোধীদল যদি আমাদের এ ব্যাপারে সাহায্য করেন তাহলে আমরা সাদরে তা গ্রহণ করব। খাদি সম্বন্ধে অতীতের কংগ্রেসের কথা না বলাই ভাল। এ ব্যাপারে আমরা চেষ্টা করছি। জয়নাল আবেদিন সাহেব অবশ্য খাদি সম্বন্ধে বলতে গিয়ে মার্কসিট আইডিওলজি কন্ট্রাডিকসন ইত্যাদি কথা উল্লেখ করেছেন।

**[9.00–9.09 p.m.]**

আমি এ সম্বন্ধে বিতর্কে যেতে চাই না। এই ব্যাপারে আমার বক্তব্য বহু সেমিনারে বলেছি। আজকে সময় নেই, এখন সকলেই বাড়ী যাবার জন্য ব্যস্ত। কিছুদিন আগে খাদি কমিশন থেকে একজন ডিরেক্টর আমাদের এখানে এসেছিলেন। ১০দিন ধরে তিনি পশ্চিমবাংলার বিভিন্ন জায়গা সফর করেছেন। কোথায় কোন ইউনিট তিনি পরিদর্শন করবেন, তা তিনি নিজেই বেছে নিয়ে পরিদর্শন করেছেন এবং তারপর তিনি তাঁর রিপোর্ট দিয়েছেন। তিনি রিপোর্ট দিয়েছেন যে, পশ্চিমবাংলার খাদি বোর্ডের কাজকর্ম সন্তোষজনক ভাবে চলছে। স্বয়ং খাদি কমিশনেরই একজন ডিরেক্টর এই রিপোর্ট দিয়েছেন। এস.ই.বি. সম্বন্ধে মাননীয় সরল বাবু বলেছেন। আমি এ সম্বন্ধে সময় নিতে চাই না। লেদারের বিষয়ে আমি বলতে পারি যে, এ ব্যাপারে আমরা বাজেটে গুরুত্ব দেবার চেষ্টা করছি। আমরা চর্মশিল্পের উপরে আরও বেশী গুরুত্ব দেবার চেষ্টা করছি। সেই সঙ্গে সঙ্গে সিরামিক্স'এর উপরেও আমরা যথেষ্ট গুরুত্ব দিয়েছি। আপনারা নিশ্চয়ই দেখেছেন যে, আমরা লেদার নিয়ে আমরা বিভিন্ন জায়গাতে এক্সপো করেছি যাতে আমরা এই শিল্পের প্রতি মানুষকে বেশী করে মটিভেটেড্ করতে পারি। এর কারণ হচ্ছে পশ্চিমবাংলা থেকে এটা মাদ্রাজে চলে গিয়ে সেখানে বেশী করে চর্মজাত সামগ্রী তৈরী হচ্ছে। এখান থেকে লেদারের যাবতীয় ইনফ্রাষ্ট্রাকচার মাদ্রাজে চলে গেল কোন আমলে? এটা চলে গিয়েছে পঞ্চাশের দশকের পরে, যখন কংগ্রেস এখানে ক্ষমতায় ছিল। তখন থেকেই কলকাতা থেকে চলে গেছে মাদ্রাজে। কাজেই এই বিষয়টি সম্বন্ধে আপনাদের বিবেচনা করে দেখতে অনুরোধ জানাই। তা সত্ত্বেও কিন্তু আপ্রাণ চেষ্টা করছি এই লেদার শিল্পকে কিভাবে এখানে আমরা পুনরুজ্জীবিত করে তুলতে পারি। ইতিমধ্যেই আমরা ২২কোটি টাকার এক্সপোর্ট অর্ডার এনেছি, ভবিষ্যতে আরও আনতে পারব বলে আশা রাখি। চর্মশিল্পের একটা বিরাট সম্ভাবনা আমাদের এখানে আছে। কাজেই এটাকে আমরা কাজে লাগবার চেষ্টা করব। রুগ্ন শিল্প সম্বন্ধে এখানে অনেক কথা বলা হয়েছে। আমার কাছে রিপোর্ট আছে বিভিন্ন রাজ্যের। তাতে আমি লক্ষ্য করেছি যে রুগ্ন শিল্পের পার্সেন্টেজ পশ্চিমবাংলার চাইতে অন্যান্য রাজ্যগুলিতে আরও অনেক বেশী। সংখ্যার দিক বিচারে অনেক অনেক বেশী। গোটা ভারতবর্ষে যেখানে ৬ লক্ষ স্মল স্কেল ইউনিট আছে, তারমধ্যে পশ্চিমবাংলায় সংখ্যা হচ্ছে ১ লক্ষ ৪০ হাজার। কিন্তু রুগ্ন শিল্পের পার্সেন্টেজ বিচারে অন্যান্য রাজ্য যেমন, মহারাষ্ট্র, কর্ণাটক, গুজরাট এবং তামিলনাড়ু - এদের চাইতে পশ্চিমবাংলায় সিকনেস অনেক কম। এই হিসাব রিজার্ভ ব্যাঙ্ক প্রকাশ করেছে। কয়েকদিন আগে রাজ্যসভায় প্রশ্নোত্তরের সময়ে ওঁদেরই মন্ত্রী এই কথা বলেছেন। কোন রাজ্যে কত ইউনিট সিক্ হয়ে আছে, তা রিজার্ভ ব্যাঙ্কের দেওয়া তথ্য উল্লেখ করে রাজ্যসভায় ওঁদেরই মন্ত্রী জানিয়েছেন। এটা আমাদের কথা নয়। এই অবস্থা সত্ত্বেও আমরা ডি.আই.সি.'এর কাছ থেকে তাঁদের সাজেসান চাইছি যে, এখানে শিল্পগুলো কেন রুগ্ন হয়েছে, কিভাবে শিল্পের রুগ্নতাকে ঠেকান যায়, সেই ব্যাপারে আমরা প্রত্যেক বিষয়ে ওঁদের কাছ থেকে রিপোর্ট চাইছি। সমস্ত ব্যাপারে আমরা রিপোর্ট সংগ্রহ করে তাঁদের সাজেস্‌সান চাইছি। উৎপাদিত সামগ্রী মার্কেটে সেলের জন্যও আমরা বহু জায়গা ঘুরেছি। সমস্ত জায়গা ঘুরে আমরা দেখছি - এর বহুবিধ কারণ আছে। অনেকগুলো কারণ আছে যা আমাদের হাতের বাইরে। আবার কতকগুলি আছে, যেগুলির নিরসন আমরা নিজেরাই করতে পারব বলে আশা রাখি। মাননীয় অম্বিকাবাবু কতগুলি কথা এখানে বলেছিলেন, এখন দেখছি তিনি এখানে নেই। তবে হাওড়া জেলা

নিয়ে মানসবাবুও অনেক কথা উল্লেখ করেছেন। তিনি হাওড়া জেলাকে বলেছেন যে, এক সময়ে এটা ছিল বার্মিংহাম। কিন্তু এখন আর সেই বার্মিংহাম নেই। কারণ র মেটিরিয়ালস সংগ্রহ করতে পারলেও ক্যাপিট্যাল অর্ডার এই সমস্ত ইন্ডাষ্ট্রির মালিকরা কখনও পায় না। হাওড়াতে যে সমস্ত ইন্ডাষ্ট্রি আছে, সেগুলি সবই এ্যানসিলারী প্রধান। হাওড়ার এই ছোট ছোট শিল্পগুলো ঐ সমস্ত বড় বড় শিল্পগুলোর উপর নির্ভরশীল। এই ছোট ছোট শিল্পের সংখ্যা প্রায় ১০ হাজার। এই ইউনিটগুলোকে হাওড়ার বার্ড কোম্পানীর জেনারেল ম্যানেজার সার্কুলার দিয়ে জানিয়ে দিয়েছেন যে, আমাদের ওয়াগনের অর্ডার বন্ধ হয়ে গেছে, আমরা গভর্ণমেন্ট অফ ইন্ডিয়ার কাছ থেকে আর ওয়াগনের অর্ডার পাচ্ছি না। এখন মানসবাবুই বলুন না একবার, এই সমস্ত ছোট ছোট ইউনিটগুলো কি করবে? আপনারা এ ব্যাপারে বলতে পারেন নি এবং মানসবাবু জেনে রাখুন যে হাওড়া বার্ণের অর্ডারের জন্য আমরা অতীতে অন্তত ১০ বার দিল্লীতে দরবার করতে গেছি। আমরা চাই হাওড়া বার্ণ বাঁচুক এবং তাতে হাওড়ার স্মল স্কেল ইন্ডাষ্ট্রিজ বাঁচবে। হাওড়ার বার্ণ কোম্পানীর মালিক যখন আমার সঙ্গে দেখা করতে এলেন তখন বললেন এই কোম্পানিকে আর হয়তো বাঁচাতে পারবো না কারণ কাঁচামাল আর রাখার জায়গা পাওয়া যাচ্ছে না, প্রায় ৮ মাস ধরে কাঁচামাল আসছে না। এরফলে ৫ হাজার ওয়ার্কার বেকার হয়ে পড়বে এবং এরফলে ১০ হাজার স্মল স্কেল ইউনিট বন্ধ হয়ে যাবার জোগাড়। সুতরাং আপনি আমাদের যে করে হোক কাঁচামাল রাখার ব্যবস্থা করে দিন। আমি তখন আমার কনস্টিটিউয়েন্সিতে, আমার এলাকায় বিরাট একটা জায়গা ছিল সেখানে একটা ইন্ডাষ্ট্রিয়াল ইউনিট খোলার ইচ্ছা ছিল কিন্তু হাওড়া বার্ণ কোম্পানির কথায় ওয়াগান রাখার ব্যবস্থা করেদিলাম যাতে ১৫ হাজার ইউটি না মার খায়। তৎসত্ত্বেও অর্ডার বন্ধ হয়ে গেল এবং ওনারা এসে বললেন আর ওয়াগন অর্ডার নেই। হাওড়া বার্ণের জেনারেল ম্যানেজার বললেন আমাদের কারখানা বন্ধ হয়ে যাচ্ছে এবং এরসঙ্গে প্রায় ১০ থেকে ১৫ হাজার স্মল স্কেল ইন্ডাষ্ট্রিজ বন্ধ হচ্ছে। এই অবস্থায় স্বভাবতই রাজ্যসরকাবের হাতে এর রেমিডি কিছু নেই। রাজ্য সরকারের সঙ্গে দিল্লীর সরকারের সম্পর্ক আপনারা সকলেই জানেন। আমি আর বক্তৃতা দীর্ঘায়িত করতে চাই না। সমস্ত কাট মোশানসের বিরোধীতা করছি কারণ কাশীবাবু সমস্ত কাটমোশনাগুলিতেই বাঁকুড়া জেলা সম্পর্কে সাজেশান দিয়েছেন। আবার কোন সদস্য হয়তো নর্থবেঙ্গলের সম্বন্ধে সাজেশান দেবেন কিন্তু এটা তো বাঁকুড়া জেলার বাজেট নয় বা নর্থ বেঙ্গলের বাজেট নয়, এটা সমগ্রপশ্চিমবঙ্গের বাজেট। তারপরে অম্বিকা বাবু ম্যাট সম্বন্ধে বলেছেন, আমি ওনাকে অনুরোধ করছি আমি তো বারেবারে ওনার কাছের থেকে সাজেশান চেয়েছি এই বিষয়ে কিন্তু এই বিষয়ে কোন সদুত্তর আপনার কাছ থেকে পাই নি। সুতরাং সমস্ত কাটমোশানের বিরোধীতা করে আমার বাজেট প্রস্তাবের অনুমোদনের জন্য আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

## Demand No. 63

The cut motions (1-5) of Shri Kashinath Misra that the amount be reduced by Rs 100 were than put and lost.

The motion of Shri Pralay Talukdar that a sum of Rs.18,86,71,000 be granted for expenditure under Demand No.63, Mojor Heads: "321-Village and Small Industries ( Excluding Public

Undertakings), 521-Capital outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) and 721-Loans for Village and Industries (Excluding Public Undertakings)". (This is inclusive of total sum of Rs.3,14,46,000 already voted on account in March, 1985), was then put and agreed to.

## ADJOURNMENT

The House was theh adjourned at 9-09 p.m. till 1 p.m. on Tuesday, the 23rd April,1985 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Tuesday, the 23rd April, 1985 at 1.00 P.M.

**PRESENT**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 15 Ministers, 7 Ministers of State and 145 Members.

## Held over starred Questions
## (to which oral answers were given)

**[1.00 - 1.10 p.m.]**

**কৃষ্ণনগর শহরে স্টেট ট্রান্সপোর্টের বাস ডিপো নির্মাণ**

*২১০। (অনুমোদিত প্রশ্ন নং *৬১৪।) **শ্রী সাধন চট্টোপাধ্যায় :** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) নদীয়া জেলার কৃষ্ণনগর শহরে স্টেট ট্রান্সপোর্ট-এর বাস ডিপো নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী রবীন মুখার্জী :** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

**শ্রী সাধন চট্টোপাধ্যায় :** এখান থেকে ১০০ কিলোমিটার দূরে কেষ্টনগর শহর যেটা গৌরাঙ্গ সেতুর সঙ্গে যুক্ত হবার ফলে বিভিন্ন দিকে যেমন দুর্গাপুর, উত্তর বাংলা, মালদা এবং কলকাতায় বাস যাচ্ছে। সুতরাং এই পরিস্থিতির পরিবর্তনের পরিপ্রেক্ষিতে তিনি কি বিষয়টা পুনর্বিবেচনা করবেন?

**শ্রী রবীন মুখার্জী :** সি. এস. টি. সি.র ১১টা এক্সপ্রেস বাস সার্ভিস কেষ্টনগর টাচ করে যাচ্ছে। কলকাতা, বহরমপুর, কাটোয়া, পলাশীপাড়া, শিকারপুর, ডোমকল, করিমপুর, রামপুরহাট। None of the Services terminals at Krishnanagar কলকাতা থেকে সি. এস. টি. সি.র ৮টা রুটে চলে যেগুলি কেষ্টনগর টাচ করে যায়। ডি. এস.টি.সি.র দুটো সার্ভিস চলে যেটা কেষ্টনগর এবং রানাঘাট টাচ করে। ডিপো করতে গেলে অনেকগুলি সমস্যা আছে। তবে এখান থেকে ছাড়বে এই রকম প্রশ্ন আসেনি।

শ্রী সাধন চট্টোপাধ্যায় : (ক) নদীয়া জেলার হেড কোয়ার্টার কেষ্টনগর। মালদহের বাস আগে কেষ্টনগর থেকে ছাড়ত, বর্তমানে নবদ্বীপ থেকে ছাড়ার ফলে কেষ্টনগর যাত্রীদের খুব অসুবিধা হচ্ছে। দুর্গাপুর এবং কাটোয়ায় বাসকে থানায় এসে থাকতে হয়। যাতে খুব অসুবিধা নয়। সেইজন্য প্রয়োজন অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য অনুসন্ধান করবেন কি ?

শ্রী রবীন মুখার্জী : আমি আগেই বলেছি যে অনেকগুলি বাস ঐ জায়গায় থামে, থেমে তারপর গন্তব্যস্থলে যায়। ওখানে বাস স্টপেজ করাটা আলাদা কথা, কিন্তু ডিপো তৈরীর কোন প্রস্তাব আমার কাছে নেই, দাবিও নেই, হলে বিবেচনা করা যাবে।

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস : আমার প্রশ্নটা হচ্ছে উত্তরবঙ্গের বাসগুলি কৃষ্ণনগরের বাইরে দিয়ে যায়, ওখানে পান্থনিবাস আছে, বেসরকারী ভাল বন্দোবস্ত আছে। কিন্তু কৃষ্ণনগর শহরের ভেতর দিয়ে যে বাসগুলি যাতায়াত করে সেই বাসগুলি যেখানে থামে সেখানে চায়ের দোকান ছাড়া কোন ভাল বন্দোবস্ত নেই : প্রাকৃতিক দুর্যোগ, অন্যান্য সময় যাত্রীদের প্রচণ্ড সমস্যার মধ্যে পড়তে হয়। সেজন্য ওখানে ওয়েটিং রুম বা ঐ ধরণের কিছু করার দরকার আছে। সেই বিষয়টা আপনি চিন্তা করে দেখবেন কি ?

শ্রী রবীন মুখার্জী : প্রশ্নটা হচ্ছে ডিপো সম্পর্কে, ডিপো সম্পর্কিত যা বক্তব্য সেটা উল্লেখ করেছি। তবে যাত্রীদের জন্য সেডের যদি নতুন কিছু প্রস্তাব থাকে তাহলে মাননীয় সদস্য দিলে সেটা বিবেচনা করব।

শ্রী সুভাষ বসু : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি নদীয়া জেলা শাসক মারফত পরিবহণ দপ্তরে ওখানে একটা টার্মিনাস, বাস ষ্ট্যাণ্ডর পরিকল্পনা এসেছে, আপনার দৃষ্টিতে সেটা আছে কিনা? কেননা দীর্ঘদিন যাবৎ বিভিন্ন এসটিমেট করে সেই পরিকল্পনাটা এসেছে।

শ্রী রবীন মুখার্জী : যতখানি আমার স্মরণে আছে পি ডবলু ডির কাছে একটা সেড নির্মাণ করার প্রশ্ন আছে, সেটা খতিয়ে দেখব, আমার কাছে যদি আসে আবার ভাল করে খতিয়ে দেখব।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই ডিপোগুলিনির্মাণ করার জন্য আপনি কি পদ্ধতি মেনে চলেন?

শ্রী রবীন মুখার্জী : স্বাভাবিক ভাবে সেই অঞ্চল থেকে কোন প্রস্তাব এলে তারপর ডি এম জমি দেন, তারপর গুরুত্ব বুঝে সেইসব জায়গায় ডিপো ইত্যাদি তৈরী করা হয়।

শ্রী মাধবেন্দু মোহান্ত : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে বাসগুলি কলকাতা থেকে বিভিন্ন দিকে যাতায়াত করে রাত্রি বেলায় সেখানে কয়েকটি বাস নাইট হল্ট করে?

শ্রী রবীন মুখার্জী : প্রশ্নটা ছিল ডিপো সম্পর্কিত। সুতরাং এইসব প্রশ্নের জবাব দিতে হলে নোটিশ দরকার হবে।

**বাঁকুড়া জেলার রাণীবাঁধ থানায় তালবেড়া জোড়বাঁধ প্রকল্প**

*২২৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৮১।) শ্রী রামপদ মাণ্ডি : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বাঁকুড়া জেলার রাণীবাঁধ থানায় তালেবেড়া জোড়বাঁধ প্রকল্পটি (১) কোন সালে, (২) কোন্ স্কীমে ও (৩) কত টাকা মঞ্জুর করা হয়;

(খ) বর্তমানে উক্ত প্রকল্পের জন্য কত খরচ হইয়াছে ও ইহার কত অংশ কাজ হইয়াছে; এবং

(গ) উক্ত প্রকল্পটির কাজ কবে নাগাত সম্পূর্ণ হবে বলিয়া আশা করা যায়?

**শ্রী কমল কান্তি গুহ :**

(ক)

(১) ১৯৭৬-৭৭ সালে

(২) ডি.পি.এ.পি. স্কীমে

(৩) আঠার লক্ষ টাকা প্রাথমিকভাবে অনুমোদিত হয়েছিল, পরে সংশোধিত এস্টিমেট অন্তর্বর্তীভাবে ২৩.৭৮.৪০৮ টাকা ধার্য্য করা হয়। প্রকল্পের সামগ্রিক রূপায়নের ব্যয় হবে আনুমানিক ৪৮ লক্ষ টাকার মত।

(খ)

(১) পঁচিশ লক্ষ সাতষট্টি হাজার একশত পঁচিশ টাকা।

(২) আনুমানিক ৬০ শতাংশ।

(গ) অনুমান করা যায় যে ১৯৮৬ সালের জুন মাস নাগাদ কাজটি সম্পূর্ণ হবে।

**[1.10 – 1.20 p.m.]**

**শ্রী নবনী বাউড়ী :** উক্ত প্রকল্পটি কার্যকরী হলে কতটা জমিতে সেচ কার্যকরী হবে জানাবেন কি ?

**শ্রী কমল কান্তি গুহ :** ১২০০ একর।

**শ্রী সুভাষ গোস্বামী :** ১৯৭৬/৭৭ সালে স্কীমটি অনুমোদিত হয়েছে এবং মন্ত্রীমহাশয় বললেন ১৯৮৬ সালে শেষ হবে। আমার প্রশ্ন হচ্ছে ১০ বছর সময় লাগার মত কাজ ছিল কি এবং এটা কি অস্বাভাবিক দেরী নয়?

**শ্রী কমল কান্তি গুহ :** প্রাথমিক পর্যায়ে অনুমোদনের পর সার্ভে করা এবং অন্যান্য কাজ যা সুরু হয়েছে তাতে খুব বেশী দেরী হয়েছে বলে আমি মনে করিনা।

**শ্রী কাশীনাথ মিশ্র :** ডি পি এ পি স্কীমের মাধ্যমে প্রথমে ১৮ লক্ষ টাকা তারপর বললেন ২৩ লক্ষ টাকা এবং তারপর বললেন ৪৮ লক্ষ টাকা এই স্কীমের জন্য খরচ। আমার প্রশ্ন হচ্ছে, রিভাইজড স্কীমের মাধ্যমে কত টাকা টোট্যাল বরাদ্দ করেছেন এই স্কীম কমপ্লিট করবার জন্য?

**শ্রী কমল কান্তি গুহ :** শেষ পর্যন্ত ৪৮ লক্ষ টাকা খরচ হবে বলে আমরা অনুমান করছি।

**পশ্চিমবঙ্গে ক্ষুদ্র সেচের আওতায় নূতন জমি**

*২২৬ (অনুমোদিত প্রশ্ন নং *১৬১৪।) **শ্রী অনিল মুখার্জী :** কৃষি (ক্ষুদ্রসেচ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৭৭-৭৮ সাল থেকে ১৯৮৩-৮৪ সালের মধ্যে পশ্চিমবঙ্গে ক্ষুদ্রসেচের আওতায় কত নূতন জমি এসেছে;

(খ) ভূ-গর্ভস্থ জলের কতটা অংশ বা শতকরা কতভাগ উক্ত সময়ে ক্ষুদ্রসেচের কাজে লাগানো সম্ভব হয়েছে;

(গ) ক্ষুদ্রসেচের মাধ্যমে উক্ত সময়ে কি পরিমাণ জমিতে দো-ফসলী বা তিন-ফসলী করা সম্ভব হয়েছে; এবং

(ঘ) উক্ত কাজে কেন্দ্রীয় সরকার এ পর্যন্ত কি পরিমাণ অর্থ সাহায্য করেছেন?

**শ্রী কানাই ভৌমিক :**

(ক) ৪.৫৯ লক্ষ হেক্টর (প্রায়)।

(খ) ১০.০০ শতাংশের কিছু বেশী।

(গ) বহু ফসলী প্রকল্পসূচক (মাল্টিপল ক্রপিং ইনডেক্স) থেকে জানা যায় যে মাঝারি, বৃহৎ ও ক্ষুদ্রসেচের মাধ্যমে উক্ত সময়ে ফসলের নিবিড়তা ১৩২ থেকে ১৩৬ পর্যন্ত ছিল। কেবলমাত্র ক্ষুদ্রসেচ সেবিত এলাকার ফসলের নিবিড়তার পৃথক কোন্ পরিসংখ্যান নাই।

(ঘ) সেচ এলাকা সম্প্রসারণের উদ্দেশ্যে কেন্দ্রীয় সরকার ১৯৮৩-৮৪ সালের শেষভাগ থেকে গত আর্থিক বছর পর্যন্ত ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের জন্য এক বিশেষ অনুদান প্রকল্পে ৫৫৯.২৫ লক্ষ টাকা দিয়েছেন।

**শ্রী সরল দেব :** মন্ত্রী মহাশয় জানাবেন কি, ১৯৮৩/৮৪ সালে আবাদ যোগ্য জমির কতখানি সেচ আওতাভুক্ত করতে পেরেছেন এবং ১৯৮৪/৮৫ এবং ১৯৮৫/৮৬ সালে কতখানি আবাদযোগ্য করতে পেরেছেন এবং পারবেন এই সেচ প্রকল্পের মাধ্যমে?

**শ্রী কানাই ভৌমিক :** আমি পারসেন্টেজ বলতে পারবো না। আমি টোট্যাল বলেছি ৪.৫৯ লক্ষ হেক্টর। তবে এটা বলা যায় ১৯৭৭/৭৮ সাল থেকে ১৯৮৪ সালে নতুন করে বেড়েছে।

**শ্রী সরল দেব :** ১৯৮৫/৮৬ সালে আর কতটা জমি সেচের আওতায় আনতে পারবেন জানাবেন কি?

**শ্রী কানাই ভৌমিক :** এখানে আমরা নতুন যে পরিকল্পনা নিয়েছি তাতে কতটা আনতে পারব তার হিসেব আমি বাজেটের সময় দিয়েছি।

**শ্রী আবদুল মান্নান :** মন্ত্রীমহাশয় বললেন ৪.৫৯ লক্ষ হেক্টর এখন সেচের আওতায় এসেছে। আমার প্রশ্ন হচ্ছে, এই পিরিয়ডে টার্গেট কত ছিল এবং তারতম্যের কারণ কি?

**শ্রী কানাই ভৌমিক :** নোটিশ চাই।

**শ্রী অমলেন্দ্র রায় :** মন্ত্রীমহাশয় যে হিসাব দিয়েছেন সেটা সম্ভবতঃ প্রজেক্টেড কম্যাণ্ড এরিয়া। আমরা প্রশ্ন হল, আপনার যেটা প্রজেক্টেড কম্যাণ্ড এরিয়া তার সঙ্গে এ্যাকচুয়াল কম্যাণ্ড এরিয়ায় যে গড়মিল হল তার কারণ খতিয়ে দেখবার কি ব্যবস্থা আপনার ডিপার্টমেন্টের আছে?

**শ্রী কানাই ভৌমিক :** আমরা সাধারণতঃ হিসেব করি এ্যাকচুয়াল কতটা জমিতে আমরা সেচ দিতে পারছি। এই হিসেব আমরা পাই সেচ থেকে কতটা পয়সা আমরা পাচ্ছি তা থেকে এবং সেরকম একটা নিরিখ আমাদের আছে। আমাদের হিসেব হচ্ছে শতকরা ৫০ ভাগ কম্যাণ্ড এরিয়ায় ইউটিলাইজড্ হচ্ছে এবং যদি আরও ভালভাবে করতে পারি তাহলে বাকী শতকরা ৫০ ভাগও ইউটিলাইজ করতে পারব।

**শ্রী শেখ ইমাজুদ্দিন :** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি ১৯৭৬-৭৭ সালে কত পরিমাণ জমি এই ক্ষুদ্র সেচের আওতায় ছিল?

**শ্রী কানাই ভৌমিক :** আপনি কি ওটা আমাকে নোটিশ দেবেন, আমি হিসাব নিয়ে বলে দেব।

**শ্রী শ্রীধর মালিক :** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি এই ক্ষুদ্র সেচের আওতায় মোট যে জমি এসেছে, তার মধ্যে কোন জেলায় কত পরিমাণ জমি এসেছে?

**শ্রী কানাই ভৌমিক :** নোটিশ দিলে বলে দিতে পারবো।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য :** আপনি যে হিসাব দিলেন, ৪ হেক্টর ইত্যাদি কত বললেন, ক্ষুদ্রসেচের আওতায় এসেছে, - ওটা কম্যাণ্ড এরিয়ার হিসাব? কিংবা যেখানে জল দেওয়া হচ্ছে এ্যাকচুয়ালী সেই এলাকার হিসাব?

**শ্রী কানাই ভৌমিক :** আমরা সাধারণভাবে কতটা এরিয়ার জল দিতে পারছি তার ভিত্তিতে এই হিসাব আমরা করেছি।

**শ্রী বিমল কান্তি বসু :** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে পরিমাণ জমি ক্ষুদ্র সেচের আওতায় নিয়ে আসা হয়েছিল, তার মধ্যে যেগুলি অসমাপ্ত রয়ে গিয়েছে সেগুলিকে আপনি অগ্রাধিকার দিয়ে সেগুলি সমাপ্ত করার চেষ্টা করবেন কিনা?

**শ্রী কানাই ভৌমিক :** নিশ্চয় যেগুলি অসমাপ্ত রয়ে গিয়েছে অর্থাৎ যেখানে পাইপ লাইন হয় নি বা পাইপ লাইন নষ্ট হয়ে গেছে নিশ্চয় আমরা সেগুলি প্রায়রিটি দেবো। এবং এই বাজেটে আমরা নূতন কিছুও করবার চেষ্টা করবো।

### বনগাঁয় পাণীয় জলের টিউবওয়েল

*৩৪২।(অনুমোদিত প্রশ্ন নং *১২২৯।) **শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (গ্রামীণ জল-সরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বনগাঁ বিধানসভা কেন্দ্রে বর্তমানে মোট কতগুলি পানীয় জলের টিউবওয়েল আছে;

(খ) উক্ত টিউবওয়েলগুলির মধ্যে কতগুলি সচল ও কতগুলি অকেজো অবস্থায় আছে;

(গ) অকেজো টিউবওয়েলগুলি মেরামতের জন্য ১৯৮৪-৮৫ বর্ষে সরকার কর্তৃক কোন টাকা বনগাঁ পঞ্চায়েত সমিতিতে মঞ্জুর হইয়াছিল কিনা; এবং

(ঘ) 'গ' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে কত টাকা মঞ্জুর হইয়াছিল?

**শ্রী কমলকান্তি গুহ :**

(ক) মোট ১৮৬৫টি।

(খ) সচল - ১৩৫৫টি।

অচল - ৫১০টি।

(গ) হ্যাঁ।

(ঘ) ৫,০০০ টাকা প্রতি ব্লকে।

**শ্রী কাশীনাথ মিশ্র :** এই যে ৫১৫টি অকেজো হয়ে আছে এবং আপনি যে বললেন ব্লক ভিত্তিক ৫হাজার দিয়েছেন। তাহলে এই টাকার মাধ্যমে আপনি কতগুলি মেরামত করার জন্য এই ৫ হাজার টাকা বরাদ্দ করেছেন?

**শ্রী কমলকান্তি গুহ :** আমরা মোটামুটি ৫ হাজার টাকা করে প্রতি ব্লকে দিয়েছি। এর মধ্যে যতগুলি সারাতে পারে। কারণ এক একটা টিউবওয়েলের এক এক রকম খরচ। আমরা মোট টাকা থোক ধরে দিয়েছি। এবং আমার মনে হয় এই টাকা প্রয়োজনের তুলনায় অনেক কম। আবার একথাও বলা আছে যদি টাকার আরও দরকার হয় আমাদের লিখে জানালে আমরা অন্য জায়গা থেকে টাকা দেবো। কারণ যেভাবে জলকষ্ট বেড়েছে তার জন্য অন্যভাবে এর ব্যবস্থা করার জন্য সচেষ্ট আছি।

**[1.20 – 1.30 p.m.]**

**শ্রী কাশীনাথ মিশ্র :** এই যে অচল টিউবওয়েলগুলি রয়েছে এবং বনগাঁ যেভাবে জলকষ্ট বেড়েছে - এটা দূর করার জন্য জরুরী ভিত্তিক অন্য কোন ব্যবস্থা গ্রহণ করেছেন কিনা?

**শ্রী কমলকান্তি গুহ :** শুধু বনগাঁয়ে নয়, মালদা, ওবং দক্ষিণ বাংলার জলকষ্ট আরও বেড়েছে। এই ব্যাপারে আমরা আগামী কাল একটি আলোচনায় বসবো এবং সিদ্ধান্ত নেবো এবং এর পরে হাউস খুললে আমি বিস্তারিত হিসাব দিয়ে দেবো।

**শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া :** মন্ত্রী মহাশয় জানাবেন কি যে ১৫০০ টিউবওয়েলের সংখ্যা দিলেন। এর মধ্যে নিশ্চয় কংগ্রেস আমলে কতকগুলি হয়েছে এবং পরবর্তী আমলেও হয়েছে। আমি মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করছি, কংগ্রেস আমলে যে সমস্ত টিউবওয়েল হয়েছিল, রেকর্ড অনুসারে মাঠের মধ্যে সেই টিউবওয়েলগুলোকে কি এখন খুঁজে পাওয়া যাচ্ছে?

**শ্রী কমলকান্তি গুহ :** এই টিউবওয়েল কংগ্রেস আমলে হয়েছে, কোনটা বামফ্রন্ট সরকারের আমলে হয়েছে, এই রকম কিছু টিউবওয়েলের গায়ে লেখা থাকে না, সেই জন্য বোঝা মুসকিল।

**শ্রী আবদুল মান্নান :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ৫১০টি টিউবওয়েল অকেজো হয়ে আছে, তাহলে এই যে পাঁচ হাজার টাকা করে দিচ্ছেন বিভিন্ন রকম খারাপ হয়, তার মধ্যে আমার কাছে যা খবর আছে ম্যাক্সিমাম রিসিকিং দরকার, তাহলে এই পাঁচ হাজার টাকায় কি সব রিসিকিং করা যাবে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** রিসিঙ্কিং করতে লেয়ার অনুসারে কোন জায়গায় বেশী খরচ পড়ে, কোন জায়গায় কম খরচ পড়ে, মাননীয় সদস্য যা বলেছেন, এটা আমাদের জানা আছে, পাঁচ হাজার টাকা করে বর্তমানে প্রতি ব্লকে দেওয়া হয়েছে, এই পরিমাণ অত্যন্ত কম। কিন্তু আমরা বিভিন্ন জায়গায় বিভিন্ন ভাবে আমরা খবর নিচ্ছি, সেখানে আমরা বিশেষভাবে চেষ্টা করবো। এটা সাধারণ ভাবে ৫ হাজার টাকা করে দেওয়া হয়েছে।

**শ্রী শেখ ইমাজুদ্দিন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই পাঁচ হাজার টাকা করে প্রতি ব্লকে দেওয়া হচ্ছে, এই টাকাটা কি ব্লক অফিস থেকে খরচ হবে , না গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে খরচ হবে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মাননীয় সদস্যতো জানেন যে পঞ্চায়েত সমিতির মধ্যে সব ধরণের মানুষ থাকেন, তাহলে পঞ্চায়েতের মাধ্যমে দেওয়া হলে তো আপনিও জানতে পারবেন।

**Dr. Zainal Abedin :** Will the Hon,ble Minister-in-charge of Rural Water Supply be pleased to state as to whether there is sufficient source of potable water throught the State including Bongaon during this drought ?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমি তো আপনাদের আগেই এই কথা বলেছি যে আমরা সমস্ত খোঁজ খবর নিচ্ছি, আমরা জেলায় জেলায় একটা করে টিম পাঠিয়েছিলাম। তারা একটা রিপোর্ট আমাদের কাছে দেবে। তার ভিত্তিতে আমরা আগামীকাল একটা সিদ্ধান্ত নেব এবং আবার যখন এ্যাসেম্বলি খুলবে তখন আপনাদের সামনে একটা রিপোর্ট রাখবো।

**ঝাড়গ্রাম শহরে হর্টিকালচারাল নার্সারী করার পরিকল্পনা**

*৩৫৬ (অনুমোদিত প্রশ্ন নং *২১১২) **শ্রী অবনী ভূষণ সৎপথি ঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ঝাড়গ্রাম শহরে কৃষিবিভাগের পক্ষ থেকে কোন হর্টিকালচারাল নার্সারী করার পরিকল্পনা আছে কি ;

(খ) থাকলে, সমগ্র পরিকল্পনাটি রূপায়িত করতে কত টাকা খরচ হবে; এবং

(গ) পরিকল্পনাটি কবে নাগাত চালু হতে পারে বলে আশা করা যায়?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) হ্যাঁ। খরাপ্রবণ এলাকার উন্নয়ণ প্রকল্পে একটি হর্টিকালচারাল নার্শারী করার পরিকল্পনা আছে।

(খ) কাজ শুরু করার জন্য ঘরবাড়ী ইত্যাদি নির্মাণ এবং অন্যান্য খরচ বাবদ ১৯৮৫-৮৬ সালে আনুমানিক একলক্ষ বিরাশি হাজার টাকা ব্যয় হবে।

(গ) আশা করা যায় ১৯৮৫-৮৬ সালের এই প্রকল্পটি চালু করা যাবে।

**শ্রী বিভূতি ভূষণ দে :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই ঝাড়গ্রাম শহরে যে হর্টিকালচারার নার্সারী হচ্ছে, এটা থেকে যে চারা বিলি করা হবে পঞ্চায়েতের মাধ্যমে, এটা কি কোন মহকুমার জন্য হচ্ছে?

**শ্রী কমলকান্তি গুহ :** আপাততঃ আমরা ঐ এলাকার কৃষকদের দেব। এই পরিকল্পনা খরাপ্রবণ এলাকার গৃহদের জন্য নেওয়া হয়েছে। আমরা এটা এখনও ঠিক করিনি যে কি ভাবে বিলি করা হবে। যখন বিলি করবার সময় আসবে, তখন আমরা ঠিক করবো।

**ডাঃ মানস ভূঞ্যা :** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই দপ্তরের বরাদ্দ টাকা হর্টিকালচারের জন্য খরচ করতে না পারার জন্য ফেরত গেছে?

**শ্রী কমলকান্তি গুহ :** মাননীয় সদস্য যে প্রশ্ন এখানে করলেন, এই প্রশ্নের সঙ্গে তার কোন সংগতি নেই।

**শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এলাকা ভেদে আবহাওয়া ভেদে পশ্চিমবাংলায় আলাদা আলাদা হর্টিকালচার নার্সারী করার কোন পরিকল্পনা আছে কি ?

**শ্রী কমলকান্তি গুহ :** বিভিন্ন জায়গায় জল বায়ুর প্রকার ভেদ অনুসারে হর্টিকালচার নার্সারী করার পরিকল্পনা আমাদের আছে। অর্থ দপ্তরের অনুমোদন পেলেই আমরা কাজ করতে পারবো।

## ইনপুট লোন

*৪২৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৪৯) **শ্রী আব্দুল মান্নান :** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, ট্রেজারী থেকে আপত্তি থাকায় হুগলী জেলার খানাকুল ও আরামবাগ থানার চাষীরা "ইনপুট লোন" পাচ্ছেন না; এবং

(খ) সত্য হলে, এ ব্যাপারে রাজ্য সরকার কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী কমলকান্তি গুহ :**

(ক) আর্থিক অনটনের জন্য ট্রেজারী থেকে টাকা তোলার ব্যাপারে সামগ্রিক ভাবে কিছু বাধা নিষেধ গত আর্থিক বছরের শেষ কয়েক সপ্তাহে আরোপ করা হয়েছিল। ফলে ইনপুট লোন পাওয়ার ক্ষেত্রে ট্রেজারী থেকে টাকা তুলতে কিছু বিলম্ব হয়েছিল।

(খ) চাষীদের অসুবিধার কথা বিবেচনা করে রাজ্য সরকার ট্রেজারী থেকে ইনপুট লোন তোলার নিষেধাজ্ঞা কয়েকদিন বাদেই প্রত্যাহার করে নিয়েছিলেন।

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে এই লোন কবে থেকে প্রত্যাহার করা হয়েছে এবং এই ব্যাপারে পঞ্চায়েত সমিতিকে জানানো হয়েছিল কিনা যে এটা বন্ধ রাখা হচ্ছে?

**শ্রী কমলকান্তি গুহ :** এটা জেলা শাসকের উপর দায়িত্ব ছিল। তারা জানিয়েছেন কিনা আমি বলতে পারছি না।

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বলতে পারবেন না যে তাদের জানানো হয়েছিল কিনা?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমি তো বলেছি যে এটা জেলাশাসকের উপর দায়িত্ব ছিল, তারা কি করেছেন সেটা আমি এখনই বলতে পারছি না। তাদের কাছ থেকে জেনে পরে আপনাকে জানিয়ে দিতে পারবো।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, এই ইনপুট লোন চাষীদের কত টাকা স্যাংশান করা হয়েছিল?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** টাকার অংকটা এখন বলতে পারছি না।

**মিঃ স্পীকার ঃ** নেক্সট ডেতে এই দুটো সাপ্লিমেন্টারী কোয়েশ্চেনের নোট দিয়ে দেবেন।

**দ্বিতীয় হুগলী সেতু নির্মাণের জন্য রাখা রড চুরি**

*৬৮১। (অনুমোদিত প্রশ্ন নং *২৯১৫।) **শ্রী অশোক ঘোষ ঃ** মহানগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, দ্বিতীয় হুগলী সেতু নির্মাণের জন্য যেসব রড, সিমেন্ট কন্ট্রাক্টরদের মাধ্যমে সেতু নির্মাণের কাজে লাগাবার কথা ছিল তার মধ্যে থেকে কয়েক লক্ষ টাকার রড উক্ত সেতুর হাওড়ার দিক হতে চুরি হয়ে গেছে;

(খ) সত্য হলে, এ ব্যাপারে স্থানীয় পুলিস বা ভিজিলেন্সে সংবাদ দেওয়া হয়েছে কিনা;

(গ) কতজন কন্ট্রাক্টর উক্ত সেতু নির্মাণের কাজে নিযুক্ত আছেন; এবং

(ঘ) উক্ত রড চুরির ব্যাপারে কেউ গ্রেপ্তার হয়েছে কিনা?

**শ্রী প্রশান্ত কুমার শূর ঃ**

(ক) ইহা সত্য নহে।

(খ) যেহেতু ইহা সত্য নহে, সেইহেতু এ ব্যাপারে স্থানীয় পুলিশ বা ভিজিলেন্স-এ সংবাদ দেওয়ার প্রশ্ন ওঠে না।

(গ) এই কাজে প্রধানতঃ, তিনটি ঠিকাদারী সংস্থা বর্তমানে নিযুক্ত আছে। এছাড়া অন্যান্য মাঝারী ও ছোটকাজে পাঁচটি ঠিকাদারী সংস্থা নিযুক্ত আছে।

(ঘ) যেহেতু রড চুরির কোন ঘটনা ঘটেনি, সেইহেতু এ ব্যাপারে গ্রেপ্তারের কোন প্রশ্ন ওঠে না।

**শ্রী অশোক ঘোষ ঃ** মাননীয় মন্ত্রীমহাশয়, আপনি উত্তরে বললেন যে রড চুরির কোন ঘটনা ঘটেনি। আমি জানতে চাচ্ছি, যে তিন জন ঠিকাদার আছে দ্বিতীয় হুগলী সেতু নির্মাণের জন্য তারা তাদের মালপত্র রাখতে পারছে না, এই ব্যাপারে তারা প্রোটেকশান চেয়ে আপনার দপ্তরে বা পুলিসের কাছে কোন ডায়েরি করেছে কিনা এবং তা নিয়ে মানুষ আপনার কাছে দরখাস্ত করে কোন অভিযোগ করেছে কিনা জানাবেন কি ?

**শ্রী প্রশান্ত কুমার শূর ঃ** আমার কাছে কোন অভিযোগ জানান হয়নি।

**শ্রী অশোক ঘোষ :** মাননীয় মন্ত্রী মহাশয়, এই যে ৩টি ঠিকাদার সংস্থা আছে, এরা আপনার কাছে যে স্পেসিফিক রেট নিয়ে কাজ আরম্ভ করেছিল, এখন তাদের কাজ করতে অসুবিধা হচ্ছে কারণ জিনিষপত্রের দাম বেড়েছে। এই রকম কোন টেণ্ডার আপনার কাছে এসেছে কিনা জানাবেন কি ?

**শ্রী প্রশান্ত কুমার শূর :** সেটা জানিনা। তবে আপনারা জানেন যে যখন আমাদের সঙ্গে এগ্রিমেন্ট হয়, টেণ্ডারে যে সব শর্তাবলী থাকে সেই শর্তাবলি অনুযায়ীই কাজ হবে। এটা নুতন কোন কথা নয়।

**শ্রী মলিন ঘোষ :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে মাননীয় সদস্য অশোক ঘোষের সঙ্গে ঐ ঠিকাদারের কোন সম্পর্ক আছে কি না?

**মিঃ স্পীকার :** এটা হয় না।

## অঙ্গনওয়াড়ি কর্মীর প্রশিক্ষণ

*৬৮২। (অনুমোদিত প্রশ্ন নং *৩০২।) **শ্রী সুভাষ গোস্বামী :** ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) আই সি ডি এস প্রকল্পে রাজ্যে এ পর্যন্ত কতজন অঙ্গনওয়াড়ি কর্মীর প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে এবং কতজনের প্রশিক্ষণ চলছে;

(খ) অঙ্গনওয়াড়ি কর্মী এবং সাহায্যকারিগণ বর্তমানে কি হারে ভাতা পান; এবং

(গ) সুপারভাইজারের পদগুলি সংশ্লিষ্ট জেলা থেকে পূরণ করার বিষয় সরকার ভাবছেন কি

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :**

(ক) এখন পর্যন্ত ৯৪১১জন অঙ্গনওয়াড়ি কর্মীকে নির্বাচিত করা হয়েছে। এদের মধ্যে :-

| | | |
|---|---|---|
| প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে | — | ৮৪৭৭ জনের |
| প্রশিক্ষণ চলছে | — | ৫৩৩ জনের |
| প্রশিক্ষণ দিতে বাকি আছে | — | ৪০১ জনের |
| | | ৯৪১১ জন |

(খ) মাধ্যমিক বা সমতুল শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন। অঙ্গনওয়াড়ি কর্মীর মাসিক ২৫০ টাকা হারে এবং তদ্‌নিম্ন শিক্ষাগতযোগ্যতা সম্পন্না অঙ্গনওয়াড়ি কর্মী মাসিক ২০০ টাকা হারে সাম্মানিক ভাতা পান। সহায়িকাগণ মাসিক ৯০ টাকা হারে সাম্মানিক ভাতা পান।

(গ) সুপারভাইজার পদগুলি পূরণের ব্যাপারে কয়েকটি জেলা নিয়ে একটি জোন (zone) তৈরী করা হয়, এবং সেইসব জেলাগুলির কর্মবিনিয়োগ কেন্দ্র থেকে নাম নিয়ে পরীক্ষার মাধ্যমে এই সুপারভাইজার পদগুলি পূরণ করা হয়।

**[1.30 – 1.40 p.m.]**

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মোট যত সংখ্যক অঙ্গনওয়াড়ি কর্মীকে নিযুক্ত করা হয়েছে তার মধ্যেও বিগত আর্থিক বছর অর্থাৎ ১৯৮৪/৮৫ সালে কত সংখ্যক কর্মীকে নেওয়া হয়েছে, বলবেন কি ?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** ১৯৮৪/৮৫ সালে ৩।। হাজার আর তার আগের বছরে আরো ২ হাজারের মত নেওয়া হয়েছে।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মোট কতগুলি আই. সি. ডি. এস. প্রজেক্ট চালু হয়েছে এবং এই প্রজেক্টের সমস্ত কেন্দ্রই চালু হয়েছে কিনা জানাবেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** ১৯৮৪/৮৫ সালের শেষ পর্যন্ত মোট ৬০টি প্রজেক্ট চালু হয়েছে এবং সামনের দুমাসের মধ্যে আরো ২০টি প্রজেক্ট চালু হতে চলেছে। সমস্ত প্রোজেক্ট চালু হলে মোট ১১ হাজারের মত কেন্দ্র দাঁড়াবে, এখন ৭।। হাজারের মত চালু আছে।

**শ্রী বিমল কান্তি বসু ঃ** এই অঙ্গনওয়াড়ি কর্মী নিয়োগের ক্ষেত্রে স্কুল ফাইনাল অথবা সমতুল শিক্ষাগত যোগ্যতার কথা বললেন। কিন্তু তপসিলি জাতি বা উপজাতির ক্ষেত্রে এই শিক্ষাগত যোগ্যতার শিথিলতা আছে কিনা, জানাবেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** না।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** আপনি বললেন কতগুলি আই.সি.ডি.এস.. প্রজেক্ট চালু হওয়ার কথা আছে। এর মধ্যে বাঁকুড়া জেলার ১নং এবং ২নং ব্লকের কথা উল্লেখ করা আছে কিনা জানাবেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** আমি আগেই উত্তর দিয়েছি যে, আমাদের ৩০টি প্রজেক্ট চালু করা আছে, সেই সমস্ত জায়গায়, যেখানে ১৯৭৮ সালের বন্যায় একেবারে বিধ্বস্ত হয়ে গিয়েছিল। সেইগুলিকেই এখন আপগ্রেড করার চিন্তা করা হচ্ছে।

**শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া ঃ** আপনি প্রেসকাইবড্ কোয়ালিফিকেসন স্কুল ফাইনাল বা ততোধিক করেছেন দেখা যাচ্ছে এবং আরো বলছেন এলাকার লোকাল লোক নিতে হবে। কিন্তু অনেক সময় দেখা যায় এলাকার ঐ বিদ্যার লোক পাওয়া গেল না, এই ক্ষেত্রে অল্প মাইনে দিয়ে কাজ করাতে গেলে এলাকার হলে বেশী গুরুত্ব পাবে, না প্রেসক্রাইবড্ কোয়ালিফিকেসান বেশী গুরুত্ব পাবে? ফার্স্ট প্রায়রিটি কে পাবে, ম্যাট্রিকুলেট প্রায়রিটি পাবে, না এলাকার লোক অল্প বিদ্যার হলেও পাবে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** আমরা এলাকার উপর বেশী জোর দিয়েছি। এলাকার ম্যাট্রিকুলেট ও সমযোগ্যতাসম্পন্ন লোকেরা পাবে। না পাওয়া গেলে সেখানে গ্রামের থেকেই নেওয়া হবে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** Will the Hon,ble Minister-in-charge be pleased to state as to the authority assigned to and the methods prescribed for recruitment of selection of such volunteers or workers ?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** ডিপার্টমেন্ট অব সোস্যাল ওয়েলফেয়ার, ওয়েলফেয়ার ব্রাঞ্চ সিলেকসান করে থাকে। সিলেকসান কমিটি আছে, যেখানে এম. এল এ. চেয়ারম্যান থাকেন, সরকারী কয়েকজন থাকেন অথবা বেসরকারী কয়েকজন থাকেন।

ডাঃ জয়নাল আবেদিন ঃ What are the criteria of selection ?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ আমাদের ডিপার্টমেন্ট থেকে জি.ও. পাঠানো হয়ে থাকে এবং তার ভিত্তিতে নিয়োগ হয়ে থাকে।

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ আপনি নূতন ২০টি প্রোজেক্টের কথা বললেন। তার মধ্যে এম.সি.সি. আপগ্রেডেড হবে। অথবা তার বাইরেও নতুন কিছু হবে?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ এখনও পর্যন্ত যে সিদ্ধান্ত নেওয়া হয়েছে তাতে ঐ ৩০টিকেই আপগ্রেড্ড করা হবে। শোনা যাচ্ছে আরো কিছু নতুন প্রোজেক্ট সেন্টার থেকে এ্যালট করতে পারেন।

শ্রী সুমন্ত কুমার হীরা ঃ আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, কলকাতার সবজায়গায় আই. সি. ডি. এস. সেন্টার খোলা যাচ্ছে না ঘরের অভাবে। সমস্ত বস্তিগুলিতে এই প্রকল্প যাতে চালু করা যায় তারজন্য কিছু কিছু বস্তিতে সেডঘর তৈরী করার কোন পরিকল্পনা আছে কি ?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ গ্রামাঞ্চলে এন. আর. ই. পি.-র মাধ্যমে সেটা তৈরী করা হয় এবং শহরাঞ্চলে ঘর করার কথা বিবেচনা করা হচ্ছে।

কাঁথি মহকুমায় পাইপলাইন জলসরবরাহ

*৬৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *১২৮৩) শ্রী শিশির অধিকারী ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (গ্রামীণ জলসরবরাহ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) কাঁথি মহকুমায় বর্তমানে কতগুলি গ্রাম পাইপলাইন জলসরবরাহ প্রকল্পের আওতায় আসিয়াছে ; এবং

(খ) বর্তমান বা আগামী বৎসরে উক্ত মহকুমায় আর কতগুলি গ্রাম উক্ত প্রকল্পের আওতায় আসিবে?

শ্রী কমলকান্তি গুহ ঃ

(ক) কাঁথি মহকুমায় যে সব গ্রামীন নলবাহিত জলসরবরাহ প্রকল্প মঞ্জুর করা হয়েছে। ঐ সব প্রকল্পের অধীন গ্রামের সংখ্যা ৩৭২। এর মধ্যে ১০০টি গ্রামে জল দেওয়া ইতিমধ্যেই শুরু হয়েছে এবং ৬৮ টি গ্রামে জল দেওয়া পরীক্ষামূলক ভাবে হচ্ছে। আশা করা যায় যে ঐ সব গ্রামে অচিরেই স্থায়ীভাবে জল দেওয়া শুরু হবে। বাকী গ্রামগুলিতে সংশ্লিষ্ট প্রকল্পগুলি রূপায়িত হলে জল দেওয়া হবে।

(খ) এ সম্বন্ধে এখনই বলা সম্ভব নয়।

শ্রী কাশীনাথ মিশ্র ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, কি বেসিসে মৌজাগুলি অনুমোদন করে আপনারা সেখানে পাইপ লাইন ওয়াটার সাপ্লাই স্কীম চালু করেন?

শ্রী কমলকান্তি গুহ ঃ প্রথমত আমরা কেন্দ্রীয় সরকার যে গ্রামগুলিকে চিহ্নিত করেছেন প্রবলেম ভিলেজ হিসাবে সেই গ্রামগুলিকে নিয়ে আমরা এগুলি করার চেষ্টা করি। যদি দেখা যায় ২/১ গ্রাম তার মাঝে পড়ে গিয়েছে নন প্রবলেম ভিলেজ সেগুলি আমরা অন্তর্ভুক্ত করে নিই।

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, নন প্রবলেম ভিলেজ হিসাবে যেগুলি চিহ্নিত সেখানে এই নলবাহিত জলসরবরাহ প্রকল্প চালু করার কোন ব্যবস্থা করেছেন কি বা সেই ধরণের কোন স্কীম আছে কি?

**শ্রী কমলকান্তি গুহ :** যেগুলি নন প্রবলেম ভিলেজ সেগুলি আমরা রাজ্য সরকারের তরফ থেকে করে থাকি।

**শ্রী নিতাই চরণ আদক:** আমরা দেখছিস নলকূপগুলি বিভিন্ন জায়গায় খারাপ হচ্ছে। এ ক্ষেত্রে বিভিন্ন জায়গায় যদি পাইপ লাইন চালু করা যায় তাহলে জলের প্রবলেম কিছুটা সলভ হতে পারে। মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, বিভিন্ন জায়গায় এটা করার কোন পরিকল্পনা সরকারের আছে কি না?

**শ্রী কমলকান্তি গুহ :** আমরা এখন পরীক্ষামূলক ভাবে দেখছি। আমরা চেষ্টাও করছি নলকূপের পরিবর্তে নল বাহিত জল বেশীরভাগ জায়গায় দেওয়া যায় কিনা। এতে জলের বিশুদ্ধতাও বেশী থাকে আবার নিরাপত্তার ব্যাপারটাও থাকে। আমরা সরকারের তরফ থেকে এবারে ১২টি মিনি স্কীম এক একটা মৌজা হিসাবে নিয়ে পরীক্ষামূলকভাবে দেখছি। যদি সাফল্যমণ্ডিত হই তাহলে সারা পশ্চিমবাংলা আমরা এক একটি গ্রাম ধরে যেখানে দুহাজার অধিবাসী আছে সেখানে এই মিনি স্কীম চালু করার ব্যাপক প্রচেষ্টা নেব।

**ডাঃ সুশোভন ব্যানার্জী :** ১৯৭৮/৭৯ সালে কেন্দ্রকে জানানো হয়েছিল যে এগুলি প্রবলেম ভিলেজ এবং সেখানকার জলের টাকাও স্যাংসান হয়েছিল। এর মধ্যে ১৯৮৫/৮৬ সালে আবার সেই স্কীমের টাকা পাবার সময় হয়ে গিয়েছে। এর মধ্যে যেগুলি নন প্রবলেম ভিলেজ ছিল তার অনেকগুলি প্রবলেম ভিলেজ হয়ে গিয়েছে। এর কোন সার্ভে আরম্ভ করেছেন কি ?

**শ্রী কমলকান্তি গুহ :** মাননীয় সদস্যকে এই প্রসঙ্গে জানাচ্ছি যে , আমি খোলাখুলিভাবে রাজ্যের স্বার্থে এর উত্তর দিতে পারবো না, আপনি যদি আমার কাছে আসেন তাহলে আমি আপনাকে বলে দেবো।

### ফারাক্কা থেকে জঙ্গিপুর ও বহরমপুর পর্যন্ত বাস চলাচলের সংখ্যা

*৬৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬৪।) **শ্রী শিশ মহম্মদ :** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার ফরাক্কা থেকে জঙ্গিপুর ও বহরমপুর পর্যন্ত দৈনিক কতগুলি বেসরকারী বাস যাতায়াত করে;

(খ) ঐ বাসগুলির মধ্যে কতগুলি বাস আল স্টপেজ এবং কতগুলি এক্সপ্রেস; এবং

(গ) ঐ রুটে মিনিবাসের সংখ্যা কত ?

**শ্রী রবীন মুখার্জী :**

(ক) ২৮টি।

(খ) ২৪টি অল ষ্টপেজ এবং ৪টি এক্সপ্রেস।

(গ) ৬টি।

**[1.40–1.50 p.m.]**

**শ্রী শিশ মহম্মদ :** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি ফরাক্কা থেকে জঙ্গীপুর ও বহরমপুর পর্যন্ত যে অল ষ্টপেজ বাসগুলির.কথা বললেন সে গুলির মোট স্টপেজের সংখ্যা টা বলতে পারেন কি ?

**শ্রী রবীন মুখার্জী :** তা বলা সম্ভব নয়। ফরাক্কা, জঙ্গীপুর ও বহরমপুরের মধ্যে চারটি এক্সপ্রেস বাস চলাচল করে এবং ২৪টি অল স্টপেজ বাস চলাচল করে। এ ছাড়াও ৬টি মিনিবাস চলাচল করে। এখন ঐ রুটে কতগুলি স্টপেজ আছে তা আমার পক্ষে বলা সম্ভব নয়।

**শ্রী শিশ মহম্মদ :** মাননীয় মন্ত্রী মহাশয়, আমাদের খবর হচ্ছে ৪টি আল স্টপেজ বাস, আর বাকিগুলি সব গুলিই এক্সপ্রেস বাস। প্রতিটি গাড়ীর সামনে এক্সপ্রেস লিখে দিয়ে সেগুলিকে সব জায়গায় দাঁড় করানো হচ্ছে না। ফলে যাত্রীদের খুবই অসুবিধা হচ্ছে। সুতরাং এই বিষয়টি আপনি একটু দেখবেন কি ?

**শ্রী রবীন মুখার্জী :** যাত্রীদের অসুবিধা হলে নিশ্চয়ই দেখব। এ বিষয়ে আপনারা কেউ আমাকে আগে জানাননি। এখন জানালেন, নিশ্চয় আমি বিষয়টি দেখবো। তবে আপনার কাছে ইনফরমেসান থাকতে, আপনি আবার আমার কাছে জানতে চাইছেন কেন?

## Waterdogging and overflow of water from the side drains at Ramaprasad Saha Lane in Central Calcutta

***685.** (Admitted question No. *1335.) **Shri Deoki Nandan Paddar :** Will the Minister-in-charge of the Local Government and Urban Development Department be pleased to state —

(a) whether the Calcutta Municipal Corporation authorities are aware of the defficults which the residents of Ramaprasad Saha Lane in Central Calcutta area have to face due to waterlogging and overflow of water from the side drains ; and

(b) if so, the steps taken and/or contemplated by the Calcutta Municipal Corporation authorities ?

**Shri Prasanta Kumar Sur :** (a) There is no problem in the sewerline of Ramaprosad Saha Lane in Central Calcutta which may cause waterlogging in the area. One gully-pit was however covered by the local residents with plastics cover which caused spot water logging and the same had been removed on 20.3.85.

(b) Does not arise.

**Shri Abdul Rauf Ansari :** Though it has been mentioned in the question about Ramaprosad Saha Lane in Central Calcutta but during

the last week when there was rain for half an hour most of the part of that area, even all the ambulances and fire brigade engines, were over-flooded. So will the Hon'ble Minister-in-charge please inform the House how that area also was over-flooded ?

**Shri Prasanta Kumar Sur** : The question was about Ramaprosad Saha Lane in Central Calcutta. You please read the question. Without reading the question you are putting the new question. That is not fair.

**Dr. Zainal Abedin** : Sir, I hope the Minister will not take exception but you see that all the Ministers know very well that water-logging happens to be problem of Calcutta. So how he contemplates to fight the menace for the next monsoon ?

**Shri Prasanta Kumar Sur** : You have seen by this time we have so many devices. We have brought new equipments for sewer engines. The first is rodding machine, then there is gully-pit emptier. There is also jet machine. But we cannot use all the machines because sewerage line is very old. The jet machine is very powerfull. So if we use the machine we may cross some lines which causes serious probem for the State .

### সারের নমুনা পরীক্ষা

*৬৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *৮৪৯।) **শ্রী নীরোদ রায়চৌধুরী :** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ,১৯৮৩-৮৪ ও ১৯৮৪-৮৫ সালে কতগুলি সারের নমুনা পরীক্ষা করা হয়েছে; এবং কি ফল পাওয়া গেছে?

**শ্রী কমল কান্তি গুহ :** ১৯৮৩-৮৪ সালে ৭৬৫টি সারের সমুনা পরীক্ষা করা হয়েছিল। এর মধ্যে ৯৬টি নমুনা নিম্ন মানের দেখা গিয়েছিল। বাকী ৬৬৯টি সঠিক মানের ছিল।

১৯৮৪-৮৫ সালের ডিসেম্বর মাস অবধি ৭১৫ টি নমুনা পরীক্ষা করা হয়েছে। এর মধ্যে ১১৪টি নমুনা নিম্নমানের পাওয়া গিয়াছে।

**শ্রী নীরোদ রায় চৌধুরী :** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে সংখ্যক সার পরীক্ষা করা হয়েছিল তার বেশীর ভাগই হচ্ছে খারাপ জাতীয় সার। যেসব অসাধু ব্যবসায়ী এইসব সার সরবরাহ করে কৃষির ক্ষতি করেছেন তাদের বিরুদ্ধে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবেন কি ?

**শ্রী কমল কান্তি গুহ :** তাদের বিরুদ্ধে কেস করা হয় এবং তাদের লাইসেন্স ক্যান্সেল করে দেওয়া হয়।

**শ্রী নীরোদ রায়চৌধুরী :** এ পর্যন্ত কটা লাইসেন্স ক্যানসেল করা হয়েছে এবং কতজনের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহম করা হয়েছে?

**শ্রী কমল কান্তি গুহ :** নোটিশ দিলে বলে দেব।

**ডাঃ মানস ভূঞ্যা :** এই সমস্ত সারের নমুনা ডিলারদের কাছ থেকে নিয়েছিলেন না প্রডাকসান সেন্টারের কাছ থেকে নেওয়া হয়েছিল?

**শ্রী কমল কান্তি গুহ :** আমরা প্রডাকসান সেন্টারের কাছ থেকে নিইনা। এটা নিতে গেলে হলদিয়ার কাছ থেকে নিতে হবে, দুর্গাপুরের কাছ থেকে নিতে হবে এবং তালচেরের কাছ থেকে নিতে হবে। এইজন্য আমরা নিইনা, আমরা ডিলারদের কাছ থেকে নিয়ে থাকি।

**শ্রী সুমন্ত কুমার হীরা :** যে নিম্নমানের সার ছিল সেই নিম্নমানের সারের মধ্যে কি ধরণের জিনিষ ব্যবহার করা হয়েছে সেটা কি পাওয়া গেছে?

**শ্রী কমল কান্তি গুহ :** বিশেষ করে কোন কোন সারের কি কি কেস হয়েছে এটা নোটিশ না দিলে বলতে পারবো না।

**শ্রী কৃপাসিন্ধু সাহা :** নমুনা পরীক্ষা করে দেখা গেছে ৯৬টি নমুনা নিম্নমানের দেখা গিয়েছিল। এটা জানলেন কি করে? আপনাদের নিজস্ব কোন পদ্ধতি আছে না অভিযোগ পেয়ে জানতে যান?

**শ্রী কমল কান্তি গুহ :** অনেকভাবে হয়। যেমন ধরুন, ভিজিট করতে হয়, কম্পালসারি কতকগুলি আছে। সেখানে ভিজিট করতে গিয়ে পান, এছাড়া কেউ কমপ্লেন করলে সিজ করা হয়, এবং তারপর পরীক্ষা করে দেখা হয়। দুইরকমভাবে করা হয়।

**শ্রী সত্য রঞ্জন বাপুলী :** আমার প্রশ্নটা যদিও এই প্রশ্নের সঙ্গে মিলবে না। তবুও আমি জিজ্ঞাসা করছি, মাননীয় মন্ত্রী মহাশয় যদি অনুগ্রহ করে বলেন, সুন্দরবনে কোন সার কারখানা তৈরী করার কোন পরিকল্পনা আপনার আছে কিনা?

**শ্রী কমল কান্তি গুহ :** সার কারখানা কেন্দ্রীয় সরকার ঠিক করেন। আমরা কোন পরিকল্পনা করি না।

**ক্ষুদ্রসেচ দপ্তর কর্তৃক কেন্দ্রীয় সরকারের নিকট হইতে প্রাপ্ত অর্থের পরিমাণ**

*৬৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৩৩।) **ডাঃ মানস ভূঞ্যা :** কৃষি (ক্ষুদ্রসেচ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৮৩-৮৪, ১৯৮৪-৮৫ সালের আর্থিক বৎসরে ক্ষুদ্রসেচ দপ্তর কেন্দ্রীয় সরকারের নিকট হইতে কোন আর্থিক সাহায্য পাইয়াছেন কি ;

(খ) পাইয়া থাকিলে তাহার পরিমাণ কত ;

(গ) উক্ত আর্থিক বৎসরগুলির মধ্যে প্রাপ্ত অর্থের কতটা খরচ করা গিয়াছে; এবং

(ঘ) কত পরিমাণ অর্থ খরচ করা যায় নাই?

**শ্রী কানাই ভৌমিক :**

(ক) হ্যাঁ।

(খ) ৬৬৪.৫৫ লক্ষ টাকা।

(গ) ৬১৫.২৭ লক্ষ টাকা।

(ঘ) ৪৯.২৮ লক্ষ টাকা।

[1.50–2.00 p.m.]

**ডাঃ মানস ভূঞ্যা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যে হিসাব দিলেন তাতে দেখা যাচ্ছে বেশ কিছু টাকা খরচ করতে পারেননি, এর কারণ কি ?

**শ্রী কানাই ভৌমিক ঃ** আমাদের সাহায্যটি ৩টি দফায় আসে। একটা হচ্ছে স্পেশাল এম. আই. প্রোগ্রাম, দ্বিতীয় হচ্ছে স্মল এ্যাণ্ড মার্জিনাল ফারমারস্, আর একটি হচ্ছে পারচেজ ফর ইকুইপমেন্ট ফর দিস ষ্টেট ওয়াটার ইনভেষ্টিগেসন ডিপার্টমেন্ট। আর একটি হচ্ছে সি. এ. ডি. এ.। এই ৩টি আইটেম আমাদের কাছে আসে। আমরা এ বছরেও টাকাটা অনেক লেটে পেয়েছি এবং সেজন্য খরচা হয়নি। আপনারা দেখেছেন ৪৯.২৮ লক্ষ টাকা। এটাই হচ্ছে প্রধান কারণ।

**ডাঃ মানস ভূঞ্যা ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে, অনেক দেরীতে টাকা পাওয়ার জন্য এই বছর বিশেষ কিছু কাজ করতে পারেননি, তাহলে গত আর্থিক বছরের কারণটা কি এবং এই টাকা খরচা না করতে পারার জন্য ক্ষুদ্র চাষীদের যে সাহায্যটা হোতো সেটা থেকে তারা কতখানি ক্ষতিগ্রস্ত হয়েছে?

**শ্রী কানাই ভৌমিক ঃ** ৬৬৪.৫৫ লক্ষ টাকা এসেছিল, তার মধ্যে ৬১৫.২৭ লক্ষ টাকা আমরা খরচা করেছি। আমরা যে টাকাটা খরচা করেছি সেটার পারসেনটেজ যদি হিসাব করেন তাহলে বুঝতে পারবেন কত পারসেন্ট আমরা খরচা করতে পেরেছি।

**শ্রী বীরেন্দ্র নারায়ন রায় ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে এই বছর টাকা দেরীতে এসেছে, কোন মাসে টাকাটা পেয়েছেন?

**শ্রী কানাই ভৌমিক ঃ** এখন বলতে পারব না। নোটিশ দেবেন।

**শ্রী সুব্রত মুখার্জী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি - যে পরিমাণ টাকা আপনার খরচ হয়নি, সেটা কি কেন্দ্রে আবার ফেরত যাবার কোন সম্ভাবনা আছে?

**শ্রী কানাই ভৌমিক ঃ** না, ফেরত যাবার সম্ভাবনা নেই, কারণ আপনারা জানেন কেন্দ্র যে টাকাটা দেয়, তার অনেকগুলি টাকা ডি.আর.ডি.এ খরচ করে, ডি.আর.ডি.এ. খরচ করতে না পারলে সেটা রেখে দেন, পরের বছর কাজে লাগাতে পারে।

**শ্রী সুব্রত মুখার্জী ঃ** এটা খরচার জন্য কি কোন স্কীম আছে?

**শ্রী কানাই ভৌমিক ঃ** এটার জন্য প্রত্যেকটি ব্লকে এম. আই. ফর স্মল এ্যাণ্ড মার্জিনাল ফারমারস ৩.২৫ লক্ষ টাকা বরাদ্দ করা আছে। তার ৫০ পারসেন্ট দেন সেন্ট্রাল গভর্ণমেন্ট আমরা দিই ৫০ পারসেন্ট। আমাদের ডি. আর. ডি. এ. র প্রোজেক্ট অফিসার আছেন তাঁরা যা বলেন সেই অনুযায়ী আমাদের স্কীম গুলি হয়। পঞ্চায়েতের মাধ্যমে এবং ব্যাঙ্কের মাধ্যমে । তাছাড়া সেন্ট্রাল গভর্ণমেন্টের যে অনুমোদিত নর্মস আছে সেই অনুযায়ী ও সমস্ত জিনিষগুলি হচ্ছে।

**শ্রী কুমুদরঞ্জন বিশ্বাস :** মাননীয় মন্ত্রীমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি যে, ক্ষুদ্র চাষীদের ক্ষুদ্র সেচ দপ্তর থেকে আপনারা যে সাহায্য করেন তাতে তপশীলি এবং আদিবাসী চাষীদের কিভাবে সাহায্য দেওয়া হয়?

**শ্রী কানাই ভৌমিক :** (ক) সাধারণভাবে তপশীলি এবং আদিবাসীদের যে সাবসিডি আমরা দিই, সেটা সাধারণ তপশীলি এবং আদিবাসী উন্নয়নের যে প্রথা আছে তার চেয়ে বেশী আমরা এখানে এই যে শ্যালো টিউবওয়েল দিচ্ছি তার ৫০ পারসেন্ট তপশীলি এবং আদিবাসীদের দিচ্ছি।

**শ্রী প্রবোধ পুরকায়েত :** মাননীয় মন্ত্রীমহাশয়, আপনি বললেন যে কেন্দ্রীয় সরকার ঠিক সময়ে টাকা না দেওয়ার ফলে আপনি খরচ করতে পারছেন না। এর ফলে ক্ষুদ্র সেচ দপ্তরের ক্ষতি হচ্ছে, আলটিমেটলি কৃষিরও ক্ষতি হচ্ছে। আপনারা কি এ সম্বন্ধে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করেছেন?

**শ্রী কানাই ভৌমিক :** আমি তো আপনাদের বলেছি এই টাকাটা ডি. আর. ডি. এ. স্কীমে খরচ করা হয়, এবং তাঁদের স্কীমে ভবিষ্যতে লাগতে পারে। সেজন্য আমাদের একটু দেরী হলেও চাষীদের খুব বেশী ক্ষতি হবে না।

**শ্রী বিমল কান্তি বসু :** মাননীয় মন্ত্রী জানাবেন কি, গত দুই বৎসরে ক্ষুদ্রসেচ দপ্তরের অধীনে যেসব ডিপ টিউবওয়েল এবং রিভার লিফ্‌ট ইরিগেশন-এর কাজ কন্ট্রাক্টরের মাধ্যমে করিয়েছেন, তাদের টাকা পয়সা না দেওয়ার কারণে ঐ সমস্ত কাজ সমাপ্ত করা যাচ্ছে না - এ খবর সত্যি কিনা?

**শ্রী কানাই ভৌমিক :** এ-বিষয়ে সাধারণভাবে টাকার অভাব আছে এবং তাদের সময়মত পাওনা টাকা দিতে পারছিনা বলে কাজের গতি দুর্বল হয়ে গেলে, কাজ ক্ষতিগ্রস্ত হচ্ছে, এ বিষয়ে সন্দেহ নেই।

### ডি এস টি সি-তে চালু বাসের সংখ্যা

*৬৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *১২৫৫।) **শ্রী নবনী বাউরি :** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) দুর্গাপুরে ডি এস টি সি তে বর্তমানে মোট কতগুলি বাস চালু অবস্থায় আছে; এবং

(খ) বর্তমানে উক্ত সংস্থায় মোট শ্রমিক সংখ্যা কত ?

**শ্রী রবীন মুখার্জী :**

(ক) ১০৪ খানি বাস চালু অবস্থায় আছে।

(খ) ১৩০৬ জন।

**শ্রী নবনী বাউড়ি :** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, বর্তমানে দুর্গাপুরে ডি. এস. টি. সি.র কতগুলি বাস ব্রেকডাউন অবস্থায় আছে এবং নতুন বাস কেনার কোন পরিকল্পনা আছে কিনা?

**শ্রী রবীন মুখার্জী :** আপনারে ইনফর্মেশনটা দিয়ে দিচ্ছি। নাম্বার অফ বাসেস্ ওয়েটিং ফর রিপেয়ার - ১৮খানা, নাম্বার অফ বাসেস, আণ্ডার রানিং রিপেয়ার্স - ৪৪খানা, নাম্বার অফ বাসেস আণ্ডার বডি রিপেয়ার্স - ৩১ খানা, এ্যাভারেজ আউটশেডিং পার ডে - ১০১ খানা।

**শ্রী নবনী বাউড়িঃ** আপনি শ্রমিক-সংখ্যা বলেছেন ১৩০৬; এর মধ্যে কতজন কণ্ডাক্টর, কতজন ড্রাইভার এবং কতজন টেকনিসিয়ান আছেন জানাবেন কি ?

**শ্রী রবীন মুখার্জী ঃ** সেটা আমার কাছে নেই। তবে আপনি যদি সিডিউল্ড কাষ্টস্ এ্যাণ্ড সিডিউল্ড ট্রাইবসের হিসেব চান, দিতে পারি।

**শ্রী জ্ঞান সিং সোহন পাল ঃ** Will the Hon'ble Minister be pleased to state out of total buses outshedding daily, how many of them effective buses ?

**শ্রী রবীন মুখার্জী ঃ** ১০১ খানা বাস।

**শ্রী জ্ঞান সিং সোহন পাল ঃ** এ্যাভারেজ আউটশেডিং ১০১টি বাস বলছেন, কিন্তু এফেকটিভ কটি?

**শ্রী রবীন মুখার্জী ঃ** সংখ্যা আমার কাছে নেই। তবে এ্যাভারেজ আউটশেডিং পার ডে - ১০১টি।

**শ্রী লক্ষীকান্ত দে ঃ** নতুন কোন বাস গত বছর কিনেছিলেন কি না?

**শ্রী রবীন মুখার্জী ঃ** নতুন বাস কেনা হয়েছে অনেকগুলি, কিন্তু এখন সেই সংখ্যা বলতে পারছি না।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, দুর্গাপুর পরিবহন সংস্থার আয়-ব্যয়ের হিসাব বহুকাল পাওয়া যাচ্ছে না কেন?

**শ্রী রবীন মুখার্জী ঃ** আয়-ব্যয়ের হিসেব যে পাওয়া যাচ্ছেনা সেটা জানলেন কি করে? এ-খবর তো আমার জানা নেই।

**[2.00–2.10 p.m.]**

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, চালু বাসগুলির মধ্যে দূরপাল্লার বাস কতগুলি আছে এবং নূতন দূরপাল্লার বাস চালু করার কোন পরিকল্পনা আছে কিনা?

**শ্রী রবীন মুখার্জী ঃ** এই প্রশ্ন থেকে যদি কোন দূরবর্তী প্রশ্নে চলে যান তাহলে জবাব দেব কি করে? আমি তো আগের প্রশ্নের উত্তরে বলে দিয়েছি নূতন কোন বাস কোথা দিয়ে যায়।

**ডাঃ সুশোভন ব্যানার্জী ঃ** আমাদের পৃথিবীতে কোন জায়গাতে সিটি সেন্টারে যে বাস চলে সেই বাসগুলি কোন দিনই সেল্ফ সাফিসিয়েন্ট হয় না। তার জন্য সেটাকে মেক আপ করার জন্য লং ডিসটেন্সের বাস চালু করতে হয়। দুর্গাপুর সেন্টার থেকে সারা পশ্চিমবাংলায় লং ডিসটেন্সের বাস চালু আছে মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি সিটি বাসে যে লস হয় সেই লস দুর্গাপুর থেকে মেক আপ হয় কিনা?

**শ্রী রবীন মুখার্জী ঃ** মাননীয় সদস্য জানেন যে সরকারী পরিবহন ব্যবস্থা যা আছে সেটা শুধু পশ্চিমবাংলাতেই নয়, ভারতবর্ষের কোন জায়গাতেই লাভজনক ভিত্তিতে চলে না। এটা ঠিক কথা সিটি বাসে যে রোজগার হয় বহু ক্ষেত্রে দূর পাল্লার বাসে সেই তুলনায় বেশী লাভ রোজগার হয়।

কিন্তু তার ফলে এটা দাঁড়ায় না সমস্ত মিলিয়ে রোজগার বেশী হোক বা না হোক লাভজনক ভিত্তিতে বাস চালানো হয়।

**মিঃ স্পীকার : Question hour is over.**

## Starred Questions

## (to which answers were laid on the table)

### বীরভূম জেলার রাজগ্রাম ও পাইকর জল সরবরাহ প্রকল্প

*৬৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৫০।) **ডাঃ মোতাহার হোসেন :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বীরভূম জেলার রাজগ্রাম এবং পাইকর পানীয় জল সরবরাহ প্রকল্প দুটি কোন্ পর্যায়ে আছে ; এবং

(খ) কবে নাগাত ঐ প্রকল্প দুটি চালু হবে বলিয়া আশা করা যায়?

**Minister of State-in-charge for the Health and Family welfare (Rural water Supply) Department :**

(ক) পাইকর ও রাজগ্রাম নলবাহিত জলসরবরাহ প্রকল্প দুটি প্রায় সমাপ্তির পথে।

(খ) পাইকর জলসরবরাহ প্রকল্প ১৯৮৩ সালের নভেম্বর মাসে আংশিকভাবে চালু করা হয়েছে। উক্ত জলসরবরাহ প্রকল্পটি ১৯৮৫ সালেরজুন মাসে পুরোপুরি সম্পূর্ণ হবে বলে আশা করা যায়। আর রাজগ্রামের প্রকল্পটি ডিসেম্বর'৮৫ সালে সম্পূর্ণ হবে বলে আশা করা হচ্ছে।

### মুর্শিদাবাদ জেলায় গঙ্গার ভাঙ্গনের ফলে বাস্তুহারা পরিবারের সংখ্যা

*৬৯০। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৬৬।) **শ্রী আবুল হাসনাৎ খান :** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) মুর্শিদাবাদ জেলার গঙ্গার ভাঙ্গনের ফলে বাস্তুহারা পরিবারের সংখ্যা কত (ব্লকওয়ারী হিসাব);

(খ) ইহা কি সত্য যে, এই বাস্তুহারা পরিবারগুলির পুনর্বাসনের বিষয়ে সরকারের পরিকল্পনা আছে; এবং

(গ) সত্য হইলে, এই পরিকল্পনার রূপরেখা কি ?

**Minister of State-in-charge for the Relief and Welfare (Relief) Department :**

(ক) সংশ্লিষ্ট জেলাশাসকের প্রাথমিক সমীক্ষা অনুসারে পরিবারের সংখ্যা ৮ হাজার ৫ শত ৫৫টি যার ব্লকওয়ারী হিসাব নিম্নরূপ :-

| | ব্লক | ক্ষতিগ্রস্ত পরিবারের সংখ্যা |
|---|---|---|
| ১। | ফারাক্কা | ১৪১৮ |
| ২। | সমশেরগঞ্জ | ৩০০ |
| ৩। | সুতি এক নং | ৫০ |
| ৪। | সুতি ২নং | ৫০ |
| ৫। | রঘুনাথগঞ্জ - দুই নং | ২৭০০ |
| ৬। | লালগোলা | ৫৫০ |
| ৭। | ভগবানগোলা - এক নং | ৯৪৫ |
| ৮। | ভগবানগোলা - দুই নং | ২২০ |
| ৯। | রাণীনগর - এক নং | ১৩০ |
| ১০। | রাণীনগর - দুই নং | ৩৮৭ |
| ১১। | জলঙ্গী | ১৮০৫ |
| | মোট | ৮৫৫৫ |

(খ) হ্যাঁ।

(গ) এইসকল পরিবারের পানীয়জল ও রাস্তা ইত্যাদির সুবিধাসহ বাসপোযোগী জমি বণ্টন করা এবং গৃহনির্মাণের জন্য অনুদান দেওয়ার পরিকল্পনা আছে।

**বাঁকুড়া জেলার বিষ্ণুপুর ও খাতড়াতে অগ্নিনির্বাপন কেন্দ্র স্থাপন**

*৬৯১। (অনুমোদিত প্রশ্ন নং *২১৬৯।) **শ্রী সুভাষ মাহাতো ও শ্রী কাশীনাথ মিশ্র :** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বাঁকুড়া জেলার বিষ্ণুপুর ও খাতড়াতে 'অগ্নিনির্বাপন' কেন্দ্র তৈরী না হওয়ার কারণ কি;

(খ) ১৯৮৩-৮৪ ও ১৯৮৪-৮৫ সালের মধ্যে বাঁকুড়া জেলায় কতগুলি অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে ; এবং

(গ) উক্ত জেলাতে ঐ সময়ে অগ্নিকাণ্ডের ফলে ক্ষতির পরিমাণ কত?

**Minister-in-charge for the Local Governmenrt & Urban Development Department :**

(ক) অগ্রাধিকারের ভিত্তিতে প্রস্তুত তালিকা অনুযায়ী পশ্চিমবঙ্গের বিভিন্ন স্থানে অগ্নিনির্বাপন কেন্দ্র স্থাপনের চেষ্টা করা হচ্ছে। ঐ তালিকায় বিষ্ণুপুরের স্থান নবম। প্রথম আটটি স্থানে অগ্নিনির্বাপন কেন্দ্র স্থাপনের পর বিষ্ণুপুরে নবম কেন্দ্র স্থাপনের চেষ্টা করা হবে।

খাতড়ায় অগ্নিনির্বাপন কেন্দ্র স্থাপনের কোন পরিকল্পনা এখনও গ্রহণ করা সম্ভব হয়নি।

(খ) ১৯৮৩-৮৪ সালে ২০৪টি এবং ১৯৮৪-৮৫ সালে ২৬৩টি।

(গ) ১৯৮৩-৮৪ ও ১৯৮৪-৮৫ সালে ক্ষতির পরিমাণ যথাক্রমে ১৮,৯১,৫০০০ টাকা এবং ৯,১৮,৭০০ টাকা।

বারাসাত চাঁপাডালির মোড়স্থ বাস টার্মিনাস মেরামত ও শেড নির্মাণের পরিকল্পনা

*৬৯২। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৯২।) শ্রী সরল দেব : স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) চব্বিশ পরগণার বারাসাত চাঁপাডালির মোড়স্থ বাস টার্মিনাস মেরামত ও শেড নির্মাণের কোন পরিকল্পনা বর্তমানে রাজ্যের পরিবহণ দপ্তরের আছে কি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, কবে নাগাত উহা কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

**Minister-in-charge for the Home (Transport) Department :**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

মেদিনীপুর জেলার গড়বেতা ১ নং ব্লকে বন্যাত্রাণের নিমিত্ত ত্রাণশিবির স্থাপন

*৬৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *২১৩১।) শ্রী অনাদি মল্ল : ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) মেদিনীপুর জেলার গড়বেতা-১ ব্লকে বন্যাত্রাণের নিমিত্ত পঞ্চায়েতের মাধ্যমে ত্রাণশিবির করার কোন পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

রাত্রিকালে দুর্গাপুর স্টেশন হইতে বাঁকুড়া স্টেশন পর্যন্ত সরকারী বাস চালাইবার পরিকল্পনা

*৬৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *২২১১।) শ্রী সুখেন্দু খাঁ : স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) দুর্গাপুর রাষ্ট্রীয় পরিবহণ কর্তৃপক্ষ রাত্রিবেলায় দুর্গাপুর স্টেশন হইতে বাঁকুড়া স্টেশন পর্যন্ত সরকারী বাস চালাইবার কোন পরিকল্পনা গ্রহণ করিয়াছে কি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে কবে নাগাত উহা কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

**Minister-in-charge for the Home (Transport) Department :**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

বাঁকুড়া জেলার রাইপুর ১নং এবং ২নং ব্লকে ধান, গম, আলু এবং তৈলবীজের উৎপাদন

*৬৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *২২২০।) শ্রী উপেন্দ্র কিস্কু : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বিগত কৃষি বর্ষে বাঁকুড়া জেলার রাইপুর ১নং এবং রাইপুর ২নং ব্লকে ধান, গম, আলু এবং তৈলবীজের উৎপাদন কত?

**Minister-in-charge for the Agriculture Department :**

(ক) পশ্চিমবঙ্গ সরকারের ফলিত অর্থনীতি ও পরিসংখ্যান সংস্থা বিজ্ঞান সম্মত নমুনা সমীক্ষার ভিত্তিতে - শুধুমাত্র (জেলাওয়ারী তথ্য সংগ্রহ করে। ব্লক বা অঞ্চল স্তরে কোন তথ্য রাখার ব্যবস্থা নেই। তবে ব্লক স্তরের উৎপাদনের যে আনুমানিক পরিসংখ্যান রাখা হয় তাহা হইতে নিম্নলিখিত তথ্য দেওয়া হইল।

| | রাইপুর-১ | রাইপুর-২ |
|---|---|---|
| আউশ ধান | ৩.২৬৩ মেঃ টন | ৩.৭৬০ মেঃ টন |
| আমন ধান | ৩২.৮১৭ মেঃ টন | ৪০.১৪৭ মেঃ টন |
| বোরো ধান | ৩.৭৯৫ মেঃ টন | ১১.২৮০ মেঃ টন |
| | ৩৯.৮৭৫ মেঃ টন | ৫৫.১৮৭ মেঃ টন |
| গম | ৩.৩১৭ মেঃ টন | ৩.৯৫৫ মেঃ টন |
| আলু | ১১.৫৫০ মেঃ টন | ২১.৪৫০ মেঃ টন |
| তৈলবীজ | ৩৪৫ মেঃ টন | ৪১৬ মেঃ টন |

**কলকাতা থেকে ধামাখালি (সন্দেশখালি) পর্যন্ত রাষ্ট্রীয় পরিবহণের বাস চালানোর পরিকল্পনা**

*৬৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৪২।) **শ্রী গণেশ চন্দ্র মণ্ডল :** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) কলকাতা থেকে চব্বিশ পরগণার ধামাখালি (সন্দেশখালি) পর্যন্ত কোন রাষ্ট্রীয় পরিবহণের বাস চালানোর পরিকল্পনা আছে কি ;

(খ) কলকাতা থেকে বাসন্তী পর্যন্ত বর্তমানে কতগুলি সরকারী বাস চলাচল করে ; এবং

(গ) ঐ বাসের সংখ্যা বাড়ানোর কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

**Minister-in-charge for the Home (Transport) Department :**

(ক) বর্তমানে নাই।

(খ) (দুই) ২ খানি।

(গ) বর্তমানে নাই।

**তমলুকে সুপার মার্কেট স্থাপন**

*৬৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৩০৮।) **শ্রী দীনবন্ধু মণ্ডল ও শ্রী পুলিন বেরা :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, তমলুকে সুপার মার্কেট স্থাপনের জন্য সরকার জমি অধিগ্রহণ করেছেন;

(খ) সত্য হইলে, কবে নাগাত মার্কেটটি স্থাপনের কাজ শুরু হবে বলে আশা করা যায় ; এবং

(গ) এরজন্য সরকার কোন কমিটি গঠন করেছেন কি না?

**Minister-in-charge for the Agricultural Department :**

(ক) তমলুক নিয়ন্ত্রিত বাজার চত্বর নির্মাণের জন্য জমি অধিগ্রহণ করা হয়েছে।

(খ) বাজার স্থাপনের জন্য একটি প্রকল্প তৈরীর কাজ চলছে।

(গ) হ্যাঁ, তমলুকে নিয়ন্ত্রিত বাজার সমিতি গঠন করা হয়েছে।

**কলিকাতায় সারকুলার ক্যানেলে জলপরিবহণ ব্যবস্থা চালু করার পরিকল্পনা**

*৬৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৯৪।) শ্রী লক্ষীকান্ত দে : স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) কলিকাতার সারকুলার চ্যানেলে জলপরিবহণ ব্যবস্থা চালু করার কোন পরিকল্পনা আছে কি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে কবে নাগাত উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায়?

**Minister-in-charge for the Home (Transport) Department :**

(ক) সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এটি অন্তর্ভূক্ত হয় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

**কলকাতা-হাওড়া ফেরী সার্ভিস উন্নয়ন ও সম্প্রসারণ**

*৭০১। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৯২।) শ্রী জয়কেশ মুখার্জী : স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) কলকাতা-হাওড়া সংলগ্ন ফেরী সার্ভিসের উন্নতি ও সম্প্রসারণের জন্য সরকার কি কি প্রকল্প গ্রহণ করেছেন; এবং

(খ) ঐ প্রকল্পগুলি কবে নাগাদ শেষ হবে?

**Minister-in-charge for the Home (Transport) Department :**

(ক) কলিকাতা-হাওড়া ফেরী সার্ভিসের লঞ্চের সংখ্যা বৃদ্ধির জন্য চারটি লঞ্চ তৈরী হচ্ছে এবং বর্তমান আর্থিক বৎসরের মধ্যে আরও চারটি লঞ্চ তৈরী করা হবে। পশ্চিমবঙ্গ সরকার এই সিদ্ধান্তও গ্রহণ করেছেন যে বর্তমান অর্থ-বৎসরে রতনবাবুর ঘাট এবং নাজিরগঞ্জ জেটি স্থাপন করা হবে।

(খ) চারটি নির্মিয়মান লঞ্চ সম্ভবতঃ আগামী জুলাই মাসের মধ্যে থেকে চলাচল করবে। আরও চারটি লঞ্চ ১৯৮৬ সালের মাঝামাঝি থেকে চলাচল শুরু করবে। আশা করা যায় উল্লিখিত জেটিগুলি এই অর্থবৎসরের মধ্যেই নির্মাণ করার প্রচেষ্টা চলছে।

**ক্যানিং শহরে পানীয় জল সরবরাহ প্রকল্প**

***৭০২। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৫৫।) শ্রী চিত্তরঞ্জন মৃধা ও শ্রী দাউদ খাঁ :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, চব্বিশ পরগণা জেলার ক্যানিং শহরে পাণীয় জলসরবরাহ প্রকল্পের কাজ সম্পূর্ণ হওয়া সত্ত্বেও জল সরবরাহের কাজ শুরু করা যাচ্ছে না; এবং

(খ) সত্য হলে, ঐ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**Minister of State-in-charge for the Health & Family Welfare (Rural Water Supply) Department :**

(ক) প্রকল্পের কাজ এখনও সম্পূর্ণ হয়নি। উচ্চ জলাধার নির্মাণ এবং প্রাসঙ্গিক কাজ শুধু সম্পূর্ণ হয়েছে।

(খ) প্রশ্ন ওঠে না।

**ছোট বৈনান ওয়াটার সাপ্লাই স্কীম**

***৭০৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৩৬।) শ্রী ধীরেন্দ্রনাথ চ্যাটার্জী :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বর্ধমানজেলার রায়না থানার রায়না ২ নং ব্লকের অধীন ছোট বৈনান ওয়াটার সাপ্লাই স্কীম কতদিন পূর্বে সরকারী অনুমোদন পেয়েছে;

(খ) এখনও এর কাজ শুরু না হওয়ার কারণ কি ; এবং

(গ) কবে নাগাত এর কাজ শুরু হবে বলে আশা করা যায়?

**Minister of State of State-in-charge for the Health and & Family Welfare (Rural Water Supply) Department :**

(ক) ১৯৮২ সালের ২৯শে জুন তারিখে অনুমোদিত হয়েছে।

(খ) জমি সংক্রান্ত বিরোধের জন্য প্রকল্পের কাজ এখনও আরম্ভ করা সম্ভব হয়নি।

(গ) শীঘ্রই এই প্রকল্পের কাজ শুরু হবে বলে আশা করা যায়।

**পশ্চিম দিনাজপুর জেলার তপন থানায় পানীয় জল সরবরাহ প্রকল্প**

***৭০৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৮৫।) শ্রী বিশ্বনাথ চৌধুরী :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) পশ্চিম দিনাজপুর জেলার তপন থানায় পানীয় জল সরবরাহ প্রকল্পের কাজ হাতে নেওয়া হয়েছে কি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে কবে নাগাত এর কাজ শেষ হবে বলে আশা করা যায়?

**Minister of State-in-charge for the Health & Family Welfare (Rural Water Supply) Department :**

(ক) ১৬টি অঞ্চলে পরিকল্পনা রচনার কাজ হাতে নেওয়া হয়েছে।

(খ) এখন প্রশ্ন ওঠে না।

**ভগবানপুর ১নং ও ২নং ব্লকে পানীয় জল সরবরাহ প্রকল্প**

*৭০৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৮০৮।) **শ্রী প্রশান্ত কুমার প্রধান :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) মেদিনীপুর জেলার ভগবানপুর ১নং ও ২নং ব্লকে কতগুলি পানীয় জল সরবরাহ প্রকল্প চালু হয়েছে (৩১শে জানুয়ারী ১৯৮৫ পর্যন্ত); এবং

(খ) উক্ত প্রকল্পগুলির দ্বারা কোন কোন গ্রামসভা পানীয় জল সরবরাহের আওতায় এসেছে?

**Minister of State-in-charge for the Health and Family Welfare (Rural Water Supply) Department :**

(ক) উল্লিখিত সময় সীমার মধ্যে ঐ ব্লক দুটিতে কোন প্রকল্প চালু হয়নি। ঐ ব্লকদুটিতে ৩টি জলসরবরাহ প্রকল্প মঞ্জুর করা হয়েছে এবং ঐ প্রকল্পগুলির কাজ আরম্ভ হয়েছে। ঐ প্রকল্প তিনটি হল, ১ ভগবানপুর ও তৎসংলগ্ন মৌজাগুলির জন্য জলসরবরাহ প্রকল্প ২। মাদাখালি ও তৎসংলগ্ন মৌজাগুলির জন্য জলসরবরাহ প্রকল্প ৩। সুয়াদিঘী ও তৎসংলগ্ন মৌজাগুলির জন্য জলসরবরাহ প্রকল্প ।

(খ) এই প্রকল্পগুলির অধীনে যে মৌজাগুলি রয়েছে তাদের একটি তালিকা সংযুক্ত করা হল।

Statement referred to in reply to clause (Kha) of starred question no.705

| ভগবানপুর জলসরবরাহ প্রকল্প (২২টি গ্রাম) | মাদাখালি জলসরবরাহ প্রকল্প (১৯টি গ্রাম) | সুয়াদিঘী(মুগবেড়িয়া) জলসরবরাহ প্রকল্প (২১ টি গ্রাম) |
|---|---|---|
| ১। গোপীমোহনবার(৮৩) | ১। কুতুবুদ্দিনপুর(২২০) | ১। হরিপুর(২১৫) |
| ২। বরর ভেড়ী(৩৬) | ২। মাদাখালি(২২১) | ২। রাধাপুর(২১৬) |
| ৩। জালিবার(৫২) | ৩। গররিয়া(২২২) | ৩। পদ্মতামালি(২৫৯) |
| ৪। বিষ্ণুপুর(৫৩) | ৪। বাসুনিয়া(২২৩) | ৪। দুমান দৌরী(২৬০) |
| ৫। কলুর ভেড়ি(৭৪) | ৫। সীতাদিঘী(২২৪) | ৫। খঞ্জাদাপুর(২৬১) |
| ৬। বাছিপুর(৭৫) | ৬। ইশুপত্রিকা(২২৫) | ৬। কিসমত পাটনা(২৭৪) |
| ৭। মনিরামপুর চক(১০৩) | ৭। জুখিয়া(২৪০) | ৭। উদবাদল(২৭৩) |

| | | |
|---|---|---|
| ৮। দুর্গাপুর(৭৬) | ৮। বিরিবারি(২৪২) | ৮। চম্পাইনগর(২৭১) |
| ৯। লালচন্দ্রবার(৭৭) | ৯। ঢালুয়া(২৪৩) | ৯। জিয়াগাছি(২৫২) |
| ১০। বেনুদিয়া (১০৪) | ১০। লেলুয়োগোপালচক(২৪৪) | ১০। রঘুনাথচক(২৫০) |
| ১১। পাজানকুল(১০৫) | ১১। একতারপুর(২৪৫) | ১১। ভূপতিনগর(২৫৩) |
| ১২। হামিরপুর(১০৬) | ১২। বাঘাদারি(২৪৬) | ১২। সুয়াদিঘী মুগবেড়ে(২৬৩) |
| ১৩। ভগবানপুর(৮৫) | ১৩। কাঁটাপুকুরিয়া(২৪৭) | ১৩। কেশাইলদিঘী(২৬২) |
| ১৪। নি[illegible]পুর(৮১) | ১৪। শ্যামচক পানিচক(২৪৮) | ১৪। পশ্চিম কলাগাছিয়া(২৬৪) |
| ১৫। ছোট দৌলতপুর(১০১) | ১৫। রানীচক্(২৪৯) | ১৫। অঙ্গনবেড়িয়া(২৬৫) |
| ১৬। কোটালাউরি(৮৬) | ১৬। উত্তরচক(২২৬) | ১৬। খারিনেট(২৫২) |
| ১৭। কিসমতনৌকাবর(৮৭) | ১৭। গোবিন্দচক(২২৭) | ১৭। কসবা(২৫৭) |
| ১৮। কুরালবাস(৮৮) | ১৮। ফকিরচক্(২২৮) | ১৮। ইছাপুর(২৫৬) |
| ১৯। নলদা (৮৯) | ১৯। শাকুল্যচক(২২৯) | ১৯। দক্ষিণবায়েন্দা(২৫৮) |
| ২০। নানালস্করপুর (৯০) | | ২০। পঞ্চঘড়ি(২৫৪) |
| ২১। বেতুলিয়াবার (৯৯) | | ২১। দক্ষিণ বাড়বেড়িয়া(২১২) |
| ২২। বনহৌরী (১০০) | | |

জে. এল. নং গুলি মৌজার নামের পাশে দেওয়া হইল।

### পুরুলিয়া জেলায় হিমঘর নির্মাণ

***৭০৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৮১৪।) শ্রী সুরেন্দ্রনাথ মাঝি :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) পুরুলিয়া জেলায় হিমঘর নির্মাণ করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, কবে নাগাত উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**Minister-in-charge for the Agriculture Department :**

(ক) পুরুলিয়া জেলায় হিমঘর নির্মাণের কোন সরকারী পরিকল্পনা নাই।

(খ) 'ক' অংশের উত্তরের পরিপ্রেক্ষিতে প্রশ্ন ওঠেনা।

### চব্বিশ পরগণার [illegible] ১নং ব্লকে নলবাহিত জল সরবরাহ

*৭০৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৩৩।) **শ্রী কুমুদরঞ্জন বিশ্বাস ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) চব্বিশ পরগণার সন্দেশখালি ১নং ব্লকের নলবানহত জল সরবরাহের বিষয়টি কি কারণে বিলম্বিত হইতেছে; এবং

(খ) কবে নাগাত উক্ত প্রকল্পের কাজ শুরু হইবে?

**Minister of State-in-charge for the Health and Family Welfare (Rural Water Supply) Department :**

(ক) সন্দেশ খালি ১নং ব্লকে ভূগর্ভস্থ জল উৎসের উপর ভিত্তি করিয়া প্রকল্প রচনা করিতে হইবে। ঐ ব্লকে মিষ্টি জলের কোন স্তর আছে কিনা তা পরীক্ষা করার জন্য প্রাথমিক অনুসন্ধানের কাজ চলছে। অঞ্চলটি লবণাক্ত বলিয়া অনুসন্ধানের কাজ সময় সাপেক্ষ।

(খ) প্রশ্ন ওঠে না।

## Unsterred Questions (To Which Written answers were laid on the table

### স্বরূপনগর ব্লকের বিলবল্লীতে ফসল নষ্ট

১৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৪।) **শ্রী আনিসুর রহমান বিশ্বাস ঃ** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৮৪ সালের বর্ষায় ২৪-পরগণা জেলার স্বরূপনগর ব্লকের বিলবল্লীতে ফসল বিনষ্টের কোন সংবাদ সরকারের নিকট আছে কিনা;

(খ) থাকিলে উক্ত ফসলের শতকরা হিসাব কিরূপ; এবং

(গ) ১৯৮৪ সালের উক্ত স্থানে খাজনা মকুবের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) উক্ত মৌজার ক্ষতিগ্রস্ত ৪,০১৫ হেক্টর জমির ধান নষ্ট হয়েছে।

(গ) জিলা থেকে এরূপ কোন প্রস্তাব আসে নি।

### বীরভূম জেলায় রাস্তা নির্মাণ

১৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ২১৯।) **শ্রী সুনীতি চট্টরাজ ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বিগত তিন বৎসরে বীরভূম জেলার কোন থানা/ব্লকে কোন নতুন রাস্তা নির্মিত হইয়াছে কিনা;

(খ) হইয়া থাকিলে, (১) উক্ত রাস্তাগুলি কোন্ থানায় এবং কোন্ ব্লকে অবস্থিত; এবং

(২) প্রতিটি রাস্তার কাজে কত টাকা ব্যয় হইয়াছে?

**পূর্ত(সড়ক) বিভাগের মন্ত্রীমহাশয় ঃ** (ক) বিগত তিন বৎসরে বীরভূম জেলায় নিম্নলিখিত রাস্তাগুলি নির্মিত হয়েছে ঃ- (১) বোলপুর-প্রান্তিক রোড এবং (২) শ্যামবাটী-গোয়ালপাড়া রোড।

(খ) (১) উপরের রাস্তাদুটি বোলপুর থানা এবং বোলপুর-শ্রীনিকেতন ব্লকে অবস্থিত।

(২) প্রথম রাস্তাটির জন্য ব্যয় হয়েছে ৫০ হাজার টাকা এবং দ্বিতীয় রাস্তার জন্য ৬ লক্ষ ১৮ হাজার টাকা।

### স্বরূপনগর ব্লকে অগভীর নলকূপ ও বাড়িতে বিদ্যুৎ সংযোগের জন্য আবেদনপত্র

১৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ৩২৫।) **শ্রী অনিসুর রহমান বিশ্বাস ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ২৪-পরগণার স্বরূপনগর ব্লকে ১৯৮৪-৮৫ সালে অগভীর নলকূপে ও বাড়িতে বিদ্যুৎ সংযোগের কতগুলি আবেদনপত্র পাওয়া গিয়াছে ; এবং

(খ) তন্মধ্যে কতগুলি মঞ্জুর করা হইয়াছে ?

**বিদ্যুৎ বিভাগের মন্ত্রীমহাশয় ঃ** (ক) ২৪পরগণার স্বরূপনগর ব্লকে ১৯৮৪-৮৫ সালে অগভীর নলকূপে বিদ্যুৎ সংযোগের জন্য কোন আবেদন পত্র পাওয়া যায়নি। বাড়িতে বিদ্যুৎ সংযোগের জন্য ১৭৬টি আবেদনপত্র পাওয়া গিয়াছে।

(খ) ১৫৯টি বাড়িতে।

### সুতি ২নং ব্লকে চাষযোগ্য জমির পাট্টা বন্টন

১৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ৬৬৮।) **শ্রী শীশ মহম্মদ ঃ** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৮৪ সালে জানুয়ারী মাস হইতে ডিসেম্বর মাস পর্যন্ত সময়ে মুর্শিদাবাদ জেলার ২নং সুতী ব্লকের অধীন বিভিন্ন মৌজায় কতজন কৃষককে চাষযোগ্য জমির পাট্টা দেওয়া হয়েছে; (মৌজাওয়ারী হিসাব)

(খ) উক্ত সময়ে উক্ত ব্লকের পশ্চিম নারায়ণপুর মৌজার কোন জমির পাট্টা বিলিবন্টন করা হয়েছে কিনা; এবং

(গ) না হয়ে থাকলে তার কারণ কি ?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রীমহাশয় ঃ** (ক) ১২০ জন কৃষক কে পাট্টা দেওয়া হয়েছে।

মৌজাওয়ারি হিসাব নিম্নরূপ ঃ-

| | | |
|---|---|---|
| ১। | মানিকপুর | ১৪ জন |
| ২। | লোকাইপুর | ১৮ জন |
| ৩। | পুরাপাড়া | ২ জন |

| | | |
|---|---|---|
| ৪। | কিশোরীপুর | ৩৫ জন |
| ৫। | আমুহা | ৬ জন |
| ৬। | আমডাল | ২ জন |
| ৭। | ইসলামপুর | ১ জন |
| ৮। | মহিষাল | ১ জন |
| ৯। | গাজীপুর | ৩ জন |
| ১০। | চাইনপাড়া | ২ জন |
| ১১। | শ্যামপুর | ৩ জন |
| ১২। | বসন্তপুর | ৩৩ জন |

(খ) না।

(গ) পঞ্চায়েতের স্থায়ী সমিতির চূড়ান্ত সুপারিশ পাওয়া যায়নি বলে পাট্টা বিলি সম্ভব হয়নি।

**বেলডাঙ্গা ১নং পঞ্চায়েত সমিতি এলাকায় বর্গা রেকর্ডের জন্য আবেদন**

১৯০। (অনুমোদিত প্রশ্ন নং ৭০৭।) **শ্রী নুরুল ইসলাম চৌধুরী :** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৮২-৮৩, ১৯৮৩-৮৪ ও ১৯৮৪-৮৫ (ফেব্রুয়ারী মাস পর্যন্ত) মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা ১নং পঞ্চায়েত সমিতি এলাকায় 'অপারেশন বর্গার' নিয়মানুযায়ী কতজন বর্গাচাষী বর্গা রেকর্ডের জন্য দরখাস্ত করিয়াছেন;

(খ) উক্ত দরখাস্তকারীগণের মধ্যে এ পর্যন্ত কতজনের রেকর্ড হইয়াছে; এবং

(গ) উক্ত দরখাস্তকারীগণের মধ্যে (১) কতজনের দরখাস্ত মিথ্যা প্রমাণিত হয়েছে এবং (২) মালিকের সঙ্গে কতজনের আপোষ হইয়াছে?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) যথাক্রমে ৭০৯,২৬০ ও ৪৩৮ জন।

(খ) ৫০৬ জন।

(গ) (১) ৯০১ জনের দরখাস্ত নামঞ্জুর হইয়াছে।

(২) আইনে কোন বিধান না থাকায় মালিকদের সহিত আপোষ মীমাংসার প্রশ্ন উঠে না।

**বেলডাঙ্গা ১নং পঞ্চায়েত সমিতিকে এন আর ই পি বাবদ প্রদত্ত অর্থ ব্যয়**

১৯১। (অনুমোদিত প্রশ্ন নং ৭০৯।) **শ্রী নুরুল ইসলাম চৌধুরী :** পঞ্চায়েত সমষ্টির উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৮৪-৮৫ (ফেব্রুয়ারী মাস পর্যন্ত) সালে মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা ১নং পঞ্চায়েত সমিতিকে এন আর ই পি স্কীম বাবদ কত অর্থ প্রদান করা হইয়াছে;

(খ) উক্ত সমিতির অধীনে প্রতিটি গ্রাম পঞ্চায়েত (১) ঐ বাবত কত অর্থ পাইয়াছে;

(২) উক্ত অর্থ সম্পূর্ণ খরচ করিতে সক্ষম হইয়াছে কিনা; এবং

(গ) (খ) (২) প্রশ্নের উত্তর 'না' হইলে, উক্ত গ্রাম পঞ্চায়েতগুলির নাম কি ?

**পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ৪,৮০,০০০ টাকা।

(খ) (১) ৪০,০০০ টাকা। (২) ১২টি গ্রাম পঞ্চায়েতের মধ্যে মাত্র তিনটি গ্রাম পঞ্চায়েত সম্পূর্ণ অর্থ খরচ করিতে সক্ষম হইয়াছে।

(গ) গ্রাম পঞ্চায়েত

১। মন্ডলা ১নং

২। চৈতন্যপুর ১নং

৩। চৈতন্যপুর ২নং

৪। ভবতা ১নং

৫। ভবতা ২নং

৬। নওদা

৭। বেগুনবাড়ি

৮। সুজাপুর-কুমারপুর

৯। দেবকুণ্ড

**দুস্থ ব্যক্তিদের বিক্রীত ঘরবাড়ী ফেরত পাওয়ার জন্য ব্যবস্থা**

১৯২। (অনুমোদিত প্রশ্ন নং ৭১৫।) **শ্রী নুরুল ইসলাম চৌধুরী :** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) দুস্থ ব্যক্তিদের ঘরবাড়িকে রেস্টোরেশন অব অ্যালিয়েনেটেড ল্যাণ্ড-এর আওতায় আনার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ; এবং

(খ) এই বিষয়ে আবেদনের শেষ তারিখ কি নির্দিষ্ট হইয়াছে?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) বিক্রীত ঘরবাড়ী ফেরত পাওয়ার জন্য ১৯৭৩ সালের ওয়েষ্ট বেঙ্গল রেষ্টোরেশন অব অ্যালিয়েনেটেড ল্যাণ্ড এ্যাক্ট-এ কোন ব্যবস্থা নাই তবে নিজের এবং পরিবারের ভরণ পোষণ অথবা চাষ আবাদের খরচ নির্বাহের জন্য অর্থের প্রয়োজনে কোন ব্যক্তি ১-১-১৯৬৮ হইতে ২০-৮-১৯৮১-এর মধ্যে জমি বিক্রয় করিয়া থাকিলে ঐ আইন অনুযায়ী জমি ফেরত পাওয়ার জন্য দরখাস্ত করিতে পারেন।

(খ) জমি ফেরত পাওয়ার জন্য দরখাস্ত করার সময়সীমা ৪-৫-১৯৮৩ তারিখে শেষ হইয়াছে।

## GENERATION OF ADDITIONAL EMPLOYMENT UNDER THE WORK PROGRAMME OF DISTRICT INDUSTRIES CENTRES

**193.** (Admitted question No. 757.) **Shri SOMENDRA NATH MITRA :** Will the Minister-in-Charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state that — (i) whether it is a fact that the target for generation of additional employment under the work programme of District Industries Centres was to ensure generation of 2500 jobs each year for each DIC according to the National Average fixed (July1978) by the Government of India.

(b) If so-,

(i) to what extent the target for generation of 2500 jobs each year in each district has been achieved by the DIC in West Bengal during the period between 1970-80 to 1983-84and during the 1984-85 (upto 31st March 1985) ;

(ii) The reason for shortfall, if any, in achieving the target fixed by the Government of India ?

**Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department :** (a) Yes.

(b) (i) The performance for DIC per annum in respect of employment generation is given below since 1970-80 :

| Year | 1979-80 | 1980-81 | 1981-82 | 1982-83 | 1983-84 | 1984-85 |
|---|---|---|---|---|---|---|
| Average employment generation per DIC per year | 1132 | 1208 | 2100 | 2428 | 2929 | 3156 |

(ii) The programme could not be effectively taken up by the DICs before 1981-82, only when the DIC set up was adequately equipped. Again, barning the Calcutta Corporation and a few neighbouring Municipalities, the entire State is industrially backward and it requires adequate and timely inputs of finance and raw mate-

rials and above all managerial talent for industries to grow and generate fresh employment.

It may be added that when the target for generation of additional employment under work programme of DICs was adopted at 2500 jobs each year, the target included jobs created under various programmes like Small Scale Industries, Cottage and Handloom Sector, Sericulture and Khadi and Village Industries Sectors. The average performance given in reply to Question (b) (i) relates only to the generation of jobs through the Cottage and Small Scale Industries Sector. If achievments over the years in other sectors like Handloom and Sericulture are taken into consideration, the actual performance will be more than 2500 jobs in the initial years, viz., 1979-80 to 1981-82.

**জলপাইগুড়ি জেলার ওয়েষ্টার্ণ ডুয়ার্স মার্কেট ফাণ্ড**

১৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ৮১৩।) **শ্রী যোগেন্দ্রনাথ সিংহরায় :** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) জলপাইগুড়ি জেলার ওয়েষ্টার্ণ ডুয়ার্স মার্কেট ফাণ্ড নামে কোন ফাণ্ড আছে কি ;

(খ) থাকিলে, উক্ত ফাণ্ডের অর্থ পশ্চিমবঙ্গ সরকারের কোষাগারে জমা হয় কি না;

(গ) উক্ত ফাণ্ডের আয়ের উৎস কি কি ; এবং

(ঘ) ১৯৭৮ সাল হইতে ১৯৮৪ সাল পর্যন্ত কোন বৎসর কত টাকা জমা হইয়াছে?

**অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) আছে।

(খ) ঐ অর্থ পৃথকভাবে পি.এল এ্যাকাউন্টে জমা রাখা হয়। সরকার ঐ অর্থের শুধু জিম্মাদার মাত্র।

(গ) ঐ ফাণ্ডের আয়ের উৎস : (১) টোল, (২) কাট্‌ল্‌ রেজিস্ট্রেশন ফি, (৩) মাসিক লাইসেন্স ফি, (৪) স্থায়ী দোকানদারদের ফি, (৫) ইজারা ফি, (৬) বিবিধ ফি।

(ঘ) জমা টাকার পরিমাণ :

| | টাকা |
|---|---|
| ১৯৭৮-৭৯ | ৭,৪৭,০৭৬.২৪ |
| ১৯৭৯-৮০ | ৭,০৬,৩১০.৭৭ |
| ১৯৮০-৮১ | ৬,৪৭,২৮৯.৩৭ |
| ১৯৮১-৮২ | ৯,৮২,১৯৬.৮৬ |
| ১৯৮২-৮৩ | ৯,৭৪,০২৬.৫০ |

**বিদ্যুৎ প্রকল্প**

১৯৫। (অনুমোদিত প্রশ্ন নং ১০০৯।) **শ্রী ব্রজগোপাল নিয়োগী :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৭৭-৮৪ সালে কোন্ কোন্ বিদ্যুৎ প্রকল্পের কাজ —

(১) চালু হয়েছে,

(২) শেষ হয়েছে, কিন্তু এখনও চালু হয় নাই,

(৩) আরম্ভ হয়েছে, এখনও শেষ হয় নাই; এবং

(খ) উপরোক্ত প্রকল্পগুলির ফলে বিদ্যুৎ উৎপাদন কি পরিমাণে বৃদ্ধি পাইয়াছে/ পাওয়ার সম্ভাবনা আছে?

**বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ১৯৭৭-৮৪ সালের মধ্যে নিম্নোক্ত প্রকল্পগুলির কাজ সম্পূর্ণ হয়েছে :

| তাপ বিদ্যুৎ | চালু হওয়ার তারিখ |
|---|---|
| সাঁওতালদি তাপ বিদ্যুৎ কেন্দ্র ৩য় ইউনিট - ১২০ মে.ও. | ৬-১২-১৯৭৮ |
| সাঁওতালদি তাপ বিদ্যুৎ কেন্দ্র ৪র্থ ইউনিট - ১২০ মে.ও. | ৩০-৩-১৯৮১ |
| ব্যাণ্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র ৫ম ইউনিট - ২১০ মে.ও. | ২৩-৩-১৯৮৩ |
| কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্র, প্রথম পর্যায়, ইউনিট নং ৩ | ২৪শে জুলাই ৮৪ |
| গ্যাস টারবাইন | |
| ১। হলদিয়া - ২ X২০ মে.ও | ১২-১২-১৯৭৯ |
| ২। কসবা - ২ X২০ মে.ও. | ১৮-৭- ১৯৭৯ |
| ৩। শিলিগুড়ি - ১ X২০ মে. ও. | ২৫-৯—১৯৭৯ |
| জলবিদ্যুৎ | |
| জলঢাকা প্রকল্প-২ - ২ X৪ মে.ও. | ৫-১০-১৯৮৩ |
| রিংচিংটন - ২ X ১ মে.ও. | ৫-৩-১৯৭৯ |
| ফাজি অগমেনটেশন - ১ X ০.৪ মে.ও. | ৩১-৩-১৯৮৩ |
| ডিজেল | |
| শিলিগুড়ি - ২ X ৩.৫ মে.ও. | ১৯৭৭ |
| জলপাইগুড়ি - ০.৪ | ১৯৭৮ |
| পাথর প্রতিমা - ০.৩ মে.ও. | ৩০-৩-১৯৮১ |
| কৃষ্ণনগর - ০.২৫ মে.ও. | ৩১-৩-১৯৮৩ |

(২) নেই।

(৩) নিম্নলিখিত প্রকল্পগুলির কাজ আরম্ভ হয়েছে কিন্তু এখনও শেষ হয়নি :

কোলাঘাট তাপবিদ্যুৎ প্রকল্প পর্যায় - (ইউনিট ১ ও ২) - ২ × ২১০ মে.ও.

রাম্মাম জলবিদ্যুৎ প্রকল্প পর্যায় ২ - ৪ × ১২.৫ মে.ও.

ফাজি বর্ধিত স্কীম - ১২০০ কি. ও.

কোলাঘাট দ্বিতীয় পর্যায় - ৩ × ২১০ মে.ও.

(খ) ১৭,৮৫০ লক্ষ কিলো ওয়াট ঘন্টা (ইউনিট)

**রামনগর ১ ও ২নং ব্লকে মৌজা বৈদ্যুতিকরণ**

**১৯৬।** (অনুমোদিত প্রশ্ন নং ১২০৯।) **শ্রী অবন্তী মিশ্র :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৮৪ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত সময়ে মেদিনীপুর জেলার অন্তর্গত রামনগর ১ ও ২নং ব্লকের কোন্ কোন্ মৌজায় বৈদ্যুতিকরণের কাজ সম্পূর্ণ হয়েছে ; এবং

(খ) মেদিনীপুর জেলার অবশিষ্ট মৌজাগুলিতে বৈদ্যুতীকরণের কোন কর্মসূচী আছে কিনা?

**বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) বিদ্যুৎ পর্ষদের পক্ষ হতে ব্লকওয়ারী তথ্য রাখা হয় না, রামনগর থানার ২৩৪টি মৌজার মধ্যে ৪৫টিতে বৈদ্যুতীকরণের কাজ হয়েছে।

(খ) হ্যাঁ। ৩৩টি প্রকল্পের মাধ্যমে উক্ত জেলায় আনুমানিক ২,৪০০ টি গ্রাম বৈদ্যুতিকরণের কর্মসূচী আছে।

## Adult Education Centre

**197.** (Admitted question No. 1324.) **Shri TARAPADA SADHUKHAN :** Will the Minister-in-charge of the Education (Higher) Department be pleased to state —

(a) whether it is a fact that substantial portion of the provisions in the State's Annual Plan Outlays meant for maintenance of the existing centres and establishment of new centres of Adult Education under the Minimum Needs Programme could not be utilished during the first four years of the Sixth Five-Year Plan period (1980-85); and

(b) if so,-

(i) the actual utilisation as compared to the provisions, and

(ii) the reasons why the provisions could not be fully utilised during the period mentioned above ?

**Minister-in-charge of the Education (Higher) Department :**

(a) No.

(b) (i) and (ii) Do not arise.

**তফসিলী জাতি এবং আদিবাসী ছাত্রছাত্রীদের হোস্টেল নির্মাণে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়কে অনুদান প্রদান**

১৯৮। (অনুমোদিত প্রশ্ন নং **১৬৬৫**।) **শ্রী অবন্তী মিশ্র :** তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৮২-৮৩, ১৯৮৩-৮৪ এবং ১৯৮৪-৮৫ আর্থিক বৎসরে মেদিনীপুর জেলার তফসিলী জাতি ও উপজাতি ছাত্রছাত্রীদের কল্যাণে হোস্টের গৃহনির্মাণ উদ্দেশ্যে কোন্ কোন্ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়কে সরকার থেকে অনুদান দেওয়া হয়েছে ; এবং

(খ) ঐ বিদ্যালয়গুলিকে প্রদত্ত অনুদানের পরিমাণ (বিদ্যালয় ভিত্তিক পরিমাণ) কত ?

**তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় :** উক্ত (ক) এবং (খ) অংশের জবাব একত্রে নিম্নে প্রদত্ত হইল।

Statement referred to in reply to clause 'ka' and 'kha' of unstarred question No. 198 (Admitted question No.1665)

১৯৮২-৮৩

(ক) তফসিলী জাতি ছাত্রদের জন্য হোস্টেল গৃহ নির্মাণের জন্য কোন বিদ্যালয়কে অনুদান দেওয়া হয়নি।

| (খ) তফসিলী জাতি ছাত্রী বিদ্যালয়ের নাম— | ঐ বছরে প্রদত্ত টাকার পরিমাণ |
|---|---|
| (১) চন্দ্রকোণা গার্লস হাইস্কুল | ৫৪,২৭০ |
| (২) চন্দ্রমণী ব্রহ্ম গার্লস স্কুল | ৩৫,০০০ |
| (৩) ভূপতিনগর কন্যা বিদ্যালয় | ৪৮,৫৫০ |
| (৪) কুলটিকরী গার্লস হাইস্কুল | ৫৪,৩৬০ |
| **(খ) তফসিলী উপজাতি ছাত্রী বিদ্যালয়ের নাম—** | **ঐ বছরে প্রদত্ত টাকার পরিমাণ** |
| (১) খাসলা ইন্দুমতী হাই স্কুল | ১৫,০০০ |
| (২) পাঁচকাহানিয়া হাই স্কুল | ৪০,০০০ |
| (৩) ভদ্রকালী গান্ধী বিদ্যাপীঠ | ২০,০০০ |

| | |
|---|---|
| (ঘ) তফসিলী উপজাতি ছাত্রী বিদ্যালয়ের নাম | |
| (১) মেদিনীপুর সেন্ট্রাল হোস্টেল | ৩,০০,০০০ |
| (২) রাণা রাণী আদিবাসী হাইস্কুল | ৪৩,২০০ |

১৯৮৩-৮৪

| | |
|---|---|
| (ক) তফসিলী জাতি ছাত্রী বিদ্যালয়ের নাম | |
| (১) বিষ্ণুদাসপুর বিদ্যাভারতী হাই স্কুল | ২০,০০০ |
| (২) সবং সারদাময়ী হাইস্কুল | ২০,০০০ |
| (৩) ধান্যশোল জগদা সৎসঙ্গ মঙ্গলময়ী বিদ্যালয় | ২০,০০০ |
| (খ) তফসিলী জাতি ছাত্রী বিদ্যালয়ের নাম | |
| (১) শ্রী বোরা গার্লস হাই স্কুল | ৫৭,১৫০ |
| (২) শ্রীরামপুর উত্তমাসুন্দরী গার্লস স্কুল | ৪৮,০০০ |
| (গ) তফসিলী উপজাতি ছাত্র বিদ্যালয়ের নাম | |
| (১) শিলদা রাধাচরণ ইনস্টিটিউসন | ২০,০০০ |
| (২) মহাপাল শ্রী বিদ্যাপীঠ | ২০,০০০ |
| (৩) চন্দ্রী চন্দ্রশেখর হাই স্কুল | ২০,০০০ |
| (৪) কালিয়াপাড়া রামকৃষ্ণ বিদ্যাভবন | ২০,০০০ |
| (ঘ) তফসিলী উপজাতি ছাত্রী বিদ্যালয়ের নাম | |
| (১) এড়গোদা নিত্যানন্দ বিদ্যায়তন | ২৪.০৮০ |
| (২) নচীপুর আদিবাসী হাই স্কুল | ৩৯,৬০০ |
| (৩) নয়াগ্রাম থানা বালিকা বিদ্যালয় | ৩৯,১৫০ |

১৯৮৪-৮৫

| | |
|---|---|
| (ক) তফসিলী জাতি ছাত্র বিদ্যালয়ের নাম | |
| (১) বিষ্ণুদাসপুর বিবেকভারতী বিদ্যামন্দির | ২০,০০০ |
| (২) ধান্যশোল জগদাময়ী সৎসঙ্গ মঙ্গলময়ী বিদ্যালয় | ২০,০০০ |
| (খ) তফসিলী উপজাতি ছাত্রী বিদ্যালয়ের নাম | |
| (১) চন্দ্রী চন্দ্রশেখর হাই স্কুল | ২০,০০০ |
| (২) কালিয়াপাড়া রামকৃষ্ণ বিদ্যাভবন | ২০,০০০ |

(গ) তফসিলী উপজাতি ছাত্রী । বিদ্যালয়ের নাম

| | | |
|---|---|---|
| (১) | নচিপুর আদিবাসী হাইস্কুল | ৩৯,৬০০ |
| (২) | নয়াগ্রাম থানা বালিকা বিদ্যালয় | ৩৯,১৫০ |
| (৩) | মেদিনীপুর সেন্ট্রাল হোস্টেল | ৩,৮৭,০০০ |

(ঘ) তফসিলী জাতি ছাত্রীদের হোস্টেল নির্মাণের জন্য কোন বিদ্যালয়ের অনুদান দেওয়া হয়নি।

## POLITICAL MURDERS

**199.** (Admitted question No. 2046.) **Shri Gyan Singh Sohanpal :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state —

(a) the name of the district where the highest number of murders were committed for political reasons between 1977 and 1984.

(b) the names of the districts which occupied the second and third place in this regard ; and

(c) the steps taken by the Government to bring down the number of murder and the results thereof ?

**Minister-in-charge of the Home (Police) Department :**

(a) 24-Paraganas.

(b) (i) Burdwan and (ii) Murshidabad.

(c) Specific cases were started over the incidents of murder and the police have been asked to the vigilant

## গো-পালন কর্মসূচী

২০০। (অনুমোদিত প্রশ্ন নং ২১৮৯।) **শ্রী সুভাষ মাহাতো এবং শ্রী কাশীনাথ মিশ্র :** পশুপালন ও চিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) পশ্চিমবাংলার কোন কোন জেলায় বিশেষ গো-পালন কর্মসূচী গ্রহণ করা হয়েছে;

(খ) উক্ত গো-পালন কর্মসূচীর মাধ্যমে বিভিন্ন জেলায় কত সংখ্যায় সংকর গরু পালন হইতেছে;

(গ) গো উন্নয়ন প্রকল্পগুলির উন্নয়নের জন্য ১৯৮৩-৮৪ ও ১৯৮৪-৮৫ সালের আর্থিক বছরে কেন্দ্রীয় সরকার কত পরিমাণ আর্থিক সাহায্য করেছেন;

(ঘ) (১) সপ্তম যোজনাতে গো-উন্নয়নের জন্য কি কি পরিকল্পনাগুলি গ্রহণ করা হয়েছে,

(ঙ) (১) বাঁকুড়া জেলায় গো-উন্নয়ণ পরিকল্পনাগুলি কার্যকরী না হওয়ার কারণ কি?

(২) ১৯৮৪-৮৫ সালের বাবত অর্থের বরাদ্দ কত এবং উক্ত গো-উন্নয়ন খাতে কি কি বাবত অর্থব্যয় হয়েছে?

**পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) [illegible] বিশেষ পশুপালন প্রকল্পের আওতায় বিশেষ গো-পালন কর্মসূচী নিম্নোক্ত জেলাগুলিতে গ্রহণ করা হয়েছে :-

দার্জিলিং, মালদহ, পশ্চিম দিনাজপুর, মুর্শিদাবাদ, নদীয়, বর্ধমান এবং হুগলী।

(খ) উক্ত বিশেষ গো-পালন কর্মসূচীর মাধ্যমে ১৯৮৫ সালের জানুয়ারী পর্যন্ত বিভিন্ন জেলাগুলিতে মোট ৭,৪৭৭ টি সংকর গরু পালন হচ্ছে।

(গ) গো উন্নয়ন সহ গবাদি পশু সম্প্রসারণ সম্পর্কিত প্রকল্পগুলির উন্নয়নের জন্য ১৯৮৩-৮৪ ও ১৯৮৪-৮৫ সালের আর্থিক বৎসরে কেন্দ্রীয় খাতে অর্থসাহায্যের পরিমাণ যথাক্রমে ২০.২৩লক্ষ টাকা ও ৩৪.৫৬ লক্ষ টাকা (১৯৮৪-৮৫ সালের কেন্দ্রীয় সাহায্য খাতে প্রাপ্ত টাকার মধ্যে খরাপ্রবণ এলাকা উন্নয়ন প্রকল্প বাবত প্রাপ্ত টাকা স্পিল-ওভার ফাণ্ড সহ বরাদ্দ হয়েছে)।

(১) সপ্তম যোজনাতে গো উন্নয়নের জন্য নিম্নলিখিত প্রকল্পগুলি চালু করার প্রস্তাব হয়েছে :-

(অ) মুর্শিদাবাদ ও হুগলী জেলায় নিবিড় গো-উন্নয়ন প্রকল্প স্থাপন।

(আ) কেন্দ্রীয় রাজ্য সরকারের সহযোগিতায় বিশেষ গো-পালন কর্মসূচী চালু করা।

(ই) যাতায়াতের অসুবিধার জন্য যেসব এলাকায় কৃত্রিম গো-প্রজননের কাজ সম্প্রসারণ করা সম্ভব হয়ে ওঠেনি, সেসব এলাকায় পঞ্চায়েতের মাধ্যমে খামারীদের বিনামূল্যে মহিষ ও সংকর জাতের ষাঁড় বিতরণের দ্বারা গরু-মহিষের উন্নয়ন।

(ঈ) উপযুক্ত জমি এবং কেন্দ্রীয় আর্থিক অনুদান পেলে বীরভূম অথবা বাঁকুড়া কিংবা পুরুলিয়া জেলায় একটি হিমায়িত গো-বীজ সংরক্ষণ কেন্দ্র স্থাপন।

(উ) জলপাইগুড়ি ও শিলিগুড়ির নিবিড় গো-উন্নয়ন প্রকল্পভূত এলাকায় হিমায়িত গো বীজের দ্বারা গো-প্রজনন (পশ্চিমবঙ্গ দুগ্ধ উৎপাদন ফেডারেশনের সহায়তায়, এই কর্মসূচী রূপায়িত হবে)।

(ঊ) চব্বিশ পরগণার গোটা সুন্দরবন এলাকায় গো-উন্নয়নে হিমায়িত গো-বীজের দ্বারা সংকর প্রজনন।

(ঋ) বর্ধমানে রসুলপুর ফডার ফার্মে একটি ডেয়ারী প্রদর্শন খামার স্থাপন।

(ঌ) গো-প্রজনন কর্মোদ্যোগে কাস্টম সার্ভিস মারফত গ্রামের বেকার যুবকদের কর্মসংস্থান।

(এ) খামারীদের ঘরে ঘরে কৃত্রিম গোপ্রজননের সুযোগ তৈরী ও তৎসহ প্রতিপান সম্পর্কিত অন্যান্য সুযোগ সৃষ্টির উদ্দেশ্যে ভ্রাম্যমান ইউনিট চালু করা।

(ঐ) কেন্দ্রীয় ও রাজ্য সরকারের সহায়তায় প্রান্তিক চাষী, ক্ষুদ্র চাষী ও ক্ষেতমজুরদের আর্থিক স্বয়ম্ভরতার জন্য মাঝারী আকারের গরু ও মহিষের খামার স্থাপন।

(ও) কৃষক ও গো-খামারীদের মধ্যে গো-উন্নয়ন সম্পর্কিত কর্মসূচী রূপায়ণের জন্য মোট ১,৫৯১ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব দেওয়া হয়েছে।

(ঙ) (১) বাঁকুড়া জেলার গো-উন্নয়ন পরিকল্পনাগুলি কার্যকরী না হওয়ার প্রশ্নটি তথ্যভিত্তিক ও যথার্থ নয়। বরং এই জেলায় গো-উন্নয়ন প্রকল্পগুলি আরও জোরদার করা হয়েছে। অর্থনীতিতে দুর্বল ছোট খামারী, প্রান্তিক চাষী, খেতমজুর, তফসিলী ও উপজাতি সম্প্রদায়ের অর্থনৈতিক উন্নয়নে গো-উন্নয়ন কর্মসূচী আরও সম্প্রসারণ করা হয়েছে।

এই প্রসঙ্গে একটি তথ্যমূলক পরিসংখ্যান দেওয়া হল :—

বাঁকুড়া জেলার গো-উন্নয়ন কর্মসূচীতে

| | ১৯৭৬-৭৭ সাল পর্যন্ত | ১৯৮৪-৮৫ সালপর্যন্ত |
|---|---|---|
| ১। কেন্দ্রীয় গো-বীজ সংগ্রহ ও সংরক্ষণ কেন্দ্র | ১টি | ৩টি |
| ২। গো প্রজনন কেন্দ্র | ৪০টি | ৬৯টি |
| ৩। গো প্রজননের সংখ্যা (বার্ষিক) | ৫,৭৫৯ | ১৩৪৯৯ (ফেব্রুয়ারী ১৯৮৫ পর্যন্ত) |
| ৪। ডেয়ারী প্রদর্শন খামার স্থাপন - | ১টি | |
| ৫। খরাপ্রবণ এলাকা উন্নয়ন ও উপজাতি উন্নয়নের প্রকল্পের আওতায় ২টি গরুর হাউস ডেয়ারী স্থাপন | ১৬টি | ১০৫টি |

(ঙ) (২) ১৯৮৪-৮৫ সালের অর্থের বরাদ্দ ২১,৯৫.৬৬৮.৫৮ পয়সা (খরাপ্রবণ এলাকা উন্নয়ন প্রকল্প সহ।

উক্ত অর্থ নিম্নলিখিত সর্মসূচী রূপায়ণ বাবদ ব্যয় হয়েছে :—

(অ) কেন্দ্রীয় গো-বীজ সংগ্রহ ও সংরক্ষণ কেন্দ্র, বাঁকুড়া, রঞ্জিতপুর এবং বিষ্ণুপুর।

(আ) ডেয়ারী ক্যাটল ডেভেলপমেন্ট ব্লক।

(ই) কৃত্রিম গোপ্রজন কেন্দ্র ও উপকেন্দ্র।

(ঈ) কৃত্রিম গোপ্রজনন কেন্দ্রে/উপকেন্দ্র (এন কে ভি / এক্সপ্যানসান এবং ইনটেনসিফিকেশান।)

(উ) ডেয়ারী প্রদর্শন খামার, রঞ্জিতপুর।

(ঙ) ইনটেনসিফিকেশান অব এ আই ওয়ার্ক।

(ঋ) যাঁড় বিতরণ ও খোরাকী সরবরাহ।

**বসিরহাট মহকুমা আদালতে বিচারাধীন মামলা**

**২০১। (অনুমোদিত প্রশ্ন নং ২২৬০।) শ্রী গণেশ চন্দ্র মণ্ডল :** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বসিরহাট মহকুমা আদালতে বর্তমানে কতজন বিচারক আছেন;

(খ) সর্বশেষ তথ্যনুযায়ী ঐ আদালতে কতগুলি মামলা বিচারাধীন রয়েছে; এবং

(গ) ঐ সকল মামলা দ্রুত নিষ্পত্তির জন্য অতিরিক্ত কোন বিচারক নিয়োগের বিষয় সরকার বিবেচনা করছেন কি ?

**বিচার বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ৬ই জুন।

(খ) ১৯৮৪ সালের সেপ্টেম্বর মাস পর্যন্ত বিচারাধীন দেওয়ানী মামলার সংখ্যা ৪,৭৬২টি এবং ১৯৮৫ সালের জানুয়ারী মাস পর্যন্ত বিচারাধীন ফৌজদারী মামলার সংখ্যা ৭,০৯৮টি।

(গ) হাইকোর্টের সুপারিশ পাওয়া না গেলে বিষয়টি বিবেচনার প্রশ্ন ওঠে না।

**মুর্শিদাবাদ জেলায় রেজিষ্ট্রীভুক্ত বেকার**

**২০২। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৯৮।) শ্রী নুরুল ইসলাম চৌধুরী :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৭৭ সাল হইতে মুর্শিদাবাদ জেলা কর্ম বিনিয়োগ কেন্দ্রে কতজন বেকার যুবক নাম রেজিষ্ট্রীভুক্ত করিয়াছেন (সনওয়ারী হিসাব);

(খ) উক্ত জেলায় ১৯৮২-৮৩, ১৯৮৩-৮৪ ও ১৯৮৪-৮৫ সালে কতজন রেজিষ্ট্রীকৃত বেকার যুবক চাকুরী পাইয়াছেন;

(গ) ১৯৮৪-৮৫ মুর্শিদাবাদ জেলা সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক কর্মচারী নিয়োগের জন্য কতজন প্রার্থী আবেদন করিয়াছিলেন এবং

(ঘ) উক্ত আবেদন পত্রগুলি বিবেচিত হইয়াছে কি ?

**শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ১৯৭৭ সাল হইতে ১৯৮৪ সালের ডিসেম্বর মাস পর্যন্ত মুর্শিদাবাদ জেলার কর্ম বিনিয়োগ কেন্দ্রগুলিতে রেজিষ্ট্রীকৃত হইয়াছেন এমন কর্মপ্রার্থী সংখ্যা নিম্নরূপ :-

| | |
|---|---|
| ১৯৭৭ | ২৩,১৮৮ |
| ১৯৭৮ | ৩০,৬২৮ |
| ১৯৭৯ | ৩৩,৪১৬ |
| ১৯৮০ | ২৫,৪৪৬ |

| | |
|---|---|
| ১৯৮১ | ১৯,৭০৫ |
| ১৯৮২ | ২৫,৭৫৭ |
| ১৯৮৩ | ২১,৯৫৩ |
| ১৯৮৪ | ১৮,৮৬৪ |
| মোট | ১,৯৮,৯৫৭ (প্রভিশন্যাল) |

(খ)

| সন | চাকুরীপ্রাপ্ত বেকার যুবকের সংখ্যা |
|---|---|
| ১৯৮২-৮৩ | ৩০০ |
| ১৯৮৩-৮৪ | ৩১৪ |
| ১৯৮৪-৮৫ | ২৩৮ |
| | ৮৫২ (প্রভিশন্যাল) |

(গ) এবং (ঘ) তথ্য সংগ্রহ করা হচ্ছে।

**নদীয়া জেলায় সরকারী উদ্যোগে মাছচাষ প্রকল্প**

২০৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৩১।) **শ্রী চিত্তরঞ্জন বিশ্বাস ঃ** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৮৫-৮৬ আর্থিক বৎসরে নদীয়া জেলায় সরকারী উদ্যোগে মৎস্যচাষক্ষেত্র ও চালু মৎসচাষক্ষেত্রগুলির সম্প্রসারণ, উন্নয়ন ইত্যাদি ব্যাপারে কি কি প্রকল্প বিবেচনা করেছেন;

(খ) ১৯৮৪-৮৫ সালে ঐ জেলায় মোট কত টন মাছ উৎপন্ন হইয়াছে; এবং

(গ) (১) উক্ত জেলার কতগুলি ব্লকে মৎস্য সম্প্রসারণ অধিকারীক নেই; আধিকারিকের শূণ্য পদগুলি পূরণ করা হবে কি, এবং (২) সরকারী প্রকল্পগুলি দ্বারা নদীয়া জেলার কত শতাংশ মৎস্যজীবী উপকৃত হইতেছেন ?

**মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ১৯৮৫-৮৬ সালে নদীয়া জেলার সরকারী উদ্যোগে কোন নতুন মৎস্যচাষক্ষেত্র স্থাপনের পরিকল্পনা নাই। কয়েকটি চালু মৎস্যচাষক্ষেত্র যথা, কল্যাণী ফিস ফার্ম, শান্তিপুর ফিস ফার্ম এবং কৃষ্ণনগর ফিস ফার্মের উন্নয়নের পরিকল্পনা আছে।

(খ) ১৯৮৪-৮৫ সালে ঐ জেলায় মোট ৭০০ মেট্রিক টন মাছ হইয়াছে।

(গ) (১) নদীয়া জেলার করিমপুর ২নং ব্লকটিকে ফিসারি ব্লক হিসাবে গণ্য না করায় ঐ ব্লকে কোন মৎস্য সম্প্রসারণ আধিকারিক নাই। ঐ জেলার অন্যান্য ব্লকের মধ্যে একটিতে মৎস্য সম্প্রসারণ আধিকারিক পদত্যাগ করায় ঐ পদটি খালি আছে। শূণ্য পদটি শীঘ্রই পূরণ হইবে। (২) মৎস্যচাষের সরকারী প্রকল্পগুলির দ্বারা নদীয়া জেলার ষাট শতাংশ মৎস্যজীবী উপকৃত হইতেছেন।

## পি জি বি টি কলেজ

**২০৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৫১৯।) শ্রী যোগীলাল মণ্ডল :** শিক্ষা (উচ্চতর) বিভাগের [illegible] অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) পশ্চিমবঙ্গে পি জি বি টি কলেজ কতগুলি এবং কোথায় কোথায়;

(খ) (১) উক্ত কলেজগুলির আসন সংখ্যা কত ; এবং

(২) কোন্ কোন্ শ্রেণীর জন্য কতগুলি আসন সংরক্ষিত আছে;

(গ) উত্তরবঙ্গে নূতন কোন পি জি বি টি সরকারী কলেজ খোলার পরিকল্পনা আছে কি না; এবং

(ঘ) কোন বেসরকারী প্রতিষ্ঠান এই প্রকার কলেজ প্রতিষ্ঠা করতে আগ্রহী হইলে এই ব্যাপারে সেই প্রতিষ্ঠান কোন সরকারী সাহায্য পাইবেন কিনা?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) পশ্চিমবঙ্গে পি জি বি টি কলেজ দুইটি, একটি ২৪পরগণা জিলার বাণীপুরে এবং অপরটি ঐ জিলার রহড়ায়।

(খ) (১) উক্ত কলেজগুলিতে মোট আসন সংখ্যা ২৩০ (বাণীপুরে ১৩০ এবং রহড়ায় ১০০) এবং (২) তফসিলী জাতির প্রার্থীর জন্য ৩৫টি (বানীপুরে ২০টি ও রহড়ায় ১৫টি) এবং তফসিলী উপজাতির প্রার্থীর জন্য ১২টি (বাণীপুরে ৭টি ও রহড়ায় ৫টি) আসন সংরক্ষিত আছে।

(গ) উত্তরবঙ্গে নূতন কোন পি জি বি টি কলেজ (সরকারী বা বেসরকারী) খোলার কোন পরিকল্পনা আপাতত নাই।

(ঘ) যদি কোন বেসরকারী প্রতিষ্ঠান এই প্রকার কলেজ প্রতিষ্ঠা করতে আগ্রহী হয়, তাহা হইলে যে অঞ্চলে এই প্রকার কলেজ প্রতিষ্ঠা করার জন্য আগ্রহ প্রকাশ করা হইবে সেই অঞ্চলের পরিবেশ এই রাজ্যের বিদ্যালয়গুলিতে পি জি বি টি প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষকের প্রয়োজনীয়তা এবং সরকারী আর্থিক সামর্থের পরিপ্রেক্ষিতে সরকারী সাহায্যদানের কথা বিবেচনা করা হইবে।

## ভেটেরিনারী এইড সেন্টারকে ভেটেরিনারী ডিসপেনসারীতে রূপান্তরকরণ

**২০৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৭০৫।) শ্রী সুভাষ গোস্বামী :** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৮৩-৮৪ ও ১৯৮৪-৮৫ সালে এই রাজ্যের কতগুলি ভেটিরিনারী এইড সেন্টারকে ভেটেরিনারী ডিসপেন্সারীতে রূপান্তরিত করা হইয়াছে ; এবং

(খ) বর্তমানে রাজ্যে কতগুলি পশুচিকিৎসকের পদ খালি আছে?

**পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় : (ক)** উক্ত সময়ে এই রাজ্যের কোন ভেটেরিনারী এইড সেন্টারকে ভেটেরিনারী ডিসপেনসারীতে রূপান্তর করা হয় নাই।

(খ) ১৫৯টি।

## BERHAPORE CENTRAL JAIL ADVISORY COMMITTEE

**206.** (Admitted question No. 2716.) **Shri ATAHAR RAHAMAN and Shri HAZARI BISWAS :** Will the Minister-in-charge of the Home (Jails) Department be pleased to state —

(a) whether the Advisory Committee of Berhampore Central Jail has been constituted;

(b) if so, how many members are in the State Committee (please state the names and identity) ; and

(c) how many meetings have been held from June 1977 to up to date ?

**Minister-in-charge of the Home (Jails) Department :**

(a) No.

(b) and (c) Do not arise.

## ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today I have received one notice of Adjourment Motion from Shri Kashinath Misra on the subject of pollution of drinking water supplied in Calcutta and other towns in West Bengal. The subject matter of the motion does not call for adjournment of the business of the House. The Member may draw the attention of the Minister concerned through Calling Attention, Mention, Question.

I, therefore, withhold my consent to the motion. The Member, may however, read out the text of his motion as amended.

**শ্রী কাশীনাথ মিশ্র :** মিঃ স্পীকার স্যার, প্রস্তাবটি হল - জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবী রাখছেন।

কলকাতা শহরতলীসহ পশ্চিমবাংলার শহরাঞ্চলের পানীয় জল সরবরাহকারী জলের ট্যাঙ্কগুলিতে যে সব নোংরা ও পচা জীবজন্তু জলের মধ্যে ভাসতে থাকে তাতে বহু জীবাণু পানীয় জলের মধ্যে চলে আসে, নর্দমা, মলমূত্র নিষ্কাশনকারী পাইপ গুলি পাণীয় জল সরবরাহকারী পাইপগুলি একই সাথে পাশাপাশি বসান থাকে। বেশীর ভাগ পানীয় জলের পাইপ নষ্ট হয়ে গেছে বা পাইপগুলি কাঁচা ড্রেন এবং নর্দমার সঙ্গে যুক্ত। ঐ ছিদ্রযুক্ত পাইপ দিয়ে নোংরা জলও পানীয় জলে প্রবেশ করে জলকে দূষিত করে। এ ব্যাপারে পৌরসভাগুলি ছিদ্রযুক্ত পাইপগুলি পরিবর্ত্তনের কোন ব্যবস্থা না করায় এই বিপত্তি।

## Calling Attention to Matters of Urgent Public Importance

**Mr. Speaker :** I have received three notices of Calling Attention, namely :-

| | |
|---|---|
| 1. Alleged Assault of Shri Santosh Kumar Das, Ex-MLA of Gangadharpur, Panchla and Shri Lakshmipada Dhara, Gram Pradhan of Joynagar Gram Panchayat by Circle Inspector of Police, Sankrail and Addl. S.P.. Howrah on 18.4.85. | Attention called by Shri Rabindra Ghosh and Shri Gourhari Adak. |
| 2. Reported death of three persons in Basirhat from clash between Naxalities and common people | Attention Called by Shri Anil Mukherjee. |
| 3. Tension prevailing at Lilua P.S. over murder of one Badal Chow dhury on 21.4.85. | Attention called by Shri Asok Ghosh. |

I have selected the notice of Shri Rabindra Ghosh and Shri Gourhari Adak on the subject of 'Alleged assault of Shri Santosh Kumar Das, ex-MLA of Gangadharpur, Panchla and Shri Lakshipada Dhara, Gram Prodhan of Joynagar Gram Panchayat by Circle Inspector of Police, Sankrail and Addl. S.P. Howrah on 18.4.85. The Minister-in-charge will please make a statement today, if possible, or give a date.

**Shri Benoy Krishna Chowdhury :** ২ তারিখ।

Presentation of Report on the unfinished work of the Committee on Public Undertakings, 1984-85.

**The Chairman (Shri Kamal Sarkar)** : Sir, I beg to present the Report on the Unfinished work of the Committee on Public Undertakings, 1984-85.

## LAYING OF REPORTS

The Annual Reports for the years 1981-82, 1982-83 and 1983-84 and Budget estimates for the years 1982-83 and 1983-84 of the West Bengal Scheduled Castes and Scheduled Tribes Development and Finance Corporation.

**Shri Patit Paban Pathak :** Sir, with your permission I beg to lay the Annual Reports for the years 1981-82, 1982-83 and 1983-84 and Budget Estimates for the years 1982-83 and 1983-84 of the West Bengal Scheduled Castes and Scheduled Tribes Development and Finance Corporation.

**Shri Kashinath Misra :** স্যার, আমার একটা পয়েন্ট অব অর্ডার আছে। The West Bengal Scheduled Castes and Scheduled Tribes Development and Finance Corporation Bill, 1976. এর মধ্যে বলা আছে যে A copy of the budget shall be placed before the State Legislature as soon as may be after the budget has been approved by the State Government.

এটা স্যার, ক্লিয়ার বলা আছে। এখানে আমরা দেখতে পাচ্ছি যে এই প্রভিসানস্ ফলো করা হচ্ছে না। কেননা, ১৯৮২-৮৩ এবং ১৯৮৩-৮৪ সালের যে বাজেট এ্যাপ্রুভ হয়ে গেছে, এখন এপ্রিল মাস চলছে - এখন এটা প্লেস হচ্ছে। এর মধ্যে কিন্তু ভাব থেকে যাচ্ছে।

## The Annual Report of the West Bengal Pollution Control Board for the year 1983-84.

**Shri Bhabani Mukherjee :** Sir, I beg to lay the Annual Report of the West Bengal Pollution Control Board for the Year 1983-84.

**Mr. Speaker :** To-day is the guillotine day. Six members have approached me to mention in the zero hour. So, I request the honourable members to finish their mention within one minute.

**শ্রী কাশীনাথ মিশ্র :** স্যার, আমার বক্তব্য আপনার মাধ্যমে সমবায় দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়েব কাছে রাখতে চাই। বাঁকুড়া জেলাতে হোলসেল কনজুমার্স কো-অপারেটিভ প্রতিষ্ঠানটি হচ্ছে দীর্ঘদিনের একটি প্রতিষ্ঠান। এর মোট সম্পদের পরিমাণ ছিল ৪ কোটি থেকে ৬ কোটি টাকার মত এবং সেখানে ৪২ জন স্টাফ নিযুক্ত ছিলেন। ওখানে যে একজিকিউটিভ মেম্বাররা আছেন তাঁরা এবং একজিকিউটিভ অফিসার মিলিতভাবে উক্ত স্টাফের মধ্যে ১৮ জনকে বিনা কারণে সাসপেণ্ড করেছেন। এতবড় একটি প্রতিষ্ঠানকে এই সরকার গত ৭। ৮ বছর ধরে রক্ষা করতে পারলেন না। প্রতিষ্ঠানটি একেবারে ধূলিস্যাৎ হয়ে যেতে বসেছে। সেখানকার স্টাফকে সম্পূর্ণ বিনা কারণে কাজ থেকে বসিয়ে দেওয়া হয়েছে। আমি মাননীয় সমবায় দপ্তরের মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, তিনি যেন সমস্ত ঘটনা তদন্ত করে দেখেন এবং অবিলম্বে প্রতিষ্ঠানটিকে রক্ষা করার ব্যবস্থা গ্রহণ করেন। এই

দাবী আমি সমবায় দপ্তরের মাননীয় মন্ত্রী সহ সমগ্র মন্ত্রীমণ্ডলীর কাছে জানাচ্ছি।

**শ্রী বিভূতি ভূষণ দে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের নিকট একটি খুব গুরুতর বিষয়ের উল্লেখ করতে চাই। মেদিনীপুর জেলার নারায়ণগড় ব্লকের বেলদাতে যে প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র আছে, সেই স্বাস্থ্য কেন্দ্রের একজন সরকারী কর্মচারী বেশ কিছু টাকা আত্মসাৎ করেছে। এই ব্যাপারে একটা রেজোলিউশান গ্রহণ করে মেদিনীপুর সদরে জানানো হয়। পরে এই ব্যাপারে একটা রেজোলিউশান গ্রহণ করে মেদিনীপুর সদরে জানানো হয়। পরে এই ব্যাপারে মেদিনীপুর জেলার সি.এম.ও.এইচ এবং ডেপুটী সি.এম.ও.এইচ. এনকোয়ারী করেন। কিন্তু বিষয়টি ধামাচাপা পড়ে যায়। এরপরে আমরা বিষয়টি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর নজরে আনি। একটা স্বাস্থ্যকেন্দ্রের একজন কর্মী সরকারী টাকা তছরূপ করলেন এবং এনকোয়ারীও যথারীতি হল: এ্যাসিস্ট্যান্ট ডাইরেক্টর অফ হেলথ্ সার্ভিসেস্, তিনি নিজে সেখানে গেলেন। সেই সময়ে ভিজিটিং কমিটির সমস্ত সদস্য, সভাপতি, বি. ডি. ও., এম. এল. এ. সবাই সেখানে ছিলাম। সেখানে যথারীতি এনকোয়ারীও হয়েছিল। আজ অনেক দিন হয়ে গেল, অথচ কোন রিপোর্ট পাওয়া গেল না। আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আবেদন জানাই, একজন সরকারী কর্মচারী কি করে সরকারী টাকা আত্মসাৎ ও তছরূপ করার পরেও বহাল তবিয়তে কাজ করতে পারেন, এই ব্যাপারে যথারীতি ব্যবস্থা যেন গ্রহণ করার ব্যবস্থা তিনি করেন। বিষয়টি জনস্বার্থের সঙ্গে সংশ্লিষ্ট। যদি সংশ্লিষ্ট ব্যক্তি দোষী সাব্যস্ত হন, তাহলে অবিলম্বে তার শাস্তির দাবী করছি। এই বিষয়ে আর দেরী করা বোধহয় ঠিক হবে না।

**[2.10 – 2.20 p.m.]**

**শ্রী সত্যরঞ্জন বাপুলী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। চুঁচড়ায় পুলিশী এ্যাট্রসিটি কতদূর বেড়ে গেছে তা একবার মাননীয় অধ্যক্ষ মহাশয়কে বলেছিলাম। পুলিশ নিজে এখানে এমন ভূমিকা নিতে আরম্ভ করেছে যে মানুষকে আর মানুষ বলে জ্ঞান করতে চাইছে না। চুঁচড়ায় যেহেতু সি পি এমের বা সরকারী দলের লোক আছেন সেই জন্য সেখানে তাদের উপর যে অত্যাচার হয়েছিল বলে মন্ত্রী পতিত পাবন পাঠক মহাশয় নিজে এই বিষয়ে অগ্রণী হয়ে অংশগ্রহণ করেছেন। এটা আমার কথা নয়, এখানে বহুদিন ধরে নন গেজেটেড পুলিস এ্যাসোসিয়েশান এবং পুলিশ এ্যাসোসিয়েশানের মধ্যে একটা গণ্ডগোল চলছে। এই গণ্ডগোল চলার কারণ হচ্ছে এখানে একটা সব্জি বাজার আছে তার থেকে পুলিশরা টাকা তোলেন এবং এই ব্যাপারে ওই জেলার উর্দ্ধতন পুলিশ অফিসার পর্যন্ত জড়িত আছেন। এখানে এইভাবে পুলিশ বিশৃঙ্খলার সৃষ্টি করেছে, সেইজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে অনুরোধ করছি।

**শ্রী সুমন্ত কুমার হীরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে পরিবহণ মন্ত্রী তথা স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হ্যাকনে ক্যারেজ এ্যাক্ট্ এবং হ্যাকনে ক্যারেজ অফিস যেটা কলকাতার নাগরিক স্বার্থের সঙ্গে জড়িত সেখানে এই হ্যাকনে ক্যারেজ অফিসে দুর্নীতিতে ভরে গেছে। আপনার পুলার, রিক্সা ওনারবা এই সমস্ত অফিসে টাকা-পয়সা না দিয়ে বা ঘুষ না দিয়ে কোন লাইসেন্স বার করতে পারেন না। এর সঙ্গে এখানকার স্টাফেরা জড়িত হ্যাকনে ক্যারেজ অফিস এবং হ্যাকনে ক্যারেজ এ্যাক্ট সরলীকরণ সম্পর্কে ডেপুটেশান দেওয়া হয়েছিল। সেখানে যে এ্যাক্ট ইংরাজ আমলে তৈরী হয়েছিল সেই আইনই চলছে এবং এর কোন পরিবর্তন হয়নি। রিক্সা, ঠেলাগাড়ী প্রভৃতির ক্ষেত্রে রেজিস্ট্রেশান যাতে সরলীকৃত হয় সেইজন্য আমি অনুরোধ করছি

কারণ এই আইন ইংরাজ আমলে তৈরী হয়েছিল। এই আইনের রেজিষ্ট্রেশান ঠিকমত চলতে পারেনা এর সরলীকরণ করা দরকার।

**শ্রী সুব্রত মুখার্জী** : স্যার, কলকাতায় পার্ক বিক্রী হতে শুরু হয়ে গেছে, এই নিয়ে বহু বিতর্ক হয়েছে কিন্তু ইতিমধ্যেই কয়েকটি পার্ক বিক্রী করা হয়ে গেছে। এবং অলরেডি কনষ্ট্রাকশনের কাজ আরম্ভ হয়েছে। যেমন সত্যনারায়ণ পার্ক বিক্রী হয়ে গেছে এবং অলরেডী কনষ্ট্রাকশনের কাজ শুরু হয়ে গেছে সবচেয়ে মজার কথা হচ্ছে মাননীয় মন্ত্রী যখন ক্যালকাটা করপোরেশানের নির্বাচন ঘোষণা করেছেন এবং নির্বাচনের আর দেড়মাস যখন বাকী তখন কড অফ কনডাক্ট অনুসারে কোন কাজ করা যায় না। নির্বাচন হয়ে যাবার পরে জনপ্রতিনিধিরা আসুন তারপরে স্থিরীকৃত করবেন তারা যে পার্ক লিজ নেওয়া হবে কিনা বা বিক্রি করা হবে কিনা। সুতরাং কনট্রাক্টর লাগিয়ে গাছ কেটে ফেলে দেবেন এটা ঠিক নয়। এমন এনভায়োরেনমেন্টের যেখানে দীর্ঘ ১০।২০ বছর ধরে গাছগুলি রয়েছে সেগুলি কাটা ঠিক হবে না কারণ গাছগুলি অত্যন্ত মূল্যবান গাছ। এই সিদ্ধান্ত কার্য্যকরী এখনই করতে হবে, এটা ডিলেড করা সম্ভব নয়। সুতরাং আর ডিলে না করে অবিলম্বে এই বিষয়ে দৃষ্টি দিন।

**শ্রী রবীন্দ্র ঘোষ** : মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উলুবেড়িয়ায় স্টেশানের কাছে যে জলের ট্যাঙ্ক আছে সেই ট্যাঙ্ক অপরিষ্কার এবং এতে একফুট শেওলা পড়েছে এবং পোকা হয়েছে। এখানে রেলওয়ে কোয়ার্টারে যে সকল সরকারী কর্মচারী আছেন এবং রেল স্টেশানে কাছাকাছি যে সকল গ্রামবাসী বাস করে তারা ওই জল খান। ওই জল খেলে ফুড পয়েজন হতে পারে এবং জণ্ডিস রোগ হতে পারে। সেইজন্য ওই জলের ট্যাঙ্কটি পরিষ্কার করার দরকার তা না হলে নানা রকম রোগ দেখা দিতে পারে গ্রামবাসীদের এবং ওখানকার রেল কোয়ার্টারের লোকেদের। সুতরাং আপনার মাধ্যমে অনুরোধ করছি অবিলম্বে ওই রেল ট্যাঙ্কটি যাতে সংস্কার করা হয় তার ব্যবস্থা করুন।

**Dr. Zainal Abedin** : Sir, You are the guardian and custodian of the House. You know under the Left Front regime West Bengal has gone in deep red. We are being deprived. Today happens to be the last day voting on Demand for Grants and guillotine will fall some time later. We are the treasuries. In Parliament - at times we draw analogy to the proceedings of the Parliament - the next day verbatim proceedings of the members are made available to the members there.

Sir, here you are in the Chair for the last two and a half years. The same had been occupied by your predecessors from the same box for more than five years - not a day less, hot a day more. Again, we have the right to bring into notice the contradictions, to draw analogy and to prove that this Government is contradicting its policy. There are numerous instances. We have not been given the publication of the proceedings. We know, Sir, at times have been forced to close the proceedings of the House. Both you and we were annoyed because

the necessary order papers have not been placed on the table because the government printing machinery were at fault - (a) Inactive, (b) inert, and the governemt is conflicting us. Sir, it is our right to have this, and you cannot be mild on this charge because you are the hard task master at times and you have protected our right, and especially Sir, when we belong to the Opposition.

**Mr. Speaker :** Please, please, Dr. Zainal Abedin. There is a very old English proverb to say, "If you try to disfigure other's face you spoil your own face." This problem began in your Government when you were a minister. The problem started then and the proceedings was not being published when you were the minister and your learned friends, your hon'ble friend by your side - was Parliamentart Affairs Minister there. Now when I came into office I managed to get one issue of the publication of 1975. The problem has been that the Government of West Bengal Press have not been able to print the proceedings. But I have been pursuing on this for this and half years. I have been successful to manage to get Basumati to agree to print the proceedings, and already one instalment has gone to them. I can assure the members that there is no problem, and I am taking all steps in a shortest possible time that the proceedings are made available to the members. They have agreed to publishm, and the work is already started. We have sent one set for printing and I hope to be in a position in a short time to make deliveries of copies by instalments.

**Shri Subrata Mukherjee :** একটা দিন লেট করলে সমস্ত গাছ কাটা হয়ে যাবে। এখুনি একটা নির্দেশ দিন এবং এটা একটা সাধারণ ব্যাপার।

## LAYING OF REPORT

**Sixty first Report of the Business Advisory Committee.**

**Mr. Speaker :** I beg to present the sixtyfirst report of the Business Advisory Committee which at its meeting held in my Chamber today, the 23rd April, 1985 recommended the following revised programme of Business for the 25th April, 1985 and programme of Business for the 26th April, 1985:

| | |
|---|---|
| Thursday,25-4-85 | (i) The West Bengal Appropriatioon (No.2) Bill,1985 (Introduction, Consideration and Passing) – 3 hours. |

(ii) Discussion and voting on Excess Expenditure for 1974-75, 1975-76, 1976-77, 1977-78 – 2 hours.

Friday,26-4-85

(i) Motion under rule 185 regarding proposal to strengthen the Blood Donation Campaign - Notice given by Dr. Manas Bhunia, Shri Suniti Chattaraj, Shri Kripasindhu Saha, Shri Amalendra Roy and Dr. Haramohan Sinha – 1 hour.

(ii) Motion under rule 185 regarding proposal to protect the Water and Air Pollution - Notice given by Shri Kashinath Misra, Shri Dilip Majumdar, Shri Saral Deb and Shri Matish Ray – 1 hour.

(iii) Motion under rule 185 regarding measures for development of some nationalised cotton mills – Notice given by Amelendra Roy – 1 hour)

(iv) Motion under rule 185 regarding autonomy of Door Darshan and All India Radio - Notice given by Shri Jayanta Biswas, Shri Sumanta Kumar Hira, Shri Bhupal Panda and Shri Anil Mukherjee - 1 hour.

(v) Motion under rule 185 regarding expansion of Haldia Refinery - Notice given by Shri Lakshman Chandra Seth - 1 hour .

1. There will be no Questions for Oral Answer and Mention Cases on Thursday, the 25th April, and Friday the 26th April, 1985.

2. The House will sit at 12 noon on Thursday, the 25th April, 1985.

Now I request the Minister-in-charge of Parliamentary Affairs to move the motion for acceptance of the House.

**Shri Patit Paban Pathak :** মাননীয় স্পীকার মহাশয়, কার্য উপদেষ্টা কমিটির ৬১তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্যে সভায় প্রস্তাব উপস্থাপন করছি।

**Dr. Zainal Abedin :** Mr. Speaker, Sir, you have presented the report of the Business Advisory Committee. It is the decision of the B.A.Committee. Sir, the members have the right to move resolutions and it is a form of eliciting opinion of the House on certain matters. But, Sir, I would point out one thing that more than one month has passed that the session is going on. As a matter of fact, it is nearing two months. But we have not been given the opportunity of submitting our names to you for ballot for moving private members' resolutions. It is convention, Sir...............

**Mr. Speaker :** Yes, I will give you one day for that. But I would say that it may be a convention but during the Budget Session that right is not exercised. However, I will give you one day for this.

Now, I think the House agrees with the motion which the Minister-in-charge for Parliamentary Affairs has moved.

(Voices - Yes)

The Motion is adopted.

Now, Mrs. Renu Leena Subha.

**Shrimati Renu Leena Subha :** Sir, you have given me only two minutes. I am the one member of Gorkha League.

**শ্রী সুব্রত মুখার্জী ঃ** স্যার, আমাকে এক মিনিট বলতে দিতে হবে........

**শ্রীমতী রেনুলীনা সুব্বা ঃ** মিঃ স্পীকার, স্যার, আমি আপনার একটা গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে দৃষ্টি আকর্ষণ করতে চেয়েছি। আমাদের এখানে ৪ জন মন্ত্রী উপস্থিত আছেন, কমার্স এ্যাণ্ড ইণ্ডাষ্ট্রিজ মিনিষ্টারকে দেখছি না, তাঁকে দরকার ছিল।

(**শ্রী সুব্রত মুখার্জী ঃ** স্যার, আমাকে একটু সময় দিন, আমি কিছু বলতে চাই )

আমাদের দার্জিলিংএ কোন কটেজ ইণ্ডাষ্ট্রি নেই। আমাদের দার্জিলিং জেলাতে সিংকোনা প্ল্যান্টেশানের হেড অফিস আছে মংপুতে।

(**শ্রী সুব্রত মুখার্জী ঃ** স্যার, আমাকে বলতে দিতে হবে, আমি আমার বক্তব্য বলে যাচ্ছি।)

স্যার, আমি শুনেছি সেই ফ্যাক্টরী মংপু থেকে সরিয়ে কলকাতায় নিয়ে আসা হচ্ছে।

(**শ্রী সুব্রত মুখার্জী ঃ** স্যার,আমাকে বলতে না দিলে আমি বক্তব্য বলে যাব।

বক্তা তাঁর বক্তব্য বলিয়া যাইতে লাগিলেন।)

**Mr. Speaker :** Mr. Mukherjee, you please take your seat.

**Shrimati Renu Leena Subba :** Mr. Mukherjee, please take your seat. Why you are disturbing me ? Please sit down. What is this?

**Mr. Speaker :** Mr. Mukherjee, please take your seat. I am on my legs. You should keep in mind that Shrimati Subba is the lone member of Gorkha League. So, you whould not disturb her.

**শ্রীমতী রেনুলীনা সুব্বা :** স্যার, আমি যেকথা বলছিলাম আমি একটা চিঠি পেয়েছি, সেটা ইস্যু করেছেন প্রোজেক্ট কো-অর্ডিনেটর এ্যাণ্ড সায়েন্টিফিক অফিসার ডাঃ ডি.কে. চ্যাটার্জী। স্যার, আপনি জানেন দার্জিলিংএ কোন ইণ্ডাষ্ট্রি নেই, মংপুতে একটা কুইনাইন-এর ফ্যাক্টরী আছে যেটা ১৯১৮ সালে এষ্টাবলিসড্ হয়েছিল। সেখানে কুইনাইন তৈরী হয়, কুইনাইন থেকে কুইনোডাইন ওষুধ তৈরী হয়, সেই ওষুধ হার্ট ডিজিজে কাজে লাগে, হেলথ ডিপার্টমেন্টের কাছে নিয়ারলি এইট হানড্রেড রুপিজ এই ওষুধ বিক্রি হয় এবং বিদেশে বিক্রি হয়। এই চিঠিটা ইস্যু করেছেন প্রোজেক্ট কো-অর্ডিনটর এ্যাণ্ড সায়েন্টিফিক অফিসার ডাঃ ডি কে চ্যাটার্জী এবং ডাইরেক্টর অব সিংকোনা প্ল্যান্টেশান ডাঃ এস কে চ্যাটার্জীকে এ্যাড্রেস করে চিঠি দিয়েছেন। তার মধ্যে লেখা আছে গভর্ণমেন্ট অব ওয়েষ্ট বেঙ্গল কুইনাইন ফ্যাক্টরী সিফ্‌ট করে কল্যাণীতে নিয়ে যাওয়া হচ্ছে।

একথা শুনে দার্জলিংএর লোক খুব বিক্ষুব্ধ হয়েছে। আপনারা জানেন দার্জিলিং এ কোন ফাক্টরি নেই। কুইনাইনের এই একটি মাত্র পুরানো ফ্যাক্টরি সেখানে রয়েছে এবং যেটা গভর্ণমেন্ট ১ কোটি টাকা খরচ করে করেছে। ওখানে টেকনিক্যাল অফিসার রয়েছেন এবং এই ওষুধের [illegible] রয়েছে এবং এই ঔষধ ওখানে খুব ভালভাবেই তৈরী হচ্ছে। আমি শিল্পমন্ত্রীকে এখানে দেখছিলাম। আমি তাঁকে এই ব্যাপারে চিঠি দিয়েছিলাম কিন্তু কোন উত্তর পাইনি। দার্জিলিং -এ এই একটিমাত্র ইণ্ডাষ্ট্রি রয়েছে পশ্চিমবঙ্গ সরকারের অধীনে। কিন্তু কাউকে কিছু না জানিয়ে আপনারা কেন এই ইণ্ডাষ্ট্রিকে কল্যাণী বা কোলকাতায় শিফ্‌ট করছেন? আমি বলছি এই কাজ করলে দার্জিলিং - এ দারুণ এজিটেশন হবে। আমরা এই কারখানা কিছুতেই ওখান থেকে সিফট করতে দেব না।

## FINANCIAL

## Budget of the Government of West Bengal for 1985-86
## Voting of Demands for Grants

**Mr. Speaker :** To-day is the last day for voting on Demands for Grant. There are as many as 22 heads of Demands for Grants for disposal. In conformity with the previous practice and in pursuance of rule 209 (3) of Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I fix that the House will sit to-day upto 7.30 P.M. and I also fix that the Guilletine will fall at 6.30 p.m. Immediately after 6.30 p.m. I shall put all the outstanding questions to vote without any debate. I hope the members will try to be brief in their speeches.

Now Minister-in-charge of Home (Transport) Department may please move his demand.

**Demand No. 12**

Major Head : 241 - Taxes on Vehicles

**Shri Rabin Mukherjee :** Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 1,20,73,000 be granted for expenditure under Demand No. 12, Major Head : "241 - Taxes on Vehicles"

(This is inclusive of total sum of Rs. 20,13,000 Already voted on account in March, 1985)

2. Hon'ble Speaker, Sir, the aforeside Demand for expenditure is for running the Enforcement Organisation of the Home (Transport) Department in Calcutta and in the districts. Effective collection of Motor Vehicles taxes and fees, etc. depends to a great extent on this organisation. This organisation also enforces the provisions of the Motor Vehicles Act. the West Bengal Motor Vehicles Tax Act, and the Rules made thereundet, through different functionaties at the district level and in the Public Vehicles Deptt., Calcutta.

3. With three words, Sir, We would commend the Budget for consideration of the House.

**Demand No. 68**

Major Head : 335 - Ports, Lighthouses and Shipping.

**Shri Rabin Mukherjee :** Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 45,90,000 be granted for expenditure under Demand No. 68, Major Head : "335 - Ports, Lighthouses and Shipping"

(This is inclusive of total sum of Rs. 7,65,000 Already voted on account in March, 1985)

2. Hon'ble Speaker, Sir, the aforeside Demand for expenditure relates to the Inland Water Transport Wing of the Home (Transport)

Department. This wing consists of five branches, viz., (1) Pooling Section, (2) Government Dockyard, (3) Survey and Registration Section, (4) Examination Section and (5) Inland Water Transport

Crew Training Centre.

3. Thc Pooling Section looks after the maintenance, repair and unkeep of the pool vessels placed at the disposal of Director of the Wing and also with the district officers of reverine districts of the State. The Government Dockyard is entrusted with petty repairs of pool launches. In the Inland Water Transport Crews is imparted. Survey and registration of Inland vessels and conduct of examination of crews are other statutory functions of the I.W.T. Wing under I.S.V.Act.

4. The State Government in the Commerce and Industries Deptt.extends financial support in the shape of scholarships to the deserving candidates who are permanent residents of this state and undergoing training in the Marine Engineering College At Tarartala and in the Trainingship "Rajendra" at Bombay. The scholerships are granted to the sons and wards of the parents and gurdians who are unable to defray the entire espenses of the training. Every year 5 scholarships are granted for the cadets., of the Marine Engineering College and 10 scholarships for the cadets of the Training Ship "Rajendra".

5. With these words Sir , we would commend the Demand for consideration of the House.

**Demand No. 69**

Major Head : 336 - Civil Aviation

**Shri Rabin Mukherjee :** Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 39.04,000 be granted for expenditure under Demand No. 69, Major Head : "336 - Civil Aviation" during the year - 1985-86

(This is inclusive of total sum of Rs. 6,51,000 Already voted on account in March, 1985)

Hon'ble Speaker, Sir, the aforesaid Demand for expenditure is for running the Flying Training Institute at Behala. This Institute has been imparting training in aviation. on successful completion of the requisite flying hours and training, the trainees are given Private Pilots Licences and also commercial Pilots' Licenes. On account of

increasing cost of flying per hour a career in aviation is not within the easy reach of the young boy us and girls of the families of limited income. The State Government, therefore, grants six scholarships to such boys and girls every year for rendering some financial assistance to them. Out of the six scholarships one is awarded to a Schedules Caste trainee. The Government of India also awards seven scholarships to Scheduled Caste trainees.

3. With these words, Sir, We would commend the Budget for consideration of the House.

**Demand No. 71**

Major Head : 338 - Road and Water Transport Services, 538 - Capital Outlay on Road and Water Transport Services and 738 - Loans for Road and Water Transport Services

**Shri Rabin Mukherjee :** Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 67,90,56,000 be granted for expenditure under Demand No. 71 , Major Head : "338 - Road and Water Transport Services, 538 - Capital Outlay on Road and Water Transport Services and 738 - Loans for Road and Water Transport Services and 738 - Loans for Road and Water Transport Services".

(This is inclusive of total sum of Rs. 11,31,78,000 already voted on account in March, 1985)

While moving the aforesaiddemand we would like to state that it is becoming increasing evident that any complete solution to the transportation problem in Calcutta does not lie in increasing the availability of public transport alone. It is common experience now that while the availability of public transport has increased, the travel time has also increased. It is necessary now to take a closer look to identify the problems. Such an analysis alone will enable us to suggest remedial measures.

The available road space in Calcutta is only 6.5% against the international standard of 25-30%. Delhi has a road spsce of 22.6% and Bombay 11.5%. Even the low percentage of 6.5% in Calcutta is not fully available on account of Metro Railway construction. For the past few years the major arterial roads connecting north and South

Calcutta have been rendered largely unuseable on this account. The subsidiary roads are not wide enough and strong enough to take such heavy vehicular traffic now being diverted through them. The result has been deteriorating road conditions and inevitable traffic jams. There are, of course, other factors like encroachments by hawkers and other itinerant elements, slow-moving vehicles/rickshaws, and inadequate traffic management which further reduce vehicle mobility and efficiency. Besides, there is as yet no direct and continuing co-relation between urban forms and civic planning on the one hand, and transport planning on the other. There is an institutional framework within which such an inter-relation is possible and expected, but this has not proved to be very effective so far. The cumulative effective of all these factors is to reduce the mobility of buses and other public transport modes. and to increase their turn-around time.

It must be appreciated that, apart from the commuter load that the city's public transportation system has to bear in respect of passanger demand generated from within the Calcutta region, nearly 20 lakh commuters come to the city every day through the two major railway terminals at howrah and Sealdah, and have to be provided with other modes of transport to reach places of work. This apart nearly 200 trucks enter the city every day, and since the wholesale trading centre is located near the central business district, the limited circulation space available for public transport becomes furhther congested. The twin city complex of Calcutta and Howrah has today grown far beyond its original proportions, and the railway goods terminal at Chitpur, Cossipore, Kalighat and Shalimar are no longer lacated at the fringes of this urban comples. It has, therefor, become necessary not only to re-locate these terminals at these points. A scheme to set up a truck terminal at Kona in Howrah District, between N.H.-1 and N.H.-6, has been included in the Third Urban Development Project of the C.M.D.A., and land acqusition and development have already progressed considerably. It is important now for us to ensure that this terminal comes up. A long with the completion of the Kona Express way and the Second Hooghly Bridge. Similar truck terminals would also have to be set up at other locations on the outerlimits of the city at Dankuni, Sonarpur and on the E. M. By-Pass. Until these schemes are implemented, we cannot effectively

control the entry and movement of goods vehicles within the city, and to that extent must bear with the present relatively low productivity of public transport services.

As things stand, our efforts to improve the effectiveness of the public transport systemare are severely limited as much by the reduced circulation apace as by the multiplicity of overlapping transport modes. As many as 159 bus routes come to the central business district in Calcutta from different originating points within the city and outside it, as compared to only 20, or so in a city like London. It can easily be imaginated that in such a situation none of he public transport modes can optimise their productivity.

Besides factors such as those we have described, public transportaiton services in the city are subject to sudden and ucforeseen elements of disruption. In the first week of June, 1984 the torrential rain and water-logging in the city caused severe damage to 110 trams-289 State buses were immobilised in different depots and another 102 on the roads. On the 31st of October last year, after the tragic assassination of the Prime Minister, 6 State buses were totally burnt, 4 heavily damaged and 45 partially damaged. Similarly, 5 trams were severely damaged out of which 2 were completely burnt The total loss incurred on this account was approximately Rs. 35 lakhs.

We are aware thåt we have to work in the existing situation and that there is no certainty when the Metro Rail construction will be completed. We, therefore, propose to take up with our limited resources schemes to make the transport system more efficient and safe. The schemes will include intersection improvement, local widening, route modifications, addition and improvement of new links, introduction of transit bases, providing grade-separated pedestrian facilities, imposing traffic restrictions, improving street lighting, and removing unfage elements Calcutta region from roads. These schmes will, for the present, apply to the Greater Calcutta region. We have also taken note that the Metro and Circular Railways have started operating in sections. These railways are expected to expand to cover more arear in phases. As passengers will start using these lines in numbers, adequate facilities for them will be required to be provided. For this purpose, passenger dispersal facilities at Metro Stations and

*passenger access facilites to the Stations of Circular Railways are being planned.*

To strengthen the institutional framework of transport services in the city, we intend to reorganize and rationalize the Public Vehicles Directorate. The measures contemplated include modernization of data storage and retrieval systems, setting-up of model motor training school under Government control, and relocation of the administrative office and testing/inspection units. The Traffic and Transportation Directorate of the Department is also to be similarly streamlined, and its resources better utilized for reviewing the transport systems in Calcutta and elsewhere in the State, and for proding the necessary planning and technical back-up.

Another development which has put a severe strain on the transportation system is the increase in train fares. The following figures will make the position clear. The bus fare from Calcutta to Hasnabad is Rs. 2.30 only, whereas the train fare for the same distance is Rs. 5.00. Again, the bus fare from Calcutta to Basirhat is Rs. 1.85 only; whereas the train fare for the same distance is Rs. 4.00. Naturally, a large percentage of people who used to travel by train are now travelling by bus. This has put a severe strain on the bus service as the carrying capacity of bus service is very low compared to train service. If the exixting situation continues, the migration of passenger traffic from train to bus service will continue with all the attendent problems.

C.U.T.P.

C.T.C.: Apart from procurement of 75 new tram cars, 105 old tram cars have been specially renovated and 60 tram cars have been re-built under the Calcutta Urban Transport project. The work of modernisation of the Nonapukur Workshop is nearing completion. Repair and modification of the existing Depots termini are nearing completion. Renewal of about 85 K.M. Trolley wire out of 96 K.M. has been completed and the balance work will be completed shortly.

Renewal of 55 K.M. underground cables and 33 K.M. of communication cables has been completed. 526 Trolley poles have been replaced under this project. Three new auto Telephone Exchanges

have been set up to improve the communication system. A new sub-station at Raja Bazar has been set up for improving power supply. About 18 K.M. of tram tracks have been renewed. Lighting arrangements have been improved at the Esplanade comples as well as in the workshops and depots.

C. T. C. has present 83 trams cars which were procured before 1931. All these cars have outlived their period of utility and should be replaced. C. T. C. propose to take up renewal of 25 K.M.s of tram tracks and to repalce 130 K. M..s of overhead wire and overhead equepment in a phased manner.

For the first time since Independence, a new extension scheme of the tramways from Manicktala Ultadanga had been taken up for excution in the year 1983-84. The Service has since been opened. During the financial year 1985-86 second extension scheme from Behala to Joka will be taken up for excution. This scheme will be completed during the coming two years as an on-going project.

C. S. T. C.

The C. S. T. C have undertaken construction of a new Depot at Kasba and renovation of four of its Depots under the C. U. T. P. programme. While Kasba Depot is nearing completion, civil construction work of three Depots is almost complete and that of Paikpara Depot will be completed in 1985-86. With financial assistance under C.U. T. P. a new Unit Exchange shop has started functioning at Belgharia Central Workshop for quick and efficient repair and renovation of buses.

Under the State Plan Programme 70 new S. D. Bus Chases have been acquired for long distance routes. 60 of these are operating in various routes while bodies are being built on the remaining 10 chases. 61 old buses have been renovated and brought into operation in city routes. A programme has been drawn up to dispose of codemned buses in phases.

A new bus terminal at Ultadanga constructed under C. U. T. P. has been put into operation and some C. S. T. C. buses are operating from that terminus. Construction work of Dunlop Bridge bus terminus is being taken up. During the current financial year, the C. S. T.

C. intends to acquire 90 new S. D. bus chases and to renovate 100 old buses. Besides they intend to purchase float units worth Rs. 1 Crore. Civil engineering works, acquisition of plant and machinery, and other vehicles would account for an investment another Rs. 1.87 crores.

**Traffic Engineering**

In addition to this, infrastructural improvements such as widening of major traffic corridors like Dum Dum Road and B. T. Road, construction of bus termini and passenger shelters, have also been undertaken. Special passenger-shelters at B. B. D. Bag, Band Stand (Eden Gardens) and Howrah Station are proposed to be built. Work on improvement of the Gariahat Road, Hazra Road intersection and some bus terminating points, has also been taken up. Besides, work on opening up a limited North-South corridor along Canal West Bank Road, upto No. 4 Bridge, Park Circus, is being taken up under the Plan Budget, 1985-86.

**D. S. T. C.**

The Durgapur State Transport Corporation has introduced four new routes during 1984-85, of which three are long-distance and one township services. These long distance routes are (1) Durgapur to Ranaghat, (2) Durgapur to Lalgola, (3) Durgapur to Gorabari and in Township, Durgapur to Jamua. During 1985-86 the Corporation plans to acquire 20 new buses for replacement of its old and overaged buses. In the previous financial year the Corporation purchased 32 bus chasses.

**N.B.S.T.C.**

The North Bengal StateTransport Corporation has purchased 54 new bus chases during the previous financial year. The Corporation plans to acquire 100 new bus chasses during the year 1985-86 to strengthen its existing fleet.

Apart from the services rendered by the S.T.C.s and the C. T. C., private buses, as mentioned earlier, also play a vital role in passenger transport setvices in Calcutta and the districts. For instance, in the last two years, permits for 1133 private buses and 566 minibuses have been issued in the Calcutta region. The R. T. A., Calcutts region

(including 24-Paraganas) has approved 27 new routes for plying of stage carriages during 1984-85. permanent permits for 642 private buses and temporary permits for 77 private buses have been issued. Besides these, 65 temporary permits for mini buses, 86 temporary permits for contract carriages and 345 temporary permits for auto-rickshaws have been issued duting the previous financial year. These numbers could have increased even further, but for legal proceedings in and injunctions issued by the High Court.

In the districts too, there have been significant increases in the number stage carriage and mini buses plying in those regions. For example, 20 temporary and 16 permanent permits for stage carriages and 84 temporary and 4 permanent permits for mini buses have been issued in the district of Jalpaiguri. In the district of Bardhaman, 1475 temporary and 8 permanent stage carriage permits and 560 temporary permament mini bus pcrmits have been issued. Besides these, the S. T. A. has approved 8 inter-regional stage carriage routes within the State. It has also invited applications for grant of permits on (a) 11 inter state stage carriage between West Bengal and Orissa and (b) 9 inter state stage carriage routes between West Bengal and Bihar. Offer letters for plying of 6 air-conditioned stage carriage buses on theon the route Calcutta to Siliguri have been issued. Bus stands are also being built in a phased manner in the districts for the benefit of travelling public. Of these, bus stands at Suri, Bolpur, mathabhanga. Tufangunj and Purulia have been completed and work on bus stands at Tinkonia (Barddhaman), Katwa, Chuchura, Arambagh, Krishnanagar, Nabadwip, Ranaghat, Jhargram and Bagnan (Howrah) is going on. Proposals for expansion of Bolpur and Katwa bus stands and new bus stands at Rampurhat and Contai are under active consideration of the Government.

Speciall enforcement programmes were organised in Calcutta during the preiod from Nov. '84 to Feb. '85 to check smoke emission, use of air horns and violation of M. V. Act/Rules resulting in the detection 361 cases of violation. In the district of Howrah through similar enforcement programme 313 cases of violation were compounded. At the Banitabla check post 1937 cases of violation of provision of M. V. Act/Rules were detected during the period from October, 1984 to March, 1985. In other districts also similar

programmes were taken up. In all these cases the offences were compounded by realising fines, or the cases were sent to Court for trial. As a result of all these measures the totalcollection by way of realisation of taxes, fees, fines etc. during the last financial year will come to more than Rs. 33 crores, which is Rs. 8 crores more than the corresponding figures of the pervious year.

**F.T.I.:**

With the object of modernising flying training the Govt. have been trying for the past two years to acquire two Cessna aircrafts. Inspite of the earnest efforts on the part of the State Govt., the aircrafts could not be purchased so far owing to the reluctance of the Central Govt. to release the necessary foreign exchange. The Funds budgeted for the purpose have for the same reason, not been utilised for the last two financial years. WE are, however, still pursuing the matter with the Central Govt. Flying training is, of course, expensive and beyond the means of the poorer section of society. To open up and avenues for boys from poorer families, the introduction of an Aircraft Maintenance Engineering Course is being considered. This will need strengthiening of infrastructural facilities. Work on the improvement of such facilities in the F. T. I. will start during the current financial year.

**I.T.**

As I said Earlier, whatever efforts are made to improve the surface modes of transport can only lead to marginal improvement because of the low road surface area in the Greater Calcutta region. Fortunately,we have the river Hooghly which flows through the congested areas of Calcutta and Howrah. No concious and systematic effort was made earlier to utilise fully this natural waterway. We have already taken up a planned programme to develop inland waterways so that a complementary mode of transport is available to the people. This, being an energy- efficient mode of transport, has assumed even greater importance now.

The three passengers ferry services, namely, Howrah to Armenian Ghat, Howrah to Chandpal Ghat and Howrah to Baghbazar via Sovabazar have been operating for quite sometime now. These

servises have brought immense ralief to lakhs of people. Encouraged by public response, the terminal facilities at kutighat and at Fairlie Place have been completed and ferry services have started operating from them. The number of passengers availing themselves of the ferry services across the river Hooghly has reached a peak level of 1.30 lakh per day. We are now feeling the need for additional gangway at Chandpal Ghat and at Howrah Railway Station to ease Congestion. WE propose to take up construction of additional facilities at the above places during this year. Our objective is to set up an alternative mode of transport along and across the river Hooghly from Nazirgunge/Metiaburuz to Dakshineswar/belur. Necessary steps in this regard have been initiated.

The Naviagation Cell of the Inland Water Transport Wing of this Deptt. has undertaken the construction of 8 major jetties in the Sundarbans area to provide landing facilities to the travelling public, where water transport is the only means of communication. These jetties are located at Lot No. 8 (Kakdwip), Kachuberia, Chamaguru, Pathankhali, Hingulgunge, Sonakhali, Ramganga and Patharpratima. The construction of jetties in all the above places is complete except at Chamaguri, Ramganga, and Patharpratima. Besides these jetties, passenger shelters at Basanti, Gosaba, Pathankhali, Nezat and Sonakhali, Have been construced. Work on the construction of passenger shelters at Kachuberia is going on.

It is becoming more and more evident that for the effective and timely implementation of the schemes which we wish to undertake for expansion of Inland Water Transport Services, the present organisational set-up in this Wing of the department requires to be streamlined and strengthened. We have in the Navigation Cell the requisite technical skills and manpower which are not at present being fully utilised. We propose to integrate this Cell with therest of the Directorate and to ensure that this Derectorate functions as a full-fledged technical engineering unit, with balanced paining, requlatory and developmental functions, as well as a more responsive and quick acting system of implementation in respect of time-bound projects.

Until now we have been functioning from premises which belong to the Govt. of India which we have to give up in the near future.

The time has come whenwe must think of our own facilities on the river-front for repaires and maintenance of I.W.T. vessels, as well as the construction of vessels and landing facilities.

**Accident Benefit :** During the financial year under review we continued to give relief to victims of road accidents under the Accident Relief Scheme introduced in 1980.

Under the schemes, the legal heirs of victims involved in fatal accident received compensation of Rs. 2,000/- in each case and there are similar benefits given to injured person as well. We have disbursed Rs 20 lakhs under this scheme in 1984-85. There are further benefits available under the 'liability with/without faults''schemes under the Motor Vehicles Act, and the solatium funds schemes of the Government of India, in which we are a participant. The details of all this have been published in the form of a booklet in Bengali and circulated upto the gram Gram Panchayat level.

Of late, there has been a disturbing increase both in the number of road accidents, and in acts of Violence after such accidents. In many cases public vihicles, particularly buses, have been burnt and damaged and considerable loss of property taken place as a result. A road accident is no doubt unfortunate and the loss of life involved is tragic. But the destruction of public transport vehicles and dislocation of services is no answer, and we would appeal to our friends on both sides of the House to consider mobilising public opinion and urging restraint in this regard.

With these words, Sir, we beg to move that the demand for expenditure under Demand No. 71 be passed.

**[3.00 – 3.10 p.m.]**

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** অন এ পয়েন্ট অফ ইনফর্মেসান, মাননীয় অধ্যক্ষ মহাশয়, কয়েকটি টেলিগ্রাম পেলাম, একটা এসেছে সুন্দরবন অঞ্চলের পাথরপ্রতিমা মথুরাপুর থেকে, তাতে লেখা আছে এ্যাকিউট স্কেয়ারসিটি অফ ড্রিঙ্কিং ওয়াটার বীরভূম থেকেও অনুরূপ আর একটি টেলিগ্রাম এসেছে তাতেও লেখা আছে এ্যাকিউট স্কেয়ারসিটি অব ড্রিঙ্কিং ওয়াটার - পুকুর সমস্ত শুকিয়ে গেছে এবং সেখানে যে সমস্ত টিউবওয়েল পঞ্চায়েতের মাধ্যমে বসানো হয়েছিল, সেইগুলি সব চোক্‌ড হয়ে গেছে। সেই জন্য আপনার মাধ্যমে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, যাতে ঐ সুন্দরবন অঞ্চলে এবং বীরভূমে অবিলম্বে পাণীয় জলের ব্যবস্থা করা হয়।

**Demand No. 12.**

**Mr. Speaker :** There are three cut motions in Demand No.12 by Shri Kashinath Misra. All the cut motions are in oreder and taken as moved.

**Shri Kashinath Misra :** Mr. Speaker Sir, I beg to move that the amount of Demand be reduced to Re. 1/–

**Shri Kashinath Misra :** Mr. Speaker Sir, I beg to move that the amount of Demand be reduced to Rs. 100/–

**Demand No. 68.**

**Mr. Speaker :** There are no cut motions in Demand No.68.

**Demand No. 69.**

**Mr. Speaker :** There are no cut motions in Demand No. 69.

**Demand No. 71.**

**Mr. Speaker :** There are seven cut motions in Demand No. 71. Cut motion 1, 3 to 8 and 10 are in order and taken as moved. Regarding Cut Motion No. 2.and 9 they are not taken as moved as Shri Suniti Chattaraj and Shri Dhirendra Nath Sarkar are not present in the House.

**Shri Kashinath Misra :** Mr. Speaker, Sir, I beg to move that the amount of Demand be reduced to Re 1/–

**Shri Kashinath Misra :** Mr. Speaker Sir, I beg to move that the amount of Demand be reduced to Rs. 100/–

**Shri Abdul Mannan :** Mr. Speaker, Sir, I beg to move that amount of demand be reduced by Rs 100/-

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় স্পীকার মহাশয়, আমাদের পরিবহণ মন্ত্রী আজকে যে ব্যয় বরাদ্দের দাবী পেশ করেছেন, আমি তার বিরোধীতা করছি। আমি বুঝতে পারি না, কোন মুখে আজকে পরিবহণ মন্ত্রী তাঁর ব্যয় বরাদ্দের দাবী পেশ করেছেন। নির্লজ্জের মতো আজকে এই ব্যয়বরাদ্দের দাবী পেশ করতে যাওয়ার আগে তাঁর বোঝা উচিত ছিল আজকে পরিবহণ ব্যবস্থাটা কোথায় এসে দাঁড়িয়েছে। আজকে উনাকে পরিবহন মন্ত্রী না বলে ট্রান্সপোর্ট মিনিষ্টার না বলে ব্রেকডাউন মিনিষ্টার বললেই বোধহয় সাধারণ মানুষ, নিত্য যাত্রী, যাঁরা সরকারী পরিবহণ ব্যবস্থার সুযোগ নেন তারা খুশী হতেন। পশ্চিমবাংলায় ৮ বছর বামফ্রন্ট সরকারের রাজত্বে রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা যেগুলো রয়েছে, সেইগুলোকে রুগ্ন শিল্পে পরিণত করে ফেলেছেন।

বাংলার রূপকার ডাঃ বিধান চন্দ্র রায় যে স্বপন নিয়ে পশ্চিমবাংলার মানুষকে পরিবহণের সুযোগ দেবার জন্য নর্থ বেঙ্গল ষ্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন, দুর্গাপুর ষ্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশান এবং ক্যালকাটা ষ্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন প্রতিষ্ঠা করেছিলেন, আজকে আমাদের এই মন্ত্রী সভার হাতে পড়ে সেগুলি রুগ্ন শিল্পে পরিণত হয়েছে। এই জিনিস কেন হয়েছে ? আজকে যদি আমরা খতিয়ে দেখি তাহলে দেখবো যে তাদের দলবাজীর ফলে, দুর্নীতির ফলে এই প্রতিষ্ঠানগুলি নষ্ট হতে বসেছে।

লেফট ফ্রন্ট গর্ভনমেন্ট আসার পর থেকে আমরা যদি সি. সে. টি. সি নিয়ে আলোচনা করি তাহলে দেখবো যে এই সরকার ক্ষমতায় আসার পরে সি. সে. টি. সি.'র আইন পরিবর্তন করা হল। এই আইন পরিবর্তম করে একটা দলের বিধায়ককে সি. এস. টি. সি.'র চেয়ারম্যান করা হল। তিনি চেয়ারম্যান হওয়ার আগে যেখানে লোকসান ছিল, ভরতুকী দিতে হল ৩৩ কোটী টাকা। আর গত বছর সেই সি. এস. টি. সি. কে ভরতুকী দিতে হয়েছিল ৪৩ কোটি টাকারও বেশী। উনি যখন চেয়ারম্যান ছিলেন না তখন বাস প্রতি কর্মীর সংখ্যা ছিল ১৮.৩ জন। আর উনি চেয়ারম্যান হবার পরে সরকারী টাকায় দলীয় ক্যাডার পোষার জন্য অনেক বেশী কর্মচারী নিয়োগ করেছিলেন। আজকে সেখানে আমরা কি দেখছি? আমরা দেখছি বাস প্রতি কর্মচারীর সংখ্যা হচ্ছে ২০.৪ জন। অথচ আমরা দেখছি যে চালু বাসের সংখ্যাও দিনের পর দিন কমে যাচ্ছে। ১৯৮০ সালের সংখ্যা অনুযায়ী সি. এস. টি সি.তে যে বাস আছে তার ৪০ পারসেন্টও রাস্তায় নামেনি। চালু বাসের সংখ্যা যা দেখানো হয় কিন্তু দিনে নামানোর সময় আমরা দেখতে পাই যে ১০০ মত গাড়ী ব্রেক ডাউন হয়ে পড়ে থাকে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতবেশী কর্মীকে মাইনে দিতে প্রতিদিন ১ কোটি ৩৫ লক্ষ টাকা খরচ হয়। কিন্তু আয় হচ্ছে মাত্র ১ কোটী ৩২ লক্ষ টাকা। বাসের আয় বলতে আমরা টিকিট বিক্রি বুঝি। আমাদের বিরুদ্ধে অনেক কথা বলা হয়। আজকে হাউসে মাননীয় সদস্য জ্ঞান সিং সোহনপাল মহাশয় আছেন। উনি যখন পরিবহণ মন্ত্রী ছিলেন তাঁর আমলের শেষের দিকে দৈনিক টিকিট বিক্রি করে আয় হত ৩ লক্ষ ৪৭ হাজার টাকা। আজকে বাসের ভাড়া দ্বিগুন হওয়া সত্ত্বেও, যখন রেকর্ড সংখ্যক টিকিট বিক্রি হচ্ছে বলে যে এরা দাবী করছেন, সেখানে গত ২১শে জানুয়ারী রেকর্ড টিকিট বিক্রি হয়ে রাষ্ট্রীয় পরিবহনের আয় হয়েছে ৩ লক্ষ ১০ হাজার ৬৩৬ টাকা। এরপরেও এরা কৃতিত্বের দাবী করে। এদের লজ্জা হওয়া উচিত। ১৯৮১-৮২ সালে যখন এই সরকার ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে কলকাতা আর্বান ট্রান্সপোর্ট প্রোজেক্টের জন্য ঋণ নিয়েছিল তখন নাকি ওয়ার্ল্ড ব্যাঙ্ক বলেছিল যে ৯ শত বাস চালু করতে হবে। আজকে সেসব কথা ওরা ভুলে গেছেন। আজকে সেই সংখ্যাক বাস ওনারা চালু করতে পারলেন না। ওরা আমাদের বিরুদ্ধে কথা বলেন। ওরা কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে কথা বলেন যে স্বাধীনতার পর থেকে এত বিদেশী ঋণ নেওয়া হচ্ছে কেন ? আমরা দেখছি যে ওয়ার্ল্ড ব্যাঙ্কের এক সময়ের কর্মকর্তা ম্যাকনামারা যখন পশ্চিমবঙ্গে এসেছিলেন তখন ১৪টি ট্রাম জ্বালিয়ে দেওয়া হয়েছিল। শিয়ালদার বুকে। বিশ্বব্যাঙ্কের কাছ থেকে কেন টাকা নেওয়া হচ্ছে বলে এরা বলে থাকেন। আমরা দেখছি যে কিছুদিন আগে আই. এম. এফ থেকে ভারত সরকার লোন নিয়েছিলেন। আই. এম. এফ কোন বিদেশী ব্যাঙ্ক নয়। ভারত সরকারও আই. এম. এফ-এর ডাইরেক্টর মেম্বার। কিন্তু আমরা দেখেছি যে আই. এম. এফ. থেকে লোন নেবার জন্য বাংলা বন্ধ হয়েছিল। আমাদের সেই বিপ্লবী সরকারের মন্ত্রীরা ওয়ার্ল্ড ব্যাঙ্কের থেকে টাকা নিলেন ট্রান্সপোর্টের উন্নতি করার জন্য। কিন্তু ট্রান্সপোর্টের কোন উন্নতি তাঁরা করতে পারলেন না। ট্রান্সপোর্টের যখন কোন উন্নতিকরতে পারছেন না, তখন এই মন্ত্রী মহাশয় সাধারণ মানুষকে, যারা রাত্রি করে বাড়ী ফেরার সময়ে রাস্তায় ঘন্টার পর ঘন্টা দাঁড়িয়ে থাকেন তাদের উদ্দেশ্যে ব্যঙ্গক্তি করে বলেন, 'আপনাদের যদি বাড়ী ফেরার তাড়া থাকে তাহলে রাত্রি নটার মধ্যে কেন বাড়ী ফিরতে পারেন না?' আমি জানিনা, মন্ত্রী মহাশয় বাসে চড়েন কিনা। মন্ত্রী মহাশয়ের সে রকম কোন দরকার পড়ে কি না যাতে রাত্রি করে বাড়িতে ফিরতে হয়। কলকাতা শহরে রাত্রি ৯টার পরে মানুষকে বাড়ির বাইরে বেরোতে হয়, প্রয়োজন থাকে। কিন্তু ইনি বলে দিলেন যে রাত্রি নটার মধ্যে তোমরা বাড়ীতে ঢুকে পড়ো। এই হচ্ছে পরিবহণ মন্ত্রীর উক্তি। যখন সি.এস. টি. সি'র গাড়ীর সংখ্যা কমছে, যখন ভরতুকীর সংখ্যা বাড়ছে, তখন এসব দেখেশুনে

আমাদের মনে হচ্ছে সরকার বোধহয় এই পরিবহণ ব্যবস্থা তুলে দেবার একটা ষড়যন্ত্র করছেন। আমরা দেখছি যে প্রাইভেট বাসের সংখ্যা দিনের পর দিন বাড়ছে।

**[3.10 – 3.20 p.m.]**

স্যার, উনি নিজে একবার বলেছিলেন ২।। হাজার প্রাইভেট বাস আছে, আরো ৫০০ প্রাইভেট বাস দেওয়া হবে। আর ৯০০ মিনিবাস আছে, আরো ২৫০ দেওয়া হবে। ভাল কথা, পরিবহণ ব্যবস্থার উন্নতি হলে আমাদের খুব আনন্দের কথাই বলতে হবে। কিন্তু মন্ত্রী মহাশয় যখন বিরোধী পক্ষে ছিলেন সেই সময় প্রফুল্ল সেনের আমলে ২/৩ টি প্রাইভেট বাস রুটকে কলকাতা শহরে আসার অনুমতি দেওয়া হয়েছিল। তার জন্য সি.এস.টি.সি স্ট্রাইক করেছিল। সেদিন সি. এস. টি. সি. তে ধর্মঘট করে আপনারা পরিবহণ ব্যবস্থাকে বানচাল করেন দিয়েছিলেন। সেদিন বলেছিলেন প্রাইভেট বাস মালিকদের দালালি করছেন কেন? আপনারা বলেছিলেন এত প্রাইভেট বাস বাড়বে কেন? আজকে আপনারা কি করছেন? সরকারী বাস দুরের কথা, আপনারা প্রাইভেট বাস মালিকদের মদত দিয়ে যাচ্ছেন। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছিলেন সিটি বাস সার্ভিসে লস যায়। সিটি বাস সার্ভিসে লস যায়, আর লং ডিস্ট্যান্স রুটে প্রফিট হয়, এটা আমরা স্বীকার করি, জানি প্রশাসন যে অবস্থায় আছে তাতে আমরা এটা এ্যাডমিট করি এটা বাস্তব কথা। কিন্তু সেদিন আপনারা কি বলেছিলেন? জ্ঞান সিং সোহনপাল মহাশয় মন্ত্রী ছিলেন, এটা উনি ভাল করে বলতে পারবেন। সেদিন উনি বলেছিলেন যেহেতু সিটি বাস সার্ভিসে লস যাচ্ছে সেই জন্য লং ডিস্ট্যান্স রুটে বাসের সংখ্যা বাড়িয়ে দিতে হবে এবং লং ডিস্ট্যান্স রুটে সমস্ত প্রাইভেট বাস বন্ধ করে দিয়ে সরকারী বাস রাখা হবে। এর ফলে সেখানে যে লাভ হবে সেই লাভ দিয়ে কিছুটা ভরতুকি আমরা কমাতে পারব এবং যে লস হচ্ছে তার কিছুটা আমরা কমাতে পারব। কিন্তু আপনারা কি করছেন? মন্ত্রী মহাশয়ের বিরোধী পক্ষের সঙ্গে কি আচরণ করতে হয় সেই জ্ঞানটুকুও নেই। সেইজন্য ওনার কাছে আমি ব্যক্তিগতভাবে আর দ্বিতীয়বার যাইনি। কিন্তু অনেক এম. এল. এ. যান শুনেছি। তাদের কাছে একটি কথাই বলেন, প্রাইভেট বাস মালিকদের নিয়ে আসুন, সরকারী বাস দেওয়া যাবে না। এত প্রাইভেট বাস মালিকদের দালালি করতে যাচ্ছেন কেন? উনি আবার বামফ্রন্ট সরকারের একজন নেতা। আপনাদের সরকারী নীতিটা একটু বলুন। আমি জানি না তাঁর বাড়ীতে একটা কি * * * * * * এত টাকা তিনি পেলেন কোথা থেকে?

**মিঃ স্পীকার :** ওনার বাড়ীতে অনুষ্ঠানে ২।। লক্ষ টাকা খরচ হয়েছে, এটা বাদ যাবে। Mr. Mannan, I request you not to mention any personal affairs.

**শ্রী আব্দুল মান্নান :** স্যার, এটা একটা সংবাদপত্রে বেরিয়েছিল, উনি প্রোটেষ্ট করেননি। স্যার, প্রাইভেট বাস মালিকদের সঙ্গে দালালি করে সরকারী পরিবহণ ব্যবস্থাকে একেবারে ভেঙ্গে পঙ্গু করে দিয়ে শুধু প্রাইভেট বাসের সংখ্যা বাড়িয়ে যাওয়া হচ্ছে। স্যার, বিভিন্ন জায়গায় করাপসান খুব বেশী মাথা চাড়া দিয়ে উঠেছে। স্ক্রাপ বিক্রি করার সময় এটা বেশী করে দেখা যাচ্ছে। স্যার, আগে একটা গাড়ীর লংজিভিটি ছিল ১২ বছর এরা এসে ষ্টেট বাসের লংজিভিটি করে দিলেন ৮ বছর।

এর ফলে যেগুলি স্ক্র্যাপ হয়ে যাচ্ছে সেগুলি বিক্রী করার জন্য একটা টেন্ডার ডাকার কথা। কিন্তু সেগুলি টেন্ডারের মাধ্যমে বিক্রী করা হয় না। কিছুদিন আগে বেলঘরিয়ায় একটা স্ক্র্যাপ বিক্রীর ব্যবস্থা হয়েছিল। সেখানে যে লরীটি এই স্ক্র্যাপ আনতে গিয়েছিল, সে আয়রণের পরিবর্তে

---

***Note :*** *** [Explunged as ordered by the chair]**

অ্যালুমিনিয়াম নিয়ে আসছিল। আয়রণের দাম কম, অ্যালুমিনিয়ামের দাম বেশী। এ্যালুমিনিয়াম নিয়ে আসার সময় কর্মচারীরা ধরে ফেলল। কিন্তু তার বিরুদ্ধে কোন এ্যাকশান নেওয়া হলো না, বলল ভুল করে চলে গেছে। এ্যালুমিনিয়াম যে নিয়ে যাচ্ছিল সেটা একবারও দেখলেনও না। আয়রনের বদলে এ্যালুমিনিয়াম যে নিয়ে যাচ্ছিল তার বিরুদ্ধে কোন এ্যাকশান নিলেন না। এইভাবে টাকাপয়সা নয়-ছয় করা হচ্ছে। এসপ্ল্যানেড লং ডিস্ট্যান্স বাস গুমটিতে জেনারেটর ভাড়া নেওয়া হয়েছিল। এই জেনারেটর ভাড়া বাবদ একটি সংস্থাকে ৬২ হাজার ৭৩০ টাকা দিতে হয়েছিল। এই জেনারেটর ভাড়ার জন্য এত টাকা দিতে হল, অথচ এর থেকে কম টাকায় জেনারেটর কেনা যেতে পারত। তখন জেনারেটরের দাম ছিল ৩৮ হাজার ৭০০ টাকা। অডিট রিপোর্ট এর বিরুদ্ধে বলল, কিন্তু মন্ত্রী মহাশয় কোন ব্যবস্থা নিলেন না। অডিট রিপোর্টে কি বলা হল? সেখানে বলা হচ্ছে,

স্যার, অডিট রিপোর্টে ঐ জেনারেটর ভাড়া দেবার ব্যাপারে বলা হচ্ছে,

"The huge amount spent on hiring of a generator set during long one year past simply indicates lack of planning for the acquisition of the said generator, the requirement of which had been anticipated long before. Thus the amount paid on account of hire charges for a prolonged period stands to be extra avoidable expenditure."

স্যার, যে এক্সপেনডিচার আমরা এ্যাভয়েড করতে পারতাম সেটা না করে, ৩৮ হাজার ৭০০ টাকা দিয়ে যেটা কেনা যেত সেটা না কিনে এক বছরে ভাড়া বাবদ দেওয়া হ'ল ৬২ হাজার ৭৩০ টাকা। এটা কর টাকা? পশ্চিমবাংলার মানুষের টাকা নিয়ে এইভাবে ছিনিমিনি খেলার অধিকার কে আপনাকে দিয়েছে? মাননীয় মন্ত্রীমহাশয়ের নিশ্চয় এরজন্য জবাবদিহী করা উচিত। কিন্তু আমরা জানি, সে জবাব উনি দিতে পারবেন না। স্যার, এর পর আমি দুর্নীতির কথায় আসছি। পরিবহণ সংস্থার রন্ধ্রে রন্ধ্রে আজ দুর্নীতি ঢুকে গিয়েছে এবং তার ফলে দিন দিন এই পরিবহণ ব্যবস্থা পঙ্গু হয়ে যাচ্ছে। ইনসেনটিভ দেওয়ার ক্ষেত্রে আজকে এরা নানান রকমের দুর্নীতি চালাচ্ছে। বরাদ্দ কাজ না করা হলেও পুরো ইনসেনটিভ দিয়ে দেওয়া হচ্ছে। এ সম্পর্কে আমি একটি বড় উদাহরণ দিচ্ছি। এই সরকারের আমলে - তখন অবশ্য উনি মন্ত্রী ছিলেন না - ১৯৮১ সালের অক্টোবর মাসে সেন্ট্রাল ওয়ার্কশপে গাড়ী তৈরীর জন্য একটি বিল তৈরী করা হয়। বিলটা হচ্ছে ২লক্ষ ৯৮ হাজার ১৯৯ টাকার। অডিট এই বিলটি পাশ করতে গিয়ে নির্দিষ্ট কাজ সম্পূর্ণ হয়েছে এইরকম একটি সার্টিফিকেট চায়। কিন্তু দেখা যায় কোটা অনুযায়ী কাজ সম্পূর্ণ হয়নি। অডিট কাজের অগ্রগতি বিচার করে অসম্পূর্ণ কাজের জন্য টাকা কমিয়ে দেওয়ার কথা বললেন এবং ২ লক্ষ ৪৫ হাজার ৬৭৯ টাকা মঞ্জুর করলেন। কিন্তু আমরা কি দেখলাম? আমরা দেখলাম, এই অসম্পূর্ণ কাজের জন্য যে ৫২ হাজার ৫২০ টাকা বিল থেকে বাদ দিতে বলা হ'ল সেখানে সিটু ইউনিয়ানের দুজন কর্মকর্তা তখনকার মন্ত্রীদের কাছে গিয়ে বললেন, টাকা কমানো চলবে না, ঐ টাকাটাই মঞ্জুর করতে হবে। সেখানে নানান রকমের হুমকিও দেওয়া হলো এবং তার ফলে একটা অসম্পূর্ণ কাজের জন্য ইনসেনটিভ দিয়ে দেওয়া হলো। স্যার, সেখানে অডিট রিপোর্ট বলছে,

"Seen the Audit observation and Production Report. In the absence of any report regarding completion of 3 SADD vehicles it is difficult to sanction the amount claimed for 3 SADD buses."

স্যার, সেখানে মন্তব্য করা হচ্ছে যে এটা স্যাংসান করা উচিত নয় এবং তারপর আরো অনেক মন্তব্য করা হয়েছে, সময়ের অভাবের জন্য আমি সেগুলি পড়ছি না। স্যার প্রত্যেকটি ক্ষেত্রে এরা এমনভাবে সব দুর্নীতি চাপিয়ে দিচ্ছে যা দেখে অবাক হয়ে যেতে হয়। এ সম্পর্কে আরো একটি তথ্য দিচ্ছি। সি. এস. টি. সি'র যে পূর্ত দপ্তরের সেখানেও এরা দিনের পর দিন দুর্নীতিকে প্রশ্রয় দিচ্ছে। স্যার, উত্তর ২৪ পরগণার ব্যারাকপুরের কাছে তেলিনীপাড়ায় একটি জায়গা কেনা হল। স্যার, বেলঘরিয়া কো-অপারেটিভ সেখানে জমি ৩ হাজার টাকা বিঘায় কিনেছেন এরা সেই জমি এক লক্ষ টাকা বিঘায় কিনলেন। স্যার, আপনি হয়ত একটা জায়গায় কিনে বাড়ী করছেন, সেখানে পাশের জমির দাম আপনিও নিশ্চয় সেই দামে জমি কিনবেন। এখানে কিন্তু তা হ'ল না, বেলঘরিয়া কো-অপারেটিভ কিনলো ৩ হাজার টাকা বিঘা আর এরা কিনলেন এক লক্ষ টাকা বিঘা। সেখানে ৫৬ লক্ষ টাকায় ৫৬ বিঘা জমি কেনা হলো। লোকে বলে ৪০ লক্ষ টাকা লেনদেনে ব্যাপার নাকি সেখানে আছে। আমি সেসব জানি না কিন্তু আমি কি প্রশ্ন করতে পারিনা অত দাম দিয়ে সেখানে জমি কেনা হলো কেন? তারপর স্যার, যে জায়গাটা কেনা হলো সেটা কোন সাধারণ মানুষের জমি নয়, সেটা হচ্ছে বিড়লাদের জমি। সেখানে বিড়লাদের ছোট একটি কারখানা ছিল, কারখানাটি বন্ধ হয়ে যায়, সেই কারখানার শেডটি কেনা হলো এবং বিড়লাদের দেওয়া হলো ৫৬ লক্ষ টাকা। স্যার, গ্রামের গরীব চাষীদের যদি এই ৫৬ লক্ষ টাকা দেওয়া হতো তাহলে আমি আপত্তি করতাম না, বুঝতাম কয়েকটি লোকের কর্মসংস্থান হ'ল, কিন্তু তা নয়, সেখানে বিড়লাদের ৫৬ লক্ষ টাকা দিয়ে দেওয়া হলো।

**[3.20 – 3.30 p.m.]**

৫৬ লক্ষ টাকা দিয়ে কারখানার জায়গাটি কেনা হ'ল এবং ঐ কারখানায় যে ১৪০ জন কর্মচারী ছিল, তাদের ষ্টেট ট্রান্সপোর্টে চাকরী দেওয়া হ'ল, অবশ্য এতে আমার কোন দুঃখ নেই। তারপরে ঐ জমি সংলগ্ন যে জমি কো-অপারেটিভ ছোট ছোট প্লটে বিক্রী করার জন্য কিনেছিল, সেই কো-অপারেটিভকে রাস্তা ছেড়ে দেওয়া হলো বিনা পয়সায়ই ছেড়ে দেওয়া হলো। এতেও আমার কোন আপত্তি নেই, আমি এ বিষয়েও কিছু বলছি না। কিন্তু ঐ ডিপোর বাউণ্ডারি ওয়াল তৈরী করার জন্য তিন জন ঠিকাদারকে নেওয়া হয়েছিল, তাদের একজন হচ্ছে, মেসর্স 'ইলেকট্রনিক্স'২৯, সৎচাষী পাড়া রোড, কলকাতা-২। এই ঠিকাদারী সংস্থার মালিকের নাম অর্ণব মণ্ডল। কিন্তু প্রকৃত পক্ষে কাজ করছেন আপনাদের দলের একজন কমরেড, ব্যারাকপুরের শ্রী মধু তরফদার। সি. এস. টি. সি.র টেন্ডারের শর্ত অনুযায়ী এই সব কাজের লোহার রড ওবং সিমেন্ট সি. এস. টি. সি. সরবরাহ করে। এ ক্ষেত্রেও তাই করা হলো। এই সমস্ত জিনিসের মূল্য যা তা নিয়ম হচ্ছে ঠিকাদারের বিল থেকে কাটা যাবে। নিয়ম অনুযায়ী ১০০ পারসেন্ট এর বেশী সিমেন্ট এবং লোহার রড ঠিকাদারকে সরবরাহ করা হয়, কিন্তু সেই জিনিস-পত্র দিয়ে ৭৫ পারসেন্ট কাজ হয়েছে। অথচ বাকি ২৫ পারসেন্ট সিমেন্ট এবং লোহার রডের কোন হিসাব নেই। তারা ৭৫ পারসেন্ট কাজ করে, ২৫ পারসেন্ট জিনিস-পত্র নিয়ে গেছে, কারণ ঐ রড আর সিমেন্ট ডিপোর স্টোরে নেই, যে মাল তাদের সরবরাহ করা হয়েছিল তার জন্য যে পরিমান টাকা কেটে নেওয়ার কথা তাও কেটে নেওয়া হয়নি। এছাড়াও কি হয়েছে দেখুন, ঐ ঠিকাদারকে প্রশাসনের একজন উপর মহলের লোক টেলিফোন করে ২০ টন আরো সিমেন্ট দিয়ে দিলেন। নিয়ম হচ্ছে সিমেন্ট বা ঐ জাতীয় কোন জিনিসপত্র দেওয়া হলে মেজারমেন্ট বুকে এনট্রি করা। এ ক্ষেত্রে মেজারমেন্ট বুকে এনট্রি করার কোন রিপোর্ট নেই। আজকে কি আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে প্রশ্ন করতে পারি না, একজন ঠিকাদারকে কেন প্রয়োজনের চেয়ে বেশী সিমেন্ট এবং

রড দেওয়া হলো? ঠিকাদারকে কেন অর্থনৈতিক সাহায্য দেওয়া হলো? যদি এই কাজ আপনি অন্যায় বলে মনে করে থাকেন তাহলে ঐ ঠিকাদারকে সিকিউরিটি ডিপোজিট মানি কেন বাজেয়াপ্ত করা হবে না? যে পরিমাণ কাজ বাকী আছে তা অপর ঠিকাদারকে দিয়ে করিয়ে তার টাকা কেন ঐ ঠিকাদারের নিকট হতে আদায় করা হবে না?আমি এখানে মাননীয় মন্ত্রীমহাশয়কে আরো দেখাতে পারি যে, যে মাপের লোহার রড দেয়ার কথা ছিল বা যে রড সরবরাহ করা হয়েছিল তা ঠিকাদার ব্যবহার করেনি। ১০ মিলিমিটার ডায়ামিটারের রড সরবরাহ করা হয়েছিল কিন্তু ৮ মিলিমিটার ডায়ামিটারের রড ব্যবহার করা হয়েছে। এ কথা আজকে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের সামনে চ্যালেঞ্জ দিয়ে বলছি। ঠিকাদারকে ১ সেন্টিমিটার ডায়ামিটারের লোহার রড দেওয়া হয়েছিল, কিন্তু .৮ সেন্টিমিটার ডায়ামিটারের রড দিয়ে কাজ করা হয়েছে।

নির্দিষ্ট মাপের লোহার রড সরবরাহ করা সত্ত্বেও কেন তা দিয়ে কাজ করা হয়নি, তা আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি। শুধু এই ঘটনাই নয়, আমাদের এখানে একটা ইউনিট এক্সচেঞ্জ শপ আছে। গত বছর ৩১ শে জুলাই খুব ধুমধামকরে ঐ বিভাগটির উদ্বোধন করা হয়েছিল। কিন্তু দেখা গেল এক বছরও হলো না গত বর্ষাতেই ছাদ দিয়ে জল পড়ছে। তাই এ বছর বর্ষা নামার আগেই আবার মেরামত করার কথা চিন্তা করা হয়। সেইজন্য প্রায় ৭০,০০০ হাজার টাকা মূল্যের কোল্ড রোলিং সিট কেনা হয় ঐ কারখানার ছাদের গার্টার মেরামত করার জন্য। কিন্তু দেখা গেল পুরোনো এবং বিলো স্পেসিফিকেসনে মাল সরবরাহ করা হয়েছে। সেই মাল কোনো কাজে লাগানো গেল না। মেসার্স সালিমার টার প্রোডাক্টস মাল-পত্র দিয়েছিল। তাদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়নি। ঐ কোম্পানীকে ৯৭ লক্ষ টাকার কন্ট্রাক্ট দেওয়া হয়েছিল।

যখন সাংবাদিকরা বললেন অন্যায়ভাবে দেওয়া হলো কেন? তখন সরকারী অফিসাররা বললেন, নাম করা কোম্পানী সেইজন্য বেশী রেটে দেওয়া হলো। কোন টেণ্ডার ডাকা হলো না। এইভাবে ডিপার্টমেন্টে দূর্নীতি চলছে। আর একটি ঘটনার কথা বলি, শুনলে অবাক হয়ে যাবেন, ওদেরই কন্ট্রাক্টর, ওদের পার্টির সাথে যুক্ত, মেসার্স রোড এ্যাণ্ড ষ্ট্রাকচার, ঠিকানা হলো, বি. সি. ১৬৩, সল্ট লেক সিটি, ক্যালকাটা-৬৪, সেই কন্ট্রাক্টর সি. এস. টি. সি. থেকে ইস্যু করা ২০০ বস্তা সিমেন্ট নিয়ে একটি লড়ি করে (লড়ি নাম্বার হচ্ছে ডব্লু. বি. কিউ - ৮৮৮৬) যখন গোডাউনে রাখতে যায়, তখন বস্তাগুলি গুনতিতে ঠিক রেখেছে কিন্তু সব মাল নামিয়ে নিয়েছে। তখন দারোয়ান দেখলো, কি ব্যাপার? সিমেন্ট ছাড়াই বস্তা, বস্তাগুলি গুনতিতে ঠিক রেখেছে কিন্তু খালি বস্তা নামিয়ে দিচ্ছে। এই ব্যাপারে কেস হলো, কেস নাম্বার হচ্ছে এস. এল. ডি. জি. ডি ৭২৩ ডেটেড ২৭-৩-৮৫। কেসের মীমাংসা হয়নি, কিন্তু তাকে ছেড়ে দেওয়া হলো। আর একজন কণ্ট্রাক্টর, পার্টির নেতা * * *। আপনারা তো দূর্নীতি মুক্ত প্রশাসন করবেন বলেন। কালকেই বলছিলেন দূর্নীতি গ্রস্তদের আমরা শাস্তি দিচ্ছি, এবং দেব। আমি বলছি, ঐ কথাটা আপনারা উইথ ড্র করে নিন, বরং পাল্টে বলবেন, দূর্নীতিগ্রস্তদের আমরা প্রশ্রয় দিচ্ছি এবং দেব। আপনারা যা পারেন করে নেবেন। সেই * * আপনারা সি. এস. টি. সি. বোর্ডের মেম্বার করলেন।

**মিঃ স্পীকার ঃ** নাম বাদ যাবে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** যাকে আপনারা সি. এস. টি. সির বোর্ডের মেম্বার করলেন যিনি ডাঃ বিধান

*Note :* *** [Explunged as ordered by the chair]**

চন্দ্র রায়ের আমলে ৮ টাকা ১৪ পয়সা অর্থাৎ ৮ টাকা সাড়ে তিন আনা - কারণ তখনকার দিনে ডেসিম্যাল সিসটেম ছিল না, এখন আর সেই হিসাব নেই - চুরির অপরাধে বরখাস্ত হয়েছিল। আপনারা সেই রকম লোককে সি. এস. টি. সি. বোর্ড মেম্বার করলেন। এর পরেও আপনারা বলবেন, দুর্নীতির বিরুদ্ধে লড়াই করবেন? সেইজন্য বলছি, আজকে মাননীয় মন্ত্রী রবীন মুখার্জী না বলে রবিং মুখার্জী বলাই ভাল। কারণ রব করাই ওনার অভ্যেস হয়ে গেছে, লুঠ করাই অভ্যাস হয়ে গেছে। সেইজন্য নামটা পাল্টে দিলেই ভাল হয়। শুধু তাই নয়, আরোও শুনলে অবাক হয়ে যাবেন, আমরা জানি, স্কুল তৈরী করলে ছাত্র থাকে, মাষ্টারমশাইরা থাকলে ছাত্র থাকবেই। কিন্তু আপনারা দুজন অফিসার নিয়োগ করলেন। আমি নাম বলছি না, কারণ নাম বললে বাদ যাবে। আমি ডেজিগনেসান বলছি, লেকচারার, এ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাকাউন্টস এ্যাণ্ড স্পেশাল অফিসার - চেয়ারম্যান - সেক্রেটারী আর একজন হলেন লেকচারার, ট্রাফিক এ্যাণ্ড স্পেশাল অফিসার(সাউথ)। এই দুইজনকে লেকচারার করা হয়েছে। কিন্তু কাদের কাছে লেকচার দেবেন? এদের কাজ কি? সরকারী টাকা নিয়ে আপনার দলীয় কর্মীদের চাকুরীতে ঢোকাচ্ছেন। তাদের আবার প্রমোশন দিয়ে দিলেন। তারা এখন কি করবেন? স্কুলের ছাত্র নেই। এইভাবে আপনারা এ্যাপয়েন্টমেন্ট দিচ্ছেন। সেইজন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পরিবহণ মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবী এই সভায় পেশ করেছেন আমি মনে করি, আজকে কলকাতায় পরিবহণের যে অব্যবস্থা, সাধারণ মানুষ আজকে যেভাবে অসহায় অবস্থার মধ্যে দিন কাটাচ্ছে সেই কথা চিন্তা করে এই দাবীর তীব্র বিরোধীতা করছি এবং আমাদের তরফ থেকে যে কাট-মোশান আনা হয়েছে তার সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী লক্ষীকান্ত দে :** মাননীয় স্পীকার স্যার, মাননীয় পরিবহণ মন্ত্রীর বাজেট বরাদ্দকে সমর্থন করছি এবং কেন সমর্থন করছি সেই সম্পর্কে দু-একটি কথা বলছি। এতক্ষণ ধরে আমার মাননীয় বন্ধু কলকাতা শহরের পরিবহণ ব্যবস্থা সম্পর্কে বলতে গিয়ে পরিবহণ ব্যবস্থা ভাল হল কি খারাপ হলো এই প্রশ্নে না গিয়ে কতকগুলি কুৎসিত কথা বলে গেলেন। একমাত্র হিসাব উল্লেখ করে বলবার চেষ্টা করলেন সি. এস. টি. সি. তে দিনের পর দিন লোকসান বাড়ছে। এই ব্যাপারে উনি রূপকার ডাঃ বিধান চন্দ্র রায়ের নাম উল্লেখ করছেন।

**[3.30 – 3.40 p.m.]**

তিনি ১৯৫৪ সালের বাজেট বক্তৃতায় বলেছিলেন If there be any balance-credit balance in particular year I would recommend to Governemtn this should be utilished not to earn profit.

তাহলে ওনার বক্তব্যতেই দেখা যাচ্ছে যে লাভের কোন প্রশ্ন নেই। লোকসান তখন থেকেই দেখা যাচ্ছে, অর্থাৎ জন্ম লগন থেকেই শুরু হয়েছে। কি উদ্দেশ্য নিয়ে ডাঃ বিধান চন্দ্র রায় সি. এস. টি. সি. তৈরী করেছিলেন সেটা ১৯৫৪ সালের বাজেট বক্তব্যেই বলেছিলেন এবং বলেছিলেন আমি স্যাটিসফায়েড হয়েছি, কারণ আমার পশ্চিমবঙ্গের কিছু লোককে আমি চাকরী দিতে পেরেছি। ১৯৫৫ সালের বাজেট বক্তব্যে সেই একই কথা উল্লেখ করেছেন, আমি কিছু পশ্চিমবঙ্গের লোক চাকরী দিয়েছি এবং এ বছর ৭০০ লোককে চাকরী দেব। কাজেই যদি সংখ্যার কথা বলা যায় তাহলে আমি বলব যে এটা এখনকার বিষয় নয়, যিনি তৈরী করেছিলেন তিনি সেই উদ্দেশ্য নিয়েই তৈরী করেছিলেন এবং এখন পর্যন্ত একই নিয়মে চলছে। আর লোকসানের কথা বা সংখ্যা যা হচ্ছে তা নিয়ে পরিবহণ মন্ত্রীকে দোষ দিয়ে কোন লাভ নেই। এই লোকসানের জন্য কেন্দ্রীয় সরকার দায়ী। ১৯৬০-৬১ সালে

একটা দোতলা বাস কিনতে হলে তখন তার দাম ছিল ৭৮ হাজার টাকা, আর এখন ৮ লক্ষ ৩৬ হাজার টাকা। এরজন্য পরিবহণ মন্ত্রীকে দোষ দিয়ে লাভ নেই। ১৯৬০-৬১ সালে ডিজেল প্রতি কিলোলিটারের দাম ৪৩০ টাকা, এখন ৩৫৭০টাকা, তখন একটা টায়ারের দাম ছিল ৫৩৪ টাকা, আর এখন একটা টায়ারের দাম ২৯১৮ টাকা। তারপর স্পেয়ার পার্টসের দাম সেখানে - গত বছর থেকে এ সময়ের মধ্যে বেড়েছে ১৮ ভাগ। তাহলে নিশ্চয় এই কথা বলা যায় যে আজকে লোকসান বাড়ার জন্য যদি কেউ দায়ী হয়ে থাকে কেন্দ্রীয় সরকারের বাজেটই সেইজন্য দায়ী। তাঁদের সেই নীতির জন্য জিনিষের দাম দিনের পর দিন বাড়ছে। আমি উল্লেখ করতে চাই যে, সত্যিকার পরিবহণের অসুবিধা পশ্চিমবঙ্গে আছে, কিন্তু সেই সমস্যার কথা যদি বুঝতে হয় তাহলে আগে রাস্তার কথা চিন্তা করতে হবে। কলকাতার রাস্তার সঙ্গে অন্য কোন জায়গার তুলনা হয় না। অন্যান্য সমস্ত বড় বড় শহরে রাস্তা আছে ২০ থেকে ৩০ ভাগ। দিল্লীতে ২২.৬, বোম্বেতে ১১.৫ আর কলকাতায় রাস্তা মাত্র ৫.৬ শতাংশ। কেবলমাত্র বাস, ট্রাম দিয়ে কলকাতার পরিবহণ সমস্যার কথা চিন্তা করলে ভুল হবে। তার উপর আবার দীর্ঘদিন ধরে আমরা দিখছি ঐ মেট্রো রেলওয়ে, ওটা কবে আরম্ভ হয়েছে এবং কবে যে শেষ হবে জানিনা। কলকাতার মূল আর্টারী উত্তর থেকে দক্ষিণে যাবার রাস্তাটা বন্ধ হয়ে গেছে। পরিবহণের কোন ব্যবস্থা করা যাচ্ছে না। কলকাতা শহরের ভেতর দিয়ে সকালে ট্রাক চলে। কোন শহরে এই রকম সকাল বেলা ট্রাক চলে কিনা বা শহরের ভিতরের রাস্তা দিয়ে ট্রাক চলে কিনা জানিনা। তারপর স্লো মুভিং কারের প্রশ্ন আছে, এই স্লো মুভিং কারের জন্য বাসকে ধীরগতিতে যেতে হয়। তারপর বাস ষ্টপেজ গুলি কাছাকাছি থাকার জন্যও অনেক অসুবিধা হয়। এই রকম বিভিন্ন কারণের জন্য কলকাতায় পরিবহণ সমস্যা রয়েছে। এ ছাড়াও আর একটি সমস্যা আছে, সেটা কলকাতার বাইরে থেকে বহু নিত্যযাত্রী রুজি রোজগারের আশায় প্রত্যহ কলকাতায় আসেন, - রবিবারদিন দেখা যায় যে বাস, ট্রামে বিশেষ লোক থাকে না, কিছু ফাঁকা থাকে - কাজেই সমস্যা কলকাতার মানুষদের নিয়ে নয়, প্রতিদিন রুজি রোজগারের আশায় যে মানুষেরা কলকাতায় আসেন পরিবহণ সমস্যাটা তাঁদের জন্য বেশী হচ্ছে।

এই সমস্যা সৃষ্টির জন্য দায়ী যদি কেউ হয়ে থাকেন তাহলে বিনীতভাবে বলবো যে, তিনি হচ্ছেন আপনাদের রেলমন্ত্রী শ্রী বংশীলাল মহাশয়। আজকে রেলভাড়া এবং বাসভাড়ার মধ্যে যদি তুলনামূলক বিচার করেন, আজকে যাঁরা দৈনন্দিন রুজিরোজগারের জন্য রেলে কলকাতা শহরে আসবেন, সেই ভাড়ার সঙ্গে বাসভাড়ার অনেক তফাৎ দেখতে পাবেন। আজকে হাসনাবাদ থেকে শিয়ালদহর রেলভাড়া যেখানে ৫ টাকা, সেখানে বাসের ভাড়া হচ্ছে ২ টাকা ৩০ পয়সা; বসিরহাট থেকে ট্রেনের ভাড়া যেখানে ৪ টাকা, সেখানে বাসের ভাড়া ১.৮৫ টাকা। সাধারণ মানুষ যারা দৈনন্দিন আসা-যাওয়া করছেন, এই ফারাকটা উপলব্ধি করে তারা বাসে বেশী করে চাপছেন। ফলে বাসের উপর চাপ বেড়ে যাচ্ছে স্বাভাবিক কারণে। এই সমস্যা দূর করা দরকার- এটা যদি সত্যি বুঝে থাকেন, যদি কলকাতার মানুষকে সত্যিকার ভালবেসে থাকেন তাহলে আসুন এই সমস্যা দূর করতে একসঙ্গে চেষ্টা করি। কংগ্রেস ১৯৭২ থেকে ১৯৭৭ পর্যন্ত নিরবচ্ছিন্নভাবে শাসন কার্য পরিচালনা করেছেন। আজকে এখানে তাঁরা বলেছেন যে পরিবহণ ব্যবস্থাটা খারাপের দিকে যাচ্ছে। এই খারাপের দিকে যাওয়াটা তাঁদের শাসনকালের পরিবহণ ব্যবস্থার সঙ্গে তুলনা করা উচিত। সেই সময়কার পাবলিক বাস - সি. এস. টি. সি., নর্থবেঙ্গল এবং দুর্গাপুর ষ্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশানের বাস এবং ট্রাম কারের পরিসংখ্যান থেকে বুঝা যাচ্ছে যে, সমস্ত দিক থেকে কিছুটা সুরাহা আমরা করতে পেরেছি, খারাপ হয়েছে বলা যাবেনা। কংগ্রেস ভাল করেছে, না আমরা ভাল করেছি - তার

তুলনামূলক বিচার করতে হবে। ১৯৭৬।৭৭ সালে রাস্তায় বাস চলতো ৬০৪ টি, এখন বাস রাস্তায় চলছে ৭১৪টি। সংখ্যাটাবেশী না কম? আর এফিসিয়েন্সীর হিসেব, যেটা আমি পরিসংখ্যান বই থেকে নিয়েছি, সেখানে ১৯৭৬।৭৭-এর ইয়ার এণ্ডিংয়ে বাসের মোট সংখ্যা ছিল ১,২২৬টি, কিন্তু তার মধ্যে বাস রাস্তায় চলেছে ৬০৪টি কিন্তু ১৯৮৩-৮৪ সালে যেখানে বাসের মোট সংখ্যা ছিল ১,১৭২টি,সেখানে বাস রাস্তায় চলেছে ৭১৪টি। কাজেই দেখা যাচ্ছে যে এফিসিয়েন্সীর দিক থেকেও অনেক উন্নতি হয়েছে। ১৯৭৬।৭৭ সালে ওঁদের শাসনের শেষ মুহূর্তে যেখানে বাসরুটের মোট সংখ্যা ছিল ৭৫টি, যেখানে ১৯৮৩।৮৪ সালে সেই সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১২২টিতে। নর্থবেঙ্গল ষ্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনে ১৯৭৬।৭৭ সালে যেখানে বাসরুটের সংখ্যা ছিল ১৬২টি, যেখানে এখন রুট বাড়িয়ে ১৯৪ করা হয়েছে এবং তাতে বাস চলছে। আপনাদের সময়কার শেষ বছরে যেখানে বাসের সংখ্যা ছিল ২০৯টি, আমাদের সময় সেই সংখ্যা হয়েছে ২৫৪টি। টিকিট বিক্রি আমাদের সময় বেড়েছে। আপনাদের শেষ বছরে এই খাতে রোজগার ছিল ২ কোটি ৭০ লক্ষ ৪৭ হাজার টাকা, আমাদের সময় রোজগার বেড়ে হয়েছে ৪ কোটি ৮৮ লক্ষ ১ হাজার টাকা। দুর্গাপুর এস. টি. সি.তে আপনাদের শেষ বছরে ১৯৭৬।৭৭ সালে বাস চলতো ৬২ টি এখন বেড়ে ৮৪ টি বাস চলছে এবং রোজগারও বেড়েছে তুলনামূলকভাবে। ট্রামের হিসাবে যদি আসেন তাহলে সেখানেও দেখতে পাবেন যে ট্রামের সংখ্যা বেড়েছে। আপনাদের শেষ বছরে ট্রাম চালিয়েছিলেন ২৭৮টি, আমরা বাড়িয়ে প্রতিদিন ৩০২টি ট্রাম কলকাতার রাস্তা দিয়ে চালাচ্ছি। এই সংখ্যাটা বেড়েছে না কমেছে? শুধু তাই নয়, আমরা অনেকগুলো ট্রাম নতুন করে তৈরী করিয়েছি। আপনাদের শেষ বছরে ট্রামে রোজগার হয়েছিল ৫ কোটি ২ লক্ষ টাকা, সেখানে আমাদের সময় সেই রোজগার বেড়ে হয়েছে ৭ কোটি ৭৪ লক্ষ টাকা। নতুন ট্রামও কিছু হয়েছে। আজকে উল্টোডাঙ্গা থেকে ১৭।১৬ নম্বর বাস ধর্মতলা-ডালহৌসী রুটে চালু হয়েছে এটা আপনারা জানেন। আমি দেখেছি, উল্টোডাঙ্গার মানুষ আজকে দুই হাত তুলে পরিবহণ মন্ত্রীকে আশীর্বাদ করছেন। কিন্তু আপনারা এখানে বাজেটকে সমর্থন করছেন না, কিন্তু সমর্থন করা উচিত ছিল।

**[3.40 – 3.50 p.m.]**

বেহালা থেকে জোকা পর্যন্ত নূতন ট্রাম লাইন চালু করা হবে। প্রতি বছর কিছু না কিছু নূতন ট্রাম , নূতন বাস কেনা হচ্ছে। গত বছর ৭০টি বাস সি. এস. টি. সি. থেকে কেনার প্রভিসান ছিল, এবারে ৯০টি বাস কেনার প্রভিসান আছে। বিগত বছরে দুর্গাপুরের জন্য ৩২টি নূতন বাস কেনার প্রভিসান ছিল এবং এবারে দেখলাম ২০ টি বাস কেনার প্রভিসান আছে। গত বছর উত্তরবঙ্গ এস. টি. সি. তে ৫৪ টি বাস কেনার কথা ছিল এবারে দেখছি ১০০ টি নূতন বাস কেনার কথা বলা হয়েছে। এই সবগুলি ভাল না খারাপ? মাননীয় মন্ত্রী মহাশয়কে বিনীতভাবে অনুরোধ করবো বাসগুলি কেনার আগে সুব্রতবাবুদের সঙ্গে একটু কথা বলে নেবেন। কারণ ওনারা লাল বাস দেখলেই পুড়িয়ে দেবেন এবং তাতে আপনার ক্ষতি হবে। সুব্রতবাবুরা লাল বাস দেখে বাস পুড়িয়ে দিয়ে আপনার ১০ লক্ষ টাকা ক্ষতি করে দিয়েছিল। প্রয়াত প্রধান মন্ত্রীর মৃত্যুর সময় ওনার শোকে বিহ্বল হয়ে কংগ্রেস কর্মীরা বাসের মাথায় পাকড়ী আর তলায় দাড়ি দেখে ৬টি বাস পুড়িয়ে দিয়েছিলেন। এর জন্য আপনার ৩৫ লক্ষ টাকা ক্ষতি হয়েছিল। তাই আমি.আপনার কাছে বিনীতভাবে অনুরোধ করবো নতুন বাস কেনার আগে সুব্রতবাবুদের সঙ্গে একটু কথা বলে নেবেন, তা না হলে ওনারা ক্ষেপে ক্ষুপে গিয়ে, শোকে বিহ্বল হয়ে বাস-ট্রাম পুড়িয়ে দেবেন এবং জনসাধারণের ক্ষতি করবেন। স্যার, ওনারা অনেক কান্নাকাটি করছেন। কান্নাকাটিটা কিসের? কলিকাতার পরিবহণ সমস্যার সুষ্ঠ সমাধান করার জন্য

বেসরকারী কিছু বাসের পারমিট দেওয়া হয়েছে বলে। দেওয়া উচিত নয়? কলকাতায় বেসরকারী বাস এবং তার সঙ্গে মিনি বাস দেওয়ার ফলে কলকাতার মানুষরা এখন অনেক বেশী সুখী। তাদের আর ঝুলে ঝুলে বাসে করে যেতে হয় না, এমন কি অফিস টাইমে তাদের ঝুলে ঝুলে অফিস যেতে হয় না। মানুষের সমস্যা সমাধানের জন্য, মানুষকে কিছু সুযোগ দেবার জন্য, কিছু সুবিধা করে দেবার জন্য যদি কিছু নতুন বাসের, মিনি বাসের পারমিট দেওয়া হয় তাহলে ওদের এত কান্নাকাটি কেন? কান্নাকাটির কারণ আছে। এই প্রসঙ্গে আমার একটা গল্প মনে পড়ে গেল। আমাদের পাড়ায় একটা চোর ছিল। সে রাত্রি বেলায় কাউকে বেরোতে দেখলেই মনে করত সে বুঝি চুরি করতে যাচ্ছে। সেই রকম ভূষি কেলেঙ্কারীর লোকেরা এর চেয়ে বেশী কিছু ভাবতে পারে না। দেশের মানুষের পরিবহণ সমস্যা সত্যিকারের সমাধানের জন্য যদি কিছু চেষ্টা করা হয়, যদি কিছু বাসের পারমিট দেওয়া হয় তাহলে ওদের ভাবনা যে আমাদের কিছু দেওয়া হয়ে গেল এবং সেই জন্য জিভ দিয়ে দিয়ে নাল গড়িয়ে গড়িয়ে পড়ে যাচ্ছে এবং ভাবছে সব গেল সব গেল। লোকের সত্যিকারের উপকার করার জন্য নতুন বাস চালু করার চেষ্টা করা হচ্ছে এবং তার জন্য বিভিন জায়াগায় পারমিট দেওয়া হচ্ছে। অটোরিক্সা নতুন করে চালু করা হয়েছে। আমি এই কথা বলবো আপনারা হাওড়া স্টেশানে যান, হাওড়া স্টেশানের নিত্যযাত্রীদের জিজ্ঞাসা করে দেখুন তারা দুহাত তুলে আশীর্বাদ করছেন এই বামফ্রন্ট সরকারকে। তখন আপনারা চিন্তা করতে পারেন নি জল পরিবহণের ব্যবস্থা চালু করা যায়। আজকে হাওড়া স্টেশানের নিত্যযাত্রীরা সরাসরি ডালহৌসি স্কোয়ারে এবং বিভিন্ন জায়গায় চলে যাচ্ছে চাঁদপালঘাট, আরমেনিয়ান ঘাট, শোভাবাজার এবং বাগবাজারের লঞ্চের মাধ্যমে। পরিবহণ সমস্যা সত্যিকারের সমাধান করার জন্য যদি ধন্যবাদ জানাতে হয় তাহলে পরিবহণ মন্ত্রীকে ধন্যবাদ জানানো উচিত। আপনারা অনেক সমস্যার কথা বলেছেন। এই সমস্যা যদি সত্যিকারের সমাধান করতে হয় তাহলে মেট্রো রেল এবং সারকুলার রেল যতদিন পর্যন্ত শেষ না হবে ততদিন পর্যন্ত পরিবহণ সমস্যা সঠিকভাবে সমাধান করা যাবে না। কারণ বাইরে থেকে ২০ লক্ষ লোক কলিকাতা শহরে আসে এবং কলিকাতার যে কোন জায়গায় তাদের বসার এবং নামার অধিকার না দিলে হবে না। মেট্রো রেল নিয়ে কাগজে লেখালেখি হচ্ছে, সারকুলার রেল, সেটাও শেষ হল না - তাও দু-পিটের নায় এক- পিটের। এর জন্য জমি দখল করা হয়েছে। আমি বিনীতভাবে কংগ্রেসী বন্ধুদের অনুরোধ করবো যে দয়া করে আপনারা কেন্দ্রীয় সরকারকে বলুন না এই ছিন্নমূল উদ্বাস্তু যারা দীর্ঘদিন এখানে বসবাস করছে তাদের সরানোর জন্য কিছু টাকা পয়সা দিতে। কিছু টাকা পয়সা পেলে তাদের অন্য জায়গায় বসানো যায় এবং কাজটা সুষ্ঠুভাবে শেষ হয় এবং কলিকাতার মানুষের উপকার হয়। এই রেল কবে নাগাদ শেষ হবে জানিনা, আমাদের নাতি-পুতিদের আমলে হয়ত শেষ হবে, আমরা হয়ত চড়তে পারবো না। মেট্রো রেলের দুটি ফেজ আছে, জ্ঞান সিং শোহনপাল আছেন, উনি জানেন। বাকিটা কবে নাগাদ শুরু হবে এবং শেষ হবে সেটা আমরা জানিনা এবং আপনারাও জানেন না।

মেট্রো রেলের আরও দুটো পরিকল্পনা আছে, এখানে জ্ঞানসিং সোহনপাল আছেন - তিনি জানেন যে এর আরও দুটো ফেস আছে। সেই ফেসের কাজ কবে শুরু হবে আর কবে শেষ হবে তা আমাদের জানা নেই। আমি এই বলে শেষ করতে চাই যে, বংশীলাল যদি লাল বাঁশী না বাজাতে পারেন, তাহলে কলকাতা শহরের সমস্যার সমাধান কখনো হবে না। বোম্বে শহরের বুকে সার্কুলার রেল অনেক আগে থেকেই চলছে। কলকাতা শহরের পরিবহণ সমস্যার সমাধান যদি করতে হয় তাহলে এখানে মেট্রো রেল এবং সার্কুলার রেল অবশ্যই [illegible] চালু করতে হবে। এরই মধ্যে দিয়ে কলকাতা শহরের পরিরহন সমস্যার সমাধান করা সম্ভব হতে পারে। এই কথা বলে এই বাজেট

বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**(Shri Amalendra Roy took the chair)**

**শ্রী অশোক ঘোষ ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, এতক্ষণ সরকারী দলের পক্ষ থেকে মাননীয় সদস্য লক্ষীবাবু তাঁর লক্ষীর ঝাঁপি থেকে অনেক কিছু বার করে গেলেন এবং আমরা তা শুনলাম। আলিমুদ্দিন স্ট্রীট থেকে যে টেপ করা হয়েছিল, সেই সমস্ত বক্তব্য এই মাননীয় বিধায়ক এখানে রাখলেন। একটা কথা খুব ভাল লাগল - এখানে বিগত ২ - ২।। বছরের এই বিধান সভার অভিজ্ঞতায় যেটা আমি দেখছি - তা হচ্ছে, জ্যোতিবাবু থেকে আরম্ভ করে রাম চ্যাটার্জ্জীর দপ্তরের বাজেট, যে মন্ত্রীরই বাজেট পেশ হয়েছে সেই সময়ই আমরা শুনেছি - কেন্দ্র কিছু করছে নাকেন্দ্র কিছু দিচ্ছে না ইত্যাদি কথাবার্তাই বলা হচ্ছে। আমার প্রশ্ন হচ্ছে, তাহলে এই অপদার্থ সরকারের অপদার্থ মন্ত্রীরা এখানে আছেন কি করতে? সবই যদি কেন্দ্র দেবে, তাহলে এঁরা এখানে আছেন কি করতে? এঁদের এই শিক্ষার পরিপ্রেক্ষিতে আমার একটা গল্পের কথা মনে পড়ে গেল। 'ছাত্রাবস্থায় একজন ছাত্র কোন রকমে নদীর উপরে একটা রচনা সারা রাত্রি ধরে মুখস্ত করেছিল। পরদিন পরীক্ষার হলে গিয়ে দেখল যে গরু সম্বন্ধে রচনা পড়েছে। সে গরু আগে দেখেছে। দুটো সিং, একটা লেজ, চারটি পা সে দেখেছে। এই সমস্ত বর্ণনার কথা লিখে সে লিখল যে, গরুটি নদীতে গিয়ে পড়ল এবং শুরু করে দিল নদীর সেই রচনা। এঁদেরও সেই একই অবস্থা। শুরু যে কথা দিয়েই হোক না কেন, শেষ হচ্ছে সেই আলিমুদ্দিন ষ্ট্রীটের কথা দিয়ে - কেন্দ্র দিচ্ছে না, কেন্দ্র কিছু করছে না। এঁদের আমলের প্রশাসন এবং পরিবহণের যে অবস্থা তা আজ পশ্চিমবাংলার মানুষ মর্মে মর্মে উপলব্ধি করছেন। কেন্দ্রীয় সরকারের কথা বলে মাননীয় লক্ষীবাবু যে ভাবে লাল বাঁশী বাজাবার কথা বললেন, ঠিক সেই ভাবেই আজ এ কথা বলা যায় যে, রবীনবাবু যদি পরিবহনের ব্যাপারে লাল বাঁশী না বাজাতে না পারেন, তাহলে পরিবহনের এই দূরবস্থা থেকে মানুষের মুক্তি নেই। পরিবহনের এই অবস্থার কথা চিন্তা করে এই দপ্তরটিকে আজ বলা উচিত - পশ্চিমবঙ্গের পরিবহন খাতে নয়, উপরিবহন খাতেও নয়, তার সঙ্গে সঙ্গে এই মন্ত্রীকে বলা উচিত ব্রেক ডাউনের মন্ত্রী। গোটা দপ্তরের মধ্যে দলীয় লোকদের নিয়ে প্রশাসনকে এমন করে রেখেছেন যে তা আজ দুঃশাসনে পর্যবসিত হয়েছে। দলীয় লোকদের খুশী করার জন্য সর্বত্রই দলীয় লোকেদের ঢুকিয়ে রেখেছে। বিশ্বব্যাঙ্ক পরিবহনের জন্য লক্ষ লক্ষ টাকা দিয়েছে। সেই টাকা নিয়ে দলীয় ঝগড়া মেটাতে না পরে মাননীয় বিধায়ক শ্রী শ্যামল চক্রবর্ত্তীকে পরিবহন দপ্তরের চেয়ারম্যান করে বসিয়ে দিলেন। দলের ঝগড়া আবার চরমে ওঠার ফলে তাঁকে বসিয়ে দেওয়ার কথা চিন্তা করা হচ্ছে। শ্যামলবাবু চেয়ারম্যান হয়ে মস্কো ঘুরে এলেন। দলের লোকদেরই প্রেসারে তাঁকে আবার পদত্যাগ করতে হলো। আমার মনে হচ্ছে, ঐ জায়গায় লক্ষীবাবুকে চেয়ারম্যান করে বসিয়ে দেবেন মাননীয় পরিবহন মন্ত্রী। এই সমস্ত ওঁদের নিজেদের দলের ঝগড়া ও দ্বন্দ্বের ব্যাপার, আমি এই প্রসঙ্গে যেতে চাই না। আজকে এই দপ্তরের দিকে তাকালেই বোঝা যায় যে এই ডিপার্টমেন্টের মধ্যে কি পরিমাণ হতাশায় জর্জরিত অবস্থার মধ্যে রেখে দিয়ে পরিবহন ব্যবস্থাকে নিষ্ক্রিয় করে রাখা হয়েছে। বাসের সমস্ত যন্ত্রপাতি জং ধরে গিয়েছে। এই রকম অবস্থার মধ্য দিয়েও বোনাস, ইনসেনটিভ্ ইত্যাদি দিয়ে কর্মীদের গলদ ঢেকে রাখার চেষ্টা করা হচ্ছে। শ্রমিকদের মধ্যে ব্যাপক যে দুর্নীতি রয়েছে, মাননীয় লক্ষীবাবু সে বিষয়ে কিছুমাত্র উল্লেখ করলেন না। দুর্নীতির কথা না বললেও, পরিবহন দপ্তর কতখানি উন্নতি ঘটাতে পেরেছে, সে কথা আজ পশ্চিমবাংলার মানুষ ভালভাবেই বুঝতে পেরেছে। পরিবহন দপ্তরের উন্নতি নাকি কংগ্রেসের লোকেরা চোখে দেখতে পান না - এই কথাও তিনি বলে গেলেন। এই দপ্তর কতখানি উন্নতি করেছে সে ব্যাপারে

বিশ্বব্যাঙ্ক 'এর যে রিপোর্ট বেরিয়েছে, তা থেকে পরিষ্কার বোঝা যায়। পশ্চিমবঙ্গের পরিবহন সংস্থার অবস্থা সম্বন্ধে রিপোর্ট আজ সারা পৃথিবীতে ছড়িয়ে গেছে। এত দুর্নীতি, এত নোংরামি মাননীয় মন্ত্রী রবীনবাবু এরমধ্যে করে রেখেছেন - বিশ্বব্যাঙ্কের রিপোর্টের মধ্যে যে কথা প্রকাশ পেয়েছে - সেটা পশ্চিমবাংলার মানুষের জানা উচিত।

**[3.50 – 4.00 p.m.]**

স্যার, একটু আগে আপনাকে বলেছি এখানে একটি একটি করে কিভাবে কারাপশান হচ্ছে। সেই কারাপশান নিজের দলের লোকেরাই করছে এবং এই কারাপশান চাপা দেবার জন্যে মানুষের মনকে অন্য দিকে ঘুরিয়ে দেবার চেষ্টা করা হচ্ছে। দুবছর আগে বাস ভাড়া বৃদ্ধির প্রতিবাদে কত লাঠি, গুলি চলেছিল কিন্তু তবুও বাস ভাড়া বাড়লো। এই বাস ভাড়া বৃদ্ধির ফলে কত আয় হয়েছে? বাস ভাড়া বাড়ার ক্রমানুপাতিক হারে কত টাকা আয় বেড়েছে ? রবীনবাবুর বিবৃতি থেকে কিছুই বুঝতে পারলাম না। স্বয়ং মুখ্যমন্ত্রী পর্যন্ত বলেছেন যে আয় বাড়ানোর ব্যবস্থা করুন। রবীনবাবু এর প্রতিকার হিসাবে সো-কজের চাবুক মারছেন বাস কণ্ডাক্টর এবং বাস ড্রাইভারদের উপরে। কিন্তু এতেও কি তিনি আয় বাড়াতে সক্ষম হয়েছেন? ১৯৮২ সালে দৈনিক গড়ে ৩ কোটি টাকার মতো টিকিট আদায় হতো। ১৯৮৪ সালে মুখ্যমন্ত্রীর ধমকানির চাপ থাকা সত্ত্বেও সেটা নেমে দাঁড়ালো আড়াই লক্ষ টাকার মতো। এরপরেও লক্ষীবাবু স্বপ্নের চোখে বলবেন রবীনবাবুর পরিবহন ব্যবস্থা খুব ভালো, এতে মানুষের আশীর্বাদ পাবে। কলিকাতায় ৬৭ রুটে সিফটে ৬২৬ টি বাস যাতায়াত করছে তারমধ্যে আমাদের বাসগুলি নিয়ম করে পদ্মভূষণ পাওয়ার মতো ব্রেকডাউন হচ্ছে। কত ব্রেক ডাউন হচ্ছে তার রেকর্ড আছে এবং পশ্চিমবঙ্গে প্রতিদিন ১৫০ টি বাস ব্রেক ডাউন হচ্ছে। ১৯৮২-৮৩ সালে বিশ্বব্যাঙ্ক থেকে ৪৬ কোটি টাকা নেওয়া হয়েছিল বাস কেনার জন্য এবং এতে ৫৩০ টি বাস কেনা হয়েছিল। এই বাসগুলি তৈরী করার জন্য একটি কোম্পানিকে দেওয়া হয়েছিল সেই কোম্পানির নাম আমি করছি না। তাদের বাস সরবরাহ করার জন্য বলা হল এবং তারা বাস সরবরাহ করতে লাগলো। সেখানে ৫৩০টি বাসের মধ্যে ২৯২টি বাসের চেসিস, ইঞ্জিন এবং গীয়ার বক্সে গোলমাল দেখা দিয়েছে। বাসগুলির অবস্থা কি - ব্রেক ডাউন বাস হোল এবং কনডেমণ্ড নিয়ে চলে যাচ্ছে গ্যারেজে। সেখানে সি. পি. এমে.র সিটু বেনামে কো-অপারেটিভ করেছে। এই সিটুর কো-অপারেটিভ এই সমস্ত বাসগুলিকে নিলামে কিনে নিচ্ছে অতি কম দামে। বিশ্ব ব্যাঙ্ক থেকে টাকা আসছে বাস কেনার জন্য সেখানে এইভাবে বাস কেনা হচ্ছে, এরফলে বাসের সংখ্যা বাড়ছে না। নতুন বাসগুলিকে এইভাবে কনডেমণ্ড করে গ্যারেজে পাঠিয়ে দেওয়া হচ্ছে। সেখানে ১৯৭৮ সালের কেনা বাস এখনো গ্যারেজে পড়ে রয়েছে। ১৯৮২ সালে ৯৭২টি বাসের মধ্যে ৬০০ টি বাস, রাস্তায় বেরিয়েছে আর ১৯৮৪ সালে সেখানে ৫০০টি বাস বেরিয়েছে এবং ৯৭২ টি বাসের জায়গায় ৮৪০ টি বাসে দাঁড়িয়েছে। তারপর আমাদের এখানে বাসের অবস্থা কি - বাস পিছু কর্মীসংখ্যা অনেক বেশী। আপনাদের রেকর্ড দেখুন তাহলেই বুঝতে পারবেন। এতো কর্মী সংখ্যা বাড়ালে খরচ বাড়বেই। আপনাকে তো কিছু বলতে গেলেই আপনি গুজরাট, মহারাষ্ট্র তামিলনাড়ু প্রভৃতি রাজ্যগুলিকে দেখাবেন এবং এদের ব্যয়বরাদ্দের কথা তুলে আনবেন। আপনার বাসের প্যাসেঞ্জারের সংখ্যা থেকে কর্মীর সংখ্যা অনেক বেশী। বাস, কর্মী বাড়ছে অথচ দিনের পর দিন আয়টা কমে যাচ্ছে এর কারণ কি আপনি-তা বলবেন। আপনারা ডাঃ রায়, জ্ঞান সিংয়ের কথা বললেন একটা গাড়ির চলার ক্ষমতা কত? কমপ্লিট ডবল ডেকার সাড়ে ৩ লক্ষ টাকায় কেনা হতো, চলার ক্ষমতা ছিল ২ লক্ষ কিলোমিটার। বিশ্বব্যাঙ্কের সি. ইউ. টি. পি. গাড়ির দাম এখন সাড়ে ৮ লক্ষ টাকা। কাগজে কলমে দেখানো হচ্ছে ২ লক্ষ কিলোমিটার

যাবে। কিন্তু ২ হাজার কিলোমিটার যাচ্ছে। এই বাসগুলি ইঞ্জিন, সেল্ফ স্টার্টার, স্প্রিং, ওয়াটার পাম্প প্রত্যেকটি জিনিষই কমজোরী হয়ে যাচ্ছে এবং ঠিক আগের প্রসেসে কনডেম করে গ্যারেজে ঢুকিয়ে দিয়ে অপসান করে দিচ্ছে। এবার আমি হাওড়া জেলার কথা একটু বলব। সেখানে একটা স্টেট ট্রান্সপোর্টের ডিপো আছে। পতিত বাবুর একটা ইউইনয়ন আছে যেটাতে দুর্নীতির বাসায় ভর্ত্তি। সেখানে জানুয়ারী ৮৫-মার্চ ৮৫মধ্যে ১০ লক্ষ টাকার ফুয়েল পাম্প চুরি হল। লক বুকে নাকি এইসব লেখা হয়। এর বিরুদ্ধে কোন এ্যাকসান নিয়েছেন কি ? এই চুরির কথা আপনার ডিপার্টমেন্ট জানেন কিনা জানি না। সেখানে কি রকম ধরনের স্বজনপোষণ চলছে সেটা একটু বলি। স্টোর এ্যাসিস্টেন্ট (নাম বলা যাবে না) হিসাবে হাওড়া ডিপোতে ১০।১২ বছর একই জায়গাতে কাজ করছে। ইউনিফর্ম সাপ্লাই ডিপার্টমেন্টে সে কাজ করে তিনি খুব চকচকে দেখান। কিন্তু ভিতরে দুর্নীতির বাসায় ভর্ত্তি। চুরি করে এই ডিপার্টমেন্টকে ডকে তুলে দিলেন। ১৯৭৬ সালে একজন ফিটার চুরির জন্য ধরা পড়ল। ১৯৭৭ সালে তাকেই আবার মালা চন্দন দিয়ে ঢুকিয়ে নিলেন। তাকে এখন স্পেশাল ডিউটি দেওয়া হয়েছে। নাইট কাম মর্নিং - কোন স্পেসিফিক ডিউটি নেই। যেদিন তার নাইট ডিউটি থাকে সেদিন হাওড়া ডিপো থেকে লক্ষ লক্ষ টাকা চুরি হয়। লগ বুকে এইসব রেকর্ড আছে। কিন্তু যেহেতু তার দলের খুব ঘনিষ্ট সেইহেতু তার বিরুদ্ধে কোন এ্যাকশান নেওয়া হয়না। এইভাবে দুর্নীতির বাসা পরিবহন দপ্তরে আপনি করেছেন। কাজ যদি কেউ করতে চায় তাহলে তাকে পুরস্কৃত করা উচিৎ। হাওড়ার ডিপোর সিকিউরিটি গার্ড ৩.৪ ৮৫ তারিখে দুইখানা লরি ধরল, সেই দুটি লরির নম্বর হচ্ছে ডবলু বি এস - ১৬৪৭, ৪৪৫৩। সিকিউরিটি গার্ড ধরার পর ওপরতলার একজন অফিসার তাড়াতাড়ি এসে সেই সিকিউরিটি অফিসারটিকে সরিয়ে দিয়ে লরি বার করেদিলেন।

**[4.00 – 4.10 p.m.]**

এই মাল কোথায় গেল, কার মাল কে নিয়ে গেল, নাকি রাইটার্স বিল্ডিংএর কোন নির্দেশ ছিল, এর জবাব মন্ত্রী মহাশয় দেবেন। স্যার, আমি আগেই বলেছি এই সিকিউরিটি অফিসারকে সো কজ করেছে মাল চুরি যাওয়ার জন্য, কিন্তু যারা দুর্নীতি ধরতে গেছে তারা যেহেতু ওদের দলের লোক নয় সেজন্য তাদের উপর চার্জসিট দেওয়া হয়েছে। ১৪টা রেডিওয়াটার, ১টা মেশিন চুরি হয়ে গেল. খবর আছে মন্ত্রী মহাশয়ের কাছে? ট্রাম চালাচ্ছেন টালিগঞ্জ থেকে উল্টোডাঙ্গা থেকে, জ্যোতিবাবুর ছবি বেরুচ্ছে, রবীনবাবুর ছবি বেরুচ্ছে, কিন্তু এই যে জিনিষগুলি চুরি হয়ে যাচ্ছে এ কার টাকা? এই টাকা মানুষের দেয় টাকা, মানুষের দেয় ট্যাক্স। এই যে চুরির খবর জানালাম এই পবিত্র বিধান সভায় দাঁড়িয়ে মন্ত্রী মহাশয় বলবেন এই দুর্নীতি আপনার দলের লোকেরা করছে, কিংবা এই খবর জানা না থাকলে বলবেন এটা দুর্নীতি নয়, সরকারী নির্দেশে এটা করছে। দিনের পর দিন হাওড়া ডিপো থেকে আরম্ভ করে কলকাতার চতুর্দিকে এই জিনিষ আপনার করে রেখেছেনে নিজেদের দলের লোককে কিবল প্রশ্রয় দিচ্ছেন, দলের লোকের ক্ষেত্রে চোখ বুজে থাকছেন। স্যার, মানুষের শরীর অসুস্থ হলে পেস-মেকার বসান হয়। ২ জন অসুস্থ হলো - একজন আই এন টি ইউ সি'র, আর একজন সিটুর। আই এন টি ইউ সি'র লোককে ৫ হাজার টাকা দেওয়া হলো, আর সিটুর লোককে ১৮ হাজার টাকা দেওয়া হলো। এটা কেন করা হলো? এই হচ্ছে রবীন বাবুর অবস্থা। রবীনবাবুর দুর্নীতির কথা বলতে গেলে কাল অবধি চলে যাবে, সেজন্য আমি আর এই দুর্নীতির কথা বলতে চাই না, যেটুকু বললাম দয়া করে এই দুর্নীতির যে বাসা পরিবহন দপ্তরের রয়েছে সেটা প্রকাশ্যে এই হাউসে বলবেন। এই কথা বলে রবীন বাবুর এই ব্যয়-বরাদ্দের বিরোধীতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

## (Mr. Deputy Speaker took the chair)

**শ্রী অনিল মুখার্জী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের সদস্যরা কিছুক্ষণ ধরে যে বক্তব্য রাখলেন সেই বক্তব্যে তাঁরা নিজেরা সারা ভারতবর্ষের কথা একটুও ভাবলেন না। ভারতবর্ষে এমন একটা রাজ্য নেই যেখানে ওনারা রাজত্ব করছেন সেইসব রাজ্যে প্রফিট করে স্টেট ট্রান্সপোর্ট তাঁরা চালাচ্ছেন। আমরা দেখলাম গুজরাট একমাত্র রাজ্য যেখানে এখন গুলি চলছে সৈন্য নেমেছে সেই রাজ্যে কেবল স্টেট ট্রান্সপোর্ট লাভে চলে। এমনকি কর্ণাটক এক সময় যেটা ওদের বড় শিল্পাঞ্চল ছিল সেখানেও এই স্টেট ট্রান্সপোর্ট লোকসানে চলছে। এখানে জ্ঞান সিং সোহন পাল মহাশয় রয়েছেন, তাঁর সময়ে কত লোকসান ছিল- তাঁর সময়ে ১২ কোটি টাকা লোকসান ছিল। তিনি কি করে ছিলেন পশ্চিমবঙ্গে বেলঘরিয়ায় একটা ফ্যাক্টরী আছে সেটাকে তিনি ইমপোর্টেন্ট করে বাইরে ম্যাড্রাস থেকে কোচ এনেছিলেন, এখানকার সমস্ত জিনিষ বিক্রি করে মাদ্রাজ কোম্পানী থেকে বাইরের কোম্পানী থেকে নিয়ে এসেছিলেন। নিজের গায়ে হাত দিয়ে কথা বলুন। আজকে দায়িত্বশীল বিরোধী আপনারা। যদি বুঝতাম পশ্চিমবঙ্গে আপনারা ট্রান্সপোর্ট সমস্যার সমাধান করে গেছেন, আমরা এসে খারাপ করে দিলাম, তাহলে এই প্রশ্নের জবাবদিহি আমরা করতাম।

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, ওঁদের রাজত্বে ৩৫৫ কিলোমিটার গাড়ী চলেছিল এবং এখন আমাদের রাজত্বে চলছে ৪১৬ কিলোমিটার। ওঁদের সময়ে রিসিপ্ট হয়েছে ১০ কোটি ৬৫ লক্ষ টাকা এবং বামফ্রন্ট সরকারের আমলে রিসিপ্ট হয়েছে ২৩ কোটি ৩৬ লক্ষ টাকা। অর্থাৎ বাস্ চালিয়ে টোট্যাল ইনকাম আমাদের বেড়েছে। বাস বেড়েছে, আয় বেড়েছে কিন্তু সঙ্গে সঙ্গে জনসংখ্যাও বেড়েছে। ওঁদের সময়ে যদি আয় হয়ে থাকে ১০কোটি ৬৫ লক্ষ টাকা, এবং আজকে যদি আয় হয় ২৩কোটি ৩৬ লক্ষ টাকা তাহলে বলতে হবে আয় এখন বেড়েছে। বাস বাড়ল, টোট্যাল বাস -এর রানিং বাড়ল কাজেই ইমপ্রুভমেন্ট হয়েছে এটা নিশ্চয়ই বলা যায়। আপনারা যে ধ্বংসস্তুপের মধ্যে আমাদের রেখে গেছেন তা থেকে বেরুন মুস্কিল। ওরা বাস - এর কারখানার অবস্থা, বিভিন্ন স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশানের অবস্থা যে পর্যায়ে রেখেছিলেন ১৯৭৬, ১৯৭৭ সাল এবং তার আগে তাতে অডিট রিপোর্ট দেখলে দেখা যাবে কত দুর্নীতি ছিল এবং কি পংকিলে পশ্চিমবাংলাকে পতিত করেছিলেন। কোন ট্রান্সপোর্টের ক্ষেত্রেই এর ব্যতিক্রম ছিলনা। মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আপনি জানেন বামফ্রন্ট সরকার এই সীমিত ক্ষমতার মধ্যে তাদের সাধ্যমত চেষ্টা করেছে উন্নতি করবার জন্য। স্যার, আপনি জানেন এবং জ্ঞান সিং সোহনপাল ও জানেন তদানীন্তন মুখ্যমন্ত্রী সিদ্ধার্থ শঙ্কর রায় একবার সিদ্ধান্ত করেছিলেন সমস্ত স্টেট ট্রান্সপোর্ট প্রাইভেট ওনারদের হাতে তুলে দেবেন। বিভিন্ন দিকে লোকসান এবং দুর্নীতি দেখে অতিষ্ঠ হয়ে তিনি বলেছিলেন আমি তুলে দেব। তখন প্রাইভেট বাস -এর মালিকরা সিদ্ধার্থ শঙ্কর রায়ের পায়ে পড়ে বলেছিল আপনি স্টেট ট্রান্সপোর্ট তুলে দিলে আমরা কোথায় যাব — কারণ ষ্টেট ট্রান্সপোর্ট - এর ডিজেল, টায়ার, স্পেয়ার পার্টস্ দিয়েই তো আমরা বাস চালাই। এটা হচ্ছে ধণতান্ত্রিক সমাজ ব্যবস্থার লক্ষণ। ভারতবর্ষের মধ্যে মহারাষ্ট্র, গুজরাট, ইউ. পি., রাজস্থান, বিহার প্রভৃতি সব জায়গায় দুর্নীতি আছে এবং সেটা একেবারে রন্ধ্রে রন্ধ্রে রয়েছে। আমরা এগুলি দূর করবার চেষ্টা করছি কিন্তু এখনও পুরোপুরি পারছিনা ওঁদের এবং আমলাতন্ত্রের ষড়যন্ত্রের ফলে। ওঁদের সময় ১৯৭৬।৭৭ সালে বাজেট ছিল ৭ কোটি ৫৫ লক্ষ ১৬ হাজার টাকা। এবং আজকে সেই বাজেট বেড়ে দাঁড়িয়েছে ৬৮ কোটি ৮৭ লক্ষ ৯৪ হাজার টাকা। তাহলে একবার চিন্তা করুন কতগুণ বেড়েছে। বামফ্রন্ট সরকার কোলকাতা এবং কোলকাতার পার্শ্ববর্তী অঞ্চলের ট্রান্সপোর্ট সম্বন্ধে নীতি নির্ধারণ করেছেন এবং মফঃস্বলের জন্যও নীতি নির্ধারণ

করেছেন। কিন্তু আমাদের আর্থিক ক্ষমতা সীমিত বলে ওয়ার্লড ব্যাংকের কাছ থেকে অর্থ সাহায্য নিতে হয়েছে এবং তার মাধ্যমে বাস্ - এর সংখ্যা বাড়ান হয়েছে। ক্যালকাটা ট্রামওয়েজ এই ৭ বছরের মধ্যে ৭৫টি নূতন ট্রাম তৈরী করেছে, ৭টি ট্রাম রিবিল্ট করেছে এবং ১৫৫টি ট্রামকে স্পেশালি রিপেয়ার করেছে। ওঁরা দীর্ঘদিন ধরে ট্রাম লাইন এক্সপ্যানসন করেন নি। কিন্তু বামফ্রন্ট সরকারের অধীনে আজকে ভি আই পি রোড পর্যন্ত ট্রাম লাইন এক্সপ্যান্ডেড হয়েছে।

**[4.10 – 4.20 p.m.]**

এবং আরও ঠাকুরপুকুর ও বেহালাতেও হবে তার জন্য আমাদের পরিকল্পনা আছে। কিন্তু এতেই কি সমস্যার সমাধান হবে? হবে না, কারণ কলকাতায় জনসংখ্যা যেভাবে বেড়ে যাচ্ছে, এবং যেভাবে প্যাসেঞ্জারের সংখ্যা বড়ছে তাতে সমস্যা সমাধান করা সম্ভব নয়। সি. এস. টি. সি আজকে ৫৩০ টি নতুন বাস কিনেছে এবং এই সরকার মফঃস্বলে বিভিন্ন জায়গায় নূতন বাস রুট তৈরী করেছে। তারপর আমাদের এই কলকাতায় আরও কনষ্ট্রাকসানের কাজ চলছে যেমন কসবায়, বেলঘরিয়ায়, পাইকপাড়ায় এবং লেক ডিপোতে। বিভিন্ন জায়গায় ট্রাম ডিপোর নূতন করে কনষ্ট্রাকসানের কাজ চলছে। আজকে নোনাপুকুর ওয়ার্কসপের কাজ দিনের পর দিন উন্নতি লাভ করছে। এ ছাড়া আজকে কাজের সুবিধার জন্য এবং যাতে ট্রাম চলাচল যথাযথভাবে চলতে পারে তার জন্য আমরা কালিঘাট ট্রাম গুমটিতে ৫০টি টেলিফোন লাইন নূতন করে সেট আপ করেছি। এবং রাজাবাজার ট্রাম গুমটিতে ১০০টি টেলিফোন লাইন সেট আপ করেছি। আমরা সি. এম. ডি. এ এবং সি. টি. ই. পি সংস্থার সঙ্গে যোগাযোগ করে যাতে রাস্তাগুলির উন্নয়ন সাধন করা যায় এবং পরিকল্পিতভাবে সিগন্যাল স্থাপন করা যায় তার জন্য ব্যবস্থা করেছি এবং সেটা বিবেচনাধীন আছে। আজকে এগুলি ওরা দেখতে পাচ্ছেন না। আমরা আশা করি যতশীঘ্র সম্ভব সেগুলির উন্নয়ন সাধন করা হবে। আজকে এই যে লোকসান হচ্ছে, এটা কাদের আনুকূল্যে হচ্ছে? তাঁরা কি জানেন না যে আমাদের একটা লোকসানের স্তূপে তারা বসিয়ে দিয়ে গেছে। তবুও আমরা চেষ্টা করছি যাতে এই লোকসান কমানো যায়। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো তিনি নিশ্চয় চেষ্টা করবেন যাতে এই লোকসান কমানো যেতে পারে। অন্তত রাস্তায় যাতে প্রত্যেক রুটে আরও একটি করে বাস নামাতে পারেন তার জন্য তিনি চেষ্টা করবেন। আমার বিশ্বাস তাহলে আরও লোকসান কমবে। আমি আজকে পরিসংখ্যান দিয়ে দেখাতে পারি আগেকার চেয়ে আজকে আমাদের লোকসান কমেছে। স্যার, ১৯৭৭ - ৭৮ সালে টোট্যাল বাসের সংখ্যা ছিল ১২২৬ - কিন্তু রাস্তায় নামতো ৬০৬ অর্থাৎ ৫০ পারসেন্ট বাস রাস্তায় নামতো, ১৯৮০ সালে মোট বাসের সংখ্যা ছিল ১০৫৯, আর রাস্তায় বাস নামতো ৭২১ অর্থাৎ ৬৭ পারসেন্ট বাস রাস্তায় নামতো, ১৯৮১ সালে মোট বাস সংখ্যা ছিল ১০৯৯ রাস্তায় নামতো ৭৩৮, অর্থাৎ ৬৩ পারসেন্ট বাস রাস্তায় নেমেছে, ১৯৮২ সালে বাসসংখ্যা ছিল ১১৪১ রাস্তায় নামত ৭২৩ অর্থাৎ ৬৩% বাস রাস্তায় নামত ১৯৮৩ সালে ১১৩০ টি বাসের মধ্যে ৭৩৫টি বাস রাস্তায় নামতো, ১৯৮৪ সালে বাস সংখ্যা ছিল ১১৭২ আর রাস্তায় নেমেছে ৭১৪ অর্থাৎ ৬১পারসেন্ট বাস রাস্তায় নেমেছে। অর্থাৎ কংগ্রেস আমলে যত পারসেন্ট বাস রাস্তায় নামতো তার চেয়ে অনেক বেশী পারসেন্ট বাস আজকে রাস্তায় নামছে। প্রতি দিন ১০০ থেকে ১৫০ টি বাস ব্রেক ডাউন হয়ে থাকে মেন্টেন্যান্সের অভাবে। আমি মন্ত্রীমহাশয়কে বলবো এই বাসগুলিকে নূতন করে সারিয়ে যাতে আরও বাস রাস্তায় নামানো যায় তার ব্যবস্থা যদি করেন তাহলে আমাদের আরও লোকসান কমে যাবে। ওনাদের সময়ে ঐসব মেন্টেন্যান্সের কারখানাগুলি প্রায় বন্ধ করে দিয়েছিলেন আজকে নূতনভাবে সেখানে মেন্টেন্যান্সের কাজ করার চেষ্টা করা হচ্ছে। ওনাদের সময়ে সমস্ত অনভিজ্ঞ কর্মী নিয়োগ

যারা মোটেই কাজ জানে না তাদের নিয়োগ করে এই সমস্ত ... কাজ একেবারে বন্ধ করে দিয়েছিল। কর্মী সংখ্যা বাড়িয়ে যা কর্মী দরকার তার চেয়ে অনেক বেশী কর্মী নিয়োগ করেছিলেন যার ফলে আজকে এই অবস্থা। ১৯৭৬-৭৭ সালে কর্মী সংখ্যা ছিল ১১৮০৫ অর্থাৎ প্রতি বাস পিছু কর্মী সংখ্যা ছিল১৯ জন, আর ১৯৮০-৮১ সালে কর্মী সংখ্যা ছিল ১৩০৭৮ এবং প্রতি বাস পিছু কর্মী সংখ্যা ছিল ১৭.৭, ১৯৮১-৮২ সালে কর্মী সংখ্যা দাঁড়ালো ১৪২১৬ বাস পিছু কর্মী সংখ্যা হলো ১৮.৩, ১৯৮২-৮৩ সালে সেই সংখ্যা দাঁড়ালো ১৪২১৯, বাস পিছু কর্মী সংখ্যা দাঁড়ালো ১৯.৩৫। বাসের কর্মী সংখা মোটামুটি ঠিকই আছে, কিন্তু আজকে বাসের সংখ্যা বেড়েছে এবং ওনাদের আমলের চেয়েও আরও অনেক যাত্রী বহন করছে। তবুও আমি বলবো এই যে কর্মী রয়েছে বাস পিছু এটা যদি আরও কমানো যায় তাহলে আমরা আরও লোকসান কমাতে পারব এবং এই কর্মী কমানোর জন্য আমাদের চেষ্টা করা উচিত। তাতে আমরা লাভ করতে পারবো। ১৯৭৭ সালের আগে সি. এস. টি. সি.-র কেনা নূতন বাস যেগুলি খারাপ হয়ে গেছে সেগুলি আর ডিপোতে ঢুকে নূতন বাসের রূপ পায় না। ওনারা কি করতেন? - বাইরের সব প্রাইভেট কোম্পানীর কাছে টাকা দিয়ে নূতন বডি বানানো হয়েছে। তাই আজকে সি. এস. টি. সি. -র মেকানিকরা কাজের অভাবে তাদের দক্ষতা হারিয়ে ফেলেছে। এদের আজকে নূতন করে দক্ষতা ফিরিয়ে আনতে হবে। এই সব জিনিস যদি আমরা করতে পারি তাহলে আমার বিশ্বাস নিশ্চয় এতে আমরা লাভ করতে পারবো। আমরা যদি রাস্তায় আরও বেশী বাস বের করতে পারি তাহলে নিশ্চয় আমরা এই সি. এস. টি. সি. প্রতিষ্ঠানকে একটি লাভজনক প্রতিষ্ঠানে পরিগণিত করতে পারবো।

ডি. এস. টি. সি. এবং নর্থ বেঙ্গল ট্রান্সপোর্ট কর্পোরেসান এবং ট্রাম যে ভাবে লোকসানের দিকে যাচ্ছে, সেইগুলো ঐ ভাবে যদি আমরা কিছু কিছু ব্যবস্থা নিতে পারি, তাহলে সেইগুলো লোকসানের হাত থেকে বাঁচবে। দুই শিফট যেমন আছে তার সঙ্গে যদি মিড শিফট মন্ত্রী মহাশয় চালু করেন তাহলে বর্তমানে ৭০০ বাস চালু করে ৩৯১ পয়সা থেকে ৬ টাকা পর্যন্ত বাড়ানো যায়। সুতরাং অপারেসান এফিসিয়েন্সি ২৫ পারসেন্ট বাড়লে সি. এস. টি. সি.'র যে সব ক্ষতি হয়েছে, সেইগুলো মেক আপ হবে। আমাদের সময়ে যে ভাবে বাসের উন্নতি হচ্ছে, ট্রাম চালানোয় যে উন্নতির চেষ্টা হচ্ছে, ট্রাম লাইন যে ভাবে সম্প্রসারণ করা হয়েছে, তাতে যদিও আমরা সমস্ত সমস্যার সমাধান করতে পেরেছি, এই কথা বলছি না, তবে আগামী দিনে যে আরও ব্যাপক ট্রান্সপোর্টের উন্নতি করতে হবে, এই আশা রেখে এই বাজেটকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বরাষ্ট্র পরিবহন মন্ত্রী মহাশয় আজকে তাঁর যে বাজেট পেশ করেছেন, সেই বাজেট বিতর্কে অংশগ্রহণ করতে গিয়ে প্রথমেই বলতে চাই যে বামফ্রন্ট সরকার, তাঁরা মুখে বলেন যে পরিবহন সংস্থা এটা এসেন্সিয়াল পাবলিক ইউটিলিটি সার্ভিস, অত্যাবশ্যকীয় জনসেবা মূলক প্রতিষ্ঠান, কিন্তু মুখে তাঁরা যে কথাটা বলেন, যে ভাবে তাঁরা এই দপ্তরকে পরিচালনা করেন, তাঁদের কার্য্যক্রম, বিপরীত কথা জনসাধারণের সামনে, বিপরীত অভিজ্ঞতা তুলে ধরে। বামফ্রন্ট সরকারের আট বছরের রাজত্বে রাজ্য পরিবহনে লোকসান যেভাবে বাড়ছে, কারণ হিসাবে মন্ত্রী মহাশয় যা বলেছেন, তার খানিকটা যৌক্তিকতা আছে, যেমন ডিজেলের দাম বাড়ছে, পেট্রলের দাম বাড়ছে, স্পেয়ার পার্টসের দাম বাড়ছে — কিন্তু এটাই কি লোকসানের একমাত্র কারণ? শুধুমাত্র এটাকে পুঁজি করে এই ক্রমবর্ধমান লোকসানের দোষ স্খালন করতে পারেন না। কি ভাবে লোকসান বেড়েছে, ঐ দুর্গাপুর সংস্থার কথা আমি আর বলছি না, কারণ মন্ত্রী মহাশয় বলেছেন, যে ঐ সংস্থার নিয়মিত হিসাব পাওয়া যায় না, আরও পরিবহন মন্ত্রী যেটা বললেন যে হিসাব

নেই। সেইজন্য আমি বাকি তিনটি সংস্থা যেমন সি. টি. সি., নর্থবেঙ্গল ষ্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন, সি. এস. টি. সি., এই তিনটি সংস্থায় যেখানে ১৯৭৬-৭৭ সালে লোকসানের পরিমান ছিল ১৮ কোটি টাকা, আজকে সেই লোকসান এই তিনটি সংস্থায় ৪৩ কোটি টাকার উপর চলে গেছে প্রায় ২।। গুন লোকসান বেড়ে গেছে, এই লোকসানের কারণ কি ভাবে এক্সপ্লেন করবেন? অথচ এই পরিবহন ব্যবস্থার জন্য টাকা তো কম ঢালা হয়নি? পাবলিক এক্সচেকার থেকে জনগনের কম অর্থ যায়নি? শুধু ১৯৮০ সাল থেকে ১৯৮৪ সাল, এই চার বছরে রাজ্য সরকার এই পরিবহন দপ্তরকে শুধু সি. এস. টি. সি.'র জন্য ১০০ কোটি টাকা দিয়েছে। আমি শুধু সি. এস. টি. সি'র কথাই বলছি, সি. এস. টি. সি. কে ১০০ কোটি টাকা দেওয়া হয়েছে। এছাড়া ওয়ার্লড ব্যাংক থেকে ৪৬ কোটি টাকার উপর ঐ রকম হিউমিলিয়েটিং টার্মস এ্যাণ্ড কনডিশন্‌স এ ধার করা হয়েছে।

**[4.20 – 4.30 p.m.]**

সেই টাকায় ৫৩০ টি বাস কেনা হয়েছে। শুধু তাই নয়, এর উপরে বামফ্রন্ট সরকার বিগত রাজত্বে একবার নয়, ৩ বার বাসের ভাড়া বৃদ্ধি করেছেন পশ্চিমবঙ্গের জনগণের উপর, বাসযাত্রীদের উপরে এবং এই ক্ষেত্রে একটা রেকর্ড সৃষ্টি করেছেন। ইতিপূর্বে এই রকম শর্ট প্যান অব টাইমের মধ্যে এতবার বাসের ভাড়া বৃদ্ধি অন্য কোন রেজিমে হয়েছে কিনা সেটা চিন্তা করে দেখবেন, ৩ বার বাসের ভাড়া বৃদ্ধি করেছেন, আর একবার ভাড়া বৃদ্ধি মহড়া দেওয়া হচ্ছে। এর ফলে আবার জনগণের উপরে বাসের ভাড়া চাপানো হবে। জনগণের পাবলিক এক্সচেকার ১০০ কোটি টাকা পরিবহনে ঢুকলো, ঐ রকম একটা হিউমিলিয়েটিং টার্মস এ্যাণ্ড কণ্ডিশানে ওয়ার্লড ব্যাংক থেকে ৪৬ কোটি টাকা ধার করা হোল, তারপরেও আজকে পরিবহনের এই হাল, লোকসানের বহর মারাত্মক। শুধু জিনিসপত্রের দাম বেড়েছে বলে এই দায়িত্ব দাঁড়িয়ে যেতে পারেন না। এখানে রাজ্য পরিবহন দপ্তরের কি কোন দায়িত্ব নেই? আমার প্রশ্ন হচ্ছে, ভাড়া বাড়ছে, টিকিটের দাম বাড়ছে, কিন্তু টিকিট বিক্রি করে আয় বাড়ছে না কেন? এটা কেন হচ্ছে। আমি আপনাকে চ্যালেঞ্জ করছি, আপনি ৩ বার যেভাবে ভাড়া বাড়িয়েছেন তার সঙ্গে কত পারসেন্ট বাসের টিকিটের বিক্রির হার বেড়েছে সেটা আপনি প্রমাণ করতে পারবেন? আজকে টিকিটের দাম বাড়ছে, ভাড়া বাড়ছে অথচ সি. এস. টি. সি. তে আয় বাড়ছে না। এর থেকে একটা লজিক্যাল ক্যালকুলেশান বেরিয়ে আসে যে আপনার ট্রিপ কমে যাচ্ছে। আপনি যে ইনসেনটিভ স্কীম চালু করেছেন, সেটা একটা অদ্ভুত জিনিস। ৩ শত টাকা তুলে দেবার পরে ড্রাইভার, কনডাকটাররা আর ট্রিপ দেয় না।যদি দুটো ট্রিপ দিয়ে ড্রাইভার, কণ্ডাক্টাররা ঐ টাকাটা রোজগার করে, তাহলে তারা আর দ্বিতীয় ট্রিপ, তৃতীয় ট্রিপ দেবেনা। এই জিনিস হচ্ছে। তার ফলে রেভিনিউ কমে যাচ্ছে। টিকিট বিক্রির হার কমে যাচ্ছে। আপনি যে হিসাব দিয়েছেন তাতে বলেছেন যে বাস বেশী চালিয়েছেন, বাস বেশী চলছে। আমি একটা হিসাব আপনার কাছে তুলে ধরছি। ১৯৭৭ সালে মোট বাসের সংখ্যা ছিল ১,২২৬ এবং চালু বাসের সংখ্যা হচ্ছে ৬০৮টি অর্থাৎ ৫০ পারসেন্ট বাস চালু ছিল। ১৯৭৮ সালে মোট বাসের সংখ্যা ছিল ১১৭৮টি এবং চালু বাসের সংখ্যা হচ্ছে ৫৭৪টি অর্থাৎ ৪৯ পারসেন্ট। ১৯৭৯ সালে মোট বাসের সংখ্যা ছিল ১১৮৮ এবং চালু বাসের সংখ্যা হচ্ছে ৬৩১টি অর্থাৎ ৫৫ পারসেন্ট। ১৯৮০ সালে মোট বাসের সংখ্যা ছিল ১০৫৯ এবং চালু বাসের সংখ্যা হচ্ছে ৭২১ অর্থাৎ ৬৮ পারসেন্ট। এটাকে দেখিয়ে আপনারা গর্ব করে থাকেন। তারপরে ১৯৮১ সালে মোট বাসের সংখ্যা ছিল ১০৯৯ এবং চালু বাসের সংখ্যা হচ্ছে ৭৩৮, অর্থাৎ ৬৭ পারসেন্ট। ১৯৮২ সালে মোট বাসের সংখ্যা ছিল ১১৪১ এবং চালু বাসের সংখ্যা হচ্ছে ৭২৯ অর্থাৎ ৬৩ পারসেন্ট। ১৯৮৩ সালে মোট বাসের সংখ্যা ছিল ১১৩০ এবং চালু বাসের সংখ্যা হচ্ছে ৭৩৫ অর্থাৎ ৬৫ পারসেন্ট।

১৯৮৪ সালে মোট বাসের সংখ্যা ছিল ১১৭২ এবং চালু বাসের সংখ্যা হচ্ছে ৭১৪, অর্থাৎ ৬১ পারসেন্ট। ১৯৮০ সালে ৬৮ পারসেন্টে হঠাৎ উঠলো কেন? তার মানে এই নয় যে আপনারা কর্মচারীদের ভালভাবে কাজে লাগিয়েছেন বা অচল বাসকে সচল করে চালিয়েছেন। ঐ সময়ে ওয়ার্লড ব্যাংক থেকে টাকা ধার নিয়ে ৫৩০ টি বাস কেনা হয়েছিল তার ফলে এই পারসেন্টেজ বেড়ে গিয়েছিল। আজকে সেই পারসেন্টেজও আপনারা রাখতে পারেননি। সেখানে ৬৮ পারসেন্ট থেকে ডাউন করে ৬১ পারসেন্টে এসে দাঁড়িয়েছে। আজকে ব্রেক ডাউন সংখ্যা ডিপোতে দেখা যায় ৭১৪টি। ব্রেক ডাউন গাড়ীর সংখ্যা এই রকম মারাত্মকভাবে বেড়ে চলেছে। যে সমস্ত সরকারী বডি রিপেয়ারিং শপ আছে, সেন্ট্রাল রিপেয়ারিং শপ আছে, ডিপোতে সেখানে বাসের বডি তৈরী করার কারখানা আছে, কিন্তু ট্রাজেডী হচ্ছে সেখানে জনগণের টাকা দিয়ে মেকানিক বসানো হয়েছে, মাসের পর মাস তাদের মাইনে বাড়ানো হচ্ছে, অথচ সেখানে এইসব বাসের বডিগুলো করা হয় না, কিন্তু সেখানে এইসব বাসের বডি পাল্টানো হয়না, সেটাকে কাজে লাগানো হয় না, বাইরের প্রাইভেট কোম্পানীকে দিয়ে এই কাজগুলি করানো হচ্ছে। অথচ যেখানে রিপেয়ারিং শপ আছে, ডিপোয় ডিপোয় যেখানে সুন্দর কারখানা আছে, সেন্ট্রাল কারখানা আছে, তার যদি ফুল ইউটিলাইজেসান হয় তাহলে আজকে এই পরিবহন সংস্থার খরচ অন্ততঃ পক্ষে ৭পারসেন্ট কমতে পারে। তা তারা করছেন না। কার ইনটারেষ্টে করছেন না? তাই আজকে আপনাকে বলতে হচ্ছে এই রকম ইচ্ছাকৃত ভাবে বাসগুলি অচল করে দেয়। এতদিন পরে আপনাকে এই কথাগুলি বলতে হচ্ছে। জানি না এখন কারো বিরুদ্ধে ভিনডিকটিভ মেজাজ নেবার জন্য এই কথা বলতে হচ্ছে কি না? যদি সত্যিকারের এই এ্যাকিউট সমস্যা সমাধানের দিকে অগ্রসর হন, এতদিন পরে সত্যিকার যদি আপনাদের চোখ খুলে থাকে তাহলে আমরা খুশী হব। কিন্তু আজকে কর্মচারীর যদি এই হাল সৃষ্টি করে থাকেন তাহলে তার জন্য হু ইজ রেসপনসিবল্? এই দায়িত্ব আপনাদের নিতে হবে না? কেন শ্রমিক কর্মচারীদের এই হাল হল? পশ্চিমবাংলার শ্রমিক কর্মচারীরা চিরকাল তো এই জিনিস করেনি। ১৯৬৭ সালে ট্রেড ইউনিয়ন আন্দোলন কি রকম হয়েছিল? সেই সময় ট্রেড ইউনিয়ন আন্দোলন হত, আমরা তখন যুক্ত ফ্রন্ট সরকারে ছিলাম, তখন এস. ইউ. সি. আই., ওয়াজ ওয়ান অফ দি পার্টনারস্। মাননীয় রবীনবাবু কোথায় গেলেন জানি না, সেদিনকার কথা নিশ্চয়ই রবীনবাবুর মনে আছে। সেদিন বাসগুলির মধ্যে একটি লাইন সাদা অক্ষরে লেখা থাকতো, 'কর্তৃপক্ষের অচল করা বাস কর্মচারীদের চেষ্টায় সচল হল।' সেদিন তাদের মধ্যে যথার্থই জনগণের প্রতি একটা মানবিক দৃষ্টিভঙ্গী গড়ে তোলা হয়েছিল দায়িত্ব এবং কর্তব্যবোধ ট্রেড ইউনিয়ন মুভমেন্টের মধ্য দিয়ে গড়ে তোলা হয়েছিল। কিন্তু আজকে আপনারা এমন একটা ট্রেড ইউনিয়ন মুভমেন্ট করে শ্রমিক কর্মচারীদের এই রকম জায়গায় নিয়ে এসেছেন। এই রেসপনসিবিলিটি আপনাদের নিতে হবে, এই দায়িত্ব আপনাদের নিতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ব্রেক ডাউনের সংখ্যা বেড়েই চলেছে, পরিস্থিতি এইখানে এসে দাঁড়িয়েছে। সি. এস. টি. সি.'র জনম লগ্ন থেকেই প্রয়োজনের তুলনায় কর্মীসংখ্যা অনেক বেশী।

(ভয়েসঃ শ্রী বীরেন্দ্র নারায়ন রায় ঃ তবে কি ছাঁটাই করতে হবে?)

আপনি গিয়ে ওদের কাছে এই রকম কথা বলবেন যে দেবপ্রসাদবাবু এই কথা বলেছেন। ছাঁটাই করার কথা আমি বলছি না, এইরকম রাজনীতি আমরা করি না। প্রশ্নটা হল প্রয়োজনের তুলনায় কর্মচারীর সংখ্যা বেশী। প্রাইভেট বাসে এক একটি বাস পিছু ৫।৬ জন কর্মচারী থাকে। আর এখানে ভ্যারিয়েসন অব রিপোর্টস দেখা যাচ্ছে। কেউ বলছেন ২১ জন, কেউ বলছেন ২৩জন, আবার কেউ বলছেন ২৭ জন এক একটি বাস পিছু কর্মচারী আছেন। এই ভাবে ম্যান পাওয়ার ওয়েষ্টেজ হচ্ছে।

ওয়েস্টেজ হচ্ছে কি করে? সমস্ত বাসগুলি বসিয়ে রাখছেন। দুটো সিফটের কথা বলা হয়েছে। কিন্তু এক্সপার্টরা বলছেন অন্ততঃ যদি ১ পারসেন্ট বাস বেশী চলে তাহলে ষ্টেট ট্রান্সপোর্টের ক্ষতিটাকে একটা স্থিতাবস্থায় রাখা যায়। তার যদি এ্যাট লিষ্ট ৪ পারসেন্ট এর কিছু বেশী বাস যদি বের করা যায় তাহলে ৫ বছরের মধ্যে সি. এস. টি. সি. এই রকম লোকসানজনক প্রতিষ্ঠান থেকে লাভজনক প্রতিষ্ঠানে পর্যবসিত হতে পারে, এই কথা বলা হচ্ছে। দুটি সিফটে কাজ করা হয়। সকালে একটা সিফ্‌ট, আর বিকেলে একটা সিফ্‌ট, এইভাবে কাজ হয়। এর মাঝখানে যদি আর একটা মিড সিফ্‌ট চালু করেন তাহলে ৭০০ বাসের হিসাব ধরে বলছি ১ কিলোমিটারে যেখানে ৩.৯১ পয়সা আয় হচ্ছে, সেখানে ৬ টাকা আয় হতে পারে। এই ভাবে পরিবহন সংস্থার উন্নতি করা যেতে পারে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এর পরে আমি ওয়ার্লড ব্যাংকের কথায় আসছি। অত্যন্ত দুর্ভাগ্যের কথা যে, পশ্চিমবাংলার জনগণের পরিবহন সংস্থাকে বামফ্রন্ট সরকার ধীরে ধীরে এই রকম একটা জায়গায় নিয়ে এসেছেন। স্যার, এরা এসেন্সিয়াল পাবলিক ইউটিলিটি সার্ভিসকে নিজেদের দায়িত্বে না রেখে প্রাইভেট বাস ওনার্সদের হাতে তুলে দিচ্ছেন। আজকে ওয়ার্ল্ড ব্যাংক তাদের কি ভাবে যে পরিচালনা করছেন সেটা আমরা দেখতে পাচ্ছি। বামফ্রন্ট সরকার ওয়ার্ল্ড ব্যাংকের কাছ থেকে টাকা ধার নিলেন। ধার দেবার ক্ষেত্রে তারা দাতব্য প্রতিষ্ঠানে হিসাবে ধার দেয়নি। সেন্ট্রাল গভর্ণমেন্টকে আই. এম. এফ. এ্যান্টি পিপল টার্মস এ্যাণ্ড কন্ডিসানসে ধার দেয়। পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারকেও সেই এ্যান্টি পিপল্‌ টার্মস এ্যাণ্ড কণ্ডিসনসে ধার দিয়েছে।

**[4.30 – 4.40 p.m.]**

৭।। পারসেন্ট সুদ কর্মচারী ছাঁটাই, ভরতুকি বন্ধ করা, বাসের ভাড়া বৃদ্ধি করা ইত্যাদি ইত্যাদি সমস্ত এ্যান্টি পিপল কনডিসান এর মধ্যে রয়েছে। কেন্দ্রীয় সরকার আই. এম. এফের লোন না নিলে আপনারা তার বিরোধীতা করেন, এসব দেখেশুনে মনে হয় আপনাদের সেই বিরোধীতা শুধুমাত্র মৌখিক বিরোধীতা। এখন আবার দেখছি মাননীয় মন্ত্রীমহাশয় নতুন করে বাসের ভাড়া বৃদ্ধির মহড়া দিচ্ছেন। ডিজেল, পেট্রোলের দাম বেড়েছে একথা ঠিক, বাস ডিজেলে চলে এটাও আমরা জানি কিন্তু এ ক্ষেত্রে ডিজেলের দাম যা বেড়েছে সেই পরিপ্রেক্ষিতে সমস্ত বিষয়টি বিবেচনা করা উচিত। হিসাব অনুযায়ী দিনে একটি প্রাইভেট বাসের জন্য ১২ টাকা বেশী খরচ হতে পারে। আর ষ্টেট বাসের ক্ষেত্রে তো দুর্নীতি, অপচয় ইত্যাদি বন্ধ করলেই বাড়তি ভাড়ার আর দরকারই হয়না। তা ছাড়া প্রাইভেট বাসের মালিকরা যাত্রীবহনের যে হিসাব দেন তার থেকে যে তারা কয়েকগুন বেশী যাত্রী বহন করেন সেটা সকলেই জানেন। ইতিপূর্বে এই সরকার তিনবার বাসের ভাড়া বৃদ্ধি করে প্রাইভেট বাস মালিকদের কোটি কোটি টাকা মুনাফা অর্জনের ব্যবস্থা করে দিয়েছেন কাজেই এখন ভাড়া না বাড়ালে তাদের লাভের অংক হয়ত কিছুটা কম হতে পারে কিন্তু তার চেয়ে বেশী কিছু হবে না। কাজেই স্যার, আমি বলব, পশ্চিমবাংলার দরিদ্র জনসাধারণের দিকে তাকিয়ে এখনই এই বাসের ভাড়া বৃদ্ধির যৌক্তিকতা আছে কিনা সেটা বিচার বিবেচনা করে দেখা উচিত। এই কথা বলে মাননীয় মন্ত্রীমহাশয়ের বাজেটের বিরোধীতা করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী সুভাষ নস্কর :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পরিবহন দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয় আজ তাঁর দপ্তরের যে ব্যয় বরাদ্দের দাবী এই সভায় পেশ করেছেন তা সমর্থন করে কয়েকটি কথা আপনার মাধ্যমে এই সভায় রাখছি। স্যার, এতক্ষণ ধরে বিরোধী পক্ষের মাননীয় সদস্যরা এই বাজেটের বিরোধীতা করে যে সব বক্তব্য রাখলেন তাতে তাঁরা বাসের দুর্গতির কথা বললেন এবং

ও সম্পর্কে নানান অপব্যাখ্যা করলেন। স্যার, একথা ঠিকই যে, যাঁরা এই সমস্ত অপব্যাখ্যা করলেন তাঁরা কেউই বাসে চড়েন না, নিত্যবাসযাত্রীর অভিজ্ঞতাও তাদের নেই। শুধুমাত্র বিরোধীতা করার জন্য বক্তব্য রাখতে হবে তাই তাঁরা এই সব বক্তব্য রাখলেন। স্যার, ওঁদের আমলে আমরা দেখেছি, আর. টি. এ. বোর্ডের মেম্বার যাঁরা ছিলেন তাঁদের বাড়ীতে সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত ভীড় লেগে থাকতো। লোকে সব তাঁদের বাড়ীতে গাড়ী করে মাছ, মুরগী, দই, মিষ্টি নিয়ে লাইন দিয়ে দাঁড়িয়ে থাকতো স্যার, বাস, মিনিবাসের পারমিট দেবার জন্য এক একজন মেম্বার এত খেয়েছিলেন যে যখন ওঁদের সরকার উল্টে গেল তখন লোকে ঘাড় ধরে ওঁদের কাছ থেকে টাকা আদায় করেছিল, গলায় গামছা দিয়ে টাকা আদায় করেছিল। তারপর স্যার, বাংলা বন্ধের নাম করে ওঁরা অনেক বাস, ট্রাম পুড়িয়ে দিয়েছিলেন লোককে জীবন্ত দগ্ধ করে মেরেছেন সেসব ঘটনার কথাও আমরা জানি। স্যার, শ্রীমতী ইন্দিরা গান্ধী মারা যাবার পর ওরা এমনই শোকে আচ্ছন্ন হয়ে পড়েছিলেন যে সারা কলকাতায় ওরা অনেক বাস ট্রাম পুড়িয়ে দিয়েছিলেন। এত শোক আর কোথাও দেখা গিয়েছে বলে মনে হয় না। এসব কথা ওঁরা যদি নিজেরা বুকে হাত দিয়ে একটু চিন্তা করে দেখতেন তাহলে আজকে আর এইসব বক্তৃতা দিতেন না। স্যার, আমাদের চিন্তা করতে হবে যে আজকে বাসের এই অবস্থা হচ্ছে কেন? যাঁরা রেলে ডেলি টিকিট কেটে চড়েন তাঁরা জানেন একটি নির্দিষ্ট দূরত্বের জন্য রেলের ভাড়া যেখাে ৫ টাকা সেখানে সেই দূরত্ব বাসে ১.৭০ পয়সা দিলেই অতিক্রম করা যায়। মানুষ ১.৭০ পয়সার জায়গায় রেলকে কেন ৫ টাকা দেবেন? এর ফলে স্বভাবতঃই বাসের ভীড় উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে।

এই বাধার ফলে যাত্রী সংখ্যা বৃদ্ধিজনিত পরিস্থিতিতে যে সংখ্যক বাস চালান প্রয়োজন সে সংখ্যক বাস চালানো যাচ্ছে না। আজকে বিরোধী সদস্যরা অনেক কথা বলছেন, আমি তাঁদের জিজ্ঞাসা করছি, রেল ভাড়া বৃদ্ধির বিরুদ্ধে তাঁরা কি কোনো প্রতিবাদ করেছেন? না, করেননি। যেখানে রেলের ভাড়া বাড়ছে, ডিজেল, পেট্রোলের দাম বাড়ছে সেখানে বাসের ভাড়া বাড়বেনা কেন? মাননীয় মন্ত্রী মহাশয় বাসের রুট বাড়িয়ে যাত্রীদের কিছু কিছু সুযোগ সুবিধা বাড়াতে চাইছেন। কিন্তু প্রাইভেট বাসের মালিকরা - যারা বেশীরভাগই কংগ্রেস সমর্থক - মন্ত্রী মহাশয়ের প্রচেষ্টার বিরুদ্ধে হাইকোর্ট থেকে ইনজাংসান নিয়ে আসছে, আমি এ বিষয়ে একাট উদাহরণ এখানে দিতে পারি। আমরা সুন্দরবনের মানুষরা মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করেছিলাম আমাদের এলাকায় বাসের রুট বৃদ্ধি করার জন্য। আমরা তাঁকে প্রস্তাব দিয়েছিলাম সরবেড়িয়া থেকে সোনাখালি হয়ে কলকাতা পর্যন্ত '৪৮' নং বাস রুটটি এক্সটেন করা হোক। তাহলে ওখানকার যাত্রী সাধারণের খুবই সুবিধা হবে। তিনি আমাদের প্রস্তাব মেনে নিয়েছিলেন এবং সেই মত কাজও শুরু করে দিয়েছিলেন। কিন্তু পরবর্তীকালে দেখা গেল ওখানে পাশাপাশি যে '২১৩' নং রুটটি চলছে সেই রুটের বাস মালিকরা গোলমাল বাধিয়ে দিল, আপত্তি দিল। তারা বলল, তাদের রুটের ভেতর দিয়ে অন্য রুটের বাস চালানো যাবে না। কারণ হচ্ছে, তাহলে তাদের আশংকা তাদের আয় কমে যাবে। এই রকম সব জায়গায়ই হচ্ছে। অপর দিকে আমরা দেখছি প্রতিটি রুটে যতগুলি করে বাস আছে অতগুলি কোন দিনই রাস্তায় নামছে না। যেখানে ২৫'টি বাস রাস্তায় নামার কথা সেখানে দৈনিক ১২'টি, ১০'টি বাস রাস্তায় নামছে। আমরা জানি বাস মালিকদের এ্যাসোসিয়েসান ইচ্ছে করে এই জিনিষ করছে। ফলে যাত্রীদের দুর্ভোগ বাড়ছে, যেখানে ৩০ মিনিট, ৪০ মিনিট অন্তর বাস ছাড়ার কথা, সেখানে এক ঘন্টা, দেড় ঘন্টা অন্তর এক একটি বাস ছাড়ছে। বাস মালিকরা যাত্রীসাধারণকে কষ্ট দিয়ে এই যে সমস্যার সৃষ্টি করছে এই সমস্যার দিকে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মালিকরা নিজেদের ইচ্ছে মত যাতে বাস চালাতে

না পারে, বা বন্ধ করে দিতে না পারে তার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করছি। তারপরে আমরা দেখছি অনেক ক্ষেত্রেই যাত্রীরা সহজে স্বচ্ছন্দে বাস চলাচল করতে পারছেন না। ড্রাইভারের কেবিন থেকে আরম্ভ করে বাসের ভেতরে সিটের আসেপাশে সব জায়গায় মাছের হাঁড়ি, মাছের ঝুড়ি এবং অন্যান্য মাল-পত্র উঠিয়ে নিয়ে যাওয়া হচ্ছে। ফলে যাত্রীদের বাসের ভিতরে চলাফেরা করছে খুবই অসুবিধা হচ্ছে। বিশেষ করে রাতের দিকে এই জিনিস বেশী ঘটছে। এই সমস্ত মালপত্র পরিবহনের জন্য যে সব ব্যবস্থা আছে - যেমন লরী, রিক্সা, ভ্যান-রিক্সা, ম্যাটাডোর ইত্যাদি সে সব ব্যবস্থায় পরিবহন খরচ বেশী পরে বলেই মানুষ বাসের সাহায্য নিচ্ছে। কিন্তু এটা বন্ধ করা দরকার। এতে যাত্রী পরিবহনের ক্ষেত্রে খুবই অসুবিধার সৃষ্টি হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়, তাঁর বাজেট বিবৃতির মধ্যে সুন্দরবনের জল-যান সম্বন্ধে কয়েকটি কথা উল্লেখ করেছেন। বিগত দিনে আমরা দেখেছি সুন্দরবন অঞ্চলে যে সমস্ত মানুষরা বসবাস করেন সে সমস্ত মানুষদের জন্য নদীবহুল জায়গায় যে জল-যানের মাধ্যমে পরিবহন ব্যবস্থার উন্নতি ঘটানো প্রয়োজন তা কেউ চিন্তা পর্যন্ত করেননি। কিন্তু বর্তমান পরিবহণ মন্ত্রী মহাশয় নিজে ব্যক্তিগতভাবে বিভিন্ন এলাকায় ঘুরে নদী পরিবহনের উন্নতি সাধন করেছেন। বিভিন্ন জায়গায় জেটি নির্মাণ করেছেন। পাকা জেটি নির্মাণ করেছেন। কংগ্রেসী আমলে আমরা দেখেছি ঐ এলাকায় কিছু কিছু কাঠের জেটি করা হোত। তখন যদিও বলা হোত শাল কাঠের জেটি নির্মাণ করা হচ্ছে, কিন্তু বাস্তবে আমরা দেখতাম লোকাল কাঠ দিয়ে জেটিগুলি করা হোত এবং তিন মাসের বেশী সে গুলি কাজে লাগত না। আজকে মাননীয় মন্ত্রী মহাশয় বেশীরভাগ জায়গায় পাকা জেটির ব্যবস্থা করেছেন এবং জেটির পাশাপাশি সেড্ করে দিয়েছেন রোদ বৃষ্টিতে যাতে যাত্রীরা কিছুটা সুবিধা পায়। এতে নিশ্চয়ই যাত্রী সাধারণের সুবিধা হচ্ছে, এটা নিশ্চয়ই অস্বীকার করা যায়না। তথাপি আমি এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে একটা কথা বলতে চাই, সেটা হচ্ছে, আজকে সুন্দরবনের বেশীরভাগ নদী মজে যাচ্ছে ফলে সে সব নদী মোটর লঞ্চে চলার অনুপযুক্ত হয়ে পড়ছে। এক এক জায়গায় এমন অবস্থা হয়েছে যে, মানুষ সেখান দিয়ে হেঁটে পার হয়ে যাচ্ছে। অনেক জায়গায় নদী একদম শুকিয়ে যাচ্ছে। এই অবস্থায় সুন্দরবনের মানুষ যাকে নিজেদের ভাষায় 'ভটভটি' বলে সেই মেকানাইজড্ বোট বিকল্প ব্যবস্থা হিসাবে ব্যবহার করছে। অর্থাৎ কানট্রি বোটে মেশিন বসিয়ে নদী পারাপার করছে। এ গুলি অল্প জলে চলতে পারে। কিন্তু অসুবিধা হচ্ছে তাদের কোন লাইসেন্স দেওয়া যায়নি বা যাচ্ছে না।

**[4.40 – 4.50 p.m.]**

ফলে তাদের যে অসুবিধা রয়ে গেছে সেখানে লাইসেন্স যদি না দেওয়া যায়, চালানোর অনুমতি যদি না দেওয়া যায় তাহলে জনসাধারণের অসুবিধা হবে এগুলি বন্ধ হয়ে গেলে। সরকারী দপ্তরেরও নানা অসুবিধা আছে, লঞ্চ চালানো সম্ভব নয়। আজকে সুন্দরবন উন্নয়ন পর্যদে এবং ফরেষ্ট ডিপার্টমেন্ট মেকানাইসড বোর্ডগুলিকে গ্রহণ করেছেন। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো, এই মেকানাইসড বোর্ডগুলি চালানোর অনুমতি যেন দেন। এর ফলে জনসাধারণ ইচ্ছামত যাতায়াত করতে পারেন। ৫০ জন যাত্রী হলেই মেকানাইসড বোর্ড চলতে পারে এবং ভাড়াও কম। লঞ্চের ভাড়া যেখানে ২ টাকা থেকে আড়াই টাকা সেখানে ১ টাকা দিলেই চলে। সুতরাং এইদিকে একটু নজর দেবেন কারণ সুন্দরবনের বিস্তৃত এলাকা নদীনালা পরিবেষ্টিত । আর একটি কথা বলছি, দুর্ঘটনা জনিত কারণে নিহত এবং আহত পরিবারদের টাকা-পয়সার ক্ষতিপূরণ দেওয়ার ব্যবস্থা আছে। কিন্তু তারা সময়মত পান না। দুর্ঘটনার অন্যতম মূল কারণ যেটা সেটা হচ্ছে এই সমস্ত প্রাইভেট বাসের মালিকরা সময়মত চেক-আপ করান না বাসগুলিকে এবং বাসগুলি ঝড়ঝড়ে হয়ে

গেছে। দড়ি দিয়ে অথবা তার দিয়ে বেঁধে চালাচ্ছে, রাস্তায় যে কোন মূহূর্তে ব্রেক-ডাউন হয়ে যায়। সুতরাং একক্ষেত্রে দুর্ঘটনা ঘটে এবং দুর্ঘটনার পরে যারা নিহত বা আহত হন, যারা কর্মক্ষমতা হারিয়ে ফেলেন তাদের সময়মতো ক্ষতিপূরণ দেন না। যারা নিহত হন তাঁদের জন্য ২ হাজার টাকা দেবার প্রভিসন আছে। কিন্তু যারা আহত হন, যারা কর্মক্ষমতা হারিয়ে ফেলেন যারা আর কাজকর্ম করতে পারেন না তাদের অনেকক্ষেত্রে মাত্র ৫০ টাকা কিম্বা ৭০ টাকা দিয়ে ছেড়ে দেওয়া হয়। কিন্তু এদের কাজ করার ক্ষমতা থাকে না। এই ব্যাপারটি একটু দেখবেন।

(এই সময় মাননীয় স্পীকার মহাশয় মাননীয় সদস্য শ্রী কাশীনাথ মিশ্র মহাশয়কে বলার জন্য ডাকলেন, ফলে মাইক অফ হয়ে যায়)

## (Mr. Speaker took the chair)

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পরিবহন মন্ত্রী মহাশয় পরিবহন দপ্তরের যে বাজেট এখানে পেশ করেছেন, আমি কাট-মোশানকে সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। আজকে পরিবহন দপ্তরের যে হাল-চাল এবং যে অবস্থা সেটা মাননীয় সদস্যরা সবাই উপলব্ধি করছেন। আমি বিরোধী দলের সদস্য হিসাবে যে এই কথাগুলি বলছি তা নয়, এখানে সরকারী দলের মাননীয় সদস্যদেরও ঐ একই কথা। আজকে যে কোন বাসে উঠলেই সেখানে গৌরাঙ্গ হয়ে যেতে হয়। যাত্রীসাধারণ আমাদের আশীর্বাদ করছেন নাকি অভিশাপ দিচ্ছেন সেটা বুঝতে পারি না কিন্তু আপনি নিশ্চয়ই সেটা উপলব্ধি করছেন, আজকে পরিবহন ব্যবস্থায় একমাত্র হর্ণের শব্দ ছাড়া আর সবই বিভৎস চেহারা। কলকাতা এবং পশ্চিমবঙ্গের পরিবহন ব্যবস্থার যে অবস্থা তা দেখে যাত্রীসাধারণ আতঙ্কের মধ্যে পড়েছেন। গরু-ভেড়া ছাগলের মত মানুষরা যাতায়াত করছেন। এই অসহায় অবস্থার মধ্যে দিয়ে যাতায়াত করার ফলে তাঁরা বিদ্রোহ করতে চান। আজকে পরিবহন ব্যবস্থার কি অবস্থা দেখুন, ১৯৮৩-৮৪ সালে যেখানে ৭০ কোটি ৭৩ লক্ষ ৩ হাজার টাকা বরাদ্দ ছিল, ১৯৮৪-৮৫ সালে যেখানে ৬৪ কোটি ৮৭ লক্ষ ৯৪ হাজার টাকা ছিল সেখানে ১৯৮৫-৮৬ সালে ৬৭ কোটি ৯০ লক্ষ ৯৬ হাজার টাকায় এসে দাঁড়িয়েছে। আজকে পরিবহনের এই অব্যবস্থার জন্য বাজেট কাট হয়ে গেছে। প্রত্যেকদিন যাত্রীরা দমবন্ধ অবস্থায় অফিস যাতায়াত করেন, ছাত্র-ছাত্রীরা স্কুল কলেজ যাতায়াত করেন। এখানে একজন রেলের অবস্থার কথা বললেন, গাড়ীতে উঠে ভিতরে ঢুকলেই গৌরাঙ্গদেব এবং তারপর তৈলঙ্গস্বামী হয়ে যেতে হয়। আজকে বাসেরও সেই একই অবস্থা, এটা আপনারা সকলেই উপলব্ধি করছেন।

এই যে অবস্থা এটা আমরা সকলেই উপলব্ধি করছি। আমরা উপলব্ধি করছি এবং মাননীয় মন্ত্রী মহাশয়ও উপলব্ধি করছেন বলেই আমরা ১৯৮৩-৮৪ সালে দেখতে পাচ্ছি যেখানে ৩৭ লক্ষ টাকা ছিল, ১৯৮৪-৮৫ সালে পরিমাণটা একটু বৃদ্ধি পেয়ে প্রায় ৪০ কোটি টাকার একটু বেশী করা হয়েছে, কিন্তু গোটা পরিবহণ ব্যবস্থাটা যদি দেখেন তাহলে দেখা যাবে যে গোটা পরিবহণ ব্যবস্থাতে প্রায় ৬০ কোটি টাকার মত লোকসান হয়েছে। এতবড় ক্ষতি গোটা পরিবহন ব্যবস্থাকে দুর্বল করার প্রচেষ্টা এর প্রতিকারের জন্য পরিবহণ ব্যবস্থার মধ্যে একটা প্ল্যানিং থাকা দরকার। সেখানে স্পেয়ার পার্টস থেকে আরম্ভ করে টায়ার টিউব থেকে আরম্ভ করে বিভিন্নভাবে একটা অরাজকতার সৃষ্টি হয়েছে। আমরা দেখতে পাচ্ছি যে আজকে ডিপোগুলির যে অবস্থা হয়েছে সেখানে এই সরকার ঠিকমত কোন ব্যবস্থা নিতে পারছেন না। মাননীয় মন্ত্রীমহাশয় আমাদের জানাতে পারবেন কি যে আজ প্রায় ৩৫ বছর পরিবহনের বয়স হয়ে গেল, কিন্তু আজও সেখানে সার্ভিস ম্যানুয়েলটা তৈরী করতে পারলেন না।

এই সার্ভিস ম্যানুয়েল তৈরী না হওয়ার জন্য ক্ষতি হচ্ছে তবুও সেই সার্ভিস ম্যানুয়েল তৈরী করতে পারলেন না। সেটা কি কেন্দ্রীয় সরকারের দোষ? সেটাকে কি আমরা পরিবহ দপ্তরের ব্যর্থতার ইতিহাস বলতে পারি না? সেই সার্ভিস ম্যানুয়েলকে তৈরী করার জন্য একজন আই. এ. এস. অফিসারকে বসানো হয়েছে। তাঁর গাড়ীর পেট্রোল ইত্যাদি নিয়ে লক্ষ লক্ষ টাকা খরচ হয়েছে, কত টাকা যে খরচ হয়েছে তার কোন হিসাব পেয়েছেন? আজকে সেখানে দেখা যাবে যে সি. এস. টি. সি.র চেয়ারম্যানের যিনি পি. এ. তিনি একজন কেউকেটো, সেই পি. এ. প্রমোশান পেয়ে ট্রেনিং স্কুলের একজন বড় লেকচারার হয়ে গেছেন। এই রকম বিভিন্ন ত্রুটিগুলি রয়েছে এবং এখানে নিজ দলকে পুষ্ট করার প্রচেষ্টা চলছে। এই সব সমস্যাগুলি সমাধান করার জন্য কি আমরা আজকে রাজ্য পরিবহণ দপ্তরের মন্ত্রী মহাশয়কে বলতে পারি না? আমরা দেখতে পাচ্ছি কি, সেন্ট্রাল ট্রাফিক অফিসার, তাঁর ওখানে একটা চক্রান্ত গড়ে উঠেছে, সেটাকে এখন পর্যন্ত দূর করতে পারেন নি। মাননীয় মন্ত্রী মহাশয় যদিও জানেন ঐ সি. এস. টি. সি.-র চেয়ারম্যান ১৯৮১ সালে অসুস্থতা বা অন্য কোন কারণে থাকতে পারেন নি, কিন্তু তাঁর গাড়ীটা কি ভাবে ব্যবহার হয়েছিল এবং কত পেট্রোল পুড়েছিল সেটা বলতে পারবেন কি ? তারপর আপনাদের অনেক মাননীয় সদস্য বলেছেন যে ঐ তেলেনিপাড়া গ্যারেজের মধ্যে মেরামতের জন্য বাসগুলি যায় কিন্তু ঠিকমত মেরামতের ব্যবস্থা না করে কনডেমড বাসগুলি রাতের অন্ধকারে নীলাম হয়ে যায়। একটা দোতলা বাসের দাম ৮ লক্ষ ৬০ হাজার টাকা, ২০০ টি বাস ঐ তেলেনিপাড়া গ্যারেজ থেকে নীলামে বিক্রি হয়েছে। মাননীয় মন্ত্রীমহাশয়- এই যে ত্রুটিগুলি রয়েছে - এই গুলিকে দূর করতে পারবেন? এজন্য আজকে সকলেই নাজেহাল হয়ে যাচ্ছে। আজকে ৯৩টি বাস, ডি . এস. টি. সি.র রানিং কণ্ডিসন মেরামতের অজুহাতে বিভিন্নভাবে গেছে। তারপর বাঁকুড়ার রুটে ২১২টি গাড়ীর কথা উল্লেখ আছে, সে সংখ্যাটা কাগজে কলমে দেখান হয়, কিন্তু গাড়ীর সংখ্যা ৫০ শতাংশেরও কম, প্রায় ৪০ শতাংশ চলছে। আজকে পরিবহন দপ্তরের এই ত্রুটিগুলি যদি সংশোধন করতে না পারেন, পরিবহনের এই যে অবস্থা এর কোন প্রতিকার করা যাবে না। তারপর আপনার বক্তব্যে আপনি বলেছেন যে হকাররা, বা হকারদের দ্বারা রাস্তা, জমি বেদখল ইত্যাদি অনেক কারণ আপনি দেখিয়েছেন, এর ফলে যান চলাচলের অসুবিধা হচ্ছে, বিঘ্নিত হচ্ছে, প্রতিকারের ব্যবস্থা করতে হবে। প্রতিকারের জন্য ঠিকমত কি ব্যবস্থা করা হবে সে কথা লেখেন নি তারপর মেন্টেনেন্সের কথা, সেই মেন্টেন্যান্স কি করে ঠিকমত করবেন সেকথা লেখেন নি এবং রিলিফ সম্বন্ধে অর্থাৎ রিলিফের উপায় সম্বন্ধে কোন কথা আমাদের সামনে রাখেন নি।

**[4.50 – 5.00 p.m.]**

আর্বান ট্রান্সপোর্ট প্রজেক্ট যা আছে তার ডেভালপমেন্টের কথা আপনার বক্তব্যের মধ্যে পাচ্ছি না। এক্ষেত্রে কতগুলো অব্যবস্থা আছে। আপনি এ ক্ষেত্রে বলেছেন যে, ১৯৮৪ সালের জুনের প্রথম সপ্তাহের অভূতপূর্ব বৃষ্টিপাতের দরুণ শহর জলমগ্ন হওয়ায় ১১০টি ট্রামগাড়ি বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিল। বিভিন্ন ডিপোতে ২৮৯ খানা সরকারী বাস অচল হয়ে পড়েছিল - এইভাবে এগুলো দেখিয়েছেন। তারপর গাড়ী পোড়াবার ঘটনা সম্বন্ধে যেভাবে বলেছেন, তাতে বলতে পারি, ইঙ্গিতে আমাদের উপর দোষারোপ করেছেন। এ ব্যাপারে আপনি তদন্ত করুন, কারা সেই আগুন দিয়েছিল খুঁজে বের করুন, তাদের বিরুদ্ধে কেস্ করুন। কিন্তু আমরা জানি, স্বাধীনতার পর যেদিন থেকে এই বিধানসভা শুরু হয়েছে, সেদিন থেকে আমাদের সময় পর্যন্ত যে সমস্ত ট্রাম বাস পুড়েছিল - সেটা কারা করেছিল। কাজেই সেটা কারা করেছে সেটা মানুষ উপলব্ধি করতে পারবেন। মাননীয় মন্ত্রী মহাশয় সেসব কথা না বলে এখানে একটা অবাস্তব, অসত্য কথা পরিবেশন করেছেন, যা কিনা সামঞ্জস্যপূর্ণ

নয়। আজকে সামঞ্জস্যপূর্ণ কথা বলতে গেলে প্রকৃত তথ্যকে গোপন করলে চলবেনা। আর প্রকৃত তথ্য উদঘাটিত করাটা প্রকৃতগণতন্ত্রী, প্রকৃত সমাজ দরদী কাজ বলে আমরা মনে করি। আমরা দেখতে পাচ্ছি যে, মন্ত্রী মহাশয় বলেছেন - 'স্বাধীনতার পর এই প্রথম ১৯৮৩-৮৪ সালে মানিকতলা থেকে উল্টোডাঙ্গা পর্যন্ত ট্রাম লাইন সম্প্রসারণের কাজ হাতে নেওয়া হয়েছিল' সেখানে মন্ত্রীমহাশয়কে দেখতে হবে ট্রাম লাইনের উপর ফ্লাই ওভার করে দেওয়া যায় কিনা, কারণ ওখানে দুর্ঘটনা খুব বেশী ঘটে। কাজেই সেখানে ফ্লাই ওভারের কথা চিন্তা করতে হবে। কিন্তু মন্ত্রী মহাশয়ের বক্তব্যের মধ্যে সেটা পাচ্ছি না। মন্ত্রী মহাশয়ের ১৯৮৪-৮৫ সালের ভাষণেও তিনি বলেছিলেন যে, ডায়মণ্ড হারবার রোডে বেহালা থেকে জোকা পর্যন্ত ৫.৫ কিলোমিটার রাস্তায় ট্রাম লাইন বসাবার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আজকের ভাষণেও সেই একই সিদ্ধান্ত নেওয়ার কথা বলছেন। একই কাজের সিদ্ধান্ত একবার ১৯৮৪-৮৫ সালে নেওয়া হয়েছে, আজকেও আবার সেই একই সিদ্ধান্ত নেওয়া হচ্ছে, কিন্তু কাজটা এগোচ্ছে কোথায়? হয়ত এক্ষেত্রেও কেন্দ্রের উপর দোষারোপ করে বলবেন যে, কেন্দ্র ট্রাম লাইন করতে দিচ্ছেন না। কাজেই এক্ষেত্রে একটা অসামঞ্জস্যপূর্ণ কথা বলেছেন, ঠিকভাবে তথ্যটাকে আমাদের সামনে পরিবেশিত করছেন না। কাজেই এ সম্বন্ধে আমাদের মনের মধ্যে জিজ্ঞাসা থেকে যাচ্ছে। এখানে অন্তর্দেশীয় জলযান পরিবহণের ক্ষেত্রে কো-অপারেটিভকে প্রাধান্য দেওয়া হয়েছে। কিন্তু কো-অপারেটিভকে প্রাধান্য দেওয়া সত্ত্বেও যে সমস্ত নতুন রুট খুলবার কথা বলেছিলেন সেটা চালু হয়নি। কাজেই এই পরিবহন ব্যবস্থা যাতে ঠিকভাবে পরিচালিত হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। তাছাড়া যেভাবে ক্রমাগতভাবে লঞ্চের ভাড়া বাড়িয়ে দেওয়া হচ্ছে - সেক্ষেত্র সঠিকভাবে চিন্তা করা উচিত ছিল।

আমাদের মনের মধ্যে আশঙ্কা দেখা দিয়েছে ভাড়া বৃদ্ধির ব্যাপারে আপনারা যে সমীক্ষা করেছেন, যে সিদ্ধান্ত নিয়েছেন, যে প্রস্তাব নিয়েছেন এবং যে কথা আলোচনা করেছেন সেটা নিয়ে। আপনারা বলছেন কেন্দ্র ডিজেলের দর বাড়িয়েছে বলে ভাড়া বৃদ্ধি ঘটাবেন। কেন্দ্র ডিজেলের দর কত বাড়িয়েছেন? হিসাব করে দেখবেন ২৫ পয়সার বেশী ডিজেলের দর বাড়েনি। একটা বাসে কত জন করে প্যাসেঞ্জার যায় সেটা আপনারা একটু দেখবেন। ৪০-৫০ পয়সা করে ভাড়া দিয়ে একটা বাসে প্রায় ১০০ থেকে ১৫০ জন করে প্যাসেঞ্জর যায়। লিটার প্রতি ২৫ পয়সা করে ডিজেলের দর বাড়ার ফলে সেই অনুপাতে ভাড়া বৃদ্ধির কথা আপনারা চিন্তা করেন নি। আপনারা বলবেন ট্রেনের ভাড়া বেড়েছে অতএব বাসের ভাড়া বাড়বে, এটা ঠিক নয়। ট্রেনের ভাড়া বৃদ্ধির ফলে আপনার সমস্বরে প্রতিবাদ করেছেন। আমি মনে করি রেলে ভাড়া বৃদ্ধির ফলে আপনাদের যুক্তি সঙ্গত কারণ আছে সেটাকে প্রতিবাদ করার। রেলের ভাড়া বেড়েছে বলে আর একটা জায়গায় গ্যাটিস দিয়ে দেবেন এটা ঠিক নয়। বেসরকারী বাসের মালিকদের এবং বেসরকারী বাসের প্রতিষ্ঠান গুলিকে গ্যাটিস দিয়ে চালাবেন এটা ঠিক নয়। আমি আশা করি ভাড়া বৃদ্ধির ব্যাপারে আপনারা একটু চিন্তা ভাবনা করবেন। এই ২৫ পয়সা ডিজেলের দর বৃদ্ধির পরিপ্রেক্ষিতে যে ভাড়া বৃদ্ধির চিন্তা ভাবনা আপনার করছেন সেটা আগামী দিনে বিধানসভার অধিবেশনের পর সেটা গ্রহন করবেন, এটা কিন্তু যুক্তি সঙ্গ ত নয়। এই দিক থেকে আপনাদের চিন্তা ভাবনা করতে হবে। এই ভাবে যদি আপনারা ভাড়া বৃদ্ধি ঘটাতে থাকেন তাহলে আগামী দিনে অবস্থা আরো ভয়াবহ হয়ে উঠবে। পশ্চিমবাংলার সাড়ে ৫ কোটি মানুষের মধ্যে কত জন রেল যাত্রী আছে আর কত জন বাস যাত্রী আছে সেটা আপনারা একটু হিসাব করে দেখবেন। গ্রামবাংলার কথা বলে থাকেন, সেই গ্রামবাংলার বেশীর ভাগ মানুষ এই পরিবহনের মাধ্যমে যাতায়াত করেন। কিন্তু সেখানে যদি পরিবহনের ভাড়া বৃদ্ধি করেন তাহলে গ্রামবাংলার মানুষ

বেশী করে শোষিত হবে। গ্রামের শোষিত মানুষের কথা যাদের মুখ থেকে বেরিয়ে আসে গ্রামবাংলার অবহেলিত মানুষের কথা যাদের মুখ দিয়ে বেরিয়ে আসে সেই গ্রামবাংলার মানুষরাই বেশী ক্ষতিগ্রস্ত হবে এই ভাড়া বৃদ্ধির ফলে। এই ব্যাপারটা নিয়ে আপনারা একটু চিন্তাভাবনা করবেন। এটাকে কার্য্যকরী করার জন্য পরিবহনের ভাড়া বৃদ্ধির ব্যাপারে আপনারা আরো সুপরিকল্পিত চিন্তা ভাবনা করবেন, এটা আমি বিশ্বাস করি। এখানে কর্মচারীদের যে সুযোগ সুবিধা দেওয়ার কথা আছে সেই গুলিকে ঠিকমত ভাবে কার্য্যকরী করতে হবে। আজ পর্যন্ত অনেকগুলি দুর্ঘটনার কথা আমরা এখানে উল্লেখ করেছি। দুর্ঘটনার কেসে আপনারা বলেছেন ২ হাজার টাকা করে দেবেন। কিন্তু আমি বলতে পারি পশ্চিমবাংলার বহু জেলাতে এবং বিশেষ করে বাঁকুড়া জেলার কথা বলতে পারি যেখানে বহু দুর্ঘটনা ঘটেছে কিন্তু আজ পর্যন্ত তারা কোন ক্ষতিপূরণ পায় নি। পশ্চিমবাংলায় গড়ে ১০ থেকে ১৫ জন করে মানুষ প্রতিদিন দুর্ঘটনায় মারা যায়। তার জন্য পরিবহন দপ্তর দায়ী। আর একটা কথা বলি এই পরিবহন দপ্তরের সঙ্গে পূর্ত্ত দপ্তরের যুক্ত থাকা উচিত। পূর্তদপ্তরের রাস্তাঘাট যে ভাবে নষ্ট হয়ে গেছে তাতে পরিবহন দপ্তরে বিঘ্নের সৃষ্টি করছে। সেই জন্য পূর্তদপ্তরের রাস্তাঘাট মেরামতের জন্য সর্বাগ্রে অগ্রাধিকার দেওয়া উচিত। পূর্ত্ত দপ্তর ঠিক মত ভাবে রাস্তাঘাট মেরামত করছেনা। জল পথের ব্যাপারে সেচ দপ্তরের সঙ্গে যোগাযোগ রাখা দরকার। এই সেচ দপ্তরের সঙ্গে আপনাদের ঠিকমত ভাবে সমন্বয় সাধিত হয়নি। সমন্বয় যদি ঠিকমত ভাবে না থাকে তাহলে রাজ্য সরকারের এই পরিবহন দপ্তর ক্রমান্বয়ে ব্যর্থ দপ্তরে পরিনত হবে। জনসাধারণ আজকে অত্যন্ত বিপাকে পড়ছে এবং অত্যন্ত দূরাবস্থার মধ্যে দিয়ে তাদের বাসে যাতায়াত করতে হয়। আমি প্রথমে যে কথা বলে আরম্ভ করেছিলাম মানুষকে গরু-ভেড়ার মতো বাসে যাতায়াত করতে হয়, সেই অবস্থা থেকে এই সাধারণ মানুষকে পরিত্রাণ দেবেন এই আশা রাখি। আমি যে কাট মোসান দিয়েছি তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**[5.00 – 5.10 p.m.]**

**শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা ভারতের প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর মুখে শুনেছি কলকাতা নাকি মুমূর্ষু নগরী। এরই সঙ্গে আমরা এই বিধান সভার বুকে আমাদের কংগ্রেসী বন্ধুদের কাছ থেকে শুনছি কলকাতা নাকি মৃত নগরী। আজকে পরিবহণ দপ্তরের বাজেটের উপর বক্তৃতা প্রসঙ্গে সরকার পক্ষ, বিরোধীপক্ষ উভয়পক্ষের সদস্যদের কাছ থেকে যা শুনলাম তাতে বোঝা যাচ্ছে যে এই শহরের বুকে ভোর ৪টা থেকে মধ্যরাত্রি পর্যন্ত প্রাণ চাঞ্চল্য লক্ষ্য করা যায়। এখানে জীবনের এই চঞ্চলতাকে আরও অধিক মাত্রায় বাড়াবার জন্য আমাদের মাননীয় পরিবহন মন্ত্রী নতুন নতুন ট্রাম লাইন খুলে, নতুন নতুন বাস চালু করে ও ডিপো খুলে চেষ্টা করছেন। কলকাতা থেকে অদূরে - বাইরে কোথাও নয় - এখানকার মানুষের প্রাণ - চঞ্চলতার সঙ্গে সঙ্গতি রেখে মাননীয় মন্ত্রী-মহাশয় যে কাজকর্মের ব্যবস্থা করেছেন, তার জন্য আমি প্রথমেই তাঁকে সাধুবাদ জানাই। কিন্তু একথা আমাদের ভুলে গেলে চলবে না যে, শুধুমাত্র কলকাতা নয়, কলকাতার বাইরে ছড়িয়ে রয়েছে আরও অসংখ্য গ্রাম। যদিও সেখানে সমস্যা কলকাতার মত নয়, রাস্তাঘাটের অভাব সেখানে এখনও হয়ত তত প্রকট নয় - যদিও ভাল রাস্তার অভাব এখনও সেখানে মেটেনি, তবুও একথা অবশ্যই বলতে হবে যে, সেখানে এই শহরের চাঞ্চল্য নেই। কিন্তু সেখানে পরিবহনের দাবী নিশ্চয়ই আছে। এটা শুধুমাত্র একটা কমার্শিয়াল কোন ব্যাপার নয়, জনগণের কাছে এ দাবী শিক্ষার দাবী, স্কুল কলেজেরে ও মেডিকেল কলেজেরে বা ডাক্তার খানার দাবীর মতই। মানুষ আজ চায় এক জায়গা থেকে অন্য জায়গায় চলতে। নিজেদের মালপত্র এক জায়গা থেকে অন্য জায়গায় মানুষ নিয়ে যেতে চায়। এই

সমস্যা মেটাবার জন্য পরিবহনই আজ অন্যতম দাবী হয়ে দাঁড়িয়েছে মানুষের কাছে। এই দাবী মেটানোর দায়িত্ব শুধুমাত্র রাজ্য সরকারের নয়। আমরা পৃথিবীর অন্যান্য দেশের খবর জানি। বাইরের সেই সমস্ত দেশগুলোতে ট্রেন চলে এবং সেই ট্রেনই হচ্ছে মানুষের মূল পরিবহন ব্যবস্থা। বাসগুলো সেখানে ট্রেনের ফিডার হিসাবে চলে। আজকে ইউরোপ থেকে জাপান পর্যন্ত যে রিপোর্ট আমরা পাই, তাতে দেখা যাচ্ছে যে এই ব্যবস্থাই সেখানে অনুসৃত হয়ে থাকে। আমি এখানে ভারতবর্ষের অন্যান্য জায়গায় কথা বাদ দিয়ে পশ্চিমবাংলার মফঃস্বল সম্বন্ধে কিছু বলতে চাই। আমি মফঃস্বল থেকে নির্বাচিত প্রতিনিধি, আমি দেখেছি উত্তর বাংলার মানুষ এক স্থান থেকে অপর স্থানে স্থানীয় ভাবে যাতায়াতের জন্য - কুচবিহার জলপাইগুড়ি শিলিগুড়ি বা মালদাতে যাতায়াতের জন্য তাঁরা ট্রেনকেই বেছে নেন। ট্রেনের সম্বন্ধে তাঁরা খোঁজ খবরও রাখেন। কিন্তু দেখা যায় সেই ট্রেনই সেখানে এ্যাবসেন্ট। ট্রেন সময়মত চলাচল করে না। গ্রাম বাংলার মানুষের কাছে বাসের চাইতে ট্রেন পরিবহনই বেশী পছন্দ। একমাত্র কলকাতা শহরেই বেশী বাস পরিবহনের উপর মানুষ নির্ভর করে থাকেন। সুতরাং একথা বলা যায় পরিবহনের ক্ষেত্রে ট্রেন ব্যবস্থা একটা বিরাট সংখ্যক মানুষের চাহিদা মেটাতে পারেষ পরিবহনের এই সমস্যা মেটানোর জন্য রেল ব্যবস্থার যথেষ্ট দায়িত্ব আছে। অথচ আমরা লক্ষ্য করছি যে, এই দায়িত্ব কর্তৃপক্ষ পালন করেন না। পরিবহনের কথা বলতে গিয়ে সেইজন্য বলতে হচ্ছে যে, রেল হচ্ছে একটা বিরাট মাধ্যম এবং এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের যথেষ্ট দায়িত্ব আছে। আমি একথা মাননীয় সদস্যদের স্মরণ করিয়ে দিতে চাই যে, পরিবহন ব্যবস্থার মধ্যে ট্রেন অনুপস্থিত হয়ে পড়েছে এবং সমস্ত দায়-দায়িত্ব এসে পড়েছে রোড পরিবহনের মধ্যে। একেই আজ সমস্ত দায় দায়িত্ব বহন করতে হচ্ছে। বাস- সে প্রাইভেট বাস হোক বা সরকারী বাস যেই হোক না কেন, এদেরই এই দায়িত্ব নিতে হচ্ছে। এই দায়িত্ব পূরণ করতে গিয়ে সচরাচর সড়ক পরিবহন ব্যবস্থাকে নিত্য নতুন সমস্যার মধ্যে পড়তে হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, শুধুমাত্র কমার্শিয়াল বিষয়ের কথা নয়, আজকে এই সড়ক পরিবহনকে নানাভাবে ভরতুকির মধ্যে দিয়ে চলতে হচ্ছে। কারণ এটি একটি জনসেবা মূলক সংস্থা। এই দপ্তরের বাজেট প্রসঙ্গে আলোচনা করতে গিয়ে অনেকে এর লাভ লোকসান নিয়ে অনেক কথা বলে গেলেন দেখলাম। কিন্তু একথা আজকে সকলের জেনে রাখা দরকার যে এই বাস পরিবহন হচ্ছে মানুষের জন্য একটি জনসেবা মূলক সংস্থা। কারণ বাসে করে মানুষকে ইচ্ছায় হোক বা অনিচ্ছায় হোক এক স্থান থেকে অন্য স্থানে যাতায়াত করতেই হয়। কোথাও স্কুলে পরীক্ষা হচ্ছে, সেখানে বাস নেই, প্রাইভেট বাসের উপর সব সময়ে নির্ভর করে মানুষের সমস্যা মেটেনা - এই ক্ষেত্রে সমস্ত দোষ গিয়ে পড়ে সরকারী পরিবহনের উপর। অনেক জায়গায় দেখা যায় বাস চালানো সম্পূর্ণ লোকসান জনক ব্যাপার, কারণ আনইকনমিক রোড, সেই সমস্ত ক্ষেত্রেও মানুষের প্রয়োজনে বাস চালু রাখার ব্যবস্থা করতে হয়। সেখানে দেখা যায় কোন প্রাইভেট বাসের মালিক বাস চালাতে রাজী হয় না। আমরা বহুবার বহু বাসের মালিককে ইনডিভিজুয়্যালভাবে বলে দেখেছি, তাঁদের ট্রান্সপোর্ট সংস্থাকে বলেছি, কিন্তু তাঁরা সেই সমস্ত জায়গায় বাস চালাতে রাজী হন না। কারণ সেখানে লোকসান আছে। এই সমস্ত স্থানে সরকারী বাস পরিবহন সংস্থার উপরেই দায়িত্ব দেওয়া হয়েছে বাস চালাবার জন্য। এই সমস্ত কারণেই আজ সরকারকে ৩০ কোটি টাকা ভরতুকি দিতে হচ্ছে। এই টাকা বাজেটের মধ্যে বরাদ্দ রাখা হয়েছে। এই প্রসঙ্গে আমাদের মনে রাখতে হবে যে, ভরতুকি দেওয়াটাই কিন্তু শেষ কথা নয়। এই দাবী বিভিন্ন এলাকার মানুষের দাবী, এই দাবী ছাত্রের দাবী, এই দাবী স্কুল কলেজের ছাত্রের দাবী। এই দাবীকে এককথায় পাবলিক ডিম্যাণ্ড বলা যেতে পারে। যদিও ট্রান্সপোর্টকে বাজেটের মধ্যে ইকনমিক সার্ভিস হেডের মধ্যে রাখা

আছে, কিন্তু প্রকৃতপক্ষে বলতে গেলে এটা সোস্যাল এ্যাণ্ড কমিউনিস্ট সার্ভিস'এর মধ্যে চলে যাচ্ছে। কাজেই ইকোনমিক সার্ভিস এবং সোস্যাল ওয়েলফেয়ার সার্ভিসের দিকে লক্ষ্য রেখে বাসের এই দিকটার প্রতি বিবেচনা করে দেখতে হবে। ট্রান্সপোর্টের ভরতুকির কথা আলোচনা হয়েছে, সাব-সিডির ক্ষেত্রে নিশ্চয় ট্রান্সপোর্টে সাব-সিডি দিতে হবে। এই সাব-সিডি নিয়ে নানারকম ঘটনা ঘটেছে এবং ট্রান্সপোর্টের ভরতুকির কথা উঠেছে আমি বলি কোন রাজ্যে ট্রান্স পোর্টে ভরতুকি দেয় না? মাননীয় সদস্য অনিল বাবু ভরতুকির কথা বলেছেন। দিল্লীর মতো ছোট রাজ্যে যেখানে ভরতুকি দেওয়া হয়েছে সেখানে পশ্চিমবঙ্গে কেন দেওয়া হবে না। দিল্লীতে লাষ্ট ফিনান্সিয়াল ইয়ারে ১ কোটি ২ লক্ষ টাকা ভরতুকি দেওয়া হয়েছে, এর থেকে অনেক বেশী বড় রাজ্য পশ্চিমবঙ্গ, এর লোকসংখ্যা অনেক বেশী, এখানে দিতেই হবে। বিধানসভায় স্মরণ করিয়ে দিতে চাই আমাদের আগেকার সরকার যারা এখানে বিরোধীপক্ষে আছেন তারা আরো বেশী এফিসিয়েন্ট সার্ভিস চাইছেন কিন্তু এখানে প্রশ্ন হয়েছ এফিসিয়েন্ট সার্ভিস নিশ্চয় থাকবে কিন্তু এটা কোন ব্যবসা নয় যে এতে লাভ লোকসান ক্ষতিয়ে দেখতে হবে, এটা জনকল্যাণমূলক কাজ। সেইজন্য আমি অনুরোধ করছি ট্রান্সপোর্টে ভরতুকি নিশ্চয় দিতে হবে এবং সেই সঙ্গে সঙ্গে এই কথা বলবো যে নিয়োগের ক্ষেত্রে এফিসিয়েন্ট সার্ভিসের কথা বলা হয়েছে কিন্তু এখানে অভিযোগ উঠেছে এবং ওই পক্ষ থেকে অভিযোগ তুলেছে যে এখানে কারাপশান ঢুকে গেছে এবং এফিসিয়েন্ট লোক কোন নেই। আমি জিজ্ঞাসা করি গোটা ভারতবর্ষে সেন্ট্রাল গভর্ণমেন্টের পাবলিক আণ্ডারটেকিংস্ কমিটিগুলিতে কতবার রিপোর্ট দিয়েছে স্টীল থেকে আরম্ভ করে সমস্ত পাবলিক আণ্ডারটেকিং ব্যবস্থায় কারাপশানে ভরে গেছে। একথা তো আমরা বলতে পারিনা যে ট্রান্সপোর্ট মানেই মুক্ত নির্মল হতে হবে এতে কোন ত্রুটি থাকবে না, কোন দুর্নীতি থাকবে না। এমনও অনেক সময় দেখা গেছে যে পরিবহন এমন সব লোক নিয়ে কাজ করে যাদের যোগ্যতা নেই, তাদের ছাঁটাই করা যাচ্ছে না, এবং বহুদিন ধরে চাকুরী করছেন, বিরোধীপক্ষের আমলের লোক সব। তাদের ছাঁটাই করলে এখন তারা যাবে কোথায় এইসব বিচার করে আনফিট জবের লোকেদের নিয়ে কাজ করাতে হচ্ছে পরিবহন দপ্তরে। পশ্চিমবঙ্গ বলে যে খবরের কাগজ বেরোয় তাতে অনেক আগে আপনাদের আমলে বাসে কত ক্ষয়ক্ষতি হোত সেটা লিখেছিল। আপনাদের আমলেই পরিবহন ব্যবস্থায় দুর্নীতি শুরু। পুঁজিবাদী সমাজব্যবস্থায় দুর্নীতি থাকবেই এবং সেখানে সেই দুর্নীতিকে বন্ধ করা যাবে না। সেইজন্য আজকে প্রধানমন্ত্রী থেকে আরম্ভ করে আপনারা সবাই কারাপসানে জড়িত সুতরাং মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওরা যে দুর্নীতি সম্পর্কে রিপোর্ট দিলেন এবং অভিযোগ করলেন সেগুলি সবই ভিত্তিহীন। এই কথা বলে ট্রান্সপোর্ট মন্ত্রী যে ব্যয় বরাদ্দ এনেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**[5.10 – 5.20 p.m.]**

**Shri Abdur Rauf Ansari :** Mr. Speaker, Sir, I have got a limited time in my hand. So, I will keep my Speech confined to the transport problem in Calcatta. Calcatta has got a transport system. Now I would like to mention about the Demand placed by the transport Minister of the Left Front Government Which indicates a dismal and failure picture of the present Government. Sir, on 31st March, 1980 The number of vechiles on read was 920 and then in 1984 on

31st March 1984, it was 947 that means only 26 vehicles increased in the city. We received Rs. 46 crores from the World Bank and from other channels. Then the average number of vehicles put on road per day in the city as on 31st March, 1980 it was 621. On 31st March, 1984 it has gone down to 574. The number of persons engaged was 13,947 as on 31st March, 1980 and 14565 as on 31st March, 1984, that means the number of persons increased. Then vehicles utilisaiton in respect of effective kilometers per day per bus was 150 in 1980 and 141 in 1984. The average passengers carried per day in Lakhs in 1980, it was 9.78 which has again come down in 1984 to 7.94 lakhs. Sir, in Calcutta we have got the mass media of transport - buses and trams. Then there are State buses and private buses. In addition to the State buses there are private buses also. The State buses plying on the road are in a dismal condition. Even the Hon'ble Minister has got no knowlege about the number of buses pruchased this year. This question was asked by his own party member of this house. He replied 'I can not say'. So, I tell you, have you got any record ? I say no, because there is corruption, there is nepotism and there is redtapism and indiscipline every where. They have got no correct information to give this House. That is why one of the honourable members of this House who was the Chairman of the C. S. T. C. has been bound to resign. During his tenure as Chairman of the C. S. T. C . we have seen a dismal picture of corruption and nepotism. Everyone is trying to squeeze money in his own pocket. This is the indication that this department has completely failed to give relief to Calcutta transport. If you go and check up the operation system of the State buses, then you will find that 22 persons are engaged for each bus for its maintenance and repairing. I think, it shoud be 10. In private buses only 5 persons are engaged. So, this is how the larger expenditure are incurring. There are tram services also in the city. They are not going to expand the tram services. This is the bankruptcy of the Left Front Government. They have already withdrawn tram services from Howrah and from other plcaces. Now the tram services have turned into a slow moving car. A few days back one lady member of this House has mentioned that this tram service should be stopped. You are spending crores of rupees for the expansion of tram services. People prefer to go by buses instead of

tram car, as they want to go quick to their destination. You are expanding tram services just to provide your own men. It is not being done to help the common commuters of Calcutta.

Tomorrow, you will have to answer to the people of Calcutta for colosal wastage of money for the expansion of tram services in other parts of the city. This can play a very importand role in the society if it could be spent for some other services of projects. Here I just remind you if you go to the Burrabazar area where you cannot imagine that how the City of Calcutta has been converted into a city of garage. Sir, the previous government had selected a place at Kona near Bombay Road to make a terminal centre for lorries. But this government purposefully did not execute this because there is a vested interest and crores of ruppes are being collected from the lorry operators there. They have a good relation with the transport operators As a result, the transport operators still remain in the Burrabazar area. Here they have easy access to collect money from the transport operators, and they are the good pay masters. So, they do not like to remove the lorry terminal to Kona. This is the complete failure of the transport department. Next I would like to say about the Garden Reach area where ship building industry, small scale industries and tailoring centre are in existance. But limited transport facilities to and fro Calcutta have aggravated the problem. The local M. L. A. and the local inhabitants of that area had demonstrated several times to draw the attention of the government as also the Minister-in-Charge of the Transport Department. But the Government since have failed to ameliorate the problem. When Mr. Macnamara visited the city of Calcutta, your partymen had burnt several buses and trams. Even when there was an enhancement of fare of one paise then 100 trams and buses were set on fire. But we have never destroyed our properties like your partymen. May I request the Minister-in-Charge of the Transport Department to go to any bus stand at 6.00 p.m. where he can identify the callousness of the Transport Department. People are travelling in the buses and trams like sheep and goats. The people are travelling in such a way, that it will be felt as if the passengers are in simple imprisonment in the Alipore jail.. In this way, one could gather the experience of simple imprisonment by travelling any bus or tram in Calcutta. So,

I reitetate on the point of that it is a source of trouble. Here the planning of the government has failed to ameliorate the transport problem. I want to bring to your notice that there is a workshop at Belgharia. But the government is not uitlising the workshop. The government is placing orders for body building of the buses outside Bengal for which, the government has been incurring extra amount of money. In the workshop, there are so many trained workers and engineers. But they are not engaged for the purpose of body building activities of the buses. What is the base of your calculation to enhance the fare of buses ? I challenge the Honourable Minister-in-Charge that you are not paying heed to the problems of Calcutta. In the Lok Sabha election, the people given their fittest replies. In this case also, the people of Calcutta will give their verdict in the forthcoming Corporation election in protest against the enhancement of bus and tram fares.

So, I oppose this Demand which is against the interest of the common people of West Bengal, particularly, the city of Calcutta.

**[5.20 – 5.30 p.m.]**

**শ্রী শিবেন্দ্র নারায়ন চৌধুরী** :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, ট্রান্সপোর্ট বাজেট পেশ করে মন্ত্রী মহাশয় যে বক্তব্য রেখেছেন সেই বক্তব্যের উপর এবং এই বাজেট যাতে বিধানসভায় গৃহীত হয় সেইজন্য আমি কয়েকটি কথা বলতে চাই। এতক্ষণ বসে বসে বিরোধীপক্ষের বক্তব্য শুনলাম এবং দেখলাম ট্রান্সপোর্ট সমস্যার গভীরে যাবার ব্যাপারে তাঁরা কেউ চেষ্টা করলেন না। প্রধানতঃ কলকাতা শহরকে কেন্দ্র করে তাঁদের আলোচনা সীমাবদ্ধ ছিল। পশ্চিমবাংলায় আরও যে সমস্ত জেলা আছে, বিভিন্ন জায়গায় যে পরিবহন সমস্যা আছে সে সম্বন্ধে বিরোধীপক্ষ কিছু বললেন না। তাঁদের আলোচনার প্রধান বিষয়বস্তু ছিল দুর্নীতি এবং অযোগ্যতা। তাঁরা যখন রাজত্ব চালাতেন অর্থাৎ ১৯৭৭ সাল পর্যন্ত পরিবহনের ক্ষেত্রে যে অবস্থা ছিল এবং এখন যে অবস্থায় এই পরিবহন ব্যবস্থা এসেছে তাতে নিঃসন্দেহে বলতে হবে অগ্রগতি হয়েছে। তবে এটা ঠিক, মানুষের প্রয়োজন যেভাবে বেড়েছে, যাতায়াতের গতি যেভাবে বেড়েছে তার সঙ্গে সামঞ্জস্য রেখে এ্যাডভান্সমেন্ট করান যায়নি। আমরা এই কয়েক বছরে কিছু উন্নতি করবার চেষ্টা করেছি। স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশান, ট্রামওয়েজ এবং জলপথ পরিবহন এই সব মিলিয়ে যে অবস্থা দাঁড়িয়েছে তাতে বলা যায় ১৯৭৭ সালের তুলনায় অনেক বেশী লোক পরিবহন করা হচ্ছে। সব মিলিয়ে এখন কত লোক পরিবহন করা হচ্ছে তার সঠিক সংখ্যাতত্ব এখনই দেওয়া যাবে না - তবে আগের চেয়ে এখন বেশী লোক চলাচল করছে এটা বলতে পারি। এটা কি অগ্রগতি নয়? দুঃখের বিষয় এ সম্বন্ধে বিরোধীপক্ষ কিছু বললেন না। তাঁদের আমলে কতগুলি জিনিস ছিল না যা এখন আছে। কলকাতা হচ্ছে এমন একটি শহর যেখানে লক্ষ লক্ষ লোক বাইরে থেকে আসে এবং এখান থেকে আবার বেরিয়ে যায়। দিল্লী , বোম্বে, মাদ্রাজে কিন্তু এই অবস্থা নয়। কাজেই কলকাতায় এই বিশেষ অবস্থার কথা আমাদের মনে রাখতে হবে। আমরা জানি

রেলওয়ের মাধ্যমে বিভিন্ন রাজ্য থেকে হাওড়া এবং শিয়ালদহতে প্রচুর লোক এসে পৌছায়। কিন্তু উত্তরবঙ্গ, মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া থেকে কয়টি লোক ট্রেনে করে কলকাতায় এসে পৌছায়? এসব জায়গায় বাসই হচ্ছে একমাত্র সম্বল। আমাদের উত্তরবঙ্গের কথা বলতে পারি -- রায়গঞ্জে সামান্য একটু রেল ব্যবস্থা আছে এবং সেটাও মাত্র চুমু খেয়ে যাবার মত অবস্থা।

সব জায়গাতেই ঐ সরকারী বাস এবং বেসরকারী বাসের উপর নির্ভর করতে হয়। মালদা, জলপাইগুড়ি দার্জিলিং সমস্ত জেলাগুলি দেখুন- সব জায়গায় সেই একই অবস্থা। মেদিনীপুর, বাঁকুড়ার দিকে তাকিয়ে দেখুন বর্ধমানের ভিতর তাকিয়ে দেখুন সেই একই অবস্থা এদিকে বংশীলাল কয়েক দিন আগে বাঁশি বাজিয়েছেন - তাঁর রেল বাজেটে। তিনি রেলের এমনভাবে ভাড়া বাড়িয়েছেন যে তার জন্য অনেক লোক রেল ছেড়ে দিয়ে সব বাসে আসছে। এর জন্য আমাদের পরিবহন সমস্যা আরও বৃদ্ধি পাচ্ছে। এদিকে পেট্রোল ডিজেলের দাম উত্তরোত্তর তাঁরা বৃদ্ধি করে চলেছেন। অথচ আজকে আমরা তো আর সেই ঝুনঝুনওয়ালা আগরওয়ালার মতো হতে পারি না। তারা আগে দেখে যে কত কোটি টাকা তাদের আয় হোল। আমাদের স্টেট ট্রান্সপোর্ট সেইভাবে চলে না। আমরা দেখি যাতে লোককে পরিবহন ব্যাপারে কিছু বেনিফিট দিতে পারি। আজকে ভারতবর্ষের প্রতিটি জায়গাতে এই স্টেট ট্রান্সপোর্ট লোকসান হচ্ছে। কেউ কেউ গুজরাটের কথা বলেছেন। সেখানে তারা লাভ করছে। কিন্তু গুজরাটের স্টেট ট্রান্সপোর্টের ভাড়ার দিকে একবার তাকিয়ে দেখুন। তাদের যে ভাড়ার স্ট্রাকচার সেটা একবার দেখেছেন কি? পশ্চিমবাংলায় অন্য যে কোন রাজ্যের চেয়ে ভাড়া কম। অন্যান্য রাজ্যে ভাড়া বেশী হলেও তারা লাভ করতে পারে না। এইসব কথা বোঝা দরকার। আমরা দেখলাম এখানে কোন গঠনমূলক আলোচনা হল না। আপনারা প্রাইভেট বাসের লাইসেন্স দিতেন না। কংগ্রেস আমলে এই লাইসেন্সের জন্য জন্য মারামারী, টাকা খাওয়া-খায়ী হোত। আমরা কিন্তু হাজার হাজার প্রাইভেট বাসের পারমিট দিয়েছি। মফঃস্বলের লোকেদের যাতে সুবিধা হয়তার জন্য আমরা চেষ্টা করেছি। কিন্তু এই সব কথা তো কোন বিরোধী সদস্য তুললেন না। এই রকম একটা পুঁজিপতি সমাজ ব্যবস্থায় যেখানে দুর্নীতির একেবারে পাহাড় জমে গেছে সেখানে সেই রকম সমাজ ব্যবস্থায় একেবারে সব দুর্নীতিমুক্ত হয়ে যাবে এ কথা আমরা বলতে পারি না। তবুও আমরা চেষ্টা করছি যাতে বেশ কিছুটা দুর্নীতিমুক্ত করা যায়। আপনাদের স্বয়ং রাজীব গান্ধী বলেছেন তিনি যে পরিষ্কার পরিচ্ছন্ন প্রশাসন গড়ে তুলতে চান। তাই তাঁরই নিজের দপ্তর থেকে সমস্ত খবর বাইরে চলে যাচ্ছে। দুর্নীতি নানাভাবে হয় এবং হচ্ছে। আর এই রকম সমাজ ব্যবস্থা যতদিন থাকবে আমরা একেবারে দুর্নীতি মুক্ত ততদিন করতে পারবো না। তবে কিছুটা কমানো যেতে পারে আমি এটা বলতে পারি যে কংগ্রেস আমলে স্টেট ট্রান্সপোর্টে যতটা এফিসিয়েন্সি ছিল আমাদের বামফ্রন্ট আমলে তার কম এফিসিয়েন্সি নেই। তবে এফিসিয়েন্সি আরও বাড়ানো দরকার, আরও আমাদের যোগ্যতা বাড়ানো দরকার। আলোচনায় কোন সমস্যা সমাধানের দিকের কথা কিছু না বলে শুধু সমালোচনার জন্য সমালোচনা করেন তাহলে কিছু বলার নেই। আজকে অন্যান্য শহরের দিকে তাকিয়ে দেখুন - দিল্লীতে যে পরিমাণ জায়গায় রাস্তার জন্য ছাড়া আছে, বম্বেতে রাস্তার জন্য যে জায়গা ছাড়া আছে এবং ভারতবর্ষের যত শহর আছে কলকাতায় কি সেই রকম জায়গা রাস্তার জন্য ছাড়া আছে? সেই ব্রিটিশ আমলের তৈরী এই শহর-এর কোন সম্প্রসারণ করা খুবই কষ্টকর। এখানে এতবড় একটা ক্রাউডেড সিটিতে যত পারসেন্ট জায়গা রাস্তার জন্য ছেড়ে দেওয়া উচিত তা ছেড়ে দেওয়া নাই। মাত্র ৬.৫% জায়গা ছাড়া আছে। অথচ ভারতবর্ষের সবচেয়ে বড় ক্রাউডেড সিটি এই কলকাতা শহর খুবই জনবহুল শহর হচ্ছে এই কলকাতা। এই দিকে একটু বিবেচনা থাকা দরকার।

**[5.30 – 5.40 p.m.]**

সার্কুলার রেল সম্পর্কে আমরা অনেকদিন ধরে শুনে আসছি। সার্কুলার রেল চালু করলে অনেক সমস্যার সমাধান হবে, কিন্তু কেন্দ্রীয় সরকার এদিকে কোন ভ্রুক্ষেপ করলেন না। সেই জায়গায় সার্কুলার রেল না করে প্রথমে পাতাল রেল এর কাজ আরম্ভ করলেন। সম্প্রতি ইলেকশনের আগে স্টান্ট দেবার জন্য লোককে দেখানোর জন্য, গত লোকসভার নির্বাচনের আগে তড়িঘড়ি করে কিছু করা হয়েছে, অর্ধচক্রাকার রেল, সেটাও টিকবে কি না তা আমরা জানি না। কিন্তু বহু আলোচিত চক্র রেল কলকাতায় না করে এই শহরকে বেছে নেওয়া হয়েছে পাতাল রেল করার জন্য। এটা কবে শেষ হবে, এখানকার সদস্যদের জীবদ্দশায় হবে কি না সেটা সন্দেহ আছে। কলকাতায় একে রাস্তা কম, তার মধ্যে পাতাল রেলের কাজ চলছে, এর ভেতরেই আবার গাড়ি ঘোড়া চলছে, পাতার রেলের জন্য রাস্তা খনন হচ্ছে, এতে যে একটা নতুন সমস্যার সৃষ্টি হচ্ছে, এটা কিন্তু কংগ্রেস আমলে ছিল না, এই সব কথা কিন্তু বিরোধী সদস্যরা ভাবছেন না। এর মধ্যে দিয়েও আমরা ট্রামের লাইন বাড়িয়েছি, অনেক লং রুটের বাস যা কলকাতা থেকে কোনওদিন যেত না, আজকে বামফ্রন্ট সরকার লং রুটের বাস চালু করেছে যাত্রী সাধারণের সুবিধার জন্য। এই কলকাতা হচ্ছে একটি বৃহৎ ব্যবসা কেন্দ্র এবং একটি বড় বন্দর, কলাকাতা থেকে সারা পশ্চিমবাংলায় এবং সারা ভারতবর্ষে বিভিন্ন মাল পরিবহন হয়, তার জন্য হাজার হাজার ট্রাক কলকাতায় এসে জমে। এত ট্রাক অন্য শহরে ঢোকে না। ভারতবর্ষের আর কোন শহরে ঢোকে না। এই সমস্ত সমস্যার কথা বিরোধী পক্ষের সদস্যরা একদিনও বললেন না। কংগ্রেস আমলে তো দেখিনি যে ট্রাক টার্মিনাস করার জন্য কোন প্রচেষ্টা নিয়েছেন, একটা কথাও শুনিনি। আমরা চেষ্টা করছি, বাইরের রাজ্য থেকে যে সমস্ত ট্রাক আসছে তাদের জন্য কিছু চেক পোস্ট আমরা কয়েকটি জায়গায় করেছি, যার ফলে কিছু সরকারের আয় বৃদ্ধি পেয়েছে। শুধু সাবসিডি দেওয়া হচ্ছে, এটা বড় কথা নয়, ট্রান্সপোর্ট থেকে রাজস্ব কিছু আদায় হচ্ছে, এই জিনিসটা উনাদের জানার দরকার আছে। আরও বিভিন্ন জায়গায় চেকপোস্ট করবার পরিকল্পনা আমরা নিয়েছি। আমি বলতে চাই ট্রান্সপোর্টে অগ্রগতি হয়েছে, যদিও প্রয়োজনের সংগে সামঞ্জস্য রেখে হয়তো অগ্রগতি হয়নি, সেটা আমাদের করতে হবে। এই কথা বলে এই বাজেটকে সমর্থন জানিয়ে এবং সমস্ত কাট মোশানের বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

**Dr. Zainzl Abedin :** Sir, I rise on a point of order. I invite your attention to Rule 333, Sub-rule (2). At the initiation of this debate on this Grant we have been circulated with a booklet entitled 'Statement on Home (Transport) Budget, 1985-86 by Shri Rabin Mukherjee and Shri Sibendra Marayan Chowdhury. In fact, sir the cabinet minister Shri Rabin Mukherjee moved the Grant and you moved that the speech was being taken as read. That means, he was allowed to speak by your motion, Sir. Then, Sir, I invite your attention to Rule 333, sub-rule(2). Now, the member Shri Sibendra Narayan Chowduhury has spoken once. How do you allow him to speak? He is not exercising his right of reply. He is a Minister. As a minister he can make a statement under Rule 346 but he cannot take recourse to Rule 333 Sub-rule (2) Sir, you are the custodian of this House, I think there is

gross violation and because of this wrong practice you have violated and encroached upon the basic rights and privileges of us, Members. You have gone far away to accommodate youı Minister who has rather encroached upon the valuable time of the very dignified and august House on this august occasion. On this point, I seek your ruling, Sir.

**Mr. Speaker :** Dr. Zainal Abedin, you are a very experienced parliamentarian. The speech was moved by Shri Rabin Mukherjee and it was taken as read. It will be deemed to be a speech of Shri Rabin Mukherjee.

**Dr. Zainal :** No, Sir, it cannot be.

**Mr. Speaker :** Let me finish. Have patience please, why are you in such haste ? It will be deemed to be a speech made by Shri Rabin Mukherjee. What is printed in the booklet is irrelevant and what is put on record is relevant. Even, if Shri Sibendra Narayan Chaowdhury is deemed to have made a speech, sub-rule(2) of Rule 333 gives me the discreation to allow a member to speak twice. It gives me that discreation.

**Dr. Zainal Abedin :** No, Sir.

**Mr. Speaker :** It does give. What does Sub-rule (2) of Rule 333 say? It says, 'Except in the exercise of a right of reply or as otherwise provided by these rules, no member shall speak more than once to any motion, except with the permission of the Speaker. He has exercised the right of reply over the speech made by him.

**Dr. Zainal Abedin :** No, Sir.

**Mr. Speaker :** He did it. Your point is irrelevant and I over-rule it.

**Dr. Zainal Abedin :** Sir, though we bow down to your ruling, we are aggrieved.

**শ্রী রবীন মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিরোধী সদস্য সহ আমাদের সরকার পক্ষের সদস্যদের বক্তৃতা শুনেছি। আমি প্রথমে জানিয়ে দিতে চাই যে ছাঁটাই প্রস্তাব এখানে উত্থাপন করা হয়েছে সেটা আদৌ গ্রহণ যোগ্য নয়। এখানে ছাঁটাই প্রস্তাব যারা দিয়েছিলেন, তারা বাস্তব দিক থেকে তার উপরে কোন বক্তৃতা করেন নি। এখানে অনেকগুলি প্রসঙ্গ উত্থাপিত হয়েছে। সেই প্রসঙ্গে আমার মনে হয়েছিল যে পশ্চিমবাংলার পরিবহণ সম্পর্কে যে বাজেট, সেই বাজেট সম্পর্কে, তার

পলিসি ইত্যাদির উপরে আলোচনা হবে। কিন্তু সমগ্র আলোচনায় দেখা গেল যে শুধু কলকাতার সি. এস. টি. সি'র উপরে নির্ভর করেই আলোচনা সীমাবদ্ধ রয়েছে। সম্ভবত কলকাতা কর্পোরেশানের ইলেকশান মাথায় আছে সে জন্য এই ধরণের আলোচনা হল। পশ্চিমবাংলার অন্যান্য জায়গায়ও যে পরিবহণের সমস্যা আছে সে সম্পর্কেও উল্লিখিত হল না। এমন কি কাশীবাবু পর্যন্ত যে সমস্ত বক্তব্য রাখলেন, তার মধ্যেও কলকাতার কথা বললেন। তার নিজের জেলায় পরিবহণ সম্পর্কেও উল্লেখ করতে ভুলে গেলেন। যাই হোক, আমাদের বিরোধীপক্ষের বক্তব্য শুনে মনে হচ্ছে যে তারা বোধহয় এই দেশে বাস করেন না। অকস্মাৎ এই দেশে এসে তারা আবিষ্কার করলেন যে কলকাতা বলে একটা শহর আছে, সেখানে অনেক রকম ব্যবস্থা আছে - সবই অব্যবস্থা। তারা বোধ হয় ভুলে গেছেন যে আমার ৬.৫% হচ্ছে রাস্তা। এটা তারা আজ পর্যন্ত বুঝে উঠতে পারলেন না। কলকাতা শহর এবং বিভিন্ন শহরের যে সমস্যা, এটাতো নিজেদের সৃষ্ট সমস্যা নয়। এর অনেকগুলিই ঐতিহাসিক কারণে দেশ বিভাগ হওয়ার ফলে হয়েছে। সেই সৃষ্ট সমস্যাগুলি আজও আমাদের মাথায় করে নিয়ে যেতে হচ্ছে।

(**শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ** স্যার, এসব কথাও কি শুনতে হবে?)

**মিঃ স্পীকার ঃ** মিঃ বাপুলী হাউসে থাকলে অনেক কিছুই শুনতে হয়। আর তা হলে আপনাদর গণতান্ত্রিক অধিকার আছে না শুনে চলে যাওয়ার।

**শ্রী রবীন মুখার্জ্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী পক্ষের সদস্যরা অনেক কথার উল্লেখ করেছেন। তারা বিশ্বব্যাংকের কথাও এখানে টেনে এনেছেন। বিশ্ব ব্যাংকের কথা এখানে টেনে এনেছেন বলে আমাকে দু-একটি কথা বলতে হচ্ছে। মান্নান সাহেব দুর্নীতির কথা বলেছেন এবং আরো কয়েকজন সদস্যও দুর্নীতির কথা বলেছেন। আমি জিজ্ঞাসা করি যে সারা বছর ধরে কি করছিলেন. দুর্নীতির ব্যাপারে একটা চিঠিও তো লেখেন নি? একটা অভিযোগও তো করেন নি? সব কি জমা করে রেখেছিলেন যে ২৩শে এপ্রিল বাজেট বক্তৃতা হবে তখন বলবেন বলে? যাই হোক , আমার সময় থাকলে আমি প্রতিটি কথা জবাব দিয়ে দিতাম। উনি তেলেনীপাড়ার নীলগঞ্জের জমি কেনা সম্পর্কে বললেন।

**[5.40 – 5.50 p.m.]**

জানা উচিত তো, এটা কমপ্যারেটিভলি অনেক সস্তায় কেনা হয়েছে এবং যে নিয়ম আছে, সেই নিয়ম অনুযায়ী ২৪ পরগনার ডি. এম. যে দাম স্থির করে দিয়েছিলেন, সেই ভাবেই কেনা হয়েছে। কি করা যাবে - আমি তো আপনাদের মত অনুযায়ী কিনব না, আমাদের শাসনব্যবস্থা আছে, সেই মত কিনব। তারপর এই সমস্ত দুর্নীতির কথা তুললেন। আর একটি কথা বললেন সল্ট লেকের কোন সিমেন্টের ব্যাপারে কিছু করা হয়নি। সেই ব্যাপারটা চুরির ব্যাপার এবং আমরাই ধরেছি। আমাদের লোকই ধরেছে এবং ধরে যথারীতি পুলিশের কাছে পাঠিয়ে যা বিধি ব্যবস্থা নেওয়ার কথা, সেই সবই নেওয়া হয়েছে। দু-চারটি কথা আন্দাজে বাজারে ছেড়ে দিলেন. তাতে কোন কাজ হবে না। তারপর এখানে আরো গুটি কয়েক কথা এই প্রসঙ্গে বলেছেন, অশোক ঘোষ মহাশয় এবং অন্যান্য আরো অনেকে বলেছেন। তারা সকলেই বলেছেন ক্রমাগত ভরতুকি বৃদ্ধি পাচ্ছে। শুধু সি. এস. টি. সি কেন, অন্য কোন জায়গার কথা তুললে ভাল হত। আপনারা ক্রমাগত ভরতুকি বৃদ্ধি পাবার কথা বলছেন তো- তবে শুনে রাখুন, গত বছরের তুলনায় ভরতুকি সি. এস. টি. সি. তে ভরতুকির পরিমান কমে

গেছে। ১৯৮৩/৮৪ সালে ১৬ কোটি ৫৬ লক্ষ টাকা ভরতুকি দেওয়া হয়েছিল, ১৯৮৪/৮৫ সালে সেটা হয়েছে ১৩ কোটি ৭৩ লক্ষ টাকা। তাহলে কমল, না বাড়ল? আপনারা সকলে বলে গেলেন, বেড়ে গেছে, তাহলে এটা কি করে হল? অন্যান্যগুলি সম্পর্কে আমি একই তথ্য দিতে পারতাম, কিন্তু সময় অভাবে দিতে পারছি না। তারপর বিশ্ব ব্যাংকের কথা বলে গেলেন। ওরা আবার একটু সাহেব-সুবোদের কথা শুনলে বিগলিত হয়ে পড়েন। তবে ওদের মত সাহেব সুবোদের কথা গ্রহণ করার কোন কারণ নেই। আমি যে কথাটা বলবার চেষ্টা করছিলাম সেটা হচ্ছে এই, পার্টিসানের পর ডাঃ রায় ন্যায় সংগত ভাবেই এই সি. এস. টি. সি.র প্রবর্তন করেছিলেন। কিন্তু আনলেন কাদের? সমস্ত রিফিউজি, এ্যাসোসিয়েটেড, আন-আর্নড় পিপল, তাদের ডোল না দিয়ে কিছু পরিমানে কাজ দেওয়া যায় কিনা সেটা তিনি চেষ্টা করলেন। তিনি ন্যায় সংগত ভাবেই এটা করেছিলেন। কিন্তু আমরা দেখছি ২০/২৫ বছর আগে যাদের নেওয়া হয়েছিল তাদের বয়স ৪৫/৫০ বছরে এসে পৌচেছে। তাদের শরীর কুঁকড়ে গেছে, এটা হচ্ছে ঐতিহাসিক সত্য। আপনারা এটা একটু মনে মনে গ্রহণ করবেন, তারা আপনাদের নিজেরই দেশের মানুষ। তাদের যে অবস্থায় এনে ফেলেছিলেন সেই সম্পর্কে একটু জেনে রাখলে দোষের কিছু নেই। তারা এই সব বোঝে না, কোথা থেকে বুঝবে? তারা মনে করেন ৬০ বছরেও তারা শক্তিশালী থাকবেন। যাদের তাড়িয়ে আনলেন, তারা একটা বিপুল অংশ। সেই অংশের স্বাস্থ্য ভেঙ্গে গেছে। আমি কংগ্রেস দলের লোক না। কোন রকম ছুতো করে তাদের তাড়িয়ে দেব না। তাদের যাতে কিছু লাইট ডিউটি দিয়ে রাখা যায় সেই ভাবেই রাখার চেষ্টা করবো। এটা জেনে রাখা ভাল যে, অন্যান্য রাজ্যের তুলনায় আমাদের এখানে ম্যান বাস রেসিও একটু বেশী। এটা আজকে নয়, অনেকদিন থেকেই আছে। ম্যান বাস রেসিও যে বেশী এতে কোন সন্দেহ নেই। কিন্তু কি চলছে? কোন একটি কাগজ লিখে দিল ২৩ থেকে ২৭ হয়ে গেছে।

(ভয়েস ঃ আবদুল মান্নান ঃ- দুর্নীতির কথা বলুন)

দুর্নীতির খবর জানা থাকলে পাঠিয়ে দেবেন। কোন দুর্নীতি নেই। আপনারা যে সাহেবদের কথা বলেছেন সেই সম্পর্কে এটা জেনে রাখা ভাল যে, তারা কি বলেছেন। বিশ্ব ব্যাংকের যে রিপোর্ট এখানে উল্লেখ করলেন, সেটা আমি একটু পড়ে দিচ্ছি। রিপোর্টের একটি অংশে বলা হচ্ছে,

The physical implementation of CUTP bus components has been completed. Thus it must be said again is a geat achievement especially when considering the difficulties faced by the implementing agencies and the Government of West Bengal CSTC and CTC deserved special credit for the efficient execution of physical project components in just over four years.

(para 6 of Aide Memoire)

আর একটা বলেই আমি শেষ করে দিচ্ছি। আর একটা পড়ে দিচ্ছি, "There was a certain deterioration in the April-September, 1984 period, which was caused by this year's severe monsoon season" (Para 7 of Aide Memoire) আর একটা বলেই আমি শেষ করে দিচ্ছি, there are some hopeful signs that improvement may finally be around the corner. The Mission was

impressed by the C. S. T. C. 's under the Managing Director and feels that under his leadership the C. S. T. C. may soon become more productive and provide better service to the travelling public.

কাজেই এরকম অনেক যেগুলি আপনারা বলে গিয়েছেন সেগুলি যদি একটা তথ্য অনুসন্ধান করে বলতেন তাহলে সকলেরই উপকার হ'ত। তারপর সি. এস. টি. সি.'র পারফরমেন্স সম্পর্কে এখানে অনেক কথা বলা হয়েছে। এই প্রসঙ্গে ব্রেকডাউন সম্পর্কেও বলা হয়েছে। হ্যাঁ, ব্রেকডাউনের সংখ্যা আছে, আমি সেটা অস্বীকার করছি না। তারপর একজন বললেন, অশোক লেল্যাণ্ড বলে একটি বিশেষ কোম্পানী থেকে বাস কেনা হয়েছে। অশোক লেল্যান্ড তো খুব নাম করা কোম্পানী, সারা ভারতবর্ষেই তো তাদের বিক্রি। বম্বে যান, মাদ্রাজ যান, দিল্লী যান, দেখবেন অশোক লেল্যাণ্ড পাবেন। এটা নিশ্চয় খুবই দুর্ভাগ্যের ব্যাপার যে ওরা যে বাস আমাদের সাপ্লাই করেছেন- ওরা স্বীকারও করেছেন - সেই ২৯১ টি ডি. ডি. বাসের ভেতরে ১০০ টির উপর ডিফেকটিভ বাস। ওরা সেটা স্বীকার করে বলেছেন যে ওরা সেটা ঠিক করে দেবেন। কিন্তু সেই ঠিক করার গতিটা এতই কম যে তারজন্য আমাদের সাফার করতে হচ্ছে। তাদের অনেক যন্ত্রাংশ যা ১৯৮০ বা ১৯৮১ সালে দেবার কথা ছিল তার সবটা এখনও এসে পৌঁছায়নি। এই ঘটনা ঘটেছে। এর ফলে সি. এস. টি. সি.'র যে পরিমাণ এ ক্ষেত্রে অগ্রগতি হওয়া উচিত ছিল বা ব্রেকডাউনের সংখ্যা কম হওয়া উচিত ছিল - আমরা ঐ বাস চালাবার চেষ্টা করেছি, বাসের স্প্রিং ভেঙ্গে গিয়েছে। ওরা স্বীকার করছেন যে ওদের স্প্রীং ডিফেকটিভ ছিল এখন সেগুলোকে ওরা মেরামত করার জন্য বেশী সময় লাগছে এবং রাস্তার মাঝখানে ব্রেকডাউন হচ্ছে। আমরা একথাও কখনো বলি নি যে আমাদের সব কিছুই ঠিক আছে কোথাও কোন ত্রুটি নেই। তবে এক্ষেত্রে আমাদের অসুবিধার কথাটাও আপনাদের মনে রাখার দরকার। ১০০টির উপর যদি ডবল ডেকার ঐ রকমের বাস সাপ্লায়েড হয়ে থাকে এবং তার যন্ত্রাংশ যদি ত্রুটিপূর্ণ হয় তা হলে স্বভাবতঃই অসুবিধা হয়। আমরা সেটা ধরেছি এবং সেগুলি ঠিক করার চেষ্টা করছি। এর পর আমি আর একটি প্রসঙ্গে আসছি। এখানে কংগ্রেস আমলের প্রাক্তন পরিবহনমন্ত্রী আছেন. আমি তাঁকে স্যার, আপনার মাধ্যমে জিজ্ঞাসা করছি, তাঁদের আমলের শেষ বছরে ১৯৭৬/৭৭ সালে বাজেট প্রভিসান কত ছিল এবং আমাদের সময় সেটা কত হয়েছে তা বলবেন কি ? স্যার, ওদের সময়ে প্ল্যানে ছিল ১ কোটি ৮৯ লক্ষ টাকা আমার আমাদের সময় অর্থাৎ ১৯৮৪/৮৫ সালে সেটা হয়েছে ৪০ কোটি ৪২ লক্ষ টাকা। স্যার, এই ফিগারটা এ্যাসট্রোনমিক্যাল বলে মনে হবে কারণ এক কোটি আর ৪০ কোটি তো এক জায়গায় নয়, এটা অনেক বেশী।

**[5.-50 – 6.00 p.m.]**

পরিকল্পনা খাতের বরাদ্দ ওঁদের সময়ের এক কোটির জায়গায় বর্তমানে ৪০ কোটি হয়েছে, নিশ্চয়ই মূল্যমান ৪০ গুণ বৃদ্ধি পায়নি। নন্‌-প্ল্যান খাতের বরাদ্দ ওঁদের সময়ে ছিল ৪ কোটি ৩৫ লক্ষ টাকা, আজকে সেটা বৃদ্ধি পেয়ে হয়েছে ৩০ কোটি টাকা। এখানে ম্যান বাস রেসিও'র কথা বলা হল। আমার প্রশ্ন হচ্ছে এর ভিত্তি কি হবে? এস. আর. টি. ও. সারা ভারতবর্ষের ক্ষেত্রে অল ইণ্ডিয়া নর্মস যেটা ঠিক করেছে সেটার থেকে আমাদেরটা একটু কম আছে। কিন্তু সেটা ঐ ২৩ বা ২৭ নয়। সেটা সি. এস. টি. সি.'র ক্ষেত্রে ১৩.৬ কাজেই যিনি ঐ কথা বললেন তাঁকে আমি এটা একটু সংশোধন করে নিতে বলছি। উল্টো পাল্টা বলে কোন লাভ নেই। পশ্চিমবাংলার পরিবহণ ক্ষেত্রের আর একটা দিক আছে, সে দিকটা সম্বন্ধে এখানে কেউ কোন কথা বললেন না, সে জন্য আমি খুবই দুঃখিত। সেটা

চ্ছে, আমাদের এখানে একটা প্রশিক্ষণ ব্যবস্থা আছে। বেহালায় এফ. টি. আই. বা ফ্লাইং ট্রেনিং নস্টিটিউট আছে। সেখানে আমাদের দেশের কিছু ছেলে, যাদের অন্য জায়গায় যাবার সুযোগ নেই াদের ট্রেনিং দেওয়া হয়। কিন্তু এয়ারক্রাফটের অভাবে সেই ফ্লাইং ট্রেনিং ইনস্টিটিউটটি গত ২/৩ ছর ধরে ভালভাবে কাজ করতে পারছে না। এটা সকলের জেনে রাখা দরকার। আমি এ ব্যাপারে ্যক্তিগতভাবে প্রাক্তন ইউনিয়ন মিনিষ্টার প্রনব মুখার্জ্জীর কাছে গিয়েছিলাম, তিনি বলেছিলেন, 'হ্যাঁ, ্যবস্থা করে দেব'। পশ্চিমবাংলায় যুবকদের স্বার্থে জোতিবাবু নিজে বলেছিলেন, 'ওখানে ট্রেনিং দিয়ে কছু পাইলট তৈরী করা হোক। পশ্চিম বাংলায় ট্রেনিং 'এর ব্যবস্থা করা হোক।' কিন্তু আজ পর্যন্ত ামান্য কয়েক লক্ষ টাকার ফরেন এক্সচেঞ্জে এ বিষয়ে কেন্দ্র থেকে স্যাংসন করা হলো না। এর ফলে ত ২/৩ বছর ধরে বাজেটের এই বাবদ টাকা আমরা খরচ করতে পারছি না। এর জন্য কাকে দায়ী রব? কে দায়ী হবে? এটা একটু ওঁদের মনে বাখা দরকার। এর জন্য ওঁদের একটু লজ্জা হওয়া চিত। এই ঘটনা ঘটছে, অথচ পশ্চিমবাংলার স্বার্থে ওঁরা এ বিষেয়ে একটা কথাও বলতে পারছেন া। আর আমি অন্য প্রসঙ্গে যাব না, আমি শুধু এইটুকু বলতে চাই যে, কলকাতা শহরে যে পরিমান রিবহণ ব্যবস্থার বৃদ্ধি ঘটেছে তা শুধু মাত্র স্টেট বাস দিয়ে ঘটান সম্ভব ছিল না। সি. এস. টি. সি.'র য সংখ্যাক বাস আছে সেই সংখ্যক বাস দিয়ে পশ্চিমবাংলা, তথা কলকাতা হাওড়া, ২৪-পরগনার ত জেলাগুলির পরিবহণ সমস্যার সমাধান করা সম্ভব নয়। ৬০০'র জায়গায় ৬৬০'টি বা ৭০০'টি াস চালানো যায়। কিন্তু আজকে ২৬.০০ থেকে ২৭.০০ প্রাইভেট বাস চলছে সমস্যার সমাধানের শ্নে, ৮০০ থেকে ৯০০ মিনি-বাস চলছে সমস্যার সমাধানের প্রশ্নে। ৫০০০ ট্যাক্সির জায়গায় আজকে লকাতার শহরে ১০,০০০ থেকে ১১,০০০ ট্যাক্সী চলছে। এর মধ্যে কি সমস্যার সমাধানের প্রশ্ন নই?

**মিঃ স্পীকার ঃ-** মিঃ মুখার্জী, এই বায়বরাদ্দের উপর আলোচনা ৫টা ৫৭ মিনিটে শেষ হওয়ার থা, কিন্তু আমার মনে হচ্ছে নির্দিষ্ট সময়ের পরেও কিছু সময়ের প্রয়োজন হবে। তাই আমি সভার নুমতি নিয়ে এই বায়বরাদ্দের উপর আলোচনার সময়ে আরো ১৫ মিনিট বাড়াতে চাইছি। আমি াশা করছি এতে কারো আপত্তি নেই।

(এই সময় পরিবহণ খাতের ব্যয়বরাদ্দেব উপর আলোচনার সময় আরো ১৫ মিটি বাড়ানো হয়।)

**শ্রী রবীন মুখার্জ্জী ঃ** সুতরাং মাননীয় অধ্যক্ষ মহাশয়, অবস্থাটা স্ট্যাটিক্ নয়, ওঁদের আমি বলব, নঃচোখে দেখলে হবে না, বাস্তবে যা ঘটছে তা দেখতে হবে। ট্যাক্সির সংখ্যা ৫০০০ থেকে বেড়ে ১,০০০ হয়েছে, মিনি বাসের সংখ্যা অনেক বেশী পরিমানে বেড়েছে।

পাইপ লাইনে ৩৬৫টি আছে আর ৯৬৭টি অফার লেটার দেওয়া আছে। ইতিমধ্যে ক্রাই উঠেছে নেক মহল থেকে কিন্তু এদিকে ৮ কিলোমিটার থেকে ৯ কিলোমিটার বাসের গতি দাঁড়িয়েছে। াজকে ৬০০ জায়গায় প্রায় ৪ হাজারের মতন যান চলে। তাহলে মানুষের উপকারে লাগেনি? এরপর পার এবং ওপার থেকে ১ লক্ষ ৩০ হাজারের মতন লোক যাতায়াত করছে। তাহলে লোড কম লো কলকাতা শহরের উপর? আপনারা তো ভাল কথা বলতে পারেন না এবং বলবেনও না আজকে মট্রোরেলের জন্য যানজট অন্যতম কারণ হচ্ছে। দুর্ভাগ্যক্রমে যারা সাহেব ভক্ত তাদের ৩।৪ বছর লগেছে বুঝতে। কলকাতার মেইন লাইফ লাইনের উপর খোঁড়াখুঁড়ি চলছে। কবে শেষ হবে কেউ ানে না, তার ফলেই প্রধানতঃ যানজট। আমাদের সি. এস. টি. সির গাড়ী ট্রিপ কমপ্লিট করতে পারে

না, অসম্ভব। পাশের রাস্তা দিয়ে গাড়ী চলতে পারে? এই কলকাতা শহরের প্রাণকেন্দ্রে ১৫৯টি বাস রুট আছে। তার মানে হচ্ছে, এক একটি বাস অন্ততঃ যদি ৪টি করে ট্রিপ দেয় এবং এক একটি রুটে যদি ১৫টি থেকে ২০টি বাস থাকে তাহলে প্রাণ কেন্দ্রে কি পরিমাণ বাসের আধিক্য ঘটেছে সেটা আপনারা বুঝতে পারছেন। সুতরাং যানজট হবে না? বাস কি উপর দিয়ে চলবে? এরপর দেবপ্রসাদ বাবুর কথায় আসি। উনি চিরকাল একই কথা বলেন। সুতরাং সেকথার জবাব দেব কি? আপনি জানেন না, জিনিসপত্রের দাম কি ভাবে বেড়েছে? তেলের দাম ১২০ পারসেন্ট বেড়েছে। যন্ত্রাংশের দাম ১০০ পারসেন্টর উপর বেড়েছে। তাহলে তেলের বদলে কি জল দিয়ে চালাবো? যন্ত্রাংশগুলি কি ইটখোলায় তৈরী করব লোহা বাদ দিয়ে। এগুলি আমরা বাড়াইনি আজকে স্যাসির দাম ৩ গুন বেড়েছে আমরা বাড়াইনি। টায়ারের দাম ৩ গুণ বেড়েছে, আমরা বাড়াইনি। সেইজন্য এই দায়িত্বভার আজকের মানুষের উপর গিয়ে পড়ছে। ভরতুকির কথা আমি জানিয়ে দিচ্ছি। দিল্লীতে ১০২ কোটি টাকা ভরতুকি দেওয়া হয়েছে। এশিয়াডের ৫০০ বাস বিনা পয়সায় পেয়েছেন। আর এখানে ১৬ কোটি টাকা থেকে নেমে ১৩ কোটি টাকায় এসেছে। সেইজন্য আমি বলছি, আপনারা আসন্ন করপোরেসান ইলেকসানের জন্য ইচ্ছামত বক্তব্য রেখে যাচ্ছেন। এটা ঠিক নয়। পরিশেষে সমস্ত ছাটাই প্রস্তাবকে অগ্রাহ্য করছি এবং সমস্ত মাননীয় সদস্যকে এই বাজেট বরাদ্দের প্রস্তাব গ্রহণ করার জন্য অনুরোধ জানাচ্ছি।

**[6.00 – 6.10 p.m.]**

**The Motion**

**Demand No. 12**

The motion cut motion No. 1 was then put and lost.

The motions cut motions Nos. 2 and 3 were then put and a division taken with the following result :-

**NOES**

Abdur Razzak Molla, Shri

Anisur Rahman Biswas, Shri

Atahar, Rahaman, Shri

Banerjee, Shri Amiya Bhusan

Banerji, Shri Radhika Ranjan

Basu, Shri Ajit

Basu, Shri Bimal Kanti

Basu, Shri Debi Prosad

Basu, Shri Subhas

Bauri, Shri Gobinda

Bera, Shri Pulin

Bhattacharyya, Shri Satya Pada

Biswas, Shri Chittaranjan

Biswas, Shri Hazari

Biswas, Shri Jayanta Kumar

Biswas, Shri Kumud Ranjan

Biswas, Shri Satish Chandra

Bouri, Shri Nabani

Chakraborty, Shri Umapati

Chakraborty, Shri Deb Narayan

Chatterjee, Shri Dhirendra Nath

Chatterjee, Shrimati Nirupama

Chattopadhyay, Shri Dhrubeswar

Chattopadhyay, Shri Sadhan

Choudhury, Shri Gunadhar

Chowdhury, Shri Sibendranarayan

Dakua, Shri Dinesh Chandra

Das, Shri Jagadish Chandra

Daud Khan, Shri

Doloi, Shri Shiba Prasad

Deb, Shri Saral

Dey, Shri Lakshmi Kanta

Ghosh, Shri Malin

Goswami, Shri Subhas

Guha, Shri Kamal Kanti

Gupta, Shri Sitaram

Habib Mustafa, Shri

Hajra, Shri Sachindra Nath

Hira, Shri Sumanta Kumar

Kalimuddin Shams, Shri

Kar, Shri Nani

Kisku, Shri Upendra

Mahata, Shri Kamala Kanta

Maity Shri Gunadhar

Majhi, Shri Dinabandhu

Majhi, Shri Surendra Nath

Maji, Shri Swadeshranjan

Malaker, Shri Nani Gopal

Malik, Shri Sridhar

Mandal, Shri Gopal

Mandal, Shri Rabindra Nath

Mandal, Shri Sukumar

Mandi, Shri Rampada

Mitra, Dr. Ashok

Mohanta, Shri Madhabendu

Mojumdar, Shri Hemen

Molla, Shri Anadi

Mandal, Shri Kshiti Ranjan

Mondal, Shri Sahabuddin

Mondal, Shri Sudhansu Sekhar

Mukherjee, Shri Amritendu

Mukherjee, Shri Anil

Mukherjee, Shri Bhabani

Mukherjee, Shri Joykesh

Mukherjee, Shri Niranjan

Mukherjee, Shri Rabin

Munsi, Shri Mahammad Bacha

Naskar, Shri Subhas

Naskar, Shri Sundar

Nath, Shri Monoranjan

Panda, Shri Mohini Mohan

Pathak, Shri Patit Paban

Pramanik, Shri Abinash

Rai, Shri H.B

Ray, Shri Achintya Krishna

Ray, Shri Birendra Narayan

Ray, Shri Dhirendra Nath

Ray, Shri Subhas Chandra

Roy, Shri Hemanata Kumar

Roy, Shri Pravas Chandra

Roy Barman, Shri Khitibhusan

Roy Chowdhury, Shri Nirode

Saha, Shri Kripa Sindhu

Sar, Shri Nikhilananda

Saren, Shri Ananta

Sarkar, Shri Kamal

Sarkar, Shri Sailen

Sayed Md. Masih, Shri

Sen, Shri Sachin

Seth, Shri Lakshman Chandra

Shish Mohammad, Shri

Singha Roy, Shri Jogendra Nath

Sk. Siraj Ali, Shri

Sur, Shri Prasanta Kumar

**AYES**

Abdul Mannan, Shri

Abdur Rauf Answari, Shri

Abdus Sattar, Shri

Abedin, Dr. Zainal

Banerjee, Dr. Ambika

Bapuli, Shri Satya Ranjan

Barman, Shri Dipendra

Bhunia, Dr. Manas

Ghosh, Shri Asok

Goswami, Shri Arun Kumar

Gyan Singh Sohanpal, Shri

Mahata, Shri Subhas Chandra

Misra, Shri Kashinath

Nurul Islam Chowdhury, Shri

Trivedi, shri Bankim

**ABSTENTION :**

Purkait, Shri Prabadh,

Sarkar Shri Deba Prasad.

The Ayes being 15, and the Noes, 94 - the cut motions were lost.

The motion of Shri Rabin Mukherjee that a sum of Rs. 1,20,73,000 be granted for expenditure under Demand No. 12, Major Head : "241-Taxes on Vehicles". (This is inclusive of total sum of Rs. 20,13,000 already voted on account in March, 1985), was then put and agreed to.

**Demand No. 68.**

The motion of Shri Rabin Mukherjee that a sum of Rs. 45,90,0( be granted for expenditure under Demand N0. 68, Major Head :"33: Ports, Lighthouses and Shipping". (This is inclusive of a total su of Rs. 7,65,000 already voted on account in March, 1985), was th put and agreed to.

**Demand No. 69.**

The motiom of shri Rabin Mukherjee that a sum of Rs. 3' 04,000 be granted for expenditure under Demand No. 69, Maj Head: "336-Civil Aviation". (This is inclusive of total sum of R 6,51,000 already voted on account in March, 1985), was then put ar agreed to.

**Demand No. 71.**

The motion (Cut motion No. 4,5 and 6) were put and lost

**Mr. Speaker :** I now put cut motions No. 1,3,7,8 and 10 to vot on which I understand division will be taken. Cut motions No. 2 an 9 will not be taken into Consideration as these are not moved becaus members enclosed were not present.

The motions (cut motions Nos. 1,3,7,8 and 10) were then put an a Division taken with the following results :-

**NOES**

Abdur Razzak Molla, Shri

Anisur Rahman Biswas, Shri

Atahar Rahaman, Shri

Banerjee, Shri Amiya Bhusan

Banerjee, Shri Radhika Ranjan

Basu, Shri Ajit

Basu, Shri Bimal Kanti

Basu, Shri Debi Prosad

Basu, Shri Subhas

Barui, Shri Gobinda

Bera, Shri Pulin

Bhattacharyya, Shri. Satya Pada

Biswas, Shri Chittaranjan

Biswas, Shri Hazari

Biswas, Shri Jayanta Kumar

Biswas, shri Kumud Ranjan

Biswas, Shri Satish Chandra

Bose, Shri Nirmal Kumar

Bouri, Shri Nabani

Chakraborty, Shri Umapati

Chakraborty, Shri Deb Narayan

Chatterjee, Shri Dhirendra Nath

Chatterjee, Shrimati Nirupama

Chattopadhyay, Shri Dhrubeswar

Chattopadhyay, Shri Sadhan

Choudhury, Shri Gunadhar

Chowdhury, Shri Sibendranarayan

Dakua, Shri Dinesh Chandra

Das, Shri Jagadish Chandra

Daud Khan, Shri

Doloi, shri Shiba Prasad

Deb, Shri Saral

Dey, Shri Lakshmi Kanta

Ghosh, Shri Satyendra Nath

Ghosh, Shri Malin

Goswami, Shri Subhas

Guha, Shri Kamal Kanti

Gupta, Shri Sitaram

Habib Mustafa, Shri

Hajra, Shri Sachindra Nath

Hira, Shri Sumanta Kumar

Kallimuddin Shams, Shri

Kar, Shri Nani

Kisku, Shri Upendra

Mahata, Shri Kamala Kanta

Maity, Shri Gunadhar

Majhi, Shri Dinabandhu

Majhi, Shri Surendra Nath

Maji, Shri Swadeshranjan

Malaker, Shri Nani Gopal

Malik, shri Sreedhar

Mandal, Shri Gopal

Mandal, Shri Rabindra Nath

Mandal, Shri Sukumar

Mandi, Shri Ramapada

Mitra, Dr. Ashok

Mohanta, Shri Madhabendu

Mojumdar, Shri Hemen

Molla, Shri Anadi

Mondal, Shri Kshiti Ranjan

Mondal, Shri Sahabuddin

Mondal, Shri Sudhansu Sekhar

Mukherjee, Shri Amritendu

Mukherjee, Shri Anil

Mukherjee, Shri Bhabani

Mukherjee, Shri Joykesh

Mukherjee, Shri Niranjan

Mukherjee, Shri Rabin

Munsi, Shri Mahsmmad bacha

Naskar, Shri Subhas

Naskar, Shri Sundar

Nath, Shri Monoranjan

Panda, Shri Mohini Mohan

Pathak, Shri Patit Paban

Paramanik, Shri Abinash

Rai, Shri H.B,

Ray, Shri Achintya Krishna

Ray, Shri Birendra Narayan

Ray, Shri Dhirendra Nath

Ray, Shri Subhas Chandra

Roy, Shri Hemanta Kumar

Roy, Shri Pravas Chandra

Roy Barman, Shri Khitibhusan

Roy Chowdhury, Shri Nirode

Saha, Shri Kripa Sindhu

Sar, Shri Nikhilananda

Saren, Shri Ananta

Sarkar, Shri Kamal

Sarkar, Shri Sailen

Sayed Md. Masih, Shri

Sen, Shri Sachin

Seth, Shri Lakshman Chandra

Shish, Mohammad, Shri

Singha Roy, Shri Jogendra Nath

Sk. Siraj Ali, Shri

Sur, Shri Prasanta Kumar

**AYES**

Abdul Mannan, Shri

Abdur Rauf Answari, Shri

Abdus Sattar, Shri

Abedin, Dr. Zainal

Banerjee, Dr. Ambika

Bapuli, Shri Satya Ranjan

Barman, Shri Dipendra

Bhunia, Dr. Manas

Ghosh, Shri Asok

Goswami, Shri Arun Kumar

Gyan Singh Sohanpal, Shri

Mahata, Shri Subhas Chandra

Misra, Shri Kashinath

Nurul Islam Chowdhury, Shri

Trivedi, Shri Bankim

**ABSTENTION :**

Purkait, Shri Probodh,

Sarkar, Shri Deba Prasad

**Major Heads :** 282-Public Health, Sanitation and Water Supply (Presentation of Air and Water Pollution), 295 - Other Social and Community Services (Zoological and Public Gardens) and 313-Forests (Lloyd Botanic Garden, Darjeeling)

**Shri Bhabani Mukherjee :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 96,53,000 be granted for expenditure under Demand No. 77, Major Heads : "282- Public Health, Sanitation and Water Supply (Prevention of Air and Water Pollution), 295-Other Social and Community Services (Zoological and Public Gardens) and 313- Forest (Lloyd Botanic Garden, Darjeeling)".

This is inclusiveof a total sum of Rs. 16,10,000 already voted on account in March, 1985)

The Writen Speech of Shri Bhabani Mukherjee is taken as read.

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে ১৯৮৫-৮৬ সালে ৭৭নং দাবির অধীনে "২৮২-জনস্বাস্থ্য, অনাময় ও জল-সরবরাহ (বায়ু ও জল দূষণ প্রতিরোধ)" - এই মুখ্যখাতে ৫৪,৮২,০০০ টাকা (চুয়ান্ন লক্ষ বিরাশি হাজার টাকা ইতিপূর্বে ভোট-অন-অ্যাকাউন্টে গৃহীত ৯,১৪,০০০ টাকা সহ), "২৯৫ - অন্যান্য সামাজিক এবং সমাজসেবা কৃত্যকসমূহ (পশুশালা ও সরকারী উদ্যানসমূহ)" - এই মুখ্যখাতে ২৪,৭০,০০০টাকা (চব্বিশ লক্ষ সত্তর হাজার টাকা ইতিপূর্বে ভোট-অন-এ্যাকাউন্টে গৃহীত ৪,১২,০০০ টাকা সহ) এবং "৩১৩ - বন (লয়েড বোটানিক্ গার্ডেন)" - এই মুখ্যখাতে ১৭,০১,০০০ টাকা (সতের লক্ষ এক হাজার টাকা ইতিপূর্বে ভোট- অন- এ্যাকাউন্টে গৃহীত ২,৮৪,০০০ টাকা সহ) ব্যয় মঞ্জুর করার প্রস্তাব উত্থাপন করছি।

২। পরিবেশ-দূষণ হ্রাস করার জন্য যেসব ব্যবস্থাদি নেওয়া হয় সেগুলির পরিচালনা এবং সমন্বয় সাধন, পরিবেশ রক্ষণ এবং পরিবেশ সংরক্ষণের সঙ্গে সুসমঞ্জস উন্নয়ন বাড়িয়ে তোলার জন্য সমন্বয়ী বিভাগ রূপেই ১৯৮২ সালের জুন মাসে এই পরিবেশ বিভাগটি স্থাপন করা হয়। পরিবেশ কর্মসূচী সংশ্লিষ্ট সমীক্ষা ও গবেষণার ক্ষেত্রে রাজ্য সরকারকে পরামর্শ দেওয়ার জন্য এই বিভাগ ইতিমধ্যেই বিভিন্ন বিভাগীয় প্রখ্যাত বিশেষজ্ঞদের নিয়ে " পরিবেশ সমীক্ষা পরামর্শ-দাতা কমিটি' নামে একটি কমিটি গঠন করেছে।

৩। এই বিভাগ নিম্নোক্ত সংস্থাগুলির কাজকর্ম দেখাশোনা করে থাকে :

১। পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ

২। পশুশালা -

(ক) আলিপুর চিড়িয়াখানা

(খ) পদ্মজা নাইডু হিমালয়ান জুলজিক্যাল গার্ডেন, দার্জিলিং

(গ) উদ্ভিদ উদ্যান - লয়েড উদ্ভিদ উদ্যান, দার্জিলিং

৪। ১৯৭৪ সালের জল (দূষণ নিবারণ ও নিয়ন্ত্রণ) আইন, ১৯৮১ সালের বায়ু (দূষণ নিবারণ ও নিয়ন্ত্রণ) আইন আর ১৯৭৭ সালের জল (দূষণ নিবারণ ও নিয়ন্ত্রণ ) উপকর আইনে যে সমস্ত ব্যবস্থাদি আছে সেইগুলির পরিচালনা করেন পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্যদ। ১. ৪. ৮৪. তারিখ থেকে ৩১.১.৮৫ তারিখ পর্যন্ত সময়ের মধ্যে সম্মতি চেয়ে যে আবেদন পত্রগুলি জমা পড়েছিল তার সংখ্যা হলো ৯৭টি। উক্ত সময়ের মধ্যে ৪২টি ক্ষেত্রে সম্মতি মঞ্জুর করা হয়েছিল আর ৫১টি ক্ষেত্রে নামঞ্জুর হয়েছিল। ঐ সময়ে ৫১টি শিল্পসংস্থাকে ট্রিটমেন্ট প্ল্যান্ট বসাতে বলা হয়েছিল। বৃহদায়তন ক্ষেত্রে ১১টি শিল্পসংস্থা ট্রিটমেন্ট প্ল্যান্ট বসিয়েছে এবং সেগুলি এখন পুরোপুরি কাজ করছে। এই শিল্পসংস্থাগুলির মধ্যে কয়েকটি হল মেসার্স অ্যালকালি কেমিক্যালস্, রিষড়া, ক্লোরাইড ইন্ডিয়া, দুর্গাচক, হলদিয়া তৈল শোধনাগার, হলদিয়া, হিন্দুস্থান লিভার, দুর্গাপুর, হিন্দুস্থান ফার্টিলাইজার, দুর্গাপুর, ফিলিপস্ কার্বন ব্ল্যাক, দুর্গাপুর, শওয়ালেস, হলদিয়া এবং ত্রিবেণী টিস্যুজ, বাঁশবেড়িয়া। পর্যদের নির্দেশে বৃহদায়তন ক্ষেত্রের আওতায় যে ৪৭টি শিল্পসংস্থায় ট্রিটমেন্ট প্ল্যান্ট তৈরী হয়েছিল সেগুলি আংশিকভাবে কাজ করছে। আর ৯টি প্ল্যান্টে এখনও নির্মাণকার্য চলছে। উপরন্তু যেগুলি তদারক করার দায়িত্ব পর্যদের উপর রয়েছে তাহল শিল্পের বর্জ্য পদার্থসমূহ, প্রধান প্রধান নদীগুলির জলের মান দূষণ প্রতিরোধের জন্য প্রায়োগিক সহায়তা ও গবেষণা উপকার আদায় করা এবং দূষণ সমস্যা ও তার প্রতিকার সম্পর্কে জনচেতনার বৃদ্ধি।

৫। ১৯৮১-র বায়ু (দূষণ নিবারণ ও নিয়ন্ত্রণ) আইন যেসব ব্যবস্থাদি রয়েছে সেগুলির প্রয়োগও রাজ্য দূষণ-নিয়ন্ত্রণ পর্যদকে করতে হয়। এই আইনের আওতায় যাতে পর্যদ যাতে কাজকর্ম করতে পারে সেজন্য রাজ্য পর্যদ-এর পুনর্গঠন করা হচ্ছে। এই আইনের আওতায় পর্যদ যাতে কাজকর্ম করতে পারে সেজন্য রাজ্য পর্যদ-এর পুনর্গঠন করা হচ্ছে। বায়ু দূষণ নিবারণ ও নিয়ন্ত্রণকল্পে যেসব উন্নয়ন কর্মসূচির প্রস্তাব রয়েছে রাজ্য দূষণ পর্যদের প্রস্তাবগুলির মধ্যে সেগুলিও অন্তর্ভুক্ত করা হচ্ছে।

৬। যে ধূমোৎপাত পরিদর্শন আবিষ্কার ১৯০৫ সালের বঙ্গীয় ধূমোৎপাত আইন প্রয়োগ করছিলেন সেটিকে পশ্চিমবঙ্গ দূষণ-নিয়ন্ত্রণ পর্যদের সঙ্গে যুক্ত করা হয়েছে যাতে বায়ু-দূষণ আইনের আওতায় পর্যদ কাজকর্ম সুসম্পন্ন করতে পারেন এবং তা ১.১২.৮৪ তারিখ থেকে কার্যকর হয়। তবে বেঙ্গল ধূমোৎপাত আইনের সঙ্গে কেন্দ্রীয় বায়ু দূষণ আইনের যেসব ব্যবস্থাদির কোন বিরোধ নাই সাময়িকভাবে ঐ বিধি ব্যবস্থাদিপ রূপায়নকল্পে এর কাজকর্ম চলতে থাকবে। ১৯৮৪ সালের ১লা জানুয়ারী থেকে ১৯৮৫ সালের ৩১শে জানুয়ারী পর্যন্ত সময়কালের মধ্যে ধূমোৎপাত পরিদর্শন অধিকার ৩৫৯টি শিল্পসংস্থার জন্য চিমনি নির্মাণের পরিকল্পনা অনুমোদন করেছিলেন আর ২৯৯টি শিল্পসংস্থার ক্ষেত্রে অনুমোদন প্রত্যাহার করে নিয়েছেন। উক্ত সময়ের মধেও ১০৭টি শিল্প সংস্থা চিমনী নির্মাণের কাজ শেষ করেছে ও সেগুলি ব্যবহায়ের জন্য ধূমোৎপাক পরিদর্শন অধিকারের অনুমতি প্রার্থনা করেছে। পরিদর্শন অধিকার ঐ সময়ে ঐ ধরনের অনুমতি বা অনুমোদন দেওয়া জন্য যে মাশুল আদায় করেছেন তার পরিমাণ হল প্রায় ৩.৫৯ লক্ষ টাকা।

৭. ১৯৭৭ সালের জল (দূষণ নিবারণ ও নিয়ন্ত্রন) উপকর আইনের যে ব্যবস্থাদি আছে

পশ্চিমবঙ্গ দূষণ-নিয়ন্ত্রণ পর্ষদ সেগুলির প্রয়োগ করেন। কিছু কিছু শিল্পের কাজ চালানোর জন্য ব্যক্তিবর্গ ও স্থানীয় কর্তৃপক্ষ যে জল ব্যবহার করে থাকেন তার ওপর কর ধার্য ও আদায় করার ব্যবস্থাও এই আইনে রয়েছে যার উদ্দেশ্য জল দূষণ নিবারণ ও নিয়ন্ত্রণ করার জন্য কেন্দ্রীয় পর্ষদ এবং রাজ্য পর্ষদের সম্পদ বৃদ্ধি করা। এই আইনের আওতায় ১.৪.৮৪ থেকে ৩১.১.৮৫ পর্যন্ত ধার্য করের পরিমাণ ছিল যেখানে ৪২০.০০ লক্ষ টাকার অধিক সেখানে সংগৃহীত অর্থের পরিমাণ হল ৫.০০ লক্ষ টাকার কিছু বেশী।

৮. ভূপালের দুর্ঘটনার পরই দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ কেমিক্যাল, সার কীটনাশক প্রভৃতি উৎপাদন করে এমন কয়েকটি বড় কারখানাকে সতর্ক করে দিয়েছেন। কারখানাসমূহের উপ-মুখ্য পরিদর্শক, কারখানাসমূহের চিকিৎসা পরিদর্শক, শিল্প অধিকারের সহ-অধিকর্তা (কেমিক্যাল ইঞ্জিনীয়ার), পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের একজন প্রতিনিধি এবং কৃষি বিভাগের একজন আধিকারিককে নিয়ে একটি দল গঠন করা হয়েছে, যেটি যৌথভাবে বিভিন্ন কীটনাশক উৎপাদন ক্ষেত্র পরিদর্শন করবেন এবং পরবর্তী ব্যবস্থা গ্রহণ সম্পর্কে মতামত দেবেন। এই দলটি ইতিমধ্যেই একাধিক উৎপাদন ক্ষেত্র ঘুরে দেখেছেন এবং ঐ সমস্ত ক্ষেত্র যাতে আরও কিছু পদক্ষেপ গ্রহণ করে তার জন্য সুপারিশ করেছেন। এই দলটির প্রধান প্রধান সুপারিশ হল :

(১) বীক্ষণাগারে বিকারক (রিএজেন্ট) হিসাবে ব্যবহৃত হয় এমন মারাত্মক এবং/অথবা সহজদাহ্য বস্তুগুলিকে গুদামজাত করা এবং আগুনের যে কোনো উৎস থেকে দূরে রাখা।

(২) সমস্ত রকমের বৈদ্যুতিক যন্ত্রপাতি এবং যন্ত্রস্থাপনা, দহনসহ হওয়া উচিত এবং দহনসহ অবস্থায় তাদের রক্ষণাবেক্ষণ করা উচিত।

(৩) দূষণ হ্রাস করার জন্য যথাযোগ্য কর্তৃপক্ষের সম্মতি নিয়ে অতরল জঞ্জাল অপসারণ সহ সমস্ত রকম পদক্ষেপ অবিলম্বে নেওয়া উচিত।

(৪) একটির সঙ্গে অপরটির মিশ্রণ এড়ানোর জন্য, যথাযথ সঙ্কেত সহ প্রত্যেক ধরনের কাঁচামাল এবং উৎপাদিত দ্রব্যের পৃথক পৃথকভাবে গুদামজাতকরণের ব্যবস্থা নেওয়া উচিত। কাঁচামালগুলিকে খোলা জায়গায় গুদামজাত বা স্তূপীকৃত করে রাখা উচিত নয়। কাঁচামালগুলিকে দেওয়ালে ঠেসে গাদা করা উচিত নয়।

(৫) প্রতিটি উৎপন্ন দ্রব্যের প্রতিষেধক সম্পর্কে প্রত্যেক কর্মীকে যথেষ্ট ওয়াকিবহাল থাকতে হবে। প্রতিষেধকগুলি যথাযথভাবে লেবেলযুক্ত, সংরক্ষিত এবং সর্বদা সহজপ্রাপ্য হওয়া উচিত।

. (৬) কর্মীদের সঠিক ধরনের আত্মরক্ষার যন্ত্রপাতি ব্যবহারের নিয়মকানুন সম্পর্কে ভালোভাবে প্রশিক্ষিত হতে হবে।

কারখানাগুলির মধ্যে পরিদর্শক বিভিন্ন রাসায়নিক কারখানাতে ব্যবহৃত, উৎপাদিত/ গুদামজাত, বিষাক্ত/অস্বাস্থ্যকর দাহ্য রাসায়নিক দ্রব্য ও ঐসব কারখানাতে ঐগুলিকে গুদামজাত রাখার ব্যবস্থা ও গুদামজাতকরণ সম্পর্কিত সতর্কতামূলক ব্যবস্থা সম্পর্কে তথ্যাদি সংগ্রহ করতে শুরু করেছেন। বাণিজ্য এবং শিল্প দপ্তরের সচিব, পরিবেশ এবং শ্রম বিভাগের সচিব, স্বাস্থ্য কৃত্যকের অধিকর্তা, শিল্প অধিকর্তা, ক্ষুদ্র শিল্প দপ্তরের অধিকর্তা, পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের চেয়ারম্যান ও সদস্য-সচিব,

কারখানাসমূহের মুখ্য পরিদর্শক, ইস্ট সার্কেলের বিস্ফোরক দ্রব্যসমূহের উপ-নিয়ন্ত্রককে নিয়ে একটি উচ্চ পর্যায়ের কমিটি গঠন করা হয়েছে। এই কমিটি কোনো ব্যাপক দুর্ঘটনার ক্ষেত্রে নিদান পরিকল্পনা সহ সমূহ বিপদাশঙ্কাযুক্ত কারখানাসমূহের ক্ষেত্রে একটি রাজ্য পর্যায়ে নিরাপত্তা ব্যবস্থামূলক-কার্যপরিকল্পনা রচনা করবে।

৯. পর্ষদ নীচে উল্লিখিত কাজকর্মগুলি যাতে হাতে নিতে পারেন সেজন্য সপ্তম যোজনায় ৩৫০.০০ লক্ষ টাকা বরাদ্দ করার প্রস্তাব করা হয়েছে :—

(১) দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ ও তার আঞ্চলিক সংস্থাসমূহ এবং পরিকল্পনা সেল (স্ট্যাক মনিটরিং ও অটো-এক্সহস্ট মনিটরিং ক্ষমতাকে বাড়িয়ে দিয়ে বায়ু দূষণ নিয়ন্ত্রণ করাও এর অর্ন্তভুক্ত হবে), হলদিয়া, দুর্গাপুর, হুগলী জেলা, ব্যারাকপুর ও শিলিগুড়ি অফিসগুলিকে শক্তিশালী করা।

(২) পৌরসংঘ, পঞ্চায়েত সংস্থা ও স্থানীয় প্রতিষ্ঠানগুলির মাধ্যমে দূষণ নিয়ন্ত্রণ কর্মসূচীতে জনসাধারণকে অংশগ্রহণ করানো।

(৩) বীক্ষণাগারের উন্নয়ন ও পরিচালন (জল ও বায়ু উভয় ক্ষেত্রেই)

(৪) ক্ষুদ্রায়তন ইউনিটগুলি দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থাসমূহ, শিল্প অঞ্চলগুলিতে সমস্যাপ্রবণ এলাকাসমূহ, চিকিৎসার সুযোগসুবিধাসমূহ, বিশ্ববিদ্যালয় ও অন্যান্য রাষ্ট্রীয় প্রশিক্ষণ কর্মসূচীতে নিয়োজিত দূষণ পর্ষদ কর্মীদের প্রশিক্ষণ সর্মসূচীসমূহ সম্পর্কে গবেষণা।

(৫) দূষণ নিয়মন ও নিয়ন্ত্রণ যার মধ্যে আছে দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা ও নিরাময় প্ল্যান্ট গুলির কাজকর্মের সমীক্ষা।

(৬) অফিসারের জন্য জমি ও গৃহ।

এই উদ্দেশ্য ১৯৮৫-৮৬ সালের জন্য যোজনা বাজেটে ২২.০০ লক্ষ টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

**সেক্রেটারিয়েট একটি পরিবেশগত প্রভাব নির্ধারণ ইউনিট স্থাপন**

১০। সরকারী নীতিগুলির সমন্বয় এবং পরিবেশের প্ররক্ষণ ও সংরক্ষণ করার দায়িত্ব এই বিভাগের উপর ন্যাস্ত বলেই সমস্ত উন্নয়নমূলক প্রকল্পের উপর পরিবেশগত প্রভাব নির্ধারণ করার জন্য নির্দেশাবলী রচনা করা ও পরিচালনা করাই হল এই বিভাগের একটি মৌল দায়িত্ব। ৩রা জুলাই, ১৯৮৪ তারিখে মন্ত্রীসভায় এই বিষয়ে একটি প্রস্তাব অনুমোদন করা হয়েছে। ঐ প্রস্তাবে যে সমস্ত উন্নয়নমূলক কাজকর্ম মঞ্জুর করার আগে এরূপ নির্ধারণ করা প্রয়োজন সেগুলির শ্রেণী বিভাগ করা হয়েছে। এরূপ নির্ধারণ করা যে হয়েছে সে বিষয়ে সুনিশ্চিত হওয়ার জন্য এবং ঐ প্রক্রিয়ায় সহায়তা করার জন্য সেক্রেটারিয়েট একটি ছোট পরিবেশগত প্রভাব নির্ধারণ ইউনিট স্থাপন করার প্রস্তাব করা হয়েছে। এই উদ্দেশ্যে ১৯৮৫-৮৬ সালের বার্ষিক যোজনায় ১.৫০ লক্ষ টাকা সহ সপ্তম যোজনায় ১৫ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

**পরিবেশ সক্রান্ত গবেষণা এবং সমীক্ষা**

১১। পরিবেশ সংক্রান্ত গবেষণা এবং সমীক্ষা কর্মসূচী হল পরিবেশ বিভাগের আর একটি প্রধান দায়িত্ব। বিভিন্ন এলাকায় শিল্পগুলি থেকে যে দূষণ হয় তার যেমন সহজেই দৃষ্টি আকর্ষণ করে তেমনি অন্যান্য এলাকারও গুরুতর পরিবেশ সংক্রান্ত সমস্যা রয়েছে, যেমন — গ্রামাঞ্চলে জমি সম্পূর্ণ আলাদা দুটো পরস্পর বিরোধী কাজে ব্যবহার করা, খনি সৃষ্টি করার জন্য ক্ষয়ক্ষতি, মৃত্তিকা ক্ষয়, জমির ধ্বস, ভূগর্ভস্থ জলের হ্রাস, বনভূমির দ্রুত ক্ষয়, লবণাক্ত জল ঢুকে যাওয়া, তীরভূমি অঞ্চলে বায়ু এবং সমুদ্রের জন্য যে ক্ষয় হয় সেই ক্ষয় ইত্যাদি। পশ্চিমবঙ্গের মত ঘনবসতিপূর্ণ রাজ্যে এই সমস্যাগুলি বিশেষ গুরুতর। এই সমস্ত সমস্যাপীড়িত এলাকাগুলির প্রতি ইতিপূর্বে যাতে প্রতিরোধ বা নিরাময়মূলক ব্যবস্থা গ্রহণ করা যায় সেজন্য যথেষ্ট নজর দেওয়া হয় নি। এই বিভাগের একটি ভূমিকা হবে এই সমস্ত সমস্যাগুলিকে দ্রুত চিহ্নিত করা এবং অনুসন্ধান করে দেখা। সমীক্ষা বা অনুসন্ধান সংক্রান্ত যে সমস্ত কাজ হাতে নেওয়া হবে তা কিভাবে করা হবে সে সম্পর্কে পরিবেশ সমীক্ষা উপদেষ্টা কমিটি নির্দেশ দেবেন। সপ্তম যোজনা কালে ৩৫.০০ কোটি টাকা এবং ১৯৮৫-৮৬, সালের যোজনা বাজেটে এই সংক্রান্ত বিষয়সমূহের জন্য ৩.৫০ লক্ষ টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

**পরিবেশবিষয়ক তথ্য এবং জ্ঞাপ্যতা কর্মসূচী**

১২। পরিবেশ অবনমনের দীর্ঘ ইতিহাসের পরিপ্রেক্ষিতে সংরক্ষণ ও তার উন্নতিসাধনের উদ্দেশ্যে সমগ্র উদ্যোগকে আরো গতিময় করে তোলা প্রয়োজন। জনসাধারণের সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে সেমিনার সংগঠন, প্রদর্শনীর আয়োজন করতে এবং সাধারণ মানুষকে, বিশেষ করে শিশু এবং যুব সম্প্রদায়ের মধ্যে এই ধরণের আরও কাজকর্ম করতে আগ্রহী যে সমস্ত প্রতিষ্ঠান/সংগঠন এ বিষয়ে বিভিন্ন সর্মসূচী নেবেন, তাঁদের সীমাবদ্ধভাবে সহায়তা দেওয়া হবে। এই উদ্দেশ্যে সপ্তম যোজনায় ৩৫ লাখ টাকা রাখার প্রস্তাব করা হয়েছে এবং ১৯৮৫-৮৬ সালের যোজনা বাজেটে ২ লাখ টাকা বরাদ্দ রাখা হয়েছে।

**পশুশালা সমূহের উন্নতিসাধন**

১৩.১। বর্তমানে জুলজিক্যাল গার্ডেন, আলিপুর ও পদ্মজা নাইডু হিমালয়ান জুলজিক্যাল পার্ক, দার্জিলিং — এই দুটি পশুশালা রাজ্য সরকারের পরিবেশ বিভাগের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন। আলিপুর পশুশালা দেশের অন্যতম প্রাচীন পশুশালা। এই পশুশালায় পশু-বেষ্টনী, জলাশয়, পায়ে-চলা পথ, আলোর বন্দোবস্ত ইত্যাদির মতো যে-সব সুযোগসুবিধা বর্তমানে পাওয়া যায় সেগুলির পর্যাপ্ত উন্নতি সাধন প্রয়োজন। হ্রদ অঞ্চলের উন্নয়ন, পশু-বেষ্টনীর উন্নতিসাধন, ভল্লুকদের জন্য মুক্তঅঞ্চল-বেষ্টনী এবং অতিরিক্ত কর্মীনিবাস নির্মাণের মতো কিছু কিছু পূর্তকর্ম ৬ষ্ঠ যোজনাকালে পর্বে হাতে নেওয়া হয়েছিল, কিন্তু সমাধান করা যায় নি। সেগুলি সপ্তম যোজনাকাল পর্বে হাতে নেওয়া হবে। দুর্লভ প্রজাতির বিদেশী পশু ও পাখির অভাবে সাম্প্রতিককালে আলিপুর পশুশালার আর্কষণ কার্যতঃ অনেকটাই কমে গেছে। আগে স্থানীয় বিক্রেতাদের কাছ থেকেই এ ধরনের দুর্লভ প্রজাতিভুক্ত পশু ও পাখি সংগ্রহ করা হতো। কিন্তু বন্যপ্রাণী সংরক্ষণ আইনের বিধানাবলীর পরিপ্রেক্ষিতে এখন এভাবে পশু সংগ্রহ করা বাস্তবিকপক্ষে অসম্ভব হয়ে পড়েছে। কয়েক ধরনের জনসমাদৃত বিদেশী পশু ক্রয়ের উদ্দেশ্যে বিদেশী মুদ্রা মঞ্জুরীর জন্য ১৯৮০ সালের জুন মাসে ভারত সরকারের কৃষি মন্ত্রীর কাছে আবেদন জানানো হয়েছিল। কিন্তু বিদেশী মুদ্রা সম্পর্কে কড়াকড়ি থাকার দরুন পশুশালা কর্তৃপক্ষকে বিনিময়-প্রথার মাধ্যমে পশু সংগ্রহের ব্যবস্থা করার জন্য পরামর্শ দেওয়া হয়। আলিপুর

পশুশালা শীঘ্রই ব্রহ্মদেশের রেঙ্গুন জুওলজিক্যাল গার্ডেন থেকে বিনিময় প্রথার মাধ্যমে মালয়ান সান বীয়ার ১ : ১ কাঁকড়াভোজী বানর ১ : ১ হাসাম্রিয়ান বেবুন ১ : ১ পিগ টেলড বানর ১ : ১ গ্রীণ পি কাউল ১ : ১ পাবে। বর্তমান অডিওভিসুয়াল কেন্দ্রটি উন্নতি করার প্রস্তাব করা হয়েছে এবং সেখানে একটি বন্যপ্রাণী তথ্য কেন্দ্র স্থাপনেরও প্রস্তাব করা হয়েছে। পশুশালা চত্বরের দেয়ালটি স্থানে স্থানে পুনঃনির্মাণ করাও প্রয়োজনীয় হয়ে পড়েছে।

১৩.২। অধিক উচ্চতাসম্পন্ন হিমালয় অঞ্চলের প্রাণিকুলের প্রাণিস্বভাব জীবতত্ত্ব ও শারীরবৃত্তে সংরক্ষণ ও গবেষণার ওপর বিশেষ গুরুত্ব দিয়ে হিমালয় অঞ্চলের প্রাণিকুল সম্পর্কে পরীক্ষা নিরীক্ষা করাই পদ্মজা নাইডু হিমালয়ান জুলজিক্যাল গার্ডেনের মূল কাজ। তুষার চিতাবাঘের জন্য প্রজনন কেন্দ্র স্থাপন বন্দী অবস্থায় উসুরি বাঘের প্রজনন এবং সালামান্ডার (হিমালয় অঞ্চলের গোসাপ, আর একটি বিপন্ন প্রজাতি) সম্পর্কে পরীক্ষা নিরীক্ষা, লেসার পন্ডার (রেডপন্ডা) বন্দী অবস্থায় প্রজনন কর্মসূচী ইত্যাদির মতো কয়েকটি গুরুত্বপূর্ণ প্রকল্প রূপায়ণের কাজ পার্ক হাতে নিয়েছে। পার্কের নেচারস্ ট্রেলের উন্নতিসাধন করা, অ্যাঙ্গিউলেট বেষ্টনীগুলির উন্নয়ন ঘটানো এবং সে সঙ্গে প্রাণীবেষ্টনী নির্মাণ ও পুরোনো বেষ্টনীগুলির উন্নতি করাও দরকার। এই পার্কের রক্ষণমূলক ব্যববস্থাদিও জোরদার করা প্রয়োজন। একটি প্রাণী চিকিৎসা প্রযত্ন ইউনিটেরও জরুরী প্রয়োজন রয়েছে।

এসব উদ্দেশ্যে কর্মসূচীতে যেসব ব্যবস্থা রাখা হয়েছে তার মধ্যে আছে ধ্বস প্রবণ অঞ্চলে ধারক-প্রাচীর নির্মাণ, স্টোরেজ সিস্টেমের উন্নতিসাধন, বর্তমান সীমানা-প্রাচীর ও পরিসীমা বেড়াগুলির দূরীকরণ, পশুদের বাসস্থানের উন্নতিসাধন ইত্যাদি।

১৩.৩। আলিপুর পশুশালার বর্তমান আয়তন অত্যন্ত সীমিত। সেই কারণে, যথাযথ পরিবেশ কয়েকটি প্রজাতির প্রাণী রাখা যেতে পারে মহানগরীর কাছাকাছি এমন আর একটি উপযুক্ত স্থানে একটি অনুপূরক পশু-উদ্যান গড়ে তোলার প্রস্তাব কিছুকাল যাবৎ বিবেচনাধীন রয়েছে। সল্টলেক অঞ্চলে একটি উপযুক্ত স্থান চিহ্নিত করা হয়েছে। নূতন পশুশালা অবশ্য জলজপ্রাণীর ওপর বেশী গুরুত্ব দেবে।

১৪। সপ্তম যোজনা কালে ৯০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। ১৯৮৫-৮৬ সালের জন্য যোজনা বাজেটে ৯ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে।

১৫। লয়েড বোটানিক গার্ডেন হল সমগ্র দেশের মধ্যে অধিক উচ্চতায় অবস্থিত এ ধরণের একমাত্র প্রতিষ্ঠান। এই উদ্যান, দার্জিলিং এর একটি পর্যটক আকর্ষক হলেও, মুখ্যতঃ উদ্ভিদ বিদ্যার ছাত্র ও গবেষকদের জন্য গবেষণা ও সংরক্ষণ সহায়তা দেওয়ার উদ্দেশ্যে পরিকল্পিত। এই উদ্যানের সুযোগ-সুবিধাদির উন্নয়ন ও উদ্ভিদ বিদ্যাবিষয়ক ও বৈজ্ঞানিক কর্মক্ষেত্র আরো শক্তিশালী করার কর্মসূচীসমূহ যথা, ওষধিশালার উন্নয়ন, কাঁচঘরের সম্প্রসারণ, রক্ষা ব্যবসাসমূহ এবং জল সরবরাহ ব্যবস্থা ইত্যাদি আগামী বছর গ্রহণ করার প্রস্তাব করা হয়েছে। উপরি কথিত উদ্দেশ্যে সপ্তম যোজনায় ২৫ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে এবং ১৯৮৫-৮৬ এর যোজনা বাজেটে বরাদ্দ করা হয়েছে ৪.৫০ লক্ষ টাকা।

**নৈসর্গিক ইতিহাসকেন্দ্র (ন্যাচারাল হিস্ট্রি সেন্টার)**

১৬। হিমালয়ের বিশেষতঃ পূর্ব-হিমালয়ের উদ্ভিদবর্গ, প্রাণিবর্গ, ভূতত্ত্বের নৈসর্গিক

ইতিহাস এবং মানবজাতিবিষয়ক ভূগোলের প্রতি অধিক গুরুত্বসহ দার্জিলিং এ একটি হিমালয় বিষয়ক নৈসর্গিক ইতিহাসকেন্দ্র স্থাপনের প্রস্তাব করা হয়েছে। এটি একটি মূল্যবান শিক্ষাকেন্দ্র এবং পরিবেশ ও তার সংরক্ষণ বিষয়ে চেতনা জাগ্রত করার মাধ্যমে হবে। এ ধরনের কেন্দ্রের জন্য দার্জিলিং একটি আদর্শ স্থান যেহেতু এখানে পদ্মজা নাইডু হিমালয়ান জুলজিক্যাল পার্ক, হিমালয়ান মাউন্টেনীয়ারিং ইনস্টিটিউট, লয়েড বোটানিক গার্ডেন এবং বেঙ্গল ন্যাচারাল হিস্ট্রি মিউজিয়াম প্রভৃতি এ ধরনের বিভিন্ন প্রতিষ্ঠানের সুযোগ সুবিধা ও কর্মক্ষেত্রের মধ্যে এ ধরনের একটি কেন্দ্রের বীজ নিহিত আছে। রাজ্য পরিবেশ বিভাগের সচিব, ভারতীয় নৃতাত্ত্বিক অধিকর্তা, ভারতীয় ভূতাত্ত্বিক অধিকর্তা, ভারতীয় উদ্ভিদবিদ্যা যুগ্ম অধিকর্তা, ভারতীয় প্রাণীবিদ্যা উপ-অধিকর্তা, উত্তরাঞ্চল (দার্জিলিং) এর বনপাল এবং দার্জিলিং এর উপ মহাধ্যক্ষকে নিয়ে গঠিত একটি উচ্চ পর্যায়ের সমিতি ইতিমধ্যে মিলিত হয়েছেন এবং নৈসর্গিক ইতিহাসকেন্দ্রের বিভিন্ন বিভাগ সম্বন্ধে সিদ্ধান্ত নিয়েছেন। এই কেন্দ্রের জন্য একটি বৃক্ষোদ্যানের জন্য উপযুক্ত স্থান নির্ধারণ করতে সমিতি কয়েকটি স্থান পরিদর্শন করেছেন। উদ্ভিদবিদ্যা সর্বেক্ষণ (Survey), প্রাণীবিদ্যা, সর্বেক্ষণ, নৃতাত্ত্বিক সর্বেক্ষণ এবং ভূতাত্ত্বিক সর্বেক্ষণের প্রতিনিধিরা প্রস্তাবিত কমপ্লেক্সের প্রতিটি বিভাগের সম্ভাব্য নকশা ও [illegible] পরিলেখসহ একটি সংক্ষিপ্ত নোট পাঠাবেন যাতে নির্মাণস্থানের আবশ্যকতা, প্রদর্শনের প্রধান উপাদান সমূহ কর্মসূচীর খরচ ও রক্ষণাবেক্ষণের অন্যান্য আবশ্যকতাগুলিরও উল্লেখ থাকবে। এই নোটই হবে একটি প্রকল্প রিপোর্টের ভিত্তি। এই কর্মপ্রকল্পের জন্য অর্থ চাওয়া হবে বিভিন্ন উৎস থেকে, যথা, দেশে নৈসর্গিক ইতিহাস. প্রদর্শশালাবিষয়ক কর্মসূচী, পরিবেশ উন্নয়ন, মানুষ ও প্রাণীমন্ডল, জাতীয় বিজ্ঞান প্রদর্শশালা পরিষদ (ন্যাশানাল কাউন্সিল অফ সায়েন্স মিউজিয়ামস) প্রভৃতি। ১৯৮৫-৮৬ সালের যোজনা বাজেটে ৩,৫০ লক্ষ টাকার একটি প্রতীক বরাদ্দ করা হয়েছে।

১৭। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিভাগের ভূমিকা হল অন্যান্য পদার্থের মধ্যে রাসায়নিক বিক্রিয়া সংঘটনকারী স্বয়ং অপরিবর্তিত বস্তুর মতো। যদিও যেসব বিষয় এর পরিচালনাধীন সেগুলি অত্যন্ত সমস্যাসঙ্কুল, তথাপি অত্যন্ত সীমিত বাজেট বরাদ্দসহ এই বিভাগ একটি সঙ্কটাধীন স্তরে কাজ করে যাচ্ছে। বিভিন্ন বিভাগ কর্তৃক অনুসরণীয় পরিবেশবিষয়ক নির্দেশাবলী ইতিমধ্যে প্রচার করা হয়েছে। আমাদের সম্মুখে উপস্থিত পরিবেশবিষয়ক সমস্যাবলীর সমাধানের জন্য উন্নয়ন সংস্থাসমূহ ও অন্যান্য দপ্তরসমূহ ও সক্রিয়ভাবে পারস্পরিক সহযোগিতার ভিত্তিতে কাজ করবে— পরিবেশ বিভাগ সেই আশা পোষণ করে। আয়ত্তাধীন সীমিত সঙ্গতি নিয়ে আমার বিভাগ যে সমস্ত উদ্দেশ্য নিয়ে এটি গঠিত হয়েছিল, সেগুলি সফল করার জন্য বর্তমান অবস্থায় যথাশক্তি চেষ্টা করে যাবে। এই কথা বলে, ১৯৮৫-৮৬ সালে ব্যয়ের জন্য অনাময় ও জল সরবরাহ (বায়ুদূষণ ও জল দূষণ প্রতিরোধে) "২৯৫ অন্যান্য সামাজিক এবং সমাজসেবা কৃত্যকসমূহ (পশুশালা ও সরকারী উদ্যানসমূহ)" এবং " ৩১৩ বন (লয়েড বোটানিক গার্ডেনস, দার্জিলিং)" দাবিগুলির অধীনে ৯৬,৫৩,০০০ টাকার (ছিয়ানব্বই লক্ষ তিপান্ন হাজার টাকার) মোট বরাদ্দের প্রস্তাব পেশ করছি।

এখানে পরিবেশ বিভাগের আলোচনার সময়টা খুবই সীমাবদ্ধ। আমার যা বক্তব্য তা বই আকারে ইতিমধ্যেই মাননীয় সদস্যদের মধ্যে প্রচারিত হয়েছে। এখানে মাননীয় সদস্যদের কাছ থেকে তাঁদের বক্তব্য শুনবার পর যদি সময় পাই, জবাব দেবো।

**Mr. Speaker :** There are five cut motions to this Demand by Shri Kashinath Mishra. The cut motions are in order and taken as

moved. Now Shri Kashinath Misra.

**Shri Kashinath Misra :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100.

**Shri Kashinath Misra :** Mr. Speaker, Sir, I beg to move THAT THE AMOUNT OF THE DEMAND BE REDUCED BY Rs. 100–

**[6.10 – 6.20 p.m.]**

পশ্চিমবাংলা বাদ নয় বলে পশ্চিমবাংলার নদ-নদীর অববাহিকার এলাকা গুলি এবং তার সঙ্গে যুক্ত এলাকাগুলিকে যে অবস্থার সৃষ্টি হয়েছে তাতে পরিবেশ রক্ষা করার কাজটা দুষ্কর হয়ে পড়েছে। স্যার নানাভাবে পরিবেশ দূষিত হতে পারে। কিছুক্ষণ আগে আমাদের পরিবহন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় তাঁর বাজেট পেশ করে ছিলেন। এই পরিবেশ দূষিত হওয়াটা এই ডিপার্টমেন্ট কিছুটা দায়ী। আমাদের পশ্চিমবাংলায় যে সব যান-বাহন চলে তার থেকে প্রচুর পরিমানে ধোঁয়া বের হয়। এর ফলে কলিকাতা বাসের যাত্রি সাধারণের এবং কোলকাতা বাসীদের ফুসফুসে দুরারোগ্য রোগের সৃষ্টি হচ্ছে। সেটা মাননীয় মন্ত্রী মহাশয় ভাল করেই জানেন। জানেন বলে ১৯৮৩-৮৪ সালের এ্যানুয়াল রিপোর্টে যেটা পেশ করেছেন তাতে দেখতে পাচ্ছি এই ব্যাপারে তিনি কতক গুলি দরখাস্ত পেয়েছেন। Corressponding figures in respect of the Previous year 1982-83 were as following : No-of applications received -167 and provisional Consent granted -44 তিনি বিভিন্নভাবে দরখাস্ত পেয়েছেন upto begginning of the year under review 1,105 applications Were received from different industries and provisional consert was granted to 575 industries. এইগুলি এখানে বলা হয়েছে। এই ব্যাপারে পলিউশান কন্ট্রোল বোর্ড পশ্চিমবাংলাতে কার্যত যে কাজ গুলি আরম্ভ করেছে সেই কাজ গুলি অর্ধসমাপ্ত অবস্থায় পড়ে থাকছে। ক্রমাগত গঙ্গাজল দূষিত হচ্ছে, পশ্চিমবাংলার বনাঞ্চল ক্ষয় হচ্ছে। এই অবস্থার মধ্যে দিয়ে পশ্চিমবাংলা ক্রমাগত দূষিত পরিবেশ সৃষ্টি করছে। শিল্পাঞ্চল গুলিতে সরকারী এবং বেসরকারী প্রতিষ্ঠানগুলি একটা ভয়াবহ দূষিত পরিবেশের সৃষ্টি করছে। সেটাকে রোধ করার জন্য আইন থাকা সত্ত্বেও অথরিটি সেটাকে ঠিকমত ভাবে কার্যকরী করতে পারছে না। তারা যে কেমিক্যাল পরিত্যাগ করছে সেইগুলি নদীর অববাহিকা দিয়ে চলে যাচ্ছে এবং সেই জল দূষিত করে তুলছে। পুর এলাকা গুলির সাথে যে সমস্ত নদী যুক্ত আছে — হাওড়া, হুগলী এলাকাতে হাইড্রেনের নোংরা জল নদী পথ দিয়ে বার করে দেওয়া হয় এবং এর ফলে সেই এলাকায় পরিবেশ দূষিত করে তুলছে। এর ফলে সারা পশ্চিমবাংলায় যে সমস্যার সৃষ্টি হয়েছে পরিবেশ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় সেই সমস্যার সমাধান করতে পারেন নি। মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে দামোদরের অববাহিকায়, তিস্তার অববাহিকার এবং চূর্ণির অববাহিকায় দূষিত হয়ে যাচ্ছে। সেই জন্য পরিবেশ দপ্তরের জন্য যে টাকা ধার্য্য করা হয়েছে সেই টাকা দিয়ে ভাল পরিবেশ তৈরী করার কাজ অবাস্তব । এই দপ্তরে আরো বেশী টাকা ধার্য করা প্রয়োজন। সেন্ট্রাল গর্ভণমেন্ট গঙ্গার দূষণ রোধ করার জন্য বিভিন্ন পয়েন্টে কাজ আরম্ভ করেছে। সেই কাজ যাতে তরানিত্ব করা যায় সেটা মন্ত্রী মহাশয়কে দেখতে হবে। মাননীয় মন্ত্রী মহাশয় এই কাজটা এগিয়ে নিয়ে যাবেন এবং পশ্চিমবাংলার পরিবেশ শোধন করবেন এই বিশ্বাস আমি রাখি।

*মন্ত্রী মহাশয়ের বক্তব্যের মধ্যে কংক্রিট ছবি বিশেষ কিছু আমি দেখতে পেলাম না — এই* কারণে এই বরাদ্দের প্রতি আমি বিরোধিতা করছি। এরই সাথে সাথে আমি এখানে যে কাট মোশানগুলি দিয়েছি — ইন্ডাষ্ট্রিয়াল বেল্টে যে ভাবে দূষিত হচ্ছে, বিশেষতঃ হাইড্রান্টগুলোতে যে ভাবে অমরা দূষিত পর্দাথ বেরোতে দেখি, তা রোধ করার জন্য ব্যবস্থা গ্রহণ করা দরকার, সেগুলো আমরা এখানে দেখতে পেলাম না। এই কারণে এই বরাদ্দের বিরোধিতা করে এবং আমার কাট মোশানের প্রতি সমর্থন জ্ঞাপন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুমন্ত কুমার হীরা :** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রী ভবনী মুখোপাধ্যায় পরিবেশ সংক্রান্ত যে ব্যয় বরাদ্দের প্রস্তাব উপস্থাপন করেছেন তাকে সমর্থন করে আমি দু একটি কথা বলব। আমরা যাঁরা কলকাতা বসবাস করি, মাঝে মাঝে আমাদের মনে হয়, এ্যাকসিডেন্টালি বা আকস্মিক ভাবেই বোধহয় আমরা বেঁচে আছি। কারণ এখানে এত পলিউশান, এয়ার পলিউশান — বিভিন্ন ধরণের পলিউশান, ওয়াটার পলিউশান — এই সমস্ত পলিউশানের মধ্যেও আমরা বেঁচে আছি এখন পর্যন্ত। আমাদের এই বাজেট থাকার যে গূঢ় অর্থ, তার মূলে যে কারণ আছে, সেই কারণ সম্বন্ধে অনেকে অনেক কথা বলেন। কেউ বলেন কলকাতা হল সমুদ্র এলাকা থেকে খুব বেশী দূরে নয়, সেই সমুদ্রের জন্যই আমরা এখনও বেঁচে আছি। কেউ বলেন সুন্দরবনটা আছে বলেই এখনও আমরা কলকাতার বুকে বেঁচে আছি। যাইহোক, বায়ুদূষণ জল দূষণ সবকিছু, মিলিয়ে আজ যে অবস্থা দাঁড়িয়েছে, অবিলম্বে এই পরিবেশের মধ্যে থেকে বা এই সমস্ত দূষনের বিরুদ্ধে যদি কার্যকরী ব্যবস্থা· গ্রহণ করা না যায়, তাহলে কলকাতায় যে কোনদিন , যে কোন মূহুর্ত্বে দূর্ঘটনা ঘটতে পারে। সেই সঙ্গে সঙ্গে এই দূষনের ফলে হাজার হাজার লক্ষ লক্ষ মানুষ মারা যেতে পারে। এই দিকে লক্ষ্য দিয়ে পশ্চিমবঙ্গের বুকে বামফ্রন্ট সরকার একটা দপ্তর খুলে যে শুভ প্রচেষ্টা শুরু করেছেন, সেইজন্য তাদের আমি অভিনন্দন জানাই। আমরা লক্ষ্য করেছি যে, দু-এক বছর হল কেন্দ্রীয় সরকার দিল্লীর বুকে একটা পরিবেশ দপ্তর খুলেছেন এবং একজন মন্ত্রী সেই দপ্তরের দায়িত্বে আছেন। কাজেই, রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকার এবং উভয় পক্ষ থেকে পরিবেশের উন্নতি ঘটাবার জন্য একটা শুভ প্রচেষ্টা গ্রহণ করেছেন একথা বলা যায়। এই শুভ প্রচেষ্টাকে আমরা অভিনন্দন জানাই। এখানে কাশীবাবু যে কথা বললেন — শুধু মাত্র একটা দপ্তর খুললেই সমস্ত কিছু করা হল বোঝায় না— আমি তার সঙ্গে এই ব্যাপারে একমত। শুধুমাত্র কলকাতার বুকে গঙ্গার জল দূষণ হচ্ছে বললেই গোটা পশ্চিমবাংলার পরিবেশ দূষণের কথা কিন্তু বলা হল না এবং শুধুমাত্র সেই দিকেই লক্ষ্য দিলে সবকিছু করা হল তা বোজায় না। কয়েকটি কারখানা বা নর্দমার দিকে দৃষ্টি দিলেই সব দিকে লক্ষ্য দেওয়া হল, তাও কিন্তু বোঝায় না। শুধুমাত্র সেইভাবে দেখলেই হবে না। আজকে পরিবেশ দূষণ রোধের ব্যাপারে আমাদের শিক্ষাও অনভিজ্ঞতা নিয়ে নানাভাবে নানা প্রশ্ন উঠছে। কথাটা শুনতে খারাপ হতে পারে।

কিন্তু অস্বীকার করার উপায় নেই যে, পরিবেশ দূষণ রোধ বিষয়ে আমরা আজও অশিক্ষিত অজ্ঞ হয়ে আছি। কয়েকদিন আগে গঙ্গার পাড় দিয়ে যাবার সময় লক্ষ্য করেছি যে ফোর্ট উইলিয়াম থেকে সমস্ত নিকাশী দূষিত জল গঙ্গায় গিয়ে পড়ছে। ওখানকার সিউয়ারেজ গঙ্গার সঙ্গে লিঙ্ক করা আছে এবং সমস্ত দূষিত জল গঙ্গার মধ্যে গিয়ে পড়ছে। আরও দেখলাম, ফোর্ট উইলিয়ামের সমস্ত বর্জ পদার্থ সিউয়ারেজ দিয়ে গঙ্গায় গিয়ে পড়ছে। এই সমস্ত ছোট কাজগুলির দিকে লক্ষ্য দিয়ে আমরা এগুলি বন্ধ করতেপারি। কি করে এগুলি বন্ধ করতে পারি তা আমাদের দেখতে হবে। এছাড়া কারখানাগুলি থেকে নির্গত স্লাগ যা গঙ্গার মধ্যে পড়ছে, সেগুলিও অবিলম্বে বন্ধ করা দরকার। কালকাতার পূর্বাঞ্চলে বহু ট্যানারী আছে, সেগুলো থেকে বর্জপদার্থ, জল বা তার স্লাগ, কলকাতার

পরিবেশকে ক্রমান্বয়ে দূষিত করে তুলছে। ইষ্টার্ন বাইপাস দিয়ে যাবার সময় আপনারা লক্ষ্য করে থাকবেন যে, ঐ সমস্ত বর্জ পদার্থের দূগর্ন্ধে সুস্থভাবে সেখান দিয়ে চলাফেরা করা যায় না। এই সমস্ত ব্যাপারে অবিলম্বে হস্তক্ষেপ করা দরকার। প্রত্যেকটি কারখানার বর্জপদার্থ ও দূষিত জল যাতে গঙ্গায় মধ্যে পড়ে গঙ্গার জল দূষিত না করতে পারে তারজন্য অবিলম্বে কঠোর ব্যবস্থা অবলম্বনের প্রয়োজন আছে। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর লিখিত বক্তব্যের মধ্যে এই সমস্ত কাজ করার কথা উল্লেখ করেছেন। ট্রিটমেন্ট প্লান্ট রোপন এবং সমস্ত রকমের বর্জ পদার্থের গঙ্গার বুকে পড়া রোধ করতে পারলে এই অবস্থা থেকে মুক্ত হওয়া যাবে। এই সমস্ত ট্রিট করে সবার মধ্যে যদি ছড়িয়ে দেওয়া যায় এবং শহরের সমস্ত স্লাজ গঙ্গার বুকে পড়া রোধ করা যায়, তাহলে এই অবস্থা থেকে আমরা মুক্ত হতে পারি। পরিবেশ দপ্তরের যে দায়িত্ব আছে, সেই দায়িত্বের দিকে লক্ষ্য দিয়ে এই সমস্ত কাজগুলো করতে হবে।

**[6.20 – 6.30 p.m.]**

কেন্দ্রীয় সরকার আগে কিছু টাকা-পয়সা বরাদ্দ করবেন বলেছিলেন এবং এই ব্যাপারে সি.এম. ডব্লিউ. এস . এ কে দায়িত্ব দিয়েছিলেন সার্ভে করার জন্যে এবং কেন্দ্রীয় সরকার টাকা দেবেন বলেছিলেন কিন্তু সেই দায়িত্ব পালন করতে পারবেন না বলে দিয়েছেন, টাকা বন্ধ করে দিয়েছেন। সি. এম. ডব্লিউ এস এ কে সার্ভে করার দায়িত্ব দিলেন এবং কলকাতায় যে সমস্ত কারখানা আছে তারজন্য ট্রিটমেন্ট প্ল্যানে দেওয়া হয়েছিল কিন্তু সেটা হঠাৎ বন্ধ করে দিলেন। এর জন্য কাকে আপনারা কৈফিয়ৎ দেবেন। আপনাদের বলার কিছু নেই। কেন্দ্রীয় সরকার সেই দায়িত্ব ঠিকমত যাতে পালন করেন তারজন্য মন্ত্রী মহাশয়কে বলছি কারণ এরসঙ্গে সারা দেশের পরিবেশ জড়িত। সেইজন্য পরিবেশ উন্নত হোক সেটা সকলেই চাই। এই কথা বলে এই ব্যয়বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সরল দেব :** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রী . যে ব্যয়বরাদ্দ এখানে পেশ করেছেন তাতে টাকা অনেক কম ২৪ লক্ষ ৭০ হাজার, এরমধ্যে আবার পরিবেশ দূষণের সঙ্গে স্মোক ন্যূইসেন্স এ্যামালাগেটেড হয়েছে। আমার সময় খুবই কম, অনেক কথা বলার ছিল কিন্তু সংক্ষেপে বলতে হচ্ছে. এখানে ৫১ টি শিল্পে ট্রিটমেন্ট প্ল্যান করতে আমরা বারে বারে বলছি। রাজ্য সরকারের যে সমস্ত সংস্থা আছে পাবলিক আন্ডার টেকিংস গুলি এবং মিউনিসিপ্যাল করপোশান এইগুলির বিভাগীয় মন্ত্রীদের ডেকে এই যে পরামর্শ করুন এবং এই যে ইন্ডাষ্ট্রিয়াল এফিলেয়েন্ট ডিসচার্জ করছে এবং এরফলে যে গঙ্গার জলের যে জলপ্রবাহ দূষণ হচ্ছে তা কি করে বন্ধ করা যেতে পারে তার জন্য সাজেশান চান, এখানে ইন্ডাষ্ট্রি মিনিষ্টার অছেন, পৌরমন্ত্রী আছেন মাননীয় মুখ্যমন্ত্রী তাঁদের ডেকে একটা সভা করুন যাতে এই যে জলপ্রবাহ দূষণ হচ্ছে তার ব্যবস্থা করা যায়। তারজন্য আমাদের প্রাইভেট সেক্টরে যেমন বলেছি তেমনি যেন পাবলিক সেক্টরকে বলতে পারি। তার ব্যবস্থা করুন। তারসঙ্গে কলকাতায় যে ডিফরেসটেশান কলিকাতায় বায়ুকে দূষণ করছে তার ব্যবস্থা করা দরকার। প্রতিদিন এখানে গড়ে একটি করে গাছ কাটা হচ্ছে, ফুটপাথগুলিতে গাছ নেই বললেই চলে। সেখানে আপনারা জানেন গান্ধী নগরে, দিল্লীতে সব জায়গায় প্রচুর গাছ আছে। তারপরে কলকাতায় বায়ু দূষন মুক্ত করার জন্য ট্রান্সপোর্ট মিনিস্টারকেও দায়িত্ব নিতে হবে কারণ প্রতিনিয়ত যে সরকারী বাসগুলি চলে এবং প্রাইভেট বাসগুলি চলে এর থেকে যে স্মোক নিঃস্বারিত হয় সেটা আমাদের বায়ুকে পলিউটেড করছে। এইগুলির প্রিভেনটিভ মেজার হিসাবে যাতে সরকারী সংস্থার উপরে ইমপোজ করতে পারি তার

ব্যবস্থা করতেহবে। এই দপ্তরের অনেক কম অথচ আজকে সভ্য জগতে মানবজীবণ সুস্থ পরিবেশ না পাওয়ার জন্য বিপর্যস্থ। কলিকাতায় বাতাস পলিউটেড জল পলিউটেড এর জন্য মানবজীবন আজ বিপর্যস্ত। আমার আর সময় নেই। সেইজন্য সংক্ষেপে বলে মাননীয় মন্ত্রীর বাজেট বরাদ্দকে সমর্থন করে আমি আমর বক্তব্য শেষ করছি।

**শ্রী ভবানী মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার দপ্তরের এই বাজেট নিয়ে এত অল্প সময়ের মধ্যে উত্তর দেওয়া যাবে বলে আমি মনে করি না। আমাদের শিল্প ও শহরে সভ্যতা গড়ে উঠেছে, তার জন্য নানাভাবে ধ্বংস সাধনও হয়েছে প্রাকৃতিক পরিবেশের । অতীতের [illegible] ফলে পরিবেশ দূষিত হচ্ছে সেই সঙ্গে সঙ্গে বর্তমান কার্যকলাপের ফলেও পরিবেশ দূষিত হচ্ছে। বর্তমানে কৃষিক্ষেত্রে সারের ব্যবহার করা হচ্ছে এবং চাষের উন্নতি হচ্ছে সামগ্রিকভাবে ঠিকই কিন্তু এর পরিণতি হিসাবে আজকে জল দুষিত হচ্ছে এবং পরিবশেও দুষিত হচ্ছে।

এই সম্বন্ধে সতর্কতা সাম্প্রতিককালে এসেছে। এবং সমস্যা এত বিরাট যে সরকারী বিভাগ যারা উন্নতিমূলক কাজ করছেন তাদের চেতানাকে যদি জাগ্রত করতে না পারি তাহলে এত তাহলে কিছু হয় না। শহরগুলি এবং শিল্পগুলি অপরিকল্পিতভাবে গড়ে উঠেছে। পুরনো শিল্পগুলিতে ট্রিটমেন্ট প্ল্যান্ট করতে বলা হয়েছে কিন্তু এর জন্য দীর্ঘস্থায়ী সময় লাগবে। কেন্দ্রে একটা সেন্ট্রাল এনভার্য়োন্টাল মেন্টাল ডিপার্টমেন্ট আছে। যাদের একটা এই সম্বন্ধে গাইড লাইন আছে। এতে দেখেছি বিভিন্ন বিভাগ উন্নতি[illegible] কাজ করার সময় তাদের পরিবেশ সম্বন্ধে সচেতন হয়ে তবে ডেভালপমেন্টাল ওয়ার্ক করতে হবে। কেন্দ্রীয় সরকার এখন যে নূতন শিল্প প্রতিষ্ঠান হতে দিচ্ছেন তার আগে তারা দূষন নিয়ন্ত্রনের ব্যবস্থা করেছেন কিনা সেই গ্যারান্টি দিলে তবে তারা লাইসেন্স পাচ্ছে। শহরগুলো যেভাবে গড়ে উঠেছে তাতে পলিউশান কন্ট্রোল করা ব্যয়সাধ্য ব্যাপার। গঙ্গার জন্য অবশ্য এবার একটা পরিকল্পনা গৃহীত হয়েছে। এবং আউট লাইন ম্যাপ তৈরী হয়েছে, এবং ৫ বছরের মধ্যে জলের দূষণীকরণ আশা করা যাচ্ছে কমে যাবে। কিন্তু সামগ্রিকভাবে দূষণ বন্ধ করা যাবে না। সেইজন্য আমরা বলেছি প্রত্যেকটি বিভাগকে এই বিষয়ে বিশেষ ভাবে লক্ষ্য রাখার জন্য। বিশেষ করে শিল্প দপ্তরকে বলেছি লাইসেন্স দেবার সময়ে এগুলো যেন পরীক্ষা করা হয়। । এখন যে সমস্ত টাউন প্ল্যানিং হচ্ছে সেই সমস্ত ক্ষেত্রে এখন থেকেই সতর্কতামূলক একটা গাইডলাইন করেছি। সরল দেব মহাশয় ঠিকই বলেছেন যে প্রাইভেট সেক্টর এবং সরকারী স্তরে একটা চেতনা সঞ্চার করা দরকার। সরকারী ক্ষেত্রে অবশ্য আরো বেশী দায়িত্ব রয়েছে পলিউশান কন্ট্রোলকে এফেক্টিভ করার। কিন্তু সরকারী স্তরে আমরা যে সব করতে পেরেছি তা বলি না। কিন্তু পাবলিক সেক্টরে পলিউশানকে এফেক্টিভ করার ব্যবস্থা যাতে গ্রহন করেন তার চেষ্টা আমি করছি। ধূম্রনিয়ন্ত্রণের জন্য কলকাতায় এয়ার পলিউসান কন্ট্রোল সম্বন্ধে কিছু তথ্য সংগ্রহ করেছি। মোটর ভেইকেল্স আইনানুযায়ী যাতে গাড়ীগুলি ব্যবস্থা করেন এই ব্যবস্থা করেন সেই ব্যবস্থা আমরা করেছি। সরকারী তরফ থেকে অতিরিক্ত কর্ম্মচারী নিয়োগ করতে পারিনি বলে মাঝে মাঝে ব্যবস্থা গ্রহণ করেছি। আশা করি এই সম্বন্ধে একটা শীঘ্র ব্যবস্থা গ্রহণ করব। আমাদের দপ্তরের অধীনে এয়ার এবং ওয়াটার পলিউশান কন্ট্রোল করার ব্যাপার থাকলেও ওয়াটার পলিউশান সম্বন্ধে খানিকটা অভিজ্ঞতা আছে। কিন্তু এয়ার পলিউশান সম্বন্ধে বা এয়ার পলিউশান সম্বন্ধে বা এয়ার পলিউশান কন্ট্রোল করার জন্য আরো ফলপ্রদ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

At this Stage the guillotine Bell was rung.

The motion of Shri Bhabani Mukherjee that a sum of Rs. 96,53,000 be granted for expenditure under Demand No. 77, Major Heads : "282-Public Health, Sanitation and Water Supply (Prevention of Air and Water Pollution), 295- Other Social and Community Services (Zoological and Public Gardens) and 313 - Forests (Lloyd Botanic Garden, Darjeeling).

(This is inclusive of a total sum of Rs. 16,10,000 already voted on account in March, 1985), was then put and agreed to.

**[6.30 - 6.47 p.m.]**

**Demand No. 1**

**Major Head** : 211 - State Legislatures

**Shri Patit Paban Pathak** : Sir, on the recommendation of the Government I beg to move that a sum of Rs. 1,81,28,000 be granted for expenditure under Demand No. 1, Major Head : "211- State Legislature".

(This is inclusive of a total sum of Rs. 30,22,000 already voted on account in March, 1985.)

The motion was then put and agreed to.

**Demand No. 3**

**Major Head** : 213 - Council of Ministers

**Dr. Ashok Mitra** : Sir, with your permision and on the recommendation of the Government I beg to move that a sum of Rs. 42,35,000 be granted for expenditure under Demand No. 3, Major Head : "213- Council of Ministers".

(This is inclusive of a total sum of Rs. 7,06,000 already voted on account in March, 1985.)

The motion was then put and agreed to.

**Demand No. 5**

**Major Head** : 215- Elections

**Dr. Ashok Mitra** : Sir, with your permission and on the recommendation of the Government I beg to move that a sum of Rs. 2,29,42,000 be granted for expenditure under Demand No. 5, Major

Head : "215- Elections".

(This is inclusive of a total sum of Rs. 38,24,000 already voted on account in March, 1985.)

The motion was then put and agreed to.

**Demand No. 6**

**Major Head : 220 – Collection of Taxes on Income and Expenditure.**

**Dr. Ashok Mitra :** Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 86,33,000 be granted for expenditure under Demand NO. 6, Major Head : "220- Collection of Taxex on Income and Exspendiure".

(This is inclusive of a total sum of Rs. 14,39,000 already voted on account in March, 1985.)

The motion was then put and agreed to

**Demand No. 9**

**Major Head :** 235 – Cllection of Othere Taxes on property of Capital Transactions.

**Dr. Ashok Mitra :** Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 5,03,000 be granted for expenditure under Demand No. 9, Major Head : 235 – Collection of Other Taxes on property and Capital Transactions".

(This is inclusive of a total sum of Rs. 84,000 already voted on account in March, 1985.)

The motion was then put and agreed to

**Demand No. 10**

**Major Head :** 239 – State Excise

**Dr. Ashok Mitra :** Sir, with your permission and on the recommendation of the speaker I beg to move that a sum of Rs. 5,36,03,000 be granted for expenditure under Demand No. 10, Major Head : "239- State Excise".

(This is inclusive of a total sum of Rs. 89,34,000 already voted

on account in March, 1985.)

The motion was then put and agreed to.

**Demand No. 11**

**Major Head** : 240 – Sales Tax

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 5,99,50,000 be granted for expenditure under Demand No. 11, Major Head : "240– Sales Tax".

(This is inclusive of a total sum of Rs. 99,92,000 already voted on account in March, 1985.)

The motion was then put and agreed to

**Demand No. 13**

**Major Head** : 245 – Other Taxes and Duties on Commodities and Services

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,15,26,000 be granted for expenditure under Demand No. 13, Major Head : 245– Other Taxes and Duties on Commodities Services".

(This is inclusive of a total sum of Rs. 52,55,000 already voted on account in March, 1985.)

The motion was then put and agreed to.

**Demand No. 14**

**Major Head** : 247 – Other Fiscal Services

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 1,72,50,000 be granted for expenditure under Demand No. 14, Major Head : 247– Other Fiscal Services".

(This is inclusive of a total sum of Rs. 28,75,000 already voted on account in March, 1985.)

The motion was then put and agreed to.

**Demand No. 16**

**Major Head** : 249 – Interest payment

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 60,02,000 be granted for expenditure under Demand No. 16, Major Head : 249– Interest Payment

(This is inclusive of a total sum of Rs. 10,01,000already voted on account in March, 1985.)

The motion was then put and agreed to.

**Demand No. 20**

**Major Head** : 254 – Treasury and Accounts Administration

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 5,59,70,000 be granted for expenditure under Demand No. 20, Major Head : 254 – Treasury and Accounts Administration".

(This is inclusive of a total sum of Rs. 93,29,000 already voted on account in March, 1985.)

The motion was then put and agreed to.

**Demand No. 27**

**Major Head** : 265 – Other Administrative Services

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 22,98,49,000 be granted for expenditure under Demand No. 27, Major Head : 265 – Other Administrative Services".

(This is inclusive of a total sum of Rs. 3,83,09,000 already voted on account in March, 1985.)

The motion was then put and agreed to.

**Demand No. 28**

**Major Head** : 266 – Pensions and other Retirement Benefits

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 46,68,86,000 be granted for expenditure under Demand NO. 28, Major Head : 266 – Pensions and

Other Retirement Benefits".

(This is inclusive of a total sum of Rs. 7,78,15,000 already voted on account in March, 1985.)

The motion was then put and agreed to.

**Demand No. 30**

**Major Head** : 268 – Miscellaneous General Services

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the Governor. I beg to move that a sum of Rs. 9,08,30,000 be granted for expenditure under Demand No: 30, Major Head : 268 – Miscellaneous General Services".

(This is inclusive of a total sum of Rs. 1,51,39,000 already voted on account in March, 1985.)

The motion was then put and agreed to.

**Demand No. 72**

**Major Head** : 339 – Tourism

**Shri Achintya Krishna Ray** : Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 2,08,10,000 be granted for expenditure under Demand NO. 72, Major Head : 339 – Tourism".

(This is inclusive of a total sum of Rs. 34,69,000 already voted on account in March, 1985.)

The motion was then put and agreed to.

**Demand No. 73**

**Major Head** : 544 – Capital Outlay on Other Transport and Communication

**Shri Achintya Krishna Ray** : Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 8,00,000 be granted for expenditure under Demand No. 73, Major Head : 544 – Capital Outlay on Other Transport and Communication".

(This is inclusive of a total sum of Rs. 1,34,000 already voted on account in March, 1985.)

The motion was then put and agreed to.

### Demand No. 86

**Major Head** : 766 – Loans to Government Servants, etc. and 767 – Miscellaneous Loans.

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 14,00,60,000 be granted for expenditure under Demand No. 86, Major Head : "766 – Loans to Government Servants, etc. and 767 – Miscellaneous Loans."

(This is inclusive of a total sum of Rs. 2,33,44,000 already voted on account in March 1985)

The motion was then put and agread to.

## ADJOURNMENT

The House was then adjourned at 6-47 p.m. till 12 noon on 25th April, 1985 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Thursday, the 25th April, 1985 at 12 Noon.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 10 Ministers, 12 Ministers of State and 161 members.

**[12.00–12.10 p.m.]**

### Adjournment Motion

**Mr. Speaker :** To day I have received three notices of Adjournment Motion. One of them is defective so I am deal with the two adjournment motions. The first is from Shri Kashinath Misra on the subject of acute Scarcity of drinking water in South Bengal, the Second is from Shri Abdul Mannan on the Subject of alleged atrocities on Congress (I) workers by the cadres of a majority party of the ruling front at Khanakul, Hooghly.

The subject matters, of the first and second motion do not call for adjournment of business of the House. The Members may call the attention of the Concern Ministers through Calling Attention, Mention and Question.

I therefore, withhold my consent to all the motions.

One Member of the party may however, read out the text of the first two Motions as amended.

**শ্রী আব্দুল মান্নান :** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সম্প্রতি একটা নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হল—

হুগলী জেলার খানাকুল থানাতে কিসেনপুর ১নং অঞ্চলে কংগ্রেস (আই) কর্মীদের উপরে বামফ্রন্টের শাসক দলের বৃহত্তর দলের যে অত্যাচার চলছে তাতে কয়েক শত কর্মী ও সমর্থক গৃহছাড়া হয়েছে। পুলিশ নীরব দর্শক, থানায় ডায়েরী করলেও কোন ফল লাভ হয় না।

**Calling Attention to Matter of Urgent Public Importance**

**Mr. Speaker :** I have received 3 notices of Calling Attentions namely :-

1.Out break of Jaundice and enteric diseaases in the municipal areas due to polluted drinking water. – Shri Kashinath Mishra
– Shri Ashok Ghosh
Shri Abdul mannan

2. Attack on nurses, doctors and other staff of new general hospital at Berhampore, Murshidabad on 10.4.85– Shri Satya Pada Bhattacharyya and
Shri Shis Mahammad

3. Reported death of one Shoshi Shikdar at R.G.Kar Medical College and hospital – Shri Anil Mukherjee

I have selected the notice of Shri Anil Mukherjee on the subject of reported death of one Shoshi Shikdar at R.G.Kar Medical College and hospital.

The Minister-in-Charge will please make a statement to-day, if possible or give a date.

**Shri Patit paban Pathak :** On the 3rd Sir,

**Presentation of a Report on Unfinished work of the Committee on Petitions, 1984-85**

**Mr. Chairman (Shri Anil Mukherjee) :** Sir, I beg to present a Report under Rule 282 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly on unfinished work of the Committee on Petitiion, 1984-85

## Presentation of a Report on Unfinished work of the Committee of Privileges

**Mr. Chairman (Shri Kalimuddin Shams) :** Sir, I beg to present the Report under rule 282 of the Rules of Procedure and Conduct of Business in the Westh Bengal Legislative Assembly on Unfinished work of the Committee of Privileges (1984-85)

## Laying of Reports

### The Eighth Annual Report and Accounts of the West Dinajpur Spinning Mills Limited for the year 1982-83

**Shri Patit Paban Pathak :** Sir, with your permission I beg to lay the Eighth Annual Report and Accounts of the West Dinajpur Spinning Mills Limited for the year 1982-83.

**শ্রী সাধন চট্টোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এশিয়াটিক সোসাইটির সাধারণ সম্পাদক তাঁর নিজের পদাধিকার ব্যবহার করে আজকে কলকাতা কর্পোরেশন এবং বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে কুৎসা রটনায় নেমেছেন। ঘটনাটি হচ্ছে এই, এশিয়াটিক সোসাইটির দ্বিশতবার্ষিকী ভবনের পঞ্চম ও ষষ্ঠ তলা নির্মানের জন্য ভারত সরকার ১৫/১৬ মাস আগে তাদেরকে কয়েকলক্ষ টাকা দেন। উক্ত সাধারণ সম্পাদকের কর্মতৎপরতার ফলে তাতে একটি ইটও গাঁথা হয়নি। সবটাকা ফেরত চলে যায়। প্রথমে কেন্দ্রীয় পূর্তদপ্তর ৩৩ লক্ষ টাকার একটা স্কীম তৈরী করেন কিন্তু উক্ত সাধারণ সম্পাদকের কর্মকান্ডের ফলে তারা কাজ করতে অস্বীকার করেন। এমনকি সোসাইটি ভবন ভারত সরকারের নয় বলে B.M.T নামক সংস্থাও কাজ করে না। এই কাজ কেন হলো না, টাকা কেন ফিরে গেল প্রধানমন্ত্রী এই কৈফিয়ত তলব করায় ওরা নিজেরা এখন বিপদে পড়েছেন। এদের ল্যাজে পা পড়েছে তাই নিজেদের অপরাধ ঢাকার জন্য কর্পোরেশনের বিরুদ্ধে কুৎসা রটনায় নেমেছেন এবং বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে কুৎসা রটাচ্ছেন। কালকাতা কর্পোরেশন নির্বাচনের পূর্বে এই অপপ্রচার উদ্দেশ্যমূলক ওদেরই অপদার্থতার জন্য এই হল তৈরী করা যায় নি। তাই এই বিষয়টি সরকারের গোচরে আনার জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রী সভার দৃষ্টি আর্কষণ করছি।

**শ্রী অনিল মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী এবং বামফ্রন্ট সরকারকে ধন্যবাদ জানাচ্ছি। পশ্চিমবাংলার তিনিটি বাই ইলেকসান অত্যন্ত শান্তিপূর্ণ উপায়ে হয়ে গেল। ভারতবর্ষের অন্যান্য রাজ্যগুলিতে সংঘর্ষ, হত্যাকান্ড ইত্যাদির মধ্য দিয়ে নির্বাচন হয়েছে, এটা আমরা দেখতে পেলাম। মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী এবং বামফ্রন্ট সরকারের সঙ্গে সুষ্ঠুভাবে নির্বাচন পরিচালনার ক্ষেত্রে পশ্চিমবাংলার জনগণ যে সহযোগিতা করেছেন তার জন্য আমরা তাঁদের ধন্যবাদ জানাচ্ছি।

**শ্রী বিভূতি ভূষণ দে** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহনমন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। খড়গপুর থেকে দীঘা পর্যন্ত একটি গুরুত্বপূর্ণ বাস রুট আছে এবং এই রুট বহু মানুষ যাতায়াত করে মেদিনীপুর থেকে ভায়া বেলদা, দাঁতন হয়ে সোনাকোনিয়া, উড়িষ্যার বর্ডার পর্যন্ত একটি গুরুত্বপূর্ণ বাস রুট আছে। সেই রুটেও বহু লোক যাতায়াত করে, কিন্তু আমরা দেখতে পাচ্ছি খড়গপুর থেকে দীঘা লাইনে সন্ধ্যা ৭.৪৫ মিনিটের পর কার্যত যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ে বাসের অভাবে। আর ঐ মেদিনীপুর ভায়া বেলদা, দাঁতন হয়ে সোনাকোনিয়া পর্যন্ত রুটে কার্যত ৬ টি বাস থাকলেও মাঝে মাঝে বাস তুলে নেওয়া হচ্ছে। এই রুটে বাসের সংখ্যা খুবই কম। তাই এই বিষয়ে উপযুক্ত ব্যবস্থা নিতে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী এখানে উপস্থিত আছেন, আমি একটি অতি গুরুত্বপূর্ণ বিষয়ে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। ন্যাশানাল থার্মাল পাওয়ার কর্পোরেশন তাদের ইষ্টার্ন রিজিওন্যাল ট্রান্সমিশন হেডকোয়ার্টার্স দুর্গাপুর থেকে পাটনায় স্থানান্তরিত করছেন এবং সিদ্ধান্ত হয়ে গেছে, এই মর্মে সংবাদ প্রকাশিত হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটাই হচ্ছে, দেশের বৃহত্তম পাওয়ার সাবষ্টেশন এবং ১৯৮৩ সালে এই সাবষ্টেশন অফিসের হেডকোয়ার্টার্স দুর্গাপুরে করার সিদ্ধান্ত হয় সমস্ত জিওগ্রাফিক্যাল এ্যাডভানটেজের কথা চিন্তা করে। আজকে হঠাৎ দিল্লী সরকার দুর্গাপুর থেকে পাটনায় স্থানান্তরিত করার সিদ্ধান্ত নিলেন। স্যার, আমরা ন্যাশানাল লাইব্রেরীর ক্ষেত্রে একই ঘটনা দেখলাম। আমরা দেখলাম জিওলজিক্যাল সার্ভের অনেক শাখা অফিস এখান থেকে স্থানান্তরিত হচ্ছে, এই কথা কেন্দ্রীয় সরকার পরিষ্কার করে বলে দিলেই পারেন যে, পশ্চিমবাংলা ভারতবর্ষের অঙ্গ রাজ্য নয়। ওরা এই ভাবে বারে বারে ষড়যন্ত্র করে পশ্চিমবাংলাকে মুমূর্ষু করে দিচ্ছেন। ওরা একদিকে মুমূর্ষু বলছেন, আর অন্য দিকে এখান থেকে সমস্ত অফিস স্থানান্তরিত করে পশ্চিমবাংলাকে মুমূর্ষু করে দিচ্ছেন। এইভাবে ওরা পশ্চিমবাংলায় একটা মারাত্মক অবস্থা তৈরী করছেন। এই ভাবে পশ্চিমবাংলা থেকে সাবষ্টেশন স্থানান্তরিত হলে তার কয়েক বছরের মধ্যে ফারাক্কা পাওয়ার ষ্টেশন চালু হলে সেখান থেকে বিদ্যুৎ সরবরাহের ব্যাপারে অসুবিধা সৃষ্টি হতে পারে। স্যার, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। এর বিরুদ্ধে পশ্চিমবাংলার মানুষের প্রতিবাদ করা দরকার।

**শ্রী আব্দুল মান্নান** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যখন পশ্চিমবাংলার বন্ধ কলকারখানা খোলার জন্য চেষ্টা করছি ঠিক সেই সময় গত পরশুদিন বালি জুট মিলে লকআউট ঘোষনা করা হল। সোমবার দিন রাত্রের ডিউটি দিতে যে সমস্ত কর্মচারী গিয়েছিলেন,তারা মঙ্গলবার দিন সকাল ৬ টার সময় গেট দিয়ে বেরবার একটু পরেই লকআউটের নোটিশ ঝুলিয়ে দেওয়া হল। বেলা ৬-৩০টার সময় ব্যাপক পুলিশ বাহিনীর উপস্থিতিতে জুট মিল কর্তৃপক্ষ লকআউটের ঘোষনা করলেন। আর সব চেয়ে আশ্চর্যের ব্যাপার হল, শ্রমিক কর্মচারীদের আগে থেকে নোটিশ না দিয়ে এই লক আউট ঘোষনা করলেন। আর সেই লক আউটের ব্যাপারে মালিক পক্ষকে রাজ্য সরকার পুলিশ দিয়ে সাহায্য করলেন যাতে করে শ্রমিক অসন্তোষ পিটিয়ে ঠাণ্ডা করা যায়। স্যার, শুধু তাই নয়, যেহেতু ঐ এলাকায় কংগ্রেস প্রার্থী জয়ী হয়েছিল তাই রাজনৈতিক মুনাফা লুঠবার জন্য সি.আই.টি.ইউ.র বিভিন্ন কর্মচারী ও মন্ত্রীসভার ষড়যন্ত্রের ফলেই সেই কারখানা বন্ধ হয়েছে। অবিলম্বে এই জুট মিল খোলার ব্যবস্থা করুন।

**শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এখানে প্রায়ই কংগ্রেসী সদস্যদের মুখে আইন-শৃঙ্খলার কথা শুনি। আমরা এর আগেও বলেছি, আবার বলছি, আইন-শৃঙ্খলার ব্যাপারে পশ্চিমবাংলা সারা ভারতবর্ষের মধ্যে ওয়েসিস। স্যার, আমাদের এই কথাটা গতকালের উপনির্বাচনের মধ্যে দিয়ে আবার প্রমানিত হয়েছে। গতকাল কংগ্রেস শাসিত রাজ্য সহ কতকগুলি রাজ্যে উপনির্বাচন ছিল। স্যার, সেই উপনির্বাচনের মধ্যে দিয়ে আমরা পশ্চিমবাংলায় দেখাতে পেরেছি গনতন্ত্রের প্রতি কি গভীর শ্রদ্ধা আমাদের আছে। একদিকে স্যার, সারা পশ্চিমবাংলায় শান্তিপূর্ণভাবে এই উপনির্বাচন হয়েছে অপর দিকে ঐ সব কংগ্রেস শাসিত রাজ্যে এই উপনির্বাচনকে কেন্দ্র করে যে সব ঘটনা ঘটেছে তাতে কংগ্রেসী মন্ত্রীরা ধরা পড়েছেন, তাদের রাজ্যসভার সদস্যরা ডিটেন্ড হয়েছেন থানায় এইসব ঘটনা ঘটেছে এবং এর মাধ্যমে সেখানে গণতন্ত্র বিপন্ন হয়েছে। স্যার, পশ্চিমবাংলায় শান্তিপূর্ণভাবে উপনির্বাচন সম্পন্ন হওয়ায় আমি বামফ্রন্ট সরকারকে আমার আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। পরিশেষে আমি যে কথাটি বলতে চাই সেটা হচ্ছে, কংগ্রেসী সদস্যরা যখন এখানে আইন-শৃঙ্খলার কথা বলবেন তখন যেন তাঁরা আয়নার সামনে দাঁড়িয়ে তা বলেন।

**[12.10—12.20 p.m.]**

## LEGISLATION

**The West Bengal Appropriation (No.2) Bill, 1985**

**Dr. Ashok Mitra :** Sir, I beg to introduce the West Bengal Appropriation Bill, 1985.

(Secretary then read the Title of the Bill)

**Dr. Ashok Mitra :** Sir, I beg to move that the West Bengal Appropriation Bill, 1985, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার প্রারম্ভিক ভাষণে আমি সামান্য কয়েকটি কথা বলব। স্যার, গত ৫ সপ্তাহ ধরে আমরা সাধারণ বাজেট বিতর্কে সবাই অংশ গ্রহণ করেছি এবং বিভিন্ন বরাদ্দের দাবী নিয়ে আলোচনা হয়েছে এবং সেই আলোচনার উপর মঞ্জুরী এই বিধানসভা থেকে আমরা পেয়েছি। কিন্তু আমাদের সংবিধানে নিয়ম আছে, যে নিয়মটা ইংরাজ আমল থেকে আমরা পালন করে আসছি, মঞ্জুরীর পর যে সামগ্রিক ব্যয় বিধানসভা অনুমোদন করে দিয়েছেন সেই সমগ্র অর্থ আমাদের রাজ্যের ভান্ডার থেকে নিষ্কাষনের জন্য আলাদা একটি আইনের প্রয়োজন হয়। সেই আইনটি হচ্ছে এই এ্যাপ্রোপ্রিয়েশান বিল এবং সেই বিলটি আজকে এই সভায় উপস্থাপিত করা হচ্ছে। আমি গভীর মনোযোগ ও শ্রদ্ধা সহকারে মাননীয় সদস্যদের বক্তব্য শুনবো এবং শেষে যদি আমার কিছু মন্তব্য করার থাকে করবো।

**Mr. Speaker :** Before the debate starts on the Appropriation Bill I would like to remind the hon'ble members that what has been discussed during the budget that cannot be said in the Appropriation Bill. The members should keep it in mind.

**ডাঃ জয়নাল আবেদিন** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি এই বিলের আলোচনার সূচনাতেই যে এমবার্গো দিলেন .........

**মিঃ স্পীকার** : It is not an embargo. I only remind you.

**ডাঃ জয়নাল আবেদিন** : চেক দিলেন, অন্য দিন তা দেন নি। এই হাউসে এই নিয়ে ৪ বার আপনাকে দেখলাম কিন্তু এই রকম এমবার্গো দিতে দেখি নি। তার মানে, আমি বেশ বুঝতে পারছি, আমাদের আলোচনা যেন সহজ এবং স্বাভাবিক না হয় তারজন্য প্রথম থেকে একটা হঁশিয়ারী আমরা পেলাম।

**মিঃ স্পীকার** : আপনাকে কেউ এমবার্গো দিতে পারে?

**ডাঃ জয়নাল আবেদিন** : Sir, we always abide by the dicesion of the chair.

Sir, we believe in democracy. We will bow down to your ruling your dictates and your decisions as much as possible being members ot the opposition.

স্যার, এই এ্যাপ্রোপ্রিয়েসন বিল সংবিধানের ২০৪ ধার অনুসারে মাননীয় অর্থমন্ত্রী এখানে উপস্থিত করেছেন। সাংবিধানিক নিয়ম অনুসারে একটা সরকার চালাতে গেলে খরচের প্রয়োজন হয় এবং তাতে সাধারণভাবে আপত্তি থাকার কোনো কারণ নেই। আমার ধারণা এই এ্যাপ্রোপ্রিয়েশন বিলের আলোচনাকালে আমরা এই সরকারের অতীত ৭ বছরের কার্যকলাপে দেখবার সুযোগ পেয়েছি। আমরা দেখেছি ইতিপূর্বে যে ব্যয় অনুমোদিত হয়েছিল —সরকার গ্রহণ করেছিলেন — সে ব্যয় জনকল্যানমুখী হয়নি। অনেক সময়ে দলমুখী হয়েছে, দল সম্প্রসারিত হয়েছে। এ রাজ্যের সাড়ে পাঁচ কোটি মানুষের কল্যাণে ব্যয়িত হয়নি বা ৪.১ মিলিয়ন, যারা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ এর খাতায় নাম লিখিয়ে অপেক্ষা করছে, তাদের কল্যাণে ব্যয়িত হয়নি। স্যার, আমি প্রথমেই অর্থমন্ত্রী মহোদয়কে বলি যে, একাধিকবার সোরগোল তোলা হয়েছে যে, ৮ম ফিনান্স কমিশনের যে রেকমেন্ডশন ছিল সে রেকমেন্ডশন ইম্পলিমেন্ট করা হয়নি। ফলে ১৯৮৪-৮৫ সালে এই রাজ্য ৩২৫ কোটি টাকা লুজ করেছে। এ বিষয়ে আমি মাননীয় অর্থমন্ত্রীকে বলব যে, ঐ হিসাব যদি ধরেও নেওয়া হয় তাহলেও, এইটথ্ ফিনান্স কমিশনের রেকমেন্ডশন ইমপ্লিমেনট যদি হ'ত তাহল্যে ২৮০ কোটি টাকার বেশী এই রাজ্য পেতে পারত না। কিন্তু এই টাকাটা পাওয়া বড় কথা নয়, সব চেয়ে বড় কথা হচ্ছে এই সরকারের কার্যকলাপ।

Never in the history, after independence, and even before independence, West Bengal has been rendered a destitute as during their regime. It is this State. Will the Hon'ble Minister in charge of Finance be pleased to state why West Bengal has been brought in the category of the States desiring and deserving to receive Central assistance?

স্যার, এই পরিনাম ওয়েষ্ট বেঙ্গলের আগে ছিল না। মাননীয় অর্থমন্ত্রীর আগে এখানে আরো ১০ জন ফিনান্স মিনিষ্টার অর্থের দায়িত্বে ছিলেন। আজকের মাননীয় মুখ্যমন্ত্রী ১৯৬৭ সালে অর্থ দপ্তরের দায়িত্বে ছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় অর্থমন্ত্রী মহোদয়কে বলছি যে, আপনি পঞ্চম পরিকল্পনার শেষ দিক থেকে এখানে দায়িত্বে আছেন, আপনার পরিচালনায় ওয়েষ্ট বেঙ্গল কেন এই জায়গায় পৌঁছল? কেন আজকে ওয়েষ্ট বেঙ্গল ভিখারী হলো?

It is a state tit for receiving grant in aid.

যে মেমোরেন্ডাম সাবমিটেড বাই দি ষ্টেট গভর্ণমেন্ট, সে মেমোরেন্ডাম বয়ান অনুসারে

After the dicision under the head late Mr. R.V. Chavan.

তিনি স্বীকার করে নিয়েছেন, ওয়েষ্ট বেঙ্গল ইজ এ ষ্টেট ..... Which is deserving Central assistance. যদি West Bengal is a state which is deserving central assistance.

হয় তাহলে সাংবিধানিক নিয়ম অনুযায়ী আমরা ভিখারীর পর্যায়ে পৌঁছেছি। যে রেভিনিউ ডেফিজিট'এর কথা বলা হচ্ছে সে রেভিনিউ ডেপিজিট' এর সবটা না মানলেও ৮ম অর্থ কমিশন' এর সুপারিশ অনুযায়ী ১২৫ কোটি টাকার সেন্ট্রাল এ্যাসিসটেন্স বা গ্রান্ট ইন এড পায়।

It is still a deficit state.

স্যার, ভিক্ষা পাওয়ার আমরা উপযোগী, আমরা ভিক্ষুকে পরিণত হয়েছি। এটাই আমার প্রথম আপত্তির কারণ। আমার দ্বিতীয় আপত্তি হচ্ছে, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় পঞ্চম পরিকল্পনার কার্যকালের মধ্যে দায়িত্ব গ্রহণ করেছেন, পঞ্চম পরিকল্পনার শেষ তিন বছর, ৬ষ্ঠ পরিকল্পনার পুরো ৫ বছর মাননীয় অর্থমন্ত্রীর দায়িত্বে এই রাজ্যের পরিকল্পনা রূপায়িত হয়েছে। যেখানে পঞ্চম পরিকল্পনার শেষে সারা ভারতবর্ষে হ্যাজ্ বিকাম সেল্ফ্ Self reliant in point of agriculture.

সেখানে মাননীয় অর্থমন্ত্রীর কার্যকালে পশ্চিমবঙ্গের কেন সেল্ফ রিলায়েন্ট হয়নি? মাননীয় অর্থমন্ত্রী, এ কথা আমি আপনাকে জিজ্ঞাসা করছি। যখন এগ্রিকালচার বাজেট নিয়ে ডিসকাসন হয়েছিল তখন আমি এ কথা তুলেছিলাম। আমাদের কৃষকরা যা উৎপাদন করে তা আমাদের রাজ্যের পক্ষে যথেষ্ট নয়। It is still a deficit state.

বাইরের রাজ্য থেকে আমাদের অন এ্যান এ্যাভারেজ্ ২০ লক্ষ টন খাবার আনতে হয়েছে এবং এটা আমাদের খেতে দেয়নি, এর জন্য আমাদের মূল্য দিতে হয়েছে বছরে ৬০০ কোটি টাকা। কৃষির উন্নতি হয়নি বলেই বছরে ৬০০ কোটি টাকা আমাদের মূল্য দিতে হয়েছে। বাইরের রাজ্যকে। ন্যাশনাল ইনট্রিগেসনের প্রশ্নেও কৃষি ক্ষেত্রে সারপ্লাস জেনারেট দরকার। তার দ্বারা অন্য রাজ্যে ইন্ডাষ্ট্রিয়াল এসটাবলিসমেন্ট বেড়েছে, এমপ্লয়মেন্ট প্রটেনসিয়াল বেড়েছে। এখানে আমরা কৃষিতে সারপ্লাস জেনারেট্ করতে পারিনি। আমাদের ইন্ডাষ্ট্রিস এ কৃষি থেকে স্পিল ওভার এ্যামাউন্ট গিয়ে ইন্ডাষ্ট্রীয়ালাইজড্ ইম্প্রিয়েসন ইন এগ্রিকালচার এখানে হয়নি।

**[12.20—12.30 p.m.]**

বামফ্রন্ট সরকারের সবচেয়ে বড় ব্যর্থতা এখানেই এবং তার ফল মারাত্মক হয়েছে। গ্রামে ডিসগাইস্‌ড আন-এমপ্লয়মেন্ট শহর এবং গ্রামে ফারমার আন এমপ্লয়মেন্ট এর পরিমান মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় দেখিয়েছেন এ্যাট দি এন্ড অফ্ 31st March, it is 4.1 millions.

আপনি রাজ্যের সর্বময় কর্তা সেখানে যদি ৪.১ মিলিয়নস মানুষ থাকে Inspite of the 20 points programme of late Shrimati Indira Gandhi

এই রাজ্যে দেখছি নস্টালজিক কারণে সব টাকা ব্যয়িত হয়নি। আরোও দুঃখের কথা, প্ল্যানিং শেষ বছরে, ষ্টিলড উই আর In the dark. We do not know what was the size of the plan for 1984-85. Nor the honourable minister will he able to define the size of the plan.

মানে কি ? এই রাজ্য একটি বছর কাটিয়ে দিল পরিকল্পনার ধারে পাশে না গিয়ে এগেইন উই আর ষ্টিল ইন দি ডার্ক। সামনের বছর ১৯৮৫/৮৬ সালে উই ডু নট know as yet about thc size of the plan. আপনি যে প্রস্তাবনা উৎথাপন করেছেন ৩৫০০০ কোটি টাকার সেই প্রস্তাবনায় প্ল্যান এ[illegible] কি হবে সেটাও ঠিক হয়নি। এভরিথিং is hypothetical আজকে. সব গোলমাল অবস্থায় চলছে, কনক্রিটাইসন্ড ওয়েতে কিছু করতে পারেনি। এখন প্রশ্ন এসে যায় — মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি, আপনার কার্যকলাপে এই রাজ্যে গতি কোথায়? কোন দিকে যাচ্ছে? টুয়ার্ডস ক্যাপিটালিজম? আপনারা সেন্ট্রাল বাজেট নিয়ে সোরগোল তুলছেন কিন্তু আপনার কার্যকলাপে আপনার নের্তৃত্বে আপনার ম্যানেজমেন্ট এই রাজ্যে কোন দিকে যাচ্ছে Towards socialism? No. Towards capitalism? No. It is going just like পাটোয়ারী, It is going just like a commercial orrganisation, it is going just like a Municipal organisation instead of the state government taking a firm determination to identify the priority.

কোন কোন ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে, কোন কোন বেসিসে প্রাওরিটি দিতে হবে ষ্টিল my friends in the treasury bench are be wildered কোনদিকে সামগ্রিকভাবে অর্থনীতি যাবে, কোন শ্রেণীর মানুষের কল্যাণ হবে, কোন শ্রেণীর মানুষ বেনিফিট পাবে এ বিষয়ে ষ্টিল উই আর ইন দি ডার্ক। এই ৫ সপ্তাহের আলোচনায় এখনও পরিস্ফুটিত হয়নি। এমনকি বিগত ৭ বছরেও এই কথাটি পরিস্ফুটিত হয়নি। আর একটি কথা বারবার বলছি, খরচের যে প্রস্তাবনা করেছেন আমি মনে করি আন-প্রডাকটিভ, এর প্রয়োজন ছিল না। দেয়ার ইজ no definte production.

কিন্তু এটা বুঝি স্মল এনটারপ্রেনুয়ার্সদের যদি ইনসেনটিভ দেওয়া হয়, মারজিন্যাল ফারমারদের যদি ইনসেনটিভ দেওয়া হয়, ফারমারদের যদি ইনসেনটিভ দেওয়া হয়, ল্যান্ডলেস লেবারদের যদি ইনসেনটিভ দেওয়া হয় তাহলে ইট বিকামস প্রডাকটিভ এক্সপেনডিচার এটা আমরা জানি। কিন্তু এই রাজ্যে এই মন্ত্রী সভার কার্যকাল সাড়ে ৭ বছর অতিক্রম করেছে আমরা কি দেখছি? অসহায় অবস্থা। একদিকে বেকার বাড়ছে, অন্যদিকে আমরা দেখতে পাচ্ছি, খাদ্যের উৎপাদন ইট ইজ Still in reasing in the dimention of the whole of India.

কিন্তু এই রাজ্যের উৎপাদন কমেছে, শিল্পের উৎপাদন কমেছে, শিল্পে ছাঁটাই হয়েছে, শিল্পে লক-আউট হয়েছে, হোয়ার হায়েষ্ট number of mandays lost in the singular state of West Bengal which was once a surplus for its industry. It legitimately claim that.

আজকে ইনডাসট্রিগুলিতে ম্যানেজমেন্ট নেই, ইনডাসট্রিগুলিতে কমানডিং রোল নেই। আরোও আমরা দেখেছি, পাবলিক সেক্টরে বিদ্যুতের মতন কোর সেক্টর — মাননীয় মুখ্যমন্ত্রী একাধিকবার বলেছেন কোর-সেক্টর পাবলিক সেক্টর থাকবে অপরদিকে ম্যান্টিন্যাশানালদের দেওয়া হবে — তাদের ঘাড়ে যখন দায়িত্ব পড়ছে এবং স্বেচ্ছায় যখন এই রাজ্য দায়িত্ব দিচ্ছেন তখন আমরা দেখছি, ইট is a notable tiet towards Multinationals monopoly houses and big houses.

এই সরকারের এই ৭ বছরের সামারি কার্যকলাপ আমরা দেখেছি, ইট ইজ এনকারেজিং the monopoly houses, It has invited the multi nationals and it has so far served the purpose of multi nationals and monopoly houses instead of looking to the down-trodden people.

এই অভিযোগের জবাব আপনি দেবেন আমি আশা করি।

নেক্সট পয়েন্ট, এই সরকারের মাননীয় অর্থমন্ত্রী পন্ডিত এবং বিদ্বান ব্যক্তি, বিদগ্ধ জন, তথাপি, আমরা দেখছি সব ব্যাপারেই ওর একটা জেদী মনোভাব আছে। আপনাদের সরকারী টাকা তিনটি খাতে নিবদ্ধ থাকে — কনসোলিডসন ফান্ড কনটিনজেনসিফান্ড এবং পাবলিক এ্যাকাউন্ট। আমরা দেখতে পাচ্ছি আজকে আপনি অর্থের পরিচালনা এমনভাবে করেছেন যে আপনাকে কনটিনজেনসি ফান্ড থেকে ফ্রম টাইম টু টাইম ধার করতে হয়েছে এবং পাবলিক যেখানে সেখানে প্রভিডেন্ট ফান্ড এ্যান্ড আদার ডিপোজিটস আর দেয়ার। সেদিন এই হাউসে মাননীয় সদস্য আবদুল মান্নান বলেছিলেন ইউ হ্যাভ to utilise the public Accounts to meet your emergency ইনপুট লোনস্ সেটা পর্যন্ত বন্ধ করে দিয়েছেন। আরও লজ্জার কথা, আপনাদের পঞ্চায়েত সমিতি আছে, পঞ্চায়েতের উপর আপনারা নির্ভরশীল হয়ে পড়েছেন। এই পঞ্চায়েত বডির মাধ্যমে যে ব্যয় হয়, যে ব্যায়ের টাকা রুরাল এমপ্লয়মেন্ট গ্যারান্টি স্কীমের টাকা তার ১০০ পারসেন্ট সেন্ট্রালের টাকা। আমরা দেখেছি আপনারা একদিকে যেমন চীৎকার করে চলেছেন কেন্দ্র আমাদের যথেষ্ট দিচ্ছে না, কেন্দ্র আমাদের চাহিদা মেটাচ্ছে না, আমাদের প্রয়োজনীয় অর্থ দিচ্ছে না. কিন্তু সেখানে আমরা দেখতে পেয়েছি আপনাদের কার্যকালে এই ৭বছরে ৪২৫ কোটি টাকা আনইউজড আনইউটিলাইজড। কেন্দ্র ফেরত চলে গেছে অন ডিফারেন্ট গ্রাউন্ডস্ এবং সেদিন আপনি দেখেছেন এখানে আমরা ক্ষুদ্র সেচখাতে যে পরিমাণ — ক্ষুদ্র সেচের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় উত্তর দিচ্ছিলেন এই বছরও আমরা দেখলাম যে এই রাজ্য থেকে ক্ষুদ্র সেচের বরাদ্দ ব্যয় করা গেল না, ফেরত চলে গেল। আমি এখানে প্রশ্ন করছি এন.আর.ই.পি. স্কীমের টাকা ফেরত চলে গেল, ইজ এন.আর.ই.পি. a matching grant ? No, sir, we are not prepared to Subscribe to the views of the Government,

রাজ্য যতখানি ব্যয় করতে পারবে, কেন্দ্রীয় সরকার ততখানি দেবে। অন্য রাজ্য এর সদ্ব্যবহার করছে, আমরা করতে পারিনি। আমরা এই রাজ্যে এই দুরবস্থা দেখছি তবুও বলতে হবে এই সরকার ঠিক পথে চলেছে।

নেক্সট্‌ আমাদের এখানে ইরিগেসন হচ্ছে মোষ্ট ইমপরট্যান্ট্‌। অনলি লেটলি, there are three sources of irrigation, dam, river, etc.

আমরা জিজ্ঞাসা করতে পারি আজকে ওয়েষ্ট বেঙ্গলে এই প্রচন্ড দাবদাহে মাননীয় মুখ্যমন্ত্রী বসে আছেন — আমরা জিজ্ঞাসা করছি তাঁর কাছে যে গত বছর পর্য্যাপ্ত পরিমাণে বৃষ্টিপাত হওয়া সত্ত্বেও আজকে বড় বড় জলাধার, ব্যারেজ, ড্যাম এবং রিজারবার গুলিতে জল নেই কেন? আজকে বোরো ক্রপ পর্য্যন্ত শুকিয়ে গেছে, চাষীরা মাথায় হাত দিয়ে বসেছে যে বোরো চাষ কি করে হবে। অর্থাৎ আপনাদের কো - অর্ডিনেসন নেই, ফোরসি নেই এবং আপনাদের মধ্যে সংবাদ আদান প্রদান নেই যে কি হতে পারে। আজকে রাজ্যে মেট্রোলজিক্যাল অফিস গুলি কি বলে। তারা যে কথা বলে তা আমরা মানিনা। এই বৈশাখে কবে বৃষ্টি হবে না হবে তার জন্য আমি আপনাদের এ্যাষ্ট্রনমি করতে বলিনি। বোরো ক্রপ ইজএ সামারপ্যাডি কিন্তু এই যে জলের অপচয়টা হয়ে গেল, আপনারা তাকে ধরে রাখতে পারলেন না। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, ৩৬৫ দিনে বা ১২ মাসে এক বছর হয়। আপনাদের কার্য্যকালে তিস্তা ব্যারেজ শুরু হয়েছে নর্থ বেঙ্গলে, আজ পর্য্যন্ত মন্ত্রী মহাশয় যে উত্তর দিয়েছেন — আমরা দুঃখিত তিস্তা ব্যারেজ কবে কমিশনড্‌ হবে, কবে জল দিতে শুরু করবে নো বডি নোজ নড ইভন দি মিনিষ্টার। ইট ইজ এ Productive expenditure, Teesta Barrage or similar other Project is paradise of the constractors.

আজকে যে রাজ্য গ্র্যান্ট ইন এডের পর্য্যায়ে নেমেছে সেখানে যদি ফিনানসিয়াল সুপারভিষণ ঠিক না হয়, এত লুজ হয় তাহলে আমাদের কোন ভবিষ্যত নেই। অন্য There are other institutional firance other than the state Government resources viz, Life Insurance Corporation of India and other inter national and national development agencies.

আজকে মাননীয় মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রী দুজনেই আছেন, তাঁদের বলছি আদার দ্যান ১০ ক্রোরস আমাদের এখানে আর কোন অনুদান কিংবা আর কোন সাবসিডি কিংবা গ্রান্ট কিম্বা ইন্সটিটিউসন্যাল ফাইনান্স আমরা গ্রহণ করতে পেরেছি? নো। তাহলে এই রাজ্যের পাশাপাশি অন্য রাজ্যে আমরা দেখছি ফর দি ডেভালাপমেন্ট অফ এগ্রিকালচার তারা ইনষ্টিটিউসন্যাল ফাইনান্সের সুযোগ নিয়ে অনেক দূর এগিয়ে চলে গেছে, কিন্তু আমাদের এখানে তা সম্ভব হয় নি। আজকে দোষ দিয়ে লাভ নেই, আমরা অনেক পিছিয়ে যাচ্ছি।

**[12.30—12.40 p.m.]**

আমি এখানে সোস্যাল সার্ভিস এ্যান্ড ইন্ডাষ্ট্রির ক্ষেত্রে আই শুড সে এ্যাবাউট ইন্ডাষ্ট্রী। আজকে শুধু স্মরণ করিয়ে দিতে চাই, অনলি আউটলেট অফ দিস খাদি এ্যান্ড স্মল স্কেল ইন্ডাষ্ট্রিজে আপনাদের ইডিওলজিক্যাল ইনহিবিটেশন, কন্ট্রাডিকশন থাকতে পারে, কিন্তু ইউ মাষ্ট লে ষ্ট্রেস্‌ অন খাদি এ্যান্ড ভিলেজ ইন্ডাষ্ট্রী। কিন্তু এক্ষেত্রে আমরা অসহায়। ক্রম হিয়ার টু মোষে সবটাই ডাইরেক্ট্‌ সার্টিফিকেশনের

জন্য চলে যাচ্ছে। কিন্তু এক্ষেত্রে আস্ত ডিপার্টমেন্ট আছে, কিন্তু ইট Cannot bring liaison beetween Central Certificate agency Khadi Commission and enter Preneurs in the khadi sector, village industry Sector.

মাঝে মাঝেই মুখ্যমন্ত্রীকে বলতে শুনি, আমরাও প্রসঙ্গক্রমে শুনেছি যে, হি হ্যাজ....

encouraged to leave the service from khadi and expansion of village industry.

কিন্তু কার্যত তা যে রূপ নেওয়ার কথা ছিল, ষষ্ঠ পরিকল্পনার শেষেও এই রাজ্যে তা সম্ভবপর হয়নি। ইন্ডাষ্ট্রির আর একটি বড় কথা হোল মর্ডানাইজেশন এ্যান্ড রিসার্চ, ডেভলপমেন্ট এ্যান্ড রিসার্চ। এখানে কিন্তু রিসার্চ এ্যান্ড ডেভেলপমেন্টের কোন ব্যবস্থা নেই। এই জিনিসটা দেখবার প্রয়োজন আছে। উল্টো দিকে একজিবিশন প্রসঙ্গে বলছি। আজকে ন্যাশনাল এ্যান্ড ইন্টারন্যাশানাল ফোরামে যেসব একজিবিশন হয়, সেখানে ওয়েষ্ট বেঙ্গল পূর্ণ সুযোগ নিতে পারছেনা। আজকে হিসাব থাকে তো বলে দেবেন-ওয়েষ্ট বেঙ্গল ইজ ব্যাকওয়ার্ড ইন সাম আর্টিকেলস্। আজকে ইন্টারনাল কনজামশনের জন্য যা প্রয়োজন বোধ ইন... defence service in railway service, police service, military and para-military service, hospital supply, village industry you could do a lot.

আজকে ইন্ডাষ্ট্রির ক্ষেত্রে সেই সম্ভবনা এখানে ওঁদের কার্যকালে হয়নি। আদার দ্যান্ ইকোনোমিক, সোস্যাল সার্ভিসের ব্যবস্থা আছে এখানে। কিন্তু স্যার, আপনি দেখতে পেয়েছেন — হেলথ্ এর আলোচনার সময় চিৎকার। এখানে বেসিক এ্যামিনিটিশ, সভ্য মানুষের প্রয়োজনীয় যে পানীয় জল, সে সম্বন্ধে এ পক্ষ এবং ও পক্ষের মাননীয় সদস্যরা বলেছেন যে, ইন মোর দ্যান ফাইভ থাউজেন্ড ভিলেজেস ষ্টিল পাণীয় জল পাচ্ছে না। আজকে রুরাল ওয়াটার সাপ্লাইকে কোন্ রাজনৈতিক কারণে যে আর ডিপার্টমেন্টের সঙ্গে এ্যালাইনমেন্ট করা হয়েছে আমি বুঝি না। এটা রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত। দাস্ ওয়াটার সাপ্লাই হ্যাজ বিন্ ফিটন্ ইন উইথ এগ্রিকালচার। অপর দিকে এগ্রিকালচার থেকে মাইনর ইরিগেশনকে বাদ দেওয়া হয়েছে। এতে হয়ত রাজনৈতিক ইচ্ছা চরিতার্থ হতে পারে, কিন্তু এর ফলে কো-অর্ডিনেশন সম্ভবপর নয়। আমরা দেখেছি, বোথ্ আরবান এ্যান্ড রুরাল এরিয়াজ এর ফলে ড্রিঙ্কিং ওয়াটার দেওয়া সম্ভব হয়নি। তারজন্যই গতবছর এন্টারিক ডিজিজ্ এর মহামারী দেখা দেয় এবং এবারও জনডিস, ইনএফেকটিভ হেপাটাইটিস্ বোথ্ এ এ্যান্ড বি গ্রুপ দেখা দিয়েছে। যতটুকু সার্ভিস আছে, সেখানেও ওঁদের ফন্টি টেকনিক এ্যান্ড ফন্টি আইডিয়ার জন্য সেটুকুও কাজ করছেনা। ডাঃ রায়ের আমল থেকে আমাদের সময় পর্যন্ত এ্যাবাউট থাউজেন্ড হেলথ সেন্টারস্ এ্যান্ড সাবসিডিয়ারী হেলথ সেন্টারস্ আমরা করেছি। তারমধ্যে, হেলথ মিনিষ্টর এক প্রশ্নের উত্তরে জানিয়েছেন যে, ৩০০ টি হেলথ সেন্টারে ডাক্তার নেই। পরে অবশ্য কন্ট্রাডিক্ট্ করেছেন। আমি একাধিকবার তাঁকে প্রশ্ন করেছিলাম যে, রেজিষ্টার্ড ডাক্তারের পোজিশন কি? তিনি উত্তর দিয়েছিলেন — এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে রেজিষ্টার্ড ডাক্তারের সংখ্যা ১৫ হাজার। পরবর্তীকালে কন্ট্রাডিক্ট্ করে তিনি জানিয়েছিলেন যে, ঐ সংখ্যা হচ্ছে ১৫০০ । আমি ধরে নিলাম রেজিষ্ট্রি খাতায় তাঁরা নাম লিখিয়েছিলেন, কিন্তু তাঁদের এ্যাপয়েন্টমেন্ট দেওয়া যাচ্ছে না কেন? অন্যদিকে

লেফটফ্রন্টের উর্বর মস্তিষ্কে একটি পরিকল্পনা এলো — আই উইল সে দ্যাট দি গর্ভণমেন্ট হিয়ার ইজ নট এ্যালং পাওয়ার ফুল, এর উপর একটি সুপার গর্ভণমেন্ট আছে, যাঁরা এই গভর্ণমেন্টকে কন্ট্রোল করছেন। সেই সুপার গর্ভণমেন্টের নীতি অনুসরণ করতে গিয়ে এরা হেলথ সার্ভিসে ৩ বছর মেডিক্যাল কোর্স চালু করলেন। কিন্তু ৩ বছর অতিক্রম করতে না করতেই সিদ্ধান্ত নিলেন যে, ৩ বছরের মেডিক্যাল কোর্স চলবে না। তাহলে হোয়াই ইউ আর প্লেয়িং উইথ দি লাইভস্ অফ এ্যাবাউট ৮০০ ট্রেনি ইন ফাইভ সেন্টারস্( আজকে তাঁদের ভবিষ্যতের কি হবে, নিশ্চয়ই সেটা জিজ্ঞাসা করতে পারি? আপনারা যখন এই কোর্স চালু করেছিলেন, তখন হোল ইন্ডিয়ান মেডিক্যাল ওয়ার্ল্ড, ইন্ডিয়ান মেডিক্যাল কাউন্সিল, প্র্যাকটিশনারস, হিয়ার অপোজড্ টু ইওর প্রপোজাল; সকলেই বলেছিলেন যে, ডু নট ইন্ট্রোডিউস্ থ্রি ইয়ারস্ মেডিক্যাল কোর্স। তা সত্ত্বেও আপনারা এটা চালু করেছিলেন। আপনাদের অভিজ্ঞতায় কোর্সটা ফুলফিল্ড হয়নি। যে সিদ্ধান্তটা নিয়েছিলেন, সেটা বামফ্রন্টের সিদ্ধান্ত এবং যা নাকি ৩ বছরের মধ্যে বাতিল হয়ে গেল। এ ক্ষেত্রে দোজ্ হু আর আন্ডার ট্রেনী — তাঁদের ষ্ট্যাটাস কি হবে, ডিগ্রি কি হবে, কার্যকারীতা কি হবে — এই কথা নিশ্চয়ই সরাসরি জিজ্ঞাসা করতে পারি? যেমন জিজ্ঞাসা করতে পারি — আপনাদের এই ভুলের জন্য এক দিকে যেমন অর্থ অপচয় হয়ে গেল, যা কিনা সম্পূর্ণভাবে আনপ্রোডাকটিভ এক্সপেনডিচার; অন্য দিকে , ইউ হ্যাভ প্লেড, উইথ দি লাইভস্ অফ প্রোমিসিং বয়েজ এ্যান্ড গার্লস ইন দি ফিল্ড অফ মেডিসিন। আপনারা তাঁদের জীবন নিয়ে খেলা করেছেন। তাঁদের কোন আউটলেট নেই, ভবিষ্যত নেই। বলেছিলেন, তাঁরা নাকি হাফ্ ডাক্তার হবেন, বেয়ার - ফুটেড্ ডাক্তার হবেন। এই ধরণের সিদ্ধান্ত এই সরকারের পক্ষেই সম্ভব।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য** : আপনি তো সাপোর্ট করেছিলেন।

**ডাঃ জয়নাল আবেদিন** : উই ডু নট Support it. We oppose it tooth and nail.

নেক্সট স্যার, হাসপাতাল যে সব আছে সেখানে এ্যকয়েনটিবিলিটি নেই। সেই দিন প্রসঙ্গক্রমে শুনলাম একটাপ্রাইমারী হেলথ সেন্টার আছে যেখানে ক্যার্টাস টু the needs of the entire block.

সেখানে বেড ৩৪০টি, ৯০০ টাকার মেডিসিন দেওয়া হয়। তাহলে Which caters to the needs of the patient.

আপনাদের আমলে পশ্চিমবাংলায় যেখানে সাড়ে পাঁচ কোটি মানুষ আছে তার মধ্যে পাঁচ কোটি মানুষের রুগ্ন হয়ে রয়েছে। দে আর নট entitled to full colories and full nutrition. আজকে হাসপাতালের দিক দিয়ে দেখি ম্যাননিউট্রেসান ইত্যাদি first and foremost cause of the diseace.

আজকে তার কোন প্রতিকার হচ্ছে না। সেই জন্য আমি মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করতে চাই হাসপাতালে যে অব্যবস্থা চলছে, যে অসুবিধা গুলি রয়েছে, তা ছাড়া ভায়োলেন্স আপন দি medical men, violence upon the para-medical men.

এগুলিকে বন্ধ করতে হবে। বিভিন্ন হাসপাতালে যে এডমিনিস্ট্রেসান রয়েছে, বিভিন্ন হেলথ সেন্টারে যে এডমিনিস্ট্রেসান রয়েছে সেটাকে ন্যাসানালাইজ করার জন্য অনুরোধ করবো। সেন্ট্রাল গভর্ণমেন্টের ডব্লু. এইচ. ও স্কীমের কমিউনিটি হেলথ গার্ড যেটা আগে ছিল সি. এইচ. ভি এবং এখন

হয়েছে সি. এইচ. জি এই ক্ষেত্রে আপনারা কিছু করেন নি। ন্যাশানাল লেভেল থেকে আপনারা টাকা পাচ্ছেন স্টেট গর্ভণমেন্ট is the imiplementing agency.

এই ব্যাপারে আপনারা কিছু না করার জন্য রিসারজেন্স অফ ম্যালেরিয়া হচ্ছে। একটা হেলথ সেন্টারে ১১৪ টি পেসেন্ট কালাজ্বরে এবং ম্যালেরিয়ায় আক্রান্ত হয়েছে। আমি ডাঃ বিধানচন্দ্র রায়কে ধন্যবাদ জানাই এই কারণে যে তাঁর আমলে তিনি ম্যালেরিয়াকে ইরাডিকেট করতে পেরেছিলেন। কিছু দিন আগে Small pox has been totally eradicated in India.

কিন্তু আই এম এ্যাফ্রেড হয়ত শুনবো এই সরকারের ব্যর্থতার জন্য ম্যালেরিয়া আবার দেখা দিয়েছে যে রকম স্মল পক্স এবং কালাজ্বর দেখা দিয়েছে। নাও আই কাম টু এডুকেসান। আপনারা এডুকেসানের ব্যাপারে কি ভাবে ইনটারফেয়ারেন্স করেছেন সেটা বলছি। মাননীয় মন্ত্রী মহাশয়ের ছেলেরা ইংরাজী মিডিয়ামে পড়বে আর অন্য লোকে ছেলেরা বাংলা মিডিয়ামে পড়বে। আপনারা সব ইংরাজী মিডিয়ামে লেখাপড়া শিখেছেন। আপনারা দু মুখী শিক্ষা নীতি চালু করেছেন। গ্রামে দরিদ্র মানুষেরা বাংলায় শিখবে আর আপনারা ইংরাজী শিখবেন। দেয়ার ইজ এ ডবল স্টান্টার্ড। গ্রামের স্কুলে পঞ্চম শ্রেণী পর্যন্ত ইংরাজী শেখানো হবে না, কিন্তু কিছু লোক আবার ইংরাজী পড়তে পারবে। দেয়ার ইজ ডবল স্টান্ডার্ড। শুধু তাই নয় দি গ্রস defect of the Government is adhocism.

আজকে গণতন্ত্রের কথা আপনারা প্রায়ই বলেন। প্রাইমারী স্কুল এডুকেসান এ্যাক্ট এখানে পাস হয়ে গেছে। আজকে স্কুল বোর্ডে নির্বাচন হচ্ছে না, বোর্ড অফ সেকেন্ডারী এডুকেসানে নির্বাচন হচ্ছে না, বোর্ড অফ হাইয়ার সেকেন্ডারী এডুকেসানে নির্বাচন হচ্ছে না। কেন নির্বাচন করা হচ্ছে না? হোয়াই ডু ইউ Come forward and interfare in the nomination and a appointment of vice Chancellor at the university level.

আজকে এই প্রসঙ্গে সরাসরি জিজ্ঞাসা করতে চাই কেন পলিটিক্যাল ইনটারফিয়ারেন্স হচ্ছে? with the educational system.

আজকে ইলেকটেড কমিটিতে বাতিল করে দিয়ে এ্যাডহক এডমিনিস্ট্রেটর নিয়োগ করার ফলে এডুকেসানে নৈরাজ্য দেখা দিয়েছে। গণ টোকাটুকি কি উঠে গিয়েছিল, কিন্তু এখন ইট ইজ reappearing here again.

এই মুখ্যমন্ত্রীর কার্যকালে অল ইন্ডিয়া কমপিটিটিভ সারভিসে কত জন বাঙ্গালী সফল হয়েছে? কতজন বাঙ্গালী কোয়ালিফাই করেছে? অল ইন্ডিয়া কমপিটিটিভ Police examination, Customes and Finance examination, foreign service, Economic service.

কতজন বাঙ্গালী প্রতিষ্ঠিত হয়েছে, আপনাদের ভুল শিক্ষানীতির ফলে এই জিনিষ হচ্ছে। ইট ইজ বিকজ of your interference with the educational system.

আজকে আমরা দেখতে পাচ্ছি বাঙ্গালী বঞ্চিত হচ্ছে। একসময় এই এডুকেসানে বাঙ্গালী প্রথম ছিল, এখন তারা পিছিয়ে আসছে। ইউ আর টু Borrow talent form other states to run the administration of your state.

শুধু তাই নয়, ইজ ইট নট a slug on the part of west Bengal which was member one at one point of tune.

এবার আসি পাবলিক ট্রান্সপোর্ট সম্বন্ধে। এর অবস্থা যে কি খারাপ সেটা কাউকে বলে বোঝাতে হবে না। জলপথ, স্থলপথ এবং বায়ুপথের মধ্যে কোন কো-অর্ডিনেসান নেই। আজকে কুচবিহারে বায়ুদূত হয়েছে, পশ্চিমদিনাজপুরে বায়ু দূত সারভিস কেন হবে না? আই কাম from West Dinajpur district

কেন এই জেলা বায়ুদূত থেকে বঞ্চিত থাকবে? রেলের ভাড়া বৃদ্ধি নিয়ে। আপনারা খুব ব্যস্ততা দেখালেন। আজকে এই ট্রান্সপোর্টের সঙ্গে জড়িত রোড। আপনার কার্যকালে ন্যাশানাল হাইওয়ে বিল্ডিংসের টাকা ফেরত গেল, তার ফলে রাস্তা ঘাটের অবস্থা এই রকম। আজকে রাস্তা ঘাটের অবস্থা এতোই খারাপ আপনি শুনলে অবাক হয়ে যাবেন স্যার, এজ মেনী as 31 accidents took Place during the length and breadth of last year.

তার কারণটা কি? বিকজ অফ ব্যাড রোড কনডিসান। কোন মেনটেনেন্স নেই। কোন কিছু বললেই বলবেন বাজেটে টাকা নেই। হ্যাব ইউ fruitfully and perpusefully utilised the resources? No. As such 4 Crores of rupees for the maintance of National High way have got back to the centre and now you are blaming the centre.

We are glad that the young prime Minister of our holy country said that West Bengal would never be neglected. We will take care of the problems of West Bengal. Inspite of this assurance this Government have gone back; they have not been able to exploit the resources provided by the Centre for the upliftment and maintenance of the State.

মাননীয় প্রধানমন্ত্রীর সঙ্গে বামফ্রন্টের কতিপয় সদস্য নৈশ ভোজে মিলিত হয়েছিলেন এবং সেই সময়ে প্রধানমন্ত্রী প্রতিনিধিদের এই আশ্বাস দিয়েছিলেন। কিন্তু কোন উন্নতিই দেখাতে পারেন নি এই বামফ্রন্ট সরকার — মোর সো ইন রোডস এ্যান্ড হাউজিং। এই ক্ষেত্রে নেপোটিজিমের চূড়ান্ত আমরা দেখছি। আমরা দেখছি একই মন্ত্রী এই হাউজিংয়ের দায়িত্বে আছেন এবং সীমাহীন দুর্নীতি ও নেপোটিজিম চলছে তাও দেখছি। এই দপ্তর নেপোটিজিমের একটা ব্যুরোয় পরিণত হয়েছে। ট্রান্সপোর্ট সম্বন্ধেও সেই একই কথা প্রযোজ্য।

(এই সময়ে লাল আলো জ্বলে ওঠে)

আই এ্যাম সরি স্যার, আমাকে আর দু মিনিট সময় দিন — আমি এরই মধ্যে শেষ করছি। মাননীয় মুখ্যমন্ত্রী পুলিশের দায়িত্ব নিয়েছেন। আপনি অর্থদপ্তরের দায়িত্ব নিয়েছিলেন — একই সঙ্গে বিদ্যুৎ দপ্তরের দায়িত্বেও ছিলেন, বর্তমানে অব্যাহতি পেয়েছেন আপনি পুলিশ দপ্তরের দায়িত্বে একাধিকবার আছেন। আপনি বলুন — যখন আপনি বিদ্যুৎ দপ্তরের দায়িত্বে ছিলেন — সেই সময়ে

পশ্চিমবঙ্গে বিদ্যুতের অবস্থা কোথায় নিয়ে দাঁড় করিয়েছিলেন? We have been able to perpetuate ever lasting darkness in the whole of West Bengal.

পুলিশ দপ্তরের দায়িত্ব নিয়ে আপনার কার্য্যকালে ইউ হ্যাভ বিন এ্যাবল টু পারপেচুয়েট asheer sense of anarcly amongst the people of West Bengal.

কারণ পুলিশ এখানে দলের লোককে সাহায্য করে। আজকে তাই আমরা দেখি পুলিশ ইঞ্জিনিয়ারিং কলেজের মধ্যে গিয়ে ফায়ারিং করে, এগজামিনেশন হলের মধ্যে ঢুকে ফায়ারিং করে। মাননীয় মুখ্যমন্ত্রী এখানে পুলিশী রাজ প্রতিষ্ঠা করতে সক্ষম হয়েছেন। এই রাজ্যে আজ কোন আইন শৃঙ্খলা নেই, শৃঙ্খলা ফিরিয়ে আনার কোন ব্যবস্থা নেই। আপনি পুলিশী রাজ কায়েম করতে চলেছেন। There are sporadic incidents of police mutiny.

আমরা ইসলামপুর থেকে শুরু করে কলকাতা এবং সম্প্রতি চুঁচুড়াতে দেখলাম পুলিশ মিউটিনি হয়েছে। ইউ আর এনকারেজিং দিস।

You are the engineer and architect of this police mutiny.

কিন্তু আমি আপনাকে স্মরণ করিয়ে দিতে চাই যে, লাষ্ট বাট নট দি least, sir, the Finance Minister is the architect and distributor of poverty here and the Chief Minister is the architect of perpetuating anarchy and darkness in the whole of West Bengal. With these words, Sir, I do not agree with the bill and rather I feel that it isobligatory for me to oppose it, and I do so. Thank you, Sir.

**মিঃ স্পীকার ঃ** Dr. Zainal Abedin, I find that you did not confine your self within the armbit of sub rule (4) of Rule 218.

**[12.40—12.50 p.m.]**

**শ্রী পতিত পাবন পাঠক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী আজকে যে 'এ্যাপ্রোপ্রিয়েশান বিল নাম্বার ২' এখানে উৎথাপন করেছেন, আমি তার প্রতি পূর্ণ সমর্থণ জানাচ্ছি। এই অধিবেশনে মাননীয় অর্থমন্ত্রী যে ব্যয় বরাদ্দ পেশ করেছিলেন তখন এবং বিভিন্ন দফাওয়ারী অলোচনার সময়ে মাননীয় সদস্যরা বিস্তৃত আলোচনা করেছেন। আজকে এই বিলে সেই বরাদ্দকৃত যে টাকা মঞ্জুর হয়েছে তার ব্যয় করার অনুমোদনের জন্য এখানে আনা হয়েছে। আমি বিশ্বাস করি যে, আপনারা এই বিলের প্রতি অনুমোদন জানাবেন এবং সমর্থন করবেন। আমরা সকলেই জানি যে বির্তকিত বিষয়ের উপর যে আলোচনা একবার করা হয়েছে, তা নিয়ে দ্বিতীয়বার আর আলোচনা আইনতঃ করা যায় না। সেই জন্য আলোচনার যে পরিধি আছে, তার মধ্যেই আমি আমার বক্তব্য রাখবার চেষ্টা করবো। ১৯৮৫-৮৬ সালের বাজেটের উপর সাধারণ আলোচনার সময় রাজ্য সরকারের ব্যয় নীতি এবং অন্যান্য আলোচ্য বিষয়ের কার্য্য বিররণ দেওয়া হয়েছে। সেই সময়ে আপনারা সকলেই নানা বিষয়ের উল্লেখ করেছেন। যখন ডিমান্ড ওয়াইজ আলোচনা হয়েছে, তখন ঐ সমস্ত বিষয়ের উপর আলোচনা ও উত্তরদান; সব কিছুই হয়েছে। সেই সমস্ত বিষয়ের উপরে

পুনরায় আলোচনাকে আমি নিষ্প্রয়োজন বলে মনে করি। সেই কারণে আমি ঐ সমস্ত বিষয়ের উপরে কোন আলোচনা করছি না।

আমাদের সরকারী বাজেটে তার যে ব্যয়বরাদ্দ নীতি সেটা সমাজের সাধারণ মানুষ এবং দুর্বলতর শ্রেণীর অনুকূলে করা হয়েছে, আর্থিক সুযোগ সুবিধা এদের উদ্দেশ্যে করা হয়েছে, এটা আপনারা নিশ্চয় দেখেছেন এবং এই উদ্দেশ্যেই সার্বিকভাবে এটা প্রয়োগ করা হয়েছে। সাধারণ মানুষ তার ফল ভোগ করতেও শুরু করেছে এবং এই সরকারের আমলে যে সমস্ত জনমুখী কর্মসূচী হয়েছে আপনারা জানেন তার পরিচয়ও ইতিমধ্যে পেতে আরম্ভ করেছেন। সার্বিক গ্রামীন উন্নয়নকে আমরা অগ্রাধিকার দিয়েছি এবং এটাই বিরোধী বন্ধুদের সবচেয়ে বেশী গাত্রদাহ। আজকে পশ্চিমবঙ্গের সাধারণ মানুষ, গ্রামের মানুষ দুই ধরণের সরকারের যে পার্থক্য তারা সেটা বুঝতে আরম্ভ করেছে এবং এটাই ওদের সবচেয়ে বড় গায়ের জ্বালা। ভূমি সংস্কারে উদ্বৃত্ত জমি পূর্ণ বন্টন এবং ক্ষুদ্র সেচ ব্যবস্থার সম্প্রসারণের প্রতিষ্ঠান ভিত্তিক ঋণ সরবরাহ মিনি কিট বিতরণ এবং সার, বীজ সরবরাহ জাতীয় গ্রামীণ কর্মনিয়োগ কর্মসূচী ইত্যাদির ফলে কৃষিউৎপাদনে অভূতপূর্ব অগ্রগতি হয়েছে। মাননীয় জয়নাল সাহেব তাঁর বক্তৃতার সময়ে খাদ্য স্বয়ংসম্পূর্ণতার অভাবের কথা উল্লেখ করলেন। আমি তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই যে আমাদের কৃষিযোগ্য জমির একটা বড় অংশে পাট, চা উৎপাদন হয় কিন্তু তার ফল কেন্দ্রীয় সরকার গ্রহণ করেন। এটা আমি বিরোধী পক্ষের বন্ধুদের অনুভূতির জন্য বলছি আমরা যদি চা, পাট উৎপাদন বন্ধ করে দিই বা কমিয়ে দিই তাহলে ভারতীয় অর্থনীতি কি হবে? আমরা যে খাদ্যে অনুদান পাই এটা কোন করুণা বা ভিক্ষা নয়। প্রয়াত প্রধানমন্ত্রী পন্ডিত জওহর লাল নেহেরু বলেছিলেন পশ্চিমবঙ্গকে যে, আপনারা পাট, চা, উৎপাদন বন্ধ করবেন না আপনাদের প্রতি পাউন্ড চা এবং পাটের বদলে আমরা চাল এবং গম্ দেব। সুতরাং আমরা আমাদের প্রাপ্য কেন্দ্রীয় সরকার থেকে নিয়ে থাকি, কিন্তু সেখানে প্রাপ্য যা পাওয়া উচিত তার থেকে কম দেওয়া হয়। কিন্তু তাসত্ত্বেও কৃষিক্ষেত্রে যে অগ্রগতি হয়েছে সেটা ইচ্ছা করে না দেখার ভান করছেন। প্রতিবছর গ্রামীন এলাকায় কাজ হচ্ছে, তার ফলে আমরা যেটুকু দেখতে পাচ্ছি তাতে ২৭ কোটি শ্রমদিবস সৃষ্টি হচ্ছে। এই তথ্য সত্য জেনেও স্বীকার করতে ওদের বড় বাধা। সমগ্র গ্রামীন সমাজজীবনে যে উন্নতি হচ্ছে তাতে আমাদের গ্রামের মানুষের মধ্যে চাঞ্চল্য দেখা দিয়েছে। বিরোধীবন্ধুদের দয়া করে সেটা দেখার সৎসাহস নেই। জনগণের বিপুল সংখ্যা গ্রামের অধিবাসী এবং তারা কৃষির উপর নির্ভরশীল। এছাড়া শিক্ষা জনস্বাস্থ্য এবং গ্রামীন জলসরবরাহের প্রভৃতির ক্ষেত্রে যে ব্যয় বরাদ্দ গ্রহণ করা হয়েছে সেগুলি বাস্তব অগ্রগতির দিক থেকে শ্রেষ্ঠ এবং এক্ষেত্রে উপযুক্ত ব্যয়ের পরিচয় দিয়েছেন। আজকে মাননীয় জয়নাল সাহেব বললেন আনপ্রডাকটিভ এক্সপেনডিচারের কথা, আমি দুঃখের সঙ্গে বলছি আপনারা যে দৃষ্টিভঙ্গীতে অভ্যস্ত তাতে এই সমস্যাটাকে আপনারা আনপ্রোডাকটিভ বলবেনই এবং তার ফল হিসেবে আজকে আমরা দেখতে পাচ্ছি আপনাদের পায়ের তলা থেকে মাটি সরে যাচ্ছে।

**[12.50—1.00 p.m.]**

আমাদের সরকার সর্বক্ষেত্রে মঞ্জুরীকৃত ব্যয়বরাদ্দ যথাযোগ্যভাবে প্রয়োগ করে থাকেন এমন ঘটনা কদাচিৎ ঘটেছে যেকানে মঞ্জুরীকৃত ব্যয় বরাদ্দ সম্পূর্ণভাবে কাজে লাগাতে পারা যায়নি বা কেন্দ্রের কাছে ফেরৎ গেছে। আমরা রোজই ওভারড্রাফটের কথা শুনি। বিভিন্ন উন্নয়ন মূলক কাজে

আমাদের যখন খরচ করতে হয় তখন আর্থিক আনুকুল্যের প্রয়োজনে ওভারড্রাফট নিতে হয়। আমরা বলছি যে জন উন্নয়ন মূলক কাজের জন্য ভবিষ্যতে ওভারড্রাফট নিতে হতে পারে। রিজার্ভ ব্যাঙ্ক থেকে ওভারড্রাফট কেন নিতে হয় এটা মাননীয় সদস্যরা জানেন। (এ ভয়েস : গ্র্যান্ট-ইন-এইড কেন নিতে হল?) ৩২৫ কোটি টাকা যখন আমাদের জন্য মঞ্জুর করা হল তার পরিবর্তে ১২৫ কোটি টাকা দেওয়া হল এবং বলা হল গ্র্যান্ট-ইন-এইড। এই ভাবে পশ্চিমবঙ্গ সরকারের পাওনা টাকা কেন্দ্রীয় সরকার দিচ্ছেন না এবং নানা ভাবে আমাদের উপর বাধা সৃষ্টি করছেন। একে ঐ ভাষায় ছাড়া আর ব্যাখ্যা করা সম্ভব নয়। রাজ্য সরকারের খরচ করার কতকগুলি সীমাবদ্ধতা আছে। দিল্লীতে মেসিন চালিয়ে নোট ছাপিয়ে রাতারাতি টাকার অভাব তারা পূরণ করে যেটা কোন রাজ্য সরকার করতে পারেন না। সেইজন্য প্রয়োজনীয় অর্থের জন্য রাজ্য সরকারগুলিকে যেখানে যাবার প্রায়োজন সেখানে যেতে হয়। রাজ্য সরকারগুলি কোন নূতন কর বসাতে পারেন না যতক্ষণ পর্যন্ত না কেন্দ্রীয় সরকার তা অনুমোদন করে। সুতরাং আর্থিক অসুবিধার কথা সমালোচনা না করে একে সমর্থন করে কেন্দ্রীয় সরকারের উপর পশ্চিমবঙ্গের অধিবাসী হিসাবে চাপ দেবার একটা নৈতিক দায়িত্ব আপনাদের আছে যা আপনারা করেন না। আমরা মনে করব বাজেট বির্তক হলেও আপনারা কেন্দ্রীয় সরকারের উপর পশ্চিমবঙ্গের স্বার্থে প্রয়োজনীয় চাপ সৃষ্টি করবেন। বর্তমান সাংবিধানিক এবং আর্থিক কাঠামোর মধ্যে রাজ্যগুলিকে তাঁদের নিজস্ব অর্থনীতি এবং শিল্পনীতি চালাতে হয়। প্রত্যেক রাজ্যের বেলায় একই নিয়ম। সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে রাজ্য সরকার অর্থসংগ্রহ করে। শিল্প নীতি কেন্দ্রীয় সরকার যা রচনা করেন তার মধ্যে থেকেই নিজেদের শিল্প নীতি পরিচালনা করতে হয়। শিল্পক্ষেত্রে আমরা নাকি পিছিয়ে আছি। এই বিষয়ে অনেক আলোচনা হয়েছে বলে আমি তার পুনরাল্লেখ করব না। যদি কেন্দ্রীয় সরকার চাইতেন পশ্চিমবঙ্গের শিল্পে অগ্রগতি হোক তাহলে যে যে বাধা শিল্পের অগ্রগতির ক্ষেত্রে আছে সেটাকে তারা দূরে সরিয়ে দিয়ে পশ্চিমবাংলার সাহায্য করতে আসতেন। আমরা বার বার বলছি চটকল জাতীয়করণ করা হোক কিন্তু কেন্দ্রীয় সরকার রাজী না হয়ে বলছেন বিবেচনা করবেন। অর্থাৎ এই বলে তারা পিছিয়ে যাচ্ছেন। শিল্পের ক্ষেত্রে পশ্চিমবাংলা পিছিয়ে যাচ্ছে আর একদিকে পশ্চিমবাংলার প্রতিটি শিল্পকে তারা শুকিয়ে মারার চেষ্টা করছেন। যেমন ওয়াগান এবং ইঞ্জিনীয়ারিং শিল্পের কথা এই ক্ষেত্রে স্মরণ করিয়ে দিতে চাই।

এই নীতি যদি কেন্দ্র পরিবর্তন না করেন, আজকে কোন অঙ্গ রাজ্য যদি দুর্বল হয় তাহলে কেন্দ্র দুর্বল হবে একথা কেন্দ্রর মনে রাখার দরকার আছে। মনে রাখবেন এই সীমাবদ্ধতার জন্য বাজেট বরাদ্দের মাধ্যমে পশ্চিমবঙ্গের জনগণের জীবনে মৌলিক কোন রুপান্তর ঘটবে একথা কোনদিন বলতে পারি না, কিন্তু নিশ্চয়ই আমরা একথা বলতে পারি বাজেট বরাদ্দের মাধ্যমে ব্যয় করার যে সুযোগ আমাদের হাতে আছে তা জনসাধারণের স্বার্থে ব্যয়িত হবে, শত অপচেষ্টা সত্ত্বেও পশ্চিমবঙ্গের মানুষ বামফ্রন্ট সরকারের নীতিকে রূপায়িত করবার জন্য চেষ্টা করবে এবং আমি আবার আশা করব এই যে বিল এখানে উত্থাপিত হয়েছে তাকে পরিপূর্ণ সমর্থন করবেন। এই কথা বলে আমি আর একবার এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সত্য রঞ্জন বাপুলি** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিগত বছরের হিসাব-নিকাশ হয়েছে, এই বছরের বাজেট আলোচনা দীর্ঘ হয়েছে, হবার পর আমরা যেটা বুঝতে পেরেছি সেটা ছোট্ট কথায় বলা যায় একটা পঙ্গু সরকার কাজ না করে স্লোগান এবং বক্তৃতা কে হাতিয়ার করে এগিয়ে যাবার একমাত্র

পথ যেটা সেটাই এই সরকার গ্রহণ করেছেন। এখানে বিধানসভার মাননীয় সদস্য যাঁরা আছেন আপনারা এই দীর্ঘ আলোচনার পরে যে যাঁর কেন্দ্রে যখন ফিরে যাবেন তখন লোকে যদি আপনাদের জিজ্ঞাসা করে যে বিধান সভায় এক বছরের আয় ব্যয় এর হিসাব আপনারা করলেন আমাদের দারিদ্র্য বেকারত্ব দূর করার জন্য কি নিয়ে এলেন, আমার মনে হয় আপনাদের জবাব দেবার কিছু থাকবে না, শুধু থাকবে যে আমরা বক্তৃতা দিয়ে এসেছি, আমরা সরকারকে সমর্থন করে এসেছি, সরকারকে সমর্থন করতে গিয়েছিলাম, জনগণের জন্য কিছু আদায় করে আনার জন্য আমরা যাইনি। এছাড়া আপনাদের আর বলার কোন পথ থাকবে না। স্যার, আমি হিসাব করে দেখলাম ১৮৭ জন বিধান সভার মাননীয় সদস্য বিভিন্ন মেনশান করে সরকারের ব্যর্থতা, ত্রুটি-বিচ্যুতি তুলে ধরার চেষ্টা করেছেন এবং কয়েকজন মন্ত্রী তা খণ্ডন করার চেষ্টা করেছেন বাজেট বক্তৃতার মাধ্যমে। আমি জানি না এই ১৮৭ জন মাননীয় সদস্য যাঁরা বামফ্রন্টে আছেন তাঁরা অসত্য বলেছেন কিনা, নাকি মন্ত্রীরা অসত্য বলেন আর যাঁরা বিধান সভায় অভিযোগ এনেছেন সেটা সত্য ভাষণ রেখেছেন। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর ভাষণ দেবার সময় সত্য কথাটা নিশ্চয়ই বলবেন এই বিশ্বাস আমার আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের রূপরেখা তৈরী করার জন্য মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় একটা ভাষণ দিয়ে ছিলেন, সেই ভাষণ আমাদের মধ্যে বিতরণ করা হয়েছে, আমরা সেই ভাষণ পড়েছি। সেই ভাষণ আমরা যতখানি বুঝতে পেরেছি সেটা আপনার কাছে রাখতে চাই। রাজ্যসরকার যদি সম্পদ সৃষ্টি না করে, শুধু যদি কেন্দ্রীয় সরকারের রাজস্বের উপর নির্ভর করে, তার দয়ার উপর নির্ভর করে তাহলে সেই সরকার কি গতিশীল হতে পারে? মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় সপ্তম পরিকল্পনায় পশ্চিমবঙ্গের রূপরেখার একটা বই আমাদের মধ্যে বিতরণ করেছিলেন।

**[1.00—1.10 p.m.]**

এই বইয়ের মধ্যে মুখ্যমন্ত্রীর একটা ভাষণ ছাপা হয়েছে এবং সেই বই মাননীয় সদস্যদের মধ্যে বিতরণ করা হয়েছে। কিন্তু দুঃখের বিষয় তার মধ্যে তিনি পশ্চিমবাংলার ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার কোন রূপরেখা দিতে পারেন নি বা দেবার মত কোন জিনিসও উপস্থিত করতে পারেন নি। তাঁর বক্তব্যের মধ্যে তিনি রিজিওন্যাল ইমব্যাল্যান্স, ইস্টার্ন জোন স্টেট এর কথায় বলবার চেষ্টা করেছেন। অর্থাৎ দেখা যাচ্ছে মুখ্যমন্ত্রী তাঁদের জন্য খুব চিন্তিত হয়ে পড়েছেন। এই বইতে মুখ্যমন্ত্রী বলেছেন, "আমি এখন একটা মৌল বিষয় উত্থাপন করছি। ১৯৮৫/৯০ সালে দেশের অর্থনৈতিক পরিকল্পনার বিষয়বস্তু সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণের কোন অধিকার বর্তমান কেন্দ্রীয় সরকার এবং কেন্দ্রীয় সরকার কর্তৃক নিযুক্ত যোজনা কমিশনের নেই। এর উপযুক্ত কর্তৃপক্ষ হবে লোকসভার পরবর্তী সাধারণ নির্বাচনের পর গঠিত সরকার। অতএব লোকসভার নির্বাচনের পর বিষয়টির পর্যালোচনার অধিকার রাজ্য সরকার সমূহের আছে" উনি তখন জানতেন না রাজীবগান্ধী প্রধানমন্ত্রী হবেন, উনি জানতেন না কংগ্রেস বিরাট মেজোরিটি নিয়ে আবার আসবে। কাজেই তাঁর বক্তব্যের মধ্যে সারবস্তু কিছু নেই, পশ্চিমবঙ্গ সরকারের কোন ধ্যান ধারনা নেই, ফাইনান্স কমিশনের কাছে তাঁদের বক্তব্য রাখার মত কিছু নেই। তিনি শুধুমাত্র একটি বক্তব্য রেখেছেন এবং সেটা হল কেন্দ্রীয় সরকারের অবিচার। এই বক্তব্য রেখে তিনি পশ্চিমবাংলার মানুষের মন বিষিয়ে দেবার চেষ্টা করেছেন। এই বই যে মাননীয় সদস্যদের মধ্যে বিলি করা হয়েছে এটা একটা দুর্ভাগ্যের বিষয়। মুখ্যমন্ত্রী রিজিওন্যাল ইমব্যাল্যান্সের কথা বললেন, ইস্টার্ন জোন স্টেট — এর কথা বললেন এবং আমাদের পাশের রাজ্য উড়িষ্যায়

ওয়েলথ এ্যাকোমুলেসন আমাদের চেয়ে ১৩ পারসেন্ট বেশী সেকথা বলেছেন। কিন্তু কৈ, তাঁরা তো আপনার কথা কিছু বলেনি। উড়িষ্যা, বিহার এগিয়ে যাচ্ছে কিন্তু আপনারা পিছিয়ে যাচ্ছেন। আপনি তাঁদের পা ধরে আছেন এবং চেষ্টা করছেন তাঁদের সকলকে সঙ্গে নিয়ে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে একটা ষড়যন্ত্র করার। "এ্যাপ্রোস্ টু দি ফাইভ ইয়ার প্ল্যান" (এই বই আমাদের মধ্যে বিতরণ করা হয়েছে। আপনারা কি দেখাতে পেরেছেন যার জন্য বলছেন দিস ইজ দি এ্যাপ্রোস টু দি ফাইভ ইয়ার প্ল্যান?) পশ্চিমবঙ্গ সরকার সেভেনথ্ ফাইভ ইয়ার প্ল্যানের কোন উপযুক্ত রূপরেখা দাখিল করতে পারেন নি, শুধুমাত্র কিছু কিছু জিনিস সম্বন্ধে একটু ধারণা দিয়েছেন এবং বলেছেন, ইন ফাইন We like to say the growth rate of the socio economic structure of the Eastern zone State will he considered. But no word with regard to west Bengal. It is unfortunate.

স্যার, বামফ্রন্ট সরকার বলেন আমরা নাকি অনেক এগিয়ে আছি। কিন্তু আপনি দেখুন এঁরা ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার রূপরেখাটি পর্যন্ত তৈরী করতে পারেন নি। অর্থমন্ত্রী এর জবাব কি দেবেন? আপনারা কি বলতে পারেন গত বছরের চেয়ে এই বছর এই রাজ্যে আপনারা কত বেশী সম্পদ সৃষ্টি করতে পেরেছেন বিহার এবং উড়িষ্যার তুলনায়? দেখবেন সকলে এগিয়ে গেছে কিন্তু আপনারা পিছিয়ে রয়েছেন এবং তার কারণ হচ্ছে সম্পদ সৃষ্টি করবার কোন চেষ্টা আপনাদের নেই।

দুর্ভাগ্যের সঙ্গে বলছি যে পশ্চিমবাংলা পিছিয়ে যাচ্ছে। অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি যে বামফ্রন্ট সরকার বলে থাকেন যে তারা না কি দেশের উন্নতির মান অনেক বাড়িয়েছেন উন্নতি করার জন্য অনেক এগিয়ে নিয়ে গেছেন। এটা যে কত বড় মিথ্যা কথা তা আজও কারও অজানা নেই। মুখ্য মন্ত্রীকে আমি স্মরণ করিয়ে দিতে চাই যে এই যে আর একটা বই আমাদের বিলি করা হয়েছে। জনগণের জয়যাত্রা ও বামফ্রন্ট সরকার। প্রথম পাতাতেই দেখছি মুখ্যমন্ত্রীর একটা ছবি রয়েছে, জনগণের সঙ্গে। তিনি জনগণকে প্রতিশ্রুতি দিয়েছিলেন সেটা এই বইতে লেখা আছে জনগণই আমাদের শক্তি — এঁরাই আমাদের এনেছেন, আমাদের সর্বশক্তি দিয়ে আমরা জনগণের এই বিপুল আস্থা ও বিশ্বাসের যোগ্যহতে চেষ্টা করবো। মুখ্যমন্ত্রী ভাষণ দিলেন জনগণের আস্থা অর্জন করার জন্য। কিন্তু আসলে আজকে পশ্চিমবাংলার কি হাল হয়েছে তা আর কারও অজানা নেই। ওঁরা বার বার বলে থাকেন ওনাদের না কি একটা বাম নীতি আছে। আপনাদের নীতি হচ্ছে সুবিধাবাদী নীতি। আপনাদের সুবিধার জন্য কখনও লোকদলের সঙ্গে হাত মেলান, কখনও জনতা পার্টির সঙ্গে হাত মেলান — যতসব ওঁচা পার্টির সাথে আপনারা হাত মেলান আপনাদের স্বার্থে। এই হচ্ছে আপনাদের নীতি। আপনাদের নীতি অত্যন্ত পরিষ্কার, আপনাদের নীতি হচ্ছে সুবিধাবাদী নীতি। আপনারা পঞ্চায়েত রাজের কথা বলেন। পঞ্চায়েতের ভূমিকার কথা বলেন আমাদের পঞ্চায়েত মন্ত্রী। বর্ধমানের জন্য ক্ষুদ্র সেচ দপ্তর থেকে লক্ষ লক্ষ টাকা ফিরে গেল অথচ খরচ করতে পারলেন না। পঞ্চায়েতে দুর্নীতি ধারাবাহিকভাবে হয়ে চলেছে। আপনাদের সি.পি.এম দলের ১৩৭ জন পঞ্চায়েত প্রধান টাকা আত্মসাতের দায়ে হয় তারা জেলে আছে নয় গ্রেপ্তার হয়েছে, নয় জামিনে আছে। আপনারা বলেন জনগণের পাশে আছেন। আমি খুব বিনয়ের সঙ্গে বলি চক্র রেলের পাশে উদ্বাস্তুরা বসে আছে। সেখানে প্রশান্ত শূর ভাষণ দিয়ে এলেন এদের সরানো যাবে না। আর আলিপুরে সি.পি.এম. এর দলভুক্ত নয় বলে তাদের বুলডোজার দিয়ে তাদের সমস্ত কিছু ভেঙ্গে দেওয়া হোল। হাজার হাজার

লোক যাদের কোন সংগঠন নেই বলে তাদের উপর এই ব্যবহার করলেন। আর চক্র রেলের পাশে যারা আছে তারা আপনাদের সমর্থক বলে তাদের উপর কিন্তু বুলডোজার চালানো হোল না— বরং তার বদলে প্রশান্ত শূর মহাশয় অভয়বাণী দিয়ে এলেন, বিকল্প ব্যবস্থা না করা পর্যন্ত এদের সরানো চলবে না। ওঁরা আবার নীতির কথা বলেন। কলকাতা কর্পোরেশনে হাজার হাজার লোক এ্যাপয়েন্টমেন্ট দিলেন। তাদের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে কিন্তু নেওয়া হোল না। আবার এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে দু নম্বর খাতা করে আপনাদের সি.পি.এম কর্মীদের কাজে নেবার চেষ্টা করেছেন। কোথায় আপনাদের নীতি? আপনাদের সুবিধাবাদী নীতির মধ্যে দিয়েই আপনারা ভারতবর্ষের, এবং পশ্চিমবাংলার বুকে এসেছেন। আপনাদের নেতা জ্যোতিবাবু কংগ্রেস সম্বন্ধে অনেক আজেবাজে কথা বলেন। এই বিধানসভার গতবারে এবং তার আগের বারেও আশ্বাস দিয়েছিলেন যে দু এক বছরের মধ্যে তিনি বিদ্যুতের একটা সুরাহা করে দেবেন। কিন্তু তা হয়েছে কি?

**Mr. Speaker :** Mr. Bapuli, Please submit the part of that proceedings to me. You have pointed out about some proceedings. So please submit that part of the proceedings to me. The rule is that it you quote something should lay at on the table for correctness of your submission.

**[1.10—1.20 p.m.]**

**শ্রী সত্য রঞ্জন বাপুলী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে জনগণের জয়যাত্রা ও বামফ্রন্ট সরকার বলে একটা বই ছাপা হয়েছে। এতে বিদ্যুৎ বলে একটা জায়গায় লেখা রয়েছে, সাঁওতালডিহি তৃতীয় ও ৪র্থ ইউনিট ২৪০ মেগা ওয়াট গ্যাস টারবাইন, কসবা (১ম ও দ্বিতীয় সেট ৪০ মেগাওয়াট) শিলিগুড়ি (১ম সেট) ২০ মেগাওয়াট, হলদিয়া (১ম দ্বিতীয় সেট) ৪০ মেগাওয়াট, মোট ৩৪০ মেগাওয়াট। এই যা বলেছেন, এটা কি দিতে পেরেছেন? এটা কি সত্য কথা? পশ্চিমবাংলার মানুষের কাছে কি জানানো হয়েছে যে এই চারটি গ্যাস টারবাইন চলছে কিনা এবং এই গ্যাস টারবাইন পশ্চিমবাংলার মানুষের কত ইউনিট বিদ্যুৎ দিয়েছে? পশ্চিমবাংলার মানুষের টাকা নিয়ে এই সব বই এর মাধ্যমে অসত্য প্রচার করেছেন এবং বলছেন গ্যাস টারবাইন চলছে। অত্যন্ত লজ্জার কথা। এই রকম অসত্যে ভরা বই বিধানসভার সদস্যদের, এই বিধানসভার কাউন্টার থেকে বিলি করা হয়েছে। আমি জানি না, মাননীয় অধ্যক্ষ মহাশয় এর জন্য প্রিভিলেজ আনা যায় কি না। কারণ অসত্য কথা বলে মাননীয় সদস্যদের বিভ্রান্ত করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটা গুরুত্বপূর্ণ কথা বলতে চাই। আমি জানি হাসপাতালের মন্ত্রী আজকে এখানে নেই, তাঁরা নাকি পশ্চিমবাংলার মানুষের জন্য সেবার ব্যবস্থা করেছেন। আমি বিনীত ভাবে বলতে চাই, পশ্চিমবাংলার মানুষের কাছে অর্থমন্ত্রী বলবেন, আপনি যে টাকা নেবেন, সেই টাকা নিয়ে পশ্চিমবাংলার মানুষকে আপনি কি দিয়েছেন, অর্থমন্ত্রী বক্তৃতা দেবার সময় জবাবী ভাষণে বলবেন। কেন আজকে হাজার হাজার গ্রামবাংলার হাসপাতালে বেড পড়ে রয়েছে, সেখানে রোগীদের পথ্যের ব্যবস্থা থাকে না, আজকে ২৪ পরগণার সবচেয়ে বড় হাসপাতাল, এম.আর.বাঙ্গুর, এই হাসপাতালে ২৪ পরগণার হেডকোয়ার্টার, এই হাসপাতালে ২৪ পরগমার সমস্ত সাবসিডিয়ারী হেলথ্ সেন্টার, প্রাইমারী হেলথ্ সেন্টার থেকে এমার্জেন্সি কেসগুলো আসে, এই হাসপাতালে ১৭ টি কেবিন আছে, তার মধ্যে একটি কেবিন রোগী

রাখার ব্যবস্থা আছে, আর বাকীগুলোতে স্তুপীকৃত হয়ে থাকে বিছানা, খাট, ইত্যাদি জিনিস পত্র। এই হাসপাতালে ৪০০ জন নার্স আছে এবং ডাক্তার আছে। এক একটা বিছানায় দু জন করে রোগী থাকে, যার ফলে একজনকে যে ইনজেকশন দেবার কথা, তাকে তা না দিয়ে পাশের জনকে ইনজেকশন দিলো, তার ফলে একজনের মৃত্যু হয়, পরিতাপের বিষয়, আটটা বছর চলে গেল অথচ ২৪ পরগণা জেলার সবচেয়ে বড় এই হাসপাতালে কোন ব্লাড ব্যাঙ্ক নেই। অথচ ওঁরা বলেন আমরা জনগণের বিশ্বাস ভাজন হবো। জনগণের সেবা করার চেষ্টা করবো। ২৪ পরগণা হচ্ছে ওয়ান ফিফথ্ অব ওয়েষ্ট বেঙ্গল। এই রকম একটা জেলার সবচেয়ে বড় হসপিটাল, সেখানে ৪০০ জন নার্স আছে, ৪৫০ টি বেড আছে, সেখানে চিকিৎসার কোন ব্যবস্থা নেই। ঐ হাসপাতালে বাঁচার জন্য কেউ যায় না, মরার জন্য যায়। মাননীয় অর্থমন্ত্রী, আপনি টাকা ভুরি ভুরি নেবেন, খরচ করবেন, কিন্তু কি দিতে পেরেছেন এই পশ্চিমবাংলাকে? আমি অত্যন্ত পরিষ্কার ভাবে বলছি, মুর্শিদাবাদে ৬৬ টি কমিউনিটি হেলথ্ সেন্টার আছে, তার মধ্যে ১৭ টি হেলথ্ সেন্টারে কোন ডাক্তার নেই, চিকিৎসার কোন ব্যবস্থাও নেই। আপনার অর্থদপ্তর থেকে প্রত্যেকটি ডিপার্টমেন্টে টাকা দেওয়া হয়, কিন্তু এই সব হাসপাতালে কোন চিকিৎসা ব্যবস্থা নেই। কেন সেখানে ডাক্তার থাকে না? ডাক্তারের কোন ব্যবস্থা নেই কেন, এই বিষয়ে আপনি নিশ্চয়ই জবাবী ভাষণে তা বলবেন।

আপনারা টাকা নেবেন অথচ সেই টাকা খরচ করার অবকাশ নেই। ৪ টাকা করে রুগীর খাবার ছিল সেটা ৪ টাকা ৫০ পয়সা করেছেন। আর এদিকে আপনাদের ষ্ট্যাটিসটিক অনুযায়ী প্রত্যেক জিনিসের দাম শতকরা ৫৭ ভাগের উপরে বেড়ে গেছে। আজকে হাসপাতালগুলিকে শ্মশানে পরিণত করেছেন। হাসপাতালে কোন চিকিৎসা ব্যবস্থা নেই, মানুষ সেখানে যেতে পারে না। আমি এই সম্পর্কে একটা পরিসংখ্যা দিই। নদিয়ার স্বাস্থ্য কেন্দ্রে ৪৫ জন ডাক্তারের অভাব। ২৬ টি হাসপাতালে কোন ডাক্তার নেই, ডাক্তার বিহীন হাসপাতাল চলছে। আজকে মানুষের মৌলিক যে অধিকার শিক্ষা, চিকিৎসা ইত্যাদি ব্যাপারে তার প্রত্যেকটির প্রাথমিক পর্যায়ে আপনারা সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন। অথচ এই বামফ্রন্ট সরকার মানুষের কাছে বলে থাকেন যে জনগণের সেবা করাই নাকি তাদের ধর্ম জনগণের সেবা করার জন্য নাকি তারা এসেছেন এবং জনগণের সেবা করার জন্য তারা ব্যস্ত থাকবেন। মাননীয় অধ্যক্ষ, আজকে যেখানে গ্রামে চিকিৎসা ব্যবস্থা নেই, হাসপাতালে ঔষধ নেই, ডাক্তার নেই, সেখানে এই সমস্ত বিধানসভার সদস্যরা যখন গ্রামে ফিরে যাবেন তারা সাধারণ মানুষের কাছে কি বলবেন আমি জানি না। আপনারা সরকারে জয়ঢাক বাজাবার চেষ্টা করুন কিন্তু গ্রামের লোক জানে যে তারা কি দুরবস্থার মধ্যে বাস করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে দুর্ভাগ্যের বিষয় যে এরা অপসংস্কৃতির কথা বলেন এবং অপসংস্কৃতি নাকি এদের কাছে অত্যন্ত খারাপ। সে জন্য অপসংস্কৃতির বিরুদ্ধে নানা শ্লোগান দিয়েছেন। এই যে বইটা আপনারা বিলি করেছেন তাতে অপসংস্কৃতি সম্পর্কে বলেছেন যে আমরা এর বিরুদ্ধে সংগ্রাম চালিয়ে যাব। অথচ ক্যাবারে ড্যান্স থেকে আপনারা টাকা রোজগার করছেন, বড় বড় হোটেল থেকে টাকা রোজগার করছেন। আমি জানি না যে আপনাদের বইয়ের সঙ্গে বা জনগণকে যে কথা বলেন তার সঙ্গে বা নীতির সঙ্গে কোথায় মিল আছে। আমি জানি না ক্যাবারে ড্যান্স অপসংস্কৃতি কি না? মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী হয়ত মাঝে মাঝে সেখানে যান যোগ দিতে, তার জন্য হয়ত সেটাকে লিগালাইজ করা হতে পারে। আমি জানি না যে অপসংস্কৃতির মধ্যে সেটা পড়ে কিনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শেষে দুঃখের সঙ্গে আপনাকে একটা কথা বলি। আজকে বামফ্রন্ট সরকার সাত বছর ধরে পশ্চিমবাংলায়

মানুষকে কি দিয়েছে তার জবাব তাদের দিতে হবে। আবার আমরা যখন সামনের বছরে আসবো তখন তার জবাব নেব। আজকে তাই একটা বলবো আপনারা সেটা অত্যন্ত বিচক্ষণতার সঙ্গে বিবেচনা করবেন। আজকে পশ্চিমবাংলা এখন ধুঁকছে, পশ্চিমবাংলা জ্বলছে। তাই একথা বলি যে হোয়েন রোম বানর্স নিরো ফিডলেস, আর আজকে ওয়েষ্ট বেঙ্গল বার্নস জ্যোতিবাবু ইজ ফিডলিং। আজকে রোমে নিরোর যে অবস্থা হয়েছিল, পশ্চিমবঙ্গে জ্যোতিবাবুর অবস্থা একই হয়েছে মাননীয় সদস্যদের একটা কথা অত্যন্ত বিচক্ষণতার সঙ্গে বলবো, এটা আপনারা বিবেচনা করবেন বলে আশা করবো। আজকে সকলকে একথা বলতে চাই যে আজকে প্রয়োজন হচ্ছে অর্থনৈতিক কর্মসূচীর মাধ্যমে ...মত পার্থক্যকে দূর করা। আজকে শ্লোগানের প্রতিযোগিতা নয় প্রয়োজন হচ্ছে উন্নতির প্রতিযোগিতা। কত বেশী নলকূপ বসানো যায়, কত বেশী রাস্তা করা যায়, কত বেশী হাসপাতাল করা যায়, কত বেশী শিল্প করা যায়, কত বেশী কলকারখানা খোলা যায়, কত বেশী মানুষের উপকার করা যায় আজকে সেই প্রতিযোগিতা হোক। রাজনীতিকে উর্দ্ধে রেখে পশ্চিমবাংলার সমস্ত মানুষ এক হয়ে আসুন এই প্রতিযোগিতায় অংশ গ্রহণ করি। সেই প্রতিযোগিতায় যদি হয় তাহলে আমি মনে করি বামফ্রন্টের যে চরিত্র বামফ্রন্ট সরকারের যে চরিত্র সেটা পশ্চিমবঙ্গের মানুষের কাছে উজ্জিবীত হবে এবং পরিস্ফুটিত হবে। আজকে মার্কসীয় নীতি, মার্কসীয় দর্শণ প্রচার করা ছাড়া যে সরকারে আর কোন কাজ নেই সেই সরকার অবাঞ্ছিত সরকার, অপাংক্তেয় সরকার এবং সেই সরকার হচ্ছে বামফ্রন্ট সরকার। এই কথা বলে এবং বিলের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

**[1.20—1.30 p.m.]**

**মিঃ স্পীকার :** মিঃ বাপুলী, আপনি বিলের বিরোধিতা করলেন, না সমর্থন করলেন(

**শ্রী সত্য রঞ্জন বাপুলী :** সরি, স্যার, আমি এই বিলের বিরোধিতা করছি।

**শ্রী অনিল মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের বক্তৃতাই হল শ্লোগান সর্বস্ব, এই বক্তৃতার সঙ্গে বাস্তবের কোন যোগ নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওদের বক্তৃতা শুনে আমার মনে হল ওরা মাঠে বক্তৃতা করছেন, বিধানসভায় নয়। কোন তথ্য না রেখে হাউসের কাছে কতগুলি কথা ওরা বলে গেলেন। পশ্চিমবাংলার ইতিহাস, অন্ততঃ কংগ্রেসের ইতিহাস জানেন এটাই আমরা মনে করেছিলাম। কিন্তু ওরা এতই অপগন্ড, অপদার্থ যে, পশ্চিমবাংলার কংগ্রেসের ইতিহাসই ভুলে গেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্বাধীনতার পরে ডাঃ বিধানচন্দ্র রায়ের আমলে পশ্চিমবাংলার অর্থনৈতিক অবস্থার কথা কি ওরা ভুলে গেলেন? ওরা নিশ্চয়ই জানেন ১৯৪৭ সালে পশ্চিমবাংলার পার ক্যাপিটা ইনকাম ভারতবর্ষের অন্যান্য রাজ্যের মধ্যে প্রথম স্থানে ছিল। আর বিধানচন্দ্র রায়ের ১০ বছর রাজত্বে সেই পশ্চিমবাংলার স্থান মহারাষ্ট্রের পরে দ্বিতীয় হল। আর স্বাক্ষরতার ক্ষেত্রে স্বাধীনতার পরে ১৯৪৭ সালে পশ্চিমবাংলার স্থান কেরলের পরেই ছিল, অর্থাৎ পশ্চিমবাংলার স্থান দ্বিতীয় ছিল। আর বিধান চন্দ্র রায়ের ১০ বছর রাজত্বে সেই স্থান পঞ্চমে নেমে এল। শিল্প ক্ষেত্রে পশ্চিমবাংলা দ্বিতীয় স্থানে ছিল, উত্তরপ্রদেশের পরেই তার স্থান ছিল। আর বিধান চন্দ্র রায়ের ১০ বছর রাজত্বে সেই স্থান সপ্তমে নেমে এল। আপনারা কি জানেন না বিধানচন্দ্র রায়ের সেই করুণ আর্তনাদের কথা? প্রথম, দ্বিতীয়, তৃতীয় ফিন্যান্স কমিশনের কাছে তিনি পশ্চিমবাংলার দাবী দাওয়া নিয়ে কত আর্তনাদ করেছিলেন. এরা কি জানেন না কংগ্রেসের অতীত, বর্তমানকালের ইতিহাস?

প্রফুল্লচন্দ্র সেন মহাশয় খাদ্যাভাবের জন্য বলেছিলেন আমরা পশ্চিমবাংলার চা এবং পাট উৎপাদন বন্ধ করে দেব— এই কথা কি ওরা ভুলে গেলেন? ওরা কি জানেন না পশ্চিমবাংলার খাদ্য আন্দোলনের সময় বিধানচন্দ্র রায়ের আমলে কংগ্রেসী গুলিতে হাজার হাজার মানুষ প্রাণ দিয়েছিল? মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭৫ সালে ওদেরই সদস্য খাদ্য ও অন্যান্য অভাব অনটনের জন্য এখানে অনশন করেছিলেন। ওরা কংগ্রেসী রাজত্বের কথা আমাদের বলছেন, শুনলেও হাসি পায়। সেই সময় যারা মন্ত্রী ছিলেন তাদের দু একজন এখনো এখানে বসে আছেন। ওরা বলছেন কৃষি ক্ষেত্রে কিছুই হয়নি। ১৯৭৬/৭৭ সালে কত উৎপাদন করেছিলেন শুনুন। ১৯৬৯/৭০ সালকে বেস ইয়ার ধরে যদি ১০০ করা হয় তাহলে ১৯৭৬/৭৭ সালে ওরা ১১৬.৩ উৎপাদন করেছিলেন। ইনডেক্সের হিসাব তাই বলে। ১৯৭৭/৭৮ সালে সেটা বেড়ে ১৩৯.৪ হল এবং সর্বভারতীয় ক্ষেত্রে সেটা ১৩৩.৩ হল। সর্বভারতীয় ক্ষেত্রে যখন ১৩৩.৩ হল পশ্চিমবাংলার উৎপাদনের ইনডেক্স হল ১৩৯.৪।

১৯৭৯/৮০ সালে এখানে উৎপাদন হয়েছিল ১১৫.০৭. সেখানে সারা ভারতবর্ষের গড় ছিল ১১৬.০৫। ১৯৮০/৮১ সালে এখানে উৎপাদন হয়েছিল ১৩৫.৫ এবং সেখানে সারা ভারতবর্ষের গড় ছিল ১৩২। পশ্চিমবাংলার উৎপাদনের চেয়ে সর্বভারতীয় উৎপাদন কৃষিতে অনেক কম হয়েছিল। ১৯৮৩/৮৪ সালে সেটা বেড়ে হয়েছে ১৫০, যা সর্বভারতীয় গড়ের কাছাকাছি। তা ছাড়া স্যার, এই প্রসঙ্গে আরো যেটা বিবেচিত সেটা হচ্ছে, আমরা আমাদের অনেক কৃষি জমিতে চা ও পাট উৎপাদন করে থাকি এবং তা দিয়ে সারা ভারতবর্ষের জন্য বৈদেশিক মুদ্রা অর্জিত হয়। আমরা সারা ভারতবর্ষের জন্য ত্যাগ স্বীকার করি কিন্তু ওরা সেসব কথা বলতে চান না। এর পর আমি শিল্পের কথায় আসি। স্যার, শিল্পের ক্ষেত্রে ওদের আমলে ওরা এখানে কি উন্নতি করেছিলেন এবং আমরা কি করেছি সেটা একটু বিশ্লেষণ করছি। ইনডেক্স অব প্রডাকসান in manufacturing industries in WestBengal.

১৯৭০ সালকে বেস ধরে তাকে যদি আমরা ১০০ ধরি তাহলে দেখা যাচ্ছে ১৯৭৫ সালে সেটা হয়েছে ১০২.৭ এবং বামফ্রন্টের আমলে সেটা হয়েছে ১২১.০৯ যেটা ওদের চেয়ে বেশী। ১৯৭৮ সালে ১১৭, ওদের চেয়ে বেশী; ১৯৭৯ সালে ১১৬, ওদের চেয়ে বেশী। তারপর ১৯৮০ সালে হয়েছিল ১১৯.৮ সেটাও ওদের থেকে বেশী। তার পরবর্তীকালের ফিগারও আছে। ম্যানুফ্যাকচারিং in unregistered factory.

সেটা হচ্ছে ৪৯৪.৭৬ ক্রোরস্। ১৯৮১/৮২ সালেও সমতা আছে, তারপর ৫০৫ হয়েছে. তারপর ৪৯৮ হয়েছে। কাজেই আপনারা দেখতেই পাচ্ছেন শিল্পের ক্ষেত্রে ক্রমবর্ধমান উন্নতি পরিলক্ষিত হচ্ছে। এরা স্যার, এসব কথা বলেন না, এদের কথা হচ্ছে ঐ অশ্বথামা হত'র মত, ইতি গজ'টা আর এরা বলেন না। স্যার, আপনি জানেন, ১৯৭৯/৮০ সালে সারা ভারতবর্ষের প্রচন্ড খরা হয়েছিল এবং পশ্চিমবঙ্গও সেই খরার আগুনে সাংঘাতিক ভাবে পুড়েছিল। তাছাড়া ১৯৭৮ সালের বন্যার কথাও আপনারা জানেন। এর ফলে সারা ভারতবর্ষের মতন পশ্চিমবাংলাতেও কৃষি উৎপাদন হ্রাস পেয়েছিল। ঐ রকম খরা, বন্যা ওরা ওদের ১৯৭২/৭৭ সালের রাজত্বকালের মধ্যে চোখেও দেখেন নি। তা সত্ত্বেও ওঁদের আমলে ওঁদেরই সদস্য কাশীবাবু বলেছিলেন, দুর্ভিক্ষের ছায়া, দুর্ভিক্ষের ইংগিত তিনি দেখতে পাচ্ছেন। ওঁদের বহু এম.এল.এ এখানে অনশন পর্যন্ত করেছেন। শ্রীশরদিন্দু সামন্ত তিনি অনশন পর্যন্ত করেছিলেন। আমি চ্যালেঞ্জ করে এসব কথা বলছি, আপনারা যদি চান

তাহলে সেইসব দিনের প্রসিডিংস এনে এখানে পড়তে পারেন। স্যার, কৃষি, শিল্পের উন্নতি ওঁরা দেখতে পাচ্ছেন না, অন্ধের মত ভান করছেন। এরপর আমি বিদ্যুতের কথায় আসি। ওঁদের লজ্জা করে না বিদ্যুতের কথা বলতে?

**Mr. Speaker :** Mr. Mukherjee, if you refer to any proceedings you should lay it on the table. If you do not lay it why do you refer to any proceedings ? It is a bad habit.

**[1.30—1.40 p.m.]**

**শ্রী অনিল মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওরা বামফ্রন্টের আমলে শিক্ষা ক্ষেত্রের উন্নতির কথা বললেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওদের রাজত্বকালে ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত. পাঁচ বছরে ওরা গোটা পশ্চিমবাংলায় মাত্র ১৯৮ টি মাধ্যমিক স্কুল করেছিলেন। আর আমাদের সময়ের গত ৭ বছরে প্রায় ৫০০ উচ্চমাধ্যমিক বিদ্যালয় স্থাপিত হয়েছে। আজকে গ্রামে পাকা বাড়িতে প্রাথমিক বিদ্যালয় করা হচ্ছে। যা ওরা কোন দিনও কল্পনা করেন নি। ওদের সময়ে গাছের নীচে অথবা দুর্গা মন্দিরে অথবা কোন আটচালায় বা রাস্তার ধারে প্রাথমিক বিদ্যালয় হ'ত। আজকে প্রতিটি গ্রামে প্রাথমিক বিদ্যালয়ের জন্য পাকা বাড়ি হয়েছে। ওদের সময়ে ওরা সাড়ে সাত শত কোটি টাকার বাজেট পেশ করতেন, আজকে আমাদের সময়ে আড়াই হাজার কোটি টাকার বাজেট বরাদ্দ করা হয়েছে। তিন থেকে চার গুণ বাজেট বরাদ্দ বৃদ্ধি পেয়েছে। শুধু তাই নয়, ওদের শেষ বছরে ১৯৭৬/৭৭ সালে ১০০ কোটি টাকা ডেফিসিট্ ছিল। সে টাকা আজও আমাদের অর্থমন্ত্রী মহাশয়কে শোধ করতে হচ্ছে। অর্থাৎ কংগ্রেসের অতীত পাপের প্রায়শ্চিত্ত করতে হচ্ছে। ওরা পশ্চিমবাংলার মাথায় ১৫.০০ কোটি টাকা ঋণ রেখে গিয়েছিলেন, বামফ্রন্ট সরকারকে প্রতি বছর ৬১৫ কোটি টাকা করে কেন্দ্রীয় সরকারকে অতীতের ঋণ শোধ করতে হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেন্দ্রর বিরুদ্ধে কিছু বলা হলেই ওরা বলেন, আমরা মানুষকে কেন্দ্রের বিরুদ্ধে বিষোচ্ছি। এবং সেই উদ্দেশ্য নিয়েই নাকি ঐ সব কথা বলছি। এটা দুঃখের কথা, লজ্জার কথা, ঘৃণার কথা যে ওরা পশ্চিমবাংলার সন্তান। পশ্চিমবাংলার জন্য স্বর্গীয় বিধান চন্দ্র রায় বিভিন্ন দাবী রেখেছিলেন। পশ্চিমবাংলার পাট থেকে ভারত সরকারের যে আয় হয় এবং পশ্চিমবাংলা থেকে আয় কর হিসাবে ভারত সরকার যে টাকা নিয়ে যায় তার ন্যায্য অংশ পশ্চিমবাংলাকে দেবার জন্য ডাঃ বিধানচন্দ্র রায় কেন্দ্রের কাছে দাবী জানিয়েছিলেন। যখন কেন্দ্রীয় সরকার আমাদের আয় করের টাকা বিহার, এবং ইউ.পি' তে দিতে শুরু করল তখন তিনি এই দাবী জানিয়েছিলেন। এবং ডাঃ রায় লিখিত ভাবে ফিনান্স কমিশনেরও কাছেও এই দাবী জানিয়েছিলেন। পশ্চিমবাংলাকে বঞ্চনা করার বিরুদ্ধে, পশ্চিমবাংলাকে লুঠ করার বিরুদ্ধে ডাঃ বিধানচন্দ্র রায় বলেছিলেন, তিনি কেন্দ্রের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করেছিলেন। আজকে ওদের যদি সাহস থাকে তাহলে ওরা যে কথা বামফ্রন্টের বিরুদ্ধে বলেছেন, সে কথা ডাঃ বিধানচন্দ্র রায়ের বিরুদ্ধেও বলুন। বলুন যে, ডাঃ বিধানচন্দ্র রায়ও মানুষের মনকে কেন্দ্রর বিরুদ্ধে বিষিয়ে দেবার জন্য ঐসব বলেছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুতরাং যে বাজেটের ব্যয় মঞ্জুরী বিল আজকে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় পেশ করেছেন সেই বাজেট দিয়ে পশ্চিমবাংলা গঠনের কাজ এগিয়ে যাবে, তার জন্য আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি। এবং এই এ্যাপ্রোপ্রিয়েসন বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ধীরেন্দ্র নাথ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এখানে অর্থমন্ত্রী পশ্চিমবঙ্গে ব্যয় মঞ্জুরী প্রয়োজন (২নং) বিধেয়ক, ১৯৮৫' উত্থাপন করেছেন এবং সঞ্চিতনিধি থেকে টাকা খরচ করবার দাবী রেখেছেন। আমার বক্তব্য হচ্ছে পশ্চিমবাংলার সঞ্চিতনিধি থেকে আগামী বছর কোনো টাকা খরচ করবার তাঁর কোনো অধিকার নেই। কারণ পশ্চিমবঙ্গে নিরপেক্ষ এবং পরিচ্ছন্ন প্রশাসন বলে কিছু নেই। নিরপেক্ষ এবং পরিচ্ছন্ন প্রশাসনের যে নজির বামফ্রন্ট রাজত্বে আমাদের সামনে হাজির হয়েছে তাতে পশ্চিম বাংলার সমস্ত মানুষ আঁতকে উঠছে। আজকে পশ্চিমবাংলায় প্রশাসন প্রহসনে পরিণত হয়েছে। আমরা লক্ষ্য করছি কি গ্রামে, কি শহরে দিনের পর দিন সর্বত্র দলীয় রাজনীতি কায়েম করবার চেষ্টা চালিয়ে যাওয়া হচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমার জিজ্ঞাস্য, আজকে এই তহবিল থেকে যে টাকা খরচ করবেন সেটা কি দলের ক্যাডারদের জন্য এবং দলের উন্নয়নের জন্য? আজকে উন্নয়নের নামে এবং পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে উন্নয়নের নামে যে টাকা খরচ করা হয়েছে এবং আগামী দিনে যে টাকা খরচ করবার জন্য রেখেছেন বাস্তবক্ষেত্রে তা কার্যে পরিণত হবে না। আমরা লক্ষ্য করছি, যে সমস্ত টাকা বিভিন্ন খাতে পাচ্ছেন, কেন্দ্রীয় সরকারের মাধ্যমে যে টাকাগুলি পাচ্ছেন, গ্রামের উন্নয়নের জন্য র‍্যুরাল ইলেকট্রিফিকেশনের জন্য যে টাকা পাচ্ছেন সেইসব টাকা-পয়সা ঠিকমত ব্যয় করতে পারছেন না। আজকে গ্রামাঞ্চলে বিদ্যুতের অবস্থা অত্যন্ত শোচনীয়। গ্রামাঞ্চলে নতুন বিদ্যুতের লাইনগুলির অবস্থা শোচনীয়। বছরের পর বছর লাইনগুলি খুঁটি নিয়ে দাঁড়িয়ে আছে। সেখানে কোন বৈদ্যুতিকরণ করা হচ্ছেনা। অথচ আপনারা এই ব্যাপারে কেন্দ্রের কাছ থেকে বহু টাকা পেয়েছিলেন গ্রামীন বৈদ্যুতিকরণ খাতে ব্যয় করবার জন্য। কিন্তু আপনারা ব্যয় করতে পারেন নি, বহু টাকা ফেরৎ গেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে উৎপাদন কোথায় গিয়ে পৌঁছেছে সেটা লক্ষ্য করার বিষয়। উৎপাদনকে বিশেষতঃ দুই ভাগে ভাগ করা হয়। এক হচ্ছে, কৃষি ভিত্তিক উৎপাদন আর দুই হচ্ছে, শিল্পভিত্তিক উৎপাদন। কৃষিভিত্তিক উৎপাদনের অবস্থা অত্যন্ত শোচনীয়। প্রতি বছর পশ্চিমবাংলার জনসাধারণকে খাওয়াবার জন্য লক্ষ লক্ষ টন চাল এবং গম কেন্দ্রের কাছ থেকে আমদানী করতে হয়। সেচের প্রসার করে উৎপাদন বাড়াবার জন্য যেসব বিভিন্ন প্রকল্প গ্রহণ করা হয়েছিল তৎকালীন রায় মন্ত্রীসভার আমলে আপনারা আসার পর সেইসব প্রকল্পগুলিকে পদদলিত করে দিয়েছেন। তাই আমরা দেখতে পাচ্ছি, বছরের পর বছর পশ্চিমবাংলার মানুষের জন্য কেন্দ্রের কাছ থেকে চাল এবং গম এবং অন্যান্য জিনিষ সংগ্রহ করছেন এবং এজন্য প্রচুর টাকা রাজ্য থেকে বেরিয়ে যায়। আমরা লক্ষ্য করছি, উৎপাদনের জন্য যে কৃষি সাজ-সরঞ্জাম রাখা হয়েছে সেই সমস্ত সাজ-সরঞ্জাম গুলি ব্যর্থতায় পর্যবসিত হতে সুরু করেছে। বহু ডীপ-টিউবওয়েল এবং নদী সেচ প্রকল্প অকেজো হয়ে পড়ে রয়েছে। কৃষি কাজের জন্য প্রয়োজনীয় টাকা পাওয়া যাচ্ছে না। ফলে উৎপাদন ক্রমাগত অবনতির দিকে যাচ্ছে। কলকারখানায় উৎপাদন নেই কারণ বিদ্যুৎ নেই। দিনের পর দিন বিদ্যুৎ ঘাটতির জন্য বহু কলকারখানা লক-আউটের অবস্থায় এসে পৌঁছে গেছে। অনেক কারখানা বন্ধ হয়ে গেছে। আবার বহু কারখানা অন্যত্র সরিয়ে নিয়ে যাবার চক্রান্ত শুরু হয়েছে। এছাড়া রুগ্ন শিল্পগুলিকে সারাবার পরিবর্তে দিনের পর দিন আরোও রুগ্ন করার প্রচেষ্টা সুরু হয়েছে। সেই জন্য আমি বলতে চাই, আজকে দেশে উৎপাদন ব্যাহত হচ্ছে এবং অপরদিকে সমস্ত জায়গায় দলবাজি সুরু হয়েছে। এই দলবাজি পশ্চিমবাংলার মানুষ সহ্য করবে না। তাই আমি বলছি, এই সব দলবাজি বন্ধ করা দরকার তা না হলে পরিচ্ছন্ন প্রশাসনের

মাধ্যমে পশ্চিমবাংলার উন্নতি হবে না। এরপর আমি, দেশে শিক্ষা ব্যবস্থা কোথায় গিয়ে দাঁড়িয়েছে সেই সম্বন্ধে দু-একটি কথা বলছি। আজকে শিক্ষার নামে দেশে অপসংস্কৃতি সুরু হয়েছে। এই সব অপসংস্কৃতি গ্রামগুলিতে প্রকট হয়ে দেখা দিয়েছে।

আজকে শহরাঞ্চলে যে সমস্ত অশ্লীল ছবিগুলিকে দেখানো হয় সিনেমার মাধ্যমে এবং থিয়েটারের মাধ্যমে এর দ্বারা মানুষকে অশ্লীল মনোবৃত্তির দিকে এগিয়ে দিচ্ছে। এর জন্য দায়ী মাননীয় অর্থমন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়। যদি লক্ষ্য করে দেখা যায় তাহলে দেখবেন, "এ" মার্কা ছবিগুলিতে জমজমাট ভিড় হয়। সেখানে কারা যায়? আমাদের পশ্চিমবাংলার যুবক-যুবতীরা মনোরঞ্জনের জন্য যায়। এইভাবে অপসংস্কৃতি যুব সমাজের মধ্যে এবং যুব মানসের মধ্যে ঢোকাবার চেষ্টা করছেন। সুতরাং একে বরদাস্ত করা যায় না। এরপর গ্রামাঞ্চলের দিকে তাকান, গ্রামাঞ্চলেও বহু চক্রান্তকারী ঢুকে গেছে। সেখান থেকে বহু নাবালিকাকে ভুলিয়ে অন্যত্র সরিয়ে দেবার চেষ্টা করা হচ্ছে বহু দিন ধরে। এই ব্যাপারে এই হাউসে বহু বার আমি বলেছি এবং মাননীয় সদস্যরাও বলেছেন কিন্তু আজও পর্যন্ত এ ব্যাপারে পুলিশ প্রশাসনের কোন ভ্রূক্ষেপ নেই। পুলিশ প্রশাসন তার দায়িত্ব-ভার এড়িয়ে চলছেন।

**[1.40—1.50 p.m.]**

তাই আমি বলতে চাই যে আজকে গ্রামে যে সমস্ত অপসংস্কৃতি চলছে সেগুলি বন্ধ করা দরকার। আমাদের রাজ্য সরকার সেদিকে মনোযোগ দেওয়ার দরকার আছে বলে মনে করেন না। তিনি সেদিকে ভ্রূক্ষেপ না করে শুধু সঞ্চিত তহবিলের টাকা ব্যয় করার দিকে মনোযোগ দিয়েছেন। ওঁরা সর্বদাই বলেন যে আমরা যে টাকা পাই তা খুবই স্বল্প, আমাদের ক্ষমতা অত্যন্ত সীমিত, এর জন্য কেন্দ্রীয় সরকারের কাছে থেকে বেশী করে আদায় করা দরকার। তাঁরা সর্বদাই কেন্দ্রের বিরুদ্ধে জনগণকে ক্ষেপিয়ে তোলার ষড়যন্ত্র করছেন। এটা বরদাস্ত করা যায় না। বিভিন্ন সময় কেন্দ্রের কাছ থেকে পাওয়া টাকার হিসাব থেকে আমরা লক্ষ্য করেছি যে, বহু ক্ষেত্রে তাঁরা কেন্দ্রের দেওয়া টাকা ব্যয় করতে সক্ষম হন না। তারপর বেকারদের কথা, আজ বেকারের সংখ্যা কোথায় গিয়ে দাঁড়িয়েছে? গ্রাম এবং শহর দুই অঞ্চলেই আজ বেকার ছেলেরা অতিষ্ঠ হয়ে উঠেছে। ওঁরা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের কথা বলেন, আজকে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের নামে রাহাজানি হচ্ছে। পশ্চিমদিনাজপুরে বহু প্রাথমিক শিক্ষক অবৈধভাবে নিয়োগ করা হয়েছে। সেই সব প্রাইমারী শিক্ষকদের কার্য্যকলাপের কথা শুনলে আপনি অবাক হয়ে যাবেন। তারপর ঐ পশ্চিম দিনাজপুর ডিসট্রিক্ট স্কুল বোর্ডের ঘুষের রাজত্ব কায়েম করার জন্য বিভিন্ন রকম চেষ্টা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় তাই আমি পরিষ্কার বলে দিতে চাই যে, শুধুমাত্র একটা শ্লোগানের মাধ্যমে পশ্চিমবঙ্গের মানুষকে আন্দোলন মুখে নিয়ে গিয়ে এই পশ্চিমবঙ্গের কল্যাণ করা সম্ভব নয়। কাজেই তিনি আজকে এই যে বিল উৎথাপন করেছেন তা অযৌক্তিক এবং অবাস্তব। তাই আমি তাঁর এই প্রস্তাবের বিরোধিতা করছি এবং আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস :** মিঃ স্পীকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে এ্যাপ্রোপ্রিয়েসন বিল এখানে উত্থাপন করেছেন তাকে আমি সম্পূর্ণ সমর্থণ করছি। আমি বিরোধীপক্ষের বিশেষ করে ডাঃ জয়নাল আবেদিন সাহেব এবং মাননীয় সদস্য শ্রী সত্যরঞ্জন বাপুলী মহাশয়ের বক্তব্য খুব

মনোযোগ দিয়ে শুনলাম। তিনি প্রবীণ সদস্য, যেখানে বাজেট হয়ে গেল, বাজেটের পরবর্তী সময়ে এই ব্যয়ের অনুমোদনের যে বিল সেই বিলের ক্ষেত্রে তিনি কিছু গঠনমূলক দৃষ্টিভঙ্গীর পরিচয় দেবেন যাতে করে এই সরকার পক্ষের মন্ত্রী সভার সদস্যরা আগামী দিনের বিষয় প্রণয়নের ক্ষেত্রে কিছুটা সহায়তা পেতে পারবে। কিন্তু আমরা দেখলাম যে তিনি যে বক্তব্য রেখেছেন তাতে বিভিন্ন সময়ে বাজেট বক্তব্য এবং দফাওয়ারী যে বক্তব্য তার থেকে ভিন্ন কোন কথা তার মধ্যে ছিল না। প্রথমেই একটা কথা বলে দেওয়া ভাল যে জয়নাল আবেদিন সাহেব তাঁর বক্তব্য রাখতে গিয়ে বললেন পশ্চিমবঙ্গ সরকার সমাজতান্ত্রিকতার দিকে অগ্রসর হচ্ছেন। এসব প্রশ্ন ওঠে না। তিনি স্ববিরোধী কথা কেন বললেন, যেখানে ভারতবর্ষ জুড়ে ধনতান্ত্রিক ব্যবস্থা চলছে সেখানে শুধু পশ্চিমবঙ্গ সমাজতন্ত্র হয়ে যাবে এটা প্রত্যাশা করা যায় না। তিনি এই স্ববিরোধী কথা বললেন।

আজকে পরিকল্পনার ক্ষেত্রে এই অনিশ্চয়তা কেন? এটা সহজেই বোঝা যায় যে, কেন্দ্রীয় সরকারের যে পরিকল্পনা — সেটা আজও শেষ হোল না। স্বাভাবিকভাবেই রাজ্যের যে পরিকল্পনা — সেই পরিকল্পনাও চূড়ান্ত রূপ পাচ্ছে না। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছিলেন, রাজ্যের যে যোজনা সেই যোজনা সেপ্টেম্বরের আগে শেষ হতে পারে না। কারণ এ ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারে যে বরাদ্দ সেটা সম্পর্কে নিশ্চয়তা পাওয়া না গেলে রাজ্যের যোজনাও ঠিক করা সম্ভব নয়। মিঃ স্পীকার স্যার, আজকে আমরা কি দেখছি? মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তাঁর বাজেট বিবৃতিতে স্পষ্ট করে বলেছিলেন যে, উদ্বৃত্ত বাজেট যা দেখান হয়েছে সেটা কতদুর ঠিক থাকবে জানিনা, কেন্দ্রের আসন্ন পরিকল্পনা আমাদের সব হিসেব উল্টোপাল্টা করে দিতে পারে। সত্যি কথাই বলেছিলেন তিনি। আজকে কেন্দ্রের বাজেট এবং রেল বাজেট এর প্রতিক্রিয়া ইতিমধ্যেই সুরু হয়ে গেছে। আমরা দেখতে পাচ্ছি যে, মুদ্রাস্ফীতি ঘটে গেছে এবং পাইকারী ও খুচরা বাজারে দর বেড়ে গেছে। এই সব সম্ভাবনার কথাই তিনি সেদিন বলেছিলেন। এই সব কথা তো ওরা বললেন না? রাজ্যের বাজেট নির্ভর করবে, কার্যকর হবে এবং যে দৃষ্টিভঙ্গীতে এটা প্রণয়ন করা হয়েছে তা কতটা কার্যকর হবে সেটা নির্ভর করবে কেন্দ্রীয় সরকার অর্থনৈতিক অবস্থায় কতটা স্থায়ীত্ব রাখতে পারবেন তার উপর। কিন্তু আমরা দেখতে পাচ্ছি, অর্থনীতিতে কেন স্থায়ীত্ব নেই, মুদ্রাস্ফীতি ঘটে গেছে এবং বাড়তি নোট ছাপাচ্ছেন তাঁরা। কেন্দ্রীয় বাজেটের দুই তিন সপ্তাহের মধ্যেই এটা দেখা যাচ্ছে। আমি একটি কথা স্মরণ করিয়ে দিচ্ছি — এক সময় ভারত রাষ্ট্রের বিধায়ক, ভারতের ভাগ্যবিধাতা পণ্ডিত জওহরলাল নেহেরু একটি শ্লোগান দিয়েছিলেন। এক সময় তিনি প্রজাতন্ত্রের কথা, সমাজতন্ত্রের কথা বলেছিলেন এবং একটা মিশ্র আর্থ-সামাজিক অবস্থার উপর দাঁড়িয়ে সেই সমাজতন্ত্রের কথা বলেছিলেন। কিন্তু আজকে কি অবস্থা? শ্রী রাজীবগান্ধী কেন্দ্রে প্রধানমন্ত্রী হিসাবে ক্ষমতাসীন হবার পর যে অর্থনীতি অনুসরণ করছেন তাতে দেখা যাচ্ছে যে, তাঁদের সেই সমাজতন্ত্র থেকেও সরে গেছেন। আমেরিকার একজন অর্থনীতিবিদ্ মিল্টন ফিডম্যান ছিলেন অবাধ বাণিজ্য নীতির পক্ষে। আজকে কেন্দ্রীয় সরকার তাঁর সেই অবাধ বাণিজ্য নীতি গ্রহণ করেছেন। ভারতের মিশ্র অর্থনীতিতে পাবলিক এবং প্রাইভেট সেক্টরে এতদিন পর্যন্ত সমাজতান্ত্রিক পথ অনুসরণের যে সম্ভবনা ছিল, বর্তমান কেন্দ্রীয় সরকার অত্যন্ত সুনিপুণভাবে সেখান থেকে দুরে সরে আসছেন। যদিও জানি মিশ্র অর্থনীতির উপর নির্ভর করে সমাজতন্ত্রের দিকে এগোনো যায় না, কিন্তু আজকে ফিনান্স মিনিষ্ট্রি তাঁরা যেভাবে চালাচ্ছেন, তাতে কি করে সমাজতন্ত্রের অভিমুখে যাবেন, কি করে সেপথে অগ্রসর হবেন? সেইজন্যই লক্ষ্য করছি, বাজেটের শেষে ভারতের সমস্ত চেম্বার অফ কমার্স তাঁদের অভিনন্দন জানিয়েছেন। এটা কিসের লক্ষণ? আজকে ওঁরা পুঁজিবাদী

অর্থনীতি গড়ে তুলতে চাইছেন। পরিকল্পনা যা গ্রহণ করলেন, তার ফলে আমরা দেখছি, চেম্বার অফ কর্মাসের সমস্ত গোষ্ঠী তাকে সমর্থন জানালেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় এখানে ওঁরা অনেক কথা বলেছেন; বাজেট আলোচনার সময় শিক্ষা প্রসঙ্গে, বিদ্যুৎ প্রসঙ্গে, কৃষির প্রসঙ্গে অনেক কথা বলেছেন। কিন্তু শিক্ষা প্রসঙ্গে সবাই জানেন যে রাজ্য বাজেটের ২১ শতাংশ বতমানে শিক্ষাক্ষেত্রে ব্যায়িত হচ্ছে এবং তার ফলে পশ্চিমবঙ্গে শিক্ষাটা সার্বজনীন হয়েছে, প্রসারিত হয়েছে। অপর দিকে কেন্দ্রীয় সরকার শিক্ষাখাতে মাথাপিছু ৯৯ পয়সা যা বরাদ্দ করতেন, সেটা এবার কমে গিয়ে ৮৮ পয়সায় দাঁড়িয়েছে। তবে এখানে শিক্ষা ক্ষেত্রে কিছু বিতর্ক আছে, ইংরেজি নিয়ে বির্তক আছে। একটা পুরোনো চিন্তাধারাকে ভেঙ্গে ফেলে নতুন কিছু করতে গেলে বাধা বিপত্তির সামনে পড়তেই হয়। বামফ্রন্ট সরকারও শিক্ষাক্ষেত্রে যে নীতি গ্রহণ করেছেন সেক্ষেত্রে তাঁর সমালোচনা উঠবে, চিৎকার উঠবে, কায়েমী স্বার্থের পক্ষ থেকে চিৎকার উঠবে, এতে অবাক হবার কিছু নেই বা পিছিয়ে যাবার কিছু নেই। এঁরা শিক্ষার কথা বলছেন! বিশ্বভারতী কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের স্বপ্নের প্রতিষ্ঠান এবং এর মাধ্যমে যে শিক্ষা ব্যবস্থা তিনি সারা ভারতবর্ষে প্রসারিত করতে চেয়েছিলেন, সেই শিক্ষায়তন আজকে কলুষিত হয়েছে, কারণ আজকে সেখানে একজন ভুয়া ডিগ্রিধারীকে পাঠান হয়েছে। বিশ্বভারতীর মত পবিত্র জায়গা, যেখানে অনেক স্বনামধণ্য ব্যক্তি জীবনের বৃহত্তর অংশ কাটিয়ে গেছেন এবং শিক্ষা-সংস্কৃতির ক্ষেত্রে বাস্তব ভূমিকা পালন করেছেন, আজকে সেই পবিত্র স্থানে একজন লোকসভার সদস্যকে পাঠান হয়েছে। তাই বলছি যে, আপনারা শিক্ষা সম্বন্ধে যত কম কথা বলবেন ততই কল্যাণ।

**[1.50—2.00 p.m.]**

সুতরাং শিক্ষা নিয়ে ওনারা যত কম কথা বলবেন ততই কল্যাণ। বিদ্যুতের প্রসঙ্গে ওনারা বলেছেন। কিছু দিন আগে বিদ্যুতের বাজেট বির্তক হয়েছে। বিদ্যুতের সংকট চলছে সেটা আমরা জানি। আমরা জানি আধুনিক সভ্যতার ভিত্তিভূমি হচ্ছে বিদ্যুৎ। বিদ্যুৎ ছাড়া কোন অগ্রগতি ঘটতে পারে না। আমরা আর তাম্র যুগে বাস করছি না। প্রস্তর যুগে বাস করছি না, আমরা সেই জায়গা থেকে অনেক দূরে অগ্রসর হয়ে এসেছি। স্বাভাবিক ভাবে এখন বিদ্যুতের প্রশ্ন আছে। আমরা দেখেছি কংগ্রেস আমলে বিদ্যুৎ ব্যবস্থা ভেঙ্গে পড়েছিল। পশ্চিমবাংলায় যে সমস্ত প্রকল্প তৈরী হচ্ছে সেই গুলির অনুমোদন মিলছে না। কোন পাওয়ার প্রজেক্ট অনুমোদন পাওয়া যাচ্ছে না। সাগরদীঘি থেকে শুরু করে সমস্ত জলবিদ্যুৎ এবং তাপ বিদ্যুতের প্রকল্প পাঠানো হয়েছে, কিন্তু কেন্দ্র তার অনুমোদন দিচ্ছে না। পশ্চিমবাংলাকে ধ্বংস করার যে চক্রান্ত সেই চক্রান্তের রাস্তা হল এই পাওয়ার প্রজেক্ট করতে না দেওয়া। এই কথা বারে বারে উল্লিখিত হয়েছে, এই ব্যাপারে বেশী বলে কোন লাভ নেই। কেন্দ্রীয় সরকারের বঞ্চনার কথা এত বেশী করে সকলে জেনে গিয়েছে যে সেই ব্যাপারে পরিসংখ্যান দিয়ে বোঝাবার দরকার হয় না। পশ্চিমবাংলাকে ধ্বংস করবার জন্য কেন্দ্রীয় সরকার সুপরিকল্পিত ভাবে চক্রান্ত চালিয়ে যাচ্ছে। এই চক্রান্তের অনিবার্য পরিণাম হচ্ছে পশ্চিমবাংলাকে অর্থনৈতিক দিক থেকে ভেঙ্গে দেওয়া। বিপ্লবের যে অগ্রগামী ভাবনা সেই ভাবনা পশ্চিমবাংলা থেকে তৈরী হয়। পশ্চিমবাংলার এই বৈপ্লবিক আগুনের শিখা সেটা সমস্ত ভারতবর্ষকে প্রজ্বলিত করবে। সেই জন্য ভারতবর্ষে যাঁরা কায়েমী স্বার্থের প্রতিভূ তাঁরা আতঙ্কিত এবং আতঙ্কিত বলে তাঁরা নানা ভাবে চেষ্টা করছেন পশ্চিমবাংলাকে ধ্বংস করার। স্যার, আমরা কি দেখছি? সেই দিন বিধানসভায় কথা উঠেছিল

মনোযোগ দিয়ে শুনলাম। তিনি প্রবীণ সদস্য, যেখানে বাজেট হয়ে গেল, বাজেটের পরবর্তী সময়ে এই ব্যয়ের অনুমোদনের যে বিল সেই বিলের ক্ষেত্রে তিনি কিছু গঠনমূলক দৃষ্টিভঙ্গীর পরিচয় দেবেন যাতে করে এই সরকার পক্ষের মন্ত্রী সভার সদস্যরা আগামী দিনের বিষয় প্রণয়নের ক্ষেত্রে কিছুটা সহায়তা পেতে পারবে। কিন্তু আমরা দেখলাম যে তিনি যে বক্তব্য রেখেছেন তাতে বিভিন্ন সময়ে বাজেট বক্তব্য এবং দফাওয়ারী যে বক্তব্য তার থেকে ভিন্ন কোন কথা তার মধ্যে ছিল না। প্রথমেই একটা কথা বলে দেওয়া ভাল যে জয়নাল আবেদিন সাহেব তাঁর বক্তব্য রাখতে গিয়ে বললেন পশ্চিমবঙ্গ সরকার সমাজতান্ত্রিকতার দিকে অগ্রসর হচ্ছেন। এসব প্রশ্ন ওঠে না। তিনি স্ববিরোধী কথা কেন বললেন, যেখানে ভারতবর্ষ জুড়ে ধনতান্ত্রিক ব্যবস্থা চলছে সেখানে শুধু পশ্চিমবঙ্গ সমাজতন্ত্র হয়ে যাবে এটা প্রত্যাশা করা যায় না। তিনি এই স্ববিরোধী কথা বললেন।

আজকে পরিকল্পনার ক্ষেত্রে এই অনিশ্চয়তা কেন? এটা সহজেই বোঝা যায় যে, কেন্দ্রীয় সরকারের যে পরিকল্পনা — সেটা আজও শেষ হোল না। স্বাভাবিকভাবেই রাজ্যের যে পরিকল্পনা — সেই পরিকল্পনাও চূড়ান্ত রূপ পাচ্ছে না। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছিলেন, রাজ্যের যে যোজনা সেই যোজনা সেপ্টেম্বরের আগে শেষ হতে পারে না। কারণ এ ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারে যে বরাদ্দ সেটা সম্পর্কে নিশ্চয়তা পাওয়া না গেলে রাজ্যের যোজনাও ঠিক করা সম্ভব নয়। মিঃ স্পীকার স্যার, আজকে আমরা কি দেখছি? মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তাঁর বাজেট বিবৃতিতে স্পষ্ট করে বলেছিলেন যে, উদ্বৃত্ত বাজেট যা দেখান হয়েছে সেটা কতদুর ঠিক থাকবে জানিনা, কেন্দ্রের আসন্ন পরিকল্পনা আমাদের সব হিসেব উল্টোপাল্টা করে দিতে পারে। সত্যি কথাই বলেছিলেন তিনি। আজকে কেন্দ্রের বাজেট এবং রেল বাজেট এর প্রতিক্রিয়া ইতিমধ্যেই সুরু হয়ে গেছে। আমরা দেখতে পাচ্ছি যে, মুদ্রাস্ফীতি ঘটে গেছে এবং পাইকারী ও খুচরা বাজারে দর বেড়ে গেছে। এই সব সম্ভাবনার কথাই তিনি সেদিন বলেছিলেন। এই সব কথা তো ওরা বললেন না? রাজ্যের বাজেট নির্ভর করবে, কার্যকর হবে এবং যে দৃষ্টিভঙ্গীতে এটা প্রণয়ন করা হয়েছে তা কতটা কার্যকর হবে সেটা নির্ভর করবে কেন্দ্রীয় সরকার অর্থনৈতিক অবস্থায় কতটা স্থায়ীত্ব রাখতে পারবেন তার উপর। কিন্তু আমরা দেখতে পাচ্ছি, অর্থনীতিতে কেন স্থায়ীত্ব নেই, মুদ্রাস্ফীতি ঘটে গেছে এবং বাড়তি নোট ছাপাচ্ছেন তাঁরা। কেন্দ্রীয় বাজেটের দুই তিন সপ্তাহের মধ্যেই এটা দেখা যাচ্ছে। আমি একটি কথা স্মরণ করিয়ে দিচ্ছি — এক সময় ভারত রাষ্ট্রের বিধায়ক, ভারতের ভাগ্যবিধাতা পণ্ডিত জওহরলাল নেহেরু একটি শ্লোগান দিয়েছিলেন। এক সময় তিনি প্রজাতন্ত্রের কথা, সমাজতন্ত্রের কথা বলেছিলেন এবং একটা মিশ্র আর্থ-সামাজিক অবস্থার উপর দাঁড়িয়ে সেই সমাজতন্ত্রের কথা বলেছিলেন। কিন্তু আজকে কি অবস্থা? শ্রী রাজীবগান্ধী কেন্দ্রে প্রধানমন্ত্রী হিসাবে ক্ষমতাসীন হবার পর যে অর্থনীতি অনুসরণ করছেন তাতে দেখা যাচ্ছে যে, তাঁদের সেই সমাজতন্ত্র থেকেও সরে গেছেন। আমেরিকার একজন অর্থনীতিবিদ্ মিল্টন ফিডম্যান ছিলেন অবাধ বাণিজ্য নীতির পক্ষে। আজকে কেন্দ্রীয় সরকার তাঁর সেই অবাধ বাণিজ্য নীতি গ্রহণ করেছেন। ভারতের মিশ্র অর্থনীতিতে পাবলিক এবং প্রাইভেট সেক্টরে এতদিন পর্যন্ত সমাজতান্ত্রিক পথ অনুসরণের যে সম্ভবনা ছিল, বর্তমান কেন্দ্রীয় সরকার অত্যন্ত সুনিপুণভাবে সেখান থেকে দুরে সরে আসছেন। যদিও জানি মিশ্র অর্থনীতির উপর নির্ভর করে সমাজতন্ত্রের দিকে এগোনো যায় না, কিন্তু আজকে ফিনান্স মিনিষ্ট্রি তাঁরা যেভাবে চালাচ্ছেন, তাতে কি করে সমাজতন্ত্রের অভিমুখে যাবেন, কি করে সেপথে অগ্রসর হবেন? সেইজন্যই লক্ষ্য করছি, বাজেটের শেষে ভারতের সমস্ত চেম্বার অফ কমার্স তাঁদের অভিনন্দন জানিয়েছেন। এটা কিসের লক্ষণ? আজকে ওঁরা পুঁজিবাদী

istrative machinery of the left front Govt. is no position that they can do everthing by rigging (movie & interruption).

**মিঃ ডেপুটি স্পীকার :** No, No, I will not allow it. Please sit down.

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি একটি বৈধতার প্রশ্ন তুলতে চাই।

**মিঃ ডেপুটি স্পীকার :** Please sit down, I will not allow you.

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের মাননীয় অর্থমন্ত্রী পশ্চিমবঙ্গ উপযোজন ২নং বিধায়ক, ১৯৮৫ সাল যা আমাদের কাছে উপস্থাপিত করেছেন, আমি প্রথমেই তার বিরোধিতা করে আপনার মাধ্যমে কয়েকটি কথা রাখছি। আপনি জানেন যে, ১৯৮৫-৮৬ সালের যে দফাওয়ারী বাজেট মাননীয় মন্ত্রী মহাশয় পেশ করেছিলেন, তারমধ্যে ৩৫ শত ৭৬ কোটি ১৯ লক্ষ ২৯ হাজার টাকা ধার্য্য করেছিলেন। গতবারে টাকার পরিমাণ ধার্য্য ছিল ৩২ শত ৬৩ কোটি ৫২ লক্ষ ৬ হাজার। আমরা দেখছি যে, এবারে টাকার অংক বৃদ্ধি পেয়েছে। আমরা সরকারের কাছে বারে বারে বলেছি যে, এই সমস্ত টাকা আপনারা ঠিক ভাবে ব্যবহার করুন। কিন্তু ঘটনাচক্রে আমরা যে তথ্য দেখতে পাচ্ছি, তাতে দেখছি যে, সরকার গতবছরে ব্যয়িত সমস্ত টাকার সম্পদ সৃষ্টি করতে ব্যর্থ হয়েছে। এখানে অন্যান্য সদস্যরা যে ভাবে বলেছেন, সেই একই সুরে বলতে চাই যে, পশ্চিমবাংলার মানুষ ৫।। কোটি মানুষ আশা করেন মোটা ভাত, মোটা কাপড়, সুস্বাস্থ্য, শিক্ষা এবং নিরাপত্তা। আমরা সেগুলো কোথা থেকে কিভাবে পাচ্ছি, সেটা কিন্তু দেখার দরকার আছে। আমরা জানি যে, অনেক বিষয়ের উপরে আমাদের এখনও নির্ভর করে থাকতে হয়। মাননীয় অনিল মুখার্জী মহাশয় এখানে বললেন যে, আমরা খাদ্যের ব্যাপারে স্বয়ম্ভর। কিন্তু আমরা তবুও কেন্দ্রের কাছ থেকে চাল, গম নিয়ে থাকি প্রতি বছরই। ১৯৭৯-৮০ সালে নিয়েছি ২১ লক্ষ ৭৫ হাজার টন, ১৯৮০-৮১ সালে নিয়েছি ১৮ লক্ষ ৪৮ হাজার টন, ১৯৮১-৮২ সালে নিয়েছি ২৫ লক্ষ ৫৮ হাজার টন।

**[2.00—2.10 p.m.]**

১৯৮২-৮৩ সালে ২ লক্ষ ৪৫ হাজার, ১৯৮৩-৮৪ সালে ২২ লক্ষ ৩১ হাজার এবং ১৯৮৪-৮৫ সালে ১ লক্ষ ৪৪ হাজার, তাও এখনো পুরো তথ্য আসেনি। এর থেকে কি আমরা এই সিদ্ধান্তে আসতে পারি না যে এখানে পশ্চিমবঙ্গে খাদ্যে যে স্বয়ম্ভরতা অর্জন করার কথা ছিল তার থেকে দূরে সরে আছে। তার ফলে আজকে রেশনিং ব্যবস্থা বানচাল হতে চলেছে। কেন্দ্রের কাছ থেকে যে চাল, গম পাচ্ছেন সেটা মডিফায়েড রেশনিংয়ের ক্ষেত্রে আপনারা ঠিকমত সরবরাহ করতে পারছেন না। আপনারা যদি বলেন এই সরকার ঠিকমত উৎপাদনে এগিয়ে যাচ্ছে, তাহলে আমি বলবো এটা আপনাদের ভ্রান্ত ধারণা। সরকারের যে প্রচেষ্টা ক্ষুদ্র ও সেচ দপ্তরের ক্ষেত্রে সেখানে গৃহীত যে টাকা, সেই টাকা ঠিকমত ব্যবহার করতে না পারার জন্যে আপনারা অক্ষম হয়েছেন। সুতরাং আমরা দেখতে পাচ্ছি সবক্ষেত্রে একটা তারতম্য বা ফারাক থেকে যাচ্ছে। ক্ষুদ্র সেচ, মাঝারি সেচ প্রভৃতির ক্ষেত্রে আপনাদের যে পরিকল্পনা সেই পরিকল্পনা আপনাদের সম্পূর্ণ হল কি ? তিস্তা পরিকল্পনা থেকে আরম্ভ করে সেখানে কংসাবতী, আপার কংসাবতী এবং দ্বারকেশ্বর পরিকল্পনা আজকে কি অবস্থা ? এখনো পর্যন্ত কোন পরিকল্পনাকে বাস্তবে রূপদান করতে পারেন নি। এইগুলি একটু দেখবার জিনিষ। আপনারা এখানে সংখ্যায় আধিক্যে আসীন হন বলেই আপনাদের মাধ্যমে যে সমস্ত কাজ করছেন

সেগুলি ঠিকমত পরিচালনা করছেন একথাটি ঠিক নয়। আপনাদের পরিচালনায় মধ্যেও ত্রুটি বিচ্যুতি আছে। শি...ক্ষেত্রে দেখলে দেখা যাবে যে এখানে শিক্ষাখাতে ব্যয়বরাদ্দ পরিমাণ ক্রমাগত বেড়েই চলেছে। আপনারা এখানে কটা কলেজ এবং মাধ্যমিক বিদ্যালয় স্থাপন করতে পেরেছেন? এখানে সরকার ৫০৯ কোটি টাকা ১৯৮৫/৮৬ সালের জন্য বরাদ্দ করেছেন কিন্তু সেই টাকা কি ঠিকমত কাজে ব্যবহৃত হচ্ছে? আজকে গ্রামাঞ্চলে প্রচুর প্রাথমিক বিদ্যালয় আছে যার নিজস্ব কোন বিদ্যালয় নেই। সেই বিদ্যালয়গুলি গ্রামাঞ্চলে কোথাও মনসা তলায়, কালীতলায় বা দু... বিদ্যালয়ের কাজ সম্পন্ন করে। আজকে যদি বামফ্রন্ট সরকার এই শিক্ষাব্যবস্থায় এইগুলি সম্পন্ন করতে পারতেন তাহলে বলতাম শিক্ষায় তারা ত্বরান্বিত হতে পেরেছেন। এই যে বরাদ্দকৃত টাকা এটা যদি উপযুক্ত ভাবে প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষা প্রসারেব জন্য বিদ্যালয় স্থাপন করার জন্য ব্যয় হোত তাহলে বুঝতাম আপনারা কিছু ভালো কাজ করেছেন। আপনারা বিদ্যালয় স্থাপন করা থেকে আরম্ভ করে সব ব্যাপারেই খরচ বাড়িয়েছেন। সরকাবী ঘর থেকে যে বই পাওয়া যায় তা বিভিন্ন ক্লাসে যথা প্রথম থেকে ৫ম শ্রেণী এমন কি অষ্টম শ্রেণী পর্যন্ত এখনো বই পাচ্ছে না। এদিকে হাফ ইয়ার্লি পরীক্ষা শুরু হয়ে গেছে কিন্তু এখনো পর্যন্ত বই তারা পায় নি। আমি একথা বলতে পারি না যে সরকারী ধার্য টাকা ঠিকমত ব্যয় হচ্ছে না, আমি বলছি আপনারা সবকারী টাকা ঠিকমত ব্যয় করতে পারছেন না। আমরা দেখছি পশ্চিমবঙ্গে অবৈজ্ঞানিক পদ্ধতিতে সব কাজ করা হচ্ছে। যার ফলে আজকে সেখানে নলকূপ থেকে আরম্ভ করে জনসম্পদে একটা অচল অবস্থার সৃষ্টি হয়েছে। সরকারের কোটি কোটি টাকা ব্যয় হচ্ছে পানীয় জল সরবরাহ করার জন্য। কিন্তু বিধানসভা চলাকালীন মাননীয় সদস্যদের এই ব্যাপারে বলতে হচ্ছে কেন? বিভিন্ন পত্রপত্রিকায় আমরা দেখতে পাই যে বিভিন্ন জেলায় পানীয় জলের অভাবে আন্ত্রিক, জন্ডিস, হেপাটাইটিস ইত্যাদি রোগের প্রার্দুভাব ঘটেছে। আমরা এই সব সম্বন্ধে কথা বলে সরকারের দৃষ্টি কি গঠনমূলক কাজের দিকে আকর্ষণ করতে পারি না। একটা টিউবওয়েল করতে গেলে যেখানে ২শ আড়াইশ ফিট বোরিং করতে হয় সেখানে ৭০/৯০ ফিট বোরিং করে টাকাগুলোকে নষ্ট করা হচ্ছে। অর্থাৎ সম্পদ তৈবী করার বদলে বার্ডেন সৃষ্টি করা হচ্ছে এবং ভূগর্ভস্থ জল কাজে লাগাতে পারছে না। অর্থাৎ এই সমস্যার প্রতিকারের জন্য সবকারের স্থায়ীভাবে কোন ব্লু-প্রিন্ট নেই। সেটা যদি থাকত তাহলে টাকা ঠিক ভাবে নিয়োজিত করতে পারতেন। নলবাহী জল প্রকল্পের মাধ্যমে বিশুদ্ধ পানীয় জল সরবরাহ করার কথা কিন্তু এই সমস্ত পরিকল্পনাগুলিকে বাস্তবে রূপদান করা হচ্ছে না। বরং নলকূপের দ্বারা যে সমস্যাব সমাধান করারচেষ্টা করা হচ্ছে তা ১/২ বছরের মধ্যে সেইগুলি সব খারাপ হয়ে যাচ্ছে। সেই জন্য খরা, বন্যা, ইত্যাদির জন্য পশ্চিমবঙ্গের লোক এত দুর্ভোগ ভোগ করছে। এই সবের জন্য যে টাকার অপচয় হচ্ছে। বন্ধ করার কোন ব্যবস্থা করা হচ্ছে না। এই কারণেই মাননীয় সদস্যদের মনের মধ্যে একটা ক্ষোভ থেকে যাচ্ছে। আজকে পশ্চিমবাংলার কি চেহারা? শিল্প, কলকারখানা থেকে আরম্ভ করে বেকারত্ব একটা চূড়ান্ত পর্যায়ে এসে দাঁড়িয়েছে। ২২ লক্ষের উপর বেকার। রুগ্ন শিল্প বন্ধ হয়ে যাচ্ছে। বিভিন্ন ভাবে লকআউট ক্লোজার হয়ে সমস্ত কিছু বন্ধ হয়ে আছে। আপনারা বলেছেন ২৭ কোটি শ্রম দিবস তৈরী করলেন কিন্তু তাতে কি এই রাজ্যের বেকারত্ব দূর হয়েছে? অর্থাৎ যেখানে পশ্চিমবাংলার সাড়ে ৫ কোটি মানুষ যেখানে ২৭/২৮/৩০ কোটি শ্রম দিবস কিছুই না। শিল্পের দিক থেকে ছোট, বড় মাঝারি শিল্প আপনারা স্থাপন করতে পেরেছেন কিনা? কুটির শিল্পের উন্নতি হয়েছে কিনা? দেখতে পাচ্ছি বন্ধ কলকারখানা ঠিকভাবে খুলছে না। যৌথ উদ্যোগে চটকলগুলির খোলার যে

আন্দোলন সেটা গঠনমূলক হওয়া উচিৎ। ১৯৫২ সাল থেকে আপনারা বিভিন্ন ভাবে আন্দোলন করে সরকারের সমালোচনা করে সরকারকে ক্ষতিগ্রস্থ করেছেন। কিন্তু বিরোধী দল হিসাবে আমরা যেটা সমালোচনা করি তাতে সরকারকে গঠনমূলক কাজে সহযোগিতা করার জন্যই করি। এইটাই হচ্ছে আমাদের এবং আপনাদের পার্থক্য। তারপর যানবাহনের যে অব্যবস্থা চলছে সেইকথা পরিবহন দপ্তরের বাজেটের আলোচনার সময় উল্লেখ করছি।

**[2.10—2.20 p.m.]**

বিভিন্ন ক্ষেত্রে আজকে যেগুলি করা দরকার, যেমন জয়নাল আবেদিন সাহেব বললেন কুচবিহারে বায়ুদূত চালু হয়েছে, পশ্চিম দিনাজপুরে সেই বায়ুদূত চালু হতে পারে, কেন্দ্রীয় সরকার এই ব্যাপারে রাজ্যসরকারকে দায়িত্ব দিচ্ছেন, কিন্তু এগুলি হচ্ছে না। আমরা শুধু যদি বলি যে কেন্দ্রীয় সরকার আমাদের বিভিন্নভাবে কলুষিত করছে, শোষিত শ্রেণীর মানুষের প্রতি কেন্দ্রীয় সরকার বঞ্চনা করছে তাহলে সেটা ঠিক নয়। ভারতবর্ষের প্রধানমন্ত্রী উদ্যোগ নিয়ে পশ্চিমবঙ্গকে সুরক্ষা করার জন্য যে চেষ্টা নিয়েছেন, যেভাবে সাহায্য করার জন্য আহ্বান জানিয়েছেন তাতে আজকে পশ্চিমবঙ্গ সরকারকে আরো তরান্বিত হতে হবে, সে ক্ষেত্রে এগিয়ে যেতে হবে। কিন্তু আমরা দেখছি কি — সব কিছুতে ব্যর্থতা, সেখানে প্রশাসনিক নীরবতা, পুলিশের মধ্যে হতাশা। পুলিশের মধ্যে হতাশা এবং বৈষম্যের ফলে এ্যাডমিনিষ্ট্রেটিভ ক্যাপাসিটি সেখানে কার্যকরী হচ্ছে না। তাই সরকারী টাকা যেভাবে ব্যবহৃত হয়েছে সেইভাবে ব্যবহৃত হবে, নাকি উপযুক্তভাবে সৎভাবে, ব্যবহৃত হবে সেটা আমরা জানতে পারছি না, সেজন্য এই এ্যাপ্রোপ্রিয়েসান বিলের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নিরঞ্জন মুখার্জী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে এ্যাপ্রোপ্রিয়েসান বিল এখানে পেশ করেছেন আমি তাকে সমর্থন করে কিছু বলছি। স্যার, একটা বাজেটে যা পেশ করা হয় তাতে রাজ্যের আভ্যন্তরীণ পরিস্থিতিগুলি সম্পর্কে সরকার কি ধরণের ভূমিকা নেবেন তারই প্রতিফলন ঘটে। আমাদের এই বাজেট ২০ শে মার্চ এই বিধানসভায় পেশ করা হয়েছিল এবং তার দফাওয়ারী আলোচনা হয়েছে, মন্ত্রীরা সেই সম্পর্কে জবাব দিয়েছেন, আমি বিস্তারিত পরিসংখ্যানের মধ্যে যেতে চাই না, কিন্তু এই বাজেটের যে বৈশিষ্ট্য সেই বৈশিষ্ট্য স্মরণ করা দরকার। এই বাজেটের বৈশিষ্ট্য কি প্রথমতঃ এই বাজেটে কোন রকম কর প্রস্তাব করা হয়নি; দ্বিতীয়তঃ অতিরিক্ত রাজস্ব সংগ্রহের জন্য সুনিয়ন্ত্রিত ব্যবস্থা; তৃতীয়তঃ কর ব্যবস্থা সরলীকরণের একটা প্রচেষ্টা; চতুর্থতঃ গত দুই দশক কালের মধ্যে সম্ভবতঃ উদ্বৃত্ত বাজেট এই হচ্ছে প্রথম। আজকে যে অর্থনৈতিক অবক্ষয় সারা ভারতবর্ষের অর্থনীতিকে পঙ্গু করে দিচ্ছে এই রকম একটা সময়ে জনগণের উদ্দেশ্যে কল্যাণমূলক বাজেট পেশ করা একটা অত্যন্ত কঠিন কাজ ছিল। রাজ্য সরকারের যে জনকল্যানমূলক দৃষ্টিভঙ্গী আছে সেই দৃষ্টিভঙ্গীর প্রতিফলন ঘটেছে এবারকার এই বাজেটের মধ্যে। আমরা নিশ্চয়ই বলতে পারি যে এটা গরীব মানুষের একটা গরীবী বাজেট কোন লম্বা চওড়া বক্তৃতা সত্যবাবুর মত জোর গলায় বললেই সব কিছু জোরে হবে না, সেটা যদি আমরা কেন্দ্রীয় সরকারের সাথে তুলনা করি। কেন্দ্রীয় সরকার একটা বাজেট এই সময়ে পেশ করেছেন। সেই বাজেটে তাঁরা যে নীতিতে বিশ্বাস করেন সেটাই করেছেন এবং যা করতে চাইছেন তাই করেছেন, শিল্পপতিদের সরকার, শিল্পপতিদের জন্য সব কিছু ব্যবস্থা করেছেন; বড়লোকদের জন্য সমস্ত রকম সুযোগ খুলে দেওয়া হয়েছে, তাদের উপর কর ছাড় দেওয়া হয়েছে এবং তারজন্য অনেক বেশী করে করের বোঝা চাপান হয়েছে গরীব মানুষের

উপর। স্যার, মুদ্রাস্ফীতি, দ্রব্যমূল্য বৃদ্ধির কথা বুঝিয়ে বলার দরকার হয় না, এটা কিন্তু একটা ভয়ংকর পথে নিয়ে যাচ্ছে, যে কোন সুস্থ মানুষ চিন্তা করলেই এটা বুঝতে পারবেন।

আমরা ইতিপূর্বে যতগুলো কুখ্যাত রেল বাজেট দেখেছি তার সমস্ত কুখ্যাতি এই রেল বাজেট ছাড়িয়ে গেছে। অবশ্য অনেক লোক আছে যারা কুখ্যাতিকে সুখ্যাতি মনে করে। পার্লামেন্টে এই কুখ্যাত রেল বাজেট যিনি উত্থাপন করেছেন সেটা তার মত লোকের পক্ষেই উত্থাপন করা সম্ভব। এই বাজেটের মধ্যে দিয়ে কেন্দ্রীয় সরকারের দৃষ্টিভঙ্গী প্রকাশিত হয়েছে। আমাদের সরকারের ভাল দৃষ্টিভঙ্গী থাকলেও মৌলিক পরিবর্তন করা সম্ভব নয় সেটা আমরা জানি। তবে দুর্বলতর এবং দরিদ্র মানুষ মধ্যবিত্ত মানুষের কিছু মৌলিক চাহিদা পূরণ করবার কথা যে আমরা বলতে পেরেছি এটাই আমাদের কৃতিত্ব। আমাদের এই কৃতিত্বটাই হচ্ছে কেন্দ্রীয় সরকারের চক্ষুশূল। বামফ্রন্ট সরকার তাঁদের কাজকর্মের মাধ্যমে কৃতিত্ব দেখাক এটা তাঁরা চায়না। জনসাধারণকে যদি যর্থাথই অগ্রগতির পথে নিতে হয় তাহলে সমাজের মৌলিক কাঠামো পরিবর্তন করতে হবে এবং সেক্ষেত্রেই কেন্দ্র — রাজ্য সম্পর্কের কথা এসে পড়ে। এটা শুধু আমাদের কথা নয়। এটা বিভিন্ন রাজ্যের একটা আকাঙ্খিত আলোচ্য বিষয়। সেখানে অকংগ্রেসী সরকার রয়েছে সেখানেই দেখা যাচ্ছে তাদের প্রতি কেন্দ্রীয় সরকার প্রতিদিন নৃশংস আচরণ করছে। বৈষম্যমূলক আচরণ করছে এবং নানাভাবে অবিচার করছে। ৮ম অর্থ কমিশনের সুপারিশ সম্বন্ধে অনেকে বলেছেন, আমিও কিছু বলব। রাজস্বখাতের সমস্যার সমাধান নাহলে পরিকল্পনার খরচ বাধাপ্রাপ্ত হবে এবং সেইজন্যই ৮ম অর্থ কমিশন সুপারিশ করেছিলেন পশ্চিমবাংলার ক্ষেত্রে ৩২৫ কোটি টাকা দেওয়া হোক। এই টাকা হাতে পেলে আমরা অনেক কিছু করতে পারতাম, গরীব মানুষের স্বার্থে কিছু করতে পারতাম এবং সেইজন্যই এটা আমাদের দেওয়া হল না। এটানা দিয়ে তাঁরা শুধু আমাদেরই বঞ্চিত করলেন না, সংবিধানের বিধিও লঙ্ঘন করলেন। অবশ্য অন্যান্য রাজ্যের ক্ষেত্রেও এটা তাঁরা করেছেন। তবে পশ্চিমবাংলার ক্ষেত্রে সেই টাকার পরিমাণ ছিল বেশী। আমি খুব স্পষ্টভাবে কেন্দ্রীয় সরকারকে বলতে চাই এই যে এক কেন্দ্রীক মনোভাব এবং নানাভাবে বঞ্চনা চালিয়ে যাচ্ছে এতে আপনারা দেশেরই ক্ষতি করছেন। তাঁরা বিচ্ছিন্নতাবাদ এবং সাম্প্রদায়িকতার কথা প্রায়ই বলেন — দেশের ঐক্য। সংহতি, একতা নষ্ট হচ্ছে একথাও তাঁরা বলেন। কিন্তু রাজ্যকে এই যে ক্ষতি স্বীকার করতে হচ্ছে তাতে কিন্তু কেন্দ্রীয় সরকার দেশকে ভয়ঙ্কর পথে নিয়ে যাচ্ছেন। আজকে রাজ্যের আর্থিক অবস্থা ভেঙ্গে পড়ছে তাঁদের আচরণের জন্য। কেন্দ্রীয় সরকারের যে নীতি সেটা হচ্ছে পতঙ্গ যেমন আগুন দেখলেই তার মধ্যে ঝাঁপ দিয়ে আত্মহত্যা করে এঁরাও ঠিক সেই কাজ করছেন। আপনারা কি এমন একটাও ক্ষেত্র দেখাতে পারবেন যেখানে বাজেটে যে টাকা বরাদ্দ করা হয়েছে তার কোন অংশ উন্নয়ন খাতে ব্যয় করা হয়নি অথবা কেন্দ্রীয় সরকারের টাকা এখানে ব্যয় হয়নি বলে ফেরত চলে গেছে? এটা আপনারা দেখাতে পারবেন না। আমার আর সময় নেই বলে রবীন্দ্রনাথের একটা কথা বলে বক্তব্য শেষ করছি। রবীন্দ্রনাথ বলেছেন — "পশ্চাতে রাখিছ যারে, সে তোমাকে পশ্চাতে টানিছে"।

**[2.20—2.30 p.m.]**

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় অর্থমন্ত্রী যে এ্যাপ্রোপ্রিয়েসান বিল এই হাউসে পেশ করেছেন তাকে আমি বিরোধিতা করছি। বিভিন্ন বামফ্রন্টের মাননীয় সদস্যদের বক্তৃতা শুনলাম। সবার বক্তৃতার মধ্যে সেই একই কথা বলতে চেয়েছেন যে পশ্চিমবাংলায় তারা সব

কিছু সমস্যার সমাধান করে ফেলেছেন এবং কেন্দ্রীয় সরকারের উপর দোষারোপ করে তাদের দায় এড়িয়ে যেতে চেয়েছেন। আমরা ভাল কিনা সেই আলোচনার মধ্যে আমি যেতে চাই না। কিন্তু পশ্চিমবাংলার এই যে সরকার তার সঙ্গে কংগ্রেসের একটা মৌলিক পার্থক্য তো থাকবেই বামফ্রন্ট সরকারের সদস্যরা আমাদের বলেন প্রতিক্রিয়াশীল এবং তারা নিজেদের বলেন তারা প্রগতিশীল। আপনারাই তো এই পার্থক্য আছে এটা স্বীকার করছেন। আমাদের ভারতবর্ষের অন্যান্য রাজ্যে যেখানে কংগ্রেস রাজত্ব করছে তাদের কথা ছেড়েই দিলাম — কিন্তু কমিউনিষ্ট রাষ্ট্র আপনাদের আপনারা এখানে কিছু মৌলিক পরিবর্তন আনতে পেরেছেন কি ? শুধু কেন্দ্রের ঘাড়ে দোষ চাপিয়ে দিচ্ছেন। এই যে শিক্ষকদের নিয়ে আপনারা লড়াই করেছিলেন। এই শিক্ষকরাই আপনাদের ক্ষমতায় নিয়ে এলেন। কিন্তু আজকে তারা তাদের পেনসন ঠিক মত দিচ্ছেন কি ? রিটায়ারের পরে কি তারা পেনসন পাচ্ছে? মৃত্যুর পরেও শিক্ষকরা পেনসন পাচ্ছে না। শিক্ষকরা আশা করেছিল যে এই বামফ্রন্ট সরকার প্রশাসনের মধ্যে একটা গতিশীলতা আনতে পারবে। কিন্তু আপনারা তা পেরেছেন কি? দেশের মানুষ আশা করেছিল এই সরকার প্রশাসনকে জনস্বার্থে কাজে লাগাবে। আপনারা পেরেছেন কি ? তার কোন পরিবর্তন করতে পেরেছেন কি? আপনারা বলেই এই রকম সামাজিক কাঠামোর মধ্যে থেকে এটা করা যায় না। তাহলে আপনারা কমিউনিষ্ট হয়ে এখানে এলেন কেন? মহামতি লেলিন যখন রাশিয়ায় ক্ষমতায় এলো — তিনি কি বলেছিলেন যে জারেদের জন্য এই সব কাজ করতে পারছেন না। রাশিয়ার মানুষকে বিপ্লবের মাধ্যমে তাদের মধ্যে একটা সুস্থ পরিবেশের সৃষ্টি করতে পেরেছিলেন। আপনারা পশ্চিমবাংলায় ক্ষমতায় এসে কিছু করতে না পেরে কেবল কেন্দ্রের বিরুদ্ধে দোষারোপ করে চলেছেন। গ্রামে এবং শহরের হাসপাতালে ঔষধপত্রের কথা অনেক সদস্য বলেছেন, হাসপাতালের অবস্থার কথা বলেছেন, আমি আর সেদিকে যাচ্ছি না কিন্তু হাসপাতালে ঢুকতে গেলেই দেখতে পাবেন চোলাই মদের ঘাঁটি। এইগুলি কেন্দ্রীয় সরকার বা রাজীব গান্ধী এখানে এসে সব তুলে দিয়ে যাবে? আপনারা এগুলি কেন তুলতে পারলেন না? পশ্চিমবাংলাকে কি শিল্পের অগ্রগতির দিকে নিয়ে যেতে পেরেছেন? বিদ্যুতের যোগান দিতে পেরেছেন? তা করতে পারেন নি। শিল্প যারা করে তাদের কি? আপনারা উৎসাহ দান করতে পেরেছেন বা নিজেরা সরকার থেকে কোন শিল্প করতে পেরেছেন? আজকে পশ্চিমবাংলার বেকার যুবকদের মনে কি কোন আশার আলো সৃষ্টি করতে পেরেছেন? সব কিছু কেন্দ্রের ঘাড়ে দোষ চাপিয়ে দিচ্ছেন। কেন্দ্রের ঘাড়ে যদি সব দোষ চাপিয়ে দেবেন — আমাদের কথা নয়, আপনাদের কথা দিয়ে বলছি, আমাদের একজন মাননীয় মন্ত্রী ছিলেন, আজকের যিনি আর .এস. পি. দলের সদস্য জয়ন্ত বাবু একটা কটুক্তি করলেন, আমি জানিনা সেটা সত্য কিনা, যদি উনি সেসব ব্যবস্থা করতেন তাহলে সেটা প্রমান করে দিতে পারতাম, সেটা হচ্ছে জয়ন্ত বাবুর দলের মন্ত্রী মহাশয় যিনি আছেন, ননী ভট্টাচার্য্য মহাশয়, তিনি ১৯৬৫ সালের ২৫ শে ফেব্রুয়ারী এই হাউসে তখন বিরোধী দলের সদস্য ছিলেন, এই পাশের থেকে কংগ্রেসের সদস্যরা এবং অর্থমন্ত্রী মহাশয় এই কথা বলতে চেয়েছেন বাংলাদেশের যা কিছু ভাল হয়েছে, তার সমস্ত কৃতিত্ব পশ্চিমবঙ্গ সরকারের এবং তাদের ব্যর্থতার জন্য কেন্দ্রীয় সরকারকে দায়ি করলেন। আমি তখন কেন্দ্রের বিরুদ্ধে কিছু কিছু বলেছিলাম যে কেন্দ্রীয় সরকারের জন্য আমরা এইগুলো করতে পারছি না, কিন্তু সেদিন আপনারা বলেছেন যে কেন্দ্রের বিমাতৃসুলভ মনোভাবের সম্বন্ধে ননীবাবু বলেছেন, আমি কিন্তু এই বিমাতৃসুলভ মনোভাব বুঝতে পারছি না, কে মাতা কে বিমাতা, এই কথা বলে পার পাবার উপায় নেই। কিন্তু সেদিন যদি আপনারা বলে থাকতে পারেন, আজকে

কেন আপনারা এই কথা বলছেন কেন্দ্রের উপর দোষ চাপিয়ে পার পাবার চেষ্টা করছেন? আমাদের হাউসের আর একজন মাননীয় সদস্য আছেন, কানাই বাবু, তিনি ১৯৭৫ সালে এই হাউসে বলেছিলেন সাত্তার সাহেবকে উদ্দেশ্য করে; যে সব যদি কেন্দ্র দেবে, কেন্দ্র টাকা দেবে, কেন্দ্র চাল দেবে, কেন্দ্র গম দেবে, কেন্দ্র ইরিগেশনের ব্যাপারে দেবে, কেন্দ্র এগ্রিকালচারে দেবে, তাহলে আপনারা এখানে কি করতে আছেন, গদি আঁকড়ে বসে রয়েছেন কেন? তাহলে তো একটা কেরাণীকে দিয়ে কাজ হয়ে যেত, সেদিন যদি কানাই বাবু বলেন যে একটা কেরাণীকে দিয়ে কাজ হয়ে যায় তাহলে আজকে তো কেরাণী দিয়েই কাজ হয়ে যেত। এটা আমার কথা নয়, আপনাদের কলেবর এত বাড়াবেন, পশ্চিমবাংলায় আলিবাবার ৪০ চোর ছিল, আর আপনাদের মন্ত্রী আছেন ৪৩ টা। আপনারা একদিন কি বলেছিলেন? যিনি আজকের মাননীয় কৃষিমন্ত্রী, কংগ্রেসের আমলে ৬২ সালে ৩৪ জন মন্ত্রী ছিলেন, তখন থ্রি টায়ার সিস্টেম ছিল; পূর্ণ মন্ত্রী, রাজ্য মন্ত্রী এবং উপমন্ত্রী নিয়ে ৩৪ জন ছিলেন; তিনি বিধানসভায় বলছেন ২৩ শে মার্চ ১৯৬২ সালে মন্ত্রী সভার আয়তন বৃদ্ধি সমালোচনা করে শ্রী গুহ সেদিন বলেছিলেন প্রথম পাঁচ শালা পরিকল্পনায় ১৯৫২ সালে যে কয়জন মন্ত্রী উৎপাদন হয়েছিল, ১৯৫৭ সালে তার চেয়ে বেশী মন্ত্রী উৎপাদন করেছেন। ১৯৬২ সালে তারচেয়ে বেশী মন্ত্রী উৎপাদন করেছেন। এই মন্ত্রীদের পেছনে হাজার হাজার টাকা খরচ হচ্ছে এবং হবে। স্যার, আমাদের আমলে ৩৪ জন মন্ত্রী থাকার জন্য সমালোচনা করেছিলেন আপনারা। আর আপনারা আজকে কি করছেন, মাথা ভারী প্রশাসন? ৪০/৪৪ জন মন্ত্রী করে দিলেন এবং মন্ত্রীদের পিছনে গাড়ী এবং তাদের আত্মীয় স্বজনের পিছনেও গাড়ি দিতে হচ্ছে, তার জন্য পশ্চিমবঙ্গ সরকার টাকা খরচ করবে কেন? তার জন্য পশ্চিমবাংলার মানুষ টাকা দেবে কেন? মন্ত্রী আছে বলে মন্ত্রীকে গাড়ি দিতে হবে, অথচ পশ্চিমবাংলার কোন সার্বিক উন্নতি আপনারা করতে পারলেন না। আপনারা সব কেন্দ্রের উপর দোষ চাপিয়ে দিলেন। আজকে আপনাদের কাছে জিজ্ঞাসা করতে চাই যে ১৯৭৭ সালে আপনারা ক্ষমতায় এসেছিলেন, তখন বলেছিলেন এই কাঠামোর মধ্যেই আপনাদের কাজ করতে হবে, এই সিস্টেমের মধ্যে দিয়ে আপনাদের কাজ করতে হবে। এই মানসিক প্রস্তুতি নিয়ে আপনাদের আসা উচিৎ ছিল। কিন্তু আজকে সব কেন্দ্রের উপর দোষ চাপিয়ে দিয়ে নিজেদের বাঁচাবার চেষ্টা করছেন। কোথায় গেল আপনাদের সেই সমস্ত কথা, যেগুলো একদিন আপনারা এখানে বক্তৃতা দিয়ে হাউস গরম করবার চেষ্টা করেছিলেন, আজকে ক্ষমতায় আসার পর সেটা তো পারলেন না? আজকে কেন্দ্রের উপর দোষ চাপিয়ে দিয়ে, রাজ্যের সঙ্গে বিরোধ দেখিয়ে দিলে নিজেদের দায়িত্ব এড়াবার চেষ্টা করছেন। আজকে সমস্ত জায়গায় নিজেদের ব্যর্থতা হাসপাতাল বলুন, শিক্ষার ক্ষেত্রে বলুন — শিক্ষা ক্ষেত্রে নাকি একটা বিপ্লব এনে দিয়েছেন, বললেন একটু আগে। আমি জয়ন্ত বাবুর বক্তব্য শুনলাম এবং সরকারী দলের চীফ হুইপের বক্তব্যও শুনলাম, তিনি অনেক কিছু বললেন, হ্যাঁ একটা নূতন কিছু বলুন কারণ সরকারী দলের চীফ হুইপ সাধারণতঃ কিছু বলেন না তিনি বলেছেন, ভেবেছিলাম, নতুন কিছু বলবেন। কিন্তু তিনি নূতন কিছু বললেন না, আপনি তো শিক্ষকতা করেন না, আপনি জানেন না। আমরা শিক্ষকতা করি, আমরা জানি, এখনও পর্যন্ত অনেক বিদ্যালয়ে পাঠ্য পুস্তক পর্য্যন্ত পৌঁছায়নি। ক্লাশ ফাইভের বাংলা বই এখনও পর্যন্ত পৌঁছায়নি, ক্লাশ ফোরের অংক বই এখনও পর্য্যন্ত কিনতে হচ্ছে বাজার থেকে। আপনারা যদি ছাত্রদের বইপত্র দিতে না পাবেন,তাহলে আপনারা শিক্ষায় বিপ্লব কি আনলেন? কয়েকদিন আগে এইচ.এস. পরীক্ষা দিতে গেছে, ছেলেরা ইংরাজী আর বিজনেস অর্গানাইজেশন এর কোশ্চেন এক হয়ে গেছে কোশ্চেন পেপারে তারা পরীক্ষার প্রশ্নপত্র পেয়ে কি দেখছে, একদিকে

ইংরাজী রয়েছে, আর এক দিকে বিজনেস অর্গানাইজেশনের কোশ্চেন রয়েছে। ছাত্ররা যে সাবজেক্টের পরীক্ষা দিতে গেছে, সেই সাবজেক্টের কোশ্চেন ছিল না। এই সমস্ত অব্যবস্থা আমরা দেখতে পাচ্ছি শিক্ষা ক্ষেত্রে। আপনারা তাহলে কি বিপ্লব আনছেন? কলকাতা বিশ্ববিদ্যালয়ের এম. এ. বাংলা পরীক্ষা বন্ধ হয়ে গেল। কারণ চেয়ার টেবল দিতে পারেন নি। বালিগঞ্জ সায়েন্স কলেজের নিজের ঘরটা আছে, সেই হলে পরীক্ষা দিতে গেল ছেলেমেয়েরা, কিন্তু সেখানে দেখলো একটা নোটিশ ঝুলছে পরীক্ষা বন্ধ। কারণ চেয়ার টেবিল সরবরাহ করা যায়নি।

আপনারা কংগ্রেসের সঙ্গে তুলনা করবেন না। [illegible] তো আপনারা বুর্জোয়া দল, প্রতিক্রিয়াশীল দল বলেন। আপনাদের নিজেদের নজির স্থাপন করুন। আপনারা পশ্চিমবাংলার মানুষকে বলেন যে সীমিত ক্ষমতার মধ্যে কাজ করতে পারছেন না। আপনারা কোন বেসিক চেঞ্জ আনতে পারছেন না। আজকে গ্রামে গঞ্জে কেন কমিউনিষ্টকে চোর বলছে? আগে তো কমিউনিষ্ট পার্টির বিরোধিতা করেনি। ১৯৭৭ সালের আগে তাদের যে শ্রদ্ধা ছিল আপনাদের উপরে আজকে সেটা নেই কেন? কারণ আপনরা খালি রাস্তায়, মাঠে ময়দানে বক্তৃতা দিয়েই কাজ সারেন, কিন্তু ক্ষমতায় এসে আপনারা কিছুই করতে পারেন নি। আপনারা কোন পরিকল্পনা নিতে পারেন নি। আপনারা যে টার্গেট নেন সেটাও ফুলফিল করতে পারেন না। সে জন্য এবারে লক্ষ্যমাত্রা ছিল সেটা আপনারা পূরণ করতে পারেন নি। আপনারা কেন সেটা পরণ করতে পারেন নি সেটাও বলেনি নি। আপনারা কেন্দ্রের দেওয়া টাকাও খরচ করতে পারেন নি। কেন্দ্রের উপরে বারবার দোষ দিয়ে নিজেদের ব্যার্থতাকে ঢাকবার চেষ্টা করছেন। আপনাদের নিজেদের ব্যর্থতাকে স্বীকার করে নেবারও সাহস নেই। এবারে নির্বাচনের কথা বলে বাজার মাত করার চেষ্টা করেছেন। কিসের নির্বাচন হয়েছে? এটা কি নির্বাচন হয়েছে নাকি? পুলিশ অফিসারদের দিয়ে নিজেদের স্বার্থ রক্ষা করেছেন। তাদের রিগিংয়ের পদ্ধতি শিখিয়ে নিজেদের স্বার্থে ব্যবহার করেছেন। এমন কি বিরোধী দলের নেতা, আবদুস সাত্তার সাহেব গড়বেতায় মিটিং করতে গিয়ে মার খেলেন, তার উপরে ইটপাটকেল ছোঁড়া হল কিন্তু কোন ব্যবস্থা নেওয়া হলনা। মাননীয় সদস্য জয়নাল আবেদিনকেও মারা হল কিন্তু কোন ব্যবস্থা নেওয়া হল না। এই ভাবে রিগিং করে নির্বাচনের বাহবা নেওয়া যায়না। ফেয়ার ইলেকশান করুন তারপরে বাহবা নেবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেজন্য বর্তমান এই সরকারের হাতে টাকা-পয়সা খরচ করার কোন অধিকার দেওয়া যায় না। আমি এই সরকার টাকা-পয়সা নিয়ে নিজেদের দলীয় স্বার্থ দেখবেন, নিজেদের দলের তহবিল বাড়াবেন, জনগণের কোন স্বার্থ রক্ষিত হবে না। সে জন্য এই বিলের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**[2.30—2.40 p.m.]**

**ডঃ অশোক মিত্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বির্তক যখন শুরু হয় তখন আমি বলেছিলাম যে বাজেট আলোচনায় যে কথাগুলি আলোচনা হয়েছে সেগুলি যেন পুনরায় উচ্চারিত না হয়, নতুন কিছু কথা যেন থাকে। কিন্তু দুঃখের কথা, বিরোধী সদস্যদের বক্তব্য যা শুনলাম সমস্তই চর্বিতচর্বন। সুতরাং বাধ্য হয়েই আমাকেও সেই পুরোনো কথা আবার নূতন করে বলতে হবে। জয়নাল সাহেবকে আমি সম্মান করি এবং ব্যক্তিগত ভাবে তার সঙ্গে আমার সৌহার্দ্য আছে। তিনি প্রথমে আমাকে একটা কথা বললেন যে পশ্চিমবাংলাকে আমরা নাকি দেউলিয়া রাজ্যে পরিণত করেছি। ভারতবর্ষের সব চেয়ে বড় রাজ্য হচ্ছে উত্তর প্রদেশ। মাস খানেক আগে রিজার্ভ ব্যাঙ্ক

উত্তরপ্রদেশ সরকারকে টাকা দেওয়া বন্ধ করে দিয়েছে। দুই দিন আগে মধ্যপ্রদেশ সরকারকে — এটা কংগ্রেস সরকার রিজার্ভ ব্যাঙ্ক টাকা বন্ধ করে দিয়েছে। পাঞ্জাবে যে কেন্দ্রীয় প্রশাসন আছে, সেখানে ৫ শত কোটি টাকা রাষ্ট্রীয় বাণিজ্যিক ব্যাঙ্ক থেকে ধার করে প্রশাসন চালান হচ্ছে। সেই টাকা ব্যাঙ্কগুলি চেয়েও ফেরত পাচ্ছে না। কেন্দ্রীয় সরকার বিদেশী ২৫ হাজার কোটি টাকা ধার করে বসে আছে। গত ৫ বছরে ১৭ হাজার কোটি টাকার মত নোট ছাপিয়েছেন। অথচ আমরা হলাম দেউলিয়া। ৩২৫ কোটি টাকা আমাদের আটকে রাখা হয়েছে। তাসত্ত্বেও আমরা আমাদের এই বছর শেষ করেছি মাত্র ১৪০ কোটি টাকা ঘাটতিতে। ডাঃ জয়নাল আবেদিন সাহেব প্রশ্ন করেছিলেন যে ৩২৫ কোটি টাকা পেলেও আপনারা কি করতে পারতেন? জবাবটা অত্যন্ত স্পষ্ট। এই ৩২৫ কোটি টাকা যদি আমরা পেতাম তাহলে আমাদের ১৪০ কোটি টাকা ঘাটতি থাকতো না। তার উপরে ১৮৫ টাকার বাড়তি আমরা এই রাজ্যের মানুষের উন্নয়নের জন্য ব্যয় করতে পারতাম। উনি জিজ্ঞাসা করেছেন যে ১৯৮৪-৮৫ সালে কত টাকা আমরা পরিকল্পনার জন্য খরচ করেছি? আমি বলেছি কেন্দ্র থেকে আমরা মাত্র ১০ কোটি টাকা সাহায্য পেয়েছি ১৯৮৪-৮৫ সালের পরিকল্পনার জন্য। আমরা প্রতিবছরই গড়ে কম পাচ্ছি। এই বছর তার রেকর্ড ছাপিয়ে গেছে। এই বছর মাত্র ১০ কোটি টাকা পেয়েছি। তাসত্ত্বেও আমরা ৫ শত কোটি টাকার মত নিজেদের সামর্থের উপরে দাঁড়িয়ে খরচ করেছি।

যদি ১৮৫ কোটি টাকা আমরা পেতাম তাহলে ৬৮৫ কোটি টাকা খরচ করতে পারতাম। তারপর ওরা অষ্টম অর্থকমিশনের প্রশ্ন তুলেছেন। ওদের কথা শুনে সত্যিই আমার মন খারাপ হয়ে যায়। জয়নাল সাহেবের যেসব বন্ধু বান্ধব আছেন, তারাও তো পশ্চিমবাংলার মানুষ। তারা কিন্তু পশ্চিমবাংলার মানুষের শত্রু নন, পশ্চিমবাংলার মানুষও তাদের শত্রু নন। পশ্চিমবাংলার পক্ষে যদি একটি কমিশন একটু ভার রায় দিয়ে থাকে তাহলে তাতে তাদের এত মন খারাপ হয় কেন, আমি সত্যিই এই প্রশ্নের জবাব পাইনি। এই প্রথম একটা অর্থকমিশন বলল কাঠামোগত সমস্যা আছে পশ্চিমবাংলার প্রশাসন চালনায়, সুতরাং পশ্চিমবাংলা সরকারকে বিশেষ সাহায্য দেওয়া প্রয়োজন। আর তা না হলে এই প্রশাসন নির্বিঘ্নে চালানো যাবে না। স্বাধীনতার পর থেকে সেই কারণগুলিই আছে। ৭০ লক্ষ শরণার্থীকে আমরা এখানে সাদরে অভ্যর্থনা করেছি। পশ্চিম পাকিস্তান থেকে যারা এসেছিলেন তাদের জন্য কেন্দ্রীয় সরকার যে টাকা খরচ করেছেন তার এক দশমাংশ ও এখানে খরচ করেন নি। ওখানে যে সম্পত্তি বিনিময় হয়েছিল এখানে সেই ধরণের কোন সম্পত্তি বিনিময় হয়নি। আমাদের প্রধান ৪টি শিল্পের মধ্যে প্রধানতঃ চা এবং পাট হচ্ছে বাণিজ্যিক পণ্য যার উপর আমরা বিক্রয় কর বসাতে পারি না। সুতরাং আমাদের উপার্জন সংকুচিত হয়ে যাচ্ছে। আর আমাদের অন্য যে প্রধান দুটি শিল্পজাত দ্রব্য আছে যেমন কয়লা এবং ইস্পাত তার উপর আমরা শতকরা ৪ ভাগের বেশী বিক্রয় কর বসাতে পারি না। কারণ কেন্দ্রীয় সরকার এই পণ্যগুলিকে জাতির পক্ষে গুরুত্বপূর্ণ বলে ঘোষনা করেছেন এবং সেইক্ষেত্রে আমরা শতকরা ৪ ভাগের বেশী বিক্রয় কর বসাতে পারি না। সুতরাং উপার্জনের ক্ষেত্র আমাদের সীমিত হাজার চেষ্টা সত্ত্বেও এবং এটা নতুন কোন কাহিনী নয়। পঞ্চাশের দশক থেকে এই জিনিস হয়ে আসছে এবং ডাঃ বিধানচন্দ্র রায়ের আমলে কংগ্রেস সরকার যে কথাগুলি বলতো সেই কথাগুলি ১৯৬২ সালের পর থেকে কংগ্রেসী বন্ধুরা বলতে কেন যে সাহস পাচ্ছেন না, আমি বুঝতে পারছি না। তাদের সাহসের অভাব কেন হচ্ছে তাও আমি জানি না। আমরা প্রত্যেকেই ভারতবর্ষের নাগরিক। উত্তরপ্রদেশের একজন নাগরিকের চেয়ে আমাদের অধিকার কম নয়। যেটা ন্যায়ের কথা, যেটা সত্য কথা, সেটা বলতে আমরা ভয় পাব কেন? আমরা সেই কথাগুলিই

আজকে বলছি। তারপর ধরুন শিল্প, বিদ্যুৎ, কৃষি ইত্যাদি এই কথাগুলি মনে করিয়ে দিতে ভাল লাগে না, কিন্তু মনে করিয়ে দিতে হয়। ১৯৬৫ সাল থেকে ১৯৭৭ সালের মধ্যে এই রাজ্যে শিল্পের উৎপাদন বাড়ে নি, কমে গেছে। কমে গিয়েছিল, আপনারা একটু হিসাব নেবেন। ১৯৭৭ সালের পর একটু একটু করে বাড়ছে এবং ক্ষুদ্র ও কুটির শিল্পের ক্ষেত্রে অনেক বেড়েছে। যদি আমাদের পর্যাপ্ত সামর্থ্য থাকতো, যদি পর্যাপ্ত অর্থ আমরা কেন্দ্রের কাছ থেকে পেতাম কিম্বা কেন্দ্র যদি পশ্চিমবঙ্গে পর্যাপ্ত অর্থ আমরা কেন্দ্রের কাছ থেকে পেতাম কিম্বা কেন্দ্র নিজে যদি পশ্চিমবঙ্গে পর্যাপ্ত অর্থ বিনিয়োগ করতেন শিল্প ক্ষেত্রে তাহলে একটু অন্য রকম হত। আমি আবার মনে করিয়ে দিচ্ছি ফরাক্কা তাপ বিদ্যুৎ কেন্দ্র, ডানকুনির কয়লা থেকে গ্যাস তৈরী করবার প্রকল্প এই দুটি প্রকল্প বাদ দিয়ে গত ১৫/২০ বছরের মধ্যে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে পশ্চিমবাংলার শিল্প ক্ষেত্রে নতুন ভাবে কোন রকম বিনিয়োগ হয়নি। এখানে একটি কোন নতুন শিল্পেও বিনিয়োগ হয়নি বিগত ১৫ বছরের মধ্যে। এটা বলা কি অপরাধ? এটা যদি হত তাহলে শিল্পের চেহারা একটু অন্য রকম হতে পারত। কৃষির ক্ষেত্রে বলছেন — আমি এক সময় ধন-বিজ্ঞানের ছাত্র ছিলাম। কৃষি উৎপাদন কতটা বেড়েছে সেটা আমি হিসাব করে বলে দিতে পারি। উৎপাদন শীর্ষ একটি বছর ধরে আবার পরবর্তী উৎপাদন শীর্ষ বছর যদি ধরি এবং সেই অনুপাতে যদি আমরা এই হিসাবটা করি তাহলে গড়পড়তা হিসাব করে আমি বলতে পারি পশ্চিমবাংলায় ১৯৭৭ সালের পর থেকে যে হারে কৃষির উন্নতি হয়েছে তা ভারতবর্ষের সামগ্রিক হারের চেয়ে অন্ততঃ ৫৫ ভাগ বেশী।

**[2.40—2.50 p.m.]**

এবারে আমি বিদ্যুতের কথায় আসি। এটাও আমি আর একবার মনে করিয়ে দিচ্ছি। ১৯৬৫ থেকে ১৯৭৫ সালের মধ্যে পশ্চিমবাংলায় বিদ্যুতের উৎপাদন ক্ষমতা এক রত্তিও বাড়েনি। জয়নাল সাহেব মনে করে দেখুন, ১৯৬৫ সালে আপনাদের ব্যান্ডেলের চতুর্থ ইউনিটটি সম্পূর্ণ হয় এবং ১৯৭৫ সালে সাঁওতালদির প্রথম ইউনিটটি চালু হয়। এই যে মধ্যবর্তী ১০ বছর, এই ১০ বছরে বিদ্যুতের উৎপাদন ক্ষমতা কোন রকম বাড়ানো হয়নি। আমরা ১৯৭৭ সালের পর উৎপাদন ক্ষমতা বিদ্যুতের ক্ষেত্রে ৮০ ভাগের উপর বাড়িয়েছি। আপনারা বুকে হাত দিয়ে ১৯৭৫ সালের জানুয়ারী মাসের সঙ্গে ১৯৮৫ সালের জানুয়ারী মাসের তুলনা করুন, ১৯৭৫ সালের ফেব্রুয়ারী মাসের সঙ্গে ১৯৮৫ সালের ফেব্রুয়ারী মাসের তুলনা করে হিসাব করে দেখুন যে বিদ্যুতের ক্ষেত্রে কিছুটা উন্নতি হয়েছে, কি হয়নি। কিছুটা যে হয়েছে সেটা স্বীকার করতে এমন কি গ্লানি? অনেক কিছু করার ছিল, অতীতে যদি তা করা হত তাহলে আমাদের এতটা অসুবিধা হত না। অতীতের কাসুন্দি ঘাঁটতে গেলে অনেক গভীরে যেতে হবে। তারপর ওঁরা বললেন, কেন্দ্রের টাকা ফেরত যায় কেন? এখন আমি একটা উদাহরণ দিই — এ বছর ৩০ শে মার্চ ছিল শনিবার। শনিবার বিকেল ৫টার সময় দিল্লী থেকে টেলিপ্রিন্টারে খবর পেলাম যে আমাদের ৫৩ কোটি টাকা ছাড়া হচ্ছে। ৩০শে মার্চ ৫॥টা থেকে ৩১শে মার্চ মধ্যরাত্রির মধ্যে এই ৫৩ কোটি টাকা আমি কিভাবে খরচ করবো সেটা যদি কংগ্রেসী বন্ধুরা আমাকে একটু বলে দেন তাহলে আমি কৃতজ্ঞ বোধ করবো। বছরের পর বছর এই জিনিসটা হয়ে আসছে। এটা পশ্চিমবঙ্গ রাজ্যসরকারের আলাদা কোন সমস্যা নয়, এটা প্রত্যেকটি রাজ্য সরকারের সমস্যা। আমরা সম্মিলিত ভাবে, এমনকি কংগ্রেসী রাজ্যসরকারগুলির সঙ্গে মিলে এই সমস্যার কিছু সুরাহা করা যায় কিনা সেজন্য কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করছি। ওঁরাও বুঝতে পারছেন,

পুরো ব্যাপারটা অবাস্তব — শেষ মুহুর্তে আমি টাকা দিলাম তারপর উল্টে প্রশ্ন করলাম যে টাকা কেন খরচ হয়নি। কিন্তু কি ভাবে আমরা খরচ করবো? জয়নাল সাহেব খুব একটা মূল্যবান কথা বলেছেন, সেটা হচ্ছে সেচের কথা। হ্যাঁ, আমরাও বলি, সেচের ব্যাপ্তি দরকার, প্রচুর দরকার — পশ্চিমবাংলার জন্য দরকার, গোটা পূর্বাঞ্চলের জন্য দরকার। সত্য বাপুলী মহাশয় বললেন, আমরা হঠাৎ পূর্বাঞ্চল নিয়ে মাতামাতি করছি কেন? আমি তাঁকে বলি, আমরা শুধু পূর্বাঞ্চলকে নিয়ে মাতামাতি করি না, আমরা গোটা ভারবর্ষের সাধারণ মানুষের স্বার্থের জন্য বলি। আমরা যখন পশ্চিমবঙ্গের কথা বলি তখন তো দু মুখো হওয়া যায় না। আপনাদের এক নেতা যখন পশ্চিমবাংলার কথা বলতে যাই তখন বলেন, 'ওঁরা হচ্ছেন "বাঙালী জাগো" দল,' আর সত্যবাবু এইমাত্র হাউসে বলে গেলেন যে, 'এঁরা পূর্বাঞ্চলের মানুষদের কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে ক্ষেপিয়ে তোলবার চেষ্টা করছেন। কিছুই করবার চেষ্টা করছি না। এ তো সোজা কথা — ঐ সমস্ত দুর্গত মানুষ যাদের বিহার, উত্তর প্রদেশ উড়িষ্যা এবং পূর্বাঞ্চলের অন্যান্য জায়গায় অন্নের সংস্থান হয়না তাদের জন্য যদি কেন্দ্রীয় সরকার পূর্বাঞ্চলের কোন জায়গায় বিনিয়োগ করতেন তাহলে এই অবস্থা হত না। আমি বলছি, উত্তরপ্রদেশের পূর্ব প্রান্ত থেকে শুরু করে, মধ্যপ্রদেশের পূর্ব প্রান্ত থেকে শুরু করে বিহার, উড়িষ্যা, আসাম প্রভৃতি জায়গায় যদি বিনিয়োগ হত তাহলে পশ্চিমবঙ্গ উপকৃত হত কারণ ঐ মানুষগুলি, প্রধানমন্ত্রী যে যে রাজ্যের অধিবাসী সেই উত্তরপ্রদেশের মানুষগুলি এই মুমূর্ষু কোলকাতায় কর্মসংস্থানের জন্য আসতো না। সুতরাং আমি বলছি বিনিয়োগ হোক, পূর্বাঞ্চলের দিকে নজর দেওয়া হয়নি, একটু বেশী নজর দেওয়া হোক, বিদ্যুৎ ক্ষেত্রে দেওয়া হোক, সেচের ক্ষেত্রে দেওয়া হোক। সেচের ব্যাপারে কি বলছি, আপনারা জানেন পাঞ্জাব, হরিয়ানা, রাজস্থান এবং উত্তরপ্রদেশের পশ্চিমাঞ্চলে প্রচুর শস্য উৎপন্ন হয় এবং আমরা যে উদ্বাস্তুর কথা বলি, যে উদ্বাস্তুর উপর নির্ভর করে আমরা গোটা ভারতবর্ষের মানুষ বেঁচে আছি তার শতকরা ৮০ থেকে ৯০ ভাগ এই সমস্ত রাজ্য থেকে আসে। কিন্তু কেন আসে? সেখানে সেচ ব্যবস্থা আছে বলেই আসে। সেখানে শতকরা ৯৯ ভাগ জমি সেচের আওতায়। কোন্ সেচের আওতায়? সে সেচ ব্যবস্থা কে করে দিয়েছে? কেন্দ্রীয় সরকার করে দিয়েছে। সেই সেচ ব্যবস্থা করার জন্য প্রতিটি পয়সা কেন্দ্রীয় সরকার ঢেলেছিল। আমরা পূর্বাঞ্চলের মানুষরা কি একটুকু দাবী করতে পারি না যে, আমাদের এখানেও ঐ ধরণের সেচের জন্য কেন্দ্রীয় সরকার ব্যবস্থা নিন? এখানে তিস্তার কথা উল্লেখ করা হলো। হ্যাঁ, বছরের পর বছর পার হয়ে যাওয়া সত্ত্বেও আমরা তিস্তার কাজ সম্পূর্ণ করতে পারছি না, কারণ আমাদের হাতে টাকা নেই। কেন এই অবস্থা? দেখুন, এখন পর্য্যন্ত আমরা ১৭৫ কোটি টাকা তিস্তার জন্য খরচ করেছি — এটা আমাদের নিজেদের টাকা — আর কেন্দ্রীয় সরকার কত দিয়েছেন, মাত্র ৫ কোটি টাকা। ১৭৫ কোটি টাকা আমাদের, কেন্দ্রীয় সরকারের ৫ কোটি টাকা। সব শেষে যেটা বলার, সেটা হচ্ছে শেষ পর্যন্ত কিন্তু মানুষ নিজেদের অভিজ্ঞতার ভিতর দিয়ে এগিয়ে যায়। তাই আমরা যে জীবন দর্শণে বিশ্বাস করি, সেই জীবন দর্শণ আমাদের বলে, 'শেষ পর্যন্ত জনগণই আসল কথা বলে'। আমি আর আমার বক্তব্যকে দীর্ঘ করতে চাই না, আমি শুধু আপনাদের মনে করিয়ে দিতে চাই, আজ থেকে ৪ মাস আগে লোকসভার নির্বাচনে 'হাসান' কেন্দ্রে যে ব্যবধানে আমরা জয়ী হয়েছিলাম গতকাল তার চেয়ে অন্তত আড়াই গুণ বেশী ব্যবধানে আমরা জয়ী হয়েছি।

The motion of Dr. Ashok Mitra that the West Bengal Appropriation (No.2) Bill, 1985, be taken into consideration, was then put and agreed to.

## Clauses 1-3 and Preamble

The question that Clauses 1 to 3 and preamble do stand part of the Bill was then put and agreed to.

**Dr. Ashok Mitra :** Sir, I beg to move that the West Bengal Appropriation (No.2) Bill, 1985, as settled in the Assembly, be passed.

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে উত্তর আমি চেয়েছিলাম, সে উত্তর আমি পেলাম না। সেটা হচ্ছে বাঙ্গালী হিসাবে আমি অমর্যাদা বোধ করছি, আপ টু সেভেনথ্ ফিনান্স কমিশন, পশ্চিমবঙ্গ গ্রান্ট ইন্এড্ ক্যাটাগোরিতে ছিল না, ন্যাগাল্যাণ্ড, মণিপুর, মেঘালয় জাতীয় ছোট ষ্টেট গুলির যা ছিল, পশ্চিমবাংলার তা কেন হোল? এর ফল হিসাবে বাঙ্গালীরা, আমরা ভিখারীতে পরিণত হয়েছি। এর জবাব আমি চেয়ে ছিলাম। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ৩২৫ কোটি টাকা প্রাপ্য হিসাবে তিনি চেয়েছেন। তিনি অনুগ্রহ করে এই টোটালের ব্রেক ডাউনটা দিন। এটাকে আমি চ্যালেঞ্জ করছি। কারণ, হিসাব মত গ্রান্ট ইন এড্ হচ্ছে ১২৫ কোটি টাকা। যদিও গ্রান্ট ইন্ এড্ হিসাবে প্রাপ্যকে আমরা গৌরবের বলে মনে করি না। সেইজন্য আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের কাছে এর জবাবটা চেয়েছিলাম। জবাবটা পেলে ভাল হত। দ্বিতীয় কথা হচ্ছে, সাধারণ প্রভিসনের চেয়ে আজকে যদি এই কথা বলা হয় গ্রান্ট ইন্ এড্ বা আদার এ্যাভিনিউস বেশী লিউকেট্রিভ, তাহলে আমি তা মানতে প্রস্তুত নই। আমি আশা করি বিশিষ্ট অর্থনীতিবিদ্ আমাদের ফিনান্স মিনিষ্টার এ বিষয়ে আমাদের একটু বলবেন। আমার তাঁর কাছে প্রশ্ন হচ্ছে, Why West Bengal has been reduced to one category? Why it is being given grant in aid Which not been necessary till the recommendation of the seventh Finance Commission?

আর উনি যে'টা বললেন, ৩০ শে মার্চ ৫৩ কোটি টাকা এসেছে, হাউ ইট্ ক্যান বি স্পেন্ট? সিস্টেম যা তাতে এটা হয়। কিন্তু এখানে প্রশ্নটা হচ্ছে, ভিক্ষার প্রশ্ন। উনি বলেছেন, আমাদের ওভারড্রাফটের ব্যবধান ১৪০ কোটি টাকা। কিন্তু এ্যাডজাষ্টমেন্টের আগে আমাদের ওভারড্রাফট ছিল ২১৫ কোটি টাকা।

**[2.50—3.30 p.m.] (including adjournment)**

আমাদের পরিকল্পনা অনুসারে যদি ব্যয় করে থাকি তাহলে ওভারড্রাফট নিতে হয় না। কিন্তু ব্যয় করবার জন্য যদি ওভারড্রাফট নিতে হয় তাহলে লাষ্ট মোমেন্টে কেন্দ্রের টাকা আসলে উই ক্যান এ্যাডজাষ্ট ইট।

**মিঃ স্পীকার :** সব সময়ে এ্যাডজাষ্ট হয় না।

**ডাঃ জয়নাল আবেদিন :** ইট ইজ পসিবিল। আজকে জ্যোতিবাবুর নেতৃত্বে যে মন্ত্রীসভা দায়িত্ব গ্রহণ করেছেন ডাঃ বিধানচন্দ্র রায়ের নেতৃত্বে এবং সিদ্ধার্থ শঙ্কর রায়ের নেতৃত্বে ও আমরা সেই দায়িত্ব পালনের সুযোগ পেয়েছি। তখন কিন্তু টাকা ফেরৎ দেবার অবস্থা হয়নি। তারপর থার্ড পয়েন্ট,

উনি বলেছেন, ন্যাশনাল এ্যাভারেজ ৫৫ পারসেন্টের মত একসেস হয়েছে। আমার প্রশ্ন ওখানে নয়, আমার প্রশ্ন, প্রতি বছর আমরা এ্যাভারেজে ৬০০ কোটি টাকার মতন — আমাদের বিনা পয়সায় খাদ্য দিচ্ছেন না। — গ্রামাঞ্চল থেকে তুলে নিয়ে গিয়ে বিভিন্ন রাজ্যকে দিচ্ছে। এই রাজ্যে এটা এ্যাডজাষ্ট করা সম্ভব হতো এ্যান্ড দ্যাট ইজ পজিবিল ইন সায়েনটিফিক ক্যালেকুলেশান। এই টাকা এখানে লগ্নী হতো। ফোরর্থ পয়েন্ট কেন্দ্র বিনিয়োগ করেনি এটা ঠিক নয়। দুর্গাপুর ষ্টিল প্ল্যান্টে কেন্দ্র ৬০ পারসেন্ট ফ্রোরস্ এক্সপানসানের জন্য এ্যসিওর করেছেন এবং তারজন্য প্রজেক্টটি রিপোর্ট তৈরী করার জন্য ১২ কোটি টাকা দিয়েছেন। দি কমিটমেন্ট অফ্ Central Government has not been with draw sofar. লাষ্ট যে কথাটা উনি বললেন, হাসনের মানুষ আড়াই গুন ভোট বেশী দিয়েছেন। রিগিং Machineries are so powerful and the method is so expertise and the members of he Treasary benches are no expertise.

সেখানে ইলেকশানে জেতা অসম্ভব নয়। বাট উই বিলিভ ইন ডেমোক্রাসি।

নয়েজ

Dr. Mitra, the eminent economist had take, up the role responsibility of destituton and poverty and Mr. Jyoti Basu has Perpetuated darkness and law less ness in whole of west Bengal.

সেইজন্য আমি একমত হতে পারলাম না।

**ডঃ অশোক মিত্র** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, যেহেতু আবেদিন সাহেব কয়েকটি মন্তব্য করলেন সেহেতু আমাকে একটি দুটি কথা বলতে হয়। প্রথমেই উনি বললেন ওভারড্রাফট করি, ৫৩ কোটি টাকা খরচ করতে পারলেন না। কারণটা উনি জানেন, কেন্দ্রীয় সরকার নির্দেশ দিয়ে দিলেন ওভারড্রাফট যদি করি চেক প্রত্যাখান করা হবে, সেইজন্য আমাদের হাত-পা বেঁধে দিয়েছেন। দ্বিতীয় কথা বলেছেন, আমরা ৬০০ কোটি টাকার মতন খাদ্য-শস্য অন্যান্য রাজ্য থেকে কিনি। হ্যাঁ, সত্যি কথা। কিন্তু আমরা যদি পাটের ফলন তুলে দিয়ে ধানের উৎপাদন করতাম। গমের উৎপাদন করতাম তাহলে এই ঘাটতি থাকতো না। গোটা দেশের একটা জাতির স্বার্থ তাতে যদি রক্ষিত হয় সেইজন্য করা হচ্ছে। আপনারা কেন্দ্রীয় সরকারকে বলুন আমরা সেই ব্যবস্থা গ্রহণ করবো। দ্বিতীয় কথা, আমি খুব দুঃখিত জয়নাল সাহেব দয়া করে খবর নেবেন, দুর্গাপুর ইস্পাত কারখানার ব্যাপারে আমি খোঁজ নিয়েছি, ঐ প্ল্যানিং কমিশনের কাছে আমি খোঁজ খবর নিয়েছি, ইস্পাত মন্ত্রক পরিস্কার বলে দিয়েছেন— নির্বাচনের আগে কংগ্রেসরা দূর্গাপুর কেন্দ্রে যাই প্রতিশ্রুতি দিয়ে থাকুক না কেন। — দুর্গাপুর ইস্পাত কারখানার জন্য কোন টাকা মজুত নেই এবং তাঁরা দিতে পারবেন না। গত বছর ৫ কোটি টাকা দিয়েছিলেন। এ বছর ১৬ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। সুতরাং ১২০০-১৬০০ কোটি বলে যাঁরা দেশের মানুষকে বিভ্রান্ত করেছিলেন ইতিহাস তাঁদের ক্ষমা করবেন না।

The motion of Dr. Ashok Mitra that the West Bengal Appropriation NO. (2) Bill,1985, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

**Mr. Speaker :** Now recess, the House will sit again at 3-3( P.M.

(At this stage the house House was adjourned till 3-30 P.M)

**(After adjournment)**

**[3.30 - 3.40 P.M.]**

## Discussion on Excess Expenditure for Years 1974-75, 1975-76, 1976-77 and 1977-78

Votting on Excess Expenditure

(For the year 1974-75)

Demand for Grant No8.

Major Head : 230 - Stamps and Registration

**Dr. Ashok Mitra :** Mr. Speaker, Sir, on the recemmendation of the Governor, I beg to move that a sum of Rs. 8,87,779 be granted to make good an excess on the Grant No. 8, Major Head: 230 - Stamps and registration for the year 1974-75.

**শ্রী জয়কেশ মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, হোমিওপ্যাথি চিকিৎসক সমাজের পক্ষ থেকে কয়েকশো হোমিওপ্যাথি ডাক্তার এবং ছাত্র এসপ্ল্যানেডে এসেছেন। তাঁরা দেখা করতে চান। কিন্তু পুলিশ তাঁদের আটকে দিয়েছে। তাঁদের দাবী হচ্ছে যে ১৯৬৩ সালে হোমিওপ্যাথি কাউন্সিলের যে আইনটা হয়েছিল সেটাকে অবিলম্বে সংশোধন করতে হবে। কনডেন্স কোর্স, ডিগ্রী কোর্স চালু করতে হবে, আর ডি.এইচ.এম.এস. কোর্স যে সমস্ত কলেজ চালু করেনি তাদের অবিলম্বে বাধ্য করতে হবে। তা না করলে তাদের ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করতে হবে দিনের পর দিন রেজিষ্ট্রেসন পাচ্ছে না, ডিগ্রী কোর্সে পাশ করেছে, তাদের রেজিষ্ট্রেসনের ব্যবস্থা এখন হচ্ছে না। সেন্ট্রাল কাউন্সিলের পক্ষ থেকে তাঁদের জন্য ব্যবস্থা করা দরকার। ..... অসমাপ্ত .........

**মিঃ স্পীকার :** শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস।

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস :** * * * * * * * * * * * * * * *
* * * * * * * * * * * * * * * * * * * * *
* * * * * * * * * * * * * * * * * * * * *
* * * * * * * * * * * * * * * * * * * * *
* * * * * * * * * * * * * * * * * * * * * *

**মিঃ স্পীকার :** জয়ন্তবাবু অন্য বিধানসভার কথা এখানে আলোচনা করা যায়? আন্ডার দি রুল, এটা হয় না। This should be expunged. Why do you quote Bihar vidhan sabha. The whole thing will be expunged.

---

Note : **[Expunged as ordered by the chair]

**শ্রী শীশ মহম্মদ্‌ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সারা বাংলার শিক্ষক এবং শিক্ষাকর্মীদের নেতৃত্বে হাজার হাজার শিক্ষক এবং শিক্ষাকর্মী এসপ্ল্যানেড্‌ ইষ্টে অবস্থান করছেন বিভিন্ন দাবী দাওয়ার ভিত্তিতে। আমার বক্তব্য হচ্ছে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় সেখানে গিয়ে তাঁদের বক্তব্য শুনে যথাযথ ব্যবস্থা অবলম্বন করবেন এই আশা রেখে আপনার মাধ্যমে আমি বলতে চাই যে তিনি সেখানে গিয়ে তাঁদের সঙ্গে কথাবার্ত্তা বলুন।

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি ষ্ট্রিকটলি্‌ লোকসভার নিয়ম অনুযায়ী চলতে চেষ্টা করছেন এবং তারজন্য আপনাকে ধন্যবাদ।

**মিঃ স্পীকার :** আপনাদের সহযোগিতা নিয়ে।

**Dr. Zainal Abedin :** We are prepared to extend all co-operation.

এখন যেটা বলছি it is obligatory and mandatory. অর্থাৎ কথাটা থাকবে। তবে লোকসভায় কিন্তু ' On the recommendation of the Governor' the recommendation of the President is communicated to the secretary General. Here again, I rise this point of order when the Hon'ble Minister used the expression, On the recommendation of the Governor' before moving the grants. Sir, it is obligatory and mandatory in the case of Lok Sabha that the Secretary General is communicated with the recommendation first and then the Minister are obliged to move the grants. In this case also, may I put a question as to whether the Assembly Secretary or/your goodself has received this recommendation of the Governor with regard to any of these Expenditure Grants so far – I mean those grants which are going to the moved in this House? I went your ruling, Sir,

**Mr. Speaker :** We received notice from the concerned Ministry informing us that these are on the recommendation of the Governor. That covers that part of your question. We have received such notices and there is no problem. But the question is that in he case of Excess Expendirue whether the expression, 'On the recommenddation of the Governor' does arise also?

**Dr. Zainal Abedin :** Yes, Sir,

**Mr. Speaker :** About what is already spent?

**Dr. Zainal Abedin :** Yes, Sir,

**Mr. Speaker :** What does the Governor recommend?

**Dr. Zainal Abedin :** Yes, Sir, otherwise why did he use the expression, 'On the recommendation of the Governor'. The Minister has moved the grant using the expression, 'On the recommendation of the Governor'. Had it not been necessary he should have omitted that part and no grant could be moved without the expression, 'On the recommendation of the Governor'.

**Mr. Speaker :** অশোকবাবু শুনুন — "On the recommendation of the Governor, I beg to move the following grants on. Excess Expenditrue" — এই কথাগুলো বারবার বলার দরকার নেই।

[3.40 - 3.50 P.M.]

## DEMAND NO. 20

### Major Head: 254 – Treasuruy and Accounts Administration.

**Dr. Ashoke Mitra :** Mr. Speaker Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 12,96,000 be granted to make good an excess on the Grant No. 20. Major Head : 254 –Treasury and Accounts Administration for the year 1974-75 was then put and agreed to.

## DEMAND NO. 22

### Major Head: 256 – Jails

**Dr. Ashoke Mitra :** Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 24,46,519 be granted to make good an excess on the Grant No. 22. Major Head : 256 –Jails for the Year 1974-75.

## DEMAND NO. 25

### Major Head: 259 – Public Works

**Dr. Ashoke Mitra :** Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 8,93,59,255 be granted to make good an excess on the Grant No. 25. Major Head : 259 –Public Works for the Year 1974-75.

## DEMAND NO. 26

### Major Head: 260 - Fire Protection and Control

**Dr. Ashoke Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 4,67,779 be granted to make good an excess on the Grant No. 26. Major Head : 260 –Fire Protection and Control for the Year 1974-75.

## DEMAND NO. 36

### Major Head: 280 - Medical

**Dr. Ashoke Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 2,42,87,243 be granted to make good an excess on the Grant No. 36. Major Head : 280 –Medical for the Year 1974-75.

## DEMAND NO. 42

### Major Head: 287 - Labour and Employment

**Dr. Ashoke Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 5,43,189 be granted to make good an excess on the Grant No. 42. Major Head : 287 –Labour and Employment for the Year 1974-75.

## DEMAND NO. 53

### Major Head: 306 - Minor Irrigation

**Dr. Ashoke Mitra** : Sir, on the recommendation of the governor- I beg. to move that a sum of Rs. 17,89,867 be granted to make good an excess on the Grant No. 53. Major Head : 306 –Minor Irrigation for the Year 1974-75.

## DEMAND NO. 66

### Major Head:333–Irrigation,Navigation,Drainage and Flood control projects

**Dr. Ashoke Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 4,19,81,361 be granted to make good an excess on the Grant No. 66. Major Head : 333 –Irrigation, Navigation, Drainage and Flood Control projects for the Year 1974-75.

**DEMAND NO. 72**

**Major Head: 339 – Tourism**

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 1,92,581 be granted to make good an excess on the Grant No. 72. Major Head : 339 –Tourism for the Year 1974-75.

**DEMAND NO. 76**

**Major Head: 520 – Capital Outlay on Industrial Research and Development (Public Undertakings) and 730–Loans to Industrial Financial Institutions (Public Undertakings)**

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor I beg. to move that a sum of Rs. 21,04,790 be granted to make good an excess on the Grant No. 76. Major Head : 520 – Capital Outlay on Industrial Research and Development (Public Undertakings) and 730–Loans to Industrial Financial Institutions (Public Undertakings) for the Year 1974-75.

**Voting on Excess Expenditure**

**(For the Year 1975-76)**

**DEMAND NO. 1**

**Major Head: 211 – State Legislature**

**Dr. Ashok Mitra** : Mr. Speaker, Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 32,501 be granted to make good an excess on the Grant No. 1. Major Head : 211 –State Legislature for the Year 1975-76

**DEMAND NO. 3**

**Major Head: 213 – Council of Ministers**

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 59,707 be granted to make good an excess on the Grant No. 3. Major Head : 213 –Council of Ministers for the Year 1975-76

## DEMAND NO. 4

### Major Head: 214– Administration of Justice

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 11,28,310 be granted to make good an excess on the Grant No. 4. Major Head : 214 –Administration of Justice for the Year !975.

## DEMAND NO. 8

### Major Head: 230 – Stamps and Registration

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 11,38,420be granted to make good an excess on the Grant No. 8. Major Head : 230–Stamps and Registration for the Year 1975-76

## DEMAND NO. 14

### Major Head: 247 – Other Fiscal Services

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 869 be granted to make good an excess on the Grant No. 14. Major Head : 247 –Other Fiscal Services for the Year 1975-76.

## DEMAND NO. 19

### Major Head: 253 – District Administration

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 6,39,629 be granted to make good an excess on the Grant No. 19. Major Head : 253 –District Administration for the Year 1975-76

## DEMAND NO. 22

### Major Head: 256 – Jails

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 66,52,346 be granted to make good an excess on the Grant No. 22. Major Head : 256 –Jails for the Year 1975-76

## DEMAND NO. 24

### Major Head: 258 - Stationery and Printing

**Dr.,Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 25,89,580 be granted to make good an excess on the Grant No. 24. Major Head : 258 -Stationery and Printing for the Year 1975-76

## DEMAND NO. 25

### Major Head: 259 - Public Works, 283- Housing - Buildings, 477- Capital - Outlay on Education, Art and Culture (Sports) (Buildings) and 480 - Capital Outlay on Medical - Buildings

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs.18,29,80,112 be granted to make good an excess on the Grant No. 25. Major Head : 259 - Public Works, 283- Housing - Buildings, 477- Capital - Outlay on Education, Art and Culture (Sports) (Buildings) and 480 - Capital Outlay on Medical - Buildings for the Year 1975-76

## DEMAND NO. 26

### Major Head: 260 - Fire Protection and Control

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 2,10,634 be granted to make good an excess on the Grant No. 26. Major Head : 260 -Fire Protection and Control for the Year 1975-76

## DEMAND NO. 28

### Major Head: 266 - Pension and other Retirement Benefits

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 2,12,68,951 be granted to make good an excess on the Grant No. 28. Major Head : 266 -Pension and Retirement Benefits for the Year 1975-76

## DEMAND NO. 34

### Major Head: 278 - Art and Culture

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor,

I beg. to move that a sum of Rs. 21,05;406 be granted to make good an excess on the Grant No. 34. Major Head : 278 –Art and Culture for the Year 1975-76

## DEMAND NO. 35

### Major Head: 279 – Scientific Service and Research

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 2,200 be granted to make good an excess on the Grant No. 35. Major Head : 279 –Scientific Services and Research for the Year 1975-76

## DEMAND NO. 36

### Major Head: 280 – Medical

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 8,46,91,253 be granted to make good an excess on the Grant No. 36. Major Head : 280 –Medical for the Year 1975-76

## DEMAND NO. 38

### Major Head: 282 – Public Health, Sanitation and Water Supply

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 5,55,83,372 be granted to make good an excess on the Grant No. 38. Major Head : 282 –Public Health, Sanitiation and Water Supply for the Year 1975-76.

## DEMAND NO. 47

### Major Head: 289 – Relief on account of Natural Calamities

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 10,23,095 be granted to make good an excess on the Grant No. 47. Major Head : 289 –Relief on account of Natural Calamities for the Year 1975-76.

## DEMAND NO. 48

### Major Head: 295 – Other Social and Community Services

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 9,77,835 be granted to make good

an excess on the Grant No. 48. Major Head : 295 –Other Social and Community Services for the Year 1975-76.

**DEMAND NO. 52**

**Major Head: 305 – Agriculture**

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 2,32,90,243 be granted to make good an excess on the Grant No. 52. Major Head : 305 –Agriculture for the Year 1975-76.

**DEMAND NO. 54**

**Major Head: 509 – Capital Outlay on Food and Nutrition**

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 1,96,54,003 be granted to make good an excess on the Grant No. 54. Major Head : 509 –Capital Outlay on Food and Nutrition for the Year 1975-76.

**DEMAND NO. 60**

**Major Head: 314 – Commumity Development (Excluding Panchayat)**

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 8,50,917 be granted to make good an excess on the Grant No. 60. Major Head : 314 –Community Development (Excluding Panchayat) for the Year 1975-76.

**DEMAND NO. 66**

**Major Head: 333 – Irrigation, Nevigation, Drainage and Flood Control Projects and 532 – Capital Outlay on Multipurpose, River Projects.**

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 4,17,22,550 be granted to make good an excess on the Grant No. 66. Major Head : 532 –Irrigation, Navigation, Drainage and Flood Control Projects and 532 – Capital Outlay on Multipurpose, River Projects for the Year 1975-76.

## DEMAND NO. 67

### Major Head: 734 – Loans for Power Projects

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 4,00,00,000 be granted to make good an excess on the Grant No. 67. Major Head : 734 –Loans for Power Projects for the Year 1975-76.

[3.50 - 4.00 P.M.]

## DEMAND NO. 68

### Major Head: 335 – Ports, Lighthouses and Shipping

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 31,260 be granted to make good an excess on the Grant No. 68. Major Head : 335 –Ports Lighthouses and Shipping for the Year 1975-76.

## DEMAND NO. 69

### Major Head: 336 – Civil Aviation

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 15,4111 be granted to make good an excess on the Grant No. 69. Major Head : 336 –Civil Aviation for the Year 1975-76.

## DEMAND NO. 70

### Major Head: 537 – Capital Outlay on Roads and Bridges

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 4,25,51,515 be granted to make good an excess on the Grant No. 70. Major Head : 537 –Capital Outlay on Roads and Bridges for the Year 1975-76.

## DEMAND NO. 72

### Major Head: 339 – Tourism

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 6,34,289 be granted to make good an excess on the Grant No. 72. Major Head : 339 –Tourism for the Year 1975-76.

## DEMAND NO. 73

### Major Head: 544 - Capital Outlay on Other Transport and Communication Services

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 37,995 be granted to make good an excess on the Grant No. 73. Major Head : 544 –Capital Outlay on Other Transport and Communication Services for the Year 1975-76.

## DEMAND NO. 76

### Major Head: 705 - Loans for Agreiculture (P.U), 722 - Loans for Machinery and Engineering Industries (P.U), 726– Loans for Consumer Industries (P.U)

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 62,72,000 be granted to make good an excess on the Grant No. 76. Major Head : 705 - Loans for Agreiculture (P.U), 722 - Loans for Machinery and Engineering Industries (P.U), 726– Loans for Consumer Industries (P.U) for the Year 1975-76.

## DEMAND NO. 84

### Major Head: 766 - Loans to Government Servants etc.

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 44,15,483 be granted to make good an excess on the Grant No. 84. Major Head : 766 –Loans to Government Servents etc. for the Year 1975-76.

VOTING ON EXCESS EXPENDITURE

(FOR THE YEAR 1976-77)

## DEMAND NO. 4

### Major Head: 214 - Administration of Justice

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 16,69,135 be granted to make good an excess on the Grant No. 4. Major Head : 214 –Administration for the Year 1976-77

## DEMAND NO. 5

### Major Head: 215 - Elections

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 3,70,448 be granted to make good an excess on the Grant No. 5. Major Head : 215 -Elections for the Year 1976-77

## DEMAND NO. 6

### Major Head: 220 - Collection of Taxes on Income and Expenditure

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 42,391 be granted to make good an excess on the Grant No. 6. Major Head : 220 -Collection of Taxes on Income and Expenditure for the Year 1976-77

## DEMAND NO. 8

### Major Head: 230 - Stamps and Registration

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 17,93,461 be granted to make good an excess on the Grant No. 8. Major Head : 230- Stamps and Registration for the Year 1976-77

## DEMAND NO. 13

### Major Head: 245 - Other Taxes and Duties on Commodities and Services.

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 14,29,193 be granted to make good an excess on the Grant No. 13. Major Head : 245- Other Taxes and Duties on Commodities and Services for the Year 1976-77

## DEMAND NO. 14

### Major Head: 247 - Other Fiscal Services

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 1,36,553 be granted to make good

an excess on the Grant No.14. Major Head : 247–Other Fiscal Services for the Year 1976-77

## DEMAND NO. 19

### Major Head: 253 – District Administration

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 22,48,058 be granted to make good an excess on the Grant No. 19. Major Head : 253–District Administration for the Year 1976-77

## DEMAND NO . 25

### Major Head: 259– Public Works, 283– Housing ( Buildings) and 480–Capital Outlay on Medical (Buildings)

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs.16,45,15,742 be granted to make good an excess on the Grant No.25. Major Head : 259– Public Works, 283– Housing (Buildings) and 480–Capital Outlay on Medical (Buildings) for the Year 1976-77

## DEMAND NO. 36

### Major Head: 280–Medical

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 3,85,97,625 be granted to make good an excess on the Grant No. 36. Major Head : 280–Medical for the Year 1976-77

## DEMAND NO. 38

### Major Head: 282–Public Health, Sanitation, and Water Supply

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs.3,73,63,719 be granted to make good an excess on the Grant No. 38. Major Head : 282– Public Health, Sanitation, and Water Supply for the Year 1976-77

## DEMAND NO. 39

### Major Head: 483–Capital Outlay on Housing

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs.2,34,50,519 be granted to make good an excess on the Grant No. 39. Major Head : 483–Capital Outlay on Housing for the Year 1976-77

## DEMAND NO. 47

### Major Head: 289–Relief on account of Natural Calamities

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs.67,10,884 be granted to make good an excess on the Grant No. 47. Major Head : 289–Relief on account of Natural Calamities for the Year 1976-77

## DEMAND NO. 53

### Major Head: 306–Minor Irrigation

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs.3,15,08,786 be granted to make good an excess on the Grant No. 53. Major Head : 306– Minor Irriagation for the Year 1976-77

## DEMAND NO. 60

### Major Head: 314–Community Development (Excluding Panchayat)

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs.2,27,829 be granted to make good an excess on the Grant No. 60. Major Head : 314–Community Development (Excluding Panchayat) for the Year 1976-77

## DEMAND NO. 67

### Major Head: 734–Loans for Power Projects

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 95,00,000 be granted to make good an excess on the Grant No. 67. Major Head : 734–Loans for Power Projects for the Year 1976-77

## DEMAND NO. 70

### Major Head: 537–Capital Outlay on Roads and Bridges

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs.10,95,41,050 be granted to make good an excess on the Grant No. 70. Major Head : 537–Capital Outlay on Roads and Bridges for the Year 1976-77

## DEMAND NO. 71

### Major Head: 338–Road and Water Transport Services

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs.5,60,347 be granted to make good an excess on the Grant No. 71. Major Head : 338–Road and Water Transport Services for the Year 1976-77

## DEMAND NO. 74

### Major Head: 363–Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Excluding Panchayat)

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor I beg. to move that a sum of Rs.60,58,808 be granted to make good an excess on the Grant No. 74. Major Head : 363–Compensation and Assignments Local Bodies and Panchayati Raj Institutions (Excluding Panchayat) for the Year 1976-77

## DEMAND NO. 76

### Major Head: 705–Loans for Agriculture (Public Undertakings)

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 17,25,072 be granted to make good an excess on the Grant No. 76. Major Head : 705–Loans for Agriculture (Public Undertakings) for the Year 1976-77

## VOTING ON EXCESS EXPENDITURE
## (FOR THE YEAR 1977-78)
## DEMAND NO. 7

### Major Head: 229– Land Revenue

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor,

I beg. to move that a sum of Rs. 13,43,903 be granted to make good an excess on the Grant No. 7. Major Head : 229–Land Revenue for the Year 1977-78

## DEMAND NO. 8

### Major Head: 230–Stamps and Registration

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 28,74,723 be granted to make good an excess on the Grant No. 8. Major Head : 230–Stamps and Registration for the Year 1977-78

## DEMAND NO. 14

### Major Head: 247–Other Fiscal Services

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs.2,10,702 be granted to make good an excess on the Grant No. 14. Major Head : 247–Other Fiscal Services for the Year 1977-78

## DEMAND NO. 16

### Major Head: 249–Interest Payments

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 14,54,342 be granted to make good an excess on the Grant No. 16. Major Head : 249–Interest Payments for the Year 1977-78

## DEMAND NO. 24

### Major Head: 258–Stationery and Printing

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs.4,64,016 be granted to make good an excess on the Grant No. 24. Major Head : 258–Stationery and Printing for the Year 1977-78

## DEMAND NO. 25

### Major Head: 259–Public Works

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs.8,04,35,856 be granted to make good

an excess on the Grant No. 25. Major Head : 259–Public Works for the Year 1977-78

## DEMAND NO . 28

### Major Head: 266–Pensions and Other Retirement Benefits

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 54,36,170 be granted to make good an excess on the Grant No. 28. Major Head : 266 Pensions and Other Retirement Benefits for the Year 1977-78

## DEMAND NO. 31

### Major Head: 276 – Secretariat–Social and Community Services

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs.76,815 be granted to make good an excess on the Grant No. 31. Major Head : 276–Secretariat– Social and Community Services for the Year 1977-78

## DEMAND NO. 32

### Major Head: 277–Education (Sports)

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs.46,88,119 be granted to make good an excess on the Grant No. 32. Major Head :277– Education (Sports) for the Year 1977-78

## DEMAND NO. 35

### Major Head: 279–Scientific Services and Research

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs.800 be granted to make good an excess on the Grant No. 35. Major Head : 279–Scientific Services and Research for the Year 1977-78

## DEMAND NO. 36

### Major Head: 280–Medical

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 24,59,181 be granted to make good

an excess on the Grant No. 36. Major Head : 280–Medical for the Year 1977-78

## DEMAND NO. 38

### Major Head: 282–Public Health, Sanitation and Water Supply

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs.1,36,97,965 be granted to make good an excess on the Grant No. 38. Major Head : 282–Public Health, Sanitation Water Supply for the Year 1977-78

## DEMAND NO. 40

### Major Head: 284–Urban Development

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs.17,34,628 be granted to make good an excess on the Grant No. 40. Major Head : 284–Urban Development for the Year 1977-78

## DEMAND NO. 50

### Major Head: 498–Capital Outlay on Co-operation and 698–Loans for Co-operation

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 66,22,054 be granted to make good an excess on the Grant No. 50. Major Head : 498–Capital Outlay on Co-operation and 698–Loans for Co-operation for the Year 1977-78

## DEMAND NO. 63

### Major Head: 321–Village and Small Industries (Excluding Public Undertakings)

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs.7,20,148 be granted to make good an excess on the Grant No. 63. Major Head : 321–Village and Small Industries (Excluding Public Undertakings) for the Year 1977-78

## DEMAND NO. 67

### Major Head: 734–Loans for Power Projects

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs.1,90,49,000 be granted to make good an excess on the Grant No. 67. Major Head : 734–Loans for Power Projects for the Year 1977-78

## DEMAND NO. 70

### Major Head: 337–Roads and Bridges and 537–Capital Outlay on Roads and Bridges.

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs.8,88,59,658 be granted to make good an excess on the Grant No. 70. Major Head : 337–Roads and Bridges and 537–Capital Outlay on Roads and Bridges for the Year 1977-78

## DEMAND NO. 76

### Major Head: 726–Loans for Consumer Industries

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs. 21,19,299 be granted to make good an excess on the Grant No. 76. Major Head : 726–Loans for Consumer Industries for the Year 1977-78

## DEMAND NO. 84

### Major Head: 766–Loans to Government Servants, etc.

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the governor, I beg. to move that a sum of Rs.56,39,237 be granted to make good an excess on the Grant No. 84. Major Head :766–Loans to Government Servants,etc. for the Year 1977-78

**Mr. Jamini Bhuson Saha** : স্যার, তিন বছরে ৯০ কোটি টাকা কংগ্রেসীরা খরচ করে গেছেন যে টাকাটা আমাদের অনুমোদন করতে হবে। এই টাকা কে দেবেন রাজ্য সরকার না কেন্দ্র সরকার?

৯০ কোটি টাকা খরচ করেছেন।

**Mr. Speaker :** The Question is not relevant. এটার নিয়ম আছে যে পরের গভর্ণমেন্টকে সেটা স্যাংশান করতে হয়। There is an announcement. The third of May is non-official day and ballot will be drawn in my Chember tomorrow by 12-30 P.M. by lottery, At 12-30P.M. tomorrow the ballot will be drawn. The members who want to be present can be present in my Chamber tomorrow by 12 noon and then the lottery will be drawn. You have to give your names by 12 noon tomorrow. At 12 noon there will be an inclusion of names and the lottery will be drawn at 12-30 P.M. the third May will be a non-official day for 166 motions.

**Dr. Zainal Abedin :** স্যার, একটা Kind consideration আছে। From third May onwards we will be required to attend Delhi and we will be back here by 8th or 9th May. Please see that non - official business does not fall within this period.

**Mr. Speaker :** The day is fixed for third May. I am helpless because third May is Friday. It cannot be done on another Friday. Dr. Abedin, it has covered the period while you were the Minister. It is a very Small Matter. I think, you will be defending this demand.

**Dr. Zainal Abedin :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার সামনে আমি এক্সেস এক্সপেনডিচারের উপর আমার বক্তব্য রাখতে চাই নং ১ তে যে এক্সপেনডিচারের তালিকা এবং বছরগুলিতে ব্যয়িত হয়েছে বলে এই কথা বলা হল সেটাকে ৩ ভাগে ভাগ করা যায়। One for 1975-76-onus lies upon us, the other for 1976-77 the onus lies upon us. The nest is 1977-78. We do not shoulder the responsibility of this expenditure. It is not that Mr. Jamini Bhusan Saha is very energetic that we have to spend money in 1977-78, when the Left Front Government has assumed power. so this is a question of Principle. এখানে মাননীয় অর্থমন্ত্রী দৃষ্টি আকর্ষন করছি। Listen to me you do not know what I will deliver.

তাঁর নেতৃত্বে সেকেন্ড লেফট গভর্ণমেন্ট একটা এ্যাডমিনিষ্ট্রেটিভ রিফর্মস কমিটি এখানে তৈরী করেছিলেন এবং এখানে তিনি বিভিন্ন মহলে, এবং বিভিন্ন সংশ্লিষ্ট অফিসিয়াল এবং নন অফিসিয়াল ওপিনিয়ন ড্র করেছিলেন। তিনি রেকমেন্ড করেছিলেন ফাইনান্সিয়াল ম্যানেজমেন্টের জন্য কি করা উচিৎ। তাঁর ৯১ টা রেকমেন্ডশানের মধ্যে আদার এ্যাডমিনিষ্ট্রেটিভ অফিসিয়াল ম্যানেজমেন্টের সম্বন্ধে কিছু গুরুত্বপূর্ণ রেকমেন্ডশান ছিল. আমি তাঁকে সরাসরি জিজ্ঞাসা করছি আপনি দেখেছেন ইন দি ইয়ার অফ ৭৫-৭৬ যে ব্যয় গুলি হয়েছিল তাতে আমরা যে অভিযোগ আপনাদের বিরুদ্ধে তুলি তাতে

আমরা দেখিয়েছি যে আপনারা আনপ্রোডাকটিভ এক্সপেন্ডিচারের উপর বেশী জোর দেন। আপনাদের নেচার অফ এক্সপেন্ডিচার দেখলে দেখবেন আপনাদের নর্মাল গ্রান্টস এবং স্যোপ্লিমেন্টারী এক্সপেনিডিচার যেটা হচ্ছে সেটা প্রাইভেট এক্সপেনডিচার Both in agricultuir and Industries, ৭৬-৭৭ সালে যে এক্সপেন্ডিচার হয়েছে সেটা প্রাইভেট এক্সপেন্ডিচার। এই সরকার বিগত বছরে যে সাপ্লিমেন্টারী বাজেট তৈরী করেছেন তাতে কাউন্সিল অফ মিনিষ্টারদের জন্য ৯ লক্ষ টাকা সাপ্লিমেন্টারীর বাজেট ধরেছেন।

**[4.00 – 4.10 p.m.]**

কিসের জন্য — ফর এন্টারটেনমেন্ট। আপনি সেই একই পার্ট অব এ্যাডমিনিষ্ট্রেশান দেখুন ডিমান্ড ফর গ্রান্ট নং ১৩ — কাউন্সিল অব মিনিষ্টার্স ইন দি ইয়ার ১৯৭৫-৭৬, মাত্র ৫৯ হাজার টাকা ব্যয় হয়েছে। দৃষ্টিভংগীর তফাত, এরা যে বলে গরীবের সরকার সেটা সঠিক নয়। ১ বছরে কাউন্সিল অব মিনিষ্টারের জন্য যেখানে ৯ লক্ষ টাকা ব্যয় করেছে সেখানে আমাদের এক্সেস এক্সপেনডিচার ছিল ফিফটি নাইন থাউজ্যান্ড ওনলি। আমাদের ব্যয় যেখানে জনমুখী, গনমুখী, উৎপাদনমুখী, এদের ব্যয় সেখানে জন বিরোধী উৎপাদন বিরোধী এবং নিজের দলকে পরিপুষ্ট শক্তিশালী করার জন্য। এতে জনগণের কোন শেয়ার নেই। নেক্সট আমার বক্তব্য আপনারা ক্ষমতায় এসেছেন ৭।। বছর, আপনি যে ব্যয় এখানে উত্থাপন করেছেন এক বছর আগেকার আপনার কার্যকালে পাবলিক এ্যাকাউন্টস্ কমিটির রেকমেন্ডসান ছাড়া কেন এই সুযোগ আপনার হল না সেটাকে রেগুলারাইজ করার? আপনারা এক্সেস এক্সপেনডিচারের রেগুলারাইজেশানের প্রশ্ন আছে আন্ডার কন্‌টিটিউসন্যাল প্রভিসান। সেটা করতে এত দেরী হল কেন; এই বিলম্বের হেতু কি আমাদের জানাবেন। আপনারা ১০টা কমিশন বসিয়েছেন, দিস গভর্ণমেন্ট ইজ দি গভর্ণমেন্ট্ অব কমিশনস্, তার ৯ টা উঠে গেছে, ডিফাংক্ট। আজকে জিজ্ঞাসা করি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে এ্যাডমিনিষ্ট্রেশান অব জাস্টিস হেডে যে টাকা আপনি দেখিয়েছেন তার কত টাকা নিজের দলের কাউন্সিলারদের পাইয়ে দেবার জন্য? এরজন্য নতুন করে মানুষ কে কত টাকা গুণতে হচ্ছে সেটা বলবেন। আপনার পাওয়ারের সমস্যা আছে, সংগে সংগে ৫টা কমিশন বসিয়ে দিলেন আপনাদের কার্যকালে। আমার জাতে আরো ৫টা কমিশন বসিয়ে তাকে ডিফাংক্ট করেছেন জাজ পাচ্ছেন না বলে। আবার শুনছি এ্যাকটিং জাজ পাচ্ছেন না বলে রিটায়ার্ড জাজ উইল এনকোয়ার ইনটু দি এ্যাফেয়ার্স অব দুর্গাপুর। আমি আপনাকে জিজ্ঞাসা করি আপনার এই বিলম্বের কারণ কি, নিজেদের দলকে পাইয়ে দেবার জন্য এই আনপ্রোডাকটিভ এক্সপেনডিচার বহন করার কারণ কি? হোয়াট ইজ দি মেমোরেন্ডাম অব এ্যাকসান অন দি এনকোয়ারী অব কমিশন? ইট ইজ এ বিগ জিরো, ইট ইজ এ বিগ জিরো। আপনি নিজে এ্যাডমিনিষ্ট্রেটিভ রিফর্মস কমিশনের যে ৯১ টি রেকমেন্ডশান করেছেন তাতে আপনি বলেছেন ইন্টার ডিপার্টমেন্টাল স্ক্রুটিনি হওয়া দরকার, ইন্টারন্যাল অডিট হওয়া দরকার, কনস্ট্যানন্ট চেক থাকা উচিত। ১৯৭৭-৭৮ সালে আমাদের কার্যকালে নয়, আপনাদের কার্যকালে, আপনি ফাইনান্স মিনিষ্টার হিসাবে যে সাপ্লিমেন্টারী গ্রান্ট নিয়ে এসেছেন, নর্ম্যাল বাজেটারী এ্যালোকেশান এন্ড ডিমান্ড নিয়ে এসেছেন আমরা পাশ করে দিয়েছি, তা সত্বেও আপনাদের কার্যকালে এই এক্সেসেস গ্রান্ট হল কেন? কংগ্রেস রেজিমে যেটা প্রোডাক্টিভ ডিমান্ড হয়েছিল আপনাদের আমলে সেটা আনপ্রোডাকটিভ হল কেন? তাহলে বুঝতে হবে দিস গভর্ণমেন্ট ইজ নট মেকিং এফিসিয়েন্ট ফাইনান্সিয়াল ম্যানেজমেন্ট, রাদার দে আর

আনসাউন্ড ম্যানেজারস অব দি ফাইনান্সিয়াল ম্যানেজমেন্ট অব দি স্টেট গভর্ণমেন্ট। আজকে একথা আমি দৃঢ়তার সঙ্গে বলতে চাই এদের ফাইনান্সিয়াল ম্যানেজমেন্ট আকসিডিউয়টলি আনসাউন্ড। নেক্সট আপনি আপনার বাজেট ভাষণে ক্লাবিং অব দি ডিপার্টমেন্টস-এর কথা বলেছেন, প্ল্যানিং বোর্ডের কথা বলেছেন, ডিষ্ট্রিক্ট ওয়াইজ প্ল্যানিং ব্লক লেভেল পর্যন্ত এক্সপোর্টাইজ করবেন বলেছেন, কিন্তু একটা সূত্র থেকে খরচ হচ্ছে, দ্যাট ইজ দি সেক্রেটারিয়েট এন্ড রাইটার্স বিল্ডিংস্, সেখানে রেগুলেশান আপনি করতে পারছেন না, সেখানে মনিটরিং অব দি এক্সপেনডিচার অব ইনকাম আপনি করতে পারছেন না। Through out 365 days you are depending on overdraft for more than 250 days, How do you propose to monitor then? আমাদের এখানে ফিসক্যাল ডিসিপ্লিন বলে কিছু নেই, এটা সম্ভব হয়েছে আপনাদের সময়ে। সেজন্য আমি এক্সসে গ্রান্টে আপত্তি করলেও আপনাকে এক্সেস এক্সপেনডিচার রেগুলারাইজ করতে হবে।

এবং এটা করতে আপনাদের কোন অসুবিধা নেই কারণ আপনারা এখানে ব্রুট মেজোরিটি। কিন্তু একটাকথা মনে রাখবেন ইউ আর ভায়লেটিং দি সাউন্ড ফাইনান্সিয়াল প্রিনসিপল। আপনাদের সরকার টাইম কনসাস্ নয়। আমাদের ল মিনিষ্টার এখানে আছেন কাজেই তাঁর উদ্দেশ্য বলতে চাই এবং তিনিও ভালভাবে জানেন — জাস্টিস ডিলেড জাস্টিস ডিনাইড। স্যার, আপনিই বলুন, ইজ ইট পসিবল টু ডিটেক্ট দি রেকর্ডস্? আমি অর্থমন্ত্রীর উদ্দেশ্য বলতে চাই, আপনি কি স্যাটিসফায়েড যে ইউটিলাইজেসন সার্টিফিকেট ঠিকভাবে স্ক্রুটিনাইজড হয়েছে? I think the utilisation culificate voucher is necessary for the authority to expend excess expenditure over the grant.

এই অথরিটি আপনাকে আইডেনটিফাই করতে হবে। এটা ঠিক যে নিউ সার্ভিস এবং নিউ ইন্সট্রুমেন্ট অব সার্ভিসের জন্য এই সরকারকে অধিকতর খরচ করতে হবে। প্রথম কথা হচ্ছে ন্যাচারাল ক্যালামিটি। ইউ হ্যাভ টু ক্রিয়েট নিউ ইন্সট্রুমেন্ট অব সার্ভিস টু কমব্যাট উইথ দি ন্যাচারাল ক্যালামিটি। কিন্তু প্রশ্ন হল সেই অথিরিটি কোথায়? আমরা দেখেছি উইদাউট এ্যাপ্রোপ্রিয়েট অথরিটি আমাদের এখানে এক্সপেনডিচার হয়ে গেছে। আমি মনে করি এটাকে নিয়ন্ত্রণ করা দরকার। আমাদের সংবিধান বলে এনি এক্সপেনডিচার মাস্ট বি রিপোর্টেড টু দিস আগস্ট হাউস ফর রেগুলারাইজেসন। সেদিক থেকে আমি মনে করি This august body has been insulted for the last 10 years by this present regime. They have not produced any records of excess expenditure to this august body. In that case they are liable to be put in the dock for contempt of the House. Sir, every expenditue will have to be recorded.

আমাদের অর্থমন্ত্রী কি রিকমেনডেসন করেছেন ইন দি নাইনটি ফাস্ট রেকমেনডেসন অব ইওর রিপোর্ট? আপনি কোন জিনিস আনেন নি বিফোর বিয়িং রিকমেনডেড বাই দি পাবলিক এ্যাকাউন্টস্ কমিটি। আমি এই প্রসঙ্গে বলতে চাই অডিটর এ্যান্ড কনট্রোলার জেনারেল — এর রিপোর্ট একই সঙ্গে করেসপনডিং ডিপার্টমেন্টে পাঠান হয়। এই রিপোর্ট প্রথম আপনার ডিপার্টমেন্টে পাঠান হয়েছে

কর রিকনসিলিয়েসন। You get safficient time for reconcileation. After the final report of the Comptroller and Auditor general of India the A.G Bengal publishes the report.

আমি জিজ্ঞেস করি আপনার ডিপার্টমেন্ট এবং অন্যান্য ডিপার্টমেন্ট কি তৎপর এ. জি বেঙ্গলের রিপোর্টের পরে নিজেদের ভুল শুধরে নেবার জন্য বিফোর বিয়িং ডিটেকটেড বাই দি পাবলিক এ্যাকাউন্টস্ কমিটি? এখানে এমন কোন বাঁধাধরা নিয়ম নেই যে পাবলিক এ্যাকাউন্টস্ কমিটি আপনাকে নির্দেশ দেবে এবং তারপর আপনি কাজ করবেন। আপনার যে ডিফেক্টস্—গুলো পয়েন্টড আউট হয় ইন দি রিপোর্ট অব দি এ.জি. কেন আপনারা তৎপরতার সঙ্গে সেই ডেফেক্টস্ গুলো কিওর করেন না? মাননীয় অধ্যক্ষ মহাশয়, এক্সেস, এক্সপেনডিচার হতেই পারে, প্রাইস রাইজ হতেই পারে। আমরা জানি একটা ডেভলপিং ইকনমিতে একসেস্ এক্সপেনডিচার হতে পারে, কিন্তু আজকের বেসিক প্রশ্ন হচ্ছে আপনারা পরপর বাড়িয়ে যাচ্ছেন in education, in all social services and in all economic services, the major portion of the expenditure happenes to be unproductive.

এর নজীর হচ্ছে এখানে লিটিগেসনে আপনারা যে এক্সপেনডিচার করছেন সেটা তো টোটালি কনডেমনেবেল।

**[4.10 – 4.20 p.m.]**

আজকে আপনার সামনে একটা কাগজ তুলে ধরছি। মাননীয় অর্থমন্ত্রী রিপোর্ট দেবেন, আপনার পক্ষে তদন্ত করার অসুবিধা হবে না। other than commissions কে এ্যাটিজিজম করেছে? আপনারা পার্টির স্বার্থে নিয়োগ করেছেন। Duly elected representatives of different education institutions নেওয়া হোল না। কেন সুপারসিড করেছেন? পার্টির স্বার্থে এ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করেছেন। Those who are victimised and those who are aggrieved – they have taken recourse to courts. Those who are victimised, I again say, have taken recourse to courts. the Judgment has gone against. Who will bear the cost? In a certain institution –We have got reports in North Calcutta sixty thousand rupees have been spent from the school funds because of your whims and because you have gone out of the way to engage and appoint administrators in the educational institutions. আপনাদের কেন সময় হয়নি We have not superseded anything except the corporation of Calcutta.... আরেকটা জিনিসটা তো দেখলাম? সেখানে যে Election head excess expenditure. হয়।

**মিঃ স্পীকার :** ইলেকসন হেড একটা আছে।

**ডাঃ জয়নাল আবেদিন :** আজকে আমি জিজ্ঞাসা করি — কোন যুক্তি আছে কি — প্রশান্তবাবু চলে গেলেন — কলকাতা কর্পোরেশনের ইলেকসন হবে ৩০ শে জুন। এসেম্বলীর যে ভোটার লিষ্ট

হয়েছে, সেখানে ২১ বছর বয়স হলেই সে ভোটার লিষ্টে স্থান পাবে এবং লোকসভার ভোটার লিষ্টেও স্থান পাবে। আর কলকাতা কর্পোরেশনে ভোটার হতে পারবে ১৮ বছর বয়স হলে। স্বাভাবিকভাবে We are surprised and we find that in 142 wards of Calcutta. Where election has been declared the number of voter have considerably decreased in allmost all the ward. কাকে স্যাটিসফ্যাকসন করার জন্য জানি না এই কাজ আপনারা করেছেন। আপনারা বেহালা যাদবপুরকে এনে ঢুকিয়েছেন begging is at the first stage জেনুইন ভোটার তারা বাদ যাবে। the role in the voters list has come down. for that you are to bear the expenditure. কেন্দ্রের কথা উঠেছে। মোরারজি দেশাই এবং পরে কে ‍হনুমানথেইয়ার নেতৃত্বে একটা Administrative Reforms Committee কেন্দ্রের তৈরী হয়েছিল for streamlining the Administration এখানেও ডঃ মিত্রকে চেয়ারম্যান করে ঐ রকম কমিটি হয়েছিল। তাতে আমাকে উনি ডেকেছিলেন I am grateful to him. তারা যে রেকমেন্ডসগুলি করেছিল এখানে রিপোর্টে দেখতে পাচ্ছি it has not been implemented. There is a faint desire to implement the financial reccommendations made by the Committee headed by Dr. Ashok Mitra এখানে ডঃ অশোক মিত্র ছিলেন। তাতেও হোল না। তাহলে আমরা যাব কোথায়? এদের সময় জ্ঞান নেই, মাত্রা জ্ঞান নেই। সরকার তাহলে আজকে কোন পথে চলছে? কোনটা প্রোডাকটিভ কোনটা প্রোডাকটিভ নয় কোনটা জনবিরোধী কোনটা জনগণের স্বার্থ রক্ষা করবে এ জ্ঞান এদের নেই। They have been able to create a volcanoe. they have been able to perpetuate darkness in the whole of West Bengal. They have been able to perpetuate poverty in West Bengal and our learned Finance Minister has taken the sole agency in the distribution of poverty and destitution in the rural areas of West Bengal, in the Slums of the urban areas of West Bengal. আজকে ফিজিক্যাল ফেনোমেনন যেটা মেটামরফসিস ১৯৭১ সালের সেনসাসে ১২৬টি আরব্যান এরিয়া ডিক্লেয়ার্ড হয়েছিল তারপর ১৯৮১ সালের সেনসাসে ২৯৩ টি এরিয়া আরব্যান এরিয়া বলে ডিক্লেয়ার্ড হয়েছে। কিন্তু সেখানে কোন সিভিল এমিনিটিজ নেই। This Government is not conscious about the Civil anemities.

আমরা এ পক্ষ থেকে ও পক্ষ থেকে বারে বারে বলেছি — এমন কি সেখানে পানীয় জলেরই ব্যবস্থা নেই। হাউসের ব্যবস্থা নেই, রোডসএর ব্যবস্থা নেই — কিছুই নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটি কথা যে আমরা দেখতে পাচ্ছি ১৯৭৭-৭৮ সালে ৮ কোটি টাকারও অধিক টাকা ব্রিজ এন্ড রোডস এর ব্যয় হয়েছে These roads are not negotiable.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখেছেন, এই পি.ডব্লুউ. বি রোড্স এ্যান্ড ব্রীজের জন্য ৮ কোটি টাকার অধিক আপনারা ব্যয় করেছেন এবং প্রতি বছর ব্যয় করে আসছেন, কিন্তু রাজ্যের সরকারী রাস্তাগুলোর অবস্থা কি বেহাল এবং as such the state is continuously suffering from this road accidents and vehicular accidents all the

time. এই কথা আমি বলতে চাই অর্থমন্ত্রীকে যে আপনি টাকা ব্যয় করেছেন, কিন্তু তার ইউটিলাইজেশন হয়েছে কি না, তা মনিটার করার, তার সুপারভিশনের কোন মেশিনারী আপনার আছে কি? এটা ন্যাচায়ালি জিজ্ঞাসা করতে পারি। এ্যাপার্ট ফ্রম দিস, যে কথার উত্তর আপনি দেননি, আমি রিইটারেট করছি, আদার দ্যান ষ্টেট রিসোর্সেস, আমাদের চারটে যে সোর্স আছে অর্থ পাওয়ার, এইটা শেয়ার অব দি নেগোশিয়েটেড লোন, আপনারা কনডেম করেছেন আই. এম. এফ লোন। শেয়ার অব দি নেগোসিয়েটেড লোন আপনারা চান না। দি সেন্ট্রাল এ্যাসিস্ট্যান্ট আছে। নেক্সড্ সেন্ট্রাল এ্যাসিস্ট্যান্স্, নেক্সড্ ট্যাক্সেশন। আপনার ট্যাকসেশন প্রপোজ্যালগুলো যদি এক এক করে ধরি, Government of India has given as much as possible and the 8th Finance Commission was very liberal Towards this. যে কথার উত্তর আপনি দেননি। আমি আবার বলছি ওয়েষ্ট বেংগল has not been able to in the category of state to receive the grant in aid.

মনিপুর ছিল, ত্রিপুরা ছিল, নাগাল্যান্ড ছিল — আজকে আপনারা আমাদের ভিখারীর দেশে পরিণত করেছেন, মাইকেল মধুসূদন বলেছিলেন হে বঙ্গ ভান্ডার তব বিবিধ রতনের রাজী, এ ভিখারীর দশা তোর কেন হয় আজি। উত্তরটা সেদিন দিতে পারেন নি, উত্তর নেই কম্যুনিষ্ট পার্টির। উত্তর দিতে পারেন নি লেফট ফ্রন্ট। এরা যতদিন আছে, আমাদের ভিখারীর অবস্থা হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে এক্সপেনডিচার হচ্ছে আনপ্রোডাকটিভ খাতে এদের কার্য্যকালে, আমি তার বিরোধিতা করছি এবং একসেস এক্সপেনডিচার যা হয়েছে তার সমালোচনা করে আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার : এটা কি দাঁড়ালো, জয়নাল আবেদিন সাহেব? একসেস এক্সপেনডিচার সমর্থন করলেন, না, বিরোধিতা করলেন?

ডাঃ জয়নাল আবেদিন : এঁদের সময়ে যে একসেস এক্সপেনডিচার হয়েছে আই অপোজ ইট এবং আগে যেটা এক্সপেনডিচার হয়েছে লেট করে, যেটা অন্যায় Since it has been presented late in the House I do not support that. I support the expenditure but since it has been brought in the house very late violating the constitutions provisions, I criticise the Government.....

[4.20 – 4.30 p.m.]

শ্রী বীরেন্দ্র নারায়ণ রায় : মাননীয় স্পীকার মহাশয়, এই যে চার বছরের ষ্টেটমেন্ট অব একসেস এক্সপেনডিচার, এটা আমি পড়লাম, আজকে জয়নাল সাহেব, আমার জিগরী দোস্ত, ওঁর যা বক্তব্য শুনলাম, তা ৯০ পার্সেন্ট হচ্ছে ইর্‌রেলেভ্যান্ট। উনি বললেন যে ডিপার্টমেন্ট কি তৎপর? তারপর এলেন ক্যালকাটা কর্পোরেশনের ইলেকশনের ব্যাপারে, যার সংগে কোন রেলেভ্যান্সি নেই। চার বছরের একসেস এক্সপেনডিচার আমরা পাশ করবো কি করবো না, এটা হচ্ছে ব্যাপার। আমি পড়ে যা বুঝেছি স্যার, আমার জিগরী দোস্ত জয়নাল সাহেবদের যে অবৈধ সন্তান — কনটিটিউসনের যে বাধ্য বাধকতা আছে, তাতে বলছে যে আমাদের সেই বৈধ্যতা দিতে হবে। এইটুকু আমি বুঝেছি। আর একটা কথা আছে, চোরের মায়ের বড় গলা। এক কান কাটা গ্রামের বাইরে দিয়ে যায়, আর দু

কান কাটা, সে গ্রামের ভিতর দিয়ে যায়। জয়নাল সাহেবের অবস্থা তাই। উনি বললেন যে নেচার অব এক্সপেনডিচার উনাদের সময়ে নাকি প্রডাকটিভ ছিল। তার আমি দু একটা একজামপল্ দিতে চাই। ১৯৭৪-৭৫ সালে ১১টা ডিমান্ডের উপর একসেস এক্সপেনডিচার হয়েছিল। তাতে ১৬ কোটি ৫৩ লক্ষ টাকার মত হয়েছিল। তার মধ্যে পাঁচ পাতা যদি দেখেন জেলের জন্য যে খরচ ধরা হয়েছিল এবং যা খরচ হয়েছিল তার পরিমান হচ্ছে ২৪ লক্ষ ৪৬ হাজার ৫১৯ টাকা। তার কারণ কি বলেছেন? কারণ বলেছেন, the excess was mainly due to heavy inflex of Prisoners in central and district Jails and rise in Prices of dictary and all other essential ariticles. আমাদের বামফ্রন্টের এবং সি.পি.এম.এর ১০/১২ হাজার কর্মীকে খুন করে, অনেককে গৃহহারা করে শান্তি হয়নি, তার জন্য একসেস এক্সপেনডিচার হয়েছে ২৪ লক্ষ ৪৬ হাজার ৫১৯ টাকা। এটা হচ্ছে প্রোডাকটিভ কাজ। তারপরে গ্রান্ট নং 36A (II) সেখানে বলা হয়েছে, the excess was mainly due to filling up of vacant posts not Provided for in the budget, etc.

সেখানে ঐ চাকুরী বোর জন্য একসেস খরচ হয়েছে। এগুলি হচ্ছে প্রোডাকটিভ কাজ। আমরা যখন কর্মচারীদের মাইনা বাড়াই তখন সেটা হয় আনপ্রোডাকটিভ, আর ওরা যখন সিগারেটের প্যাকেটের পিছনে লিখে চাকুরী দেন তখন সেটা হয় প্রোডাকটিভ। যামিনীবাবু বলছিলেন যে কত কোটি টাকা — আমার যদি যোগে ভুল না হয়ে থাকে তাহলে দেখা যাবে যে এই ৪ বছরে ওরা যেটা বেশী খরচ করেছেন তার টোটাল হচ্ছে, ২০৮ কোটি ৬ লক্ষ৩৮ হাজারের মত। তারপরে চুরি-চামারি তো আছেই। এখানে নিয়মটা কি? নিয়ম হচ্ছে, অর্থমন্ত্রী বাজেট পেশ করেন। তারপরে দফাওয়ারী বাজেট পেশ হয়, এ্যাপ্রোপিয়েশান হয়। তারপরেও যদি বেশী খরচ হয় তখন সাপ্লিমেন্টারী এষ্টিমেট পাশ করতে হয়। স্যার, ওরাতো পাত্তা দেন না। অডিটর জেনারেল ধরলে তখন পি.এ. কমিটিতে যায়, পি.এ. কমিটিতে গেলে তখন বলবেন যে এগুলি পাশ করে দিতে হবে। আমার জিগরি দোস্ত জয়নাল সাহেবদের অবৈধ সন্তান কিনা — এখনও পর্যন্ত অবৈধ, কিন্তু আজকে এটা বৈধ করতে হবে।

তারপরে ১৯৭৫-৭৬ সালে আপনি দেখবেন, গ্রান্ট নং ১, পেজ নম্বর ৩, ২১১ ষ্টেট লেজিসলেচার সেখানে কি বলা হয়েছে? সেখানে বলা হয়েছে Excess was mainly due to Purchase of Staff car, duplicating.

এরা জনগণের সরকার ছিল। সে জন্য ষ্টাফ কার, ডুপলিকেটিং মেসিন, টেলিভিশান দেখবার জন্য কিনেছেন। এগুলি হচ্ছে প্রোডাকটিভ কাজ। তারপরে ১৯৭৫-৭৬ সালে দেখতে পাচ্ছি যে হাসপাতালে টাকা দেওয়া হয়েছে মেডিসিন ইত্যাদির জন্য কিন্তু সেগুলি চুরি হয়েছে। এসব ওদের সময়ে হয়েছে। এগুলি হচ্ছে প্রোডাকটিভ কাজ। প্রথম বছরে দেখছি বেশী খরচ হয়েছিল ১৬ কোটি টাকা। তারপরে ১৯৭৬-৭৭ সালে হয়েছিল ৯০ কোটি টাকা। এগুলি হচ্ছে সব প্রোডাকটিভ কাজ, এগুলি আপনারা করেছেন। এই ভাবে ওরা জনগণের টাকা নিয়ে নয়ছয় করেছেন। স্যার, ওরা মহান কন্সটিটিউশানকে ভাল করে মানেন এবং ভাল করে মানেন বলে এগুলি যদি খবরের কাগজে বেরিয়ে যায় সে জন্য সব চেপে রেখেছেন। এগুলি হচ্ছে জনগণের কাজ, এগুলি হচ্ছে প্রোডাকটিভ কাজ যেটা ওরা করেছেন।

স্যার, আমার আর বিশেষ কিছু বলার নেই। জয়নাল সাহেব বাজেটের এই অংশে দয়া করে আর না বললেই পারতেন, এর মধ্যে বলার কিছুই নেই। শুধু করপোরেশন ইলেকসান, কমিশন ইত্যাদি কথা বললেন। স্যার, আমি আপনার মাধ্যমে বলতে চাই, উনি দৃষ্টিভঙ্গী তফাতের কথা বলেছেন। হ্যাঁ, নিশ্চয় দৃষ্টিভঙ্গীর তফাৎ আছে। জেলে পোরার একসেস এক্সপেনডিচার, মেম্বারদের টেলিভিসন দেখাবার জন্য একসেস এক্সপেনডিচার জনগণের জন্য নয়, লাইব্রেরীর জন্য নয়। আপনারা টেলিভিসন দেখবেন, তার জন্য একসেস এক্সপেনডিচার হবে। এটা জনমুখী এক্সপেনডিচার? স্যার, আমি আবার বলছি জয়নাল সাহেব একটু কম বললেই ভাল করতেন। উনি আমার জিগিরি দোস্ত, তাই আবার বলছি উনি কম বললেই ভাল করতেন। উনি বললেন ১৯৭৭/৭৮ সাল আমাদের সময় ছিল। আজ্ঞে না, আমরা ১৯৭৭ সালের জুনের শেষে এসেছি। তাই সেই জন্য ঐ বছর ২৩ কোটি ৮৫ লক্ষ টাকা একসেস খরচ হয়েছিল। আমাদের ধারণা এই ৩ মাস ওরা যদি না থাকতেন, চুরি যদি না করতেন তাহলে এটা ১০/১৫ কোটি টাকার বেশী হত না। উপায় নেই, আমাকে সমর্থন করতেই হবে, সাংবিধানিক নিয়ম অনুসারে পাশ করাতেই হবে। এইটুকু কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অনিল মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডাঃ জয়নাল আবেদিন প্রবীন পার্লামেন্টারিয়ান, তিনি কংগ্রেস দলের নেতা। বক্তব্য রাখতে গিয়ে তিনি সব কিছু এলোমেলো করে ফেলেছেন। উনি প্রোডাকটিভ এবং আনপ্রোডাকটিভের কোন তথ্য দিয়ে হাউসের সামনে বক্তব্য রাখেন নি। ১৯৭৪ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত কত প্রোডাকটিভ এক্সপেনডিচার হয়েছিল এবং ১৯৭৭/৭৮ সালে কত আনপ্রোডাকটিভ এক্সপেনডিচার হয়েছে, তার একটা তথ্য আমি আপনাদের সামনে তুলে ধরছি। এগ্রিকালচারাল প্রোডাকসান কিম্বা ইন্ডাষ্ট্রিয়াল প্রোডাকসান ১৯৭৫/৭৬ সালে অতি মাত্রায় বেড়ে গিয়েছিল, আর ১৯৭৭/৭৮ সালে সেটা কমে গেল, এই রকম কোন তথ্য উনি হাউসের সামনে দেন নি। উনি একটা সুইপিং রিমার্ক করে গেলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওরা কত আনপ্রোডাকটিভ করেছিল, আর আমরা কত প্রোডাকটিভ করেছি সেই তথ্য আপনার কাছে তুলে ধরছি। আমি তথ্য দিয়ে এটা প্রমান করতে চাই যে, ১৯৭৭/৭৮ সালে যে একসেস এক্সপেনডিচার হয়েছে সেটা প্রোডাকটিভ এক্সপেনডিচার হয়েছে, আর ওদের সময়ে ৩ বছরে আনপ্রোডাকটিভ এক্সপেনডিচার হয়েছে। ওরা যেটা খরচ করেছেন, সেটা বাজে খরচ হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওদের সময়ের এগ্রিকালচারাল প্রোডাকসানের দিকে আসা যাক। স্যার, ১৯৬৯/৭০ সালকে বেস ইয়ার করে ১০০ ধরলে ১৯৭৫/৭৬, ১৯৭৬/৭৭, সালে যথাক্রমে ১১৫ এবং ১১৫.৩ হয়েছিল। আর বামফ্রন্ট আমলে ওরা যেটাকে আনপ্রোডাকটিভ বললেন সেই সময় ১৯৭৭/৭৮ সালে এগ্রিকালচারাল প্রোডাকসান ১৩৯.৪ হয়েছে। সুতরাং কাদেরটা জাষ্টিফায়েড এক্সপেনডিচার, আর কাদেরটা জাষ্টিফায়েড এক্সপেনডিচার নয়, এর থেকে সেটা সহজেই বোঝা যাচ্ছে। উনি শিল্প ক্ষেত্রের কথা বললেন। এগ্রিকালচার সম্পর্কে দু একটি তথ্য আমি তুলে ধরছি। অল কমবাইন্ড সিরিয়্যালস ইনক্লুডিং রাইস এর টোটাল এরিয়া ১৯৭১/৭২ সালকে ১০০ ধরে হিসাব করলে দেখা যাচ্ছে ১৯৭৫/৭৬ সালে কমবাইন্ড সিরিয়্যালস ১১২.১৮ এরিয়া কাল্টিভেট করেছিল সেটা কমে ১০৯.৬৬ হল।

**[4.30 – 4.40 p.m.]**

তার পরের বছর আরো কমে গেল। ওঁরা এমনই একসেস এক্সপেনডিচার করলেন যে ওঁদের রাজত্বে সেটা কমে গিয়ে হ'ল ১০৬.৮৭ তারপর ১৯৭৬-৭৭ সালে সেটা আরো কমে গিয়ে হল ১০৪.৯৯। আর সেখানে আমাদের সময় হয়েছে ১৯৭৭/৭৮ সালে ১২১.৪৯ এবং ১২৫.২১। তারপর প্রডাকসানের এরিয়া সেটাও বেড়েছে। প্রডাকটিভিটি অব দি সয়েল — ওঁদের সময় কত ছিল এবং আমাদের সময় কত ছিল সে হিসাবটা এবারে একটু দেখা যাক। ১৯৭১/৭২ সালকে বেস ইয়ার ধরে তাকে যদি ১০০ ধরা যায় তাহলে ওঁদের সময় যেখানে ১৯৭৫/৭৬ সালে প্রডাকসান ছিল ১১৩.৬৭ এবং সমস্ত কমবাইন্ড করে ১১৪.৬৫ সেটা আমাদের সময় হয়েছে ১২১.৪৯ এবং সমস্ত মিলে ১২৫.২১। ওঁদের সময় ১৯৭৬/৭৭ সালে সেটা আরো কমে গিয়েছিল এবং কমে হয়েছিল ৯৮.৬৮ এবং সমস্ত মিলিয়ে ১০৫.১১। প্রডাকটিভিটিও আমাদের সময় বেড়েছে। ১৯৭১/৭২ সালকে বেস ইয়ার ধরে তাকে যদি ১০০ ধরা যায় তাহলে ওঁদের সময় ১৯৭৫/৭৬ সালে যেটা ছিল ১০১.৩৩ এবং অল কমবাইন্ড করলে ১০৪.৫৫ সেটা আমাদের সময় হয়েছে ১৯৭৭/৭৮ সালে ১১০.৫০। আবার জয়নাল সাহেব যখন মন্ত্রী ছিলেন তখন সেটা আরো কমে গিয়েছিল এবং কমে গিয়ে হয়েছিল ৯২.৩৪ এবং সমস্ত কমবাইন্ড করে ১০০.১১। কাজেই স্যার, এই সব দেখে আপনি নিশ্চয় বুঝতে পারছেন যে আমাদের সময় একসেস এক্সপেনডিচার জাষ্টিফায়েড হয়েছে। এরপর আমি শিল্পের কথায় আসছি। স্যার, এ ক্ষেত্রেও কংগ্রেসের আমলের চেয়ে বামফ্রন্টের আমলের সাফল্য অনেক বেশী। আমি এ সম্পর্কে স্যার, কয়েকটি পরিসংখ্যান দিচ্ছি। ওয়েষ্ট বেংগল রেজিষ্টার্ড ওয়ার্কিং ফ্যাকটরির সংখ্যা ছিল ১৯৬০ সালে ৪০৯৩, ১৯৬৫ সালে ৫৬৪৩, ১৯৭০ সালে ৫৬১২ এবং আমাদের সময় ১৯৭৮ সালে সেটা হয়েছে ৫৯৬৭ এবং ১৯৭৯ সালে ৬১৪৪। স্যার, এই সংখ্যা থেকেই বোঝা যাচ্ছে আমাদের সময় এর সংখ্যাটা এক বছরের মধ্যে কত বেড়েছে। কাজেই এর থেকে বোঝা যাচ্ছে কারা প্রডাকটিভ এক্সপেনডিচার করেছিল এবং কারা আনপ্রডাকটিভ এক্সপেনডিচার করেছিল। স্যার, ওঁরা ময়দানের বক্তৃতা এখানে দিয়ে গেলেন, কোন তথ্য হাউসের সামনে পেশ করতে পারলেন না। ওঁরা শুধু মুখেই বলে গেলেন যে বামফ্রন্টের রাজত্বে আনপ্রডাকটিভ এক্সপেনডিচার হয়েছে কিন্তু কোন তথ্য দিয়ে সেটা প্রমান করতে পারলেন না। স্যার, এটা আমাদের পাশ করতেই হবে, কোন উপায় নেই সেইজন্য এটা পাশ করার কথা বলে আমি আমার বক্তৃতা শেষ করছি।

**শ্রী কাশীনাথ মিশ্র** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় অর্থমন্ত্রী ১৯৭৪-৭৫, ১৯৭৫-৭৬, ১৯৭৬-৭৭ এবং ১৯৭৭-৭৮ সালের যে একসেস্ এক্সপেনডিচার বিলটি এখানে উপস্থিত করেছেন তার উপর আমি আমার বক্তব্য রাখছি। স্যার, আমরা জানি সরকার বিভিন্ন কারণে বাজেট বরাদ্দের টাকা এবং সাপ্লিমেন্টারি বাজেটের টাকা খরচ হয়ে যাওয়ার পরেও একসেস্ খরচ করতে বাধ্য হন। উল্লিখিত বছর গুলিতে সরকার এই রকম অতিরিক্ত খরচ করতে বাধ্য হয়েছিলেন, কিন্তু দীর্ঘ দিন ধরে সেই খরচকে বিধানসভা থেকে অনুমোদন করিয়ে নেওয়া হয়নি। বর্তমানে পাবলিক একাউন্টস্ কমিটি ও ব্যাপারে সরকারের দৃষ্টি আকর্ষণ করার ফলেই আজকে এই বিল নিয়ে আসা হয়েছে। এর মধ্যে বিগত দিনের কংগ্রেস সরকারের সময়ের হিসাবও রয়েছে। আমার এখানে প্রশ্ন হচ্ছে ১৯৭৭-৭৮ সালে যখন জনতা সরকার কেন্দ্রে ক্ষমতায় এসেছিলেন তখন তাঁরা রাজ্যের বামফ্রন্ট

সরকারকে এ ব্যপারে হিসাব নিকাশ পেশ করতে বলেছিলেন, কিন্তু তখন তা করা হয়নি কেন? আপনারা বিভিন্ন সময়ে কংগ্রেসকে বিভিন্ন বিষয়ে দায়ী করেন এবং বলেন কংগ্রেস গণতন্ত্রকে হত্যা করছে। আজকে কারা গণতন্ত্রের ধ্বজা ধরে গণতন্ত্রকে ধ্বংস করছে? এটা আজকে আমরা উপলব্ধি করছি বলেই আমি এই বিতর্কে অংশ গ্রহণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখছি তদানিন্তন সরকার ১৯৭৪-৭৫ সালে ১৬ কোটি ৫৩ লক্ষ ৫৬,৩৬৩ টাকা একসেস খরচ করেছিলেন। সে খরচ তাঁরা বিভিন্ন বিভাগের বিভিন্ন কাজকর্মের জন্য করতে বাধ্য হয়েছিলেন। State Legislatures, Stamp and Registration, Treasury and Accounts Administration, Jails, Medical, Public Works, Fire Protection, Pension and other retirement benefits, Labour and Employment, Major Irrigation, Irrigation, Navigation and Drainage, Flood Control Project, Tourism.

ইত্যাদি খাতে এই খরচ হয়েছে। আরো কয়েকটি দপ্তরের জন্য খরচ হয়েছিল এবং সে সব কথা ইতিমধ্যে মাননীয় সদস্য বীরেণ বাবু বলেছেন। উনি আরো বলেছেন যে, সে সময়ে কংগ্রেস সরকার নাকি ওঁদের জেলে ঢোকাবার জন্য জেল খাতে অতিরিক্ত খরচ করেছিলেন। আমি এখানে উপস্থিত মাননীয় সদস্যদেরক জিজ্ঞাসা করছি, আপনারা দয়া করে জানাবেন কি, সে সময়ে আপনারা ক'জন জেলে ছিলেন? সে সময়ে জেল সংস্কারের জন্য জেলগুলির উন্নতির সাধনের জন্যই ঐ টাকা খরচ করা হয়েছিল। স্যার, ১৯৭৫-৭৬ সালেও একসেস খরচ হয়েছিল, তার পরিমান হচ্ছে, ৫৪ কোটি ৫ লক্ষ ৫৯,৮৮৬ টাকা। এই টাকাও পূর্বের বছরের মত একই কারণে ষ্টেট লেজিসলচার থেকে আরম্ভ করে মেডিকেল, ইরিগেসন, ফায়ার প্রোটেকসন, পেনশন এ্যান্ড আদার রিটায়ারমেন্ট বেনিফিটস' এর জন্য খরচ করা হয়েছিল। আজকে এই খরচ গুলি অনুমোদনের জন্য হাউসের সামনে এনে হাজির করা হয়েছে! আজকে এই সব খরচ নিয়ে যে সব কথা সরকার পক্ষ থেকে বলা হচ্ছে, সে সব কথার পরিপ্রেক্ষিতে আমি তাঁদের শুধু এইটুকুই স্মরণ করিয়ে দিতে চাই যে, ১৯৬৯ সাল থেকে ১৯৭১ সালের মধ্যে পঞ্চমবার্ষিকী পরিকল্পনা শুরু হয়েছিল এবং সে সময়ে দু'বার আপনারা এখানে যুক্তফ্রন্ট সরকারের মাধ্যমে ক্ষমতায় ছিলেন। ১৯৬৭ সালে এবং ১৯৬৯ সালে আপনাদের যুক্তফ্রন্ট সরকার এখানে ক্ষমতায় ছিল। সে সময়ে সে সরকার যে সমস্ত টাকা অতিরিক্ত খরচ করে গিয়েছিলেন, সেই খরচে হিসাব-নিকাশ পরবর্তীকালে সাপ্লিমেন্টারি বাজেটে মাধ্যমে কংগ্রেস সরকার সভায় পেশ করে অনুমোদন করিয়ে নিয়েছিলেন। সুতরাং সরকার পক্ষের মাননীয় সদস্যরা বলছেন যে, আজকে কংগ্রেস সরকারের বোঝা বামফ্রন্ট সরকারকে বহণ করতে হচ্ছে, আমি তাঁদের বলছি আপনাদের যুক্তফ্রন্ট সরকারের বোঝাও বিগত দিনে কংগ্রেস সরকারকে বহণ করতে হয়েছিল। এটা নতুন কিছু নয়, এটা ট্রাডিসনাল ব্যাপার, রুটিন মাফিক ওয়ার্ক। একটা সরকার কোনো রাজনৈতিক দলের নাম করে চলে না, পশ্চিমবঙ্গ সরকার, বা গভর্ণমেন্ট অফ্ ওয়েষ্ট বেঙ্গল নামেই সরকার চলে, এক এক সময়ে এক এক রাজনৈতিক দল এই সরকারকে পরিচালনা করে থাকেন মাত্র। কিন্তু সরকারী কাজকর্ম সরকারী নামেই চলে এবং পূর্বের অসমাপ্ত কাজ পরে করতে হয়।

**[4.40 – 4.50 p.m.]**

অতএব সেখানে যে সকল ঝোঁক থাকে, রাজ্যের যে সকল ঘাটতি থাকে সেইসব ঘাটতি পালন করবার দায়িত্ব ঐ সময়ে যে সরকার থাকে তার উপর ন্যস্ত হয়। এই সরকার ১৯৭৭/৭৮ সালে যে

টাকা ব্যয় করেছেন অর্থাৎ যে টাকা খরচ করেছেন সেই খরচের মধ্যে আমরা দেখতে পাচ্ছি কোন উৎপাদনমুখী কাজ করেন নি। টাকাগুলি সম্পদ সৃষ্টি করার জন্য ব্যবহৃত হয়নি। এই সরকার ২৩ কোটি ৭৮ লক্ষ ৮৬ হাজার ৫১৬ টাকা খরচ করেছেন। এখন যদি হিসাব করে দেখা যায় তাহলে দেখবো, ১৯৭২ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত বেকার ছিল ৩২ লক্ষের মতন। আজকে সেই বেকারের সংখ্যা ৪২ লক্ষে এসে দাঁড়িয়েছে। সুতরাং আমি এটাকে কি সম্পদ সৃষ্টি বলবো? এত টাকা খরচ করে সম্পদ সৃষ্টি করতে আপনারা ব্যর্থ হয়েছেন। বিগতদিনের লোক-সংখ্যা থেকে বর্তমানে লোক সংখ্যা এমন কিছু বৃদ্ধি পায়নি তাসত্ত্বেও আপনারা সম্পদ সৃষ্টি করতে পারেননি। বিগতদিনে দেখেছি, যে সমস্ত টাকা খরচ হতো তার দ্বারা কোন গঠনমূলক কাজ হতো। রাইটার্স বিল্ডিংসে এ তদানিন্তন মাননীয় মুখ্যমন্ত্রী শ্রী সিদ্ধার্থ শঙ্কর রায় যে ল্যাভাটরি তৈরী করে গিয়েছিলেন সেটা আজ সম্পদ হয়ে আছে কিনা? আজকে যদি বিভিন্ন দপ্তর বিভিন্ন ভাবে গঠনমূক কাজ করে তাহলে আমরা তার সমালোচনা করি না, কিন্তু বেশীরভাগ ক্ষেত্রেই যদি দেখা যায় কাজটি উৎপাদনমুখী নয়, সম্পদ সৃষ্টি করতে পারে না, সেখানে যদি দেশের মানুষের সমস্যার সমাধান করতে না পারে তাহলে আমরা সমালোচনা করি। সমালোচনা করি বলে যে দেশের উন্নতির পথে বাধা হবে তা নয়। ঘাটতি যদি বিভিন্নভাবে হয়ে থাকে এবং সেই ঘাটতি পূরণ করতে সরকার যদি অতিরিক্ত বাজেট পেশ করে থাকেন এবং দেশের মানুষের স্বার্থে যদি টাকা কাজে লাগানো হয়, দেশে যদি শিল্পের উন্নতি হয়, কৃষির উন্নতি হয়, স্বাস্থ্যের উন্নতি হয়, শিক্ষার উন্নতি হয় বিভিন্ন ক্ষেত্রে যদি উন্নতি করতে পারেন সেখানে আমাদের বলার কিছু নেই। কিন্তু আমরা দেখতে পাচ্ছি, বিভিন্ন সময়ে যে সকল প্রতিশ্রুতিবদ্ধ পরিকল্পনা ছিল বিশেষতঃ রিপোর্ট অফ দি এ্যাডমিনিষ্ট্রেটিভ রিফমর্স কমিটি যে সকল সাজেসান অনুমোদন করেছিলেন সেগুলি কেন কার্যকরী হলো না। এগুলির কাজ করার আপনাদের দায়িত্ব ছিল। কিন্তু করলেন না। রিফমর্স কমিটির যে সিরিয়াল নাম্বার ৩২, ৩৩, ৩৪, ৩৫, ৩৬, ৩৭,৩৮,৩৯,৪০ এগুলি দেখলে দেখা যাবে এগুলি কার্যকরী করতে সরকার পিছিয়ে গেছেন।

For the present, a standing Committee for Budget and Planning with representation from the Zila Parishad and the Municipal Bodies, may be made responsible for the preparation of the district plan, its monitoring and supervision as well as for the allocation of funds and execution of work under non-plan head. এই কথা বলেছেন।

আমরা দেখবো ৩৩ এ বলছে,

The district offices of all the Government Departments should be made directly responsible to the standing committee for Budget and Planning for the Prepration, co-ordination and execution of developmental as well as non-developmental work.

এই রকম দেখবো যে ৩৪ এ বলছে,

Cases of re-employment and extension may be considered by a Cabinet Committee consisting of the Chief Minister, the Minister of

Personnel and Administrative Reforms, the Finance Minister and the Minister to which the particular employee whose case is being considered belongs.

৩৫ এ আমরা দেখবো যে,

The Major Part of the Cabinet work should be carried through three standing cabinet committee : (a) Cabinet committee for Rural Development, (b) Cabiet committee for Industrial and Urban Development, and (c) Cabinet committee for social Services. the Chief Minister may consider to depute a colleague to act as Minister for coordination.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই রকম যে সকল রিপোর্ট আমাদের দেওয়া হয়েছিল সেগুলি এখন কার্যকরী করা হয়নি। আমার মনে হয় এই সরকার যখন এসেছিলেন তখন এই কাজগুলি কার্য্যকরী করার জন্য জনসমক্ষে প্রতিশ্রুতি দিয়েছিলেন। কিন্তু এখন পর্য্যন্ত করতে পারলেন না। আমরা দেখতে পাচ্ছি কি? এইভাবে সরকারের অনুসৃত যে পরিকল্পনা সেগুলি যদি বাস্তবমুখী না হয় জনসমক্ষে ঠিকমত কার্য্যকরী না হয়ে থাকে তাহলে সেখানে ত্রুটিবিচ্যুতি যে গুলি দেখা যাচ্ছে সেগুলিকে সমালোচনার সম্মুখীন হতে হয়। এখন যাঁরা সরকারে রয়েছেন তাঁরা যখন বিরোধীদলে ছিলেন তখন কংগ্রেস সরকারের সমালোচনা করতেন। আজকে যদি আমরা সমালোচনা করি, ত্রুটিবিচ্যুতি ধরি উৎপাদন খাতে কোন উৎপাদন মুখী পরিকল্পনা হচ্ছে না, দেশের সমস্যার সমাধান হচ্ছে না, দেশের বিভিন্ন কলকারখানার সামগ্রিকভাবে উন্নতি হচ্ছে না, বেকারীদূরীকরণের কোন ব্যবস্থা হচ্ছে না — দেশের শিক্ষাই হচ্ছে প্রগতির লক্ষণ সেই শিক্ষাকে —প্রাইমারী থেকে বিশ্ববিদ্যালয় পর্য্যন্ত এগিয়ে নিয়ে যাবার কোন ব্যবস্থা হচ্ছে না, আজকে এই গুলিকে দেখতে হবে। বিগত দিনে ১৯৭৭-৭৮ সালে এই সরকারের পরিচালিত যে ব্যয় — বিগত দিনে কংগ্রেস সরকার যে সকল খরচ করেছিলেন এই সরকার আগেই সেটা প্রেস করতে পারতেন। কিন্তু সেটা করতে পারেন নি। এই কারনে আমি এর বিরোধিতা করছি এবং এই সরকার ১৯৭৭-৭৮ সালে যে ব্যয় করেছেন আমার মনে হয় সেটা যুক্তি সংগত হয়নি, এইজন্য ১৯৭৭-৭৮ সালের ব্যয়ের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুভাষ গোস্বামী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সভায় অর্থ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় ১৯৭৪-৭৫ সালে থেকে আরম্ভ করে ১৯৭৭-৭৮ সাল পর্য্যন্ত যে অতিরিক্ত ব্যয় অনুমোদনের প্রস্তাব এনেছেন সে সম্পর্কে আমি প্রথমে দু একটি কথা বলতে চাই। আমার মনে হয় এই প্রথম বামফ্রন্ট সরকার গঠিত হবার পর থেকে আমরা অতিরিক্ত ব্যয় অনুমোদন নিয়ে সভায় আলোচনা করছি। এটা আমাদের মত নূতন সদস্যদের কাছে একটা নূতন এবং বিচিত্র অভিজ্ঞতা। স্যার, আমরা বছরের শুরুতে মানে শুরু হবার পূর্বে আমরা সেই বছরের একটা বাজেট তৈরী করে থাকি এবং বিভিন্নভাবে খরচ নির্বাহ করার জন্য আমরা ব্যয়ের একটা সীমা বেঁধে দিই। কিন্তু বাস্তব অভিজ্ঞতা হচ্ছে যে বছরের শেষে দেখি যে বিভিন্ন কারণে প্রত্যেকটি ব্যয়ের যে ধার্য্য মাত্রা সেটার হেরফের ঘটে যায়।

**[4.50 – 5.00 p.m.]**

আমাদের আয়-ব্যায়ের মধ্যে হেরফের ঘটে যায় বলে বছরের শেষে সাপ্লিমেন্টরী বাজেট উপস্থি করে থাকি। কিন্তু এখন আমরা দেখছি — একবার বছরের প্রথমে বাজেট এবং বছরের শেষে সাপ্লিমেন্টারী বাজেট পাশ করবার পর কয়েক বছর আগেকার একসেস্ এক্সপেনডিচার আবার অনুমোদন করতে হচ্ছে। সেটাও আবার নেগ্লেকটেড এ্যামাউন্ট নয় বা খুব কম অঙ্কের হেরফের নয়; বিভিন্ন খাতে যা খরচ হয়েছে তা দেখছি কোটি কোটি টাকা ছাড়িয়ে গেছে! এই রকম যদি হতে থাকে তাহলে স্বভাবতঃই প্রশ্ন থাকে যে, বাজেটের স্বার্থকতা কি? বাজেট যা করলাম, পরে তার হেরফের হওয়ায় সাপ্লিমেন্টারী বাজেট করলাম। তারপর আবার কোটি কোটি টাকা একসেস্ এক্সপেনডিচার নিয়ে আলোচনা কেন করতে হচ্ছে? তাহলে মাঝখানে সাপ্লিমেন্টারী বাজেটের চ্যাপ্টারটা বাদ দিলেই তো হয়? আমরা একটি বাজেট করে দিলাম, অডিট হয়ে গেল, তারপর যেটা খরচ হবে সেটা একসেস্ একস্পেনডিচার হিসাবে পাশ করিয়ে নিলেই তো চলতে পারে। সেখানে তিনবার এই ধরণের আলোচনার দরকার কি ? তাছাড়া আরো একটা দিক দেখার দরকার আছে। টাকাগুলি ৬ বছর, ৭ বছর বা ৮ বছর আগে কিভাবে খরচ হয়েছে জানিনা। আজকে মাননীয় মন্ত্রী মহাশয় সেই ব্যয় অনুমোদনের প্রস্তাব এনেছেন, কিন্তু সেই প্রস্তাবের সঙ্গে কোন লিখিত বক্তব্য নেই। ফলে আমরা বুঝতে পারছিনা যে, সেই সময় কেন নির্ধারিত টাকার মধ্যে খরচটা সীমাবদ্ধ থাকলো না এবং বেশী টাকা যা খরচ হয়েছিল সেই খরচটা যুক্তিসঙ্গত ছিল কিনা। এখানে আবেদিন সাহেব যা বলছেন শুনতে হচ্ছে, কাশীনাথ বাবু যা বলছেন শুনতে হচ্ছে। টাকাটা যা খরচ হয়ে গেল — সেটা প্রডাকটিভ, না নন্ প্রডাকটিভ খাতে খরচ হোল — সেটা না বুঝেই একে আমাদের সমর্থন করতে হবে! তা না হলে এর বিরোধিতা করতে হয়। যে টাকা ইতিমধ্যে খরচ হয়ে গেছে, এখানে তা সমর্থন না করে কোন উপায় নেই মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে প্রস্তাব এনেছেন, সেক্ষেত্রে অতিরিক্ত যা খরচ হয়েছে সেটা কেন হোল এটা যদি মোশনের সঙ্গে জুড়ে দিতেন তাহলে আমাদের বুঝতে সুবিধা হোত এবং তাহলে বুঝতে পারতাম যে, খরচটা ঠিকভাবে হয়েছে কিনা; প্রডাকটিভ খাতে, না নন্ প্রডাকটিভ খাতে খরচটা হয়েছে। তাছাড়া পাঁচ ছয় বছর বাদে এই ভাবে যদি একসেস এক্সপেনডিচার অনুমোদনের জন্য আনা হয় তাহলে হিসেব-নিকেষটা করতে সময় লেগে যায়। এই রকম খরচ হয়ে তা দুই-এক বছরের মধ্যে আলোচনা করে পাশ করিয়ে নেওয়া দরকার বলে মনে করি। যে টাকাটা খরচ হয়েছে তার ভালমন্দ বিবেচনা করবার এখানে কোন অবকাশ নেই, তাই অর্থমন্ত্রীর প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী যামিনী ভূষণ সাহা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী মহাশয় যে প্রস্তাব এখানে উত্থাপন করেছেন তাকে সমর্থন করতে হচ্ছে , কোন উপায় নেই। কারণ সরকার চালাতে গেলে এই জিনিস করতে হবে। ১৯৭৫-৭৬-৭৭ সাল পর্যন্ত দেখলাম যে, একমাত্র ১৯৭৬/৭৭ সালেই ৯০ কোটি টাকা একসেস্ খরচ হয়েছিল এবং সেটা ছিল নির্বাচনের বছর এবং সেখানে দেখলাম টাকা পাওয়ার অতিরিক্ত খরচ হয়েছে। কিন্তু আমরা দেখেছি যে, পাওয়ার তো দূরের কথা, ওঁরা সেখানে যত পারেন লোক ঢুকিয়েছেন। সিদ্ধার্থবাবু যত সমস্ত দরখাস্ত নিয়েছেন এবং লোক ঢুকিয়েছেন।- এইভাবে বেআইনী খরচ হয়েছে। আর ষ্টেডিয়াম বানিয়েছেন, যার কথা জয়নাল সাহেব বলেছেন যে, প্রডাকটিভ খাতে খরচটা করেছি। ষ্টেডিয়ামটি এয়ার কন্ডিশন করে কোটি কোটি টাকা খরচ করা হয়েছে। ওঁরা দলে দলে বেকার লোকদের অনুমোদন না নিয়েই চাকরী দিয়েছেন।

টাকার অনুমোদন না নিয়ে ব্যাপক ভাবে কম্বল বিলি করেছেন। এই সমস্ত করে লুটে পুটে নিয়েছেন। স্যার, ওনারা একটু আগে বললেন যে, আমাদের আমলে ১৯৭৭/৭৮ সালের জুন মাসে আমরা ক্ষমতায় এসেছি, ৩ মাস বাদ দিলে টোটাল ১২ কোটি টাকা একসেস্ খরচ হয়েছে। তারমধ্যে ৮ কোটি টাকা রাস্তা ঘাট নির্মানের জন্য দেওয়া হয়েছে, আর বাকি টাকা— ২৩ কোটি টাকার মধ্যে ২-৩ মাসের মধ্যে খরচ হয়েছে। আমি বলি স্যার, এখানে যখন সমর্থন করতেই হবে তখন না বলে পারা যাচ্ছে না ওনারা কি ভাবে লুটেপাট করছেন। ওনারা এখানে বেকারের কথা বলেন। ওনারা বলেন এখানে ৪০ লক্ষ বেকার এবং সব চেয়ে এখানে বেকার বেশী। ইউ.পি. থেকে গ্রাম উজাড় হয়ে লোক আসছে দলে দলে, বিহার থেকে আসছে এবং তারা সমস্ত কলিকাতায় আসছে। আমরা তো এম.এল.এ, ২-১ বছর এখানে থাকার পর তারা সার্টিফিকেট চাইছে এমপ্লেয়মেন্ট এক্সচেঞ্জে নাম লেখাবার জন্য। ৬ মাস বসবাস করার পর আমাদের সার্টিফিকেট দিতে হয় এবং তারা এমপ্লমেন্ট এক্সচেঞ্জে নাম লেখাচ্ছে। এইভাবে অন্যপ্রদেশ থেকে লোক আসছে এবং এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জেনাম লেখাচ্ছে। প্রায় ১০ টি রাজ্য থেকে লোক আসছে পশ্চিমবাংলায় খাবার পাওয়ার জন্য। সুতরাং এখানে যে ৪০ লক্ষ বেকারের কথা বলা হচ্ছে সেটা সম্পূর্ণ ভুল কথা। অন্যান্য প্রদেশ থেকে যে সমস্ত ভারতের নাগরিক আসছে তারা যে কোন জায়গায় নাম লেখাতে পারে ঠিকই, কিন্তু অন্য প্রদেশ থেকে যারা আসছে তাদের সংখ্যাটাও একটু দেখা দরকার। কাশীবাবু বললেন ১৯৬৭ সালে ৯ মাস এবং ১৯৬৯ সালে ১৩ মাস ছিলাম তাতে এক্সেস্ এক্সপেনডিচার হয়েছে। সেই ১৩ মাসে কত এক্সেস খরচ হয়েছিল? খরচ নিশ্চয়ই হয়েছে — সিদ্ধার্থবাবু জমি কিনে ফেলে রেখে দিলেন, পাওয়ার প্রজেক্ট হল না। গ্রামে গ্রামে বিদ্যুৎ দেবার জন্য খুঁটি পুঁতে দিলেন — যে খুঁটি গুলির নাম সিদ্ধার্থ খুঁটি — কিন্তু বিদ্যুৎ আর গেল না। ইলেকসানের আগে এই ভাবে ব্যাপক খরচা করা হয়েছে। এই সমস্ত গুলি কি অপচয় নয়? যদিও সমালোচনা করছি, বাধ্য হয়ে এই অতিরিক্ত টাকা যে গুলির অডিট হয়নি সেটা সমর্থন করতে হবে। এই কথা বলে এই অতিরিক্ত ব্যয়বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বঙ্কিম বিহারী মাইতি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের অর্থমন্ত্রী যে এক্সেস্ এক্সপেনডিচার এখানে এনেছেন সেই ব্যাপারে আলোচনা ভিত্তিক বোঝা যাচ্ছে সেটা পুরোনো গন্ধ পচা হলেও সেটাকে গ্রহণ করতে হচ্ছে। ওনারা ১৯৭৪-৭৫, ১৯৭৫-৭৬, ১৯৭৬-৭৭ সাল পর্যন্ত ১৮৪,৪১,১,১১৫ টাকা অতিরিক্ত খরচ করেছেন। আমরা দেখতে পাচ্ছি ১৯৭৭-৭৮ সালে যেটা এক্সেস্ খরচ হয়েছে তার পরিমান হল ২৩,৪৫, ৭, ১৯ টাকা। তুলনা মূলক যদি দেখা যায় তাহলে দেখা যাবে নিশ্চই খুব কম খরচ হয়েছে। ১৯৭৭-৭৮ সালে আসার পর নূতন করে ঘর বাঁধতে হয়েছে এবং সেইজন্য একটু বেশী খরচ হয়ে গেছে। ওনারা সব খরচ করে গেছেন সেই জন্য এই অতিরিক্ত ব্যয় বরাদ্দের দাবি আনতে হয়েছে। ওনারা আবার এই সরকারের দোষ দেন! আপনারা নিজেরা একটু চিন্তা করে দেখবেন আপনারা কি অপকর্ম করে গেছেন? আমরা দেখতে পাচ্ছি ১৯৭৪-৭৫ এবং ১৯৭৫-৭৬ সালে জেলের জন্য খরচ করেছেন ৯০ লক্ষ ৯৮ হাজার ৮শো ৬৪ টাকা। তখন এমারজেন্সী ছিল, সেইজন্য লোককে জেলে ভরতে হয়েছে এবং সেইজন্য এই টাকা খরচ করতে হয়েছে।

**[5.00 – 5.10 p.m.]**

কিন্তু তারপর আমাদের আমল যখন শুরু হয়, তখন জেলের জন্য খরচ করা হয়নি। এটা নিশ্চয়ই দেখার দরকার আছে। এখানে যেটা খরচ করা হয়েছে তা হচ্ছে ভিলেজ এ্যান্ড ইন্ডাষ্ট্রিজের জন্য। এই খাতে মোট খরচ হয়েছিল ৭লক্ষ ২০ হাজার ১৪৮ টাকা। পাবলিক ওয়ার্কস্ বাবদ ব্যয় হয়েছিল (অতিরিক্ত) ৮ কোটি ৮৮ লক্ষ ৫৯ হাজার ৬৫৮ টাকা। আমরা আবার দেখছি ওয়াটার ওয়েজ খাতে — যা জনসাধারণের কল্যাণের জন্য করা হয়েছে — কিছু বাড়তি খরচ করা হয়েছিল। এই ব্যাপারে তুলনা মূলক আলোচনা করলে দেখা যাবে যে ওঁদের আমলে ঘর বানানো ইত্যাদি যে ভাবে খরচ হয়েছে আমরা সেইভাবে অতিরিক্ত খরচ করিনি। আমাদের আমলে যে ব্যয় অতিরিক্ত হয়েছে তা হচ্ছে কেবল পাবলিক ওয়ার্কসের জন্য, যা জনসাধারণের কল্যাণের জন্য করা হয়েছে। বামফ্রন্ট সরকার জনগণের কল্যাণের জন্য সদিচ্ছার মনোভাব নিয়েই এই অতিরিক্ত ব্যয় করেছেন। এই সমস্ত দিক বিচার করে মাননীয় অর্থমন্ত্রী এখানে একসেস্ এক্সপেন্ডিচারের যে বিল এনেছেন তাকে সমর্থন করছি। ওঁদের বক্তারা বামফ্রন্ট আমলের অতিরিক্ত ব্যয় যা জনগণের কল্যাণের জন্য করা হয়েছিল, সে সম্বন্ধে কিছুই বলেন নি। এটা খুবই দুঃখের ব্যাপার। আমি এই এক্সেস এক্সপেন্ডিচার বাবদ আনীত অর্থমন্ত্রী মহাশয়ের বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ননী কর** : মিঃ স্পীকার স্যার, আমাকেও এই বিলের প্রতি সমর্থন জানাতে হবে, আমি বিরোধিপক্ষের সদস্যদের মত বলতে পারব না যে, প্রথম তিন বছরের অতিরিক্ত ব্যয়কে সমর্থন করব এবং চতুর্থ বছরের জন্য করতে পারব না। সমর্থন করার কথা আমাকে বলতেই হবে -- সবকটা বছরের জন্যই বলতে হবে এছাড়া আমার কোন উপায় নেই। এখানে একটা কথা বলতেই হবে, সেটি হচ্ছে — আমাদের এক সদস্য যা ইতিমধ্যেই একবার বলেছেন, যা নিয়ে অনেকবার আলোচনাও হয়েছে — ওঁদের আমলে এ্যাপয়েন্টমেন্ট হত দেশলাই কাঠিতে লিখে। সেই লেখা পড়ে, বড় বড় অফিসাররা এ্যাপয়েন্টমেন্ট দিতেন। বহুদিন ধরেই অফিসাররা এইভাবে এ্যাপয়েন্টমেন্ট দিতেন। বহুদিন ধরে এই নিয়মটা চালু ছিল যে, পাবলিক সার্ভিস কমিশন থেকে কোন অফিসার যদি কাউকে এ্যাপয়েন্টমেন্ট দিতেন, রাজ্য সরকারের অধিকার ছিল তা বাতিল করার। কিন্তু এই ব্যাপারে একটা নিয়ম বেঁধে দেওয়া আছে। পাবলিক সার্ভিস কমিশন তাঁদের সমস্ত রিপোর্ট বিধানসভায় পেশ করবে — এই সব নিয়ম আছে। কিন্তু ওঁদের সরকার সেই সব নিয়ম নীতির ধার ধারতেন না। এই প্রসঙ্গে একটা ঘটনার কথা বলি। ঘটনাটা খুবই দুঃখজনক। বিষয়টি শিক্ষার সঙ্গে যুক্ত। ১৯৭৫-৭৬ সালের ৭৭ কোটি ৬৬ লক্ষ ৮৪২ টাকা একস্ট্রা খরচ আমরা বাধ্য হয়ে মঞ্জুর করে দিচ্ছি। ঐ বছরে পাবলিক সার্ভিস কমিশন দার্জিলিংয়ের একটি স্কুলে — ডাউনহিল গার্লস্ স্কুল — তাঁদের হেড মিস্ট্রেস ঠিক করে দিয়েছিলেন। পাবলিক সার্ভিস কমিশন বলে দিলেন যে এঁকে একটা ইন্টারভিউ নিয়ে এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে। এখানে নাম বলা যাবে না, সেই জন্য নামটা আমি বলতে পারছি না। ওঁরা বলে দিলেন যে একজন শ্রীমতী অমুক দেবীকে এ্যাপয়েন্টমেন্ট দিয়ে দেবেন। আর একটি ঘটনার কথা বলি। শ্রীমান অমুক দে, যুব কংগ্রেসের প্রেসিডেন্ট এর নাম করে দুটি টেলিগ্রাম দেওয়া হল। সেই টেলিগ্রাম আসার সঙ্গে সঙ্গে তৎকালীন রাষ্ট্রমন্ত্রী — তাঁর নাম বলতে পারব না, তাঁর নামটা বলা যাবে কিনা আমার জানা নেই, বোধহয় বলা যেতে পারে — গজেন্দ্র গুরুং সঙ্গে সঙ্গে মত দিলেন। শিক্ষামন্ত্রীর কাছে নামটা গেল না, সরাসরি তৎকালীন মুখ্যমন্ত্রীর কাছে পাঠানো হয়েছিল। মাননীয়

মুখ্যমন্ত্রী তখন একটা নোট দিয়েছিলেন, সেই নোটটা আপনাকে আমি পড়ে শোনাচ্ছি। Miss Pradhan Must be appointed

তারপরে একই ভাবে পাবলিক সার্ভিস কমিশনের রেকমেন্ডেশান বাতিল করে সেই টেলিগ্রামের ভিত্তিতে তাঁকে হেড মিস্ট্রেস এর এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছিল। এই কাজ তাঁরা করেছিলেন। এই ধরনের কাজ করে বাড়তি টাকা খরচ করলেন, তৎকালীন মুখ্যমন্ত্রী বাজেটের বাইরে আরেকটা কাজ করেছিলেন এ আপনারা জানেন না, রাইটার্স বিল্ডিংসে তাঁর ঘরে একটি বেশী টাকার বাথরুম তৈরী করলেন, এখন বাধ্য হয়ে এই সরকারকে তার গলৎঘর্ম করতে হচ্ছে। আগে চাকুরী দেওয়ার ক্ষেত্রে কোন আইন মানা হোত না, এমপ্লয়েমেন্ট এক্সচেঞ্জ মানতেন না, অফিসার নিয়োগের ক্ষেত্রে পাবলিক সার্ভিস কমিশন মানতেন না। কিন্তু এটাই ছিল ওদের দুর্ভাগ্য যে মন্ত্রীত্ব রাখার ক্ষেত্রেও তারা অনেক সময়ে ভোটাভুটি মানতেন না, এমন কি দলের লোকের হলেও মানতেন না। এরমধ্যে এখনো ২-১ জন মন্ত্রী রয়েছেন যারা ওঁদের আমলে বেশী খরচা করার জন্য জেল পর্যন্ত খেটেছেন, এমনকি ওঁদের আমলেই অনেকে আছেন যারা অন্যায় করার জন্যে তাদের মন্ত্রীত্ব থেকে হটিয়ে দেওয়া হয়েছিল। তখনকার পদ্ধতিতে যে বাড়তি খরচ হয়েছিল তার অংকটা একটু দয়া করে দেখুন — ১৯৭৬ - ৭৭ সালে ৯০ কোটি বেশী খরচ হয়েছিল অর্থাৎ মোট ৩ বছরে ১৯৬ কোটি টাকা বাড়তি খরচ করেছিলেন। যদিও সেটা বাজেটের বাইরে ছিল, আর তারাই আজকে ১৯৭৭-৭৮ সালের বাড়তি খরচ মানতে পারছেন না। অর্থাৎ ৬ মাসের মধ্যে ১০-১২ কোটি টাকা বাড়তি খরচ হয়েছে। আমাদের দেশের শাসনব্যবস্থা বুর্জোয়া শাসনব্যবস্থা, এই শাসনব্যবস্থায় পাপ কাজ আমাদের করতেই হবে এবং বাধ্য হয়ে ওদের সেই পাপ কাজকে আমাদের গলাধঃকরণ করতে হবে। তবে ওদের যে পাপ তার জবাব হাসান কেন্দ্র দিয়েছে এবং আরো ২ টি কেন্দ্র দেবে। আগামী দিনে জনসাধারণ ওদের বিচার করবে। ওরা ছাত্রদের লালাবার চেষ্টা করছে। সমস্ত ইউনির্ভাসিটিতে নির্বাচন হয়েছে, তাতে এস. এফ. আই জয়যুক্ত হয়েছে, কিন্তু তাসত্ত্বেও ওরা তাদের শিক্ষা দেওয়ার চেষ্টা করছে। তবে শিক্ষা ওরাই পাবে, ওদের দ্যাদাভাই রাজীবগান্ধী থুরি নাম বলা যাবে না তাকে নিয়ে ডুববে, তখন শিক্ষাটা ভালো করে বুঝবে।

ডঃ অশোক মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিতর্ক পুরণো কাসুন্দি ঘাটাঘাটি ছাড়া আর কিছু নয়। আমরা রাজ্যের বাজেট বরাদ্দ পেশ করি তাতে নিয়ম হচ্ছে বিভিন্ন খাতে কত টাকা ব্যয় করা হবে জানিয়ে দেওয়া হয় এবং বছরের শেষের দিকে যখন অতিরিক্ত ব্যয় হবে বলে মনে হয় তখন সেই অতিরিক্ত ব্যয় বরাদ্দ মঞ্জুরি চাওয়ার জন্য আমরা বিধানসভায় আসি, বিধানসভা মঞ্জুরি করিয়ে দেয়। তারপরে বছরে পর বছর গড়িয়ে যায় এবং তাতে যে হিসাবগুলি পাওয়া যায় দেখা যায় যে ওই হিসাবগুলি বাজেট মঞ্জুরির অতিরিক্ত যে মঞ্জুরি তারও বাইরে বেশী খরচ হয়ে গেছে, যেমন এখানে এখানে ৪ বছরের হিসাব আমরা দেখতে পাচ্ছি — ১৯৭৪-৭৫ সাল থেকে শুরু করে ১৯৭৭-৭৮ সাল পর্যন্ত ২০৮ কোটি টাকা যা মঞ্জুরির বাইরে খরচ হয়েছে এবং এরমধ্যে ১৮৫ কোটি টাকা প্রথম তিন বছরে আর ১৯৭৭-৭৮ সালে ২৩ কোটি টাকা, তবে আমি সেই সূক্ষ হিসাবে যাচ্ছি না যে সেই ২৩ কোটি টাকার দায়ভার কাদের উপর কতটা বর্তাবে। কিন্তু যে জিনিষটা প্রত্যেককে একটু ভেবাচেকা করে যা ডাঃ জয়নাল আবেদিন সাহেব বললেন যে এত বছর বাদে মঞ্জুরী হচ্ছে কেন? হিসাবগুলি তৈরী করেন এ্যাকাউনটেন্ট জেনারেল, তিনি যতক্ষণ পর্যন্ত না হিসাবগুলি তৈরী

করছেন ততক্ষণ পর্যন্ত এটা কম্প্রোটোলার এ্যান্ড অডিটর জেনারেরের কাছে যেতে পারছে না। কম্প্রোটোলার এ্যান্ড অডিটর জেনারেলের কাছ থেকে অনুমোদিত হয়ে না আসা পর্যন্ত আমরা পাবলিক এ্যাকাউন্টস্ কমিটির কাছে পেশ করতে পারছি না। এ্যাকাউনটেন্ট জেনারেল দপ্তর থেকে বলা হচ্ছে যে কয়েক বছরে পশ্চিমবঙ্গের কাজের চাপ এত বেশী বেড়ে গেছে যে তারা ঠিক সময়মত হিসাবগুলি তৈরী করে দিতে পারছে না। সুতরাং এই ব্যাপারে প্রত্যেককে কিছুটা মনোযোগ দিতে হবে, আমাদেরও দিতে হবে এবং কেন্দ্রীয় সরকারকেও দিতে হবে এবং কম্প্রোটোলার এ্যান্ড অডিটর জেনারেলকেও এই বিষয়ে বিশেষভাবে দায়িত্ব নিতে হবে। এ্যাকাউনটেন্ট জেনারেল অফিসে যাতে যথেষ্ট সংখ্যক কর্মচারী নিয়োগ করা যায় এবং তার দ্বারা যাতে কাজগুলি আরো তরান্বিত করা যায় তার দিকে দৃষ্টি দিতে হবে। এর বেশী আর কিছু যোগ করতে চাই না কারণ অনেক বাদানুবাদ হল যে কোন ব্যয় উৎপাদক আর কোন ব্যয় অনুৎপাদক এবং তার জবাব জনগণই দেবেন এইকথা আমি শেষবারের মত বলে বক্তব্য শেষ করছি।

**[5.10 – 5.20 p.m.]**

## DEMAND NO. 8

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs. 8,87,779 be granted to make good an excess on the Grant No. 8, Major Head : 230 – Stamps and Registration for the year 1974-75, was then put and agreed to.

## DEMAND NO. 20

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.12,96,000 be granted to make good an excess on the Grant No. 20, Major Head : 254 – Treasury and Accounts Administration for the year 1974-75, was then put and agreed to.

## DEMAND NO. 22

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.24,46,519 be granted to make good an excess on the Grant No. 22, Major Head : 256 – Jails for the year 1974-75, was then put and agreed to.

## DEMAND NO. 25

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.8,93,59,255 be granted to make good an excess on the Grant No. 25, Major Head : 259 – Public Works for the year 1974-75, was then put and agreed to.

## DEMAND NO. 26

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.4,67,799 be granted to make good an excess on the Grant No. 26, Major Head : 260 – Fire Protection and Control for the year 1974-75, was then put and agreed to.

## DEMAND NO. 36

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.2,42,87,243 be granted to make good an excess on the Grant No. 36, Major Head : 280 – Medical for the year 1974-75, was then put and agreed to.

## DEMAND NO. 42

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.5,43,189 be granted to make good an excess on the Grant No. 42, Major Head : 287 – Labour and Employment for the year 1974-75, was then put and agreed to.

## DEMAND NO. 53

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.17,89,867 be granted to make good an excess on the Grant No. 53, Major Head : 306 – Minor Irrigation for the year 1974-75, was then put and agreed to.

## DEMAND NO. 66

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.4,19,81,361 be granted to make good an excess on the Grant No. 66, Major Head : 333 – Irrigation Navigation, for the year 1974-75, was then put and agreed to.

## DEMAND NO. 72

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.1,92,581 be granted to make good an excess on the Grant No. 72, Major Head : 339 – Tourism for the year 1974-75, was then put and agreed to.

## DEMAND NO. 76

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.21,04,790 be granted to make good an excess on the Grant No. 76, Major Head : 520 – Capital Outlay on Industrial Research and Development (Public Undertakings) and 730 – Loans to Industrial Financial Institutions (Public Undertakings) for the year 1974-75, was then put and agreed to.

## DEMAND NO. 1

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.32,501 be granted to make good an excess on the Grant No. 1, Major Head : 211 – State Legislature for the year 1975-76, was then put and agreed to.

## DEMAND NO. 3

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.59,707 be granted to make good an excess on the Grant No. 3, Major Head : 213 – Council of Ministers for the year 1975-76, was then put and agreed to.

**[5.20 – 5.30 P.M.]**

## DEMAND NO. 4

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.11,28,310 be granted to make good an excess on the Grant No. 4, Major Head : 214 – Administration of Justice for the year 1975-76, was then put and agreed to

## DEMAND NO. 8

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.11,38,420 be granted to make good an excess on the Grant No. 8, Major Head : 230 – Stamps and Registration for the year 1975-76, was then put and agreed to.

## DEMAND NO. 14

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.869 be granted to make good an excess on the Grant No. 14, Major Head : 247 – Other Fiscal Services for the year 1975-76, was then put and agreed to.

## DEMAND NO. 19

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.6,39,629 be granted to make good an excess on the Grant No. 19, Major Head : 253 – District Administration for the year 1975-76, was then put and agreed to.

## DEMAND NO. 22

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.66,52,346 be granted to make good an excess on the Grant No. 22, Major Head : 256 – Jails for the year 1975-76, was then put and agreed to.

## DEMAND NO. 24

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.25,89,580 be granted to make good an excess on the Grant No. 24, Major Head : 258 – Stationery and Printing for the year 1975-76, was then put and agreed to.

## DEMAND NO. 25

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.18,29,80,112 be granted to make good an excess on the Grant No. 25, Major Head : 259 – Public Works, 283– Housing – Buildings . 477– Capital Outlay on Education, Art and Culture (Sports) (Buildings) and 480– Capital Outlay on Medical – Buildings for the year 1975-76, was then put and agreed to.

## DEMAND NO. 26

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.2,10,634 be granted to make good an excess on the Grant No. 26, Major Head : 260 – Fire Protection and Control for the year 1975-76, was then put and agreed to.

## DEMAND NO. 28

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.2,12,68,951 be granted to make good an excess on the Grant No. 28, Major Head : 266 – Pension and Other Retirement Benefits for the year 1975-76, was then put and agreed to.

## DEMAND NO. 34

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.21,05,406 be granted to make good an excess on the Grant No. 34, Major Head : 278 – Art and Culture for the year 1975-76, was then put and agreed to.

## DEMAND NO. 35

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.2,200 be granted to make good an excess on the Grant No. 35, Major Head : 279 – Scientific Services and Research for the year 1975-76, was then put and agreed to.

## DEMAND NO. 36

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.8,46,91,253 be granted to make good an excess on the Grant No. 36, Major Head : 280 – Medical for the year 1975-76, was then put and agreed to.

## DEMAND NO. 38

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.5,55,83,372 be granted to make good an excess on the Grant No. 38, Major Head : 282 – Public Health Sanitation and Water Supply for the year 1975-76, was then put and agreed to.

## DEMAND NO. 47

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.10,23,095 be granted to make good an excess on the Grant No. 47, Major Head : 289 – Relief on Account of Natural Calamities for the year 1975-76, was then put and agreed to.

## DEMAND NO. 48

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.9,77.835 be granted to make good an excess on the Grant No. 48, Major Head : 295 – Other Social and Community Services for the year 1975-76, was then put and agreed to.

## DEMAND NO. 52

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.2,32,90,243 be granted to make good an excess on the Grant No. 52, Major Head : 305 – Agriculture for the year 1975-76, was then put and agreed to.

## DEMAND NO. 54

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.1,96,54,003 be granted to make good an excess on the Grant No. 54, Major Head : 509 – Capital Outlay on Food and Nutrition for the year 1975-76, was then put and agreed to.

## DEMAND NO. 60

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.8,50,917 be granted to make good an excess on the Grant No. 60, Major Head : 314 – Community Development (Excludinjg Panchayat) for the year 1975-76, was then put and agreed to.

## DEMAND NO. 66

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.4,17,22,550 be granted to make good an excess on the Grant No. 66, Major Head : 333 – Irrigation, Navigation, Drainage and Flood Control Projects and 532– Capital Outlay on Multipurpose River Projects for the year 1975-76, was then put and agreed to.

## DEMAND NO. 67

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.4,00,00,000 be granted to make good an excess on the Grant No. 67, Major Head : 734 – Loans for Power Projects for the year 1975-76, was then put and agreed to.

**[5.30 - 5.40 P.M.]**

## DEMAND NO. 68

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.31,260 be granted to make good an excess on the Grant No. 68, Major Head : 335 – Ports, Lighthouses and Shipping for the year 1975-76, was then put and agreed to.

## DEMAND NO. 69

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.15,411 be granted to make good an excess on the Grant No. 69, Major Head : 336 – Civil Aviation for the year 1975-76, was then put and agreed to.

## DEMAND NO. 70

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.4,25,51,515 be granted to make good an excess on the Grant No.70, Major Head : 537 – Capital Outlay on Roads and Bridges for the year 1975-76, was then put and agreed to.

## DEMAND NO. 72

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.6,34,289 be granted to make good an excess on the Grant No. 72, Major Head : 339 – Tourism for the year 1975-76, was then put and agreed to.

## DEMAND NO. 73

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.37,995 be granted to make good an excess on the Grant No. 73, Major Head : 544 – Capital Outlay on Other Transport and Communication Services for the year 1975-76, was then put and agreed to.

## DEMAND NO. 76

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.62,72,000 be granted to make good an excess on the Grant No. 76, Major Head : 705 – Loans for Agriculture (P.U), 722 – Loans for Machinery and Engineering Industries (P.U) and 726–Loans for Consumer Industries.(P.U) for the year 1975-76, was then put and agreed to.

## DEMAND NO. 84

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.44,15,483 be granted to make good an excess on the Grant No. 84, Major Head : 766 – Loans to Government Servants etc. for the year 1975-76, was then put and agreed to.

## DEMAND NO. 4

The Motion of **Dr. Ashok Mitra** That a Sum of Rs.16,69,135 be granted to make good an excess on the Grant No. 4, Major Head : 214 – Administration of Justice for the year 1976-77, was then put and agreed to.

## DEMAND NO. 5

The Motion of **Dr. Ashok Mitra** that Sum of Rs.3,70,448 be granted to make good an excess on the Grant No. 5, Major Head : 215 – Elections for the year 1976-77, was then put and agreed to.

## DEMAND NO. 6

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.42,391 be granted to make good an excess on the Grant No. 6, Major Head : 220 – Collection of Taxes on Income and Expenditure for the year 1976-77, was then put and agreed to.

## DEMAND NO. 8

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.17,93,461 be granted to make good an excess on the Grant No. 8, Major Head : 230 – Stamps and Registration for the year 1976-77, was then put and agreed to.

## DEMAND NO. 13

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.14,29,193 be granted to make good an excess on the Grant No. 13, Major Head : 245 – Other Taxes and Duties on Commodities and Services for the year 1976-77, was then put and agreed to.

## DEMAND NO. 14

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.1,36,553 be granted to make good an excess on the Grant No. 14, Major Head : 247 – Other Fiscal Services for the year 1976-77, was then put and agreed to.

## DEMAND NO. 19

The Motion of **Dr. Ashok Mitra** That a Sum of Rs.22,48,058

be granted to make good an excess on the Grant No. 19, Major Head : 253 – District Administration for the year 1976-77, was then put and agreed to.

### DEMAND NO. 25

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.16,45,15,742 be granted to make good an excess on the Grant No. 25, Major Head : 259 – Public Works, 283– Housing (Buildings) and 480–Capital Outlay on Medical (Buildings) for the year 1976-77, was then put and agreed to.

### DEMAND NO. 36

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.3,85,97,625 be granted to make good an excess on the Grant No. 36, Major Head : 280 – Medical for the year 1976-77, was then put and agreed to.

### DEMAND NO. 38

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.3,73,63,719 be granted to make good an excess on the Grant No. 38, Major Head : 282 – Public Health, Sanitation and Water Supply for the year 1976-77, was then put and agreed to.

### DEMAND NO. 39

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.2,34,50,519 be granted to make good an excess on the Grant No. 39, Major Head : 483 – Capital Outlay on Housing for the year 1976-77, was then put and agreed to.

### DEMAND NO. 47

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.67,10,884 be granted to make good an excess on the Grant No. 47, Major Head : 289 – Relief on account of Natural Calamities for the year 1976-77, was then put and agreed to.

### DEMAND NO. 53

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.3,15,08,786 be granted to make good an excess on the Grant No. 53, Major

Head : 306 – Minor Irrigation for the year 1976-77, was then put and agreed to.

## DEMAND NO. 60

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.2,27,829 be granted to make good an excess on the Grant No. 60, Major Head : 314 – Community Development (Excluding Panchayat) for the year 1976-77, was then put and agreed to.

## DEMAND NO. 67

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.95,00,000 be granted to make good an excess on the Grant No. 67, Major Head : 734 – Loans for Power Projects for the year 1976-77, was then put and agreed to.

## DEMAND NO. 70

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.10,95,41,050 be granted to make good an excess on the Grant No. 70, Major Head : 537 – Capital Outlay on Roads and Bridges for the year 1976-77, was then put and agreed to.

## DEMAND NO. 71

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.5,60,347 be granted to make good an excess on the Grant No. 71, Major Head : 338 – Road and Water Transport Services for the year 1976-77, was then put and agreed to.

## DEMAND NO. 74

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.60,58,808 be granted to make good an excess on the Grant No. 74, Major Head : 363 – Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Excluding Panchayat) for the year 1976-77, was then put and agreed to.

## DEMAND NO. 76

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.17,25,072 be granted to make good an excess on the Grant No. 76, Major

Head : 705 – Loans for Agriculture (Public Undertakings) for the year 1976-77, was then put and agreed to.

## VOTING ON EXCESS EXPENDITURE

## (FOR THE YEAR 1977-78

### DEMAND NO. 7

The Motion of **Dr. Ashok Mitra** That a Sum of Rs.13,43,903 be granted to make good an excess on the Grant No. 7, Major Head : 229 – Land Revenue for the year 1977-78, was then put and agreed to.

### DEMAND NO. 8

### Major Head : 230–Stamps and Registration

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.28,74,723 be granted to make good an excess on the Grant No. 8, Major Head : 230 – Stamps and Registration for the year 1977-78, was then put and agreed to.

### DEMAND NO. 14

### Major Head : 247– Other Fiscal Services

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.2,10,702 be granted to make good an excess on the Grant No. 14, Major Head : 247 – Other Fiscal Services for the year 1977-78, was then put and agreed to.

### DEMAND NO. 16

### Major Head : 249–Interest Payments

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.14,54,342 be granted to make good an excess on the Grant No. 16, Major Head : 249 – Interest Payments for the year 1977-78, was then put and agreed to.

## DEMAND NO. 24

### Major Head : 258–Stationery and Printing

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.4,64,016 be granted to make good an excess on the Grant No. 24, Major Head : 258 – Stationery and Printing for the year 1977-78, was then put and agreed to.

## DEMAND NO. 25

### Major Head : 259–Public Works

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.8,04,35,856 be granted to make good an excess on the Grant No. 25, Major Head : 259 – Public Works for the year 1977-78, was then put and agreed to.

## DEMAND NO. 28

### Major Head : 266–Pensions and Other Retirement Benefits

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.54,36,170 be granted to make good an excess on the Grant No. 28, Major Head : 266 – Pensions and Other Retirement Benefits for the year 1977-78, was then put and agreed to.

## DEMAND NO. 31

### Major Head : 276–Secretariat – Social and Community Services

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.76,815 be granted to make good an excess on the Grant No. 31, Major Head : 276 – Secretariat – Social and Community Services for the year 1977-78, was then put and agreed to.

## DEMAND NO. 32

### Major Head : 277–Education (Sports)

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.46,88,119 be granted to make good an excess on the Grant No. 32, Major Head : 277 – Education (Sports) for the year 1977-78, was then put and agreed to.

### DEMAND NO. 35

### Major Head : 279–Scientific Services and Research

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.800 be granted to make good an excess on the Grant No. 35, Major Head : 279 – Scientific Services and Research for the year 1977-78, was then put and agreed to.

### DEMAND NO. 36

### Major Head : 280–Medical

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.24,59,181 be granted to make good an excess on the Grant No. 36, Major Head : 280 – Medical for the year 1977-78, was then put and agreed to.

### DEMAND NO. 38

### Major Head : 282–Public Health, Sanitation and Water Supply

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.1,36,97,965 be granted to make good an excess on the Grant No. 38, Major Head : 282 – Public Health, Sanitation and Water Supply for the year 1977-78, was then put and agreed to.

### DEMAND NO. 40

### Major Head : 284–Urban Development

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.17,34,628 be granted to make good an excess on the Grant No. 40, Major Head : 284 – Urban Development for the year 1977-78, was then put and agreed to.

### DEMAND NO. 50

### Major Head : 498–Capital Outlay on Co-operation and 698–Loans for Co-operation

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.66,22,054 be granted to make good an excess on the Grant No. 50, Major Head : 498 – Capital Outlay on Co-operation and 698–Loans for Co-operation for the year 1977-78, was then put and agreed to.

## DEMAND NO. 63

### Major Head : 321–Village and Sm all Industries (Excluding Public Undertaking)

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.7,20,148be granted to make good an excess on the Grant No. 63, Major Head : 321 – Village and Small Industries (Excluding Public Undertaking) for the year 1977-78, was then put and agreed to.

## DEMAND NO. 67

### Major Head : 734–Loans for Power Projects

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.1,90,49,000 be granted to make good an excess on the Grant No. 67, Major Head : 734 – Loans for Power Projects for the year 1977-78, was then put and agreed to.

## DEMAND NO. 70

### Major Head : 337–Roads and Bridges and 537–Capital Outlay on Roads and Bridge

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs. 8,88,59,658 be granted to make good an excess on the Grant No. 70, Major Head : 337– Roads and Bridges and 537-Capital Outlay on Roads and Bridge for the year 1977-78, was then put and agreed to.

## DEMAND NO. 76

### Major Head : 726–Loans for Consumer Industries

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.21,19,299 be granted to make good an excess on the Grant No. 76, Major Head : 726 – Loans for Consumer Industries for the year 1977-78, was then put and agreed to.

## DEMAND NO. 84

### Major Head : 766–Loans to Government Servants etc.

The Motion of **Dr. Ashok Mitra** that a Sum of Rs.56,39,237 be granted to make good an excess on the Grant No.84, Major Head : 766– Loans to Government Servants etc. for the year 1977-78, was then put and agreed to.

**[5.40 – 5.41 p.m.]**

**শ্রী অনিল মুখার্জী** : স্যার, আমি একটা প্রিভিলেজ মোসান দিয়েছিলাম, বিষয়টি আপনার বিবেচনাধীন আছে। আমি আপনার কাছে বক্তব্য রেখেছিলাম, ডাঃ বোস তখন এখানে উপস্থিত ছিলেন না।

**মিঃ স্পীকার** : ডাঃ বোস, আপনি সেদিন উপস্থিত ছিলেন না, আপনাকে বলতে পারি নি। আপনি ২ তারিখে উপস্থিত থাকবেন, আমি সেদিন প্রিভিলেজ মোসানগুলি নেব এবং সঙ্গে সঙ্গে অর্ডার দিয়ে দেব।

## ADJOURNMENT

The House was adjourned at 5.41 P.M. till 1 P.M. on Friday, the 26th April, 1985 in the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Friday, the 26th April 1985 at 1.00 p.m.

## PRESENT

Mr. Dy Speaker (Shri Kalimuddin Shams) in the Chair, 6 Ministers, 9 Ministers of State and 147 Members.

Unstarred Questions

(to which written answers were laid on the Table)

**ব্যাঙ্ক স্থাপনের জন্য "গ্রোথ সেন্টার"**

২৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ১২।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) এই রাজ্যে বিভিন্ন ব্যাঙ্ক স্থাপনের জন্য "গ্রোথ সেন্টার" চিহ্নিত স্থানের সংখ্যা কত;

(খ) ১৯৮৩-৮৪ এবং ১৯৮৪-৮৫তে এই রাজ্যে বিভিন্ন ব্যাঙ্কের কতগুলি শাখা খোলা হয়েছে;

(গ) ১৯৮৪-৮৫ ও ১৯৮৫-৮৬-তে এ রাজ্যে গ্রামীণ ব্যাঙ্ক স্থাপনের টার্গেট কত; এবং

(ঘ) ১৯৮৫-৮৬-তে মুর্শিদাবাদ গ্রামীণ ব্যাঙ্কের কত শাখা খোলা হতে পারে?

**অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় :** (ক) ১৯৮২-৮৫ সময়সীমার জন্য নির্ধারিত রিজার্ভ ব্যাঙ্কের গ্রামাঞ্চলে ব্যাঙ্ক সম্প্রসারণ সংক্রান্ত কার্যসূচী অনুসারে এই রাজ্যের বিভিন্ন জেলায় মোট ১,০২১টি "গ্রোথ সেন্টারে" ব্যাঙ্কের শাখা খোলার প্রস্তাব ছিল।

(খ) এই রাজ্যে ১৯৮৩-৮৪ সালে বিভিন্ন ব্যাঙ্ক মোট ১১০টি নতুন শাখা খুলেছে। ১৯৮৪-৮৫ সালের ৩১-১২-১৯৮৪ পর্যন্ত খোলা হয়েছে মোট ১০৯টি শাখা। সারা বছরের পরিসংখ্যান এখনও সংগ্রহ করা যায় নি।

(গ) ১৯৮৪-৮৫ সালে এই রাজ্যে কয়েকটি গ্রামীণ ব্যাঙ্ক-এর এলাকায় পুনর্বিন্যাস ক'রে আরও দুইটি নতুন গ্রামীণ ব্যাঙ্ক খোলার প্রস্তাব নেওয়া হয়। এদের মধ্যে অন্যতম "মুর্শিদাবাদ গ্রামীণ ব্যাঙ্ক" গত ১৭-১১-১৯৮৪ তারিখে বহরমপুরে স্থাপিত হয়েছে। অন্য ব্যাঙ্কটি "মেদিনীপুর গ্রামীণ ব্যাঙ্ক" নামে মেদিনীপুর শহরে সত্বর খোলা হবার কথা।

১৯৮৫-৮৬ সালে এই রাজ্যে এখনও পর্যন্ত আর কোন গ্রামীণ ব্যাঙ্ক স্থাপনের প্রস্তাব নেই।

(ঘ) মুর্শিদাবাদ গ্রামীণ ব্যাঙ্ক এখন পর্যন্ত ৪৩টি শাখা খোলার জন্য রিজার্ভ ব্যাঙ্কের অনুমোদন পেয়েছে। ১৯৮৫-৮৬ সালের মধ্যেই যাতে সব শাখা খোলা যায় যে জন্য কতৃপক্ষ সচেষ্ট আছেন বলে জানা গেছে।

**কৃষি বিভাগের অধীন বীজ খামার**

২৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৬১।) **শ্রীসুশীল কুজুর :** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) রাজ্য কৃষি বিভাগের কর্তৃত্বধীন বীজ খামারের সংখ্যা কত;

(খ) ঐ সকল বীজ খামার থেকে গড়ে প্রতি বছর কোন্ কোন্ শস্যের বীজ কত পরিমাণে সংগৃহীত হয়; এবং

(গ) কোন্ রাজ থেকে কত পরিমাণে এবং কি কি খাদ্যশস্যের বীজ আমদানি করতে হয়?

**কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় :** (ক) ২১২টি (তন্মধ্যে ১৩টি গবেষণা খামার)।

(খ) এ প্রশ্নের উত্তর নিচে দেওয়া হলো :

| শস্যবীজের নাম | | পরিমাণ (টন) |
|---|---|---|
| ধান | .. | ৩,০০০-৪,০০০ |
| গম | .. | ৪০০- ৫০০ |
| পাট | .. | ৪০- ৬০ |
| ডালবীজ | .. | ১২৫- ১৫০ |
| তৈলবীজ | .. | ৮০০-১,০০০ |

(গ) ভারত সরকারের সংস্থা এন এস সি ও এস এফ সি আই এবং উত্তর প্রদেশের সংস্থা ইউ পি এস ও টি ডি সি-এর মাধ্যমে ভারত সরকারের নির্দেশে বিভিন্ন রাজ্য থেকে প্রধানতঃ ধান,গম, আলু এবং ডালশস্যের বীজ আমদানি করা হয়। এর রাজ্যওয়ারী হিসাব জানা নাই।

**কৃষি বিভাগের অধীনে কেমিক্যাল ফার্টিলাইজার কারখানা**

২৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৩।) **শ্রীসুশীল কুজুর :** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) কৃষি বিভাগের কর্তৃত্বাধীন পশ্চিমবঙ্গে কোন কেমিক্যাল ফার্টিলাইজার কারখানা পরিচালিত হয় কি;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে কোথায় ও ঐ কারখানায় উৎপাদনক্ষমতা কি প্রকার; এবং

(গ) ঐ কারখানায় কি কি প্রকার ফার্টিলাইজার উৎপাদিত হয়?

**কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় :** (ক) না।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

**তৈলবীজ চাষ**

২৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ৫২১।) **শ্রীকাশীনাথ মিশ্র :** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) পশ্চিমবঙ্গে এই মরসুমে (১৯৮৪-৮৫) কোন্ কোন্ তৈলবীজ কি পরিমাণ জমিতে চাষ হয়েছে এবং উৎপন্ন ফসলের পরিমাণ কত;

(খ) ইহা কি সত্য যে সরিষা, সূর্যমুখী ও তিল চাষের পরিমাণ বৃদ্ধি পেয়েছে;

(গ) সত্য হলে, এর কারণ কি; এবং

(ঘ) উক্ত তৈলবীজ চাষ-আবাদে সরকারের কি কি বাবত কত টাকা ব্যয় হয়েছে?

**কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় :** (ক) এই বছররের হিসাব এখনও চূড়ান্ত হয় নি।

(খ) সরিষা ও তিল চাষের পরিমাণ গত কয়েক বছরে যথেষ্ট বৃদ্ধি পেয়েছে তবে সূর্যমুখীর চাষ আশানুরূপ বৃদ্ধি পায় নি।

(গ) বিভিন্ন কারণসমূহের মধ্যে নিম্নলিখিত কারণগুলি উল্লেকযোগ্য :-

১। ভাল জাতের বীজ দ্বারা উন্নত প্রথায় চাষ।

২। স্বল্প সেচে চাষ করা যায়।

৩। স্বল্প খরচে চাষ হয়।

৪। তৈলবীজের ভাল দাম পাওয়া যায় ও তাড়াতাড়ি বিক্রি হয়।

(ঘ) ১৯৮৪-৮৫ সালে তৈলবীজ চাষ-আবাদে সরকারের বিভিন্ন খাতে ব্যয়ের হিসাব নিম্নে দেওয়া হল :

১। প্রদর্শনী ক্ষেত্র বাবত ২০ লক্ষ ৯৮ হাজার টাকা।

২। মিনিকিট বাবত ১ কোটি ৭৩ লক্ষ ৪৩ হাজার টাকা।

৩। জাতীয় তৈলবীজ প্রকল্প বাবত ৩২ লক্ষ ৬৬ হাজার টাকা।

### বর্ধমান জেলায় এনকেফেলাইটিস রোগ

২৪০। (অনুমোদিত প্রশ্ন নং ৫৭৬।) **শ্রীবামাপদ মুখার্জী ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) ১৯৮৪ সালে বর্ধমান জেলায় কোথায় কোথায় এনকেফেলাইটিস রোগ দেখা দিয়েছিল;

(খ) উক্ত জেলায় এই রোগে আক্রান্তের ও মৃতের সংখ্যা কত ছিল; এবং

(গ) রোগ নিবারণের জন্য কি কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছিল?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় ঃ** (ক) ১৯৮৪ সালে বর্ধমান জেলায় ৩০টি ব্লকে ও ৩টি পৌর এলাকায় এবং আসানসোল খনি অঞ্চলে এনকেফেলাইটিস রোগ দেখা গিয়েছিল।

(খ) উক্ত জেলায় এই রোগে আক্রান্তের ও মৃতের সংখ্যা যথাক্রমে ৮৩৬ এবং ৩৯৮ জন।

(গ) রোগ নিবারণের জন্য নিম্নলিখিত ব্যবস্থাসমূহ অবলম্বন করা হয়েছিল, যথা ঃ-

(১) আক্রান্ত রোগীকে যথাযথ চিকিৎসার জন্য হাসপাতাল প্রেরণ,

(২) রোগাক্রান্ত লোকের বাড়ি ও উহার সংলগ্ন ৫০টি বাড়িতে গ্যামাকসিন স্প্রে করা,

(৩) রোগীর রক্ত, সেরিব্রোস্পাইনাল ফ্লুইড ইত্যাদি পরীক্ষার ব্যবস্থা করা,

(৪) রোগ নিবারণের জন্য মশাকে পরীক্ষা করা,

(৫) শূকর, গো-মহিষাদির খাটালে গ্যামাক্সিন স্প্রে করা,

(৬) আক্রান্ত এলাকার জনসাধারণকে অনুরোধ করা হয় যাতে তাঁরা রাত্রে মশারী ব্যবহার করেন এবং শূয়র বা গো-মহিষাদির সঙ্গে একই ঘরে বসবাস না করেন,

(৭) মশা যাতে না জন্মায় তার জন্য সেইসব এলাকার জনসাধারণকে বিশেষ ব্যবস্থা অবলম্বন করার পরামর্শ দেওয়া,

(৮) প্রয়োজনে ঐসব এলাকায় স্কুল অব ট্রপিক্যাল মেডিসিন থেকে বিশেষজ্ঞ দল পাঠানো হয়েছিল।

### শ্রমিক কল্যাণ কেন্দ্র

২৪১। (অনুমোদিত প্রশ্ন নং ৬০৯।) **শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য্য ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) পশ্চিম বাংলায় মোট কয়টি শ্রমিক কল্যাণ কেন্দ্র আছে;

(খ) এর মধ্যে কয়টি সক্রিয় আছে;

(গ) উক্ত শ্রমিক কল্যাণ কেন্দ্র থেকে শ্রমিকরা কি ধরনের সযোগ পান: এবং

(ঘ) এই সমস্ত কেন্দ্র পরিচালনার জন্য কোন পরিচালক কমিটি আছে কিনা?

**শ্রম বিভাগের মন্ত্রীমহাশয় :** (ক) ৫৪টি। এগুলির মধ্যে ২২টি হল আদর্শ শ্রমিক কল্যাণ কেন্দ্র। অর্থাৎ এগুলি নিজস্ব ভবনে অবস্থিত এবং এগুলিতে প্রেক্ষাগৃহ সহ কিছু অতিরিক্ত সুবিধাদি রয়েছে। কেন্দ্রগুলির একটি তালিকা লাইব্রেরী টেবিলে রক্ষিত হল।

(খ) সবকটি কেন্দ্রই সক্রিয় আছে।

(গ) কেন্দগুলিতে প্রাপ্য সুযোগ-সুবিধা সংক্রান্ত একটি সংক্রান্ত একটি স্বতন্ত্র বিবরণী লাইব্রেরী টেবিলে রক্ষিত হল।

(ঘ) কেন্দ্রগুলি রাজ্য সরকার গঠিত শ্রমিক কল্যাণ পর্ষদ কর্তৃক পরিচালিত হয়। পঞ্চাশটি কেন্দ্রে পরিচালন ব্যাপারে পরামর্শদানের জন্য স্থানীয় লোকসভা ও বিধানসভার সদস্য, পৌর প্রধান বা পঞ্চায়েত প্রধান, বিভিন্ন শ্রমিক ইউনিয়নের প্রতিনিধি, স্থানীয় শ্রম দপ্তরের আধিকারিক, মালিকপক্ষের প্রতিনিধি নিয়ে একটি করে কমিটি তৈরি করা হয়েছে। বাকি অন্য ৪টি কেন্দ্রেও অনুরূপ কমিটি গঠনের ব্যবস্থা হচ্ছে।

### বনগাঁ মিউনিসিপ্যালিটিতে জল নিকাশের পরিকল্পনা

২৪২। (অনুমোদিত প্রশ্ন নং ১২১৬।) **শ্রীভূপেন্দ্রনাথ শেঠ :** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) ইহা কি সত্য যে, বনগাঁ মিউনিসিপ্যালিটির জল নিকাশী ব্যবস্থা না থাকার ফলে সামান্য বর্ষায় বনগাঁ মিউনিসিপ্যালিটির ৪ নং, ৫ নং, ৯ নং, ১০ নং এবং ১২ নং ওয়ার্ড জলমগ্ন থাকে এবং সরকার কর্তৃক ফায়ার ব্রিগেড-এর সাহায্যে জল নিকাশের ব্যবস্থা করিতে হয়।

(খ) সত্য হইলে, জমে যাওয়া জল স্থায়ী নিকাশের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(গ) থাকিলে, কবে নাগাত উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায়?

**স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় :** (ক) সাধারণ বর্ষায় বনগাঁ পৌরসভায় কোন অংশই জলমগ্ন হয় না। তবে অতিরিক্ত বর্ষায় বনগাঁ পৌরসভার কোন কোন ওয়ার্ডে কিছু কিছু অংশ জলমগ্ন হয়।

(খ) আপততঃ কোন পরিকল্পনা সরকারের নেই।

(গ) প্রশ্ন উঠে না।

### আরামবাগে কুষ্ঠ হাসপাতাল

২৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৬৭।) **শ্রীশিবপ্রসাদ মালিক:** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) ১৯৮২ সালে মঞ্জুরীকৃত আরামবাগে কুষ্ঠ হাসপাতালটি নির্মাণ হইয়াছে কি; এবং

(খ) হইয়া থাকিলে, কুষ্ঠ হাসপাতালটি চালু না হওয়ার কারণ কি?

স্বাস্থ্য ও পা...... বিভাগের মন্ত্রী মহাশয় ঃ (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

### হরিণঘাটার সরকারী ফার্মে গবাদি পশুর সংখ্যা

২৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৭১৫।) শ্রীসরল দেব ঃ পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) বর্তমানে হরিণঘাটার সরকারী ফার্মে গবাদি পশুর সংখ্যা কত;

(খ) উক্ত গবাদি পশুর কত সংখ্যক টি.বি রোগে আক্রান্ত;

(গ) ইহা কি সত্য যে, ঐ ফার্মের অ্যাটেনডেন্টদের গাফিলতির জন্য গবাদি পশুর নিয়মিত পরিচর্যার ব্যাঘাত ঘটিতেছে; এবং

(ঘ) সত্য হইলে, এ ব্যপারে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রী মহাশয় ঃ (ক) হরিণঘাটা সরকারী ফার্মে গবাদি পশুর (গরু ও মহিষের) সংখ্যা ২,২২৪টি।

(খ) উক্ত গবাদি পশুর মধ্যে ৯৩টি টি.বি রোগে আক্রান্ত।

(গ) না, ইহা সত্য নহে। অ্যা...... গাফিলতির জন্য গবাদি পশুর পরিচর্যার কোন ব্যাঘাত ঘটে না।

(ঘ) কর্মচারীরা যখন ছুটিতে যান তখন বিকল্প কর্মীদের দ্বারা গরু-মহিষ পরিচর্যার কাজ সম্পন্ন করান হয়। এভাবে মাঝে মধ্যে কর্মী বদলের ফলে ।স্বাভাবিকভাবে গরুর মধ্যে নতুন কর্মীর সঙ্গে সম্বন্ধ ঠিকভাবে গড়ে উঠতে দেরি হয়। স্বাভাবিক সম্বন্ধ ব্যাহত হলে, দুধ উৎপাদন এবং পরিচর্যা সাময়িক কিছুটা ব্যাহত হয়।

### পুরুলিয়া জেলায় কুটির ও ক্ষুদ্র শিল্প

২৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৩৮।) শ্রীসুধাংশুশেখর মাঝি ঃ কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৭৭ সালের জুন মাস হইতে ১৯৮৪ সালের ডিসেম্বর মাস পর্যন্ত সময়ে পশ্চিমবঙ্গ সরকার পুরুলিয়া জেলায় কোন্ কোন্ এলাকাতে কি কি ক্ষুদ্র অথবা কুটির শিল্প স্থাপন করেছেন?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় ঃ এ সম্পর্কে বিস্তারিত বিবরণ সন্নিবেশিত হইল।

Report in connection with the unstarred question question No. 245 (Admitted Question No. 1838) regarding setting up of Industries (C&SSI) in the Distrist of Purulia since June 1977 to 31st December, 1984.

| Sl. No. | Name of the Development Block | Type of Industrial Unit set up set up (C&SSI) Since June,1977 to 31st December,1984. |
|---|---|---|
| 1 | Purulia-I Development Block | 1. Mustard Oil Mill, 2. Flour Mill 3. PVC Cable, 4. Plastic Procucts, 5. Paper Pack, 6. Mineral Grinding, 7. R.C.C. Pole Mfg., 8. Polyester Resin, 9. Spun Pipe, 10. Cement Gate, Grill and other products Mfg., 11. Gate and Grill Mfg., 12. Automobile Repairing and Servicing. 13. Watch Repairing, 14. Cycle Repairing, 15. Radio and other Electrical Goods Repairing, 16. Saw Mill, 17. Wooden Furniture, 18. Steel Furniture, 19. Alluminium Utensils, 20. Bone Mill, 21. Wheat Grinding, 22. Spices Grinding, Dal and Others Cereals Grinding, 23. Paddy Husking, 24. Chemicals, 25 Shoe and Chappal Mfg., 26. Ready-made Garments and Tailoring, 27. Battery Mfg., Bidi Mfg., Sweetmeat and Handloom Weaving, Bakery, Charachur, |

| Sl. No. | Name of the Development Block | Type of Industrial Unit set up set up (C&SSI) Since June,1977 to 31st December,1984. |
|---|---|---|
| | | Cutlery, Printing Press, Hotel, Silver Oranaments, Chimni, Bhata, Lime Dust, Ice Candy, Agarbati Excercise Book. |
| 2. | Purulia-II Development Block | 1. High Alumina Cement, Hot face' insulating Bricks. 2. Refractories. 3. Wheat Grinding. 4. Paddy Hunsking. 5. Bakery, Shoe and Chappal Manufacturing, Carpentry, Blacksmithy, Cycle repairing. |
| 3 | Jhalda-I Development Block. | Mustard Oil Mill, Non-edible oil, washing Soap Textile (Power Loom), Bread and Biscuits., Cutlery, Printing Press, Candle Manufacturing, Wheat Grinding, Spices Grinding, Paddy Husking, Bidi Manufacturing, Readymade Garments and Tailoring, Bread and Biscuits, Sweetmeat, Shoe and Chappal Manufacturing, Tin Smithy, Silver Ornaments, Hotel, Bidi Manufacturing, Chanachur Manufacturing, Lac Processing. Saw Mill, Lime dust. |
| 4. | Jhalda-II Development Block | Bidi Manufacturing, Readmade Garments and Tailoring, Wheat Grinding, Bamboo Basket Man- |

| Sl. No. | Name of the Development Block | Type of Industrial Unit set up set up (C&SSI) Since June,1977 to 31st December,1984. |
|---|---|---|
| | | ufacturing, Bread and Biscuits Hotel, Bamboo Basket. |
| 5. | Raghunathpur-I Dev. Block | Cement Gate, Grill and zafri, Handloom Weaving, Ceramic, Coke Briquettes, Shoe and Chappal, Bakery, Rice Mill, Chanachur, Sign Board and other Paintings. Wheat Grinding. Lympo. Sweetmeat, Tasar Weaving, Bidi Mfg., Conch Shell Product Mineral Grinding, Tailoring, Chimni Bhata (Bricks), Tiles Mfg., Printing Press, Saw Mill, Sola Works, Lime dust. |
| 6. | Raghunathpur-II Dev. Block | Bidi Making, Carpentry, Blacksmithy, Tailoring, Bangla Bhata (Bricks), Tiles, Shoe and Chappal Manufacturing. |
| 7. | Manbazar-I Dev. Block | Ice Candy, Printing Press, Wheat Grinding, Shola Works, Bell metal utensils, Saw Mill, Bakery, Handloom Weaving, Carpentry, Blacksmithy, Readmade Garment and Tailoring, Shoe and Chappal Mfg. |
| 8. | Manbazar-II Dev. Block. | Readymade Garments and Tailoring. Bidi Mfg. Shoe and |

| Sl. No. | Name of the Development Block | Type of Industrial Unit set up set up (C&SSI) Since June,1977 to 31st December,1984. |
|---|---|---|
| | | Chappal Mfg. Carpentry. Blacksmithy. |
| 9. | Para Development Block. | Mustard Oil, Ice Candy, Plam Candy, Washing Soap, Board and Biscuits, Wheat Grinding, Coke Briquettes, Blacksmithy, Readymade Garments and Tailoring, Handmade soft coke, Shope and Chappal Mfg., Saw Mill. |
| 10. | Balarampur Dev. Block. | Lac Products Mfg., Mustard Oil Mill, Saw Mill, Rockphosphate Grinding, Readymade Garments, Chimni Bhata, Tiles, Shoe and Chappal Mfg., Cycle Repaining, Radio and other Electrical Goods repairing, Blacksmithy, Woollen Garments. |
| 11. | Hura Development Block. | Saw Mill, Rice Mill Paldy Husking, Mineral Grinding, Readymade Garments and Tailoring, Radio Serving and Repairing, Cycle Repairing, Wheat Grinding, Backery. |
| 12. | Kashipore Development Block. | Silver Ornaments, Wheat Grinding, Saw Mill, Bell Metal Utensils; Carpentry, Blacksmithy, Readymade Garments and Tailoring, Biri Mfg., Shoe and |

| Sl. No. | Name of the Development Block | Type of Industrial Unit set up set up (C&SSI) Since June,1977 to 31st December,1984. |
|---|---|---|
| | | Chappal Mfg., Paddy Hunsking. |
| 13. | Puncha Development Block | Saw Mill, Bell Metal Utensils, Readymade Garments and Tailoring Shoe and Chappal Mfg. Wheat Grinding, Paddy Husing, Sweetmeat, Bakery. |
| 14. | Joypur Development Block. | Saw Mill, Wheat Grinding, Washing Soap, Cutlery Products, Mask Making, Bakery, Readymade Garments-Cum-Tailoring, Shoe and Chappal Mfg. |
| 15. | Bagmundi Development Block. | Wheat Grinding, Paddy Husking, Mask Making, Tailoring. |
| 16. | Barabazar Development Block. | Bell Metal Utensils, Wheat Grinding, Paddy Husking, Tiles Mfg. Readymade Garments and Tailoring, Shoe and Chappal Mfg., Saw Mill. |
| 17. | Arsha Development Block. | Wheat Grinding, Readymade Garments and Tailoring, Shoe and Chappal Mfg., Bangla Bhatta Bricks, Cycle repairing, Brass Products, Handloom Weaving. |
| 18. | Burdwan Development Block. | Tiles Mfg., Rope Making, Tailoring, Shoe and Chappal Mfg., Cycle Repairing. |
| 19. | Santuri Development Block. | Tiles Mfg., Shoe and Chappal |

| | |
|---|---|
| | Mfg., Readymade Garments and Tailoring, Wheat Grinding. |
| 20. Neturi Development Block. | Tiles Mfg., Shoe and Chappal Mfg., Readymade Garments and Tailoring, Cycle Repairing, Wheat Gringing, Ceramic. |

### পুরুলিয়া জেলার রামচন্দ্রপুর নেতাজী হাসপাতাল

২৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৭৪।) শ্রীনটবর বাগদী ঃ স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) পুরুলিয়া জেলার রামচন্দ্রপুর নেতাজী হাসপাতালটি পশ্চিমবঙ্গ সরকারের অধিগ্রহনের কোন পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকিলে কবে নাগাত ইহা বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায়?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় ঃ (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

### বনগাঁ পৌরসভায় কর্মী নিয়োগ

২৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ২০৮৩।) শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) বনগাঁ পৌরসভাতে ১৯৮৫-৮৬ সালে কোন কর্মী নিয়োগ করার পরিকল্পনা আছে কিনা;

(খ) থাকলে উহা স্থানীয় কর্মী নিয়োগ কেন্দ্রের মাধ্যমে (এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ) নেওয়া হবে কিনা; এবং

(গ) "খ" প্রশ্নের উত্তর "না" হলে কিভাবে নেওয়া হবে?

স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় ঃ (ক) হ্যাঁ

(খ) বঙ্গীয় পৌর আইন, ১৯৩২-এর বিধান অনুসারে নিয়োগ করা হবে।

(গ) প্রশ্ন ওঠে না।

### রাজ্যে নতুন রিজিওন্যাল ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন

২৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ২০৯৭।) শ্রীলক্ষ্মনচন্দ্র শেঠ ঃ শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) রাজ্যে নতুন রিজিওন্যাল ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপনের কোন প্রস্তাব আছে কি; এবং

(খ) থাকলে,—

**শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় :** (ক) না।

(খ) (১) ও (২) প্রশ্ন ওঠে না।

### মেদিনীপুর জেলার শালবনী ফডার ফার্মে ডিপ-টিউবওয়েলের সংখ্যা

২৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ২১১৮।) **শ্রীসুন্দর হাজরা :** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) মেদিনীপুর জেলার শালবনী ফডার ফার্মে মোট কতগুলি ডিপ-টিউবওয়েল আছে; এবং

(খ) তন্মধ্যে বর্তমানে কতগুলি চালু আছে?

**পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রী মহাশয় :** (ক) মেদিনীপুর জেলায় শালবনী ফডার ফার্মে মোট সাতটি ডিপ-টিউবওয়েলের মধ্যে তিনটি চালু আছে।

(খ) উক্ত সাতটি টিউবওয়েলের মধ্যে তিনটি চালু আছে।

### বাঁকুড়া ও পুরুলিয়া 'ল্যাম্পসের মাধ্যমে আদিবাসী উন্নয়ন পরিকল্পনা

২৫০। (অনুমোদিত প্রশ্ন নং ২১৮৩।) **শ্রীসুভাষচন্দ্র মাহাতো এবং শ্রীকাশীনাথ মিশ্র :** তফশিলি জাতি ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) ১৯৮২ সালের জুলাই হতে ১৯৮৫ সালের ফেব্রয়ারী পর্যন্ত বাঁকুড়া ও পুরুলিয়া জেলাতে আদিবাসী সমাজের উন্নয়নের জন্য যে 'ল্যাম্পস' প্রতিষ্ঠানগুলি গঠিত হয়েছে তার মাধ্যমে কি কি উন্নয়নের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে;

(খ) উক্ত জেলাগুলিতে 'ল্যাম্পস' প্রতিষ্ঠানগুলি কিভাবে কাদের মাধ্যমে পরিচালিত হচ্ছে; এবং

(গ) ১৯৭৭ সালের হতে ১৯৮৪ সালের মধ্যে বাঁকুড়া ও পুরুলিয়া জেলাতে কটি 'ল্যাম্পস' প্রতিষ্ঠান গড়ে উঠেছে?

**তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় :** (ক) উক্ত সময়ে বাঁকুড়া ও পুরুলিয়া জেলার ল্যাম্পসগুলির মাধ্যমে আদিবাসীদের অর্থনৈতিক উন্নয়নের জন্য নিম্নলিখিত পরিকল্পনা গ্রহণ করা হয়েছে :-

(১) কৃষি ঋণ দাদন;

(২) ক্ষুদ্র বনজ সম্পদ আহরণ ও বিপণন;

(৩) নিত্যপ্রয়োজনীয় ভোগ্যপণ্য ন্যায্য মূল্যে সরবরাহ;

(৪) পরিপূরক ঋণ বন্টন;

(৫) পশুপালন, কুটিরশিল্প, কাঠ কাটাই, পাথর কুঁচি তৈরী, ছোট দোকান প্রভৃতি কর্ম বিনিয়োগ প্রকল্প রূপায়ণ।

(খ) ল্যাম্পগুলির সভ্যদের দ্বারা নির্বাচিত এবং রাজ্য সরকারের মনোনীত পরিচালকমণ্ডলীর সদস্যদের দ্বারা ল্যাম্পসগুলি পরিচালিত হচ্ছে।

(গ) ১৮টি।

### পুরুলিয়া মিউনিসিপ্যালিটির কর্মীদের অ-নিয়মিত বেতন প্রদান

২৫১। (অনুমোদিত প্রশ্ন নং ২২৭৫।) **ডাঃ সুকুমার রায় ঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) ইহা কি সত্য যে, পুরুলিয়া মিউনিসিপ্যালিটির সর্বস্তরে কর্মীরা বিগত ১৮ মাস ধরে নিয়মিত বেতন পাচ্ছেন না;

(খ) সত্য হ'লে, এর কারণ কি; এবং

(গ) উক্ত মিউনিসিপ্যালিটির দ্বারা এ পর্যন্ত কি কি উন্নয়নমূলক কাজ করা হয়েছে?

**স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) মিউনিসিপ্যালিটির দ্বারা উন্নয়নমূলক কাজের একটি তালিকা লাইব্রেরী টেবিলে রাখা হ'ল।

## Observance of Swamiji's birthday as a National Youth Day

**252.** (Admitted question No. 2437.) **Dr. Hoimi Basu :** Will the Minister-in-charge of the Youth Services Department be pleased to state-

(a) if it is a fact that the Government of India issued a circular to this State Government to observe January 12, the birthday of Swami Vivekananda, as National Youth Day this year ; and

(b) if so, whether this instruction has been complied with by the Government of West Bengal?

**Minister-in-charge of Youth Services Department:** (a) A guideline suggesting observance of 12th January as National Youth Day was issued by Government of India.

(b) Government of India was intimated that because of election and short time available it would not be possible to implement the programme. Government of India was also requested to intimate whether Government of India intended to go ahead with the programme to which no reply was received from Government of India.

গোবর গ্যাস প্ল্যান্ট

২৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৫৯।) **শ্রী ব্রজগোপাল নিয়োগী :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) ১৯৭৭ সালের জুন মাস হইতে ১৯৮৪ সালের ডিসেম্বর মাস পর্যন্ত সময়ে পশ্চিমবঙ্গে কয়টি গোবর গ্যাস প্ল্যান্ট নির্মিত হইয়াছে (জেলা-ওয়ারী হিসাব);এবং

(খ) উক্ত প্রকল্পে সরকার কি পরিমাণ ভরতুকি দিয়াছেন?

**কুটির ও ক্ষুদ্রায়দন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় :** (ক) ১৯৭৭ সালের উক্ত সময়ে এবং ১৯৮১-৮২ সাল পর্যন্ত এই রাজ্যে "গোবর গ্যাস" প্রকল্পটি রাজ্য খাদি পর্ষৎ এবং খাদি ও গ্রামোদ্যোগ কমিশনের তত্ত্বাবধানে পরিচালিত হয়। বিস্তারিত বিবরণ লাইব্রেরী টেবিলে রাখা হইল, আর ১৯৮২-৮৩ সাল হইতে উক্ত প্রকল্পটি এ রাজ্যে কুটির ও ক্ষুদ্র শিল্প বিভাগের তত্ত্বধানে পরিচালিত হইয়া আসিতেছে। জেলা-ওয়ারী বিবরণ লাইব্রেরী টেবিলে প্রদত্ত হইল।

(খ) উক্ত প্রকল্পের জন্য ব্যয়িত ভরতুকির বিবরণ লাইব্রেরী টেবিলে প্রদত্ত হইল।

পদ্মানদীর ভাঙ্গনে ক্ষতিগ্রস্ত ও গৃহহারা পরিবারের সংখ্যা

২৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৭০৯।) **শ্রী হাবিবুর রহমান :** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রী মহোদয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) মুর্শিদাবাদ জেলার রঘুনাথগঞ্জ ২ নং ব্লকে পদ্মানদীর ভাঙ্গনে ১৯৭৮ সাল হইতে ১৯৮৪ সাল পর্যন্ত কত সংখ্যক পরিবার ক্ষতিগ্রস্ত ও গৃহহারা হইয়াছেন;

(খ) উক্ত গৃহহারা পরিবারের পূর্নবাসনের জন্য রাজ্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন;

(গ) উক্ত গৃহহারা সকল পরিবারের পুনর্বাসনের কাজ সম্পন্ন কতদিন সময় লাগিবে; এবং

(ঘ) অদ্যাবধি (৩১-১-১৯৮৫) কত পরিবারকে পুনবার্সন দেওয়া হইয়াছে?

**ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রী মহোদয়া :** (ক) সংশ্লিষ্ট জেলা সমাহর্তার প্রাথমিক সমীক্ষা অনুযায়ী ২,৭০০টি পরিবার।

(খ) ইতিমধ্যে ২৫০টি পরিবারকে পুনবার্সন দেওয়া হইয়াছে। বাকি পরিবারকে সরকারের খাস জমি ও অন্যান্য বিভাগের অধীনস্থ জমি ছাড়াও প্রয়োজনে জমি অধিগ্রহণপূর্বক পুর্নবাসনের ব্যবস্থা করা হইতেছে। অন্য বিভাগের অধীনস্থ জমি হস্তান্তরের জন্য প্রয়োজনীয় ব্যবস্থাদি নেওয়া শুরু হইয়াছে।

(গ) অন্যান্য বিভাগ হইতে জমি হস্তান্তর এবং প্রয়োজনীয় জমি অধিগ্রহণের ব্যবস্থা ত্বরান্বিত করা হইয়াছে এবং পাইবার পরই পুনর্বাসনের কাজ যথাসম্ভব দ্রুত সম্পন্ন করা হইবে। ব্লকের মধ্যেই প্রদত্ত জমিতে পুর্নবাসনে ক্ষতিগ্রস্ত পরিবারগুলি অনিচ্ছুক থাকায় পুর্নবাসনের কাজ ত্বরান্বিত করা সম্ভব হয় নাই।

(ঘ) "খ" প্রশ্নের উত্তর দ্রষ্টব্য।

**নেগুয়া গ্রামে বঙ্কিমচন্দ্রের মূর্তি স্থাপন**

২৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৪৮।) **শ্রীপ্রবোধচন্দ্র সিনহা :** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) সাহিত্যসম্রাট ঋষি বঙ্কিমচন্দ্রের একদা কর্মক্ষেত্র মেদিনীপুর জেলার এগরা থানার অন্তর্গত নেগুয়া গ্রামে বঙ্কিমচন্দ্রের স্মৃতিরক্ষাকল্পে একটি মর্মরমূর্তি স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হলে, এ ব্যাপারে কোন ব্যবস্থা গৃহীত হয়েছে কি?

**পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় :** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

**[1.00 – 1.10 P.M.]**

**Shri Abdul Manan :** স্যার, পরিষদীয় মন্ত্রী ছাড়া আর কোন মন্ত্রী হাউসে উপস্থিত নেই আপনি স্যার, এটা একটু দেখুন।

(Noise)

(Several mambers rose to speak)

**Mr. Deputy Speaker :** মন্ত্রী আছেন, Honourable members, please take your seats.

**Shri Saral Deb :** স্যার, কংগ্রেসীরা তিনটি কেন্দ্রেই গতকাল পরাজিত হয়েছেন,

ওঁদের এখানে স্যার, চেঁচামেচি করতে বারন করুন।

**Mr. Deputy Speaker :** Saral Babu, Please take your seat.

Oath or Affirmation of Allegiance

**Mr. Deputy Speaker :** Any member present who has not made an Oath or Affirmation of Allegiance, may kindly do so.

(pause)

There was none to take oath.

**Calling Attention to Matters of Urgent Public Importance**

**Mr. Deputy Speaker :** I have received 5 notices of Calling Attention, namely :-

| | |
|---|---|
| 1) Alleged malpractice over lottery tickets of Salt Lake Stadium | - Shri Bidhuti Bhushan De and Shri Himanshu Kunar. |
| 2) Increasing Incident of dacoity in North 24 Parganas | - Shri Kashinath Misra, |
| 3) Alleged auction of an effective car of Calcutta Corporation | - Shri Ashok Ghosh, |
| 4) Missing radioactive needle from Chittaranjan Cancer Hospital | - Shri Abdul Mannan, and |
| 5) Reported clash between two groups of Congress (I) party at Baithak Khana area on 24.4.85 | - Shri Anil Mukherjee. |

I have selected the notice of Shri Bibhuti Bhushan De and Shri Himangshu Kunar on the subject of alleged malpractice over lottery tickets of Salt Lake Stadium. The Minister-in-charge may make a statement to-day, if possible or give a date.

**Shri Subhas Chakraborti :** ৩ তারিখে।

## Presentation of the Fourth Report of the House Committee, 1984-85.

**Shri Sachindra Nath Hajra :** Sir, with your kind permission I beg to present the Fourth Report of the House Committee, 1984-85.

## Laying of Rules

### Amendments to the West Bengal Industrial Infrastructure Development Corporation Rules, 1978

**Shri Patia Paban Pathak :** Sir, with your kind permission I beg to lay the amendments to the West Bengal Industrial Infrastructure Development Corporation Rules, 1978, published in the notification No. 83-CI/L.G. 21st January, 1985.

## Motion under Rule 185

**Dr. Manas Bhunia :** Mr. Deputy Speaker, Sir, I beg to move that "this Assembly resolves to place on record their deep sense of appreciation to the people of West Bengal and social welfare organisations for building up a healthy voluntary blood donation movement in the State;

Resolves further that all Government Blood Banks of the State be directed to collect blood from voluntary donors at outdoor camps in meeting the existing shortage ;

Resolves further that a quarterly report on blood collection and distribution by each of the Government Blood Banks in the State be circulated among the Members of the Assembly ;

Resolves further that in the Internationla Year of the Youth all Members of the Assembly be requested to organise as many voluntary blood donation camps as possible in their own constituencies with assistance from the young people ;

Resolves further that a Blook Bank Commission with one Member from each party of the Assembly be constituted to study the functions of the Government Blood Banks and suggest ways and means of improvement through marginal adjustment within the avialable resources."

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আন্তর্জাতিক যুব বৎসরকে সামনে রেখে, উভয় তরফের মাননীয় সদস্যদের সমর্থনে এই পবিত্র বিধানসভা কক্ষে একটা শুভ পদক্ষেপ গ্রহণ করে এই প্রস্তাব আনা হয়েছে। আপনি এই পরিপ্রেক্ষিতে বললেন যে, এই প্রস্তাবের উপর নাকি কয়েকটি এ্যামেন্ডমেন্ট আনা হয়েছে। আমি এখনো জানি না কি ধরণের এ্যামেন্ডমেন্ট আনা হয়েছে। যে ধরণের প্রস্তাব এখানে আনা হয়েছে তাতে তার বিপক্ষে কোনো ধরণের এ্যামেণ্ডমেন্ট আনাটা খুবই নিরর্থক। কারণ উভয় পক্ষের সদস্যদের সঙ্গে আলোচনা করে, মহতী উদ্দেশ্য নিয়ে এই সভার ভিতর থেকে সামগ্রিকভাবে পশ্চিমবঙ্গের সরকারী হাসপাতালগুলির ব্লাড ব্যাঙ্কের অবস্থা এবং বেসরকারী পর্যায়ের বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থাগুলির ভূমিকা নিয়ে একটা প্রস্তাব আনা হয়েছে। এই প্রস্তাবের মধ্যে দিয়ে আমরা ঐ সংস্থাগুলির মানসিকতার পরিবর্তন এবং কার্যকারিতার সঠিক রূপান্তর চাইছি। আজকে পশ্চিমবাংলায় রক্তের নীড বা ডিমান্ড মেটান যাচ্ছে না। পশ্চিমবাংলার সরকারী হাসপাতালগুলির এবং বেসরকারী হাসপাতালগুলির রক্তের প্রয়োজন নিয়ে সর্বাত্মক আলোচনার উদ্দেশ্যেই এই প্রস্তাব এসেছে। আমরা দেখছি যে, গোটা পশ্চিমবঙ্গে এ্যাভারেজ্ ১ লক্ষ ৫০ হাজার ইউনিট রক্তের দরকার। ইউনিট অর্থে, এক একটি ইউনিট হচ্ছে ২৫০ মিলি-লিটার ব্লাড। এটা এ্যাভারেজ্ এস্টিমেট বা এ্যাপ্রকসিমেট ফিগার। আমি নিজে প্রত্যক্ষভাবে কিছুদিন কাজ করে দেখছি সরকারী যে ব্যবস্থা রয়েছে যে ব্যবস্থার মধ্যে খুব একটা অপ্রতুল অবস্থা নেই। স্যার, আপনি জানেন এ ক্ষেত্রে সেন্ট্রাল ব্লাড ব্যাঙ্ক একটা বড় ভূমিকা পালন করতে পারে। শুধু সেন্ট্রাল ব্লাড ব্যাঙ্কই নয়, সেন্ট্রাল ব্লাড ব্যাঙ্ক সমেত টিচিং হসপিটলগুলির সঙ্গে যুক্ত ব্লাড ব্যাঙ্কগুলি, জেলা হেড কোয়াটারের হাসপাতালগুলির সঙ্গে যুক্ত ব্লাড ব্যাঙ্কগুলি, কোন কোন মহকুমার সদর হাসপাতালের সঙ্গে যুক্ত ব্লাড ব্যাঙ্কগুলি এবং বিশেষ বিশেষ ক্ষেত্রে অবস্থিত কিছু ব্লাড ব্যাঙ্ক এ ব্যাপারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

**[1.10 – 1.20 P.M.]**

কিন্তু দুর্ভাগ্যের সঙ্গে লক্ষ্য করছি, আমাদের সাফিসিয়েন্ট ষ্টাফ প্যাটার্ন থাকা সত্ত্বেও সাফিসিয়েন্ট ষ্টোরেজ এ্যারেঞ্জমেন্ট থাকা সত্বেও, সাফিসিয়েন্ট এ্যাডমিনিষ্ট্রেটিভ সমস্ত কিছু এ্যারেঞ্জমেন্ট থাকা সত্বেও কোথায় যেন ফাঁক থেকে যাচ্ছে যে জায়গাটাতে আমরা পিপল-এর কাছ থেকে সঠিকভাবে তাদের মেন্টাল ওরিয়েনটেসান তৈরী করে ঠিকভাবে মটিভেসানে নিয়ে আসা-এটাকে আমরা বোধ হয় কাজে লাগাতে পারছি না। এই জায়গাগুলিতে- খুব দুঃখের সঙ্গে লক্ষ্য করছি-সরকারী হাসপাতালগুলি বিপদজনক অবস্থায় রয়েছে। কিন্তু এর পাশা-পাশি স্বেচ্ছাসেবী সংস্থাগুলি নতুন করে সুন্দর স্লোগানের মাধ্যমে এবং প্রতি বছর বিভিন্ন ঘটনা-বহুল দিনগুলিতে তাদের ব্লাড ডোনেসান ক্যাম্পের এ্যারেঞ্জমেন্টের ভিতর দিয়ে সাধারণ মানুষের কাছে থেকে, যুবকদের কাছ থেকে এবং সমাজের প্রত্যেক স্তরের ধর্মমতাবলম্বী লোকেদের কাছ থেকে এ ব্যাপারে সহযোগিতা পাচ্ছে।

তাহলে ফাঁকটা কোথায়? এখানে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় উপস্থিত আছেন, সৌভাগ্যের ব্যাপার। আমি তাঁর কাছে কয়েকটি প্রশ্ন রাখতে চাই এই ব্যাপারে, এবং মাননীয় সদস্যদের কাছেও তাঁদের বিচার-বিবেচনার জন্য, - আমি লক্ষ্য করছি, সেন্ট্রাল ব্লাড ব্যাঙ্কে ১৫০ জন ষ্টাফ আছেন। নীলরতন সরকার মেডিক্যাল কলেজের সঙ্গে যুক্ত ৩১ জন ষ্টাফ আছেন। সেইরকমভাবে আর.জি.কর, ন্যাশনাল মেডিক্যাল কলেজ, চিত্তরঞ্জন ক্যানসার হাসপাতাল এবং পি.জি. হাসপাতালে এখন যেটার নাম হয়েছে এস.এস.কে.এম হাসপাতাল এবং অন্যান্য জায়গার হাসপাতালগুলিতেও সামগ্রিকভাবে ষ্টাফ আছে। কিন্তু দেখতে পাচ্ছি, সরকারী প্রোগ্রাম অনুযায়ী যে ধরণের ব্লাড কালেকসান হওয়া উচিৎ তা হচ্ছে না। এক এক সময়ে ব্লাড কালেকসান হচ্ছে। আবার যদি সারা বছরের হিসাব নিই তাহলে দেখা যাবে- একটি দিন সামনে রেখে যদি ব্লাড কালেকসানের হিসাব নিই তাহলে দেখবো সারা বছর ধরে ব্লাড কালেকসান ঠিকমত হচ্ছে না। প্রশ্ন করলে উত্তর পাওয়া যায়, হলিডে ছাড়া এবং সপ্তাহের ২/৩ দিন ছাড়া আমাদের পক্ষে সম্ভব হচ্ছে না বাইরে গিয়ে ডোনেট ব্লাড নিয়ে আসার। এছাড়া আরোও কয়েকটি সমস্যার কথা বলেন, আমরা ষ্টোরেজ করতে পারিনা ঠিকমত। অথচ দেখা যাচ্ছে, সেন্ট্রাল ব্লাড ব্যাঙ্ককে ৪ হাজার বোতল ডীপ ফ্রিজ ষ্টোরেজের ব্যবস্থা আছে এবং আজকে সিটি হাসপাতালগুলিতে এবং টিচিং ইনষ্টিটিউসানগুলিতে গড়ে ১ হাজার বোতল ষ্টোরেজের ব্যবস্থা আছে। তাহলে ষ্টোরেজ কেন হবে না? বিজ্ঞানের ক্ষেত্রে যদি যুক্তি দিয়ে দেখা যায় তাহলে দেখবো এ্যাভারেজ স্প্যান অফ লাইফ অফ আর.বি.সি. এ্যাভারেজ জীবন হচ্ছে, ব্লাড করপাসলস ২১দিন। কিন্তু এইরকম কাজ করতে গিয়ে বলছেন আমাদের ব্যবস্থা এমন সঠিক নয় যেখানে ১৯দিনের বেশী ব্লাড ষ্টোরেজ করতে পারবো। এক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি, বিরাট একটা পরিমান ব্লাড কালেকটেড হওয়া সত্ত্বেও নষ্ট হয়ে যাচ্ছে। কেন নষ্ট হচ্ছে? যেখানে আর.জি.কর হাসপাতালে ব্লাড না পেয়ে ব্লাড ব্যাঙ্ক ভাঙচুর হয়ে যাচ্ছে জুনিয়ার ডাক্তাররা মার খাচ্ছে, যেখানে এন.আর.এসে রোগীর রক্ত না পেয়ে তার আত্মীয় -স্বজনরা বিক্ষুব্ধ হচ্ছে, যেখানে জেলা হাসপাতালে এবং মহকুমার হাসপাতালগুলিতে ব্লাড না থাকার ফলে আর্তনাদ শোনা যাচ্ছে সেখানে এইভাবে ষ্টোরেজ অভাবে ব্লাড নষ্ট হবে এটা অত্যন্ত দুর্ভাগ্যের ব্যাপার। সেন্ট্রাল ব্লাড ব্যাঙ্কে প্লাজমা তৈরী করার মেশিন ছিল। যে রক্তকে আমরা ইউজ করতে পারলাম না সেটা থেকে আমরা প্লাজমা তৈরী করতে পারবো, প্যাক্‌সেল তৈরী করতে পারবো এবং এই প্ল্যাজমা পুড়ে যাওয়া রোগীর ক্ষেত্রে কাজে লাগাতে পারি এবং এ ছাড়া অন্যান্য ব্যাপারে কাজে লাগাতে পারি। একটি মাত্র মেশিন সারা পশ্চিমবাংলার বুকে আছে অথচ সেই মেশিনটি খারাপ হয়ে পড়ে আছে ১৯৭৮ সাল থেকে। এই মেশিনের অভাবে আমরা ব্লাডটাকে কাজে লাগাতে পারছি না। যে ব্লাডটাকে অন্যভাবে কাজে লাগাতে পারতাম সেটা পারছি না। এই অবস্থা চলছে চারিদিকে। আর একটি কথা বলছে, এই ব্লাড আনার জন্য আমাদের গাড়ী থাকছে না। কিন্তু আমি বলছি গাড়ী আছে। ঠিকভাবে বললে বলা যায় যে স্টাফ সর্টেজ। কারণ একদিন নাইটডিউটি দিলে তার পরের দিন ছুটি পায়। কাজেই একজন কর্মচারীর যদি ৩দিন নাইট থাকে তাহলে সারা সপ্তাহ ছুটি পায়। এই রকম একটা প্যাটার্ণ চলছে। আমি কোন কর্মচারীর বিরুদ্ধে দোষারোপ করছি না, তবে একটা নিয়ম বেঁধে দেওয়া উচিত। কারণ মেশিনারী, ইকুপমেন্ট থাকা সত্ত্বেও কোন একটা অভাব আছে, যে অভাবটা মাননীয় স্বাস্থ্য মন্ত্রীমহাশয় বুঝতে পারছেন। আমরা বিরাট পরিমাণ রক্তকে কাজে লাগাতে পারছি না। আমি যে কথা প্রথমেই বলেছিলাম 'মোটিভেষান। প্রচারের ব্যবস্থা রয়েছে, স্বাস্থ্য দপ্তরের অধিনে প্যামফলেট ছাপান হয়, লিফলেট ছাপান হয়, মাঝে মাঝে ব্যানার হোর্ডিংয়ের ব্যবস্থা করা হয়। আমার

ব্যক্তিগত ধারণা আমি মাননীয় স্বাস্থ্য মন্ত্রী এবং এই হাউসের কাছে সাজেসান রাখছি মোটিভেষানটাই হচ্ছে আমাদের কথা। এখানে অনেক শিক্ষিত মানুষকে এমন কি কলকাতার বুকেও আমি দেখেছি, অনেক ব্যাঙ্ক অফিসার, প্রফেসার, অনেক বড় বড় তথাকথিত এলিট পিপলকে বলতে শুনেছি যে, ও বাবা, রক্ত দোব, রক্ত দিলে শরীর খারপ হয়ে যাবে। এর কারণটা কি? কারণ আমাদের একটা কুসংস্কার, আমাদের মধ্যে [illegible]শের অভাব। বৈজ্ঞানিক তথা ঠিক ঠিক ভাবে প্রচার করা, তাদের কাজে লাগানোর অভাব সেটা দেখা দিচ্ছে। তাই আমি আজকে বিশেষভাবে অনুরোধ করব যে আন্তর্জাতিক যুব বর্ষে সরকারী প্রচারের মাধ্যমে কিছু কাজ করা দরকার। আজকে ৩৮টি ব্লাড ব্যাঙ্ক কাজ করছে না, ১৫টি কাজ করছে। নন ফাংসানিং ব্লাড ব্যাঙ্ক বিশেষ করে মহকুমা এবং জেলাগুলিতে কাজ করেনা অথচ ১৯৭৯ সালে আমরা দেখেছি সরকারী কালেকসন বাদ দিয়ে মাত্র ২৪৯৩টি ইউনিটে ব্লাড কালেকসন হয়েছিল। শুধু মাত্র পশ্চিমবঙ্গে ক্যামপেনের মধ্যে দিয়ে সরকারী উদ্যোগ দিয়ে বাদ দিয়ে ১৯৮৪ সালে ৪৫ হাজার ইউনিট ব্লাড কালেকসন হয়েছে। এটা মোটিভেষনের জন্যই সম্ভব হয়েছে। সরকার যেটা পারছে না, বেসরকারীভাবে মোটিভেষনের মাধ্যমে কি করে পাওয়া গেল। রক্তের অভাব, রক্ত আমাদের চাই আমি বিধানসভার পবিত্র কক্ষ থেকে আসুন আমরা এই বিধানসভার সদস্যগণ, মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় সবাই মিলে একটা দৃষ্টান্ত স্থাপন করি। আমরা পশ্চিমবঙ্গের যুব সমাজ এবং মানুষের কাছে এই প্রস্তাবটা রাখব। ..অসমাপ্ত..

**মিঃ ডেপুটি স্পীকার :** There are six amendment to this motion They are in order. এখন শ্রীমতী অপরাজিতা গোপ্পী বলুন।

**শ্রীমতী অপরাজিতা গোপ্পী :** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে যে প্রস্তাব এসেছে সেটার সম্পর্কে আলোচনা করতে গিয়ে মাননীয় সদস্য ডাঃ মানস ভুঁইয়া যে কথা বললেন, এটা ঠিক যে আমাদের এই দরিদ্র তম দেশে প্রতি বছরই বোধহয় রক্তের অভাব হয় এবং সেজন্যই মৃত্যু হয়, সেকারণেই আজকে এই ব্লাড ব্যাঙ্কের প্রশ্ন এবং রক্ত সংরক্ষণের প্রশ্ন উঠেছে। এই কথা ঠিক যে সরকারী উদ্যোগে হাসপাতাল বিশেষ করে কলকাতার মেডিকেল কলেজ, অন্যান্য হাসপাতালের যে সেন্ট্রাল ব্যাঙ্ক আছে যে রক্ত সংগৃহীত হয় আমার মনে হয় যে আমাদের মত দরিদ্র দেশে গ্রাম বাংলায় আজকে কলকাতা থেকে রক্ত নিয়ে আসা এবং সংরক্ষণ করা খুবই কঠিন। আমরা দেখতে পাচ্ছি আজকে বেসরকারী উদ্যোগে কিছু কিছু ভলেনটিয়ারিং সংস্থা আজ নিজেদের উদ্যোগে ব্লাড ব্যাঙ্ক করেছে। রক্ত সংগ্রহ করছে, কিন্তু সরকারী উদ্যোগে আরও প্রচেষ্টা বাড়ান দরকার।

**[1.20 – 1.30 P.M.]**

আমরা এর আগেও বলেছি যে, প্রতিটি জেলা হাসপাতালে ব্লাড ব্যাঙ্ক করতে হবে। কুচবিহারের অতবড় একটা হাসপাতাল, যেখানে বিভিন্ন জায়গা থেকে রোগীরা আসে, আমি বার বার প্রস্তাব করেছি যে, কুচবিহার সদর হাসপাতালে ব্লাড ব্যাঙ্ক নেই, করা দরকার। আজকে যেখানে ব্লাড ব্যাঙ্ক করা হয়েছে, সেখানেও কিন্তু সঠিকভাবে রক্ত সংগ্রহের ব্যবস্থা করা যাচ্ছে না। আর সরকারীভাবে কিছু উদ্যোগ আমি দেখলাম, কিন্তু বেসরকারী উদ্যোগে যে সমস্ত ব্লাড সংগ্রহ করা যায় সে- সম্পর্কে আমার কিছু বলার আছে। আজকে আমাদের দেশে দুর্নীতি সর্বত্র ছড়িয়ে গেছে। সেই কারণে, গরীব মানুষগুলি যখন রক্তের জন্য হাসপাতালে হাসপাতালে ঘুরে বেড়াচ্ছে তখন তাঁরা

দালালের খপ্পরে পড়ছে এবং প্রচুর টাকা নিয়ে তাঁদের রক্ত দেওয়া হচ্ছে। আমাদের কুচবিহারে অতি সম্প্রতি লায়ন্স ক্লাবের উদ্যোগে একটি বেসরকারী ব্লাড ব্যাঙ্ক প্রতিষ্ঠিত হয়েছে। কিন্তু সেখানকার কিছু কিছু মানুষ বলছেন যে, তাঁরা ব্লাডের দাম যা নির্দিষ্ট করেছেন সেটা কাগজে কলমে, কিন্তু যখন ব্লাড দেওয়া হচ্ছে তখন অনেক বেশী টাকা নেওয়া হচ্ছে। কাজেই এদিকটা দেখতে হবে। সেই কারণে আমি বলবো, আজকে রক্ত সংগ্রহ করবার ক্ষেত্রে আরো বেশী প্রচুর দরকার এবং জনসাধারণকে এই ব্যাপারে সচেতন করা দরকার, যাতে রক্ত দান করেন। কিন্তু আমার মনে হয়, মানুষের মধ্যে যদিও এই ব্যাপারে উৎসাহ বেড়েছে প্রচারের মাধ্যমে, বিভিন্ন ক্লাব ও সংগঠনগুলি বিভিন্ন সময়ে রক্ত দান করছেন, কিন্তু অতি সম্প্রতি আমরা দেখেছি, হেমন্ত বসু ভবনে ১০০ যুবক উপস্থিত হয়েছিলেন রক্ত দান করবার জন্য, কিন্তু মেডিক্যাল কলেজ থেকে যে টিম সেখানে এসেছিলেন তাঁরা বললেন যে, আমাদের ব্যবস্থা নেই তাই ১০০ জনের রক্ত নিতে পারছি না। এটা অত্যন্ত দুঃখের কথা যে, রক্তের অভাবে গরীব মানুষ যেখানে মারা যাচ্ছেন, সেখানে সাধারণ মানুষ যখন স্বেচ্ছায় রক্ত ডোনেট করবার জন্য আসছেন, রক্ত সংগ্রহ করতে পারছেন না। বিভিন্ন ক্লাব ও সংগঠনগুলি যখন এইভাবে উৎসাহ দেখাচ্ছে তখন যদি ঐ রকম ঘটনা ঘটে, ব্লাড ব্যাঙ্ক ১০০ জনের রক্ত নিতে পারবেনা বলে ৬০ জনের রক্ত নিয়ে চলে যায়, তাহলে সেটা সত্যিই অত্যন্ত দুঃখের কথা। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এখানে উপস্থিত আছেন, আমি তাঁকে বিষয়টার প্রতি নজর দিতে অনুরোধ করছি। এ-বিষয়ে আরো বেশী সর্তক হতে হবে, কারণ আপনার কাছে সমস্ত খবর হয়ত এসে পৌছায় না, কিন্তু আমরা, যাঁরা জনপ্রতিনিধি, তাঁদের কাছে অনেক ঘটনার খবর এসে পৌছায় এবং আমরা জানতে পারি যে, ঘটনাগুলো কি ঘটছে। আজকে রক্ত দানের জন্য প্রচার করবো, মানুষকে এ-ব্যাপারে উৎসাহিত করবো, এ-ব্যাপারে তাঁদের মনের ভয় ভীতি ভেঙ্গে দেবার জন্য প্রচার করবো, কিন্তু সংগ্রহের কোন ব্যবস্থা থাকবে না, এটা হতে পারে না। কাজেই এটা আপনি ভেবে দেখুন। এর আগে দুর্নীতি সম্পর্কে যা বলেছি, আমি ব্যক্তিগত-ভাবে ঐ সরকারী ব্লাড ব্যাঙ্কগুলি দেখেছি। এ-সম্পর্কে দুই একটি রিপোর্টও আমার কাছে আছে। তাঁরা যেভাবে জনসাধারণের কাছ থেকে রক্ত নিয়ে আজকে ব্যবসা চালাচ্ছেন-সেটা দরকার। ঐ রক্তটাও ডোনেট করা রক্ত। উত্তরবঙ্গের কুচবিহারের মত বহু জায়গার মানুষ, ক্লাব ও সংগঠন আজকে উৎসাহিত হয়ে রক্ত দান করছেন, কিন্তু পরবর্তীকালে গরীব মানুষ সেখান থেকে যখন রক্ত কিনতে যাচ্ছেন, তাঁদের দুর্নীতিগ্রস্ত দালালের হাতে পড়তে হচ্ছে। যে রক্তের দাম ৩০্টাকা, সেই রক্তই তাঁকে ২০০্ টাকায় কিনতে হচ্ছে। এটা কেন ঘটবে? কাজেই বেসরকারীভাবে আজকে রক্ত সংগ্রহ করবার জন্য যেসব ব্লাড ব্যাঙ্কগুলো আছে তারজন্য আমি খুব একটা আনন্দিত নই। আমি চাই সরকারী উদ্যোগে বিভিন্ন জেলা হাসপাতালগুলিতে সুনির্দিষ্টভাবে ব্লাড ব্যাঙ্ক চালু করবার ব্যবস্থা করা হোক। সেখানে জনসাধারণ উৎসাহিত হয়ে স্বেচ্ছায় রক্ত দান করবেন এবং আমাদের যে সমস্ত ভলেনটিয়ারী অর্গানাইজেশন আছেন, তাঁরাও নিশ্চয়ই সহযোগিতা করবেন। কিন্তু আজকে দেখা যাচ্ছে যে রক্ত সংরক্ষিত করবার কোন সুষ্ঠু ব্যবস্থা নেই। এতো মানুষ রক্ত দিল সেইগুলো নষ্ট হয়ে গেল, এটা অত্যন্ত দুঃখের বিষয়। আমি কুচবিহার হাঁসপাতালে খোঁজ করে দেখেছি সেখানে রক্ত সংরক্ষনের কোন ঘর নেই। রক্ত তারা বেশী দিন রাখতে পারছে না। তাদের কাছে এই ধরনের কোন ঘর নেই-শীততাপনিয়ন্ত্রিত ঘর নেই যেখানে রক্ত বেশী দিন রাখা যায়। এটা অত্যন্ত দুঃখের বিষয়। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো এই যে সমস্ত ত্রুটিগুলি রয়েছে এই ত্রুটিগুলি যাতে সংশোধন করা যায় সেটা যেন তিনি দেখেন। আমাদের মত গরীব দেশে এই ত্রুটিগুলি থাকা ঠিক নয়। ব্লাড

কালেকসানের ব্যাপারে জনপ্রতিনিধিদের রাখবার প্রশ্ন আছে। আমাদের কাছে খবর থাকলে আমরা সমস্ত ব্যাপারে সাহায্য এবং সহযোগিতা করতে পারি। আমরা মানুষের মধ্যে এই জিনিষ প্রচার করতে পারি। আমি আপনাকে বলতে চাই সরকারী উদ্যোগে ব্লাড ব্যাঙ্ক খোলার ব্যবস্থা করুন। জেলা হাঁসপাতালগুলিতে এবং মহকুমা হাঁসপাতালগুলিতে ব্লাড ব্যাঙ্ক খোলার ব্যবস্থা করুন। আমরা দেখেছি মহকুমা তো দূরে থাক জেলা হাঁসপাতালগুলিতে আজ পর্যন্ত ব্লাড ব্যাঙ্কের কোন ব্যবস্থা নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই দুটো প্রস্তাব আমি রাখছি এবং এটা যাতে মন্ত্রী মহাশয় দেখেন তার জন্য অনুরোধ রাখছি। আজকে যে প্রস্তাবটি এসেছে এটা অত্যন্ত সংগত প্রস্তাব। আমি এটা বলতে পারি আমাদের মত উন্নয়নশীল দেশে, আমাদের মত দরিদ্র দেশে যেখানে রক্তই জীবন, এই রক্তের জন্য যেখানে শত শত গরীব লোক মারা যাচ্ছে সেখানে সরকারী উদ্যোগে ব্লাড ব্যাঙ্ক খোলা উচিত। তাহলে এখানকার গরীব মানুষরা অনেক সাহায্য এবং সহযোগিতা পাবে। এই কথা বলে এই প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ সুশোভন ব্যানার্জী :** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আজকে ব্লাড ব্যাঙ্ক নিয়ে যে যৌথ প্রস্তাব এসেছে তাকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করে দু-একটি প্রস্তাব স্বাস্থ্যমন্ত্রীর সামনে রাখতে চাই। ব্লাড ব্যাঙ্ক এবং ব্লাড ডোনেসান, ব্লাড টেকিং এ্যন্ড ব্লাড ট্রান্সফিউসান এটা হাইলি টেকনোক্র্যাট ব্যপার। ডাক্তার যদি থাকে সেই লাইনে এটা হচ্ছে সুপার ফেসিলিটি। আমরা বিগত কয়েক বছর ধরে এটাকে অত্যন্ত সাধারণ ভাবে নিয়েছি। যার ফলে জ্ঞাতসারেই হোক আর অজ্ঞাতসারেই হোক এই কষ্ট রোগীদের ভোগ করতে হয়। কলিকাতাতে একটা ব্লাড ব্যাঙ্ক আছে- মেডিকেল কলেজ ব্লাড ব্যাঙ্ক - যেখানে রক্ত নেবার আগে রক্ত স্ক্রনিং করে দেখে নেওয়া হয় তার ভেনারেল ডিজিজ আছে কিনা, তার ম্যালেরিয়া প্যারাসাইট আছে কিনা। যারা প্রফেসনাল ডোনার তারা দিনের পর দিন রক্ত বিক্রি করে রোজগার করে। তাদের রক্তে যথেষ্ট পরিমান হেমোগ্লবিন আছে কিনা সেটা এই ব্লাড ব্যাঙ্ক চেক আপ করে দেখে নেয়। বাকি সারা পশ্চিমবাংলায় যে সমস্ত ব্লাড ব্যাঙ্ক খোলা আছে সেই সমস্ত ব্লাড ব্যাঙ্কে এই ধরনের স্ক্রনিং-এর কোন ব্যবস্থা নেই। সব থেকে আশ্চর্য্যের ব্যপার প্রাইভেট যে সমস্ত ব্লাট ব্যাঙ্ক গজিয়ে উঠেছে - ব্যাঙের ছাতার মতো গজিয়ে উঠেছে - তাদের রক্তে কেনা- বেচাই হ'ল মুখ্য উদ্দেশ্য এবং নারসিং হোমগুলোতে সাপ্লাই করাই হচ্ছে মুখ্য উদ্দেশ্য। রোগীরা কি ভাবে বেনিফিটেড হবে সেটা তারা চিন্তা করে না।

**[1.30 – 1.40 P.M.]**

এইজন্য এরসঙ্গে আমার একটা প্রস্তাব থাকছে যে, প্রাইভেট ব্লাড ব্যাঙ্কস্ ইন ওয়েষ্ট বেঙ্গল স্যুড বি ইমিডিয়েটলি টেকেন ওভার বাই দি গর্ভণমেন্ট। এই রকম একটা হাইলি টেকনোক্র্যাট ব্যাপারে আশাকরি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী আমার সঙ্গে নিশ্চয়ই একমত হবেন যে, এগুলো সাধারণ কতকগুলো লে ম্যান দিয়ে করানো উচিত হবে না। আমার ২নং প্রস্তাব যা আমি এ্যাডিশান করছি তা হচ্ছে, যে কোন ডেভালপিং কান্ট্রিতে একটা ন্যাশানাল ব্লাড ট্রান্সফিউশান সেন্টার থাকে, সেই ন্যাশানাল ব্লাড ট্রান্সফিউশান সেন্টারগুলিতে ব্লাড গ্রুপিং, ডোনেশান এবং ট্রান্সফিউশান কাজের সঙ্গে যারা এ্যাসোসিয়েটিড্ থাকেন, তাঁদের জুনিয়র ট্রেনিং, ইন্টারমিডিয়েট ট্রেনিং এবং সিনিয়র ট্রেনিংয়ের ব্যবস্থা থাকে। আমাদের দেশে যাঁরা ব্লাড ব্যাঙ্কের সঙ্গে এ্যাসোসিয়েটেড্ আছেন, তাঁদের মধ্যে সেই রকম কোন ট্রেনিংয়ের ব্যবস্থা নেই। সবাই মোর অর লেস্ সেল্ফ টট্ পারসোনেল। ওঁরা ব্লাডের ভ্যালু

ঠিকমত বোঝেন না। ব্লাড কি করে দিতে হয় বা ব্লাডের মধ্যে কি কি প্রবলেম আছে, সেগুলো শেখা কিন্তু ব্লাড ব্যাঙ্কের একটা টেকনিক্যাল সাইড্। এর সাথে নন-টেকনিক্যাল সাইডটাকে মিশিয়ে ফেললে আমাদের ভীষণ ভাবে ভুল হবে। ব্লাড হচ্ছে একটা ভীষণ ভ্যালুএ্যাবল জিনিষ। ব্লাডের লাইফ থাকে মাত্র ৩ সপ্তাহ। ধ্বংসপ্রাপ্ত ব্লাড, ব্লাড ব্যাঙ্কে হিমোলাইজড্ হয়ে যায়। এই সমস্ত হিমোলাইজড্ ব্লাড থেকে দেশের জন্য তথা সমস্ত মানুষের জন্য এমন কতকগুলি বাই প্রোডাক্ট বার করা যায়, যার মূল্য অপরিসীম। আশাকরি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় আমার সঙ্গে এ ব্যাপারে এগ্রি করবেন। কিন্তু এগুলি বার করার ব্যবস্থা শুধুমাত্র কলকাতার দু-একটা কেন্দ্র ছাড়া অন্য কোথাও নেই। এটি একটি ইম্পর্ট্যান্ট জিনিস। আমরা জানি, হিমোফিলিয়া রোগে ব্লাড ফ্যাক্টর - ৮'এর অভাব হওয়ার ফলে রক্তক্ষরণ হতে আরম্ভ করলে তা বন্ধ হয় না। এটি একটি ডেন্জারাস্ ডিজিস্। হিমোগ্লোবিক গ্লোবিন ফ্যাক্টর - ৮'এর সেজন্য দরকার আছে। আমরা বাই প্রোডাক্ট'এর সাহায্যে এন্টি হিমোফ্লোবিক গ্লোবিন পেতে পারি এবং পোড়া রুগীর প্লাজমার সুস্থতা রক্ষার্থে ব্যবহার করতে পারি। কিন্তু আমার মনে হয়, পশ্চিমবঙ্গের মধ্যে শুধুমাত্র কলকাতায় একটি ছাড়া অন্য কোথাও এই বাই-প্রোডাক্ট বার করার কোন ব্যবস্থা নেই। আরও এই ধরণের উপযুক্ত কেন্দ্র খুলে যাতে ব্লাড থেকে এই সমস্ত বাই-প্রোডাক্ট্ বার করতে পারি তারজন্য ব্যবস্থা গ্রহণ করা দরকার। এই সমস্ত বাই-প্রোডাক্ট ব্যবহারের সুযোগ আমাদের ওয়েষ্ট বেঙ্গলে নেই। ডিষ্ট্রিক্ট্ হাসপাতালগুলোতে প্যাথলজিষ্ট আছেন নামে মাত্র। সেই সমস্ত প্যাথলজিষ্টরা বিভিন্ন কাজে নানা ভাবে ব্যস্ত থাকেন। কোন রুগীর যদি ব্লাড ট্রান্সফিউশানের দরকার হয়, তখন তাঁরা কলকাতা থেকে ব্লাড আনতে হবে বলে নির্দেশ দেন। অথচ বহু দূর থেকে ব্লাড্ আনতে আনতে রক্তের বেশীরভাগটাই আর কাজে লাগে না। আমার ডিষ্ট্রিক্ট সিউড়ীর কথাই ধরুন। কলকাতা থেকে ৪ বোতল রক্ত যদি ওখানে নিয়ে যেতে হয়, তাহলে যাতায়াতের ফলে দেখা যায় মাত্র ১ বোতল রক্ত সঠিক থাকে, অন্য সমস্ত রক্ত ট্রমাতে হিমোলাইজড্ হয়ে যায়। এই ভাবে আমরা দেখতে পাই যে তিন চতুর্থাংশ কালেকশান করা রক্ত নষ্ট হয়ে যায়। এই রকম দুর্মূল্য জিনিষ আমরা ব্যবহার করতে পারি না, মানুষের প্রয়োজনে লাগাতে পারি না। আমার সময় অল্প, সেজন্য আমায় এখুনি বক্তৃতা শেষ করতে হবে। যাই হোক, আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করছি, ব্লাড ব্যাঙ্ক ডোনেশন এবং ব্লাড ট্রান্সফিউশান সেন্টার পশ্চিমবঙ্গের বুকে যাতে আরও দু-একটা হতে পারে - ন্যাশানাল ট্রান্সফিউশান সেন্টার যাতে গড়ে ওঠে- তারজন্য উপযুক্ত ব্যবস্থা করবেন। কলকাতার সঙ্গে সঙ্গে নর্থ বেঙ্গলে অন্ততঃ পক্ষে যাতে এই ধরণের কেন্দ্র গড়ে ওঠে এবং যাঁরা এর সঙ্গে এ্যাসোসিয়েটেড্ আছেন, তাঁদের উপযুক্ত ট্রেনিংয়ের ব্যবস্থা যেন মাননীয় মন্ত্রীমহাশয় করেন, আমি তাঁর কাছে সেই অনুরোধ করছি। সেই সঙ্গে সঙ্গে অনুরোধ করছি যে, প্রাইভেট ব্লাড ব্যাঙ্কগুলিকে ইমিডিয়েটলি যেন গভর্ণমেন্ট টেক-ওভার করেন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে রুল ১৮৫ মোশান নিয়ে আলোচনা হচ্ছে তাতে The appropriate section would have been 168. আপনি ল্যাংগোয়েজটা দেখুন- It is more a resolution than a motion while this side of the House and that side of the House, if it elicites an opinion or decision or recommendation from the whole House, it forms the basis and the structure and its skeleton of a resolution rather than a motion.

Sir, you are the supreme and you have admitted it as a motion under 185. I think possibly your wisdom has aided in allowing it as a motion under 185. It should have been allowed under Rule 168.

Sir, Amalendra Babu is a veteran member and one of the signatories. The resolution covers the rule 166 of the Rules of Procedure and Conduct of Business. I beg to your goodself to give your decision whether it will go on record as a resolution or a motion.

**মিঃ ডেপুটি স্পীকার :** আমি দেখছি, দেখে বলবো।

**শ্রী সুভাষ গোস্বামী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধীদলের মাননীয় সদস্য ডাঃ মানস ভূঁইয়া ব্লাড ডোনেশান ক্যাম্পকে স্ট্রেনদেন করার বিষয়ে যে প্রস্তাব এখানে উৎত্থাপন করেছেন সেই প্রস্তাবের স্পিরিটির সঙ্গে আমি একমত। কিন্তু সেই প্রস্তাবের সঙ্গে তিনি কিছু অপ্রয়োজনীয় কথা সন্নিবেশিত করেছেন সেগুলি আমি মনে নিতে পারছি না। যেমন বলেছেন এম.এল.এদের ব্লাড কালেকশান সম্পর্কে ফাইন্যালি রিপোর্ট ডিসট্রি বিউশান করতে হবে। এম.এল.এ.রা এই রিপোর্ট সম্পর্কে কি করবেন তা আমি বুঝে উঠতে পারলাম না। আরেকটি জায়গায় বলেছেন যে ব্লাড ব্যাঙ্কের ফ্যাংশানিং আরো ভাল করার জন্য এম.এল.এ.দের নিয়ে একটি সর্বদলীয় কমিটি করতে বলেছেন। এখানে আমরা বিধায়ক বা এম.এল.এ বলে সব কিছুতে সর্বজ্ঞ এবং এই ফ্যাংশানিং সম্পর্কে মতামত দিতে পারবো একথা আমি বিশ্বাস করি না। তবে অন্যান্য যে প্রস্তাব এনেছেন তার সঙ্গে আমার দ্বিমত নেই এবং সেই স্পিরিটকে সমর্থন করছি। একটা কমপ্যানকে সার্থক করে তুলতে যেকথা তিনি বলেছেন তারসঙ্গে একমত এবং মোটিভেশানের উপর যে জোড় দিয়েছেন এই বিষয়ে একমত। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মনে করি মানুষ মানুষের জন্যে, এই উপলব্ধিটা যদি সমাজের সকল স্তরের মধ্যে ছড়িয়ে দিতে পারি তাহলে আমরা অভিষ্ট লক্ষ্যে পৌছতে পারবো। রক্ত হচ্ছে আমাদের কাছে একটা অমূল্য জিনিষ, এই রক্ত আমাদের প্রাণ রক্ষা করতে পারে। এমন একটি জিনিষের যাতে স্বার্থক বন্টন হয়, যাতে এতে কোন ফাঁকি না থাকে সেটা দেখার দায়িত্ব এবং কর্তব্য শুধু রাজ্য সরকারের নয়, আমাদের প্রত্যেকের। প্রত্যেকটি মানুষের এটা একটা পবিত্র কর্তব্য এবং দায়িত্ব। সমাজের যে সমস্ত ভলেনটারি অরগ্যানাইজেশান আছে যেমন ইন্ডিয়ান রেড এন্ড সোসাইটি, লায়ন্স ক্লাব বা অন্যান্য সংস্থা অনেক রক্ত সংগ্রহ করে থাকেন। কিন্তু দুঃখের সঙ্গে আমাকে বলতে হচ্ছে যে ওইসব ব্লাড ডোনেশান ক্যাম্প এখানে ওখানে যারা অরগ্যানাইজ করে থাকেন। এই ব্লাডের ইউটিলাইজেশানের ক্ষেত্রে অনেক অভিযোগ শোনা যায়। এইসব রক্তের হিসাব নিকাশ ঠিকমত পাওয়া যায় না, সমস্ত রক্ত চোরা পথে নার্সিং হোমগুলিতে চলে যায়। সেখানে নার্সিং হোমগুলি কোথা থেকে রক্ত পায়? এই সংস্থাগুলির এ্যাডমিনিস্ট্রেশানের মধ্যে একটা গলদ আছে। সেই গলদটারে সুধরে নেওয়া দরকার আছে এবং এই বিষয়ে রাজ্য সরকারের নজর রাখার দরকার। তারপরে মোটিভেশান সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে- সরকারী বিভিন্ন প্রচার মাধ্যমে যুব কল্যান বিভাগ থেকে পত্র-পাত্রিকা বেরুচ্ছে এবং তথ্য দপ্তর থেকেও পত্র-পত্রিকা বেরুচ্ছে, এর মাধ্যমে যদি জনগণকে উৎসাহ দেওয়া যায় ব্লাড কালেকশানের ব্যাপারে এবং তারজন্য যদি ছবিসহ সংবাদ প্রকাশ করে ব্লাড কালেকশান

এবং ডোনেশানের ব্যাপারে উৎসাহিত করা যায় তাহলে খুব ভালো হয়। এই ব্যাপারে যে সমস্ত রেজিষ্ট্রি এবং আনরেজিষ্ট্রিকৃত সমিতি আছে, মহিলা সমিতি এবং কিছু প্রতিষ্ঠান আছে এগুলিকে এই কাজে ব্যবহার করার জন্য অনুরোধ জানাচ্ছি। এইসব প্রতিষ্ঠান বা ক্লাবগুলিকে রেজিসট্রিশান করতে গেলে ১৫০টাকা করে জমা দিতে হয়। তাই যে সমস্ত ক্লাব বা প্রতিষ্ঠান ব্লাড ডোনেশন ক্যাম্প অরগানাইজ করার ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা পালন করবে, বিনে পয়সায় তাদের ক্লাব রেজিষ্ট্রিশান করার জন্য আমি অনুরোধ রাখছি। পরিশেষে বলি মানসিক উন্নয়ন ঘটাতে মোটিভেশানের ক্ষেত্রে বিভিন্নভাবে এর প্রসার করতে হবে যাতে আমরা ওই লক্ষ্যে পৌঁছতে পারি। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**[1.40 – 1.50 P.M.]**

**শ্রী নীরোদ রায়চৌধুরী :** Sir, I beg to move ; মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার এমেন্ডমেন্টে খুব বেশী কিছু নেই। আমার দু-তিনটা এ্যামেণ্ডমেন্ট লিখিতভাবে এখানে লে করা হয়েছে যা সদস্যরা পেয়েছেন।

(i) Sir, I beg to move that - in para 1, line 2, after the word "Welfare" the words "and democratic" be inserted ;

(ii) In para 2, line 3, after the word "shortage" the words "as far as practicable" be added ;

(iii) Para 3 be omitted ;

(iv) In para 5, lines 1 and 2 for the words "Blood Bank Commission with one member from each party of the Assembly" the words "State Level Blood Bank Committee" be substituted ;

(v) In para 5, line 2, after the words "be constituted" the words "by the State Government" be inserted ;

(vi) In para 5, line 3, after the words "Blood Banks" the words and Private Blood Banks" be inserted.

- নিশ্চয়ই তাদের অভিনন্দন জানাতে হবে। গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলি যারা গ্যালন গ্যালন ব্লাড ডোনেট করে থাকেন যেমন ছাত্র ফেডারেশান, গণতান্ত্রিক মহিলা সমিতি, লেফট্ পলিটিক্যাল অর্গানাইজেশান এবং সরকারী কর্মচারী প্রতিষ্ঠানগুলি যারা রক্ত দিচ্ছেন এবং সামনে আবার দেবেন তাদের উৎসাহ দেবার জন্য আমরা কেন অভিনন্দন জানাব না? আমি তাই এ্যামেন্ডমেন্টের মাধ্যমে প্রস্তাব দিচ্ছি এদের সবাইকে অভিনন্দন জানান হোক। এটা একটা গণতান্ত্রিক কাজ, সমাজের একটা

মূল্যবান কাজ বলে আমরা হাউস থেকে তাদের অভিনন্দন জানাচ্ছি। এটা ইনক্লুড করার জন্য অনুরোধ জানাচ্ছি। প্যারা টু লাইন থ্রিতে আছে প্রতি তিনমাস পরপর রিপোর্ট দিতে হবে যে কত কালেকশান হল, কোথায় কোথায় ব্লাড জমা রইল, কত কোথায় বিলি হল এটা প্রতি তিন মাস পরপর হবে বলে মনে হচ্ছে না। সেই জন্য এটা ৬ মাস বা ১ বছর যদি হয় তাহলে ভাল হয়। এইভাবেই আমি আমার অ্যামেন্ডমেন্ট ফর্মালি যুক্ত করলাম।

**শ্রী সুনীতি চট্টরাজ :** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, বর্তমান পশ্চিমবাংলার পরিস্থিতিতে এটা একটা ভাইটাল রেজুলিউশান। গ্রামাঞ্চলের হাসপাতালে দেখেছি গরীব, মধ্যবিত্ত নিম্ন মধ্যবিত্ত যারা তাদের এর্মাজেন্সির অপারেশানের জন্য অপারেশানের টেবিলে নিয়ে দেখা যায় রক্ত পাওয়া গেল না এবং তাতে রুগী শেষ হয়ে যায়। কলকাতায় দেখেছি ডাক্তাররা যে গ্রুপ রেকমেন্ড করেন সেই স্পেসিফিক গ্রুপের রক্ত গর্ভণমেন্টের ব্লাড ব্যাঙ্কে থাকে না। সেই জন্য প্রাইভেট ব্লাড ব্যাঙ্ক থেকে ২০০ টাকা দিয়ে রক্ত কিনতে হয়। এই পরিস্থিতিতে ব্লাড ডোনেটের চিন্তায় সরকার পক্ষের সদস্যরা যে একমত হয়েছেন তার জন্য তাদের ধন্যবাদ দিচ্ছি। মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি ভলান্টিয়ারী ব্লাড ডোনেটের ক্ষেত্রে কি কারণে মানুষ এগিয়ে আসছে না সেটা আজকে দেখা প্রয়োজন। সরকারী প্রচার নাই ঠিকমত। আমি এই কথা কেন বলছি? স্যার, ডাক্তারী শাস্ত্রে অবশ্য আমার অভিজ্ঞতা নাই। কিন্তু ডাক্তারদের সঙ্গে আলোচনা করে আমি শুনেছি যে একটা মানুষ যদি ৬মাস বা তিন মাস অন্তর রক্ত ডোনেট করে তাহলে তার শরীরের কোন ক্ষতি হয় না। একটা একজামপল্ দিচ্ছি স্যার, দমদম বম্বে এবং পালাম এয়ার পোর্টে একটা সিস্টেম আছে। আমি মন্ত্রী মহাশয়কে বলি যে এখানে একটা ক্যাম্প আছে এবং এখানে যেসব ভারতের মধ্যে বিদেশীরা আছে তারা তিন মাস অন্তর ব্লাড ডোনেট করে। আমি আশা করি মন্ত্রী মহাশয়ের নিশ্চয় অভিজ্ঞতা আছে যে তারা তো তিন মাস অন্তর ব্লাড ডোনেট করছে ঐ কার্ড দেখিয়ে। তাহলে কেন পশ্চিমবাংলায় যে কিছু ভলেন্টিয়ার অর্গানাইজেসন আছে তাদের কাছে কেন প্রচার করা হচ্ছে না যে Blook bank for the cause of the Country. এটা দিলে মানুষের কোন ক্ষতি হয় না। কেন সরকার থেকে প্রচার করা হচ্ছে না এটা আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। যেখানে ধান কাটার নামে বর্গা ইত্যাদির নামে আপনারা প্রচার করছেন, রাজনৈতিক প্রচার যেমনভাবে করেন সেই রকম প্রচার কেন এখানে করছেন না? ওদের রাজনীতির মধ্যে সমাজসেবী কর্মী যেমন নেই তার জন্যই আমি অনুরোধ করছি যে গ্রামে গঞ্জে বা বিভিন্ন অর্গানাইজেসনের মধ্যে কেন আপনারা এটা প্রচার করছেন না? তাই আমার সাজেসন হচ্ছে যে ব্লাড ডোনেট করলে যে মানুষের কোন ক্ষতি হয় না সেই রকম এটার একটা টোট্যাল ক্লাস করেন তাহলে মানুষের মধ্যে যে ভীতি আছে সেটা চলে যাবে। আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে বলছি যে সিউড়িতে কংগ্রেস আমলে একটা ব্লাড ব্যাঙ্ক আমরা করেছিলাম। কিন্তু আজকে সেটা নষ্ট হতে বসেছে। কেন এটা হচ্ছে? কারণ জেনারেটর নাই। কিছুদিন আগে সরকারী কর্মচারী ফেডারেসন ছাত্র পরিষদ এবং ওঁদের পার্টির লোকরা ব্লাড ডোনেট করেছিল। কিন্তু দেখা গেল ১০ ঘন্টা লোডসেডিং এবং সেখানে দেখা গেল ১০০ বোতল ব্লাড ডোনেট করলো কিন্তু ১০ঘন্টা লোডসেডিংয়ের জন্য ব্লাডটা নষ্ট হয়ে যাচ্ছে। লোকে ব্লাড ডোনেট করলো কিন্তু সেই রক্ত নষ্ট হয়ে গেল। ফলে গরীব সাধারণ মানুষ তার জন্য অসুবিধা ভোগ করছে। এই জন্যই আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করে একটা সাজেসন দিচ্ছি যে এই দিকটা একটু দেখুন। যেমন মানুষকে ব্লাড ডোনেট করার জন্য উৎসাহ দান

করতে হবে সেই সঙ্গে সেই ব্লাডটা যাতে নষ্ট না হয়ে যায় তার ব্যবস্থা করুন। এই রকম যেখানে বিদ্যুৎ পরিস্থিতি সেখানে জেনারেটার রাখার ব্যবস্থা করুন। কি গ্রামে কি শহরে সব জায়গাতেই আজকে জেনারেটারের ব্যবস্থা করা উচিত। আমি আপনাকে বলছি সিউড়ির সি.এম.ও এইচ এবং জনপ্রতিনিধি হিসাবে আমিও অনেক বার সরকারের কাছে দাবী রেখেছি এই ব্যাপারে। বাঁকুড়ার ব্লাড ব্যাঙ্ক, বর্ধমানের ব্লাড ব্যাঙ্ক ইত্যাদি সম্বন্ধে নিশ্চয় ওনার কাছে হিসাব আছে কি অবস্থা। একেই তো লোকে ভয়ে রক্ত দিচ্ছে না তার উপর যেটুকু ডোনেট হচ্ছে সেটা যদি ঠিকমত প্রিজার্ভ করা না যায় তাহলে কি অবস্থা হবে? আজকে কেন এই কথা বলছি? গ্রামে হবু দলুই, বা নিবারন বাগ্দী ইত্যাদি মত লোকের ২০০ টাকা দিয়ে রক্ত কেনার ক্ষমতা নেই। তাদের বিশেষ প্রয়োজন যখন হয়, তখন সিউড়ি থেকে যখন কলকাতায় আসে চিকিৎসার জন্য - ধরুন ব্রেন টিউমার হয়েছে, ৭ বোতল রক্তের দরকার - কিন্তু হাসপাতালে ২ বোতল পাওয়া গেল তখন বাইরের থেকে ৫ বোতল রক্ত কিনতে হবে। তখন বাইরের থেকে প্রাইভেট ব্লাড ব্যাঙ্ক থেকে কিনতে হচ্ছে। আমি তাদের ডিসকারেজ করছি না। ২০০ টাকা দিয়ে প্রাইভেট ব্লাড ব্যাঙ্ক রক্ত দিচ্ছে এবং তাতে রোগী বাঁচছে। কিন্তু আমার কথা হচ্ছে সরকারী আস্তানায় এই যে ব্লাডের অসুবিধা সেটা দূর করতে হবে। দুর্নীতি ইত্যাদি পুরানো কথা বলে লাভ নেই। কারণ It is your responsibility. মেডিক্যাল কলেজে নীল রতন মেডিক্যাল কলেজের থেকে নিশ্চয় আপনার কাছে আবেদন করেছেন যে ব্লাড প্রিজার্ভ তারা করতে পারছে না। এই যে ব্লাড ট্রান্সফিউসনের যে অসুবিধা ম্যাচিং অব ব্লাড গ্রুপ এই ব্লাড গ্রুপ ধরুন এ গ্রুপ কেন পাওয়া যাচ্ছে না। তাই আপনাকে অনুরোধ করছি ওয়েষ্ট বেঙ্গল সেক্রেটারিয়েট বা এসেম্বলী সেক্রেটারিয়েটের এম্পলয়ীজরা প্রতি বছর রক্ত দিয়ে যাচ্ছে সরকারী কর্মচারীদের ফেডারেসনের তরফ থেকে প্রতি বছর রক্ত দিয়ে যাচ্ছে এই রকম যে সব অর্গানাইজেসন রক্ত দিয়ে যাচ্ছে Not for there own cause but for the cause of the country and the people. এটাকে আপনি কোথাও রাখতে পারছেন না। সেইজন্য আমি বলছি এই সব ব্যবস্থা আপনি বলুন। এবং প্রচারের মাধ্যমে যাতে আরও রক্ত পাওয়া যায় তার ব্যবস্থা করুন। এই সাজেসনগুলি রেখে আমার বক্তব্য শেষ করছি।

**[1.50 – 2.00 P.M.]**

**ডাঃ অম্বরীশ মুখার্জী :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে সরকারী এবং বিরোধীপক্ষের মাননীয় সদস্যবৃন্দ যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবটা সাধু এবং আমি চাইনা এই ব্যাপারে অকারণ তিক্ততা বাদ-অপবাদের সৃষ্টি হোক। আমি আনন্দিত এই দেখে যে আজকে রক্তের প্রয়োজন সম্পূর্ণভাবে আমরা পূরণ করতে না পারলেও ক্রমাগত আমার কাছে হিসাব আছে বামফ্রন্টের শাসনকালে সরকারী গণতান্ত্রিক প্রতিষ্ঠান, স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান এবং সাধারণভাবে জনগণের সাহায্যে উৎসাহ উদ্দীপনায় রক্ত সম্পর্কে একটা পরিবর্তন এসেছে। আজকে মুমূর্ষু মানুষকে বাঁচানর জন্য মানুষ বুকের রক্ত ঢেলে দিচ্ছে। এই প্রস্তাবের একটা মানবিক দৃষ্টিকোন আছে, সহমর্মিতার দৃষ্টিকোন আছে, সেজন্য আমি তিক্ততার মধ্যে যাব না। আমি লক্ষ্য করে দেখেছি ১৯৭৯ সাল থেকে যেখানে আমাদের টোটাল কালেকশান ছিল মাত্র ৪০ হাজার ১৩৮ ইউনিট, সেখানে আজকে ৮২ হাজার ৭৬০ ইউনিট আমরা কালেক্ট করতে পেরেছি, এটা মোটামুটি দ্বিগুন হয়েছে। আরো প্রয়োজন আছে, ১ লক্ষ ৪০ হাজার ইউনিটে আমাদের পৌঁছাতে হবে। আরো মোটিভেশান আরো মানুষের কাছে আমাদের যেতে

হবে, মানুষ এগিয়ে আসছে। আমরা লক্ষ্য করেছি খরা হল, গণতান্ত্রিক যুব ফেডারেশানের পক্ষ থেকে স্লোগান হল ডোনেট ব্লাড এন্ড কম্‌ব্যাট ড্রাউট - মহিলা, যুব, ছাত্র, সরকারী কর্মচারী, ভোলান্টারী অর্গানাইজেসান, সর্ব স্তরের গণতান্ত্রিক প্রতিষ্ঠান এগিয়ে এলেন রক্ত দেবার জন্য। কাজেই এটা আন্দোলনের রূপ নিয়েছে। এটাকে আমরা এগিয়ে নিয়ে যেতে চাই এই লক্ষ্য আমাদের আছে। এই প্রস্তাবের উপর যে সংশোধনী আছে তা আমি সমর্থন করছি। করার অনেক কিছু আছে, কিন্তু যা আমরা করতে পারব তাই বলা ভাল। আমরা হিসাব করেছি, আলোচনা করেছি, পরিকল্পনা রচনা করেছি যাতে আগামী পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমরা থ্রি টায়ার কিভাবে করতে পারি - গ্রামে, শহরে এবং কলকাতায় আমরা পরিকল্পনা করেছি, সমস্ত চাহিদা মেটাবার কথা আমরা ভাবছি। ব্লাড কম্পোনেন্ট কিভাবে সেপারেট করা যায়, কিভাবে রক্ষিত হবে এবং এই ব্যাপারে গ্রামে জ্ঞান কিভাবে দেওয়া যায় আলোচনা করেছি। পরবর্তীকালে এই সম্পর্কে আপনাদের আলোকপাত করতে পারব। আজকে প্রাইভেট ব্লাড ব্যাঙ্ক যেগুলি আছে সেগুলি আমাদের ড্রাগ কন্ট্রোল ডিপার্টমেন্টের ড্রাগস এ্যান্ড কস্‌মেটিক্স এ্যাক্ট অনুযায়ী রুলস অনুযায়ী পরিচালিত হয়। আমরা সম্প্রতি ঠিক করেছি আমাদের যে ট্রেন্ড ইন্সপেক্টর, স্পেসিয়ালি ট্রেন্ড ড্রাগ ইন্সপেক্টর তাঁরা সেখানে যাবেন, পরীক্ষা-নিরীক্ষা করবেন। আপনারা শুনলে অবাক হবেন এই ব্লাড ব্যাঙ্ক দেখার ব্যাপারে ড্রাগ কন্ট্রোল ডিপার্টমেন্টের এই ড্রাগ ইন্সপেক্টরদের সাহায্য সবচেয়ে ভাল, সারা ভারতবর্ষের মধ্যে ২টি প্রদেশের মধ্যে পশ্চিমবঙ্গের একটি স্থান রয়েছে। সাম্প্রতিককালে যে ভাইরাস হেপাটাইটিস হয়েছে তাতে আমরা এখানে অস্ট্রেলিয়ান এ্যান্টিজেন এইচ এ এ টাইপ করবার ব্যবস্থা করেছি। এটা ফোর-জেনারেশান টেষ্ট, ইমপর্ট্যান্ট এন্ড সেনসিটিভ টেষ্ট আমরা করছি। মাননীয় সদস্য ডাঃ সুশোভন ব্যানার্জী যে কথা বলেছেন আমি তাঁকে ধন্যবাদ দিচ্ছি তারজন্য। তবে একটা কথা জানাচ্ছি যে সেন্ট্রাল ব্লাড ব্যাঙ্কে আমরা গাফিলতি করিনি, যতখানি পরীক্ষা-নিরীক্ষা করার চেষ্টা আমরা করেছি। আমি মনে করি যে মানসিকতা সৃষ্টি হয়েছে তাতে কোন রকম বিভ্রান্তি না ছড়িয়ে মানুষের সেবায় সকলে মিলে যদি রক্ত দানের ডাক দেন এবং সরকারী প্রচেষ্টার সঙ্গে একমত হয়ে হাতে হাত মিলিয়ে আসেন তাহলে আমি আশাকরি রক্তের অভাব যেটা আমাদের আছে সেটা পূরণ করতে পারব। ব্লাড পিউরিফিকেসন সম্বন্ধে এখানে কথা হয়েছে। আমরা এটা নিয়ে ভাবছি এবং সচেতন আছি। ব্লাড কমপোনেন্টের যদি প্রয়োজন হয় তাহলে সেই ব্যবস্থা আমরা করে দিতে পারব। এছাড়া প্রাইভেট ব্লাড সম্বন্ধে আমরা খবরদারী করতে সুরু করেছি এবং ব্যবস্থা নিচ্ছি। তবে সেখানেও মটিভেসনের প্রশ্ন রয়েছে। আজকে সারা পশ্চিমবাংলার প্রয়োজন যদি মেটাতে হয় তাহলে ব্লাড ডোনারদের মবিলাইজ করতে হবে এবং যারা রক্তের ব্যবসা করে তাদের বিরুদ্ধে জনমত সৃষ্টি করতে হবে। এই সরকারী প্রচেষ্টার পাশাপাশি আমি অনুরোধ করব প্রবল জনমত গঠনের ব্যাপারে আপনারাও সাহায্য করুন। আমি আশাকরি ৫ বছরের মধ্যে আমরা এই সমস্যার অনেকখানি সমাধান করতে পারব। একথা বলে সংশোধনী প্রস্তাব সহ আমি এই প্রস্তাব সমর্থন করছি।

**Mr. Deputy Speaker :** Now Dr. Manas Bhunia, the mover of the motion may now speak again by way of reply.

**ডাঃ মানস ভুঁইয়া :** এই প্রস্তাবের পরিপ্রেক্ষিতে মাননীয় সদস্য নীরোদ রায় চৌধুরী মহাশয় যে সংশোধনী প্রস্তাব এনেছেন তাতে প্রথম দুটি সংশোধনী গ্রহণ করবার ব্যাপারে আমার কোন

আপত্তি নেই। কিন্তু তৃতীয় প্যারাটা সম্পূর্ণ ওমিট করবার কথা যেটা বলেছেন সে সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে এক্ষেত্রে স্পিরিটের কিন্তু অভাব হচ্ছে। যদি রাজনৈতিক পরিপ্রেক্ষিতে এটা গ্রহণ করা হয় তাহলে ওই স্পিরিটটা নষ্ট হয়ে যাবে। আমি মটিভেসনের কথা বলছি। আমরা যখন পিপল - এর তরফ থেকে এ্যাডভোকেসী করতে চাই তখন আমার বক্তব্য হচ্ছে এটা বামফ্রন্ট সরকার সম্বন্ধে কোন তদন্ত কমিশন নয়। আমি বলেছি প্রত্যেক দলের তরফ থেকে মেম্বারদের নিয়ে হাউসের তরফ থেকে একটা কিছু করা হোক। একজিসটিং স্টাফ প্যাটার্ন নিয়ে ইচ্ছাকৃতভাবে হোক বা অনিচ্ছাকৃতভাবে হোক কেন ঠিকভাবে কাজ করতে পারা যাচ্ছে না সেটা যদি একটা কমিশনের ভেতর দিয়ে সমস্ত রাজনৈতিক দলের সদস্যদের জানার সুযোগ থাকে তাহলে জিনিসটা ভাল হয়। আমার বক্তব্যের এটাই ছিল স্পিরিট। মন্ত্রীমহাশয় সংশোধনী সহ যখন প্রস্তাব সমর্থন করলেন তখন আমি বলতে বাধ্য হচ্ছি ইট ইজ ভেরি আনফরচুনেট স্টেট অব অ্যাফেয়ার্স এ্যান্ড ল্যাক অব স্পিরিট টু এ্যাকসেপ্ট দিস্ থিং। আর একটা কথা মনে রাখবেন প্যারা থ্রি যদি ওমিট করেন তাহলে এই ৪, ৫, ৬ এগুলি কিন্তু সবই ইন্টাররিলেটেড। তবে ইন প্যারা ফাইভ, লাইন থ্রি আফ্‌টার দি ওয়ার্ডস " ব্লাড ব্যাঙ্কস্ " দি ওয়ার্ডস "এ্যান্ড প্রাইভেট ব্লাড ব্যাঙ্কস" বি ইনসারটেড এটা গ্রহণ করবার ক্ষেত্রে আমার কোন আপত্তি নেই। তবে যেহেতু এটা উভয় পক্ষের যৌথ প্রস্তাব ছিল সুতরাং এই ধরনের আলোচনা হওয়া ঠিক নয় এবং এটা খুবই আনফরচুনেট। শুধু তাই নয়, এই ধরনের প্রস্তাবে এ্যামেন্ডমেন্ট আসাও এক্সপেকটেড নয় হাউসের ভেতর এ্যাকসেপ্ট হবার পর। স্বাস্থ্যমন্ত্রী বা নীরোদবাবু যদি প্রস্তাব আসার আগে জিনিসটা দেখতেন তাহলে ভাল হোত। স্বাস্থ্যমন্ত্রী এখানে একটা ফিগার দিয়ে বললেন ৪০ হাজারের জায়গায় ৮০ হাজার হয়েছে।

[2.00 – 2.10 P.M.]

নিশ্চয়ই হয়েছে, কিন্তু আরও অনেক বেশী করার ছিল, যে কথাটা আমি বলতে চাইছিলাম। ৩৮টি ব্লাড ব্যাঙ্কে সচল আছে, আমি ক্যাটাগোরিক্যালি বলেছি ১৫টা ব্লাড ব্যাঙ্ক আমাদের আমলে তৈরী, সেইগুলো সব অচলাবস্থায় পড়ে রয়েছে, যেখানে হাজার হাজার মানুষ বিনা রক্তে মারা যাচ্ছে। প্রাইভেট ব্লাড ব্যাঙ্কের ক্ষেত্রে তদারকির ব্যবস্থা করতে আমি বিশেষ করে এই জন্য অনুরোধ করছি, এই কয়েক দিন আগে পর্য্যন্ত আর.জি.কর. মেডিকেল কলেজে একটা শিশু চিলড্রেন ওয়ার্ডে - প্রত্যেকটি সংবাদপত্রে বেরিয়েছে, চিলড্রেন ওয়ার্ডে জীবন সংশয় হয়েছিল, কারণ কি, গ্রুপিং ভুল হয়েছে। গ্রুপিং ভুল হয়েছে, রক্ত এসেছে কোথা থেকে? বাইরের ব্লাড ব্যাঙ্ক থেকে, পেশেন্ট কোথাকার, আর.জি.কর. হাসপাতালের চিলড্রেন ওয়ার্ড, ডাক্তার কারা, সরকারী ডাক্তার, সব ট্রেন্ড নার্স, ফেমাস ডাক্তার। ত্রুটিটা কোথায়? ডাক্তারদের ভুল স্যাম্পল নেওয়ায়, নাকি, গ্রুপিং করতে গিয়ে, নাকি, গ্রুপিং ঠিক হয়েছে, স্যাম্পল ঠিক নেওয়া হয়েছে, রক্তের বোতলটা ভুল দেওয়া হয়েছে। এই যে ব্যাপারগুলো ঘটছে এবং যাদের ত্রুটি হোক না কেন, যাদের জন্য আজকে মানুষের জীবন বিপন্ন হয়েছে, শিশুর জীবন বিপন্ন হয়েছে, এটা আতঙ্কের ব্যাপার, এই জায়গাগুলোতে আমাদের হস্তক্ষেপ করার দরকার আছে। আর আমি সদস্যদের রিপোর্টটা এই জন্য দিতে বলেছি, কারণ আপনি জানেন, আপনি সৌভাগ্যক্রমে আজকে স্বাস্থ্যমন্ত্রী, কিন্তু যখন শুধু মাত্র সদস্য থাকবেন, বা থাকবেন না, আপনি অন্ততঃ জানেন যে এলাকায় এলাকায় যেতে গেলে, গ্রামাঞ্চল থেকে শুরু করে কলকাতা মহানগরীর প্রান বিন্দুতে মাননীয় সদস্যদের কাছে কোন কিছু হলেই, বিশেষ করে হাসপাতালের ক্ষেত্রে

প্রত্যেকটি আর্ত নরনারী তাদের কাছে ছুটে যান, প্রতিনিধিদের কাছে দৌড়ে যান। বিশেষ করে রক্তের ক্ষেত্রে, এটা আমার ব্যক্তিগত অভিজ্ঞতা এবং আমি বিশ্বাস করি, প্রতিটি সদস্যের ক্ষেত্রেও এই ঘটনা ঘটছে। সেই ক্ষেত্রে আমরা বোকা বনে যাই। বোবার মত চুপ করে বসে থাকতে হয় বধিরের মত চুপ করে বসে থাকতে হয়। We should get them. We have the right to get it. আমাদের জানার অধিকার আছে সাধারণ মানুষের প্রতিনিধি হিসাবে, What is going on in the blood bank. নিশ্চয়ই মাননীয় সদস্য যেটা বলেছেন যে গ্যাপটা বাড়িয়ে দিতে পারেন, ৬ মাস অন্তর রিপোর্ট দেওয়া যেতে পারে, বাট রিপোর্ট দেওয়া উচিৎ। এটা আমার মনে হয় মেনে নেওয়া উচিৎ স্বাস্থ্য মন্ত্রীর এবং যিনি [illegible] এনেছেন তাঁর। সেই ক্ষেত্রে আমার মূল বক্তব্য, যেটা আমি আবার অনুরোধ জানাচ্ছি, Let us come forward including the Health Minister and another Health Minister who is at momemnt not present in the House. স্পীকার, ডেপুটি স্পীকার, আপনি, আসুন, আমরা একটা ডেট ঠিক করি, সেন্ট্রাল ব্লাড ব্যাঙ্ক সমেত কলকাতার সমস্ত হাসপাতালের ব্লাড ব্যাঙ্কগুলোকে ইনভাইট করে বলি, যে আমরা এম.এল.এর.'রা আন্তর্জাতিক যুব বর্ষের পতাকা উড়িয়ে এবং আমরা আপনি, স্পীকার, ডেপুটি স্পীকার, স্বাস্থ্যমন্ত্রী, মুখ্যমন্ত্রী সমেত সকলে Let us establish a spirit. যে এই দিন মানুষের মোটিভেশন এস্টাব্লিশ করার জন্য চেষ্টা করবো, ব্লাড দেব, এই রকম একটা প্রস্তাব গ্রহণ করুন।

The motions of Shri Nirode Roy Chowdhury that -

(i) In para 1, line 2, after the word "Welfare" the words "and democratic" be inserted ;

(ii) In para 2, line 3, after the word "shortage" the words "as far as practicable" be added ;

(iii) Para 3 be omitted ;

(iv) In para 5, lines 1 and 2 for the words "Blood Bank Commission with one member from each party of the Assmebly" the words "State level Blood Bank Committee" be substituted ;

(v) In para 5, line 2, after the words "be constituted" the words "by the State Government" be inserted ;

(vi) In para 5, line 3, after the words "Blood Banks" the words "and Private Blood Banks" be inserted.

were then put and agreed to

[ 2.00 – 2.10 P.M. ]

The motion of Dr.Manas Bhunia as amended that -

This Assembly resolves to place on record their deep sense of appreciation to the people of West Bengal and social welfare and deomocratic organisations for building up a healthy voluntary blood donation movement in the State ;

Resolves further that all Government Blood Banks of the State be directed to collect blood from voluntary donors at outdoor camps in meeting the existing shortage as far as practicable ;

Resolves further that in te International Year of the Youth all Members of the Assembly be requested to organise as many voluntary blood donation camps as possible in their own contituencies with assistance from the young prople ;

Resolves further that a state Level Blood Bank Committee be constituted by the state Government to study the functions of the Government Blood Banks and private Blood Banks and suggest ways and means of improvement through marginal adjustment within the available resources, was then put and agreed to.

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের পক্ষ থেকে ১৮৫ ধারাতে যে মোশান এনেছি, সেটা হচ্ছে - যেহেতু বনসৃজন, বৃক্ষরোপন, জলাধার নির্মাণ, ভূমিক্ষয় রোধ, গঙ্গা ও অন্যান্য নদ-নদীর ভাঙ্গন রোধ এবং খাল খনন ইত্যাদির অভাব হেতু পশ্চিমবঙ্গে অভূতপূর্ব পরিবেশ দেখা দিয়েছে ;

যেহেতু ঐ সব বিষয়ে আশু সজাগ দৃষ্টির অভাবে তাপপ্রবাহ এবং ভবিষ্যতে খরা ও বন্যার প্রকোপ বৃদ্ধির সম্ভাবনা আছে ;

যেহেতু পশ্চিমবাংলার বনাঞ্চলে ১৩.৪ শতাংশ মাত্র এবং এই অঞ্চলকে প্রয়োজনীয় ন্যূনতম ৩৩ শতাংশ বৃদ্ধি করা সম্ভবপর হয় নি;

যেহেতু ক্রমবর্ধমান বনাঞ্চলে ধ্বংসের জন্য প্রাকৃতিক সম্পদকে রক্ষা করা সম্ভব হচ্ছে না;

যেহেতু গঙ্গা সহ বিভিন্ন নদ-নদীগুলির ক্ষতিসাধনে প্রাকৃতিক ভারসাম্য বজায় থাকছে না;

যেহেতু আবহাওয়ার পরিবর্তনে খরা ও বন্যা নির্দিষ্ট ঋতুতে ঘটছে না;

যেহেতু পরিবেশ দূষণ রোধ করতে এবং বনাঞ্চলে সৃষ্টি করতে ব্যাপক পরিকল্পনার অভাব দেখা যাচ্ছে;

সেইহেতু এই সভা প্রাকৃতিক ভারসাম্য বজায় রাখতে, পরিবেশ দূষণ রোধ করতে এবং ব্যাপকভাবে বনাঞ্চলে সৃষ্টি সহ বিভিন্ন নদ-নদীগুলোর নাব্যতা ও অবিরত জলপ্রবাহ বজায় রাখার জন্য পরিকল্পনা গ্রহণ করতে রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাচ্ছে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমরা কি দেখছি? আজকে যেখানে মানুষ মানুষের জন্য বা সবার উপরে মানুষ সত্য, সব কথার উর্দ্ধে মানুষ, সেই মানুষকে রক্ষা করা প্রয়োজন। সেই মানুষকে রক্ষা করার জন্য সবচেয়ে যেটা প্রয়োজন, যেটা রক্তের চেয়েও প্রয়োজন সেটা হচ্ছে পরিবেশ। সেই পরিবেশের ক্ষেত্রে আমরা দেখছি যে সেটা বিভিন্ন কারণে তার ক্ষতি হচ্ছে এবং পরিবেশ একটা দুর্বিষহ অবস্থার মধ্যে পড়ছে এবং ক্রমান্বয়ে এমন অবস্থার মধ্যে গিয়ে পড়ছে যে মানুষের সেখানে বাঁচার যে অধিকার, সেই অধিকার একেবারে নষ্ট হয়ে যাচ্ছে। আমরা দেখছি যে পরিবেশ দূষণ মুক্ত করার জন্য যে সব ব্যবস্থা নেওয়া হচ্ছে এবং সেগুলি পরিচালনা এবং সমন্বয় সাধন এবং পরিবেশ রক্ষণ এবং পরিবেশকে সংরক্ষণের সঙ্গে কতটা সুসামঞ্জস্য আছে ইত্যাদি তার উন্নয়ন করার জন্য ১৯৮২ সালে পশ্চিমবঙ্গ সরকারও অনুরূপভাবে ১৯৮০ সালে পরিবেশ দপ্তর স্থাপন করেছেন এবং তার পরিপ্রেক্ষিতে আজকে ভারতবর্ষের প্রতিটি রাজ্য অনুভব করছে যে পরিবেশকে সুস্থ রাখা, বর্তমান ভারতবর্ষের কোটি কোটি মানুষকে রক্ষা করাই হচ্ছে মূলতঃ কর্তব্য এবং দায়িত্ব। আমরা দেখছি যে পরিবেশ ক্রমান্বয়ে কি অবস্থার মধ্যে দিয়ে গেছে। আমরা দেখবো যে পরিবেশকে রক্ষা করতে পারে সেই হিমালয় পর্বত। আজকে দেখা যাচ্ছে যে সেখানে বিভিন্ন শ্রেণীর উদ্ভিদবর্গ সৃষ্টি হয় এবং প্রাণীবর্গ থাকে। ভূতত্ত্বের যে নৈসর্গিক ইতিহাস সেই সম্পর্কে এই সরকার বলেছেন। মানবজাতির বিষয়ে অতীতে ভূগোলে যে একটা গুরুত্ব দেওয়া হত সেটা আমরা দেখেছি। আজকে এই হিমালয়কে কেন্দ্র করে সরকার একটা চিন্তা-ধারা নিয়েছেন যে একটা নৈসর্গিক ইতিহাসে কেন্দ্র স্থাপন করে এবং তার মাধ্যমে উন্নতি করা। ন্যাশন্যাল কাউন্সিল অব সায়েন্স এ্যান্ড মিউজিয়ামকে এই পরিবেশ উন্নয়ন এবং মানুষ এবং প্রাণীমন্ডলকে জাতীয় বিজ্ঞান হিসাবে গ্রহণ করে পরিবেশকে তারা সুরক্ষিত করতে পারবে। আমরা দেখছি যে গাছ ছাড়া মানুষ বাঁচতে পারে না। এই রাজ্যের যে ভৌগলিক আয়তন তার ১৩.৪ শতাংশ হচ্ছে বনাঞ্চলে। সেটাকে ৩৩ শতাংশ করা দরকার কিন্তু তা সম্ভবপর হয়নি। আমরা দেখছি যে পশ্চিমবাংলার ১১ লক্ষ ৮৬ হাজার হেক্টর বনাঞ্চলের মধ্যে ৬ লক্ষ ৯১ হাজার ৮৪৫ হেক্টর সংরক্ষিত বন।

**[2.10 – 2.20 P.M.]**

এবং ৪ লক্ষ ২৫ হাজার ২০৮ হেক্টর সংরক্ষিত বন আছে। ক্রমবর্দ্ধমান জনসংখ্যার চাপের

ফলে বনাঞ্চল নষ্ট হয়ে যাচ্ছে। তৃণভূমি ও বনাঞ্চল কেটে চাষযোগ্য জমিতে পরিণত করা হচ্ছে। সামাজিক বন-সৃজন পরিকল্পনা নেওয়া হয়েছে আমরা দেখতে পাচ্ছি। ৯৩ হাজার হেক্টর জমিতে সোসাল এ্যাফরেস্টেসন করার জন্য কেন্দ্রীয় সরকার থেকে রাজ্য সরকারকে ৩৫ কোটি টাকা দেওয়া হয়েছে। সামাজিক বন সৃজনের জন্য সেটাকে কার্যকরী করতে তারা যথেষ্ট ব্যস্ত আছে। ওয়াইল্ড লাইফ প্রিজার্ভেসন এ্যাক্ট, ১৯৭২ এবং তার সঙ্গে ইন্ডিয়ান ফরেষ্ট এ্যাক্ট চালু আছে, ইন্ডিয়ান ফরেষ্ট সার্ভিস এ্যাক্টও চালু আছে। কনজারভেসন অন ইন্টারন্যাশন্যাল ট্রেড ইনানডেন্স আইনটিও আছে। কিন্তু আইনগুলিকে ঠিকমতভাবে সুরক্ষিত করে কার্যকরী করার পরিকল্পনা এখনো পর্যন্ত নেওয়া হচ্ছে না। তার ফলে আমরা দেখতে পাচ্ছি ৩০টি মূল্যবান প্রাণী ধ্বংসের মুখে চলে গেছে। সিংহ থেকে আরম্ভ করে তুষার চিতা পর্যন্ত বিভিন্ন ধরনের প্রাণী আজকে ধ্বংস হয়ে যেতে বসেছে। হিমালয়ের বিভিন্ন শ্রেণীর গাছ গাছড়া আজকে ধ্বংস দিকে চলে যাচ্ছে। এটা আজকে সব চেয়ে বড় চিন্তার ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। কীট নাশক ওষুধ সম্বন্ধে আমরা কি দেখতে পাচ্ছি? পৃথিবীতে ২ হাজার ৫০০ লক্ষ বছর আগে এই কীট পতঙ্গের সৃষ্টি হয়েছিল। আর মাত্র ১০ লক্ষ বছর আগে মানুষের সৃষ্টি হয়েছে। সুতরাং আমরা দেখতে পাচ্ছি মানুষের জন্মের বহু লক্ষ বছর আগে এই কীট পতঙ্গের জন্ম হয়েছে। পৃথিবীতে ৬৮ হাজার রকমের পোকা মাকড় আছে। পৃথিবীতে উৎপাদিত খাদ্য শস্যের ৩০ শতাংশ এই ৬৮ হাজার পোকামাকড়ের মাধ্যমে ক্ষতিগ্রস্ত হচ্ছে। এই খাদ্য শস্য রক্ষা করতে পোকা মাকড় ধ্বংস করার জন্য বিভিন্ন রকম কীটনাশক ওষুধ ব্যবহৃত হচ্ছে। ডি.ডি.টি. থেকে আরম্ভ করে নানা ধরণের কীট নাশক ওষুধ ক্রমান্বয়ে ব্যবহার করা হচ্ছে। এই ডি.ডি.টির ফর্মূলা তৈরী করেছিলেন পল মুলার। এটার তিনি আবিষ্কার করে ১৯৪৮ সালে নোবল্‌ পুরস্কার পেয়েছিল্লেন। কিন্তু ট্রমার জেইতসার'ই প্রথম ডি.টি.টি.র আবিষ্কার কর্তা ছিলেন। ভারতবর্ষে প্রচুর পরিমানে কীট নাশক ওষুধ ব্যবহৃত হচ্ছে। এই জন্য দিল্লী ইউনিভার্সিটির একজন প্রফেসর একটি সুন্দর উক্তি করেছিলেন। পৃথিবীতে যে পরিমান বড় প্রাণী মারা যাচ্ছে তার সমপরিমান সংখ্যক প্রাণী নষ্ট হচ্ছে এই কীট নাশক ওষুধ ব্যবহারের মাধ্যমে। এটা আজকে ভীষণভাবে পরিবেশ দূষিত করে তুলছে। আমরা তাই দেখতে পাচ্ছি নদী নালা, পুকুর, জমি পর্যন্ত দূষিত হয়ে যাচ্ছে। এর ফলে একটা ভয়ংকর অবস্থার সৃষ্টি হচ্ছে। ছোট ছোট উদ্ভিদ ডায়াটনস, ডিসেমিক্স এরা আজকে ক্ষতিগ্রস্ত হতে চলেছে। উদ্ভিত থেকে যে বাইপ্রোডাক্ট হিসাবে অক্সিজেন তৈরী হচ্ছে, সেই অক্সিজেন আজকে ধীরে ধীরে কমে যেতে বসেছে। এর ফলে জনসাধারণকেও আজকে ক্ষতিগ্রস্ত অবস্থার মধ্যে নিয়ে যাচ্ছে।

মাইনস্ একজন বিজ্ঞানী ছিলেন, তিনি বলেছিলেন, Demand for Oxigen is on the rise with enviornment pollution on rampage. স্যার, পশুপাখীরাও এই কীটনাশক থেকে রক্ষা পাচ্ছে না, তারাও ক্রমাগত এর শিকার হচ্ছে। একটা হিসাবে দেখছি ১৯৮৩/৮৪ সালে এই কীটনাশক উৎপাদিত হয়েছে ৫৮ হাজার ৭৯৮টন। এর মধ্যে ডি.ডি.টি হচ্ছে, ৬৪৫৩ টন লিনডেন ৩২৩৮ টন, ম্যালাথিয়ন ৩৩১৬টন, কারবামেট ১৪৯৭ টন। এ ছাড়া স্যার, বিদেশ থেকেও তেজস্ক্রিয় দ্রব্য হাজার হাজার টন আমদানী করা হয়। অবস্থা যা তাতে ১৯৮৯/৯০ সালে এই কীটনাশক দ্রব্য ব্যবহারের পরিমাণ আরো বেড়ে যাবে বলে আমাদের আশঙ্কা। এটা হ'লে মানুষের উপরও তার প্রভাব পড়বে। খাদ্যের মধ্যেও এই কীটনাশক দ্রব্যের পরিমান যথেষ্ট পরিমানে চলে আসছে। মাছ, মাংস, ডিম, দুধ প্রভৃতি পশু থেকে প্রাপ্ত খাদ্যে এইসব কীটনাশকের পরিমান

ক্রমাগতই বাড়ছে। একটা হিসাবে দেখা যাচ্ছে যে এর পরিমান হচ্ছে ৩০ পারসেন্ট। শাকসজ্জিতে ২৪ পারসেন্ট, দানাশস্যে ২৩.৬ শতাংশ। প্রতি লিটার জলে ১.৬ মিলিগ্রাম ম্যালাথিয়ন এবং ১.৫ মিলিগ্রাম ডি.ডি.টি পাওয়া গিয়েছে। ১০০টি মানবদেহে বিভিন্ন অঙ্গপ্রতঙ্গের মধ্যে ৩৬টিতে কীটনাশকের সন্ধান পাওয়া গিয়েছে। দেখা গিয়েছে কীটনাশক ৬১ ভাগ চর্বিতে, ২৫ ভাগ লিভারে, ১৪ ভাগ কিডনিতে পাওয়া গিয়েছে। স্যার, এইসব দেখে মনে হয় আমাদের বাঁচার আর কোন সম্ভাবনা নেই। তারপর এ ক্ষেত্রে আলোচনা করতে গিয়ে আর একটি বিষয়ে এসে যায়, সেটা হচ্ছে গঙ্গার দূষণ রোধ। স্যার, উত্তরপ্রদেশ, বিহার, পশ্চিমবাংলা, সেখান দিয়ে গঙ্গা প্রবাহিত তার দুপাশের অঞ্চলগুলিতে যে পরিবেশের সৃষ্টি হয়েছে তাতে অবস্থা ক্রমশঃ খারাপ হয়ে যাচ্ছে। বিভিন্ন কলকারখানার দুষিত পদার্থ এই গঙ্গার জলে ফেলার জন্য গঙ্গা ক্রমশঃ দুষিত হয়ে পড়ছে। এ সম্পর্কে বিভিন্ন আইন থাকা সত্ত্বেও বিভিন্নভাবে এই দুষণ বেড়েই যাচ্ছে। স্যার, এইসব বিভিন্ন কারণে আমরা দেখছি, মানুষ ক্রমশঃ ক্ষয়িষ্ণু হয়ে পড়ছে। আজ মানুষকে রক্ষা করতে গেলে পরিবেশ দূষণ অবিলম্বে বন্ধ করা দরকার। এ ক্ষেত্রে বনের একটি বিরাট ভূমিকা আছে। মানুষই সত্য, মানুষই সবচেয়ে বড় একথা আজ সকলকে মনে রাখতে হবে।

## [ 2.20 – 3.00 P.M. ] (including adjourment)

**শ্রী অবিনাশ প্রামাণিক ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আমার এ্যামেন্ডমেন্টটি মুভ করছি। (i) In the last para, line 3, after the word "পরিকল্পনা the following worlds be inserted. "রচনা করতে বাধ্য প্ল্যানিং পর্ষদকে অনুরোধ এবং এই পরিকল্পনা কার্যকরী করার জন্য যথাযথ আর্থিক সাহায্য" and (ii) In last para line 3, the word "গ্রহণ" be omitted, মূল প্রস্তাবের শেষের দিকে যেখানে বলা হচ্ছে,"যেহেতু পরিবেশ দূষণ রোধ করতে এবং বনাঞ্চল সৃষ্টি করতে ব্যাপক পরিকল্পনার অভাব দেখা যাচ্ছে; সেইহেতু এই সভা প্রাকৃতিক ভারসাম্য বজায় রাখতে, পরিবেশ দূষণ রোধ করতে এবং ব্যাপকভাবে বনাঞ্চলে সৃষ্টি সহ বিভিন্ন নদনদীগুলোর নাব্যতা ও অবিরত জলপ্রবাহ বজায় রাখার জন্য পরিকল্পনা গ্রহণ করতে রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাচ্ছে"; সেখানে "পরিকল্পনা গ্রহণ করতে রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাচ্ছে" কথা গুলির বদলে — "পরিকল্পনা রচনা করতে রাজ্য প্ল্যানিং পর্ষদকে অনুরোধ করছে এবং এই পরিকল্পনা কার্য্যকরী করার জন্য যথাযথ আর্থিক সাহায্য করতে রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাচ্ছে"; এই কথাগুলি যুক্ত করতে বলছি।

**শ্রী দিলীপ কুমার মজুমদার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা আজকে যে প্রস্তাব এই সভায় উত্থাপন করেছি যে প্রস্তাবটি অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রস্তাব। কারণ বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ। কিছু দিন আগে পর্যন্ত আমরা পরিবেশ বিষয়ে খুব একটা সচেতন ছিলাম না বা সচেতনভাবে সরকারের পক্ষ থেকে এ বিষয়ে কোন পদক্ষেপ গ্রহণ করার কথাও আমরা ভাবিনি। স্যার, গত কয়েক বছর ধরে এ বিষয়ে আমাদের মধ্যে চেতনার সঞ্চার হয়েছে, ফলে আমরা বিষয়টির প্রতি দৃষ্টি দিচ্ছি। আমরা ভাবতে শুরু করেছি, কি ভাবে পরিবেশ এবং প্রাকৃতিক পরিবেশকে আমরা আবার পুরোন অবস্থায় ফিরিয়ে নিয়ে যেতে পারি। বর্তমানে এ বিষয়ে আমরা প্রচেষ্টা চালাচ্ছি। তবে এটা দেখা যাচ্ছে

যে, ইতিমধ্যেই আমরা আমাদের প্রাকৃতিক পরিবেশের ভারসাম্য অনেক পরিমানে নষ্ট করে ফেলেছি। আজকে এটা প্রতিষ্ঠিত সত্য যে, শুধু নগর, জনপথ গড়লেই চলবে না, সাথে সাথে বনাঞ্চলে সৃষ্টির দিকে নজর দিতে হবে এবং তাকে সংরক্ষণ করতে হবে, তাকে আরো সুষমা মন্ডিত করতে হবে, সৌন্দর্য মন্ডিত করতে হবে। আজকে আমরা দেখতে পাচ্ছি ভারতবর্ষের সর্বত্র বনাঞ্চল প্রায় ধ্বংস করে ফেলেছি। আমাদের পশ্চিমবঙ্গে মোট জমির ১৩.৪ শতাংশ বনাঞ্চল, যা হওয়া উচিত অন্ততঃ ৩৩ শতাংশে। পশ্চিমবাংলায় বনাঞ্চলের পরিমান যদিও খুবই কম তথাপি শুনলে আশ্চর্য হতে হয় সর্ব ভারতীয় গড়ের চেয়ে এটা সামান্য কিছু বেশী। কিন্তু এটা এ্যালার্মিংলি লো বলেই আমরা মনে করছি। বৃষ্টি একটা এমনই জিনিস যাকে বাদ দিয়ে মানব জাতি বাঁচতে পারে না। চাষবাস, পানীয় জলের ব্যবস্থা, নদ-নদী, খাল-বিল, বনাঞ্চলে, সমস্ত কিছু বৃষ্টির উপর নির্ভরশীল। এখন গাছের এমন একটা ক্ষমতা আছে যে বৃষ্টিকে আকর্ষণ করতে পারে। সুতরাং বৃষ্টিপাতের পরিমান বাড়াবার জন্য বনাঞ্চলের বৃদ্ধি প্রয়োজন। আজকে আমরা রাজস্থানে মরুভূমি দেখছি, এই মরুভূমির পুরানো ইতিহাস দেখলে দেখা যাবে যে, এক সময় সেখানে এমন ভাবে বনাঞ্চলে ধ্বংস হয়েছে যার ফলে পরবর্তী সময়ে সেখানে মরুভূমির সৃষ্টি হয়েছে। আজকে গোটা ভারতবর্ষে যে ভাবে বনাঞ্চল ধ্বংস করা হচ্ছে তাতে - রাজস্থানে একটা মরুভূমির সৃষ্টি হয়েছে - অনেক মরুভূমির সৃষ্টি হবে। পশ্চিমবঙ্গের প্রাকৃতিক পরিবেশ এমনই, এর এক দিকে হিমালয় পর্বত, অপর দিকে বঙ্গোপসাগর, এর মধ্যে আদর্শ বনাঞ্চল সৃষ্টি হতে পারে। কিন্তু আমরা দেখছি দীর্ঘ দিন ধরে এখানে নির্দয়ভাবে বনাঞ্চলকে নষ্ট করা হয়েছে। সরকার থেকে যে সমস্ত কন্ট্রাক্টরদের বন থেকে কাঠ কাটার অনুমতি দেওয়া হয় সে সমস্ত কন্ট্রাক্টর'রা নির্দয়ভাবে, বেআইনীভাবে কাঠ কেটে বনাঞ্চলে ধ্বংস করছে। হিমালয় পর্বতের বনাঞ্চলগুলি এরা এক্তিয়ার বহির্ভূতভাবে নির্দিষ্ট এলাকার বাইরেও কেটে সাফ্ করে দিয়েছে, কিন্তু পরিবর্তে নতুন বনাঞ্চল সৃষ্টির চেষ্টা হয়নি। স্যার, আপনি একবার দুর্গাপুর শিল্পাঞ্চলের কথা ভেবে দেখুন। ওখানে শিল্পাঞ্চল গড়ে ওঠা খুবই প্রয়োজন ছিল, আজকে শিল্পকে বিচার করে একটা দেশের সভ্যতা বা উন্নতিকে বিচার করা হয়, সুতরাং শিল্প গড়তেই হবে। কিন্তু দুর্গাপুরে যে বিখ্যাত জঙ্গল ছিল তাকে শিল্পাঞ্চল গড়তে গিয়ে সম্পূর্ণ কেটে সাফ্ করে দেওয়া হয়েছে, সামান্য একটা শাল গাছও আজ আর সেখানে পাওয়া যায় না। এর ফলে দুর্গাপুরের আবহাওয়া দুর্বিসহ হয়ে গেছে। আজকে সেখানে শুকনো গরমের প্রচন্ড তাপ-প্রবাহ হয়ে বয়ে চলেছে। রাজস্থান অঞ্চলে যে রকম তাপ-প্রবাহ চলে, সে রকম দুর্গাপুর এবং আসপাশের কয়লাখনি অঞ্চলে তাপ-প্রবাহ চলছে। এই রকম সাংঘাতিক অবস্থায় সেখানে মানুষের জীবন-যাত্রা দুর্বিসহ হয়ে উঠেছে। বনাঞ্চলকে একদম ধ্বংস না করে, কিছু কিছু রেখে যদি ওখানে শিল্পাঞ্চল গড়া হতো তাহলে আজকে এই জিনিস হ'ত না। যেমন এ বিষয়ে উদাহরণ হচ্ছে, দিল্লী। অতীতে দিল্লীর আসপাশে কোনো বনাঞ্চল ছিল না, ফলে দিল্লী বসবাসের যোগ্য ছিল না। কিন্তু বাস্তব শিক্ষা গ্রহণ করে, আজকে দিল্লীকে বন-নগরী হিসাবে তৈরী করা হয়েছে। যার ফলে আজকে দেখছি, দিল্লীকে আবহাওয়া পরিবর্তন হয়েছে। সেখানে পশ্চিমবঙ্গের মতন বৃষ্টি হয়। সেখানকার আবহাওয়া সহ্যের মধ্যে চলে এসেছে যদিও আমাদের কলকাতার থেকে কিছুটা বেশী গরম তাহলেও মোটামুটি সহনীয় অবস্থা। কিন্তু দিল্লীর এইরকম অবস্থা আগে ছিল না। পশ্চিমবাংলা আজ পুরানো দিল্লীর মতন আস্তে আস্তে নষ্ট হয়ে যাচ্ছে। আমরা যদি প্রাচীন সভ্যতার দিকে তাকাই তাহলে দেখবো, প্রাচীন সভ্যতায় বনের একটা বিরাট ভূমিকা ছিল। মহাভারত যদি দেখেন তাহলে দেখবেন, সেখানে বিরাট পর্ব, বন পর্ব - এই বন পর্ব ভারতবর্ষের সামাজিক সভ্যতার বিকাশের

ক্ষেত্রে কতখানি ভূমিকা পালন করে গেছে সেটা আমরা দেখতে পাই। কিন্তু পরবর্তীকালে আমাদের সামাজিক জীবনে তা কাজে লাগাতে পারিনি, আমাদের অনেক ক্ষতি হয়ে গেছে। সেইজন্য আজকে আমরা দেখতে পাচ্ছি, বনাঞ্চল না থাকার জন্য বৃষ্টি হচ্ছে না, মরুভূমি হচ্ছে, নদীগুলো শুকিয়ে যাচ্ছে, নদীতে ভাঙন দেখা দিচ্ছে, যে সমস্ত জন্তু-জানোয়ার থাকার কথা তা আজ আর নেই, পাখি খুঁজে পাবেন না, রয়েল বেঙ্গল টাইগার বলুন, হরিণ বলুন, গন্ডার বলুন, এছাড়া আরোও নানা রকম জন্তু-জানোয়ার বলুন যেগুলি এককালে পৃথিবীর বুকে সৌন্দর্য্যের বিকাশ ঘটাতো এখন এই বন না থাকার জন্য এরা আস্তে আস্তে লুপ্ত হয়ে যাচ্ছে। এখন আমরা এদের বাঁচাবার জন্য অভয়ারন্য তৈরী করেছি, জন্তু-জানোয়ার উৎপাদন করার চেষ্টা করছি। আজকে বনাঞ্চল কেটে সাফ করে দেওয়ার জন্য সুন্দর প্রাকৃতিক পরিবেশ নষ্ট হয়ে গেছে। সুতরাং সেই সুন্দর প্রাকৃতিক পরিবেশ তৈরী করার আজকে প্রয়োজন আছে। ইকোলজিক্যাল সায়েন্সের দিক দিয়ে এর বিচার করতে হবে। বনাঞ্চল বাড়লে বৃষ্টি আসবে। কিন্তু বনাঞ্চল না বাড়লে আজকে সব মরুভূমিতে পরিণত হবে এবং প্রাকৃতিক পরিবেশ নষ্ট হয়ে যাবে। তাই মাননীয় মন্ত্রীমহাশয়কে বলবো, পশ্চিমবঙ্গের জন্য এ ব্যাপারে সুষ্ঠু পরিকল্পনা রূপায়ন করুন যাতে করে নতুন করে আমরা অরণ্য ফিরে পেতে পারি, অরণ্যের সুন্দর সম্পদ ফিরে পেতে পারি। এরজন্য যা যা প্রয়োজনীয় তা যেন আমরা করি। এটা একটা পরিকল্পনা, কমপোজিট প্ল্যানিং-এর প্রয়োজন আছে। উন্নয়ন দপ্তর এই পরিকল্পনা করুন, বিরাট খরচ হবে সন্দেহ নেই কিন্তু বনকে আমাদের বাঁচিয়ে রাখতেই হবে। বনের সম্পদকে বাঁচিয়ে রাখতে হবে, বনের সম্পদ না বাঁচালে কিছু করা যাবে না। এই পরিকল্পনা গ্রহণ করে কেন্দ্রীয় সরকারের কাছে যদি আমাদের সাহায্যের প্রয়োজন হয় সে ব্যাপারে আমরা কেন্দ্রীয় সরকারকে বলতে পারি। এছাড়া কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আরোও অন্যান্য সাহায্য নিতে পারি যেমন, ওদের আরোও অভিজ্ঞতা আছে কি করে সংরক্ষন করতে হবে, কিভাবে গড়ে তুলতে হবে, প্রাকৃতিক পরিবেশ কিভাবে গড়ে তুলতে হবে তারজন্য আপনি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টেকনোলজিক্যাল হেল্প নিতে পারেন। এছাড়া কেন্দ্রীয় সরকারের সহযোগিতায় দেশের বাইরে যেসব দেশ এই ব্যাপারে নজর দিয়েছে এবং উন্নতি করেছে - আমি চীনে গিয়েছিলাম, আমি ইউরোপে গিয়ে দেখেছি, সেই সমস্ত দেশ কি করে প্রাকৃতিক ভারসাম্য রক্ষা করার জন্য কি রকম কার্যকর ব্যবস্থা গ্রহণ করেছে - দরকার হলে তাদের অভিমত নিতে হবে এবং অভিমত নিয়ে আমাদের পরিকল্পনা রচনা করতে হবে। মাননীয় সদস্য অবিনাশবাবু যে সংশোধনী রেখেছেন তা আমি গ্রহণ করছি। এটা করার পরিকল্পনা রাজ্যসরকারের হাতে, রাজ্যসরকার এটা করুক, যদি প্রয়োজন হয় টেকনোলজিক্যাল হেল্পের তারজন্য আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাবো এবং এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাবো। এই কথা বলে এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ ডেপুটি স্পীকার :** এখন বিরতি, আবার আমরা ৩টার সময়ে মিলিত হবো।

## After adjourment

## [3.00 – 3.10 P.M.]

**শ্রী সত্য রঞ্জন বাপুলী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাকে বলার সুযোগ দেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ দিচ্ছি। আমি এই সমস্ত কাগজগুলি আপনার কাছে নিয়ে যাব অত্যন্ত দুর্ভাগ্যের

ব্যাপার যে, বেহালা মিউনিসিপ্যাল কর্পোরেশনের এই যে ভোটার লিষ্ট ছেপে বেরিয়েছে .....

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** This is not point of information. Please take your seat I call opon Shri Kripa Sindhu Saha.

**শ্রী সত্য রঞ্জন বাপুলী ঃ** আমাকে একটু বলতে দিন স্যার, কারণ এটা একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** না, না, আপনি বসুন। ওটা কোন ইনফরমেশনের ব্যাপার নয়।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মিঃ ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে হাউসে একটা গুরুত্বপূর্ণ ব্যাপার অবগত করাচ্ছি। আপনি জানেন আমার এলাকা ধনিয়াখালি থানায় দশঘরা এবং পারামবুয়া সাহাবাজার এই দুটি অঞ্চলে

(গোলমাল)

(শ্রীসত্য রঞ্জন বাপুলী মহাশয়, বক্তব্য রাখিবার জন্য উঠিয়া দাঁড়ান)

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** Mr. Bapuli, I am on my legs. Please teke your seat. Why are you disturbing in this way. There should be decency in the House. Please take your seat.

**শ্রী সত্য রঞ্জন বাপুলী ঃ** ব্যাপারটি খুবই গুরুত্বপূর্ণ। গত লোকসভা নির্বাচনে যাঁরা ভোট দিয়েছিলেন তাঁদের নাম বাদ গেছে।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** I would not allow you. Please take your seat.

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** ঐ দুটি অঞ্চলে ভীষণভাবে আন্ত্রিক রোগ দেখা দিচ্ছে। সে অঞ্চলের সমস্ত টিউবওয়েল এবং পুকুর শুকিয়ে গেছে। একটিমাত্র নদী, সেই নদীর জলও শুকিয়ে গেছে। মানুষে জল পাচ্ছে না, এমন কি গরু, ছাগল পর্য্যন্ত জল পাচ্ছে না। আমি মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করব যেন অবিলম্বে ঐ নদীতে জল দেওয়ার ব্যবস্থা করা হয়, এবং মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি তিনি যেন অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা অবিলম্বে গ্রহণ করেন।

(শ্রী সত্য রঞ্জন বাপুলী মহাশয় বক্তব্য রাখিবার জন্য উঠিয়া দাঁড়ান।)

**শ্রী ডেপুটি স্পীকার ঃ** Mr. Bapuli, Please take your seat.

**শ্রীমতী অপরাজিতা গোপ্পী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপারে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আলিপুরদুয়ারে বালিকা শিক্ষা মন্দিরের ক্লাশ ফাইভের ছাত্রী শ্রীমতী রীণা দের রহস্যজনকভাবে মৃত্যু। এই নিয়ে ওখানে অত্যন্ত উত্তেজনা দেখা দিয়েছে। গত ২২ শে এপ্রিল আমি কুচবিহারে গিয়ে খবরটি জানতে পারি, গত ২১ শে এপ্রিল ঐ ছাত্রীটিকে সারাদিন পাওয়া যায় না, তার মা ঐ স্কুলের পিওন, তিনি তখন থানায় ডাইরী করেন, এবং সারাদিন না পাওয়া গেলে মাইকে এ্যানাউনস করা হয়। কিন্তু তাকে পাওয়া যায়নি। পরদিন ২২

তারিখে হঠাৎ সকালবেলায় তার মৃতদেহ ঐ স্কুলেরই একটি ঘরে পাওয়া যায়। এই ঘটনাকে কেন্দ্র করে আলিপুরদুয়ারে অত্যন্ত উত্তেজনা দেখা দেয় এবং হরতাল হয়ে যায়; স্কুল - কলেজেও হরতাল হয়। ক্লাশ ফাইভের মেয়েটির যে ডেডবডি পাওয়া গেছে, তাতে বলাৎকারের চিহ্ন আছে। ওখানকার স্কুলের প্রধান শিক্ষিকা আমাকে চিঠি দিয়ে বলেছেন যে, বিষয়টা যেন স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে দেওয়া হয় এবং তদন্তের ব্যবস্থা করা হয়, কারণ ওর মৃত্যু কিভাবে হোল সেটা উৎঘাটিত হওয়া দরকার। আপনার মাধ্যমে আমি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীকে বিষয়টা তদন্ত করে দেখতে অনুরোধ করছি।

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিষয়টা আমি এই হাউসে বার বার বলেছি এবং মহিলা সদস্যা শ্রীমতী অপরাজিতা গোপ্পীও এখানে বার বার বলেছেন যে, বর্তমানে গৃহ-বধূ হত্যার ঘটনা বেড়ে গেছে এবং দিনের পর দিন তা বেড়েই চলেছে; বাড়ীর লোকের দ্বারা পুড়ে মরছেন তাঁরা। গতকালও একটি ঘটনা ঘটেছে, তবে সেটা পুড়িয়ে মারার ঘটনা কিনা জানিনা। ঐ ঘটনার সঙ্গে রাজ্যসরকারের একজন মন্ত্রী জড়িত আছেন। সেটা মার্ডার কেস কিনা জানান হোক।

**শ্রী সেখ ইমাজুদ্দিন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শ্রী কাশীনাথ মিশ্র, শ্রী দিলীপ মজুমদার, শ্রী সরল দেব এবং শ্রী মতিশ রায় একত্রে রুল ১৮৫ অনুযায়ী যে মোশন এনেছেন, তার পক্ষে আমি বলতে উঠেছি। প্রস্তাবে বলা হয়েছে, পশ্চিমবাংলায় মাত্র ১৩.৪ ভাগ নাকি বনাঞ্চল আছে। কিন্তু আপনি জানেন যে প্রাকৃতিক ভারসাম্য রক্ষা করতে হলে, পরিবেশ দুষণ রোধ করতে হলে সেই দেশের এক-তৃতীয়াংশ বনাঞ্চল হওয়া দরকার। কিন্তু পশ্চিমবাংলায় সেই বনাঞ্চল মাত্র ১৩ শতাংশ এবং এত কম হবার ফলে প্রাকৃতিক পরিবেশ কিভাবে পরিবর্তন হচ্ছে সেটা সকলেই লক্ষ্য করেছেন। এটা কি কারণে হয়েছে সেটা আজকে ভেবে দেখা দরকার। আজকে এই ১৩ শতাংশের যা হিসেব দেওয়া হচ্ছে; নদীয়া, মুর্শিদাবাদ,মালদহ, বাঁকুড়া, পুরুলিয়াতে আজকে সেই ১৩ শতাংশ বনও নেই; ঐ সমস্ত জেলায় ৫ শতাংশের মত বনাঞ্চল আছে। এইভাবে যদি চলতে থাকে তাহলে পরিবেশ এবং প্রাকৃতিক ভারসাম্য রক্ষা করা সম্ভব হবে না। সেইজন্য এখন থেকেই সতর্ক হওয়া দরকার। আমি নিজে কয়েকটি বনাঞ্চল দেখেছি। আমি সুন্দরবন, উত্তরবঙ্গ, মুর্শিদাবাদ, বাঁকুড়া, পুরুলিয়ায় দেখেছি কিভাবে বনাঞ্চল কেটে ফেলা হচ্ছে, যা দেখলে দুঃখ হয়। আমরা লক্ষ্য করে দেখেছি যে, ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর বনাঞ্চল ধ্বংসের কাজটাও বেড়ে গেছে। কংগ্রেস আমলে ঐ সমস্ত দুষ্কৃতকারীদের কিছুটা ভয় ছিল, কিন্তু ১৯৭৭ সালের পর ওদের সাহস অনেক বেড়ে গেছে এবং বামফ্রন্টের কিছু লোক মদৎ দিচ্ছেন। এই কারণে আজকে বনাঞ্চল ধ্বংস হতে বসেছে। কাজেই এখনই ঐ-ব্যাপারে সর্তকতা অবলম্বন না করলে অবশিষ্ট বনাঞ্চলটুকুও থাকবে না। আজকে ১৩ শতাংশ বনাঞ্চলের যে সরকারী হিসেব দেওয়া হচ্ছে, সেটা ঠিক নয়। আজকে পশ্চিমবাংলার বনাঞ্চলের পরিমাণ ১০ শতাংশ হবে কিনা সন্দেহ আছে। বনাঞ্চলকে রক্ষা করবার জন্য রক্ষী বাহিনী আছেন, কিন্তু তাঁরা লাঠি হাতে বন পাহারা দেন। কিন্তু যে সমস্ত দুষ্কৃতকারীরা বনের সম্পদ চুরি করে, তারা রাইফেল স্টেনগান ইত্যাদিতে সজ্জিত হয়েই যায়; কাজেই কেবলমাত্র লাঠি সম্বল করে রক্ষীবাহিনী দুষ্কৃতকারীদের মোকাবিলা করতে পারেন না। কাজেই এক্ষেত্রে ট্রেন্ড রক্ষীবাহিনী রাখা দরকার এবং তাঁদের রাইফেল দেওয়া দরকার।

*[3.10 – 3.20 P.M.]*

স্যার, বন সংরক্ষনের জন্য যে আইন আছে এবং তার মাধ্যমে যে শাস্তি হয় সেটা আরো কঠোর হওয়া দরকার। কেননা দেখা যায় কিছু লোক বেআইনীভাবে গাছ কেটে নিয়ে যায় যার মূল্য ২০ হাজার টাকার মতো। এইভাবে বেআইনীভাবে কাঠ কেটে ট্রাকে করে চলে যাবার সময় ফরেষ্ট অফিসার ধরলো। তখন সেখানে ফরেষ্ট অফিসার তাকে জরিমানা করলো এবং জরিমানার পরিমান হ'ল খুব জোর ২-৩ হাজার টাকা। সুতরাং কাঠের দামের চেয়ে অনেক কম পরিমান টাকা তাদের জরিমানা দিতে হ'ল। সুতরাং এই ভাবে তারা বন ধ্বংস করার উৎসাহ পাচ্ছে। সেই জন্য আমি মনে করি এই ব্যাপারে শাস্তি আরো কঠোর হওয়া দরকার। বেআইনীভাবে বন ধ্বংস করলে যাবজ্জীবন কারাদন্ড হবে এই ধরণের আইন করা দরকার। সুতরাং বন সংরক্ষন আইন সংশোধন হওয়া দরকার। রিজার্ভ ফরেষ্ট যে সমস্ত আছে সেই এলাকার পাশাপাশি কোন বসতি অঞ্চল রাখা ঠিক নয়। তাদের ফরেষ্ট অঞ্চল থেকে দুরে সরিয়ে দেওয়া দরকার। কারণ তারা সেই বনাঞ্চল থেকে কাঠ কাটলে ধরা যাবে না। সুতরাং এই সমস্ত বনাঞ্চলের পাশে যাতে কোন লোকজন না থাকে সেটা দেখা দরকার। আমি আর একটা কথা বলতে চাই প্রটেকটেড ফরেষ্টের পাশে অনেক স-মিল আছে। বনাঞ্চলের পাশে স-মিলের লাইসেন্স দেওয়া বন্ধ করে দেওয়া দরকার। কেননা অসাধু ব্যবসায়ীরা বন থেকে কাঠ কেটে নিয়ে সেই স-মিলে চেরাই করে শহরে চালান করে দিচ্ছে। এইগুলি বন্ধ করা প্রয়োজন। আর যারা অন্যায়ভাবে কাঠ কেটে নিয়ে গিয়ে বাজারে বিক্রি করছে তাদের বিরুদ্ধে [illegible] ব্যবস্থা করতে হবে। এটা না করতে পারলে তারা বনাঞ্চল থেকে কাঠ কেটে বন নষ্ট করবে। সোসাল ফরেষ্ট্রি দিকে বিশেষভাবে নজর দেওয়া দরকার। মানুষ গাছ লাগানোর কাজে যাতে উৎসাহ পায় সেটা দেখা দরকার।

**শ্রী সরল দেব :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা যে প্রস্তাব এখানে উৎথাপন করেছি সেই প্রস্তাবের উপর অবিনাশ বাবু প্যারা (৩)-এ যে সংশোধনী এনেছেন সেটাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। স্বাধীনতার অনেক দিন বাদে কেন্দ্র এবং রাজ্য উপলব্ধি করলেন যে এখানে বন সৃষ্টি করার প্রয়োজনীয়তা আছে। পরিবেশ দূষণ সম্পর্কে তাঁরা আজকে পরিবেশ দূষণ বোর্ড এবং আলাদা মন্ত্রী করেছেন। আমি বলতে চাই আমাদের রাজ্য সারা ভারতবর্ষের সবচেয়ে ঘন বসতিপূর্ণ। কাশীবাবু বলেছেন - "সবার উপর মানুষ সত্য"। এই কথাটা ঠিকই। দেশের নেতৃবৃন্দ আগে এই কথা উপলব্ধি করতে পারেন নি যে বিপুল বনজ সম্পদ কাটা হচ্ছে। যেমন সমুদ্র ভাংছে এবং ক্ষয় হচ্ছে - ফারাক্কার ওখান থেকে ভাংতে শুরু করেছে। এই পরিকল্পনাকে রুপায়িত করতে গেলে নিশ্চয়ই কেন্দ্রীয় সরকারের প্রয়োজনীয়তা আছে। আবার গঙ্গার নাব্যতা কমে গিয়েছে। কাঁচরাপাড়া থেকে শুরু করে দক্ষিনেশ্বর পর্যন্ত যদি যান তাহলে দেখতে পাবেন গঙ্গাবক্ষে বাড়ি নির্মান হচ্ছে। দক্ষিনেশ্বরে অনেকখানি চড়া পড়ে গিয়েছে। নিশ্চয়ই এর জন্য টাকার প্রয়োজন আছে। এই ব্যাপারে বিভিন্ন দপ্তরের মধ্যে একটা সমন্বয় সাধনের দরকার আছে। যেমন বনজ সম্পদ কাটার জন্য যাদের লাইসেন্স দেওয়া হয়েছে তার বেআইনীভাবে কাঠ কাটছে এবং সমস্ত বনাঞ্চলের পাশে ব্যাপক হারে বেআইনী স-মিল গড়ে উঠেছে। ফলে আজকে এই ব্যাপারে স্বরাষ্ট্র দপ্তরকে প্রয়োজন। আজকে গোটা কলিকাতায় এবং শহরতলীতে ব্যপকভাবে আইনীভাবে ডিফরেসটেসান হয়ে গেছে। আজকে এখানে প্লানটেসানের জন্য পুরসভা এবং সি.এম.ডি.এ-র প্রয়োজন আছে। তৃতীয় হচ্ছে ভূমিরাজস্ব বিভাগের এই ব্যাপারে

প্রয়োজন আছে। শহরে যে সব জলাশয় আছে সেই গুলিকে রাতের অন্ধকারে মাটি ভর্ত্তি করে বসত জমির উপযোগী করে বিক্রি করে দেওয়া হচ্ছে। ল্যান্ড সিলিং দপ্তর থেকে কিভাবে পারমিসান নেওয়া হচ্ছে সেটা সকলেই জানেন। ওখানে কিছু পারসেনটেজ দিলে পারমিসান পাওয়া যায়। রেজিসট্রেসানের ব্যাপারে জে.এল.আর.ও দপ্তর ভূমিরাজস্ব দপ্তরকে ইনভলবড করতে হবে। সেচ দপ্তরকে ইনভলবড করতে হবে। আমি যে সমস্ত দপ্তরের নাম উল্লেখ করলাম এদের সকলকে সংগঠিত করে একটা সুষ্ঠ পরিকল্পনা রচনা করতে হবে। শহর এবং শহরতলীতে যে সমস্ত মানুষ বাস করে তারা এই বিষাক্ত পরিবেশের মধ্যে কেমন করে বেঁচে আছে সেটা পৃথিবীর সপ্তম আশ্চর্য্যের মধ্যে অন্যতম। কলিকাতা এবং তার আশেপাশে শহর এবং শহরতলীতে কিভাবে বেঁচে আছি। আমরা কিছুদিন আগে প্রেসিডেন্সী কলেজের একদল বিজ্ঞানীকে দিয়ে গঙ্গাঁর বুকে সার্ভে. করিয়েছিলাম। তারফলে দেখা গেছে যে গঙ্গাঁর জল সম্পূর্ণরুপে বিষাক্ত হয়ে গেছে। গঙ্গাঁর দুষিত জল আজও পরিবর্ত্তিত করার কোন ব্যবস্থা গৃহীত হয় নি। সেই দুষিত জল পান করে মানুষ আজ নানা রোগের কবলে পড়ছেন। কিছুক্ষণ আগে একজন বক্তা দামোদর নদ, অজয় নদী মজে যাওয়ার কথা বললেন। এই সমস্ত দিকগুলোর প্রতি লক্ষ্য রেখে এখানে এই প্রস্তাব উৎথাপন করা হয়েছে। এই প্রস্তাবনাকে সমর্থন করে মাননীয় সদস্যরা উদ্বেগ প্রকাশ করেছেন। পশ্চিমবাংলা ভারতবর্ষের অন্যান্য রাজ্যগুলির মধ্যে একটা অন্যতম ঘনবসতিপূর্ণ রাজ্য। জনবসতির সঙ্গে সঙ্গতি রেখে যেখানে রাজ্যের মধ্যে ৩৩ শতাংশ বনাঞ্চল নূনাতম ভাবে প্রয়োজন তা নেই। এখানে মাত্র ১৩.৪ শতাংশ বনাঞ্চল আছে। ন্যূনতম বনাঞ্চল এখানে আজও সৃষ্টি করা যায় নি, বনাঞ্চল এখানে এ্যাবনর্মালি লো। এখানে নতুন করে বন সৃষ্টি করতে হবে। সেই বন দপ্তরের পক্ষ থেকে অন্যান্য দপ্তরের সমন্বয় সাধনের মাধ্যমে একটা মাষ্টার প্লান তৈরী হওয়া দরকার। এই ব্যাপারে রাজ্য সরকারের পক্ষ থেকে শুধু পরিকল্পনা রচনা করলেই সবকিছু হয়ে যাবে না, এরজন্য কেন্দ্রীয় সরকারের সহযোগিতাও একান্তভাবে কাম্য। কেননা, এবারে আমরা লক্ষ্য করলাম বন দপ্তরের জন্য যে বাজেট রচনা করা হয়েছে, তা প্রয়োজনের তুলনায় অতি অল্প। এই কম টাকার সাহায্যে আপনার পক্ষে নতুন করে প্রয়োজনীয় মাত্রায় বন সৃজন সম্ভব নয়। আপনার দপ্তরে এই বাবদ মাত্র ২৪ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে আমরা দেখলাম। এই টাকা দিয়ে বিরাট মাষ্টার প্লানকে কখনও রুপায়িত করা সম্ভব নয়। অথচ পশ্চিমবাংলার বুকে যদি আমরা সত্যিই বাঁচতে চাই তাহলে পরিবেশ দুষণ রোধ করতেই হবে এবং তা ব্যাপক বন সৃজনের মাধ্যমের সম্ভব হতে পারে। পরিবেশ দুষণ রোধকল্পে একদিকে যেমন বন-সৃজন করতে হবে, সঙ্গে সঙ্গে অপরদিকে গঙ্গার ভাঙ্গন রোধ এবং অন্যান্য যে সমস্ত নদীগুলো মজে গিয়েছে বা পলি জমা হয়ে চড়া পড়েছে, তারজন্য যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে। গঙ্গায় পলি পড়া বন্ধ করার জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে ফারাক্কা থেকে ৪০ হাজার কিউসেক জল দাবী করা হয়েছে। ওখান থেকে যদি ৪০ হাজার কিউসেক জল গঙ্গাবক্ষে না দেওয়া যায়, তাহলে গঙ্গার বুকে পলি ও চড়া পড়া কখনই বন্ধ করা যাবে না। এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সহযোগিতা দরকার। কেননা, ওখান থেকে জল পাওয়ার ব্যাপারে পাশ্ববর্ত্তী রাজ্য বাংলাদেশের সঙ্গে পর্যায়ে কথাবার্ত্তা বলার দরকার আছে। এই কাজ তো আর রাজ্য সরকারের পক্ষে করা সম্ভব নয়। রাজ্য উন্নয়ন পর্ষদকে এই ব্যাপারে মাষ্টার পরিকল্পনা রচনা করতে হবে এবং সেই পরিকল্পনাগুলির মধ্যে যেগুলি রাজ্য সরকারের পক্ষে করা সম্ভব তা বিভিন্ন দপ্তরের মধ্যে কো-অর্ডিনেশনের মাধ্যমে রূপায়ণ করতে হবে। রাজ্যের মধ্যে যে সমস্ত পুকুর আছে, সেগুলিকে জে.এল.আর.ও. অফিস থেকে কিছু পয়সার বিনিময়ে বে-আইনী ভাবে বাস্তু জমি বলে

বিক্রি করে দেওয়া হচ্ছে। সেজন্য পুকুরগুলি ভরাট করা ও বিক্রি সমস্ত কিছু অবিলম্বে বন্ধ করার ব্যবস্থা করতে হবে। আজ কীটনাশক দ্রব্য বা পোষ্টসাইড্স ব্যাপকভাবে ব্যবহারের ফলে ক্ষেতের জল চারিদিকে ছড়িয়ে পড়ে পরিবেশ দূষিত হয়ে পড়ছে। এই ব্যাপারে রাজ্য সরকারের কাছে আমাদের কিছু কিছু সাজেস্‌সান আছে। কলকাতা শহরের বুকে নানা দিক থেকে নতুন নতুন ট্রাম লাইন ও মেট্রো রেল চলাচলের জন্য অনেক গাছ কেটে ফেলা হয়েছে। সেই সমস্ত অঞ্চলে নতুন নতুন প্লানটেশনের প্রয়োজন আছে। অন্যান্য রাজ্যে যেমন, গুজরাটে গেলে আপনি দেখবেন, সেখানে কেমন ভাবে নতুন নতুন প্লানটেশানের ব্যবস্থা হয়েছে। অথচ আমাদেব এখানে কলকাতা তার আশেপাশের অঞ্চলগুলিতে গেলে দেখা যাবে ব্যাপক বনচ্ছেদনের ফলে অঞ্চলগুলি যেন মরুভূমিতে পরিণত হয়েছে। সেজন্য আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ জানাই, তিনি যেন বিভিন্ন দপ্তরের সঙ্গে কো-অর্ডিনেশন করে যথার্থ পদক্ষেপের মাধ্যমে পরিবেশ দূষণ রোধকল্পে ব্যবস্থা গ্রহণ করুন। আমি কিছু দিন আগে দুর্গাপুর গিয়েছিলাম, সেখানে দেখলাম প্রচন্ড গরম, সব সময়ে লু বইছে। সেখানে কোন গাছ নেই। ব্যাপকভাবে গাছপালা সেখানে কাটা হয়েছে। বনাঞ্চলগুলিতে বেআইনীভাবে ব্যাপক ডিফরেষ্টেশান হচ্ছে এবং মিলগুলিতে চালান দেওয়া হচ্ছে সেই সমস্ত চোরাই কাঠ। ওয়ার্ল্ড এনিম্যাল ব্যাপকভাবে হত্যা করা হচ্ছে। এই সমস্ত রক্ষা করার জন্য ব্যাপক বন্দোবস্ত গ্রহণের প্রয়োজন আছে। এই কথা বলে মাননীয় অবিনাশ বাবু যে সংশোধনী এনেছেন, তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Presentation of the Supplementary Report containing Corriegenda of the 19th Report of the Committee on Government Assurances, 1984-85.**

**The Chairman (Shri Matish Ray) :** Sir, I beg to present the Supplementary Report containing corrigenda to the Nineteenth Report of the Committee on Government Assurances, 1984-85.

**[3.20 – 3.30 P.M.]**

মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি সংক্ষেপে যেকথা বলতে চাই যে আমাদের প্রস্তাবের ভাষায় যে বয়ান তৈরী হয়েছে তাতে কিছু ভুল বোঝাবুঝির সৃষ্টি হতে পারে বলে আমি পরিষ্কার করে বলতে চাই যে গঙ্গা নদীর আজকে যে অবস্থা এবং বিশেষ করে পশ্চিমবঙ্গের গঙ্গা নদীর যে অবস্থায় পৌঁছেছে সেটা একটা গভীর ভাবে চিন্তা করতে হবে। উত্তরপ্রদেশ এবং বিহারের মধ্যে দিয়ে গঙ্গা নদী প্রবাহিত হয়ে আসছে, সেখানে ২টি রাজ্য খাল কেটে এই গঙ্গার জলকে ব্যাপকভাবে কৃষিকার্যে ব্যবহার করছে। এরফলে গঙ্গার স্বাভাবিক নব্যতা নষ্ট হয়ে গেছে এবং গঙ্গার রিভার বেড যেটা পশ্চিমবঙ্গে আছে সেটা উঁচু হয়ে গেছে। উত্তর ভারতে গঙ্গার নামে দক্ষিণ দিকে, তারফলে প্রতিবছর পশ্চিমবঙ্গে বণ্যা হচ্ছে এবং এতে বিপুলভাবে ক্ষয়ক্ষতি হচ্ছে। আমরা জানি মান সিং কমিটি এবং কেন্দ্রীয় স্থায়ী কমিটি কেন্দ্রীয় সরকার বসিয়েছিলেন। সেখানে মানসিং কমিটি নদীগুলির সম্পর্কে বিস্তাতির আলোচনা করেছিলেন এবং তার উপরে যে রিপোর্ট দিয়েছেন তাতে কেন্দ্রীয় সরকারের উপর ন্যস্ত করেছিলেন, সেই দায়িত্ব কেন্দ্রীয় পালন করতে পারেন নি। আরেকটি কথায় এখানে ভুল বোঝাবুঝির সৃষ্টি হতে পারে, আমার প্রস্তাবে লেখা আছে যে পশ্চিমবঙ্গে বনাঞ্চলের পরিমাণ খুব

কম। আমি বলছি সেটা শুধু পশ্চিমবঙ্গে নয়, অন্যান্য রাজ্যেও একই অবস্থা। সুতরাং এটা দেখে বুঝুন কেন বলছি। তার কারণ হচ্ছে যারা বনাঞ্চল বা গ্রামাঞ্চলে বাস করে বিশেষ করে অনুন্নত শ্রেণী, যারা এই বনাঞ্চলের উপর নির্ভর করে যাদের জীবিকা নির্বাহ করে থাকে তাদের ক্ষেত্রে কাঠ একটি মূল্যবান সম্পদ। এই কাঠের অর্থনৈতিক দিকে মূল্য বেড়েছে। মানুষ অভাবে পড়ে সেই অভ্যন্তের কথা চিন্তা না করে সামগ্রিকভাবে সেখানে বনাঞ্চলে বেআইনীভাবে গাছ কেটেই চলেছে ফলে প্রাকৃতিক দিক থেকে এই বিষয়ে বিশেষ ভাবার ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। তারপরে পরিবেশের প্রশ্ন এসেছে, পশ্চিমবঙ্গে পরিবেশের ক্ষেত্রে যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে যদিও আকাংখিতভাবে আমরা যা চেয়েছি তা হতে পারেনি তবু যতটা পারা যায় তার চেষ্টা করেছি, এরজন্য অবশ্য আত্মতুষ্টির কোন কারণ নেই। একটা কথা কংগ্রেস বন্ধুদের কাছে তুলে ধরতে চাই যেটা সম্বন্ধে তারা খবরও রাখেন না। গোটা পূর্ব ভারতে বিশেষ কবে কলিকাতা শিল্পাঞ্চলে বৃহত্তর কলকাতায় যেভাবে পরিবেশ দূষিত হচ্ছে তাতে জলও দূষিত হচ্ছে এবং বায়ু দূষিত হচ্ছে, এয়ার পলিউশান এবং ওয়াটার পলিউশান হচ্ছে। আজকে বিজ্ঞানের সুযোগ নিয়ে তার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং তার যথাযোগ্য ব্যবহার করতে হবে। কিন্তু দুঃখের বিষয় কেন্দ্রীয় সরকার পূর্বাঞ্চলের কেন্দ্রীয় সরকারের গবেষণাগারটি পশ্চিমবঙ্গে না করে গৌহাটিতে নিয়ে যাবার পরিকল্পনা করলেন। এই বিষয়ে ওয়েষ্ট বেঙ্গল পলিউশান কণ্ট্রোল বোর্ডের থেকে প্রস্তাব দেওয়া হয়েছিল এই গবেষণাগারটি কলিকাতার আশেপাশে স্থাপন করুন কিন্তু ওরা সেটা গ্রহণ করেনি। তবে বর্তমানের প্রধানমন্ত্রী গঙ্গা নদীর নাব্যতাকে যাতে আরো বিস্তৃত করা যায় তারজন্য আগ্রহ প্রকাশ করেছেন এবং এই বিষয়ে তিনি একমত। কিন্তু তারজন্য যে দায়-দায়িত্ব তাঁকে কেন্দ্রীয় সরকারকে উপযুক্তভাবে গ্রহণ করতে হবে সেটা কিন্তু করছেন না। এই বিষয়ে রাজ্য সরকার ইতিমধ্যে মতামত দিয়েছেন, মুখ্যমন্ত্রী এবং পরিবেশ মন্ত্রীও রাজ্য সরকারের মতামত জানিয়ে দিয়েছেন যাতে তাঁরা ব্যবস্থা গ্রহণ করেন। সর্বশেষে আমি বলতে চাই কেন্দ্রীয় সরকার যদি গোটা পূর্বাঞ্চলের জন্য সার্বিক পরিকল্পনা গ্রহণ করেন পরিবেশ দূষণের পক্ষে তাহলে আমরা কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে পারব এবং যে সংশোধনী প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমি শেষ করছি।

**শ্রী প্রবোধ পুরকায়েত :** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আজকে যে পরিবেশ দূষণ সম্পর্কে যে প্রস্তাব উত্থাপন করা হয়েছে তাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। শুধু পশ্চিমবাংলায় নয় ভারতবর্ষের বিভিন্ন জায়গায় সেখানকার জল, আকাশ, বাতাস এমন একটা দূষণ হয়েছে যার প্রভাব শুধু মানুষের উপরই পড়ছে না উদ্ভিদ জগতের উপর ও তার ছাপ পড়ছে। এর হাত থেকে যদি পরিত্রাণ পেতে হয় তাহলে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী নিয়ে বিজ্ঞানভিত্তিক পরিকল্পনা গ্রহণ করে আমাদের এগুতে হবে এবং প্রাকৃতিক সম্পদকে মানুষ যথেচ্ছভাবে ব্যবহার করার ফলে প্রকৃতি মানুষের উপর একটা প্রতিশোধ নিতে চাইছে। তাই আমরা দেখছি ঋতু ঠিক সময়ে আসে না এবং প্রতি বছরেই খরা বা বন্যা লেগেই আছে। প্রকৃতির ভারসাম্য রক্ষার প্রধান ভূমিকা হচ্ছে উদ্ভিদের। গাছপালাকে বেপরোয়াভাবে কাটা হচ্ছে। গাছপালা বাতাসের মধ্যে দুষিত আবহাওয়া যে সৃষ্টি করে তা ধ্বংস করবার ক্ষমতা রাখে। মুনাফালোভী মানুষেরা বেপরোয়াভাবে গাছপালা কাটছে। হিমালয়ের একপাশে তরাই অঞ্চল, অপরদিকে সুন্দরবনের বনাঞ্চলকে বেপরোয়াভাবে কাটা হচ্ছে। দরিদ্র মানুষ তার জ্বালানী এবং গৃহ নিমার্ণের জন্য এই সব জায়গা থেকে কাঠ সংগ্রহ করছে। কন্ট্রাকটাররা সংরক্ষিত বনাঞ্চল থেকে গাছ কাটার সুযোগ পেয়ে আইনের বাইরে গিয়েও তারা গাছ কাটছে। যার ফলে আমরা দেখছি দক্ষিণ বঙ্গে বৃষ্টিপাতের পরিমাণ দিনের পর দিন কমে যাচ্ছে। এর ফলে প্রাকৃতিক

আবহাওয়া বিপন্ন হচ্ছে। অপর দিকে গঙ্গা শুধু নয় পশ্চিমবাংলার অন্যান্য নদীগুলোতে চরা পড়ে জলাধার থাকছে না শুকিয়ে যাচ্ছে। গঙ্গা নিম্ন বঙ্গে যেখানে বঙ্গোপ সাগরে মিলিত হচ্ছে সেখান থেকে আরম্ভ করে বিহার উত্তরপ্রদেশ পর্যন্ত যদি দেখা যায় তাহলে দেখবো গঙ্গা নদীর দুই পাশে যে সমস্ত কলকারখানা গড়ে উঠেছে সেই সমস্ত কলকারখানা দূষিত দ্রব্য গঙ্গায় পড়ার ফলে গঙ্গার জল দূষিত হচ্ছে এবং রোগের বীজানুতে ভরপুর হয়ে গেছে। তাই এখানে যে প্রস্তাব এসেছে তাকে শুধু প্রস্তাবাকারে গ্রহণ করলেই হবে না প্রাকৃতিক ভারসাম্যকে রক্ষা করতে হয় তাহলে বৈজ্ঞানীক দৃষ্টিভঙ্গী নিয়ে পরিকল্পনাগুলিকে কার্যকরী করতে হবে এবং বিভিন্ন বিভাগের মাধ্যমে একটা সমন্বয় সাধন করে আগামী দিনে তাকে রূপ দেবার ব্যবস্থা করতে হবে। এই বলে আমি এই প্রস্তাবকে সমর্থন করছি।

**শ্রী ভবানী মুখার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী কাশীনাথ মিশ্র এবং আরো কয়েকজন মাননীয় সদস্য পরিবেশ সম্পর্কিত যে প্রস্তাব এনেছেন এবং মাননীয় সদস্য শ্রী অবিনাশ প্রামানিকের পক্ষ থেকে যে সংশোধনী যুক্ত হয়েছে আমি সাধারণভাবে এই প্রস্তাবের প্রতি আমার বা রাজ্যসরকারের নীতিগত সমর্থন ঘোষণা করছি। এই প্রস্তাবটা এত বৃহৎ এবং বিরাট আকারের যে এই প্রস্তাব নিয়ে সামগ্রিকভাবে পরিকল্পনা রচনা করার যে কাজ সেই কাজের সঙ্গে বিভিন্ন বিভাগ জড়িত, আমাদের রাজ্যের জন্য একটা সামগ্রিক পরিকল্পনা কত বছরের গ্রহণ করতে পারব জানি না। সামগ্রিকভাবে পরিবেশ উন্নতির জন্য কত অর্থ ব্যয়, কত ব্যাপক কর্মসুচী গ্রহণ করতে হবে আমরা এখানে পর্যালোচনা করার পর কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করে একটা ঐক্য মতে একটা দৃষ্টিভঙ্গীতে পৌঁছাতে হবে। এটা একটা বিরাট সমস্যা, বহুদিন ধরে যে সভ্যতা কৃষ্টি আমরা সৃজন করে এগিয়ে চলেছি তার পরিনামে এই যে পরিবেশ দূষণ তার প্রতিবিধান করার যে রাস্তা সেটা অন্যান্য উন্নত জাতি তাদের উন্নত অর্থনীতির ভেতর দিয়ে গড়ে তুলতে পারে, কিন্তু আমাদের মত দরিদ্র উন্নতিকামী রাজ্যে কত সময়ের মধ্যে আমরা সেটা গড়ে তুলতে পারব জানি না। ভারতবর্ষের সামগ্রিকভাবে যে সমস্যা আছে সে তো আছেই, আমাদের পশ্চিমবঙ্গে একটা বিশেষ সমস্যা আছে, স্বাধীনতার পরবর্তী যুগে বাংলাদেশ দ্বিখন্ডিত হয়ে এক-তৃতীয়াংশ আমাদের পশ্চিমবঙ্গে এসেছে, ফলে পূর্ববঙ্গ থেকে ভাই-বোনেরা আসার ফলে আমাদের এখানে ব্যাপক জনসংখ্যা বসবাস করছেন। তাঁদের বাঁচার প্রয়োজনে তাঁরা যেভাবে সম্পদ, পরিবেশকে পরিবর্তন করছেন, যেভাবে ড্রেনেজ সিসটেম, বসবাসের স্থানের পরিবর্তন ঘটছে তাতে সমস্যা আরো গুরুতর হয়ে উঠছে। এর মধ্যে কতখানি করতে পারব সেটা জানি না। এখানে প্রধানতঃ নদী, অরণ্য সম্পদ ধ্বংস, নদী-নালার সেচ ব্যাবস্থা, কিছু বন্য প্রাণী সম্পর্কিত আলোচনা হয়েছে: শহরাঞ্চলে শিল্প যেভাবে গড়ে উঠছে, ভূমিক্ষয় যেভাবে পশ্চিমবঙ্গে হচ্ছে, যেভাবে বালি খাদ হচ্ছে, ইটখোলা হচ্ছে, আনপ্ল্যান্ড টাউন হচ্ছে, অবিলম্বে প্ল্যান্ড টাউন গড়ে তোলার জন্য পরিকল্পনা করা, পুরান যেগুলি আছে তারজন্য লড়াই করতে হবে, এরজন্য ব্যাপক আইন তৈরী করা এবং বিভিন্ন আইনের সংশোধন করা, তারজন্য রাজ্যসরকার তো বটেই জনসাধারণকে তার সঙ্গে সংযুক্ত করে একটা কো-অর্ডিনেশান মুভমেন্ট করার দরকার আছে। সেই কাজ করতে গেলে অর্থনৈতিক সঙ্গতির দরকার আছে। এই প্রাকৃতিক অবস্থার সামঞ্জস্য রক্ষা করা একটা বিরাট কাজ, সেই কাজ করতে গেলে যে প্রস্তাব আছে সেই প্রস্তাবকে কার্যকরী করার দিকে এগিয়ে যেতে গেলে কেন্দ্র, রাজ্য এবং জনসাধারণকে সকলকে ঐক্যবদ্ধ হতে হবে, তবেই এটা করতে পারব, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**[3.30 – 3.40 P.M.]**

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যরা এবং পরিষদীয় দপ্তরের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী মহাশয় যে বক্তব্য রাখলেন এবং সবচেয়ে এই পরিবেশ সম্বন্ধে প্রস্তাবটি যে আমরা সর্বসম্মতিক্রমে এখানে নিয়ে আসতে পেরেছি, সেই অধিকার যে মাননীয় উপাধ্যক্ষ মহাশয় দিয়েছেন, রাজ্যসরকার তাতে যে ঐক্যমত হয়েছেন তারজন্য আমি কৃতজ্ঞতা জানাচ্ছি। সবচেয়ে বড় জিনিষ হচ্ছে অবস্থা ভয়াবহ। পশ্চিমবাংলা তথা ভারতবর্ষের গঙ্গার উপত্যকা, গঙ্গা নদীর এলাকাগুলি এবং তার সঙ্গে হিমালয় থেকে আরম্ভ করে তরাই এবং সুন্দরবন অঞ্চলকে রক্ষা করা দরকার। আমাদের মূল বক্তব্য হচ্ছে আজকে যেটুকু ক্ষমতা এই সরকারের কাছে তার মাধ্যমেই পরিবেশের যে অবস্থা সৃষ্টি হয়েছে তার প্রতিকার করে একটা ভারসাম্য রক্ষা করা দরকার। শুধু তাই নয় কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করে যেগুলো জাতীয় পরিকল্পনা এবং যেটা দেশকে, জাতিকে রক্ষা করবে সেদিকে দৃষ্টি দেওয়া দরকার। কিছুদিন আগেই যে স্যাটেলাইট সার্ভে হয়েছিল তাতে আমরা দেখেছি পশ্চিমবাংলায় ৮.৪ হচ্ছে বনাঞ্চল। আমি আশাকরি আমাদের পরিবেশ মন্ত্রী ঐ স্যাটেলাইট সার্ভের রিপোর্টটি খোঁজ করে দেখবেন। আমরা সকলেই জানি একটা ফুলগ্রোন ট্রি—-এর ভ্যালু হচ্ছে ১৫ লক্ষ টাকা। এবারে চিন্তা করুন একটি বৃহদাকার গাছ আমাদের ১৫ লক্ষ টাকা দিতে পারে অথচ সেই গাছগুলো নষ্ট হয়ে যাচ্ছে। কাজেই এই সমস্ত ফুল গ্রোন ট্রি যেগুলো আছে তাকে অবশ্যই রক্ষা করা দরকার। আলিপুর চিড়িয়াখানায় ৪০/৫০টি বড় গাছ আছে যাদের বয়স প্রায় ৭০ থেকে ৭৫ বছর এগুলো রক্ষা করা অবশ্য দরকার। গঙ্গার যা অবস্থা হয়েছে তাতে তাকে রক্ষা করবার জন্য এই দপ্তর যে ব্লু প্রিন্ট করছে সেখানে প্রয়োজন হলে সর্বদলীয় কমিটি করা দরকার এটা আমি মনে করি। যে এ্যামেন্ডমেন্ট এসেছে আমি তা গ্রহণ করছি। পশ্চিমবাংলাকে আরও সুন্দর করুন একথা বলে বক্তব্য শেষ করছি।

The motions of Shri Abinash Pramanik that (i) In last para, line 3, after the word "পরিকল্পনা" the following words be inserted:

" রচনা করতে রাজ্য প্ল্যানিং পর্ষদকে অনুরোধ করছে এবং এই পরিকল্পনা কার্যকরী করার জন্য যথাযথ আর্থিক সাহায্য"

and

(ii) In last para, line 3, the word "গ্রহণ" be omitted ; were then put and agreed to.

The motion of Shri Kashinath Misra, as amended, that-

"যেহেতু বনসৃজন, বৃক্ষরোপন, জলাধার নির্মাণ, ভূমিক্ষয় রোধ, গঙ্গা ও অন্যান্য নদ-নদীর ভাঙ্গন রোধ এবং খাল খনন ইত্যাদির অভাব হেতু পশ্চিমবঙ্গে অভূতপূর্ব পরিবেশ দেখা দিয়েছে;

যেহেতু ঐসব বিষয়ে আশু সজাগ দৃষ্টির অভাবে তাপপ্রবাহ এবং ভবিষ্যতে খরা ও বন্যার প্রকোপ বৃদ্ধির সম্ভাবনা আছে;

যেহেতু পশ্চিমবাংলার বনাঞ্চল ১৩.৪ শতাংশ মাত্র এবং এই অঞ্চলকে প্রয়োজনীয় ন্যূনতম ৩৩ শতাংশ বৃদ্ধি করা সম্ভবপর হয় নি;

যেহেতু ক্রমবর্ধমান বনাঞ্চল ধ্বংসের জন্য প্রাকৃতিক সম্পদকে রক্ষা করা সম্ভব হচ্ছে না;

যেহেতু গঙ্গা সহ বিভিন্ন নদ-নদীগুলির ক্ষতিসাধনে প্রাকৃতিক ভারসাম্য বজায় থাকছে না;

যেহেতু আবহাওয়ার পরিবর্তনে খরা ও বন্যা নির্দিষ্ট ঋতুতে ঘটছে না;

যেহেতু পরিবেশ দূষণ রোধ করতে এবং বনাঞ্চল সৃষ্টি করতে ব্যাপক পরিকল্পনা অভাব দেখা যাচ্ছে;

সেইহেতু এই সভা প্রাকৃতিক ভারসাম্য বজায় রাখতে, পরিবেশ দূষণ রোধ করতে এবং ব্যাপকভাবে বনাঞ্চল সৃষ্টি সহ বিভিন্ন নদ-নদীগুলোর নাব্যতা ও অবিরত জলপ্রবাহ বজায় রাখার জন্য পরিকল্পনা রচনা করতে রাজ্য প্ল্যানিং পর্ষদকে অনুরোধ করছে এবং এই পরিকল্পনা কার্যকরী করার জন্য যথাযথ আর্থিক সাহায্য করতে রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাচ্ছে"।

was then put and carried.

## 62nd Report of the Business Advisory Committee

**Mr. Deputy Speaker :** Now, I present the 62nd Report of the Business Advisory Committee as follows :

Thursday, 2-5-85 ... (i) The West Bengal Appropriation (Excess Expecditure, 1974-75, 1975-76, 1976-77 and 1977-78) Bill, 1985 (Introduction, Consideration and Passing) - 1/2 hour.

(ii) The Taxes on Entry of Goods into Calcutta Metrapolitan Area (Amendment) Bill, 1985 (Introduction, Consideration and Passing) - 1 hour.

(iii) The Calcutta University Institute (Taking over of Management of Auditorium) Bill, 1985 (Introduction, Consideration

and Passing) - 2 hours.

(iv) The Bengal (Rural) Primary Education (Amendment) Bill, 1985 (Introduction, Consideration and Passing) - 1/2 hour.

Friday, 3-5-85 .. Private Members' Business - 3 hours.

There will be no Questions for Oral Answers on Friday, the 3rd May, 1985.

Now, I request the Parlimentary Affairs Minister to present the Report for acceptance of the House.

**Shri Patit Paban Pathak :** Sir, I beg to move that the 62nd Report of the Business Advisory Commitee, as presented in the House, be agreed to.

( Voices - Yes)

The Motion was then adopted.

[3.40 – 3.50 P.M.]

**শ্রী নীরোদ রায়চৌধুরী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কেন্দ্রীয় রেল দপ্তর সাধারণ মানুষের বিরুদ্ধে কিভাবে বিশ্বাসঘাতকতা করছে তার একটা নজীরবিহীন ঘটনা আপনার সামনে তুলে ধরতে চাই। কেন্দ্রীয় রেল দপ্তর থেকে আবার একটা সারকুলার দিয়েছে। ১৯৮২ সালে তারা যে একটা গোপন সারকুলার দিয়েছিল সেটা আমি আমি এই বিধান সভায় পেশ করেছিলাম যে কিভাবে তারা মাঝখান থেকে ভাড়া বাড়িয়েছিল। পরবর্তীকালে আবার তারা ভাড়া বাড়িয়েছে। তারা একটা সারকুলার দিয়েছেন Circular No. 104/1/vol xi/ four. Pass. Fare/85/RF dated 4/4/85. তার মধ্যে তাবা ঘোষণা করেছেন ২৫ থেকে ৩০ ভাগ ভাড়া বাড়ানো হবে। ১৭ টাকা থেকে ২১ টাকা করেছে এবং এইভাবে অন্যায়ভাবে তারা সারকুলার দিয়েছে। আমার কাছে তার অরিজিন্যাল কপি আছে। আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে এই সারকুলার প্রত্যাহার করার জন্য দাবী জানাচ্ছি। আমি বলছি যে এই অন্যায় সারকুলার যেন তারা প্রত্যাহার করেন।

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে অধ্যক্ষ মহাশয় নেই বলে আপনাকে জানাচ্ছি যে আমি বহু কোয়েশ্চেন জমা দিয়েছিলাম ডিউ টাইমে এবং সেগুলি ডিউ টাইমে এ্যাকসেপ্টও হয়ে এসেছে - কিন্তু তার উত্তরগুলি আমরা পাচ্ছি না। এতে আমাদের প্রিভিলেজ কার্টেল হচ্ছে। এই সব প্রশ্নগুলি খুবই গুরুত্বপূর্ণ - এতে জনস্বার্থের প্রশ্ন আছে আমার এলাকার প্রশ্ন আছে এবং জনসাধারণের নানা স্বার্থের প্রশ্ন আছে। হাউসের দিন বাড়িয়ে যাতে এই সব প্রশ্নের উত্তরগুলি পাওয়া

যায় তার ব্যবস্থা করুন এই অনুরোধ জানাচ্ছি।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** যখন এ্যাডমিট হয়ে গিয়েছে এবং কোয়েশ্চেনগুলি এসে গিয়েছে, তখন তো সবই আপনি জেনে গেছেন আর কি দরকার।

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, এর কোন উত্তর আমি পাচ্ছি না।

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি ত্রাণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার নির্বাচনী কেন্দ্র বেলডাঙ্গা ২ নং ব্লকের কাশীপুর গ্রামে গত ২৩শে এপ্রিল সেখানে ৪০০ মত বাড়ী আগুনে পুড়ে এবং কাল বৈশাখীর ঝড়ে ভস্মীভূত হয়েছে। কিন্তু এখনও পর্যন্ত কোন রিলিফ সেখানে পৌঁছায় নি। সেখানকার মানুষ অত্যন্ত অসহায় অবস্থার মধ্যে আছে এবং বিপন্ন বোধ করছে। সেখানে অতিক্রুত রিলিফ পাঠাবার জন্য আপনার মাধ্যমে ত্রাণ মন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী সুব্রত মুখার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি কোন বিতর্কিত বিষয়ের উপর কোন কথা বলছি না। আমাদের পক্ষের মাননীয় সদস্য আব্দুল মান্নান একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় সম্বন্ধে উল্লেখ করেছেন। সমস্ত পশ্চিমবাংলার ব্যাপার এবং খুবই বিতর্কিত। একজন মন্ত্রীর গৃহবধু হত্যার ব্যাপারে জড়িত এবং তার উপস্থিতিতে অর্থাৎ এটা যখন বলা হয়েছে তখন তিনি চুপ করে বসেছিলেন। তাহলে এটা কি ধরে নেবো যে মৌনং সম্মতি লক্ষনম। এই ভয়ঙ্কর ব্যাপারে একজন মন্ত্রী আছেন এটা ধরে নিতে হবে? এটা কি বরাদাস্ত করা হবে। তাহলে কি ধরে নেবো যে গৃহ বধু হত্যার সঙ্গে উনি আছেন। তাহলে ভেবে নিতে হবে হাউসের মধ্যে অন রেকর্ড লিখে দিয়েছে। তাহলে গৃহ বধু হত্যার মধ্যে মন্ত্রীও আছেন। আজকে গৃহবধু হত্যার ব্যাপারে অনেক খবর বেরোচ্ছে not that he is out of the House. You have allowed me to speak. The minister is here. It is a very serious allegation. গৃহ বধু হত্যা আমাদের সামাজিক ব্যাধি, এই সামাজিক ব্যাধি যদি দূর হয়, এবং রাজ্যের মন্ত্রী যদি এই ব্যাপারে যুক্ত থাকেন — ইট ইজ ভেরি সিরিয়াস এ্যালিগেশন।

নয়েজ

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** সুব্রত বাবু আপনি বসুন।

**শ্রী সুব্রত মুখার্জী ঃ** I will not seat The Minister is here. Let him make a statement. এটা একটা সামাজিক ব্যাধি, এই সামাজিক ব্যাধির সঙ্গে যুক্ত একজন মন্ত্রী, লেট হিম মেক এ স্টেটমেন্ট।

নয়েজ

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** Subrata Babu, please take your seat. I request you to take your seat.

নয়েজ

**শ্রী সুব্রত মুখার্জী :** Sir, it is every session watter. It is a social time. The minister is here. Let him make a statement.

নয়েজ

**মিঃ ডেপুটি স্পীকার :** Please take your seat. I am on my legs. You are violating the Parlimentary decorum if you do not seat I will be complies to take action against you.

নয়েজ

**শ্রী সুব্রত মুখার্জী :** It is a Social crime. I will not seat. If you like can take action against me.

**শ্রী পতিত পাবন পাঠক :** উনি এই ব্যাপারে নোটিশ দেবেন তাহলে সমস্ত উত্তর পাবেন। নোটিশ দিয়ে আলোচনা করুন।

**শ্রী সুব্রত মুখার্জী :** Sir, It is a very serious matter. The minister is here. Let him make a statement first, then I shall sit.

**শ্রী পতিত পাবন পাঠক :** নোটিশ দিলে সব জবাব দেওয়া হবে

**মিঃ ডেপুটি স্পীকার :** Mr. Mukherjee, you are violating the parlimentary rules and procedure. You are be having against the Parliamentary decorum. please take your seat. Now I call upon Shri Amalendra Roy to more his motion.

(noise)

**শ্রী অমলেন্দ্র রায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি সভার বিবেচনার জন্য এই প্রস্তাব এখানে পেশ করছি। যেহেতু সংবিধানের ৩৯(খ) ধারা মোতাবেক এবং এবং জনসাধারণকে ন্যায্যমূল্যে সব রকমের বস্ত্র ও সুতো সরবরাহ করতে ও উৎপাদন বৃদ্ধির উদ্দেশ্যে এই রাজ্যের বেশ কিছু সংখ্যক পরিচালনভার শিল্প ( নিয়ন্ত্রন ও উন্নয়ন) আইন ১৯৫১ অনুসারে গ্রহণ করা হয় এবং জাতীয়করণ আইন, ১৯৭৪ অনুসারে জাতীয়করণ করা হয়। যেহেতু বিগত এক দশক যাবৎ পরিচালন ব্যবস্থায় বহুবিধ ত্রুটির জন্য লাভ জনক সংস্থা হওয়া তো দুরের কথা, এই কাপড় ও সুতোকলগুলো ক্রমশঃ আরও বেশী করে রুগ্ন হয়ে পড়ছে।

**[3.50 – 4.10 P.M.] ( including adjourment)**

যেহেতু ১৯৮২-'৮৩ সালে এই মিলগুলোর লোকসানের পরিমাণ যেখানে ছিল সোয়া এগার কোটি টাকার মত, ১৯৮৩-৮৪ সালে তা বেড়ে হয়েছে প্রায় সাতাশ কোটি টাকার মত এবং

কনট্রোলের ও অনিয়ন্ত্রিত কাপড় তৈরীর ক্ষেত্রেও মিলগুলো শোচনীয় পরিস্থিতির সম্মুখীন হয়েছে;

যেহেতু অকারিগরী ও কারিগরী পরিচালন ব্যবস্থার শোচনীয় সীমাবদ্ধতা, অযোগ্যতা ও দুর্নীতি এবং তুলা, কয়লা, তেল ইত্যাদি কাঁচামাল এবং কলকব্জা ও যন্ত্রাংশের যোগানে ব্যাপক ও একটানা ঘাটতির কারণে প্রত্যেকটি মিলের মোট উৎপাদন ক্ষমতার ব্যবহার দিন দিন কমে যাচ্ছে এবং কোন কোন মিলে তা শতকরা ২৪/৩০ ভাগে নেমে এসেছে;

যেহেতু পরিস্থিতির উন্নতির সাধনে কর্তৃপক্ষ দীর্ঘকাল যাবৎ কোন উল্লেখযোগ্য উদ্যোগ বা উদ্যম গ্রহণ করে নি;

যেহেতু এই শোচনীয় পরিস্থির পরিবর্তনের জন্য আশু প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা না হলে অদূরভবিষ্যতে সার্বিক অচলাবস্থা দেখা দেবে এবং রাজ্যের কুড়ি হাজার শ্রমিক ও কর্মচারী শুধু নয়, তাদের লক্ষাধিক আত্মীয় পরিজন ও পোষ্যরাও পথে বসবে,

যেহেতু এই পরিস্থিতিতে কতৃপক্ষ ও বিশেষজ্ঞের দল জাতীয়করণ আইনের তাৎপর্য ও কার্যকারিতা উপলব্ধি করতে ও তা কাজে পরিণত করতে ব্যর্থ হয়ে কোন কোন মিল বন্ধ করে দেবার চক্রান্ত করে চলেছেন;

সেইহেতু এই বিধানসভা জাতীয়করণ আইনে ঘোষিত লক্ষ্যে উপনীত হওয়ার জন্য মিলগুলোর সর্বাত্মক উন্নয়নের কর্মসূচী প্রস্তুত করার জন্য ও তা আশু কায্যকরী করার জন্য রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাচ্ছে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার প্রস্তাব কার্যতঃ ব্যাখ্যামুলক। অতএব আমি এর উপরে হাউসে আর কোন বক্তব্য রাখছি না। মাননীয় সদস্যরা আমার এই প্রস্তাবে উপরে আলোচনায় অংশ গ্রহণ করার পরে আমার যদি কিছু বক্তব্য থাকে তাহলে সেই বক্তব্য আমি পরে হাউসের সামনে রাখবো। তার আগে মাননীয় সদস্যদের বক্তব্য শুনতে চাই। সে জন্য এই প্রস্তাব আমি রাখছি, আলোচনার পরে আমার বক্তব্য রাখবো। ... (গোলমাল) ...

স্যার, if they do not allow the House to continue the proceedings of the House, you please adjour the House.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওরা যদি হাউস চালাতে না দেয়, আপনি হাউস এ্যাডজর্ন করে দিন।

**মিঃ ডেপুটি স্পীকার :** The House is adjourned for 15 minutes.

**( After adjourment )**

**[4.10 – 4.20 P.M.]**

**শ্রী আব্দুল মান্নান :** স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার।

**মিঃ ডেপুটি স্পীকার :** নো পয়েন্ট অব অর্ডার। সুমন্তবাবু, আপনি আপনার এ্যামেন্ডমেন্ট

মুভ করুন।

**শ্রী সুমন্ত কুমার হীরা :** স্যার, আই বেগ টু মুভ দ্যাট সপ্তম অনুচ্ছেদে, তৃতীয় লাইনে 'চক্রান্ত করে চলেছেন' কথাগুলির পরিবর্তে 'সুপারিশ করেছেন' কথাগুলি বসানো হউক।

**মিঃ ডেপুটি স্পীকার :** Now I call upon Shri Subrata Mukherjee.

**শ্রী সুব্রত মুখার্জী :** স্যার, আমাদের সদস্য আব্দুল মান্নানের বক্তৃতার পরে আমার নাম ছিল। আমি আপনার কাছে ক্ষমা চেয়ে নিচ্ছি, আমাকে একটু সময় দিন।

**মিঃ ডেপুটি স্পীকার :** আমি শ্রী আব্দুল মান্নানকে বক্তব্য রাখতে অনুরোধ করছি।

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অমলবাবু যে প্রস্তাব নিয়ে এসেছেন তাতে তিনি এই কথা বলেছেন - বন্ধ কলকারখানাগুলি বিশেষ করে টেক্সটাইল মিলগুলির সর্বাত্মক উন্নয়নের কর্মসূচী প্রস্তুত করার জন্য ও তা আশু কার্যকরী করার জন্য রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাচ্ছে। স্যার, আমরা নিশ্চয় প্রস্তাবগুলিকে স্বাগত জানাতে পারি। কেন না কটন ইন্ডাষ্ট্রি আমাদের পশ্চিমবাংলায় দিনের পর দিন মার খেয়ে যাচ্ছে, যদিও কারণগুলি এখানে উল্লেখ করা হয়নি। এই ব্যাপারে শুধু কেন্দ্রীয় সরকারকে দোষ দিয়ে লাভ নেই। কারণ সুতাকলের কর্মচারীরা কিছুদিন আগে যখন তাদের ন্যায্য দাবী দাওয়ার ভিত্তিতে আন্দোলনের পথে নেমেছিল তখন আমরা দেখতে পেলাম তাদের সেই দাবী দাওয়াগুলিতে না মেনে, উপেক্ষা করে এক শ্রেণীর সুতাকল মালিক সংবিধান বিরোধী কাজ করলেন। আমরা তখন কিন্তু আমাদের রাজ্য সরকারকে খুব বোল্ড ষ্টেপ নিয়ে এগিয়ে আসতে দেখিনি। আমাদের দুর্ভাগ্য যে শুধু সীমাবদ্ধতা এবং অযোগ্যতার কারণে তুলো, কয়লা, কলকজার যন্ত্রাংশ ইত্যাদি কাঁচামালগুলির উৎপাদন দিনের পর দিন কমে যাচ্ছে। মিলগুলির উৎপাদন দিনের পর দিন কমে যাচ্ছে। শুধু অযোগ্যতা, দুর্নীতির জন্য যদি এটা হয়ে থাকে তাহলে সেই অযোগ্যতা ও দুর্নীতি দূর করার জন্য আমাদের প্রশাসনিক ব্যবস্থায় কতটুকু ক্ষমতা আছে সেটাকে যাচাই করে দেখা দরকার। কিন্তু সেগুলি যাচাই না করে শুধু একটা ভাসাভাসা সিদ্ধান্ত নিলে হয় না। আজকে আমরা দেখতে পাচ্ছি অন্য রাজ্যের সুতাকল এবং টেক্সটাইল ইন্ডাষ্ট্রির কর্মচারীরা লাভবান হয়ে যাচ্ছে। কিন্তু সেই ইন্ডাষ্ট্রি যখন আমাদের ষ্টেটে করতে যাওয়া হয় তখন দেখা যাচ্ছে দিনের পর দিন ইন্ডাষ্ট্রিগুলি বন্ধ হয়ে যাচ্ছে। শিল্পগুলি বন্ধ হয়ে যাবার ফলে আমাদের সুতি বস্ত্র যেটুকু বাইরের রাজ্য থেকে আনতে হচ্ছে তার জন্য শ্রমিকরা আজকে কাজ পাচ্ছে না। এই বাইরের রাজ্য থেকে কিনে আনার ফলে তাদের শিল্পের অগ্রগতি লাভ করছে, আমরা কিন্তু তার সুফলগুলি পাচ্ছি না। আমাদের রাজ্যসরকারেরও উচিত সুতোকলগুলির এ্যাকচুয়াল প্রবলেম কি সেটা দেখা। এ ক্ষেত্রে শ্রমিকদের কথাও যেমন চিন্তা করতে হবে তেমনি সুতোকলগুলির মালিকরা যেভাবে ইচ্ছাকৃতভাবে শ্রমিক স্বার্থবিরোধী নীতি নিয়ে এই শিল্পগুলিতে পঙ্গু করার চেষ্টা করছে এবং কিছু কিছু কারখানা অন্য ষ্টেটে সরিয়ে নিয়ে যাবার চেষ্টা করছে সেখানে রাজ্যসরকারের আরো বোল্ড ষ্টেপ নিয়ে মালিকদের এই কাজ বন্ধ করার চেষ্টা করতে হবে। আমি জানি, সরকারপক্ষে মাননীয় সদস্যরা এ ক্ষেত্রে তুলোর অসমান দামের কথা উল্লেখ করবেন কাজেই আমিও এ সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। স্যার, সেই ডাঃ বিধান চন্দ্র রায়ের আমল থেকে সিদ্ধার্থ রায়ের আমল পর্য্যন্ত আমরা, কংগ্রেসীরা বারবার কেন্দ্রীয় সরকারকে একথা বলে এসেছি যে সারা দেশে কয়লার দরের

মতন তুলোর দরও এক করতে হবে। স্যার, পরিশেষে আমি বলব, মাননীয় সদস্য অমলবাবু যে প্রস্তাব নিয়ে এসেছেন তার বিরোধীতা আমি করছি না, তবে একথা বলছি, এই প্রস্তাবটি অনেকটা ভাসা ভাসা প্রস্তাব এবং এক্ষেত্রে রাজ্যসরকারেরও যে একটা ভূমিকা আছে এবং রাজ্যসরকারেরও যে ব্যর্থতা আছে যে কথার উল্লেখ থাকার প্রয়োজন ছিল। এই কথাগুলি যোগ করার জন্য আমি অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুব্রত মুখার্জী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই আপনার কাছে ক্ষমা চাইছি কারণ যখন আমার নাম ডেকেছিলেন বলবার জন্য তখন আমি তৈরী ছিলাম না বলে বলতে পারি নি। স্যার, মাননীয় সদস্য শ্রী অমলেন্দ্র রায় আজকে এই সভায় যে নন অফিসিয়াল রেজলিউসান নিয়ে এসেছেন সাধারণভাবে এতে আপত্তি করার কিছু নেই বরং আমরা একে স্বাগতই জানাচ্ছি যদিও একটা ব্যাপারে একটা সূক্ষ্ম দুষ্কৃত মানসিকতা এর মধ্যে রয়ে গিয়েছে। সেটা না থাকলে এটা আরো সর্বাঙ্গসুন্দর হবার সম্ভবনা থাকতো। ব্যাপারটা হচ্ছে, সমস্যাটা সর্বাঙ্গীন এবং অবাধভাবে বিচার করার সুযোগ না দিয়ে অনেক জায়গায় এর সমস্ত দায়িত্ব কেন্দ্রীয় সরকারের উপর চাপিয়ে দেওয়া হয়েছে। স্যার, আমরা একথা মনে করি না যে কেন্দ্রীয় সরকারের কোন দায়িত্ব নেই, আবার একথাও মনে করি না যে সমস্ত দায়িত্ব কেন্দ্রীয় সরকারের উপর চাপিয়ে দিলেই এবং আমরা সিদ্ধান্ত গ্রহণ করলেই সুতোকলের সমস্যা এবং তার সঙ্গে যুক্ত শ্রমিক কর্মচারীদের সমস্যা এবং রাজ্য ও জাতীয় অর্থনৈতিক সমস্যার আমরা সমাধন করতে পারবো। স্যার, এটা ঘটনা যে সুতোকলগুলি বিভিন্নভাবে অবহেলিত হচ্ছে। বহু জায়গায় ঐতিহাসিক সমস্ত সুতোকল বন্ধ হয়ে গিয়েছে। বাসন্তি কটন মিল, যার নাম স্বাধীনতা আন্দোলনের সঙ্গে যুক্ত সেই কটন মিল আজ বন্ধ। দীর্ঘদিন ধরে মোহিনী মিল বন্ধ ছিল। স্যার, রিজার্ভ ব্যাঙ্কের যে পরিসংখ্যান এবং ঘোষিত যে সব তথ্য আমরা দেখেছি তাতে এই বন্ধ হবার পেছনে ট্রেড ইউনিয়ানের, বিশেষ করে অর্গানাইজড ওয়ার্কিং ক্লাসের দায়িত্ব অনলি টু পারসেন্ট। সেখানে ৯৮ পারসেন্ট দায়দায়িত্ব অন্যের। এই ঐতিহাসিক তথ্যটি এখানে দেওয়া দরকার। কারণ, সংবাদপত্র এবং সাধারণ মানুষের একটা সাধারণ ধারণা — দেশের একচেটিয়া পুঁজিপতিদের দ্বারা যেটা প্রচারিত — যে জাতীয়করণ করলেই অথবা ক্লোজ ও সিক ইন্ডাষ্ট্রিজ হবার পেছনে একমাত্র দায়িত্ব — জ্ঞানহীন ট্রেড ইউনিয়ানই কাজ করে। এটা যে সত্য নয় তা রিজার্ভ ব্যাঙ্কের ঐতিহাসিক তথ্যের দ্বারাই প্রমানিত হয়েছে। বাকি যে ৯৮ ভাগ কুফলের জন্য আমরা মার খাচ্ছি বিশেষ করে সুতোকলগুলিতে এবং অন্যান্য জায়গায় সেটাও অন্যন্ত উদ্বেগের বিষয়। এই হাউসে অমলেন্দ্রবাবু এই ধরণের রেজলিউসান এনেছেন আমি তাঁকে স্বাগত জানাচ্ছি তবে এর সঙ্গে একথাও বলছি যে ব্যাপকভাবে যাতে আমরা এর ইমপ্যাক্ট ক্রিয়েট করতে পারি সেটাও আমাদের দেখতে হবে। শুধু রেজিলিউসান সেক রেজলিউসান যেন না হয়। স্যার, বামফ্রন্টের ২/১টি শরিক আছেন যারা একদম প্রথাগতভাবে ২/১টি সুতোকলে ষ্ট্রাইক করে থাকেন। অনেক সময় সেখানে কোন যুক্তি না থাকলেও ষ্ট্রাইক করেন। যেমন কেশোরাম কটন মিল, [illegible] সাথে একটা সেন্টার ট্রেড ইউনিয়ানের — আমার বোধহয় নামটা বলা উচিত হবে না — কি জানি কি ব্যাপার আছে এখানে প্রত্যেক বছর বা এক বছর অন্তর অন্তর ধর্মঘট চালিয়ে যাওয়া হয়।

**[4.20 – 4.30 P.M.]**

প্রতি তিন চার মাস কারখানা বন্ধ রেখে সমস্ত শ্রমিকদের দেশে পাঠিয়ে দেওয়া হয় এবং

তারপরে আবার খোলা হয়। কিন্তু এক্ষেত্রে এখান থেকে [illegible] দাবী পাঠান হয় না। ব্যক্তিগত মালিকানাধীন এই কারখানাটিকে প্রতিবার এই সুযোগ দেওয়া হয়। আজকে এখানে এ বিষয়ের উপরও প্রস্তাব আসা উচিত ছিল। অপর দিকে এখানে আজকে এই প্রস্তাবের মধ্যে পরিচালনার ত্রুটির সম্বন্ধেও কিছু শব্দ যুক্ত হওয়া উচিত ছিল। কারণ [illegible] পর কি কেন্দ্রীয় সরকারের, কি রাজ্য সরকারের, সমস্ত সংস্থাগুলিতে সব অযোগ্য লোকেরা পরিচালনার দায়িত্ব গ্রহণ করে। ব্রিটানীয়া ইঞ্জিনিয়ারিং, স্যাক্সবি প্রভৃতি রাজ্য সরকারের পরিচালনাধীন সংস্থা এবং ম্যাকিনটোস্ বার্ণ-সহ বহু কেন্দ্রীয় সরকারের পরিচালনাধীন সংস্থা আছে যেগুলিতে পরিচালনার দায়িত্বে রয়েছেন সমস্ত অযোগ্য মানুষেরা। স্যার, আমাকে ক্ষমা করবেন, আমি এখানে উদাহরণ দিয়ে বুঝিয়ে দিচ্ছি, যেমন ব্রিফ-লেস্ ব্যারিষ্টারদের বিচারক করা হয়, তেমন কিছু অযোগ্য অফিসারকে [illegible] পর এই সব সংস্থার পরিচালনার দায় দায়িত্ব দেওয়া হয়। ফলে সংস্থাগুলি অর্থনৈতিক দুরবস্থার সম্মুখীন হয়। এঁরা সংস্থাগুলির মার্কেটিং বাড়াতে পারেন না। এঁদের অযোগ্যতার ফলে সংস্থাগুলিতে সাইনটিফিক্ এবং রিয়েলিষ্টিক ব্যবস্থা গ্রহণ করা যায় নি। এঁরা সংস্থা গুলির প্রশাসনের সমস্ত জায়গা মাথা ভারি করে ফেলেন এবং দুর্বল সংস্থাকে আরো দুবর্লতার করে ফেলেন। আজকে এ বিষয়ে রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকার উভয়ের দৃষ্টি আকর্ষণ করা দরকার। এই অবস্থার জন্য মূলতঃ আমলাতন্ত্র দায়ী। যখন এই জাতীয় কোন সংস্থায় প্রশাসক বা পরিচালক নিয়োগের প্রশ্ন দেখা দেয় তখন রাজ্য সরকারের আমলাতন্ত্র এমন লোকের নাম করে যিনি ১১/১২'টি পাবলিক আণ্ডারটেকিংস চালাচ্ছেন। আমার প্রশ্ন হচ্ছে তাঁর পক্ষে কি সম্ভব? তাঁর ব্রেন কি কমপুটারাইজড্ যে ১১/১২'টি চালাবেন এবং তারপরেও আরো সংস্থার দায়িত্ব গ্রহণ করবেন? কিন্তু আজকে এই জিনিস হচ্ছে। তারপরে এন.টি.সির অবস্থা দেখুন। এ বিষয়ের একটা ভংকর অবস্থার কথা আমি বলতে পারি। এখানে একটা মাত্র সংস্থা আই.আর.সি.আই'র ১০ কোটি টাকার প্রজেক্ট তারাতলার টি.ওয়াই.সি প্রসেসিং সেন্টার, সেখানে এখনই ১০০০ মানুষের চাকরি হতে পারে, কিন্তু শুধু মাত্র একটা কারণে সমস্ত কিছু বন্ধ হয়ে আছে। সেখানে ১ লক্ষ ২০ হাজার মিটার কাপড় প্রিন্টিং এবং প্রসেসিং হতে পারে, কিন্তু হচ্ছে না, মাত্র ২০,০০০ হচ্ছে। কারণ কি? কারণ এন.টি.সি. র'মেটিরিয়াল সেখানে পৌঁছে দিচ্ছে না। যদি তারা উপযুক্ত পরিমান সূতি-বস্ত্র তারাতলায় পৌঁছে দিতো তাহলেই ওখানে ১০০০ মানুষের চাকরি হতে পারত, মর্ডান মেশিনারির ব্যবহার হতে পারত, আই.আর.সি.আই'র উদ্দেশ্য সার্থক হতে পারত। সূতা-কল গুলিকে কেন্দ্র করে এই ধরণের বহু ছোট বড় ত্রুটি রয়েছে এবং এই প্রসঙ্গে আমি ইকুয়ালাইজেসন অফ্ ফ্রেটও দাবী করি আমরা ট্রেড ইউনিয়নের পক্ষ থেকে এ দাবী করে আসছি। সূতা কলের ক্ষেত্রে এই দাবী খুবই যুক্তি সঙ্গত। আজকে মহারাষ্ট্র আমাদের এখান থেকে ময়লা, লোহা নিয়ে গিয়ে শিল্প সম্প্রসারণ ঘটাচ্ছে, তারা মাশুলের ক্ষেত্রে যে সুযোগ সুবিধা পাচ্ছে, সে সুযোগ সুবিধা আমরা সুতি-বস্ত্রের ক্ষেত্রে পাচ্ছি না এবং আরো অনেক ক্ষেত্রে পাচ্ছি না। আমাদের এখানে সাবসিডাইস্ রেটে তুলো পাচ্ছি না, যার ফলে আমাদের সুতো-কলগুলি মার খাচ্ছে। আমাদের সূতা-কলগুলিতে বাঁচাবার জন্য আমাদের ঐ দাবী করতে হবে। এটা কোনো দলের কথা নয়, বা কারো বিরুদ্ধে কোনো কথা নয়। আমি সামগ্রিকভাবে এই সমস্ত বিষয়গুলি বিচার করে অনুরোধ করেছিলাম কয়েকটি শব্দকে পরিবর্তন করার জন্য, সেটা করা হয়েছে, স্বভাবতই এখানে বিরোধীতা করার কিছু নেই। তবে আমার বক্তব্য হচ্ছে, সূতা-কল গুলিকে বাঁচাবার জন্য কিছু ব্যবস্থা আশু গ্রহনীয়, আর কিছু লঙ্ টার্ম বেসিস'এ গ্রহণ করা যেতে পারে। যেমন এখানে কেউ কেউ দাবী করেন, সমস্ত কিছু

জাতীয়করণ করে নেওয়া হোক, তাঁদের কাছে আমার অনুরোধ এ ক্ষেত্রে এখনই সেই ইন্‌ফ্রাষ্ট্রাকচার কেন্দ্রীয় সরকারের নেই, সেই ইন্‌ফ্রাষ্ট্রাকচার যদি থাকত তাহলে আমিও তাঁদের দাবীর সাথে একমত হতে পারতাম। এ বিষয়ে আমাদের অভিজ্ঞতা আছে, যেমন ৬'টি জুট মিল নেওয়া হয়েছিল, কিন্তু সেই জুট - মিলগুলিতে আজকে কোটি কোটি টাকা লোকসান হচ্ছে। কয়েকটি ইঞ্জিনিয়ারিং ফ্যাক্টরি নেওয়া হয়েছিল, সেগুলিতেও কোটি কোটি টাকা লোকসান হচ্ছে। স্বভাতই আমরা বুঝতে পারছি যে, সেই ইন্‌ফ্রাষ্ট্রাকচার নেই, সুতরাং এই সমস্যার ক্ষেত্রেও [illegible] দাবীর দ্বারা সমস্যার সমাধান হবে না। আমি এইকথা বলি না জাতীয়করণ'না করার জন্য কিন্তু অপরদিকে এখনই যেটা ষ্টেপ নেওয়ার দরকার আছে রাজ্যসরকারের সেটা হচ্ছে রাজ্যসরকার এখনই ম্যানেজমেন্ট টেক-ওভার করতে পারে। ম্যানেজমেন্ট রাজ্যসরকার টেক-ওভার করুন, তারপর কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ করুন, যে আমরা ম্যানেজমেন্ট টেক-ওভার করলাম, পরবর্তী পর্যায়ে আপনারা জাতীয়করণ করুন। আমার মনে হয় এটা করলে ভাল হবে। কারণ আমরা দেখছি, আমার কাছে সংবাদ আছে, বাসন্তী কটন মিলের ৩৭ জন শ্রমিক না খেতে পেয়ে মারা গেছে। এন.টি.সিতে চূড়ান্ত অব্যবস্থা চলছে - এটা দেখার দরকার। আমি সংবাদপত্রে দেখেছি, সেন্ট্রাল ব্যুরো অফ ইনভেসটিগেসান বহু জায়গায় তদন্ত পর্যন্ত করেছেন। সবাই মিলে যদি চাপ সৃষ্টি করা যায় তাহলে এই দুর্নীতির বিরুদ্ধে লড়াই করার পথকে আরোও ত্বরান্বিত করা যায়। রাজ্যসরকারেরও একটা দায়িত্ব আছে, সেই দায়িত্বটাকে উপেক্ষা করা যায় নি। এটা যে রাজ্য সরকারের বিরুদ্ধে বলছি তা নয়, আমরা এটা কোন পার্টি হিসাবে আনিনি, মোটামুটি আলোচনা করে নিয়ে এসেছি, খালি এই প্রস্তাবে অমলেন্দ্রবাবুর যা নাম আছে। সুতাকলে নিযুক্ত শ্রমিকদের প্রভিডেন্ট ফান্ডের টাকা, ই.এস.আই স্কীমের সে সমস্ত টাকা পেনডিং আছে সেটা কেন্দ্রীয় সরকারের হাতে নেই। যদি রাজ্য-সরকারের লেবার মিনিষ্ট্রি থেকে চাপ সৃষ্টি করা যায় তাহলে টাকা আদায় করার ক্ষেত্রে পথটা অনেকটা সহজ হবে, এমনকি আইনের বলেও অনেকক্ষেত্রে প্রপারটি এ্যাটাচ করা যায় সুতাকল মালিকদের বিরুদ্ধে। ই.এস.আই স্কীমের টাকা, প্রভিডেন্ট ফান্ডের টাকা এগুলি শ্রমিক [illegible] উপার্জিত টাকা। সেই উপার্জিত টাকা আদায় করবার জন্য রাজ্যসরকারের লেবার ডিপার্টমেন্ট থেকে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন. করবেন। রাজ্যসরকারের আর একটি দায়িত্বর কথা বলি, লেবার ডিপার্টমেন্টের সাথে যুক্ত অফিসাররা, আমলাতন্ত্র এক্ষেত্রে অনেক ব্যাপারে দায়ী। লেবার ডিপার্টমেন্টের অনেক অফিসাররা তাঁরা আখের গুছোবার জন্য বসে থাকেন। এই সমস্ত অফিসাররা মনোপলি হাউসদের তোষামোদ করেন যাতে রিটায়ারমেন্টের পর কোন কোম্পানীর ডিরেক্টর হতে পারেন কিম্বা নিজের ছেলেকে অথবা ভাইপোকে ঐ কোম্পানীতে বসাতে পারেন তারজন্য এখন থেকেই এরা ওদের পক্ষে কাজ করে যায় এবং প্রকাশ্যেই কাজ করে যায়। শ্রমিক [illegible] স্বার্থের বিরুদ্ধে এবং রাজ্যসরকারের নীতিকে রুপায়ন না করে। বহু জায়গায় সুতাকল বে-আইনী লক-আউট ঘোষণা করা হয়। এমন অনেক ক্লজ থাকে যার ফাঁক দিয়ে এরা হাইকোর্টে গিয়ে লক-আউট উইথড্র করে দিয়ে চলে আসে। এ ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় যদি দেখেন তাহলে ভাল হয়। কারণ লক-আউট বে-আইনী বলে ঘোষণা করে ষ্টে-অর্ডার পেতে পারে না। ঠিক ঠিক ভাবে ল-ডিপার্টমেন্টেরও এ ব্যাপারে দেখার দরকার আছে। আমার মন্ত্রীমহাশয়ের কাছে আবেদন, এই ধরনের ইল্লিগ্যাল লক-আউট ঘোষনা করার পর তাঁরা গিয়ে যখন ভ্যাকেট করে দিয়ে আসছেন আইন-এর ফাঁক দিয়ে সেটা বন্ধ করার জন্য কেন বলছেন না? রাজ্যসরকারের যে ক্ষমতা আছে সেই ক্ষমতাবলেই এই ফাঁকগুলি, এই ত্রুটিগুলি বন্ধ করা সম্ভব।

আমি মনে করি, সুতাকলগুলির সমস্যাগুলি ঠিকভাবে তুলে ধরা হচ্ছে না। এই ধরনের রেজোলিউসানের মধ্য দিয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করা সম্ভব হবে। কিন্তু রেজোলিউসান আনলেই সমস্যার সমাধান হয়ে যাবে তা নয়। রেজোলিউসানের মাধ্যমে সুতাকলের সমস্যার প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ হবে। যেমন উদাহরণ দিয়ে বলি, যখন বোম্বের সুতাকলের সমস্যা ছিল, যখন লক-আউট, লে-অফ, ক্লোজার হলো তখন কেন্দ্রীয় সরকার এ ব্যাপারে যে কিছু করেননি তা নয়, কেন্দ্রীয় সরকার ১১টিরও বেশী বন্ধ সুতাকল জাতীয়করণ করেছেন। সুতরাং দৃষ্টি আকর্ষণ করা যায় এবং ঠিকমত যদি রিপ্রেজেন্ট করা যায় - যে কয়েকটি সুতাকল রয়েছে ঐতিহাসিক দিক থেকে এবং অর্থনৈতিক কারণে যেগুলো অত্যন্ত গুরুত্বপূর্ণ সেইসব সুতাকলগুলিকে বাঁচাবার জন্য কিছু কিছু ব্যবস্থা অবলম্বন করতে পারি। তাই সকলের দাবী হলো, একটা ত্রি-পাক্ষিক বৈঠকের মাধ্যমে উদার মানসিকতা নিয়ে আমরা যেন এগিয়ে আসি। রাজ্যসরকারের দিক থেকে যেমন, কেন্দ্রীয় সরকারের দিক থেকে যেমন, ট্রেড-ইউনিয়নের দিক থেকে তেমনি মালিকদের দিক থেকেও সবাই মিলে উদ্যোগ গ্রহণ করতে পারি এবং সেই উদ্যোগ গ্রহণ করবার জন্য মাননীয় মন্ত্রী মহাশয় প্রপোজাল নিয়ে আমাদের কাছে রাখুন প্রস্তাব আকারে। এতে করে আমার মনে হয় মাননীয় সদস্য অমলেন্দ্রবাবু যে প্রস্তাব রেখেছেন সেই প্রস্তাব-এর উপযুক্তভাবে ব্যবস্থা অবলম্বন করা সম্ভব হবে। এ ব্যাপারে আগেই আলোচনা হয়েছে, আলোচনার পরিপ্রেক্ষিতে কিছু কিছু পরিবর্তন এবং পরিবর্জন করা হয়েছে। স্বভাবতঃই শ্রমিক কর্মচারীদের স্বার্থে সকলের একমত হওয়া দরকার। এখানে কংগ্রেস-কমিউনিষ্ট কোন ব্যাপার নয়।

**[4.30 – 4.40 P.M.]**

কোন সুক্ষ্ম ধারণা যদি এর মধ্যে থাকে, এবং যদি কোন রকম পক্ষপাত দোষে দুষ্ট না হয়, যেমন বাংলা লিখতে গেলে মাত্রা দিতেই হবে, না হলে মাষ্টার মহাশয় শূণ্য দিয়ে দেবেন। তেমনি যাই বলি না কেন, সেটাকে একটা কেন্দ্রীয় সরকারের মাধ্যম ঢুকিয়ে দিতে হবে সেই রকম মনোভাব না রেখে একটা উদার মানসিকতা নিয়ে এই প্রস্তাব রাখার চেষ্টা করলে এবং সরকার ও হাউসের পক্ষ থেকে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করলে - এটা কোন পার্টির ব্যাপার নয়, আমরা সমর্থন আগেই করেছি - আবার আমরা একে সমর্থন করব।

**শ্রী যামিনী ভূষণ সাহা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী অমলেন্দ্র বাবু যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাব এবং শ্রী সুমন্ত হীরা মহাশয় যে সংশোধনী এনেছেন এই দুটিকে সমর্থন করে আমি দু-চারটি কথা বলতে চাই। এখানে কংগ্রেস সদস্য সুব্রতবাবু অনেক ওয়াইড রেঞ্জে বক্তৃতা দিলেন, কিন্তু প্রস্তাবটি হচ্ছে সমস্ত এন.টি.সি বা ন্যাশ্যানাল টেক্সটাইল কর্পোরেশন সম্পর্কে। এখন এখানে মূল কথা হচ্ছে এন.টি.সি পশ্চিমবঙ্গে ১৪টি এবং বিহার, আসাম ও উড়িষ্যায় ৩টি, মোট এই ১৭টি কারখানা পরিচালনা করেন। এখন ঐ এন.টি.সি'র যে অবস্থা হয়েছে, তাতে নূতন করে জাতীয় করণের কোন কথা বলা হয়নি, বলা হয়েছে এখন কেন্দ্রীয় সরকার এই টেক্সটাইল মিলের ক্রাইসিস সম্পর্কে একটা বিশেষজ্ঞ কমিটি তৈরী করেছেন এবং সেই এক্সপার্ট কমিটি কিছুদিন আগে পশ্চিমবঙ্গে এসেছিলেন। তাঁরা পশ্চিমবঙ্গে আসার পর আমরা তাঁদের কাছে ক্রাইসিস সম্পর্কে বক্তব্য রাখতে গিয়ে আমাদের বলা হয় এন.টি.সির ত্রুটি বিচ্যুতি ইত্যাদির কথা। তখন তাঁরা রেকমেন্ড করলেন যে এইসব মিল চলতে পারে না, লোকসানের পর লোকসানের হচ্ছে, সুতরাং বন্ধ করে দাও। তারই বিরুদ্ধে এবং কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণের জন্য এই প্রস্তাব রাখা হয়েছে। মাননীয় কংগ্রেস

সদস্যেরা যদি পড়তেন তাহলে বুঝতে পারতেন যে কি লেখা আছে। যেখানে এই এন.টি.টি.সি. লাভজনক হওয়ার কথা সেখানে বেশী করে রুগ্ন হয়ে পড়ছে। ওনারা বললেন পরিচালনায় ত্রুটি। এই প্রস্তাবে এন.টি.সি.র অবস্থা সম্বন্ধে বলা হয়েছে। আপনি শুনলে আশ্চর্য্য হয়ে যাবেন ঐ এন.টি.সি.র মিলে কাপড় তৈরী করতে গেলে মাসে ৯ হাজার বেল তুলা লাগে, কিন্তু কত বেল তুলা আসে? মাত্র সাড়ে ৪ হাজার বেল তুলা আসছে। ২৫ ভাগ থেকে ৩০ ভাগ প্রোডাকসান হচ্ছে কারণ কয়লা থাকে না। কেন্দ্রীয় সরকারের ন্যাশ্যান্যাল মিল এইভাবে দিনের পর দিন যে টোটাল ইউটিলাইজেসন আমরা করতে পারব সেই ইউটিলাইজেসন হচ্ছে না। এর ফলে দিনের পর দিন কোটি কোটি টাকা লোকসান হচ্ছে। গত এক বছর ধরে শতকরা ২০ ভাগ তূলা আসছে না, সব মিলগুলি বন্ধ ওয়ার্কাররা চুপচাপ বসে আছে, কাজে যায় আর চলে আসে, এই হচ্ছে পশ্চিমবঙ্গের এন.টি.সির চেহারা। এর ত্রুটির প্রথম কথা হচ্ছে যে এন.টি.সি'র যে পরিচালন ব্যবস্থায় যাদের বসান হয়েছে তারা অত্যন্ত দুর্নীতিবাজ, তারাই সব লুটেপুটে খাচ্ছে। সব কিছু করছে এবং এমন একটা অবস্থায় এনে ফেলেছে যে আপনি হয়ত শুনে থাকবেন লক্ষ লক্ষ মিটার কাপড়ের গাঁট সব গুদামে পচেছ। আগে থেকে হয়ে আছে, যে সব এজেন্ট সেই এজেন্টদের কয়েকমাস হয়ে যাবার পর সাবসিডাইড রেটে লক্ষ লক্ষ গাঁট কাপড় দিল, এর ফলে লোকসান হয়ে যাচ্ছে। তারপর স্পিনিডিলের কথা আছে। মিল চালাতে গেলে ৫০ হাজার স্পিনিডিল না হলে কোন সুতাকল চালান সম্ভব নয়। সেখানে ১৫/১৬ টি স্পিন্ডেল নিয়ে - ১৯৭২ সালে যেটা ন্যাশনালাইজড্ হয়েছে - মর্ডানাইজ্ করবার কথা, কিন্তু আজ পর্যন্ত স্পিন্ডেলগুলি বসানো হয়নি। এইজন্য ক্ষতি হচ্ছে। এটা কেন্দ্রীয় সরকারের একটা সাবসিডিপ্রাপ্ত অর্গানাইজেশন এবং তাঁদেরই একটা হোল্ডিং কোম্পানী। আজকে সারা ভারতের হোল্ডিং কোম্পানীগুলিকে তাঁরাই কন্ট্রোল করছেন, আর এন.টি.সি হচ্ছে সেই রকমই একটি হোল্ডিং কোম্পানী। এই সমস্ত হোল্ডিং কোম্পানীর যে সমস্ত রিজনাল এবং সাবসিডি অর্গানাইজেশন রয়েছে, তাদের যদি ইনডিপেন্ডেন্টলি মুভ করতে না দেওয়া হয়, যদি ইনডিপেন্ডেন্টলি চলতে গিয়ে আর্থিক সুযোগ-সুবিধা তাদের না দেওয়া হয়, তাহলে কল-কারখানাগুলি চলতে পারে না। আজকে কারখানাগুলিতে যে লোকসান হচ্ছে - এই লোকসানের টাকাটা যদি কিছুটা ইক্যুইটি শেয়ারে পরিণত করা যায় তাহলে কোম্পানীগুলিকে আর ইন্টারেষ্ট গুনতে হয়না। আজকে কোটি কোটি টাকা লোকসান হচ্ছে এবং তারজন্য ইন্টাররেষ্ট দিতে হচ্ছে, ফলে তাদের ক্ষতির পরিমান আরো বেড়ে যাচ্ছে। এ-ব্যাপারে আমরা বার বার কেন্দ্রীয় সরকারের কাছে দাবী জানিয়েছি যে, এই সাবসিডি অর্গানাইজেশনগুলির লোকসানের টাকাকে ইক্যুইটি শেয়ারে পরিণত করা হোক, ইন্টারেষ্ট গুনবার হাত থেকে বাঁচুক তারা। কিন্তু কেন্দ্রীয় সরকার সেকথা শুনছেন না। আজকে পূর্বাঞ্চলের এন.টি.সির অবস্থা খুবই খারাপ। সেখানে একটা [illegible] চলছে, যা ইচ্ছা তাই হচ্ছে। সেখানে কেন্দ্রীয় সরকার থেকে অফিসার এবং টেকনিক্যাল পার্সোনেল নিয়োগ করা হয়, কিন্তু সেক্ষেত্রে রাজ্যসরকারের বলার কিছু নেই। এমনকি, রাজ্যসরকারের পক্ষ থেকে ২ জন ডাইরেক্টর ঠিক করা হোল, কারণ রাজ্যসরকার ১৮ পারসেন্ট শেয়ার হোল্ড করতো এন.টি.সিতে। যেহেতু আজকে লোকসান বেড়ে যাওয়ায় পশ্চিমবঙ্গের শেয়ারের পোর্শন কমে গেছে, সেহেতু বলা হোল - ২ জন ডাইরেক্টরের জায়গায় পশ্চিমবঙ্গের একজন ডাইরেক্টর থাকবেন। তাছাড়া তুলোর ব্যাপারেও আমরা বার বার বলেছি। আজকে কয়লা, লোহা সমস্ত রাজ্যে এক দর। আজকে মহারাষ্ট্রে, গুজরাটে, তামিলনাড়ু এই তুলোর উপরও বেনিফিট পাচ্ছে। আজকে পশ্চিমবঙ্গে এক গাঁট তুলোতে ৪০০ থেকে ৫০০ টাকা বেশী দিতে হচ্ছে এন.টি.সিকে। তাছাড়া এই তুলো কেনার ব্যাপারেও বলা আছে যে, কটন্

কর্পোরেশন অফ ইন্ডিয়া, বোম্বে, যারা তুলোর একচেটিয়া ব্যবসা করে, তাদের কাছ থেকে তুলো কিনতে হবে। এইভাবে এন.টি.সিকে এ্যাবাভ্ ফাইভ পার সেন্ট দরে তুলো কিনতে বাধ্য করা হয়েছে। অন্যান্য ক্ষেত্রেও কটন্ কর্পোরেশন অফ ইন্ডিয়ার কাছ থেকে এন.টি.সি - কে তুলো কিনতে হয়। আজকে কারখানাগুলির অবস্থা কি? সেখানে স্পিন্ডিল নেই, ফলে তিন-চারটি মেশিন বন্ধ - ওয়াকার্ররা চুপ করে বসে আছেন। সেখানে স্পেয়ার পার্টস নেই। স্যার, আপনি জানেন, সেখানে টেপ্ নেই, সেন্ট্রাল ষ্টোর নেই, কারখানার ষ্টোর নেই, উপযুক্ত টেকনিশিয়ান নেই, ফলে কিছু কারখানা বন্ধ হয়ে থাকলো। এছাড়া কি করা হয়েছে সেখানে? এন.টি.সে-কে বলা হোল কন্ট্রোলড্ ক্লথ্ উৎপাদন কর। সেখানে ৯০ পারসেন্ট কন্ট্রোলড্ ক্লথ্ উৎপাদনে বাধ্য করা হোল। সেক্ষেত্রে মিটারে ১্ টাকার মত কেন্দ্রীয় সরকার সাবসিডি দেন ঠিকই, কিন্তু সেই কন্ট্রোলড্ ক্লথ্ বাজারে বিক্রী করতে গিয়ে মিটারে তিন-চার টাকা লোকসান হয়। তাছাড়া কন্ট্রোলড্ ক্লথ্ প্রডাকশন বেশী করবার ফলে এন.টি.সি ক্যাপিটাল বাড়াতে পারেনি। এই সমস্ত ক্রটি-বিচ্যুতির জন্যই আজ এন.টি.সি মরতে বসেছে। কেন্দ্রীয় সরকার যদি খোল-নলচে পরিবর্তন না করেন তাহলে এখানকার চালু কারখানাগুলিও বন্ধ হয়ে যেতে পারে। ওদিকে, কিছুটা যাতে উন্নতি করা যায় তারজন্য, এক্সপোর্ট কমিটি সুপারিশ করেছেন, "কারখানাগুলি বন্ধ করে দাও"।

**[4.40 – 4.50 P.M.]**

অত্যন্ত দুঃখের কথা প্রধানমন্ত্রী বলেছেন হার্ড ডিসিশান নিতে হবে। যে কারখানাগুলি চলছে না সেই ব্যাপারে ক্রটিটা অন্য জায়গায়। সেইগুলি সংশোধন না করে আজকে বলা হ'ল হার্ড ডিসিসান নিতে হবে। শক্ত ডিসিসানের মানেটা কি? কারখানাগুলি বন্ধ করে দেওয়া? আজকে কারখানা শুধু পশ্চিমবাংলায় বন্ধ হয় নি, সারা ভারতবর্ষে কারখানা বন্ধ হয়ে গেছে। সেখানে ১০০-র বেশী কারখানা বন্ধ হয়ে গেছে এবং পশ্চিমবাংলায় ৪টি কারখানা বন্ধ হয়েছে। আমি আশা করি এই প্রস্তাব সকলে মিলে সমর্থন করে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠাবো যাতে এন.টি.সি মিল ভাল ভাবে চলে তার জন্য তাঁরা ব্যবস্থা করেন। এই যে প্রস্তাব উঠেছে তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, মাননীয় সদস্য অমলেন্দ্রবাবু যে প্রস্তাব এখানে উৎথাপন করেছেন এবং সুমন্তবাবু যে সংশোধনী এনেছেন তাতে সমর্থন করে আমি দু-একটা কথা বলতে চাই। বিরোধী দলের সদস্য সুব্রতবাবু মূলপ্রস্তাব থেকে দুরে সরে গিয়ে রাজ্যের কতকগুলি ইন্ডাষ্ট্রির কথা তুললেন। মূল যে প্রস্তাব সেটা এন.টি.সি মিলকে কেন্দ্র করে। ন্যাশানাল টেক্সটাইল কর্পোরেসান পূর্ব ভারতে অবস্থিত এবং এর মূল পরিচালক কেন্দ্রীয় সরকার। অতীতে যখন জনতা সরকার ছিল তখন ভদ্রতা করে এই রাজ্যের মুখ্যমন্ত্রী এবং শিল্পমন্ত্রীর সঙ্গে যিনি ম্যানিজিং ডিরেক্টর হতেন তিনি দেখা করতেন। আজকে এখানে সমস্ত এ্যাপয়েন্টমেন্টগুলি দিল্লী থেকে হয়। আপনারা জানেন যে এই পশ্চিমবাংলায় অবস্থিত ১৫টি মিল এবং মোহিনী মিল ম্যানেজমেন্ট টেক ওভার করেছে। এখানে তুলার জন্য ২৫ থেকে ৩০ ভাগ উৎপাদন হচ্ছে না এবং এই কারণে এফিসিয়েন্ট কোন অবস্থাতেই ৫৪ পারসেন্টের বেশী নয়। আজকে অবস্থা কোথায় গিয়ে দাঁড়িয়েছে? ৩১ কোটি টাকার উপর তাঁরা মডার্নাইজেশনের জন্য খরচ করেছেন। আর ১ কোটি ৭০ লক্ষ টাকা খরচ করলে ওই যে ৩১ কোটি টাকার উপর খরচ করেছেন মর্ডানাজেসানের জন্য সেই টাকার পুরো ফসল তাঁরা

পেতে পারতেন। বিভিন্ন খাতে খরচা করছেন কিন্তু ১ কোটি ৭০ লক্ষ টাকা কিছুতেই বাজেট বরাদ্দ করতে পারছেন না। এই হ'ল প্রকৃত অবস্থা। ১৯৭৮ সালে যখন জনতা সরকার ছিল তখন আমরা দেখেছি জর্জ ফারনানডেজ বলেছেন N.T.C should be the do theirof the massed. এমন কি আমরা দেখতে পাচ্ছি এন.টি.সি-র কাপড় ফোড়েরা নেয় এবং কালো বাজারে বিক্রি করে। বড় বাজারে যান সেখানে দেখতে পাবেন এন.টি.সি-র কাপড় বিক্রি হচ্ছে। অথচ গরীব মানুষেরা পাচ্ছে না - যেটা কন্ট্রোল ক্লথ্ ১ টাকা সাবসিডি দেওয়া হয়। দুর্ভাগ্যের বিষয় পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে আমি একজন গর্ভনমেন্ট মনোনীত নমিনি। যামিনী বাবু ঠিক বললেন না, আগে তিন জন ডিরকটর ছিলেন ওয়েষ্ট বেঙ্গল গর্ভনমেন্টের পক্ষ থেকে। প্রতি বছর লোকসানের হচ্ছে এবং রিকুইজিসানে কনভার্ট করতে করতে এখন একজন প্রতিনিধি এসে দাঁড়িয়েছে। সম্প্রতি রায় পুরিয়া কটন মিলে - আমাদের পরিষদীয় মন্ত্রী যে জেলায় থাকেন সেই জেলায় এই মিল অবস্থিত - গ্রে ক্লথ যেটা ৪.৮০ টাকা মিটার সেটা ৪ টাকা করে মিটার বিক্রি করে দেওয়া হ'ল। ১ লক্ষ মিটার বিক্রি করে ৮০ হাজার টাকা ছেড়ে দেওয়া হ'ল। এই সব চলছে সেখানে। এখানে আবার পুকুর চুরি চলছে। প্রয়াত প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধি বললেন - সুব্রতবাবু এখানে নেই, তিনি জানেন - যে এখানে কোন নিয়োগ চলবে না। অথচ স্যার, ১৯৮৪ সালে জানুয়ারী মাস থেকে ডিসেম্বারের মাঝামাঝি পর্যন্ত প্রায় ৫৫৮ জন লোককে বেআইনীভাবে জাল সার্টিফিকেট দেখিয়ে এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হ'ল। তারা আবার দলে দলে হাই-কোর্টে গিয়ে চাকুরী রক্ষা করার চেষ্টা করছেন। এই ব্যাপারে আমি জিজ্ঞাসা করেছিলাম, এই ব্যাপারটা ডিরেক্টর অফ ফাইনান্স জানেন না, ডিরেক্টর পারসোন্যাল জানেন না। অথচ ৫০০-র বেশী লোককে এ্যাপেয়েন্টমেন্ট দেওয়া হল। এটা হয় কি করে? আপনারা জানেন কেন্দ্রীয় সরকারের যে সমস্ত সংস্থা আছে তার যাঁরা ম্যানেজিং ডিরেক্টর হন তাঁদের নিয়োগ করতে গেলে দিল্লীর প্রভুদের খুশী করতে হয়। তাঁদের খুশী না করতে পারলে ওই সমস্ত সংস্থায় নিয়োগ হয় না। তাই তাঁদের বিরুদ্ধে শত অভিযোগ আনলেও সেই অভিযোগের প্রতিকার হয় না। তাই আমি বলতে চাই পশ্চিমবাংলাতে এই শিল্পে ১৮ হাজার নিয়োজিত ইকুয়ালাইজেসান অফ ফ্রেট এ্যান্ড প্রাইসেস-এর জন্য আমরা বঞ্চিত হচ্ছি। আমরা জনতার আমলে বলেছিলাম সমস্ত পারচেজস, যেমন কোল ইন্ডিয়া থেকে ডাইরেক্ট পারচেজস করা হবে, কটন কর্পোরেসান মহারাষ্ট্র থেকে ডাইরেক্ট পারচেজস করা হবে লিকেজ বন্ধ করার জন্য, যে চুরি হচ্ছে সেটা বন্ধ করার জন্য। ফ্রেশ কো-অপারেটিভ সোসাইটি করে, তাদের মিলে সরবরাহ করা হয়েছে - এই সব ধরেই বেড়েছে। গত ১৯ তারিখের বোর্ড মিটিংয়ে তাদের ওখানে যে বে-আইনী নিয়োগ হয়েছে, তার বিরুদ্ধে বলার পরই সি.বি.আই. নিয়োগ হয়েছে পশ্চিমবাংলায়। অপ্রত্যক্ষভাবে ১ লক্ষের উপর এবং প্রত্যক্ষভাবে প্রায় ২০ হাজার মানুষ এর সঙ্গে জড়িত। এই কথা মাননীয় একজন সদস্য কিছুক্ষণ আগে উল্লেখ করেছেন। সেইজন্য এখানে এক ভয়ংকর অবস্থার সৃষ্টি হয়েছে। কেন্দ্রীয় সরকারের পরিচালনাধীন এই সংস্থার সুষ্ঠু পরিচালন ব্যবস্থার অভাবের জন্যই আজ এই অব্যবস্থা এখানে সৃষ্টি হয়েছে। অবিলম্বে সুষ্ঠু পরিচালন ব্যবস্থার মাধ্যমে ২০ হাজার শ্রমিকের জীবন বাঁচাবার ব্যবস্থা কেন্দ্রীয় সরকারকে করতে হবে। এই ব্যাপারে আমার আরও সাজেস্‌সান হচ্ছে এই যে, এখান থেকে একটা প্রতিনিধি মন্ডলী দিল্লীতে প্রধানমন্ত্রীর কাছে পাঠানো বিশেষ প্রয়োজন। কেননা, তিনি সব সময়েই পরিচ্ছন্ন প্রশাসনের পক্ষে বক্তব্য রাখছেন, সুতরাং এটা একান্তই প্রয়োজন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শান্তি রঞ্জন ঘটক :** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আজকে মাননীয় সদস্য অমলেন্দ্র রায় এখানে যে প্রস্তাব এনেছেন, সেই প্রস্তাবকে সমর্থন করে যে সমস্ত সদস্যরা বক্তব্য রাখলেন, তাঁদের সকলকে আমি ধন্যবাদ জানাচ্ছি। পশ্চিমবাংলার বুকে ৩টি প্রধান শিল্প আছে - চট শিল্প, ইঞ্জিনিয়ারিং শিল্প এবং আর একটি হচ্ছে সুতাকল শিল্প। এই তিনটি শিল্পেরই অবস্থা খুব খারাপ। চটকল সম্বন্ধে এর আগেও আলোচনা হয়েছে। আপনারা জানেন যে এটির অবস্থা খুবই ভয়াবহ আকার ধারণ করেছে। মালিকদের গৃহীত নীতির বিরুদ্ধে শ্রমিকরা আগামী ১৭ই মে ১ দিনের প্রতীক ধর্মঘট করতে চলেছেন। তাঁদের সমস্ত ট্রেড ইউনিয়নগুলি এতে যোগ দিচ্ছেন। ইঞ্জিনিয়ারিং শিল্পে অর্ডার কমে গিয়েছে। যারফলে সেখানে একটা ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে। আপনারা আজকের কাগজেই লক্ষ্য করে থাকবেন যে, একজন কেন্দ্রীয় মন্ত্রী বলেছেন, এর চাইতে বেশী অর্ডার দেওয়া সম্ভব নয়। আমি পরশুদিন দুর্গাপুর গিয়েছিলাম। সেখানে গিয়ে শুনলাম যে সেখানে ছোটখাট এ্যানসিলারী ইন্ডাষ্ট্রি যেগুলি ইঞ্জিনিয়ারিংয়ের উপর নির্ভরশীল, তাদের অবস্থা খুবই খারাপ। আজকে এখানে বিশেষ করে পশ্চিমবাংলার সূতাকলগুলির (এক আধটা বাদে) অবস্থা খুবই খারাপ। এর বিভিন্ন কারণ আছে - আর্থিক, জাতীয় অর্থনৈতিক সংকট ইত্যাদি সবই আছে। গত কয়েক বছর ধরেই এই অবস্থা চলছে। এরজন্য দায়ী হচ্ছেন সেই সমস্ত মালিক যাঁরা পরিচালন ব্যবস্থায় রয়েছেন। সুব্রতবাবু ঠিকই বলেছেন। তিনি বলেছেন যে রিজার্ভ ব্যাঙ্ক'এর হিসাব অনুসারে দেখা গেছে শ্রমিকরা গোলমাল করে কারখানা বন্ধ করেছেন, এই রকম হিসাব হচ্ছে মাত্র ২ পারসেন্ট। এরবেশী কোথাও হিসাব পাওয়া যায় না। রিজার্ভ ব্যাঙ্ক ঐ সমস্ত রিপোর্ট মালিকদের কাছ থেকে বা অন্য কোন সূত্র থেকে সংগ্রহ করে থাকেন। তা সত্ত্বেও এন.টি.সি.'র পরিচালনায় এখানে যে সমস্ত সূতাকলগুলি আছে, তা নিয়ে এখানে যে প্রস্তাব এখানে আলোচনা হয়েছে, তারই উপরে সুব্রতবাবু ঐ কথা বলেছেন। ই.এস.আই. টাকা পয়সা প্রভিডেন্ট ফান্ডগুলিতে সময়মত জমা দেয় না। এ সম্পর্কেও সুব্রতবাবু উল্লেখ করেছেন। তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিলে, হাইকোর্ট হয় ও নানা ভাবে তারা আত্মরক্ষার চেষ্টা করে। কিন্তু আমাদের চোখে যেটা পড়ছে তা হচ্ছে, এন.টি.সি. মিল্‌স'এর অবস্থা যখনই খারাপ হয় বা অচলাবস্থা সেখানে খুব বাড়ে, তখনই তারা আমাদের কাছে আসে। গত কয়েক বছর ধরেই এই জিনিস চলছে। এই ব্যাপারে আমরা কয়েকটি জিনিস লক্ষ্য করেছি। তুলা বা অন্য কয়েকটি দ্রব্যের ব্যাপারে আপনারা ফ্রেট ইকোয়ালাইজেশানের কথা সকলেই জানেন। মহারাষ্ট্র, গুজরাট বাজার থেকে সস্তা দামে তুলা কিনছে, কিন্তু পশ্চিমবাংলার বুকে এন.টি.সি'র মিল্‌স সেই দামে তুলা বাজার থেকে কিনতে টাকা পায় না।

**[4.50 – 5.00 P.M.]**

তুলার জন্য টাকা যা পাই তা আমাদের এখানে পাটের ন্যায়, সেইজন্য অধিকাংশ তুলো শিল্প বাইরে চলে যাচ্ছে এবং আমরা এখানে সময় মত টাকা না পাওয়ার জন্য তুলোর দাম বেড়ে যাচ্ছে। তারফলে বাই ডোলে টাকা যে পাই তার কতটা প্ল্যানিংয়ে করবো আর কতটা প্রোগ্রাম করবো সেটা চিন্তা করতে হয়। যেমন তুলোর মত কয়লাও আজকে একই অবস্থা, কয়লা ঠিকমত আমরা পাঠাই কিন্তু তার টাকা আমরা পাই না, ওয়াগান পাই না এরফলে আরেকটি সর্বনাশ হচ্ছে যেটা অমলবাবু হয়ত জানেন না যে কয়লা তো আমরা দিচ্ছে কিন্তু বয়লারের সর্বনাশ হয়ে যাচ্ছে, এর এ্যাস কনটেন্ট বেশী যারফলে বয়লারগুলি নষ্ট হয়ে যাচ্ছে এবং তার হিট কমে যাচ্ছে। এইগুলি লেখা হয়েছে এবং ইউনিয়ন এই নিয়ে বারেবারে দিল্লীকে বলেছে। তারপরে মোহিনী মিল সম্বন্ধে এবং সমস্ত মিল সম্বন্ধে

ইতিপূর্বে বারেবারে মুখ্যমন্ত্রী চিঠি লিখেছেন, তার কিছু ব্যবস্থা করে দিয়েছেন কিন্তু তাদের নীতির কোন পরিবর্তন হয় নি। যেমন ইলেকট্রিসিটির ক্ষেত্রে মিলগুলোর ব্যাপারে কনটিনিউয়াস ইলেকট্রিসিটি দেওয়ার জন্য বলেছিলাম তাতে ইলেকট্রিসিটির ব্যবস্থা করে দেওয়া হয়েছে কিন্তু তা সত্ত্বেও তুলো নেই, কয়লা নেই এবং টাকার অব্যবস্থা ফলে কোন কাজই হচ্ছে না। তারপরে এন.টি.সি.মিল বম্বে মিল থেকে ব্লিচিং করে কাপড় ছাপিয়ে পশ্চিমবঙ্গের মার্কেটে পাঠান হচ্ছে এবং এইভাবে পশ্চিমবঙ্গকে ফিডিং করা হচ্ছে, এবং পশ্চিমবঙ্গে এর ব্যবহার বৃদ্ধি করা হচ্ছে। আমি আই.আর.সি.আইয়ের চেয়ারম্যানের সঙ্গে কথা বলেছিলাম, তিনি বলেছিলেন এখানে কোন ব্লিচিং কেন্দ্রের ব্যবস্থা নেই, একটি মাত্র ব্লিচিং ফ্যাক্টরি আছে বজবজে কিন্তু এন.টি.সি মিল্‌স সম্বন্ধে এ্যালিগেশান আছে যে তারা ঠিকমত এখানে যায় না। উনি নিজে বলেছিলেন যে এন.টি.সি কর্তৃপক্ষকে আমরা বারেবারে বলছি আপনারা একটা ব্লিচিংয়ের ইউনিট খোলার ব্যবস্থা করুন আমরা টাকা দেবো কিন্তু দে আর নট ইন্টারেসটেড। পরিচালনায় যারা আছেন তাদের কোন ইন্টারেষ্ট নেই এবং এটা ঠিকই অভিযোগ করেছেন মাননীয় সদস্য। আমি আমার অভিজ্ঞতা থেকে দেখেছি যাদের পাঠান হয় তারা ওখানে স্টে করে থাকেন কিন্তু কাজে কিছু আসেন না। সকলেই রিটায়ার লোক অথবা রিটায়ার হবেন এমন সব লোক যাদের কাশী পাঠান উচিত তাদের এখানে পাঠান হয়েছে, যাদের শিল্প সম্বন্ধে কোন ধ্যান-ধারণা নেই। তবে আমরা বলিনা যে আমরা বিশেষজ্ঞ এবং আমাদের ত্রুটি নেই একথা বলিনা। তাদের মধ্যেও কিছু কিছু ভালো থাকতে পারে তবে এখানে যা করেছেন তাতে রাজ্যের কোন কথা বলার এক্তিয়ার নেই এবং ট্রেড ইউনিয়নেরও কোন এক্তিয়ার নেই কথা বলার। ওদের টাকায় ট্রেড ইউনিয়নের হস্তক্ষেপ করায় আমরা দেখি যারা এইখানে ম্যানেজমেন্টে রয়েছেন তারা শাজাহানের মত বসে রয়েছেন কাজ কিছুই করেন না, তাদের খেয়ালখুশীমত কাজ করে যাচ্ছেন। এই কারণে আমি আর কথা বাড়াতে চাই না। এই জিনিষ একদিনের আলোচনা হয়, দিল্লীর দরবারে বহুবার এই নিয়ে আলোচনা হয়েছে। তবুও আমি সমস্ত সরকারী এবং বিরোধীপক্ষের সদস্যদের অনুরোধ করবো আপনারা এই বিষয়ে এক হয়ে সকল প্রতিনিধি মিলে দিল্লীতে দরবার করুন আমরা আমাদের পক্ষ থেকে সহযোগীতা করবো। কারণ এই ব্যাপারটির সঙ্গে পশ্চিমবঙ্গের স্বার্থ জড়িত, আমরা যদি যুক্তভাবে এবং যৌথভাবে এর বিরুদ্ধে লড়াই না করি তাহলে সুতো বাইরে চলে যাবে। বর্তমানে সুতোর ব্যাপারে এটা র‍্যাকেটিং চলছে, আমাদের অধিকাংশ সুতো বাইরে থেকে কিনতে হয়, সেইজন্য সুতোর ক্ষেত্রে আমরা বাইরের উপর নির্ভরশীল। তবে বর্তমান এন.টি.সি লেবার কন্ট্রাক্ট করছে এবং তার মাধ্যমে সুতোর কেনার ব্যবস্থা হয়েছে। তবে সুতোর দাম ক্রমশ এতো বেড়ে যাচ্ছে যে চিন্তা করা যায় না। জয়নাল সাহেব বললেন সুতার ইচ্ছা মত দাম বাড়ানো হচ্ছে এবং সুতোকে র‍্যাকেট করে রাখার জন্যে অধিকাংশ সময়ে দেখা যায় সুতো নষ্ট হয়ে যায়, তখন তারা ডাম্পিং প্রাইসে সুতোগুলি বিক্রি করে দেয়। এটা শুধু ট্রেড ইউনিয়নের ব্যাপার নয়, বা সরকারী ব্যাপার নয়, পশ্চিমবঙ্গের সমস্ত শুভবুদ্ধি সম্পন্ন মানুষ এরসঙ্গে জড়িত। তাদেরও যুক্তভাবে এই আন্দোলনে সহায়তা করতে হবে, তা না হলে এই সংকট থেকে এন.টি.সি মিলকে উদ্ধার করতে পারবো না। এদের এক্সপোর্ট কমিটির একটিমাত্র ওষুধ জানেন যে রুগ্ন কারখানাগুলিকে বন্ধ করে দেওয়া। এই একটিমাত্র ওষুধ ছাড়া ওখানে যে সমস্ত কর্তারা বসে আছেন অন্য কোন ওষুধ দিতে পারেন না। যাই হোক আমি সেইদিক থেকে আজকে যে প্রস্তাব এসেছে তাকে আবার ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার মোশানের উপর মাননীয় সদস্যদের আলোচনা বিষয়টাকে আরো পরিষ্কার করে দিয়েছে বলে এই সম্বন্ধে খুব বেশী বক্তব্য রাখার প্রয়োজনীয়তা মনে করি না। প্রথমে এই মোশান আনার আগে আমরা সমস্ত দলমত সমর্থন যাতে পাওয়া যায় তার জন্য চেষ্টা করেছিলাম সেখানে আমরা বিরোধী দলের সমর্থনও পাই। আজকে সুব্রতবাবু এই প্রস্তাবটাকে সমর্থন করলেন বলে আমরা তাঁকে ধন্যবাদ জানাই। ওদের বক্তব্য পেশ করার সময় একটা কথা বলেছেন যে এতে রাজ্য সরকারের কি কোন ভূমিকা নেই? এই বিষয়টি পরিষ্কার হওয়া দরকার। ওরা ভালভাবে খোঁজ করলে দেখবে ১৪-১৫টা যে ন্যাশ্যানালাইজ টেক্সটাইলস মিল এই রাজ্যে আছে, সেই মিলগুলোর পরিচালনার ব্যাপারে রাজ্য সরকারের কোন ভূমিকা নেই। এই মিলগুলোর দৈনিক কাজ ইত্যাদির প্রশ্নে রাজ্য সরকারের কোন কথাই সেখানে খাটে না। সেখানে একটা বোর্ড অফ ডাইরেক্টার আছে। সরলবাবু ও যামিনীবাবু বলেছেন তিন জন বোর্ড মেম্বার যেখানে ছিলেন সেই জায়গায় কমতে কমতে একজন যিনি মাত্র সদস্য আছেন সেখানে তাঁরও কোন ভূমিকা আছে বলে আমার মনে হয়না। এই মিলগুলোর পরিচালনার ক্ষেত্রে রাজ্য সরকারের ভূমিকা খুবই সীবাবদ্ধ। আমাদের এখানেই শুধু ন্যাশানালাইজ হয়নি, ১৯৭৪ সালে ১০৩টা মিল সারা ভারতবর্ষে ন্যাশানালাইজ করা হয়েছিল যার মধ্যে আমাদের রাজ্যে ১৪টা। এই ১৪টা মিলের কি অবস্থা হচ্ছে সেটা আমি মোশানের মধ্যে বলেছি। আমি সুব্রতবাবু এবং বিরোধীদলকে স্মরণ করিয়ে দেব - এখানে দলাদলির কোন প্রশ্ন নেই - যে সামগ্রিক রাজ্যের স্বার্থে এই ১৪টি ন্যাশানালাইজ টেকসটাইলস মিল আজকে প্রকৃতপক্ষে খুঁড়িতে খুঁড়িতে চলছে। এবং যে কোন দিন শুধু মুখ থুবড়ে পড়ে তার হৃৎ স্পন্দন বন্ধ হয়ে যেতে পারে। ২০ হাজার কর্মচারী যারা এই কারখানার সঙ্গে যুক্ত আছেন এবং তাঁদের সঙ্গে সঙ্গে লক্ষাধিক মানুষের ভাগ্যও যুক্ত আছে। তারা সকলেই আজকে অনিশ্চিত অবস্থার মধ্যে দিন কাটাচ্ছে। কারখানাগুলি প্রকৃতপক্ষে চলছে না। এই রকম একটা পরিস্থিতিতে রাজ্যের স্বার্থে, ন্যাশানালাজি কারখানাগুলির স্বার্থে, ২০ হাজার কর্মচারীও তাদের উপর নির্ভরশীল লক্ষাধিক নরনারীর স্বার্থে আমাদের সমবেত শক্তিতে সংহত করে এই মিলগুলিকে ঠিক ভাবে চলান দরকার। ন্যাশানালাইজ করা কথার কথা নয়, ন্যাশানালাইজ যখন করা হয়েছে তখন অনেক বিচার বিবেচনা করে করা হয়েছে।

**[5.00 – 5.10 P.M.]**

যখন করা হয়েছে তখন সহজে এইসব কারখানা ডি-ন্যাশানালাইজ করে করা যাবে না, এটা ডি-নোটিফিকেশানের ব্যাপারে নয় যে নোটিফিকেশান দিয়ে ম্যানেজমেন্ট টেক ওভার করলাম, কিছুদিন চালিয়ে দেখলাম শিবেরও অসাধ্য কাজ, কিছু করা যাবে না, অতএব ডি-নোটিফিকেশান করে বললাম যে তোমার কারখানা তুমি বুঝে নাও, যেভাবে পার চালাও। ডি-ন্যাশানালাইন করার জন্য পার্লামেন্টে যেতে হবে, কারণ, পার্লামেন্টের অনুমোদন নিয়ে ১০৩টি টেক্সটাইল মিলকে ১৯৭৪ সালে ন্যাশালাইজ করা হয়েছে। আজকে যদি ডি-ন্যাশানালাইজ করতে হয় এবং ন্যাশানালাইজড এই সমস্ত কটন টেক্সটাইল মিলগুলি যদি সরকার চালাতে না পারেন একথা বলা বাহুল্য এখানে ইউনিয়ন সরকারের দায়িত্ব হচ্ছে চূড়ান্ত দায়িত্ব, তাঁদের এগুলিতে ভালভাবে চালানর ব্যবস্থা করতে হবে এবং সংবিধাপে উল্লেখ করা আছে একটা নির্দিষ্ট উদ্দেশ্য সাধনের জন্য এগুলিকে ন্যাশানালাইজ করেছিলেন। যখন ন্যাশানালাইজ করেছিলেন তখন তাঁরা বলেছিলেন যে জনসাধারণকে সস্তায় কাপড়-

চোপড় এবং সুতা সরবরাহ করবেন এবং উৎপাদন বাড়াবেন। এই উদ্দেশ্য নিয়ে এই কারখানাগুলিকে ন্যাশানালাইজ করা হয়েছে। কিন্তু দুঃখের বিষয় ১৯৭২ সালে টেক ওভার করা হয়েছে, ১৯৭৪ সালে ন্যাশানালাইজ করা হয়েছে, একটি মিলকেও সিংগল আউট করা যাবে না অন্ততঃ এই রাজ্যে যেখানে ডিসক্রিমিনেটরী ট্রিটমেন্ট করা হয়নি। এই বিষয়ে আমরা গুজরাটে, মহারাষ্ট্রে গিয়ে দেখেছি, আমাদের চোখে ডিসক্রিমিনেটরী ট্রিটমেন্ট ধরা পড়েছে। সুব্রত বাবু মাফ করবেন, হয়ত বলবেন আবার ভূত দেখছেন, উপায় নেই, এই ভূত মাঝে মাঝে আমাদের দেখতে হয়। আমরা নিজের চোখে গুজরাটে মহারাষ্ট্রে দেখেছি সেখানে সেইসমস্ত ন্যাশানালাইজড টেক্সটাইল মিলে কোটি কোটি টাকা ইনভেস্ট করা হচ্ছে। এটা বানান গল্প বলছি না, এটা নিজের চোখে দেখে এসেছি, সেজন্য রিলেটিভ্‌লি বলছি। আজকে পশ্চিমবঙ্গে এই ন্যাশানালাইজড মিলগুলির মর্ডানাইজেসানের জন্য বেশ কয়েক কোটি টাকা খরচ করা হয়েছে, মাননীয় সদস্য সরল বাবু সেকথা বলেছেন, কিন্তু সমস্ত ভস্মে ঘি ঢালা হয়েছে। মর্ডানাইজেসানের জন্য কোটি কোটি টাকা ম্যানেজমেন্ট খরচ করলেও তার কোন ফল কোন মিল এক ছটাকও পায়নি। শেষ পর্য্যন্ত এক্সপার্ট কমিটিকে দিয়ে বলাচ্ছেন, দু'দিন পরে নিজেরাই বলবেন চালান যাবে না। আমি একটি মিলের নাম করছি, ১৪টি মিলের মধ্যে যেটি লার্জেস্ট মিল সেন্ট্রাল কটন মিল তারা পরিষ্কার বলে দিয়েছেন, এক্সপার্ট কমিটি বলেছে একটি কারখানাও চালানর কোন উপায় নেই, বন্ধ করে দিতে হবে। সেজন্য আমি সব্রতবাবু বিশেষ করে বিরোধী বন্ধুদের বলব আসুন, এই মিলগুলিকে বাঁচানর জন্য আমাদের রাজ্যের স্বার্থে, ১৪টি মিলের স্বার্থে, ২০ হাজার শ্রমিকের স্বার্থে, লক্ষাধিক মানুষের স্বার্থে এই ন্যাশানালাইজড কটন টেক্সটাইল মিলগুলি যাতে এখানে ভালভাবে চলে তারজন্য চেষ্টা করি। এই কথা বলে যাঁরা এই প্রস্তাবকে সমর্থন করেছেন তাঁদের ধন্যবাদ জানিয়ে এবং মাননীয় সদস্য সুমন্ত হীরা যে সংশোধনী এনেছেন তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য এখানে শেষ করছি।

The amendment to motion of Shri Sumanta Kumar Hira that সপ্তম অনুচ্ছেদের, তৃতীয় লাইনে 'চক্রান্ত করে চলেছেন' কথাগুলির পরিবর্তে 'সুপারিশ করেছেন' কথাগুলি বসানো হউক; was then put and agreed to.

The motion as amended—

"যেহেতু সংবিধানের ৩৯ (খ) ধারা মোতাবেক এবং জনসাধারণকে ন্যায্যমূল্যে সবরকমের বস্ত্র ও সুতো সরবরাহ করতে ও উৎপাদন বৃদ্ধির উদ্দেশ্যে এই রাজ্যের বেশ কিছু সংখ্যক তথাকথিত রুগ্ন সুতো ও কাপড় কল সংস্থার পরিচালনভার শিল্প (নিয়ন্ত্রণ ও উন্নয়ন), আইন ১৯৫১ অনুসারে গ্রহণ করা হয় এবং জাতীয়করণ আইন, ১৯৭৪ অনুসারে জাতীয়করণ করা হয়;

যেহেতু বিগত এক দশক যাবৎ পরিচালন ব্যবস্থায় বহুবিধ ত্রুটির জন্য লাভজনক সংস্থা হওয়া তো দুরের কথা, এই কাপড় ও সুতোকলগুলো ক্রমশঃ আরও বেশী করে রুগ্ন হয়ে পড়ছে;

যেহেতু ১৯৮২-৮৩ সালে এই মিলগুলোর লোকসানের পরিমাণ যেখানে ছিল সোয়া এগার কোটি টাকার মত, ১৯৮৩-৮৪ সালে তা বেড়ে হয়েছে প্রায় সাতাশ কোটি টাকার মত এবং কন্ট্রোলের ও অনিয়ন্ত্রিত কাপড় তৈরীর ক্ষেত্রেও মিলগুলো শোচনীয় পরিস্থিতির সম্মুখীন হয়েছে;

যেহেতু অকারিগরী কারিগরী পরিচালন ব্যবস্থার শোচনীয় সীমাবদ্ধতা, অযোগ্যতা ও দুর্নীতি এবং তুলা, কয়লা, তেল ইত্যাদি কাঁচামাল এবং কলকব্জা ও যন্ত্রাংশের যোগানে ব্যাপক ও একটানা ঘাটতির কারণে প্রত্যেকটি মিলের মোট উৎপাদন ক্ষমতার ব্যবহার দিন দিন কমে যাচ্ছে এবং কোন কোন মিলে তা শতকরা ২৫/৩০ ভাগে নেমে এসেছে;

যেহেতু পরিস্থিতির উন্নতি সাধনে কর্তৃপক্ষ দীর্ঘকাল যাবৎ কোন উল্লেখযোগ্য উদ্যোগ বা উদ্যম গ্রহণ করে নি;

যেহেতু এই শোচনীয় পরিস্থিতির পরিবর্তনের জন্য আশু প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা না হলে অদূরভবিষ্যতে সার্বিক অচলাবস্থা দেখা দেবে এবং রাজ্যের কুড়ি হাজার শ্রমিক ও কর্মচারী শুধু নয়, তাদের লক্ষাধিক আত্মীয়, পরিজন ও পোষ্যরাও পথে বসবে;

যেহেতু এই পরিস্থিতিতে কর্তৃপক্ষ ও বিশেষজ্ঞের দল জাতীয়করণ আইনের তাৎপর্য ও কার্যকারিতা উপলব্ধি করতে ও তা কাজে পরিণত করতে ব্যর্থ হয়ে কোন কোন মিল বন্ধ করে দেবার সুপারিশ করেছেন;

সেইহেতু এই বিধানসভা জাতীয়করণ আইনে ঘোষিত লক্ষ্যে উপনীত হওয়ার জন্য মিলগুলোর সর্বাত্মক উন্নয়নের কর্মসূচী প্রস্তুত করার জন্য ও তা আশু কার্যকরী করার জন্য রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাচ্ছে"।

was then put and agreed to.

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস :** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি যে প্রস্তাব উথাপন করেছি, সেই প্রস্তাব সভায় আমি পড়ে দিচ্ছি;

যেহেতু ভারতবর্ষের মতো উন্নয়নশীল দেশে আকাশবাণী ও দূরদর্শন অত্যন্ত শক্তিশালী প্রচার মাধ্যম;

যেহেতু বিপুল সংখ্যাগরিষ্ঠ নিরক্ষতার অভিশাপগ্রস্ত দেশ ভারতবর্ষে আকাশবানী ও দূরদর্শনের গুরুত্বপূর্ণ ভূমিকা অনস্বীকার্য;

যেহেতু দূরদর্শন ও আকাশবাণীর সংবাদ, বিভিন্ন প্রতিবেদন, মতামত ও সমীক্ষা ইত্যাদি জাতীয় কার্যসূচী জনমত গঠনে মূল্যবান ভূমিকা গ্রহণ ক'রে থাকে;

যেহেতু সামগ্রিক বিচারে ও জাতীয় স্বার্থের পরিপেক্ষিতে আকাশবানী ও দুরদর্শনের নিরপেক্ষ ও স্বাধীন ভূমিকা থাকা বাঞ্ছনীয়;

যেহেতু কেন্দ্রীয় তথ্য ও বেতার মন্ত্রকের নিয়ন্ত্রণাধীন আকাশবানী ও দুরদর্শনের প্রতিটি কর্মসূচী ঐ মন্ত্রকের নির্দেশে পক্ষপাতদুষ্ট;

যেহেতু আকাশবাণী ও দুরদর্শন গণতান্ত্রিক ভাবধারার বিকাশে এবং শিক্ষা সংস্কৃতির সমাজমনস্ক চেতনার পরিস্ফুটনে সফল নয়;

সেইহেতু এই রাজ্য বিধানসভা বৃহত্তর জাতীয় স্বার্থ রক্ষার্থে গণতান্ত্রিক ভাবনাচিন্তার অবাধ ও স্বচ্ছন্দ প্রকাশ অবারিত করার জন্য আকাশবাণী ও দূরদর্শন কেন্দ্রকে "স্বশাসিত কর্পোরেশনে" রূপান্তরিত করার জন্য রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাচ্ছে।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে এই প্রস্তাব অনিবার্য হবার কারণ হল বৃটিশ ভারতে আমরা দেখেছি দেশের গণ মাধ্যমগুলি পুরোপুরি সাম্রাজ্যবাদীদের স্বার্থে কাজে লাগান হোত। স্বাধীনতার পর প্রথম দিকে একটু উদার নীতি গ্রহণ করা হলেও প... । দেখলাম এই আকাশবাণী এবং দূরদর্শন শাসকশ্রেণীর কুক্ষিগত হয়েছে এবং তাদের তল্পিবাহকে পরিণত হয়েছে। ভারতবর্ষের মত একটা গণতান্ত্রিক দেশে যদি প্রচার মাধ্যম, গণমাধ্যম শাসকশ্রেণীর কুক্ষিগত হয় তাহলে স্বাভাবিকভাবেই আমাদের গণতন্ত্রের বিকাশ ব্যাহত হবে। এইসব কারণেই আজকে আকাশবাণী এবং দূরদর্শন স্বাশাসিত কর্পোরেসন হোক এই প্রস্তাব অনিবার্য হয়ে উঠেছে। পণ্ডিত নেহেরুর আমলে এই কথা উঠেছিল এবং পরবর্তীকালে চন্দ্র কমিটির রিপোর্টে সুপারিশ করা হয়েছিল আকাশবাণী এবং দূরদর্শন স্বাশাসিত করা হোক। মাসানী কমিটির রিপোর্টে বলা হয়েছে এই ধরণের শক্তিশালী প্রচার মাধ্যম যেটা জনসাধারণকে প্রভাবিত করে সেটাকে স্বাশাসিত কর্পোরেসনে রূপান্তরিত করা হোক। জনতা দলও বলেছিলেন তাঁরা ক্ষমতাসীন হলে আকাশবানী এবং দূরদর্শনকে স্বশাসিত কর্পোরেসনে রূপান্তরিত করবেন। ভার্গিস কমিটির রিপোর্টেও একথা বলা হয়েছে যে, গণতন্ত্রকে রক্ষা করবার জন্য এবং তার বনিয়াদ মজবুত করার জন্য এটা করা উচিত। আমরা দেখেছি যে সমস্ত দেশে গণতন্ত্রের চরম বিকাশ হয়েছে সেখানে এই দুটিকে অটোনমাস্ বডিতে রূপান্তরিত করা হয়েছে। গ্রেট ব্রিটেনে বি বি সি হচ্ছে এর বড় উদাহরণ। অ্যামেরিকাতে দেখছি "ভয়েস্ অব অ্যামেরিকা" একটি স্বশাসিত কর্পোরেসন। অস্ট্রেলিয়ান ব্রডকাস্টিং কর্পোরেসন - ও একটি স্বাশাসিত কর্পোরেসন। এই প্রসঙ্গে মোটামুটি এই বক্তব্য আপাতত আমি রাখলাম। অন্যান্য বক্তাদের বক্তব্য শোনার পর আমি জবাবী ভাষণ দেব।

**মিঃ ডেপুটি স্পীকার :** মিঃ মিশ্র, আপনি আপনার এ্যামেন্টমেন্ট মুভ করুন।

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় সদস্য জয়ন্ত বিশ্বাস, সুমন্ত হীরা, ভূপাল পান্ডা এবং অনিল মুখার্জী মহাশয় যে মোসন এনেছেন সেখানে আমি এ্যামেন্ডমেন্ট দিয়েছি এবং সেই প্রসঙ্গে আমার বক্তব্য রাখছি। ওঁনারা বলেছেন, " যেহেতু কেন্দ্রীয় তথ্য ও বেতার মন্ত্রকের নিয়ন্ত্রনাধীন আকাশবানী ও দূরদর্শনের প্রতিটি কর্মসূচী ওই মন্ত্রকের নির্দেশে পক্ষপাতদুষ্ট"- আমি সেখানে বলছি এই ৫ম অনুচ্ছেদটি বাদ দেওয়া হোক। আর ৬নং অনুচ্ছেদে বলছি, প্রথম লাইনে "যেহেতু আকাশবানী ও দূরদর্শন" কথাগুলির পরে "স্বশাসিত সংস্থা হলে" কথাগুলি বসান হোক। ওই অনুচ্ছেদের দ্বিতীয় লাইনে "সফল নয়" কথাগুলির পরিবর্তে "অধিকতর সাফল্য লাভ করতে পারে" কথাগুলি বসান হোক। আমি আশাকরি বৃহত্তর স্বার্থে মাননীয় সদস্যগণ আমার প্রস্তাব গ্রহণ করবেন।

**[5.10 – 5.20 P.M.]**

**শ্রী সুব্রত মুখার্জী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এর আগে রেজলিউসনটা যেভাবে আনা

হয়েছিল এবং তার যা স্পিরিট ছিল তাতে স্বাভাবিকভাবে মানসিক দিক থেকে আমরা অনেক বেশী খুশী ছিলাম। কিন্তু তারপর জয়ন্তবাবু কেন এই ধরনের রেজলিউসনটা আনলেন তা আমি ঠিক বুঝতে পারছি না। কি যে এর উদ্দেশ্য তা খুব একটা পরিষ্কার নয় সংক্ষেপে এটা বলা যায় যে জয়ন্তবাবু ভাল ভাল কথা বলেন, ভাল ভাল পাবলিসিটি দেন এবং সরকার পক্ষ থেকে যে কজন মানুষের নাম দূরদর্শন ও আকাশবাণীতে শোনা যায় তার মধ্যে জয়ন্তবাবুর নামে বেশী শোনা যায় বলে মনে হয়। কিন্তু তা সত্ত্বেও তার কেন এত রাগ এই রেডিও বা দূরদর্শনের উপর এবং তিনি কেন আরও চাপ সৃষ্টি করেন সেটা আমার মাথায় ঢুকছে না। এই ব্যাপারে আমার একটা গল্প মনে পড়ে গেল, অবশ্য অনেকেই জানেন এই গল্পটি। একটি দুষ্টু ছেলে সে ক্লাশ সিক্সে পড়ত এবং সেই ছেলেটি লেখাপড়া ভাল করত না কিন্তু খুব চালাক ছিল সে পরীক্ষা দিতে গিয়েছে - ইতিহাসের পরীক্ষা। পরীক্ষায় প্রশ্ন পড়েছে পানিপথের তৃতীয় যুদ্ধ। সেতো লেখাপড়া করে আসেনি কিন্তু খুব চালাক ছেলে তাকে তো কিছু লিখতেই হবে। লেখা সুরু করল দু-দুটি যুদ্ধের পর পানিপথের তৃতীয় যুদ্ধ হয় এবং এই যুদ্ধে এক পক্ষ জয়ী হয়েছিল এবং আর এক পক্ষ পরাজিত হয়েছিল। যুদ্ধটি ইতিহাসের পাতায় স্বর্ণাক্ষরে লেখা থাকবে এবং সেই যুদ্ধে বহু হতাহত হয়েছিল। পরীক্ষক তো খাতা দেখে মাথা চুলকাতে আরম্ভ করলেন যে অবস্থাটা ওনার হয়েছে। আপাত দৃষ্টিতে মনে হচ্ছে অনেক পড়েছে কিন্তু সেই পরীক্ষক শেষ পর্য্যন্ত তাকে শূণ্য দিয়েছিল। জয়ন্তবাবুর অবস্থা ঠিক সেই রকম। আপত দৃষ্টিতে মনে হবে ১,২,৩,৪ ... সব কটি ঠিক আছে, কিন্তু যেইমাত্র শেষ কথাটি বলবে সেটা শুনেই শূণ্য দিতে হবে এটাই হল মূল কথা। প্রথমে বলছেন উন্নয়নশীল দেশে আকাশবাণী এবং দূরদর্শন অত্যন্ত শক্তিশালী প্রচার মাধ্যম এটা খুবই সত্য কথা। নিরক্ষতার অভিশাপ হিংসা দূর করার জন্য ভারতবর্ষে আকাশবাণী এবং দূরদর্শনের ভূমিকা নিশ্চয় অনস্বীকার্য। এসব কথা বলে শেষকালে উনিবলেছেন ওনাকে একটু বেশী করে অধিকার দেওয়া হোক এবং কেন্দ্রীয় সরকারের তত্ত্বাবধান থেকে সরিয়ে নিয়ে এসে একটা স্বশাসিত কর্পোরেশন করে দেওয়া হোক। আমি ওনাকে আক্রমন না করে বলছি ঐ সব রাজ্যসরকারের স্বশাসিত কর্পোরেশনগুলি কি অবস্থা সেটা কি উনি দেখেছেন? কেউ নিজের বুকে হাত দিয়ে বলতে পারে যে স্বশাসিত কর্পোরেশন করে অবাধ গণতান্ত্রিক নিয়মে যেটা আমরা আশা করি সেটা আমরা পেয়েছি কি? এর মধ্যে দিয়ে আমরা দেখেছি এই কর্পোরেশনগুলির কি অবস্থা এবং আরো অনেক কর্পোরেশন তো করেছেন আপনারা এই ধরুন না বসুমতী - আপনাদের লেখা ছাড়া আর আমাদের গালাগালি দেওয়া ছাড়া আর কিছু বেরোয় কি? কিছুদিন আগে মন্ত্রী মহাশয়া শ্রীমতী ছায়া বেরাকে বলেছিলাম একটা প্রশ্নের মাধ্যমে যে আপনি যে লাইব্রেরী কমিটি করেছেন সেটা কি সমস্ত দল মত নির্বিশেষে করেছেন এবং এটা কি দলমত নির্বিশেষে করা যায় না? একজন মন্ত্রী হিসাবে হাউসে দাঁড়িয়ে বললেন আমরা যা ইমপ্লিমেন করতে যাচ্ছি অন্যান্য লোকজন যদি আসে তাহলে তারা সেটা ডিসটার্ব করবে। সুতরাং অন্য কাউকে নেবার কোন প্রশ্ন আসে না। তাই যদি হয় তাহলে আমাদের ক্ষেত্রেও তাই। কেন্দ্রীয় সরকারের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার এগুলো স্বশাসিত কর্পোরেশন করেন তাহলে ছায়া বেরার মত কর্পোরেশন হবে এবং এর দ্বারা জয়ন্ত বাবুরা আরও এক্সট্রা উপকৃত হবেন। আরো মনে রাখা দরকার যে আপনারা সব মার্কসবাদে বিশ্বাস করেন তাহলে স্বশাসিত কর্পোরেশন এর কথা কেন বলেন? যেটা সরকারের কাছে আছে - আজকে ওনারাও সরকারে থাকতে পারেন তাহলে তো আপনাদের কথাই থাকবে নিজে মার্কসবাদের কথা বিশ্বাস করেন আর আমেরিকার গণতন্ত্রের মত ডেমোক্রেসি ম্যাথ তার মত কথাবার্ত্তা বলেন। এটা একটা অদ্ভুত

ব্যাপার। সেল্ফ কন্ট্রাডিকশান, আজকে অল ইন্ডিয়া রেডিও এবং টি.ভি.তে নির্বাচনের প্রাক্কালে আপনি দেখেছেন যে কেন্দ্রীয় সরকার একটা ছোট দলকে যে সময় এবং যে গুরুত্ব দেওয়া হয়েছিল, একেবারে সম্পূর্ণভাবে সরকারের তরফ থেকে আমাদেরও একই ভাবে সেই জায়গায় আমরা সুযোগ পেয়ে থাকি। কোনও রকম সুযোগের একটুও বিন্দুমাত্র অতিরিক্ত হয় না। This is one kind brackmailins. এই রেজলিউশনটা আমাদের এই হোল হাউসকে ইনসাল্ট করছে, কমিউনিষ্ট কায়দায় যাতে আমি আর একটু সমালোচনা করি, যাতে টি.ভি. রেডিও'র লোকেরা একটু ভয় পেয়ে আর একটু প্রচার বাড়িয়ে দেবে। কমপ্লিটলি ব্ল্যাকমেল করার চেষ্টা করা হচ্ছে। কিন্তু শুনে রাখুন এই রেজলিউশন করে, ব্ল্যাকমেল করে এর চেয়ে বেশী কিছু আদায় করা সম্ভব নয়। কারণ আমরা মনে করি জনগনের যারা প্রতিনিধি, সে যে দলেরই তারা হোন, তাদের যদি অসম্মান করা হয়, তাদের কার্য্যকলাপকে যদি অসম্মান করা হয় তাহলে পিপল্‌কে অসম্মান করা হয়। গণ মাধ্যম আজকে যে সব জায়গায় স্বশাসিত হয়েছে, সেখানকার অবস্থা কি হয়েছে জানেন? আজকে আমেরিকায় এইগুলো গণমাধ্যমে হয় না, সমস্ত প্রাইভেট জায়গায় চলে গেছে, সর্বস্তরে। এক একটা চ্যানেল খুললে দেখতে পাবেন - চোখে দেখা যায় না, এমন জায়গায় চলে গেছে। সেটা আমার কথায় একটা ভয়াবহ অপসংস্কৃতি বলা যায়। সুতরাং সাজেসন দেওয়া যেতে পারে যে আরও কি করে ভাল করা যায়, আরও কি করে ইকয়েল গুরুত্ব দেওয়া যায়, এই ধরণের সাজেসন দেবার জন্য কেন্দ্রীয় সরকার অলরেডি একটা এ্যাডভাইসারী কমিটি পর্য্যন্ত করে দিয়েছেন। অন্য দলের সংসদ সদস্যরা পর্য্যন্ত থাকেন, তাঁরাও সাজেসন দিতে পারেন। সুতরাং স্বয়ং শাসিত কর্পোরেশন করবার নাম করে যে প্রস্তাব করেছেন, আমি আশা করিনি, কোনও মার্কসবাদী মানুষ এই দাবী করবে। যারা দাবী করেন চারিদিকে জাতীয়করণ করা হোক, জাতীয়করণ করা হোক বিশেষ করে গণ মাধ্যমের মত জিনিষ, তারা আমার ভুল ত্রুটি যদি কিছু করে থাকেও, তা আবার দাবী করেন যে এটাকে সরিয়ে নিয়ে আসার জন্য, এটা একটা অদ্ভুত ব্যাপার হয়ে দাঁড়াচ্ছে। এই যে সরকার থেকে ফিল্ম ডেভলপমেন্ট কর্পোরেশন তৈরী করা হয়েছে, এই ফিল্ম ডেভলপমেন্ট কর্পোরেশনকে স্বয়ং শাসিত কর্পোরেশন বলেন, আর গাদা গাদা টাকা শুধু আপনাদের কয়েকজন ফড়িয়াদের দিচ্ছেন, একদম লুঠ হয়ে চলে যাচ্ছে। এটা স্বয়ং শাসিত কর্পোরেশন হলেই একটা মহা মূল্যবান সম্পত্তি হয়ে দাঁড়াবে, এই অভিজ্ঞতা আমাদের নেই। স্বভাবতঃই কেন্দ্রীয় সরকারের হাতে যে সমস্ত আছে, সেইগুলোকে আরও সুষ্ঠু ভাবে যাতে চালানো যায়, সেই প্রচেষ্টা এবং সাজেসন দেওয়ার দরকার আছে বলে আমি মনে করি। স্যার, আমি এই ক্ষেত্রে একটা অনুরোধ করছি যে ক্যালকাটা টি.ভি. সেন্টার এবং অল ইন্ডিয়া রেডিওতে আপনি যদি লক্ষ্য করেন তাহলে দেখবেন যে আমরা বঞ্চিত অনেক বেশী হয়েছি বিরোধী দলের লিডার, যারা পশ্চিমবঙ্গের রয়েছে তাদের থেকে। আজকে যে কোনও সময়ে কলকাতার টি.ভি. এবং রেডিও যদি খোলেন তাহলে দেখবেন কোনও না কোন মন্ত্রী ভাষণ দিচ্ছেন। লোকে মরে যাচ্ছে জন্ডিস হয়ে, কিন্তু মন্ত্রী ঠিক ভাষণ দিয়ে যাচ্ছেন। লোকে মরে যাচ্ছে তাতে কিছু হচ্ছে না, কিন্তু অম্বরিশ বাবু জানাচ্ছেন নানা কথা, রেডিও খুললেই সকাল দুপুর-এ শুনবেন পশু পালন দপ্তর থেকে শুরু করে অমুক দপ্তর পর্য্যন্ত একই ভাঙ্গা কাঁসির মত অল ইন্ডিয়া রেডিও এবং টি.ভি.তে আমরা শুনতে পাই মন্ত্রীদের বক্তব্য। এমন কি একটা মিছিল করবেন ষ্টেডিয়ামে যাবার, আগে মন্ত্রীর লাইফ কাস্টিং দেখানো হয়ে গেল যে কালকে মিছিল যাবে। কি করে হয়? একটা ঘটনা ঘটার পর প্রচার হয়, একটা ঘটনা ঘটার আগে প্রচার হয় না, তা পর্য্যন্ত হয়েছে। আমরা তো এই কাজ করিনি? ঠিক আছে সরকার থেকে কাজ

করছেন, তার জন্য করা হচ্ছে। সুতরাং যে সরকারের পক্ষ থেকে একেবারে ছট্‌পুজো থেকে আরম্ভ করে — জ্যোতি বাবু তো মুখ্যমন্ত্রী, ছট পুজো থেকে আরম্ভ করে বিশ্বকর্মা পুজোর সময় প্রতিদিন লাইফ কাস্টিং দেখানো হচ্ছে টি.ভি.তে। তারপরও বলবেন যে আজকে একটা সাংঘাতিক সর্বনাশ করে দিচ্ছে টি.ভি. আর রেডিও? রেডিও খুলে দেখবেন এই যে হাউস কভার করার ব্যবস্থা থাকে, আপনি যদি কোনওদিন খোলেন তাহলে দেখবেন অল ইন্ডিয়া রেডিওতে ম্যাক্সিমাম কভারেজ প্রায় রুলিং পার্টি, যেটা পাওয়া উচিত নয়। অপোজিশনের চেয়ে বেশী পায়। যেখানে হাউস নিড্‌স অপোজিশন। এখানে সর্বাধিক গুরুত্ব দেওয়া হয় মন্ত্রীদের। আজকে মন্ত্রীদের ধারাবাহিক বিবৃতিগুলো নিয়ে গিয়ে সাধারণ ভাবে পাঠ করে দেওয়া হচ্ছে দিনের পর দিন। সুতরাং যদি সত্যিকারের অবিচার হয়ে থাকে, বিমাতৃ সুলভ মানসিকতা যদি নিয়ে থাকে আজ পর্য্যন্ত অল ইন্ডিয়া রেডিও, তাহলে সেটা আমাদের উপর করা হচ্ছে। কিন্তু তবুও আমরা মনে করি যে কিছু কিছু জিনিস, এইগুলো অত্যন্ত গুরুত্বপূর্ণ, রাষ্ট্রীয় এবং জনগনের ক্ষেত্রে সেইগুলো সরকারের হাতে থাকা দরকার। আজকে তো প্রশংসা করলেন না যে ডেভলপিং কান্ট্রি কিভাবে মডার্নাইজ করেছে টি.ভি.কে। গ্রামে গ্রামে টি.ভি.কে পৌঁছে দেওয়া হয়েছে, স্যাটেলাইটের যুগে আমরা পৌঁছে গেছি এবং যতগুলো দেশ স্যাটেলাইটের যুগে পৌঁছেছে, তার মধ্যে আমরা একটা। আমরা এখানে বসে টি.ভিতে খেলা দেখছি অলিম্পিকের। আমরা যে কোনও কনফারেন্স দেখছি এবং শুনছি। সারা পৃথিবীকে ছোট করে দিয়েছে আমাদের টি.ভি., দূরদর্শন। এমন কি সাংঘাতিক ভাবে আমরা এগিয়ে গেছি। শুধু তাই নয়, কেন্দ্রীয় সরকার এটাকে আরও বেশী ব্যাপকভাবে প্রচার করার জন্য টি.ভি.থেকে ট্যাক্স পর্য্যন্ত মকুব করে দিয়েছে যাতে ঘরে ঘরে টি.ভি. মানুষের কাছে পৌছে যায়। এবং মানুষের গণ মাধ্যমের পূর্ণ সদ্‌ব্যবহারের যাতে সুযোগ হয়। আজকে জাতীয় সংহতির ধারক এবং বাহক হয়ে গেছে টি.ভি.। আগে এই জিনিস ছিল না। কি প্রচন্ড উপকার হয়েছে এই জাতীয় প্রোগ্রাম, ন্যাশন্যাল প্রোগ্রাম করার ফলে। অনেক জায়গায় অনেক লোকে জানতো না রবীন্দ্র সঙ্গীত কি, আজকে টি.ভি.'র মাধ্যমে সমস্ত জায়গায় জায়গায় পৌছে যাচ্ছে।

**[ 5.20 – 5.30 P.M. ]**

এছাড়া অন্যান্য জায়গার অনেক সংস্কৃতি সম্পর্কে আমাদের পরিচয় ছিল না, টি.ভি.'র মাধ্যমে সেই পরিচয় আমরা পাচ্ছি। পশ্চিমবঙ্গের এমন কোন মহকুমা দেখাতে পারবেন না, যেখানে টি.ভি. রিলে সেন্টার না হয়েছে। কার্শিয়াং থেকে আরম্ভ করে আন্দামান পর্য্যন্ত আজকে আমরা টি.ভি. সেন্টার তৈরী করেছি। এখানে কোন সংকীর্ণতার প্রশ্নই উঠতে পারে না। নতুন সাজেসন থাকলে দিতে পারেন, কিন্তু স্বয়ং শাসিত হোক, একটা কর্পোরেশন হোক, এই ভয়াবহ প্রস্তাব ব্ল্যাক মেল করা ছাড়া আমি আর কিছু মনে করি না। আমি নিজে আশা করবো জয়ন্ত বাবুর মত প্রগতিশীল মানুষ, তিনি এটা উইথড্র করবেন এবং উইথড্র যদি করেন, পরবর্ত্তীকালে আরও বেশী কিছু ভাল প্রস্তাব আনা যায়, এটাকে ভাল করবার জন্য যদি কোন পজিটিভ ইতি বাচক প্রস্তাব সুপারিশ করা যায়, তার জন্য নিয়ে আসেন, তাহলে আমরা সমর্থন করবো। আরও ভাল কি করে করা যায়। আমরা মনে করি যে উত্তরবঙ্গে টি.ভি.'র ব্যাপক প্রচার করা দরকার। উত্তরবঙ্গে এমন অনেক জায়গা আছে যেখানে আমাদের টি.ভি.'র ব্যবহার হয় না। বাংলা দেশের টি.ভি. ব্যবহার হয় বলে। অনেকে এরশাদকে মনে করে আমাদের প্রধানমন্ত্রী। আমি অনেকবার বলেছি যে এখানে ব্যাপক ভাবে রিলে সেন্টার তৈরী করা

উচিত না হলে বিভ্রান্তির সৃষ্টি হতে পারে। সুতরাং আমি জয়ন্তবাবুকে অনুরোধ করবো এটা সম্পূর্ণভাবে উইথড্র করুন, কারণ এই টি.ভি. সরকারের নিয়ন্ত্রনে না থেকে কোন একটা বিচ্ছিন্ন মানুষের হাতে থাকে তাহলে সর্বনাশ হয়ে যাবে। এই ধরণের একটা প্রস্তাব এই হাউস থেকে পাশ হোক। এটা সঙ্গত হবে বলে আমি মনে করি। আমি এই রেজলিউশনের সম্পূর্ণ বিরোধীতা করছি এবং যে অ্যামেন্ডমেন্টগুলো আছে, আমি জয়ন্তবাবুকে অনুরোধ করছি, সেইগুলোকে গ্রহণ করার জন্য।

**শ্রী অনিল মুখার্জী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সুব্রতবাবু যে বক্তব্য রাখলেন, সেটা যেন আমাদের একটু ভীতি প্রদর্শন করলেন। বললেন তোমাদের অনেক সুযোগ দিয়েছি, আর দেব না। অর্থাৎ তিনি বললেন আমরাই আছি, আর কেউ থাকবেনা, আমরাই থাকবো। অর্থাৎ তাঁর বক্তৃতার মধ্যে পুরো এমন একটা মানসিকতা দেখা দিল, আজকে যে গণতন্ত্র বিরোধী এবং ওনারা যে টি.ভি. রেডিওকে ব্যবহার করছেন, সেটা সম্পূর্ণ ভাবে ভাল করেই উনি জানেন। উনি বললেন যে বামফ্রন্ট সরকার এরই প্রচার হচ্ছে। উনি যখন এখানে মন্ত্রী ছিলেন টি.ভি. ওনার সময় প্রতিষ্ঠিত ছিল, প্রচারের যে সময় দেওয়া হতো, আজকে বামফ্রন্ট সরকারকে কি সেই সময় দেওয়া হয়? শুধু তাই নয়, সাংঘাতিকভাবে ডিস্‌ট্রশন অব ফ্যাক্টস করা হচ্ছে বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে। কলকাতা আছে কলকাতাতে, একটা ফিচার করে রাজনৈতিক উদ্দেশ্য সাধনের জন্য তারা বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে প্রচার চালাচ্ছে। অর্থাৎ ঐ টি.ভিকে তারা প্রচার যন্ত্র হিসাবে নিজেদের স্বার্থে ব্যবহার করছে। আজকে প্রশাসন এমন একটা জায়গায় এসে গেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গতদিন টি.ভি. প্রোগ্রামে মর্মমণি বলে একটা বই হচ্ছিল। হঠাৎ দেখলাম সেই বইটা বন্ধ হয়ে গিয়ে কীর্তন শুরু হয়ে গেল। অদ্ভুত ব্যাপার, এদের মাথায় কি আছে আমি জানিনা। নাটক হতে হতে কোথা থেকে কীর্তন আরম্ভ হয়ে গেল যার সঙ্গে এর কোন সম্পর্ক নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এরা জাতীয় সংহতির কথা বলেন। জাতীয় সংহতির কথা বলে যে প্রোগ্রাম চালু করেছেন, সর্বভারতীয় প্রোগ্রাম চালু করেছেন, সেই প্রোগ্রামে ম্যাড্রাস বলে মানবো না। ম্যাড্রাসে এই সর্বভারতীয় প্রোগ্রাম হচ্ছে না। যেহেতু সেখানে রামচন্দ্র কংগ্রেসের কোলে রয়েছে, সেজন্য এখানে বিরোধীতা করা হলনা এবং সেখানে চালু হচ্ছে না। আর জ্যোতিবাবু যদি এখানে সাজেশান দেন তাহলে সেটাকে গ্রহণ করবেন না। কারণ জ্যোতিবাবু যে এদের কংগ্রেসের কোলে নেই, তিনি সত্যি কথা বলেন, সে জন্য সেটা নেওয়া হবেনা। এই হচ্ছে তাদের সর্বভারতীয় সংহতির প্রোগ্রাম। আজকে প্রোগ্রামগুলি যে ভাবে চলেছে তাতে টি.ভি. বন্ধ করে দিতে হয়। আজকে পশ্চিমবাংলার লোকেরা টি.ভি. প্রোগ্রাম দেখে না, তারা বাংলাদেশ খুলে বসে। আজকে এই অবস্থা হয়েছে। প্রশাসনে এই রকম অবস্থা হয়েছে যে সমস্ত এ্যাপয়েন্টমেন্ট বেছে বেছে বিশেষ বিশেষ লোককে দেওয়া হচ্ছে, কংগ্রেসের লোককে বেছে বেছে এ্যানাউন্সার করা হচ্ছে, চাকুরী দেওয়া হচ্ছে, টি.ভি.তে নিয়োগ করা হচ্ছে। আজকে এটা একটা দলবাজীর ক্ষেত্রে পরিণত হয়েছে। আজকে টি.ভি.তে শুধু ইন্দিরা গান্ধীর শবদাহ দেখানো হচ্ছে না, তার নাতি, নাতনিরা কিভাবে ফুল দিচ্ছে সেটাও দেখান হচ্ছে। তার বাড়ীর চাকর, ঝি থেকে আরম্ভ করে ছেলে, বৌ, এমন কি শ্বশুরকেও পর্যন্ত টি.ভি.তে দেখান হচ্ছে। চিরকাল যেভাবে টি.ভি নেহেরু পরিবারের সেবা করে এসেছে, কংগ্রেসের সেবা করে এসেছে, আজকেও সেই রকম সেবা করে চলেছে এবং তাদের রাজনৈতিক উদ্দেশ্যে সাধন করার জন্য টি.ভি.কে ব্যবহৃত করা হচ্ছে। স্বাভাবিক ভাবে এটা কোন

ভয়-ভীতির ব্যাপার নয়, ভারতবর্ষের মানুষের জাতীয় ঐক্যের জন্য, জাতীয় সংহতির জন্য, গনতন্ত্রকে রক্ষা করার জন্য, দেশের স্বাধীনতাকে রক্ষা করার জন্য, দেশের বিভিন্ন অঞ্চলের সংস্কৃতিকে রক্ষা করার জন্য, পশ্চিমবাংলার সংস্কৃতিকে বাঁচানোর জন্য, ত্রিপুরার সংস্কৃতিকে বাঁচানোর জন্য, রাজস্থানের সংস্কৃতিকে বাঁচাবার জন্য, মাদ্রাজের সংস্কৃতিকে বাঁচাবার জন্য আজকে প্রয়োজন একটা স্বয়ং শাসিত কর্পোরেশানের। কারণ একক কেন্দ্রিক বা একচোখা নীতি নিয়ে সারা ভারতবর্ষের সংস্কৃতিকে রক্ষা করা যায় না। আজকে তারা টি.ভি.'র মাধ্যমে, রেডিও'র মাধ্যমে যে ভাবে প্রচার করছেন, সেগুলিকে যে ভাবে প্রচার যন্ত্র হিসাবে ব্যবহার করছেন তাতে হিটলারও লজ্জা পেয়ে যেত। এই রকম প্রচার যন্ত্র ফুয়েরারও করেন নি, যা আজকে রাজীব গান্ধী করেছেন, শ্রীমতী ইন্দিরা গান্ধী করেছেন। কংগ্রেস আজকে টি.ভি.কে ব্যবহার করছেন রাজনৈতিক উদ্দেশ্য সাধনের জন্য। আমরা চাই সমস্ত রাজ্যের - পশ্চিমবাংলার, মাদ্রাজ, তামিলনাডু, কেরল, কর্ণাটক, কাশ্মীর, পাঞ্জাব, আসাম — একটা প্রতিচ্ছবি যাতে দেখান যায়। ঐ দুটো নাচ, যার সঙ্গে কোন আত্মিক যোগ নেই, সংস্কৃতির যোগ নেই, সেই কতকগুলি জিনিষ দিয়ে দেওয়া হল। অনেক সময়ে দেখা যায় যে হিমালয়ে পাহাড়ের বরফ দেখান হচ্ছে তার মধ্যে একজন নেচে নেচে গান গাইছেন - অদ্ভুত সব ব্যাপার। এই সব প্রোগ্রাম যারা সেট করে তারা কিছু জানে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওরা প্রচার যন্ত্রকে এমন ভাবে ব্যবহার করছে যে ব্যারাকপুরে যদি কোন কংগ্রেস নেতা কেসেছে তাহলে টি.ভিতে দেখান হল যে অমুক বাবু কেসেছেন। নৈহাটিতে যদি কেউ হেঁচেছেন তাহলে অমনি টি.ভিতে দেখাল হল যে তিনি কেমন করে হেঁচেছেন। এই হচ্ছে ওদের টি.ভি প্রোগাম। কাজেই স্বাভাবিক কারণে আজকে এটাকে কর্পোরেশানে পরিণত করার প্রয়োজনীয়তা আছে। এবং সেটা ভারতবর্ষের স্বার্থে, জাতীয় সংহতির স্বার্থে, স্বাধীনতার স্বার্থে, গণতন্ত্রের স্বার্থে।

[5.30 – 5.40 P.M.]

ওরা আজকে ভীতি প্রদর্শন করছেন। কেন্দ্র রাজ্য সম্পর্কের উন্নতি যদি করতে হয়, ভারতবর্ষকে যদি শক্তিশালী করতে হয়, ভারতীয় সংস্কৃতিকে যদি শক্তিশালী করতে হয় তাহলে এটাকে একটা স্বপরিচালিত কর্পোরেশনের পরিণত করতে হবে এবং সেখানে এমন সব লোক থাকবেন যারা এটাকে পরিচালনা করবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বসুমতীর কথা এখানে নিয়ে এলেন। আগের চেয়ে বসুমতীর অনেক উন্নতি হয়েছে। কোন দলীয় প্রচার করে না। বসুমতী খুলে দেখা হোক। সমস্ত দলের কথাই বলা হয়। অনেক সময় বামপন্থী দলের লোকেদেরও প্রচার করে না। কিন্তু তাই বলে সে তার নিরপেক্ষ ভূমিকা ত্যাগ করেনি। সুতরাং আমি এই প্রস্তাব সর্বান্তঃকরণে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য জয়ন্ত কুমার বিশ্বাস, সুমন্ত কুমার হীরা, ভূপাল চন্দ্র পান্ডা, অনিল মুখার্জী মহাশয় এরা যে প্রস্তাব এনেছেন আমি সেটা পড়লাম। জয়ন্ত বাবুর ভাষণ আমি শুনেছি। এইমাত্র অনিলবাবুর ভাষণ আমি শুনলাম। অনিলবাবুর ভাষণ শুনে মনে হল উনি বোধ হয় হাউসে কিছু আনন্দ পরিবেশন করতে গিয়ে কিছু হাস্যরস'ও পরিবেশন করে ফেললেন, কিন্তু আসল বক্তব্যে গেলেন না। আমি জানি না জয়ন্তবাবুর বক্তৃতা শুনে কমুনিষ্ট লজ্জায় মাথা হেঁট হয়ে যাচ্ছে কিনা। কংগ্রেসের বিরুদ্ধে, বৃটিশ সাম্যজ্যবাদীর বিরুদ্ধে মার্কিন সামাজ্যবাদীর বিরুদ্ধে কথা বললেন এবং এই দুটি সাম্রাজ্যবাদী দেশের উদাহরণ তুলে ধরলেন। কিন্তু যদি একটাও

কমুনিষ্ট দেশের উদাহরণ তুলে ধরে বলতে পারতেন যে, সোভিয়েত রাশিয়ার এই রকম স্বয়ংশাসিত আছে, চীনে আছে, কোরিয়ার আছে, ভিয়েতনামে আছে তাহলে আমি খুশী হতাম। ওরা বলবেন সেখানে প্রোলেতারিয়েত্ সরকার নাকি কায়েম রয়েছে। আমি জয়ন্তবাবুকে প্রশ্ন করি - ভারতবর্ষের ৫৪২টি কেন্দ্রের মধ্যে ৩টি কেন্দ্রের জনপ্রতিনিধিত্ব যদি জনগণের প্রতিনিধি হয় তাহলে ৫৪২টির জনপ্রতিনিধিত্ব কি জনগণের প্রতিনিধি নয়? ৩ জনের প্রতিনিধিত্ব জনগণের হলে ৪০১ জনের প্রতিনিধিত্ব কেন জনগণের প্রতিনিধি হবে না? আমরা সত্য কথা বুঝি, কিন্তু অর্দ্ধ সত্য কথা বুঝি না। জয়ন্তবাবু বি.বি.সি., ভয়েস অব আমেরিকার কথা বললেন। এর সঙ্গে সঙ্গে ওখানকার পরিস্থিতির কথা বললে খুশী হতাম। বি.বি.সি.কে সাবসিডি দেয় সে দেশের সরকার, স্বয়ংশাসিত সংস্থা, কিন্তু তার সঙ্গে সঙ্গে বহু সরকারী নিয়ন্ত্রিত বেতার কেন্দ্র আছে। ভয়েস অব আমেরিকাকেও সাবসিডি দেয় সে দেশের সরকার। সেখানে এই ডাবল সিসটেম চালু রয়েছে। একদিকে বি.বি.সি., ভয়েস অব আমেরিকা স্বয়ংশাসিত হিসাবে রয়েছে, আবার সঙ্গে সঙ্গে সরকার নিয়ন্ত্রিত সংস্থাও রয়েছে। কিন্তু তা সত্ত্বেও বলে দেওয়া আছে সরকারী নীতি কন্ট্রাডিক্ট করবে এই রকম প্রচার করা যাবে না। আমাদের দেশে, ভারতবর্ষে ডাবল সিসটেম চালু হয়নি। আমাদের দেশে একটি বেতার কেন্দ্র আছে। আকাশবাণী এবং দূরদর্শন, সরকার নিয়ন্ত্রিত সংস্থা। কিন্তু সরকারী নিয়ন্ত্রন থাকলে কি হয়? একটু আগে মাননীয় সুব্রতবাবু মাননীয়া ছায়া বেরা সম্পর্কে বললেন লাইব্রেরী কমিটিতে রাখা যাবে না। এরা তো আমাদের কাছে গণতন্ত্র কাকে বলে শিখবেন না। আমাদের কাছে এরা গণতন্ত্রের উদাহরণ দিলেন। স্যার, শুধু সরকারী দল নয়, বিরোধী দলকে নিয়েও কাজ করা যায়। স্যার, লোকসভায় পার্লামেন্টারি কনসালটেটিভ কমিটি আছে বেতার কেন্দ্রগুলির জন্য এবং সেই কমিটিতে ওদের দলের সদস্যরাও রয়েছেন। আমরা কিন্তু তাদের নিয়ে কাজ করি। আর এখানে বললেন বিরোধী দলের সদস্যদের নিয়ে কাজ করা যাবে না। আমরা কিন্তু কাজ করি। ওরা বসুমতীর কথা বললেন। হাউসের সদস্যদের দুটি পত্রিকা দিয়েছেন ১২ এপ্রিল। একটি ধরে ইংরাজীতে লেখা ওয়েষ্ট বেংগল, আর একটি পশ্চিমবঙ্গ, ১২ই এপ্রিল ১৯৮৫। মাননীয় সদস্যদের শুধু এই পত্রিকা দুটি একবার দেখতে অনুরোধ করছি। এই পত্রিকা দুটির কোথাও কোন একটি জায়গায় যদি কংগ্রেস পক্ষের বিবৃতি দেখাতে পারেন তাহলে আমি আমার বিধানসভার সদস্যপদ থেকে ছেড়ে চলে যাব। কোন একটি জায়গাতেও কংগ্রেস পক্ষের কোন কথা নেই। শুধু সরকার পক্ষের সদস্যদের নামে ভরা। এমন কি যিনি বলেন নি, তিনি নাকি বড় বড় বক্তৃতা দিয়েছেন বলে তার নাম পর্যন্ত বেরিয়ে গেল, যদিও তার নামটা ঠিকভাবে লেখা হয়নি। আপনারা যখন এখানে আজকে স্বয়ংশাসিত সংস্থার কথা বলেছেন তখন কিন্তু আপনাদের জানা উচিত যে কার বিরুদ্ধে সমালোচনা করছেন। এমন কি আকাশবাণী এবং দূরদর্শনের বিরুদ্ধে ডেপুটেশান দিলেও সেই খবর আকাশবাণী এবং আকাশবাণী এবং দূরদর্শন প্রচার করে থাকেন। স্যার, ওঁরা আজকে যে প্রস্তাব নিয়ে এসেছেন সেই প্রস্তাব নিয়ে আসার আগে আমি মনে করি, ওঁদের একটু পড়াশুনা করে আসা উচিত ছিল। আমাদের কেন্দ্রীয় তথ্য ও বেতার মন্ত্রী এর আগেও লোকসভায় বলেছেন এবং এবারেও প্রশ্নোত্তরকালে লোকসভায় জানিয়েছেন কোন দলকে কত সময় পাবলিসিটি দেওয়া হয়েছে। এরকম যেখানে অবস্থা সেখানে আপনারা বলুন তো, আপনাদের রাজ্যসরকারের নিয়ন্ত্রনে যে সমস্ত সরকারী প্রচারযন্ত্র আছে তাতে এখানকার বিরোধীদলকে কতটা পাবলিসিটি দিয়েছেন? আমি তো এখানে এইমাত্র দুটি পত্রিকা তুলে ধরে আপনাদের চ্যালেঞ্জ জানালাম, ক্ষমতা থাকে আমার কথা যে অসত্য সেটা আপনারা প্রমাণ করে দিন। কিন্তু আমি জানি, সে ক্ষমতা

আপনাদের নেই। স্যার, কিছুদিন আগে লোকসভার যে নির্বাচন হ'ল যে সম্পর্কে আমাদের দলের মাননীয় সদস্য সুব্রতবাবু বলেছেন, তিনি ডিটেলসে বলেন নি, আমিও এ সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। সেখানে আমরা কংগ্রেস দল, আমরা ১০ মিনিট বা ১৫ মিনিট সময় নিলাম আর সেই সোসালিষ্টপার্টি থেকে আরম্ভ করে জনতা, লোকদল, সি.পি.এম., ফরোয়ার্ড ব্লক, আর.এস.পি.প্রতিটি দল সেই একই সময় নিল। ভেবে দেখুন স্যার, আমরা কংগ্রেস দল, আমরা ১৫ মিনিট সময় পেলাম আর ওঁদের ১৫টা বিরোধীদল - যার মধ্যে অনেক দলের তিনজন করে সদস্য আছেন তাঁরাও প্রত্যেকে ১৫ মিনিট করে আমাদের বিরুদ্ধে বললেন। সর্বসাকুল্যে দেখা যাচ্ছে আমরা যেখানে ১৫ মিনিট বললাম ওঁরা সেখানে ২২৫ মিনিট বললেন। স্যার, এসব কথা আমরা তুলি না, কারণ আমরা গণতন্ত্রের পূজারী, আমরা মনে করি গণতন্ত্র মানতে গেলে এগুলিকে মানতে হবে। স্যার, আজকে আকাশবাণী এবং দূরদর্শন যে ভিত্তিতে চলে সেটা হচ্ছে পার্থ সারথী কমিটির রিপোর্টের ভিত্তিতে চলে এবং সেখানে এ ব্যাপারে পরিষ্কার ভাবেই সবস্ত কথা বলা আছে। আজকে আকাশবাণী এবং দূরদর্শনকে শুধু সংবাদ প্রচারের মাধ্যম হিসাবে দেখলেই চলবে না, এর আরো বড় ভূমিকা আছে। আকাশবাণী এবং দূরদর্শন যেমন সংবাদ পরিবেশন করে তেমনি জাতীয় সংহতির প্রশ্নও এরমধ্যে জড়িত। কাজেই আমরা মনে করি একে কিছুটা কন্ট্রোল করা দরকার। মাননীয় সদস্যরা দেখেন নি আসাম আন্দোলন? তাঁরা কি জানেন না আসাম আন্দোলনের সময় এক শ্রেণীর সংবাদপত্র কিভাবে দিনের পর দিন সেখানে বিচ্ছিন্নতাবাদ আন্দোলনকে মদত দিয়েছিল? আমরা এক্ষেত্রে ব্যবস্থা নিতে পারি না কারণ এখানে ফ্রিডম অব প্রেস আছে। কিন্তু সেখানে যদি আবার একটি বেতারকেন্দ্র জাতীয় সংহতির বিপন্নন করে তাহলে আর কিছু করার থাকবে না। স্যার, আপনি জানেন, আকাশবাণী এবং দূরদর্শন শুধু সংবাদ প্রচারই করেনা, আকাশবাণী এবং দূরদর্শন নানান রকমের শিক্ষামূলক, গঠনমূলক এবং সাংস্কৃতিক অনুষ্ঠানও প্রচার করে থাকে। স্যার, এখানে শ্রীমতী ইন্দিরা গান্ধীর শেষকৃত্য অনুষ্ঠানের প্রচার সম্পর্কেও নানান রকমের কথা বলা হয়েছে। স্যার, আপনি জানেন, ভারতবর্ষের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর বর্বর হত্যাকান্ডে পৃথিবীর কাছে সারা ভারতবর্ষের মানুষের মাথা লজ্জায় হেঁট হয়ে গিয়েছিল এবং এই ঘটনা সেদিন সারা ভারতবর্ষের মানুষকে মূক, বধির করে দিয়েছিল। হাজার হাজার, লক্ষ লক্ষ মানুষ সেদিন দিল্লীর রাজপথে নেমে পড়েছিল শেষবারের মতন একবার শ্রীমতী গান্ধীকে দেখবার জন্য। স্যার, আমরা যারা দিল্লীর কয়েক হাজার মাইল দূরে ছিলাম, যাদের দিল্লী গিয়ে শ্রীমতী ইন্দিরা গান্ধীর অন্ত্যেষ্টিক্রিয়া দেখবার উপায় ছিল না, সামর্থ্য ছিল না, সেই সমস্ত মানুষদেরও কি সখ হয়না এটা দেখার? এটা যদি দূরদর্শন এবং আকাশবাণী প্রচার করে থাকেন তাহলে সেটা অন্যায় কি হয়েছে? স্যার, ভারতবর্ষের আপামর জনসাধারণ যাঁকে শ্রদ্ধা করতেন তাঁর শেষকৃত্য দেখিয়ে অন্যায় কি করা হয়েছে? স্যার, একদিকে এঁরা আকাশবাণী এবং দূরদর্শনের বিরুদ্ধে নানান রকমের কথা বলছেন আবার অপর দিকে সেখানে গিয়ে ওঁরা দিনের পর দিন দলবাজী করে চলেছেন। ওঁদের রাজ্যসভার সদস্য শ্রী দীপেন ঘোষ এবং এস.এফ.আই-এর নেতারা যেখানে ১৪৪ ধারা জারি আছে সেখানে ইউনিয়ানের নাম করে প্রটেকটেড এরিয়ার মধ্যে ঢুকে জাতীয়বাদী কর্মীদের উপর হামলা করেছে। সেখানে রাজ্যসরকারের পুলিশ কোন ব্যবস্থা নেয় না যেহেতু এটা কেন্দ্রীয় সংস্থা। স্যার আজকে নিরপেক্ষভাবে প্রতিটি রাজনৈতিক দলকে সমান প্রচারের সুযোগ দেওয়া সত্ত্বেও, কংগ্রেসের বিরুদ্ধে বললেও, আকাশবাণী, দূরদর্শনের বিরুদ্ধে বললেও যখন সময় দেওয়া হচ্ছে তখন এই সমস্ত সংস্থার বিরুদ্ধে এই রকম একটা প্রস্তাব এনে আজকে বাজার মাত করার চেষ্টা করা হচ্ছে।

আজকে এই প্রস্তাবের মাধ্যমে [illegible] শুধু বিভ্রান্ত করা হচ্ছে, তা ছাড়া আর কিছু নয়। আমি মনে করি এইরকম প্রস্তাব এনে জনসাধারণকে বিভ্রান্তিকর অবস্থার মধ্যে না ফেলাই উচিত। এই কথা বলে, এই প্রস্তাবের বিরোধীতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**[5.40 – 5.50 P.M.]**

**শ্রী লক্ষী কান্ত দে :** মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, গত কয়েকদিন আগে সুরেন্দ্র নাথ কলেজে সমীর রতন দে'কে তিন-তলার জানালা দিয়ে ফেলে দেওয়ার ঘটনার এবং তার সঙ্গে বীরেশ রায় নামে একজন অধ্যাপককে মারধোর করার ঘটনার প্রতিবাদে আজ এই মুহূর্তে উত্তর ও মধ্য কলকাতার ৪০টি নাগরিক সমন্বয় কমিটির একটি বিরাট মিছিল এস্পপ্লানেড্ ইষ্টে এসে জমায়েত হয়েছে। আমি আপনার মাধ্যমে মন্ত্রীসভার সদস্যদের অনুরোধ করছি যে, তাঁরা কেউ ঐ কয়েক-হাজার মানবের সামনে উপস্থিত হয়ে ওদের বক্তব্য শুনে আসুন।

**শ্রী দেব প্রসাদ সরকার :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় জয়ন্ত কুমার বিশ্বাস প্রমুখ সদস্যবৃন্দ আকাশবাণী ও দূরদর্শনের জন্য একটা স্বয়ংশাসিত কর্পোরেশন গঠন করার দাবীতে এই যে প্রস্তাব আজকে এখানে এনেছেন আমি এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। আমি প্রথমেই উপর যে সংশোধনী এসেছে সে সংশোধনীর বিরোধীতা করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভারতবর্ষের মত একটা দেশে জনমত সৃষ্টি করার প্রশ্নে আকাশবাণী এবং দূরদর্শন নিঃসন্দেহে অত্যন্ত শক্তিশালী গণ-প্রচার মাধ্যম। কিন্তু এ কথা অনস্বীকার্য যে কেন্দ্রীয় সরকারের অধীন এই প্রচার মাধ্যম পক্ষপাত দোষে দুষ্ট। পক্ষপাতিত্বের হাত থেকে একে রক্ষা করার জন্য আজকে এই প্রস্তাব এসেছে যে, একে স্বনির্ভর স্বয়ংশাসিত কর্পোরেশনের অধীন নিয়ে আসা হোক। নীতিগত দিক দিয়ে নিশ্চয়ই এই প্রস্তাব সকলের সমর্থন যোগ্য। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় গুলি করা হচ্ছে সেগুলি যথাযথ নয়। তিনি আকাশবাণী এবং দূরদর্শনের নিরপেক্ষ ভূমিকার কথা তুলে ধরবার চেষ্টা করলেন। কিন্তু আমরা দেখছি আকাশবাণী এবং দূরদর্শন কেন্দ্রীয় সরকারের প্রত্যক্ষ-অধীনে-নিয়ন্ত্রনে থেকে কি-ভাবে শাসক দলের হয়ে কাজ করছে। প্রতিটি নির্বাচন থেকে শুরু করে প্রতিটি ক্ষেত্রে এরা শাসক দলের হয়ে যেভাবে কাজ করছে তা আজকে আর ব্যাখ্যার অপেক্ষা রাখে না। শুধু আকাশবাণী এবং দূরদর্শন কেন, এই অভিযোগ প্রতিটি সরকারী প্রচার মাধ্যমের ক্ষেত্রেই প্রযোজ্য। এবং এর যথেষ্ট প্রমান আছে। এমন কি যে সংবাদপত্রগুলি সরকারের প্রত্যক্ষ নিয়ন্ত্রনাধীনে নয় সে সংবাদপত্রগুলির স্বাধীনতায় পর্য্যন্ত ইতিপূর্বে কেন্দ্রীয় সরকার কিভাবে হস্তক্ষেপ করেছিল, সে ইতিহাস আমাদের অনবগত নয়। জরুরী অবস্থার সময়ের প্রেস সেনসরসিপের কথা আমরা নিশ্চয়ই এর মধ্যে ভুলে যাইনি। পরবর্তীকালে বিহার প্রেস বিলের মাধ্যমে একটা রাজ্য সরকারকে দিয়ে গণ-প্রচার মাধ্যম গুলির উপর নিয়ন্ত্রণ আরোপ করার যে পরিকল্পনা শুরুর অপচেষ্টা করা হয়েছিল তা আজকে অনস্বীকার্য। যে সরকারের এই দৃষ্টিভঙ্গী এবং মানসিকতা যে সরকারের প্রত্যক্ষ নিয়ন্ত্রনাধীন আকাশবাণী এবং দূরদর্শনকে যে শাসক দলের স্বার্থে পরিচালনা করা হবে তাতে আশ্চর্য হবার কিছু নেই। সুব্রত বাবু যতই অভিযোগ খন্ডন করার চেষ্টা করুন না কেন, তিনি নিশ্চিত-ভাবে জানেন যে আকাশবাণী এবং দূরদর্শন কিভাবে শাসক দলের স্বার্থে পরিচালিত হচ্ছে। আমরা দেখতে পাচ্ছি গণ-প্রচার মাধ্যম গুলির উপর একের পর এক আঘাত নেমে আসছে। কিন্তু আমাদের আজকে বুঝতে হবে

কেন আঘাত আসছে। যদি তা না বুঝতে পারি তাহলে এই আঘাতকে কোন দিন প্রতিহত করতে পারব না। স্বাধীনতার পূর্বে বৃটিশ সাম্রাজ্যবাদের পক্ষ থেকে যখন আমাদের দেশের সংবাদপত্রগুলির উপর , গণপ্রচার মাধ্যম গুলির উপর আক্রমণ নেমে এসেছিল, তখন রাজা রামমোহন রায় থেকে শুধু করে আমাদের দেশের বুর্জোয়া গণতন্ত্রের ধারক ও বাহকেরা তার বিরুদ্ধে প্রতিবাদ করেছিলেন। কিন্তু আজকে সেই বুর্জোয়ারাই প্রচার মাধ্যম গুলির উপর আঘাত হানছে। কেন, না, বুর্জোয়া শাসিত ধনতান্ত্রিক পুঁজিবাদী সমাজকে, একচেটিয়া পুঁজিবাদকে রক্ষা করতে হবে। তাই তারা বিপ্লবী মতবাদ থেকে জনগণকে দূরে রাখতে চাইছে এবং জনগণের মূল্যবোধকে ভেঙে.দিতে চাইছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আকাশবাণী, দূরদর্শন এবং সংবাদপত্রগুলিকেই শুধু নিয়ন্ত্রন করা হচ্ছে না, সর্বস্তরের প্রচার মাধ্যমের উপর আঘাত হানা হচ্ছে। এমন কি তাঁরা যে সংসদীয় গণতন্ত্রের জয়-গান করেন সেই সংসদীয় গণতন্ত্রও আক্রান্ত হচ্ছে, তার উপরও ফ্যাসিবাদী আক্রমণ নেমে আসছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই অবস্থায় আমি প্রস্তাবকদের এবং এই সভার সকল সদস্যকে বলছি যে, শুধু প্রস্তাব গ্রহণ করলেই হবে না, আমাদের গণ-আন্দোলনের মধ্যে দিয়ে গণতান্ত্রিক মূল্যবোধ গড়ে তুলতে হবে। আমরা যদি গণ-আন্দোলন থেকে দূরে সরে যাই তাহলে কোন দিনই গণতান্ত্রিক মূল্যাবোধগুলিকে শক্তিশালী করে তুলতে পারব না। আমি এখানে বলতে বাধ্য হচ্ছি যে, বামফ্রন্টের বন্ধুরা আমাদের এই রাজ্যেও গণতান্ত্রিক মূল্যবোধকে মর্যাদা দিচ্ছেন না। এখানে রাজ্য সরকারের মুখপত্র "পশ্চিমবঙ্গ" নামক পত্রিকাটির বিরুদ্ধেও মানুষের অনেক অভিযোগ আছে এবং রাজ্য সরকারের পরিচালনাধীন সংবাদপত্র "বসুমতী" তে গণতান্ত্রিক দৃষ্টিভঙ্গী নিয়ে সংবাদ প্রচার করা হচ্ছে না। ফলে আমাদের রাজ্যে যে সমস্ত গণতান্ত্রিক আন্দোলন গড়ে উঠছে তার উপরও আক্রমণ নেমে আসছে। আমরা দেখছি বামফ্রন্টের বন্ধুরা এক দিকে গণতন্ত্রের কথা বললেন, অপর দিকে নিজেরাই গণতন্ত্রের মর্যদাকে রক্ষা করতে পারছেন না। এই দু'রকম নীতি কখনই চলতে পারে না।

(এই সময়ে লাল আলো জ্বলে ওঠে এবং শ্রী সরকারের মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়।)

**শ্রী সুমন্ত কুমার হীরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস মহাশয় যে প্রস্তাব উপস্থাপন করেছেন আকাশবাণী ও দূরদর্শনের বিষয়ে সেই প্রস্তাবকে সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। প্রথমেই আমি বলি, মাননীয় সদস্য শ্রী কাশী নাথ মিশ্র মহাশয় এনেছেন সেই সংশোধনীকে কোনভাবেই গ্রহণ করা যায় না। কারণ উনি তাঁর সংশোধনীতে বলেছেন পঞ্চম অনুচ্ছেদ বাদ দেওয়া হোক। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রস্তাবটি পড়ছি তাহলে দেখবেন পঞ্চম অনুচ্ছেদে যা বলা হয়েছে সেটা সমস্ত বক্তব্যের মধ্যে অন্যতম প্রধান বক্তব্য এই অনুচ্ছেদে বলা হয়েছে এবং সঠিক বলা হয়েছে। বক্তব্যটা কি, - "যেহেতু কেন্দ্রীয় তথ্য ও বেতার মন্ত্রকের নিয়ন্ত্রণাধীন আকাশবাণী ও দূরদর্শনের প্রতিটি কর্মসূচী ঐ মন্ত্রকের নির্দেশে পক্ষপাতদুষ্ট"। এই কথাটা মাননীয় সদস্যরা যারা বিরোধীপক্ষে বসে আছেন তাঁরা অস্বীকার করতে পারেন? জনতা পার্টি যেদিন ক্ষমতা থেকে চলে গেল আকাশবাণী এবং দূরদর্শন থেকে ডিরেক্টর পর্যন্ত অপসারণ করা হয়েছিল এবং সেখানে কাদের বসানো হয়েছিল? সেখানে কংগ্রেস-আইয়ের কমিটেড লোকেদের টেলিভিসন এবং রেডিওতে সমস্ত ডিরেক্টর পোষ্টগুলিতে, সমস্ত পোষ্টগুলিতে বসিয়ে দেওয়া হয়েছিল। সুতরাং তাঁরা যে প্রোগ্রাম ঠিক করে প্রচার করবে সেই প্রচার কি পক্ষপাতদুষ্ট হবে না? এটা কেউ বিশ্বাস করবে? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় জয়ন্তবাবু যে প্রস্তাব উৎথাপন করেছেন সেই প্রস্তাবটি কয়েকজন মাননীয় সদস্যদের

প্রস্তাব নয়, এই প্রস্তাব ভারতবর্ষের কোটি কোটি মানুষের মনের কথাকে ভাষায় রূপ দেওয়া হয়েছে রেডিও এবং টেলিভিসনের বিরুদ্ধে। তাঁরা যেহেতু তাদের ক্ষোভ জানাতে পারছেন না, এই প্রস্তাবের মাধ্যমে সেই ক্ষোভ জানানো হচ্ছে এইখানে। যেভাবে টেলিভিসন এবং রেডিও কেন্দ্রীয় সরকার দলীয় স্বার্থে ব্যবহার করছেন তাতে মনে হচ্ছে রেডিও এবং টেলিভিসন কেন্দ্র কংগ্রেস-আইয়ের কেন্দ্রীয় কার্যালয়ে পরিণত হয়েছে। সুতরাং সেইদিক থেকে ভারতবর্ষের মানুষ এই জিনিষটাকে বরদাস্ত করতে চান না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যেমন এই সভায় প্রস্তাব আনা হয়েছে ঠিক তেমনি এর আগেও বিধানসভার বাইরে বহু ডেপুটেসান হয়েছে, বহু ডেমোনস্ট্রেসান হয়েছে। টেলিভিসনের ক্ষেত্রে হয়েছে, রেডিওর ক্ষেত্রে হয়েছে। এই পক্ষপাতদুষ্ট আচরণ থেকে রেডিও এবং টেলিভিসাকে মুক্ত করতে হবে। কিন্তু আজ পর্যন্ত কোন কার্যকরী ব্যবস্থা কেন্দ্রীয় সরকার গ্রহণ করেননি। এখনও পর্যন্ত দলীয় স্বার্থে রেডিও এবং টেলিভিসনকে প্রচার মাধ্যমে হিসাবে ব্যবহার করছে। আমি বেশীদুর যেতে চাই না। আমি কালকের কথা বলছি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কালকে রেডিওতে যেভাবে প্রচার করা হয়েছে আপনি তো শুনেছেন নিশ্চয়ই। কি বলা হলো? একজন মন্ত্রী বিতর্কে অংশ নিয়েছিলেন, মন্ত্রীর নাম নেই। কিন্তু একজন বিরোধী পক্ষের সদস্যর নাম এবং তার বক্তব্য এক মিনিট ধরে প্রচার করা হলো। এটা কি পক্ষপাতহীন প্রচার? এটা পক্ষপাতদুষ্ট প্রচার নয়? আমি নাম বলতে চাই না, যারা রেডিও শুনেছেন তাঁরা জানেন। গত পরশুদিন ভাষনে বলা হলো, ক্যানডিডেট আর.এস.পির। সুতরাং মানটা কোথায় নেমে গেছে? এইরকম আমি ১,২,৩ করে বহু উদাহরণ দিতে পারি। আজকে এদের হাত থেকে রেডি এবং টেলিভিসনকে যদি উদ্ধার না করা যায় তাহলে ভারতবর্ষের মানুষ রেডিও এবং টেলিভিসনের প্রতি আস্থা হারিয়ে ফেলবেন। আধুনিক যুগে সবচেয়ে বড় শক্তিশালী প্রচার যন্ত্র হচ্ছে রেডিও এবং টেলিভিসন। এর দ্বারা মানুষকে উৎসাহিত করা যায়, মানুষকে উজ্জীবিত করা যায়। কিন্তু আজ এই প্রচার মাধ্যম বিশ্বস্তহীন। আজ রেডিও এবং টেলিভিসন যা বলে এবং যা দেখায় তা মানুষ বিশ্বাস করে না। মানুষ জানে রেডিও এবং টেলিভিসনে কংগ্রেস-আইয়ের প্রচার হচ্ছে, সত্য কথা এখানে নেই। এই অব্যবস্থার হাত থেকে আমরা প্রতিকার চাইছি এই প্রস্তাবের মাধ্যমে।

**[5.50 – 6.00 P.M.]**

ওনারা বললেন ওঁদের ব্ল্যাকমেল করার জন্য এবং আমাদের পক্ষে প্রচার করার জন্য আমরা এই প্রস্তাব এনেছি। আজকে তাঁদের রাস্তায় নামতে হয়েছে এই ন্যাংটো প্রচারে যেহেতু রেডিও, টেলিভিষণ তাঁদের পক্ষে সাপোর্টে আছে। এই প্রচার যদি তাঁদের পক্ষে না থাকে তাহলে একদিনের জন্য ভারতবর্ষের কেন্দ্রীয় সরকারে কংগ্রেস (আই) দল থাকতে পারবে না। বুর্জোয়া দল থাকতে পারবে না। বুর্জোয়াদের শ্রেণী স্বার্থে আজ এই দুটি প্রচার মাধ্যমকে প্রতিনিয়ত ব্যবহার করা হচ্ছে। কোন শিক্ষার জন্য নয়, ভারতবর্ষের কল্যাণের জন্য কোন কাজেই নয়, সাধারণ মানুষের স্বার্থে কোন কাজেই এই প্রচার মাধ্যমকে ব্যবহার করা হচ্ছে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি শুধু একটু স্মরণ করিয়ে দিতে চাই প্রচার কত শক্তিশালী। ইংরেজীতে একটা কথা আছে পেন ইজ মাইটার দ্যান সোর্ড। একটা বিপ্লব, একটা মহাযুদ্ধে সোর্ড যা করতে পারেনা, অস্ত্রশস্ত্র যা করতে পারে না, কলম, প্রচারে সেই কাজ করে। আমরা জানি প্রথম গণতান্ত্রিক বুর্জোয়া বিপ্লবে রুশো, ভলটিয়ারের ভূমিকা এবং তাঁদের প্রচার আমরা জানি। কিন্তু আজ যে যুগ নেই, পাল্টে গেছে। আজকে শুধু পুস্তিকা বা বক্তব্য

নয়, আজকে রেডিও টেলিভিষনের মত শক্তিশালী আধুনিক যন্ত্র আধুনিক প্রচার মাধ্যমের সৃষ্টি হয়েছে যা দিয়ে গোটা পৃথিবীকে পরিবর্তন করা যায়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি লক্ষ্য করেছেন যখন যে দেশে কুপ হয় প্রথমেই তাদের এই প্রচার মাধ্যমকে দখল করার দিকে লক্ষ্য থাকে। ভারতবর্ষের বুর্জোয়া শ্রেণী ক্ষমতাচ্যুত হওয়ার ভয়ে আজকে ভারতবর্ষের এই প্রচার মাধ্যমকে তাদের কব্জায় রাখার জন্য সমস্ত শক্তি নিয়োগ করছে। আমাদের এই প্রচার, অনুরোধ এবং নিবেদন কোন কিছুই তাদের কানে যাচ্ছে না। জানিনা, আমরা বিপ্লব করে যেদিন তাদের ক্ষমতা থেকে অপসারণ করতে পারব সেদিন হয়ত এর থেকে উদ্ধার পেতে পারব। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করছি, আপনার জরুরী অবস্থার কথা মনে আছে। যেদিন জরুরী অবস্থা ঘোষণা করা হয় তার কিছুদিন আগে আমি বোম্বেতে ছিলাম, সেখানে একটা ফিল্ম দেখতে গিয়ে দেখি যে সেখানে একটা নরমুন্ডের পাহাড় তৈরী করা হয়েছে এবং এই নরমুন্ডের পাহাড়ের উপর জয়প্রকাশ নারায়ণকে বসিয়ে দেওয়া হয়েছে। এইভাবে ওরা প্রচার করেছিল। এমারজেন্সি ঘোষণার আগে এইরকম প্রচার করে তারপর এমারজেন্সি ঘোষণা করেছিল। ভারতবর্ষের গণতন্ত্রকে ধ্বংস করার জন্য গণতন্ত্রের কণ্ঠরোধ করার জন্য এবং সেখানে স্বৈরতন্ত্র, ফ্যাসিজম কায়েম করার জন্য তারা সমস্ত রকমের প্রচার যন্ত্রকে ব্যবহার করেছে। আমরা এর তীব্র প্রতিবাদ করি। সুব্রতবাবু যেভাবে বক্তব্য রাখলেন আমি জানিনা, হিটলার বেঁচে থাকলে গোয়েলস কে সরিয়ে দিয়ে ওঁকে এই প্রচারের জায়গায় বসাতেন। রেডিও টেলিভিষনের এই দুষ্কর্ম নিয়ে উনি যেভাবে সাফাই গাইলেন তাতে মনে হয় হিটলার বেঁচে থাকলে ওঁকেই বসাতেন। ভারতবর্ষে ইন্দিরা গান্ধী এবং তাঁর দলের কিছু কিছু লোককে সেইজন্যই বোধহয় নির্বাচন করেছে। আজকে টেলিভিষন রেডিওতে কি হচ্ছে, না, কংগ্রেস দলের উঠতি নেতাদের এক একটা ইমেজ তৈরী হচ্ছে। সেই ইমেজ তৈরী করার জন্য এগুলো হয়েছে। কোথায় ছিল সুব্রত মুখার্জী, কোথায় ছিল প্রিয় রঞ্জন দাশ মুন্সী, কোথায় ছিল অন্যান্য যারা আছে সেইসব নেতারা। আমি জানিনা কিভাবে তৈরী করা হয়েছিল। কোথায় ছিল রাজীব এবং সঞ্জয় গান্ধী? এদের ইমেজ তৈরী করার জন্যই যন্ত্রগুলি ব্যবহার করা হয়েছিল এবং আজও তাই করে যাচ্ছে। আজকে আমরা রেডিও, টেলিভিষনে কি দেখি? একটা এ্যান্টি সোস্যাল - যেহেতু তাঁরা কংগ্রেস (আইয়ের) ব্যানারে আছেন তাঁদের বিবৃতি রেডিওতে প্রচার করা হয়, আর মুখ্যমন্ত্রী মহাশয়ের বিবৃতি কাট ছাঁট করা হয়। এই হচ্ছে গণতান্ত্রিক প্রচারের মাধ্যম এর তীব্র প্রতিবাদ ভারতবর্ষের মানুষ করছে। আমরা এই বিধানসভায় দাঁড়িয়ে সরকার পক্ষের সকল সদস্য রেডিও, টেলিভিষনের এই কার্য্য প্রণালী এবং পদ্ধতির তীব্র প্রতিবাদ করছি। আমরা এর পরিবর্তন চাই। আশাকরি আমার এই প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হবে। ওঁদের যে বক্তব্য সে বক্তব্য ওঁরা প্রত্যাহার করে নেবেন এবং এই প্রস্তাবকে সমর্থন করবেন তাতে ওঁদেরও ভাল হবে। একটা গণতান্ত্রিক পরিবেশে ওঁদের ইমেজ ও ভাল হবে এই প্রচারের মাধ্যমে দেশের মানুষও কিছু শিখতে পারবে। দেশের মানুষ উপকৃত হবে। এই কথা বলে এই প্রস্তাবকে সমর্থন করে এবং যে সংশোধনী মাননীয় কাশীবাবু এনেছেন তার বিরোধীতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই বিরোধীপক্ষের মাননীয় সদস্য আব্দুল মান্নান সাহেবের একটা কথার প্রতিবাদ জানাই। মান্নান সাহেব বললেন কমিউনিষ্ট দেশগুলির কথা কেন উল্লেখ করিনি। করিনি, এইজন্য যে একটা বুর্জোয়া গণতান্ত্রিক দেশ ইউরোপ,

বি.বি.সি. ভয়েস অফ আমেরিকা এইসব দেশগুলিতে মানুষকে যেটুক গণতান্ত্রিক অধিকার দেয় আমাদের এই অনুন্নত ক্ষয়িষ্ণু গণতান্ত্রিক দেশ ভারতবর্ষ সেটুকু অধিকারও মানুষকে দিতে চায় না। সেজন্য ভারতবর্ষের মানুষের বিক্ষোভ আজকে বিস্ফোরণের স্তরে এসেছে। ওঁরা ভাল করেই জানেন যে, মতামত প্রকাশের সুযোগ যদি স্বতস্ফূর্ত, সর্বজনীন হয় তাহলে [illegible] বিরুদ্ধে তা চলে যাবে। বিরোধী- বন্ধু সুব্রতবাবু যা বললেন, সেক্ষেত্রে প্রশ্নটাকে এই পরিপ্রেক্ষিতে বিচার করতে হবে যে, আজকে রেডিও এবং দুরদর্শন স্বশাসিত কর্পোরেশনে পরিণত হবে, কি হবে না। আজকে গণতন্ত্রের কণ্ঠ স্তব্ধ করে দেবার জন্য পার্লামেন্টে বারবার বিরোধীদের কণ্ঠ স্তব্ধ করে দেওয়া হয়েছে। বারবার লোকসভায় প্রিভিলেজ উঠেছে এই বলে যে, বিরোধীপক্ষের সদস্যদের বক্তব্য রেডিও এবং টি.ভিতে প্রচারিত হচ্ছে না এবং সেটা সম্পূর্ণ সত্য। আজকে রেডিও এবং টি.ভিতে কি অবস্থা দাঁড়িয়েছে দেখুন! এক সময় এই রেডিও এবং টি.ভিতে সমাজের বুদ্ধিজীবি, মননশীল বিদগ্ধ মানুষদের স্থান করে দেওয়া হোত এবং তাঁরাও নিজেদের শিক্ষা, রুচী, [illegible] দ্বারা সাধারণ মানুষদের অনুপ্রাণিত, উদ্বুদ্ধ করতে পারতেন। তখন সেন্ট্রাল ইনফর্মেশন সার্ভিস যা ছিল, তারমধ্যে শ্রী অমলেন্দু দাসগুপ্ত, শ্রী সমীর সেন, শ্রী প্রেম ভাটিয়া, শ্রী কুলদীপ নায়ার এবং শ্রী বিনয় মুখার্জীর মত প্রথিতযশা বুদ্ধিজীবিরা ছিলেন। কিন্তু পরবর্তীকালে দেখা গেল - ভারতবর্ষে গণআন্দোলন যতই তীব্র হতে সুরু করলো, শ্রমিক-কৃষকদের আন্দোলন যতই জোরদার হয়ে উঠলো, শাসকশ্রেণীও প্রচারমাধ্যমকে ততই সংগঠিত করে তুললো। আজকে রেডিও এবং টি.ভিতে কারা রয়েছেন? আই.এ.এস-এর ফেলকরা মত ঝড়তি-পড়তিরা সব সেখানে রয়েছেন এবং ঐসব বশংধররা সেখানে বসে থেকে ওঁদের হয়ে প্রচার চালিয়ে যাচ্ছেন। গ্রামবাংলায় একটি প্রবাদ প্রচলিত আছে - নববধুর আগমনে ওঠে উলুধ্বনি, গৃহবধুর বিদায় বেলায় ওঠে হরিধ্বনি। সেইরকম, বর্তমানে রেডিও এবং টি.ভি সকালে সুরু হচ্ছে প্রধানমন্ত্রীর গুনগান দিয়ে, শেষ হচ্ছে সেই প্রধানমন্ত্রীর জয়ধ্বনি দিয়ে; মানুষের মনে উৎসাহ, উদ্দীপনা সৃষ্টি হতে পারে সেই সমস্ত কিছু নেই। প্রচারের ক্ষেত্রে আজকে ওঁরা অত্যন্ত সংগঠিত। মাননীয় সুব্রতবাবু এখানে প্রস্তাবের বিরোধীতা করেছেন। এক্ষেত্রে আকাশবাণী কলকাতা কেন্দ্রের কথা বলছি না; আজকে বিভিন্ন প্রচারকেন্দ্র থেকে যা প্রচার করা হয়, সেখানে অন্য কথা বাদ দিলেও-আমাদের পরিষদীয় মন্ত্রী শ্রী পতিত পাবন পাঠক একটি বির্তকে অংশ গ্রহণ করেছিলেন, কিন্তু তাঁর নাম পর্যন্ত উচ্চারণ করা হোল না। এই ধরণের একটা পরিবেশ আজকে সেখানে চলছে। স্বভাবতঃই এর বিরুদ্ধে আজকে গণতন্ত্র রক্ষার স্বার্থে, গণতান্ত্রিক অধিকারকে সুপ্রতিষ্ঠিত করবার স্বার্থে, শ্রমজীবী মানুষের আন্দোলন জোরদার করে তুলবার স্বার্থে, নিরক্ষতার অন্ধকারে নিমজ্জিত মানুষদের প্রকৃত শিক্ষার শিক্ষিত করে তুলবার স্বার্থে আজকে গণমাধ্যম- এই রেডিও এবং টি.ভিকে সঠিক খাতে গড়ে তুলতে হবে এবং সেইজন্যই এই স্বশাসিত কর্পোরেশনের দাবী। আজকে গণমাধ্যমে কি সঠিক নীতি রক্ষা করা হচ্ছে? সেদিন প্রধানমন্ত্রী বলেছিলেন যে, গণমাধ্যম সম্পর্কে সঠিক নীতি গ্রহণ করা হয়নি। আজ পর্যন্ত গণমাধ্যমকে কিভাবে গ্রহণ করা হবে, কিভাবে ব্যবহার করা হবে - সে সম্পর্কে কোন নীতি গ্রহণ করা হোল না। নীতি রচনা না করলে একটি জায়গায় সেটি যে শাসকগোষ্ঠীর স্বার্থে ব্যবহৃত হবে, সে বিষয়ে সন্দেহ নেই এবং আজকে তাকে ঠিক সেইভাবেই ব্যবহার করা হচ্ছে। তাই দেখতে পাচ্ছি, আচরণবিধির নামে রেডিও এবং টি.ভিকে আজকে ক্রীড়নক সংগঠনে, একটি তলপিবাহক সংস্থায় পরিণত করেছেন তাঁরা। আমরা এটাও দেখতে পাচ্ছি, সংবাদপত্রের আচরণবিধির নাম করে আজকে তার স্বাধীনতাকে পর্যন্ত দমিত করে দিতে চাইছেন তাঁরা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সেইজন্য এই

প্রস্তাব শুধু উত্থাপন নয়, যে কথা মাননীয় দেবপ্রসাদ সরকার বলেছেন, আজকে শুধু প্রস্তাব উত্থাপন করলেই হবে না, এই প্রস্তাবকে কার্যকরী করে তুলতে হবে। এই প্রধান গণমাধ্যম - রেডিও এবং টি.ভিকে একটি বিশেষ দলের কুক্ষিগত করে রাখবার অধিকার দিলে যাবে না, একে স্বশাসিত সংস্থায় পরিণত করতে হবে এবং সেটা আন্দোলনের মধ্যে দিয়েই কার্যকর করতে হবে।

**[6.00 – 6.10 P.M.]**

আমরা জানি এই হচ্ছে ভবিষ্যত। আজকে যে প্রস্তাব পশ্চিমবাংলার বিধানসভায় উত্থাপিত হয়েছে এটা সারা ভারতবর্ষের কোটি কোটি দরিদ্র, নিপিড়িত এবং লাঞ্ছিত মানুষের দাবি হয়ে উঠবে। আমরা জানি কি কারণে এই ধরনের ভুল প্রচার করা হয়। আমরা জানি কি ভাবে ভুল কথা বলে রেডিও, টি.ভিকে ব্যবহার করা হচ্ছে। মানুষকে তার নিজস্ব চেতনা থেকে দুরে নিয়ে চলে যাচ্ছে। মানুষকে বিগলিত করে অন্যভাবে পরিচালিত করা হচ্ছে। মাননীয় সদস্য সুব্রতবাবু এই প্রস্তাবকে প্রত্যাহার করে নিতে বলেছেন। এই প্রস্তাব প্রত্যাহারের কোন প্রশ্নই ওঠে না। সুব্রতবাবু বিরোধীতা করা ছাড়া কোন উপাই নেই বলে তিনি বিরোধীতা করেছেন। বন্ধু বর সুব্রতবাবু মাঝে মাঝে বলিষ্ঠ কথা-বার্ত্তা বলেন কিন্তু শেষ পর্যন্ত তাঁকে বৈষ্ণব পদাবলির দেহী পদ পল্লব মুদারম-এর মতো অবস্থায় পড়তে হয়। এই অবস্থার ব্যাতিক্রম তিনি করতে পারেন না। বলিষ্ঠ কথা বলে ফেলেন কিন্তু শেষ পর্যন্ত তাঁকে বিরোধীতা করতেই হয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে প্রস্তাব উৎথাপন করেছি আশা করি সকল সদস্যই এটাকে গ্রহণ করবেন। বিরোধী পক্ষের সদস্য এস.ইউ.সি এই প্রস্তাবকে সমর্থন করেছেন। এরজন্য তাঁদের ধন্যবাদ জানাই। তাঁরা কিছুটা বিভ্রান্ত হয়ে ছিলেন। কাশিবাবু যে এ্যামেন্টমেন্ট দিয়েছেন সেটা আমি সমর্থন করতে পারছি না। এই জন্য পারছি না যে কাশিবাবুর এ্যামেন্টমেন্ট গ্রহণ করলে এই প্রস্তাব তার তাৎপর্য্য হারিয়ে ফেলে। সেই জন্য তাঁর এ্যামেন্টমেন্টের বিরোধীতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motions of Shri Kashinath Misra that

১। পঞ্চম অনুচ্ছেদটি বাদ দেওয়া হউক;

২। ষষ্ঠ অনুচ্ছেদে, প্রথম লাইনে, "যেহেতু আকাশবাণী ও দুরদর্শন" কথাগুলির পরে "স্বশাসিত হলে" কথাগুলি বসানো হউক;

৩। ষষ্ঠ অনুচ্ছেদে, দ্বিতীয় লাইনে "সফল নয়" কথাগুলির পরিবর্তে "অধিকতর সাফল্য লাভ করতে পারে" কথাগুলি বসানো হউক।

were then put and a division thaken with the following results:

**NOES**

Adak, Shri Nitai Charan

Anisur Rahman Biswas, Shri

Bandyopadhyay, Shri Balai

Basu, Shri Ajit

Bhattacharyya, Shri Gopal Krishna

Biswas, Shri Chittaranjan

Biswas, Shri Jayanta Kumar

Bora, Shri Badan

Chokraborty, Shri Deb Narayan

Das, Shri Nimai Chandra

Ghatak, Shri Santi

Goppi, Shrimati Aparajita

Goswami, Shri Subhas

Gupta, Shri Sitaram

Hajra, Shri Sachindra Nath

Haldar, Shri Krishnadhan

Hazra, Shri Haran

Hiram, Shri Sumanta Kumar

Jana, Shri Manindra Nath

Khan, Shri Sukhendu

Kumar, Shri Himansu

M. Ansar-Uddin, Shri

Maity, Shri Bankim Behari

Maihi, Shri Sudhangshu Sekhar

Mandal, Shri Rabindra Nath

Mandal, Shri Sukumar

Mandi, Shri Rampada

Mandi, Shri Sambhunath

Moazzam Hossain, Shri Syed

Mohanta, Shri Madhabendu

Molla, Shri Anadi

Mondal, Shri Ganesh Chandra

Mondal, Shri Kshiti Ranjan

Mondal, Shri Raj Kumar

Mondal, Shri Sudhansu Sekhar

Mridha, Shri Chitta Ranjan

Mukherjee, Shri Anil

Mukherjee, Shir Joykesh

Munsi, Shri Mahammad Bacha

Murmu, Shri Maheswar

Murmu, Shri Sarkar

Naskar, Shri Sundar

Nath, Shri Monoranjan

Pathak, Shri Patit Paban

Purkait, Shri Probadh Chandra

Rai, Shri H. B.

Ray, Shri Birendra Narayan

Roy Barman, Shri Khitibhusan

Roy Chowdhury, Shri Nirode

Saha, Shri Jamini Bhuson

Saha, Shri Kripa Sindhu

Saren, Shri Ananta

Sarkar, Shri Sailen

Sarkar, Shri Debaprasad

Seth, Shri Lakshman Chandra

AYES

Bhunia, Dr. Manas

Biswas, Shri Ananda Mohan

Habibur Rahaman, Shri

Mahata, Shri Subhas Chandra

Misra, Shri Kshinath

Mukherjee, Shri Subrata

Shaikh Imajuddin, Shri

Trivedi, Shri Bankim

The Ayes being 8 and the Noes 54, the motion were lost.

The motion of Shri Jayanta Kumar Biswas that

যেহেতু ভারতবর্ষের মতো উন্নয়নশীল দেশে আকাশবাণী ও দূরদর্শন অত্যন্ত শক্তিশালী প্রচার মাধ্যম;

যেহেতু বিপুল সংখ্যাগরিষ্ঠ নিরক্ষতার অভিশাপগ্রস্ত দেশ ভারতবর্ষে আকাশবাণী ও দূরদর্শনের গুরুত্বপূর্ণ ভূমিকা অনস্বীকার্য ;

যেহেতু দূরদর্শন ও আকাশবাণীর সংবাদ, প্রতিবেদন, মতামত ও সমীক্ষা ইত্যাদি জাতীয় কার্যসূচী জনমত গঠনে মূল্যবান ভূমিকা গ্রহণ ক'রে থাকে;

যেহেতু সামগ্রিক বিচারে ও জাতীয় স্বার্থের পরিপ্রেক্ষিতে আকাশবাণী ও দূরদর্শনের নিরপেক্ষ ও স্বাধীন ভূমিকা থাকা বাঞ্ছনীয়;

যেহেতু কেন্দ্রীয় তথ্য ও বেতার মন্ত্রকের নিয়ন্ত্রণাধীন আকাশবাণী ও দূরদর্শনের প্রতিটি কর্মসূচী ঐ মন্ত্রকের নির্দেশে পক্ষপাতদুষ্ট;

যেহেতু আকাশবাণী ও দূরদর্শন গণতান্ত্রিক ভাবধারার বিকাশে এবং শিক্ষা সংস্কৃতির সমাজমনস্ক চেতনার পরিস্ফুটনে সফল নয়;

সেইহেতু এই রাজ্য বিধানসভা বৃহত্তর জাতীয় স্বার্থ রক্ষার্থে গণতান্ত্রিক ভাবনাচিন্তার অবাধ ও স্বচ্ছন্দ প্রকাশ অবারিত করার জন্য আকাশবাণী ও দূরদর্শন কেন্দ্রকে "স্বশাসিত কর্পোরেশনে" রূপান্তরিত করার জন্য রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাচ্ছে।

was then put and agreed to.

**শ্রী লক্ষ্মণ চন্দ্র শেঠ :** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আমার প্রস্তাবটি প্রথমে পেশ করছি। অন্যান্য বক্তাদের বক্তব্যের পর আমি আমার বক্তব্য রাখব। আমার প্রস্তাবটি হচ্ছে - "যেহেতু হলদিয়া তৈলশোধনাগার নির্ধারিত উৎপাদনক্ষমতা অতিক্রম ক'রে উৎপাদন ক'রে চলেছে

যেহেতু হলদিয়া তৈল শোধনাগার সম্প্রসারিত হ'লে গোটা পূর্বাঞ্চলের অর্থনীতি চাঙ্গা হবে;

যেহেতু হলদিয়া তৈল শোধনাগার সম্প্রসারিত হ'লে বহু বেকার যুবক চাকরি পাবে;

যেহেতু তৈল শোধনাগারের সম্প্রসারণের প্রস্তাব কেন্দ্রীয় সরকারের কাছে পেশ করা হয়েছে;

যেহেতু ভারতবর্ষের সবগুলি তৈল শোধনাগার সম্প্রসারিত হয়েছে;

যেহেতু রাজ্য সরকার শোধনাগারের প্রয়োজনীয় জলের জন্য গেঁওয়াখালি জল সরবরাহ প্রকল্পের কাজ শুরু করেছে;

সেইহেতু এই সভা হলদিয়া তৈল শোধনাগার সম্প্রসারণের প্রস্তাবটি অবিলম্বে কার্যকরী করার জন্য রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাচ্ছে"।

অন্যান্য বক্তারা বলার পরে আমি আমার বক্তব্য রাখব।

**মিঃ ডেপুটি স্পীকার :** There is no amendment to this motion.

**ডাঃ মানস ভুঁইঞা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য লক্ষ্মণ বাবু হলদিয়ায় অবস্থিত ইন্ডিয়ান অয়েল রিফাইনারী'র বর্তমান উৎপাদন ক্ষমতা থেকে আরও বেশী করে উৎপাদন বাড়ানোর যে প্রস্তাব এখানে রেখেছেন তাকে আমি সমর্থন করছি। প্রস্তাবের শেষ লাইনের দিকে উনি বলেছেন যে এই শোধনাগারকে এক্সপানসান করার জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে গেঁওয়াখালিতে জল সরবরাহের ব্যবস্থা করা হচ্ছে। এই ব্যাপারে আমার একটু বক্তব্য আছে, যা লক্ষ্মণবাবু জানেন, কিন্তু না জানার একটা ভান করে একটু কায়দা করে সভার সামনে সবাইকে বিভ্রান্ত করার জন্য এখানে প্রস্তাবটি উত্থাপন করেছেন। বিষয়টি কি? আপনি জানেন স্যার, ১৯৭৩ সালে লিমিট এবং টার্গেট টাইমের জন্য ইন্ডিয়ার অয়েল রিফাইনারীতে টেকনিক্যাল প্রসেসিং কমিশন হয়েছিল। তার ঠিক এক বছর বাদে, ১৯৭৪ সালে সেখানে লুব্রিকেটিং প্রসেসিং সেন্টারে এষ্টাব্লিশড্ হয়েছিল এবং আশ্চর্য্যজনক ভাবে ওখানকার শ্রমিকদের সঙ্গে সামগ্রিকভাবে কর্তৃপক্ষ এবং কেন্দ্রীয় সরকারের সঙ্গে সার্বিকভাবে এই পরিকল্পনা - টার্গেট টাইমের ভেতর দিয়ে প্রতিষ্ঠিত হয়েছিল। সেই ভাবে উৎপাদনও শুরু গিয়েছিল। তাঁদের উৎপাদনের লক্ষ্যমাত্রা ছিল ২.৫ মিলিয়ান টনস্। আপনি হবাক হয়ে যাবেন, শ্রমিক-কর্মচারী, কর্তৃপক্ষ এবং কেন্দ্রীয় সরকারের সামগ্রিকভাবে স্থিরীকৃত যে টার্গেট পয়েন্ট ছিল, তা অতিক্রম করে গিয়েছিল। পশ্চিমবঙ্গের দুযোর্গপূর্ণ পরিস্থিতির ভেতর দিয়েও - শ্রমিক অশান্তি, বিদ্যুতের অভাব, ইনফ্রাষ্ট্রকচারের অভাব হওয়া সত্ত্বেও - একটা বৈপ্লবিক চেতনার ভিত্তিতে শ্রমিক কর্মচারীরা তাঁদের টার্গেট পয়েন্ট ২.৫ মিলিয়ান টনস্ একসিড্ করে ২.৮ মিলিয়ান টনস্ প্রোডাকসানে পৌঁছেছিলেন। এটা একটা ঐতিহাসিক ব্যাপার বলে বর্ণনা করলেও বোধহয় বেশী বলা হয় না। সেখানকার শ্রমিক কর্মচারী বন্ধু এবং ম্যানেজমেন্টের দায়িত্বে যাঁরা আছেন, তাঁদের এই সুস্থ মানসিকতার প্রতি আমাদের এই সভার পক্ষ থেকে একটা ধন্যবাদ জানান উচিত। পশ্চিমবঙ্গ তথা

পূর্বাঞ্চলের ব্যাপারে আমাদের একটা প্রোজেক্ট রিপোর্ট এবং প্রোজেক্ট এষ্টিমেট হয়েছিল, যা লক্ষ্মণবাবু বেশ ভাল করেই জানেন। কেন্দ্রীয় সরকারের পেট্রোলিয়াম মিনিষ্ট্রিতে এটা অনেকদিন আগেই প্লেস করা হয়েছিল। কেন্দ্রীয় পেট্রোলিয়াম মিনিষ্টার হিসাবে যখন মাননীয় শিবশংকর দায়িত্বে ছিলেন, তখনই এটা করা হয়েছিল। এই ব্যাপারে প্ল্যানিং কমিশন গ্রীন সিগন্যাল দিয়েছিলেন। মিনিষ্ট্রি অফ পেট্রোলিয়াম থেকে গ্রীন সিগন্যাল দিয়েছিলেন। কিন্তু লাষ্ট এ্যাপ্রোভালটা আটকে আছে। কিন্তু কারণটা কি? কারণ শুনলে আপনি চেয়ার থেকে লাফিয়ে উঠবেন স্যার। পশ্চিমবঙ্গ সরকারকে পেট্রোলিয়াম মিনিষ্টার চিঠি লিখেছিলেন যে, - মাননীয় জ্যোতিবাবুর কাছে চিঠি দিয়েছিলেন - হলদিয়াতে এক্সপানসান অফ দি ইন্ডিয়ান অয়েল রিফাইনারী করতে গেলে, অর্থাৎ ২.৮ মিলিয়ান থেকে ৬ মিলিয়ান টনস্ প্রোডাকসান পার ইয়ার করতে গেলে আমাদের জল দরকার। পেট্রোলিয়াম মিনিষ্টার রাজ্য সরকারের মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে 'জল- জল' করে চীৎকার করেছিলেন। আমাদের পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে কেন্দ্রীয় মন্ত্রী জল দিন, জল দিন, আমরা টার্গেট পূরণ করবো - এই কথা বলেছিলেন। একথা লক্ষ্মণবাবু নিজে যখন ওখানে যুক্ত আছেন, তখন নিশ্চয়ই তাঁর জানা আছে। তিনি যখন সেখানে একটা দায়িত্ব আছেন, তখন সবই তাঁর জানা আছে। জল সেখানে পাওয়া যাচ্ছে না, সব মানুষ যখন একথা জানেন, তখন লক্ষ্মণবাবু তাঁর এই প্রস্তাবনার শেষ লাইনে বলেছেন যে, পশ্চিমবঙ্গে নাকি গেঁওখালিতে যাতে মৃদুজল পাওয়া যায়, তারজন্য তড়িঘড়ি ব্যবস্থা নিয়েছেন?

**[6.10 – 6.20 P.M.]**

এই গেঁয়োখালির ব্যাপারে এল.আই.সির কাছ থেকে ১২ কোটি টাকা নিয়েছে। পাবলিক হেলথ্ ইঞ্জিনিয়ারিংয়ের মূল উদ্দেশ্য হচ্ছে হলদিয়ার যে সমস্ত উপনগরী গড়ে উঠেছে সেখানকার সাধারণ মানুষ এবং এনসিলারী যে সমস্ত কারখানাগুলি হয়েছে সেখানে জল সরবরাহ করা। স্যার আপনি শুনলে অবাক হবেন এবং চমকে উঠবেন যে এখন গেঁয়োখালির এমন পরিস্থিতি সৃষ্টি লক্ষ্মণবাবুদের অত্যাচারে এবং দাপটে যে কবে যে এখানকার কাজ শেষ হবে তা ভগবান ছাড়া কেউ জানে না, আপনি অবশ্য জানতে পারেন। আপনি শুনলে অবাক হবেন যে গেঁয়োখালিতে পাবলিক হেলথ্ ইঞ্জিনিয়ারিংকে গত বছরে ৯ কোটি টাকা দেওয়া হয়েছিল এবং সেই টাকা ইস্যু করে দেওয়া হয়েছিল ওখানকার হলদিয়া এ্যাডমিনিষ্ট্রেটিভ অথরিটির নামে। লক্ষ্মণবাবুর দল জানেন কিনা জানিনা চীফ ইঞ্জিনীয়ারের অর্ডার পেয়ে ওখানকার সুপারেনটেন্ড ইঞ্জিনীয়ার পাবলিক হেল্থের কাছ থেকে টাকা-পয়সা তুলে খরচা করতে যাবেন বলে ঠিকঠাক তখন হঠাৎ দেখা গেল টাকা-পয়সা কোথায় উল্টো-পাল্টা খরচা হয়ে গেছে এবং ১ কোটি টাকার হিসাব পাওয়া যাচ্ছে না। সেই জন্য এ্যা[illegible]কে চার্জ করা হয়েছিল, তাকে গ্রেপ্তারও করা হয়েছিল কিন্তু হাইকোর্টের জামিন নিয়ে তিনি এখন অন্য কোন এক জায়গায় পালিয়ে বেড়াবার চেষ্টা করছেন। এই পরিস্থিতিতে লক্ষ্মণবাবুরা এ্যাসিওর করুন এবং মুখ্যমন্ত্রীকে বলুন এবং আমরাও বিনয়ের সঙ্গে আমাদের মুখ্যমন্ত্রীকে বলছি, সদস্যদের বলছি যে জলের ব্যবস্থা করুন, যেটা কেন্দ্রীয় সরকার গত ২ বছর ধরে বলে চলছে যে জল দিন, জল দিন, জল দিন আমরা একসপানসান করে দেবো। ইন্ডিয়ান অয়েল রিফাইনারির টোটাল ডিজাইন ডিপজিং অন দি বম্বে হাই প্রোডাকশান অফ ক্রুড অয়েল। এখন এই ক্রুড অয়েলের বাই প্রোডাকশান হচ্ছে এবং এর এক্সপান করতে হবে। এই বাই প্রডাক্টস্ উৎপাদনের পরিধির এক্সপান ঘটাতে হবে এবং অর্থনীতির সমৃদ্ধির প্রয়োজনে অবশ্যই জরুরী। ভারত সরকারের অর্ন্তদেশীয় তেলের

চাহিদা মেটাতে এবং তার থেকে যে বিভিন্ন রকম বাই প্রোডাক্ট হচ্ছে তার চাহিদা মেটাতে এর এক্সপান করা দরকার। আমি লক্ষ্মণবাবু এবং মাননীয় সদস্যদের কাছে বলি এবং দু একজন মাননীয় মন্ত্রী রয়েছেন তাদের কাছেও বলছি যে পেট্রোলিয়াম কমপ্লেক্স যদি হলদিয়ায় করতে হয় তাহলে ইন্ডিয়ান অয়েল রিফাইনারির এক্সপান করে ৬ মিলিয়ন টন পার ইয়ার প্রোডাকশান নিয়ে যেতে হবে। সুতরাং ৬ মিলিয়ন টনস্ পার ইয়ার প্রোডাকশান করতে না পারলে হবে না। এর বাই প্রডাক্টস্ হচ্ছে ন্যাপথা, সুতরাং এই ন্যাপথাই হচ্ছে পেট্রোলিয়াম কমপ্লেকেস্ মূল জিনিষ এবং এর এস্টাব্লিশ করা দরকার। সুতরাং এই দাবী শুধু ওদের নয় আমাদেরও কারণ পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স করতে গেলে ন্যাপথার প্রয়োজন। সেকথা ওরাও জানেন। আজকে যে পরিস্থিতি তৈরী হয়েছে হলদিয়ার বুকে তারজন্য আমি বিশেষ করে অনুরোধ করবো লক্ষ্মণ বাবুদের এবং সিটুর নেতাদের এবং এম.এল.এদের যারা নির্বাচিত হয়ে টেজারি বেঞ্চে বসে আছেন তাদের যে পরিস্থিতির সৃষ্টি হয়েছে আজকে হলদিয়াতে, অসুস্থ পরিবেশ তার প্রতিকার করা দরকার। আমাদের হাজার শুভেচ্ছা থাকা সত্ত্বেও এর কিছু প্রতিকার করতে পারছি না। হলদিয়ার ইনফ্রাস্টাকচার কোথায়? সাধারণ মানুষকে পানীয় জলের ব্যবস্থা করতে পারছেন না, সুইচ ওয়াটারের ব্যবস্থা করতে পারছেন না। ১৯৭৩-৭৪ সালে শ্রী সিদ্ধার্থ শংকর রায় মহাশয় ইনফ্রাস্টাকচার ডেভোলাপমেন্ট কর্পোরেশানের অফিস করে দিয়েছিলেন কল্যাণী এবং হলদিয়ার জন্যে। হলদিয়ার অফিস আজকে টিম টিম করে জ্বলছে আর কলকাতায় কোথায় যে অফিস আছে তা আমি নিজেও জানিনা। আজকে যে পরিস্থিতি চলছে সেখানে ইনফ্রাস্টাকচারের কোন ব্যবস্থা নেই। জলের কোন ব্যবস্থা নেই। উনি বলেছেন ডিপ টিউবেল তৈরী করে সেই ডিপ টিউবেল থেকে জল দিয়ে নাকি এতোবড় হলদিয়া রিফাইনারি প্ল্যান্টের চাহিদা মেটাবে, তা কখনোই সম্ভব নয়। লক্ষ্মণবাবুকে স্মরণ করিয়ে দিই, উনি হয়তো জানেন না, তবে জানা না থাকলে একটু পড়ে নেবেন যে ১৯৭৩-৭৪ সালে যে প্রোপজাল হয়েছিল সেই প্রোপজাল ওয়াটার রিফাইনারি প্ল্যান্ট করতে হবে বলা হয়েছে এবং গঙ্গার জল, হলদি নদীর জল এবং রুপনারায়ণের জলকে সল্ট মুক্ত করে সুইট ওয়াটারে নিয়ে যেতে হবে এবং এরজন্য হলদিয়া রিফাইনারি এবং ওখানকার অন্যান্য ফ্যাক্টারিকে কাজে লাগাতে হবে। হিন্দুস্থান ফার্টিলাইজার কর্পোরেশানের ইউনিটে ইউরিয়া এবং এ্যামোনিয়া প্ল্যান্টের জন্য লবণটা লাগে সেটা ভালো করেই লক্ষ্মণ বাবুরা জানেন। গেঁয়োখালিতে যদি ওয়াটার রিফাইনারি প্রজেক্ট তৈরী করা না যায় তাহলে কিছু হবে না। গেঁয়োখালিতে পাবলিক হেলথ্ ইঞ্জিনীয়ারিং আন্ডারে একটি ডিপ টিউবেল তৈরী করে তার থেকে জল হলদিয়ায় পৌঁছে দেওয়া হবে এটা একটা অবাস্তব পরিকল্পনা এবং কবে যে এটা কার্য্যে রুপান্তরিত হবে তা জানা নেই। এখনো মাটি খোড়াঁখুড়ি চলছে তারমধ্যে ১ কোটি টাকা গায়েব হয়ে গেছে। এ্যাকাউনটেন্ট পালিয়ে বেরাচ্ছে, জামিন নিয়ে এদিক ও পালিয়ে বেড়াচ্ছে এবং তাকে নাকি সরকারী পক্ষের কিছু লোক হলদিয়া থেকে সিফট্ করে অন্য কোন জায়গায় মান সম্মানের সঙ্গে চাকুরী দেওয়ার চেষ্টা করছে। এই পরিস্থিতি আজকে লক্ষ্মণবাবুদের দাপটে হলদিয়ায় চলছে। আমি এই প্রস্তাবকে সর্বান্তকরণে সমর্থন করছি এবং এইকথা মাননীয় সদস্যদের কাছে নিবেদন করতে চাই যে সামগ্রিক ভাবে এইকথা আপনাদের জানা দরকার যে হলদিয়ার সুস্থ পরিবেশ সৃষ্টি করতে হবে, এর ইনফ্রাস্টাকাচার ভালো করে গড়তে হবে। আমি জানি বিদ্যুতের ক্ষেত্রে ইন্ডিয়ান অয়েলের একটা নিজস্ব ক্যাপটিভ জেনারেটিং ইউনিট আছে। লক্ষ্মণবাবু জানেন এবং আপনার শুনলে হাঁসি পাবে যে একমাত্র হলদিয়াতে ইন্ডিয়ান অয়েল কর্পোরেশান থেকে এক্সেস বিদ্যুৎ এস.ই.বি. কে দেওয়ার একটা কন্ট্রাক্ট আছে। কারণ আছে ওদের

যে তিনটি মেগাওয়াট - এর যে জেনারিটিং ইউনিট সেই ইউনিটকে মাঝে মাঝে বিদ্যুৎ দিতে হয় প্রায়শঃই এস.ই.বি. বিদ্যুৎ দিয়ে দেয় এবং সেই বিদ্যুৎ বিনা কারণে দিয়ে দেওয়া হয় সেই কন্ট্রাক্ট আছে। যদি কোন সময় কোন কারণে ইন্ডিয়ান অয়েল [illegible] বিদ্যুৎ প্রয়োজন লাগে তখন এস.ই.বি. ফ্রিতে দেয়। - এই রকম একটা চুক্তি আছে। সেক্ষেত্রে লক্ষ্মণবাবু সব জেনে শুনে বাজার মাৎ করার জন্য এই কথা কেন বললেন যে কেন্দ্রীয় সরকার করছে না, অতএব অবিলম্বে করা হোক এই রকম একটা শ্লোগান, একটা জনআন্দোলন, একটা গণআন্দোলন, একটা গণচেতনা, একটা প্রতিবাদ বিস্ফোরণ ইত্যাদি এইসব কথা বার্ত্তা বলা চলবে না এবং তা উচিতও নয়। একটা সামগ্রিক দৃষ্টিভঙ্গী নিয়ে এটা দেখা উচিত একটা প্রিন্সিপ্যাল ওরিয়েনটেসান আপনাকে ভাবতে হবে। আজকে কমল বাবুকে ধরুণ মুখ্যমন্ত্রীকে ধরুন। পেট্রোলিয়াম মিনিষ্টার যখন বার বার বলেছিলেন এবং এখন বলছেন - কেন্দ্রীয় সরকার বলছেন জলের ব্যবস্থা করুন। আমরা আপনাদের সঙ্গে ১০০ পারসেন্ট একমত কারণ এ জিনিষটা আমাদের দরকার। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি খানিকটা একমত হবেন যে ঐ ডিপটিউবওয়েল তৈরী করে কি ব্যবস্থা করবেন তা বোঝা যাচ্ছে না আজকের হলদিয়ার মানুষরাই জল খেতে পারছে না। আপনি নিশ্চয় জানেন হলদিয়া স্যালায়েড এরিয়া আন্ডার গ্রাউন্ড ওয়াটার লেভেল সার্ভে - এর রিপোর্ট আপনি দেখুন তাতে দেখা যাবে কোলাঘাট থেকে হলদিয়া জোন আপ টু দীঘা স্যালাইন ওয়াটার জোন এখানে আন্ডার গ্রাউন্ড ওয়াটার এর ব্যাপারে ডিপটিউবওয়েল পুঁতে ভবিষ্যতে কি হবে সেটা আমরা সম্পূর্ণ অনিশ্চয়তার মধ্যে রয়েছি এবং তার উপর নির্ভর করে মাননীয় সদস্য আজকে যে প্রস্তাব এনেছেন সেটা বাস্তব চিন্তা ধারা থেকে অনেকখানি দূরে তিনি সরে গেছেন। শুধুমাত্র বাজার মাৎ করার জন্য প্রস্তাবটার শেষ লাইনে এটা জুড়ে দিয়েছেন। আমি তাকে অনুরোধ করব- আমি তাঁর বক্তব্য শুনেছি এটা যেন তিনি না করেন। তিনি এই প্রস্তাব এই হাউসে রাখুন না কেন যে আমাদের সরকারের তরফ থেকে ত্রুটি বিচ্যুতি আছে, জল দিতে পারছি না ঠিকমত ইনফ্রাসট্রাকচার নাই, আমরা তার জন্য সাপোর্ট করতে পারছি না। কারণ সরকারের তরফ থেকে অনেক ত্রুটি বিচ্যুতি থেকে গিয়েছে এবং সেখানে আইন শৃংখলার পরিস্থিতি এমনই যে মাঝে মাঝে ঐ বাস ছিনতাই করার মাধ্যমে সব উল্টোপাল্টা কাজ গন্ডোগোল করে দিচ্ছে। আমাদের সরকার তরফ থেকে কিছু করতে পারছি না। কারখানার গেটের সামনে মাঝে মাঝে সব তীর ধনুক নিয়ে এসে গ্রামের থেকে মানুষদের তাদের পেটের জ্বালায় সুযোগ নিয়ে ঐ মিছিলের নাম করে ঐ হলদিয়া শিল্প নগরীতে একটা তান্ডব সৃষ্টি করা ব্যবস্থা করা হয়, এগুলি থামান। আমরা ১০০ পারসেন্ট কেন ২০০ পারসেন্ট আপনাদের সঙ্গে একমত। শিল্প হবে রিফাইনারী প্ল্যান্ট এ্যাকপ্যানসন হবে এবং কেন্দ্রীয় সরকারের সঙ্গে একমত। কারণ দেশের স্বার্থে অর্থনৈতিক স্বার্থে এবং আভ্যন্তরীণ তেলের প্রয়োজন মেটাতে এবং বোম্বের থেকে ক্রুড অয়েলকে রিফাইন করে দেশের কাজে লাগাতে মানুষের কাজে লাগাতে হলদিয়াকে এক্সপ্যানসন করতে হবে এর সঙ্গে তো আমরা একমত আছিই এবং কেন্দ্রীয় সরকারও তারজন্য বসে আছে। আমাদের মুখ্যমন্ত্রীকে আমরা সবাই মিলে বলি এখন আমাদের হলদিয়াকে মিঠে জলের ব্যবস্থা করে দেবার জন্য এবং হলদিয়া রিফাইনারী এক্সপেনসন হবেই, - নিশ্চয় হবে -।

**শ্রী অনিল মুখার্জী** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দীর্ঘদিন ধরে পশ্চিমবাংলার উপর যে শঠতা চলে আসছে তা মানসবাবু বোধহয় লক্ষ্য করেছেন। আপনারা লক্ষ্য করেছেন এই পেট্রোকেমিকেল

কমপ্লেক্স পশ্চিমবাংলায় স্থাপন করবার জন্য হলদিয়াতে মন্ত্রী মহাশয়রা এলেন এবং পরিদর্শনও করলেন আর জনতা আমলে প্রায় এটা স্যাংসন হয়ে গিয়েছিল - তারপর কি কারণে এটা ভেস্তে গেল। আজকে উপরওয়ালা মন্ত্রীদের মধ্যে লড়াই বেধে গেছে। আজকে গণিখান চৌধুরী মহাশয় পার্লামেন্টে যেসব কথা বললেন রেলের সব পরিকল্পনা স্যাংসন হয়ে গিয়েছে। পশ্চিমবাংলায় শীঘ্রই এটা চালু হয়ে যাবে - প্ল্যানিং কমিশন স্যাংসন করে দিয়েছেন। আজকে আবার পার্লামেন্টে মন্ত্রী মহাশয় বলছেন আমি কিছুই জানিনা। মাননীয় সদস্য বলছেন সব হয়ে যাবে অদ্ভুত ব্যাপার হাসি লাগে, যেখানে আজকে গণিখান চৌধুরী বললেন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর আশীর্বাদ প্রাপ্ত গণিখান চৌধুরী যিনি অত্যন্ত আদরে যত্নের লোক বললেন .....

**[6.20 – 6.30 P.M.]**

গণিখান চৌধুরীর পরম আদরের যত্নের প্রকল্প রেলগুলি [illegible] বাঁশিতে ধুয়ে গেল। পার্লামেন্টের দুই প্রাক্তন মন্ত্রী এবং বর্তমানের মন্ত্রীর যে লড়াই চলছে যে ভাবে তাতে পশ্চিমবাংলার মানুষের মনে সংশয় হচ্ছে যে কিছুই হবে না। পার্লামেন্টের বাজেট বক্তৃতায় যে কথাগুলি বলেছেন সেগুলি বাস্তবে যে কার্যকরী হবে তার কোন গ্যারান্টি নেই। রিফাইনারী যে হবে তার জন্য জল নিশ্চয় দিতে হবে। ঘোড়া হলে লাগামের জন্য আটকায় না। রিফাইনারী হলে জলের জন্য যে তা আটকে যাবে বিরোধী দলের তা চিন্তা দেখে দুঃখ হয়। একবার বলেছেন পশ্চিমবঙ্গের জন্য পরিকল্পনা নেই, আর একবার বলেছেন জল নেই। পশ্চিমবাংলার জলের পরিকল্পনার জন্য প্রচুর টাকা খরচ করা হচ্ছে। মানববাবু বললেন বিদ্যুৎ এবং শ্রমিক অসন্তোষ - এই দুটি বুলি ছাড়া তাদের আর কিছু নেই। পশ্চিমবাংলায় এবং সারা ভারতবর্ষে কারখানায় যে উৎপাদন কমেছে এর জন্য শ্রমিক অসন্তোষ দায়ী নয়। ম্যানেজমেন্ট ফেল করে বলে ক্লোজার, লক আউট, এবং উৎপাদন কমে গেছে। পশ্চিমবাংলায় শত সহস্র যে সব কারখানা চলছে তার জন্য বিদ্যুতের ব্যবস্থা সরকার করছেন এবং আগামী দিনে করবেন। আপনারা যা করেননি আমরা তা করব। আপনাদের মত আমরা অপদার্থ নই। আমরা কাজ করি এবং করছি। এ্যানসিলিয়ারী ইন্ডাষ্ট্রি করা হয় একটা পাবলিক সেক্টারকে ফিট করার জন্য এ্যানসিলিয়ারী ইন্ডাষ্ট্রি না থাকলে সেখানে ইন্ডাষ্ট্রিয়াল গ্রোথ হয়না। ডাঃ রায় দুর্গাপুরে পাবলিক সেক্টার করেছিলেন এবং তার চারপাশে এ্যানসিলিয়ারী ইন্ডাষ্ট্রি যাতে হয় তার ব্যবস্থা করেছিলেন। পাবলিক সেক্টারকে বাঁচাতে গেলে এ্যানসিলিয়ারী ইন্ডাষ্ট্রি ছাড়া হয়না। তিনি বললেন সমর্থন করছি কিন্তু তার বলতে গিয়ে এমন সমস্ত কথা বললেন যার কোন মানে হয়না। আজকে আমাদের সন্দেহ হচ্ছে যে প্রকল্প স্যাংশান হলেও তা যতক্ষণ পর্যন্ত না কার্য্যকরী হচ্ছে ততক্ষণ পর্যন্ত আমরা পশ্চিমবাংলার ক্ষেত্রে আশ্বস্ত হতে পারছি না। অর্থাৎ যতক্ষণ না আচাঁচ্ছি ততক্ষণ খেয়েছি বলে মনে হয় না। অর্থাৎ কেন্দ্রীয় সরকার যদি একে অবিলম্বে কার্য্যকরী করেন তাহলে পশ্চি[illegible] আস্থা আসবে। এই কথা বলে এই প্রস্তাবকে সমর্থন করে আমি শেষ করছি।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় সদস্য লক্ষ্মণ চন্দ্র শেঠ মহাশয় হলদিয়া তৈল শোধনাগার সম্পর্কে যে প্রস্তাব উত্থাপন করেছেন আমি সেই প্রস্তাব সমর্থন করছি। স্যার, আপনি জানেন আমাদের দেশে যারা ছোট বড় কলকারখানার মালিক তাদের এমন একটা অভ্যাস আছে যে তাদের কারখানা যদি কোন কারণে ডকে উঠে যায়, লালবাতি জ্বালায়, রুগ্ন,

পঙ্গু হয়ে পড়ে তাহলে তার দায়-দায়িত্ব তারা সরাসরি শ্রমিকদের ঘাড়ে চাপিয়ে দেয়। এই অপবাদটা তাদের সহ্য করতে হবে যে শ্রমিকরা কর্মবিমুখ, ফাঁকিবাজ, কাজ করে না, এই সব অভিযোগ শুনতে হয়। এই অপবাদটা শুধু ঐসব মালিকরাই করে না, বিরোধী পক্ষের বন্ধুরাও সুযোগ পেলে ঐ দায়-দায়িত্ব বা বোঝা শ্রমিকদের ঘাড়ে চাপিয়ে দেন। হলদিয়া তৈল শোধনাগারের যে লক্ষ্যমাত্রা ছিল তৈল উৎপাদনের ক্ষেত্রে সেই লক্ষ্যমাত্রা ছাড়িয়ে গেছে। সেখানে যাঁরা কাজ করেন, তৈল শোধনাগারের সঙ্গে যাঁরা যুক্ত তাঁরা একটা নজীর সৃষ্টি করেছেন। হলদিয়া আজ আমাদের কাছে একটা সম্ভাবনাপূর্ণ স্থান, এর একটা উজ্জ্বল ভবিষ্যত আছে। তৈল শোধনাগার ছাড়া অন্যান্য যেসব সম্ভাবনা আছে এইসব সম্ভাবনার দ্বার খুলে দিতে হবে, সামনে যা কিছু বাধা-বিপত্তি আছে সেই বাধা আমাদের অপসারণ করে এগিয়ে যেতে হবে। আমি একটা কথা শুনে আশ্চর্য হলাম যে প্রকল্পটি নাকি জল সরবরাহের অভাবের জন্য করতে পারছেন না। কিন্তু আমরা জানি যে ঐ প্রকল্প শুরু হয়েছে এবং তার কাজ চলছে। তাহলে আমার প্রশ্ন হল প্রকল্প যখন প্রথম চালু হয় তখন টেকনিসিয়ানরা কি দেখে সেটা চালু করলেন? জল পাওয়ার সম্ভাবনার কথা না ভেবেই কি তাঁরা সেটা চালু করে দিলেন? তাহলে হঠাৎ এতদিন পরে জলের প্রশ্ন উঠছে কেন? কেন্দ্রীয় সরকার সেই প্রকল্প করছেন, রাজ্যসরকারকে জলের ব্যবস্থা করে দিতে হবে, রাজ্যসরকার সেই ব্যবস্থা করছেন না এই অভিযোগ মানস ভুঁইয়া আমাদের কাছে নিয়ে এসেছেন। মাননীয় সদস্য বলেছেন যে সেই চেষ্টা করা হচ্ছে। সত্যই তো একটা বড় কাজ উঠে যাবে সামান্য জলের অভাবে এটা তো হতে দেওয়া যায় না, আমাদের রাজ্যে এটা করতে হবে, রাজ্যসরকারের তরফ থেকে কোন রকম সহযোগিতার অভাব হবে না, মূল কাজ যেটা সেটা কেন্দ্রীয় সরকারকে করতে হবে, সেই পরিকল্পনা নিয়ে তার কাজটাকে এগিয়ে নিয়ে যেতে হবে। রাজ্যসরকার যথা সময়ে তাঁর কথা মতাবেক কাজ করবেন এই বিষয়ে কোন ভিন্ন মত পোষণ করার ক্ষেত্র নেই। তাই এই প্রস্তাবকে সর্বসম্মতিক্রমে সমর্থন করুন এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বঙ্কিম বিহারী মাইতি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে হলদিয়ার নির্বাচিত সদস্য লক্ষ্মণবাবু হলদিয়া তৈল শোধনাগার সম্প্রসারণের যে প্রস্তাব এনেছেন আমি তা পূর্ণ সমর্থন করছি। হলদিয়ার এই তৈল শোধনাগার সম্প্রসারণের সিদ্ধান্ত জনতার আমলে ১৯৭৮ সালে গৃহীত হয়েছিল। ১৯৬২ সালে সেটা ৫ শো কোটি টাকার একটা রূপরেখা নিয়েছে। সেটা আজকে মানসবাবু বলেছেন এক্সপানসান বোর্ডে পাশ হয়েছিল, তাঁরা সিদ্ধান্ত নিয়েছিলেন, কিন্তু ক্যাবিনেটে আটকে গেছে। ক্যাবিনেট থেকে আমাদের মুখ্যমন্ত্রীকে চিঠি দিয়েছেন সেকথা বললেন, কিন্তু আমদের মুখ্যমন্ত্রী তার জবাবে যে চিঠি দিয়েছেন সেটা তিনি বললেন না। এক্সপার্ট কমিটি তাঁরা নিশ্চয়ই সিদ্ধান্ত নিয়েছেন, কিন্তু আমি ওখানে যিনি ম্যানেজার আছেন তাঁর ওপিনিয়ান জানি, তাঁর ওপিনিয়ান ছিল পক্ষে, বিপক্ষে নয়। মানস বাবু যে ডিপ টিউবওয়েলের কথা বলেছেন উনি বোধ হয় জানেন না গেঁয়োখালি থেকে রূপনারায়নের জল সংশোধিত করে ওখানে নিয়ে যাবার জন্য একটা পরিকল্পনা হয়েছে। রূপনারায়ন নদীর জল পাইপ লাইন দিয়ে ওখানে যাবে। সুতরাং মানস বাবু ভুল কথা বললেন।

**[6.30 – 6.40 P.M.]**

সেখানে কারা কাজ করতে দিচ্ছে না সেকথা আমি আপনাদের কাছে বলছি। গেঁয়োখালির কাজ দুমাসের মধ্যে হবার কথা অথচ দেখা যাচ্ছে ৬ মাস লেগে যাচ্ছে। এর মধ্যে ইউনিয়ন আছে,

যারা কন্ট্রাক্ট নিয়েছে তাদের তারা কাজ করতে দিচ্ছে না। কাজে বাধা দেবার জন্যই এই কাজ হচ্ছে না। অবশ্য আই এন টি ইউ সি -র জেলায় যাঁরা আছেন তাঁরা এটা চাচ্ছেন, সমর্থন করছেন। কাজেই আপনাদের বলছি ওখানে গিয়ে ইউনিয়নকে বলে এই কাজটা করিয়ে দিন। স্যার, হলদিয়ার মানুষ এই কারখানা স্থাপন করবার জন্য জমি ছেড়ে দিয়ে এখন উদ্বাস্তুর মত বাস করছে। তারা এটাকে শিল্প নগরী করতে চেয়েছিল, তারা ভেবেছিল এটা হলে পূর্বাঞ্চলের হাজার হাজার লোকের চাকুরী হবে, তাদের অর্থনৈতিক উন্নয়ন হবে। এই শিল্প নগরী শুধু হলদিয়ার মধ্যেই সীমাবদ্ধ নয়, মেদিনীপুর এবং পূর্বাঞ্চলের বহু জায়গা এর মধ্যে রয়েছে। তাই আমি মানসবাবুদের বলছি, হলদিয়ার তৈল শোধনাগারের ব্যাপারে যে প্রস্তাব এসেছে তাকে আপনারা সমর্থন করুন। হলদিয়ার শিল্প নগরীর জন্য আমরা প্রথম থেকে লড়াই করে আসছি। আপনারা বোধহয় জানেন এটা ডাঃ রায়ের স্বপ্ন কাজেই ডাঃ রায়ের সেই স্বপ্নকে সফল করবার দায়িত্ব শুধু আমাদেরই নয়, এটা আপনাদেরও দায়িত্ব। তবে এটাও বলে রাখছি, দরকার হলে [* * *] এই দাবী আদায় করতে হবে। ভূতপূর্ব কলঙ্কজনক কেন্দ্রীয় অর্থমন্ত্রী প্রণব মুখার্জী হলদিয়া উপনগরীর জন্য অনেক অর্থ দিতে পারতেন - কিন্তু সেটা তিনি দেননি। দুঃভাগ্যের বিষয়ে আজ তিনিই আবার কংগ্রেস সভাপতি হয়েছেন এবং এখনও এরকম লোক আছে যারা তাঁকে পূজা করেন। আমি বলব এই ধরনের লোককে যদি আপনারা পূজা করেন তাহলে অন্যায় করবেন। তাঁর এতই অধঃপতন হয়েছিল যে পশ্চিমবাংলার উন্নয়নের পথে তিনি বাধা সৃষ্টি করেছিলেন। হলদিয়ার শিল্প নগরীর উন্নয়নের জন্য যারা ভিটে মাটি ছেড়ে উদ্বাস্তু হয়েছে তাদের দিকে তাকিয়ে এটা যাতে সফল সেদিকে আপনারা লক্ষ্য রাখবেন এই অনুরোধ রাখছি। একথা বলে লক্ষ্মণ শেঠের প্রস্তাব সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় সদস্য বঙ্কিম বিহারী মাইতি তাঁর বক্তব্য রাখতে গিয়ে বলেছেন, "রাজীব গান্ধীর পেছনে চাবুক মারতে মারতে এই দাবী আদায় করতে হবে"। এই ধরণের উক্তি বিধানসভায় করা যায় কিনা এবং এই উক্তিটি পার্লামেন্টারী বা আনপার্লামেন্টরী কিনা সে সম্বন্ধে আপনি রুলিং দেবেন।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** রাজীব গান্ধীকে চাবুক মারার কথা যদি উনি বলে থাকেন তাহলে সেটা এক্সপান্জড্ হবে।

**শ্রী লক্ষ্মণ চন্দ্র** ***শেঠ*** **ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বিরোধী দলের সদস্য মানস বাবুর বক্তব্য শুনলাম। উনি প্রায় প্রতিটি ছত্রে ছত্রে একটা কথা বলেছেন যে লক্ষণ বাবু জেনেও অর্ধ সত্য, অসত্য কথা বলেছেন। উনি ঠিকই আমার জানা স্বাভাবিক কারণেই জানা। কারণ ওখানে আমি ট্রেড ইউনিয়ন করি এবং রাজনীতি করি। মানস বাবু সবং-এ ডাক্তারী করেন, ট্রেড ইউনিয়ন করেন না। সেই জন্য জানা সম্ভব নয়, তাই তিনি এখানে অনেক অসত্য কথা বলেছেন। আমি আপনার মাধ্যমে এই হাউসে নিবেদন করতে চাই যে হলদিয়ায় শিল্প নগরী গড়ে তোলার জন্য কার্য্যতঃ পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারই বিশেষ উদ্যোগ গ্রহণ করেছে। ১৯৫৭ সাল থেকে হলদিয়ায় শিল্পোন্নয়ন এর জন্য পরিকল্পনা করা হয়। ১৯৬২ সাল থেকে জমি অধিগ্রহণের কাজ শুরু হয়। ১৯৬৫-৬৬ সাল থেকে হলদিয়া বন্দর এবং অন্যান্য নগরী গড়ে তোলা হয়। কিন্তু ঐ এলাকায় শিল্প গড়ে তুলতে গেলে যে উপকাঠামোগুলো দরকার তার একটাও চেষ্টা সেদিনের কংগ্রেস সরকার করেন নি। কোন পরিকল্পনা

*Note:* [** Expunged as ordered by the chair]

গ্রহণ করেন নি। আমরা পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পরে ১৯৮০ সালে হলদিয়া ডেভলপমেন্ট অথারিটি গঠন করলাম। আমরা ১৯৮৩ সালে হলদিয়া নোটিফায়েড অথারিটি গঠন করলাম। যে শিল্পোন্নয়ন উপযোগী যে শর্তগুলি তার পরিবেশগুলি গড়ে তোলার জন্য তার উপকাঠামোগুলো গড়ে তোলার জন্য এই ধরণের কতকগুলো স্ট্যাচুটারী বডি গোড়ে তোলার চেষ্টা আমরা করেছিলাম। তারপরে জলসরবাহের জন্য গেঁওখালি জল সরবরাহ প্রকল্পের কাজ শুরু হয়েছে। ৩২ কোটি টাকা খরচ হবে। পরবর্ত্তীকালে উলবেড়িয়া থেকে - নদী থেকে জল পরিশুদ্ধ করে হলদিয়া শিল্পের প্রয়োজনে জল নিয়ে যাওয়া হবে, এর জন্য ১৫০ কোটি টাকা খরচ হবে। আমরা ২০০ শয্যা বিশিষ্ট হাসপাতালের কাজ শুরু করেছি, তা শেষ হতে চলেছে, এর জন্য পাঁচ কোটি টাকা খরচ হচ্ছে। রাস্তাঘাটের উন্নয়ন করা হয়েছে, বাজার করা হয়েছে, সরকারী স্কুল তৈরী করা হয়েছে। যাতে শিল্প গড়ে ওঠার প্রয়োজনীয় উপকাঠামোগুলো গড়ে উঠতে পারে। এই সমস্ত কাজ শুরু হয়েছে আমাদের আমলেই। একটিও কংগ্রেস সরকার করে যায়নি। কোন জল সরবরাহ প্রকল্পের পরিকল্পনা ওরা করে যাননি। মাননীয় সদস্য মানস বাবু বললেন যে ঐ হলদিয়া তৈল শোধনাগার সম্প্রসারণের প্রস্তাব মন্ত্রীসভায় আটকে আছে, জ্যোতি বাবু জল দিলেই ওটা হয়ে যাবে। আমি এই সভায় বলছি যে ঐ কথাটুকু শুধু উনি লিখে দিন, যে হ্যাঁ, আমাদের জল সরবাহের দায়িত্ব, তিনি আমাদের তৈল শোধনাগার সম্প্রসারণের দায়িত্ব নেবেন, তাহলে আমরা নিশ্চয়ই খুসী হবো এবং পরবর্ত্তী সময়ে এই সভায় ক্ষমা স্বীকার করে নেব। কারণ আমি জানি কেন্দ্রীয় সরকার থেকে একটা চিঠি আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীকে দেওয়া হয়েছিল জল সরবরাহের জন্য এবং মুখ্যমন্ত্রী তার উত্তরে পরিষ্কারভাবে বলে দিয়েছেন যে আপনাদের প্রকল্প শুরু হয়ে গেলে জল প্রকল্পের নিমার্ন কাজ আগে হবে, তারপর তার উৎপাদন শুরু হবে, পাঁচ বছর সময় লাগবে, তার আগে আমরা জল দেব, লিখিতভাবে আমাদের মুখ্যমন্ত্রী কমিটমেন্ট করেছেন। যদি দরকার হয় [illegible]। এই সভায় সেই চিঠির উপস্থিত করতে কোন বাধা নেই। অর্থাৎ বিভিন্নভাবে যে মূল কথা, হলদিয়া শোধনাগার-এ যে ২.৫ মিলিয়ন উৎপাদন ক্ষমতা এবং একটা রেকর্ড উৎপাদন করেছেন ১০০ পার্সেন্টি, ১০০ শতাংশ উৎপাদন সত্ত্বেও ২.৮ মিলিয়ন উৎপাদন করে যে যেটা ভারতবর্ষে কোথাও হয়নি, রেকর্ড উৎপাদন করেছে এবং সেখানকার ইঞ্জিনিয়ার, কর্মচারী, ট্রেড ইউনিয়ন যারা করেন, সকলের সহযোগিতায় এটা করা সম্ভব হয়েছে এবং সেই কারণে কেন্দ্রীয় সরকারও বলেছিলেন যে হলদিয়া শোধনাগারকে সম্প্রসারিত করতে হবে। আপনি শুনলে অবাক হয়ে যাবে, যে কেন্দ্রীয় মন্ত্রী সভায় সিদ্ধান্ত নেওয়া হয়েছিল যে সমস্ত তৈল শোধনাগারগুলো আছে, সেইগুলো সম্প্রসারিত না করে নূতন তৈল শোধনাগার হবে না। সেই কারণে ১৯৭৮ সালে জনতা সরকারের আমলে হলদিয়া তৈল শোধনাগার সম্প্রসারণের প্রস্তাব গ্রহণ করা হয়। ১৯৮০ সালে ইন্দিরা গান্ধী ক্ষমতায় আসার পর তিনি বলেছিলেন রিপোর্ট পাঠাতে। ছয়বার রিপোর্ট পাঠানো হলো, কেন্দ্রীয় সরকার সব রিপোর্ট পরীক্ষা নিরীক্ষা করলেন, পরে বললেন যে টাকা নেই, এখন দেওয়া যাবে না। অথচ কেন্দ্রীয় মন্ত্রী সভার সিদ্ধান্ত ছিল যে নতুন কারখানা করা যাবে না। যতক্ষণ না পুরাণ কারখানাগুলোকে সম্প্রসারিত করা হচ্ছে। ওরা কি করলেন, হরিয়ানার কারলে তারা ১২০০ কোটি টাকা দিলেন নতুন তৈল শোধনাগার নির্মাণ করার জন্য অথচ হলদিয়া তৈল শোধনাগার সম্প্রসারণের জন্য মাত্র প্রাথমিক পর্য্যায়ে খরচ ধরা হয়েছিল ৩০০ কোটি টাকা। মানস বাবু জানেন না সেটা বন্ধ হয়ে গেছে, প্রায় ৫০০ কোটি টাকা লাগবে, তা তারা দিলেন না। আজকে হলদিয়া তৈল শোধনাগার সম্প্রসারিত হলে গোটা পূর্বাঞ্চলের অর্থনীতি চাঙ্গা হবে। কারণ আজকে

ক্রুড, অপরিশোধিত তেল ইরাক, ইরাণ থেকে আসে, আজকে বম্বে হাই থেকে সেইগুলো পাওয়া যাবে এবং সেই ক্রুড দিয়ে, অপরিশোধিত তেল দিয়ে হলদিয়া তৈল শোধনাগারকে সম্প্রসারিত করা সম্ভব। কিন্তু তারা তো করলেন না।

**[6.40 – 6.44 P.M.]**

কিন্তু তারা করলেন না। হলদিয়া তৈল শোধনাগার সম্প্রসারণের উপরে হলদিয়া পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স-এর ভাগ্য নির্ভর করছে। যে ন্যাপথা দরকার, সেই ন্যাপথা পর্যাপ্ত পরিমাণে পেতে গেলে হলদিয়া তৈল শোধনাগার না করলেই নয়। অথচ সমস্ত বিষয়টি রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত ভাবে, রাজনৈতিক কারণে কেন্দ্রীয় মন্ত্রীসভা আটকে রেখেছেন। যে কারণে হলদিয়া পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স দিলেন না, যে কারণে হলদিয়া জাহাজ মেরামতী কারখানা দিলেন না, সেই একই কারণে হলদিয়া তৈল শোধনাগার সম্প্রসারণকে তারা বাস্তবায়িত করছেন না। সারা ভারতবর্ষে, শুধু পশ্চিমবঙ্গ নয়, পূর্বাঞ্চলকে শিল্পের কোর সেন্টার হিসাবে চিহ্নিত করা যায়। সেখানে রেলের যোগাযোগ ভাল, হলদিয়ায় তৈল শোধনাগার হয়েছে, সার কারখানা হয়েছে। আজকে সেখানে যে সুযোগ আছে, সেই সুযোগকে তারা ব্যবহার করছেন না। আজকে হলদিয়ায় যে বিরাট সম্ভবনা আছে, সেটা নষ্ট হয়ে যাবে কেন্দ্রীয় সরকারের অবহেলা এবং অবিচারের জন্য। হলদিয়ার সার কারখানা দিলেন কিন্তু প্রযুক্তি বিদ্যার কি হল? তাদের অদূরদর্শিতার জন্য নূতন টেকনোলজির ক্ষেত্রে, নূতন প্রযুক্তিবিদ্যার ক্ষেত্রে পরীক্ষা-নিরীক্ষার গবেষণাগার হিসাবে ঐ সার কারখানাকে নতুন পদ্ধতিকে তৈরী করা হল। এশিয়ার যন্ত্রাংশ, বিদেশী যন্ত্রাংশের মিলন ঘটিয়ে সেই কারখানার সর্বনাশ করা হয়েছে। সেই সার উৎপন্ন হবে না। আজকে পশ্চিমবঙ্গের প্রতি অবিচার করার জন্য নতুন ভাবে পরীক্ষা-নিরীক্ষা করার জন্য, গবেষণাগার করার জন্য কেন্দ্রীয় সরকার এই হলদিয়াকে বেছে নিলেন। আজকে সেজন্য সমস্ত মানুষ, সমস্ত সদস্যদের দলমত নির্বিশেষে এর জন্য ক্ষোভ প্রকাশ করা দরকার। কারণ পশ্চিমবঙ্গের ইঞ্জিনিয়ারিং শিল্প, পশ্চিমবঙ্গের পাট শিল্প আজকে মৃতপ্রায়। আজকে হলদিয়ার শিল্পে সম্ভাবনাকে যদি কাজে লাগান না যায়, তৈল শোধনাগারকে সম্প্রসারণ করা না হয়, যদি পেট্রো-কেমিক্যাল কম্পলেক্স নির্মাণ করা না হয়, যদি জাহাজ মেরামতি কারখানা না করা হয়, সার উৎপাদন ইত্যাদি এগুলি যদি বাস্তবায়িত না করা যায় তাহলে পশ্চিমবঙ্গের শিল্প ধ্বংস হবে এবং তার জন্য সম্পূর্ণ ভাবে দায়ী হবে এই কংগ্রেস সরকার। কারণ পশ্চিমবঙ্গের মানুষের স্বার্থে, পশ্চিমবঙ্গের স্বার্থে নতুনভাবে যে উদ্যোগ গ্রহণ করা উচিত, সেই উদ্যোগ তারা গ্রহণ করেন নি। আমরা যখন এই সব ব্যাপারে বারে বারে বলি তখন ওরা বলেন, হ্যাঁ, করা হবে। কিন্তু তারা কোনটাই করছেন না। কাজেই এর পিছনে রাজনৈতিক উদ্দেশ্য ছাড়া আর কিছু থাকতে পারেনা। জল সরবরাহের কথা বলা হয়েছে যে আমরা ৩২ কোটির টাকার কাজ শুরু করেছি। ১৯৮৭ সালের মধ্যে আমরা জল দেব। সেই সম্পর্কে কাজ অনেক এগিয়ে গেছে এবং রাজ্য সরকারের তহবিল থেকে ৯ কোটি টাকা খরচ হচ্ছে। উনি বললেন যে কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছেন। মাননীয় সদস্যকে একথা বলতে চাই, জীবন বীমার টাকা, লাইফ ইন্সিওরেন্সের টাকা, ১২ কোটি মত টাকা, ১৮ শতাংশ সুদের হারে সেটা দিতে হবে। হলদিয়া ডেভলপমেন্ট অথরিটিকে সেই সুদের টাকা গুনতে হচ্ছে। প্রতি বছর হলদিয়া ডেভলপমেন্ট অথরিটির বাজেট থেকে সেই টাকা সুদ হিসাবে দিতে হচ্ছে জীবন বীমাকে। এটা কি কেন্দ্রীয় সরকারের অনুদান হল? আমরা বিশ্বব্যাঙ্কের সঙ্গে কথা বলেছি যে উলুবেড়িয়া থেকে জল নিয়ে যাওয়া হবে ১৫০

কোটি টাকা খরচ করে তার ব্যবস্থা করা হবে এবং এই সমস্তগুলি আমাদের রাজ্য সরকারের আমলে করা হচ্ছে। ইতিপূর্বে কোনদিন এরা এই পরিকল্পনা গ্রহণ করেন নি। মাননীয় সদস্যরা সকল একমত হয়েছেন যে হলদিয়া তৈল শোধনাগার সম্প্রসারিত হওয়া উচিত। আমি তাই সকলকে বলবো যে সর্বসম্মতিক্রমে এই প্রস্তাবকে তারা গ্রহণ করবেন যাতে শুধু হলদিয়াই নয়, সমস্ত পূর্বাঞ্চলকে চাঙ্গা করা যায়। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

The Motion of Shri Lakshman Chandra Seth that

যেহেতু হলদিয়া তৈলশোধনাগার নির্ধারিত উৎপাদনক্ষমতা অতিক্রম ক'রে উৎপাদন ক'রে চলেছে;

যেহেতু হলদিয়া তৈল শোধনাগার সম্প্রসারিত হ'লে গোটা পূর্বাঞ্চলের অর্থনীতি চাঙ্গা হবে;

যেহেতু হলদিয়া তৈল সম্প্রসারিত হ'লে বহু বেকার যুবক চাকরি পাবে;

যেহেতু তৈল শোধনাগারের সম্প্রসারণের প্রস্তাব কেন্দ্রীয় সরকারের কাছে পেশ করা হয়েছে;

যেহেতু ভারতবর্ষের সবগুলি তৈল শোধনাগার সম্প্রসারিত হয়েছে;

যেহেতু রাজ্য সরকার শোধনাগারের প্রয়োজনীয় জলের জন্য গেঁওয়াখালি জল সরবরাহ প্রকল্পের কাজ শুরু করেছে;

সেইহেতু এই সভা হলদিয়া তৈল শোধনাগার সম্প্রসারণের প্রস্তাবটি অবিলম্বে কার্যকরী করার জন্য রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাচ্ছে।

was then put and agreed to.

## ADJOURNMENT

The House was then adjourned at 6.44 p.m. till 1 p.m. on Thursday the 2nd May, 1985 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Thursday, the 2nd May, 1985 at 1.00 p.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 13 Ministers, 10 Ministers of State and 191 members.

**[1.00 – 1.10 p.m.]**

**Mr. Speaker :** Honourable Members, at the last moment two newly elected M.L.As. came in my chamber for taking Oath.

### Oath or Affirmation of Allegiance

**Mr. Speaker :** Any Member Present who has not made an Oath or Affirmation of Allegiance may Kindly do so.

(At this stage Shri Umakanta Roy, MLA, Hasan constituency went to the dias, to Mr. Speaker).

Shri Umakanta Roy will now take Oath.

(At this stage the Oath taking by Shri Umakanta Roy was Performed)

**পশ্চিমবঙ্গ বিধানসভা**
**সদস্যের শপথ বা প্রতিজ্ঞা**

পশ্চিমবঙ্গ বিধানসভার সদস্যরূপে নির্বাচিত আমি, শ্রী উমাকান্ত রায় ঈশ্বরের নামে শপথ করিতেছি নিষ্ঠার সহিত প্রতিজ্ঞা করিতেছি যে, আমি বিধিদ্বারা প্রতিষ্ঠিত ভারতের সংবিধানের প্রতি প্রকৃত বিশ্বাস ও আনুগত্য পোষণ করিব, আমি ভারতের সার্বভৌমত্ব ও সংহতি রক্ষা করিয়া চলিব এবং যে কর্তব্যভার আমি গ্রহণ করিতে চলিয়াছি তাহা বিশ্বস্তভাবে নির্বাহ করিব।

**শ্রী দেবী প্রসাদ বসু ঃ** স্যার, এখানে যে শপথ বাক্য পাঠ করানো হল তা অভিনব, অভিনন্দনযোগ্য। কেন না বীরভূমের এই প্রচন্ড গরমে কারবালা প্রান্তরে প্রণব মুখার্জী, গনিখান চৌধুরীকে দেখলাম বুকে হাত চাপড়ে বলছেন, হায় হাসান, হায় হোসেন, হায় হাসান, হায় হোসেন।

## Held Over Starred Questions

## (To which oral answers are given)

**বলাগড়ে সমবায় হিমঘর**

*৪৭০। (অনুমোদিত প্রশ্ন নং *৯২৬।) **শ্রী শিবপ্রসাদ মালিক :** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) ইহা কি সত্য যে, বলাগড় মার্কেটিং সোসাইটী বলাগড়ে পেঁয়াজের হিমঘর স্থাপনের জন্য স্থানীয় কৃষকের নিকট হইতে শেয়ার বাবদ অর্থ সংগ্রহ করিয়াছিল ; এবং

(খ) সত্য হইলে উক্ত হিমঘর নির্মানের কাজ কোন পর্যায়ে আছে?

**শ্রী নীহার কুমার বোস :**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী শিবপ্রসাদ মালিক :** পেঁয়াজ সংরক্ষনের জন্য সরকার কি কিছু চিন্তা ভাবনা করছেন?

**শ্রী নীহার কুমার বোস :** সপ্তম পঞ্চবার্ষিকী যোজনায় পেঁয়াজ সংরক্ষনের জন্য একটা হিমঘর করার প্রস্তাব সরকারের আছে।

**Dr. Zainal Abedin :** Will the Hon'ble Minister in Charge of Co-operation Department be pleased to State as to proposal of Government of West Bengal with regard to construction of a cold storage for preservation of perishable commodities throughout the State?

**শ্রী নীহার কুমার বোস :** এ [illegible] প্রশ্নটা ছিল পিঁয়াজের এবং সে সম্পর্কে আমি উত্তর দিয়ে দিয়েছি। পিঁয়াজ সংরক্ষনের জন্য একটি কোল্ডষ্টোরেজের প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

**শ্রী অবিনাশ প্রামানিক :** একটি মার্কেটিং সোসাইটি পেঁয়াজ সংরক্ষনের জন্য একটি কোল্ডষ্টোরেজ করার ব্যাপারে একটি এক্সপোর্ট রিপোর্ট দিয়েছিল। মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, বর্ত্তমানে ঐ পিঁয়াজের কোল্ডষ্টোরেজটা হওয়া সম্ভব কিনা?

**শ্রী নীহার কুমার বোস :** মূল প্রশ্নের জবাবে আমি বলেছি যে কোন মার্কেটিং সোসাইটির প্রস্তাব সরকারের কাছে নেই। তবে ৭ম যোজনায় সরকার পিঁয়াজ সংরক্ষনের জন্য একটি কোল্ডষ্টোরেজ করবে এবং স্বাভাবিক কারণেই যে সমস্ত এলাকায় পিঁয়াজ বেশী হয় সেই জায়গায় হবে।

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, ৭ম যোজনায় পিঁয়াজ সংরক্ষনের জন্য যে হিমঘর স্থাপনের কথা বললেন তারজন্য প্রয়োজনীয় জমির ব্যবস্থা এবং তার ব্লু প্রিন্ট তৈরী ইত্যাদি কাজ সরকার ইতিমধ্যেই করেছেন কিনা?

**শ্রী নীহার কুমার বোস :** প্রস্তাবটি এখনও খসড়ার পর্যায়ে আছে, পাকাপাকি হয়নি।

**[1.10 – 1.20 p.m.]**

**পানিপারুল-কুলটিক্রী বৈদ্যুতিক লাইন মেরামত**

*৪৭২। (অনুমোদিত প্রশ্ন নং *১১২৫।) **শ্রী প্রবোধ চন্দ্র সিনহা :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) মেদিনীপুর জেলার এগরা ২নং ব্লকের অধীন পানিপারুল হইতে কুলটিক্রী গ্রাম পর্যন্ত বৈদ্যুতিক লাইনটি মেরামতের জন্য সরকারী অনুমোদন কোন্ সালে দেওয়া হয়েছে;

(খ) মেরামতির কাজ এপর্যন্ত কতটা অগ্রসর হয়েছে; এবং

(গ) ঐ কাজ কবে নাগাত সম্পন্ন হবে বলে আশা করা যায়?

**শ্রী প্রবীর সেনগুপ্ত :**

(ক) ১৯৮১-৮২ সালে।

(খ) সম্প্রতি পোল ইত্যাদি বেশীর ভাগ প্রয়োজনীয় জিনিস কাজের জায়গায় নিয়ে যাওয়া হয়েছে।

(গ) ১৯৮৫ সালের মাঝামাঝি।

**Dr. Zainal Abedin :** Will the Hon'ble Minister in Charge of Power Department be pleased to state while the estimates were finalised in 1981-82 and the work is to be completed only in 1985, the period is not very too long?

**শ্রী প্রবীর সেনগুপ্ত :** এখানে যে পদ্ধতি আছে — এ্যাডমিনিষ্ট্রেটিভ এ্যাপ্রুভাল, ওয়ার্ক অর্ডার, ইরেকসান অর্ডার ইত্যাদি যে পদ্ধতি আছে, এটা নিশ্চয় ঠিকই বলেছেন যে এটাতে অনেকবেশী সময় লাগছে।

**রামপুরহাট - রাজগাঁ এবং মুরারই - রঘুনাথগঞ্জ রাস্তা সংস্কার**

*৪৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৩০১।) **ডাঃ মোতাহার হোসেন :** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) সরকার কি অবগত আছেন, যে বীরভূম জেলার বোলপুর - রাজগাঁ রাস্তার রামপুরহাট রাজগাঁ অংশ এবং মুরারই - রঘুনাথগঞ্জ রাস্তাটি যানবাহন চলাচলের অনুপোযোগী হয়ে পড়েছে; এবং

(খ) অবগত থাকলে, উক্ত রাস্তা মেরামতের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**শ্রী যতীন চক্রবর্ত্তী :**

(ক) উল্লিখিত রাস্তাদুইটি যানবাহন চলাচলের উপযুক্ত আছে। তবে রাস্তা দুইটির কয়েকটি জায়গায় অল্পবিস্তর ভাঙাচোরা অবস্থার কথা সরকার অবগত আছেন।

(খ) উক্ত ভাঙ্গনের মেরামতির জন্য প্রয়োজনীয় সবরকম ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, ঐ রাস্তাটি সম্পূর্ণ সারাতে কতদিন সময় লাগবে এবং এরজন্য কত টাকা স্যাংসান করা হয়েছে?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** বীরভূম জেলার ঐ রাস্তাটিকে দুটি ভাগে ভাগ করা যায় — বোলপুর রাজগাঁ রাস্তা এবং রামপুরহাট রাজগাঁ রাস্তা। ঐ রাস্তায় আমরা ইতিমধ্যেই মেরামতের কাজ শুরু করে দিয়েছি এবং সেটা যানবাহন চলাচলের জন্য মোটামুটি উপযুক্ত আছে। তবে আমাদের কিছু যন্ত্রপাতির অভাব ছিল এবং টেন্ডার ডাকা সত্ত্বেও আমরা দেখলাম অনেক কন্ট্রাকটর টেন্ডার দিচ্ছিলেন না সেইজন্য আমরা তখন অন্য জায়গায় কেবল নলহাটি রাজগাঁ এই অংশটা ছাড়া অন্য জায়গার কাজটা শুরু করেছি, কাজ ভালোভাবেই চলছে। নলহাটি রাজগাঁ এই অংশের মেরামতের জন্য আমরা টেন্ডার ডেকেছি, এবারে পেয়েছি, শীঘ্রই সেই কাজ আমরা শুরু করবো।

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমার প্রশ্নটি হচ্ছে, ঐ রাস্তাটি সম্পূর্ণ মেরামত করতে কত সময় লাগবে এবং এ বিষয়ে আপনার দপ্তর কত টাকা দিয়েছে?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** এগুলি জেনারেল মেনটেনান্স খাত থেকে মেরামত করা হয়ে থাকে। এই খাতে আমরা যে টাকা পাই সেই টাকা থেকে এই জাতীয় ক্ষেত্রে টাকা দেওয়া হয়। এটা কোনো নির্দিষ্ট প্ল্যান এক্সপেনডিচার নয়। যেখানে যখন যে রকম টাকা দরকার হয় সেখানে তখন সে রকম টাকা দেওয়া হয়।

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বলছেন টেন্ডার ডাকা হয়েছে, আমি সেই টেন্ডারের এ্যামাউন্টটাই জানতে চাইছি। মেনটেনান্স ফান্ড থেকে এ ক্ষেত্রে টেন্ডার অনুযায়ী কত টাকা মঞ্জুর করা হয়েছে?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** ঐ রাস্তাটির একটা অংশ ছাড়া বাকি সব অংশের জন্য টেন্ডার কল করা হয়েছিল এবং সেই অনুযায়ী মেরামতির কাজ চলছে। রামপুরহাট থেকে রাজগাঁ পর্যন্ত অংশের কাজ করতে দেরী হচ্ছে, কারণ হিসাবে আমি বলেছি যে, কিছু যন্ত্রপাতির অভাবে এই কাজে দেরী হচ্ছে, আমি ইতিপূর্বে টেন্ডার পাচ্ছিলাম না, এখন কন্ট্রাকটরদের কাছ থেকে টেন্ডার পাওয়া গিয়েছে এবং কাজটা আমরা হাতে নিয়েছি, শীঘ্রই কাজ শেষ হবে। বর্ষার আগেই যাতে কাজ শেষ হয় তার জন্য আমরা ব্যবস্থা গ্রহণ করছি।

**শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া ঃ** মাননীয় সদস্যর প্রশ্নে জিজ্ঞাসা করা হয়েছে রাস্তাটি নাকি চলাচলের পক্ষে অনুপোযোগী হয়ে পড়েছে, কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, অনুপোযোগী হয়নি। আমার প্রশ্ন হচ্ছে, যানবাহণ কর্তৃপক্ষ মনে করছেন রাস্তাটি যানবাহণ চলাচলের অনুপোযোগী, কিন্তু রাস্তা কর্তৃপক্ষ উপযোগী মনে কবছেন, বাস্তা উপযোগী, না অনুপোযোগী তা ঠিক করার নিয়ম কি, স্ট্যান্ডার্ড কি ভাবে ঠিক করা হয়?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** ঐ রাস্তাটির বিষয়ে ইতিমধ্যেই আমরা টেন্ডার ডেকে সেই অনুযায়ী কাজের অর্ডাব দিয়েছি, কাজ শুরু হয়েছে।

**মিঃ স্পীকার ঃ** ওর প্রশ্নটি হচ্ছে রাস্তা চলাচলের উপযোগী, না অনুপোযোগী তা কি ভাবে ঠিক করা হয়।

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** নিয়ম হচ্ছে যখন কোনো রাস্তা ভেঙে যায় বা পট্ হোল হয় তখন তা মেরামত করার জন্য জেনারেল মেন্টেনান্স ফান্ড থেকে তা মেরামত করা হয়। প্রতি বছরই এই জিনিস হয় এবং টেন্ডার ডেকে মেরামত করা হয়। এ ছাড়া বিশেষ কোনো নিয়ম নেই।

**শ্রী ফণীভূষণ রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে, তাঁর দপ্তরের অধীন পশ্চিমবঙ্গে কতগুলি রাস্তা আছে?

**মিঃ স্পীকার ঃ** এ প্রশ্ন হয় না।

**রামপুরহাটে বিদ্যুৎ সরবরাহ বিভ্রাট**

*৪৮০। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৪৫।) **শ্রী শশাংক শেখর মন্ডল ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) ১৯৮৪ র জুলাই হইতে ১৯৮৫র ফেব্রুয়ারী মাস পর্যন্ত সময়ে মোট কত দিন রামপুরহাট বিদ্যুৎ সরবরাহ কেন্দ্র হইতে সন্ধ্যা ৬টা হইতে ১০টার মধ্যে নিম্নলিখিত বিদ্যুৎ সরবরাহ হয় নাই; এবং

(খ) উহার কারণ কি?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ**

(ক) ১৯৮৪র জুলাই হইতে ১৯৮৫র ফেব্রুয়ারী মাস পর্যন্ত সময়ে রামপুরহাট বিদ্যুৎ সরবরাহ কেন্দ্র হইতে ৬টা হইতে ১০টার মধ্যে নিম্নলিখিত রূপ বিদ্যুৎ সরবরাহ হয় নাই।

জুলাই ৮৪ — ২০ দিনে মোট ১৮ ঘন্টা ৪৬ মিনিট।

আগষ্ট ৮৪ — ১২ দিনে মোট ১৪ ঘন্টা ৩৪ মিনিট।

সেপ্টেম্বর ৮৪ — ১২ দিনে মোট ১৩ ঘন্টা ৩৬ মিনিট।

অক্টোবর ৮৪ — ২ দিনে মোট ৩ ঘন্টা ২ মিনিট।

নভেম্বর ৮৪ — ৬ দিনে মোট ৬ ঘন্টা ১৪ মিনিট।

ডিসেম্বর ৮৪ — ৩ দিনে মোট ৩ ঘন্টা ১০ মিনিট।

জানুয়ারী ৮৫ — ৫ দিনে মোট ৬ ঘন্টা ১০ মিনিট।

ফেব্রুয়ারী ৮৫ — ২ দিনে মোট ২ ঘন্টা ২৫ মিনিট।

(খ) বিদ্যুতের ঘাটতি এবং ট্রিপিং এর দরুণ বিদ্যুৎ সরবরাহ ব্যাহত হয়েছে।

**[1.20 - 1.30 p.m.]**

**শ্রী শশাংক শেখর মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যে জবাব দিলেন তার পরিপ্রেক্ষিতে আমার অতিরিক্ত প্রশ্ন হচ্ছে, ঐ পিরিওডে ওখান থেকে ঠিকমতবিদ্যুৎ সরবরাহ করা হয়নি, ওখানে যাতে ঠিক সমবয়সী মায় বিদ্যুৎ সরবরাহ করার ব্যবস্থা করা হয় তারজন্য আপনি ব্যবস্থা নেবেন কি?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** স্বভাবতঃ যেটা হয় বিদ্যুতের চাহিদা এবং যোগনের মধ্যে যখন ঘাটতি থেকে যায় তখন কিছু কিছু সময় ২/১ ঘন্টা করে লোডশেডিং হয়। সেটা যান্ত্রিক গোলযোগের জন্য হতে পারে অথবা যখন ট্রিপ হয়ে যায় তখন হয়। অন্যান্য বছরে যা হতো সেটা এখন কমেছে এবং আরোও কমানোর চেষ্টাকরা হচ্ছে।

**শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, প্রত্যেকটি সাবষ্টেশনে নন্ সাপ্লাই পিরিওডটা রেকর্ড করার জন্য খাতা পত্রের ব্যবস্থা আছে। এখন ঐ সাবষ্টেশনে ডিউ টু মেকানিক্যাল ফল্ট ডিউ টু লোডশেডিং এই সমস্ত লেখার ব্যবস্থা আছে কিনা এবং সঙ্গে সঙ্গে সেখানে ঐ রেকর্ডিং ঠিকমত হচ্ছে কিনা সেটা ভেরিফাই করার জন্য, সাপোর্ট করার জন্য, কনজিউমারদের দিয়ে দেখানোর ব্যবস্থা আছে কিনা।

**শ্রী প্রবীর সেনগুপ্ত :** প্রত্যেকটি সাব ষ্টেশনে রেকর্ড করার ব্যবস্থা আছে, লগ বুক আছে। কোনটা লোডশেডিং এর জন্য , কোনটা যান্ত্রিক গোলযোগের জন্য, লাইন গোলযোগের জন্য বন্ধ থাকে তা লেখা হয়। এর ভেরিফাই করার একটা রাস্তা আছে। প্রত্যেক জায়গায় গ্রুপ সাপ্লাই কমিটি আছে, জনপ্রতিনিধির সেই কমিটির মধ্যে আছেন। তারা যদি মনে করেন যে হিসাবটা ঠিক নয়, তাহলে তারা সেখানে কথা তুলতে পারেন।

**শ্রী ধীরেন্দ্র নাথ সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, যে সময়ে বিদ্যুৎ সরবরাহ করা যায়নি বলে উল্লেখ্য করলেন সেই ঘাটতি পূরণের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রী প্রবীর সেনগুপ্ত :** এই ঘাটতি পূরণ করার জন্য অনেকগুলি প্রকল্প শেষ করা হয়েছে। ব্যান্ডেলের পঞ্চম ইউনিট শেষ করা হয়েছে। কোলাঘাটের একটি ইউনিট শেষ করা হয়েছে। কোলাঘাটের একটি ইউনিট বিদ্যুৎ দিচ্ছে এবং জলঢাকায় দ্বিতীয় পর্যায়ের কাজ হচ্ছে ইত্যাদি ইত্যাদি। এই ভাবে বামফ্রন্ট সরকারের আমলে ১২৫ মেগাওয়াট নতুন বিদ্যুৎ সংযোজন করা হয়েছে এই ভাবে ঘাটতি পূরণ করা হচ্ছে।

**শ্রী অবিনাশ প্রামানিক :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, যে কমিটি আছে, ঐ কমিটির মিটিং ডাকার কোন সময় নির্দ্ধারিণ করে দিয়েছেন কি?

**শ্রী প্রবীর সেনগুপ্ত :** প্রতিটি গ্রুপ সাপ্লাইয়ে প্রতি মাসে ১ বার করে মিটিং করার কথা। যদি ওখানকার কমিটি মনে করেন ২ মাস পর পর করলেন তা করতে পারেন। কিন্তু সাধারণতঃ মাসে ১ টিসভা করার কথা।

**শ্রী সুশোভন ব্যানার্জী :** মাননীয় মন্ত্রী মহাশয়, জানাবেন — রামপুরহাট সাবষ্টেশন বীরভূমের একটা সাবষ্টেশন। বীরভূম জেলার এই যে ১৯৮৪-৮৫তে যে ঘাটতি দেখা গেল, সেটা কি অন্য জেলার সঙ্গে সংগতিপূর্ণ? যদি না হয়ে থাকে তাহলে বীরভূম শুধু সাঁওতালডি থেকে যে কারেন্টটা আসে সেটা, যদি অন্য জেলার থেকে বীরভূম জেলায় ঘাটতি বেশী হয় তাহলে এ ব্যাপারে পূরণের জন্য কিছু চিন্তা করছেন কি?

**শ্রী প্রবীর সেনগুপ্ত :** মাননীয় সদস্য নিশ্চয় জানেন যে সেন্ট্রাল ইলেকট্রিসিটির সি.এল.ডি. বলে একটা সংস্থা আছে। তারা বিদ্যুৎ কি পরিমান হল এবং সেটা কিভাবে সরবরাহ করা হবে এসব ঠিক করেন। সেই অফিসটা হাওড়ায়, এখন চেষ্টা করা হয় যে সমস্ত জেলায় মোটামুটি এই ব্যাপারটা যাতে একটা সামঞ্জস্যপূর্ণ থাকে। সাঁওতালডি, ব্যান্ডেলে সে সমস্ত গ্রীড আছে, সমস্ত বিদ্যুৎ টা ঐ গ্রীডে চলে। আলাদা করে সাঁওতালডি থেকে যাচ্ছে কি ব্যান্ডেল থেকে যাচ্ছে এই ভাবে চিহ্নিত করা খুবই মুশকিল।

### উলুবেড়িয়া - গড়চুমুক রাস্তা

*৪৯১। (অনুমোদিত প্রশ্ন নং *১৯১৬।) **শ্রী রবীন্দ্র ঘোষ :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) উলুবেড়িয়া হইতে গড়চুমুক পর্যন্ত রাস্তাটি সংস্কারের জন্য কত টাকা মঞ্জুর হইয়াছে; এবং

(খ) উক্ত রাস্তার কাজ কবে নাগাত শুরু ও শেষ হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী যতীন চক্রবর্তী :**

(ক) ৬.৬৮ লাখ টাকা।

(খ) সংস্কারের কাজ আগেই শুরু হয়েছে এবং বর্ষার আগেই শেষ করা যাবে বলে আশা করা যায়।

**শ্রী রবীন্দ্র ঘোষ :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন, ঐ রাস্তাটিতে গত ৭ই জানুয়ারী একটি বাস এ্যাকসিডেন্ট হয়ে ৮ জন মারা গিয়েছিল। আপনি আমাকে কথা দিয়েছিলেন রাস্তাটি তাড়াতাড়ি সংস্কার করে দেবার জন্য, কিন্তু এখন পর্যন্ত রাস্তাটির যে অবস্থা তাতে কোন কাজ হচ্ছে না। মাইলখানেক কাজ হয়ে দীর্ঘদিন ধরে পড়ে আছে। আপনি সংস্কারের জন্য একটু তাড়াতাড়ি ব্যবস্থা করবেন কি?

**শ্রী যতীন চক্রবর্তী :** আপনি বোধ হয় জানেন যে, মাঝখানে পাথর পাওয়া যাচ্ছিল না আমরা এখন পাথর সংগ্রহ করেছি, এবং কাজটি শুরু করেছি। টাকা আমরা মঞ্জুর করেছি এবং টাকা দিয়েও দিয়েছি, আমরা চেষ্টা করছি যাতে বর্ষার আগে কাজটি শেষ হয়ে যায়।

**শ্রী ধীরেন্দ্র নাথ সেন :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে পাথর কোথা থেকে আমদানি করা হয়?

**শ্রী যতীন চক্রবর্তী :** সাধারণতঃ পাকুর থেকে, অনেক সময় মাল পাওয়া যায় না, বা মাল পাওয়া গেলেও রেলওয়ে ওয়াগন পাওয়া যায় না। তাই আমরা যতদূর সম্ভব পশ্চিমবংঙ্গের মধ্যে যেখানে যেখানে পাথর আছে সেখান থেকে আগেই সংগ্রহ করার চেষ্টা করি।

**শ্রী ফণীভূষণ রায় :** ঐ পাথর যে রাস্তা দিয়ে আসে তার ৭০ পারসেন্ট পশ্চিমবঙ্গের এবং ৩০ পারসেন্ট বিহার গভর্ণমেন্টের, ঐ ৭০ পারসেন্ট রাস্তা দিয়ে একটা গরুর গাড়ী চলে না, তাহলে পাথরের গাড়ী চলবে কী করে?

**মিঃ স্পীকার :** এ প্রশ্ন ওঠে না।

### নানুর-বাসাপাড়া রাস্তা

*৪৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *২১৪৭।) **শ্রী বনমালী দাস :** গত ২৬এ এপ্রিল, ১৯৮৪ তারিখের প্রশ্ন নং * ৭২১ (অনুমোদিত প্রশ্ন নং * ২৫৯৯) এর উত্তর প্রাসঙ্গিকতায় পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বীরভূম জেলার নানুর-বাসাপাড়া রাস্তা নির্মানের কাজ বর্তমানে কি পর্যায়ে আছে?

**শ্রী যতীন চক্রবর্তী :**

রাস্তাটির কাজ প্রায় ৯০ শতাংশ শেষ হয়েছে। রাস্তা নির্মানের ক্ষেত্রে যে আর্থিক অসচ্ছলতা ছিল তা এখনও কাটেনি। ফলে ১৯৮৪-৮৫ আর্থিক বছরের মধ্যে প্রত্যাশানুযায়ী এই রাস্তার কাজ শেষ করা যায়নি। তবে, আর্থিক যোগান ঠিকমত চললে আগামী কয়েক মাসের মধ্যে রাস্তাটির নির্মানের কাজ শেষ করা যাবে বলে আশা করা যায়।

**শ্রী ধীরেন্দ্র নাথ সেন :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে ঐ রাস্তার কাজ কবে থেকে শুরু করা হয়েছিল?

**শ্রী যতীন চক্রবর্তী :** কবে শুরু হয়েছে তা বলতে পারছি না।

**[1.30 – 1.40 p.m.]**

**মানবাজার-সিন্দরী রাস্তায় 'দুয়ারসিনী' ঘাটে সেতু নির্মাণ**

*৪৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৯৯) **শ্রী সুধাংশু শেখর মাঝি :** পূর্ত বিভাগের ভারপ্র মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) পুরুলিয়া জেলার মানবাজার-সিন্দরী রাস্তার উপর কুমারী নদীর 'দুয়ারসিনী' ঘাটে একটি সে নির্মানের কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, কবে নাগাত উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী যতীন চক্রবর্তী :**

(ক) হ্যাঁ আছে।

(খ) কাজটি শীঘ্রই শুরু হইবে বলিয়া আশা করা যায়।

**শ্রী সুধাংশু শেখর মাঝি :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ঐ কুমারী নদীর উপর সেতুটি নির্মানে জন্য কত টাকার এস্টিমেট আছে?

**শ্রী যতীন চক্রবর্তী :** মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি যে, আনুমানিক ব্যয় ধরা হয়ে ৬৮ লক্ষ ৩৫ হাজার টাকা এবং রাস্তার কাজ ২৫ লক্ষ টাকা ব্যয়ে আমরা ইতিমধ্যেই সম্পূর্ন করেছি। সেতুটি নকশা এবং প্রাকলনের কাজ শেষ হয়ে গেছে এবং শীঘ্র সেতুটি নির্মানের কাজ আমরা শুরু করছি।

**শ্রী সুধাংশু শেখর মাঝি :** সেতুটি নির্মানের জন্য ৬৭.৩৫ লক্ষ টাকার এস্টিমেট হয়েছে বলছে কিন্তু কাজটা কবে নাগাদ শুরু হতে পারে সেটা জানাবেন কি?

**শ্রী যতীন চক্রবর্তী :** সেটা কি করে বলবো? এইসব কাজ মঞ্জুরের ক্ষেত্রে কতগুলো ফর্মালিটি আছে একটি সেতু নির্মান করতে গেলে ৫ লক্ষ টাকায় হয় না। ৫ লক্ষ টাকা পর্যন্ত আমরা খরচ করতে পারি, কিন্ত খরচটা তার বেশী হলে অর্থ দপ্তরের মঞ্জুরী দরকার হয়। এক্ষেত্রে আমাদের নকশা ও এস্টিমেট হয়ে গেছে আশা করছি। শীঘ্রই এটা মঞ্জুরও হবে এবং আমরা কাজটা শুরু করতে পারবো।

## Starred Questions

## (To which oral answers are given)

**সাঁইথিয়া-কান্দী-বহরমপুর ও বাবুলবোনা রোড পঞ্চাননতলা রাস্তা**

*৭০৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬২।) **শ্রী অমলেন্দ্র রায় :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ২নং জাতীয় সড়ক এবং ৩৪ নং জাতীয় সড়কের মধ্যে সংযোগসাধনকারী (ক) সাঁইথিয়া-কান্দী-বহরমপুর সড়কটি এবং (খ) বহরমপুরে জাতীয় সড়ক হিসাবে ব্যবহৃত বাবুলবোনা রোড পঞ্চাননতলা রোড সড়ক দুটি নির্মান ও মেরামতের ব্যয়ভার রাজ্য সরকার বহন করেন কি?

**শ্রী যতীন চক্রবর্তী :** হ্যাঁ।

**শ্রী অমলেন্দ্র রায় :** মাননীয় মন্ত্রী মহাশয়, ঐ দুটি রাস্তার প্রথমটি হচ্ছে গ্র্যান্ট ট্রাঙ্ক রোডের সঙ্গে ন্যাশানাল হাইওয়ের নং ৩৪ এর যোগাযোগ ব্যবস্থা। আর দ্বিতীয় রাস্তাটি হচ্ছে ন্যাশানাল হাইওয়ের একটা

মিসিং লিঙ্ক অথাৎ ন্যাশানাল হাইওয়ের যে অংশটা মিউনিসিপ্যালিটির মধ্যে দিয়ে যাচ্ছে, যেটা মিউনিসিপ্যালিটিরই একটি রাস্তা। আপনি বলছিলেন যে, রাজ্য সরকার ঐ রাস্তাটি মেরামত করবার খরচ বহন করছেন। ঐ দুটি রাস্তা হাইওয়ের দুটি গুরুত্বপূর্ণ লিঙ্ক রোড। কিন্তু আপনার দপ্তর থেকে হিসাব দেওয়া হয় যে, মেরামতের টাকার পরিমান বেড়েই চলেছে। ১৯৭৭ সাল থেকে আজ পর্যন্ত আপনারা ঐ রাস্তা মেরামতের জন্য বহু কোটি টাকা খরচ করেছেন। অন্যত্র যেহেতু, হাইওয়ের লিঙ্ক রোডের জন্য গভর্ণমেন্ট অফ ইন্ডিয়া মেনটেনেন্সের টাকা দেন এবং সব সময়েই যেখানে আপনাদের একটা ফিনানশিয়াল কন্‌স্ট্রেন্ট এর কথা শুনছি, সেহেতু ঐ টাকাগুলো কেন আপনারা ইন্ডিয়া গভর্ণমেন্টের কাছে চাইছেন না জানাবেন কি?

**শ্রী যতীন চক্রবর্তী :** এটুকু বলতে পারি যে, আমাদের মন্ত্রীসভা কোন্ রাস্তা তৈরী করবেন, না করবেন, সেগুলো আমরা প্ল্যানিং কমিশনের কাছে, কেন্দ্রীয় সরকারের কাছে সব সময়েই পাঠিয়ে থাকি। কোনটা হবে, আর কোনটা সেটা মর্জির উপর নির্ভর করে। সেক্ষেত্রে যেটা তাঁরা মঞ্জুর করেন, সেখানে টাকা দেন। যেহেতু এটা মঞ্জুর করে টাকা দেননি, সেহেতু রাস্তার গুরুত্বের কথা চিন্তা করে রাজ্য সরকারের পক্ষে কাজটা গ্রহণ করা ছাড়া গত্যন্তর ছিল না। ১৯৮৪-৮৫ সালের মধ্যে এই কাজের কষ্ট অফ মেনটেনেন্স্ এ্যান্ড ইমপ্রুভমেন্ট যা হয়েছে, সেখানে শুধু রাস্তাটি মেনটেন করেছি তাই নয়, জেনারেল মেনটেনের জন্য খরচ করা হয়েছে তাও নয়, আমরা ঐ রাস্তার অনেকটাই ইমপ্রুভ করেছি এবং তারজন্য খরচ হয়েছে ৩ লক্ষ ৭০ হাজার টাকা। আর কষ্ট অফ মেনটেনেন্স এ্যান্ড ইমপ্রুভমেন্ট অফ দি সেম্ রোড বিয়ন্ড সুলতানপুর আমরা ১৯৮৪-৮৫ সালে ১৭ লক্ষ টাকা খরচ করেছি। সেভেন্থ ফাইভ ইয়ার প্লানে যাতে আমরা ১০ কিলোমিটার রাস্তা করতে পারি তার জন্য আবার আমরা কেন্দ্র সরকারের কাছে পাঠাবো যাতে আমাদের জন্য তারা টাকা মঞ্জুর করেন।

**শ্রী অমলেন্দ্র রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় আমার অতিরিক্ত প্রশ্নের জবাবে লিঙ্ক রোড সম্পর্কে বললেন ওই সাঁইথিয়া-কান্দী-বহরমপুর সড়কটির ব্যাপারে। আর মিসিং লিঙ্ক রোডের ব্যাপারে আমি যে কথাটা বলেছি সেটা নিয়ে ডিবেট হতে পারে যে সেই টাকা আমাদের দেওয়া হবে কি হবে না। এই যে মিসিং লিঙ্ক রোড, ইট ইজ এন.এইচ. ৩৪ এর একটা পাই পয়সা আমাদের দেয় না। আপনি এই ব্যাপারে কোটি কোটি টাকা খরচা করে যাচ্ছেন। এই টাকা পাওয়ার ব্যাপারে আপনি কিছু জানিয়েছেন কি?

**শ্রী যতীন চক্রবর্তী :** আমরা যেটা খরচ করেছি সেটা লিঙ্ক রোডের জন্য। কিন্তু ন্যাশানাল হাইওয়ের জন্য কেন্দ্রীয় সরকার আমাদের টাকা দেন — রিমবার্স করেন। প্রথমে আমাদের খরচ করতে হয় এবং তাদের স্পেসিফিকেশান আছে এবং স্পেসিফিকেশান অনুসারে আমরা সেটা মেনটেন করে থাকি। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সেই টাকা আমরা পরিপূরক হিসাবে পেয়ে থাকি। আমি জবাব দিয়েছি যে প্রথমে রাস্তাটির ইমপ্রুভমেন্টের জন্য ৩ লক্ষ ৭০ হাজার টাকা খরচ করেছি। বাবুলবোনা রোড পঞ্চাননতলা রোড সড়কের কনস্ট্রাকসান আমরা করেছি। সেটা এখন যে অবস্থায় রয়েছে কেবলমাত্র কয়েকটা জায়গা ছাড়া মোটামুটি ভাল। সামান্য দু এক জায়গায় মেরামতের কাজ চলছে। তারজন্য ১১ লক্ষ ৭০ হাজাব ৮ শো টাকা ১৯৮৪-৮৫ সালের জন্য খরচ করেছি।

**Dr. Zainal Abedin :** Will the Hon'ble Minister be Pleased to state as to whether N.H. 34 is negotiable from its origin to termunus of N.H. 31 beyond the point between Raigunj and Dalkhola?

**Shri Jatin Chakravorty :** It is not possible for me to answer just now. You please put a question and I will give the reply.

**জলপাইগুড়ি জেলায় "ল্যাম্পস" সমবায় সমিতি**

*৭১০। (অনুমোদিত প্রশ্ন নং *৮১৪।) **শ্রী যোগেন্দ্র নাথ সিংহ রায় :** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) জলপাইগুড়ি জেলায় কতগুলি "ল্যাম্পস" সমবায় সমিতি আছে; এবং

(খ) (১) তন্মধ্যে কতগুলি ল্যাম্পস সমবায় সমিতি চালু আছে; এবং (২) কতগুলি সমিতি এক্সিকিউটিভ অফিসারের অভাবে চালু করা সম্ভব হয় নাই?

**শ্রী নীহার কুমার বোস :**

(ক) এগারোটি।

(খ) ১। আটটি।

২। তিনটি।

**শ্রী যোগেন্দ্র নাথ সিংহরায় :** জলপাইগুড়িতে একজিকিউটিভ অফিসার না দেওয়ার ফলে কয়টি ল্যাম্পস এর কাজ এখানে চালু করা হচ্ছে না এই ঘটনা মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি?

**শ্রী নীহার কুমার বসু :** তিনটি চালু নেই। এর মধ্যে একটিতে আমরা একজিউটিভ অফিসার দিয়েছি এবং সেটা খুব শীঘ্র চালু হবে। আর একটিতে আমরা পার্ট টাইম একজিকিউটিভ অফিসার দিয়েছি এবং সেটা শীঘ্রই চালু হবার সম্ভবনা আছে। বাকি একটা জায়গায় যেখানে পাঠাতে বাকি আছে সেটা হল ফালাকাটা।

**শ্রী অনন্ত সোরেন :** মাননীয় মন্ত্রী মহাশয়, জানাবেন কি পশ্চিমবাংলায় মোট কয়টি ল্যাম্প আছে?

**শ্রী নীহার কুমার বসু :** মোট ৬৬ টি।

**শ্রী প্রবোধ চন্দ্র পুরোকায়েত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বললেন যে ১২টির মধ্যে ৮টি বন্ধ হয়ে আছে। এর কারনটা জানাবেন কি কেন এই গুলো খুলছে না?

**[1.40 – 1.50 p.m.]**

**শ্রী নীহার কুমার বসু :** ৩টি চালু নেই। নানাবিধ অসুবিধার জন্য চালু করা যায়নি। বনাঞ্চলে সাধারণত আদিবাসী মানুষদের নিয়ে ল্যাম্প্স গঠিত হয় এবং এটি গঠনের ব্যাপারে সাংগঠনিক প্রশ্ন ও জড়িত আছে। তবে বেশীর ভাগ ক্ষেত্রেই একজিকিটিভ অফিসার থাকেন। যেখানে একজিকিউটিভ অফিসার নেই সেই সেই ক্ষেত্রে উপরিবর্ণিত নানাবিধ কারণ আছে, সেই সব কারনে সমিতিগুলো কাজ ভাল চালাতে পারিনি।

**শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া :** আপনি বললেন যে, নানাবিধ অসুবিধার কারণে একজিকিউটিভ অফিসার দেওয়া সম্ভব হয়নি এবং অনেকগুলি সমিতি চালু করা সম্ভব হয় নি। আপনি কি বলবেন — এই একজিকিউটিভ অফিসারের পদটি কি ধরনের এবং এদের রিক্রুটমেন্টের পদ্ধতি কি? এত বেকার সমস্যার যুগে কেন সম্ভব হয়নি, কারণ কি?

**শ্রী নীহার কুমার বসু :** সাধারণত বিভাগীয় অফিসারদেরই একজিকিউটিভ অফিসার হিসারে নিয়োগ করা হয়। স্বাভাবিক ভাবেই অফিসারের সংখ্যা কম, কিন্তু কাজের চাপ বেশী। সমিতিগুলির সংখ্যা অনেক পরিমানে বেড়ে গেছে, ফলে সর্বত্র অফিসার নিয়োগ করা সম্ভব হয়নি। এটাই হচ্ছে কারণ।

**শ্রী সুধাংশু শেখর মাজি :** ল্যাম্পস্ সমিতিগুলি সাধারণত আদিবাসী সম্প্রদায়ের মানুষদের উন্নয়ন মূলক কাজকর্মের জন্য গঠিত হয় এবং আপনার দপ্তরের লোকজন ছাড়াই যখন এদের কাজকর্ম হয়ে থাকে, সেইজন্য আদিবাসী মঙ্গল বিভাগে যে সমস্ত কর্মচারী আছেন, তাদের কি একজিকিউটিভ অফিসার হিসাবে নিয়োগ করা যায় না?

**শ্রী নীহার কুমার বসু :** অনেক ক্ষেত্রে আদিবাসী কল্যাণ দপ্তরের লোককেই একজিকিউটিভ অফিসার হিসাবে নিয়োগ করা হয়। অনেক সময়েই এই ভাবে ঐ দপ্তরের অফিসারকে নিয়োগ করা হয়েছে। আমরা সেই ভাবে নিয়োগের জন্য চেষ্টা করছি।

**শ্রী আব্দুল মান্নান :** আপনি স্বীকার করলেন যে সমিতিগুলোর কাজের চাপের তুলনায় এবং সংখ্যা বৃদ্ধির পরিপেক্ষিতে একজিকিউটিভ অফিসার দিতে পারেন নি। আমার প্রশ্ন হচ্ছে এই যে, কাজের চাপের কথা চিন্তা করে এই সমস্ত একজিকিউটিভ অফিসার নিয়োগের জন্য কি পদ্ধতি গ্রহণ করেছেন?

**শ্রী নীহার কুমার বসু :** যেখানে দরকার সেখানে একজিকিউটিভ অফিসার দিতে হয়। এরজন্য নতুন করে আর কি ফর্মুলার কথা আমি বলব? সমিতিগুলোর সংখ্যা যেখানে বেড়ে চলেছে, সেখানে সবক্ষেত্রে অফিসারের সংকুলান করা সম্ভব হয়ে ওঠে নি। সুতরাং এ ব্যাপারে এছাড়া আর বলবার কি আছে?

**এগরায় ১৩৩ কে ভি সাব স্টেশন**

*৭১১। (অনুমোদিত প্রশ্ন নং *১২৭৮।) **শ্রী শিশির অধিকারী :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) এগরার ১৩৩ কে ভি সাব-স্টেশনটির সহিত সরাসরি সবং ভগবানপুর বা ডেবরার বৈদ্যুতিক সংযুক্তিকরণের কোন পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকিলে,—

(১) কোন্ কোন্ এলাকার মধ্য দিয়া এই বৈদ্যুতিক সংযোগ করা হইবে,

(২) এই কাজের জন্য কোন টেন্ডার ইতিমধ্যে ডাকা হইয়াছে কিনা, ও

(৩) কবে নাগাদ এই প্রকল্প সম্পূর্ণ রূপায়িত হইবার সম্ভবনা?

**শ্রী প্রবীর সেনগুপ্ত :**

(ক) হ্যাঁ।

(খ) এগরা থানা, পটাশপুর

(১) থানা এবং ভগবানপুর থানা।

(২) হ্যাঁ।

(৩) যত তাড়াতাড়ি সম্ভব।

**শ্রী অবন্তী মিশ্র :** এগরার ১৩০ কে.ভি. সাব-স্টেশন থেকে দীঘা পর্যন্ত যে বিদ্যুতের লাইনটি গেছে, সেটির বর্তমান অবস্থা জানাবেন কি?

**শ্রী প্রবীর সেনগুপ্ত :** এ ব্যাপারে আপনাকে নোটিশ দিতে হবে। কারণ এটি বর্তমানে প্রশ্নের সঙ্গে সঙ্গতিপূর্ণ নয়।

**হাজারদুয়ারীর তৈলচিত্র/পাণ্ডুলিপি সংরক্ষণ**

*৭১২। (অনুমোদিত প্রশ্ন নং *২১৬০।) **শ্রী আবুল হাসনাৎ খান :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) মুর্শিদাবাদের হাজারদুয়ারীর বহু দুষ্প্রাপ্য তৈলচিত্র ও পাণ্ডুলিপি উপযুক্ত রক্ষণাবেক্ষণের অভাবে বিনষ্ট হইতেছে — এই মর্মে কোন সংবাদ সরকারের গোচরে আসিয়াছে কি ; এবং

(খ) আসিয়া থাকিলে, ঐ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে/হইতেছে?

**শ্রী সৈয়দ আবুল মনসুর হবিবুল্লাহ :**

(ক) আধুনিক রক্ষণপদ্ধতির প্রয়োজনীয় যন্ত্রপাতি ও ব্যবস্থার অভাব থাকায় কিছু তৈলচিত্র ও পাণ্ডুলিপি ক্ষতিগ্রস্থ বলে সরকারের গোচরে আনা হয়েছে।

(খ) Ancient Monument Act -এর বিধি অনুযায়ী ভারত সরকার হাজার দুয়ারী অধিগ্রহন করিবেন বলিয়া জানাইয়াছেন। সেইমত ব্যবস্থা গ্রহন করা হইতেছে।

**শ্রী বীরেন্দ্র নারায়ন রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন কেন্দ্রীয় সরকার এটা নেওয়ার চিন্তা করছেন। আমার প্রশ্ন হচ্ছে কবে থেকে চিন্তা করছেন এবং এই ব্যাপারে আপনার সঙ্গে কোন শর্ত হয়েছে কি?

**শ্রী সৈয়দ আবুল মনসুর হাবিবুল্লাহ :** আমাদের মনুমেন্ট যেভাবে রক্ষিত হয় এটাও সেভাবে রক্ষিত হয়। তবে এর কিছু অসুবিধা আছে কারণ এটা তো শুধু মনুমেন্ট নয়, এখানে অনেক রকম লাইব্রেরী আছে তার রেকর্ডস আছে এবং তাতে অনেক রকম দুর্মূল্য দ্রব্যাদি আছে যেগুলি আলোচনা সাপেক্ষ। আমি শুধু জানাচ্ছি এখানে রক্ষিত কোন জিনিষ এখান থেকে সরানো যাবে না এই শর্তে আমরা অধিগ্রহণে রাজি হয়েছি।

**শ্রী বীরেন্দ্র নারায়ন রায় :** কেন্দ্রীয় সরকার যে এই তৈলচিত্র এবং পাণ্ডুলিপিগুলি সরিয়ে নিয়ে যাবার চেষ্টা করছেন একথাটি কি ঠিক?

**শ্রী সৈয়দ আবুল মনসুর হাবিবুল্লাহ :** না, এটা ঠিক নয়, রক্ষণা বেক্ষণের ব্যাপারে আরচিভস্ এবং মনুমেন্ট এই দুটি আলাদা রক্ষা করার ব্যবস্থা করা হয়। একটা প্রস্তাব এসেছে প্যালেসে রেকর্ড রক্ষার জিনিসগুলি সেগুলি সরানো যেতে পারে কিন্তু আমাদের বিচার বিভাগ থেকে এবং যার হাতে এই দপ্তর রয়েছে তিনি পরিস্কার জানিয়ে দিয়েছেন এখানকার কোন জিনিষ সরানো যাবে না এবং রেকর্ড সংক্রান্ত কোন জিনিষ সরানো হলে আরচিভস্ এবং মনুমেন্টের রেকর্ড সংক্রান্ত যা নিয়মকানুন আছে সেটা কার্যকরী করা হবে। এটাকে আমরা হস্তান্তর করতে রাজি আছি কিন্তু এর কোন জিনিষ সরানো যাবে না।

**শ্রী সাধন পান্ডেঃ** এই যে দুষ্প্রাপ্য জিনিস সব চুরি হয়ে যাচ্ছে বা সরানোর কথা হচ্ছে এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সাথে চিঠি বিনিময় চলছে। আমি মনে করি এটা একটা ঐতিহাসিক জায়গা এবং কেন্দ্রীয় সরকার গোটা ভারতবর্ষের অনেক জায়গায় এই রকম বহু টাকা খরচা করেছেন কিন্তু আমার বক্তব্য হচ্ছে মাননীয় মন্ত্রী মহাশয়ের কথা শুনে যে তিনি এই বিষয়ে এখনো কোন পরিকল্পনা নিতে পারেন নি। তিনি বারে বারে কেন্দ্রীয় সরকারকে বলেছেন যে এখান থেকে কোন জিনিস সরানো যাবে না, আমার প্রশ্ন হচ্ছে পজিটিভ

পরিকল্পনার মধ্যে দিয়ে এই জায়গাটা বাঁচানোর কোন পরিকল্পনা আছে কি যাতে করে টুরিষ্টদের এ্যাট্রাকশান করা যায় — এই বিষয়ে কোন চিন্তা করছেন কি?

**শ্রী সৈয়দ আবুল মনসুর হাবিবুল্লাহ :** কেন্দ্রীয় সরকারের বিভাগ থেকে দেখে গেছেন এবং তারা অধিগ্রহণ করবেন বলেছেন, তাতে আমরা রাজি আছি। কিন্তু হাউসের সকলে একমত হবেন যে ওই প্যালেসে যা রক্ষিত হয়েছে তার সব রক্ষা করতে হবে, সরানো চলবে না। সুতরাং এই হাউসের সকলেই একমত হবেন যে এইখান থেকে কোন জিনিষ সরানো যাবে না এই শর্তে আমরা হস্তান্তর করতে পারি।

**শ্রী আতাউর রহমান :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে কিছু কিছু দুর্মুল্য জিনিস সরানোর জন্য আপনি নাকি প্রতিবাদ করেছেন?

**শ্রী সৈয়দ আবুল মনসুর হাবিবুল্লাহ :** প্রতিবাদের প্রশ্ন ওঠে না, কেন্দ্রীয় সরকার সেরকম কোন প্রস্তাব রাখেনি। মনুমেন্ট এবং আরকাইভস্ রক্ষার ক্ষেত্রে আলাদা ব্যবস্থা পৃথিবীর সর্বত্র আছে। শুধু আমাদের দেশেই নয়, তার নিয়মকানুনও আলাদা আছে, এগুলি ঐতিহাসিক প্যালেস এর রেকর্ড প্রভৃতির ক্ষেত্রে একটা বিশেষ ব্যবস্থা আছে এবং এটা অন্য দেশেও প্রযোজ্য। এর পেন্টিং প্রভৃতির ক্ষেত্রে পৃথিবীর অন্যান্য দেশে যেভাবে এটা রক্ষিত হয় এখানেও সেইভাবে রক্ষিত হয়ে থাকে।

**ডাঃ মানস ভূঁইয়া :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে এগুলি সরানো যায় না কিন্তু বেশ কিছু জিনিষপত্রের আধুনিকী করনের অভাবে নষ্ট হয়ে গেছে। আমাব প্রশ্ন হচ্ছে এটা আপনার দপ্তরের হলেও এই জিনিসগুলি এত মূল্যবান যে এর জন্য এমন কোন ব্যবস্থা নেওয়া যায় যাতে টেম্পোরারি বেসিসে অন্তত এর থেকে মর্ডারেনাইজড্ সিস্টেমে প্রিসেরভেশান সেখানে সরিয়ে রাখার ব্যবস্থা করা যায়?

**শ্রী সৈয়দ আবুল মনসুর হাবিবুল্লাহ :** মাননীয় সদস্য বুঝতে পাবেন নি, আমি বলেছি বেশ কিছু তৈলচিত্র এবং পান্ডুলিপির ক্ষতি হয়েছে। সেখানে সাধারণভাবে এগুলি রক্ষণাবেক্ষণের জন্য বিশেষ ব্যবস্থা হিসাবে পেষ্ট কন্ট্রোলিং করা হয়েছে এর জন্য কিছু খরচও করেছি। কিন্তু যেখানে ভারতসরকার এটি নিয়ে নেওয়ার কথা তুলছেন এবং এটি যখন নিতে রাজি হয়েছেন তখন আমরা কেন আবার দ্বিতীয় ব্যবস্থা গ্রহণ করতে যাবো।

**[1.50 – 2.00 p.m.]**

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস :** হাজারদুয়ারীতে রক্ষিত কিছু দুস্প্রাপ্য তৈলচিত্র এবং অস্ত্রাগারে যেখানে সিরাজ, মীরমদন ও মোহনলালের অস্ত্র শস্ত্র ছিল, সেইসব গুলি প্রাক্তন নবাব বছর খানেকের মধ্যে সেখান থেকে স্থানান্তরিত করে নিয়ে গেছে এই রকম কোন খবর আছে কি?

**শ্রী সৈয়দ আবুল মনসুর হাবিবুল্লাহ :** না।

**নদীয়া জেলার বাংলাদেশের সীমান্তসংলগ্ন এলাকায় নদীজলদূষণ**

*৭১৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৪২৪।) **শ্রী মাধবেন্দু মোহান্ত :** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) ইহা কি সত্য যে, বাংলাদেশে অবস্থিত দর্শনা সুগার মিলের দুষিত বর্জিত জল বাংলাদেশের সীমান্ত সংলগ্ন নদীয়া জেলার নদীর জল দূষিত করছে; এবং

(খ) সত্য হইলে, কোন্ কোন্ নদীর জল দূষিত করছে?

**শ্রী ভবানী মুখার্জী** : ক) হ্যাঁ। খ) চূর্ণী নদীর জল দূষিত হচ্ছে।

**শ্রী মাধবেন্দু মোহান্ত** : সেখানকার জল চূর্ণী ছাড়া অন্য কোন নদীর জল দূষিত করছে যার ফলে মাছ মরে যাচ্ছে এই রকম খবর জানা আছে কি?

**শ্রী ভবানী মুখার্জী** : পশ্চিমবঙ্গে ঢোকার পর ইছামতী চূর্ণী এবং ইছামতী দুটি ভাগে ভাগ হয়েছে এবং নদীর জল যে দূষিত করছে এই তথ্য আমরা সংগ্রহ করতে পেরেছি।

**শ্রী মাধবেন্দু মোহান্ত** : ইছামতী এবং চূর্ণী আমাদের যে ক্ষতি করছে এই সম্বন্ধে বাংলাদেশের সঙ্গে কোন যোগাযোগ করেছেন কি?

**শ্রী ভবানী মুখার্জী** : পূর্ববঙ্গ রাজ্য সরকারের সঙ্গে এই বিষয়ে যোগাযোগ করা হয়েছে। আমাদের সেচ বিভাগ সেখানকার ওয়াটার ডেভলপমেন্ট বোর্ডের সঙ্গে যোগাযোগ করেছেন। ইন্দো বাংলাদেশ জয়েন্ট কমিশনে ঠিক হয়েছিল একটা জয়েন্ট ইন্সপেকশান হবে। কিন্তু তার তারিখ কোন ঠিক হয়নি। আমরা অপেক্ষা করছি কি করে দূষণ রোধ করা যায়। এটা ভারতসরকারের মারফৎ করার কথা। কিন্তু এখনো তারিখ ঠিক হয়নি বলে কিছু করতে পারা যাচ্ছে না।

**শ্রী সাধন চ্যাটার্জী** : যে ভাবে জল দর্শনার সুগার মিলের পদার্থ নদীতে পড়ার ফলে দক্ষিণ এলাকার মানুষের ক্ষতি হচ্ছে সেই ক্ষতিপূরণের ব্যাপারটা কি ভারত সরকারের মাধ্যমে আলোচনার বিষয় বস্তু হিসাবে গ্রহণ করবেন?

**শ্রী ভবানী মুখার্জী** : যে পরিমান দূষিত পদার্থ আসছে সেটা যাতে আর না আসে অর্থাৎ ট্রিটমেন্ট করে যেন ফেলে এইসব আলোচনা বিষয়বস্তুর মধ্যে রাখা হবে।

### গ্রামের নলকূপ বিদ্যুতায়নের কর্মসূচী

*৭১৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৪১৪।) **শ্রী ধীরেন্দ্র নাথ সরকার** : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) ইহা কি সত্য যে, ১৯৮৪-৮৫ সালে গ্রামের নলকূপগুলিকে বিদ্যুতায়িত করার জন্য একটি বৃহদায়তন কর্মসূচী রাজ্য সরকার গ্রহণ করেছিলেন;

(খ) সত্য হইলে, উক্ত কর্মসূচীর জন্য কত টাকা বরাদ্দ করা হয়েছিল; এবং

(গ) পশ্চিমদিনাজপুর জেলার উক্ত কর্মসূচী কতদূর রূপায়িত হয়েছে?

**শ্রী প্রবীর সেনগুপ্ত** :

(ক) হ্যাঁ। ১৯৮৪-৮৫ সালে ১০,০০০ টি নলকূপ বিদ্যুতায়িত করার জন্য একটি কর্মসূচী গ্রহণ করা হয়েছিল।

(খ) নলকূপ বিদ্যুতায়িত করার জন্য গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্পোরেশন কর্তৃক বরাদ্দকৃত অর্থের পরিমাণ নিম্নরূপ :—

| শ্রেনী | অর্থ (লক্ষ টাকায়) |
|---|---|
| বিশেষ কৃষি প্রকল্প | ২৩৪ |
| সাধারণ প্রকল্প | ১৬৭৯ |
| পরিবর্তিত ন্যুনতম প্রয়োজন প্রকল্প | ২৫১ |

(গ) ১৯৮৪-৮৫ সালে পশ্চিম দিনাজপুর জেলায় ৫৯ টি পাম্প সেট বিদ্যুতায়িত করা হয়েছে।

**শ্রী ধীরেন্দ্র নাথ সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি বর্তমান বছরে ঐ বিদ্যুতায়ন কর্মসূচী বাবদ পরিকল্পনা চালু আছে কিনা?

**শ্রী প্রবীর সেনগুপ্ত :** এই বছরে ১৫ হাজার ৪২৪ টি নলকূপ বিদ্যুতায়িত করার জন্য পরিকল্পনা আছে। গত বছর যা ছিল, কেউ যদি দরখাস্ত করে থাকে তাহলে সেটাও এর সাথে যুক্ত হবে।

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি আমি সম্প্রতি দেখে এসেছি পশ্চিম দিনাজপুরে প্রচন্ড খরা চলছে, বিদ্যুতের অভাবে পাম্পগুলি চালু রাখা যায় নি। পাম্প সেটস আর নট ওয়ারকিং। দেয়ার ইজ ইর‍্যাটিক সাপ্লাই অর নো সাপ্লাই অব পাওয়ার এ্যাট অল। ফর আওয়ারস টুগেদার, ডেজ টুগেদার পাওয়ারের সাপ্লাই নেই। এই সম্বন্ধে আপনি একটু বলুন।

**শ্রী প্রবীর সেনগুপ্ত :** আমার কাছে যা খবর আছে সেটা হচ্ছে কোন একটা নির্দিষ্ট জায়গায় হয়ত কোন কারণে বিদ্যুৎ না থাকতে পারে কিন্তু পশ্চিম দিনাজপুরে বিদ্যুৎ সরবরাহ আছে। কোন নিদিষ্ট এলাকা সম্বন্ধে আমাকে জানালে আমি নিশ্চয়ই দেখব।

**শ্রী কৃপাসিন্ধু সাহা :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন ১৯৮৪-৮৫ সালে ১০ হাজার নলকূপ বিদ্যুতায়িত করার জন্য একটা পরিকল্পনা গ্রহণ করা হয়েছে, আমি জানতে চাই ১৯৮৪-৮৫ সালে এ পর্যন্ত কতগুলি করা গেছে?

**শ্রী প্রবীর সেনগুপ্ত :** এখন পর্যন্ত ৭ হাজার ৭৬৮টি অর্থাৎ ৭৭.৯৯ পার্সেন্ট।

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই যে টাকার পরিমান বলেছেন এই টাকার পরিমানের মধ্যে কোন কেন্দ্রীয় অনুদান আছে কিনা?

**শ্রী প্রবীর সেনগুপ্ত :** অনুদান বলে কিছু নেই, কেন্দ্রীয় যে রুরাল ইলেক্‌ট্রিসিটি কর্পোরেশান আছে তারা আমাদের ধার দিয়ে থাকেন এবং প্রতি বছর সুদ এবং আসল সহ আমাদের শোধ করতে হয়।

**শ্রী গোপাল কৃষ্ণ ভট্টাচার্য্য :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি আমরা শুনেছি সমস্ত বৃহত নলকূপের পাম্প বিদ্যুতের সাহায্যে চলে, সেগুলিকে অগ্রাধিকার দেওয়ার জন্য ইতিমধ্যে সর্বত্র নির্দেশ দেওয়া হয়েছে এটা সঠিক কিনা?

**শ্রী প্রবীর সেনগুপ্ত :** ঠিকই শুনেছেন। যে সমস্ত পাম্প আছে যেগুলি ডিজেলে চলে বা কেউ যদি নতুন করে করতে চায় সেগুলিকে অগ্রাধিকার দেওয়া হয়েছে এবং ৩/৪ জন যদি এক জায়গায় চায় তাহলে ২/১ কিলোমিটার লাইন টেনেও বিদ্যুৎ দেওয়া হবে। কারণ এর উপর পশ্চিমবঙ্গের কৃষি এবং কিছুটা বেকার সমস্যা নির্ভর করে।

**[2.00 – 2.10 p.m.]**

**ডাঃ মানস ভূঁইয়া :** মন্ত্রী মহাশয় তার উত্তরে বললেন লক্ষ্যমাত্রা হচ্ছে দশ হাজার এবং এর ভেতর সাত হাজারকে বিদ্যুতায়ন করা হয়েছে। আমার প্রশ্ন হল তিন হাজার যে হল না এটা কি অর্থের অভাব, না দপ্তরের অবহেলা?

**শ্রী প্রবীর সেনগুপ্ত :** অর্থের অভাবের জন্যও নয়, অবহেলা ও নয়, বিদ্যুৎ পর্ষদের সংগঠন যেভাবে আছে তারই ভিত্তিতে এটা করা হয়েছে। দশ হাজার টার্গেট করা হয়েছিল কিন্তু তার মধ্যে ৭ হাজার ৭৬৮ টি করা হয়েছে। সাংগঠনিক ত্রুটি, জিনিষ পত্র না পাওয়ার জন্য এই টার্গেট পূরণ করা যায় নি।

**এন এইচ ৩৪ ও ৩৫ এবং টাকী রোডের ধারের বে-আইনী হকার উচ্ছেদ**

*৭১৬। (অনুমোদিত প্রশ্ন নং *১১৬৫।) **শ্রী সরল দেব :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, এন এইচ ৩৪ ও ৩৫ টাকী রোডের দুই ধারে বে-আইনী হকারদের উচ্ছেদ করার কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি ?

**শ্রী যতীন চক্রবর্তী :** হ্যাঁ, অবশ্যই আছে।

**শ্রী সরল দেব :** ন্যাশানাল হাই ওয়ের দুই ধারে যে ড্রেণ গুলো রয়েছে সেগুলো অকেজো হয়ে রয়েছে এবং রাস্তার দুটি ধার দখল হয়ে রয়েছে। আমার প্রশ্ন হচ্ছে ওগুলো পরিষ্কার করে জল নিষ্কাশন করার ব্যবস্থা করবেন কি?

**শ্রী যতীন চক্রবর্তী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখুন কি প্রশ্ন ছিল এবং কি সাপ্লিমেন্টারী উনি করছেন।

**মিঃ স্পীকার :** সরল বাবু, আপনি একজন সিনিয়ার মেম্বার কাজেই আপনার প্রশ্নের সঙ্গে সাপ্লিমেন্টাকীর একটা সম্পর্ক থাকা দরকার।

**শ্রী সরল দেব :** দ্যাট ইজ দি কোয়েশ্চন, আমি কোন অন্যায় সাপ্লিমেন্টারী করেছি বলে মনে করিনা।

**মিঃ স্পীকার :** মিনিষ্টারের যদি কোন বক্তব্য না থাকে তাহলে উত্তর দেবেন না।

**শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া :** হকার উচ্ছেদের পরিকল্পনা সরকারের আছে এবং আমরা দেখি কখন কখন তারা উচ্ছেদ হয় এবং তারপরই আবার সেখানে এসে বসে। আমার প্রশ্ন হচ্ছে হকার থাকবে কিনা এবং উচ্ছেদ হবে কিনা এ সম্বন্ধে সরকারের কোন নির্দিষ্ট পরিকল্পনা আছে কি? নর্থ বেঙ্গলেও আমরা এই অবস্থা দেখছি।

**শ্রী যতীন চক্রবর্তী :** সরকারের পরিকল্পনা অনেক সময় ব্যাহত হয় এটা আপনারা জানেন সাধারণতঃ আমার দপ্তরের রাস্তা যখন হকাররা জবর দখল করে তখন আমরা পুলিশের সাহায্য প্রার্থনা করি। আমরা দপ্তর থেকে নির্দিষ্ট করে দিয়েছি যে ঐ এলাকার যারা বাস্তুকার এবং প্রশাসনের যিনি কর্মকর্তা তারা একসঙ্গে বসে হকার উচ্ছেদের পরিকল্পনা করবেন। মাননীয় সদস্য সরল বাবু যে জায়গার কথা বলেছেন সেখানে আমরা বার বার হকার্সদের তুলে দিয়েছি। কিন্তু কত আর তুলব। আমি মনে করি স্থানীয় বিধায়ক জনসংগঠন এবং সাধারণ মানুষ যারা অসুবিধা হয় বলে অভিযোগ করেন তারাও যদি সকলে মিলে এ ব্যাপারে সাহায্য না করেন তাহলে শুধুমাত্র আমার দপ্তরের ইঞ্জিনীয়ারের উপর নির্ভর করলে চলবে না। এ ব্যাপারে একটা সার্বিক এবং সামগ্রিক পরিকল্পনা নিয়ে কাজ শুরু করতে হবে এবং সকলের সহযোগিতা এ ব্যাপারে

প্রয়োজন। দুর্ভাগ্যবশতঃ অনেক সময় সহযোগিতা পায় না। এদের তোলবার জন্য যখন পুলিশ নিয়ে যাই তখন বিভিন্ন রাজনৈতিক দলের পক্ষ থেকে বাধা দেওয়া হয়। তবুও আমি সকলকে এবং সকল দলকে বসে অনেক জায়গায় উচ্ছেদ করেছি। কিন্তু কিছু দিন পরে আবার তারা এসে বসে পড়ে। এটা কেবলমাত্র আমার দপ্তরের পক্ষে এই রকম পরিকল্পনা গ্রহণ করা সম্ভব নয়।

**শ্রী অনিল মুখার্জী :** এই সব হকারদের কেস যেগুলি রয়েছে এদের রেজিষ্ট্রেসন করে দিয়ে এদের লাইসেন্স দেবার কোন পরিকল্পনা আছে কি?

**শ্রী যতীন চক্রবর্তী :** না, জবর দখল করবে আবার তাদের লাইসেন্স দেব, এই রকম কোন পরিকল্পনা আমার দপ্তরের নাই।

**শ্রী জয়নাল আবেদিন :** মাননীয় পূর্ত মন্ত্রী জানাবেন কি যে অনেক জায়গায় এই রকম জবর দখল হয়ে আছে এই রকম যেসব রয়েছে এগুলি একটু দেখবেন কি —

এগুলি তো নেগোসিয়েবল নয়, এটা তো একটু দেখতে পারেন।

(উত্তর নাই)

**শ্রী প্রবোধ পুরকায়েত :** মন্ত্রী মহাশয় বল্লেন, যে রাস্তার ধারে যে সমস্ত হকাররা জবর দখল করে আছে তাদের উচ্ছেদ করবার জন্য স্থানীয় প্রতিনিধি বা বিভিন্ন দলের প্রতিনিধিদের সাহায্য চান। ঐ যে রাস্তাটি জবর দখল হয়ে আছে তাদের উচ্ছেদ করবার জন্য মাননীয় সদস্য সরল দেবের সাহায্য দিয়েছিলেন কিনা?

**শ্রী যতীন চক্রবর্তী :** এটা একটা মুসকিলের প্রশ্ন। আমি আগেও একবার বলেছিলাম। সরল দেব যে রাজনৈতিক দলভুক্ত সেই দলের পক্ষ থেকে বাধা দিয়েছিলেন। তবে যেহেতু ঐ এলাকায় ওনার বাড়ী উনি সহযোগীতা করেছেন। কিন্তু উনি রাজী হলেও আরও রাজনৈতিক দল আছে। সুতরাং পরবর্তী কালে সমস্ত দলের প্রতিনিধিদের নিয়ে এবং পুলিশ কর্তৃপক্ষ এক সঙ্গে বসে ঠিক করা হয়, এবং উচ্ছেদও করা হয়। কিন্তু মুসকিল হচ্ছে আবার তারা এসে বসে পড়ে। এখানে বিধায়ক হিসাবে মন্ত্রীর কাছে অভিযোগ করেন তাহলে কিছু হবে। আপনারা প্রশাসনে পুলিশ রয়েছে, আমাদের বাস্তুকার আছে তাদের সংগে বসে উদ্যোগ গ্রহণ করলে এটা সুবিধা হয়।

**শ্রী সরল দেব :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রায় ৫ হাজার এন.ভি.এফ কর্মী এসপ্ল্যানেড ইষ্টে অবস্থান করছে। তারা হোম গার্ডদের মত সুবিধা চায়। তাদের মধ্যে ১৫ পারসেন্ট নেওয়া হবে এই মর্মে এখানে একটা বিলও পাশ হয়েছে। তাদের কমপ্যাসনেট গ্রাউন্ডে নেওয়া হোক এই দাবী নিয়ে মুখ্য মন্ত্রীর কাছে একটি স্মারকলিপি দিতে চায়। আমি এই স্মারকলিপি গ্রহণ করবার জন্য অনুরোধ করছি।

**শ্রী কমল সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে রাণীগঞ্জ, আসানসোল, এবং সারা বর্ধমান এলাকা থেকে প্রায় ১ হাজার শ্রমিক এসেছে এবং তারা এসপ্ল্যানেড ইষ্টে অবস্থান করছে। এইটা আমি হাউসের এবং সারা পশ্চিমবাংলার দৃষ্টি আকর্ষণ করবার জন্য এখানে উপস্থিত করছি। বিভিন্নভাবে তাদের ছাঁটাই করা হচ্ছে, ঐ সমস্ত কলকারখানা প্রায় ১ বছর বন্ধ হয়ে আছে। এই ঘটনার প্রতি আমি দৃষ্টি আকর্ষন করছি। নির্বাচনের আগে কংগ্রেস বলেছিলেন তাদের ভোট দিলে এই সব কালখানার দরজা খুলে যাবে। এখন দেখা যাচ্ছে কংগ্রেস ভোট পেয়েছে আর কারখানা পারমানেন্টলী বন্ধ হয়ে গেছে, এই অবস্থার সৃষ্টি হয়েছে। কোনটারই দরজা খোলে নি।

## Starred Questions

## (To which answers were laid on the Table)

### জেলার সদর রেজিষ্ট্রি অফিসে স্থানাভাব

*৭১৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৬৭।) **শ্রী হবিবুর রহমান** : বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) সরকার কি অবগত আছেন যে, জেলার সদর রেজিষ্ট্রি অফিসগুলিতে স্থানাভাবের জন্য প্রয়োজনীয় রেজিষ্ট্রীকৃত কাগজপত্র রাখার অসুবিধা হচ্ছে ও নষ্ট হয়ে যাচ্ছে ; এবং

(খ) সত্য হলে, ঐ বিষয়ে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি?

**Minister-in-charge of Judicial Department :-**

(ক) প্রশ্নের প্রথমাংশের উত্তর "হ্যাঁ", কিন্তু "নষ্ট হয়ে যাচ্ছে"— এ কথা ঠিক নয়।

(খ) কলিকাতায় একটি বৃহৎ কেন্দ্রীয় রেকর্ড রুম স্থাপনের প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

### ময়নাগুড়িতে এগ্রিকালচারাল মার্কেটিং সোসাইটি

*৭১৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৮২।) **শ্রী তারকবন্ধু রায়** : সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) ইহা কি সত্য যে, ময়নাগুড়িতে এগ্রিকালচারাল মার্কেটিং সোসাইটির প্রস্তাব সরকারী অনুমোদনের অপেক্ষায় আছে;

(খ) সত্য হলে, কবে থেকে সরকারী অনুমোদনের অপেক্ষায় আছে; এবং

(গ) কবে নাগাত এই অনুমোদন পাওয়া যাবে বলে আশা করা যায়?

**Minister-in-charge of Co-operation Department :-**

(ক) হ্যাঁ, সত্য।

(খ) ২২.২.৮৪ থেকে।

(গ) বর্তমান ১৯৮৫-৮৬ আর্থিক বৎসরের প্রথমার্ধে সরকারের অনুমোদনের আশা করা যায়।

### রাজ্য বিদ্যুৎ পর্ষদের গ্যাস টারবাইনের অডিট রিপোর্ট

*৭১৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৯০৯।) **শ্রী অশোক ঘোষ** : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) রাজ্য বিদ্যুৎ পর্ষদের গ্যাস টারবাইনের অডিট রিপোর্টে বিভিন্ন অসঙ্গতির অভিযোগ সম্পর্কে কোন তদন্ত কমিটি গঠন করা হয়েছে কি; এবং

(খ) "ক" এর উত্তর "হ্যাঁ" হলে, —

(১) তদন্ত কমিটির কোন রিপোর্ট সরকার পেয়েছেন কি, ও

(২) এ সম্পর্কে কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

**Minister of Stated-in-charge of Power Department :-**

(ক) হ্যাঁ।

(খ) না।

১) ও

২) এক সদস্য বিশিষ্ট কমিটির রিপোর্টটি পর্ষদের সদস্যদের মতামত সহ মে ১৯৮৫ তে পর্ষদের বোর্ড মিটিং এ আলোচনার ও বিবেচনার জন্য উপস্থিত করা হবে।

**বাজিত গ্রাম পঞ্চায়েতভুক্ত এলাকায় নিবন্ধীকৃত সমবায় সমিতি**

*৭২০। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৬৯।) **শ্রী শিশ মহম্মদ :** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) মুর্শিদাবাদ জেলার ২ নং সুতি ব্লকের বাজিত গ্রাম পঞ্চায়েতের অধীন কোন রেজিস্ট্রীকৃত সমবায় সমিতি আছে কি; এবং

(খ) থাকিলে —

(১) উক্ত সমবায় সমিতি বর্তমানে চালু আছে কিনা, ও

(২) ঐ সমিতির পরিচালক মন্ডলীর নাম কি?

**Minister-in-charge of Co-operation Department :-**

(ক) না। বাজিত গ্রামে পঞ্চায়েতেক অধীন কোন সমবায় সমিতি নাই।

(খ) ১) প্রশ্ন ওঠে না।

২) প্রশ্ন ওঠে না।

**মুর্শিদাবাদ জেলার কাঁদিতে বিচারকের শূন্য পদ**

*৭২২। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৯৪।) **শ্রী বীরেন্দ্র নারায়ন রায়, শ্রী দীনবন্ধু মাঝি ও শ্রী আতাহার রহমান :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) বর্তমানে মুর্শিদাবাদ জেলার কাঁদিতে (১) সাবজজ, (২) সহকারী জজ, (৩) অতিরিক্ত জজ, (৪) অতিরিক্ত সহকারী জজের কতগুলি পদ কতদিন যাবৎ খালি রয়েছে ; এবং

(খ) উক্ত পদগুলির পূরণের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে?

**Minister-in-charge of Judicial Department :-**

(ক) প্রশ্নে উল্লিখিত কোন পদ বর্তমানে খালি নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

### মহিষাদলে বৈদ্যুতিক সাব স্টেশন

*৭২৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৩১৫।) **শ্রী দীনবন্ধু মন্ডল** : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) মহিষাদলে কোন বৈদ্যুতিক সাব স্টেশন স্থাপন করার পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকিলে, —

(১) কবে নাগাত ইহার কাজ শুরু হইবে বলিয়া আশা করা যায়, ও

(২) ঐ বাবদ কত টাকা খরচ হইবে?

**Minister of State-in-charge of Power Department :-**

(ক) হ্যাঁ।

(খ) (১) উপযুক্ত জমি পাওয়ার দরুন নির্দিষ্ট সময় উল্লেখ করা সম্ভব নয়।

(২) প্রায় ৫৪.৯২ লাখ টাকা।

### তমলুক - পুরষাঘাট রাস্তা

*৭২৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৩০৯।) **শ্রী পুলিন বেরা ও শ্রী দীনবন্ধু মন্ডল** : পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) তমলুক - পুরষাঘাট পাকা রাস্তা নির্মানের কোন পরিকল্পনা সরকারের আছে কি;

(খ) থাকিলে, —

(১) ঐ বাবদ মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ কত ও

(২) ১৯৮৪-৮৫ আর্থিক বছরে কি পরিমাণ অর্থব্যয় করা হয়েছে; এবং

(গ) উক্ত কাজ কবে নাগাত শেষ করা যায়?

**Minister-in-charge of Public Works (Roads) Department :-**

(ক) আছে।

(খ) (১) ৬৩,৬৩,৬০০.০০ টাকা।

(২) ৩,০৫,২৭০.০০ টাকা।

(গ) এখনই বলা সম্ভব নয়। কাজটি শেষ হওয়া নির্ভর করছে আর্থিক যোগানের উপর।

### হিন্দু বিবাহ নিবন্ধীকরণ

*৭২৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৬৫।) **শ্রী অনিল মুখার্জী** : বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) হিন্দুদের বিবাহ নিবন্ধীকৃত করার জন্য পশ্চিমবঙ্গে কি ব্যবস্থা আছে;

(খ) উপরোক্ত বিবাহের ম্যারেজ রেজিস্ট্রার এর পদসংখ্যা বৃদ্ধি করার কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(গ) ঐ পদে কোন প্র্যাকটিসিং অ্যাডভোকেটদের নিয়োগের কোন পরিকল্পনা সরকারের আছে কি?

**Minister-in-charge of Judicial Department :-**

(ক) ১) বিশেষ বিবাহ আইন, ১৯৫৪ অনুসারে হিন্দুদের বিবাহ নিবন্ধীকৃত করিবার জন্য জেলা নিবন্ধক, সদর অবর নিবন্ধক (ডিষ্ট্রিক্ট সাব-রেজিস্টার) এবং বেসরকারী বিবাহ অফিসারগণ ক্ষমতাপ্রাপ্ত।

(২) হিন্দু বিবাহ আইন, ১৯৫৫ অনুসারে হিন্দুদের বিবাহ নিবন্ধীকৃত করিবার জন্য সকল স্তরের নিবন্ধকগন অর্থাৎ জেলা নিবন্ধক, সদর অবর নিবন্ধক (ডিষ্ট্রিক্ট সাব রেজিস্টার) এবং অবর নিবন্ধক (সাব রেজিস্টার) গণ ক্ষমতা প্রাপ্ত।

(খ) বিষয়টি সরকারের বিবেচনাধীন।

(গ) বর্ত্তমানে নাই।

**ব্যারাকপুর মহকুমায় দেওয়ানী আদালত**

*৭২৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৯৬।) **শ্রী যামিনীভূষণ সাহা** : বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) ২৪ পরগনা জেলার ব্যারাকপুর মহকুমা এলাকায় দেওয়ানী আদালত স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, কবে নাগাত ইহা কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

**Minister-in-charge of Judicial Department :-**

(ক) হ্যাঁ।

(খ) সুনির্দিষ্ট তারিখ বলা সম্ভব নহে।

**বর্ধমান জেলার রায়না দাখিন্যা রাস্তা**

*৭২৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৩৪।) **শ্রী ধীরেন্দ্র নাথ চ্যাটার্জী** : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলার রায়না থানার রায়না-দাখিন্যা রাস্তা দীর্ঘদিন পূর্বে অনুমোদন লাভ করা সত্ত্বেও আজও কাজ আরম্ভ হয় নাই;

(খ) কবে নাগাদ ঐ রাস্তাটির কাজ আরম্ভ ও শেষ হইবে বলিয়া আশা করা যায়; এবং

(গ) উক্ত রাস্তাটির জন্য অধিগৃহীত জমির মালিকগনকে কত টাকা দেওয়া হইয়াছে ও বাকি টাকা কবে নাগাত দেওয়া হইবে বলিয়া আশা করা যায়?

**Minister-in-charge of Public Works Department :-**

(ক) সত্য নহে।

(খ) কাজ ইতিমধ্যেই আরম্ভ হয়ে গেছে। শেষ হওয়ার অর্থ সংস্থানের উপর নির্ভর করছে।

(গ) অধিগৃহীত জমির মালিকানকে টাকা দেওয়া হয় এল.এ. কালেক্টর এর মাধ্যমে। জমির মালিকদের জন্য এ যাবৎ এল. এ কালেক্টরকে ৭,৭৪,৮৯৮ টাকা দেওয়া হয়েছে।

**শিল্প সংস্থায় বে-আইনী বিদ্যুৎ ব্যবহার**

*৭৩০। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৭৫।) **শ্রী দেবপ্রসাদ সরকার :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) ইহা কি সত্য যে, শিল্প কারখানাগুলিতে বিধিনিষেধ না মেনে বিদ্যুৎ চুরি করার দরুণ বর্তমানে লোড শেডিংয়ের মাত্রা বৃদ্ধি পেয়েছে; এবং

(খ) সত্য হলে,—

(১) দৈনিক গড়ে কত মেগাওয়াট বিদ্যুৎ এই পক্রিয়ায় চুরি হচ্ছে, ও

(২) কতগুলি শিল্প সংস্থার বিরুদ্ধে বিধিনিষেধ লঙঘন করার জন্য আইনগত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**Minister of State-in-charge of Power Department :-**

(ক) হ্যাঁ, অংশত।

(খ) (১) শিল্প প্রতিষ্ঠানগুলির বিদ্যুৎ সরবরাহের জন্য সর্বত্র পৃথক লাইন না থাকায় চুরির পরিমাণ সঠিকভাবে বলা সম্ভব নয়।

(২) মোট ছয়টি শিল্পসংস্থার বিরুদ্ধে বিধি নিষেধ লঙঘন করার জন্য আইনগত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

এবং ২৬টি শিল্প সংস্থার বিদ্যুৎ সংযোগ ৩থেকে ৭ দিনের জন্য বিচ্ছিন্ন করা হয়েছিল।

এছাড়া বিদ্যুৎ ব্যবহারের সর্ব্বোচ্চ সীমা লঙঘন করার জন্য প্রায় ১৫২টি শিল্প সংস্থাকে সতর্কীকরণ করা হয়েছে।

**পুরুলিয়া জেলায় জে এস এস ও এস এস - এর শূণ্য পদ**

*৭৩২। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৯৬।) **শ্রী সুরেন্দ্রনাথ মাঝি :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) বর্তমানে পুরুলিয়া জেলার কতগুলি জে এস এস এবং এস এস - এর পদ শূণ্য অবস্থায় আছে; এবং

(খ) উক্ত খালি পদগুলি কবে নাগাত পূরণ করা হবে বলে আশা করা যায

**Minister of State-in-charge of Power Department :-**

(ক) যথাক্রমে '১' (এক) এবং '৩' (তিন)।

(খ) শূণ্য পদগুলি সত্বর পূরণ করার জন্য ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

**লালদিঘীতে সরকারী আবাসন**

*৭৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৭১।) **শ্রীমতি ছায়া ঘোষ** : আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) মুর্শিদাবাদ জেলার বহরমপুরস্থ "লালদিঘী সরকারী আবাসন" প্রকল্পে মোট কতগুলি ফ্ল্যাট আছে;

(খ) এই ফ্ল্যাটগুলির মধ্যে কতগুলি বণ্টিত হয়েছে;

(গ) উক্ত ফ্ল্যাটগুলির মাসিক ভাড়া কিসের ভিত্তিতে নিরূপিত হয়েছে; এবং

(ঘ) উক্ত আবাসন প্রকল্পের ভাড়া বাবদ সরকার প্রতি মাসে কত টাকা পান?

**Minister-in-charge of Housing Department :-**

(ক) মুর্শিদাবাদ জেলার বহরমপুর লালদিঘী সরকারী আবাসনে মোট ১১২ টি ফ্ল্যাট আছে।

(খ) সবগুলি ফ্ল্যাট বণ্টিত হয়েছে। মধ্যে মধ্যে ফ্ল্যাট খালি হলে ফ্ল্যাট বণ্টনকারী কমিটি পুনরায় তাহা মিটিংয়ের মাধ্যমে বণ্টন করেন।

(গ) সরকারী নির্মাণ ব্যয়ের ভিত্তিতে মাসিক ভাড়া নিরূপন করা হয়েছে।

(ঘ) বিভিন্ন সরকারী দপ্তরের কর্মচারীগণ বহরমপুরস্থ লালদিঘী সরকারী আবাসনে বাস করেন। বিভিন্ন বিভাগীয় প্রধানরা আবাসিকদের বাড়ী ভাড়া বাবদ সরকার প্রদত্ত অর্থ (House Rent Allowance) এবং সরকারী কর্মীদের মূল বেতনের (Basic Pay) শতকরা হিসাবে বাড়ী বাড়া আদায় করেন অথবা বাড়ীর নির্মাণ মূল্যের ভিত্তিতে নির্দিষ্ট মাসিক ভাড়া আদায় করেন। কর্মচারীদের বেতনক্রম বিভিন্ন হওয়ায় এবং বিভিন্ন বিভাগীয় প্রধান দ্বারা সরকারী কর্মীদের মাসিক বেতনের বিল হইতে ভাড়া আদায় হওয়ায় আদায়ের সঠিক পরিমাণ জানানো আবাসন দপ্তরের পক্ষে সম্ভব নয়।

**শালবনী ব্লকে সাব-স্টেশনের কাজ**

*৭৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৪৪।) **শ্রী সুন্দর হাজরা** : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার শালবনী ব্লকের গাইঘাটা গ্রামে একটি ইলেকট্রিক সাব স্টেশন তৈরীর কাজ শুরু হয়েছে; এবং

(খ) সত্য হলে, উক্ত সাব-স্টেশন কবে নাগাত চালু হবে বলে আশা করা যায়?

**Minister of State-in-charge of Power Department :-**

(ক) হ্যাঁ।

(খ) প্রাথমিক কাজ সবে শুরু হয়েছে, নির্দিষ্ট সময়সীমা বলা সম্ভব হচ্ছে না।

**কল্যানী-বেলঘড়িয়া এক্সপ্রেস সড়ক**

*৭৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৮০।) **শ্রী গোপাল কৃষ্ণ ভট্টাচার্য্য** : পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) কল্যানী-বেলঘড়িয়া এক্সপ্রেস সড়কের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে; এবং

(খ) ঐ সড়কটি কবে নাগাত শেষ হতে পারে বলে আশা করা যায়?

**Minister-in-charge of Public Works (Roads) Department :-**

(ক) কল্যানী-বেলঘরিয়া এক্সপ্রেস সড়ক মানে কোন প্রকল্প পূর্ত্ত(সড়ক) বিভাগের অধীনে নাই। বেলঘরিয়া এক্সপ্রেসওয়ে নামে একটি সড়ক প্রকল্প পূর্ত (সড়ক) বিভাগের অধীনে রূপায়িত হচ্ছে।

(খ) ৩৪ নং জাতীয় সড়ক (যশোর রোড) এ দমদম বিমান বন্দরের নিকটে শুরু হয়ে দক্ষিণেশ্বরে বিবেকানন্দ সেতু পর্যন্ত বিস্তৃত বেলঘরিয়া এক্সপ্রেস ওয়ের কাজ জমি অধিগ্রহণ কিছু অসুবিধা দেখা দেওয়ায় কেন্দ্রীয় সরকারের নির্দেশে আপাততঃ স্থগিত আছে।

কল্যানী-ব্যারাকপুর এক্সপ্রেসওয়েবাসে একটি সড়ক প্রকল্প বর্তমানে সি. এস. ডি.-এর অধীনে রূপায়িত হচ্ছে। ঐ সম্পর্কিত বিশদ তথ্য উক্ত বিভাগ থেকে সংগ্রহ করা যেতে পারে।

**কেশিয়ারী ব্লকে বৈদ্যুতিক সাব স্টেশন**

*৭৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৪৫।) **শ্রী মহেশ্বর মুর্মু** : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) মেদিনীপুর জেলার কেশিয়ারী ব্লকে বিদ্যুতের সাব সেন্টার স্থাপনের জন্য কোন স্থান নির্বাচিত হইয়াছে কি;

(খ) উক্ত সাব সেন্টার স্থাপনের কাজ বর্তমানে কি পর্যায়ে আছে; এবং

(গ) কবে নাগাত উহা চালু হইতে পারে বলিয়া আশা করা যায়?

**Minister of State-in-charge of Power Department :-**

(ক) হ্যাঁ।

(খ) প্রায় শেষ পর্যায়ে।

(গ) আশা করা যায় আগষ্ট-সেপ্টেম্বরে এটি চালু করা সম্ভব হবে।

**নৈহাটী স্টেট জেনারেল হাসপাতালের অ্যাপ্রোচ রোড**

*৭৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৮২২।) **শ্রী অজিত বসু** : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) নৈহাটী স্টেট জেনারেল হাসপাতালের অ্যাপ্রোচ রোড নির্মানের জন্য কোন অর্থ বরাদ্দ করা হয়েছে কি;

(খ) কোন্ সালে উক্ত বরাদ্দ করা হয়েছে ও তার পরিমাণ কত; এবং

(গ) রাস্তাটির নির্মানকাজ কবে নাগাত সম্পূর্ন হবে বলে আশা করা যায়?

**Minister-in-charge of Public Works Department :-**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

### হাওড়া জেলার কড়িয়া - নারিট রাস্তা

*৭৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৭০।) **শ্রী নিতাই চরণ আদক :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) হাওড়া জেলার কড়িয়া-নারিট রাস্তাটির মাটির কাজ ১৯৮৫ সালে শেষ হবার সম্ভবনা আছে কিনা;

(খ) এই রাস্তাটির বাক্সী-গাইঘাটা খালের ওপর একটি ব্রীজ নির্মানের কোন পরিকল্পনা আছে কি, এবং

(গ) উক্ত পরিকল্পনা কবে নাগাত কার্যকরী হবে বলে আশা করা যায়?

**Minister-in-charge of Public Works Roads Department :-**

(ক) মাটির কাজ ১৯৮৫-৮৬ সালে শেষ হবার সম্ভাবনা আছে।

(খ) হ্যাঁ, পরিকল্পনা আছে।

(গ) এখনই বলা সম্ভব নয়।

### মূর্তি স্থাপন

*৭৪০। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৭৬।) **শ্রী প্রশান্তকুমার প্রধান :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) ১৯৭৭-৮৪ পশ্চিমবঙ্গে কতগুলি মূর্তি স্থাপনের কাজ হয়েছে;

(খ) মূর্তি স্থাপনের জন্য উক্ত ১৯৭৭-৮৪ সালের মধ্যে কত টাকা খরচ হয়েছে; এবং

(গ) এই কাজগুলি কি (টেন্ডার কিংবা বিভাগীয কাজের) পদ্ধতিতে হয়ে থাকে?

**Minister-in-charge of Public Works Department :-**

(ক) ২৭ (সাতাশ)।

(খ) ৫৩,১০,০৩১ (তিপান্ন লক্ষ দশ হাজার একত্রিশ টাকা)

(গ) মূর্তি নির্মাণের জন্য ভাস্করদের নিকট মডেল চাওয়া হয়। মডেলের সামগ্রিক উৎকর্ষ বিবেচনা করিয়া চূড়ান্তভাবে ভাস্কর নির্বাচন করা হয়।

বেদী (পেডেক্যাল) নির্মাণের জন্য প্রচলিত বিভাগীয় নিয়ম অনুসারে দরপত্র (টেন্ডার) আহ্বান করা হইয়া থাকে।

### বাঁকুড়া সিমলাপাল রাস্তার উপর তালডাংরার নিকট জয়পন্ডা নদীতে সেতু নির্মান

*৭৪১। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৯০।) শ্রী মোহিনীমোহন পন্ডা ঃ পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) বাঁকুড়া হইতে রাইপুর ভায়া সিমলাপান রাস্তার উপর তালডাংরার নিকট জয়পন্ডা নদীতে একটি সেতু নির্মানের কোন পরিকল্পনা সরকারের আছে কি;

(খ) থাকিলে উক্ত সেতু নির্মানের জন্য কত টাকা মঞ্জুর করা হয়েছে ; এবং

(গ) কবে নাগাত উক্ত সেতু নির্মানের কাজ শুরু হবে বলে আশা করা যায়?

**Minister-in-charge of Public Works Department :-**

(ক) না।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

### বসিরহাট - ন্যাজাট বাস রুটের রাস্তার সংস্কার

*৭৪২। (অনুমোদিত প্রশ্ন নং *৩০২৭।) শ্রী কুমুদরঞ্জন বিশ্বাস ঃ পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) ২৪ পরগনা জেলার বসিরহাট হইতে ন্যাজাট বাস রুটের রাস্তাটি সংস্কারের জন্য কোন্ সালে অনুমোদন লাভ করিয়াছিল;

(খ) উক্ত কাজের জন্য কত টাকা ধার্য করা হইয়াছে;

(গ) ঐ কাজের অগ্রগতি কি রূপ এবং কতদিনে শেষ হইবে ; এবং

(ঘ) বর্তমানে কতজন ঠিকাদার এই কাজ করিতেছেন?

**Minister-in-charge of Public Works Department :-**

(ক) আর্থিক সংগতি অনুযায়ী প্রয়োজনীয় মেরামতি ছাড়া রাস্তাটি সংস্কারের কোন পরিকল্পনা নাই।

(খ), (গ) ও (ঘ) —

প্রশ্ন উঠে না।

## Unstarred Questions

## (To which written answers were laid on the Table)

### জীবনদায়ী ঔষধের মূল্য

২৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ৩০।) শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ স্বাস্থ্য এ পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) ইহা কি সত্য যে, ন্যাশানাল ড্রাগস অ্যাণ্ড প্রাইস ডেভেলাপমেন্ট কাউন্সিলের সুপারিশ কার্যকর হলে জীবনদায়ী ঔষধের দাম বেড়ে যাবে;

(খ) সত্য হলে, কত ভাগ বাড়বে ; এবং

(গ) পৃথিবীর বিভিন্ন দেশে নিষিদ্ধ ও ক্ষতিকারক ঔষধগুলি এ রাজ্যে বিক্রয় নিষিদ্ধ করার জন্য রাজ্য সরকারের কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় :-**

(ক) কেন্দ্রীয় সরকার কর্তৃক ঐ কাউন্সিলে সুপারিশক্রমে কোন আদেশনামা জারি না হলে এই বিষয়ে মন্তব্য করা সম্ভব নয়।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) প্রচলিত আইনে কেন্দ্রীয় সরকারই কেবলমাত্র কোন ওষুধের প্রস্তুত এবং বিক্রয় নিষিদ্ধ করতে পারেন। রাজ্য সরকারের এ বিষয়ে পৃথক কোন ক্ষমতা নাই।

**করণদীঘি স্থানাস্থিত শ্রীপুর গ্রামে উপ-স্বাস্থ্যকেন্দ্র**

২৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ৮২।) **শ্রী সুরেশ সিংহ :** স্বাস্থ্য এ পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমদিনাজপুরের করণদীঘি থানান্তর্গত শ্রীপুর গ্রামে একটি উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, কোন সালে স্থাপিত হইয়াছিল এবং বর্তমানে কি অবস্থায় আছে ?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় :-**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

**কেঞ্জাকুড়া স্বাস্থ্যকেন্দ্রে বিদ্যুৎ সরবরাহ ও শয্যাসংখ্যা বৃদ্ধি**

২৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ৪০৮।) **শ্রী কাশীনাথ মিশ্র :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) বাঁকুড়া জেলার কেঞ্জাকুড়া স্বাস্থ্যকেন্দ্রে বিদ্যুৎ সরবরাহ করা হইয়াছে কি ;

(খ) না হইয়া থাকিলে, ইহার কারণ কি ; এবং

(গ) উক্ত স্বাস্থ্য কেন্দ্রটিতে শয্যাসংখ্যা বৃদ্ধির কোন পরিকল্পনা আছে কিনা ?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় :-**

(ক) ও (গ) না।

(খ) পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদের কাছ কোটেশান না পাওয়ায় বিদ্যুৎ সরবরাহ সম্ভব হয়নি।

### কামারপুকুর স্বাস্থ্যকেন্দ্রটিকে গ্রামীণ হাসপাতালে রূপান্তরকরণ

২৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ৪১৯।) **শ্রী শিবপ্রসাদ মালিক :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) গোঘাট থানার কামারপুকুর স্বাস্থ্যকেন্দ্রটিকে গ্রামীণ হাসপাতালে রূপান্তরিত করার কোন পরিকল্পনা সরকারেব আছে কিনা; এবং

(খ) থাকিলে কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় :-**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

### আরামবাগ মহকুমা হাসপাতাল

২৬০। (অনুমোদিত প্রশ্ন নং ৪৩৩।) **শ্রী শিবপ্রসাদ মালিক :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) ইহা কি সত্য যে, আরামবাগ মহকুমা হাসপাতালে শয্যাসংখ্যার অনুপাতে রোগীর সংখ্যা অনেক বেশী;

(খ) উক্ত হাসপাতালে ঔষধ ও পথ্যের অভাব হইতেছে;

(গ) উক্ত হাসপাতালে ২টি অ্যাম্বুলেন্স দীর্ঘদিন যাবৎ অকেজো হইয়া পড়িয়া আছে; এবং

(ঘ) সত্য হইলে, এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় :-**

(ক) হ্যাঁ।

(খ) ও (গ) না।

(ঘ) প্রশ্ন উঠে না।

### আরামবাগ মহকুমা হাসপাতালটিকে জেনারেল হাসপাতালে রূপান্তরকরণ

২৬১। (অনুমোদিত প্রশ্ন নং ৪৩৪।) **শ্রী শিবপ্রসাদ মালিক :** স্বাস্থ্য এ পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) আরামবাগ হমকুমা হাসপাতালটিকে জেনারেল হাসপাতালে রূপান্তরিত করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কতদিনে ইহা কার্যকর হইবে বলিয়া আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ-**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

**পশ্চিমবঙ্গে গ্রামীণ, প্রাথমিক ও সহায়ক স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা**

২৬২। (অনুমোদিত প্রশ্ন নং ৪৬৭।) **শ্রী মাধবেন্দু মোহান্ত ঃ** স্বাস্থ্য এ পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) পশ্চিমবঙ্গে গ্রামীণ, প্রাথমিক ও সহায়ক স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা কত;

(খ) নদীয়া জেলায় গ্রামীণ, প্রাথমিক এবং সহায়ক স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা কয়টি; এবং

(গ) কোন কোন স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার নেই।

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ-**

(ক) গ্রামীণ হাসপাতাল—২২টি, প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র — ৩৩৫টি, সহায়ক স্বাস্থকেন্দ্র — ৮১১টি।

(খ) গ্রামীণ হাসপাতাল — ২টি, প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র — ১৬টি, সহায়ক স্বাস্থ্যকেন্দ্র — ৫০টি।

(গ) নিম্নলিখিত সহায়ক স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ডাক্তার নেই—

নাথিডাঙ্গা, নগরুকরা, কমলপুর, চৌগাছা, শ্রীনগর, রামনগর, ভালুকা, নোয়াপাড়া, চকঘুর্নি, নাকাশিপাড়া, বাগচি, জামশেদপুর, বাগবেড়িয়া, হোজলঘাট, নন্দনপুর ও মাটিয়ারা।

**সিমেন্টের দফাওয়ারী দরবৃদ্ধি**

২৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ৪৮০।) **শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন, ১-১-১৯৮০ থেকে ৩১এ জানুয়ারি ১৯৮৫ পর্যন্ত টনপ্রতি সিমেন্টের দর ক' দফায় বাড়ানো হয়েছে?

**খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** ১-১-১৯৮০ থেকে ৩১এ জানুয়ারি ১৯৮৫ পর্যন্ত কেন্দ্রীয় সরকার মেঃ টন প্রতি লেভি সিমেন্টের দর আঠারো দফায় মেঃ টনপ্রতি দর ৪৪৪ টাকা ৫২ পয়সা হইতে ৯১৩ টাকা ৯৪ পয়সা করেছেন। অর্থাৎ উক্ত সময়ের মধ্যে দরবৃদ্ধির পরিমাণ মেঃ টনপ্রতি ৪৬৯ টাকা ৪২ পয়সা।

**মৎসবিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যার শিক্ষাক্রম**

২৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ৫৩৩।) **শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) স্নাতকোত্তর "মৎসবিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যা" শিক্ষাক্রম প্রবর্তনের বিষয়টি কবে নাগাত চালু হবার সম্ভাবনা আছে; এবং

(খ) উক্ত পাঠক্রম পশ্চিমবাংলার সমস্ত বিশ্ববিদ্যালয়ে চালু হবার সম্ভাবনা আছে কিনা?

**মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় ঃ-**

(ক) বিষয়টি বিবেচনাধীন। সেজন্য শিক্ষাক্রম প্রবর্তনের নির্দিষ্ট সময় এখন বলা সম্ভব নয়।

(খ) না। সমস্ত বিশ্ববিদ্যালয়ে ঐ পাঠক্রম চালু হবার সম্ভাবনা নেই।

### রানীগঞ্জ ও দুর্গাপুর অঞ্চলের [illegible] ইউনিটে ক্লোজার নোটিশ

২৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ৫৮১।) **শ্রী বামাপদ মুখার্জী ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) ইহা কি সত্য যে, রাণীগঞ্জ ও দুর্গাপুরে অবস্থিত দুটি রিফ্যাকটরিজ ইউনিটে কেন্দ্রীয় সরকার ক্লোজার নোটিশ দিয়েছেন;

(খ) সত্য হলে, উক্ত নোটিশ প্রত্যাহারের জন্য রাজ্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন; এবং

(গ) ক্ষতিগ্রস্ত শ্রমিক কর্মচারীদের সংখ্যা কত?

**শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় ঃ-**

(ক) বিধানসভার সদস্য শ্রী হারাধন রায় ও ইউনিটগুলির ট্রেড় ইউনিয়ন সূত্রে পাওয়া খবর থেকে মনে হয় কোম্পানী কেন্দ্রীয় সরকারের কাছে ক্লোজার নোটিশ দিয়েছেন।

(খ) রাজ্য সরকার বিষয়টি সঠিকভাবে বিবেচনা করার অনুরোধ জানিয়ে কেন্দ্রীয় সরকারকে চিঠি দিয়েছেন। তাতে বলা হয়েছে যে, ইউনিটগুলি বন্ধ না করে যাতে ঠিকমত চালানো যায় সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া দরকার। এখনও পর্যন্ত কেন্দ্রীয় সরকারের জবাব পাওয়া যায়নি।

(গ) ইউনিটগুলি বন্ধ হলে ক্ষতিগ্রস্ত শ্রমিকে সংখ্যা প্রায় ১,১৫০ হবে।

### বঙ্গোদয় কটন মিল

২৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ৫৯০।) **শ্রী গোপালকৃষ্ণ ভট্টাচার্য্য ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) ইহা কি সত্য যে, পাণিহাটিতে বঙ্গোদয় কটন মিলটি বন্ধ আছে;

(খ) সত্য হলে, ঐ কারখানাটি খোলার জন্য কোন ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে কিনা ; এবং

(গ) "খ" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হলে কবে নাগাত ঐ কারখানাটি খোলার সম্ভাবনা আছে?

**শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় ঃ-**

(ক) ও (খ) হ্যাঁ।

(গ) বলা সম্ভব নয়।

### ই এস আই কর্পোরেশন কর্তৃক রাজ্যবীমা বাবত আদায়

২৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ৬০৪।) **শ্রী গোপালকৃষ্ণ ভট্টাচার্য্য ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) পশ্চিমবঙ্গে ১৯৮৩ ও ১৯৮৪ সালে ই এস আই বাবত মোট কত টাকা ই এস আই কর্পোরেশান আদায় করেন;

(খ) উক্ত সময়ে ঐ টাকার কত অংশ পশ্চিমবাংলায় শ্রমিকদের জন্য খরচ করা হয় ; এবং

(গ) কি কি বাবত ঐ টাকা খরচ হয়?

**শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় ঃ-**

(ক) রাজ্য বীমা নিগম ১৯৮৩- ৮৪ এবং ১৯৮৪- ৮৫ আর্থিক বছরে যথাক্রমে মোট টাকা ২৯,৩২,৫১,৩৩৭.৩৭ পয়সা এবং টাকা ২৮,৮৩,৬০,৭০৮.৮৯ পয়সা আদায় করেন।

(খ) যথাক্রমে শতকরা ১০৫.৭৫ এবং শতকরা ১০৫.৩০ অংশ (যথাক্রমে টাকা ৩১,০১,২০,৯০৭.৯৩ পয়সা এবং টাকা ৩০,৩৬,৫৮,১৩৫.৬৪ পয়সা)।

(গ) বীমাকারী শ্রমিকদের চিকিৎসা ও বিবিধ অসুস্থতা ও অক্ষমতাজনিত কারণে নগদ আর্থিক সাহায্য বাবত ঐ টাকা খরচ হয়।

**ঔষধ প্রস্তুতকারক শিল্প**

২৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ৬০৭।) **শ্রী গোপালকৃষ্ণ ভট্টাচার্য্য ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) পশ্চিমবাংলায় মোট কতগুলি ঔষধ প্রস্তুতকারক শিল্প সংস্থা আছে;

(খ) উহার মধ্যে বড় ও ছোট কারখানার সংখ্যা কত;

(গ) বর্তমানে কতগুলি কারখানা বন্ধ আছে; এবং

(ঘ) ঐ শিল্পে নিযুক্ত শ্রমিক কর্মচারীর সংখ্যা কত?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ-**

(ক) পশ্চিমবাংলায় বর্তমানে মোট ২,১৯৮টি ঔষধ প্রস্তুকারক শিল্প আছে।

(খ) উহাদের মধ্যে মাত্র ২৩টি বড় সংস্থা, বাকি ২,১৭৫ টি ছোট সংস্থা।

(গ) ২০টি কারখানা বর্তমানে বন্ধ।

(ঘ) এ সম্বন্ধে পরিসংখ্যান স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগে রাখা হয় না।

**ল্যাম্পস্‌গুলিতে বনজ সম্পদ ব্যবসায়ের নিমিত্ত বিনিয়োগ**

২৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ৬৬০।) **শ্রী উপেন্দ্র কিস্কু ঃ** তফসিলী ও আদিবাসী মঙ্গল বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) ১৯৮১-৮২ এবং ১৯৮২-৮৩ আর্থিক বৎসরে ওয়েষ্ট বেঙ্গল ট্রাইবাল ডেভেলপমেন্ট কো-অপারেটিভ কর্পোরেশন বনজ সম্পদ ব্যবসায়ের জন্য বিভিন্ন ল্যাম্পস্‌গুলিতে কত টাকা বিনিয়োগ করেছিল;

(খ) ল্যাম্পসগুলি থেকে কত টাকা ফেরত এসেছে ; এবং

(গ) সংস্থার উক্তআর্থিক বৎসরে কোন লাভ হয়েছিল কিনা?

**তফসিলী ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় ঃ-**

(ক) ১৯৮১-৮২ সালে ৬৬,১৯,০০০ টাকা এবং ১৯৮২-৮৩ সালে ১,১৬,১১,০০০ টাকা।।

(খ) ১৯৮১-৮২ সালে ৫৯,০৪,৭২০ টাকা এবং ১৯৮২-৮৩ সালে ৬৪,৫২,৬৮৯ টাকা।

(গ) হাঁ। ১৯৮১-৮২ সালে ৪,৬৫,১৬৯ টাকা এবং ১৯৮২-৮৩ সালে ৯,৬৩,০১২ টাকা।

## সিনেমা কর্মচারীদের পে স্কেল

২৭০। (অনুমোদিত প্রশ্ন নং ৭০১।) **শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) ইহা কি সত্য যে, রাজ্যের সিনেমা হলের শ্রমিক কর্মচারীদের জন্য সরকার এক গ্রেড স্কেলের সুপারিশ করিয়াছেন; এবং

(খ) সত্য হলে, ৩১শে ডিসেম্বর, ১৯৮৪ সাল পর্যন্ত মোট কতগুলি সিনেমাহলে উক্ত গ্রেড চালু করা হইয়াছে?

**শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় ঃ-**

(ক) অতিরিক্ত শ্রম কমিশনার সিনেমা কর্মচারীদের জন্য পে স্কেলের সুপারিশ ১৯৮২ সালে করেন।

(খ) ২০৭ টি সিনেমা হল ও ১৪ জন ডিস্ট্রিবিউটার এ স্কেল চালু করেছেন।

## মেমারিতে অবস্থিত হিমঘর

২৭১। (অনুমোদিত প্রশ্ন নং ৭৭৬।) **শ্রী কাশীনাথ মিশ্র ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) ইহা কি সত্য, বর্ধমান জেলার মেমারিতে অবস্থিত হিমঘরগুলির বন্ধ হবার আশা দেখা দিয়াছে;

(খ) সত্য হইলে, ইহার কারন কি; এবং

(গ) হিমঘরগুলিতে নিযুক্ত শ্রমিক ও ঠিকা শ্রমিকদের কোন দাবিদাওয়া আছে কিনা

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ-** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) হিমঘরের মালিক কর্তৃক সরাসরি ভাবে নিযুক্ত শ্রমিকদের বর্তমানে কোন দাবিদাওয়া নাই। বাদবাকি শ্রমিকরা ঠিকা শ্রমিক তারা ৮ ঘন্টা কাজ, রেট বৃদ্ধি, রান্নার জন্য আরও অতিরিক্ত কয়লা, খাবারের জন্য অতিরিক্ত আলু সরবরাহের দাবি করেছে।

## মেডিকেল কলেজ হাসপাতালের নার্সিং মেসের অডিট রিপোর্ট

২৭২। (অনুমোদিত প্রশ্ন নং ৮০৫।) **শ্রী অরুণকুমার গোস্বামী ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) ইহা কি সত্য, যে গত জানুয়ারী ১৯৮৫ তে মেডিকেল কলেজ হাসপাতালে যে অডিট পার্টি আসিয়াছিলেন তারা উক্ত হাসপাতালের নার্সিং মেসে অনেক খরচের কথা উল্লেখ করিয়া কোন রিপোর্ট দিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, উক্ত বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :-** (ক) অডিট পার্টির কোন রিপোর্ট পাওয়া যায় নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

**মেডিকেল কলেজে চেস্ট ডিপার্টমেন্টে টি বি বেড**

২৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ৮৬৪।) **শ্রী অরুন কুমার গোস্বামী :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) ইহা কি সত্য যে, মেডিক্যাল কলেজ হাসপাতালে গত ২ বৎসর ধরে চেস্ট ডিপার্টমেন্টে ২৫টা টি বি বেডে টি বি রোগী ভর্তি বন্ধ করে দেওয়া হয়েছে; এবং

(খ) সত্য হলে কারণ কি?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :-** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**উলুবেড়িয়া মহকুমা হাসপাতালের রেডিওলজিস্ট**

২৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ৮৯৬।) **শ্রী রবীন্দ্র ঘোষ :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভাবপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) ইহা কি সত্য, উলুবেড়িয়া মহকুমা হাসপাতালের এক্স-রে বিভাগে কোন রেডিওলজিস্ট নাই; এবং

(খ) সত্য হইলে উক্ত চিকিৎসক নিয়োগের বিষয়ে কি ব্যবস্থা করিতেছেন?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :-** (ক) হ্যাঁ।

(ক) রেডিওলজিস্ট নিয়োগের চেষ্টা হচ্ছে।

**কৃষ্ণনগর পৌর এলাকায় ব্যক্তিগত রেশনকার্ড**

২৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ৯৫৬।) **শ্রী সাধন চট্টোপাধ্যায় :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) নদীয়া জেলার কৃষ্ণনগর পৌরএলাকায় ব্যক্তিগত রেশনকার্ড বিলি করা হইয়াছে কি; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে এ পর্যন্ত কতজনকে ব্যক্তিগত রেশনকার্ড দেওয়া হইয়াছে?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :-** (ক) ব্যক্তিগত রেশনকার্ডগুলির লেখার কাজ শেষ হইয়াছে। তবে এখনও বিলির কাজ আরম্ভ হয় নাই।

(খ) এ প্রশ্ন ওঠে না।

**কাঁথির ব[illegible] হাসপাতালের বৈদ্যুতিকরণ**

২৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ৯৬৯।) **শ্রীশিশির অধিকারী :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) কাঁথির বড়বাসতলিয়া হাসপাতালে বৈদ্যুতিকরণের কার্য শেষ হইয়াছে কি; এবং

(খ) উক্ত হাসপাতালে বিদ্যুৎ সরবরাহ কবে নাগাত হইবে?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :-** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রে অ্যাম্বুলেন্সের সংখ্যা**

২৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ৯৯৬।) **ডাঃ মোতাহার হোসেন :** স্বাস্থ্য ও পরিবারকল্যান বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রের জন্য মোট কতগুলি অ্যাম্বুলেন্সের প্রয়োজন;

(খ) ১৯৮৪ সালের ১ লা এপ্রিল ও ১৯৮৫ সালের ১ লা জানুয়ারীতে মোট কতগুলি অ্যাম্বুলেন্স ছিল; এবং

(গ) ঐ তারিখগুলিতে কতগুলি অ্যাম্বুলেন্স চালু অবস্থায় ছিল?

**স্বাস্থ্য ও পরিবার [illegible] ভারপ্রাপ্ত মন্ত্রী :-** (ক) অ্যাম্বুলেন্স বন্টনের বর্তমান রীতি অনুযায়ী ১৮৮ (এক শত অষ্টাশি)

(খ) ১৮৭ (এক শত সাতাশি)।

(গ) ১৫৭ ( এক শত সাতান্ন )।

**তফসিলি জাতি ও আদিবাসি প্রার্থীর জন্য [illegible] পরীক্ষার প্রশিক্ষণকেন্দ্র**

২৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ১০০১।) **শ্রী ব্রজগোপাল নিয়োগী :** তফসিলি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) শিক্ষাপ্রাপ্ত তফসিলি জাতি ও আদিবাসী প্রার্থীর জন্য প্রতিযোগীতামূলক পরীক্ষার মাধ্যমে চাকুরীর কোন প্রশিক্ষণ কেন্দ্র চালু করেছেন কি; এবং

(খ) করে থাকলে, উক্ত সম্প্রদায়ভুক্ত কতজন ব্যাক্তি উক্ত কেন্দ্রে প্রশিক্ষণ পেয়ে থাকেন?

**তফসিলি ও আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :-** (ক) হ্যাঁ।

(খ) চারটি কেন্দ্রে মোট ২৩০ জন পর্যন্ত তফসিলি জাতি ও আদিবাসী ব্যক্তি পেয়ে থাকেন।

## Employment Created in organised sectors compared to the increase of register unemployed

**279.** (Admitted question No. 1013) **Shri Somendra Nath Mitra :** Will the Minister-in-Charge Labour and Employment

Department be pleased to state –

(a) What was the (i) rate of increase in the total employment in the organised sector in West Bengal as compared to the registered unemployed, and (ii) rate of increase in the number of registered unemployed job seekers in West Bengal during the period between July, 1977 to December, 1984; and

(b) The reasons for substantial variations, if any?

**Minister in Charge of Labour Department :** (a) and (b) Statisical information for the period between 30-6-1977 (up to 31st December, 1983) are furnished below :

(i) 1.26 %

(ii) 207.65%

The two sets of figures on two distinctly separated interms referred to in the question do not same to be comparable. However, with the reorientation of Employment Exchanges as a neutral channel for provision of suitable persons for employment there has been a significant rise in the number of registered unemployed job seekers in West Bengal Since 1978.

There is a declining trend in the placement through Employment Exchanges every year. This is mainly due to fact that Central Government Extablishment/Undertakings such as, Railways. Nationalised Banks, etc. recruit personel not through employment Exchanges but through constituted Recruitment Board/Service Commission. Intake in private sector through Employment Exchanges has also sharply declined in recent years.

It should also be kept in mind that the managemeht of organised sectors including Central Government Undertakings, and other institutions coming Under the Union Government directly/indeirctly often do not feed back the Employment Exchanges with informations about the recruitments made. As such it is very difficult to know the actual position of increase in employment in these sectors.

**ব মালিকানাধীন পুষ্করিণী ও জলাশয়**

২৮০। (অনুমোদিত প্রশ্ন নং ১০৩০।) **শ্রী বিভূতিভূষণ দে** : মৎস বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) জনস্বার্থে অপরিস্কৃত শরিকী পুষ্করিণী অধিগ্রহণ করে মৎস্য চাষ এবং জল ব্যবহারযোগ্য করার কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, কবে নাগাত ঐ পরিকল্পনা কার্যকরী করা হবে?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী**:- (ক) বহুমালিকানাধীন কিংবা অন্য কোনও জলাশয়ে উপযুক্ত রূপে মৎস্য চাষ করা না হইলে ঐ জলাশয়ের পরিচালন ও নিয়ন্ত্রণভার গ্রহণ করিবার জন্য আইনে ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে।

(খ) যথা শীঘ্র সম্ভব ঐ ব্যবস্থা কার্যকরী করার চেষ্টা করা হইতেছে।

**লাইসেন্সবিহীন হাস্কিং মিল**

২৮১। (অনুমোদিত প্রশ্ন নং ১০৪৮।) **শ্রী শ্রীধর মালিক** : খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) রাজ্যে অনুমোদন ছাড়া কতগুলি হাস্কিং মিল চলিতেছে;

(খ) অনুমোদন ছাড়া এগুলি কিভাবে চলিতেছে; এবং

(গ) এগুলির সরকারী অনুমোদন লাভের কোন সম্ভবনা আছে কি?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী**:- (ক) রাজ্যে ৭,৫৬৫ টি হাস্কিং মিল অনুমোদন ছাড়া চলিতেছে।

(খ) লাইসেন্স বিহীন হাস্কিং মিলগুলির অধিকাংশই মহামান্য কলিকাতা হাইকোর্টের ইনজাংশন বলে চালান হইতেছে। অন্যান্য কোর্টেও কিছু মামলা বিচারাধীন রহিয়াছে। কয়েকটি ক্ষেত্রে জেলাপুলিসের এনফোর্সমেন্ট শাখা দিয়া তদন্ত করানো হইয়েছে।

(গ) ১৯৫৮ সালের 'রাইস মিলিং অ্যাক্ট' অনুসারে যথাসম্ভব উদারভাবে লাইসেন্স মঞ্জুর করিবার সরকারী আদেশ দেওয়া আছে। তবে মহামান্য হাইকোর্টের কিছু কিছু নিষেধাজ্ঞা ও কিছু মামলা বিবেচনাধীন থাকায় লাইসেন্স মঞ্জুর করার কাজ ত্বরান্বিত করা যাইতেছে না।

**এগরা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র**

২৮২। (অনুমোদিত প্রশ্ন নং ১১১৯।) **শ্রী প্রবোধ চন্দ্র সিনহা** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) মেদিনীপুর জেলার এগরা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটিকে গ্রামীণ হাসপাতালে রূপান্তরকরণের জন্য কোন সিদ্ধান্ত গৃহীত হয়েছে কি; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, উক্ত হাসপাতালের গৃহাদি নির্মানের এবং মেরামতির কোন সিদ্ধান্ত নেওয়া হয়েছে কি?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ-** (ক) ও (খ) হ্যাঁ।

**বাঁকুড়াজেলার বানজোড়া গ্রাম পঞ্চায়েত এলাকার উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপন**

২৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ১২৫২।) **শ্রী নবনী বাউরী ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) বাঁকুড়া জেলার মেজিয়া থানার বানজোড়া গ্রাম পঞ্চায়েত এলাকায় কোন উপ-স্বাস্থ্য কেন্দ্র স্থাপন করার পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, কতদিনের মধ্যে উক্ত উপ-স্বাস্থ্যকেন্দ্রটিকরা হইবে বলিয়া আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ-** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**মঠের দীঘি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র**

২৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৩২।) **শ্রী সুভাষ নস্কর ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) ইহা কি সত্য, ২৪ পরগনা জেলার মঠের দীঘি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার এবং নার্সের অভাবে অন্তর্বিভাগ চালু করা যাচ্ছে না;

(খ) উক্ত বিভাগ চালু করার জন্য ইতিমধ্যে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি; এবং

(গ) 'খ' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, কি কি ব্যবস্থা করা হচ্ছে এবং কবে নাগাত উক্ত বিভাগগুলি চালু হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ-** (ক) হ্যাঁ।

(খ) চেষ্টা হচ্ছে।

(গ) প্রাথমিক অসুবিধাগুলি দূর করে অন্তর্বিভাগ চালু করার চেষ্টা হচ্ছে এবং শীঘ্রই চালু করা যাবে বলে আশা করা হচ্ছে।

**সবং ব্লকে মোহাড় উপ-স্বাস্থ্যকেন্দ্রের দেওয়ালে ভাঙন**

২৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৭৯।) ডাঃ মানস ভূঁইয়া ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) ইহা কি সত্য, মেদিনীপুর জেলার সবং ব্লকে মোহাড় উপ-স্বাস্থ্যকেন্দ্রটির দেওয়ালে ভাঙন দেখা দিয়াছে; এবং

(খ) সত্য হইলে, উহা মেরামতের জন্য কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ-** (ক) সত্য।

(খ) এই ব্যাপারে একটি পরিকল্পনা সংশ্লিষ্ট বিভাগের নিকট চাওয়া হইয়াছে।

**রামকৃষ্ণ সেবাপ্রতিষ্ঠান মারফৎ ট্রেনিং প্রাপ্তা সেবিকা**

২৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৪৫।) **ডাঃ মানস ভুঁইয়া ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণবিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) ১৯৮৪ সালে কতজন সেবিকা রামকৃষ্ণ সেবাপ্রতিষ্ঠান থেকে ট্রেনিং সম্পূর্ন করে পাশ করেছেন;

(খ) উক্ত সেবিকারা সরকারী হাসপাতালে চাকুরী পেয়েছেন কি; এবং

(গ) না পেয়ে থাকলে, কতদিনের মধ্যে তারা সরকারী হাসপাতালে চাকুরী পাবেন?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ-** (ক) জি এন এম (স্টাফ্ নার্স) ৪৬ জন এবং (২) এ এন এম (বহুমুখী স্বাস্থ্য প্রকল্প কর্মী) ৫৪ জন মোট ১১০ জন।

(খ)(১) কিছু জি এন এম এখনও চাকুরী পান নাই এবং (২) সব এ এন এম কে চাকুরী দেওয়া হয়েছে।

(গ) মহামান্য আদালতের নির্দেশে জি এন এম দের চাকুরী দেওয়া বর্তমানে স্থগিত আছে।

**বারাসাত হাসপাতালের ই সি জি মেসিন**

২৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৫২২।) **শ্রী সরল দেব ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) ইহা কি সত্য যে, বারাসাত হাসপাতালের ই সি জি মেসিনটি অধিকাংশ সময় খারাপ থাকে; এবং

(খ) সত্য হইলে, সরকার এ সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ-** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**সোনামুখীতে গ্রামীণ হাসপাতাল নির্মাণের পরিকল্পনা**

২৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৭০১।) **শ্রী সুখেন্দু খাঁ ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) বাঁকুড়া জেলার সোনামুখীতে গ্রামীণ হাসপাতাল নির্মাণ করার কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা; এবং

(খ) থাকলে, উক্ত পরিকল্পনা কার্যকরী করার জন্য কি কি ব্যবস্থা নিয়েছেন এবং কবে নাগাত উক্ত পরিকল্পনার কাজ শুরু হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ-** (ক) আছে।

(খ) পরিকল্পনাটি কার্যকরী করার জন্য একটি সংশোধিত প্রকৃকলন পাওয়া গেছে সেটি পরীক্ষা করে দেখা হচ্ছে। কবে নাগাত কাজ শুরু হবে তা বলা সম্ভব নয়।

**উত্তরবাংলার ক্যানসার হাসপাতাল স্থাপনের পরিকল্পনা**

২৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৭০৫।) **শ্রীদীপক সেনগুপ্ত ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের

মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) উত্তর বাংলার জেলাগুলিতে ক্যানসার চিকিৎসার জন্য হাসপাতাল খোলার কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা; এবং

(খ) উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ক্যানসার চিকিৎসার জন্য কোন বাড়ি তৈরী হয়েছিল কিনা?

**স্বাস্থ্য ও পরিবার কল্যান বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ-** (ক) বর্তমানে এরূপ কোন পরিকল্পনা রাজ্য সরকারের নেই।

(খ) উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ক্যানসার চিকিৎসার জন্য ক্যানসার গবেষণা প্রতিষ্ঠানের (ইনস্টিটিউট অব ক্যানসার রিসার্চ) বাড়ির একাংশ তৈরী করা হয়েছে।

### সরকারপুল মানসিক হাসপাতাল

২৯০। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৩১।) **শ্রী নিরঞ্জন মুখার্জী ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) বেহালা থানার অন্তর্গত গোপালপুর অঞ্চলের সরকারপুল মানসিক হাসপাতালটিসরকার কর্তৃক অধিগ্রহণের কোন পরিকল্পনা আছে কি; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, কবে নাগাত তাহা কার্যকরী করা সম্ভব হবে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ-** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

### পুরুলিয়া সদর হাসপাতাল

২৯১। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৩২।) **শ্রী নটবর বাগদী ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) পুরুলিয়া জেলার সদর হাসপাতালে শয্যা সংখ্যা কত; এবং

(খ) উক্ত সংখ্যা বাড়ানোর কোন পরিকল্পনা আছে কি?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ-** (ক) ৩৫০ টি শয্যা।

(খ) হ্যাঁ।

### জঙ্গীপুর মহকুমা হাসপাতালে টি বি ওয়ার্ড চালুকরণ

২৯২। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৬৫।) **শ্রী আবুল হাসনাৎ খান ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) জঙ্গীপুর মহকুমা হাসপাতালে টি বি ওয়ার্ড চালু করার কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, কতগুলি বেড ও কবে নাগাত চালু করা সম্ভব হইবে বলিয়া আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :-** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**এস এফ ডি সিতে শিক্ষানবীশ নিয়োগ**

২৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৯১৮।) **শ্রী সরল দেব :** মৎস্য বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) ১৯৮১ সালের ১ লা জানুয়ারী হইতে ১৯৮৫ সালের ৩১ শে জানুয়ারী পর্যন্ত এস এফ ডি সিতে কতজন শিক্ষানবীশ নিয়োগ করা হইয়াছে; এবং

(খ) তাহাদের স্থায়ীভাবে নিয়োগ করার কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :-** (ক) ৩৫৯।

(খ) না, তবে কর্পোরেশনের আর্থিক অবস্থা পর্যালোচনা করে পর্যায়ক্রমে কর্মীদের নিয়মিত করণের একটি প্রস্তাব এস এফ ডি সির বিবেচনাধীন আছে।

**লোকনাথপুর উচ্চবিদ্যালয়ে ছাত্রাবাসের জন্য অর্থ মঞ্জুর**

২৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৯২৭।) **শ্রী যোগেন্দ্রনাথ সিংহরায় :** তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) ইহা কি সত্য যে, ১৯৮৫ সালে জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ার মহকুমার " লোকনাথপুর উচ্চবিদ্যালয়" কর্তৃপক্ষ বিদ্যালয়টিতে ছাত্রাবাস খোলার জন্য তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ দপ্তর হইতে ৬০,০০০.০০ টাকা লইয়াছে;

(খ) সত্য হইলে, (১) বিদ্যালয়টির ছাত্রাবাস নির্মাণকার্য সমাধা হইয়াছে কিনা;

(২) না হইলে ইহার কারণ কি;

(৩) ছাত্রাবাসটি চালু করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**তফসিলি জাতি ও আদিবাসীকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :-** (ক) সত্য নহে। তবে ১৯৭৭ সালে জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ার মহকুমার লোকনাথপুর জুনিয়ার হাইস্কুল কর্তৃপক্ষ বিদ্যালয়টিতে উপজাতি ছাত্রদের জন্য আশ্রম ছাত্রাবাস খোলার জন্য এই দপ্তর হইতে ২৫ হাজার টাকা লইয়াছে।

(খ) (১) না।

(২) বিদ্যালয় কর্তৃপক্ষ দুই বৎসরের মধ্যে নির্মাণকার্য শুরু করিতে না পারায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

(৩) প্রশ্ন ওঠে না।

**হাওড়ার ঘুসুড়ীতে বিড়লা ইন্ডিয়ান লিনোলিয়াম কোম্পানী**

২৯৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৭৮।) **শ্রীকামাখ্যা চরণ ঘোষ :** শ্রম বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) ইহা কি সত্য ১৯৮২ সালের জুলাই মাসে হাওড়ার ঘুসুড়ীতে বিড়লার ইন্ডিয়ান লিনোলিয়াম কোম্পানীর ভিক্টোরিয়া ডিভিসনের সুতাকলটি ক্লোজার করা হয়েছে;

(খ) সত্য হইলে এজন্য রাজ্য সরকারের কাছে শ্রম বিরোধ আইন অনুসারে দরখাস্ত করা হয়েছিল কি; এবং

(গ) অনুমতি না নিয়ে থাকলে এ সম্পর্কে সরকার ঐ মালিকদের বিরুদ্ধে কি ব্যবস্থা অবলম্বন করেছেন?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) হ্যাঁ।

(খ) না।

(গ) অনুমতি নেওয়ার প্রশ্ন ওঠে না কারণ সুপ্রীম কোর্ট শ্রম বিরোধ আইনের ২৫ (৩) ধারাকে সংবিধান বিরোধী বলে নাকচ করে দিয়েছিলেন এবং এ বিষয়ে পরে যে আইন হয়েছে, তা তখন বলবৎ ছিল না।

**কেশোরাম কটন মিলে লক আউট**

২৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৮১।) **শ্রী কামাখ্যা চরণ ঘোষ :** শ্রম বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) ইহা কি সত্য ৬-১২-৮১ থেকে ২৮-৬-৮২ পর্যন্ত গার্ডেনরীচে অবস্থিত কেশোরাম কটন মিলে বে-আইনী লক-আউট ঘোষনা করা হয়েছিল; এবং

(খ) সত্য হলে এ সম্পর্কে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :-** (ক) আংশিকভাবে সত্য। লক-আউট হয়েছিল ৬-১২-৮১ থেকে ২০-৫-৮২ পর্যন্ত। লকআউট বে-আইনী হয়েছিল কিনা বলা যাচ্ছে না। আবার ২০-৫-৮২ থেকে ২৮-৬-৮২ পর্যন্ত ধর্মঘট হয়েছিল।

(খ) লক-আউটের জন্য ৬-১২-৮১ থেকে ২০-৫-৮২ পর্যন্ত এবং ধর্মঘটের জন্য ২০-৫-৮২ থেকে ২৮-৬-৮২ পর্যন্ত অর্থাৎ সাকুল্যে ৬-১২-৮১ থেকে২৮-৬-৮২ পর্যন্ত যে সময় কাজ বন্ধ ছিল সেই সময়ের জন্য শ্রমিকগণ বেতন পাওয়ার অধিকারী কিনা তা বিচারের জন্য বিরোধটি শিল্পবিরোধ আইনের ১০ ধারা বলে শিল্পন্যায়পীঠে পাঠান হয়েছে।

**বাঁকুড়া জেলার খুচরা কয়লার বিক্রয়মূল্য**

২৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ২০২৭।) **শ্রী শান্তিরাম মাহাতো এবং শ্রী কাশীনাথ মিশ্র :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) (১) ইহা কি সত্য বাঁকুড়া জেলাতে সরকার ঘোষিত ৪২ টাকা কুইন্টাল দরে খুচরা কয়লা বিক্রী হইতেছে না, (২) সত্য হইলে ইহার কারণ কি; এবং

(খ) বাঁকুড়া জেলাতে বর্তমানে মাসিক কত পরিমাণ কয়লা সরবরাহ করা হয়?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :-** (ক) (১) ও (২) বাঁকুড়া জেলাতে সরকার নির্ধারিত মূল্যের চেয়ে বেশী দামে কয়লা বিক্রীর খবর এই দপ্তরের গোচরে আসে নাই।

(খ) রাজ্যভিত্তিক কেন্দ্রীয় সংস্থা কোল ইন্ডিয়া লিমিটেড কর্তৃক কয়লা বরাদ্দের তারতম্য অনুসারে জেলাগুলির বরাদ্দেরও হেরফের ঘটে। গত ছয়মাসে বাঁকুড়া জেলায় কয়লার সরবরাহের পরিমাণ নিম্নরূপ—

| মাস | সরবরাহ মেঃ টন |
|---|---|
| সেপ্টেম্বর ১৯৮৪ | ১,১৭৩ |
| অক্টোবর ১৯৮৪ | ১,৪৬৯ |
| নভেম্বর ১৯৮৪ | ১,৬০৮ |
| ডিসেম্বর ১৯৮৪ | ১,৪৯০ |
| জানুয়ারী ১৯৮৫ | ১,৭২৯ |
| ফেব্রুয়ারী ১৯৮৫ | ৩,২২৯ |
| মার্চ ১৯৮৫ | এখনও জানা যায়নি। |

**মেদিনীপুর জেলায় তফসিলি ও আদিবাসী ছাত্র-ছাত্রীদের হোস্টেল গ্রান্ট**

২৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ২০৫৭।) **শ্রী অনাদি মল্লা ঃ** তফসিলি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) মেদিনীপুর জেলার তফসিলি জাতি ও আদিবাসী ছাত্র ও ছাত্রীদের হোস্টেলের খরচ বাবদ মাথাপিছু কত টাকা দেওয়া হয়;

(খ) উক্ত জেলায় তফসিলী জাতি ও আদিবাসীদের জন্য কতগুলি হোস্টেল আছে?

**তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ-** (ক) তফসিলি জাতি ও আদিবাসী ছাত্র-ছাত্রীদের ছাত্রাবাসের থাকার জন্য মাসিক ৭৫ টাকা হিসাবে দেওয়া হয়ে থাকে।

(খ) উক্ত জেলায় তফসিলি জাতি ও আদিবাসী ছাত্র-ছাত্রী থাকে এরূপ হোস্টেলের সংখ্যা ৫০৯ টি।

**গোসাবা ব্লকে এম আর ও কেরোসিন ডিলার**

২৯৯। (অনুমোদিত প্রশ্ন নং ২২৪৯।) **শ্রী গণেশচন্দ্র মন্ডল ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) গোসাবা ব্লকে কতগুলি এম আর ডিলার ও কেরোসিন তেল ডিলারের স্থান খালি আছে;

(খ) উক্ত বিষয়ে কতগুলি আবেদন পত্র জমা পড়েছে, এবং

(গ) কবে নাগাত উক্ত ডিলারগণ নিয়োগ পাবেন?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ-** (ক) উক্ত ব্লকে এম আর ডিলার পদের জন্য চারটি এবং কেরোসিন তেল ডিলার পদের জন্য পাঁচটি স্থান খালি আছে।

(খ) এম আর ডিলার পদের জন্য ১৫টি এবং কেরোসিন তেল ডিলার পদের জন্য ১১ টি আবেদন

পত্র জমা পড়েছে।

(গ) পঞ্চায়েত সমিতি কর্তৃক মনোনয়নের সুপারিশ পাওয়ার পর দু'মাসের মধ্যে নিয়োগপত্র দেওয়া হবে।

**আরামবাগ মহকুমা হাসপাতাল**

৩০০। (অনুমোদিত প্রশ্ন নং ২২৬৪।) **শ্রী আবদুল মান্নান** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) আরামবাগ মহকুমা হাসপাতালটি ত্রিতল করার কোন্ পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উহা বাস্তবায়িত হইবে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :-** (ক) হ্যাঁ।

(খ) সঠিক বলা সম্ভব নয়।

**মশক বিনাশের জন্য ব্যবস্থা**

৩০১। (অনুমোদিত প্রশ্ন নং ২২৮৯।) **শ্রী দীপেন্দ্র বর্মণ** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মশক বিনাশের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :-** (ক) শুধুমাত্র মশক বিনাশের জন্য সরকারের কোন পরিকল্পনা নাই।

**ক্ষেতমজুরদের নিম্নতম মজুরী**

৩০২। (অনুমোদিত প্রশ্ন নং ২২৯৪।) **শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া** : শ্রম বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) ক্ষেতমজুরদের নিম্নতম মজুরী নির্ধারণের সময় কি কি বিষয়ে বিবেচনা করা হয়; এবং

(খ) এই নিম্নতম মজুরী পাওয়ার ক্ষেত্রে সরকারের দিক হইতে কি কি পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :-** (ক) নিম্নতম মজুরী আইনের ৫(১)(খ) ধারা মোতাবেক পারিবারিক ব্যয় অনুসন্ধান করিয়া ২ জন প্রাপ্তবয়স্ক ও দুইজন অপ্রাপ্তবয়স্ককে নিয়ে একটি পরিবার ধরে, প্রত্যেক বয়স্কের জন্য ২২০০ ক্যালোরিক খাদ্য গুণযুক্ত দৈনিক খাদ্য, পরিবার প্রতি বাৎসরিক ৭২ গজ পরিধেয় বস্ত্র, মজুরীর শতকরা ৫ ভাগ বাড়ীভাড়া (ন্যূনপক্ষে ১৫ টাকা) এবং জ্বালানী, আলো ও অন্যান্য বিবিধ খরচের জন্য মজুরীর শতকরা ২০ ভাগ হিসাবে ধরিয়া ক্ষেতমজুরদের নিম্নতম মজুরি নির্ধারণ করা হয়।

(খ) পশ্চিমবঙ্গের প্রায় প্রতি ব্লকে একজন করে নিম্নতম মজুরি পরিদর্শক, নিম্নতম মজুরী দেওয়া তদারকিরির জন্য নিযুক্ত আছেন এবং তাঁদের কাজের নজরদারীর জন্য মোট ৩০ জন সহকারী শ্রম অধিকর্তা, মহকুমা ও জেলাগুলিতে নিযুক্ত আছেন। নিম্নতম মজুরী পরিদর্শকরা ক্ষেতমজুর নিয়োগকারী কৃষকদের প্রতিষ্ঠানগুলি পরিদর্শন করে যাতে ক্ষেতমজুররা আইনানুগ নিম্নতম মজুরী পায় তার জন্য ব্যবস্থা গ্রহণ করে থাকেন এবং প্রয়োজনে আইনভঙ্গকারী নিয়োগকারীর বিরুদ্ধে মোকদ্দমা রুজু করে আইনানুগ মজুরী দেবার ব্যবস্থা করেন।

**পুরুলিয়া জেলায় তফসিলি জাতি ও আদিবাসী ছাত্র-ছাত্রীদের ছাত্রাবাসের ব্যয়**

৩০৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৫০৪।) **শ্রী সুধাংশুশেখর মাঝি :** তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) ১৯৮৩-৮৪ সালের ডিসেম্বর মাস পর্যন্ত পুরুলিয়া জেলার তপসিলি জাতি ও উপজাতি ছাত্র-ছাত্রীদের থাকার জন্য কত টাকা ব্যয় করা হইয়াছে; এবং

(খ) উক্ত সময়ে মোট কতজন তফসিলী জাতি উপজাতি ছাত্র-ছাত্রী উপকৃত হইয়াছে?

**তফসিলি জাতি ও আদিবাসী মঙ্গল বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :-** (ক) ১৯৮৩-৮৪ সালের ডিসেম্বর মাস পর্য্যন্ত পুরুলিয়া জেলার তফসিলী জাতি ও উপজাতি ছাত্র-ছাত্রীদের ছাত্রাবাসে থাকার জন্য মোট ৪১,৮৬,৭৬৫ টাকা ব্যয় করা হইয়াছে।

(খ) উক্ত সময়ে মোট ৫,৭৮৪ জন ছাত্র-ছাত্রী উপকৃত হইয়াছে।

**পুরুলিয়া জেলার লক্ষ্মনপুরে তফসিলি জাতি ও আদিবাসী ছাত্রীদের ভরণপোষণ ভাতা**

৩০৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৫০৫।) **শ্রী সুধাংশুশেখর মাঝি :** তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) পুরুলিয়া জেলার লক্ষ্মণপুরে তফসিলি জাতি ও আদিবাসী ছাত্রীদের ভরণপোষণ ভাতা হিসাবে মাথাপিছু কত টাকা দেওয়া হয়; এবং

(খ) বর্তমানে ঐ ছাত্রীনিবাসে মোট কতজন ছাত্রী থাকেন?

**তফসিলি জাতি ও আদিবাসী মঙ্গল বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :-** (ক) মাথাপিছু মাসিক ৭৫ টাকা হিসাবে বছরে ৯ শত টাকা।

(খ) ৬৪ জন।

**পুরুলিয়া জেলায় রেজিষ্ট্রিভুক্ত বেকার**

৩০৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৫০৬।) **শ্রী সুধাংশুশেখর মাঝি :** শ্রম বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) ১৯৮৪ সালের ডিসেম্বর মাস পর্যন্ত পুরুলিয়া জেলার এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ এ রেজিস্ট্রিভুক্ত বেকারের সংখ্যা কত; এবং

(খ) উক্ত জেলায় গত ৫ বছরে কতজন রেজিস্ট্রিকৃত বেকার চাকুরী পাইয়াছেন?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :-** (ক) প্রায় ১,১৪,১৫৩ জন।

(খ) প্রায় ১,৬১৬ জন।

**চা শ্রমিকদের জন্য হাসিতে হোম**

৩০৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৫২১।) **শ্রী মনোহর তিরকী :** শ্রম বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) পশ্চিমবঙ্গে চা-শ্রমিকদের জন্য কয়টি হলিডে হোম আছে ;

(খ) প্রতিটি হলিডে হোমে বৎসরে গড়ে কতজন চা-শ্রমিক থাকেন; এবং

(গ) হোমগুলির রক্ষণাবেক্ষণের জন্য বৎসরে কি পরিমাণ অর্থ ব্যয় হয়?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ-** (ক) চা - বাগিচা শ্রমিকদের জন্য আলাদাভাবে কোন হলিডে হোম নেই। তবে চা-শ্রমিক সহ পশ্চিমবঙ্গের সমস্ত শিল্পে নিযুক্ত শ্রমিকবর্গের জন্য পশ্চিমবঙ্গ শ্রমিক কল্যাণ পর্ষদের পরিচালনাধীনে দার্জিলিং ও দীঘায় দুইটি হলিডে হোম রয়েছে।

(খ) এই পরিসংখ্যান রাখা হয় না।

(গ) কর্মীদের বেতন ও অন্যান্য সব খরচ মিলিয়ে উক্ত হলিডে হোম দুইটির জন্য ১৯৮৪-৮৫ সালে প্রাথমিক হিসাবে মোট ১,৪৫,০০০ টাকা ব্যয় হয়েছে ।

**নির্মাণশিল্পে নিযুক্ত শ্রমিকদের জন্য আইন**

৩০৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৭০।) **শ্রী আবুল হাসনাৎ খান এবং শ্রী বীরেন্দ্র নারায়ণ রায় ঃ** শ্রম বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) পশ্চিমবাংলায় নির্মাণশিল্পে নিযুক্ত শ্রমিকদের জন্য কোন সার্বিক আইন আছে কি;

(খ) থাকিলে , উক্ত আইনটি কি ; এবং

(গ) না থাকিলে, উক্ত আইন প্রণয়নের উদ্যোগে গ্রহণ করিবার পরিকল্পনা আছে কি?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ-** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) হ্যাঁ।

**ম্যালেরিয়া ও কালাজ্বরে আক্রান্ত ও মৃতের সংখ্যা**

৩০৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৮৮।) **শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) পশ্চিমবঙ্গে ১৯৮৪ সালের জুন থেকে ১৯৮৫ সালের ফেব্রুয়ারী পর্যন্ত ম্যালেরিয়া এবং কালাজ্বরে আক্রান্ত মৃতের সংখ্যা কত; এবং

(খ) পশ্চিমদিনাজপুর জেলায় উক্ত রোগে আক্রান্ত লোকের এবং মৃত্যুর সংখ্যা কত?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ-**

| (ক) | আক্রান্ত | মৃত্যু |
|---|---|---|
| ম্যালেরিয়া | ২৯,২৭৫ | ৪ |
| কালাজ্বর | ৩,৭৮৮ | শূন্য |

(খ)

| | | |
|---|---|---|
| ম্যালেরিয়া | ৯৭ | শূন্য |
| কালাজ্বর | ২,৮০৮ | শূন্য |

**পুরুলিয়া জেলায় টি বি হাসপাতাল নির্মানের পরিকল্পনা**

৩০৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৯১।) **শ্রী সুরেন্দ্রনাথ মাঝি :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) পুরুলিয়া জেলার টি বি হাসপাতাল নির্মানের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) উক্ত হাসপাতালের পরিকল্পনা থাকিলে কোথায় স্থাপিত হবে?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :-** (ক) বর্তমানে নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

**বাঁকুড়া মেডিকেল হাসপাতালে রোগী ও মাথাপিছু খরচ**

৩১০। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৪৬।) **শ্রী অনাদি মল্লা :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) বাঁকুড়া জেলার মেডিকেল হাসপাতালে প্রতিদিন গড়ে কত রোগী চিকিৎসিত হয়;

(খ) রোগীদের মাথাপিছু খরচ কত;

(গ) ১৯৮৩-৮৪ সালে কত ব্যয় হয়েছে;

(ঘ) শিশু ওয়ার্ডে শিশুদের মাথাপিছু কি পরিমাণে খাবার দেওয়া হয়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :-** (ক) প্রায় ৩,৩০০ জন (গড়ে)

(খ) অন্তঃবিভাগে খাদ্য হিসাবে ৪ টাকা ও ঔষধ ও অন্যান্য খাতে ২৫ টাকা (প্রশাসন খাতে খরচবাদে) এবং বহির্বিভাগে ঔষধ ও অন্যান্য খাতে ২.৫০ টাকা খরচ হয়।

(গ) ঔষধের ক্ষেত্রে ব্যয় ৪১,১৪,০০০ টাকা, খাওয়া বাবদ ব্যয় ১৪,৪০,০০০ টাকা, যন্ত্রপাতি বাবদ ব্যয় ১৩,৩৫,০০০ টাকা এবং অন্যান্য খাতে ব্যয় ২১,০০,৩৮৫ টাকা।

(ঘ) ৪ টাকা মূল্যের খাবার।

## Adjourment Motion

**Mr. Speaker :** Today I have received two notices of Adjournment Motion. One is from Shri Ashoke Ghosh on the subject of acute Scarcity of water in Howrah Town and the other is from Shri Kashinath Mishra on the Subject of serious situation in the Kalyani University due to reported clash between two rivel groups on the 26th April, 1985.

The subject matters of the motions do not call for adjournment of the business of the House. The members may draw the attention of the Ministers concerned through Calling Attention, Mention, Question.

I, therefore, withhold my consent to the motions.

One member of the party may, however, read out the text of his motion as amended.

**[2.10 - 2.20 p.m.]**

**শ্রী অশোক ঘোষ** : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাততঃ তাঁর কাজ মূলতবী রাখছেন। বিষয়টি হলো — হাওড়া শহরাঞ্চলে জলের তীব্র অভাব দেখা দিয়েছে। দীর্ঘদিন ধরে জলাধারগুলি অকেজো হয়ে পড়ে আছে। পদ্মপুকুর জলাধারটি কয়েক কোটি টাকা খরচ করে উদ্বোধন করা হলো। কিন্তু এক ফোঁটা জলও সেখান থেকে পাওয়া যায় নি। পৌর কর্তৃপক্ষ ও সরকার নীরব দর্শক।

## CALLING ATTENTION TO MATTERS OF UNGENT PUBLIC IMPORTANCE

**Mr. Speaker** : I have received 4 notices of calling attention, namely:

1) Prolonged closure in M/s. Bengal Enamel (Morks) Ltd. resulting in death of many workers - Shri Amarendra Nath Bhattacharyya.

2) Lock out in Bally Jute Mills - Shri Abdul Mannan

3) Missing of revolver from the Banglow of Police Superintenent at Berhampur, Murshidabad on 30.4.85 and situation arising there in - Shri Kashinath Misra, Shri Asok Ghosh and Shri Dhirendra Nath Sarkar.

I shall not read out the 4th one as Shri Mannan has already given another notice.

I have selected the notice of Shri Amarendra Nath Bhattacharya on the Subject of prolonged clouser in M/s. Bengal Enamel (Morks) Ltd. Resulting in death of many workers. The Minister in Charge will Please make a statement to day if possible, or give a date.

**Shri Patit Paban Pathak** : Sir, on the 9th.

**Mr. Speaker :** Now I call upon the Minister in Charge of Health and Family Welfare Department to make a statement on the subject of acute scarcity of drinking water in North-Western part of Bankura district. - Attention called by Shri Subhas Goswami on the 19th April, 1985.

## STATEMENT ON CALLING ATTENTION

**শ্রী পতিত পাবন পাঠক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে বলছি বাঁকুড়া জেলার উত্তর পশ্চিমাঞ্চল এবং ঐ জেলার শালতোড়া ও তৎসন্নিহিত এলাকায় ভূপৃষ্ঠের কিছু নীচেই কঠিন শিলাস্তর থাকায় ঐ জায়গাগুলি মুখ্যতঃ রিগবোরড্ টিউবওয়েল প্রোথনের উপযুক্ত। তাই ঐ সবঅঞ্চলে কেন্দ্রীয় সরকারের ত্বরান্বিত গ্রামীন জলসরবরাহ প্রকল্পের অধীনে রিগবোরড্ টিউবওয়েল প্রোথন করা হয়েছে এবং এখনও হচ্ছে। ফলে ঐ অঞ্চলের সমস্যাসঙ্কুল বলে চিহ্নিত গ্রামগুলির শতকরা ৫০ থেকে ৯৫ ভাগ অংশে রিগবোরড্ টিউবওয়েল দ্বারা জলের ব্যবস্থা করা হয়েছে এবং সেখানকার পানীয় জলের অভাব বহুলাংশে মেটানো গেছে। এই নলকূপগুলিকে মেরামত করার জন্য সরকার পঞ্চায়েত সমিতিগুলিকে ব্লক প্রতি ন্যূনতম ৫০০০ টাকা প্রতি বছর মঞ্জুর করে থাকেন। তা সত্ত্বেও বর্তমান খরার পরিপ্রেক্ষিতে সমগ্র বাঁকুড়া জেলার অবস্থা সরেজমিনে তদন্ত করে দেখার জন্য একটি বিশেষজ্ঞ দলকে তথায় পাঠান হয়েছে। ঐ বিশেষজ্ঞদের প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে বাঁকুড়া জেলার কঠিন শিলাস্তর অঞ্চলে ব্লকপ্রতি আপৎকালীন্ ভিত্তিতে ৮টি নতুন রিগবোরড্ টিউবওয়েল প্রোথনের এবং অকেজো টিউবওয়েলগুলি মেরামতের জন্য যথেষ্ট পরিমানে যন্ত্রাংশ পাঠানো হয়েছে। তাছাড়া সাধারণ নলকূপগুলি মেরামতির জন্যও দুই লক্ষ টাকার যন্ত্রাংশ পাঠানো হয়েছে। তাছাড়া প্রতি চারটি ব্লকে একটি করে "মোবাইল গাড়ী" দক্ষ কর্মীসহ মেরামতী কাজের জন্য যাতে টহল দেয় সে নির্দেশও দেওয়া হয়েছে।

এই প্রসঙ্গে উল্লেখ্য যে বাঁকুড়া জেলার কঠিন শিলাস্তরের নীচে সব জায়গাতে জল পাওয়া যায় না। এমনি একটি অঞ্চল হল শালতোড়া বাজার। সেখানে শিলাস্তরের নীচে পানীয় জল না পাওয়ায় রিগবোরড টিউবওয়েল প্রোথনের কাজ সফল হয়নি। তাই ঐ বাজারে একটি কূপ খনন করা হয়েছে এবং ঐ কূপের জল প্রয়োজনমত ট্যাঙ্কারের সাহায্যে বাজারে এবং ঐ সন্নিহিত অঞ্চলে সরবরাহ করা হয়ে থাকে। অবশ্য শালতোড়া ও তৎসন্নিহিত অঞ্চলে পানীয় জলের ব্যবস্থা আরও ব্যাপক হারে করার জন্য শালতোড়া থেকে ১৬ কি.মি দূরে দামোদর নদের টিউবওয়েল প্রোথন করে জল সরবরাহের একটি প্রকল্প হাতে নেওয়া হয়েছে। নদীগর্ভ থেকে শালতোড়া বাজারের জলাধারের উচ্চতার তফাৎ প্রায় ৮৫ মিটার। তাই সেখান থেকে ঐ উচ্চ জলাধারে জল আনার কাজটিকে ৪ টি পর্যায়ে বিভক্ত করতে হয়েছে। ঐ প্রকল্পটির মঞ্জুরীকৃত আনুমানিক ব্যয় ৬১,৯৬,০০০ টাকা। এর জন্য প্রয়োজনীয় সাজসরঞ্জাম সংগ্রহ করা হয়েছে এবং সমগ্র প্রকল্পের মোট ৫০ শতাংশ কাজও সম্পন্ন হয়েছে। চতুর্থ পর্যায়ের কাজের জন্য বনবিভাগের কাছ থেকে জমি চাওয়া হয়েছে এবং আশা করা যাচ্ছে যে শীঘ্রই ঐ জমি পাওয়া যাবে। জমি পেলেই চতুর্থ পর্য্যায়ের কাজ হাতে নেওয়া হবে।

**Mr. Speaker :** Now the Minister in Charge of the Department of Environment to make a statement on the Subject of industrial refuse emitted into the Hooghly Bhagirathi river causing pollution of water thereof. (Attention called by Shri Sadhan Chattopadhyay and Shri Dilip Mazumdar on the 22nd April, 1985.)

## STATEMENT ON CALLING ATTENTION

**শ্রী ভবানী মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধান সভার সদস্য শ্রী সাধন চট্টোপাধ্যায় ও শ্রী দিলীপ মজুমদার উৎথাপিত কলকাতা, হাওড়া ও ২৪ পরগনা জেলায় অবস্থিত কয়েকটি বড় বড় শিল্প প্রতিষ্ঠান কর্তৃক বর্জ্য পদার্থ দূষিত পদার্থ হুগলী নদীতে নিক্ষেপ এবং তার দরুন ক্ষতিকর প্রভাব রোধে পরিবেশ বিভাগের ভূমিকা সম্বন্ধে একটি দৃষ্টি আর্কষনী নোটিশের উত্তরে আমি এই বিবৃতি রাখছি।

১৯৭৪ সালের জল (দূষণ, নিবারণ ও নিয়ন্ত্রন) আইনের ধারাগুলি প্রয়োগের ভার ওয়েষ্ট বেঙ্গল পল্যুশন কন্ট্রোল বোর্ডের উপরে ন্যাস্ত আছে। যে সব শিল্প জল দূষণ এর মাধ্যমে জনস্বাস্থ্য হানি করছে সেই সমস্ত শিল্পগুলির দূষণ নিয়ন্ত্রন করাই এই বোর্ডের প্রধান কাজ।

এই সত্য যে হুগলী বা ভাগরথী নদীর যে অংশ কলকাতা, হাওড়া ও ২৪পরগণার মধ্যে দিয়ে প্রবাহিত হচ্ছে সেখানে জলদূষণের সমস্যাটি প্রকট। এর একটা প্রধান কারণ এই অঞ্চলের মানুষ এবং কলকারখানা এই নদীর জলের উপরই প্রধানত নির্ভর করে থাকে। নদীর দুই ধারে অবস্থিত কলকারখানাগুলি যেমন রাসায়নিক কারখানা, কাগজের মন্ড এবং কাগজ তৈরীর কারখানা, রেয়ণ ডিস্টিলারী, চামড়া, রঙের কারখানা এবং চটকল ইত্যাদি থেকে পরিত্যক্ত নানারকম জৈব ও অজৈব রাসায়নিক আবর্জ্জনা মিশ্রিত দূষিত জল প্রত্যক্ষ বা পরোক্ষভাবে এই নদীতে ফেলা হচ্ছে। জল(দূষণ নিবারণ ও নিয়ন্ত্রন) আইনের ২৫ ও ২৬ ধারা বলে ময়লা জল কোন নদী, কূপ বা ভূগর্ভস্থ পয়ঃ প্রণালীতে ফেলতে গেলে কারখানাগুলির পক্ষে বোর্ডের অনুমতি নেওয়া বাধ্যতামূলক। হুগলী নদীর তীর সংলগ্ন যে সকল শিল্প সংস্থা গুরুতরভাবে দূষিত করে চলেছে তাদের একটি তালিকা বোর্ড ইতিমধ্যেই তৈরী করেছে এবং ওই শিল্প সংস্থাগুলিকে ময়লা জল পরিশোধনের জন্য ট্রিটমেন্ট প্ল্যান্ট চালু করতে বলেছে এবং এজন্য অবিরত চেষ্টা চালিয়ে যাচ্ছে। ইতিমধ্যেই কয়েকটি শিল্প তাদের ট্রিটমেন্ট প্ল্যান্ট চালু করেছে আর অন্য কতকগুলি শিল্প প্ল্যান্ট তৈরী করছে বা বোর্ডের অনুমিত পাওয়ার উদ্দেশ্যে নকশা জমা দিয়েছে। অবশ্য এটাও ঠিক যে, কিছুশিল্প সংস্থা এখনও পর্যন্ত এ ব্যাপারে বিশেষ আগ্রহ দেখাচ্ছেন না এবং কোন রকম পরিশোধন ব্যাতিরেকেই তাদের বর্জ্য পদার্থ ও ময়লা জল নদীতে ফেলেছে।

আইনের ধারা লঙ্ঘনের জন্য বোর্ড এদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা অবলম্বন করছে।

কিন্তু জল বিষাক্ত ও দূষিত করণের ব্যাপারে আরও উল্লেখযোগ্য ভূমিকা নিয়েছে গৃহস্থালীর নিক্ষিপ্ত ময়লা জল যার অধিকাংশই পৌরএলাকার নালা ও নর্দমার মাধ্যমে নিকাশ করা হয়ে থাকে এই সমস্ত গৃহস্থালীর ময়লা জল যার মধ্যে মলমূত্র মিশ্রিত নোংরা জলও আছে, কোন রকম শোধন না করেই নদীতে ফেলা হচ্ছে এবং অধিকাংশ পৌর এলাকাগুলিতে ময়লা জল পরিশোধন করার কোন ব্যবস্থাই নেই। পৌর এলাকার নিকাশী ময়লা জলের দূষণের পরিমাণ শিল্প দূষণের পরিমাণের থেকেও অনেক বেশী। সুতরাং শহর অঞ্চলের নালা নর্দমার জল পরিশুদ্ধ করার মত যথেষ্ট ব্যবস্থা গড়ে তোলাও অত্যন্ত জরুরী হয়ে পড়েছে।

সম্প্রতি গঙ্গা নদীতে পৌর এলাকা নিসৃত দূষণ নিবারণের জন্য কেন্দ্রীয় সরকার একটি সামগ্রিক পরিকল্পনা গ্রহণ করেছেন যে বিষয়ে সভাকে আগেই জানান হয়েছে।

**Mr. Speaker :** Now the Minister in Charge of Home (Police) Department will please make a Statement on the Subject of assualt on Shri Santosh Kumar Das, ex-M.L.A of Gangadharpur Under Panchla panchayat by the Circle Inspector of police, Sankrail and the

Additional S.P. Howrah, on the 18th April, 1985.

(Attention Called by Shri Rabindra Ghosh and Shri Gourhari Adak on the 23rd April, 1985)

## STATEMENT ON CALLING ATTENTION

**Shri Patit Paban Pathak** : Mr. Speaker, Sir, With your permission, I rise to make the following statemant:

On 18.4.85 at about 11.00 Hrs., a Hari Sankirta Party Consisting of 15/20 Persons was celebrating 'Dhulote' by playing 'khol' and 'kartal' along the village roads of Jayanagar, P.S. Panchla, in Howrah district. The members of the party distributed 'batasa' at olaibibitola situated at Fakirpara. While the party was returning at about 12.30 hrs. Some of the members threw pieces of 'batasa' on the 'Idga' at Fakirpara and stamped their feet on it. At this muslims of Fakirpara lodged a strong protest and an altercation took place followed by exchange or brick bats between the two groups resulting in injuries to a few persons of both the groups. Thereafter, a large crowd of Baruipara village stormed into 12 tile roofed mud-built houses of Muslims of Fakirpara, caused extensive damages to their houses and also looted cash and household articles.

On getting this information, O.C., Panchla P.S. With available force rushed to the spot followed by C.I., Sankrail, Additional S.P. (Hqrs.) and two Deputy S.P.S. Additional Force was also deployed. Police had to make lathi-charge to disperse the feuding groups.

Persons injured-they were six in number, all of village Jayanagar who had sustained injuries due to brickbatting, were removed to Gabberia Hospital. All the injured persons excepting one were released from the Hospital after first-aid.

Two cases were started by the police - one on the complaint of one Noor Hasan and the other, on the complaint of

**[2.20 - 2.30 p.m.]**

One Lakhan Bauri..Five persons who were named in the F.I.R. in the first case were arrested on 18.4.85.Shri Lakshmi pada Dhara, Prodhan of Jaynagar Gram Panchayat was also arrested on 19.4.85 in connection with this case. All the arrested persons were forwarded

to the Court. In the second also, F.I.R. named persons were arrested on18.4.85 and forwarded to the Court on 19.4.85. All the accused persons in both the cases have been released on bail. Some other accused persons who were evading arrest, Surrendered to the Court of S.D.J.M., Howrah on 20.4.85 and were also released on bail.

The situation in the village is peaceful now. A strong police picket has been posted at the spot. D.M., Howrah has granted financial help at the rate of Rs.300/- each to the owners of the 12 damaged houses.

The allegation of assult on Shri Santosh Kumar Das, ex-M.L.A., and Shri Lakshmi Pada Dhara, Prodhan, Could not be substantiated. The prodhan who was arrested by the police on 19.4.85 for having incited the mob and produced before the Magistrate, did not complain of any assault. Shri Santosh Kumar Das, ex-M.L.A., was not found by the police amongst the riotous mob. The allegation of police assault of Shri Das in not correct.

## MENTION CASES

**শ্রী নির্মল কুমার বোস** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে একটি বিষয় আমি এখানে বলতে চাই। স্যার, গত ২৩ শে এপ্রিল, ১৯৮৫, মাননীয়া সদস্যা শ্রীমতি রেণুলীনা সুব্বা — এম.এল.এ এখানে একটি বিষয়ে অভিযোগ করেন। তাঁর বক্তব্য ছিল, দার্জিলিং জেলার মংপুতে যে সিঙ্কোনার চাষ হয় এবং সেখানে কুইনাইনের যে ফ্যাক্টরি আছে সেটা নাকি কল্যানী বা কোলকাতায় নিয়ে আসা হচ্ছে। এই হচ্ছে তাঁর অভিযোগ। তিনি এর প্রতিবাদও জানিয়েছেন। স্যার, তিনি যখন এই মন্তব্যটি করেন তখন আমি এখানে উপস্থিত ছিলাম না, পরে আমি এটা জেনেছি এবং তাই এখন আমি আপনার অনুমতি নিয়ে এ সম্পর্কে কয়েকটি কথা বলছি। স্যার, ওঁর এই অভিযোগটি একেবারেই সত্য নয়। সিঙ্কোনার চাষ ওখান থেকে তুলে আনা যায় না কারণ পাহাড় তো দার্জিলিং থেকে কোলকাতায় আনা যায় না। আর সিঙ্কোনার উপর ভিত্তি করে সেখানে যে কুইনাইন তৈরী হয় সেই কারখানাটিও ১০০ বছরের বেশী পুরাতন — ১৮৭৫ সালে এটি প্রতিষ্ঠিত হয়। সেই কারখানা বা কুইনাইন উৎপাদনের কোন ব্যাপার মংপু থেকে অন্যত্র — কল্যানী বা কোলকাতায় কেন — মংপু থেকে অন্যত্র আনবার কোন পরিকল্পনা নেই বরং আমরা মংপুর কুইনাইন কারখানাটিকে আরো আধুনিকীকরণ করবার চেষ্টা করছি। এটি ১০০ বছরেরও বেশী পুরাতন কারখানা, ইতিমধ্যে নতুন কারখানা করবার জন্য আমরা এক কোটি টাকা ওখানে খরচ করেছি। তাছাড়া সিংকোনার চাষ আমরা বাড়াচ্ছি, ইপিকারের চাষ আমরা বাড়াচ্ছি এবং গত বছর সেখানে এমিটিনের নতুন কারখানা আমরা চালু করেছি, ডাও জেটিন উৎপাদনও আমরা বাড়াচ্ছি। সুতরাং সেখানে কুইনাইন কারখানা বা তার সঙ্গে সংশ্লিষ্ট কোন কিছু সরিয়ে আনবার কোন ব্যাপার নেই। এই প্রসংঙ্গে আমি আরো বলতে চাই যে, উত্তরবঙ্গের দার্জিলিং জেলাতে এমনিতেই শিল্প কম। সেখানে যে শিল্প আছে সেটা আমরা বাড়াতে চাই।ঐ অঞ্চলের কোন শিল্প সরিয়ে এ দিকে আনবার কোন পরিকল্পনা নেই।

**ডাঃ মানস ভুঁইয়া** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি খবর আপনার মাধ্যমে এই হাউসে রাখতে চাই। স্যার, বিধানসভার প্রাক্তন সদস্য, মেদিনীপুর জেলার নারায়ণগড় বিধানসভা কেন্দ্রের ব্রজকিশোর মাইতি, তিনি গত ১১ই এপ্রিল লিভার ক্যানসার রোগে মেদিনীপুর জেলা হাসপাতালে মারা গিয়েছেন। স্যার, এই খবরটি আপনার দপ্তর পেয়েছেন কিনা জানি না, আমি এই সংবাদটি জানালাম, আশা করি এই সভায় তাঁর স্মৃতির প্রতিশ্রদ্ধা জানানো হবে।

**মিঃ স্পীকার** : মিঃ সেক্রেটারি, আপনি এটা খোঁজ নেবেন।

**শ্রী গৌরহরি আদক** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাওড়া জেলার শ্যামপুর থানায় ১৪৪টি মৌজা আছে এবং সেখানে ২ লক্ষ ৭৫ হাজার মানুষ বাস করেন। ঐ এলাকাটি একটি ঘাটতি এলাকা। শ্যামপুর থানার একদিকে দামোদর, অন্যদিকে রূপনারায়ণ এবং আর একদিকে ভাগীরথী নদী থাকা সত্ত্বেও সেখানকার চাষীরা জল পাচ্ছে না। সেখানে সোর্স অব ওয়াটার আছে কিন্তু সুপরিকল্পিতভাবে কোন প্রকল্প গ্রহন না করার জন্য সেখানে চাষ হচ্ছে না। আমি এ সম্পর্কে সরকারের কাছে প্রস্তাব রেখেছি যে সেখানে হাই লেভেল স্লুইস করা হোক। এটা একটা ড্রেনেজ এলাকা, সেখানে হাই লেভেল স্লুইচ করলে দেখা যাবে এক একর জমিতে জল দিতে গেলে তাতে ৩০০ থেকে ৪০০ টাকা খরচ হবে। সেখানে বড় এবং মাঝারি ইরিগেসান স্কীম যদি না হয় তাহলে অবিলম্বে এই হাইলেভেল স্লুইস করার স্কীম গ্রহণ করা উচিত। এ সম্পর্কে সরকারের কাছে প্রস্তাবও আছে এবং সেটা চিফ ইঞ্জিনীয়ারস কমিটির কাছে পৌছেছে। মাননীয় সেচমন্ত্রীর কাছে আমার অনুরোধ, অবিলম্বে চিফ ইঞ্জিনীয়ারস কমিটি থেকে এটা যাতে পাশ করানো যায় তার ব্যবস্থা করুন।

**ডাঃ মানস ভুঁইয়া** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে এই হাউসের দৃষ্টি আকর্ষন করছি। স্যার, গত ১১ই এপ্রিল থেকে মেদিনীপুর জেলার সি.এম.ও.এইচ-এর অফিসে একটা অচলাবস্থা চলছে। স্যার, গত ফেব্রুয়ারী মাসে নতুন সি.এম.ও. এইচ ডাঃ বি. সি. প্রধান দার্জিলিং জেলা থেকে এসে সেখানে জয়েন করেন। স্যার, পশ্চিমবঙ্গ রাজ্যসরকারী কর্মচারীদের মধ্যে গ্রুপ ডি কর্মচারীদের যে সংস্থা আছে, যা কো-অর্ডিনেসান কমিটির সঙ্গে যুক্ত এবং তাদের অনুমোদিত তাদের কয়েকজন নেতা— অশোক ভট্টাচার্য্য, মৃনাল মজুমদার এবং আরো অন্যান্য কয়েকজনের নেতৃত্বে সেখানে সি.এম.ও.এইচের কাছে গিয়ে এই বলে তারা চাপ দেন যে তাদের অনুমোদিত যে গ্রুপ ডি'র ষ্টাফ প্যানেল, হেলথ এ্যাসিসটেন্ট ষ্টাফ প্যানেল এবং নার্সদের যে সিলেকসান হবে তার প্যানেলে সই করে দিতে হবে। তিনি বললেন, না, ইণ্টারভিউ'র ভিত্তিতে যে লিষ্ট তৈরী হবে তা অনুমোদন করা হবে। এই অপরাধে তাঁকে ১১ তারিখ ঘেরাও করা হয়েছিল এবং ১২ তারিখ অত্যাচার করা হয়েছিল। রাইটার্স বিল্ডিং থেকে ডাইরেক্টরের নির্দেশে ডাঃ জে.পি. ঘোষ যখন তদন্ত করার জন্য সেখানে গেলেন হেলথ সার্ভিস এ্যাসোসিয়েসনের অভিযোগ অনুযায়ী তখন তাঁকেও সেখানে ঘেরাও করে রাখা হলো। আজকে সেখানে সি.এম.ও.এইচ্ এর অফিসে কোনো রকম কাজকর্ম হচ্ছে না, তাঁর কাছে কোনো ফাইল পাঠান হচ্ছে না, কোন ফাইলে তাঁকে সই পর্যন্ত করতে দেওয়া হচ্ছে না। তাঁকে বয়কট্ করা হয়েছে। আমরা এত দিন গ্রামে বয়কট্ দেখেছি, এবারে খোদ মেদিনীপুর জেলা সদরে সি.এম.ও.এইচ -এর অফিসে তাঁকে বয়কট করা হচ্ছে দেখছি। ফলে গোটা মেদিনীপুর জেলায় পাবলিক হেলথ ইঞ্জিনীয়ারিং এর সমস্ত কাজকর্ম বন্ধ হয়েগেছে। প্রচন্ড খরার মধ্যে যেখানে চারিদিকে জন্ডিস দেখা দিয়েছে সেখানে মেদিনীপুরে পি.এইচ.ই'র সমস্ত কাজকর্ম বন্ধ হয়েগেছে। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করছি, তিনি অবিলম্বে এ বিষয়ে হস্তক্ষেপ করুন এবং যাতে মেদিনীপুর জেলার গ্রাম এবং শহরে জনস্বাস্থ্যের কাজকর্ম সুষ্ঠুভাবে চলে তার জন্য ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী বিভূতিভূষণ দে :** অন এ পয়েন্ট অফ্ অর্ডার, স্যার, এতক্ষণ বিরোধী দলের মাননীয় সদস্য ডাঃ ভূঁইয়া সভায় যে তথ্য পরিবেশন করলেন তা সত্য নয়। মেদিনীপুর জেলার বর্তমান সি.এম.ও.এইচ. - এর উপর কোন অত্যাচার সেখানে করা হয়নি। কিন্তু বর্তমান সি.এম.ও. এইচ্ ডাঃ বি সি প্রধান ওখানে গিয়ে সরাসরি কংগ্রেসের এজেন্ট হিসাবে কাজ করছেন। নিয়ম অনুযায়ী এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে যাদের নাম চাকরী প্রার্থী হিসাবে সুপারিশ করা হয়েছে, তাদের চাকরি পাওয়ার ক্ষেত্রে তিনি বাধার সৃষ্টি করছেন। ফলে কিছু বেকার ছেলের চাকরি পাওয়ার পথে তিনি বাধা হয়ে দাঁড়াচ্ছেন। এমন কি তিনি অফিসে বসে কাজকর্ম পর্যন্ত করছেন না, বাড়িতে বসে কর্মচারীদের মাধ্যমে ফাইল কল করে পাঠান। তাঁর পক্ষে সরকারী কাজ করা সম্ভব নয়। আমি ডাঃ ভূঁইয়াকে বলছি যে, তাঁর হাতে একটা তেরঙ্গা পতাকা তুলে দিন, তিনি আপনাদের হয়ে খুব ভাল কাজ করবেন। কারণ তাঁর পক্ষে ওখানে সরকারী কাজ করা সম্ভব নয়, তিনি ওখানে কংগ্রেসের এজেন্ট হিসাবে কাজ করছেন। তাঁর কাজকর্মের ফলে আজকে ক্ষি রপাই এবং বেলদা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র দুটির অবস্থা অত্যন্ত শোচনীয় হয়ে দাঁড়িয়েছে। তাই আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে এখানে উল্লেখ করছি যে, ডাঃ ভূঁইয়া যা বললেন তা সম্পূর্ণ অসত্য এবং এই প্রসঙ্গে আমি সত্য ঘটনার প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**[2.30 – 2.40 p.m.]**

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আর্কষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিম দিনাজপুর জেলার জেলা পরিষদের সভাপতির তরফ থেকে এবং কনস্টিটিউটেড বোড় অফ্ এ.এন.এম. রিভাইজড্ কোর্স ওয়েষ্ট দিনাজপুরের পক্ষ থেকে কিছু ক্যানডিডেটকে নার্সিং ট্রেনিং এর জন্য ইন্টারভিউতে ডাকা হয় এবং ইন্টারভিউ নেওয়া হয়। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে পরিষ্কারভাবে উল্লেখ করছি যে, ঐ বোর্ড ওখানে স্বজনপোষণ এবং দুর্নীতি চালাচ্ছেন। ওখানে বলা হয়েছিল স্থানীয় বাসিন্দাদের মধ্যে থেকেই প্রার্থীদের নেওয়া হবে। সেই অনুযায়ী প্রার্থীদের নিজস্ব রেশনকার্ড জমা দিতে বলা হয়েছিল এবং যার যার ব্লকের বি.ডি.ওর কাছ থেকে সার্টিফিকেট নিয়ে আসতে বলা হয়েছিল। এ বিষয়ে স্থানীয় বাসিন্দা নির্ধারণের ক্ষেত্রে রেশনকার্ড এবং বি.ডি.ও. সাহেবের রিপোর্টের ভিত্তিতে যে তথ্য পাওয়া গিয়েছে সে তথ্যের সঙ্গে পঞ্চায়েত্ সমিতির সভাপতির তথ্য পরস্পর বিরোধী। ফলে ভুল তথ্যের ভিত্তিতে এক জায়গার প্রার্থীকে অপর জায়গায় দেখান হচ্ছে। তাই আমি বিভাগীয় মন্ত্রী মহাশয়ের কাছে দাবী করছি অবিলম্বে এ বিষয়ে তদন্ত করা হোক, রেশনকার্ড এবং বি.ডি.ও. র রিপোর্ট কেই তথ্য হিসাবে গ্রহণ করা হোক। এবং সমস্ত রকম স্বজনপোষণ ও দুর্নীতি বন্ধ করা হোক।

(এই সময়ে লাল আলো জ্বলে এবং মিঃ স্পীকার
শ্রী অনিল মুখার্জীকে তাঁর বক্তব্য রাখবার জন্য অনুরোধ করেন।)

**শ্রী অনিল মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়,

(Shri Dhrendra Nath Sarker was continuing his Speech).

স্যার, এইভাবে যদি কংগ্রেস পক্ষ থেকে ভাষন দেবার সময় ডিসটার্ব করে তাহলে আমরাও ওদের কাউকে বলতে দেব না, আমরাও ডিসটার্ব করবো।

**মিঃ স্পীকার :** Mr. Sarkar, What is this? if you contiune in this way . I will not allow you to mention any thing in future.

**শ্রী অনিল মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি. ওন্দা থেকে পাঁচমুড়া ভায়া নাকাইজুড়ি গোড়াশোল এই রাস্তাটি কয়েক বছর ধরে মেরামত করা হচ্ছে না। পি.ডব্লু. ডি কিম্বা জেলা-পরিষদ কারুরই মাধ্যমে এই রাস্তাটি সংস্কার করা হচ্ছে না। এই রাস্তাটির এমন অবস্থা হয়েছে যে হাজার হাজার কৃষক এবং গরীব সাধারণ মানুষ যাতায়াত করতে পারছে না। এই রাস্তাটির মেরামত না হলে ৩/৪ মাইল দূরে অবস্থিত হাসপাতালে রোগীদের দেখানো অসম্ভব হয়ে পড়ছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি, হয় আপনি নিজে ঐ রাস্তাটির নির্মান করার ব্যবস্থা করুন অথবা কৃষি বিভাগকে অন্ততঃ এগ্রিকালচারাল লিংক রোড হিসাবে দিয়ে দিন, গরীব কৃষক এবং সাধারণ মানুষের স্বার্থে ঐ রাস্তাটি তৈরী করার ব্যবস্থা করা হোক।

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে একটি গুরুত্বপূর্ণ বিষয় যেটা সমগ্র আরামবাগ মহকুমার দলমতনির্বিশেষে সমস্ত মানুষের দাবী সেটা আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা মন্ত্রীসভার কাছে রাখছি। বিষয়টি হলো, আরামবাগ মহকুমা দুর্গম জায়গায়, জেলা প্রশাসনের সঙ্গে যোগাযোগ করা খুবই অসুবিধার সৃষ্টি হয়। এই জেলা প্রতি বছরই বন্যা কবলিত। এই আরামবাগ মহকুমার হেড কোয়ার্টার্স হুগলী জেলার চুঁচুড়ায় অবস্থিত, গঙ্গার ধারে একপ্রান্তে। যারফলে প্রশাসনের কাজ শিথিল হয়ে যায় এবং আরামবাগ মহকুমার মানুষের খুবই অসুবিধা হয়। এরফলে ঐ এলাকার মানুষদের ক্ষতিগ্রস্থ হতে হয়। আমি আপনার মাধ্যমে মন্ত্রী সভার কাছে আবেদন রাখবো, অবিলম্বে যাতে আরামবাগ মহকুমাকে পার্শ্ববর্তী কিছু এলাকা নিয়ে জেলায় রূপান্তরিত করা যায় তারজন্য ব্যবস্থা অবলম্বন করবেন এবং এটা করার ক্ষেত্রে বাস্তবে যদি কোন অসুবিধা থেকে তাকে তাহলে জেলা প্রশাসনের কিছু অফিস যেমন ডি.আই. অফিস এবং আরোও অন্যান্য অফিস যেগুলো নিত্যপ্রয়োজনীয় কাজে লাগে সেই অফিসগুলি যাতে আরামবাগ মহকুমায় প্রতিষ্ঠিত হয় তারজন্য মন্ত্রীসভা ব্যবস্থা নেবেন। আমি আপনার মাধ্যমে এই প্রস্তাব রাখছি।

**শ্রী রাজকুমার মন্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবেশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্রের মধ্যে উলুবেড়িয়া এবং বাউরিয়া থানায় কয়েকটি বড় বড় কারখানা আছে, যেমন জুট আছে, কটন আছে, এবং ইঞ্জিনীয়ারিং কারখানা আছে। এই কারখানাগুলির মধ্যে বাঙ্গুর ব্রার্দাস এবং কানোরিয়া শিল্পপতিদের কারখানা আছে। এই সমস্ত শিল্পপতিদের কারখানা থেকে দূষিত জল সমস্ত হুগলী নদীতে ফেলা হচ্ছে। যেমন, বাউরিয়া কটন মিল থেকে রঙের জলগুলি হুগলী নদীতে ফেলা হচ্ছে, এছাড়া নোংরা জুটগুলিও ফেলা হচ্ছে। এরফলে হুগলী নদীর জল ভীষণভাবে দূষিত হচ্ছে। এই জলকে কৃষির ক্ষেত্রে ব্যবহার করা সম্ভব হচ্ছে না। সেই জন্য আমি মাননীয় পরিবেশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষন করে বলতে চাইছি, এই সব কারখানার মালিকেরা যাতে হুগলী নদীর জল দোষন না করে তারজন্য আপনি উপযুক্ত ব্যবস্থা নিন অথবা সেই জলকে কেমিক্যাল ট্রিটমেন্ট করে যাতে হুগলী নদীতে ফেলে তারজন্য প্রয়োজনীয় নির্দেশ দিন।

**[2.40 – 2.50 p.m.]**

**শ্রী অশোক ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারের স্বর্গরাজ্যে আবার একজনকে লক আপে পিটিয়ে খুন করা হল। গত কাল প্রত্যেকটি দৈনিক সংবাদপত্রে এই খবর এবং ছবি ছাপা হয়েছে। বর্ধমান জেলার মেমারি থানার লকআপে সমীরণ দাস বলে একটি ছেলেকে পিটিয়ে খুন করা

হয়েছে। গত ২৫ তারিখে সে থানায় হাজিরা দিতে যাচ্ছিল, তখন তাকে রাস্তায় এ্যারেস্ট করা হল, তারপর ধরে নিয়ে গিয়ে লকআপে দুদিন ধরে রাখা হল, তারপর সেখানে তাকে পুলিশ পিটিয়ে পিটিয়ে মেরে ফেলল। তারপর তার স্ত্রী মঞ্জু দাস যখন অসহায় অবস্থায় ছুটে গিয়ে সেখানে ব্যাপারটি জানতে চায় তখন তাকে হেলথ সেন্টার থেকে ডেডবডি দিয়ে দেওয়া হল, এবং বলা হল যে কীটনাশক ঔষধ খেয়ে মারা গেছে। স্যার, আমরা জানি যে কোন আসামী যখন এ্যারেস্ট হয় তখন তার সমস্ত জিনিষ থানায় জমা রাখা হয়। এই কীটনাশক ঔষধ সে কোথায় পেল, এই প্রশ্ন — শুধু তার স্ত্রী কেন — সমস্ত পশ্চিমবঙ্গের মানুষের মনে আজকে দেখা দিচ্ছে। সেজন্য আমি আপনা মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী তথা মুখ্যমন্ত্রী মহাশয়, মাননীয় জ্যোতিবাবুর কাছে দাবী করছি যে এই ধরণের তরুণ যুবকদের ধরে নিয়ে গিয়ে লকআপের মধ্যে পিটিয়ে মারার কোন নির্দেশ তিনি দিয়েছেন কিনা? আর তা যদি না দিয়ে থাকেন তাহলে একটা তদন্ত কমিটি করে সেই কমিটির মারফত ইমিডিয়েট পশ্চিমবঙ্গের মানুষের কাছে আসল তথ্য প্রকাশ করা হোক।

**শ্রী কৃপাসিন্ধু সাহা** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছুদিন আগে বাজেট পেশ করার সময় মাননীয় পরিবেশ মন্ত্রী মহাশয় এখানে বিভিন্নভাবে পরিবেশ দূষণ মুক্ত করার আশ্বাস দিয়েছিলেন। কিন্তু স্যার, আমি এখন একটি বিশেষ বিষাক্ত উদ্ভিদ সম্বন্ধে জানাচ্ছি। এই বিষাক্ত উদ্ভিদটি পশ্চিমবঙ্গে বিভিন্ন জায়গায় ছড়িয়ে পড়েছে এবং এই রাজ্যের প্রাকৃতিক পরিবেশকে বিষাক্ত করে তুলেছে। এই উদ্ভিদটির নাম পারথেনিয়াম। এটি আমাদের দেশের নয়, এটি আমেরিকা থেকে আগত। যখন আমেরিকা থেকে পি.এল. ৪৮০ গম আসল এটি সেই সময় আমাদের দেশে আসে। শুধু মফঃস্বলে বা গ্রামে নয় কলকাতার আশেপাশেও বিশেষ করে সল্টলেকে ব্যাপক ভাবে এটা ছড়িয়ে পড়েছে এবং সেখানে এই নিয়ে ভীষণ হৈচৈ হচ্ছে। সল্টলেকের মানুষ আজকে এ জন্য ভীত সন্ত্রস্ত হয়ে পড়েছে। এই উদ্ভিদ গায়ে লাগলে নানাবিধ চর্মরোগ যেমন খোস, পাঁচড়া, এমন কি একজিমা পর্যন্ত হচ্ছে। কর্ণাটকের একজন চর্মরোগ বিশেষজ্ঞ এর হাত থেকে নিষ্কৃতি পাবার জন্য আত্মহত্যা করেছেন। এর জন্য যদি স্বাস্থ্য দপ্তরের হস্তক্ষেপের প্রয়োজন হয়, তাহলে মাননীয় স্বাস্থ্য এবং পরিবেশ মন্ত্রী মহাশয় যেন এর একটা সুব্যবস্থা করেন। এর প্রতিকার করতে পারলে আমার মনে হয় পশ্চিমবঙ্গের মানুষ এই বামফ্রন্ট সরকারের প্রতি চির কৃতজ্ঞ থাকবেন।

**শ্রী ভবানী প্রসাদ মুখার্জী** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য পারথেনিয়াম নামে একটি প্ল্যান্ট চারা গাছের কথা বললেন সেটি বিভিন্ন কাগজে দেখেছি। কিন্তু আমার দপ্তরের সীমাবদ্ধতার কথা সকলেই জানেন। এই দপ্তর শুধু জল, বায়ু, দূষণ নিয়ন্ত্রণের কাজ করে থাকে। এখন এইসব বিভিন্ন রকমের খবর আসছে এবং এই নিয়ে কাগজেও লেখালেখি হচ্ছে। আমি কৃষি বিভাগের মন্ত্রী মহাশয়ের সঙ্গে আলোচনা করে এই চারাগাছটি সম্বন্ধে যাতে সরকারের তরফ থেকে খবরাখবর নেওয়া হয় বা এর প্রতিকার করা যায় তার জন্য চেষ্টা করব। কৃষি বিভাগ এবং স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয়রা তাঁদের দপ্তরের মারফত অনুসন্ধান করুন এবং এ সম্বন্ধে বিশেষ অংশ গ্রহণ করারও প্রয়োজন আছে। অন্যান্য দপ্তর যেমন পৌর থেকে যাতে খোঁজ খবর নেওয়া হয় আমরা তারজন্যও উদ্যোগ গ্রহণ করব।

**ডাঃ সুশোভন ব্যানার্জী** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ব্যাপারে আমার বলার বিষয় হচ্ছে, এই পার্থেনিয়াম সাধারণভাবে এত হাই সেন্সেটাইজেশন হয় যে, সাপোকেশনে লোক মারা যায়। তাই এটা শুধু মন্ত্রী মহাশয় যা বললেন — তাঁর ডিপার্টমেন্টের ব্যাপার নয়, তার সঙ্গে হেলথ ডিপার্টমেন্টের জয়েন্ট কোলাবোরেশন দরকার।

**মিঃ স্পীকার** : আপনার নিজের মেনশনটা বলুন এবার।

**Dr. Susovan Banerjee :** Respected Speaker, Sir, Through you I Want to draw the attention of the Hon'ble Chief Minister regarding law and order situation. Since this Government has got its responsibillity in maintaining the law and order in Sealdah Station then why a group of rowdies snatch away money from innocent and helpless people seeking accommodation in Darjeeling Mail and Upper India Express? Will it be proper to mention that the G.R.P is a part of this racket and they guard those rowdy boys? I hope you will take action on this.

**শ্রী হারাণ হাজরা :** মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে সি.এম.ডি.এ বিভাগের মাননীয় মন্ত্রী দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়া জেলার সাঁকরাইল থানার অন্তর্গত মানিকপুর এবং সারেঙ্গা গ্রাম পঞ্চায়েতে ড্রিঙ্কিং ওয়াটার সাপ্লাইয়ের একটি স্কিম গ্রহণ করা হয়। সেই প্রকল্প অনুযায়ী ৪/৫ টি ডিপ টিউবওয়েল বসানো হয়েছে এলাকায় ওয়াটার পাইপ লাইন টানা হয়েছে এবং পাড়ায় পাড়ায় টিউবওয়েল পোতা হয়েছে, কিন্তু এলাকার লোকেরা এখনও পর্যন্ত জলের সরবরাহ পাচ্ছেন না। প্রকল্পটি আপাততঃ বন্ধ হয়ে আছে। অথচ শুরু করবার সময় কয়েক লক্ষ টাকা খরচ করা হয়েছে সেখানে। সেই কারণে, প্রকল্পটি পুনরায় চালু করে যাতে মানিকপুর এবং সারেঙ্গা গ্রাম পঞ্চায়েত এলাকার মানুষদের জল সরবরাহ করা যায় তারজন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে আবেদন জানাচ্ছি।

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি বিষয়ে ভয়ঙ্কর অবস্থার সৃষ্টি হয়েছে এবং সেটা রাজ্যসরকার উপলব্ধিও করেছেন, কিন্তু কোন প্রতিকার করছেন না। এখানেও কয়েকজন মাননীয় সদস্য বিষয়টি সম্পর্কে উদ্বেগ প্রকাশ করেছেন। বিষয়টি হচ্ছে — পশ্চিমবাংলার অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারীরা তাঁদের পেনশন, গ্র্যাচুইটি এবং অন্যান্য পাওনাগন্ডা পাচ্ছেন না। গতকালই খবরের কাগজে বেরিয়েছে যে, একজন প্রাক্তন, বিচারপতি পেনশন পেলেন না। তিনি পেনশনের কাগজের জন্য দৌড়াদৌড়ি করতে গিয়ে সেরিব্রাল হার্ট এ্যাটাকে মারা গেলেন। আজকে তাঁর স্ত্রীকে সরকারী কোয়ার্টার ছেড়ে দেওয়ার নোটিশ ধরিয়ে দেওয়া হল, কিন্তু তাঁর পাওনা বেনিফিটটুকু তাঁকে দেওয়া হচ্ছে না। আজকে পশ্চিমবাংলার হাজার হাজার সরকারী কর্মচারী এই অবস্থার মধ্যে পড়ে মরণের দিকে এগিয়ে যাচ্ছেন এবং গেছেন। এ ব্যাপারে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করুন; কেন তাঁরা পাওনা সুযোগ পাচ্ছেন না সে ব্যাপারে প্রয়োজনে কমিশন গঠন করুন এটুকুই আমি বলতে চাই।

**[2.50 – 3.00 p.m.]**

**শ্রী নীরোদ রায়চৌধুরী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উত্তর ২৪ পরগনা জেলার বারাসাত সাবডিভিসান এবং বনগাঁ সাবডিভিসনের মধ্যে বিদ্যাধরী নদী মজে গেছে। দীর্ঘদিন দাবি উঠেছে এই নদী সংস্কার করার জন্য। প্রতি বছর হাজার হাজার বিঘা জমি জলমগ্ন হয়ে যায় এবং যথেষ্ট ফসলের ক্ষতি হয়। তা ছাড়া অন্ততঃপক্ষে ২২টি গ্রাম জলমগ্ন হয়ে যায়। গতবছর বন্যার সময় স্পীড বোটে করে এস.ডি.ও. এবং ডি.এম. কে সমস্ত অঞ্চল ঘুরিয়ে দেখানো হয়। এটা দেখে ওনারা বলেন প্রায়রিটি দিয়ে এই নদী সংস্কার করা হবে। এই নদী মজে যাওয়ার ফলে হাজার হাজার মানুষ গৃহহীন হচ্ছে এবং প্রতি বছর হাজার হাজার বিঘা জমির ফসল নষ্ট হচ্ছে। সেই জন্য এই খাল খনন করার জন্য দাবি উঠেছে। ডিপার্টমেন্ট বলছে যে মাষ্টার প্ল্যানের কাজ শুরু হয়েছে। লোনা গাঙ্গেয়

বিদ্যাধরী নদীতে মাষ্টার প্লানের কাজ শুরু হয়েছে। অথচ আমরা দেখতে পাচ্ছি কোন কাজ শুরু হয় নি। তাই আমি আপনার মাধ্যমে দাবি জানাচ্ছি যাতে হাজার হাজার বিঘা জমির ফসল নষ্ট না হয়, যাতে এখানকার মানুষকে উচ্ছেদ না হতে হয় তার জন্য এই বছর বিদ্যাধরী নদী সংস্কারের ব্যবস্থা করা হোক।

**শ্রী সাধন কুমার পান্ডে** ঃ মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উত্তর-পূর্ব কলিকাতার একটা প্রান্তে উল্টোডাঙ্গা থানা এরিয়া আছে। উল্টোডাঙ্গা থানা এরিয়ার শ্যামবাজারের বহু লোক বিভিন্ন রকম সমাজবিরোধী কার্যকলাপের জন্য সেই উল্টোডাঙ্গায় কমপ্লেন করতে যান। উল্টোডাঙ্গার থানার বিল্ডিং কিন্তু উল্টোডাঙ্গার মধ্যে নয়। সেটা হয়েছে মানিকতলা থানার মধ্যে কাঁকুড়গাছির কাছে। মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয় যদি একটা থানা রাজা দিনেন্দ্র স্ট্রীটে করেন তাহলে ভাল হয়। সেখানে একটা বিল্ডিং নিয়েছেন, সেই বিল্ডিং এর উপর যদি থানা তৈরী করেন তাহলে উত্তর কলকাতার সমস্ত মানুষের সুবিধা হবে। কেননা তাদের পক্ষে শ্যামবাজার থেকে গিয়ে কাঁকুড়গাছি থানায় গিয়ে কমপ্লেন করা সম্ভব নয়। কি করে উল্টোডাঙ্গা থানা মানিকতলা থানার মধ্যে বিল্ডিং হয় এটা ভাবতে আমাদের আশ্চর্য্য লাগছে। এই ব্যাপারে যথাশ্রীঘ্র নির্দেশ দিলে সেখানকার মানুষ নিশ্চিতভাবে উপকৃত হবে।

**শ্রী রবীন্দ্র ঘোষ** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উলুবেড়িয়া ১নং ব্লকে একটি কৃষি ফার্ম আছে। সেই কৃষি ফার্মের রিসার্চ ফার্ম ট্রেনিং হল তৈরী করার জন্য ১৯৮৪ সালে টাকা স্যাংসান হয়। এই ট্রেনিং হলের ঢালাই হবার কয়েক দিন পরে ছাতটি ভেঙ্গে পড়ে যায়। এর ফলে সেখানে একজন শ্রমিক আহত হয় এবং সে উলুবেড়িয়া হাঁসপাতালে ভর্তি আছে। এই হল তৈরী করার জন্য কনট্রাকটার যে টেন্ডার দিয়েছিল সেই ব্যাপারে এ্যাসিস্টেন্স ইনঞ্জিনিয়ারের সঙ্গে যোগসাজস আছে। এই যে হলটা তৈরী হয়েছিল সেটা ২নং সিমেন্ট দিয়ে তৈরী করা হয়েছে এবং টাকা নিয়ে ছিনিমিনি খেলা হচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীকে অনুরোধ করবো যাতে এই হলটা তৈরী করার ব্যাপারে তদন্ত করা হয়।

**শ্রী দেবপ্রসাদ সরকার** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছ। একটা অত্যন্ত অমানবিক, হৃদয়হীন এবং বেদনা দায়ক বিষয় এখানে উল্লেখ্য করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই রাজ্যে সারা জীবন শিক্ষকতা করে বৃদ্ধ বয়সে অবসর গ্রহণের পর শিক্ষকরা অবসর গ্রহণকালীন সুযোগসুবিধা এবং পেনসান থেকে বঞ্চিত হচ্ছে। এই রাজ্যের হাজার হাজার স্কুল শিক্ষক তাদের পরিবার পরিজনদের নিয়ে মর্মান্তিক জীবন যাপন করছে। আমি সেই ব্যাপারে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। শিক্ষকরা অবসর গ্রহণের পর পেনসান পাচ্ছেন না, অনাহারে অর্ধাহারে দিন কাটাচ্ছে এবং পেনসানের অপেক্ষায় প্রহর গুনে চলেছে।

শুধু তাই নয়, ঐ সমস্ত অবসরপ্রাপ্ত শিক্ষকদের মধ্যে অনেকেই ইতিমধ্যে মারা গেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সব চাইতে পরিতাপের বিষয় এই যে, ১৯৮১ সালের ১লা এপ্রিল নতুন বেতনক্রম চালু হওয়ার পর থেকে আজ পর্যন্ত ৪ বছর হয়ে গেল, এই সমস্ত শিক্ষকদের সরকারের তরফ থেকে পেনসন দেওয়া দূরে থাক, আজ পর্যন্ত শিক্ষকদের পেনসন বিধি কি হবে সেই মর্মে কোন গভর্ণমেন্ট অর্ডার প্রকাশ করতে পারলেননা। আরও আশ্চর্য্যজনক ব্যাপার হচ্ছে এই যে, এই বিষয়টিকে কেন্দ্র করে তাঁরা বলছেন যে, যেহেতু কোর্টে কেস করা হয়েছে, সেইজন্য শিক্ষকদের পেনসন দেওয়া যাচ্ছে না। এরই সঙ্গে সঙ্গে এস.ইউ.সি.আই. এবং অন্যান্য আরও কয়েকটি রাজনৈতিক দল সম্পর্কে হাস্যকর অভিযোগ তুলে শিক্ষকদের পেনসন পাওয়ার পথে বাধা সৃষ্টি করে চলেছেন। রাজ্য সরকার এস.টি.ই.এ.কে এস.ইউ.সি.আই. দলভুক্ত শিক্ষক

সংগঠন বলে চিহ্নিত করেছেন। তাঁরা আরও বলেছেন যে, এই শিক্ষক সংগঠণ এবং হেড মাষ্টার্স এ্যাসোসিয়েশন যেহেতু কোর্টে কেস করেছেন, সেইহেতু শিক্ষকদের পেনসন দেওয়া যাচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী তথা রাজ্য সরকারকে জিজ্ঞাসা করতে চাই, মানুষ কোর্টে কিসের জন্য কেস করেন? টিচার্সরা কন্ট্রিবিউটরী প্রভিডেন্ট ফান্ডে তাঁদের জমাকৃত টাকা (এমপ্লয়ার্স শেয়ারের টাকা) সুদ সহ রিফান্ডের জন্য গভর্ণমেন্টের অর্ডারের বিরুদ্ধে চ্যালেঞ্জ জানিয়ে কোর্টে কেস করেছেন। এই কেসের সঙ্গে শিক্ষকদের পেনসন না পাওয়া বা সরকারী ভাবে পেনসন বিধি ঘোষনা না করার ক্ষেত্রে সরকারের পক্ষ থেকে কি কারণ আছে তা আমি জানি না। আমি অবিলম্বে হাজার হাজার অবসরপ্রাপ্ত শিক্ষকদের এ্যাড-হক ভিত্তিতে অবিলম্বে পেনসন দেওয়ার জন্য মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে দাবী জানাচ্ছি এবং এই মর্মে তাঁর কাছে একটি বিবৃতিও দাবী করছি। আমি তাঁর কাছে আরও দাবী জানাচ্ছি যে, অবিলম্বে তিনি এখানে একটি বিবৃতি দিন যে, কেন অবসর প্রাপ্ত শিক্ষকদের পেনসন বিধি সরকারের পক্ষ থেকে সুনির্দিষ্ট ভাবে ঘোষণা করছেন না বা ব্যবস্থা গ্রহণ করছেন না, তা এখানে বলুন। এস.টি.ই.এ. হচ্ছে শিক্ষকদের প্রতিনিধিমূলক একটি সংগঠন। সেজন্য মাননীয় শিক্ষামন্ত্রী এস.টি.ই.এ. সম্পর্কে তাঁর এই ধরণের মন্তব্য' এর বিরুদ্ধে আমি ইতপূর্বেও প্রতিবাদ জানিয়েছি, এখনও প্রতিবাদ জানাচ্ছি। পরিশেষে আমি বলতে চাই যে, মাননীয় শিক্ষামন্ত্রী সম্পূর্ণ উদ্দেশ্য প্রণোদিত ভাবে এস.টি.ই.কে. এস.ইউ.সি.আই. এর দলভূক্ত সংগঠণ বলে যে ভাবে চিহ্নিত করেছেন, সেই পরিপ্রেক্ষিতে আমি ঐ সংগঠণের একজন ভাইস-প্রেসিডেন্ট হিসাবে দায়িত্ব নিয়ে বলছি যে,এই সংগঠণ দলমত নির্বিশেষে এই রাজ্যের সাধারণ শিক্ষক এবং শিক্ষাকর্মীদের সংগঠণ।

**শ্রী ননী কর** : মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে রিহ্যাবিলিটেশান ইন্ডাষ্ট্রিজ কর্পোরেশন সম্পর্কে হাউসের সকল সদস্যবৃন্দের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি জানেন স্যার, ১৯৫১ সালে উদ্বাস্তুদের অর্থনৈতিক পুর্নবাসনের জন্য ৩৬টি কেন্দ্র খোলা হয়েছিল। তারমধ্যে পশ্চিমবাংলাতে খোলা হয়েছিল ১৪টি। বাইরের অন্য ২২ টি উঠে গেছে। পশ্চিমবাংলার বুকে আর.সি.আই. এর যে ১৪টি কেন্দ্র আছে, এখানে মোট ২৭০৫ জন কর্মরত আছেন। এরমধ্যে মহিলা শ্রমিকদের সংখ্যা শতকরা ৩৫ ভাগ। মাঝে মাঝেই এটিকে তুলে দেওয়ার কথা হয়। ১৯৭৯ সালে কেন্দ্রীয় সরকার একবার সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন যে, আর.সি.আই.সি. তুলে দেওয়া হবে। এই সিদ্ধান্তের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে সেই সময় সি.আই.টি.ইউ., এ.আই.টি.ইউ.সি., আই. এন. টি. ইউ. সি. এবং ইউ. টি. সি — এই সমস্ত ট্রেড ইউনিয়নের প্রতিনিধিরা সমবেত ভাবে দিল্লীতে গিয়েছিলেন। ১৯৮০ সালেও অনেক দরবার করা হয়েছে। সেখানে ৭ ম্যান কমিটি করে দেওয়া হয়েছিল। সেই কমিটির দেওয়া রিপোর্টকে কার্যকরী না করে ১৯৮৪ সালে পুনরায় সিদ্ধান্ত গৃহীত হয়েছিল যে এই আর.আই.সি.র ইউনিটগুলি বন্ধ করে দেওয়া হবে। সি.আই.টি.ইউ., এ. আই. টি. ইউ.সি, আই.এন.টি.ইউ.সি. এবং ইউ.টি.সি. র সমস্ত প্রতিনিধিবৃন্দর পক্ষ থেকে তৎকালীন অর্থমন্ত্রী মাননীয় প্রণব মুখার্জীর সঙ্গে দেখা করে সমস্ত বিষয় অবহিত করেছিলাম। তিনি আমাদের কথা দিয়েছিলেন যে এটি চালু রাখা হবে। কিন্তু ইতিমধ্যে ওখানে কয়েক বছরের মধ্যে ৮ জন ম্যানেজিং ডিরেকর নিযুক্ত হয়েছেন। বর্তমানে ওখানে যিনি ম্যানিজিং ডিরেক্টর হিসাবে নিযুক্ত আছেন, তাঁর বিরুদ্ধে সি.বি.আই. থেকে তদন্ত হচ্ছে। এই অবস্থার মধ্যে পুনরায় বলা হচ্ছে এটিকে তুলে দেওয়া হবে। আমি আপনার মাধ্যমে হাউসের সকল সদস্যের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, আর.আই.সি.কে রক্ষা করার জন্য সকলের সমবেত ভাবে ব্যবস্থা গ্রহণ করা দরকার। উদ্বাস্তুদের অর্থনৈতিক পুর্নবাসনের কোন ব্যবস্থাই এখানে আজ পর্যন্ত করা হয়নি।

**শ্রী প্রবোধ চট্টোপাধ্যায়** : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আর্কষণ করছি। পুরুলিয়া জেলা খরা পীড়িত এবং অবহেলিত একটি জেলা হিসাবে পরিগণিত হয়েছে। পানীয় জলের অভাবে সেখানে মানুষ আজ ছটফট করছে। সমস্ত নদী-নালাগুলি শুকিয়ে গেছে। এই অবস্থায়

মানুষ পুকুরের নোংরা জল পান করছেন। ওখানে যে সমস্ত টিউব-ওয়েলগুলি আছে, সেগুলি আজ অকেজো হয়ে গেছে।

**[3.00 – 3.10 p.m.]**

একমাত্র আমার কেন্দ্র থেকে আসা ব্লকে ৩৭৫ টি টিউবওয়েলের মধ্যে ১২৫টি টিউবওয়েল খারাপ হয়ে পড়েছে। এখানে জলের স্তর এত নীচে নেমে গেছে যে টিউবওয়েল থেকে জল আর উঠছে না। পুরুলিয়া শহরে একমাত্র জলের সংস্থা যে সাহেব বাঁধ সেই সাহেব বাঁধেও জল কমে গেছে। সেখান থেকে নোংরা জল দোকানে দোকানে দেওয়া হচ্ছে এবং সেই জলই গ্রামের মানুষরা পান করছে। এতে নানারকম আন্ত্রিক রোগ দেখা দিয়েছে। সেইজন্য আপনার মাধ্যমে অনুরোধ করবো জলসরবরাহ ব্যবস্থা অবিলম্বে করুন যাতে পানীয় জলের সরবরাহ হয়।

**শ্রী কামাখ্যাচরণ ঘোষ :** মাননীয় স্পীকার স্যার, গত ২২ সে এপ্রিল হাউসের সামনে মাননীয় বিধায়ক শ্রী মানসবাবু উল্লেখপূর্বে যে ঘোষনা করেছেন আমি জানাচ্ছি এটা সম্পূর্ণ অসত্য এবং বিভ্রান্তিকর। প্রকৃত ঘটনা আমি হাউসের সামনে তুলে ধরছি এবং এই বিষয়ে হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। মুরালী নামে জনৈক তেলেগুর ভাই রামু রহস্যজনক ভাবে মারা যায়। তার মৃত্যুর দিনে ৭/৮ হাজার তেলেগু মিছিল করে শ্মশান ঘাটে যায় এবং সেখানে জ্ঞান সিং সোহানপাল জিও ছিলেন. এই নিয়ে পুলিশ তদন্ত করেছে এবং মুরলীকে কোন একটি ঘটনার জন্য গ্রেপ্তার করেছে। মানসবাবু বলেছেন নারায়ণ চৌবে নাকি পুলিশকে বলে দিয়েছে যে মুরলীকে যেন গ্রেপ্তার না করা হয়। আমি বলছি ওই সময়ে নারায়ণ চৌবে খড়গপুরে ছিলেন না, তিনি দিল্লীতে ছিলেন। সেখানে জ্ঞান সিং ছিলেন মানসবাবু অন্তত তাঁর কাছ থেকে বিষয়টা জানতে পারতেন। অন্ধ কংগ্রেস বিশ্বাসী মানসবাবু এইভাবে সমস্ত অসত্য, বিভ্রান্তকর কথা হাউসের সামনে বললেন, আমি মনে করি মানসবাবু যা কিছুই বলেন সবই এইরকম বিভ্রান্তিকর ব্যাপারে এবং এটা ওদের পেশা হয়ে গেছে। তাই আমি বলছি এটা সম্পূর্ণ মিথ্যা, অসত্য এবং বিভ্রান্তিকর ঘটনা।

**শ্রী সুভাষ বসু :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কৃষিমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কল্যাণী কৃষি বিশ্ববিদ্যালয়ে ২৩ তারিখে নির্বাচন হয় ছাত্রদের। তাতে এস.এফ.আই একটিতে ৭৯ এবং ছাত্রপরিষদ ১১ টি পেয়েছে, আরেকটিতে এস.এফ.আই. ২১ এবং ছাত্রপরিষদ ৮টি পায়। তারপরে ২৭ তারিখ সেখানে কনভোকেশন ছিল। সবচেয়ে আশ্চর্য হয়ে গেলাম অহেতুক একটা গন্ডগোল করে কনভোকেশান বন্ধ করে দেওয়া হল। আমি এস.ডি.ও.র কাছে খবর নিয়েছি একটা পরিকল্পিতভাবে এস.এফ.আই ছাত্রদের ঘরে রাত্রে তালা লাগিয়ে দিয়েছিল যাতে তারা যাতায়াত করতে না পারে। এইভাবে একটা হীন চক্রান্ত করে, গন্ডগোল করে কনভোকেশান বন্ধ করে দেওয়া হল। কিন্তু আমরা জানি কনভোকেশান না হওয়ার কোন কারণ ছিল না। সেইজন্য আমি দাবী করছি এর একটা তদন্ত করা হোক যে কেন কনভোকেশন বন্ধ করা হল এবং এর পিছনে যে ষড়যন্ত্র আছে তার শাস্তি বিধান করা হোক।

**শ্রী গোপাল কৃষ্ণ ভট্টাচার্য :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আগেও বলেছি ব্যারাকপুর থানা অঞ্চলে কংগ্রেস সমাজবিরোধীদের দৌরাত্বে থাকা যাচ্ছে না। গত ২৯ তারিখে আমরা এলাকায় কংগ্রেস যারা দিনের বেলা তারাই আবার রাতের বেলা হাতে বোমা নিয়ে ঘোরে এবং নানারকম্ অত্যাচার করছে। এখানে জিয়াগঞ্জ রোড এবং পানিহাটি পৌরসভা মধ্যে শক্তি নগর, গান্ধীনগর এবং ইন্দিরা নগরের মাঝখানে রোজ ছোট ছোট কারখানায় বোমা মারা হচ্ছে এবং এখানকার ম্যানেজারের কাছ থেকে টাকাপয়সা কেড়ে নেওয়া হচ্ছে। শ্রমিকদের কাছ থেকেও টাকা পয়সা নেয় এবং সবই রাত্রেবেলার পর থেকেই শুরু হয়।

২৯ তারিখে পুলিশ ওদের ধরার চেষ্টা করলে তারা পুলিশের উপর বোমা মারে। তারপর পুলিশ যখন গুলি চালায় তখন তারা পালিয়ে যায়। এর মধ্যে জলা নামে একটি ছেলে নিহত হয়। ঐ এলাকার শান্তি প্রিয় মানুষ পুলিশের এই কাজকে আর্শীবাদ জানাচ্ছে। খড়দহ থানার বিভিন্ন এলাকার সমাজবিরোধীরা যে দৌরাত্ম্য করছে এই সম্পর্কে স্বরাষ্ট্র মন্ত্রী অবিলম্বে একটা ব্যবস্থা করুন যাতে এই এলাকার মানুষ শান্তিতে বাস করতে পারে।

**শ্রী শিবপ্রসাদ মালিক :** স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে ত্রাণ এবং কৃষিমন্ত্রীর দৃষ্টি আর্কষণ করছি। গত ২৮শে এপ্রিল আমার নির্বাচনী কেন্দ্র গোঘাট কালবৈশাখীর প্রচন্ড ঝড়ে কয়েক শ বাড়ী পড়ে গিয়ে বহু মানুষ গৃহহারার হয়েছে এবং শিলাবৃষ্টির জন্য তিল ও বোরো ধান নষ্ট হয়ে গেছে। যাতে অবিলম্বে ক্ষতিগ্রস্থ আর্থিক সাহায্য ও তারপলিন সাহায্য করার জন্য ত্রাণ ও কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

## LAYING OF RULES

The Calcutta Municipal Corporation (Procedure and Conduct of Business) Rules, 1984.

**ShriPatit Paban Pathak :** With your Permission, Sir, I beg to lay the Calcutta Municipal Corporation (Procedure and Conduct of Business) Rules, 1984, Published in the notification No. 834/C-4/ M3R-1/83, 24th August, 1984.

The West Bengal Panchayat (Gram Panchayat Budget) Rules 1985.

**Shri Benoy Krishna Chowdhury :** Sir, I beg to lay the West Bengal Panchayat (Gram Panchayat Budget) Rules, 1985, Published in the notification No. 5101/1/1 Panch, 28th February, 1985.

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** স্যার, বধূহত্যার কয়েকটি ঘটনা ইতিমধ্যে শ্রীমতি অপরাজিতা গোপ্পী কয়েকবার এই হাউসে জানিয়েছেন। আমি আপনার মাধ্যমে দুর্ভাগ্যজনক গৃহবধুহত্যার ঘটনা বলব। অর্চনা মন্ডলের পিতা তার অর্জিত সমস্ত সম্পত্তি থেকে বিক্রি করে তাঁকে পাত্রস্ত করলেন। গত ফাল্গুন মাসে ২৯.৪.৮৫ তারিখে মুর্শিদাবাদ জেলার মালিকপাড়া থানার রাধানগরে তার বাড়ীর মধ্যে তাকে তার স্বামী এবং আত্মীয়স্বজনরা গুলী করে হত্যা করেছে। আরো দুঃখের বিষয় এই হত্যার পরে সেই বিত্তশালীরা থানাকে এমনভাবে কন্ট্রোল করেছে যে পুলিশ আজ পর্যন্ত কাউকে গ্রেপ্তার করেনি। এবং পুলিশ এই কেসটাকে অন্যভাবে নিয়ে যাবার চেষ্টা করছে। এই গৃহবধুর হত্যার ব্যাপার নিয়ে সারা পশ্চিমবাংলায় একটা আন্দোলন চলছে। গৃহবধু হত্যা করা আজকে একটা ফ্যাশান হয়ে দাঁড়িয়েছে। আগামী কাল আমরা যেন স্বরাষ্ট্রমন্ত্রীর কাছ থেকে জানতে পারি এই ঘটনা সম্পর্কে কি ব্যবস্থা নেওয়া হয়েছে? এই অনুরোধ আমি তাকে রাখছি।

**[3.10 – 3.20 p.m.]**

**শ্রী অনিল মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। গতদিন আমি, আমাদের মাননীয় মন্ত্রী কান্তি বাবু, কংগ্রেসী দলের সদস্য কাশীনাথ মিশ্র, সুভাষ গোস্বামী মহাশয় ৩১৬ ডাউন ট্রেনে আসছি। সেই গাড়ী আন্দুলে এসে এমন অবস্থা হয় যে সে আর যাবে

না, সেই ট্রেন বন্ধ হয়ে গেল, সেই ট্রেন আর নড়ে না। ফলে সেখান থেকে মাননীয় সদস্যদের অনেক কষ্ট করে এই হাউসে আসতে হয়। সে এক অবর্ণনীয় দুর্দশার মধ্যে আমাদের পড়তে হয়। সেখান থেকে লোকাল ট্রেন ধরে, ট্রেন লাইন ক্রস করে তারপর আসতে হয়। শুধু তাই নয় এই ট্রেনটি বাঁকুড়াতে ১ ঘন্টা লেট করে আসে। এই ট্রেনে একটা মাত্র জেনারেটর আছে। মাননীয় সদস্য কাশীনাথ মিশ্র মহাশয় এই ট্রেনের ব্যাপারে অভিযোগও করেছেন। আমি আপনার মাধ্যমে এর প্রতিবিধান চাইছি।

**শ্রী ননী কর :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের শহরাঞ্চলে উদ্বাস্তুদের বাস্তু জমির স্বত্ত বিষয়ে অনেক বিতর্ক হচ্ছে বিধান সভায় এবং বাইরে। আপনি জানেন উদ্বাস্তুদের সংগঠন ইউ সি আর সি এবং পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার উদ্বাস্তুদের বিনামূল্যে স্থায়ী স্বত্ত দিতে চায়, কেন্দ্রীয় সরকার কিছুতেই সেটা দিতে চায় না। আমি আপনাকে বলব যে এই বিষয়ে সম্প্রতি পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী যখন নতুন প্রধানমন্ত্রীকে আবার লিখেছিলেন যে স্থায়ী স্বত্ত দেওয়া হোক তখন তার জবাবে ২৩ শে এপ্রিল প্রধানমন্ত্রী মুখ্যমন্ত্রীকে লিখেছেন যে— মেমো নং ৩৯১২ সি এম এস —"

" I do not find that the allotment of land of displaced persons in urban areas of on lease-hold basis is in conformity with the policy in force. your suggestion that free-hold rights granted to these displaced persons can be considered only when and if the present policy is reviewed. The lease deed as approved by the Government of India Protects the interests of the displaced persons."

শুধুমাত্র এই চিঠি নয়, এপ্রিল মাসের ২ তারিখে পার্লামেন্টে, আপনি জানেন উদ্বাস্তু বিভাগের আলাদা মন্ত্রী নেই, স্বরাষ্ট্র উদ্বাস্তু পুনবার্সন দপ্তর বলেছিলেন, কারোর নাম বলা যাবে না, ইউনিভার্সিটি বিহীন ডিগ্রীধারী মহিলা পার্লামেন্টে যখন বক্তৃতা করলেন তখন তার জবাবে চব্যন সাহেব বলেছিলেন উদ্বাস্তুদের লীজহোল্ড ছাড়া ফ্রিহোল্ড দেওয়া যাবে না। শুধু তাই নয়, কংগ্রেস (আই) এর আর একজন সদস্য এই বিষয়ে প্রশ্ন করার পর রামদুলারী সিনহা একই কথা বললেন। আমরা বরাবর দাবি করেছি যে পরিপূর্ণ স্বত্ত্ব দেওয়া হোক, কেন্দ্রীয় সরকার তাতে রাজী হচ্ছে না। অথচ এখানে কংগ্রেসীরা বাইরে ভেতরে বলে বেড়াচ্ছেন যে বামফ্রন্ট সরকার দিচ্ছে না। আমি আপনার কাছে একথা বলব ওদের যদি সৎ সাহস থাকে যা সত্যবাবু দেখিয়েছেন, তাহলে এদের পক্ষে দিল্লীতে একথা বলা, প্রকাশ্যে একথা বলা যে বামফ্রন্ট সরকার যখন চাচ্ছে, ইউ সি আর সি যখন চাচ্ছে তখন সমস্ত উদ্বাস্তুদের পরিপূর্ণভাবে স্বত্ত দিতে হবে। কাজেই নূতন করে বামফ্রন্ট সরকারকে কালিমালিপ্ত করবার জন্য যে কথা বলেছেন তার প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সুভাষ বসু :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বক্তব্য হচ্ছে এই টেলিফোন হয় ঠিকভাবে চালান হোক, নাহলে বিকল্প একটা ব্যবস্থা করা হোক। আপনি শুনলে অবাক হবেন সাব — ডিভিসন্যাল পুলিশ অফিসারের দীর্ঘদিনধরে টেলিফোন নেই। বারবার আবেদন করা সত্ত্বেও আজ পর্যন্ত তাঁর টেলিফোন আসেনি। আর যে কয়টা টেলিফোন আছে সেগুলো তুললে কোন সাড়া শব্দ নেই। টেলিফোনের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের এই চরম ব্যর্থতা দেখে আমরা অবাক হয়ে যাই। আমার আবেদন হচ্ছে, এই মরা টেলিফোন চেঞ্জ করে ভালভাবে চালাবার ব্যবস্থা করা হোক। ডাঃ সুশোভনবাবু বলেছেন দার্জিলিং মেলে কিছু মস্তান উঠে ৫ টাকা করে সিট বিক্রি করছে। এইসব মস্তানরা ওঁদেরই দলের লোক।

**Mohammad Romjan Ali :** Mr. Speaker, Sir, I like to draw the kind attention of the P.W.D. Minister for immediate repair and reconstruction of chaklia Bridge which is linked to N.H.31. In the last meeting the Minister assured me that he would take early for construction of the bridge but no action seemed to have taken place. Really, Sir, there is disruption of communication right from the border of Bangla dest, Kisangunj and Kanki. People from the interior areas are facing much difficulty in reaching their commodities to the marketable place. I would request the Minister so that early action is taken for construction of chakalia Bridge and Nizampur Bridge.

**Mr. Speaker :** Anil Mukherjee, now you can speak on your privilege Matter.

## BREACH OF PRIVILEGE

**শ্রী অনিল মুখার্জী :** মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন কয়েকদিন আগে আপনার কাছে অন্ডার রুল টু টুয়ান্টিফাইভ অধিকার ভঙ্গের একটা নোটিশ দিয়েছি। স্যার, গত ১৯৮৪ সালের ১৭ই এপ্রিল এই হাউসে নেতাজী ফ্লিম সম্পর্কে আমি বলেছিলাম নেতাজী রিসার্চ ব্যুরো এবং ডাঃ শিশির বসু একটা কর্মাশিয়াল টানজেকসনের মাধ্যমে ফ্লিম, টেপ এবং ফটো ইত্যাদি দিয়েছে এবং তার মাধ্যমে নেতাজী সর্ম্পকে যে ছবি তোলা হয়েছে সেখানে নেতাজীকে অত্যন্ত কদর্য এবং বিকৃতভাবে দেখান হয়েছে। আপনার নিশ্চয়ইমনে আছে তখন শিশিরবাবু হাউসের সামনে একটা স্টেটমেন্ট দিয়ে বলেছিলেন কোন রকম কর্মাশিয়াল ট্রানজেকসন হয়নি। আমি আপনাকে দেখাব তিনি এই ধরনের স্টেটমেন্ট করে অর্থাৎ রংফুল স্টেটমেন্ট করে এনটায়ার হাউসকে মিসলিড করেছেন। স্যার, আপনি জানেন এ A breach of privilege can arise only when a member of minister make a false statement and in correct statement will fully deliberately and knowing to.

*স্যার, আমি আপনাকে অনুরোধ করছি এই উইলফুলী, ডেলিবারেটলী, এ্যান্ড নোয়িংলি কথাগুলির প্রতি আপনি দৃষ্টি দেবেন। শিশিরবাবু জানতেন এটা একটা অর্থনৈতিক লেনদেন হচ্ছে এবং তা সত্ত্বেও তিনি এসব কথা হাউসে বলেছেন। আমি ডেভিড বোলটনের চিঠির একটা কপি আপনাকে দিয়েছি। ডেভিড বোলটন — একজিকিউটিভ প্রোডিউসর অব দ্যাট গ্রানাডা টেলিভিসন জানিয়েছেন স্টেট ফরওয়ার্ড* কর্মাশিয়াল বেসিস্ বিটুইন ডাঃ শিশির বসু এ্যান্ড নেতাজী রিসার্চ ব্যুরো তাঁরা ফ্লিম, টেপস্, স্টিল ফটোস্ ইত্যাদি পেয়েছেন। কাজেই দেখা যাচ্ছে তিনি ইচ্ছাকৃতভাবে এনটায়ার হাউসকে বাই হিজ রং ফুল, উইলফুল এ্যান্ড ডেলিবারেট স্টেটমেন্ট মিসলিড করেছেন। আমি সেইজন্য এই ব্রিস অব প্রিভিলেজের প্রশ্ন তুলেছি এবং প্রয়োজন হলে প্রাইমা ফেসি এভিডেন্স হিসেবে অরিজিন্যাল চিঠি যেটা আমার কাছে রয়েছে সেটা আমি দেখাব। ডেভিড বোলটন ভারতবর্ষে আসবেন এবং সাক্ষী দেবেন এবং তিনি বলবেন যে কর্মাশিয়াল বেসিসে ট্রানজেকসান হয়েছে। কাজেই শিশিরবাবু উইলফুলী নৌয়িংলি। শিশির বাবু এন্টায়ার হাউসকে মিসলিড করার অপরাধে আমি এই ব্রিস অব প্রিভিলেজ আনছি।

**[3.20 - 3.30 p.m.]**

**Dr. Zainal Abedin :** Mr. Speaker, Sir, I first rise on a point of order on the privilege matter raised by Shri Mukherjee. Next I may be allowed to make my submissions with regard to the privilege.

Sir, privelege motions are being dealt with under Rule 225. Equally, you are bound as much as we are bound by the rules. You have agreed to the procedure but as the Rules have not been changed at this hour of the House this privilege motion for this thing cannot be entertained unless you exercise your extraordinary power to allow the member to raise it.

**Mr. Speaker :** I have allowed it. I have asked him to give notice to Dr. Bose.

**Dr. Zainal Abedin :** Sir, you are bound as much as we are bound by the rules.

**Mr. Speaker :** We are all bound.

**Dr. Zainal Abedin :** Sir, I invite your attention to Rule 225. A Question of privilege must - there is no alternative - be raised immediately after Questions and before the list of business for the day is entered upon. This procedure has been violated.

**Mr. Speaker :** Dr. Abedin, I think you are wrong. You are senior member. You know that this is an adjourned matter. The matter came up several times in the House. The other day I requested Shri Anil Mukherjee to raise the issue when Dr. Sisir Bose would be present in the House and so this matter has been taken up to day. It is an adjourned matter.

**Dr. Zainal Abedin :** This privilege issue is not a matter of recent origin. What Mr. Anil Mukherjee has referred it relates to April, 1984-Clear 365 days away from to-day. Sir, I presume you have entertained this matter a month ago or some days ago. Even then, there is a clear gap as the House met in September and the honourable member has not taken the case to produce his motion, to Submit his motion for consideration of either your goodself or of the House the House is supreme in the matter, as you know.

**Mr. Speaker :** Dr. Zainal Abedin, let me be clear on this point. It has not been admitted as a privilege motion of this House. I have only called upon Shri Anil Mukherjee to satisty me if there are good grounds for sending the matter to the Committee on Privileges. That is Why I asked Dr. Sisir Bose to be present in the House as he might have something to say. Now, go on.

**Dr. Zainal Abedin :** Sir, in the intervening period there has been a session in the month of September and the houourable Member has not taken recourse to any correct procedure as there are discrepancy and inadequacy. I submit that there exist some discrepancies and inadequacies. He has not followed the procedure and he has not brought this before the House.

Sir, my third point is that this matter relate outside the House and it does not relates to one in the discharge of his duty as a member of the Legislature. These are matters relevant to one Netaji Research Bureau of Which some one, a great National Leader, I.N.A. leader is now the Chairman. Dr. Bose would be correct to say and the Granada Television Co. has viliated this which we have all condemned this in this House. Once the matter has been decided and discussed in the House the Same matter cannot be brought in again. Sir, i draw your attention to Rule 333. The same matter cannot be brought before the House in some other garb or in some other form. Hence the matter is barred by these limitations. It is barred by time limitations, barred by the scops of discussion and also it is barred by extraneous consideration and it does not involve the prestige of the House at any rate.

Sir, last but not the least, we are not competent at this moment to dissect and discuss what has happened outside. Further, Sir, in the course of discussion it may be said in the name of the greatest leader, it has taken to C.P.I. and the C.P.I. (M) to enable Netaji after clear 38 years. In 1943 they depicted Netaji as something wrong.

**Mr. Speaker :** Is this relevant here, Dr. Abedin?

**Dr. Zainal Abedin :** yes, Sir, it is very much relevant.

**Mr. Speaker :** No. I would not allow it. Please do not submit on that. Please deal with other technical points.

**Mr. Speaker** : Any other technical point would you like to raise?

**Dr. Zainal Abedin** : Sir, my further technical point is, I invite your attention to page 173 of Easkine May's Parliamentary Practice 20th Edition. 'Before making a complaint against a member it is the practice as matter of courtesy to give him notice beforehand. If a member who makes a complaint against any other member has failed or been unable to give the member notice of his intention to do so or if although the latter has been given notice he neglects to attend the more regular course is to adjourne further consideration of the matter of the complaint to a future day and to order the member whose conduct is impugned .......

**Mr. Speaker** : That has been done.

**Dr. Zainal Abedin** : Sir, you are intervening me at a time when I am submitting the most vital points. The House is in darkness with regard to his speech. We have not been able to receive the statement made by Shri Anil Mukherjee. It is the property of the House. So, it is the lapse on the part of the government not to give us copy. I have pointed it out earlier that we have not received the copies. As such this matter cannot be allowed to be discussed here on this day of 2nd may, 1985. Hence I suppose that this should be summarily rejected and the great name should not be discussed here — great name, and it is the pride of Bengal, of India and of the world. A great patriot and a stalwart should not be brought for discussion in this House.

**Mr. Speaker** : Dr. Abedin, Please clarify me one point, you are a veteran parliamentarian. I often seek your assistance. I like to understantd. I am just on the hypothetical aspect of the question. Supposing a member makes a worng statement in the House and the attention of the House is drawn to that statement, and it is established that the statement is wrong, then will not any privilege lie in it?

**Dr. Zainal Abedin** : Sir, if I am allowed to consult Kaul and shakdher I can say there are innumberable instances of inaccurate statements made by the Ministers not to speak of the Member. But it cannot amount to breach of privilege.

**Mr. Speaker** : I am not on the point of inaccuracy of the statement. I am on the question of false statement. my question is hypothetical. The question is, if a member makes any false statement and if it is established that the statement is false whether breach of privilege lies in it or not? This is the basic point.

**Dr. Zainal Abedin** : It is with regard to innumerable cases occurred in Parliament and after montegoo Chamsford Reform and after 1935 India Act there was no scope of privilege in Indian Legislature. It was only after the adoption of the Constitution, and under Article 105, this question of privilege has been codified in our rules of procedure and practice, i.e., after the adoption of the Constitution of India. Before that, there was no scope of privilege. If I am incorrect I Shall be glad to be corrected.

**Mr. Speaker** : You are absolutely correct Dr. Abedin. I am not saying that you are incorrect. You are right.

**Dr. Zainal Abedin** : Under Article 105, this question of privilege has come and it has been established in innumerable instances in different Legislatures and also in Parliament that difference in the statement, untrue statement, or inaccurate statement – I repeat, inaccurate' does not amount to breach of privilege of the House.

**[3.30 – 3.40 p.m.]**

**Mr. Speaker** : But there are differences – untrue statement, false statement and inaccurate statement. my question was on false statement – neither untrue nor inaccurate.

**Dr. Zainal Abedin** : How do you demarcatd it?

**Mr. Speaker** : Dr. Abedin, I again emphatically say take it for granted, that if a certain false statement has been proved, in that event does the breach of privilege lie? My question is very specific.

**Shri Gyan Singh Sohanpal** : Even for arguments' sake, if a false and inaccurate statement is made on the floor of the House, the question is whether that statement has been made Knowingly or willfully. if it is not made knowingly then nothing is wrong. It does not attract the breach of privilege of the House.

**Mr. Speaker :** Even if it is a false statement . Mr.Sohanpal, as far as I understand the statement, even if it is false but he made it unwittingly or unknowingly will not be a breach of privilege?

**Shri Gynan Singh Sohanpal :** If an incorrect statement is made and if the statement is made unknowingly or unwillingly by a member or a Minister has the right–

**Mr. Speaker :** Here I like to add 'unwittingly' also.

**Shri Gyan Singh Sohanpal :** Minister and a member has the right to correct the statement also.

**Mr. Speaker :** Definitely.

**Shri Abdus Sattar :** Firstly, What is the definition of the privilege? Whether the statement made by Mr. Mukherjee, does come under the purview of the privilege motion? So far as the statement is concerned this does not come under the purview of the privilege.The privilege is only concerned to the House and to the members because if any member makes any statement it does not concern with the House or it does not concern with the capacity of the member. Then it does not come under the purview of the privilege. Even the book he has cited, at page 234 it runs as follows :

' If any statement is made on the floor of the House by a member or a Minister which another member believes to be untrue, incomplete or incorrect it does not constitute a breach of privilege. If an incorrect statement is made there are other remedies by which the issue can be decided. In order to constitute the breach of privilege or contempt ot the House, it has to be proved that the statement was not only wrong or misleading but it was made deliberately to mislead the House. Whether Dr. Sisir Bose has willfully mislead the House that is the question?

**Mr. Speaker :** Then who had the intention to mislead the House?

**Shri Abdus Sattar :** A breach of privilege can arise only when the member or the Minister makes a false statement or an incorrect statement willfully, deliberately or knowingly. I do not think that

Dr.Bose has said that willfully, deliberately and knowingly. He does not know about that. Whether the statement was made willfully and konwingly or deliberately that is concerned with the members. Moreover, Mr. Speaker, Sir, the question is of privilege. Even in that case it does not come under the purview of the privilege. It has been defined in several rulings of the Speaker and the presiding officers. He made the statement not to mislead the House because in the House the question was raised by Mr. Mukherjee in the month of April, 1984, i.e. about a year back and at that time Dr. Bose made the statement. I do not know from where he has ocured something which he says that it is the original copy. How the original copy has come to Mr. Mukherjee I cannot understand?

A copy of the original may come. But it may not be correct that the original copy has been handed over to Mr. Mukherjee. So, how can we confirm the fact that the document is a correct document. It is not possible for the House to determine that it is a copy of the correct document. I think he has got something else which may be a disputed document. So What I want to submit is, the reply which was given or the statement which was made by Dr. Sisir Bose in the month of April, 1984, that cannot come under the purview of the privilege. So I think in view of all these things, the motion that has been brought before this House is not substaniable or maintainable.

**Mr. Speaker :** Mr. Sattar, what are ingredients of willful? How do you establish it?

**Shri Abdus Sattar :** That is why, I say that privilege is something, and as far as the privilege of the House is concerned, it is something. Suppose - in the proceedings - I said something, but it was reported otherwisem and by that House was misled. Then that comes under the purview of the privilege. If I made some statements, Which have been deliberately and wrongfully reported, then, that makes the privilege. Here it is the case.

**Mr. Speaker :** That was my question also. Will you estabilish that it was made wrongfully or deliberately?

**Shri Abdus Sattar :** How will it be established - that is the question? From the circumstances, from the statements made...

**Mr. Speaker :** Suppose, somebody said, 'I did not receive any money', then how will you say that he has received the money?

(Noise)

**Shri Abdus Sattar :** Sir, I do not know what is the reason. After all, he is a Forward Bloc Member and he always takes the name of Netaji.

**Mr. Speaker :** We are not concerned to that.

**Shri Abdus Sattar :** Moreover, I want to submit that what he wants to make, - is a complaint against a particular member. But he did not give any notice of that to the member concerned. This is a complaint against a particular member but here he has not given any notice to the member concerned.

**Mr. Speaker :** Yes, he has given a notice.

**Shri Abdus Sattar :** No, no, the notice that was given previously was not related to this motion or to this complaint.

**Mr. Speaker :** He has given the notice personally. That notice was served to my section.

**Shri Abdus Sattar :** That is the complaint.

**Mr. Speaker :** Mr. Mukherjee, have you served any privilege notice to Dr. Sisir Bose?

**Shri Anil Mukherjee :** I have already given that copy. However, I am giving it now.

**Mr. Speaker :** Have you not submitted it uptill now?

**Shri Anil Mukherjee :** I am serving it now.

**Mr. Speaker :** Mr. Mukherjee, what notice did you give to Dr. Bose?

**Shri Anil Mukherjee :** I have served the notice regarding the statement of Dr. Bose. Here I want to inform Shri Sattar that as per rule, I have already given the notice to Mr. Speaker that the matter is to be mentioned. Regarding the copy of the notice, I am serving it now?

**Mr. Speaker :** Have you submitted the copy of the douument?

**Shri Anil Mukherjee :** I shall give him the copy today.

**Mr. Speaker :** Very well.

**Shri Amalendra Roy :** That is not the procedure.

**Shri Abdus Sattar :** That is necessary.

**Shri Amalendra Roy :** কপির কথা উঠেছে। যদিও তার মানে এই নয় যে, তাকে সমস্ত কিছুরই কপি দিতে হবে। that is not requirement.

**Mr. Speaker :** Notice have to be served. the only requirement which we have made a convention in the House that if you make allegation against another member, you will have to give him a notice that on such and such date, you are going to move such things against him and he should be present in the House. That is the point.

**[3.40 - 3.50 p.m.]**

**Mr. Speaker :** Dr. Abedin, What is your point?

**Dr. Zainal Abedin :** Sir, you have been very kind to us. But the pointed question is that how do you ascertain 'willngly' or 'wilfully?'

(Noise)

Please do not disturb. I did not disturb you. Let me finish. Sir, you have got at your disposal Oxford and Chambers dictionaries - the meaning is clear there. My second point is if there is any gain. The third point is the circumstantial evidence. About these three points I draw your attention. Whether Dr.Bose gained any thing by making this statement - this is a point. The third point, Sir, is the circumstantial evidence which you have got at your disposal. Shri Anil Mukherjee has submitted the relevant documents to you. How do you ascertain that if, with all humility, sir, I question the very ingenuity of the documents produced by or aduced by Shri Mukherjee? Sir, regarding Granda Television Company, we have all condemned them, as you may be aware. My fourth point, Sir, I submit that a matter once discussed cannot be raised in the grab of some other point, in some other settlement or in some other

proceedings, This is my submission, Sir,

**Mr. Speaker :** Dr, Bose, would you like to say anything?

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুটি পয়েন্ট এঁরা তুলেছেন — একটা হচ্ছে, এটা টাইমবোর্ড কিনা? স্যার, প্রিভিলেজের প্রসিডিওরটা যদি আপনি দেখেন তাহলেই এটা বুঝতে পারবেন। এক্ষেত্রে শ্রীমতী ইন্দিরা গান্ধীর কেসটা দেখলে সবটা পরিষ্কার বোঝা যাবে। সেখানে আগের লেজিসলেচারে ঘটনা ঘটেছিল এবং পরের লেজিসলেচারে ব্রীচ অব প্রিভিলেজ মোশান এল। এটা কি করে এলো? এলো এই কারণে যে সাবসিকোয়েন্টলি যে ফ্যাক্ট গতকাল আমার জানা ছিল না। আজকে যদি সেই ফ্যাক্ট আমার কাছে আসে তাহলে দ্যাট উইল বি দি বেসিস অব রেজিং দি কোয়েশ্চেন টু-ডে।

**মিঃ স্পীকার ঃ** That is all right. you can carry on.

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** স্যার টাইম বোর্ডের এই প্রশ্ন আদৌ ওঠে না। দ্বিতীয়তঃ এটা এ্যারাইজ করছে কোথায়? এ্যারাইজ করছে Because of the very statement made by Dr. Bose on the floor of this House. এখানে ডিমিনিসড্ হয়ে যাচ্ছে ইস্যুটা। উনি হাউসে যে ষ্টেটমেন্ট করলেন সেই ষ্টেটমেন্টের উপর ব্রীচ অব পিভিলেজ মোশান আসছে। অনিলবাবুর সাবমিশান হচ্ছে, উইলফুলি এবং ডেলিবারেটলি তিনি হাউসকে মিসলিড করেছেন। এখন উইলফুলি এবং ডেলিবারেটলি হাউসকে মিসলিড করা হয়েছে কি হয়নি এটাই হচ্ছে পয়েন্ট। যদি উইলফুলি এবং ডেলিবারেটলি কেউ হাউসকে মিসলিড করেন তাহলে then and there he commits a breach of privilege. No3. এটাই হচ্ছে সহজ কথা। তিন নং কথা হচ্ছে, এখানে প্রাইমাফেসি কোন কেস আছে কিনা সেটাই আমরা এখানে বিচার করবো, তার বেশী কিছু নয়। কাজেই এখানে কাগজপত্র যা দেবার কথা বলা হচ্ছে একথা আদৌ আসে না।

**Dr. Sisir Kumar Bose :** Mr. Speaker, Sir, I am making submission to this House in respect of so-called privilege motion or notice, whatever it may be, brought against me by the honourable member, Shri Anil Mukherjee. He gave me a chit some weeks ago saying that he wanted to bring this particular matter as a mention case and he may or may not have, I do not recall very well, the question of breach of privilege there. It was not in the form of notice. He did attach a letter xeorx copy of the letter - but I have not received any notice to proceed with this question to-day. I have come here as a matter of courtsey because Mr. Speaker mentioned when we met last that he adjourned the meeting on this subject and that he would take this matter up to-day. So, in obedience of the Speaker's mentioning this matter I am here. Now I submit once again the point which Dr. Zainal Abedin has already made that this matter is absolutely time-barred. But one point Shri Mukherjee did not know, Mr. Speaker, Sir, that it is, apart form the fact that the privilege motion must be brought in the earliest opportunity, the alleged letter

- you will be surprised to know on which he is basing this so-called privilege motion, I do not call it a motion - is dated February, 1984. It predates the debate in the House on that controversial T.V. documentary film on Netaji where we roundly condemned without opposition when the film was made. So it pre-dates the letter dated February, 1984. The letter is between two outsiders so far this House is concerned. One of them is a foreigner whom Shri Anil Mukherjee, the houourable member named. I will hate to name him because this House when it was condeming that film actually was condmening this man. This man who did that film committed breach of privilege with us. There he was the Director-Producer of the film. Any Privilege motion, I submit, based on correspondence between outsiders is not in order. Further, I make this point that the privilege motion against a member of the House cannot lie on the basis of a letter written by a person whom this House itself has condemned. All members of this House condemned unanimously last year. The third point is that the subject-matter of the privilege motion, which should be understood by this House, is destroyed admittedly. There is a dispute. I repeat there is a dispute between an Indian Historical Society of some repute - Whatever the honourable member,Shri Anil Mukherjee has said - and a foreign television film. The dispute started even before the honourable member, Shri Mukherjee knew about the film. Even long before the film was released we came to know that the film had been done in a distorted manner. As soon as we knew it, we took action immediately.

**[3.50 – 4.15 p.m.]**

The dispute started even Before the picture was released. That dispute still remains unsolved. How it is going to be solved cannot be said at the present time. It is continuing now. This is a dispute between two third parties so far as this House is concerned. This dispute between two third parties cannot form the basis of a privilege question in this House. On the above grounds there cannot be any reason for the so called privilege motion being raised in this House. This is my submission, Sir.

Sir, Shri Anil Mukherjee is talking of letters. If you allow me

only two minutes time I can quote just two lines from a letter of a very celebrated man - he is no longer here, he has passed away - that will give you in a nutshell what is the motivation of this so-called privileged motion When this 'kada Chhora chhorri' and this maligning were going on I received this letter from late Major Abid Hasan, the closest I.N.A. Officer, closest to Netaji Subhas chandra Bose. I will just quote two lines from his letter and finish and this will give you the motivation of this act of my friend, the Honourable Member, Shri Anil Mukherjee.

Major Abid Hasan Writes - he was with us -

" you, of course, have to take greater burden. All the sincere work you, and your band of devoted followers of Netaji have been doing during the past so many years brought you some recognition and in much greater proportion the envy of others. That these people should now seize the opportunity of maligning you has to be accepted."

So, it is not a question of privilege - it is a question of personal vendetta, it is a question of envy and it is a question of jealousy

Thank you, Sir.

**Mr. Speaker :** This matter would further be taken up on the 9th May, 1985. The House is adjourned till 4.15 p.m.

(At this stage, the House was accordingly adjourned till 4.15 p.m.)

**(After Adjourment)**

**ZERO HOUR**

**[4.15 – 4.25 p.m.]**

**ডাঃ হরমোহন সিন্‌হা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ ব্যাপারে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমি আজকে খবর পেয়েছি যে বর্ধমান - কাটোয়া এবং আমাদপুর - কাটোয়া এই দুটি লাইন প্রায় ৫৪ কিলোমিটার করে। এই দুটি লাইনে যে গাড়ীগুলি যাতায়াত করত হঠাৎ ১লা মে থেকে এমন টাইম টেবিল তৈরী হয়েছে প্রত্যেকটি লাইন থেকেই একটি করে গাড়ী তুলে নেওয়া হয়েছে। যাতায়াতের এই অবস্থায় একটি করে তুলে নিলে খুবই অসুবিধার সৃষ্টি হবে। এই ব্যাপারে যাতে অবিলম্বে ট্রেণ গুলি পুনরায় রেসটোরেসন করা হয় সেকথা কর্তৃপক্ষকে জানাবার জন্য আপনার মাধ্যমে আবেদন জানাচ্ছি।

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস :** মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে মুর্শিদাবাদ জেলা অত্যন্ত জটিল সমস্যাবহুল জেলা। প্রশাসন, বিশেষ করে পুলিশ প্রশাসন যদি তৎপর না হয় তাহলে ওখানে আইনশৃঙ্খলা রক্ষা করা মুশকিল হয়ে পড়ে। সম্প্রতি ওখানে একটা ঘটনা ঘটেছে, এস.পি.র বাড়ীতে হোমগার্ড এবং কনষ্টেবল মিলে প্রায় ১২ জন পাহারায় নিযুক্ত ছিল, তা সত্ত্বেও এস.পি.র বাড়ী থেকে তাঁর রিভলভবার চুরি গেছে। তাই নিয়ে গোটা শহরে একটা আতংকের পরিবেশ সৃষ্টি হয়েছে। সাধারণ মানুষ ভাবছেন যে যদি এস.পি.র বাড়ী থেকে বিভলবার চুরি যায় তাহলে আমাদের অবস্থা কি? এস.পি. বদল হয়েছে, নতুন এস.পি. যাওয়ার পরেই এই ঘটনা ঘটেছে। আমি আবেদন জানাচ্ছি যে গোটা বিষয়টি তদন্ত করে দেখা হোক। এস.পি. কে অপদস্ত করার জন্য কোনরকম চক্রান্ত করা হচ্ছে কিনা।

**শ্রী পন্ডিত পাবন পাঠক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, উল্লেখ পর্বে মাননীয় সদস্য শ্রী কমল সরকার যে রাণীগঞ্জের বন্ধ কারখানার এক হাজার শ্রমিকের কথা বলেছিলেন, ওটা এক হাজার নয়, প্রায় ১০/১২ হাজার শ্রমিক এসেছে। এইটুকু সংশোধনের জন্য জানিয়ে দিচ্ছি।

**শ্রী মণীন্দ্রনাথ বর্মা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ত্রাণ এবং কৃষি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৬/২৭ শে এপ্রিল আমার নির্বাচনী এলাকা তুফানগঞ্জ ব্লক টু তে বৃষ্টি এবং শিলাবৃষ্টি হয়। তাতে সরকারী হিসাব যা পাওয়া গেছে তাতে বিশেষ করে পাটের ক্ষতি হয়েছে পারসিয়ালী ২১০ হেক্টর এবং টোটাল ড্যামেজ হয়েছে ৬৫ হেক্টর। তাছাড়া ভানুকুমারী গ্রাম পঞ্চায়েত বড়লাউকুঠি এবং ছোটলাউকুঠি এই দুটি জায়গায় প্রায় ১৬০ টি বাড়ী বিধ্বস্ত হয়ে গেছে। যাদের বাড়ী ঘর পড়ে গেছে তাদের ত্রাণের জন্য বিশেষ করে তারপোলিন দেওয়ার জন্য মাননীয় ত্রাণ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**মিঃ স্পীকার :** আমি আপনাদের অনুমতি নিয়ে মাননীয় মন্ত্রী যতীনবাবু বিলটি আগে দিচ্ছি। কারণ ওঁকে ট্রেণ ধরতে হবে। উনি আগে চলে যাবেন।

## LIGISLATION

**Mr. Speaker :** I am taking first the Calcutta Universaity Institute (Taking Over of Management of Auditorium) Bill, 1985 to be moved by Shri Jatin Chakrabarty.

**The Calcutta University Institute (Taking Over of Management of Auditorum) Bill, 1985.**

**Shri Jatin Chakrabarty :** Sir, With your permission, I beg to introduce the Calcutta University Institute (Taking over of Management of Auditorum) Bill, 1985.

(Secretary then read the Title of the Bill)

**Shri Jatin Chakrabarty :** Sir, I beg to move that the Calcutta University Institute (Taking Over of Management of Auditorium) Bill, 1985, be taken into consideration.

**শ্রী যতীন চক্রবর্তী :** এখানে বক্তব্য বিশেষ কিছু নেই। আমাদের ইউনিভার্সিটি ইনস্টিটিউট বলে যে বাড়ীটা আছে সেটা সরকারী জমির উপর অবস্থিত। সেই জমিতে আগে যে ইউনিভার্সিটি ইনস্টিটিউট ছিল,

সেটা ১৯৭৬ সালের ১০ই ফেব্রুয়ারী আগুন লেগে সম্পূর্ণ ভাবে ভস্মীভূত হয়ে যায়। আমরা আসার পর ৫২ লক্ষ টাকা খরচ করে অডিটোরিয়াম এ্যান্ড স্টেজসহ বাড়ীগুলি পুর্ননির্মান করি এবং তখন যিনি রাজ্যপাল ছিলেন এবং মাননীয় মুখ্যমন্ত্রী সহ সকলে মিলে ১৯৭৯ সালের ৩১ শে আগষ্ট এর উদ্বোধন করি। ঐ ইনস্টিটিউটের যে ম্যানেজিং কমিটি ছিল অডিটোরিয়াম এ্যান্ড স্টেজ ম্যানেজ করবার জন্য, তাঁদের সঙ্গে সরকারের একটা চুক্তি হয়েছিল। সেই চুক্তি অনুযায়ী ঠিক হয়েছিল যে, ইনস্টিটিউটের ভাড়া হিসাবে যা পাওয়া যাবে তার ৫০ ভাগ পাবে ম্যানেজিং কমিটি এবং বাকী ৫০ ভাগ পাবে ইনস্টিটিউট এবং ম্যানেজিং কমিটিতে আমাদের ৫ জন এবং ইনস্টিটিউটের মনোনীত ৫জন আসবেন। এই চুক্তি হবার পর আমরা দেখলাম যে, ১৯৭৯-৮০ থেকে শুরু করে ১৯৮২-৮৩ পর্যন্ত ভাড়া থেকে আমাদের আয় হয়েছে ৮ লক্ষ ৫০ হাজার টাকা, কিন্তু তার যদি অর্ধেক দিতে হয় চুক্তি অনুযায়ী ইনস্টিটিউটকে, তাহলে আমাদের ম্যানেজিং কমিটির হাতে থাকে ৪ লক্ষ ২৫ হাজার টাকা। অথচ এষ্টাব্লিশমেন্ট এ্যান্ড ইলেকট্রিসিটি চার্জ, মেনটেনেন্স চার্জ বাবদ সেখানে খরচ দাঁড়ায় ৬ লক্ষ ১৬ হাজার টাকা, অর্থাৎ সরকারের প্রতি বছর লোকসান দিতে হবে ২ লক্ষ টাকা। সেইজন্য আমরা অনেকবার তাঁদের সঙ্গে আলাপ আলোচনা করেছি; তাঁদের বলেছি যে, ফার্ষ্ট চার্জ অফ মেনটেনেন্স যা হবে, সেটা বাদ দিয়ে যেটা থাকবে — সেটা ম্যানেজিং কমিটি এবং ইনস্টিটিউটের মধ্যে যেন ভাগাভাগি করে নেওয়া হয়। এ ক্ষেত্রে আমরা অনেক চেষ্টা চালিয়েছি, কিন্তু কিছুতেই কিছু হয়নি বলে অবশেষে আমরা এই বিলটি এনেছি। এখন ম্যানেজিং কমিটিতে,যাঁরা অডিটোরিয়াম এ্যান্ড ষ্টেজ ম্যানেজমেন্ট থাকবেন, সেখানে আমাদের ৫ জন থাকবেন চেয়ারম্যান ছাড়া এবং ৪ জন ইনস্টিটিউটের পক্ষ থেকে থাকবেন এবং ভাড়া থেকে এষ্টাব্লিশমেণ্ট এ্যান্ড ইলেকট্রিসিটি চার্জ বাদ দিয়ে যে টাকা উদ্বৃত্ত থাকবে সেটা ৫০:৫০ ভিত্তিতে ভাগাভাগী হবে। এ পর্যন্ত আমরা অনেক চেষ্টা করেছি, এমনকি মাননীয় মুখ্যমন্ত্রী পর্যন্ত চেষ্টা করেছেন, কিন্তু তাতেও কোন ফল না পাওয়ায় শেষ পর্যন্ত বিলের খসড়া ক্যাবিনেটে যায় এবং ক্যাবিনেট সেটা এ্যাপ্রুভ করেন, মুখ্যমন্ত্রী এ্যাপ্রুভ করেন এবং তারপর আমরা বিলটি এখানে উপস্থিত করি।

**মিঃ স্পীকার :** There is a motion for circulation on this Bill by Shri Abdul Mannan. Shri Mannan is now to work his motion.

**[4.25 – 4.35 p.m.]**

**শ্রী আবদুল মান্নান :** Sir, I beg to move at the bill be circulated for the purpose of eliciting public opinion there on by the 31st August, 1985. The calcutta University Institute (Taking Over of Management of Auditorium) Bill, 1985.

এনেছেন আমি তার তীব্র বিরোধীতা করছি। স্যার, এটা একটা ঐতিহাসিক শিক্ষাপ্রতিষ্ঠান, এই প্রতিষ্ঠানের স্বাধিকার ক্ষুন্ন করার জন্য এবং সরকার এটাকে কুক্ষিগত করার জন্য এই ঘৃন্য প্রস্তাব এই বিলের মাধ্যমে আনা হয়েছে। এই বিল সম্পূর্ণ রাজনৈকিত উদ্দেশ্য প্রণোদিত ভাবে আনা হয়েছে। এই ঐতিহাসিক শিক্ষা প্রতিষ্ঠানকে ১৯ শতকে বাংলার নবজাগরণের ফসল হিসাবে গন্য করা হয়। এই প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতার সভাপতি ছিলেন বিশ্ববিখ্যাত ব্রহ্ম ধর্ম প্রচারক প্রতাপ চন্দ্র মজুমদার এবং কমিটিতে ছিলেন সাহিত্য সম্রাট ঋষি বঙ্কিম চন্দ্র চট্টোপাধ্যায়, স্যার গুরুদাস বন্দোপাধ্যায় এবং সাহিত্য শাখার প্রধান হিসাবে ছিলেন রবীন্দ্র নাথ ঠাকুর। এই রকম একটা শিক্ষা প্রতিষ্ঠানকে সরকার কুক্ষিগত করার জন্য এই ঘৃন্য প্রস্তাব আনা হয়েছে। ১৯৭৬ সালে যখন এই অডিটোরিয়ামটা আগুনে বিদ্ধস্ত হয় তখন এখানে কংগ্রেস সরকার ছিল। সিদ্ধার্থ শংকর রায় যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখন অডিটোরিয়ামের পক্ষ থেকে তাঁর কাছে একটা চিঠি যায় এটাকে

সারিয়ে দেবার জন্য। তাতে তিনি বিনা সর্ত্ত আরোপ করে বলেছিলেন সারিয়ে দেব। তারপর ১৯৭৭ সালে রাজনৈতিক পট-পরিবর্ত্তনের ফলে সরকারের পতন ঘটলো এবং আপনারা এলেন। আপনারা আসার পর চেষ্টা করলেন কি ভাবে এই প্রতিষ্ঠানটিকে কুক্ষিগত করা যায়। আপনারা একটা ডিড তৈরী করলেন যে এই ইনস্টিটিউটের ম্যানেজমেন্টে ইন্সটিটিউটের পক্ষ থেকে এবং গর্ভনমেন্টের পক্ষ থেকে প্রতিনিধি থাকবে। সেই ডিডে বলা হয়েছিল যে ৫ জন প্রতিনিধি সরকারের পক্ষ থেকে পাঠানো হবে। মাননীয় মন্ত্রী মহাশয় সেখানে নিজে চেয়ারম্যান হন। এই ঐতিহাসিক শিক্ষা প্রতিষ্ঠানে সরকার রেনোভেট করা জন্য যেহেতু টাকা দিয়েছেন সেই জন্য এটাকে কুক্ষিগত করার চেষ্টা করলেন। বিগত দিনে ১৯৩৬ সালে বৃটিশ গভর্নমেন্ট ১ টাকা খাজনার বিনিময়ে চিরস্থায়ী লিজের ব্যবস্থা করেন। সেই সময় কিন্তু তাঁরা চেষ্টা করেন নি এটাকে কুক্ষিগত করার। কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয়, ক্ষমতায় এসে কি করলেন? তিনি চেষ্টা করলেন এটাকে কি করে সব দিক থেকে কুক্ষিগত করা যায়। স্যার, আজকে যে নূতন বিল আনা হয়েছে এটা শুধু এই প্রতিষ্ঠানকে কুক্ষিগত করার জন্য নয়, ৭ বছর ধরে এখানে যে অরাজকতা হয়েছে, যে দূর্নীতি হয়েছে সেটাকে ধামা চাপা দেবার জন্য এটা আনা হয়েছে। এই ডিপার্টমেন্টের ডেপুটি সেক্রেটারী এবং ইউনির্ভাসিটি ইন্সটিটিউট এর কর্তৃপক্ষরা বসে একটা চুক্তি করেছিলেন। সেই চুক্তি এই সরকার মেনে চলেনি, সেই চুক্তি কেএই সরকার অবহেলা করেছে। সেই ব্যাপারে আমি একটা উদাহরন এখানে দিচ্ছি। সেখানে যে চুক্তি হয়েছিল সেই চুক্তির একটা ধারায় ছিল প্রতি বছর বাজেট প্লেস করতে হবে ১৫ই মার্চের মধ্যে। on before the 15th day of March, every year, the committe of management Shall submit its budget for the following Finance year to the Government for its approval.

স্যার, ১৯৭৮ সাল থেকে আজ পর্যন্ত কোন কমিটি মিটিং করা হল না। মাননীয় মন্ত্রী মহাশয় কেন যে বাজেট প্লেস করলেন না সেটা বুঝতে পারছি না। আর একটা ব্যাপার, যেটা এখানে ১০ বছর ধরে ছিল যে The Governor shall appoint an auditor every year for auditing the accounts of the Committee of management the fees for the last audit shall be paid put of the funds of the committee of management.

আজকে মন্ত্রী মহাশয় যখন তাঁর জবাবী ভাষণ দেবেন আমি তাঁকে অনুরোধ করবো এই ব্যাপারটা বলার জন্য। ৭ বছর ধরে অডিট রিপোর্ট কি হ'ল? অডিট রিপোর্ট কেন প্লেস করলেন না? দূর্নীতির বিরুদ্ধে কেন কোন ব্যবস্থা নিলেন না? আমরা জানি ওই কমিটিতে ৯ জনের মধ্যে ৫ জন আপনাদের সদস্য এবং আপনি নিজে চেয়ারম্যান। সেই জন্য আজকে আপনি দূর্নীতির বিরুদ্ধে ব্যবস্থা নিতে পারছেন না, এটা অত্যন্ত লজ্জাজনক।

(Mr. Deputy Speaker took the chair)

স্যার, আজকে অডিটোরিয়ামটার মেনটেন্যান্স কিন্তু অডিটোরিয়ামে আয় থেকে চলে। ইনস্টিটিউটের অন্যান্য যে পারপাস আছে, যে গুলি আপনি নিজে চুক্তি করেছিলেন, সেই চুক্তির মধ্যে অডিটোরিয়ামের ইনকাম সম্বন্ধে একটা বয়ান ছিল তা হচ্ছে

Half of the receipts from the rent etc. in respect of the auditorium and stage shall be allotted to the lessee as their share and the other half will be retained by the Committee of Management to meet charges on account

of maintennance and caretaking and electric charges of the auditorium and stage..

৫০ পারসেন্ট অডিটোরিয়ামের ইনকাম ইনস্টিটিউটকে দিয়ে দেওয়া হবে। আশাকরব, আপনি আপনার জবাবী ভাষনে বলবেন কেন তাদের ৫ লক্ষ টাকা না দিয়ে মাত্র ১ লক্ষ ২০ হাজার টাকা দিয়েছেন? আপনি তাদের এইভাবে ন্যায্য পাওনা থেকে বিঞ্চিত করেছেন। অডিটোরিয়াম শুধু ইনস্টিটিউটগুলির জন্য। অডিটোরিয়াম ইনকাম — সেখানে যাঁরা অডিটোরিয়ামকে ব্যবহার করবেন, ইউনিভার্সিটি ইনস্টিটিউট বা তাদের যে সমস্ত শাখা প্রতিষ্ঠানগুলি আছে, — তাদের দেওয়ার ব্যবস্থা রাখলেন না। তাদের জন্য আপনি কোন স্কোপ রাখলেন না। এই বিলটাকে এমনভাবে আনা হয়েছে — আপনি স্যার, অবাক হয়ে যাবেন — সরকার এই বিলের মাধ্যমে একটা এ্যাপয়েন্টেড্ কমিটি করতে চাইছেন। ৪ জন ইউনিভার্সিটি ইনস্টিটিউট থেকে আসছেন। সেখানে নিজেদের সুবিধার জন্য কতকগুলি বিধি বেধে দেওয়া হচ্ছে। ক্লজ ৫ (এ) মধ্যে যেটা বলা হয়েছে — সেখানে এক জায়গায় বলা হয়েছে অডিটোরিয়ামে কমিটি অফ ম্যানেজমেন্টকে স্বাধীনতা দেওয়ার কথা বলা হয়েছে। সেখানে এক জায়গায় বলা হয়েছে যে

The State Government may from time to time issue such directions to the Committee with regard to the management and control of the Auditorium as the State Government may deem desirable and the Committee shall forthwith carry out such directions.

সেখানে নিজের মনের ভাব ফুটে উঠেছে। সেই কমিটিগুলির উপর খবরদারী করার জন্য, নিজের নির্দ্দেশ বাধ্যতামূলক ভাবে প্রতিষ্ঠা করার জন্য এটি আনতে চেয়েছেন। আজকে সরকার যে কোন শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে নিজেদের দলের একটা আখড়া হিসাবে পরিণত করেছেন — এটা আমরা সর্বত্রই লক্ষ্য করছি। এই বিলের মাধ্যমে ঠিক একই ভাবে চূড়ান্ত দলবাজী ও ষড়যন্ত্রের চেষ্টা চালানোর জন্য উদ্যোগ নেওয়া হচ্ছে। সেইজন্য এই বিলকে আমি সমর্থন করতে পারছি না। এই বিলটি যখন আনা হচ্ছে, তখন এরমধ্যে অন্ততঃ পক্ষে ৫জন যাঁরা বিভিন্ন শিল্প জগতের সঙ্গে যুক্ত, বিভিন্ন নাট্যজগতের সঙ্গে যুক্ত আছেন, তাঁদের নিয়ে আসার কথা বলতে পারতেন এবং তাহলে এই বিলের যথার্থতা খানিকটা বোঝা যেত। এই প্রতিষ্ঠানটি আজ ৯৪ বৎসরে পদার্পন করেছে। আর কিছু দিন পরে যার শতবার্ষিকী পালন করা হবে, সেখানে শুধুমাত্র নিজেদের দলভূক্ত ৯ জনকে নিয়ে আসার ব্যবস্থা রাখা হয়েছে। অন্যান্য শিল্প জগত থেকে কোন লোককে না নিয়ে শুধুমাত্র নিজের দলের লোকদের এরমধ্যে আনার ব্যবস্থা করছেন। এই অডিটোরিয়ামে যেমন নিজস্ব এমপ্লয়ি আছেন, তেমনিভাবে ইনস্টিটিউটের কিছু কর্মচারীও আছেন। মাননীয় মন্ত্রী মহাশয় শুধুমাত্র অডিটোরিয়ামের কর্মচারীদের প্রতিনিধিদের আনবার ব্যবস্থা রেখেছেন। অডিটোরিয়ামের যে কর্মচারীবৃন্দ আছেন, তাঁরা যেহেতু আর.এস.পি. ইউনিয়ন করেন, সেইজন্য আপনি তাঁদের মাইনে দুগুন বাড়িয়ে দিলেন।

শ্রমিকদের মাইনে আপনি বাড়িয়ে দিন, তাতে আমার আপত্তি থাকতে পারে না। কিন্তু অন্যান্য যে সমস্ত শ্রমিকরা আছেন, তাঁদের মাইনের সঙ্গে একটা সমতা আনতে পারলে বেশী খুশী হতে পারতাম। আপনারা শ্রমিক দরদের কথা বলেন, শ্রমিকদের মাইনের তারতম্য'এর অবসান করতে পারলে এই শ্রমিক দরদের নমূনা আপনি দেখাতে পারতেন। অডিটোরিয়ামের ইউনিয়ন যেহেতু আর.এস.পি. দলের ঝান্ডা নিয়ে চলে, সেইজন্য আপনি তাঁদের বেতন দুগুন বাড়িয়ে দিলেন। অন্যান্য ইনষ্টিটিউটগুলির যে কর্মচারীবৃন্দ আছেন, তাঁদের জন্য আপনি কিছু করতে পারলেন না। যখন আপনি ভিড় করেছিলেন তখন আপনি কমিটি ম্যানেজমেন্ট করে করে পে স্কেল রিভিসানের জন্য সাব-কমিটি তৈরী করেছিলেন। সেই পে স্কেল কমিটির

প্রস্তাব ছিল — তার মধ্যে ৩ জন সদস্য আপনি ঠিক করেছিলেন — যে কর্মচারীদের একটা নির্দিষ্ট আচরণ বিধি মেনে চলতে হবে, হল রেন্ট এবং টার্মস এর ব্যাপারে সমতা নিয়ে আসতে হবে এবং তা যথাযত ভাবে নির্দ্ধরাণ করতে হবে। কর্মচারীদের বাড়তি হারে যে মাইনে দেওয়া হচ্ছে, তার জন্য কমিটি অফ ম্যানেজমেন্ট এর উপর যে অতিরিক্ত আর্থিক দায়িত্ব বর্তাবে, তারজন্য ক্যালকাটা ইউনিভার্সিটির যে কান্ডিশন নির্দ্দিষ্ট আছে, তা খর্ব হবে। সেই সমস্ত কান্ডিশন না মেনে, আপনি কর্মচারীদের মাইনে বাড়িয়ে দিলেন। ইউনিভার্সিটি ইনষ্টিটিউটের অন্যান্য যে সমস্ত প্রতিষ্ঠান ও শাখাগুলো আছে, তারা বিভিন্ন সময়ে অডিটোরিয়াম কর্তৃপক্ষের সঙ্গে চুক্তি করে বিভিন্ন অনুষ্ঠানাদি করে থাকেন। তাদের সঙ্গে চুক্তির বিষয়াদি কি হবে, সে সম্পর্কে আমরা এই বিলের মধ্যে কিছু দেখতে পাচ্ছি না।

**[4.35 – 4.45 p.m.]**

আপনারা ইউনিভার্সিটি ইনস্টিটিউটের মধ্যে নতুন করে অডিটোরিয়াম তৈরী করলেন ফলে ইউনিভার্সিটির যে ঐতিহ্য ছিল সেটা থাকছে না। আজকে দীর্ঘ ৯৪ বছর ধরে যে ব্যবস্থা চলে আসছে তার নতুন করে সংস্কার করার কি প্রয়োজন হল? এটা কোন ধরণের ব্যবস্থা বুঝতে পারলাম না। আমরা জানি যে কোন ঐতিহ্যশালী বিষয়কে বা ঐতিহাসিক জিনিষকে বামফ্রন্ট সরকার ধ্বংস করার ব্যবস্থা করে থাকেন এবং এটাই আপনাদের রীতি। আজকে ইউনিভার্সিটি ইনস্টিটিউট বিলে একটা নিয়ম করা উচিত ছিল যে বৎসরে ৩০ দিন অন্তত এই ইনস্টিটিউটে বিনা পয়সায় শিক্ষা সংগঠনগুলি অনুষ্ঠান করতে পারে তারজন্য আপনারা আইন রাখা উচিত ছিল। আপনি সেটা রাখলেন না, মন্ত্রী মহাশয় কেন রাখলেন না সেটা বুঝতে পারলাম না। আপনার বিলে চেয়ারম্যান এ্যাপোয়েন্টমেন্টের কথা লিখেছেন। কমিটিতে চেয়ারম্যান ইলেকটেড কথাটি বুঝতে হবে — সেখানে ৯ জনের মধ্যে একজনকে চেয়ারম্যান ইলেক্টেড করলেন না পার্টিকুলার একজন লোককে কমিটিতে চেয়ারম্যান নিযুক্ত করবেন কেন? মনোনয়ন করে কোন চেয়ারম্যান আসেন তাতে আমাদের আপত্তি আছে। আপনাদের মনোনীত চেয়ারম্যান ইলেকটেড হয়ে আসুক তাতে আপত্তি কোথায়? সুতরাং এই বিষয়টি আমি বুঝতে পারলাম না। তারপরে আপনারা ১৫ বছর ধরে টেক ওভার করেছেন — এতদিন ধরে টেকওভার করবেন কেন? ১৫ বছর ধরে যে করলেন আপনি কি তখন নিজে থাকবেন না, তার আগেই ছেড়ে দিতে হবে। সুতরাং ৩ বছরের মধ্যে যাতে করা যায় তার ব্যবস্থা করুন, তাহলে যদি প্রয়োজন মনে করেন তাহলে ৩ বছর পরে আবার নতুন করে আইন করবেন। এই যে ১৫ বছরের টেকওভার করেছেন এটা অন্যায় ছাড়া আর কিছু নয়। আজকে এই বিলকে আমরা সমর্থন করতে পারি না কারণ তখন ইউনিভার্সিটি প্রতিষ্ঠিত হয়েছিল তার যে উদ্দেশ্য ছিল আজকে সেই উদ্দেশ্য ব্যাহত হচ্ছে। স্যার, তখন যে উদ্দেশ্য এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়েছিল তাতে বলেই দেওয়া হয়েছিল এর অবজেকটস্ হচ্ছে The object of the Institute shall be the moral, mental and physical improvement of youngmen and the promotion of literature and fine arts, the defussion of useful knowledge, the librariese and the administration of charity.

তখন যে পারপাস নিয়ে এই ইউনিভার্সিটি ইনস্টিটিউট প্রতিষ্ঠিত হয়েছিল আজকে এই বিলের মাধ্যমে সেই পারপাস সার্ভ হচ্ছে না। নতুন করে যে বিল হাউসে এনেছেন তাকে আমরা সমর্থন করতে পারছি না। মাননীয় মন্ত্রী মহাশয় কোন কথা শোনেনও না। একটা পুরণো রেকর্ড সর্বদা বাজিয়ে

যান। প্রতি বছর এমন একটা বিল নিয়ে আসেন যাতে কোন লাভ হয় না। আজকে এই বিল কালা বিল হিসাবে জনস্বার্থের বিরোধী হয়ে এসেছে। এই নতুন বিল ইউনির্ভাসিটি ইনস্টিটিউট এ্যাক্টের মধ্যে যে শিক্ষাব্যবস্থা গড়ে তার স্বার্থ রক্ষা করতে পারছে না। একটা কালা কানুন এনে উনি খুব লাভ করছেন ভাবছেন এবং বাহবা নেবার চেষ্টা করছেন কিন্তু কার্যত এর বিরোধীতা সবাই করবে এবং আমরা এর তীব্র বিরোধীতা করছি। আজকে এই বিল শিক্ষা সংক্রান্ত ক্ষেত্রে একটা বিরাট বিপর্যয় এনে দিচ্ছে। রবীন্দ্রনাথ এককালে বলেছিলেন ক্যালকাটা ইউনিভার্সিটি ইনস্টিটিউট একটা প্রাঙ্গনকে 'আপনারা মরুভূমিতে রূপান্তরিত করেছেন। এই কথা বলে এই বিলের তীব্র বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী লক্ষ্মীকান্ত দে** : মিঃ ডেপুটি স্পীকার স্যার, মাননীয় মন্ত্রী যে বিল উপস্থিত করেছেন তাকে সমর্থণ করে দু-একটি কথা বলতে চাই। বিলটা কেন উপস্থিত করা হয়েছে সেই বিষয়টা আপনাদের সামনে উপস্থিত করেছেন মন্ত্রী মহাশয়। বিষয়টা ইউনিভার্সিটি ইনস্টিটিউট অডিটোরিয়াম হল সংক্রান্ত। ইউনিভার্সিটি ইনস্টিটিউট যে প্রতিষ্ঠান রয়েছে সেই সংক্রান্ত বিষয় নয়। বিরোধী দলের সদস্য বলার সময় ইউনির্ভাসিটি ভাল কি মন্দ, কি ভাবে গঠিত হয়েছিল সেই বিষয়ে যা ব্যাখ্যা করেছেন তার সঙ্গে আমি একমত। কিন্তু অডিটোরিয়াম হল যেটা আছে তার সঙ্গে এর পার্থক্য আছে। এই ইনস্টিটিউটের মধ্যে বিভিন্ন প্রকারের খেলাধূলা এবং লাইব্রেরী আছে এবং এই বাড়ীটিতে অডিটোরিয়াম আছে দোতলায়। ইনস্টিটিউটের লোকেরা এটাকে বিভিন্ন কায়দায় ব্যবহার করে সেখান থেকে কিছু রোজগার করতে পারেন। সম্পূর্ন বাড়িটি তৈরী হয়েছিল পশ্চিমবঙ্গ সরকারের পয়সায়। এই বাড়ীটির একটা অংশ ইনস্টিটিউট ব্যবহার করছেন। কেবলমাত্র অডিটোরিয়ামটি নেবার কথা হচ্ছে, অডিটোরিয়াম ছাড়া বাকি অংশ পশ্চিমবাংলা সরকারের পয়সায় তৈরী হয়েছে এবং যেটা ইনস্টিটিউট ব্যবহার করে। এছাড়া আরো কিছু জায়গা আছে যা ইনস্টিটিউটের লোকেরা ব্যবহার করে। কিন্তু অডিটোরিয়ামের সঙ্গে এর কোন সম্পর্ক নেই। অডিটোরিয়ামের জমিটা এক সময়ে সরকার কর্তৃক দেওয়া হয়েছিল। অডিটোবিয়াম হলটি কংগ্রেস আমলে পুড়ে যায়, কিন্তু সেই সময়ে হলের একটা ইঁট পর্যন্ত গাঁথা হয়নি। ইউনির্ভাসিটি ইনস্টিটিউটের আশে পাশে মানুষ এই হলটাকে বিভিন্ন ভাবে ব্যবহার করতেন বিভিন্ন বড় বড় বক্তারা এসে ব্যবহার করতেন, রাজনৈতিক মঞ্চ হিসাবে ব্যবহার হচ্ছে, কিন্তু সেই হলের একটা ইঁট পর্যন্ত গাঁথা হয়নি। ১৯৭৭ সালে বামফ্রন্ট আসার পর এটা গাঁথা হল এবং হলটি সুন্দর ভাবে কাজ আরম্ভ করল। এখন প্রশ্ন হচ্ছে কোথায় গিয়ে আটকাচ্ছে? একটা হলে রক্ষণাবেক্ষণ যে টাকা পয়সার প্রয়োজন হয় সেই টাকা পয়সা কোথা থেকে আসবে? একটা চুক্তি যা হয়েছিল তার কথা উনি উল্লেখ করলেন। সেই চুক্তিতে বলা হয়েছিল হল ভাড়া দিয়ে যা রোজগার হবে সেই টাকার অর্দ্ধেক ইনস্টিটিউট পাবে, আর বাকি অর্দ্ধেক সরকার পাবে রক্ষণাবেক্ষণের জন্য। সেই হল ঠিক মত রাখার জন্য টাকার যা প্রয়োজন সেটা মিটছে না। তাহলে হলের ভাড়া কি বাড়াতে হবে? তাহলে বলুন পুরনো যে চুক্তি আছে সেটা বহাল হোক। বিভিন্ন মানুষ বিভিন্ন ভাবে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্যে দিয়ে এই হল ব্যবহার করে। অতএব টাকা বাড়ান উচিৎও নয়। তাহলে অন্য কায়দা করে কি করে কি যায় সেটা দেখতে হবে। রক্ষণাবেক্ষণ ঠিক মত হচ্ছে না। মন্ত্রী মহাশয় সেইজন্য এনেছেন যে হলের টাকা দিয়ে খরচ পুরোপুরিভাবে মিটবে এবং সেই টাকা যদি থাকে তাহলে পুরোনো চুক্তি অনুযায়ী ভাগ বাঁটরা হবে। অর্থাৎ আগের সঙ্গে কোন ফারাক নেই। আগের চুক্তিতে ছিল অর্দ্ধেক টাকা দিয়ে মেনটেনান্স হবে এখন বলা হচ্ছে এখান থেকে যে টাকা রোজগার হল সেইটা দিয়ে শ্রমিক কর্মচারীদের মাইনে দেওয়া হবে বাকি টাকা ভাগবাঁটরা হবে। অর্থাৎ আগের সঙ্গে কোন ফারাক নেই। আগের চুক্তিতে ছিল অর্দ্ধেক টাকা দিয়ে মেনটেনান্স হবে এখন বলা হচ্ছে এখান থেকে টাকা রোজগার হল সেইটা দিয়ে শ্রমিক কর্মচারীদের মাইনে দেওয়া হবে বাকি টাকা ভাগবাঁটরা হবে।

**[4.45 – 4.55 p.m.]**

অন্যায়টা কোথায়, অন্যায়ের কোন বিষয় বস্তু এখানে নেই। তাহলে কংগ্রেস বেঞ্চ থেকে বলা হোক যে কর্মচারীদের মাইনে বাড়ান উচিত নয়। অন্যান্য সরকারী হলে যে সমস্ত কর্মচারী আছে তাদের মাইনের সঙ্গে এদের এক হওয়া উচিত মানবিকতার স্বার্থে এই ব্যাপারে সকলেরই একমত হওয়া উচিত। এটা নিয়ে চেঁচামেচি করার কোন যুক্তি নেই। একটা কমিটি হয়েছে, সেই কমিটির মধ্যে সরকারের কিছু মনোনীত লোক আছে এবং ইনস্টিটিউটেরও কিছু লোক আছে, তাঁরা হিসাব-নিকাশ, হল সারান, যাতে হল না ভেঙ্গে পড়ে যায়। হল যাতে সঠিকভাবে চলে সবকিছু দেখবেন। কংগ্রেস আমলে যেখানে একটা ইটও পড়েনি সেখানে যদি একটা চেয়ার ভেঙ্গে যায়, হলের কোথাও ভেঙ্গে যায় তাহলে মেরামতের জন্য এই ব্যবস্থা করা হয়েছে। জিনিসপত্রের দাম কংগ্রেসীরা বাড়াবে, কেন্দ্রীয় সরকার বাড়াবে, তারজন্য মেন্‌টেন্যান্স কস্ট বাড়লে এখানে তার বিরোধিতা করবেন এই দুটোর মধ্যে কোন সামঞ্জস্য নেই। সেজন্য এটা সমর্থনযোগ্য, এটা সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পূর্ত দপ্তরের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী মহাশয় যে দি ক্যালকাটা ইউনির্ভাসিটি ইনস্টিটিউটে টেকিং ওভার অব ম্যানেজমেন্ট অব অডিটোরিয়াম বিল, ১৯৮৫ নিয়ে এসেছেন তাতে আমি যে এ্যামেন্ড্‌মেন্ট গুলি দিয়েছি সেই এ্যামেন্ডমেন্টগুলি সমর্থণ করে আমার বক্তব্য রাখছি। মাননীয় মন্ত্রী মহাশয় এই বিলের মধ্য দিয়ে বলতে চাইছেন ১৫ বছর ধরে নির্বাচিত সদস্যারা সেখানে গিয়ে তাদের প্রতিনিধিত্ব না করুক। যেখানে সরকারের ভূমিকা হচ্ছে এবং যেটা তাঁরা সব ক্ষেত্রে বলে থাকেন নির্বাচিত সদস্যারা প্রতিনিধিত্ব করুক, কোন চাপান ব্যবস্থাকে যাঁরা পছন্দ করেন না সেখানে তাঁরা নির্বাচনকে উপেক্ষা করে, নির্বাচনের কোন রকম ব্যবস্থা না করে একটা চাপান কমিটি করে দিচ্ছেন এবং সেই কমিটির অস্তিত্ব ১৫ বছর ধরে বজায় রাখার ব্যবস্থা করেছেন। ১৯৩৬ সালে এই প্রতিষ্ঠানের জন্ম হয়েছিল, এই প্রতিষ্ঠানের জন্মলগ্ন আমরা দেখিনি। এই প্রতিষ্ঠানের বিগত দিন থেকে একটা মহান উদ্দেশ্য আছে। যে প্রতিষ্ঠানটির একটি বিখ্যাত বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সংযুক্ত হওয়ার কথা সেই প্রতিষ্ঠানটির অডিটোরিয়ামের দায়িত্ব সরকার নিজের হাতে নিয়ে আসছেন, অথচ সেখানে নির্বাচিত প্রতিনিধিরা থাকছেন না, সেখানে সরকার তাঁর মনোনীত ব্যক্তিদের বসাতে চাইছেন। এতে কি যে উদ্দেশ্য এই ইনস্টিটিউটটি স্থাপিত হয়েছিল সেই উদ্দেশ্য পরিপূর্ণ হবে? সেজন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা বলেছি ক্লজ ৩, সাব-ক্লজ ১, লাইন ২ তে ১৫ বছরের পরিবর্তে ৫ বছর করা হোক। তারপর আমরা আবার বলেছি ক্লজ ৪, সাব-ক্লজ ১ লাইন ২ এবং ৩ তে যেখানে ম্যানেজমেন্ট এন্ড কন্ট্রোল সেখানে ম্যানেজমেন্ট, ডেভলপমেন্ট এন্ড কন্ট্রোল করা হোক।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি প্রস্তাব রাখছি ক্লজ ফাইভের সাব-ক্লজ (ওয়ান) ইন লাইন থ্রি, আফটার দি ওয়ার্ডস দি ম্যানেজমেন্ট দি ওয়ার্ড ডেভলপমেন্ট বি এ্যাডেড। তারপর এই যে ১০ জনকে তাঁরা মনোনীত করবেন বলেছেন এবং সেখানে যে ব্যাখ্যা তাঁরা দিয়েছেন তাতে আমার প্রস্তাব হচ্ছে, দি চেয়ারম্যান এ্যান্ড ফোর আদার মেম্বার্স স্যাল বি নমিনেটেড বাই দি স্টেট গর্ভণমেন্ট এবং থ্রি মেম্বার্স স্যাল বি নমিনেটেড বাই দি ইন্সটিটিউট অব হুম ওয়ান স্যাল বি অ্যান এম্পলয়ী অব দি ইনস্টিটিউট। এছাড়া আরও বলছি,

Three members shall be nominated by the speakers, West Bengal Legislative Assembly from amongst the members of the West Bengal Legislative Assembly of Whom one shall be from the constituency in

which the institute is situated.

তারপর ক্লজ সেভেনে আমার বক্তব্য হচ্ছে ইন লাইন টু আফটার দি ওয়ার্ডস্ " ইটস্ মেনটেনেন্স" দি ওয়ার্ড " ডেভলপমেন্ট এ্যান্ড ইমপ্রুভমেন্ট " বি ইনসার্টেড। তারপর আমার বক্তব্য হচ্ছে, ক্লজ ১৬ (২) দি ফলোয়িং নিউ সাব-ক্লজ বি এ্যাডেড : : — অল দি রুলস্ মেড আন্ডার দিস্ এ্যাক্ট স্যাল বি পাব্লিসড্ ইন দি অফিসিয়াল গেজেট এবং "সি" — তে বলছি, অল রুলস্ মেড আন্ডার দিস্ এ্যাক্ট স্যাল বি লেইড বিফোর দি স্টেট লেজিজলেচার অ্যাসসুন অ্যাস্পসেবেল আফটার দে আর মেড। অর্থাৎ আমার বক্তব্য হচ্ছে যে সমস্ত আইন কানুন হবে সেগুলি স্টেট লেজিজলেচারের কাছে নিয়ে আসতে হবে এবং সেটাই হচ্ছে গণতান্ত্রিক পদ্ধতি। আপনারা এই গণতান্ত্রিক পদ্ধতি মেনে চলুন এটা আমার অনুরোধ। বিধানসভার মাধ্যমে পরিপূর্ণতা লাভ করুক এটা আমি চাই। তারপর, ক্লজ ১৭— তে বলছি, আফটার সাব —

Clanse (3) the following new sub-Clanse be added :- All regulation made under this act and Rules on all be said before the state Legislature as soon as possible after they are made.''

আমার বলার উদ্দেশ্য হচ্ছে সরকারের যদি কোন ত্রুটি বিচ্যুতি থাকে তাহলে বিরোধীদল হিসেবে সেটা আমরা তুলে ধরতে পারব এবং রুলস্ এ্যান্ড রেগুলেসনের মধ্যেও যদি কোন ত্রুটি থাকে সেটাও আমরা তুলে ধরতে পারব। আমরা দেখছি একটা স্বৈরতন্ত্রী কায়দায় আপনারা এগুলি করতে চলেছেন এবং নির্বাচনকে উপেক্ষা করা হচ্ছে। আপনারা ইচ্ছাকৃতভাবে ১৫ বছরের একটা দীর্ঘমেয়াদী বিল এনেছেন এবং নিজেদের মনের মত করে যাতে একে তৈরী করতে পারেন সেই চেষ্টা করছেন এবং সেখানে যাঁরা থাকবেন তাঁরা যাতে সরকারের তল্পীবাহক হিসেবে কাজ করেন সেই ব্যবস্থা আপনারা করছেন।

**[4.55 – 5.05 p.m.]**

যখন ১৯৭৩ সালে এই ইনস্টিটিউটে আগুন লাগে তখন সিদ্ধার্থ শঙ্কর রায়ের সরকার ছিল। তারপর বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলায় আসীন হয়। এবং তখন থেকে তার উপর দায় দায়িত্ব অর্পিত হয়। কিন্তু কি ডেভেলপমেন্ট করেছেন? তাদেরই আয়ের মাধ্যমে এই প্রতিষ্ঠানটি চলে — তার পরিপূর্ণ লাভ করেছে। এখানে সরকারী ব্যয় হয় না। পৃথিবীর মধ্যে দীর্ঘ দিনের এই প্রতিষ্ঠান এবং কলকাতা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে এই ইনস্টিটিউসনটি যুক্ত। এই ইনস্টিটিউসনটি যাদের সঙ্গে যুক্ত তারা ভারতবর্ষের বিভিন্ন প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত আছে। প্রকৃত যারা মনিষী যারা তাদের উপেক্ষা করে এই ইনষ্টিটিউসনটি ঠিকমতভাবে চলে না। যাতে এই ইনষ্টিটিউসনটি পরিপূর্ণভাবে চলতে পারে তার জন্য আমি এই এ্যামেন্ডমেন্ট দিয়েছি। আশা করি মন্ত্রী মহাশয় এগুলি গ্রহণ করবেন। এবং এগুলি গ্রহণ করলে বিলটি পরিপূর্ণতা লাভ করবে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অনিল মুখার্জী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের সদস্য মাননীয় কাশীবাবু এবং আবদুল মান্নান মহাশয় এখানে এমনভাবে বক্তব্য রাখলেন যে এটা যেন একটা উলোট পালট করে দেওয়া হচ্ছে এবং ওঁরাই হচ্ছে গণতন্ত্রের ধারক বাহক, আর আমরা গণতন্ত্রকে ধ্বংস করে দিচ্ছি। ভূতের মুখে রাম নাম ওঁদের মুখে গণতন্ত্রের কথা শুনতে আমাদের লজ্জা হয়। যারা স্বৈরতন্ত্রের ধারক বাহক তারা গণতন্ত্রের কথা বলেন। এই যে কমিটি হয়েছে এই কমিটি প্রায় একই বললে চলে। ওঁরা বললেন নির্বাচিত নয়। চারজন ইনষ্টিটিউট দেবে। কিন্তু তারাও তো নির্বাচিত। আগে ছিল এগ্রিমেন্ট ছিল সেই এগ্রিমেন্টে মেম্বার nominated by

the state government . nominated by the Calcutta University Institute.

সেই একই আছে। কেবলমাত্র চেয়ারম্যান একজন নতুন করে নেওয়া হচ্ছে যাতে কাজটা ভালভাবে পরিচালিত হয়। আমরা বছরের পর বছর টাকা দিয়ে যাবো আর সেই টাকার হিসাব দেবে না? যাতে ওরা টাকা মেরে নিতে পারে সেই ব্যবস্থা করলে গণতন্ত্র থাকে। আর টাকার ব্যাপারে নিয়ন্ত্রন করা এবং ভালভাবে যাতে পরিচালিত হয় তার ব্যবস্থা করার জন্য যখন বিল নিয়ে এনে ম্যানেজমেন্ট টেক ওভার করা হয় তখন তো বিরোধিতা করবেনই। আপনারা ৭ বছরের কথা বললেন — আপনারা তো দীর্ঘ দিন ধরে ছিলেন অডিট হয়নি কেন? আমরা অডিট শুরু করেছি এবং অডিট হচ্ছে। টাকা হিসাব ওরা দেয় নি। আমরা গভর্ণমেন্ট থেকে টাকা দিচ্ছি। আমরা গণতন্ত্রকে রক্ষা করার ব্যবস্থা করছি। আমরা ম্যানেজমেন্ট টেক ওভার করেছি, বিরোধী বন্ধুরা বললেন কিন্তু আবার একথাও বললেন টাকা দিতে হয় না। ৫০পারসেন্ট টাকা এ বছর দিয়েছি এবং দু বছর ধরে টাকা দিতে হচ্ছে। এর ভিতর কোন রাজনৈতিক চক্রান্ত নেই। বহুদিনের পুরানো এই প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠান যাতে কংগ্রেসের হাতে নষ্ট না হয়ে যায় সেই জন্য আজকে পরিচালনার ভার গ্রহণ করা। সুতরাং যাতে করে সুষ্ঠভাবে এই পরিচালিত হয় তার ব্যবস্থা হচ্ছে। কাশীবাবু কতকগুলি সংশোধনী এনে পুরো বিলটির যে উদ্দেশ্য সেই উদ্দেশ্যকে ব্যর্থ করার চেষ্টা করেছেন।

সুতরাং আমি সেই সব সংশোধনীর পুরো বিরোধিতা করছি এবং এর দ্বারা কোন মহৎ উদ্দেশ্য সাধিত হবে না এই কথা তাঁরা বলছেন। সবসময় উনারা এই সব ভূত দেখেন, কারণ নিজেরা যেমন স্বৈরতন্ত্র এ ছাড়া কিছু বোঝেন না, তেমনি যে কোন ও ভাল কাজেই তাঁরা স্বৈরতন্ত্র দেখেন। আপনারা কোনদিন কর্পোরেশনে নির্বাচন করেন নি, আমরা কলকাতা কর্পোরেশনের নির্বাচন করছি, বিভিন্ন মিউনিসিপ্যালিটির নির্বাচন করেছি, পঞ্চায়েতের নির্বাচন করেছি। আপনারা কোনদিন কোন নির্বাচনের দিকে যেতে চান না। কারণ আপনারা গণতন্ত্র পছন্দ করেন না। দেশে গণতন্ত্র ও চান না। নিজেদের মধ্যে মারামারি খেয়োখেয়ি করেন। আজকে মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিই। তিনি ইউনিভার্সিটি ইনস্টিটিউটের ম্যানেজমেন্ট টেক ওভার করছেন। রাগটা কিসের উপর? গর্ভণমেন্ট থেকে টাকা দেবে, অথচ গভর্ণমেন্টের কনট্রোল থাকবে না, আপনারা চুরি করবেন, তা তো হয় না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সুতরাং ম্যানেজমেন্ট যখন টেক ওভার হয়, — কেন্দ্রীয় সরকার এশিয়াটিক সোসাইটির ম্যানেজমেন্ট টেক ওভার করেছেন, ওখানে কতটা গণতন্ত্রীকরণ করেছেন— ঐ এশিয়াটিক সোসাইটিতে ওরা যে ভাবে টাকা খরচ করেন, সেখানে কন্ট্রোল এবং ম্যানেজমেন্ট দুটোই এশিয়াটিক সোসাইটিতে নেই এবং কোন নির্বাচনের ব্যাপার নেই, সমস্ত নমিনি, বিশ্বভারতীতে গণতন্ত্রের নাম গন্ধ নেই। আমরা সমস্ত ইউনির্ভাসিটিতে যে সব গর্ভনিং বডি করেছি, সেইগুলো সব নির্বাচিত প্রতিনিধি দ্বারা গঠিত। সুতরাং মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে বিল এনেছেন, তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী গনেশ চন্দ্র মন্ডল** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পূর্তমন্ত্রী আজকে এই সভায় The Calcutta University institute (Taking over of management of Auditorum) Bill, 1985.

১৯৮৫ যে বিল এনেছেন, আমি সেই বিলকে সম্পূর্ন সমর্থন করছি। এই বিলের উদ্দেশ্য, এই বিলের মধ্যে আছে এবং মন্ত্রী মহাশয় তাঁর উদ্‌বোধনী ভাষণে এই বিলের উদ্দেশ্য কি সেটা বলেছেন। এটা আর কিছু নয়, ক্যালকাটা ইউনিভার্সিটি ইনস্টিটিউট একটা ঐতিহ্য মন্ডিত প্রতিষ্ঠান, এটা আমরা জানি। সুতরাং সেই প্রতিষ্ঠানের সামগ্রিক পরিচালন ব্যবস্থার উপর হস্তক্ষেপ করার উদ্দেশ্য এই বিলে নেই। এই বিলে শুধু তার যে প্রেক্ষাগৃহ আছে সেটাকে নিয়ন্ত্রন করার জন্য এই বিল আনা হয়েছে। এখানে একদিকে যেমন সরকারী

মনোনীত কিছু সদস্য থাকবেন, তেমনি ইউনির্ভাসিটি ইনস্টিটিউটের মনোনীত কিছু সদস্য থাকবেন। তারা এই ইউনির্ভাসিটি ইনস্টিটিউটকে পরিচালনা করবেন এটাই উদ্দেশ্য। প্রশ্ন একটা উঠেছে যে আমরা দেখলাম যে রাজ্য সরকারের অর্থ এবং রাজ্য সরকারের দেওয়া জমিতে এই ইনস্টিটিউট নির্মিত হয়েছিল। কিন্তু এর উপর রাজ্য সরকারের কোন নিয়ন্ত্রন এতদিন ছিলনা। আমরা জানি সরকার যখন অর্থ ব্যয় করছেন, যেখানে সরকার থেকে এক পয়সা ব্যয় করতে হলে এই কি বিধানসভার মতামত ছাড়া অর্থ ব্যয় করা যায় না। সুতরাং সরকার যে অর্থ দিচ্ছে, সেখানে নিশ্চয়ই সরকারের নিয়ন্ত্রণ থাকবে। জনসাধারণের অর্থ কি ভাবে ব্যয় হচ্ছে সেটা দেখার দায় দায়িত্ব নিশ্চয়ই সরকারের আছে। সেই জন্য এখানে যে বিল আনা হয়েছে, সেই বিলকে সমর্থন করছি।

**[5.05 – 5.15 p.m.]**

মাননীয় বিরোধী দলের ২ জন সদস্য, আবদুল মান্নান এবং কাশীনাথ মিশ্র বললেন যে আমরা সামগ্রীক ভাবে হস্তক্ষেপ করে সব কিছু ধ্বংস করতে চাইছি। কিন্তু আমাদের উদ্দেশ্য তা নয়। তারা আরো বললেন যে এই বিলে ডেভলপমেন্টের কোন কথার উল্লেখ নেই, সেটা জুড়ে দিতে হবে। কিন্তু সরকার যেখানে নিয়ন্ত্রন করছেন, যেখানে টাকা বরাদ্দ করছেন, সেখানে ডেভলপমেন্টের দিক তারা নিশ্চয়ই দেখবেন। আমি পরিশেষে এই কথা বলতে চাই যে আজকে কলকাতার সমস্ত অডিটোরিয়ামগুলির ভাড়া অস্বাভাবিক ভাবে বেড়ে গেছে। ইউনিভার্সিটি ইনস্টিটিউট এর ভাড়া ও সেইভাবে বেড়েছে। এই বৃদ্ধি ছাড়া কোন উপায় নেই। কিন্তু সাধারণ ভাবে বিভিন্ন সংস্থায় অনেকেই এই মঞ্চে অনুষ্ঠান করেন। কাজেই ভাড়াটা যাতে সাধারণ মানুষের কাছে গ্রহণীয় থাকে, ভবিষ্যতে যেন অস্বাভাবিক ভাবে বাড়ান না হয় সেদিকে মন্ত্রী মহাশয় দৃষ্টি দেবেন। এই কথা বলে এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী যতীন চক্রবর্তীঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধী পক্ষের মাননীয় সদস্য আবদুল মান্নান এবং কাশীনাথ মিশ্র মহাশয়, তারা ইউনিভাসিটি ইনস্টিটিউটকে বিশ্ববিদ্যালয়ের সঙ্গে এক করে ফেলেছেন। কলকাতা বিশ্ববিদ্যালয়ের যে গৌরবময় অধ্যায় সেটা আমাদের সকলের কাছেই স্মরণীয় এবং যে মনিষীরা তার সঙ্গে যুক্ত ছিলেন নিশ্চয়ই আমরা তাদের কথাও আজকে স্মরণকরি। কলকাতা ইউনির্ভাসিটি ইনস্টিটিউট একটা সম্পূর্ন পৃথক প্রতিষ্ঠান। এর সঙ্গে বিশ্ববিদ্যালয়ের কোন সম্পর্ক নেই। কারণ এখানে যে কমিটি হয় — এক সময়ে আমিও তার সদস্য ছিলাম — সেই কমিটিতে দুই শ্রেণীর সদস্য আছেন — সিনিয়র মেম্বার এবং জুনিয়র মেম্বার। জুনিয়র মেম্বার হচ্ছেন যারা কলেজে পড়েন, যারা ছাত্র তারা সেখানে মেম্বার হতে পারেন। আর সিনিয়র মেম্বার হচ্ছে, যারা ছাত্র নন। তাদের সকলের জন্য একটা চাঁদার হার আছে,সেই চাঁদা দিয়ে তারা সদস্য হতে পারেন এবং সেখানে নির্বাচনও হয়। সুতরাং বিশ্ববিদ্যালয়ের সঙ্গে এটাকে জড়িয়ে ফেলাটা ভুল হচ্ছে এবং এর ফলে একটা বিভ্রান্তির সৃষ্টি হচ্ছে। কাজেই আমি এটা পরিষ্কার করে দিলাম। আমি আগেই বলেছি যে আরো কেবল মাত্র পরিচালন ব্যবস্থা — যে প্রেক্ষাগৃহে এবং ষ্টেজ আছে — তার পরিচালন ব্যবস্থাকে অধিগ্রহণ করছি। কারণ ৫২ লক্ষ টাকা সরকার থেকে খরচ করে ১৯৭৬ সালে এই অট্টালিকাটি করা হয়েছিল। এর আগে সিদ্ধার্থ শঙ্কর রায় যখন মুখ্যমন্ত্রী ছিলেন সেই সময়ে কোন খাতের নামনা করে তারা সরকার থেকে এই টাকা দিয়েছেন। আমরা যখন ক্ষমতায় আসি এবং যখন এটার হিসাব দেখলাম, আমরা অবাক হয়ে গেলাম যে কোন খাত থেকে এটা দেওয়া হয়েছে তার উল্লেখ্য না দেখে। যাই হোক, সেই সময়ে টাকা দেওয়া হয়েছে। এখন এটাকে তৈরী করা দরকার। তারপরে বামফ্রন্ট থেকে আমরা আরো টাকা দিই এবং সব মিলিয়ে ৫২ লক্ষ টাকা খরচ করে সর্বাঙ্গ সুন্দর একটা প্রেক্ষাগৃহ, ষ্টেজ মঞ্চ করা হয়। আমরা তার পরিচালনা ভার নিয়েছি। সেখানে ক্যালকাটা ইউনির্ভাসিটি ইনস্টিটিউট যারা আছেন,

তারাও সদস্য আছেন এবং সরকার পক্ষ থেকেও সদস্য আছেন এই পরিচালনা মন্ডলীতে। ইউনির্ভাসিটি ইনস্টিটিউট সম্পর্কে যে কথা মাননীয় সদস্য অনিলবাবু বলেছেন, এটা ঠিকই আমরা ইউনির্ভাসিটি ইনস্টিটিউট এর যে কর্মকর্তারা আছেন, তাদের যে পরিচালনা মন্ডলী আছেন, তাদের উপরে হস্তক্ষেপ করছি না। আমরা সেখানে মেরামত করে দিচ্ছি, নতুন করে দিচ্ছি। সেখানে নানা রকম খেলাধূলা হয়, লাইব্রেরী আছে, সেগুলি সরকার পক্ষ থেকে করে দিচ্ছি।

যাতে কোন অসুবিধা কলকাতা ইউনির্ভাসিটি ইনস্টিটিউটের না হয়। ওখানকার প্রেক্ষাগৃহ ভাড়া দেওয়া হয় এবং সেই ভাড়া থেকে যে টাকা ওঠে তা দিয়ে যদি এটাকে রক্ষণাবেক্ষণ করতে না পারা যায় তাহলে সরকার আর টাকা দেবেন না। সেই জন্য আমরা এটা ঠিক করেছি। ওদের প্রতিনিধিদের সাথে আমাদের চুক্তি হয়েছিল এটা ঠিক এবং সেই চুক্তি অনুসারে এটা ঠিক হয়েছিল, হল ভাড়া দিয়ে, প্রেক্ষাগৃহ ভাড়া দিয়ে যে টাকা আয় হবে তার অর্দ্ধেক ইনস্টিটিউট পাবে এবং অর্দ্ধেক ম্যানেজিং কমিটি পাবে। আমি আগেই বলেছি যে বিগত কয়েক বছরে আমাদের ৮ লক্ষ ৫০ হাজার টাকা ভাড়া বাবদ আয় হয়েছে। সেই অনুযায়ী ম্যানেজিং কমিটি ৪ লক্ষ ২৫ হাজার টাকা পাবেন। কিন্তু ১৯৭৯ সাল থেকে ১৯৮২/৮৩ সাল পর্যন্ত আমাদের ৬ লক্ষ ১৬ হাজার টাকা খরচ হয়েছে। ইতিমধ্যে জিনিসপত্রের দর বেড়েছে। ওখানে যে সমস্ত বেসরকারী কর্মচারী, বেসরকারী কর্মচারী থাকেন তাদের মাইনে বাড়াতে হয়েছে, ডিয়ারনেস এ্যালাওন্স বাড়াতে হচ্ছে। ম্যানেজিং কমিটি থেকে ওখানে যে কর্মচারীরা আছেন তাদের মাইনে বাড়ানো হয়েছে, পে স্কেল ঠিক করে দেওয়া হয়েছে। পরিচালক মন্ডলী ইনস্টিটিউটের প্রতিনিধি যারা আছেন তাদের সঙ্গে এক সাথে সাথে বসে এটা আমরা ঠিক করেছি। আমরা তাদের কাছে বার বার অনুরোধ করেছি যেখানে আয় নেই সেখানে এটার রক্ষণাবেক্ষণের জন্য একটা খরচ আছে, ইলেকট্রিসিটি চার্জ আছে, অন্যান্য আনুষঙ্গিক আরো অনেক খরচ আছে, এতে আপনারা রাজী হন। তখন সভাপতি ছিলেন মাননীয় প্রাক্তন প্রধান বিচারপতি শঙ্কর প্রসাদ মিত্র মহাশয়, আমি এই বিষয়ে তাকে কতবার বলেছি। উনি বলেছেন অর্দ্ধেক টাকা চাই, তাছাড়া হবে না। ভাড়া থেকে যে টাকা আছে সেই টাকায় রক্ষণাবেক্ষণের কাজ ম্যানেজিং কমিটিকে করতে হবে। এখন যেহেতু আমার দপ্তর সেই রক্ষণাবেক্ষণের কাজ করে সেইহেতু এখান থেকে ওখান থেকে টাকা জোগাড় করে মেরামত রক্ষণাবেক্ষণের কাজ করতে হচ্ছে। আপনারা জানেন এটা নিয়ে আমরা অনেক চেষ্টা করেছি। মাননীয় শঙ্কর প্রসাদ মিত্র মহাশয়ের সঙ্গে আমার যথেষ্ট হৃদতাপূর্ণ সম্পর্ক আছে। তাকে আমি বলেছি এবং তিনি আমাকে বলেছেন আমি এর একটা মীমাংসা করে দেব, আপনি বিল আনবেন না। আমি মুখ্যমন্ত্রীর কাছেও এটা বলেছিলাম। পি. ডবলিউ. ডি. কে এমনিতেই নানারকম আর্থিক অসংগতির মধ্যে দিয়ে চলতে হচ্ছে, তার উপর আবার যদি এটা চেপে যায় — তাই শেষ পর্যন্ত আমাদের মন্ত্রী সভায় সিদ্ধান্ত হয় যে একটা অর্ডিন্যান্স আনা হবে, কিন্তু বিধানসভার অধিবেশন আরম্ভ হয়ে যাবার প্রাক্কালে আমরা আর অর্ডিন্যান্স আনলাম না, বিল আকারে নিয়ে এসেছি এবং এটা মন্ত্রী সভা অনুমোদন করেছেন। আমরা একে বদলে এমন কিছু সংশোধন করছি না — ম্যানেজিং কমিটি থাকছে, ইউনির্ভাসিটি ইনস্টিটিউট তাদের ৪ জন প্রতিনিধি সেখানে পাঠাবেন। নতুন কিছু নয়, পরিচালক মন্ডলী সেই কমিটিতে থাকছেন। প্রেক্ষাগৃহ ষ্টেজ রক্ষণাবেক্ষণের জন্য পরিচালনা করবার জন্য এই বিলে নতুন যেটা আনা হয়েছে তা হল এই রক্ষণাবেক্ষণের জন্য এস্টাবলিসমেন্ট চার্জ, ইলেকট্রিসিটি চার্জ এবং অন্যান্য আনুষঙ্গিক খরচগুলি বাদ দেবার পরে যে লাভ থাকবে, উদ্বৃত্ত থাকবে ইউনির্ভাসিটি ইনস্টিটিউট তার শতকরা ৫০ ভাগ, আর ম্যানেজিং কমিটি শতকরা ৫০ ভাগ নেবে। কারণ পরিচালক মন্ডলীর অধীনও কর্মচারী আছে। আপনারা জানেন ওখানে এক হাজারের মত সিট আছে। এগুলি ঠিকমত ভাবে রক্ষণাবেক্ষণ করতে গেলে টাকা পয়সার প্রয়োজন আছে। মধ্য কলকাতায় এমন সর্বাঙ্গসুন্দর প্রেক্ষাগৃহ আর নেই বললেই চলে। এ্যাকাউস্টিক ট্রিটমেন্ট থেকে শুরু করে আলোক সজ্জা ইত্যাদি সমস্ত কিছুই

আমরা করেছি এবং আমাদের ইঞ্জিনীয়াররাই এটা করেছেন। সেই জন্য আমি আবার বলছি কলকাতা বিশ্ববিদ্যালয়ের সাথে এটাকে জড়িয়ে ফেলছেন। আপনারা এই বিভ্রান্তির চিন্তা দূর করুন। ইউনির্ভাসিটি ইনস্টিটিউটের কর্তৃত্বের উপর আমরা এতটুকু হস্তক্ষেপ করছি না। তারাই লাইব্রেরী পরিচালনা করছেন। সেখানে খেলাধুলার বন্দোবস্ত আছে , নানা রকম প্রতিযোগীতা হয়, আবৃত্তি প্রতিযোগীতা, সংগীত প্রতিযোগীতা, আন্তঃবিশ্ববিদ্যালয় প্রতিযোগীতা হয়। কিন্তু আমরা কোন জায়গাতেই হাত দিচ্ছি না। ম্যানেজিং কমিটি থেকে এটা সিদ্ধান্ত করে দিয়েছি যে, তাদের যে সমস্ত প্রতিষ্ঠাতা দিবস ইত্যাদি ব্যাপার আছে সেগুলির জন্য কয়েকটি দিন নির্দিষ্ট করে রেখেছি এবং আমরা সেদিন এই প্রেক্ষাগৃহ ভাড়া দেব না। আমরা সবদিক থেকে সহযোগীতা করছি। এর পরিবর্তে আমরা তাদের কাছ থেকে সহযোগীতা চেয়েছিলাম, কিন্তু তারা তাতে রাজি হন নি। ম্যানেজিং কমিটি থাকছে, তার প্রতিনিধিরাও থাকছে। এই বলে মাননীয় বিরোধী দলের সদস্যদের কাছে অনুরোধ করছি তারা যেসব সংশোধনী প্রস্তাব এনেছেন সেগুলি প্রত্যাহার করে নিন এবং বিলটির প্রতি তাদের সম্মতি জানান। আর যদি তারা তাদের সংশোধনীগুলি প্রত্যাহার করে না নেন তাহলে আমি তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**[5.15 – 5.25 p.m.]**

The Motion that the Bill be circulated for the purpose of eliciting public opinion thereon was then put and a Division taken with the following result :–

**NOES**

Abdul Bari, Shri Md.

Abdul Quiyom Molla, Shri

Adak, Shri Gourhari

Adak, Shri Netai Charan

Atahar Rahaman, Shri

Bagdi, Shri Lakhan

Bagdi, Shri Natabar

Bandyophyay, Shri Balai

Banerjee, Shri Amiya Bhusan

Banerjee, Shri Radhika Ranjan

Barma, Shri Manindra Nath

Basu, Shri Bimal Kanti

Bera, Shrimati Chhaya

Bhattacharya, Shri Lal Behari

Bhattacharya, Shri Gapal Krishna

Biswas, Shri Hazari

Biswas, Shri Jayanta Kumar

Bora, Shri Badan

Bouri, Shri Nabani

Chakrabarty, Shri Ajit

Chakrabarty, Shri Deb Narayan

Chatterjee, Shri Dhirendra Nath

Chatterjee, Shrimati Nirupama

Chattopadhyay, Shri Sadhan

Chattopadhyay, Shri Santasri

Choudhury, Shri Gunadhar

Das, Shri Banamali

Das, Shri Nimai Chandra

Das, Mahapatra, Shri Kamakshyanandan

Daud Khan, Shri

De, Shri Bhibuti Bhusan

De, Shri Sunil

Doloi, Shri Shiba Prasad

Ghatak, Shri Santi

Ghosh, Shri Kamakhya

Ghosh, Shri Malin

Ghosh, Shri Satyendra Nath

Goswami, Shri Subhas

Hajra, Shri Sachindra Nath

Haldar, Shri Krishnadhan

Hajra, Shri Haran

Hajra, Shri Sundar

Jana, Shri Manindra Nath

Kar, Shrimati Anju

Kar, Shri Nani

Khan, Shri Sukhendu

Konar, Shrimati Maharani

Lama, Shri Dawa

Let, Shri Dhirendra

Mahata, Shri Kamala Kanta

Maity, Shri Hrishikesh

Majhi, Shri Raicharan

Majhi, Shri Sudhangshu Sekhar

Majhi, Shri Swadeshranjan

Mondal, Shri Gopal

Mandal, Shri Prabhanjan Kumar

Mandal, Shri Rabindra Nath

Mandal, Shri Sukumar

Mandi, Shri Rampada

Mandi, Shri Sambhunath

Mazumdar, Shri Dilip Kumar

Mitra, Dr, Ashok

Mohanta, Shri Madhabendu

Mozumdar, Shri Hemen

Molla, Shri Anadi

Manda, Shri Ganesh Chandra

Mukherjee, Shri Anil

Mukherjee, Shri Bamapada

Mukherjee, Shri Bhabani

Mukherjee, Shri Narayandas

Mukherjee, Shri Niranjan

Mukherjee, Shri Rabin

Murmu, Shri Maheswar

Murmu, Shri Sufal

Naskar, Shri Sundar

Neogy, Shri Brajo Gopal

Pal, Shri Bijoy

Panda, Shri Bhupal Chandra

Panda, Shri Mohini Mohan

Pathak, Shri Patit Paban

Pramanik, Shri Abinash

Pramanik, Shri Sudhir

Ray, Shri Birendra Narayan

Ray, Shri Dhirendra Nath

Ray, Shri Subhas Chandra

Roy, Shri Hementa Kumar

Roy, Shri Sada Kanta

Roy Barman, Shri Khitibhusan

Roy Chowdhuri, Shri Nirode

Saha, Shri Jamini Bhusan

Sar, Shri Nikhilananda

Satpathy, Shri Abani Bhusan

Sayed Md. Masih, Shri

Sen, Shri Dhirendra Nath

Sen, Shri Sachin

Sk, Siraj Ali, Shri

Tudu, Shri Bikram

**AYES**

Abdul Mannan, Shri

Abdus Sattar, Shri

Abedin, Dr. Zainal

Bapuli, Shri Satya Ranjan

Barman, Shri Dipendra

Bhunia, Dr. Manas

Mahata, Shri Subhas Chandra

Mahato, Shri Shantiram

Mishra, Shri Abanti

Mishra, Shri Kashinath

Molla, Shri Fazle Azim

Moslehuiddin Ahmed, Shri

Nurul Islam Chowdhury, Shri

Sha, Shri Ganga Prosad

Shaikh Imajuddin, Shri

Trivedi, Shri Bankim.

Absent : 1. Sarkar, Shri Debaprasad

2. Purkait, Shri Probodh Chandra

Noes being 97 and Ayes 16 the motion was lost

The motion of Shri Jatin Chakrabarty that The Calcutta University Institute (Taking Over of Management of Auditorium) Bill, 1985, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 and 2**

The question that Clauses 1 and 2 do stand part of the Bill, was then put and agreed to.

**Clause 3**

**Mr. Deputy Speaker :** There are amendments to Clause 3 by Shri Abdul Mannan (Amendment No2) and Shri Kashinath Mishra(Amendment No.3). Shri Mannan and Shri Mishra may please move their amendments.

**Shri Abdul Mannan :** Mr. Deputy Speaker, Sir, I beg to move that in Clause 3, Sub-Clause (1), line 2, for the words "fifteen years" the words "Three years" be substituted.

**Shri Kashinath Misra :** Deputy Speaker, Sir, I beg to move that in Clause 3, sub-Clause(1) line 2, for the words "fifteen years" the words "five years" be substituted.

**Shri Jatin Chakrabarty :** Sir, I do not accept the amendments.

The motion of Shri Abdul Mannan that in Clause 3,

Sub-Clause (1), line 2, for the words "fifteen years" the words "three years" be substituted, was then put and lost.

The motion of Shri Kashinath Misra that in Clause 3, Sub-Clause (1), Line 2, for the words "fifteen years" the Words "five years" be substituted, was then put and lost.

The question that Clause 3 do stand part of the Bill, was then put and agreed to.

**Clause 4**

**Mr. Deputy Speaker :** There is amendment to Clause 4 by Shri Kashinath Misra (Amendment No.4). Shri Misra may move his amendment.

**Shri Kashinath Misra :** Mr, Deputy Speaker, Sir, I beg to move that in Clause, 4, Sub-Clause (1), lines 2 and 3, for the words "management and control" the words "management, development and control" be substituted.

Sir, I hope the honourable Minister will accept my amendment.

**Shri Jatin Chakrabarty :** Sir, I cannot accept his amendment.

The motion of Shri Kashinath Misra that in Clause 4, Sub-Clause (1), lines 2 and 3, for the words "management and control" the words "management, development and control" be substituted, was then put and a division taken with the following resrlt :-

**NOES**

Abdul Bari, Shri Md.

Abdul Quiyom Malla, Shri

Abdul Mansur Habibullah, Shri Syed

Adak, Shri Nitai Charan

Atahar Rahaman, Shri

Bagdi, Shri Lakhan

Bandyopadhyay, Shri Balai

Banerjee, Shri Amiya Bhusan

Banerji, Shri Radhika Ranjan

Basu, Shri Bimal Kanti

Bera, Shrimati Chhaya

Bhattacharya, Shri Lal Behari

Bhattacharya, Shri Gopal Krishna

Biswas, Shri Hazari

Biswas, Shri Jayanta Kumar

Bora, Shri Badan

Bouri, Shri Nabani

Chakrabarty, Shri Ajit

Chakrabarty, Shri Jatin

Chakrabarty, Shri Deb Narayan

Chatterjee, Shri Dhirendra Nath

Chatterjee, Shrimati Nirupama

Chattopadhyay, Shri Sadhan

Chattopadhyay, Shri Santasri

Choudhury, Shri Gunadhar

Dakua, Shri Dinesh Chandra

Das, Shri Banamali

Das, Shri Nimai Chandra

Das, Mahapatra, Shri Kamakhyanandan

Daud Khan, Shri

De, Shri Bhibuti Bhusan

De, Shri Sunil

Dey, Shri Lakshmi Kanta

Ghatak, Shri Santi

Ghosh, Shri Kamakhya Charan

Ghosh, Shri Malin

Goppi, Shrimati Aparajita

Goswami, Shri Subhas

Hajra, Shri Sachindra Nath

Halder, Shri Krishnadhan

Hazra, Shri Haran

Hazra, Shri Sundar

Jana, Shri Manindra Nath

Kar, Shrimati Anju

Kar, Shri Nani

Khan, Shri Sukhendu

Konar, Shrimati Maharani

Lama, Shri Dawa

Let, Shri Dhirendra

Mahata, Shri Kamala Kanta

Maity, Shri Hrishikesh

Majhi, Shri Raicharan

Majhi, Shri Sudhangshu Sekhar

Majhi, Shri Surendra Nath

Maji, Shri Swadeshranjan

Mandal, Shri Gopal

Mandal, Shri Prabhanjan Kumar

Mandal, Shri Rabindra Nath

Mandal, Shri Sukumar

Mandi, Shri Rampada

Mandi, Shri Sambhunath

Mazumdar, Shri Dilip Kumar

Mitra, Dr. Ashok

Mohanta, Shri Madhabendu

Mojumdar, Shri Hemen

Molla, Shri Anadi

Mondal, Shri Raj Kumar

Mukherjee, Shri Anil

Mukherjee, Shri Bamapada

Mukherjee, Shri Bhabani

Mukherjee, Shri Narayandas

Mukherjee, Shri Niranjan

Mukherjee, Shri Rabin

Munsi, Shri Mahammad Bacha

Murmu, Shri Sarkar

Murmu, Shri Sufal

Naskar, Shri Sundar

Neogy, Shri Brajo Gopal

Pal, Shri Bijoy

Panda, Shri Bhupal Chandra

Panda, Shri Mohini Mohan

Pathak, Shri Patit Paban

Pramanik, Shri Abinash

Ray, Shri Achintya Krishna

Ray, Shri Birendra Narayan

Ray, Shri Dhirendra Nath

Ray, Shri Subhas Chandra

Ray, Shri Hemanta Kumar

Roy, Shri Sada Kanta

Roy, Shri Tarak Bandhu

Roy, Barman, Shri Khitibhusan

Roy, Chowdhury, Shri Nirode

Saha, Shri Jamini Bhuson

Sar, Shri Nikhilananda

Satpathy, Shri Abani Bhusan

Sayed Md. Masih, Shri

Sen, Shri Dhirendra Nath

Sen, Shri Sachin

Sk. Siraj Ali, Shri

Tudu, Shri Bikram

**AYES**

Abdul Mannan, Shri

Abdus Sattar, Shri

Abedin, Dr. Zainal

Bapuli, Shri Satya Ranjan

Barman, Shri Dipendra

Bhunia, Dr. Manas

Mahata, Shri Subhas Chandra

Mahoto, Shri Shantiram

Shri, Mr. Fakir Mohammad

Mishra, Shri Abanti

Misra, Shri Kashinath

Molla, Shri Fazle Azim

Moslehuiddin Ahmed, Shri

Nurul Islam Chowdhury, Shri

Sha, Shri Ganga Prosad

Trivedi, Shri Bankim

Absent - - 1. Sarkar Shri Deba Prasad

2. Purkait, Shri Probodh Chandra

Ayes being 16 and Noes 100 the motion was lost.

The question that the clause 4 to stand part of the Bill, was then put and agreed to.

**[5.25 - 5.35 p.m.]**

**clause 5**

**Mr. Deputy Speaker** : There are amendments (Amendment

No.5,7,9) by Shri Kashinath Misra and (amendments No. 6,8,10,11) by Shri Abdul Mannan, in Clause 5. Now Shri Kashinath Misra and Shri Abdul Mannan Please move your amendments.

**Shri Kashinath Misra :** Sir, I beg to move that in clause 5, Sub-Clause (1), in line, 3, after the words "the management" the word "development" be added.

sir, I further beg to move that in clause 5, sub-clause (2) (b), line1, for the word "nine" the word "ten" be substituted.

Sir, I further beg to move that in clause 5, for sub clause (3) the following sub clause be substituted :-

" (3) (a) The Chairman and four other members shall be nominated by the state Government.

(b) Three members shall be nominated by the Institute of whom one shall be an employee of the Institute.

(c) Three members shall be nominated by the Speaker, West Bengal Legislative Assembly from amongst the members of the West Bengal Legislative Assembly of whom one shall be from the Constituency in which the Institute is situated."

**Shri Jatin Chakraborty :** I do not accept the amendments of Shri Kashinath Misra.

**Shri Abdul Mannan :** Sir, I beg to move that in clause 5, for sub-clause (2), the following sub-clause be substituted :-

" (2) The Committee Shall consist of the following members :-

(a) four members shall be nominated by the State Government of whom one shall have experience in the field of art and culture;

(b) five members shall be elected by the Institute of whom one shall be an employee of the Institute;

(c) one member shall be elected from amongst the members of the West Bengal Legislative Assembly;

(d) the chairman shall be elected by the members of the committee."

Sir, I further beg to move that clause 5(3) be omitted.

Sir, I further beg to move that in clause 5(4), for item (a), the following be substituted :-

"(a) The members of the Committee shall hold office for a period of three yeras."

Sir, I further beg to move that in clause 5, 5(a) be omitted.

**Shri Jatin Chakravorty** : I do not accept the amendments of Shri Abdul mannan.

The Motions of Shri Kashinath Misra (Amendment No. 5,7,9) and the Motions of Shri Abdul Mannan (Amendment No. 6,8,10,11), .were then put and lost.

The question that clause 5 do stand part of the bill was then put agreed to.

**Clause 6**

The question that clause 6 do stand part of the bill was then put and agreed.

**Clause 7**

**Mr. Deputy Speaker :** There are two amendments - one by Shri Abdul Mannan (amendment No. 12) and the other by Shri Kashinath Misra (amendment No.13). Now Shri Mannan and Shri Misra Please move your amendments.

**Shri Abdul Mannan** : Sir, I beg to move that in clause 7, in line 2 after the words "maintenance" the word "development" be inserted.

**Shri Kashinath Misra** : Sir, I beg to move that in clause7, in line 2, after the words " its maintenance" the words "development and improvement" be inserted.

**Shri Jatin Chakravorty** : I do not accept the amendments.

The motion of Shri Abdul Mannan (amendment No:12) and the motion of Shri, Kashinath Misra (amendment No. 13) were then put and lost.

The question that clause 7 do stand part of the Bill was then put and agreed to.

**Clauses 8 to 15**

The question that clauses 8 to 15 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 16**

**Mr. Deputy Speaker :** There are amendments – one by Shri Abdul Mannan (amendment No. 14) and the other by Shri Kashinath Mishra (amendment No. 15) in clause 16. Now Shri Mannan and Shri Misra please move your amendments.

**Shri Abdul Mannan :** Sir, I beg to move that in Clause 16, after sub-Clause (2), the following sub-clause be added :-

" (3) All rules made under this Act Shall be laid for not less than fourteen days before the State Legislature as soon as possible after they are made and shall be subjuct to such modification as the State Legislature may make during the session in which they are so laid. Any modification of the said rules made by the State Legislature shall be published in the official Gazette, and shall, unless some later date is appointed by the State Government, come into force on the date of such publication."

**Shri Kashinath Misra :** Sir, I beg to move that after clause 16(2) the following new sub-clause be added:-

"3(a) All the rules made under this Act shall be published in the Official Gazette.

(b) All rules made under this Act shall be laid before the State Legislature as soon as possible after they are made."

**Shri Jatin Chakravorty :** I do not accept the amendments. The motions of Shri Abdul Mannan (amendment No. 14) and Shri Kashinath Misra (amendment No.15) were then put and lost.

The question that clause 16 do stand part of the Bill was then put and agreed to.

## Clause 17

**Mr. Deputy Speaker :** There is an amendments -(amendment No. 16) in clause 17, by Shri Kashinath Misra. Now Shri Misra please move your amendment.

**Shri Kashinath Misra :** Sir, I beg to move that after sub-clause (3), the following new sub-clause be added:-

"(4) All regulations made under this Act and Rules Shall be laid before the State Legislative as soon as possible after they are made."

**Shri Jatin Chakravorty :** I do not accept the amendment.

The motion of Shri Kashinath Misra (amendment No. 16) was then put and lost.

The question that clause 17 do stand part of the Bill was then put and agreed to.

## Clause 18 and Preamble

The question that clause 18 and preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Jatin Chakravorty :** Sir, I beg to move that the Calcutta University Institute (Taking Over of Management of Auditorium) Bill, 1985, as settled in the Assembly, be passed.

**ডাঃ জয়নাল আবেদিন** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি সরাসরি মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করি, এই এগ্রিমেন্টটা একজিকিউটেড হয়েছে ডিউরিং your reqire আপনি অনেক কথা বললেন। had you been unconscious then on the 9th day of April, 1979? এখানে কিন্তু এই কথা কেন ফ্র্যাংকলি স্বীকার করলেন না যে আপনার সরকার আপনার এবং জ্যোতিবাবুর নেতৃত্বে এই এগ্রিমেন্ট ভুল করে করল। you have no experience neither the maturety nor the mentality to mantain this public Institution আপনি এই কথা বলে পার পাবেন না য়ে, আমাদের অনারেবল মেম্বাররা ইউনিভারসিটির সঙ্গে গোলমাল করছে তা করেনি। They are clear enough আপনার কাছে দ্বিতীয় প্রশ্ন করি, আপনি যে বক্তব্য রেখেছেন সেই বক্তব্যের মূল হচ্ছে স্টেট এক্সচেকার থেকে ৭৬ লক্ষ বেরিয়ে গেছে, পরে, নেকসট ডিউরিং হিজ রেজিম ৫ লাখ টাকা গচ্চা গেছে।

That means it attracts the provision of article 207 of the Constitution. Why then the recommendation of the Governor had not been obtained in this case under Article 207 ? This is your technique Sir, I invite your attention to Articile 207 where finance of the Exchequer is involved

মন্ত্রী মহাশয় স্বীকার করেছেন যে প্রথম দফায় ৭৬ লাখ এবং পরের দফায় ৫ লাখ under article 207 of the constitution this is a financial loss to the state Exchequen. As soon such the Government has failed, rather aided in framing a draft legislation.

যেখানে ষ্টেট্ এক্সচেকার থেকে টাকা যাচ্ছে যেখানে ফাইনান্সিয়াল ইনভলবমেন্ট রয়েছে, শুধু তাই নয় Already you have drained out some finance form the state Exchequer.

কোন ফাইনান্সিয়াল মেমোরানডাম নেই। আজকে আপনি এই্ বলে পার পাবেন না যে এটা এসেনসিয়েল ছিল না। Financial Memorandum was essential to this Bill.

এখানে এক্সপোর্ট আছেন, ইকনমিক্স আছেন, বলুন Whether it attracts the provision of Ariticle 207 or not?

সুতরাং ফাইনান্সিয়াল মেমোরানডাম দেওয়া উচিত ছিল। তিন নম্বর কথা হলো এই্ গর্ভমেন্টের একটা প্রোপেনসিটি এবং একটা টেনডেনসি রয়েছে। for exereising power of over all.

এটা আমরা দেখেছি মাননীয় অনিল মুখার্জী মহাশয় বললেন আমরা কর্পোরেশন ইলেকশন করেছি, হাওড়ায় ইলেকসন করেছি, পঞ্চায়েতে ইলেকসন করেছি। আমি আপনার দৃষ্টি আকর্ষণ করি, আজকের দিনে এই হাউসে কি বিজনেস আছে? ১৯৩০ খৃষ্টাব্দে বংগীয় প্রাথমিক শিক্ষা আইন অনুসারে সেখানে নির্বাচন হয়নি। একটা এ্যাডহক কমিটি করেছে।

**মিঃ ডেপুটি স্পীকার :** আপনি যতীনবাবুর বিলে বলছেন ?

**ডাঃ জয়নাল আবেদিন :** হ্যাঁ, এই বিলেই বলছি। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার কাছে আমার অনুরোধ আপনি বাঙ্গালী I am specifically pointing out their charges of their adhocisin Government is on adhocism . It is a tradition It is glory.

আমি এটা কনফিউস করছি না ইউনিভারসিটির সঙ্গে It is a separate auditorium. I do say that acoustic and other arrangements are perfect there. You will have to multiply the auditorium. The city is expanding, the community is expanding, the society is expanding and the demand also is expanding. As such you have to contemplate – the P.W.D. Minister and the Left Front Government – for more auditorium rather than superceding them once granted and built up during the British regime and renovated during this Congress regime. You are not the author.

আপনাদের নিজেদের কীর্ত্তি একটু বলুন, আমরাও একটু বলি, এটা যতীনবাবু এবং জ্যোতিবাবু করেছেন। কিন্তু সব মরুভূমি। you can create desert you are the author of desert but you are not the author of an audio reum as such I decline to agree with you Mr. Minister.

**শ্রী যতীন চক্রবর্ত্তী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা বিষয়ের জবাব দেব। ওনার ভুল ধারনা। কারণ এই বিলের মধ্যে কোন প্রভিসন নেই যে আমরা ষ্টেট্ এক্সচেকার থেকে একটা পয়সা খরচ করল। সুতরাং ফাইনান্সিয়াল মেমোরানডাম দেবার কোন প্রশ্ন ওঠে না।

**শ্রী অনিল মুখার্জী ঃ** অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, উনি ২০৭ ধারা বললেন। ২০৭ ধারাতে যেটা আছে সেটা একটা Special Provision to the financial bill যদি ফাইনান্সিয়াল বিল না হয়। কিন্তু অথচ উনি। It is not a financial

A Senior member of the House misled by quoting the Constitution Which is not the fact.

The motion of Shri Jatin Chakrabarty that the Calcutta University Institute (Taking Over of Management of Auditorium) Bill, 1985, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

**[5.35 – 5.45 p.m.]**

The West Bengal Appropriation (Expenditure, 1974-75, 1975-76, 1976-77, and 1977-78) Bill, 1985.

**Dr. Ashok Mitra :** Mr. Deputy Speaker, Sir, I beg to introduce the West Bengal Appropriation (Excess Expenditure, 1974-75,1975-76,1976-1977 and 1977-78) Bill, 1985.

(Secretary then read the Title of the Bill)

**Dr. Ashok Mitra :** I beg to move that the West Bengal Appropriation (Excess Expenditure, 1974-75, 1975-76, 1976-77, and 1977-78) Bill, 1985, be taken into consideration.

আমার একটি অতি সংক্ষিপ্ত বক্তব্য আমি এখানে রাখছি; অবশ্য না বললেও চলতো। গত সপ্তাহে আমরা ১৯৭৪-৭৫, ১৯৭৫-৭৬, ১৯৭৬-৭৭, এবং ১৯৭৭-৭৮ সালে বাজেটের বাইরে, এমন কি — অতিরিক্ত ব্যয় মঞ্জুরের বাইরে যে অতিরিক্ত ২০৮ কোটি টাকা খরচ হয়েছিল, সেই ব্যয়টা মঞ্জুর করেছি। কিন্তু আমাদের সংবিধানের নিয়ম অনুযায়ী এই অনুমোদনটাই যথেষ্ট নয়; রাজ্যের কোষাগার থেকে টাকাটা খরচ করতে গেলে আলাদা অনুমোদন প্রয়োজন হয় এবং সেই উদ্দেশ্যেই বিলটা আনা হয়েছে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার পয়েন্ট অফ অর্ডার হচ্ছে টাকাটা খরচ হয়ে গেছে ১৯৭৪-৭৫, ১৯৭৫-৭৬, ১৯৭৬-৭৭ এবং ১৯৭৭-৭৮ সালে এবং সেটা আমরা রেগুলারাইজ করতে যাচ্ছি। কিন্তু এপ্রোপিয়েশন বিলে এ্যামেন্ডমেন্ট চলে না, দেয়ার ইজ নো স্কোপ, ফর এ্যামেন্ডমেন্ট। আমি তো আর ১৯৭৭-৭৮ সালে মন্ত্রী ছিলাম না। আমার কথাটা অশোকবাবুকে একটু বিবেচনা করতে বলছি যে, এ্যাপ্রোপিয়েশন বিলে এত রেট্রোস্পেকটিভ এফেক্ট্ দেবেন কিনা? কারণ আপনি টাকাটা খরচ করে ফেলেছেন, কিন্তু আইনটা করছেন এখন। এপ্রোপিয়েশন বিলে এ্যামেন্ডমেন্টের কোন স্কোপ নেই,

কনস্টিটিউশনোল প্রভিশন নেই। অবজেকটস্ এ্যান্ড রিজনস্ অফ দি বিলে রেট্রোস্পেটিভ এফেক্ট ইজ গিভন্ ফ্রম ফাষ্ট এপ্রিল, ১৯৭৪ এ্যান্ড সো অন — এই কথাটা বলা দরকার ছিল কিনা জবাব দিন। এটাই হচ্ছে আমার পয়েন্ট অফ অর্ডার।

**ডঃ অশোক মিত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিলটা বিধানসভায় আনা হয়েছে পাবলিক এ্যাকাউন্টস্ কমিটির অনুমতিক্রমে। তাঁরাই নির্দেশ দিয়েছেন এইভাবে আনার জন্য। ঐ নির্দেশ মেনেই আমার বিলটা এনেছি এবং এক নজরেই মনে হয়, এই বিলটা সম্পূর্ণ সংবিধানসম্মত।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আপনার মাধ্যমে এই বিলের প্রতিবাদ না জানিয়ে আমার উপায় নেই, কারণ ক্যাবিনেটের ৪৪ জন মন্ত্রী কি করছেন আমি বুঝতে পারছি না। আমাদের সময় খরচ করেছিলাম। ঠিকঠিকভাবেই খরচ করেছিলাম, কিন্তু এখানে প্রশ্ন হচ্ছে, যেখানে ৪৪জন মন্ত্রী রয়েছেন, সেখানে যে খরচ ১৯৭৪-৭৫, ১৯৭৫-৭৬, ১৯৭৬-৭৭, ১৯৭৭-৭৮ সালে হয়ে গেছে সেটা আপনাদের ৭ বছরের মধ্যে সময় হোল না এখানে এর আগে হাজির করার!

আপনারা এতদিন করছিলেন কি? পাবলিক এক্সচেকার থেকে তো মন্ত্রীদের গাড়ী থেকে আরম্ভ করে অন্যান্য খরচ খরচা যথেচ্ছ ভাবে হচ্ছে। যে ভাবে আপনারা সরকারী টাকার অপচয় করছেন, আপনারা কি এরমধ্যে এতটুকুও সময় পেলেন না — এই যে খরচাগুলো আগে হয়ে গেছে সেগুলো আনতে পারলেন না? ১৯৭৪-৭৫,১৯৭৫-৭৬, ১৯৭৬-১৯৭৭ এতগুলো বছরের যে ব্যয়গুলো হয়ে গেছে, সেগুলো ৭৭-৭৮, ৭৮-৭৯ বা ৭৯-৮০ সালে নিয়ে আসতে আপনাদের বাধা কোথায় ছিল? আজকে এতদিন পরে সমস্ত অতীত খরচাগুলো একসঙ্গে নিয়ে এলেন? আমাদের পুরনো গুলো আর আপনাদের এক বছরের বাড়তি খরচের হিসাব একসঙ্গে নিয়ে এলেন? এক বছর পার করে আপনারা খুবই অন্যায় করেছেন। খুব চালাকী করে আমাদের সঙ্গে আপনাদের একটা বছরের খরচা ঢুকিয়ে দিয়েছেন। কনষ্টিটিউসানাল প্রভিসন অনুযায়ী মোষ্ট ফর্মালী এটার অনুমোদন আমাদের দিতেই হবে, কারণ, খরচা আপনারা করে ফেলেছেন, এই ক্ষেত্রে আমরা যদি অনুমোদন না দেই, তাহলে কোনমতেই চলতে পারে না। আমাদের বাধ্য হয়েই অনুমোদন দিতে হবে। আমরা আপনাদের একটু সুযোগ করে দেই এবং এই সঙ্গে বলি, আপনারা আরও দু-চার বছর এখানে ক্ষমতায় থাকুন। তবে, এই রকম অন্যায় আর কখনও করবেন না। জনগণের আর্শীবাদ নিয়ে আরও এক বছর ক্ষমতায় থাকুন। জনগণ ইতিমধ্যেই বুঝতে পেরেছেন, তাঁদের প্রতি আপনাদের কত করুণা ও দরদ বর্ষিত হচ্ছে। পশ্চিমবাংলার মানুষ তো ইতিমধ্যেই হাড়ে হাড়ে বুঝতে পারছেন যে এই সরকার কত অপদার্থ হতে পারে। আপনারা এখানে ১৯৭৪ সালের এ্যাপ্রোপ্রিয়েশান নিয়ে এসেছেন ১৯৮৪ সালে ১০ বছর পরে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অশোক মিত্র মহাশয় বললেন যে, এই ভাবে নিয়ে এসে তিনি কিছু অন্যায় কাজ করেন নি। আমি তো একথা একেবারেই বুঝতে পারলাম না। তবে আমি বলব, উনি কি এখানে আর একবার বলবেন যে, উনি ঠিক ভাবে আনতে পারেন নি? আমার তো মনে হচ্ছে, উনি আসলে মনে প্রাণে বুঝতে পারছেন, যে প্রশ্ন ডাঃ জয়নাল আবেদিন সাহেব এখানে একটু আগে রেখেছেন Whether this is giving on a restropective effect or not?

এটা ঠিক হয় নি। মাননীয় অশোকবাবু বললেন যে, সংবিধান সম্মত ভাবেই হয়েছে। আমার মনে হয় উনি লাইনটা ঠিক মত জানেন না, হয়তওঁর অসুবিধা আছে? যাইহোক, উনি বললেন যে, সবই আইনসম্মত ভাবেই হয়েছে। আমি ওকে একটি কথা বলি যে, — এই সরকার সবসময়েই বলে, আজও বলে, পরেও বলবে— এই সরকার নিজেদের স্বার্থে, নিজেদের প্রোপগান্ডা করতে গিয়ে কাজের কাজ কিছু করতে পারেন নি। নিজেদের কাজ না করে কেবলই একই কাজ করে চলেছেন এবং সেজন্যই কাজের কাজ কিছু করতে

পারেন নি। নিজেদের অপদার্থতা ঢাকবার জন্য আজ ১০ বছর পরে এটি এখানে নিয়ে এসেছেন। যাইহোক, এবারের মত আমরা এটা পাশ করে দিচ্ছি। আমরা সব ক্ষমা-ঘেন্না করে দিলাম। তবে এর পরে আর কোন ভাবে, কিছুতেই সম্মতি দেব না। এই দৃঢ় প্রতিজ্ঞার কথা জানিয়ে আমি এই কয়টি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**ডঃ অশোক মিত্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সত্য বাপুলি মহাশয় যে প্রশ্ন একটু আগে এখানে তুললেন, তার জবাব আমি গত সপ্তাহেই দিয়ে ছিলাম। হিসাবগুলি আমরা তৈরী করি না। এগুলো তৈরী করেন এ্যাকাউন্ট্যান্ট জেনারেল এবং কম্পট্রোলার জেনারেল অফ ইন্ডিয়া। এ ব্যাপারে আমাদের কোন এক্তিয়ার নেই। তাঁরা যে মুহূর্তে হিসাবগুলি তৈরী করে দিয়েছেন, সেই মুহূর্তেই আমরা রাজ্য বিধানসভার পাবলিক এ্যাকাউন্টস্ কমিটির কাজে তা দাখিল করেছি। সুতরাং আমাদের দিক থেকে কোন রকম ত্রুটি বিচ্যুতি বা ঘাটতি নেই। ২য়তঃ এই ২০৮ কোটি টাকার মধ্যে ১৮৫ কোটি টাকা কংগ্রেস (ই) আমলে অপব্যায়িত হয়েছিল বলে জনগণ মনে করেন। জনগণ একথা মনে করেছিলেন বলেই ১৯৭৭ সালে কংগ্রেস(ই) পশ্চিমবাংলার বুক থেকে ধুয়ে মুছে গিয়েছিল।

(Mr. Speaker took the chair)

The Motion of Dr. Ashok Mitra that the west Bengal Appropriation (Excess Expenditure, 1974-75, 1975-76, 1976-77 and 1977-78) Bill, 1985, be taken its consideration, was then put and agreed to.

**Clauses 1 to 3. Schedule I to IV and Preamble.**

The question that the Clauses 1 to 3, Schedule I to IV and preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Dr. Ashoke Mirta :** Sir, I beg to move that the West Bengal Appropriation (Excess Expenditure, 1974-75, 1975-76, 1976-77, and 1977-1978) Bill, 1985 as settled in the Assembly be Passed.

**[5.45 – 5.55 p.m.]**

**শ্রী আবদুস সাত্তার :** মিঃ স্পীকার স্যার, এই যে বিল এসেছে আর্টিকেল ২০৫ অনুসারে তাতে উনি জানেন যে এক্সপেনডিচার স্যাংস্যান্ড হয়ে বাই দি হাউস এবং তার বেশী খরচ করলে সেটার একসেপেনডিচার ইল্লিগ্যাল হবে। সেটা আমাদের সময়েই হোক বা এই সময়েই হোক, সময়ের প্রশ্নটা বড় নয়, আসল কথা হচ্ছে যাই খরচ হবে সেটা বিধানসভা থেকে অনুমতি নিয়ে খরচ করতে হবে। যেমন অনেক সময়ে দেখা যায় অনেক নিউ সার্ভিস আছে যেটা নট কমটেমপ্লেটেড তার খরচ বেশী হয়। এই ব্যাপারে সবচেয়ে বড় প্রশ্ন যে এই ব্যাপারগুলি অডিটর জেনারেল এ্যান্ড কম্প্রট্রোলার দেখে বললে এটার রিপোর্ট দেওয়া সত্ত্বেও এই এক্সেস এক্সপেনডিচার রেটিফাই করে অনেক দেরীতে আসে, এটা তাড়াতাড়ি আসা উচিত। এই সরকার এসেছে বলেই আমি বলছি না, এটা আমাদের আমলেও হয়েছে, তার আগেও হয়েছে তার কারণ হচ্ছে অনেক সময়ে দেখা যায় নিউ সার্ভিস কনটেমপ্লেট করা হয় নি, পরে এসেছে কিন্তু সেক্ষেত্রে খরচ করা বেআইনী কারণ যতটুকু পর্যন্ত র‍্যাটিফাইড না হচ্ছে বাই দি হাউস ততক্ষণ খরচ করা যাবে না। এখন র‍্যাটিফিকেশান আসছে অনেক দেরীতে। আমি আশা করবো এই বিষয়টি অর্থমন্ত্রী মহাশয় দেখবেন। সব সময়েই যে অর্থমন্ত্রী

দোষী সেকথা আমি বলছি না, আমরাও যে দোষী ছিলাম না এই কথাও বলছি না। তবে অর্থমন্ত্রীমহাশয় একজন প্রখ্যাত অর্থনীতিবীদ্ এবং আন্তজার্তিক খ্যাতি সম্মন্ন অর্থনীতিবিদ, তার আমলে যে ১৯৭৮ সাল পর্যন্ত এসেছে কিন্তু তারপরে আর একসেস এক্সপেনডিচার আসেনি এটা কিন্তু চিন্তা করা যায় না। আমি আশা করি এটা তিনি আনতে পারতেন। এক্সসেস এক্সপেনডিচার যদি জানতেন তাহলে নিশ্চয় জানাতেন। আজকে ১৯৭৮ সালের পর থেকে আজ পর্যন্ত এর হিসাব হাউসের সামনে প্লেস করতে পারেন নি। এখানে সর্বশেষ ১৯৭৭ সালের এক্সপেনডিচার এবং তার পরের বছর ১৯৭৮ সালের দেখানো হয়েছে কিন্তু ১৯৭৯-৮০, ১৯৮০-৮১, ১৯৮২-৮৩, ১৯৮৪-৮৫, সালের এখনো আসেনি, এত দেরীতে আসছে কেন? এগুলি আরো তাড়াতাড়ি আসা উচিত ছিল।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মিঃ স্পীকার স্যার, গতবার আমি এই বিষয়ে প্রশ্ন তুলেছিলাম কিন্তু কোন উত্তর পাই নি। ইট ইজ নট এ ফ্যাক্ট দ্যাট মিঃ ফিনান্স মিনিষ্টার এর জন্য দায়ী। তবে আপনাদের অডিটর জেনারেল যে অডিট করেন তার একটা অডিট রিপোর্টের ড্রাফট আপনার দপ্তরে পাঠান হয় ফর রিকনসিলেশানের এবং দেন দি ফাইন্যাল পাবলিকেশন ইজ মেড। আমি সরাসরি জিজ্ঞাসা করতে চাই পাবলিক এ্যাকাউন্টস্ কমিটির কাছে যাবার আগে যখন ফাইন্যাল রিপোর্ট ফর রিকোনসিলেশানের এ.জি.ওয়েস্ট বেঙ্গল আপনার বিভিন্ন দপ্তরে পাঠান তখন Why the departement is not alert about the queries of the A.G., West Bengal. এটা আমার প্রথম প্রশ্ন, এর উত্তর গতবারও আপনি জানাননি। আমার দ্বিতীয় প্রশ্ন হচ্ছে অনেক জায়গায় দেখা যায় For new service, for new instrument, a service was not contemplated earlier either in the original budget or in the supplementary grant. Did you welcome the excess expenditure? এটা জানার প্রয়োজন আছে, এটার অথরিটি কে? আপনি যে বছরগুলি বললেন দে আর মার্কড পিরিয়ড, তখন ইলেকটেড গভর্ণমেন্ট ছিল না।

Then you support the action of the bureaucrats. for the other hand, efected Government. একটা ইলেকটেড গভর্ণমেন্ট আছে, তার ক্যাবিনেট ডিশিসান নেই। এই জিনিষ আমরা এ.জি.র. রিপোর্ট থেকে পেয়েছি বলে সেদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। ক্যাবিনেটের এ্যাপ্রুভাল নেই এটা bureaucrats, your officials they have entered into an agreement placed some expenditure that it was in order and accepted some contracts. এটা বন্ধ হওয়া প্রয়োজন। নাম্বার থ্রিতে ইউটিলাইজেশানের কথা বলেছেন। আপনি কি মনে করেন ১৯৭৮ সালে Are records preserved, are you sure that this has been done? I am prepared to sit with you for days, months and years long. এ.জি. বেঙ্গলের যে রিপোর্ট তাতে দেখছি কোন সার্টিফিকেট নেই কোন রেকর্ড নেই। আমরা কল ফর করেছি ডিষ্ট্রিক্ট অফিসারদের ইভিন আপ টু এ্যাডিশানাল ডি.এম.— কিন্তু পায়নি। ইউটিলাইজেশান সার্টিফিকেট নেই। নিউ সার্ভিস মানে হঠাৎ বন্যা হল, ন্যাচারাল কালামিটি হল হঠাৎ একটা কনটেমপ্লেশান হল তখন কি করা যাবে? আপনি একজন প্রখ্যাত অর্থনীতিবিদ হিসাবে ষ্ট্রেট এক্সচেকার থেকে খরচ এগুলি বন্ধ করার ব্যবস্থা করুন।

**ডঃ অশোক মিত্র ঃ** স্যার, সাত্তার সাহেবের মন্তব্যের জবাবে আমাকে আবার পুনরাবৃত্তি করতে হবে কারণ এটা আমাদের হাতে নেই। এত দেরীতে কেন এর জবাব আমাদের হাতে নেই। দেরীতে পেয়েছি। আমরা হিসাবগুলি সি.এ.জি.র কাছ থেকে পেলে সঙ্গে সঙ্গে তা পি.এ.সি.র কাছে পৌছে দিই। ব্যাকারণের প্রতি সম্মান জানানোর জন্যএই গুলি বিধানসভায় আনতে হবে। জয়নাল সাহেব যে কথা বললেন সেটা ঠিক

নয় কারণ মন্ত্রীসভা ব্যতীত কোন আইন বিধান সভায় আনা যায় না। সুতরাং মন্ত্রীসভার সম্মতি নিয়ে এটা আনা হয়েছে।

The motion of Dr. Ashok Mitra that the West Bengal Appropriation (Excess Expenditure, 1974-75, 1975-76, 1976-77 and 1977-78) Bill, 1985, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

## The Taxes on Entry of Goods into Calcutta Metropolitan Area (Amendment) Bill, 1985

**Dr. Ashok Mitra :** Sir, I beg to introduce the Taxes on Entry of Goods into Calcutta Metropolitan Area (Amendment) Bill, 1985.

(Secretary then read the Title of the Bill)

**Dr. Ashok Mitra :** Sir, I beg to move that the Taxes on Entry of Goods into Calcutta Metropolitan Area (Amendment) Bill, 1985. be taken into consideration.

এই প্রসঙ্গে আমার দুতিনটি বক্তব্য আছে। আমি প্রথমে কিছু বলার জন্য অনুমতি ভিক্ষা করছি। আমি যখন বাজেট প্রস্তাব এখানে উত্থাপন করি তখন উল্লেখ করেছিলাম অন্য প্রবেশ করে আমরা কিছু সম-মার্জনা করতে চাই এবং তার অঙ্গ হিসাবে এই প্রস্তাবিত আইন আনা হয়েছে। কিন্তু এই আইনটার উদ্দেশ্য যাকে ইংরাজী ভাষায় বলা হয় এনেবেলিং লেজিশলেশান অর্থাৎ সরকার কতগুলি ক্ষমতা আপাতত নিয়ে রাখতেন কিছু সেই ক্ষমতা কবে প্রয়োগ করবে সেটা সরকারের উপর নির্ভর করে। পেট্রোলিয়াম জাত দ্রব্যাদির ক্ষেত্রে বণ্টনের দায়িত্ব কেন্দ্রীয় সরকারের হাতে এবং দাম ঠিক করার দায়িত্বও কেন্দ্রীয় সরকারের হাতে। গত কয়েকবছর ধরে ওরা যথেচ্ছভাবে দাম বাড়িয়ে গেছেন। কিন্তু দাম বাড়িয়ে যে রাজস্ব সংগ্রহ করছেন তার বিন্দুমাত্র অংশ রাজ্য সরকার পায় না। আমাদের পণ্য প্রবেশকরের যে কাঠামো তাতে ছিল লিটার প্রতি আমরা এত পয়সা আদায় করব। এর যদি মূল্যবৃদ্ধি করা হয় তাহলে যখন পেট্রোলিয়াম জাত দ্রব্যাদির দাম বাড়ল তখন রাজ্য সরকারের উপার্জনও বাড়বে। সেইহেতু আমরা এই ধরনের আইন করতে চাই যে ভবিষ্যতে কেন্দ্রীয় সরকার যখন পেট্রোলিয়াম জাত মূল্যের দাম বাড়াবে তখন তার সঙ্গে সঙ্গে আমরা তার থেকে কিছু অংশ যেন পেতে পারি। কিন্তু বর্তমান বছরের আইন অনুযায়ী যে কর আমরা পাব তা প্রয়োগ করবার বিন্দুমাত্র ইচ্ছা আমাদের নেই। কারণ এই বছরে কেন্দ্রীয় সরকার পেট্রোলিয়াম জাত দ্রব্যের দাম বাড়িয়ে সাধারণ মানুষের এতবেশী সর্বনাশ করেছেন যে তার উপর আর কোন রকম বাড়তি প্রস্তাব করতে চাই না। সুতরাং আমরা এই অধিকার নিয়ে রাখব কিন্তু তার প্রয়োগ করব না।

**[5.55 – 6.05 p.m.]**

শুধুমাত্র ব্যাতিক্রম যেটা আমরা বিবেচনা করছি সেটা হচ্ছে বিমান চলাচলের ক্ষেত্রে যে তেল ব্যবহার করা হয় সেই তেলের ব্যাপারে আমরা হয়ত কিছুটা পরিশোধন করতে পারি আমাদের পণ্য প্রবেশ কর। এটার ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলাপ আলোচনা করে আমাদের সিদ্ধান্ত ঘোষণা করব। আর একটা বিষয় আছে সেটা হচ্ছে কাগজের ক্ষেত্রে আমরা একটা অধিকার হাতে

নিয়ে রাখছি, সেই অধিকার এই বছরে প্রয়োগ করবার আমাদের অভিপ্রায় নেই। কলকাতায় স্থানীয় যাঁরা কাগজ তৈরী করেন তাঁরা অনেক সময় আমাদের কাছে এসে অভিযোগ করেন পশ্চিমবঙ্গের বাইরে থেকে অনেক এসে বিভিন্ন উপায়ে এখানে কাগজ বিক্রি করে এবং সেই কাগজ বিক্রি করার যে প্রকরণ তাতে অনেক মারপ্যাঁচ থাকে। তাতে এখানকার ব্যবসায়ীরা ক্ষতিগ্রস্থ হয়। সেজন্য তাদের সুবিধার জন্য এই রকম একটা পণ্য প্রবেশ কর করে রাখতে চাই, সমস্ত কাগজ বিক্রেতাদের সঙ্গে আলোচনা করে এই বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে, এই ধরনের সম্মার্জনী আমরা এখনই প্রয়োগ করব না।

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে ট্যাক্সেস অন এনট্রি অব গুডস ইনটু ক্যালকাটা মেট্রোপলিটন এরিয়া (এ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৮৫ নিয়ে এসেছেন তার সূচনাতে তিনি কেন্দ্রের উপর দোষারোপ করেছেন যে, শুধু কেন্দ্র বাড়িয়ে চলেছে। রাজ্য সরকার কি কিছুই বাড়াননি? কাগজ এবং এ্যাভিয়েশান গ্যাসোলিন যেটা ফুয়েল বিমান চলাচলের জন্য লাগে সেটা তো কেন্দ্রীয় সরকার বাড়াচ্ছেন না, রাজ্যসরকার বাড়াচ্ছেন। বিগত দিনে যেটা ছিল ১৭এ — এগজিসটিং প্রভিসান অব সিরিয়্যাল ১৭এ এন্ড সিরিয়্যাল ৫৭ বি অব দি সিডিউল টু দি ট্যাক্সেস অন এনট্রি অব গুডস ইনটু ক্যালকাটা মেট্রোপরিটন এরিয়া এ্যাক্ট, ১৯৭২, সেই ১৭ এ তে প্রায় ১৭ দফা আছে, এ্যাভিয়েশান গ্যাসোলিন, টাব্যাইন, কারনেস অয়েল, লুবরিকেটিং অয়েল অব অল কাইন্ডস্ ন্যাভাল অয়েল, ন্যাচারাল গ্যাসোলিন, জুট ব্যাচিং অয়েল, এই সব ক্ষেত্রে যেখানে আগে ছিল ২ পয়সা পার লিটার সেখানে সেটাকে করা হচ্ছে ২ পার্সেন্ট, শরকরা ২ ভাগ বৃদ্ধি করা হচ্ছে। এই বৃদ্ধি কি রাজ্যসরকার করছেন না? আমরা দেখতে পাই বিভিন্ন জিনিসপত্রে দর যখন বাড়ে তখন কেন্দ্র এবং রাজ্য বাজেটের পরিপ্রেক্ষিতে সেই দর বৃদ্ধি হয়। কিন্তু সেক্ষেত্রে শুধু কেন্দ্রর উপর দোষারোপ করে রাজ্যসরকারকে এড়িয়ে থাকলে চলবে না। কারণ, রাজ্যসরকার সেখানে বিভিন্নভাবে কর বসান। মাননীয় অর্থমন্ত্রী চলচিত্রকে শেষ করবার জন্য যে ট্যাক্স চলচিত্রের উপর বসিয়েছেন, পরিবহনের উপর যে ট্যাক্স বসান হয়েছে তাতে কি আমরা বলতে পারি না রাজ্য সরকার পশ্চিমবঙ্গকে শেষ করবার জন্য সেখানে ট্যাক্স বসিয়েছেন? সুতরাং কেন্দ্রর উপর দোষারোপ করে, কেন্দ্রর ট্যাক্সগুলিকে সামনে দেখিয়ে নিজে পরিত্রান পাবার চেষ্টা এটা কিন্তু প্রকৃত পদ্ধতি নয়। আমরা দেখতে পাচ্ছি ১৯৭২ সালের যেটা আইন সেখানে ছিল অল কাইন্ডস্ অব পেপার অব হোয়াটএভার ৫০ পয়সা পার কমপোজিসান এন্ড থিকনেস নট ৫০ কিলোগ্রাম স্পেসিফায়েড এলস্হুয়ার, ৫০ পয়সা যেটা ছিল সেটাকে আজকে তিনি ৩ পার্সেন্ট বৃদ্ধি ঘটাচ্ছেন।

এবারে দেখুন এই বৃদ্ধি কিভাবে হচ্ছে। এটা সাধারণ মানুষের ক্ষেত্রে কোন আঘাত করবেনা সেকথা কিন্তু মন্ত্রীমহাশয় বলেন নি। একটা ডাইভারসন পলিসি কেন্দ্রীয় সরকারের উপর চাপিয়ে দেবেন এবং রাজ্যসরকার বহাল তবিয়তে থাকবেন এটা ঠিক জিনিস নয়। ট্যাক্স সম্বন্ধে কেন্দ্রীয় সরকার যেমন চিন্তা ভাবনা করছেন সেইভাবে আপনারাও বলুন যে আমরাও ট্যাক্স বাড়াচ্ছি। আমার এ্যামেন্ডমেন্ট তাতে আমি বলছি, ক্লজ ওয়ান, সাব — ক্লজ (টু), ফর দি ওয়ার্ডর্স বিগিনিং উইথ অন সাস্ এ্যান্ড এনডিং উইথ " অ্যাপায়েন্ট" দি ওয়ার্ডস " ফ্রম দি থার্ড ডে অব মে, ১৯৮৫ " বি সাবস্‌টিউটটেড। সরকার আইন পাশ করে বলছেন এটা তাঁরা কার্যকরী করবেন তাঁদের খেয়াল খুশী মত। এটা কেন করছেন? আইন পাশ করে তারপর সুবিধামত প্রয়োগ করবেন এটা কেন হবে? কেন আপনি সরাসরি বলছেন না যে, এটা আইনে পরিণত হলেই কার্যকরী করা হবে? আপনি কেন কাল থেকে এটাকে কার্যকরী করবেন না? আপনি বলছেন যখন আপনার মনে হবে তখন একে কার্যকরী করবেন। সব কিছু কাজ করে তবেই আইন কার্যকরী করতে হয়। কিন্তু আপনি সেটা না করে আপনার খেয়াল খুশীমত কেন কাজ করছেন। তিনি যদি দেশের স্বার্থে এটা করতে চান এবং যারজন্য

তিনি বিধানসভায় আইন পাশ করছেন তাহলে আগামীকাল থেকে একে কেন কার্যকরী করবেন না? তিনি শুধু বুড়ি ছুইয়ে রাখছেন এবং পরে নিজেদের খেয়ালখুশীমত প্রয়োগ করবেন। আমি মনে করি এটা ঠিক জিনিস নয়। তাই আমি আবারও বলছি এটাকে কাল থেকেই কার্যকরী করুন। আপনাদের যখন মেজোরিটি আছে তখন আইন নিশ্চয় পাশ হবে, কিন্তু শতকরা ৩ পারসেন্ট ট্যাক্স বসাবার যে চিন্তা ভাবনা করছে না এটাকে পরিবর্তন করার জন্য আপনাদের চিন্তা করা উচিত। আর একটা জিনিসের প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এই আইন পাশ হবার পর ব্যবসায়ী সম্প্রদায় থেকে আরম্ভ করে যারা কাগজের ব্যবসা করে তার মনে করবে আইন পাশ হয়েছে এবং এটা কার্ষকরীও হবে কাজেই এখন থেকেই কাগজের দর বাড়াবার চেষ্টা করি।

যেখানে কালোবাজারীরা সুযোগ পাবে। এই আইনটা পাশ করে রাখা হবে অথচ এটা কাযকরী হবে না। সেদিক থেকে এটাকে আনা উটিত হয় নি। যখন প্রয়োজন হবে তখন নিয়ে আসতে পারতেন। এতে কালোবাজারীদের ব্যবসায়ীদের টাকা পাইয়ে দেবার ব্যবস্থা করছেন। এটা আপনাদের কাছ থেকে আশা করি নি। এগুলি আপনারা প্রশ্রয় দেবেন না। কিন্তু তবুও দিচ্ছেন। আমি এই কারনেই এই আইনটিকে তুলে নেবার জন্য অনুরোধ করছি। যদি আপনি এটাকে আগামী কাল থেকে কার্যকরী করতেন তাহলে বুঝতাম। কিন্তু তা করছেন না। তাহলে এটাকে তুলে নিন। এইভাবে এই বিলকে প্রেস করবেন না। এতে কালোবাজারী সুবিধাবাদী ব্যবসায়ীরা সুযোগ নেবে। তাই আমি এর বিরোধিতা করছি এবং আমি সেই কারণেই এমেন্ডমেন্ট নিয়ে এসেছি। মাননীয় অর্থমন্ত্রী মহাশয়, তাঁর সুচিন্তিত মতবাদের মাধ্যমে এই বিলকে প্রত্যাহার করে নেবেন বলে মনে করি।

**শ্রী শশাঙ্ক শেখর মন্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এই যে পণ্য প্রবেশ কর সংশোধনী বিল এনেছেন, আমি এটাকে সমর্থন করতে উঠে তাঁর কাছে দুএকটি কথা দাবী হিসাবে রাখতে চাই। প্রথম কথা হোল এই যে করা হবে সেই সংশোধনী যেটা সংশোধনী এসেছে তার পরিপ্রেক্ষিতে এটা আমরা নিশ্চয় গ্রহণ করবো। অবশ্য উনি বলেছেন একটি কথা যে প্রয়োজন হলে তিনি এটাকে প্রয়োগ করবেন। এই বিধানসভার যখন কোন বিশিষ্ট একজন মন্ত্রী বলেন তাঁর পক্ষ থেকে যে এটাকে প্রয়োজন হলে এটা প্রয়োগ করতে পারি তখন নিশ্চয় এটা গ্রহনযোগ্য। আবার তিনি বলেছেন যে তবুও আমরা বিশেষভাবে চেষ্টা করবো এটা যাতে প্রয়োগ করা না হয়। এটা একটি ইনডিরেকটর কর এবং ইনডিরেক্ট কর সাধারণভাবে দরিদ্র মানুষের উপরই পড়ে। ইনডিরেক্ট কর প্রয়োগ করলে তাতে দরিদ্র মানুষই ক্ষতিগ্রস্থ হতে পারে। কিন্তু এই কর আদায়ের সময় আমরা দেখেছি আমার প্রবীণ বয়স — সেখানে অনেক ফাঁকি চলে। যারা এই কর আদায় করে, সেই কর্মকর্তারা নানাভাবে ক্রটি বিচ্যুতি করে। সেদিকে তিনি যেন নজর রাখেন। এছাড়া আর একটা জিনিস হোল যখন কর বৃদ্ধির কথা মনে করবো তখন আমাদের মনে রাখতে হবে যে দ্রব্যমূল্য অনেক বৃদ্ধি হয়ে গেছে। এই কিছুদিন আগে যেভাবে কেন্দ্রীয় বাজেট উপস্থিত করা হয়েছে সেটা পাশ করতে গিয়ে কেন্দ্রীয় অর্থমন্ত্রী বলেছেন এই রকম দ্রব্যমূল্য বৃদ্ধি কখনও দেখা যায় নি। সত্যিই অত্যন্ত মারাত্বক হারে দ্রব্যমূল্যবৃদ্ধি যখন হয়েছে তখন আর একটা যুক্ত করতে গিয়ে কলকাতায় যে সমস্ত জিনিস প্রবেশ করে, কলকাতায় যারা আগে তারা সেই সুযোগ সুবিধা গ্রহণ করে। এই সাক সব্জি, মাছ ইত্যাদি যেসব আসে তাতে বিত্তশালীদেরই সুবিধা হয়। এতে এসে অনেক লোক বাস করে, এদের উপর কিছু কর বৃদ্ধি করে যদি আমাদের কিছু কর আদায় হয় তাহলে সেটা যেন মন্ত্রী মহাশয় নজরে রেখে দেন, যেমন অন্যান্য জায়গায় আছে। বম্বেতে শুনেছি মান্টি ষ্টোরিড বিল্ডিং এর উপর কর ধার্য্য আছে। তাই আমি এই কথা বলবো, এই পণও প্রবেশ করকে ঠিক ভাবে পরিচালিত করতে হলে সেখানে যে সব কর্মীরা কাজ করছে, সেখানে অনেক ক্রটি বিচ্যুতি আছে,

এটা তাঁর নজরে আমি আনতে চাই। দ্বিতীয়তঃ আমি আর একটা কথা বলতে চাই, এই শিয়ালদহ, হাওড়া এবং শ্রীরামপুর ইত্যাদি জায়গায় আমাদের বীরভূম জেলা থেকে বহু সিল্কের কাপড় আসে, এই সব জায়গায় যখন পণ্য প্রবেশ কর তাদের কাছ থেকে আদায় করার ব্যবস্থা আছে, এক একজন ব্যবসায়ীকে ১২/১৪ ঘন্টা ওখানে লাইন দিয়ে দাঁড়িয়ে থাকতে হয়। এই যে মারাত্মক পণ্য কর দেবার জন্য যে ব্যবস্থা আছে, এটার প্রতি যেন তিনি নজর রাখেন এবং এই ট্রেনে করে যে সমস্ত মাল আসে, তাদের ওজনের উপর বিশেষ করে যেন নজর রাখা হয়। কারণ রেলের লোকেদের সঙ্গে তাদের একটা ভাগাভাগির ব্যবস্থা আছে, সেটা বন্ধ করতে হবে। শেষ কথা হলো, এই পণ্য কর আদায়ের ব্যাপারে, শহরে প্রবেশ করলেই কর দিতে হয়, তাহলে মালদহ থেকে যে সমস্ত সিল্কের কাপড় বহু রেজিষ্ট্রি পার্সেলে আসে তার উপর কোন কর আদায় হয় না। সেটা কেন হবে না, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি, তিনি যেন নজর রাখেন। আমি এই কথা বলে, এই সংশোধনী বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুভাষ গোস্বামী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী এই সভায় পণ্য প্রবেশ কর ) এর ব্যাপারে যে সংশোধনী বিল এখানে উত্থাপন করেছেন, আমি সেটা সমর্থন করছি। আমরা লক্ষ্য করছি যে বিগত বছর ধরে কেন্দ্রীয় সরকার যে ভাবে বিভিন্ন কায়দায় রাজ্য সরকারের আয়ের সূত্রগুলোকে ক্রমশঃ সংকোচ করে দিচ্ছেন এবং রাজ্যসরকারগুলো কে আরও বেশী করে কেন্দ্রের উপর নির্ভরশীল করে তুলেছেন। তাতে করে রাজ্য সরকারের বিকল্প পন্থা উদ্ভাবন করা ছাড়া আর কোন গত্যন্তর নেই। রাজ্য সরকার সেই কারণে সংগত ভাবে তার এক্তিয়ারের মধ্যে কোন্ কোন্ সূত্র থেকে আরও বেশী আয় হতে পারে সেই চিন্তা ভাবনা থেকে মাননীয় অর্থমন্ত্রী এই বিল এনেছেন। অর্থমন্ত্রী এই বিলের উদ্দেশ্য সম্পর্কে ব্যাখ্যা করেছেন, আমি তাঁকে সাধুবাদ জানাচ্ছি। বিশেষ করে কেন্দ্রীয় সরকার বিগত কয়েক বছর ধরে পেট্রলিয়াম বা পেট্রলিয়াম জাত দ্রব্যের উপর যে ভাবে দফায় দফায় দাম বাড়াচ্ছেন এবং নানা সমস্যার সৃষ্টি করেছেন এই সমস্যার মধ্যে দাঁড়িয়ে আরও নতুন সমস্যা সৃষ্টি করে অবস্থাকে আরও জটিলতর করে তুলতে তিনি চাননা। সেইজন্য তিনি তাঁর বক্তব্য বলেছেন যে এই বিল পাশ হলেই সেটা কার্যকরী হবে না। এই সাধু উদ্দেশ্য তিনি ব্যক্ত করেছেন। যে বর্তমান অবস্থায় এটা করতে গেলে মড়ার উপর খাঁড়ার ঘায়ের সামিল হবে। এটা ভেবে এই বিলকে কার্যকরী করা থেকে আপাততঃ বিরত থাকার যে ঘোষনা তিনি করেছেন, এটা তারজন্য নিঃসন্দেহে তিনি ধন্যবাদ পাবার যোগ্য। আমি এই প্রসঙ্গে একটা টেকনিক্যাল বিষয় উত্থাপন করছি, যদিও মাননীয় অর্থমন্ত্রী তাঁর বক্তৃতার সময় সেটা পরিষ্কার করে দিয়েছেন, তবুও বিলের মধ্যে আমি একটা জিনিস লক্ষ্য করছি, বিলের শেষে ষ্টেটমেন্ট অব অবজেক্ট এ্যান্ড রিজনসে যে কটি লাইন লেখা আছে, এর মধ্যে পরিষ্কার নেই, এর অবজেক্ট কোনটা, রিজন্ কোনটা। শুধু অবজেক্টটা বলা হয়েছে, রেটের হার বদল করার জন্য, এই সংশোধনী আনা হয়েছে।

তার কারণ তিনি বলেন নি। তবে লিখিত স্টেটমেন্টের মধ্যে Reason না থাকলেও বক্তৃতার মধ্যে তিনি সে ঘাটতি কিছুটা দুর করে দিয়েছেন। তবুও এখানে আমার একটা প্রশ্ন থেকে যাচ্ছে। আমরা যে করের হার বাড়াবার প্রস্তাব করছি সেই কর বাড়ালে কতটা আয় হতে পারে সেটাও আমাদের জানা দরকার, কিন্তু সেটাও আমরা পাচ্ছি না। দ্বিতীয় আর একটি বিষয়ে উল্লেখ করতে বাধ্য হচ্ছি। এটা থেকে বছরে রাজ্য সরকারের বেশ মোটা পরিমাণ আয় হয়। আমার মনে হয় বছরে প্রায় ৫২ কোটি টাকার মত আয় হয় এই পণ্য প্রবেশ কর থেকে। এই কর আদায় করার ক্ষেত্রে যে ব্যবস্থা আছে, আমার মনে হয় এই ব্যবস্থাটাই যথেষ্ট নয়, এখানে কিছু ত্রুটি -বিচ্যুতি আছে। এখানে যে সামান্য স্কেলিটন ষ্টাফ রয়েছে তাতে তারা পেরে উঠছে না। এর চেক পোষ্ট যে ভাবে দেখাশুনা হয় তাতে দেখা যায় যে অনেক সময়ে বিরাট জ্যাম হয়ে থাকে এবং

তার ফলে যানবাহনের একটা বিরাট লাইন হয়ে যায় তার থেকে সহজে পার পাওয়া যায় না। সেখানে সহজে পার পাবার জন্য যে সহজ অর্থাৎ উপঢৌকন ইত্যাদি দিয়ে বৈতরিণী পার বহার জন্য একটা প্রতিযোগীতা লেগে যায় যে কে আগে যাবে। এই ব্যবস্থাপনার যিনি ভাবপ্রাপ্ত আছেন, তিনি আমার মনে হয় একজন উচ্চপদাধিকারী হলে কাজগুলি আরো সুষ্ঠ ভাবে, আরো ভাল ভাবে সমপন্ন হতে পারবে। এছাড়া যেখানে ওয়াকিং ষ্টাফ আছে, সেই ওয়াকিং ষ্টাফের সংখ্যা আরো বৃদ্ধি করার প্রয়োজনীয়তা রয়েছে। কলকাতা শহরের বুকে দৈনিক যে সংখ্যায় যানবাহন যাতাযাত করে, লরী যাতায়াত করে তাতে তাদের এই ভাবে চেকিং করে ছাড়পত্র দেওয়া সম্ভব নয়। তার ফলে অকারনে অনেক বিলম্ব ঘটে যায়। কাজেই এই বিলম্ব যাতে না হয়, অহেতুক ঝামেলার মধ্যে যাতে পড়তে না হয় তার জন্য একটা সরলীকরণ ব্যবস্থা যাতে করা যায় তারজন্য অনুরোধ জানিয়ে এবং মন্ত্রী মহাশয়ের প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**[6.15 – 6.25 p.m.]**

**ডঃ অশোক মিত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যদের মধ্যে শশাংক বাবু এবং সুভাষবাবু পণ্য প্রবেশ কর সংগ্রহের ক্ষেত্রে যে ক্রটি-বিচ্যুতির কথা উল্লেখ করেছেন, আমি সেগুলি মেনে নিচ্ছি। আমি নিজেও এই ব্যাপারে সম্পূর্ণ সজাগ যে আমাদের পরিচালন ব্যবস্থার যদি আরো উন্নতি ঘটাতে পারি তাহলে সাধারণ মানুষের যে হয়রানি হয় সেটাকে আরো কমানো যাবে এবং সরকারেরও রাজস্ব বৃদ্ধির সম্ভাবনা হবে। এই ব্যাপারে আমি যথাসাধ্য চেষ্টা করে যাচ্ছি এবং যাব। দ্বিতীয় যে কথা সুভাষ বাবু বললেন যে এই আইনের উদ্দেশ্য কি সেটা আরো একটু স্পষ্ট করে লেখা হলে ভাল হত। সেটাও আমি মেনে নিচ্ছি। এখানেও কিছু ক্রটি লক্ষ্য করেছি। আরো স্পষ্ট করে আমাদের এই আইনের যে উদ্দেশ্য সেটাকে ব্যাখ্যা করার প্রয়োজন ছিল, সেখানে কিছু ঘাটতি থেকে গেছে। আমি সে জন্য প্রার্থনা করছি। আমার মুসকিল হচ্ছে কাশীবাবুর প্রস্তাব নিয়ে। উনি প্রস্তাব করতে চাচ্ছেন যে আগামীকাল থেকে আমরা প্রতিটি পেট্রোলিয়ামজাত দ্রব্যের উপরে করের হার বাড়িয়ে দিয়ে দামটা আরো বাড়িয়ে দিই। এখন কথা হচ্ছে, উনি কংগ্রেস দলভুক্ত, আর আমরা বামফ্রন্ট সরকারে আছি। উনি চান জিনিসপত্রের দাম বাড়ুক, সাধারণ মানুষ নিঃশেষ হয়ে যাক। আর আমরা চাই সাধারণ মানুষ যাতে স্বস্তি পায়। আমি এই আইন কেন এনেছি? এই আইন আনার কারণ আমি আগেও বলেছি। গত কয়েকবছর ধরে কেন্দ্রীয় সরকার আমাদের ফাঁকি দিচ্ছেন। ওরা পেট্রোলিয়ামজাত দ্রব্যের দাম সমানে বাড়িয়ে চলেছেন এবং তার কোন অংশ আমরা পাচ্ছি না। ভবিষ্যতে যাতে একটা অংশ পেতে পারি তার জন্য মূল্য ভিত্তিক এই ধরণের একটা প্রস্তাব এনেছি। এই বছর কেন্দ্রীয় সরকারের মানুষ খুন করা যে রেলের বাজেট এবং সাধারণ বাজেট তারা পেশ করেছেন, সেই পরিপ্রেক্ষিতে এই বছরে এই আইনটি প্রয়োগ করবার কোন প্রশ্নই ওঠে না।

আমি আবার বলছি এই বছর একমাত্র বিমান চলাচলের জন্য যে তেল ব্যবহার করা হয় সেই ক্ষেত্রে এই আইনটা প্রয়োগ করা যায় কিনা সেটাই আমরা বিবেচনা করে দেখব। আর অন্য প্রতিটি পেট্রোলিয়ামজাত পণ্যের ক্ষেত্রে এই আইনে যে ব্যবস্থা আছে তা এই বছর প্রয়োগ করা হবে না। কাগজের ক্ষেত্রেই আমি একই কথা বলছি আপাততঃ এটা প্রয়োগ করা হবে না। কাগজের ব্যবসায়ী, কাগজ বিক্রেতা, কাগজ যারা ব্যবহার করেন তাদের সঙ্গে আলাপ আলোচনা করে যদি প্রয়োজন মনে করি যে পশ্চিমবাংলার কাগজ বিক্রেতা এবং কাগজের যারা নির্মাণকারী তাদের স্বার্থে এই ধরণের কিছু প্রয়োগ করার প্রয়োজন হয় তাহলে প্রয়োগ করব, অন্যথায় প্রয়োগ করা হবে না। আমার শেষ কথা হচ্ছে এই, এনাবেলিং রেজিষ্ট্রেসন সরকার কতগুলি ক্ষমতা হাতে নিয়ে রাখলেন ভবিষ্যতে যাতে প্রয়োগ করতে পারেন। কিন্তু কবে প্রয়োগ করবেন সেটা সরকার দেশের

সাধারণ অবস্থা, এই রাজ্যের মানুষের আর্থিক অবস্থা বিবেচনা করে স্থির করবেন। আমার এইটুকুই বলবার ছিল। মাননীয় কাশীবাবুর প্রস্তাবটির সম্পূর্ণ বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Dr. Ashok Mitra that the Taxes on Entry of Goods in Calcutta Mitropolitan Area (Amendment) Bill, 1985, be taken into consideration, was then put and agreed to.

**Clause I.**

**Mr. Speaker** : There is amendment to Clause 1 by Shri Kashinath Misra. Mr. Misra, please move your amendment.

**Shri Kashinath Misra** : Sir, I beg to move that in Clause 1, Sub-Clause(2), for the words beginning with "on such, and ending with "appoint" the words "from the 3rd day of May, 1985" be substitued.

**Dr. Ashok Mitra** : I do not accept.

The motion of Shri Kashinath Misra that in Clause 1, Sub-Clause for the words beginning with "on such, and ending with "appoint" the words "form the 3rd day of May, 1985" be substituted, was then put and lost.

The question that Clause 1 do stand part of the Bill was then put and agread to.

**Clause 2 and Preamble.**

The question that Clause 2 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Dr. Ashok Mitra** : Sir, I beg to move that the Taxes on Entry of Goods into Calcutta Metropolitan Area (Amendment) Bill,1985, as settled in the Assembly, be passed.

**শ্রী কাশীনাথ মিশ্র** : স্যার, আমি যে এ্যামেন্ডমেন্টটি মুভ করেছি আশা করি মন্ত্রী মহাশয় সেটা গ্রহণ করবেন।

**ডঃ অশোক মিত্র** : আমি এটা গ্রহণ করতে পারছি না।

**The motion of Dr. Ashok Mitra that the Taxes on Entry of Goods into Calcutta Metropolitan Area (Amendment) Bill, 1985, as settled in the Assembly, was then put and agreed to.**

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী বলছেন দেশের অবস্থা সেই করম হলে তবেই এটা প্রয়োগ করবেন। মন্ত্রী মহাশয় যখন এই কথাই বলছেন তখন আইনটা তুলে নিন। যে আইন এখন প্রয়োগ করা হবে না সেই আইন এখন করে কোন লাভ নেই। এই আইন আদৌ প্রয়োগ করা হবে না, এই কথা বলে দিলে আমরা নিশ্চিন্ত হতে পারি। আর তা যদি না হয় তাহলে আমাদের মনের মধ্যে একটা চিন্তা থেকে যাচ্ছে। কাজেই আপনি আমাদের সেই চিন্তাটা দূর করুন।

**ডঃ অশোক মিত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আবার পুনঃউক্তি করছি যেস বিমান চলাচলের ক্ষেত্রে যে তেল ব্যবহার করা হয় সেই তেলের ক্ষেত্রে আমরা এই বছর এই আইন প্রয়োগ করার কথা বিবেচনা করে দেখব, আর বাকি প্রতিটি পেট্রোলিয়ামজাত পণ্যের ক্ষেত্রে এই আইন এই বছর প্রয়োগ করা হবে না। আর কাগজের ক্ষেত্রেও পশ্চিমবাংলার মানুষের সামগ্রিক স্বার্থ বিবেচনা করে তারপর এটা প্রয়োগ করা হবে কি হবে না, সেটা বিবেচনা করব। সুতরাং এটা বলা প্রয়োজন আমরা যে করের হার ঠিক করেছি সেটা উর্দ্ধ সীমায় বর্তাবে এবং উর্দ্ধসীমার মধ্যে যে কোন স্তরের এই আইন আমরা প্রয়োজনে প্রয়োগ করতে পারব। সুতরাং যা বলা হচ্ছে সেটা ঠিক নয়। আমি শেষ কথা বলছি আপাততঃ এই আইন প্রয়োগ করার জন্য অনুমোদন চেয়েছি। কারণ সরকারের হাতে এই রকম কিছু ক্ষমতা থাকা প্রয়োজন। কেন না, কেন্দ্রের সঙ্গে কতগুলি জীবনমরণ সমস্যা নিয়ে লড়াই করতে গেলে এই ধরণের কোন আইন তূণে থাকা দরকার বলেই এই আইনটি এনেছি। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**[6.25 – 6.35 p.m.]**

## CONSTITUTION OF COMMITTEES

**Mr. Speaker :** I Will now make an announcement on the Constitution of different Committees of 1985.

### Commiittee on Public Accounts

**Mr. Speaker :** Under rule 302 of the Rules of Procedure and Conduct of Business on the West Bengal Legislative Assembly, the Committee on Public Accounts has been constituted with the follwing members, nemely:–

1. Shri Abdus Satter,
2. Shri Ajit Kumar Chakraborty,
3. Shri Kripa Sindhu Saha.
4. Shri Khitibhusan Roy Barman,
5. Shri M. Ansaruddin,
6. Dr. Omar Ali,
7. Shri Sachin Sen,

8. Shri Satyapada Battacharyya, and
9. Dr. Zainal Abedin.

I appoint shri Abdus Sattar to be the Chairman of the Public Accounts Committee.

## Committee on Estimates

**Mr. Speaker :** Under rule 303B(I) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.the Committee on Estimates has been constituted with the following Members,

Namely:-

1. Shri Ashoke Ghosh,
2. Shri Atahar Rahaman,
3. Shri Barindra Nath Koley,
4. Shri Bejoy Pal,
5. Shri Biswanath Choudhury,
6. Shri Dinesh Chandra Dakua,
7. Shri Jamini Bhuson Saha,
8. Shri Kamakhya Ghosh,
9. Shri Lakshmi Kanta Dey,
10. Shri Madhabendu Mohanta,
11. Shri Probodh Chandra Sinha,
12. Shri Santasri Chattopadhyay,
13. Shri Sasanka Sekhar Mondal,
14. Shri Suniti Chattaraj, and
15. Shri Syed Moazzam Hossain.

Under rule 255(I) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I appoint Shri Jamini Bhusan Saha as the Chairman of the Committee on Estimates.

## Committee on Public Undertakings

**Mr. Speaker :** Under rule 303D(2) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, the Committee on Public Undertakings has been constituted with the following Members, namely :-

1. Shri Dilip Mazumdar,
2. Shri Ganesh Chandra Mondal,
3. Shri H.B.Rai,
4. Shri Jagadish Chandra Das,
5. Shri Kamal Sarkar,
6. Shri Kashinath Mishra,
7. Shri Lakshman Chandra Seth,
8. Dr. Manas Bhunia,
9. Shri Md. Nezamuddin,
10. Shri Sailendra Nath Chattopadhyay,
11. Shri Saral Deb,
12. Shri Shyamal Chakraborty, and
13. Shri Sukhendu Khan.

Under rule 255 (I) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I appoint Shri Kamal Sarkar as the Chairman of the Committee on Public Undertakings.

## Committee on the Welfare of Scheduled Castes and Scheduled Tribes.

**Mr. Speaker :** Under rule 310(A) (I) of the Rules of Procedure and conduct of Business in the West Bengal Legislative Assembly, the Committee on the Welfare of Scheduled Castes and Scheduled Tribes has been constituted with the following members namely :-

1. Shri Abinash Pramanik,
2. Shri Dipendra Barman,

3. Shri Dhirendranath Sarkar,
4. Shri Jogendra Nath Singha Roy,
5. Shri Kamalakshmi Biswas,
6. Shri Kshiti Ranjan Mondal,
7. Shri Radhika Ranjan Pramanik,
8. Shri Raicharan Majhi,
9. Shri Sumanta Kumar Hira.
10. Shri Sunirmal Paik,
11. Shri Tarak Bandhu Ray, and
12. Shri Upendra Kisku.

In pursuance of rule 310A(3) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I nominate Shri Sumanta Kumark Hira as the Chairman of the Committee on the Welfare of Scheduled Castes and Scheduled Tribes.

**Committee on Petitions**

I Nominate the following members under rule 299 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, to form the Committee on Petitions :-

1. Shri Subhas Basu,
2. Shri Hemanta Roy,
3. Shri Anisur Rahman Biswas,
4. Shri Gunadhar Choudhury,
5. Shri Banamali Das,
6. Shri Dwijendra Nath Ray,
7. Shri Anil Mukherjee,
8. Shri Jayanta Kumar Biswas,
9. Shri Sunil Santra,
10. Shrimati Renu Leena Subba,

11. Shri Arup Kumar Chandra, and
12. Shri Fazal Azim Milla.

Under rule 255 (i) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislafive Assembly, I appiont Shri Anil Mukherjee as the Chairman of the Committee on Petitions.

**Committee of Privileges**

**Mr. Speaker :** I have nominated the following members under rule 304 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, to form the Committee of Privileges :-

1. Shri Sreedhar Malik,
2. Shri Narayandas Mukherjee,
3. Shri Dinabandhu Majhi,
4. Shri Bibhuti Bhusan De,
5. Shri Nanigopal Malakar,
6. Shri Kalimuddin Shams,
7. Shri Amalendra Roy,
8. Shri Subrata Mukherjee, and
9. Shri Gyan Singh Sohanpal.

Under the proviso to rule 255(I) of the Rules of Procedure and conduct of Business in the West Bengal Legislative Assembly, I appoint Shri Kalimuddin Shams, Deputy Speaker, as the Chairman of the Committee of Privileges.

**Committee on Government Assurances**

**Mr. Speaker :** I have nominated the following members under rule 307(I) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, to form the Committee on Government Assurances :-

1. **Shri Manindra Nath Jana,**
2. **Shri Gobinda Bauri,**

3. Shri Sundar Naskar,
4. Shri Nimai Chandra Das,
5. Shri Pulin Bera,
6. Shri Sukumar Mandal,
7. Shri Deb Ranjan Sen,
8. Shri Matish Ray, and
9. Shri Sk. Imajuddin.

Under rule 255(I) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. I appoint Shri Matish Ray as the Chairman of the Committee on Government Assurances.

### Committee on Subordinate Legislation

**Mr. Speaker :** I have nominated the follwing members under 307(2) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, to form the Committee on Subordinate Legislation :–

1. Shri Balai Bandyopadhyay,
2. Shri Abul Hasnat Khan,
3. Shri Hrishikesh Maity,
4. Shri Sk. Siraj Ali,
5. Shri Kamala Kanta Mahata,
6. ShriDebi Prasad Basu,
7. Shri Dhirendra Nath Sen,
8. Shri Mohammad Ramjan Ali,
9. Shri Subhas Goswami,
10. Shri Swadesh Ranjan Maji
11. Shri Bankim Behari Maity, and
12. Shri Amarendra Nath Bhattacharya.

Under rule 255 (1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, Mr. Speaker has been pleased to appoint Shri Dhirendra Nath Sen as the Chairman of the Committee on Subordinate Legislation.

## Rules Committee

**Mr. Speaker** : I have nominated nuder rule 309 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, the Rules Committee which Shall consist of the following members, namely :-

1. Shri Nikhilananda Sar,
2. Shri Abdul Quiyom Molla,
3. Shri Umapati Chakraborti,
4. Shri Habib Mustafa,
5. Shri Rabindra Ghosh,
6. Shri Subodh Uraon,
7. Shri Deba prasad Sarkar,
8. Shri Rajesh Khaitan, and

myself shall be Chairman of the Committee.

## House Committee

The House Committee has been constituted consisting of the following members, namely :-

1. Dr. Haramohan Sinha,
2. Shri Gunadhar Maity,
3. Shri Sudhir Pramanik,
4. Shri Malin Ghosh,
5. Shri Sada Kanta Roy,
6. Shri Shish Mohammad, and
7. Shri Nurul Islam Chowdhury.

I appoint Dr. Haramohan Sinha as the Chairman of the House Committee.

### Library Committee

**Mr. Speaker :** The Library Committee has been constituted consisting of the following members, namely :–

1. Shrimati Anju Kar,
2. Shri Hemen Mojumdar,
3. Shri Nitai Charan Adak,
4. Shri Lal Behari Bhattacharyya,
5. Shrimati Aparajita Goppi,
6. Shri Debsaran Ghosh,
7. Shri Kamakhyanandan Das Mahapatra,
9. Dr. Kiran Chaudhuri,

and myself shall be the Chairman of the Committee.

## Legislation

### The Bengal (Rural) Primary Education (Amendment) Bill, 1985

**Shri Md. Abdul Bari :** Mr. Speaker, Sir, I beg to introduce the Bengal (Rural) Primary Education (Amendment) Bill, 1985.

(Secretary then read the Title of the Bill)

**Shri Md. Abdul Bari :** Mr. Speaker, Sir, I beg to move that the Bengal (Rural) Primary Education (Amendment) Bill, be taken into consideration.

**শ্রী শেখ ইমাজুদ্দিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষা দপ্তরের রাষ্ট্র মন্ত্রী আজকে এখানে যে বিলটি নিয়ে এসেছেন সে বিলটি সম্বন্ধে আমি কয়েকটি কথা বলতে চাই। এটা খুবই সংক্ষিপ্ত বিল, এই বিলের দ্বারা মূল বিলের সামান্য কিছু অংশের পরিবর্তন তিনি চেয়েছেন। ডাইরেক্টর অফ্ পাবলিক ইন্সট্রাকসন কথাটির পরিবর্তে ডাইরেক্টর অফ্ স্কুল এডুকেশন কথাটি বসাতে চেয়েছেন। আমার এখানে বক্তব্য হচ্ছে প্রাইমারী এডুকেশন সম্বন্ধে ১৯১৯ সাল থেকে এ পর্যন্ত অনেকগুলি আইন তৈরী হয়েছে। ১৯১৯ সালে হয়েছে, ১৯৩০ সালে হয়েছে এবং ১৯৭৩ সালে এই সভায় এ বিষয়ে একটি কমপ্রিহেনসিভ বিলও এসেছিল। কিন্তু আমরা আশ্চর্যের সঙ্গে লক্ষ্য করছি, যে বৃটিশ আমলের ১৯৩০ সালের আইন নিয়ে আজও নাড়াচাড়া করা হচ্ছে এবং তাকে সংশোধন করার চেষ্টা করা হচ্ছে। অথচ ১৯৭৩ সালে যে কমপ্রিহেনসিভ বিলটি এই সভায়

এসেছিল সে বিলের কি হলো তা আমাদের পরিষ্কার করে বলা হচ্ছে না। দি ওয়েষ্ট প্রাইমারি এডুকেশন এ্যাক্ট, ১৯৭৩ কে রিপীল্ করা হলো, না রাখা হলো, সে সম্পর্কে কোনো কথা বলা হচ্ছে না। ১৯৩০ সালের বৃটিশ আমলের বেঙ্গল (রুরাল) প্রাইমারী এডুকেশন বিল, কে সংশোধন করা হচ্ছে! এটা খুবই আশ্চর্যের ব্যাপার। স্যার, এই বাজেট সেশন রাজ্যের শিক্ষা ক্ষেত্র নিয়ে এই সভায় ইতিমধ্যেই আলোচনা হয়েছে। এ রাজ্যের শিক্ষা ক্ষেত্রে প্রতিটি স্তরে অরাজকতা চলছে। প্রাথমিক স্তর থেকে শুরু করে — মাধ্যমিক স্তর, কলেজ শিক্ষার স্তর — ইউনির্ভাসিটির শিক্ষা ক্ষেত্র পর্যন্ত কি রকম অরাজকতা চলছে তা আজকে আর বলার অপেক্ষা রাখে না। স্যার, এ্যাক্ট অনুসারে এ রাজ্যে যে বিভিন্ন স্কুল বোর্ড গুলি তৈরী করার কথা আছে সেগুলি কি ভাবে তৈরী হচ্ছে দেখুন। পশ্চিমবাংলার বিভিন্ন জেলার স্কুল বোর্ডগুলির দিকে তাকালেই আমরা দেখতে পাচ্ছি যে, সে গুলির মধ্যে দিয়ে দলবাজী করা হচ্ছে। আইনে বলা আছে বোর্ডের সদস্যদের মধ্যে এম.এল.এ'দের মধ্যে থেকেও কয়েকজনকে সদস্য হিসাবে নেওয়া হবে। কিন্তু আমরা দেখছি পশ্চিমবাংলার কোনো জেলায় বিরোধী পক্ষের কংগ্রেস দলের — একজন এম.এল.এ— কেও বোর্ডে রাখা হয়নি। আমরা মুর্শিদাবাদ জেলার স্কুল বোর্ডের ক্ষেত্রে এই জিনিস দেখছি এবং সবর্ত্রই এই জিনিস দেখছি। সমস্ত জায়গায় দলবাজী চলছে। এই প্রসঙ্গে আমার মনে পড়ছে ১৯৪৮ সালে এখান থেকে একটি বিল পাশ হয়েছিল তাতে বলা হয়েছিল ডাইরেক্টর অফ এডুকেসন একজন থাকবেন এবং ডাইরেক্টর অফ্ সেকেন্ডারী এডুকেশন একজন থাকবেন। অথচ আজকের বিলের স্টেটমেন্ট অফ্ অবজেক্ট এ্যান্ড রিসন্স — উদ্দেশ্য এবং হেতুতে — বলা হচ্ছে ঐ ডাইরেক্টর অফ্ প্রাইমারী এডুকেশন এবং ডাইরেক্টর অফ্ সেকেন্ডারী এডুকেশন পদ দুটি তুলে দিয়ে ডাইরেক্টর অফ্ স্কুল এডুকেশন নামে একটি পদ করতে চাওয়া হচ্ছে। অথচ আমরা সব সময় বামফ্রন্টের তরফ থেকে শুনে আসছি যে, তাঁরা প্রশাসনের সর্বক্ষেত্রে বিকেন্দ্রীকরণ চান। কিন্তু এ ক্ষেত্রে তাঁরা উল্টো পথ বেছে নিয়েছেন। তাঁদের কথা এবং কাজের মধ্যে আমরা মিল পাচ্ছি না। যে খানে কাজের সুবিধার জন্য দুটি পদ ছিল সেখানে দুটির বদলে একটি পদ কেন করা হচ্ছে তা আমরা বুঝতে পারছি না। যে ব্যবস্থা বর্তমানেও চালু আছে তাতে কি অসুবিধা হচ্ছে তাও আমরা বুঝতে পারছি না।

**[6.35 – 6.45 p.m.]**

প্রাইমারী এডুকেশন এ্যাক্ট ত্রুটি বিচ্যুতি নিশ্চয়ই আছে। সেই ত্রুটি বিচ্যুতি গুলি দেখে নিয়ে যদি কমপ্রিহেনসিভ বিল আনতেন তাহলে কাজের কাজ হতো। খালি শব্দের পরিবর্তন করে কি সুবিধা করতে পারবেন, শিক্ষাক্ষেত্রে কি বৈপ্লবিক পরিবর্তন হবে আমি তা বুঝতে পারছি না। সেই জন্য আমি বিলের বিরোধিতা করছি। আপনি জানেন স্যার, বামফ্রন্ট সরকার আসার পর থেকে শিক্ষাক্ষেত্রে অরাজক অবস্থা চলছে। শিক্ষাক্ষেত্রে শিক্ষা উঠে গেছে। প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে পল্লীগ্রামের দিকে যদি তাকান যায় তাহলে দেখা যাবে শিক্ষা বলতে কোন বস্তু নেই। প্রাথমিক শিক্ষালয়ে ছেলেরা খালি যায় আর আর আসে ৬ মাস পর বই পায়। তারপর বৎসরের শেষে পরীক্ষা হয় না, এই রকম অবস্থা চলছে। এই সরকার প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে যে মূল্যায়ন ব্যবস্থা চালু করেছেন এই ব্যবস্থা সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছে। শিক্ষাক্ষেত্রে অরাজক অবস্থা চলছে। মাননীয় মন্ত্রী মহাশয় যদি কমপ্রিহেনসিভ বিল আনতেন তাহলে নিশ্চয়ই সমর্থন করতাম। খালি শব্দের পরিবর্তন করে কি উন্নতি হবে? প্রশাসনিক দিক থেকে কি পরিবর্তন হবে মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই পরিষ্কার করে তাঁর জবাবী ভাষনে বলবেন। যাইহোক, এই বিলের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ননী কর :** মাননীয় স্পীকার স্যার, আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় যে এ্যামেন্ডমেন্ট মুভ করেছেন আমি সেটা সমর্থন করছি। এখানে বেশী কথা বলার নেই। উনি শুধু বলেছেন, যেখানে যেখানে শিক্ষা অধিকর্তা

আছে, সেখানে সেখানে বিদ্যালয় শিক্ষা অধিকর্তার কথা বলেছেন। কাজেই এটা সমর্থন না করার কি কারণ বিরোধী সদস্যদের তা আমি জানি না. বিরোধী দলের সদস্য উল্লেখ করেছেন ১৯৩০ সালের কোন কারেকটেড হচ্ছে, এর পরের হলো না কেন? এটা অত্যন্ত দুর্ভাগ্যজনক যে উনি এ ব্যাপারে কোন খোঁজখবর রাখেন না। ১৯৭৩ সালে সত্যিই-সত্যিই কমপ্রিহেনেসিভ আইন পাশ হয়েছে। কিন্তু ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত কংগ্রেস সরকার যখন ক্ষমতায় ছিল তখন তা কার্যকরী করে নি। ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসবার পর যখন এটা কার্যকরী করার কথা ভাবা হলো তখন দেখা গেল এতে অনেকগুলি ভুল আছে। ফলে এ্যামেন্ডমেন্ট হলো ১৯৮০ সালে। কিন্তু ১৯৮০ সালে এই এ্যাসেম্বলীতে এ্যামেন্ড হবার পর রাষ্ট্রপতির সই করতে সময় লাগলো ১ বছর। ১৯৮১ সালে কার্যকরী করতে গিয়ে দেখা গেল দেশের অবস্থার পরিবর্তন হয়েছে। সুতরাং ১৯৮৩ সালে আবার এ্যামেন্ডমেন্ট হলো। সেই এ্যামেন্ডমেন্ট এখনও রাষ্ট্রপতির কাছে পড়ে আছে. ১৯৮৪ সাল পার হয়ে গেল, ১৯৮৫ সালের অর্দ্ধেক হয়ে গেল অথচ এখনও তাঁর কলমে কালি ভরার জন্য কাউকে খুঁজে পাওয়া গেল না, যারফলে তিনি সই করতে পারছেন না। তারপর ওনারা গণতন্ত্রীকরণের কথা বলেন। গণতন্ত্রীকরণ করার জন্য ১৯৭৩ সালের আইনকে ১৯৮০ সালে এবং ১৯৮৩ সালে আপনারা বিরোধীতা করা সত্ত্বেও এ্যামেন্ডমেন্ট করা হয়েছিল। গণতন্ত্রীকরণ যাতে না হতে পারে তারজন্য ওদের পক্ষ থেকে চেষ্টা করছেন সেইজন্যই বোধ হয় রাষ্ট্রপতি সই দিতে পারছেন না। আমি সেইজন্য বলতে চাই শিক্ষাকে রাজ্যের এক্তিয়ারের মধ্যে আনা দরকার। কালাদিনগুলিতে অর্থাৎ জরুরী অবস্থার সময়ে এ্যামেন্ডমেন্ট করে কনকারেন্ট লিষ্টে নিয়ে যাবার ফলে গোলমাল করে ফেলেছিলেন। শিক্ষার জন্য কোন আইন রাজ্য বিধানসভায় পাশ করলেও তা ঠিকমত কার্যকরী হচ্ছে না। সেইজন্য আমি এইকথা বলবো, এই বিলটি সমর্থনযোগ্য এবং বিরোধীরা যে যে কথা বলছেন তা বিরোধীতা করবার জন্যই বলছেন। এই সরকারের পক্ষ থেকে এটা গণতন্ত্রীকরণ করার চেষ্টা করা হয়েছে। শিক্ষাক্ষেত্রে ওনারা যে অরাজক অবস্থা সৃষ্টি করেছিলেন তা বন্ধ হয়েছে কয়েক বছর আগেই। শিক্ষাকে সত্যি-সত্যিই সকলের মধ্যেই ছড়িয়ে দেবার ব্যবস্থা হচ্ছে। পশ্চিমবাংলা অনেক ব্যাপারে পিছিয়ে থাকলেও শিক্ষাক্ষেত্রে অর্থাৎ প্রাথমিক শিক্ষার স্তরে যত সংখ্যক ছাত্র যাওয়ার প্রয়োজন সব চেয়ে বেশী পারসেন্ট গেছে এই পশ্চিমবাংলায়। এ ব্যাপারে যে কোন রাজ্যের থেকে পশ্চিমবাংলা এগিয়ে গেছে। এটা আমাদের গর্বের ব্যাপার। এটা আমরা করতে পেরেছি বলেই ওঁদের আপত্তি। আমি আর কথা বাড়াতে চাই না। আমি একটা কথা বলব, ১৯৩০ সালের আইন এই জন্য সংশোধন করতে হচ্ছে যে আর না করে কোন উপায় নেই। ওঁরা তো শুধুমাত্র রাষ্ট্রপতিকে ঠেকান না। এই শিক্ষাটা যাতে না হতে পারে তার জন্য কথায় কথায় মামলা করেন। হাইকোর্টে মাননীয় বিচারপতিরা আছেন, তাঁরা ইনজাংসান দেন, তাঁর আইনটা ভাল বোঝেন এবং নানা বাধা সৃষ্টি করেন। নতুন বাধা যাতে সৃষ্টি করতে না পারেন সেজন্য ১৯৩০ সালের পুরণো আইনটাকে সংশোধন করতে হচ্ছে। সেই কারণে এই সংশোধনীকে আমি সমর্থণ করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মহঃ আবদুল বারি :** মাননীয় স্পীকার স্যার, জবাব দেওয়ার কিছু নেই। তার কারণ হচ্ছে এই যে আমাদের বিরোধীপক্ষের মাননীয় সদস্য, আমার ছোটভাই শেখ ইমাজুদ্দিন সাহেব ধান ভানতে শিবের গীত গেয়েছেন। — এর জবাব কিছু নেই। আসলে সবচেয়ে দুঃখ হচ্ছে আমার ছোটভাইটি একটি হাইস্কুলের হেডমাষ্টার। এখানে দেখছি যে, কেন বিলটি নিয়ে এলাম সেতো এখানে লেখা রয়েছে। সেটুকু একবার পড়েন নি, পড়াশোনা না করে কথা বার্ত্তা বলছেন। সেজন্য মনে করি যে জবাব দেওয়ার কিছু নেই। ব্যাপার হচ্ছে যে ১৯৩০ সালের যে আইন সেই আইনে আমাদের একটা জায়গায় একটা কথা আছে যে ডি,পি,আই, বা ডাইরেক্টার অফ্ পাবলিক ইনষ্ট্রাকসন যিনি, তিনি সমস্ত দায়িত্ব নিয়েছেন। আমরা প্রাথমিক শিক্ষাকে এবং মাধ্যমিক শিক্ষাকে বিশেষ করে [illegible] শিক্ষাটা যাতে সুষ্ঠভাবে চলে তারই জন্য আমাদের শিক্ষাক্ষেত্রে

আমরা একটু প্রশাসনিক দিক থেকে কিছু পরিবর্তন করতে চাইছি। এই প্রশাসনিক দিক থেকে পরিবর্তন করে আমরা ঠিক করেছি যে বিদ্যালয়ের দায়িত্বে একজন শিক্ষা অধিকর্তাও থাকবেন তাঁর নাম হচ্ছে ডাইরেক্টার অফ্ স্কুল এডুকেশন। এখানে প্রাথমিক শিক্ষার এই কথাটা আগে যে রুরাল প্রাইমারী এডুকেশন এ্যাক্ট ১৯৩০সালে ছিল, তখন ঐ ডি,পি,আই.এ.র কথা সেখানে লেখা আছে, যার জন্য আমাদের এখন প্রশাসনিক কাজগুলিকে করতে অসুবিধা হচ্ছে, এজন্য এটার পরিবর্তন করা হচ্ছে, আর অন্য কোন কারণ নেই গণতন্ত্রীকরণের কথা আমাদের ননীবাবু বলেছেন যে আমরা আন্তরিকভাবে এবং অত্যন্ত নিষ্ঠার সঙ্গে এই ৭/৮ বছর ধরে গণতন্ত্রীকরণ করার আপ্রাণ চেষ্টা করেছি। মধ্যে স্কুলবোর্ডের গণতন্ত্রীকরণে ওঁরা ভেষটেড্ ইনটারেস্ট আছে এমন কিছু পার্সেন কে জড়িয়ে রেখেছিলেন এবং বিরোধী পক্ষের কোনএম.এল.এ. ভাই সেখানে ছিলেন না। জিনিষ বিভিন্ন জেলায় রয়েছে। আপনি মেদিনীপুরে যাবেন দেখবেন।

(এ ভয়েস — আপনারাও করেছেন।)

নেই যে এমন কোন কথা নয়। আমরা শিক্ষাক্ষেত্রে কাজ চালাবার জন্য ১৯৭৩ সালের যে আইন তাকে কার্য্যকরী করার জন্য আপ্রাণ চেষ্টা করেছিলাম। আবার তাড়াতাড়ি করে ঐ আইনের যে সমস্ত ত্রুটি বিচ্যুতি ছিল আমরা সেটাকে আরও গণতন্ত্রীকরণ করার জন্য বিশেষ করে সমস্ত স্তরের মানুষের প্রতিনিধিদের দেওয়ার জন্য ১৯৮০ সালের এই আইনটাকে সংশোধন করবার চেষ্টা করেছিলাম, করে সেটাকে বৃহত্তর গণতন্ত্রীকরণ করার মধ্যে দিয়ে আমরা ঠিক করেছিলাম যে অতীতে প্রাথমিক শিক্ষায় যে সমস্ত বাধা ছিল সেই বাধাগুলি হচ্ছে গ্রামের বিদ্যালয় এবং শহরের বিদ্যালয় গুলিকে আলাদা করে রাখা। ১৯৭৩ সালে তাই থাকে, তাই আমরা সেটাকে বাদ দিয়ে অল কমপ্রিহেনসিভ একটা আইন করি। সেই আইনের মধ্যে সমস্ত প্রাথমিক শিক্ষাকে একত্রীকরণ করে শহরেই থাক আর গ্রামেই থাক — একই আমব্রেলার তলায় নিয়ে আসার জন্য একটা এ্যামেন্ডমেন্ট আইন ১৯৮০ সালে করেছিলাম। ওটা রাষ্ট্রপতির অনুমোদন পেতে একবছর লাগল। পরবর্তীকালে এই আইনকে কার্য্যকরী করতে গিয়ে একটা জায়গায় দেখা গেল যে কিছু ত্রুটি বিচ্যুতি থেকে গেছে!

সেটার সংশোধন করতে গেলাম; ১৯৮৩ সালে আবার একটা এ্যামেন্ডমেন্ট হোল এবং বিধানসভায় সেটা পাশও হোল। কিন্তু দুঃখের বিষয়, সেই বিলের রাষ্ট্রপতির সম্মতি আজও পাওয়া যায়নি। এবং সেই কারণে সেটা আমরা কার্যকরী করতে পারিনি। এর ফলে একটা ভীষণ অসুবিধার সৃষ্টি হয়েছে। যেখানে প্রাথমিক শিক্ষাকে এগিয়ে নিয়ে যেতে আমরা আন্তরিকতা সরকারে চেষ্টা করছি, সেখানে একটা সর্বাত্মক আইন কার্যকরী না করতে পারায় অসুবিধা হচ্ছে। তাছাড়া মাননীয় সদস্য ননীবাবু যে কথা বলেছেন — হাইকোর্টের ইনজাংশন নিয়ে যাতে অসুবিধা না হয় তারজন্য আইনটা আমরা এনেছি। এর বিরোধিতা করা উচিত নয়, কারণ বিরোধিতা করবার ব্যাপার এটা নয়। আশা করবো, সভার সবাই একে সমর্থন করে পাশ করবেন।

**[6.45 – 6.55 p.m.]**

**The motion of Shri Md. Abdul Bari that the Bengal (Rural) Primary Education (Amendment) Bill, 1985, be taken into consideration, was then put and agreed to.**

**Clauses 1 to 10 and premble.**

The question that Clauses 1 to 10 and preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Md. Abdul Bari** : Sir, I beg to move that the Bengal (Rural) Primary Education (Amendment) Bill, 1985, as settled in the Assembly, be Passed.

The motion was then put and agreed to.

## ADJOURNMENT

The House was then adjourned at 6-47 P.M. till 1 P.M. on Friday the 3rd May, 1985 in the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Friday, the 3rd May, 1985 at 1.00 P.M.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 6 Ministers, 8 Ministers of State and 156 Members.

## Unstarred Questions

## (to which written answers were laid on the Table)

**[1.00—1.10 p.m.]**

### আর্ট ফিল্ম কমপ্লেক্সের উদ্বোধন

৩১১। (অনুমোদিত প্রশ্ন নং ৩৭।) **শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, রাজ্য সরকারের উদ্যোগে নির্মীয়মাণ আর্ট ফিল্ম কমপ্লেক্স (ফিল্মসেন্টার)-এর উদ্বোধন কবে নাগাত হতে পারে?

**তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** রাজ্য সরকারের উদ্যোগে নির্মীয়মাণ আর্ট ফিল্ম কমপ্লেক্স (ফিল্ম সেন্টার) এর উদ্বোধন আর্থিক কৃচ্ছতার পরিপ্রেক্ষিতে আগামী আর্থিক বছরে হবার সম্ভাবনা আছে।

### বর্গা আইন সংশোধন

৩১২। (অনুমোদিত প্রশ্ন নং ৪২।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, দু-চার বিঘা জমির মালিক, দু চার বিঘা জমির অধিকারিণী বিধবা, উপার্জনহীন অক্ষম, দু-চার বিঘা জমির মালিক পরিবারগুলির রক্ষার্থে বর্তমান বর্গা আইন সংশোধনের বিষয় সরকার বিবেচনা করছেন কি ?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** বর্গা আইন সংশোধনের কোন পরিকল্পনা বর্তমানে বিবেচনাধীন নেই। স্বল্প জমির মালিকদের সুবিধার্থে ১৯৮১ সালের পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার (সংশোধন) বিলের ৩৬ নং ধারায় ল্যাণ্ড কর্পোরেশান গঠনের কথা আছে। তবে ঐ বিলে রাষ্ট্রপতির সম্মতি এখন পর্যন্ত পাওয়া যায় নি বলে এ বিষয়ে কোন কার্যকর ব্যবস্থা নেওয়া যায় নি।

### সেচ সেবিত কৃষিজমির পরিমাণ

৩১৩। (অনুমোদিত প্রশ্ন নং ৪৩।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** সেচ ও জলপথ বিভাগের

**মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —**

**(ক) রাজ্যের কত অংশ জমি সেচ সেবিত ;**

**(খ) ১৯৮৩-৮৪ এবং ১৯৮৪-৮৫ (জানুয়ারি মাস পর্যন্ত) আর্থিক বছরে কতগুলি বড় ও মাঝারি সেচপ্রকল্প রূপায়ণ সম্ভব হয়েছে ; এবং**

**(গ) উক্ত পরিকল্পনাগুলিতে কত হেক্টর পরিমাণ জমি সেচের আওতাভুক্ত হয়েছে?**

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) সেচ দপ্তরের পরিকল্পনাধীন রাজ্যের ১৯.৩৯ শতাংশ জমি সেচ সেবিত।

(খ) ঐ সময়ের মধ্যে কোন বৃহৎ পরিকল্পনার সম্পূর্ণ রূপায়ণ হয়নি। ১৯৮৪-৮৫ সালের মধ্যে পাঁচটি মাঝারি পরিকল্পনার সম্পূর্ণ রূপায়ণ করবার চেষ্টা হচ্ছে। যথাঃ-

১। সাহারাজোড়া সেচ পরিকল্পনা

২। তারাগোনিয়া সেচ পরিকল্পনা

৩। বরাভূম সেচ পরিকল্পনা

৪। পারগা সেচ পরিকল্পনা

৫। টুরগা সেচ পরিকল্পনা

উপরোক্ত পরিকল্পনাগুলি পুরুলিয়া জেলাতে।

(গ) যদিও অনেক মাঝারী পরিকল্পনার রূপায়ণ সম্ভব হবে না, তা হলেও উক্ত মাঝারি পরিকল্পনাগুলি থেকে ১৯৮৩-৮৪ সালে ৩(তিন) হাজার হেক্টর জমিতে সেচ দেওয়া এবং ১৯৮৪-৮৫ সালে প্রায় ৪(চার) হাজার হেক্টর জমিতে সেচ দেবার প্রস্তাব আছে।

### নদীয়া জেলার নবাবদাঁড়া খাল সংস্কার

৩১৪। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪।) **শ্রী মাধবেন্দু মোহান্ত :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, নদীয়া জেলার করিমপুর ২নং ব্লকের অন্তর্গত নবাবদাঁড়া খালটির সংস্কার এবং খালের মুখে একটি স্লুইশ গেট নির্মাণের কাজ দীর্ঘদিন যাবৎ অসমাপ্ত আছে; এবং

(খ) সত্য হলে, উক্ত অসমাপ্ত কাজগুলি কবে নাগাত সম্পূর্ণ হবে বলে আশা করা যায়?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) হ্যাঁ, সত্য।

(খ) জমি পাওয়া গেলে অসমাপ্ত কাজগুলি সম্পূর্ণ হবে।

### স্বরূপনগর ব্লকের বিথারী অঞ্চলে আর এল আই মঞ্জুর

৩১৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৭।) **শ্রী আনিসুর রহমান বিশ্বাস :** কৃষি (ক্ষুদ্রসেচ) বিভাগের

**মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —**

(ক) ইহা কি সত্য যে, স্বরূপনগর ব্লকের বিথারী অঞ্চলের দহারকান্দা এবং নিত্যানন্দ কাটী অঞ্চলের নিত্যানন্দকাটীতে পূর্বে দুটি আর এল আই ক্ষুদ্রসেচ নিগম হইতে মঞ্জুর হয়েছিল;

(খ) সত্য হলে, কোন সময়ে মঞ্জুর হয়েছিল ; এবং

(গ) কবে নাগাত উক্ত আর এল আই স্থগিত হইবে বলিয়া আশা করা যায়?

**কৃষি (ক্ষুদ্রসেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) হ্যাঁ।

(খ) ১৯৮৩-৮৪ আর্থিক বছরে এই দুইটি প্রকল্পের জন্য ব্যাঙ্কের অনুমোদন মঞ্জুর হইয়াছিল।

(গ) ১৯৮৫-৮৬ আর্থিক বছরে ক্ষুদ্রসেচ নিগমের আর্থিক অবস্থার উন্নতি হইলে উক্ত আর এল আই দুইটি স্থাপন করিবার চেষ্টা করা হইবে।

### বীরভূম জেলা পরিষদ কর্তৃক উন্নয়নমূলক কাজ

**৩১৬।** (অনুমোদিত প্রশ্ন নং ২১৫।) **শ্রী সুনীতি চট্টরাজ :** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন **বিভাগের মন্ত্রিমহাশয়** অনুগ্রহপূর্বক জানাবেন কি ,১৯৮২-৮৩ সালে বীরভূম জেলা পরিষদ এন আর ই পি ও আই আর ডি পি প্রকল্পে কি কি উন্নয়ন মূলক কাজ করিয়াছে?

**পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) ১৯৮২-৮৩ সালের অক্টোবর মাস পর্যন্ত এন আর ই পি কেবলমাত্র গ্রাম পঞ্চায়েতগুলির মাধ্যমেই রূপায়িত হত। ঐবছরের অক্টোবর মাসের শেষের দিকে সিদ্ধান্ত নিয়ে জেলা পরিষদগুলির মাধ্যমে বড় বড় স্কীম রূপায়ণের জন্য পৃথকভাবে অর্থ বরাদ্দের ব্যবস্থা করা হয়। বীরভূম জেলা পরিষদ ১৯৮২-৮৩ আর্থিক বৎসরের অবশিষ্ট সময়ে মালমশলা ক্রয় করে স্কীম রূপায়ণ শুরু করেন, তবে কোন স্কীম সম্পূর্ণভাবে শেষ হয়নি।

(খ) আই আর ডি পি, ডি আর ডি এ-র মাধ্যমে রূপায়িত হয়, জেলা পরিষদের মাধ্যমে রূপায়িত হয় না।

### বাঁকুড়া জেলায় আপার দ্বারকেশ্বর প্রকল্প

**৩১৭।** (অনুমোদিত প্রশ্ন নং ৩১২।) **শ্রী সুভাষ গোস্বামী :** বিগত ৭ই মার্চ, ১৯৮৪ তারিখে প্রশ্ন নং ১৬৯ (অনুমোদিত প্রশ্ন নং ৮৪৯) - এর উল্লেখপূর্বক সেচ ও জলপথ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বাঁকুড়া জেলার আপার দ্বারকেশ্বর পরিকল্পনাটি কোন পর্যায়ে আছে?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** বাঁকুড়া জেলার দ্বারকেশ্বর গন্ধেশ্বরী রিসার্ভার প্রকল্পটির প্রোজেক্ট রিপোর্ট তৈরীর কাজ শীঘ্রই শেষ হবে বলে আশা করা হচ্ছে।

### বন্যা ও ভাঙ্গনের ফলে মুর্শিদাবাদ জেলার বিপন্ন গ্রাম

**৩১৮।** (অনুমোদিত প্রশ্ন নং ৩৭৪।) **শ্রী অমলেন্দ্র রায় :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বন্যা ও ভাঙ্গনের ফলে মুর্শিদাবাদ জেলার ইব্রাহিমপুর, জাখনি ও ছত্রপুর গ্রাম তিনটি বিলুপ্ত হয়ে যাবার আশঙ্কা আছে কিনা; এবং

(খ) থাকিলে উক্ত ভাঙ্গনরোধে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি ?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) গ্রাম তিনটি কুইয়া নদীর বামতীরে নিম্নাঞ্চলে অবস্থিত কিন্তু বসতিগুলি অপেক্ষাকত উঁচু। এ অঞ্চলে অল্প ভাঙ্গন দেখা যাচ্ছে।

(খ) বর্তমানে কোন পরিকল্পনা নাই।

**বেলডাঙ্গা চিনিকলের মূলধন**

**৩১৯।** (অনুমোদিত প্রশ্ন নং ৩৮৫।) **শ্রী অমলেন্দ্র রায় :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি ,আই আর সি আর বেলডাঙ্গা চিনিকলকে মূলধন সরবরাহ করতে রাজী হয়েছে কি?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** হ্যাঁ, কতিপয় শর্তাবলী সাপেক্ষে নীতিগতভাবে দিতে রাজী হইয়াছে।

**বনসৃজণ, বনসংরক্ষণ ও অভয়ারণ্য নির্মাণ**

৩২০। (অনুমোদিত প্রশ্ন নং ৪০৩।) **শ্রী কাশীনাথ মিশ্র :** বনবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৮৪-৮৫ সালে (জানুয়ারী মাস পর্যন্ত) পশ্চিমবাংলায় বনসৃজন, বনসংরক্ষণ এবং অভয়ারণ্য নির্মাণ করার জন্য কি কি খাতে কত টাকা ব্যয় করা হয়েছে (জেলাওয়ারী হিসাব); এবং

(খ) উক্ত সময়ে কেন্দ্রীয় সরকার উক্ত বাবদ কত টাকা কি কি খাতে দিয়েছেন?

**বনবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) বনসৃজন — উক্ত সময়ে পশ্চিমবাংলায় বনসৃজন বাবদ মোট ৫ কোটি ২৯ লক্ষ ৮৩ হাজার টাকা ব্যয় করা হয়েছে। জিলাওয়ারী হিসাব নিম্নরূপ—

| জেলা | ব্যয় (লক্ষ টাকায়) |
|---|---|
| দার্জিলিং | ৩৭.৩৬ |
| জলপাইগুড়ি | ৯৩.০৭ |
| কুচবিহার | ৯.৭১ |
| বাঁকুড়া | ৭৪.৩০ |
| মেদিনীপুর | ১,১০.৬৪ |
| বর্ধমান | ৪২.৬১ |
| হাওড়া | ৩.৯১ |

| | |
|---|---|
| পুরুলিয়া | ৩২.৬১ |
| হুগলী | ৫.৪৭ |
| বীরভূম | ৪৭.৪০ |
| মালদা | ১০.১৬ |
| পঃ দিনাজপুর | ২০.৪২ |
| নদীয়া | ৫.৭৯ |
| মুর্শিদাবাদ | ৯.৩৯ |
| ২৪-পরগণা | ৮.০৩ |
| কলকাতা | ০.১৪ |
| নন্ টেরিটোরিয়াল ডিভিসনশ | ১৮.৮২ |
| মোট | ৫,২৯.৮৩ |

**বনসংরক্ষণ :-** বনকর্মীরা একই সঙ্গে বনসৃজন, বনসংরক্ষণ ও বনজদ্রব্য আহরণের কাজে নিযুক্ত থাকেন। বনসংরক্ষণ বাবত ব্যয়ের হিসাব আলাদাভাবে রাখা হয় না।

**অভয়ারণ্য :-** নতুন কোন অভয়ারণ্য এই সময়ে হয়নি।

(খ) উক্ত সময়ে কেন্দ্রীয় সরকার মোট ২৭৬.৭৫ লক্ষ টাকা দিয়েছেন। এর মধ্যে রয়েছে বনসৃজন ১০৮.৭৫ লক্ষ টাকা, মৃত্তিকা সংরক্ষণ বাবত ১৬৮.০০ লক্ষ টাকা (বন ও কৃষি বিভাগের যৌথ প্রকল্প বাবত )। বনসংরক্ষণ এবং অভয়ারণ্য নির্মাণ বাবত কোন টাকা পাওয়া যায় নি।

**কালিদাসপুর কয়লা উত্তোলন প্রকল্প**

***৩২১।** (অনুমোদিত প্রশ্ন নং *৪০৪।) **শ্রী কাশীনাথ মিশ্র :** ভূমি ও ভূমি সংরক্ষণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া জেলার মেজিয়া থানায় কালিদাসপুর কয়লা উত্তোলন প্রজেক্টের জন্য ১৯৮০ সালে অধিগৃহীত কালিদাসপুর, শালচূড় ও চৌখুরি মৌজাগুলির ফাইন্যাল পাবলিকেশন ও গেজট না হওয়ায় কয়লা উত্তোলনের কাজ ব্যহত হচ্ছে;

(খ) সত্য হলে, তাহার কারণ কি;

(গ) উক্ত প্রজেক্টের জন্য এ পর্যন্ত কি পরিমাণ জমি অধিগৃহীত হয়েছে।

(ঘ) উক্ত অধিগৃহীত জমির এ পর্যন্ত কি পরিমাণ ক্ষতিপূরণ দেওয়া হয়েছে; এবং

(ঙ) উক্ত ক্ষতিপূরণ বাবদ কেন্দ্রীয় সরকার এ পর্যন্ত কি পরিমাণ অর্থ দিয়েছে?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:** (ক) ও (খ) সরকারের কাছে এইরূপ কোন খবর নেই।

(গ) ২৪৯.৮৫৫ একর।

(ঘ) ১,৫৮,৭৩৪ টাকা ২০ পয়সা।

(ঙ) ১,৮৫,৮২০ টাকা।

**হুগলী জেলার দ্বারকেশ্বর নদীর ডানদিকের বাঁধ সংস্কার**

৩২২। (অনুমোদিত প্রশ্ন নং ৪১৬।) **শ্রী শিবপ্রসাদ মালিক:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, হুগলী জেলার গোঘাট থানার দ্বারকেশ্বর নদীর ডানদিকের বাঁধ প্রতি বৎসর বর্ষায় ভেঙ্গে যায়;

(খ) সত্য হলে, উক্ত বাঁধটি সংস্কারের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(গ) থাকিলে, উক্ত বাঁধটি কবে নাগাত সংস্কার হইবে বলিয়া আশা করা যায়?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:** (ক) ইহা সত্য নয়। ১৯৭৮ সালের পর আর ভাঙ্গে নাই।

(খ) বর্তমানে কোন পরিকল্পনা নাই।

(গ) এ প্রশ্ন ওঠে না।

**গোঘাট থানার ঠুটোমারি বাঁধ নির্মাণ ব্যয়**

৩২৩। (অনুমোদিত প্রশ্ন নং ৪১৭।) **শ্রী শিবপ্রসাদ মালিক:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, ১৯৭৮ সালের বন্যার পর হইতে ও পর্যন্ত হুগলী জেলার গোঘাট থানার বালীর ঠুটোমারি বাঁধনির্মাণে কত টাকা ব্যয় হইয়াছে?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:** ১৯৭৮সালের পরই এই বাঁধের ভাঙ্গণ মেরামতের জন্য ১৯৭৯-৮০ আর্থিক বৎসরে প্রায় ৩৪.৬২ লক্ষ টাকা ব্যয় করা হইয়াছে।

**গোঘাটের দলকার জলা সংস্কার**

৩২৪। (অনুমোদিত প্রশ্ন নং ৪৩০।) **শ্রী শিবপ্রসাদ মালিক:** গত ১৯-৯-১৯৮৪ তারিখের প্রশ্ন নং ৫২ (অনুমোদিত প্রশ্ন নং ১১২) উত্তরের উল্লেখে সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) গোঘাটের দলকার জলা সংস্কারের জন্য তথ্য সংগ্রহের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে; এবং

(খ) কতদিনে উক্ত পরিকল্পনাটি বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায়?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) তথ্য সংগ্রহের কাজ এখনও চলছে।

(খ) এখনই তা বলা সম্ভব নয়।

**কংসাবতী পরিকল্পনায় গোঘাট থানায় খাল কাটা**

৩২৫। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪০।) **শ্রী শিবপ্রসাদ মালিক :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৮৪ সালের ৩১ শে ডিসেম্বর মাস পর্যন্ত কংসাবতী পরিকল্পনায় হুগলী জেলার গোঘাট থানায় কত একর জমিতে খাল কাটা হয়েছে ;

(খ) উক্ত খাল কাটার জন্য কৃষকদের ক্ষতিপূরণ দেওয়া হইয়াছে কিনা ; এবং

(গ) উক্ত পরিকল্পনায় গোঘাট থানার কত একর জমি এ পর্যন্ত সেচের আওতায় আনা সম্ভব হয়েছে?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) ৪৬ কি. মি. দীর্ঘ এলাকায়।

(খ) কৃষকদের ক্ষতিপূরণ দেওয়ার উদ্দেশ্যে ১২,১৫,১৪২.৪১ টাকা সংশ্লিষ্ট এল. এ. কালেক্টরের চাহিদামত তাঁর হেপাজতে রাখা হইয়াছে।

(গ) হাজার একর মত পরিমাণ।

**তিস্তা ও মহানন্দা প্রকল্প**

৩২৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫৬।) **শ্রী তারক বন্ধু রায় :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৮৪ সালের ডিসেম্বর মাস পর্যন্ত সময়ে তিস্তা ও মহানন্দা প্রকল্পে ব্যয়িত টাকার পরিমাণ কত; এবং

(খ) উক্ত পরিকল্পনায় এ পর্যন্ত কি কি কাজ (১) সম্পন্ন হয়েছে ও (২) সম্পূর্ণ হওয়ার পথে?

**সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় :** (ক) ১৯৮৪ সালের ডিসেম্বর মাস পর্যন্ত তিস্তা ব্যারেজ এবং মহানন্দা ব্যারেজ প্রকল্পে ১৫৬ কোটি ১৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

(খ) নিম্ন বর্ণিত কাজগুলি সম্পন্ন হয়েছে :

(১) খোদ তিস্তা ব্যারেজ,

(২) খোদ মহানন্দা ব্যারেজ.

(৩) মহানন্দা অ্যাকোয়াডাক্ট,

(৪) তিস্তা-মহানন্দা লিঙ্ক ক্যানাল এর প্রায় ১৮.৫০ কিমি খনন,

(৫) মহানন্দা মেইন ক্যানাল-এর প্রায় ১৬ কিমি খনন,

(৬) মহানন্দা মেইন ক্যানাল-এর প্রায় ১১ কিমি লাইনিং এর কাজ,

(৭) দাউক নগর মেইন ক্যানেল-এর প্রায় ১২ কিমি খনন,

(৮) তিস্তা মহানন্দা লিঙ্ক ক্যানাল-এর উপর ফল্ কাম রেগুলেটার নির্মাণ

(৯) তিস্তা মহানন্দা লিঙ্ক ক্যানাল-এর উপর ৭টি সেতু নির্মাণ,

(১০) মহানন্দা মেন ক্যানেল এর উপর একটি ক্রস ড্রেনেজ-এর কাজ,

(১১) মহানন্দা মেইন ক্যানেল-এর উপর একটি ফল-কাম-রেগুলেটার নির্মাণ,

(১২) মহানন্দা মেইন ক্যালেন-এর উপর দুইটি সেতু নির্মাণ,

(১৩) দাউক নগর মেইন ক্যানেল-এর উপর একটি ফল-কাম-রেগুলেটর নির্মাণ,

(১৪) দাউক নগর মেইন ক্যানেল-এর উপর তিনটি সেতু নির্মাণের কাজ।

(২) যে কাজগুলো সম্পন্ন হওয়ার পথে—

(১) তিস্তা ব্যারেজের অ্যাপার্টিন্যান্ট-এর কাজ,

(২) মহানন্দা ব্যারেজের অ্যাপার্টিন্যান্ট-এর কাজ,

(৩) দাউক ব্যারেজের কাজ সহ অ্যাপার্টিন্যান্ট-এর কাজ,

(৪) মহানন্দা অ্যাকোয়াডাক্টের অ্যাপার্টিন্যান্ট-এর কাজ,

(৫) প্রায় ২ কিমি দৈর্ঘ্যের তিস্তা মহানন্দা লিঙ্ক ক্যানেল খননের কাজ,

(৬) তিস্তা মহানন্দা লিঙ্ক ক্যানেল-এর প্রায় ১৫ কিমি লাইনিং এর কাজ,

(৭) মহানন্দা মেইন ক্যানেল-এর ৬ কিমি খননের কাজ,

(৮) মহানন্দা মেইন ক্যানেল-এর প্রায় ১ কিমি লাইনিং এর কাজ,

(৯) দাউক নগর মেইন ক্যানেল-এর প্রায় ২.৫০ কিমি খননের কাজ,

(১০) দাউক নগর মেইন ক্যানেল-এর প্রায় ৪ কিমি লাইনিং-এর কাজ,

(১১) তিস্তা-মহানন্দা মেইন ক্যানেল-এর উপর তিনটি মেজর ক্রস ড্রেনেজ-এর কাজ,

(১২) তিস্তা-মহানন্দা লিঙ্ক ক্যানেল-এর উপর ১টি ফল-কাম-রেগুলেটর-এর কাজ,

(১৩) তিস্তা-মহানন্দা লিঙ্ক ক্যানেল-এর উপর ৫টি ক্রস ড্রেনেজ-এর কাজ,

(১৪) তিস্তা-মহানন্দা লিঙ্ক ক্যানেল-এর উপর ১টি সেতু নির্মাণের কাজ,

(১৫) মহানন্দা মেইন ক্যানেল-এর উপর ৫টি ক্রস ড্রেনেজ-এর কাজ,

(১৬) মহানন্দা মেইন ক্যানেল-এর উপর ২টি ফল-কাম-রেগুলেটার নির্মাণের কাজ,

(১৭) মহানন্দা মেইন ক্যানেল-এর উপর ৪টি সেতু নির্মাণের কাজ,

(১৮) দাউক নগরের মেইন ক্যানেল-এর উপর ৪টি ক্রস ড্রেনেজ-এর কাজ,

(১৯) দাউক নগরের মেইন ক্যানেল-এর উপর ৬টি সেতু নির্মাণের কাজ।

**রেলপথ স্থাপনের জন্য জমি অধিগ্রহণ**

৩২৭। (অনুমোদিত প্রশ্ন নং ৪৮৪।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, জমি অধিগ্রহণে রাজ্য সরকারের অসহযোগিতার জন্য রাজ্যের বিভিন্ন নতুন রেলপথ স্থাপনের কাজ বিঘ্নিত হচ্ছে ;

(খ) একলাখী-বালুরঘাট রেলপথ নির্মাণের জন্য এ পর্যন্ত কত একর জমি অধিগ্রহণ করা হয়েছে ; এবং

(গ) রাজ্যের অন্যান্য রেলপথ নির্মাণের জন্য এ পর্যন্ত কোথায় কত একর জমি অধিগ্রহণ করা হয়েছে?

**ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) না।

(খ) ২৩০.৮০৫ একর।

(গ) মেদিনীপুর জেলায় তমলুক-দীঘা রেলপথ নির্মাণের জন্য ১৮৮.৭২০ একর আর হাওড়া ও হুগলী জেলায় হাওড়া-আমতা রেলপথের জন্য ৪৫৩.৯২ একর।

**'চোখ' চলচ্চিত্র হইতে সরকারের আয়**

৩২৮। (অনুমোদিত প্রশ্ন নং ৪৯০।) **শ্রী বিভূতিভূষণ দে :** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) পশ্চিমবঙ্গ সরকারের 'চোখ' চলচ্চিত্র হইতে এ পর্যন্ত কত আয় হয়েছে ; এবং

(খ) উক্ত চলচ্চিত্র প্রমোদকর মুক্ত করার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) পশ্চিমবঙ্গ সরকার প্রযোজিত 'চোখ' চলচ্চিত্র থেকে এ পর্যন্ত (২১-৩-৮৫ তারিখ) মোট ৪,০৮,৮৭০.২৪ টাকা আয় হয়েছে।

(খ) না।

**নলহাটী ১ নং ব্লকে বানীওর সেচ প্রকল্প**

৩২৯। (অনুমোদিত প্রশ্ন নং ৪৯৬।) **শ্রী সাত্ত্বিক কুমার রায় :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি ,বীরভূম জেলার নলহাটী ১নং ব্লকের অধীন বাঁদুর কান্দরে প্রস্তাবিত বানীওর সেচ প্রকল্পটি বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** প্রকল্পটি বর্তমানে প্রস্তুতির পর্যায়ে আছে।

**শুশুনিয়া ও ঝিলিমিলি এলাকায় ট্যুরিস্ট লজ স্থাপন**

৩৩০। (অনুমোদিত প্রশ্ন নং ৫০৭।) **শ্রী কাশীনাথ মিশ্র :** পর্যটন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বাঁকুড়া জেলায় ছাতনা থানার শুশুনিয়াতে ও রানীবাঁধ-এর ঝিলিমিলি এলাকাতে প্রস্তাবিত ট্যুরিস্ট লজ তৈরী করবার বিষয়টি বর্তমানে কি অবস্থায় আছে;

(খ) এই লজ দুটি নির্মাণের জন্য জমি অধিগ্রহণ করা হয়েছে কিনা; এবং

(গ) উক্ত ট্যুরিস্ট লজগুলি নির্মাণের জন্য কেন্দ্র ও রাজ্য সরকার আনুমানিক কত টাকা ব্যয় করবে?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) এইসব এলাকাতে ট্যুরিস্ট লজ নির্মাণের কোন পরিকল্পনা বর্তমানে নেই। প্রসঙ্গত রানীবাঁধ থানার মুকুটমনিপুরের ট্যুরিস্ট লজটির শয্যাসংখ্যা বাড়ানোর ব্যবস্থা করা হইতেছে।

(খ) প্রশ্ন আসে না।

(গ) প্রশ্ন আসে না।

**১৯৮৩ সালে কয়েকটি এলাকায় পঞ্চায়েত নির্বাচন না হওয়ার ঘটনা**

৩৩১। (অনুমোদিত প্রশ্ন নং ৫১৬।) **শ্রী কাশীনাথ মিশ্র :** পঞ্চায়েত ও সমষ্টি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, এরাজ্যে ১৯৮৩ সালে পঞ্চায়েত সমিতি ও গ্রাম পঞ্চায়েতের কয়েকটি আসনে নির্বাচন হয় নাই;

(খ) সত্য হইলে, উক্ত কতগুলি পঞ্চায়েত সমিতি ও গ্রাম পঞ্চায়েত আসনে নির্বাচন হয় নাই;

(গ) উক্ত আসনগুলিতে নির্বাচন না হওয়ার কারণ কি ; এবং

(ঘ) উক্ত পঞ্চায়েত সমিতি ও গ্রাম পঞ্চায়েতগুলিতে কবে নাগাত নির্বাচন হইবে বলিয়া আশা করা যায়?

**পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) হ্যাঁ।

(খ) ২৪পরগণা জেলার অধীনে হাবড়া ২নং ব্লকের অন্তর্গত বাঁশপোল গ্রাম পঞ্চায়েতের দুইটি আসনে পঞ্চায়েত নির্বাচন হয় নি। সংশ্লিষ্ট আসন দুইটি বাঁশপোল /১৩ এবং বাঁশপোল/১৪।

(গ) সংশ্লিষ্ট এলাকা অশোকনগর পুরসভার অন্তর্ভুক্ত না করার প্রতিবাদে উক্ত এলাকার ভোটারগণ ঐ সময়ে নির্বাচন বয়কট করেছিলেন।

(ঘ) যত শীঘ্র সম্ভব নির্বাচন করার চেষ্টা করা হবে।

**আপার দ্বারকেশ্বর ও গন্ধেশ্বরী পরিকল্পনা**

**৩৩২। (অনুমোদিত প্রশ্ন নং ৫১৯।) শ্রী কাশীনাথ মিশ্র :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) আপার দ্বারকেশ্বর ও গন্ধেশ্বরী পরিকল্পনাটি কেন্দ্র কর্তৃক অনুমোদিত হওয়া সত্ত্বেও এ পর্যন্ত কার্যকরী না হওয়ার কারণ কি;

(খ) কংসাবতী ও দামোদর পরিকল্পনার সাথে যুক্ত কমাণ্ড এলাকাগুলিতে এ পর্যন্ত জল সেচের ব্যবস্থা না করার কারণ কি; এবং

(গ) সম্প্রতি বাঁকুড়া, পুরুলিয়া, হুগলী ও মেদিনীপুর জেলার সেচের উন্নতির জন্য কি কি বৃহৎ ও মাঝারি সেচ পরিকল্পনা গ্রহণ করা হয়েছে?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) প্রশ্ন ওঠে না। কারণ দ্বারকেশ্বর-গন্ধেশ্বরী পরিকল্পনাটি প্রস্তুতির পর্যায়ে রয়েছে।

(খ) প্রশ্ন ওঠে না। কারণ কংসাবতী ও দামোদর পরিকল্পনার সাথে যুক্ত কমাণ্ড এলাকাগুলিতে সেচের জল দেওয়ার ব্যবস্থা হয়েছে।

(গ) ঐসব এলাকাগুলিতে যে প্রকল্পগুলির পরিকল্পনা করা হয়েছে সেগুলি হলঃ

বাঁকুড়া জেলা

(বৃহৎ সেচ পরিকল্পনা)

১। আপার কংসাবতী (প্রস্তাবিত)

২। দ্বারকেশ্বর গন্ধেশ্বরী (প্রস্তাবিত)

(মাঝারী সেচ পরিকল্পনা)

১। সালি ডাইবারসন (চলতি)

২। সালি রিজারভার (চলতি)

পুরুলিয়া জেলা

(বৃহৎ সেচ পরিকল্পনা)

১। আপার কংসাবতী (প্রস্তাবিত)

(মাঝারী সেচ পরিকল্পনা)

১। তুরগা - চলতি

২। কারু - (চলতি)

৩। বরাভূম-(চলতি)

৪। তারাগোনিয়া - (চলতি)

৫। পারগা - (চলতি)

৬। মৌতর জোর - (চলতি)

৭। বেকো - (চলতি)

৮। পাতলাই - (চলতি)

৯। টটকো - (চলতি)

১০। লিপানিয়াজোর - (চলতি)

১১। গোলামারাজোর - (চলতি)

১২। তুরগা - (চলতি)

১৩। ডিমু - (চলতি)

১৪। রামচন্দ্রপুর - (চলতি)

১৫। হনুমাতা - (চলতি)

হুগলী জেলা

(বৃহৎ সেচ পরিকল্পনা)

১। বি অ্যাণ্ড আই ডি ভি সি

নবীকরণ পরিকল্পনা (প্রস্তাবিত)

মেদিনীপুর জেলা

(বৃহৎ সেচ পরিকল্পনা)

১। সুবর্ণরেখা (প্রস্তাবিত)

২। দোলং (প্রস্তাবিত)

**আসানসোলের ইস্টার্ণ কোল্ডফিল্ড কোম্পানী কর্তৃক অধিগৃহীত জমির পরিবার পিছু চাকুরী প্রদান**

**৩৩৩।** (অনুমোদিত প্রশ্ন নং ৫৬২।) **শ্রী বামাপদ মুখোপাধ্যায় ঃ** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, আসানসোলের ইস্টার্ণ কোল্ডফিল্ড কোম্পানী কর্তৃক অধিগৃহীত জমির ক্ষতিপূরণ হিসাবে উক্ত কোম্পানী ১ একরে এক জনের চাকুরীর পরিবর্তে একতরফাভাবে ২ একরে একজনের চাকুরী দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন ; এবং

(খ) সত্য হইলে, উক্ত ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ।

(খ) এ সম্পর্কে অতি সম্প্রতি ইস্টার্ণ কোল্ডফিল্ড কোম্পানী বর্ধমান জেলা সমাহর্তাকে জানিয়েছেন যে ভারত সরকার কর্তৃক গঠিত কমিটির সুপারিশ অনুযায়ী সেচবিহীন এলাকায় প্রতি তিন একর অধিগৃহীত জমির হিসাবে উক্ত জমির ক্ষতিগ্রস্তদের মধ্য থেকে পরিবার পিছু একজনকে এবং সেচসেবিত এলাকায় প্রতি দুই একর অধিগৃহীত জমির হিসাবে পরিবার পিছু একজনকে চাকুরী দেওয়া হবে। এ সম্পর্কে সিদ্ধান্তটি পুনর্বিবেচনার জন্য ভারত সরকারকে অনুরোধ করা হচ্ছে।

**বার্ণপুর ইণ্ডিয়ান আয়রণ এ্যাণ্ড স্টীল কোম্পানী কর্তৃক জমি অধিগ্রহণ**

**৬৩৪।** (অনুমোদিত প্রশ্ন নং **৫৬৫।**) **শ্রী বামাপদ মুখার্জী ঃ** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বিগত ৭ বৎসরে বার্ণপুর ইণ্ডিয়ান আয়রন এ্যাণ্ড স্টীল কোম্পানী হীরাপুর থানার অন্তর্গত সাঁতা, লাকরা সাঁতা ও ষড়েমারা এবং পার্শ্ববর্তী মৌজাগুলির কত পরিমাণ জমি অধিগ্রহণ করিয়াছে;

(খ) উক্ত জমির স্বত্বাধিকারীদের কত জনকে এ পর্যন্ত জমির ক্ষতিপূরণ দেওয়া হইয়াছে;

(গ) উক্ত ক্ষতিপূরণের মোট পরিমাণ কত ;

(ঘ) এ পর্যন্ত উক্ত অঞ্চলের জমিহারাদের কতজনকে চাকুরী দেওয়া হইয়াছে;

(ঙ) এ পর্যন্ত কতজন ব্যক্তি ক্ষতিপূরণ ও চাকুরী পান নাই; এবং

(চ) উক্ত ক্ষতিপূরণ ও চাকুরী প্রদানের কাজ কবে নাগাদ সম্পন্ন হইবে বলিয়া আশা করা যায়?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) উক্ত প্রকল্পে প্রয়োজনীয় মোট ১৮৩.৭৫ একর পরিমাণ জমির মধ্যেও ১৯৪৮ সালের পশ্চিমবঙ্গ ভূমি (অধিগ্রহণ ও গ্রহণ) আইনানুযায়ী ১৫৭.১১ একর পরিমাণ জমি অধিগ্রহণ করা হয়েছে। এবং ১৮৯৪ সালের ভূমিগ্রহণ আইনানুযায়ী ২৬.৬৪ একর জমির পরিমাণ জমি গৃহীত হয়েছে।

(খ) মোট ২৬.৬৪ একর গৃহীত জমির জন্য ২৫৫ জনকে ক্ষতিপূরণ দেওয়া হয়েছে।

(গ) ১৭,০৭,৪৪০.৯৭ টাকা।

(ঘ) ২৮৮ জনকে।

(ঙ) বাকী ১৫৭.১১ একর জমির পরিমাণ জমি অধিগ্রহণ সম্পূর্ণ না হওয়া পর্যন্ত আরো কতজন ব্যক্তিকে ক্ষতিপূরণ ও কতজনকে চাকুরী দেওয়া হবে তাহা নিরূপণ করা সম্ভব নয়।

(চ) বাকী জমি গ্রহণের কার্য সম্পূর্ণ করা এবং চাকুরীতে নিয়োগ সংক্রান্ত, কেন্দ্রীয় সরকারের বিধিনিষেধ প্রত্যাহারের উপর বিষয় দুটি নির্ভর করছে।

### জলপাইগুড়ি জেলার জয়গাঁ এলাকার নিহত গ্রামবাসী

৩৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ৭২৪।) **শ্রী মনোহর তিরকী :** সংস্কৃতি (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, ১৯শে অগষ্ট ১৯৮৪ তারিখে জলপাইগুড়ি জেলার জয়গাঁ এলাকাতে পুলিশের গুলিতে দুই জন গ্রামবাসী নিহত হয়েছে;

(খ) সত্য হবে উক্ত ঘটনার ব্যাপারে (১) কোন অনুসন্ধান হয়েছে কি না; ও (২) কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) হ্যাঁ, সত্য।

(খ) (১) হ্যাঁ, হয়েছে। (২) এখন পর্যন্ত ৩৭ জনকে গ্রেপ্তার করা হয়েছে এবং অনুসন্ধান চলছে।

### ফল গাছের চারা বিতরণ

৩৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ৮৪৪।) **শ্রী নীরোদ রায় চৌধুরী :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি,সরকারী খামারগুলি থেকে কতগুলি ফলের গাছের চারা গত ৪ বৎসরে বিতরণ করা হয়েছে?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) মোট এক লক্ষ্য বত্রিশ হাজার নয় শতটি ফলের গাছের চারা কলম গত চার বছরে নিম্নলিখিত ক্রম, অনুযায়ী বিতরণ করা হয়েছে - ১৯৮১-৮২ সালে চব্বিশ হাজার চারশ, ১৯৮২-৮৩ সালে এক চল্লিশ হাজার তিন শত, ১৯৮৩-৮৪ সালে সাতচল্লিশ হাজার দু শত, এবং ১৯৮৪-৮৫ সালে কুড়ি হাজার।

### কলিকাতা হইতে প্রকাশিত বিভিন্ন পত্রিকা

৩৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ১১৮৮) **শ্রী গোপাল মণ্ডল :** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, কলিকাতা হইতে প্রকাশিত বাংলা, ইংরাজী ও হিন্দীতে (১) দৈনিক পত্রিকা, (২) সাপ্তাহিক পত্রিকা, (৩) পাক্ষিক পত্রিকা, (৪) মাসিক পত্রিকা, (৫) ত্রৈমাসিক পত্রিকা কি কি ও কত সংখ্যক প্রকাশিত হয়?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** এ বিষয়ে বিশদ তথ্য কেন্দ্রীয় সরকারের 'রেজিস্ট্রার অব নিউজ পেপারস' এর দপ্তরে সংগৃহীত হয় এবং সেই ভিত্তিতে সংসদে বাকি প্রতিবেদন পেশ করা হয়। কিন্তু ঐ প্রতিবেদনে মুদ্রিত প্রকাশন সাধারণতঃ বিলম্বিত থাকে এবং সর্বশেষ তথ্য সংগ্রহে কিছু অসুবিধা হয়। রাজ্য সরকারের তথ্য এ সংস্কৃতি বিভাগের বিজ্ঞাপন শাখাতে প্রচার তালিকায় অন্তর্ভুক্ত পত্রিকা ও মুদ্রণ সংখ্যা আলাদাভাবে সংগৃহীত হয়।

উভয় সূত্রের ভিত্তিতে সর্বশেষ প্রাপ্ত তথ্য পেশ করা হলঃ

| প্রধান দৈনিক পত্রিকা | | সাপ্তাহিক পত্রিকা | |
|---|---|---|---|
| ইংরাজী | প্রকাশন সংখ্যা | ইংরাজী | প্রকাশন সংখ্যা |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১। | স্টেটসম্যান | ২,১৬,৭০৮ | ১। | সিনে অ্যাড্ভ্যান্স | ১৯,৯২০ |
| ২। | অমৃতবাজার পত্রিকা | ১,৪৩,২৯৫ | ২। | ফ্রন্টিয়ার | ১,৯৬৩ |
| ৩। | বিজনেস স্ট্যাণ্ডার্ড | ২২,৫০০ | ৩। | স্পোর্টস ওয়ার্ল্ড | ৬৪,০১৮ |
| ৪। | টেলিগ্রাফ | ৮১,৬০৮ | ৪। | সানডে | ১,৯৪,০০০ |
| ৫। | ইকনমিক টাইমস | ১৪,৩৫৬ | | বাংলা | |
| ৬। | ক্যালকাটা অবজারভার | ১৫,০০০ | ৫। | বাংলাদেশ | ২৭,৩৬৪ |
| | বাংলা | | ৬। | দর্পন | ১,৫২১ |
| ৭। | আনন্দবাজার পত্রিকা | ৪,০০,৩৫৯ | ৭। | দেশ | ১,০০,৬৬৬ |
| ৮। | যুগান্তর | ৩,১৯,৬৮২ | ৮। | দেশহিতৈষী | ৩৭,৪৭৬ |
| ৯। | সত্যযুগ | ৩৫,০৯৯ | ৯। | গড়ের মাঠ | ১৪,৮৫৫ |
| ১০। | বসুমতী | ৪৭,৬৭২ | ১০। | কালান্তর | ১৩,১৬১ |
| ১১। | বর্ত্তমান | ৪৫,০০০ | ১১। | খেলার আসর | ৪২,২৮২ |
| ১২। | কালান্তর | ২৪.৮২৬ | ১২। | খেলার মাঠ | ১৭,৯১৬ |
| ১৩। | আজকাল | ৭৩,১১১ | ১৩। | পরিবর্তন | ৯৫,৩৮৬ |
| ১৪। | দৈনিক আকর্ষণ | ৬,০০০ | ১৪। | পশ্চিমবঙ্গ | ৪০,০০০ |
| ১৫। | গণশক্তি | ৩৪,৪৮২ | ১৫। | সপ্তাহ | ৪,২৭৬ |
| ১৬। | পয়গম | ১৪৮৫৫ | ১৬। | স্টেডিয়াম | ১৩,১৮১ |
| ১৭। | দৈনিক জননী | ১২,৪৮২ | ১৭। | খেলা — | তথ্য পাওয়া যায়নি |
| ১৮। | জনতা | তথ্য পাওয়া যায় নি। | ১৮। | অলিম্পিক | ৫,৫০০ |
| | হিন্দী | | ১৯। | গণবার্তা | ৫,৫১১ |
| ১৯। | বিশ্বামিত্র — | তথ্য পাওয়া যায়নি। | ২০। | শনিবারের চিঠি | |
| ২০। | সন্মার্গ | ৫৬,৪২৭ | | হিন্দী | |
| ২১। | রূপলেখা | ৩২,০০০ | ২১। | জনসংসার | ১২,৫০০ |
| ২২। | ছাপতে ছাপতে | ৩৫, ২৯১ | ২২। | রবিবার | ৬২,১১৭ |
| ২৩। | পরীক্ষিত | ১৪,৭৪৯ | ২৩। | অনুগামিনী | ১৩,৯২৩ |
| ২৪। | সূত্রকর | ১৪,৪১৫ | ২৪। | গল্প ভারতী | ১১,৬২৪ |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৫। দৈনিক প্রকাশ | ১৩,১৪৬ | ২৫। | রাষ্ট্রমিত্র | ৮,৬২৫ |
| ২৬। জনপথ সমাচার | — তথ্য পাওয়াযায়নি। | | | |
| পাক্ষিক পত্রিকা | | | | |
| ইংরাজী | প্রকাশন সংখ্যা | | মাসিক পত্রিকা | প্রকাশন সংখ্যা |
| ১। ক্যাপিটাল | — তথ্য পাওয়া যায়নি। | ১৭। | প্রসাদ | ১৩,৮৩৪ |
| ২। ওয়েষ্ট বেঙ্গল | ১০,০০০ | ১৮। | উৎস মানুষ | ১,৬৩১ |
| বাংলা | | ১৯। | উল্টোরথ | তথ্য পাওয়া যায়নি। |
| ৩। আনন্দমেলা | ৯৮,৭২৪ | ২০। | সন্দেশ | ঐ |
| ৪। আনন্দলোক | ৪৮,৩৭৬ | | | |
| ৫। বেতার জগৎ | ১০,৭১০ | | ইংরাজী মাসিক | |
| ৬। খেলার কাগজ | ২৮,০৭৩ | ১। | ফোক্‌লোর | ৩,৩৫৯ |
| ৭। প্রতিক্ষণ | তথ্য পাওয়া যায়নি। | | বাংলা | |
| ৮। বর্তমান দিনকাল | ৫০,০০০ | ২। | শিখ রিভিউ | ২,৮০৮ |
| ৯। ভ্রমণবার্তা | তথ্য পাওয়া যায়নি। | | ত্রৈমাসিক পত্রিকা | |
| ১০। সুকন্যা | ঐ | | বাংলা | |
| ১১। দর্শক | ৪,০০০ | ১। | মানব মন। | ১,১০০ |
| হিন্দী | | | | |
| ১২। পশ্চিমী বঙ্গাল | ৯.৫০০ | ২। | মার্কসবাদী পথ | ১৯,৭৬৭ |
| মাসিক পত্রিকা | | ৩। | মধ্যাহ্ন | |
| বাংলা | | | ত্রৈমাসিক ইংরাজী | |
| ১। মালিনী | ১০,৬৩৬ | ১। | দ্য ইকনমিক স্টাডিজ | ৬,৭৬৬ |
| ২। নব কল্লোল | ৬০,০০০ | | | |
| ৩। পক্ষিরাজ | ১৬,০০০ | | | |
| ৪। মহানগর | তথ্য পাওয়া যায়নি | | | |
| ৫। শুকতারা | ৮০,০০০ | | | |
| ৬। কলেজ ষ্ট্রীট | তথ্য পাওয়া যায়নি। | | | |
| ৭। আনৃণ্য | তথ্য পাওয়া যায়নি। | | | |

| | |
|---|---|
| ৮। চতুরঙ্গ | ১,৫০০ |
| ৯। ধনধান্য | |
| ১০। মাসিক বসুমতি | ঐ |
| ১১। কিশোর জ্ঞান বিজ্ঞান | ৯০৫ |
| ১২। কিশোর ভারতী | ১১,৪০৫ |
| ১৩। কাফেলা | ১২,০০০ |
| ১৪। কথাসাহিত্য | ১২,৯১২ |
| ১৫। পরিচয় | ৯,০০০ |
| ১৬। প্রণব | ৮,০১৬ |

**বাংলা ছবির দেশী ও বিদেশী পুরস্কার লাভ**

**৩৩৮।** (অনুমোদিত প্রশ্ন নং **১১৮।**) **শ্রী কাশীনাথ মিশ্র :** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৭৭ সালে জুন মাস হতে এ পর্যন্ত বাংলা ছবি কি কি দেশী এবং বিদেশী পুরস্কার লাভ করেছে; এবং

(খ) তার মধ্যে কোন কোন ছবি পশ্চিমবঙ্গ সরকার প্রযোজিত?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) যেহেতু সরকারী ও বেসরকারী উদ্যোগে ছবি নির্মিত হয়, তাই সরকারী হিসাব ছাড়া বেসরকারী হিসাব বিভাগে থাকে না। সরকারী তথ্য "খ" অংশে দেওয়া হল।

এই সময় পশ্চিমবঙ্গ সরকার প্রযোজিত নিম্নলিখিত ছবিগুলি পুরস্কৃত হয়েছে —

পরশুরাম - (১) মস্কো আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব(১৯৭৯) — রৌপ্য পদক। (২) রাষ্ট্রপতির পুরস্কার (১৯৭৯) - স্পেশাল মেনশান, শ্রেষ্ঠ অভিনেতা।

গণদেবতা — রাষ্ট্রপতির পুরস্কার (১৯৭৯), শ্রেষ্ঠ গণ আবেদন মূলক চলচ্চিত্র, স্বর্ণ পদক।

হীরক রাজার দেশে— রাষ্ট্রপতির পুরস্কার (১৯৮০), শ্রেষ্ঠ আঞ্চলিক চলচ্চিত্র, শ্রেষ্ঠ সংগীত পরিচালনা। শ্রেষ্ঠ গায়ক।

দখল —রাষ্ট্রপতির পুরস্কার (১৯৮১), শ্রেষ্ঠ চলচ্চিত্র — স্বর্ণ পদক এবং নগদ পুরস্কার ৫০ হাজার টাকা।

আরোহণ — রাষ্ট্রপতির পুরস্কার (১৯৮২), শ্রেষ্ঠ হিন্দী চলচ্চিত্র, — রৌপ্য পদক এবং নগদ পুরস্কার ১৫,০০০।

চোখ — (১) ভারতের নবম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব (১৯৮২), বিশেষ বিচারকের

পুরস্কার - রৌপ্য পদক।

(২) রাষ্ট্রপতির পুরস্কার (১৯৮২), শ্রেষ্ঠ চলচ্চিত্র — স্বর্ণ পদক এবং নগদ পুরস্কার ৫০,০০০ টাকা শ্রেষ্ঠ পরিচালনা।

(৩) বি এফ জে ও পুরস্কার (১৯৮৪), শ্রেষ্ঠ চলচ্চিত্র - শ্রেষ্ঠ পরিচালনা, শ্রেষ্ঠ চিত্রনাট্য, শ্রেষ্ঠ সম্পাদনা, শ্রেষ্ঠ সহ অভিনেতা।

(৪) ও সি আই সি পুরস্কার, বার্লিন চলচ্চিত্র উৎসব (১৯৮৩) — পুরস্কারের আর্থিক মূল্য ৩০০০ হাজার মার্ক।

ভোম্বল সর্দার — রাষ্ট্রপতির পুরস্কার (১৯৮৩), শ্রেষ্ঠ শিশু চলচ্চিত্র - স্বর্ণ পদক এবং নগদ পুরস্কারের ২০,০০০ টাকা।

**বনগাঁ দীনবন্ধু মহাবিদ্যালয়ের অধ্যক্ষর অনুপস্থিতি**

৩৩৯। (অনুমোদিত প্রশ্ন নং **১২৩০।) শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ :** শিক্ষা (উচ্চতর ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, বনগাঁ দীনবন্ধু মহাবিদ্যালয়ের বর্তমান অধ্যক্ষ মহোদয় অন্য কোন কলেজে অধ্যক্ষ হিসাবে কাজ করছেন?

(খ) সত্য হলে, (১)১৯৮৪-৮৫ শিক্ষাবর্ষে তিনি কতদিন ঐ কলেজে অনুপস্থিত ছিলেন। (২) ঐ অনুপস্থিতির জন্য তিনি ঐ কলেজ থেকে কোন বেতন গ্রহণ করেছেন কিনা, এবং করে থাকলে, কত টাকা তিনি বেতন হিসাবে গ্রহণ করেছেন ; এবং

(গ) অধ্যক্ষ মহোদয়দের কলেজের নিকটবর্তী স্থানে বাস করিবার কোন বাধ্যবাধকতা আছে কিনা?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) উক্ত কলেজের বর্তমান অধ্যক্ষ মহাশয় অন্য কোন কলেজ অধ্যক্ষ বা অধ্যাপক হিসাবে কাজ করছেন কিনা তাহা সরকার বা কলেজ কর্তৃপক্ষের জানা নাই।

(খ) (১) ও (২) প্রশ্ন উঠে না।

(গ) অধ্যক্ষ মহোদয়দের কলেজের নিকটবর্তী স্থানে বাস করিবার কোন বাধ্যবাধকতা নাই।

**বীরভূম জেলার পরিচালন সমিতি দ্বারা পরিচালিত মাধ্যমিক বিদ্যালয়**

৩৪০। (অনুমোদিত প্রশ্ন নং **১৩০০।) ডাঃ মোতাহার হোসেন :** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, বর্তমানে বীরভূম জেলার অন্তর্গত কতগুলি মাধ্যমিক বিদ্যালয় সরকার মনোনীত পরিচালন সমিতি দ্বারা পরিচালিত হচ্ছে ?

**শিক্ষা (মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** একটিও না। তবে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ দ্বারা নিয়োজিত প্রশাসক দ্বারা পরিচালিত বিদ্যালয়ের সংখ্যা ৩৬টি এবং তদর্থক সমিতির দ্বারা

পরিচালিত বিদ্যালয়ের সংখ্যা ৯টি।

**বাঁকুড়া জেলার মেজিয়ায় নূতন রেললাইন স্থাপন**

**৩৪১।** (অনুমোদিত প্রশ্ন নং **১৩৫৬।**) **শ্রী উপেন্দ্র কিস্কু :** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বাঁকুড়া জেলার মেজিয়ায় নূতন রেললাইন স্থাপন সম্পর্কে কোন খবর রাজ্য সরকারের আছে কিনা;

(খ) থাকিলে, উক্ত পরিকল্পনা কি অবস্থায় আছে?

**স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) হ্যাঁ।

(খ) কেন্দ্রীয় রেলমন্ত্রী আমাদের মুখ্যমন্ত্রীকে গত ফেব্রুয়ারী মাসে এক পত্রে মাধ্যমে জানিয়েছেন যে উক্ত প্রকল্পটি সহ আরও কয়েকটি রেলপ্রকল্প বাতিল করে দেওয়া হয়েছে। অতঃপর ঐ প্রকল্পগুলি পুনর্বিবেচনার জন্য মুখ্যমন্ত্রী গত মার্চ মাসে রেলমন্ত্রীকে একখানা চিঠি লিখেছেন।

**Expansion of Power Generation Plants/Projects**

**342.** (Admitted question No. 1563.) **Shri Satya Ranjan Bapuli :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state —

(a) what were the targets of specific programme for capacity expansion of Power Generation Plants/Projects during the 6th Plan Period; and

(b) to what extent the above target for addition to the capacity has been achieved so far ?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ১০১৮ মেগাওয়াট, যথা - ব্যাণ্ডেল তাপ বিদ্যুৎ কেন্দ্র — ২১০ মেগাওয়াট, কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্র - ৬৩০ মেগাওয়াট, সাঁওতালডিহি তাপ বিদ্যুৎ কেন্দ্র - ১২০ মেগাওয়াট, জলঢাকা জল বিদ্যুৎ প্রকল্প (২য় পর্যায়) - ৮ মেগাওয়াট এবং রামাম জল বিদ্যুৎ প্রকল্প (২য় পর্যায়) - ৫০ মেগাওয়াট।

(খ) ৫৪৫ মেগাওয়াট, যথা - ব্যাণ্ডেল তাপ বিদ্যুৎ কেন্দ্র - ২১০ মেগাওয়াট, কোলাঘাট তাপ বিদ্যুৎ কেন্দ্র - ২১০ মেগাওয়াট, সাঁওতালদিহি তাপ বিদ্যুৎ কেন্দ্র - ১২০ মেগাওয়াট, জলঢাকা জল বিদ্যুৎ প্রকল্প (২য় পর্যায়) - ৮ মেগাওয়াট, এবং রামাম জলবিদ্যুৎ প্রকল্প (২য় পর্যায়) - শূণ্য।

**বাঁকুড়া জেলা হইতে তৈলবীজ চালান**

৩৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৩১।) **শ্রী উপেন্দ্র কিস্কু :** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) দক্ষিণ বাঁকুড়া রাইপুর সিমলীপাল প্রভৃতি থানা থেকে বিগত ২।৩ বৎসর যাবৎ প্রচুর পরিমাণ তৈলবীজ (তিল, খসলা, সরিষা) দিল্লী, কানপুর প্রভৃতি জায়গায় চালান হয়ে যাচ্ছে - এ সম্পর্কে কোনও তথ্য রাজ্য সরকারের নিকট আছে কিনা ;

(খ) থাকলে, উক্ত তৈলবীজ চালান যাওয়ার কারণ কি ; এবং

(গ) তৈলবীজ ঘাটতি রাজ্য পশ্চিমবাংলায় উক্ত তৈলবীজ সংগ্রহ করে নিয়ন্ত্রিত মূল্যে তৈল সরবরাহের কথা সরকার চিন্তা করছেন কি ?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) হ্যাঁ। প্রতি বছর প্রায় ১,৫০০ থেকে ২,০০০ হাজার মেট্রিক স্থানীয়ভাবে খসলা নামে পরিচিত গ্রীষ্মকালীন তিল বাঁকুড়া জেলার দক্ষিণাঞ্চলের থানাগুলি থেকে দিল্লী, কানপুর প্রভৃতি স্থানে চালান হয়ে যায়।

(খ) এই রাজ্যে এই তিলের ব্যবহার কম থাকায় এর চাহিদা সীমিত। সেই কারণে মোট উৎপাদনের শতকরা আনুমানিক ৭০/৭৫ ভাগ ভোজ্য তেল বা অন্য উদ্দেশ্যে এর ব্যবহার যে সমস্ত রাজ্যে প্রচলিত আছে, সেই সব রাজ্যে চালান করা হয়।

(গ) তিল ও সরিষা নির্দিষ্ট অনুপাতে মিশাইয়া উৎপাদিত তেল ভোজ্য হিসাবে প্রচলন করার সম্ভাবনা বিচারবিবেচনা করা হচ্ছে।

**দীঘা স্টেট জেনারেল হসপিটাল**

৩৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৫৯।) **শ্রী অবন্তি মিশ্র :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) দীঘা স্টেট জেনারেল হসপিটাল এর শয্যাসংখ্যা বাড়ানোর কোন প্রস্তাব সরকারের আছে কি;

(খ) থাকিলে, কবে নাগাত উহা কার্যকর হবে; এবং

(গ) বর্ধিত শয্যাসংখ্যা কত হবে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) হ্যাঁ।

(খ) এখনই বলা সম্ভব নয়।

(গ) ২০টি।

**লেভী চাল সংগ্রহের পরিমাণ**

৩৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৭০০।) **শ্রী সুখেন্দু খাঁ :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি ,৩১-১-৮৫ পর্যন্ত এই খাদ্যবর্ষে কত পরিমাণ লেভী চাল সংগ্রহ

করা হয়েছে (জেলাওয়ারী হিসাবে)?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) ১৯৮৪-৮৫ খাদ্য বর্ষে ৩১-১-৮৫ তারিখ পর্যন্ত এই রাজ্যে ৪২,৭৩০ মেট্রিক টন চাল সংগ্রহ হয়েছে।

জেলাওয়ারী হিসাবে নিম্নে দেওয়া হলো :-

| জেলার নাম | চাল সংগ্রহের পরিমাণ (মেট্রিক টন) |
|---|---|
| বর্ধমান | ২১,৪৭১ |
| বীরভূম | ৯,১২৬ |
| বাঁকুড়া | ৩,৯৪২ |
| পুরুলিয়া | ৩১৮ |
| মেদিনীপুর | ৩,০২৬ |
| হুগলী | ৩,২০৭ |
| মুর্শিদাবাদ | ৯৫ |
| পশ্চিম দিনাজপুর | ১,৫৪৫ |
| মোট | ৪২,৭৩০ |

## Highest number of murders since 1977

**346.** (Admitted question No. 1744.) **Shri GYAN SINGH SOHANPAL:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state that —

(a) the year in which the highest number of murders were committed the State since 1977;

(b) the year(s) which occupied the second and third place in this regard;

(c) the possible reason(s) for the rise in the number of murders; and

(d) the steps taken by the Government to bring down the number and the results thereof ?

**Minister-in-charge of the Home (Police) Department :**

(a) 1984.

(b) The year(s) 1981 and 1983 occupied the second and third Position respectively.

(c) Group rivalry, personal enmity, wrongful gain, affairs of the heart are known cause for murder.

(d) Sustained efforts are made by police to apprehend the culprits and investigate the cases carefully to bring home conviction.

**কুমারী ও টোটক নদীর উপর সেতু নির্মাণ**

৩৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৩৫।) **শ্রী সুধাংশুশেখর মাঝি:** পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) পুরুলিয়া জেলার মানবাজার হইতে বান্দোয়ান রাস্তার উপর কুমারী ও টোটক নদীর উপর সেতু নির্মাণের কাজ বর্তমানে কি অবস্থায় আছে ; এবং

(খ) ১৯৮৪-৮৫ সালে আর্থিক বৎসরে ঐ সেতু দুইটি নির্মাণের জন্য কত টাকা ধার্য হইয়াছে?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:** (ক) পুরুলিয়া জেলার মানবাজার হইতে বান্দোয়ান রাস্তার উপর কুমারী ও টোটক নদীর উপর সেতু দুইটির সেতু স্তম্ভ নির্মাণের কাজ প্রায় শেষ হইয়াছে এবং টোটক নদীর উপর সেতুর পাটাতনের কাজ প্রায় এক পঞ্চমাংশ শেষ হইয়াছে। উভয় সেতুরই বাকী কাজগুলি বর্তমানে চলিতেছে।

(খ) ১৯৮৪-৮৫ আর্থিক বৎসরে ঐ সেতু দুইটি সমেত সমগ্র মানবাজার বান্দোয়ান কুইলাপল রাস্তা (মোট দৈর্ঘ্য ৪৩.২৬ কিমি.) নির্মাণ কার্য বাবদ মোট ১১.৬৪ লক্ষ টাকা ধার্য হইয়াছিল।

**পশুখাদ্য উৎপাদনকারী ফার্মের কর্মচারীদের নিজস্ব গরু**

৩৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৯২।) **শ্রী সত্যপদ ভট্টাচার্য:** পশুপালন ও পশু খাদ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে,

(১) সরকারী পশুখাদ্য উৎপাদনকারী ফার্মে যে সকল সরকারী কর্মচারী আছেন, তাঁহাদের অনেকেরই নিজস্ব গরু আছে?

(২) ঐ সকল গরু বিনামূল্যে উক্ত ফার্মের পশুখাদ্য খাইয়া ফেলে ; এবং

(খ) সত্য হইলে, ঐ সকল কর্মচারীরা তাঁহাদের গরুর দুধ সরকারকে বিক্রয় করে কিনা?

**পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:** (ক) (১) হ্যাঁ, কিছু কিছু সরকারী কর্মীর নিজস্ব গরু আছে।

(২) পশুখাদ্য তছরূপ হয় এ রকম কিছু খবর আছে।

(খ) ঐ সকল কর্মচারীরা গরুর দুধ সরকারকে বিক্রয় করে কিনা জানা নেই।

**পশ্চিমবঙ্গে চিলিং প্ল্যান্টের সংখ্যা**

**৩৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৯০৩।) শ্রী সত্যপদ ভট্টাচার্য্য :** পশুপালন ও পশুচিকিৎসা ডেয়ারী উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বর্ত্তমানে পশ্চিমবঙ্গে মোট কতগুলি চিলিং প্ল্যান্ট আছে ; এবং

(খ) ১৯৮৩-৮৪ এবং ১৯৮৪-৮৫ সালে উক্ত চিলিং প্ল্যান্টগুলি হইতে দৈনিক গড়ে কত পরিমাণ দুগ্ধের সরবরাহ পাওয়া গিয়াছে; এবং

(গ) উক্ত সময়ের মধ্যে ঐসব চিলিং প্ল্যান্টগুলির রক্ষণাবেক্ষণ ও তৎসংক্রান্ত কর্মচারীদের বেতন বাবত বার্ষিক ব্যয়ের পরিমাণ কত?

**পশুপালন ও পশুচিকিৎসা ডেয়ারী উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) পশ্চিমবঙ্গে বর্তমানে সরকারী ব্যবস্থাপনায় মোট একুশটি চিলিং প্ল্যান্ট আছে।

(খ) ১৯৮৩-৮৪ সালে উক্ত চিলিং প্ল্যান্টগুলি হইতে দৈনিক গড়ে ৭,৩৩৩ কেজি দুগ্ধ সংগ্রহ হইয়াছিল। ১৯৮৪-৮৫ সালে ঐ চিলিং প্ল্যান্টগুলি হইতে দৈনিক গড় দুগ্ধ সংগ্রহের পরিমাণ ৯,৫০০ কেজি। (এই হিসাব ফেব্রুয়ারী, ১৯৮৫ পর্যন্ত)।

(গ) উক্ত সময়ের মধ্যে চিলিং প্ল্যান্টগুলির রক্ষণাবেক্ষণ বাবত বার্ষিক ব্যয় :-

| | লক্ষ টাকা |
|---|---|
| ১৯৮৩-৮৪ | ৪.১০ |
| ১৯৮৪-৮৫ | ৪.৪০ |

এবং এই সংক্রান্ত কর্মচারীদের বেতন বাবত বার্ষিক ব্যয়—

| | |
|---|---|
| ১৯৮৩-৮৪ | ১৬.৫০ |
| ১৯৮৪-৮৫ | ১৮.০০ |

**ল্যাম্পসের সংখ্যা**

**৩৫০। (অনুমোদিত প্রশ্ন নং ২১০২।) শ্রী অনন্ত সরেন :** তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে মোট কয়টি ল্যাম্পস আছে (জেলাভিত্তিক হিসাব)

(খ) ১৯৮৩-৮৪ সালে নূতন কোন ল্যাম্পস গঠন হয়েছে কি এবং হয়ে থাকলে কোন কোন জেলায় ; এবং

(গ) (১) যে সমস্ত কর্মচারী ল্যাম্পসে কাজ করছেন তাদের চাকুরী স্থায়ীকরণ করার কোন পরিকল্পনা আছে কি; ও (২) থাকিলে কবে নাগাত হতে পারে ?

**তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) মোট ৬৩টি। (পুরুলিয়া-

১৫, বাঁকুড়া- ১০, মেদিনীপুর ১২, বর্ধমান-১, হুগলী-১, বীরভূম-৩, মুর্শিদাবাদ-২, মালদা-৪, পশ্চিম দিনাজপুর-৫, জলপাইগুড়ি-১১, দার্জিলিং - ১, ২৪পরগণা-১)।

(খ) হ্যাঁ, একটি পুরুলিয়া জেলায়।

(গ) (১) পশ্চিমবঙ্গ সমবায় সমিতি আইনে গঠিত ল্যাম্পসের কর্মচারীগণ ল্যাম্পস কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন। তাদের চাকুরী স্থায়ীকরণের বিষয়টি ল্যাম্পস্ কর্তৃপক্ষের এক্তিয়ারভুক্ত, সরকারের নয়।

(২) প্রশ্ন ওঠে না।

**আলিপুরদুয়ারে সরকারী কর্মচারীদের আবাসন নির্মাণ**

৩৫১। (অনুমোদিত প্রশ্ন নং **২১৫৬**।) **শ্রী সুশীল কুজুর :** আবাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি :—

(ক) জলপাইগুড়ি জেলার মহকুমা শহর আলিপুরদুয়ারে সরকারী কর্মচারীদের জন্য আবাসন নির্মাণের পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, কবে নাগাত উহা রূপায়িত হবে বলে আশা করা যায়?

**আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) হ্যাঁ, আছে।

(খ) পরিকল্পনাটি কবে নাগাত রূপায়িত হবে তা এখনই বলা সম্ভব নয়।

**আলু ক্রয়**

৩৫২। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৯২।) **শ্রী নুরুল ইসলাম চৌধুরী :** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) রাজ্যসরকার কর্তৃক আলু ক্রয়ের কথা ঘোষিত হইবার পর এ যাবৎ (৩১-৩-৮৫) কত টাকা দরে কত আলু চাষীদের নিকট হইতে ক্রয় করা হইয়াছে :

(খ) মুর্শিদাবাদ জেলায় মোট কতগুলি হিমঘর আছে; এবং

(গ) উহার মধ্যে কতগুলি চালু এবং কতগুলি অচল আছে?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) 'বেনফেড' মারফত গত ৩১-৩-৮৫ তারিখ পর্যন্ত মোট ৮৬৫৮·৯৮০ মেট্রিক টন আলু ৭৮.০০ টাকা কুইন্টাল দরে ক্রয় করা হইয়াছে।

(খ) মুর্শিদাবাদ জেলায় মোট ৭টি হিমঘর আছে।

(গ) উহার মধ্যে কতগুলি চালু আছে এবং ৪টি হিমঘর চালু এবং ৩টি অচল আছে।

**ডি আর ডি এ প্রকল্পে নদীয়া জেলায় উপকৃত পরিবার**

৩৫৩। (অনুমোদিত প্রশ্ন নং **২৩৬১**।) **শ্রী ননীগোপাল মালাকার :** উন্নয়ন ও পরিকল্পনা সার্বিক গ্রাম উন্নয়ণ প্রকল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি ,

(ক) ডি আর ডি এ স্কীম চালু হওয়ার পর থেকে ১৯৮৪ সালের ডিসেম্বর মাস পর্যন্ত সময়ে নদীয়া জেলায় কত পরিবার উপকৃত হয়েছে (ব্লকওয়ারী হিসাব)?

**উন্নয়ন ও পরিকল্পনা(সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্প) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** ১৯৮১ সালের সেপ্টেম্বর মাসে নদীয়া জেলায় ডি আর ডি এ স্থাপিত হয়। সে সময় থেকে ১৯৮৪ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত বুকওয়ারী উপকৃত পরিবারের সংখ্যা নীচে দেওয়া হলো ঃ-

| ব্লকের নাম | মোট উপকৃত পরিবারের সংখ্যা |
|---|---|
| ১। কৃষ্ণনগর-১ | ২,৭৭৭ |
| ২। কৃষ্ণনগর-২ | ১,৯৯৩ |
| ৩। নবদ্বীপ | ১,০৫১ |
| ৪। ছাপড়া | ২,৩৬৫ |
| ৫। কৃষ্ণগঞ্জ | ১,৭৬২ |
| ৬। তেহট্ট-১ | ১,৬৪১ |
| ৭। তেহট্ট-২ | ২,৫৫৮ |
| ৮। করিমপুর | ২,৪৩৫ |
| ৯। নাকাশীপাড়া | ১,৭৮৯ |
| ১০। কালীগঞ্জ | ১,৮৫৮ |
| ১১। রানাঘাট-১ | ১,৭৬৫ |
| ১২। রানাঘাট-২ | ২,৪০২ |
| ১৩। চাকদহ | ২,২৬৩ |
| ১৪। শান্তিপুর | ১,৪০৪ |
| ১৫। হরিণঘাটা | ১,৬৩১ |
| ১৬। হাঁসখালি | ৩,৩৩৫ |
| মোট | ৩২,৭৪৯ |

**পজিমা প্রাথমিক মৎস্যজীবি সমবায় সমিতির লিমিটেডের এক্সিকিউটিভ অফিসারের বিরুদ্ধে তছরূপের অভিযোগ**

**৩৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৪৪।) শ্রী অবন্তি মিশ্র :** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) মেদিনীপুর জেলার অন্তর্গত কাঁথি কেন্দ্রীয় মৎস্যজীবি সমবায় সমিতি লিমিটেডের

অনুমোদিত পদিমা প্রাথমিক মৎস্যজীবি সমবায় সমিতি লিমিটেড-এর এক্সিকিউটিভ অফিসারের বিরুদ্ধে তহবিল তছরূপের কোন অভিযোগ আসিয়াছে কি ;

(খ) "ক" প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে, এবং

(গ) বর্তমানে উক্ত এক্সিকিউটিভ অফিসার কোথায় এবং কোন্ সরকারী কাজে নিযুক্ত আছেন?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) হ্যাঁ।

(খ) দীঘা থানায় ভারতীয় দণ্ডবিধির ৪০৯ ধারায় ২৯-১-৮২ তারিখে একটি পুলিশ কেস নং ৮ দায়ের করা হইয়াছে,

(গ) বর্তমানে তিনি এ্যাসিস্টেন্ট ডাইরেক্টর অফ ফিসারিজ, জুনপুটের অফিসে এসিস্টেন্ট ফিসারি অফিসার পদে নিযুক্ত আছেন।

### ২৪-পরগণা জেলার নহাটায় মহাবিদ্যালয় স্থাপনের পরিকল্পনা

৩৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৫২।) **শ্রী ভূপেন্দ্র নাথ শেঠ :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) উত্তর ২৪-পরগণা জেলায় বনগাঁ থানার অন্তর্গত নহাটা গ্রামে কোন মহাবিদ্যালয় স্থাপনের পরিকল্পনা সরকারের আছে কি,

(খ) থাকিলে, ওই মহাবিদ্যালয় স্থাপনের জন্য কোন বিল্ডিং গ্রান্ট বরাদ্দ করা হইয়াছে কি না,

(গ) হইলে কত টাকা, এবং

(ঘ) ১৯৮৫ সালের মধ্যে ঐ প্রস্তাবিত মহাবিদ্যালয়টি অনুমোদন পাইবে কি না?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক),(খ),(গ) ও (ঘ) উচ্চ শিক্ষার ক্ষেত্রে বিভিন্ন সমস্যা পর্যালোচনা করিয়া ঐগুলির সমাধানকল্পে সুপারিশ করিবার নিমিত্ত সরকার ডঃ ভবতোষ দত্তের নেতৃত্বে একটি কমিশন গঠন করিয়াছিলেন। ঐ কমিশনের রিপোর্ট সরকারের হস্তগত হইয়াছে। কমিশন রাজ্যে নূতন কলেজ স্থাপন বিষয়ে সুনির্দিষ্ট সুপারিশ করিয়াছেন। ঐ সুপারিশ পর্যালোচনা করিয়া সরকার নূতন কলেজ স্থাপন বিষয়ে নীতি নির্ধারণ করিবেন। নীতি নির্ধারণ করিবার পরই নূতন কলেজ স্থাপনের জন্য কোন স্থান নির্বাচন করা সম্ভব হইবে। কমিশনের রিপোর্ট এবং সুপারিশ বর্তমানে বিবেচনাধীন আছে।

### তথ্য ও সংস্কৃতি দপ্তর থেকে টেলিভিশন সরবরাহ

৩৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৬১৯।) **শ্রী কৃষ্ণধন হালদার :** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, ১৯৭৭ সালের জুলাই মাস হইতে ১৯৮৫ সালের মার্চ মাস পর্যন্ত সময়ে ২৪-পরগণা জেলায় কোন কোন প্রতিষ্ঠানকে (ঠিকানা সহ) কি কি শর্তে তথ্য ও সংস্কৃতি দপ্তর থেকে টেলিভিশন সরবরাহ করা হইয়াছে?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** ১৯৭৭ সালের জুলাই মাস হইতে ১৯৮৫ সালের মার্চ মাস পর্যন্ত সময়ে চব্বিশ পরগণা জেলার প্রতিষ্ঠানগুলোর নাম ও ঠিকানা ও দূরদর্শন যন্ত্র স্থাপনের তারিখ উল্লেখ করে একটি প্রতিবেদন সংযুক্ত করা হোল।

১৯৭৭ সাল থেকে ১৯৮২ সাল পর্যন্ত বিভিন্ন প্রতিষ্ঠানে বিনা পয়সায় সরকারী দূরদর্শন যন্ত্র বন্টন করা হয়েছিল। দূরদর্শন যন্ত্রের লাইসেন্স নবীকরণের জন্য প্রতিষ্ঠানের কর্তৃপক্ষের কাছ থেকে বার্ষিক সেট পিছু ১০ টাকা নেওয়া হত।

১৯৮৩ সাল থেকে বিভিন্ন প্রতিষ্ঠানের কর্তৃপক্ষের কাছ থেকে সরকারী দূরদর্শন যন্ত্রের মোট মূল্যের এককালীন ১।৩ অংশ টাকা আদায় করা হয়। এ ছাড়া লাইসেন্স নবীকরণ এবং দূরদর্শন যন্ত্র রক্ষণাবেক্ষণের জন্য সেট প্রতি বার্ষিক যথাক্রমে ১০ টাকা ও ৪০ টাকা আদায়ের সিদ্ধান্ত নেওয়া হয়।

**Statement referred to in reply to question No. 356 (Admitted question No. 2619.)**

| Serial No. | Name and address of the Organisation | Date of Installation |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 1. | Vivekananda Club, Abdalpur Govt. Colony, P.O.Abdalpur | 12.8.80 |
| 2. | Taki Public Library. Govt. Dist. Library, P.O. Taki | 14.8.80 |
| 3. | Rastraguru Surendranath Institute, P.O. Manirampur | 22.9.80 |
| 4. | Purbachal Sangha, 185, Bonhooghly Govt Scheme (Main ) Calutta -35. | 22.9.80 |
| 5. | Milan Tirtha, Vill. and P.O. Joteshirampur | 22.9.80 |
| 6. | Pallishree Sangha, P.O. Rajarhat, Gopalpur, Tentultala | 23.9.80 |
| 7. | Jagriti Sangha, P.O. New Barracpur | 23.9.80 |
| 8. | Sachipada Institution, 223, Insititure Lane, Cal-36 | 11.7.79 |
| 9. | Dakshin 41 Palli Recreation Unit, 1134, M. G. Road, Calcutta-41 | 4.3.81 |
| 10. | Yuba Sakti, 21, S.N. Roy Road, Calcutta-38 | 4.3.81 |
| 11. | Ashoke Chakra, 107, Ashoke Nagar, Calcutta-40 | 4.3.81 |

| | |
|---|---|
| 12. Baishakhi Club, Ashoke Trust, Calcutta - 48 | 21.3.81 |
| 13. Dipayan Club, 8/41, Bijoygarh, Calcutta-32 | 21.3.81 |
| 14. Indian Medical Association, Barasat Road, Sethpukur | 6.4.81 |
| 15. Sakti Sangha, 1/72,73, Naktala, Calcutta-47 | 5.6.81 |
| 16 Sonakhali Tarun Tirtha, P.O. and Vill. Sonakhali | 14.7.81 |
| 17. Belgharia Culutural Association, 66, Bhuban Mohan Banerjee Road, Calcutta - 56 | 5.9.81 |
| 18. Unnayani, Natunpara, 7/2, Madhusudan Banerjee Road, Calcutta - 56 | 1.9.81 |
| 19. New Barrackpur Municipality, P.O. New Barrackpur | 18.12.79 |

**পশ্চিমবঙ্গে গ্রন্থাগারিক শিক্ষা শিক্ষণ কেন্দ্রের সংখ্যা**

**৩৫৭।** (অনুমোদিত প্রশ্ন নং ২৭৫৫।) **শ্রী উমাপতি চক্রবর্তী :** শিক্ষা (সামাজিক, অগ্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) (১) বর্তমানে রাজ্যে কতগুলি গ্রন্থাগারিক শিক্ষা শিক্ষণ কেন্দ্র আছে, এবং

(২) সেগুলি কোথায় কোথায়

(খ) এই কেন্দ্রগুলিতে বার্ষিক কত জন ছাত্রের পড়াশুনার ব্যবস্থা হয়ে থাকে ;

(গ) নূতন কোন শিক্ষণ কেন্দ্র খোলার পরিকল্পনা আছে কি না; এবং

(ঘ) থাকলে কোথায় কোথায়?

**শিক্ষা(সামাজিক, অপ্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) (১) সার্টিফিকেট স্তরের ৪টি আছে। এছাড়া বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বি লিব এসসি ও এম লিব এসসি পড়ানো হয়। (২) বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ (কলিকাতা), কালিম্পং জনতা কলেজ, বানীপুর জনতা কলেজ ও রহড়া রামকৃষ্ণ মিশন বালকাশ্রম।

(খ) বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ বাদে সার্টিফিকেট স্তরে প্রায় ১৫০ জনের;

(গ) আপাতত নেই। তবে বানীপুরের কেন্দ্রটি এপ্রিল ১৯৮৫ থেকেই চালু করা হলো।

(ঘ) প্রশ্ন উঠে না।

**মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমার সুসংহত শিশু বিকাশ প্রকল্প**

**৩৫৮।** (অনুমোদিত প্রশ্ন নং **২৭৫৭।**) **শ্রী অনন্ত সরেন ঃ** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৮৪-৮৫ আথিক বছরে মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় কতগুলি সুসংহত শিশু বিকাশ প্রকল্প চালু করা হয়েছে ; এবং

(খ) তন্মধ্যে নযাগ্রাম ও গোপীবল্লভপুর ১ নং ব্লকে এই প্রকল্প আছে কিনা?

**ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ১৯৮৪-৮৫ আর্থিক বছরে মেদিনীপুর জেলার ঝাডগ্রাম মহকুমায বিনপুর ১নং ব্লকে কতগুলি সুসংহত শিশুবিকাশ প্রকল্প মঞ্জুর কবা হয়েছে।

(খ) না।

**ইন্টিগ্রেটেড চাইল্ড ডেভেলপমেন্ট স্কীম**

**৩৫৯।** (অনুমোদিত প্রশ্ন নং **২৮০৬।**) **শ্রী প্রশান্তকুমার প্রধান ঃ** ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রিমহাশয অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) পশ্চিমবঙ্গে কতগুলি ব্লকে এবং কতগুলি পৌর এলাকায় ইন্টিগ্রেটেড চাইল্ড ডেভেলপমেন্ট স্কীম চালু হয়েছে ;

(খ) মেদিনীপুর জেলায় কয়টি ব্লকে উক্ত স্কীম চালু হয়েছে; এবং

(গ) উক্ত জেলায কতজন শিশু এই প্রকল্পেব আওতায় এসেছে?

**ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) এ পর্যন্ত পশ্চিমবঙ্গে ৯৬টি ব্লকে এবং ১৪টি পৌব এলাকায় সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প মঞ্জুর করা হয়েছে;

(খ) মেদিনীপুর জেলায় ১২টি ব্লকে ও খড়গপুর পৌর এলাকায় এই প্রকল্প মঞ্জুর কবা হয়েছে;

(গ) উক্ত জেলায় ১২৫০০০ শিশু এই প্রকল্পের আওতায় এসেছে।

**রাজ্য সরকারী কর্মচারীর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ**

**৩৬০।** (অনুমোদিত প্রশ্ন নং **২৮২১।**) **শ্রী প্রবোধ চন্দ্র সিংহ ঃ** মাননীয স্বরাষ্ট্র (কর্মীবৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক উত্তর দেবেন কি —

(ক) ১৯৭৮ সাল হইতে ১৯৮৪ সাল পর্যন্ত রাজ্য সরকাবের বিভিন্ন দপ্তরের মোট কতজন অফিসারের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ ভিজিল্যান্স কর্তৃপক্ষের নিকট সরকার/বিভিন্ন সংস্থা ও জনসাধারণ দ্বারা পেশ করা হয়েছে ; এবং

(খ) উক্ত অভিযোগগুলির মধ্যে (১) কতগুলি ক্ষেত্রে তদন্ত শেষ হয়েছে ও কতগুলি ক্ষেত্রে এখনও তদন্তাধীন আছে, (২) তদন্তাধীন কেসে যুক্ত মোট কত জন অফিসার সরকারী দপ্তরে ব[illegible]

কর্মরত আছেন;

(গ) ভিজিলেন্স কর্তৃপক্ষের রিপোর্টের ভিত্তিতে কত জনের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গৃহীত হয়েছে?

**স্বরাষ্ট্র (কর্মীবৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) ১৯৭৮ সাল থেকে ১৯৮৪ সাল পর্যন্ত ভিজিলেন্স কমিশন ৯৪৩৩ জন অফিসারের বিরুদ্ধে মোট ৮৯৭০ টি অভিযোগ পেয়েছেন।

(খ) (১) ৭০৫৪ টি অভিযোগের ক্ষেত্রে তদন্ত শেষ করা হয়েছে। মোট ১৯১৬ টি অভিযোগ কমিশনের তদন্তাধীন আছে, (২) সঠিক সংখ্যা দেওয়া এখনই সম্ভব নয়, তবে তদন্তাধীন কেসে যুক্ত অধিকাংশ কর্মচারীই সরকারী দপ্তরে বর্তমানে কর্মরত আছেন।

(গ) ১-১-৮৫ তারিখ পর্যন্ত ৩৩৬ জন কর্মচারীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে।

**২৪-পরগণা জেলায় শিশু বিকাশ প্রকল্প**

৩৬১। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৯৯) **শ্রী আবদুস সোহান গাজী :** ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৮৪-৮৫ আর্থিক বছরে ২৪-পরগণা জেলায় কয়টি শিশুবিকাশ সেবা প্রকল্প চালু ছিল;

(খ) উক্ত জেলায় কোন কোন উন্নয়ন ব্লকে ঐ প্রকল্পগুলি চালু ছিল;

(গ) ১৯৮৫-৮৬ আর্থিক বছরে ২৪-পরগণা জেলার কোন ব্লকে অনুরূপ প্রকল্প চালুর পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(ঘ) থাকলে কোথায় চালু হবে?

**ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) ১৯৮৪-৮৫ আর্থিক বছরে ২৪ পরগণা জেলায় ছয়টি প্রকল্প চালু ছিল।

(খ) সন্দেশখালি-১ ও বজবজ - ২ উন্নয়ন ব্লক ছাড়া টিটাগড়, ভাটপাড়া, কামারহাটি এবং হাবড়া এলাকায় শহরাঞ্চলীয় (আরবান) প্রকল্প চালু ছিল।

(গ) হ্যাঁ।

(ঘ) বনগাঁ মা ও শিশু কল্যাণ প্রকল্পকে ১৯৮৫ সালের ১লা এপ্রিল থেকে সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পে উন্নীত করা হয়েছে।

## Ooth or Affirmation 'allegiance

**Mr. Speaker :** Any Member present who has not made an Oath or Affirmation of allegiance, to do so.

(There was none to make Oath or Affirmation or Alligiance)

## Adjournment Motion

**Mr. Speaker :** Today I have received two notices of Adjournment Motion . One is from Shri Kashinath Misra on the subject of delay in implementation of pensions and other benefits for the freedom fighters in West Bengal, and the other is from Shri Saikh Imajuddin on the subject of Threat for continuous strike by the ecployees of colleges and universities in West Bengal. The Subject matters of the motions do not call for adjoument of the Business of the House. The members may draw the attention of the Ministers concerced through Calling Attention, Mention, Question. I therefore, withhold my consent to the motions. One member of the party may, however, read out the text of his motion as amended.

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার প্রস্তাবটি হল জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মূলতুবী রাখছেন। বিষয়টি হ'ল- পশ্চিমবাংলাতে স্বাধীনতা সংগ্রামীর কেন্দ্রীয় সরকার কর্তৃক ঘোষিত পেনসন ও অন্যান্য সুযোগ সুবিধা পাচ্ছেন না। এমনকি তাঁদের পরিবারবর্গও পাচ্ছেন না। কয়েক হাজার স্বাধীনতা সংগ্রামীর দরখাস্ত ফাইল বন্দী হয়ে পড়ে আছে। অবিলম্বে বিভিন্ন সুযোগ সুবিধা না পেলে স্বাধীনতা সংগ্রামীরা মৃত্যু মুখে পতিত হবে। বহু স্বাধীনতা সংগ্রামীর পরিবারবর্গকে অনাহারে দিনযাপন করতে হচ্ছে।

## Calling Attention on Matters or Urgent Public Importance

**Mr. Speaker :** I have received nine notices of Calling Attention, namely :-

| | | |
|---|---|---|
| 1. | Measures to protect Aman crops in West Bengal from Badami shosak Poka - | Dr.Sushovan Banerjee. |
| 2. | Alleged motivate charge sheet against - Left Front Workers in Shyampur Police Station. | Shri Gourhari Adak and Shri Rabindra Ghosh |
| 3. | Alleged detention of 20 innocent mental-patients in presidancy Jail. | Shri Ashok Ghosh. |
| 4. | Increasing Incident of murder of house-wives in the State. | Shri Kashinath Mishra |
| 5. | Apprehended closure in small and his indus- | Shri Abdul |

| | | |
|---|---|---|
| | tries in West Bengal due to acute power crisies. | Mannan |
| 6. | Alleged non-inclusion of many voters in - municipal Voter's List. | Sr. Sk. Imajuddin |
| 7. | Deplorable condition of Degree T. B. - Hospital (Sanatorium) at Chandrakona, P.S. Garbeta, Midnapore. | Shri Kamakhya Ghosh. |
| 8. | Alleged non-receipt of pension by the - retired school teachers and failure of the Government to formulate may retirement benefit rule since 1.4.81. | Shri Deba Prasad Sarkar. |
| 9. | Closure of Dhabani Irrigation projecton - the river 'Chaka' in Purulia District. | Shri Kamala Kanta Mahato |

I have selected the notice of Shri Deba Prasad Sarkar on the subject of alleged non-receipt of pension by the retired school; teachers and failure of the Government to formulate any retirement benefit rules since 1.4.81. The Minister in charge will please make a statement today, if possible, or give a date.

**Shri patit Paban Pathak :** On the 10th May, 1985.

**Mr. Speaker :** I now call upon the Minister in charge of Home (Police) Department to make a statement on the subject of reported death of one Shri Shashi Shikdar in R.G.Kar Medical College and Hospital. (Attention called by Shri Anil Mukherjee on the 25th April, 1985.)

**Shri Patit Paban Pathak :** Sir, with your permission I am Submitting the Statement.

Sir I rise to make a statement with reference to the Calling Attention Notice given by Shri Anil Mukherjee on the alleged death of an accused in police custody at the Calcutta Airport Police Station on 24.4.85 and to State as follows :-

On 24.4.85 at 02-30 hrs and information was received at the Airport Police Station from some people of Kaikhali Sardarpara that

one thief had been arrested by the local people and was being assulted severely. The Duty Officer noted the information and passed on the same to S. I. Susanta Bose who was on R.T. mobile duty, with the request to proceed to the spot. S.I. Susanta Bose went to Kaikhali Sardarpara at about 02-50 hrs. and saw an agitated mob of about 200 people surrounding a man lying injured on a road-side varandah. On enquiry, he learnt that at about 01-30 hrs., 10/12 miscreants came there and were moving suspiciously. On being challenged by the members of the local R.G.Party, they started running away, the members of the R.G. chased them and caught hold of one of them who, on interrogation, disclosed his name as Sashi Bhusan Sikdar of Nimtra Kalibari, P.S.Nimta. The S.I. took him into custody with a view to prosecuting him under Section 109 Cr. P. C.

The S.I. borught the injured accused to Dum Dum Municipal Specialised Hospital for treatment. He was treated there by the Medical Officer on duty at about 3-30 hrs. Though the injury report disclosed fracture of elbows of both hands and multiple injuries in different parts of the body, the M.O. discharged him and opined that he was fit to be produced in Court. The S.I. then brought the accused to the Airport Police Station at 04-15 hrs. and lodged the accused in the Thana lockup after observing search formalities. The accused stated to the S.I. that he had gone with his friends to Kaikhali where local people had caught and assaulted him. The accused, however, declined to disclose the names of his friends and the purpopse of his visit to Kaikhali. The S.I. aubmitted a written report to the O.C., Airport Police Station for starting a case under Sections 147/325 I. P. C. against unknown villagers of Kaikhali Sardarpara for assaulting him causing grievous hurt. On this report, a case was started.

At 06.10 hrs. When a Constable opened the lock-up to supply two cups of tea to the two accused persons held in the lock-up, accused Sashi Bhusan Sikdar did not respond to his call. The other accused in the lock-up (Shah Alam) physically shook him but still he did not respond. A doctor was called in by the O.C. of the police station and he declared that the accused had expired. Thereafter, a U.D. case was stated by the O.C. who also informed S.D.O.,

Barrackpore, requesting for holding in inquest over the dead body.

An Excutive Magistrate of Barrackpore held the inquest at about 12-30 hrs. on 24.4.85 after which the dead body was sent to Barrackpore Police case Hospital for holding post-mortem examination.

The O.C. of the Police Station deputed an Officer to Nimta. On enquiry, he found that the name of the father of Sashi Bhusan Sikdar was Ram Dhan Sikdar and not Mohan Sikdar as furnished by the deceased. One of the sons of Shri Ram Dhan Sikdar, named Sukha Ranjan Sikdar, was brought to the Airport P. S., but Sukha Ranjan could not identify the dead body to be his brother's. Hence the identity of the deceased accused is yet to be established.

The photographs as well finger print of the deceased were taken and attempts are being made to establish the identity of the deceased.

The O. C., Airport P.S., has been directed to disband the R. G. of kaikhali Sardapara for the time being and secure arrest of all who were responsible for the merciless beating of the accused.

Investigation is continuing. the Situation is peaceful.

**Dr. Zainal Abedin :** Sir, what is the necessity of reading the statement ? He is not making a statement and so, it can be laid on the Table.

**Mr. Speaker :** He is reading it on behalf of the Chief Minister.

Now I call upon the Minister-in-charge of Education (Sports) Department to make a statement on the subject of alleged malpractices in the sale and number of lottery tickets in aid of construction of Salt Lake Stadium, attention called by Shri Bibhuti Bhusan De and Shri Himansu Kumar on the 26th April, 1985.

**[1.10—1.20 p.m.]**

**শ্রী সুভাষ চক্রবর্তী :** সল্ট লেক স্টেডিয়ামের জন্য দ্বিতীয় পর্যায়ের লটারীর জন্য (প্রতিটি টিকিটের মূল্য পাঁচ টাকা), সোসাইটি ফর স্পোর্টস এন্ড স্টেডিয়ামস্ কর্তৃপক্ষ মোট তিনটি সিরিজের প্রতি সিরিজে যথাক্রমে এক লক্ষ এক সংখ্যক টিকিট থেকে চার লক্ষ সংখ্যা বিশিষ্ট টিকিট পর্যন্ত বিক্রির ব্যবস্থা করেছিলেন। অর্থাৎ প্রতি সিরিজে মোট তিনলক্ষ হিসেবে সর্বমোট নয়লক্ষ টিকিট

যোগান দেওয়া হয়েছিল। কিন্তু অভাবিত জনসমর্থন ও উদ্দীপনার কারণে ঐ নয়লক্ষ টিকিট অতি অল্প সময়ের মধ্যে নিঃশেষ হয়ে গেলে এস. এস. এস. কর্তৃপক্ষ আরও ৬ লক্ষ টিকিট প্রতি সিরিজে বিক্রির ব্যবস্থা করেন। এতে বিভ্রান্তির কোন কারণ নেই। বাড়তি টিকিট গুলির জন্য এস. এস. এস. কর্তৃপক্ষ স্বাভাবিক ভাবেই আনুপাতিক হারে পুরস্কার বৃদ্ধিরও ব্যবস্থা করছেন। বর্দ্ধিত পুরস্কারগুলি গাণিতিক সূত্রাবলী অনুযায়ী বর্তমানে হিসাব করে দেখা হচ্ছে এবং দুই এক সপ্তাহের মধ্যেই এস. এস. এস. কর্তৃপক্ষ এই বিষয়ে বিস্তৃত তথ্যসহ ঘোষিকা সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করবেন।

## Mention Cases

**Mr. Speaker :** Now Mention Cases. I have before me 50 Mention Cases and the time is one hour. I expect the numbers to be very brief and very short. Now Shri Rabindra Ghosh.

**শ্রী রবীন্দ্র ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নিউ গুজরাট কটন মিল, ফুলেশ্বরে যেটি অবস্থিত গত এক বছর আগে এই মিলটি মালিকরা বেআইনীভাবে লক-আউট ঘোষণা করেছেন। এতে প্রায় ১২০০ শ্রমিক কর্মচারী কাজ করেন। প্রায় ১ বছর হতে চলেছে এখানকার শ্রমিকরা বেকার হয়ে বসে আছে, তারা অর্ধাহার এবং অনাহারে দিন কাটাচ্ছে। শ্রমিকদের মালিকরা বেকায়দায় কাজে বসিয়ে দিয়েছেন অথচ তারা ক্যাজুয়াল লিভ যখন চেয়েছিল তারা পায় নি। মালিকদের এই অনমনিয় মনোভা আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর কাছে জানাতে চাই। আগামীকাল ৪ঠা মে এই নিউ গুজরাট কটন মিলের শ্রমিক কর্মচারীরা এস. ডি. এর বাড়ীর সামনে অবস্থান ধর্মঘটে নামবেন ঠিক করেছে কারণ তারা মরার আগে এই তাদের শেষ চেষ্টা। মালিকদের এই চক্রান্তে বেআইনীভাবে লক-আউট ঘোষণা করে মালিকরা মুনাফা নেওয়ার চেষ্টা করছে। আজ পর্যন্ত মিলের ব্যাপারে কোন ব্যবস্থা নেওয়া হয় নি। আমরা জানি পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার গরীব মানুষ, মেহনতি মানুষ এবং শ্রমিক দরদী সরকার। সেইজন্য আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই মিল খোলার ব্যবস্থা করা হয় এবং শ্রমিকরা যাতে অনাহারের হাত থেকে বাঁচে তার ব্যবস্থা করে দিন। তারা রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াচ্ছে এবং এতে ভিক্ষুকের সংখ্যা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে।

**শ্রী আবদুল মান্নান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সভাকে একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আমরা ঐতিহাসিক মধ্যযুগীয় বর্বর অত্যাচারের কথা শুনেছি, আমরা নাৎসী সরকারের কাহিনী শুনেছি, আমরা ইয়াহিয়া সরকারের কথা শুনেছি কিন্তু তার পুনরাবৃত্তি যে সত্তর দশকেও হতে পারে তা আমাদের জানা ছিল না। গত ১৭ই এপ্রিল হুগলীর পাণ্ডুয়া থানার বৈঁচি গ্রাম থেকে একটু দূরে বালিখালের শ্রমিকরা আক্রান্ত হয়েছে। তারা যেখানে বাস করে সেখানে লুঠপাট করছে, তাদের রান্না করা ভাতে মূত্রত্যাগ পর্যন্ত করা হয়েছে এবং তাদের খাবার ছড়িয়ে ছিটিয়ে দেওয়া হয়েছে। রেডিও লুঠ করা হয়েছে, ২০ হাজার টাকাও লুঠ করা হয়েছে। এখানে কিছু মুসলিম কর্মচারী আছে তাদের উপর অত্যাচার করা হয়েছে এবং মুসলিম ধর্মের কোরাণ শরীফ পর্যন্ত পুড়িয়ে দেওয়া হয়েছে। সেখানকার সভাধিপতি শিবপ্রসাদ মুখার্জী এবং লোক্যাল কমিটির সেক্রেটারী আবদুল আলিম যার বিরুদ্ধে এফ. আই. আর. পর্যন্ত করা হয়েছে তারা এই ব্যাপারের সঙ্গে জড়িত। এটা খুব

লজ্জাজনক ব্যাপার যে আজ পর্যন্ত এই বিষয়ে কিছু ব্যবস্থা নেওয়া হলো না। আমার অনুরোধ অবিলম্বে এই বিষয়ে বিচার-বিভাগীয় তদন্ত করা হোক এবং যারা ক্ষতিগ্রস্থ হয়েছে সেইসব কর্মচারীদের ক্ষতিপূরণ দেওয়া হোক। যারা এর সঙ্গে জড়িত তিনি জেলা পরিষদের সভাধিপতিই হোন আর যাই হোন না কেন কোন সেন্টিমেন্ট না রেখে এর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হোক।

**শ্রী গৌরহরি আদক :** স্যার, আমরদহ অঞ্চল হাওড়া জেলার শ্যামপুকুর থানার রিমোটেষ্ট অঞ্চলে অবস্থিত। ২৫।৩০ বছর ধরে সেখানকার মানুষ কোন সুযোগ সুবিধা পায়নি। সেখানে সেচ, ইলেকট্রিক রাস্তার কোন ব্যবস্থা নেই। সেখানে হাসপাতাল অচল অবস্থায় আছে। সেখানে একটা নৈরাজ্য অবস্থা চলছে। ২৫।৩০ হাজার মানুষ যারা ব্লকে আছেন তাদের দুর্ভোগ ভোগ করতে হয়। সেখানে পাকা রাস্তা করলে প্রসাশনের দিক থেকে সুবিধা হয়। সেখানে একটা জিপ যাওয়ার উপযুক্ত বোড গড় কমল থেকে আরম্ভ করে দুর্গাপপুর হয়ে ডাওন তলা পর্যন্ত এবং আর একটি শশাটি দামপেতিয়া বাজরী গণেশপুর হয়ে ডাওন তলা পর্যন্ত রাস্তা করার জন্য পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী বঙ্কিম ত্রিবেদী :** স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদের কয়েকটি হাসপাতাল সম্বন্ধে খুব উদ্বেগজনক সংবাদ আমাদের কাছে এসেছে। কিছুদিন আগে বহরমপুর হাসপাতালে যে নক্কার জনক ঘটনা ঘটেছে সেটা নিয়ে এখন সেখানে উত্তেজনা চলছে। ফরাক্কায় অনুরূপ একটা ঘটনা ঘটেছে। সেখানকার ডাক্তারবাবু, এ্যারেষ্ট হয়েছিলেন। এটা নিয়েও সেখানে কিছুটা উত্তেজনা আছে। সেখানে এনকেফেলাইটিস, জণ্ডিস, আন্ত্রিক রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছে ব্যাপকভাবে। জলের অভাব আছে। ৬৮ টি সহায়ক হাসপাতালের মধ্যে ১৭টিতে কোন ডাক্তার নেই। অবিলম্বে সেইসব এলাকায় ডাক্তার দেবার জন্য স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করছি, এবং ঐ সমস্ত হাসপাতালে যে নক্করজনক অবস্থা ঘটছে সে বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী লক্ষণ চন্দ্র শেঠ :** স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কোলাঘাট থার্মাল পাওয়ার প্রজেক্টের সংলগ্ন ন্যাশানাল হাইওয়েতে একটা সংযোগস্থল আছে। দীঘা, হলদিয়া, মেদিনীপুরের বাস সেখান দিয়ে যাতায়াত করে। সেখানে একটি লরী দুর্ঘটনায় একজন যুবক নিহত হয়। এটি একটি গুরুত্বপূর্ণ সংযোগস্থল। কিন্তু সেখানে কোন ট্রাফিক পুলিস থাকে না। সেখানে একটি থানাও নেই। ৪ ঘন্টা ধরে সেখানকার জনগণ লরী, বাস বন্ধ করে দেয়। তাদের দাবী অবিলম্বে একটি রোটারী নির্মাণ করে একটা ট্রাফিক পুলিসের ব্যবস্থা করতে হবে, পুর্নাজ থানার ব্যবস্থা করতে হবে, সেখানে যে বারবনিতার ভিড় হয় তাতে কিছু পুলিশ এই রকম অসামাজিক কার্যকলাপে সহায়তা করছে তা বন্ধ করতে হবে। অবিলম্বে এই তিনটি দাবী পূর্ণ করার জন্য স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**ডাঃ সুলোচন ব্যানার্জী :** স্যার, আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমানের বিজয় রথ চাঁদ হাসপাতালের উপর ৪টি ডিষ্ট্রিক্টের লোক নির্ভর করে আছে। ৮৩০ টি বিছানা বাড়ানোর জন্য টাকা স্যাংশান হয়েছে। কিন্তু সেই টাকা ইউটিলাইজেশান হয়নি। এমার্জেন্সি ওয়ার্ডে ৩৮টি বেডে ১০০টির বেশী রোগী আছে। সেখানে সিরিয়াস বার্নগুলিও থাকে। কোন সদস্যরা বাড়ীর কেউ হলে তারা এটা এ্যালাউ করতেন না। একটা ইনটেনসিভ কেয়ার ইউনিট হয়েছে সেটা পার্সোনেলের অভাবে চালু হয়নি।

**[1.20—1.30 p.m.]**

একটা মেডিকেল কলেজ রান করছে, সেই মেডিকেল কলেজে যদি ইনটেনসিভ কেয়ার ইউনিট, করোনারি কেয়ার ইউনিট চালু না করা যায় তাহলে রোগীদের যতখানি ক্ষতি হচ্ছে তাদেরও ততখানি ক্ষতি হচ্ছে। আজকে যে মেডিকেল কলেজ হয়েছে তার সামনে ৫ বছর সময় আছে, ইনডিয়ান মেডিকেল কাউন্সিল বর্ধমান মেডিকেল কলেজ যদি তার স্ট্যাণ্ডার্ড ঠিক জায়গায় তুলতে না পারে তাহলে তাদের এ্যাফিলিয়েশান ক্যানসেল করে দেবে, তাদের রেকগনিশান হবে না। সেখানে ২ টি জেনারেটর আছে, এই ২টি জেনারেটরের সমস্ত বর্ধমান হাসপাতালে টিম টিম করে আলো জ্বলে এমারজেন্সি অপারেশান টর্চ দিয়ে শেষ করতে হয়, আবার টর্চেরও মাঝে মাঝে ব্যাটারী থাকে না। এই সমস্ত ঘটনা থেকে মনে হয় বর্ধমান হাসপাতালে প্রশাসন বলে কিছু নেই। একজন নুতন সুপারিনটেন্ডেন্ট জয়েন করেছেন, সেই সুপারিনটেন্ডেন্ট বাবু এক মাসের মধ্যে অবস্থার কিছু উন্নতি করতে পারেননি। ২ জন ডায়েটিস্ট আছেন, তাঁরা কলকাতা থেকে যাতায়াত করেন, সকালে যান দুপুরে পৌঁছান, ২ ঘন্টাও থাকেন না। রান্নাঘর কি অবস্থায় আছে দেখেন না, ঠিক ডায়েট রোগীর কাছে পৌঁছায় কিনা দেখেন না। আর একটা দরকারী জিনিষ সমস্ত মেডিকেল কলেজ জুনিয়র মেডিকেল স্টাফ দিয়ে কন্ট্রোল করা হচ্ছে। সিনিয়র যাঁরা আছেন তাঁদের দরকারের সময় পাওয়া যা না। তাঁদের যদি রোগীদের সমস্যার সময় না পাওয়া যায় তাহলে আমার মনে হয় তাঁদের অব্যাহতি দেওয়া ভাল।

**শ্রী শিবপ্রসাদ মালিক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের দেশ ৩৭ বছর স্বাধীন হয়েছে, ৩৭ বছর স্বাধীনতার পরেও নিরক্ষরতার হাত থেকে আমরা মুক্ত হতে পারিনি, শতকরা ৭০ ভাগ মানুষ এখনও নিরক্ষর রয়ে গেছে। আমাদের বামফ্রন্ট সরকার শিক্ষাখাতে কোটি কোটি টাকা ব্যয় করে চলেছেন, কিন্তু কোটি কোটি টাকা ব্যয় করলেই হবে না, আমরা লক্ষ্য করেছি বহু জাতি সংস্থাগুলি পোষাক পরিচ্ছদে ছাত্র-ছাত্রীদের কিশোর মনকে বিলাস প্রবণ করে তুলেছে। অপরদিকে তারা জাতীয়তা বোধকে নষ্ট করে চলেছে। আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করব প্রতিটি স্কুলের ছাত্র-ছাত্রীদের এবং শিক্ষক শিক্ষিকাদের যেন স্কুলে ড্রেস করা হয়।

**শ্রী সেখ ইমাজুদ্দিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার হরিহরপাড়া ব্লকে পঞ্চায়েত সমিতির নিজস্ব কোন ভবন নেই দীর্ঘদিন ধরে ভাড়া বাড়িতে পঞ্চায়েত সমিতির কাজ চলে। আবার সেই ভাড়া বাড়ীটি ব্লকের মধ্যবর্তী জায়গায় নয়, এক প্রান্তে অবস্থিত। সেজন্য হরিহরপাড়া ব্লকের বাড়ী তৈরী করার পরিকল্পনা হয়েছে, তার কাজও শুরু হয়েছিল, কিন্তু গত ২ বছর ধরে সেই কাজ বন্ধ হয়ে আছে। সেজন্য সেখানকার জনগণের মধ্যে একটা বিক্ষোভ দেখা দিয়েছে। সেজন্য পঞ্চায়েত সমিতির বাড়ী তৈরী করার কাজ যাতে তাড়াতাড়ি শেষ হয় তার জন্য আমি মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী হিমাংশু কুনার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৮.৪.৮৫ তারিখ রবিবার বিকেলবেলা প্রবল ঝড় হয় এবং তার ফলে কেশপুরের প্রায় ১০০০ বাড়ী ক্ষতিগ্রস্ত হয়। কোন কোন বাড়ীর চাউনি একেবারে

উড়িয়ে নিয়ে গেছে এবং যেগুলো পাকা বাড়ী ছিল এবং স্কুলের একেবারে ভিত থেকে ভূমিস্মাৎ হয়ে গেছে। ফসলের দিক থেকে দেখছি তিল গাছ এবং ধানের প্রচন্ড ক্ষতি হয়েছে। আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে অনুরোধ জানাচ্ছি যে সমস্ত প্রতিষ্ঠানগুলো ভূমিস্যাত হয়ে গেছে সেগুলোর পুননির্মাণ করুন এবং যে সমস্ত গরীব মানুষের বাড়ী নষ্ট হয়ে গেছে সেগুলোর আশু মেরামতের ব্যবস্থা করুন। তাছাড়া ধান এবং অন্যান্য ফসলের ক্ষতি যাদের হয়েছে তাদেরও আশু রিলিফ দেবার ব্যবস্থা করুন।

**শ্রী অবন্তী মিশ্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে গ্রামীণ জলসরবরাহ বিভাগের মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি আমার বক্তব্য পেশ করবার আগে অন্য একটি কথা বলতে চাই। আমরা এই পবিত্র বিশ্বাস সভায় দৃষ্টি আকর্ষণ পর্বে যে সমস্ত কথা বলি তার কতটুকু কার্যকরী হয় সে সম্বন্ধে আমার খুবই সন্দেহ আছে। একটি প্রবাদ আছে - অভাগা যেদিকে যায় সাগর শুকিয়ে যায়। আমাদের অবস্থাও সেই রকম। রামনগর বিধানসভার উভয় ব্লকে ২০০ টি নলকূপ অকেজো হয়ে পড়ে আছে বছরের পর বছর। গত বছর বাজেট অধিবেশনের সময় আমি গ্রামীণ জলসরবরাহ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে অনুরোধ করেছিলাম যাতে এগুলোর সংস্কার করা হয়। দুঃখের সঙ্গে বলছি যে আজ এক বছর হতে চলল সেই নলকূপগুলো মেরামত করা হলনা। এই যদি অবস্থা হয় তাহলে বিভিন্ন সমস্যার প্রতি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে কি লাভ।

**শ্রী বিভূতি ভূষণ দে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি মেদিনীপুর জেলার তমলুক মহকুমা হাসপাতালের কথা বলছি। এই হাসপাতালে ২৫০টি শয্যা আছে। কিন্তু সেখানে কতগুলি গুরুত্বপূর্ণ জিনিসের অভাব থাকায় চিকিৎসার ক্ষেত্রে খুবই অসুবিধা হচ্ছে। ওখানে একজন এ্যানাসথেসিস্ট অবিলম্বে দরকার। এই পদটি স্যাংসন হওয়া সত্ত্বেও সেখানে কোন লোক পাঠান হচ্ছে না। ওখানে একটি ব্লাড ব্যাঙ্ক দরকার এবং সেটা স্যাংসন হওয়া সত্ত্বেও কাজ শুরু হচ্ছেনা। এছাড়া ওখানে একজন শল্য চিকিৎসক, একজন প্যাথোলজিস্ট এবং একজন ই এন টি স্পেশালিষ্ট দরকার। এই মহকুমা হাসপাতালে বহু রোগী চিকিৎসার জন্য আসেন। কাজেই তাদের কথা চিন্তা করে অবিলম্বে এই প্রয়োজনীয় জিনিসগুলি দেবার ব্যবস্থা করুন এই অনুরোধ জানাচ্ছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পাথরপ্রতিমা থানার রায়পুর গ্রাম ডাকাত এবং এ্যান্টি - সোস্যালদের আখড়া খানায় পরিনত হয়েছে। ওখানে ইতিমধ্যেই ৭টি ডাকাতি হয়েছে। মহম্মদ সুরাজ আলি মোল্লাকে তার বাড়ীর কাছে রাইফেলের মাধ্যমে গুলিবিদ্ধ করা হয়েছে। এর আগে ওখানে যখন একটা খুন হয়েছিল তখন আমি এবং ওই এলাকার এমপি মনোরঞ্জন হালদার মহাশয় পাথরপ্রতিমা থানার ও.সি-র দৃষ্টি আকর্ষণ করেছিলাম। আমরা শুনেছি ওই ও.সি-র সঙ্গে এ্যান্ট সোস্যালদের একটা সরাসরি যোগাযোগ রয়েছে। ওখানকার অঞ্চল পঞ্চায়েত যেটা সি পি এম দলপুষ্ট তাঁরাও এই অভিযোগ করেছেন। আমি আপনাকে এ্যাড্রেস করে চিঠি দিয়েছি এবং তাতে কোন কোন ডাকাত এর মধ্যে রয়েছে তাদের নাম পর্যন্ত দিয়েছি। আমি স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে অনুরোধ করছি অবিলম্বে তিনি এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করুন এবং ওই ও.সি. কে ট্রান্সফার করুন।

**[1.30—1.40 p.m.]**

**শ্রী শীশ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুর্শিদাবাদ জেলার সূতী থানা হচ্ছে আমার কনষ্টিটিউয়েন্সি। আমি যে ঘটনাটি বলছি সেটি আমি ইতিপূর্বেও এই হাউসে বলেছি এবং আজকেও আমি স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকার মদনা রঘুনাথপুর গ্রামে কংগ্রেসের প্ররোচনায় ১৩টি বাড়ি গত আষাঢ় মাসে লুঠ করা হয়েছে। আবার গত ১৩।১৪।১৫।৪।৮৫ তারিখে আবার আক্রমণ হয়েছে, এবং বাংলা দেশ থেকে আনীত রিভলবারও এমনকি সেখানে ব্যবহার হয়েছে। মানুষদের বাড়ীর টালি পর্যন্ত সেখানে ভেঙ্গে চুরমার করা হয়েছে। সেখানে পুলিশ ফায়ারিংও হয়েছে। একথা অবশ্যই সত্যি যে পুলিশ এর সঙ্গে জড়িত আছে। আমি স্বরাষ্ট্রমন্ত্রীকে বলতে চাই যে শুধু পুলিশ বিভাগকে দিয়ে এই ব্যাপারে তদন্ত করলে চলবে না - তাতে আসল সত্য বের করা যাবে না। মুর্শিদাবাদের জেলা শাসক অথবা মহকুমা শাসকে দিয়ে তদন্ত করার নির্দেশ দিন এই অনুরোধ আমি রাখছি।

**শ্রী বঙ্কিম বিহারী মাইতি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এটি একটি গুরুত্বপূর্ণ বিষয়। এর আগে এই তমলুক হাসপাতালের কথা অন্য একজন মাননীয় সদস্য বলেছেন। এখানে কোন ঔষধ নেই, একেবারে ঔষধ বিহীন অবস্থায় এই হাসপাতাল চলছে, এক্সরে মেসিন বিকল অবস্থায় রয়েছে, মোট কথা একেবারে অব্যবস্থায় রয়েছে। শুধু তমলুক নয়, হলদিয়া থেকে যত দুর্ঘটনায় আক্রান্ত রোগী এখানে আসে। কাঁথি, ঘাটাল, এই তিনটি মহকুমার প্রায় ৪৫ লক্ষ রোগী এখানে আসে। আজকে সেই হাসপাতাল এই অবস্থায় রয়েছে। আমি স্বাস্থ্যমন্ত্রীকে বলবো অবিলম্বে সমস্ত বিভাগের চিকিৎসক ঔষধ এবং এক্সরে মেসিন বা অন্যান্য যে সমস্ত নাই এবং অকেজো অবস্থায় রয়েছে যেমন এ্যাম্বুলেন্স ইত্যাদি এর ব্যবস্থা করুন।

**শ্রী মহা বাচ্চা মুন্সী ঃ** মিঃ স্পীকার স্যার, ইসলামপুর সাবডিভিসনে রামগঞ্জ ভায়া লক্ষীপুর যে রাস্তাটি গেছে, তার মাঝখানে বেলধারিয়াতে দলঞ্চা নদীর উপর একটি সেতু আছে। সেই সেতুটি কাঠের এবং মাঝে মাঝে সেই পুলটি নষ্ট হয়ে যায় আবার তাকে সারানো হয়। আবার কেউ কেউ তার কাঠগুলি নিয়ে চলে যায়। এটা রিপেয়ার করা হলেও কোন পাকাপাকি কাজ হচ্ছে না। আমার কাছে স্থানীয় জনসাধারণ, এবং বাস মালিকেরা আসে । তাই আমি পূর্তমন্ত্রীকে এই পুলটি পাকা করার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় এই সভায় রাখছি। গত কয়েকদিন আগে জয়েন্ট ডিরেক্টার অব হেলথ সার্ভিসেস সি. এম. ও. এইচ কে একটি রেডিওগ্রাম করে তার মেমোরেনডাম নং হচ্ছে ১৩৮৬ এবং তারিখ হচ্ছে ২৬।৩।৮৫। তাতে তিনি লিখছেন

To achieve target of F.W. and making people conscious about the personal hygiene, safe drinking water, immunisation of children, leprosy, tuberculosis, etc,. the non-medical technical employees association will hold a convention from 3rd to 5th April, and mass

immunisation programme from 15th to 25th April, 1985.

Please Attend and offer all active assistance in consultation with District Branch of Non-Medical Technical Association to make the programme success' non- medical technical association.

তাহলে কি প্রত্যেকটি হেলথ সেন্টার অর্থাৎ হেলথ ডিপার্টমেন্টটা উঠে গেছে? আরও দেখুন সেখানে সরকারী কর্মচারী নেই। একটি মাত্র আছে সেটা হচ্ছে নন-মেডিকেল্প এ্যাসোসিয়েসান। তারা ডলব এনটিজেন, ট্রিবিল এ্যান্টিজেন যেটা ফার্ষ্ট ষ্টেজ, সেকেন্ড ষ্টেজ এবং থার্ড ষ্টেজে দিতে হয় সেটা দিচ্ছে। সেখানে সকলের ধারণা যে এই ডিপার্টমেন্ট উঠে গেছে। তারা সবাই প্রতিবাদ করছে - সেখানে সব বড় বড় হ্যান্ডবিল পোষ্টার দিয়েছে। এবং বিভিন্নভাবে তারা সব এর বিরুদ্ধে লিখছে। এই সব ঘটনা সেখানে ঘটছে, এখানে লক্ষ লক্ষ টাকা খরচ হচ্ছে এবং সে টাকার অপচয় ঘটছে। আমি এ বিষয়ে অবিলম্বে মন্ত্রী মহাশয়ের এই ব্যাপারে একটি বিবৃতি দাবী করছি।

**শ্রী কামাখ্যা চরণ ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ব্লাড ব্যাঙ্কে স্বেচ্ছায় রক্ত দান, রক্ত সংগ্রহ সম্পর্কে একটি গুরুত্বপূর্ণ বিষয় মাননীয় স্বাস্থ্য দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাসয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলায় ভল্যানটারী ব্লাড ডোনার্স সোসাইটি যেটা আছে, এটা অল্ বেঙ্গল সোসাইটির সঙ্গে যুক্ত। এরা সেচ্ছায় বক্তদান শিবির থেকে রক্ত দান করে এবং এর দ্বারা অনেক রক্ত সংগৃহীত হয়। বিভিন্ন প্রতিষ্ঠান, মহাবিদ্যালয় এর সঙ্গে জড়িত, বহু ক্লাবও জড়িত আছে। গত ১লা মে আমি একটি রক্ত দান শিবিরে ছিলাম। এই রক্ত দানের ব্যাপারে হাউসে অনেক আলোচনা হয়েছে। এবং সমস্ত মাননীয় সদস্যদের অভিমত ব্লাড ব্যাঙ্কে রক্ত দান যা করা হয়, তা সংবক্ষণের ভাল ব্যবস্থা না থাকার জন্য অনেক রক্ত নষ্ট হয়ে যায়। মেদিনীপুর সদর হাসপাতালে লোডশেডিংএর জন্য যে রক্তগুলো সংগৃহীত হয় সেই গুলো নষ্ট হয়ে যায়। ইতিপূর্বে সেখানে একটা জেনারেটার ছিল, কিন্তু তার কানেকশান কেটে দেওয়া হয়েছে। আর একটা এক্সট্রা জেনারেটর আছে, সেটাকেও কিন্তু কোন কাজে লাগানো হয় না। এই যে সব রক্ত সংগৃহীত হয় সেই গুলো সংরক্ষণের কোন ভাল ব্যবস্থা নেই। আর একটা বিষয়, মেদিনীপুর জেলার ব্লাড ব্যাঙ্কে যাতে ২৪ ঘন্টা খোলা রাখা যায় তার ব্যবস্থা করার জন্য আবেদন জানাচ্ছি। এছাড়া রক্ত সংগ্রহের জন্য একটা আলাদা গাড়ির ব্যবস্থা করতে হবে, যাতে রক্তদান শিবির থেকে রক্ত সংগ্রহ করে আনতে পারে এবং সমস্ত ব্লাড ব্যাংকেই একটা আলাদা ঠান্ডা ঘরের ব্যবস্থা করতে হবে।

**শ্রী অজিত বোস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পানীয় জল সম্পর্কে একটু বলতে চাই। আমার কন্সটিটিউয়েনসি নৈহাটীর দুটি গ্রাম পঞ্চায়েত, একটি হলো ঋষি বঙ্কিম; আর একটি হলো দেশবন্ধু, সেখানে ৭০ হাজার লোক বাস করে। সেখানে পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং এর একটা জলের ব্যবস্থা আছে। পানীয় জলের একটা ট্যাঙ্ক আছে। যাতে ২ লক্ষ ৭২ হাজার লিটারের উপর জল ধরে। এটা থেকে অনেক দিন পর্যন্ত হাউস কানেকসান দেওয়া হয়নি। সেইজন্য ওখানকার লোক জোর করে হাউস কানেকসান নেয়, এই নিয়ে একটা গণ্ডগোল হয়, পরবর্তীকালে পঞ্চায়েতের মাধ্যমে এটা বন্ধ হয়ে যায়। বর্তমানে এটা হস্তান্তর হয়ে ক্যালকাটা মেট্রোপলিটন ওয়াটার সাপ্লাই এর হাতে চলে যায়। ফলে এখন নানা অসুবিধা দেখা দিচ্ছে, সেই জন্য আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে

অনুরোধ করছি, ঐ খ বি বঙ্কিম অঞ্চলের দক্ষিণ দিকে যদি আর একটা ওভার হেড ট্যাঙ্ক করার ব্যবস্থা করে দেন তাহলে ঐ এলাকার মানুষ পানীয় জলের অভাব থেকে মুক্ত হবে এবং টিউবওয়েল নিয়ে যে সমস্যা সেটা মিটবে।

**শ্রী কৃপাসিন্ধু সাহা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় এই হাউসে উত্থাপন করছি। কেন্দ্রীয় সরকারী সংস্থা ইণ্ডিয়ান পেট্রোকেমিক্যালস্ কর্পোরেশান লিমিটেডের উৎপাদিত কাঁচা দ্রব্যের (আই. পিসি. এল) অস্বাভাবিক মূল্য বৃদ্ধি ও অবাঞ্ছিত সরবরাহ নীতির (অসম বন্টন নীতি) ফলে পশ্চিমবঙ্গের প্রায় ১০০টি প্লাষ্টিক শিল্প সংস্থা বন্ধ হয়ে গেছে। ফলে সমগ্র রাজ্য জুড়ে প্রায় ১০ হাজারের বেশী মানুষ বেকার হয়ে পড়েছেন। ৩১শে মার্চ, ১৯৮৪ থেকে ৩১শে মার্চ, ১৯৮৫'র মধ্যে প্রতি মেট্রিক টনে প্রায় ৪ হাজার টাকা দাম বেড়েছে, যদিও কেন্দ্রীয় সরকার আই. পি. সি. এল. কে কম শুল্কে ২০ হাজার মেট্রিক টন আমদানী করার জন্য অনুমতি দিয়েছেন (এ্যালট করেছেন) তথাপি এঁরা দাম বাড়িয়েছেন। পশ্চিমবঙ্গে চাহিদা হচ্ছে ৯ হাজার মেট্রিক টন। সেখানে আই. পি. সি. এল. উৎপাদন করছে ১ লক্ষ টন অথচ এই রাজ্যকে মাত্র ১৫০০ টন দেওয়া হয় - এর মধ্যে গত এক বছর ধরে কোন কাঁচামাল সরবরাহ করা হয়নি। ভারতবর্ষে প্লাষ্টিক শিল্পে কমবে, দিল্লী এবং আমেদাবাদের পরই পশ্চিমবঙ্গের স্থান। তাই পশ্চিমবঙ্গের এই শিল্পের কথা মনে রেখে আমি ক্ষুদ্র ও কুটার শিল্প দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন রাখছি যে তিনি যেন কেন্দ্রের সঙ্গে যোগাযোগ করে অবিলম্বে বন্ধ শিল্প সংস্থাগুলি খোলা এবং নিয়মিত ভাবে কাঁচামাল সরবরাহের ব্যবস্থা করে এই রাজ্যের অর্থনীতিকে চাংগা করে তোলার চেষ্টা করেন।

**[1.40—1.50 p.m.]**

**শ্রী সুভাষ নস্কর :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন গত ৫ই এপ্রিল বাসন্তী থানার পার্বতীপুর গ্রামে পুলিশ নৃশংস ভাবে গুলি চালায় এবং সেখানে খুন জখম হয়। এই ঘটনার পরে সরকারী ভাবে বাসন্তী থানার পুলিশ অফিসার এবং সি. আইকে সাসপেণ্ড করা হয়। সেই সরকারী আদেশের বিরুদ্ধে থানার পুলিশ অফিসার ইন চার্জ এবং সি. আই. হাইকোর্টের শরণাপন্ন হয় এবং হাইকোর্ট থেকে চোরাগোপ্তা পথে একটা ইনজাংশান এনে বাসন্তী থানায় আবার জয়েন করেন। এই ব্যপারে এমন একজন বিচারপতি কোর্টে রায় হয়, যে বিচারপতি ঐ পার্বতীপুরে ফিসারীর ১৫ বছরের রিসিভার ছিলেন। এটা খুবই আশ্চর্যের এবং দুঃখের বিষয় যে এই ধরণের অর্ডার দেওয়া হয়। এবং গভর্ণমেন্টে যাকে সাসপেন্ট করেছে সেই ধরণের ঘৃণ্য খুনী পুলিশ অফিসারকে আবার বাসন্তী থানায় ফেরত পাটানো হয়। এই ঘটনার পরিপ্রেক্ষিতে গতকাল থেকে বাসন্তী থানার সামনে ওখানকার এলাকার জনসাধারণ অবস্থান করেন। রাত্রি ১২টার সময়ে যখন তারা শান্তিপূর্ণ ভাবে অবস্থান চালাচ্ছিলেন তখন বাসন্তী থানার যত পুলিশ ছিল তারা একসঙ্গে বন্দেমাতরম ধ্বনি দিতে থাকে এবং জ্যোতি বসু নিপাত যাক , বামফ্রন্ট নিপাত যাক এই কথা বলতে থাকে এবং মালখানার চাবি ভাঙতে শুরু করে এবং নিরস্ত্র জনতার উপরে গুলি চালাবার চেষ্টা করে। পরবর্তীকালে শান্তিপূর্ণ জনতা সেখানে মাইক বসিয়ে তাদের বক্তব্য রাখছিল এবং আলাপ আলোচনা চলছিল সেটাবন্ধ করার জন্য তাদের বাধ্য করায় এবং তাদের উপরে ঢিল মারে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি একথা বলতে চাই যে বাসন্তী থানার ও ২৪ পরগণা জেলাশাসক আজকে এমন একটা ঘৃণ্য জায়গায় চলে গেছে যে সেখানে মানুষের জীবন বিপন্ন হয়ে দাঁড়িয়েছে। কাজেই বাসন্তী থানার পুলিশ প্রশাসনকে পরিবর্তন

করার জন্য আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার জেলা কুচবিহারের একটা ঘটনার প্রতি সভার দৃষ্টি আকর্ষণ করছি। ঘটনাটি ঘটেছে গত ১৭।৪।৮৫ তারিখে কুচবিহার জেলায় আমার এলাকার ইহামারী নামে একটা গ্রামে। সেখানে দুই জন ক্ষেতমজুর ধেলু বর্মন এবং সোমেশ্বর বর্মন, এরা দুই ভাই। এই দুজনার স্ত্রীকে রাত্রি বেলায় জোর করে টেনে নিয়ে যায় এবং সারা রাত্রি তাদের উপর অত্যাচার করা হয়। তারপরে সকালবেলায় সেই মহিলারা ফিরে আসে। এই ব্যাপারে আসামী যারা তাদের নামে ইজাহার দেওয়া হয়েছে। ইজাহার নং হচ্ছে ১৯, ১৮।৪।৮৫ তারিখে করা হয়েছে এবং রেপ ইত্যাদি ইজাহারে রয়েছে। কিন্তু লক্ষ করার বিষয় হচ্ছে, যে ৫ জন আসামীর নামে ইজাহার দেওয়া হয়েছে, তাদের মধ্যে ৪জন ঐ এলাকার নাম করা কংগ্রেসী এবং গুন্ডা বলে পরিচিত। তাদের নামে ইজাহার করা হয়েছে এই অপরাধে তারা ঐ এলাকায় সন্ত্রাসর সৃষ্টি করছে। আমি পরশুদিন পর্যন্ত যে খবর জানি তাতে ঐ এলাকার কংগ্রেসের জন্য যে সব লোক আছে, তারা পর্যন্ত এই নারী অত্যাচারী কংগ্রেসের গুণ্ডাদের সমর্থন করে চলেছেন। কাজেই আমি আপনার মাধ্যমে এই বিষয়ে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের হস্তক্ষেপ প্রার্থনা করছি।

**শ্রী শচীন্দ্র নাথ হাজরা** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে হুগলীর খানাকুল থানার রাজাপুর গ্রাম পঞ্চায়েতের রাম মোহন এস. কে. ইউ. এস. লিমিটেড সম্পর্কে সভার দৃষ্টি আকর্ষণ করছি। ঐ সোসাইটির ম্যানেজার হচ্ছেন নিরঞ্জন বেরা এবং সেক্রেটারী হচ্ছে সন্ন্যাসী চরণ সেনাপতি। এরা উভয়ে মিলে ৯ হাজার ৭৮১ টাকা ৮৮ পয়সা তছরূপ করেছেন। এছাড়াও সোসাইটির য় সমস্ত সদস্য আছেন , তাদের কাছ থেকেও বিনা রসিদে অনেক টাকা পয়সা নিয়েছেন। এর ফলে এ. আর. সি. এস. এটা অডিট করার পরে ঐ সেক্রেটারী এবং ম্যানেজারের বিরুদ্ধে কেস করার কথা বলেছেন। ব্যাঙ্ক ম্যানেজার খানাকুল পি. এস. এ. এফ. আই. আর. করেছেন, কিন্তু এখন পর্যন্ত ঐ সেক্রেটারী এবং ম্যানেজারের বিরুদ্ধে কোন রকম আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে না ঐ ম্যানেজার এবং সম্পাদক যাতে উপযুক্ত শাস্তি পান তার জন্য আমি বিভাগীয় সমবায়মন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ কবছি। পরিশেষে এই কথা বলা বাহুল্য যে, ঐ সম্পাদক এবং ম্যানেজার হচ্ছেন ওখানকার কংগ্রেসী মহলের হোমড়া চোমড়া ব্যক্তি। আমি এই ব্যাপারে আপনার কাছে একটা সার্টিফায়েড কপি প্রডিউস করছি উপযুক্ত ব্যবস্থা নেবার জন্য।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায়** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন সমস্ত পশ্চিমবঙ্গ বাসীর একটা অত্যন্ত গর্বের বস্তু হচ্ছে কলকাতার আলিপুরের জাতীয় গ্রন্থাগার। কিছুদিন আগে একটা উদ্বেগজনক সংবাদ হাউসের কাছে শুনেছিলাম এই বিষয়ে এবং আমরা সংবাদপত্রে পড়েছিলাম এর রেফারেন্স সেকসান কলকাতা থেকে দিল্লীতে সরিয়ে নিয়ে যাবার চেষ্টা হচ্ছে। গত ১লা মে তারিখে স্টেটসম্যান পত্রিকার একটি উদ্বেগজন্য সংবাদ বেরিয়েছে। সেখানে বলা হচ্ছে, ন্যাশানাল লাইব্রেরী ফাস্ট টু স্লপ নিউ বিল্ডিং প্ল্যান। আগেকার কেন্দ্রীয় সরকারের আমলে এই বিলডিং প্ল্যান স্যাংশান্ড হয়েছিল, রিপেয়ারের কাজ শুরু হবে ঠিক হয়েছিল। বর্তমান [illegible] জানাচ্ছেন সংবাদপত্রের রিপোর্ট অনুযায়ী যে, সেই আইডিয়া ড্রপ করাতে বলা হয়েছে। সেখানে বলা হচ্ছে,

"Many books had now to be stacked down in arbitrary fashion

for lack of space. Moreover, new l books could not be made available to the readers in a year after their publication. The sources pointed out that no new books published after July, 1983 had been made ready to the new readers."

এবং সেই সমস্ত মূল্যবান ডকুমেন্টস, আন্তর্জাতিক ডকুমেন্টসগুলি ষ্ট্যাকড্ ডাউন করে রাখা হয়েছে। ওখানে প্রচণ্ড স্থানাভাব রয়েছে। এত বড় একটা গর্বের প্রতিষ্ঠানে বহু মানুষ গবেষণার জন্য যান। আগেকার টাইমে যেটা অনুমোদিত হয়েছিল কোন উদ্দেশ্য নিয়ে আবার সেই বিল্ডিং প্ল্যান ড্রপ করার নির্দেশ আসছে উপর থেকে অবিলম্বে এটা জানার জন্য বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করা উচিত এবং আমাদের এই গর্বের বস্তুটিকে রক্ষা করার ব্যবস্থা করা উচিত।

**শ্রী মাধবেন্দু মোহান্ত :** মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় কৃষি মন্ত্রী এবং সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলায় বর্তমানে প্রচণ্ড অনাবৃষ্টি চলছে। আজ বৈশাখের ২০ তারিখ হয়ে গেল এক ফোঁটা বৃষ্টি নেই। নদীয়ায় আউস, পাটের চাষ হয়, বোরো চাষও অবশ্য এখন কিছু কিছু হচ্ছে। এখনো পর্যন্ত সেই রকম কোন বৃষ্টি সম্ভাবনা নদীয়া জেলায় দেখা যাচ্ছে না। আকাশে মেঘ উঠঠে উঠছে, কিন্তু বৃষ্টি হচ্ছে না। ফলে যে সমস্ত ফসল মাঠে আছে, বিশেষ করে শাক-সব্জীর দারুণ ক্ষতি হচ্ছে। জলের স্তরনেমেগেছে। ফলে আগামী দিনে মানুষ একটা দারুণ অসুবিধার মধ্যে পড়বে বলে তাঁরা আতঙ্কিত হয়ে পড়ছেন। এই অবস্থায় সেখানে পানীয় জলের দারুণ অভাব দেখা দিয়েছে। এই বিষয়ে অবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি সরকারেরর দৃষ্টি আকষণ করছি।

**শ্রী নিরঞ্জন মুখার্জী :** স্যার, আমি এই বিধানসভার সদস্যদের কাছে আপনার মাধ্যমে একটি মানবিক আবেদন রাখছি। স্যার, আপনি জানেন পৃথিবীর মধ্যে ভারতবর্ষে সবচেয়ে বেশী অন্ধজন বাস করেন এবং এখানে প্রায় ৮০।৯০ লক্ষ অন্ধ আছেন। শতকরা ৩০।৪০ ভাগ অন্ধত্বের কারণ হচ্ছে চোখের কর্ণিয়ার রোগ ওবং চোখের মণির উপর সাদা কাঁচের মত অংশে এই রোগ দেখা দেয়। আমাদের এই পশ্চিমবাংলায় কর্ণিয়া রোগে আক্রান্ত প্রায় ২০।২৫ হাজার শিশু আছে।

**[1.50—2.00 p.m.]**

এদের অন্ধত্ব থেকে মুক্ত করা যায় যদি কোন ব্যক্তির চোখ থেকে কাঁচের মতো ঐ যে কর্ণিয়াটি আছে তা তুলে এনে ঐ অন্ধ ব্যক্তি চোখ লাগিয়ে দেওয়া যায়। স্যার এই পশ্চিমবাংলায় বিধানসভায় ১৯৬৫ সালে এ সম্পর্কে একটি আইন পাশ হয়েছিল। এবং তারপরে ১৯৮০ সালে পিটিশান কমিটির সুপারিশে সেই আইনটি সংশোধিত হয়েছিল। তার ভিত্তিতে কোন মৃত ব্যক্তির চোখ তার মৃত্যুর ২ দু-ঘন্টার মধ্যে তুলে এনে বা ঐ চোখের মণি বা কর্ণিয়াটি তুলে এনে যদি ৭২ ঘন্টার মধ্যে অন্ধের চোখে লাগিয়ে দেওয়া যায় তাহলে তার অন্ধত্ব দূর হয়ে সে চোখে দেখতে পাবে এ সম্পর্কে আইন হয়। সেই আইনটি কিন্তু স্যার ভালভাব কার্যকরী হয়নি। সুখের কথা আমাদের প্রয়াত প্রধানমন্ত্রী এ ব্যাপারে তাঁর চোখ উৎসর্গ করেছিলেন এবং মাননীয় মুখ্যমন্ত্রীও তাঁর মৃত্যুর পর তাঁর চোখ দান করবেন এই রকম লিখে দিয়েছেন। স্যার, স্যার, এ ব্যাপারে বিধানসভার মাননীয় সদস্যরা যদি

ব্যক্তিগতভাবে উদ্যোগ নিয়ে সম্মিলিতভাবে প্রয়াস চালিয়ে এই মহান কাজে মানুষকে উদ্বুদ্ধ করেন তাহলে এর ফল আরো ভাল হতে পারে। পরিশেষে আমি আবার বলব, আমাদের দেশের ৮০।৯০ লক্ষ অন্ধ মানুষের জন্য চোখ দানের মহান কাজে আমরা যদি উদ্যোগ নিই, তাহলে দেশের জন্য একটি মঙ্গলময় কাজের দৃষ্টান্ত আমরা স্থাপন করতে পারবো।

**শ্রী সাধন চট্টোপাধ্যায়** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বর্ত্তমান অধিবেশনে লিখিত উত্তরের জন্য প্রশ্নাবলীর ৭ নং তালিকার ১৭১ নং প্রশ্ন অনুমোদিত প্রশ্ন নং ৯৫৯, তার যা উত্তর দেওয়া হয়েছে তা অত্যন্ত বিভ্রান্তিকর। কৃষ্ণনগর শহরের ভবিষ্যত উন্নয়ন.....

**মিঃ স্পীকার** : মিঃ চট্টোপাধ্যায়, এটা এইভাবে মেনশানে তোলা যায় না। আপনি যদি চাইতেন তাহলে এ ব্যাপারে হাফ এ্যান আওয়ার ডিসকাসান চাইতে পারতেন। রুলসে সে প্রভিসান আছে। এটা মেনশানের সাবজেক্ট নয়।

I will take it up with the Minister Concerned.

**শ্রী আতাহার রহমান** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সভার এবং সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়দের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার মুর্শিদাবাদ জেলাতে গত ২৮ তারিখে বিকেলে দিকে প্রচণ্ড ঝড় হয়। এই ঝড়ের ফলে সেখানকার ৪।৫ টি থানার প্রচুর ঘর বাড়ী ভেঙে যায়। তা ছাড়া স্যার, এই ঝড়ের ফলে জলঙ্গী থানার ঝাউদিয়া বলে একটা গ্রামে আগুন লাগে এবং ঐ গ্রামের ২৫০-৩০০ টি পরিবারের বাড়ী-ঘর সমস্ত কিছু পুড়ে ছাই হয়ে যায়। সেখানে আগুনে পুড়ে তিন জন লোক মারা যান। এবং অনেক গবাদি পশু পুড়ে মারা যায়। স্যার, এমনিতেই প্রচণ্ড খরার জন্য ঐ অঞ্চলে প্রচণ্ড পানীয় জলের সংকট চলছে, তার উপর এই রকম একটি ভয়াবহ ঘটনা সেখানে ঘটে গিয়েছে। মাননীয় ত্রাণমন্ত্রীর কাছে আমার আবেদন, অবিলম্বে সেখানে ত্রাণ সামগ্রী পাঠিয়ে দুঃস্থ মানুষদের রক্ষা করবার ব্যবস্থা করুন এবং জলসরবরাহ দপ্তরের মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে অনুরোধ অবিলম্বে অঞ্চলে পানীয় জলসরবরাহের ব্যবস্থা করুন।

**শ্রী বনমালি দাস** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বধূ হত্যার একটি করুন কাহিনী নিবেদন করে তার প্রতি এই হাউসের এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আপনার মাধ্যমে আকৃষ্ট করছি। স্যার, আমার নির্বাচনী কেন্দ্র নানুরের মধ্যে পাকুড়হাস নামে একটি গ্রামে গত ৩০.৪.৮৫ তারিখে এই ঘটনাটি ঘটে। জয়নারায়ণ দত্ত নামে এক ব্যক্তি এবং তাঁর মা, জয়নারায়ণের বউ কল্পনা দাস দত্তকে সকাল থেকে মারধোর করে জখম করে এবং তাতে সে খুন হয়ে যায়। খুন হয়ে যাবার পর তার গলায় দড়ি বেঁধে ঘরের কড়িকাঠে ঝুলিয়ে দেয়। খবর পেয়ে কল্পনার মা নীলিমা দাস সেখানে যান এবং থানায় খবর দেন। খবর পেয়ে থানা থেকে মেয়েটির দেহ নিয়ে যাওয়া হয় পোষ্টমর্টেমের জন্য। কল্পনা দত্তের বিধবা মা নীলিমা দাস সম্পর্কে নানুর থানায় একটি ডাইরিও করেন। স্যার, তার করুন আবেদনের একটি কপি তিনি আমাকেও দিয়েছেন, আমি এটি আপনাকে দিচ্ছি মাননীয় মুখ্যমন্ত্রীকে দেবার জন্য এবং অনুরোধ করছি, এ সম্পর্কে সরকার যথাযথ ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী ধীরেন্দ্র নাথ সেন** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি আবেদন

মাননীয় সেচমন্ত্রীর কাছে রাখছি এবং এটা শীঘ্র মঞ্জুর করার জন্য অনুরোধ রাখছি। আমার আবেদন হচ্ছে - পশ্চিমবাংলার অন্যান্য জেলার মতো বীরভূম জেলাও খরায় ভুগছে। খরার ফলে সেখানে পুকুর, নদী, নালা ইত্যাদি শুকিয়ে গেছে। সেখানে স্বাভাবিক জলের উৎস প্রায় নেই বললেই চলে। এই অবস্থায় বীরভূমের অধিকাংশ নদীতে সেচের জন্য যে জল সংরক্ষিত করা হয়েছে যেমন ময়ূরাক্ষী ব্যারেজ, বৈধরা বাঁধ - ব্রাহ্মনী নদীর উপর দ্বারকা নদীর উপর। বর্তমানে আর সেচের জলের প্রয়োজন নেই। 'শাঁকরকাটা' বিল থেকে থেকে বোরো চাষে এত দিন জল দেওয়া হয়েছে, এখন সেখানে জলের প্রয়োজন শেষ হয়েছে এবং বীরভূমের 'লাঙ্গল হাটা' বিল থেকেও বর্তমানে আর সেচের জন্য জল ছাড়ার প্রয়োজন নেই। এই অবস্থায় বর্তমানে বীরভূম এবং বর্ধমান জেলার শহর এবং গ্রামের অধিবাসীদের জল-কষ্ট দূর করার জন্য ঐ সমস্ত বিলগুলির জল নদী পথে ছেড়ে দেবার জন্য আমি মাননীয় সেচ মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি।

**শ্রী অবিনাশ প্রামানিক** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের প্রতি সভার দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে - হুগলী ও বর্ধমান জেলার উপরদিয়ে 'সপ্তগ্রাম-কাটোয়া'রাস্তাটি স্বাধীনতার পরে কংগ্রেস আমলে তৈরী হয়েছিল। কিন্তু তখন ভবিষ্যতের চিন্তা না করে বাস এবং হালকা ধরণের লরী-টরি চলার উপযোগী করে করা হয়েছিল। বর্তমানে গৌরাঙ্গ সেতু তৈরী হয়ে যাবার পর ঐ রাস্তা দিয়ে ভারী লরি যাতায়াত করছে। যার জন্য রাস্তাটি সম্পূর্ণ বিধ্বস্ত হয়ে পড়েছে এবং প্রতি দিন বাস এবং লরী দুর্ঘটনায় পড়ছে। এমন কি ঐ রাস্তায় একদিনে ৬ জন মানুষ বাস দুর্ঘটনায় মারা গিয়াছে। বর্তমানে ঐ রাস্তাটি রিপেয়ার হচ্ছে। কিন্তু এমনভাবে রিপেয়ার হচ্ছে যে খোয়ার সঙ্গে পিচ প্রায় দেওয়া হচ্ছে না বলা যায়, ফলে দেওয়ার সঙ্গে সঙ্গেই খোয়া উঠে যাচ্ছে। এ বিষয়ে আমি ডিষ্ট্রিক্ট একজিকিউটিভ ইঞ্জিনিয়ারকে জিজ্ঞাসা করেছিলাম। তিনি আমাকে বলেছিলেন,'আমাদের ওভারসিয়ার বেশী নেই দেখাশোনা করবার, আপনারা একটু দেখুন'। এই অবস্থায় আমি বিষয়টির প্রতি মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং অনুরোধ করছি ঐ রাস্তাটি ভালোভাবে মেরামত করার জন্য। আমি আশা করছি ঐ রাস্তাটি যাতে ভালভাবে মেরামত করা হয় তার জন্য তিনি একটু দৃষ্টি দেবেন।

**[2.00—2.10 p.m.]**

**শ্রী শিবপ্রসাদ দোলুই** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার এলাকা বর্ধমান জেলার খণ্ডঘোষ থানার কেশবপুর থেকে খুদকুঁড়ি হেলথ সেন্টার পর্যন্ত এবং খুদকুঁড়ি হেলথ সেন্টার থেকে শাঁকারী গ্রাম পর্যন্ত যে রাস্তাটি আছে, সে রাস্তাটি বর্তমানে সম্পূর্ণ ভেঙ্গে গিয়েছে। ফলে এলাকার সাধারণ মানুষদের চলাচলের ক্ষেত্রে খুবই দূরবস্থার সৃষ্টি হয়েছে। এমনকি ঐ রাস্তা দিয়ে এ্যাম্বুলেন্স পর্যন্ত যাতায়াত করতে পারছে না। পি. ডাবলু. ডি'র পক্ষ থেকে রাস্তাটি মেরামত করার জন্য সার্ভে করা হয়েছে। কিন্তু মেরামতি ব্যবস্থাকে কার্যকরী করা হচ্ছে না। আগামী বর্ষার আগেই যাতে কার্যকরী করা যায় তার জন্য আমি আপনার মাধ্যমে বিষয়টির প্রতি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী রাইচরণ মাঝি** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে দিল্লীর কেন্দ্রীয় রেলমন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, প্রাক্তন

রেলমন্ত্রী এবং বর্তমান রেলমন্ত্রীর মধ্যে ঝগড়া হওয়ার ফলে গ্রামবাংলার সাধারণ মানুষরা আজ ভীষণভাবে বিপন্ন হয়ে পড়েছে। আমাদের প্রাক্তন রেলমন্ত্রী কিছু ট্রেণের সংখ্যা বাড়িয়েছিলেন, কিন্তু বর্তমান রেলমন্ত্রী যে কোন কারণেই হোক সেগুলি বাতিল করে দিয়েছেন। ফলে গ্রামবাংলার মানুষেরা যাতায়াতের ক্ষেত্রে প্রচণ্ড অসুবিধার সম্মুখীন হচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় রেলমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং তাঁকে অনুরোধ করছি যে, আহমেদপুর-কাটোয়া লাইনে ইতিপূর্বে যে ট্রেনগুলি চালান হয়েছিল সে গুলি আবার ভালভাবে চালাবার বন্দোবস্ত করুন।

**শ্রী সৈয়দ মহম্মদ মসী** : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, আপনি জানেন বর্তমান বছরের জন্য যে রেল বাজেট লোকসভায় পেশ করা হয়েছে সে বাজেটের মাধ্যমে সাংঘাতিকভাবে রেলের ভাড়া বাড়ানো হয়েছে। ভাড়া বাড়াবার সময়ে কংগ্রেস ভেবেছিল যে, এর দ্বারা মানুষের কিছু স্বাচ্ছন্দ্য বাড়বে। কিন্তু আমরা দেখলাম, বর্ধমান থেকে কাটোয়া রেলপথ যেটা মাত্র ৫৩ কিলোমিটার রাস্তা, যেখানে রেল চলাচল করতো সেখান থেকে দুটি ট্রেন বাতিল করা হয়েছে। সকাল ৬টার সময়ে কাটোয়া থেকে বর্ধমান যেটা যায় এবং সন্ধ্যা ৬টার পরে যেটা বর্ধমান থেকে কাটোয়া যায় সেই ট্রেন দুটি বাতিল করে দেওয়া হয়েছে। ফলে যাত্রী সাধারণের দুর্ভোগ হচ্ছে। আমি এই ব্যাপারে মাননীয় পরিবহন মন্ত্রীর মাধ্যমে কেন্দ্রীয় রেলমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং বিশেষ করে আমাদের জেলা থেকে নির্বাচিত মন্ত্রী যারা এখানে উপস্থিত আছেন মাননীয় মন্ত্রী শ্রীরামনারায়ণ গোস্বামী এবং মাননীয় মন্ত্রী শ্রী মহসুর হবিবুল্লাহ তাঁদের অনুরোধ করছি, তাঁরা যেন ইষ্টার্ণও রেলের জেনারেল ম্যানেজারের সঙ্গে এ ব্যাপারে কথাবার্তা বলে কার্যকরী ব্যবস্থা অবলম্বন করেন।

**শ্রী সুধাংশু শেখর মাঝি** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া জেলার মানবাজার বান্দোয়ান রাস্তার উপর দুটি ব্রীজের কাজ আরম্ভ হয়েছে বামফ্রন্ট সরকারের আমলে। এই দুটি ব্রীজের পিলারের কাজ কমপ্লিট হয়েছে। কিন্তু ঢালাই করার জন্য রড এবং সীমেন্ট এর অভাবে কাজ হয়েছ না। ঐ জায়গাটি একটি আনন্দদ্বীপ। কিন্তু ব্রীজ কমপ্লিট না হওয়ার জন্য যোগাযোগের অভাব দেখা দিয়েছে। কারণ একমাত্র এটাই হচ্ছে যোগাযোগের রাস্তা। সেইজন্য আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে যাতে রড এবং সিমেন্ট সরবরাহ করে উক্ত ব্রীজের ঢালাইয়ের কাজ আরম্ভ হয় তারজন্য আমি অনুরোধ জানাচ্ছি।

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন বাসন্তী থানার পার্বতীপুরের ঘটনায় মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় তদন্তকমিশনের নির্দেশ দিয়েছেন এবং সেই তদন্তের কাজ চলছে। গত ৩০ এপ্রিল সেখানে মারাত্মক ঘটনা ঘটেছে। ডি. এস.পি. — ক্রাইম এবং কংগ্রেস আই যৌথভাবে সেখানে মিছিল সংগঠিত করেছিলেন এবং তাঁরা সোনাখালিতে যেখানে তদন্ত কমিশন বসেছিল সেখানে মিছিল করে যায়। সেখানে ডি.এস.পি.— ক্রাইম এবং এবং পুলিশের কিছু লোক শ্লোগান দেয় জ্যোতিবসু মুর্দাবাদ, বামফ্রন্ট সরকার মুর্দাবাদ। এই শ্লোগান দিয়ে তাঁরা সেখানে হাজির হয়। এদের উদ্দেশ্য হচ্ছে, তদন্ত কমিশনের বাধা সৃষ্টি করা এবং স্থানীয় অঞ্চলে সন্ত্রাস সৃষ্টি করা। মাননীয় স্পীকার স্যার, আমাদের মাননীয় সদস্য শ্রী সুভাষ নসকর মহাশয় আজকে বলেছেন - আপনি শুনেছেন - সেখানে পুলিশ এমন অবস্থা সৃষ্টি করেছে, যা পুলিশের মধ্যে বিদ্রোহের অবস্থা তৈরী

করেছে। এর আগের বার বাসন্তীর ঘটনাকে কেন্দ্র করে বিধানসভায় পুলিশী অভিযান ঘটেছিল, এখন সেই ঘটনার পুনরাবৃত্তি হতে চলেছে। যেখানে এক মারাত্মক অবস্থা ঘটে চলেছে। গতকাল রাত্রিবেলা পুলিশ বাসন্তী থানা থেকে মিছিল করে মত্ত অবস্থায় শ্লোগান দেয় বামফ্রন্ট সরকার মুর্দাবাদ, জ্যোতি বসু মুর্দাবাদ। এই মারাত্মক অবস্থা যদি সেখানে চলে তাহলে সাধারণ মানুষ বিপন্ন বোধ করবে। বাসন্তীর মানুষ সেখানে অবস্থান করছেন, আন্দোলন করছেন। তাঁরা আশঙ্কা বোধ করছেন, পুলিশ সেখানে গুলি চালাতে পারে এবং মারাত্মক অবস্থার সৃষ্টি হতে পারে। এই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে অবিলম্বে হস্তক্ষেপ করতে হবে। ডি.এস.পি- ক্রাইমের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিতে হবে। নতুন ও.সি যিনি খুনের আসামীকে গ্রেপ্তার করেছিলেন ঐ ডি এস পি তাকে ছেড়ে দিয়েছেন। আমি এর বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানাচ্ছি। এবং আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি, অবিলম্বে এই ব্যাপারে হস্তক্ষেপ করে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের উল্লেখ করতে চাই। বিষয়টি হচ্ছে স্বাস্থ্য সহায়ক কর্মী ওয়েষ্ট বেঙ্গল ননমেডিকেল টেকনিক্যাল হেলথ এ্যাসিস্ট্যান্টস্ (ম্যালেরিয়া) এই স্বাস্থ্য সহায়ক কর্মীদের চাকুরিকালীন দৈর্ঘ্যটা প্রায় ৯।১০ বছর, এটা নষ্ট করে দেওয়া হয়েছে। গত ১৯৬১ সালের ক্যাডার রুলস অনুযায়ী এরা বি ক্যাডার কর্মচারী হিসাবে নিযুক্ত হয়েছিল। হঠাৎ ৬.২.৭০ তারিখে এদের এই বি ক্যাডার থেকে বহির্ভূত করা হয় এবং আবার ১.৪.৭০ তারিখে বি ক্যাডারভুক্ত করা হয়। এইভাবে তাদের ৯।১০ বছরের লেংথ অফ সার্ভিস সেটা কমিয়ে দেওয়া হয়েছে। এই অবিচারের বিরুদ্ধে তারা ১৯৮২ সালের আগষ্ট মাসে ৪.৮.৮২ তারিখে আমরণ অনশন করেছিলেন, এক দিন অনশন করার পর তাদের ন্যায়সংগত দাবী বিবেচনা করা হবে বলে হেলথ ডাইরেক্টর লিখিত প্রতিশ্রুতি দিয়েছিলেন, এবং তারা অনশন তুলে নিয়েছিল। কিন্তু ২ বছর হয়ে গেল এখন পর্যন্ত তাদের সেই ন্যায়সংগত দাবী সেই ৯।১০ বছরের লেংথ অফ সার্ভির্স নষ্ট হয়ে যাচ্ছে। এজন্য আমি স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, যেন তাদের সেই ন্যায় সংগত দাবী মেনে নেওয়া হয়।

**শ্রী সুভাষ গোস্বামী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েতের মাধ্যমে এখন গ্রামাঞ্চলে যে সমস্ত উন্নয়নমূলক কাজকর্ম চলছে বিশেষ করে এন. আর. ই. পি. আর. এল. ই. জি. পি. প্রকল্পে যে সমস্ত জলাধার সংস্কার, জোড়বাঁধ নির্মাণ হচ্ছে। টাকার অভাবে সে সমস্ত কাজ প্রায়ই ব্যহত হচ্ছে। সামনে বর্ষা আসছে, বর্ষার আগে যাতে এই সমস্ত কাজগুলি সম্পন্ন না হয় তাহলে অনেক ক্ষতি হবে। সেজন্য আমি বিভাগীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি যেন আসন্ন বর্ষার পূর্বে ব্যবস্থা গ্রহণ করে এই সমসত কাজগুলি সম্পন্ন করার জন্য ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রী কুমুদরঞ্জন বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।আমি বলতে চাই যে, গ্রামে বৈদ্যুতিকরণ এই যে প্রকল্পে বহু গ্রামে বৈদ্যুতিকরণ হয়েছে। আমাদের সুন্দরবন এলাকায় বিশেষ করে সন্দেশখালি, সোণাখালি প্রভৃতি জায়গায় এখন বিদ্যুৎ যায় নি, সেজন্য আমি বিদ্যুৎ মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি ঐ সমস্ত এলাকায় ডিপ টিউব ওয়েল নেই, শ্যালো বসেছে, শ্যালোর জলে দু ফসল ফলে কিন্তু খরচ অত্যন্ত বেশী। পাম্প সেটের সাহায্যে এইসব শ্যালো পরিচালিত হয়, বিদ্যুতের অভাবে এই সমস্ত শ্যালো পরিচালিত হতে পারে না। আমরা আশা করি যে বৈদ্যুতিকরণ করলে এখানে দুফসল হবার সম্ভাবনা বেশী । তাছাড়া

এখানে কয়েকটি গঞ্জও গড়ে উঠেছে, কালীনগর, ন্যাজাট এই সমস্ত জায়গায় বিদ্যুতের খুবই প্রয়োজন। হাসানাবাদ থেকে ন্যাজাট পর্যন্ত বিদ্যুতের প্রয়োজন হয়েছে। তাই আমি মাননীয় বিদ্যুৎমন্ত্রীমহাশয়ের কাছে অনুরোধ জানাচ্ছি যেন ঐসব অঞ্চলে বৈদ্যুতিকরণের ব্যবস্থা করা হয়।

**শ্রী প্রবোধ পুরকায়েত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একজন প্রাইমারী শিক্ষকের করুন কাহিনী আপনার কাছে তুলে ধরতে চাই। ২৪ পরগণ্যা জেলার স্কুল বোর্ড, সার্কেল জয়নগর, সেই জয়নগরের অধীন খেজুরতলা অবৈতনিক প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক মান্যবর সর্দার, তাঁর আজ আড়াই বছর ধরে বেতন বন্ধ। ঘটনা হল ঐ খেজুরতলা অবৈতনিক প্রাথমিক বিদ্যালয়ের স্থান পরিবর্তনকে কেন্দ্র করে স্থানীয় কিছু প্রভাবশালী ব্যক্তির চক্রান্তে আজকে সেই স্কুলের প্রধান শিক্ষক মহাশয় ঢুকতে পারছেন না। তাঁর উপর যথেচ্ছ আক্রমণ হয়েছে এবং তিনি এর প্রতিকারের জন্য জেলা স্কুল বোর্ডে শিক্ষা দপ্তরের বিভিন্ন বিভাগে জানিয়েছিলেন শেষে কিন্তু কোন প্রতিকার না পাওয়ায় এবং দীর্ঘদিন ধরে তাঁর বেতন বন্ধ থাকার ফলে পর্যন্ত মহামান্য হাইকোর্টের শরণাপন্ন হন। জাস্টিস অজিত কুমার সেনগুপ্ত সেপ্টেম্বর মাসের গত ১৯.৬.৮৪ তারিখে তাঁর সমস্ত বেতন পরিশোধ করার জন্য বোর্ডকে নির্দেশ দিয়েছেন।

**[2.10—2.20 p.m.]**

কিন্তু কোন এক অদৃশ্য হাতের ইঙ্গিতে আজ পর্যন্ত তাঁকে বেতন দেওয়া হচ্ছে না। ঐ মাননীয় স্কুলবোর্ড শিক্ষমন্ত্রী, মুখ্যমন্ত্রী, শিক্ষাসচিব, এমন কি আপনার কাছেও আবেদন দিয়ে জানিয়েছিলেন তাঁকে যেন হাইকোর্টের নির্দেশ অনুযায়ী অবিলম্বে বেতন দেওয়া হয়। আজকে তিনি আড়াই বছর ধরে বেতন না পাবার ফলে না খেয়ে মারা পড়বার অবস্থায় এসে দাঁড়িয়েছেন। সেইজন্য খেজুরতলা অবৈতনিক প্রাথমিক বিদ্যালয়ের উক্ত প্রধান শিক্ষক যাতে হাইকোর্টের নির্দেশ অনুযায়ী বেতন পান সেইমত ব্যবস্থা গ্রহণ করতে আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি।

**শ্রী সুন্দর হাজরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হলো - আমার শালবনী ব্লকে বর্তমানে প্রচণ্ডভাবে পানীয় জলের অভাব দেখা দিয়েছে। সেখানে পানীয় জলের উৎস - পুকুর, নলকূপ, কুয়ো - সবকিছুই প্রায় শুকিয়ে গেছে। কুয়োর জল ৭০।৮০ ফুট নেমে গেছে। এমন কি, পারা এবং তমাল নদীর জলও শুকিয়ে যাওয়ায় গবাদি পশুর ক্ষেত্রেও পানীয় জলের সমস্যা দেখা দিয়েছে। টিউবওয়েল করবার ব্যাপারে আমরা কিছু লিষ্ট দিয়েছিলাম, সেইমত মেদিনীপুর ব্লকে এবং অন্যান্য কিছু ব্লকে কিছু কিছু টিউবওয়েল হয়েছে, কিন্তু আমার শালবনী ব্লকে কিছুই হয়নি। কাজেই অবিলম্বে যাতে নতুন কল বসিয়ে, পুরণো কলগুলি সারিয়ে দিয়ে এবং কুয়োগুলি ঝালাই করিয়ে পানীয় জলের ব্যবস্থা করা হয় তারজন্য আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী যোগেন্দ্রনাথ সিংহরায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হলো - জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ার ১ নং পঞ্চায়েত সমিতির অফিস-গৃহ আজ থেকে তিন বছর আগে চিহ্নিত করা হয়েছে। কিন্তু আলিপুরদুয়ার মিউনিসিপ্যালিটি থেকে পঞ্চায়েত সমিতির অফিস এই দীর্ঘ তিন বছরের মধ্যে স্থানান্তরিত হোল না। ঐ অফিসেরই কিছু সংখ্যক কর্মচারীর নানা রকম ষড়যন্ত্রের ফলে অফিসটা

স্থানান্তরিত হচ্ছে না। ইতিমধ্যে জলপাইগুড়ি জেলা পরিষদ ঐ পঞ্চায়েত সমিতির অফিস স্থানান্তরিত করবার জন্য ৫০ হাজার টাকা দিয়েছে, কিন্তু ঐসব ষড়যন্ত্রের জন্য স্থানান্তর করা সম্ভব হচ্ছে না। সেইজন্য আপনার মাধ্যমে পঞ্চায়েত মন্ত্রী মহাশয়কে ঐ অফিসটিকে নবনির্মিত স্থানে সিপ্টিংয়ের বিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করছি।

**শ্রী দেওকীনন্দন পোদ্দার** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বড়বাজার এলাকায়, বিশেষ করে সেখানকার বস্তি অঞ্চলগুলিতে বর্তমানে পাণীয় জলের খুবই অভাব চলছে। এ ব্যাপারে ইতিপূর্বে মাননীয় পৌরমন্ত্রীকে আমি কয়েকবার লিখিতভাবে জানিয়েছি এবং মন্ত্রী মহাশয়ও আমাকে লিখে জানিয়েছেন "আমি জল সরবরাহ বিভাগকে আদেশ দিয়েছি, যেখানেই পানীয় জলের অভাব দেখা দেবে সেখানে জল সরবরাহ করা হবে, জলের লাইন বসানো হবে বা নতুন টিউব ওয়েল বসানো হবে"। কিন্তু দুঃখের বিষয়, একটি জায়গাতেও জলের পাইপ লাইন বা নতুন টিউবওয়েল বসানো হয়নি। আপনার মাধ্যমে আমি পুনরায় তাঁর কাছে অনুরোধ রাখছি, মানুষজন বাঁচাতে অবিলম্বে সেখানে পাণীয় জলের ব্যবস্থা করা হোক।

**শ্রী অপরাজিতা গোপ্পী** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইতিপূর্বে এই বিধানসভায় কুচবিহারে কুষ্ঠরোগী সম্পর্কে সতর্ক করেদিয়েছিলাম। বাঁকুড়া, পুরুলিয়া এবং কুচবিহারে কুষ্ঠ রোগের এমন ব্যাপকতা লক্ষ্য করা যাচ্ছে যাতে আমরা উদ্বিগ্ন। গত মন্ত্রীসভায় এই ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করার ফলে একটা তদন্ত হয় এবং সেই তদন্তের সাপেক্ষে সেখানে একটা কুষ্ঠ রোগ নিরাময়ের হাসপাতাল নির্মিত হয়। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি যে এই কুষ্ঠ হাসপাতালটি আজ পর্যন্ত চালু করা হয়নি। এবং উদ্বোধন করা হয় নি। আমি গত মাসে এই ব্যাপারে ডি. এম. ও.র সাথে দেখা করে এসেছিলাম। রাষ্ট্রমন্ত্রী শিবেন চৌধরীর কাছে আমরা জানতে চেয়েছিলাম কেন এই হাসপাতাল চালু করা হয় নি। তিনি আমাদের জানান যে বাউণ্ডারী ওয়াল না দেওয়ায় স্থানীয় জনসাধারণ বাধা দেওয়ার জন্য নাকি এই হাসপাতাল চালু করা যাচ্ছে না। তিনি যে রিপোর্ট দিয়েছেন সেই রিপোর্টে সত্যতা আমরা জানি না। কিন্তু এই রোগের প্রাদুর্ভাবে জনসাধারণের মধ্যে হতাশা এবং ক্ষোভ দেখা দিয়েছে। সেই জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে বলতে চাই আপনি ঘটনাটা তদন্ত করুন। যদি সত্যই এটা হয়ে থাকে যে বাউণ্ডারী ওয়াল না দেওয়ার জন্য এই কুষ্ঠ হাসপাতালটি চালু করা যাচ্ছে না তাহলে ইমিডিয়েট যাতে বাউণ্ডারী ওয়াল দেওয়া সম্ভব হয় তার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি। তিনি যেন তদন্ত করে এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করেন তার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

**[illegible] নিয়োগী** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৭ই এপ্রিল হুগলী জেলার পোলবা থানার অন্তর্গত সিঙ্গি বোর্ডে একটি বি. সি. সি. এল-এর লরি ছিনতাই হয়। লরিটির নাম্বার হচ্ছে বি. এইচ. জি - ৪৩১। এই লরি ছিনতাই করে লরির ড্রাইভার এবং তার একটা কিশোর ছেলেকে এবং তার সহকারীকে একটা বাসের মালিক জোর করে তুলে নিয়ে যায় এবং খুন করে। গত রবিবার সেখানকার পুলিশ সাহসিকতার সহিত দুষ্কৃতকারীকে ধরেছে এবং বাসের মালিককে গ্রেপ্তার করেছে।

গ্রামের জেলেরা যখন পুকুরে মাছ ধরছিল তখন পুকুরে ছোরা, বল্লম, জামা, ইত্যাদি পেয়েছে। এই লরিটি ভদ্রেশ্বরে পাওয়া গেছে। এই দিল্লি রোডটা সমাজবিরোধীদের একটা বিরাট জায়গা হয়েছে এবং এর পেছনে অনেক রাঘব বোয়াল আছে। বাসের মালিক অশোক ঘোষ একজন কংগ্রেস কর্মী। ৩ বছর আগে এই জায়গাতে এইরকম ভাবে লরি ছিনতাই হয়েছিল। এবং খুন হয়েছিল। আমার বক্তব্য হচ্ছে এই কেসটাকে ধামা চাপা দেওয়ার জন্য প্রভাবশালী মহল থেকে চেষ্টা করা হচ্ছে। সেই কারণে আমি স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে দাবী জানাচ্ছি যাতে রাজ্য স্তর থেকে গোয়েন্দা পুলিশ পাঠিয়ে তদন্ত করে এর ভেতরে যে সমস্ত রাঘববোয়াল আছে, সে সমস্ত সমাজবিরোধী আছে এবং যারা চুরি ডাকাতি করছে তাদের গ্রেপ্তার করা হোক।

**শ্রী কমল সরকার** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে কাগজে বেরিয়েছে এবং যে কথাটা আমরা বেশ কিছুদিন ধরে আশংকা করেছিলাম যে চট কলের উপর ব্যপক ভাবে আক্রমণ চলছে। এই আক্রমণের পেছনে একচেটিয়া পুঁজিপতিদের হাত আছে। এটা আমরা আগেই বলেছিলাম এবং সেটা আজকে কাগজে বেরিয়েছে। আই. জে. এম. এর চেয়ারম্যান ঘোষনা করেছেন যে চটকলে ৪০ পারসেন্ট শ্রমিক কমিয়ে দেবেন। এটা একটা ভয়াবহ কথা এবং এর স্বীকৃতি আগে ছিল না একটার পর একটা চটকল বন্ধ হয়ে যাচ্ছে। আমি এবং সুব্রতবাবু এই হাউসের অন্যান্য সদস্যদের দৃষ্টি আকর্ষণ করেছি এবং আমরা যে কথা বলেছিলাম সেটা অনেক বেশী বলছি বলে মনে হয়েছিল। সুখের কথা আই. এন. টি. ইউ. সি. এবং সি. আই. টি. ইউ. এবং কন্ট্রোল ট্রেড ইউনিয়ান একত্র হয়ে ঠিক করেছি ১৭ই মে এক দিনে প্রতিক ধর্মঘট করে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করবো। আমরা ঠিক করেছি ১৭ই মে ধর্মঘট করার পরে দিল্লি যাবে সমস্ত ট্রেড ইউনিয়নের পক্ষ থেকে, শ্রমিকদের পক্ষ থেকে। এই ভয়াবহ অবস্থার কথা বিস্তারিত ভাবে টেলিগ্রাফ পত্রিকা ছেপেছে এবং সেখানে তারা আই.জে. এম. এর বিবৃতি ছেপেছে, কোন কিছু লুকোয়নি। তাঁরা বলেছেন যে তাঁত বিভাগকে আধুনিকীকরণ করবেন। আপনরা জানেন যে এই আধুনিকীকরণের নাম করে লক্ষ লক্ষ টাকা কোটি কোটি টাকা বারংবার চটকলের মালিকরা, রাঘববোয়ালেরা নিয়ে নিয়েছে। কিন্তু এই বিষয়ে কিছু করেন নি। এইভাবে শ্রমিকদের উপর খড়্গ নামিয়ে এনেছে। বলা হয়ে ৪০ পারসেন্ট শ্রমিককে ছাঁটাই করা হবে। এখানে ২ লক্ষ শ্রমিক কাজ করে, তার মানে এখান থেকে প্রায় অধিকাংশ শ্রমিক ছাঁটাই হয়ে যাবে।

**[2.20—2.30 p.m.]**

এই যে অবস্থা আজ চটকলে সৃষ্টি হয়েছে, এর প্রতি আমি আপনার, এই হাউসের সকল সদস্যদের এবং দেশবাসীর দৃষ্টি আকর্ষণ করছি। আগামী ১৭ই মে তারিখে আমরা যে ধর্মঘট করতে চলেছি আশাকরি, সেই ধর্মঘটের পেছনে সমস্ত পশ্চিমবাংলা এবং ভারতবাসীর সমর্থন পাবো।

**শ্রী সেখ ইমাজুদ্দিন** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই সভায় একটি মর্মান্তিক এবং গুরুত্বপূর্ণ বিষয়ের উল্লেখ করছি। আমাদের এই বিধানসভার সদস্য, মাননীয় লুৎফল হক সাহেব ১৯৭১ সালে নভেম্বর মাসে শিক্ষকতার চাকুরী থেকে রিটায়ার করেছেন। তিনি জঙ্গীপুর হাইস্কুলে শিক্ষকতা করতেন। আজ পর্যন্ত তিনি কোন রিটায়ারমেন্ট বেনিফিট পাননি। ৭ বছর ধরে তার পেনসন কেস পড়ে আছে। রিটায়ার করার পর এক সময়ে তাঁর পেনসনের কাগজপত্র পুড়ে গিয়েছিল বলে শোনা গিয়েছিল। যাই হোক তিনি আজ পর্যন্ত তাঁর পেনসনের টাকা বা কোন টাকাই পাননি। এমন কি

পেনসনের জন্য কোন কিছুই মঞ্জুর হয়নি। তাঁর বয়স বর্তমানে ৭১ বৎসর। তিনি আশঙ্কা করছেন জীবদ্দশায় বোধহয় তিনি পেনসনের কোন টাকাই পাবেন না। তিনি এই ব্যাপারে বিশেষভাবে আশঙ্কিত হয়ে পড়েছেন। অবিলম্বে শিক্ষা দপ্তর থেকে যাতে তাঁর পেনসনের টাকা মঞ্জুরের ব্যবস্থা হয় এবং যথারীতি যাতে তিনি টাকা পেতে পারেন, সেই মর্মে আমি মাননীয় শিক্ষা মন্ত্রীমহাশয়ের হস্তক্ষেপ দাবী করছি।

**মিঃ স্পীকার :** আমাদের অনারেব্‌ল মেম্বার মিঃ লুৎফল হক একজন স্কুল টিচার ছিলেন বলে মাননীয় সদস্য বলছেন। তিনি ১৯৭১ সালে রিটায়ার করেছেন অথচ পেনসনের কোন টাকা পয়সা পাননি। মাননীয় শিক্ষা মন্ত্রীমহাশয়কে এই বিষয়ে দেখাব জন্য উনি দাবী করছেন। বিষয়টি দেখবেন।

## Laving of Rules

## The Calcutta Municipal Corporation (Vital Statistics) Rules, 1985.

**Shri Patit Paban Pathak :** Sir, with your permission, I beg to lay the Calcutta Municipal Corporation (Vital Statistics) Rules, 1985, published in the notification No. 218/C-4/M3R-14/83, 28th March, 1985.

## Private Members' Business.

(Resolutions Under Rule 166)

**Mr. Speaker :** I now request Shri Madhabendu Mohanta to move his motion.

**শ্রী মাধবেন্দু মোহান্ত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার প্রস্তাব মুভ করছি - যেহেতু শিয়ালদহ সেকসানের নদীয়া জেলার কৃষ্ণনগর জংশন ষ্টেশানের পর উক্ত জেলার চাপড়া, তেহট্ট, করিমপুর এবং মুর্শিদাবাদ জেলার জলঙ্গী, ডোমকল, ইসলামপুর প্রভৃতি গঞ্জ হইয়া বহরমপুর রেল ষ্টেশন ও নশীপুর ষ্টেশন এবং জিয়াগঞ্জ স্টেশনের মধ্যবর্তী রেলে নিজস্ব জমি দিয়া হাওড়া লাইনের আজিমগঞ্জ জংশন পর্যন্ত প্রায় দুই শতাধিক কিলোমিটার এলাকায় কোনও রেলপথ নাই;

যেহেতু এই দুই জেলার উল্লিখিত এলাকাগুলি প্রধান অর্থকরী এবং বৈদেশিক মুদ্রা অর্জনকারী ফসল পাট উৎপাদনকারী অঞ্চল রূপে প্রসিদ্ধ;

যেহেতু এই এলাকায় উৎপাদিত রবিশষ্য, পান, কলা, আখ প্রভৃতি জেলা দুটির বাহিরেও চালান যায়;

যেহেতু দেশভাগের পর পূর্ব পাকিস্তান (বর্তমানে বাংলাদেশ) হইতে আগত বিপুলসংখ্যক উদ্বাস্তু এই এলাকায় বসবাস করায় বর্তমানে জনসংখ্যা বহুগুণ বাড়িয়া গিয়াছে;

যেহেতু এই রেলপথ স্থাপন দুই জেলার সর্ব দলমত ও পেশার মানুষের সাধারণ দাবীতে

রূপান্তরিত হয়েছে;

অতএব এই সভা উক্ত স্থানগুলি দিয়া ব্রডগেজ রেলপথ দ্রুত নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য রাজ্য সরকারের মাধ্যমে ভারত সরকারকে অনুরোধ জানাচ্ছে। এই প্রস্তাব রাখতে গিয়ে আমি কয়েকটি কথা বলব। যে প্রস্তাবটি রাখলাম, এই প্রস্তাবটি সর্বস্তরের সাধারণ মানুষের একটি দীর্ঘদিনের দাবী বলা যেতে পারে। অর্ধ শতাব্দী কাল ধরে নদীয়া ও মুর্শিদাবাদ জেলা অবহেলিত হয়ে আসছে। এই দুটি জেলা জনবহুল এলাকা বলে চিহ্নিত। এই এলাকায় এখানকার সাধারণ মানুষ রেল পথের দাবীতে সোচ্চার হয়ে উঠেছিলেন আজ থেকে অনেকদিন আগেই।

ডঃ নলিনাক্ষ সান্যাল ওই সময়ে রেলওয়ে বোর্ডের মেম্বার ছিলেন। তিনি ওই এলাকার লোক ছিলেন বলে এই বিষয়ে খুব উদ্যোগ নিয়েছিলেন। অভিভক্ত নদীয় মেহেরপুর এবং করিমপুরের সঙ্গে যুক্ত ছিল। ওইসব এলাকায় করিমপুর এবং তেহট্টে মধ্যে যাতে রেলপথ করা যায় তারজন্য অনেকগুলো সংগঠন করার চেষ্টাও করেছিলেন। ওইসময়ে আমি ছিলাম সেই কমিটির কনভেনার। স্বাধীনোত্তর যুগে লোকসভায় এবং বিধানসভায় বিভিন্ন সময়ে এই প্রস্তাব নিয়ে আলোচনা হয়েছিল। বিভিন্ন গণ সংগঠন এই বিষয় নিয়ে আলোচনা করেছিলেন এবং এই নিয়ে দাবীও তুলেছিলেন। সেইজন্য এমন একটি এমপর্টেন্ট প্রস্তাবকে হাউসের বিবেচনা করার জন্য অনুরোধ করছি। বর্তমানে নদীয়া জেলা খণ্ডিত হয়ে গেছে - এর আর্দ্ধেক বাংলা দেশে চলে গেছে। আগে এখানে ১৬লক্ষ লোক বাস করতো এখন প্রায় ৩ লক্ষ লোক বাস করছে। যেহেতু এখানে বিভিন্ন ফসল হচ্ছে এবং মানুষের সাংস্কৃতিক জীবনে অগ্রগতি ঘটেছে সেইজন্য আজকে এখানে রেলপথ নির্মাণের প্রস্তাবটি হাউসের সামনে রাখছি।

**Mr. Speaker :** Dr. Zainal Abedin, what is your point of order?

**Dr. Zainal Abedin :** Mr. Speaker, Sir, a resolution has been admitted by you and we have no objection to the spirit of the resolution. Rather we gave an amendment and you have been pleased to admit it. All resolutions are governed by rule 170 of the Rules of procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. But, Sir, the subject now under discussion happens to be a subject of the Central Government and Lok Sabha, the House of the People is the proper forum for discussion of such resolutions. Sir, even in House of the People, Lok Sabha such resolutions have not been admitted by the Presiding Officers. In this connection I refer to page 552 of Kaul and Shakdher, Vol. 2 "Resolutions, inter-alia on the following subjects have been disallowed".

Severence of diplomatic relations in normal peace time, amendments to the rules; events in another country; taxation measures; amendments of the Constitution; suggesting actions hostile to friend-

ly countries; appointment of Committee to examine the conventions developed in the two Houses of Parliament and State Legislatures since the Commencement of the Constitution; construction of new Railway lines, restoration of lines dismantled during the war, conversion of metre gauge into broad gauge lines, changes in the zonal set-up of Railways and the like, which are primarily of local interest; calling upon the Government to set aside Assembly elections; and enforcement of party discipline."

Sir, if such resolutions have been disallowed in the Parliament and the Central Government is the Proper authority for such action, for implementation of such resolutions and such recommendations, then this type of resolution has no scope for discussion on the floor of this August House. This is my submission.

Sir, Shri Biren Roy is anxious to intervene in the discussion and you can give him the opportunity for that. After all, this type of resolution has been discussed but objection should be listened to and I stick to my point on the subject that the resolution as tabled by Shri Madhabendu Mahata cannot be discussed here.

**Mr. Speaker** : Dr. Abedin, I have gone through the reference which you have mentioned. Lok Sabha has not allowed discussion on conversion of Railway lines because it is purely of local interest. As it concern to the interest of States, it should not be discussed in the Lok Sabha.

**[2.30—2.40 p.m.]**

**Dr. Zainal Abedin** : Sir, I have said that with the spirit of the contents of the resolution we have no objection. But it is not the form to discuss this resolution

**Mr. Speaker** : Dr. Abedin, what you just now read out from the book of Kaul and Shakdher regarding conversion of metre gauge rail lines into broad gauge rail lines primarily of local interest and because it is of local interest Lok Sabha has not discussed that. They thought that it should be discussed in the State Assemblies and not in the Lok Sabha. So, your point is not valid. I rule it out.

Now, there are amendments to this resolution by Dr. Zainal Abedin, Shri Birendra Narayan Ray and Shri Kashinath Misra. The members are requested to move the amendments.

**Dr. Zainal Abedin :** Sir, I beg to move (Amendments No. 1) that—

শেষ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নলিখিত অনুচ্ছেদটি বসানো হউক ঃ-

"অতএব এই সভা উক্ত স্থানগুলি দিয়া এবং এই পশ্চিমবঙ্গের অন্যান্য অঞ্চলে যে সমস্ত রেলপ্রকল্প ঘোষণা করা হয়েছে এবং কোথাও কোথাও কিছু কিছু কাজও শুরু হয়েছে সে সমস্ত রেলপথগুলি নির্মাণের জন্য রাজ্য সবকারের মাধ্যমে ভারত সরকারকে অনুরোধ জানাচ্ছে।"

**Shri, Birendra Narayan Roy :** Sir, I beg to move (Amendments NO. 2 ) that—

(১) প্রথম অনুচ্ছেদের প্রথম লাইনে "শিয়ালদহ" শব্দটির পর "লালগোলা' শব্দটি যোগ করা হউক।

(২) তৃতীয় অনুচ্ছেদের প্রথম লাইনে, "রবিশস্য" শব্দটির পর "আম, জাম, কাঁঠাল, লিচু' শব্দগুলি এবং "আখ" শব্দটির পর "নানা প্রকার শাকসব্জি ও মূল" শব্দগুলি বসানো হউক;

(৩) পঞ্চম অনুচ্ছেদে, প্রথম লাইনে, "মানুষের সাধারণ" শব্দগুলির পরে "ও দীর্ঘদিনেব ন্যায্য" শব্দগুলি বসানো হোক।

**Shri Kashinath Misra :** Sir, I beg to move (Amendments NO.3) that—

ষষ্ঠ অনুচ্ছেদে, প্রথম লাইনে, "নির্মাণের" শব্দটির পব "এবং মাল পরিবহনের জন্য গুডস্ ট্রেন চলাচলের জন্য" কথাগুলি বসানো হউক।

**Mr. Spesker :** Now, I Call upom Shri Abdul Mannan.

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যিনি এই প্রস্তাবের উত্থাপক তিনি যে রাজনৈতিক দলের সদস্য হোন না কেন আমরা তার বিরোধী রাজনৈতিক দলের সদস্য হলেও জনস্বার্থে আমরা এই প্রস্তাবের মূল উদ্দেশ্যকে স্বাগত জানাই। সেই সঙ্গে আমরা তাকে অনুরোধ করবো শুধু মুর্শিদাবাদ ও নদীয়া লোকের রেল লাইনের দরকার তা নয় পশ্চিমবাংলার বিভিন্ন প্রান্তের মানুষের দাবী আবেদন আন্দোলনকে রক্ষা করতে গিয়ে কেন্দ্রীয় সরকারের পূর্ববর্তী রেল মন্ত্রীরা যে সমস্ত প্রতিশ্রুতি দিয়েছিলেন সেগুলি যাতে রূপায়িত হয় তার জন্য জয়নাল আবেদিন সাহেব যে সংশোধনী প্রস্তাব এনেছেন আমি আশা করবো প্রস্তাবের উত্থাপক সেই সংশোধনী মেনে নেবেন। এর সঙ্গে কাশীবাবুর যে সংশোধনী প্রস্তাব এনেছেন সেটাও গ্রহণ যোগ্য। স্বাধীনতার পর থেকে পশ্চিমবাংলায় নূতন রেল লাইন নির্মাণের কাজ হয়ত আশানুরুপ হয়নি। তবুও পূর্ববর্তী রেল মন্ত্রী অনেক চেষ্টা করেছিলেন অনেক প্রতিশ্রুতি দিয়েছিলেন বিভিন্ন জায়গায় রেললাইন প্রতিষ্ঠা করবার

জন্য। সেদিন রাজ্য সরকার কিন্তু সম্পূর্ণভাবে সহযোগিতা করতে এগিয়ে আসেননি। অনেক ক্ষেত্রে রাজ্য সরকারের অসহযোগিতার জন্য অনেক প্রকল্প বাতিল করতে হয়েছে, অনেক জায়গায় প্রকল্পের রূপায়ণ সঠিকভাবে হয়নি। (এ ভয়েস :- বাজে কথা) অনেকে বলছেন বাজে কথা কিন্তু এই হাউস থেকে বেরুলেই সার্কুলার রেল কেন দমদম পর্যন্ত হচ্ছে না তা বুঝতে পারবেন এবং তখন বাজে কথা বলবেন না। কৃষ্ণনগর জংশন ষ্টেশনের পর চাপড়া, তেহট্ট জলঙ্গী ইত্যাদির এলাকার গুরুত্ব কম নয়। ঐ এলাকার মানুষের কাছে পরিবহণ ব্যবস্থা বলতে বোঝা যায় বাস। সেখানে বাস চলাচলের অবস্থা কি — আমরা জানি সেখানে স্টেট বাস চলে, প্রাইভেট বাসও চলে, তবুও সেই এলাকার মানুষকে বাসের ছাদে জায়গা না পেয়ে বাসের পা দানিতে ঝুলে যেতে হয়। এই অবস্থায় সেখানকার মানুষকে যাতায়াত করতে হয়। সেজন্য পরিবহণ ব্যবস্থায় মানুষের সুবিধার জন্য রেল লাইনের দরকার হয়। স্যার, আমাদের পশ্চিমবঙ্গ পাট উৎপাদনে শীর্ষস্থান দখল করে আছে। ঐ এলাকার পাট উৎপাদনে একটা বিরাট ভূমিকা আছে। গ্রামাঞ্চলের জুট গ্রোয়াররা তাদের পরিশ্রম দিয়ে সেখানে পাট উৎপাদন করে বহু বৈদেশিক মুদ্রা এনে দেওয়ার সুযোগ করে দেয়, কিন্তু যে পাটগুলি সেখানে প্রোডাকসান হচ্ছে সেই কাঁচা মালগুলি শহরে আনার সুযোগ নেই। ম্যাকসিমাম জুট মিলগুলি কলকাতা শহর এলাকার পার্শ্ববর্তী এলাকায়, সেখানে সেই পাটগুলি ট্রাকে করে নিয়ে আসতে হয়, তাতে অসুবিধা হয় এবং বেশী খরচ পড়ে। আজকে যদি ঐ এলাকায় রেল লাইন প্রতিষ্ঠিত হয় তাহলে কৃষিজাত পণ্য পাট এবং অন্যান্য জিনিস শহরে নিয়ে আসার যেমন সুবিধা হবে তেমনি মানুষের যাতায়াতেরও সুবিধা হবে এবং পাট চাষীরাও উপকৃত হবে। ঐসব এলাকায় কিছু ক্ষুদ্র শিল্প কটেজ ইণ্ডাষ্ট্রি আছে। কলকাতা থেকে অনেক দূরবর্তী এলাকায় যেসব কটেজ ইণ্ডাষ্ট্রি আছে, যেমন কাঁসার বাসন, হাতির দাঁতের অনেক জিনিস তৈরী হয়, ইসলামপুরের মটকা পশ্চিমবঙ্গে তথা ভারতবর্ষে অনেক সুখ্যাতি অর্জন করেছে, এই রেল লাইন হলে সেই সমস্ত কুটির শিল্পগুলি সুযোগ পাবে। তাদের যে সমস্ত কাঁচা মালপত্র নিয়ে যেতে হয় সেগুলি বহু পরিশ্রমে এবং বহু অর্থ ব্যয়ে নিয়ে যেতে হয়, সেই র-মেটিরিয়াল নিয়ে যাওয়া সুবিধা হবে এবং তাদের প্রোডাকসান যেটা হয় সেটাও তারা বাইরে নিয়ে গিয়ে বিক্রি করার সুযোগ পাবে এবং সেখানে একটা মার্কেট সৃষ্টি হবে। আজকে সেজন্য মাননীয় সদস্য শ্রী মাধবেন্দু মোহান্ত ঐ এলাকার মানুষের সর্বাঙ্গীন উন্নতির কথা চিন্তা করে সুযোগ সুবিধার কথা চিন্তা করে যে প্রস্তাব এনেছেন আমি নিশ্চয়ই তাকে স্বাগত জানাব। কিন্তু শুধু যদি সস্তায় বাজি মাৎ করার জন্য রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে কেন্দ্রীয় সরকারকে গালাগালি দিয়ে নিজেদের আসল উদ্দেশ্যকে চাপা দেওয়ার চেষ্টা করেন তাহলে ভুল করবেন। ১৯৮০ সালে লোকসভার নির্বাচনে পশ্চিমবাংলার ৪২ জন সংসদ সদস্যের মধ্যে বামফ্রন্টের ৩৮ জন সংসদ সদস্য নির্বাচিত হয়েছিলেন, সেদিন সেই ৩৮ জন সংসদ সদস্য পার্লামেন্টে এই প্রস্তাব আনতে পারতেন। এখানে প্রাইভেট মেম্বারস রেজলিউসান আনার সুযোগ সুবিধা অনেক কম। এইবার হাউসে একবার মাত্র লটারি হয়েছে, কিন্তু লোকসভায় প্রতি সপ্তাহে প্রাইভেট মেম্বারস রেজলিউসান আনা যায়।

**মিঃ স্পীকার :** মিঃ মান্নান, ডাঃ জয়নাল আবেদিন এইমাত্র বললেন যে এই ধরণের প্রস্তাব লোকসভায় আলোচনা হতে পারে না, আমি সেই সম্বন্ধে রুলিং দিয়েছি, সেটা আপনাকে স্মরণ করিয়ে দিচ্ছি।

**শ্রী আবদুল মান্নান :** আই এ্যাম সরি স্যার। যেকথা বলছিলাম লোকসভায় যদি আলোচনা

করতে না পারা যায় তাহলে এর আগে যিনি রেলমন্ত্রী ছিলেন ২।। বছরের মতো সেই রেল মন্ত্রীর কাছে গিয়ে এই রেলের জন্য আপনাদের কোনদিন তদ্বির করতে দেখিনি, তাঁর কাছে আবেদন করতে দেখিনি। এই রেল লাইন প্রতিষ্ঠিত করতে হবে, এই রেল লাইনের দরকার আছে।

**[2.40—2.50 p.m.]**

আমরা কিন্তু সেই চেষ্টা করেছিলাম। নদীয়ায় আমাদের দলের বিধানসভায় এবং লোকসভায় কোন সদস্য না থাকা সত্ত্বেও আমরা আমাদের দলের পক্ষ থেকে বারবার দাবী করেছি এবং বিধানসভায় আমাদের দলনেতা করিমপুরে গিয়ে প্রাক্তন রেলমন্ত্রীর কাছ থেকে এই প্রতিশ্রুতি আদায় করেছিলেন। রেলমন্ত্রী তাঁর বিভাগকে সার্ভে করার জন্য নির্দেশও দিয়েছিলেন। আপনারা বিধানসভায় বিভিন্ন প্রস্তাব পাশ করেন, কিন্তু বাস্তবে দেখি যখনই সেই সমস্ত বিষয় নিয়ে কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে যোগাযোগ করতে হবে বা তদ্বির করতে হবে তখন আর আপনারা নেই। কেন এগুলো পিছিয়ে রয়েছে সেটা দেখার সময় আপনাদের দলের লোকসভা সদস্যদের দেখা পাইনা। আমি এবং ডঃ জয়নাল আবেদিন এই প্রস্তাবকে স্বাগত জানাচ্ছি কারণ পশ্চিমবাংলার সমস্ত মানুষের কাছে এটি একটি গুরুত্বপূর্ণ রেল লাইন। এই রেললাইন ছাড়া আমাদের আর একটি গুরুত্বপূর্ণ রেলপথ হল তমলুক-দীঘা রেলপথ। এই লাইনটি হলে আমরা পশ্চিমবঙ্গে বহু ট্যুরিষ্টদের এ্যাট্রাক্ট করতে পারতাম এবং তাঁরাও সমুদ্র প্রভৃতি নানা রকম জিনিস দেখতে পারতেন। এদিক থেকে এই তমলুক-দীঘা রেলপথ হওয়া দরকার। কাজেই মাননীয় সদস্য জয়নাল আবেদিন যে সংশোধনী এনেছেন তাকে উপেক্ষা করা উচিৎ নয়। আর একটা জিনিস লক্ষ্য করেছিযে সমস্ত কাজ হয়েছে সেক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকারের গাফিলতী ছিল। আমাদের প্রাক্তন রেলমন্ত্রী পার্লামেন্টে বলেছেন এই এই প্রকল্প নেওয়া হয়েছে। কিন্তু সেপ্টেম্বর মাস পর্যন্ত কেন্দ্রীয় সরকার তারজন্য জায়গা পায়নি এবং তার ফলে দীঘাতে রেল লাইন প্রতিষ্ঠা করতে পারেন নি। কেন্দ্রীয় সরকার যে সমস্ত প্রকল্পগ্রহণ করছে সেখানে আপনারা বাধা দেবেন, সহযোগিতা করবেন না এই মনোভাব আপনাদের পরিত্যাগ করা উচিত। কেন্দ্রীয় সরকারের এক্তিয়ারের মধ্যে যেগুলো রয়েছে তার বাস্তব রূপায়ণের জন্য আমাদের পক্ষ থেকে আমরা নিশ্চয়ই দাবী জানাব কারণ আমরা মনে করি পশ্চিমবঙ্গে স্বার্থ সবার আগে। আপনাদের মনে রাখা উচিত কোন একটা দাবীর কথা তুলে কেবল কেন্দ্রকে দোষারোপ করবেন এই মনোভাব থাকলে কিন্তু পশ্চিমবঙ্গের স্বার্থে লড়াই করা যাবে না। সার্কুলার রেলওয়ে আজ দমদম পর্যন্ত যেতে পারছেনা। কারণ রাজ্য সরকার সহযোগীতা করছেন না। এই মনোভাব পরিত্যাগ করে পশ্চিমবাংলার মানুষের স্বার্থে কেন্দ্রকে সাহায্য করুন। এইযে প্রস্তাব এসেছে তার সঙ্গে কাশীবাব এবং জয়নাল আবেদিনের সংশোধনী প্রস্তাব সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শ্রী বীরেন্দ্র নারায়ন রায় :** মাননীয় স্পীকার মহাশয় মাননীয় সদস্য মাধবেন্দু মোহান্ত মহাশয় যে প্রস্তাব এনেছেন তাকে সর্বান্তকরণে সমর্থন করছি এবং এই প্রসঙ্গে আমার যে এ্যামেন্ডমেন্ট রয়েছে তাকে গ্রহণ করবার জন্য অনুরোধ জানাচ্ছি। মুর্শিদাবাদ জেলায় আম হচ্ছে একটি অর্থকরী ফসল। তবে একটি কথা বলা যায়, মুর্শিদাবাদ এবং নদীয়ায় আম হচ্ছে কোয়ালিটি এবং মালদহের আম হচ্ছে কোয়ানটিটি। মুর্শিদাবাদের আম ইংল্যাণ্ড এবং রাশিয়ায় যায়। আমরা একটা জিনিস লক্ষ্য করছি বহরমপুরের পর আর এক ইঞ্চিও রেলপথ নেই। আমি এই ব্যাপারে প্রাক্তন রেলমন্ত্রী গনি খান চৌধুরীর সঙ্গে দেখা করেছিলাম। উনি বোধহয় জানেন না গনি খান চৌধুরী আমার বাল্য বন্ধু এবং

সহপাঠী এবং তিনি মোটামুটি কথা দিয়েছেন। অবশ্য আমরা দেখছি যে তিনি নির্বাচনের সময় উনি .যেখানে গেছেন সব জায়গাতেই হ্যাঁ বলেছেন এবং বলেছেন যে এই সব জায়গায় রেল চালু করবো বহরমপুর লালগোলা লাইনের নশীপুর জিয়াগঞ্জের মাঝখান দিয়ে গেছে আজিম গঞ্জ। সেটা বৃটিশ আমলে এই লাইন তারা করেছিলন তাদের যোগাযোগের সুবিধার্থে সাঁড়া ব্রীজ করার জন্য। কিন্তু যেই মাত্র ঐ সাঁড়া ব্রীজ শেষ হয়ে গেল তারা ঐ লাইন তুলে নিল। কিন্তু এই লাইনটি আসায়, এবং উত্তর ও পূর্ব ভারতের সঙ্গে যোগাযোগের একটি বিশেষ গুরুত্বপূর্ণ। সেইজন্য আমি অনুরোধ করবো এই লাইনটি করার জন্য একটা সর্বসম্মতিক্রমে প্রস্তাব এখান থেকে গ্রহণ করে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হোক। এ. বি. এ. গণিখান চৌধুরী থাকলে হোত কিনা জানি না। কিন্তু তিনি মুখে প্রতিশ্রুতি দিয়েছিলেন। এখন কে যেন নাম বংশীলাল এসেছেন, তাকে তো পশ্চিমবাংলার মানুষ বংশলাল বলে থাকেন। তিনি তো এখানকার সবকিছুই বাতিল করে দিচ্ছেন। তাই আমি সকলকে অনুরোধ করবো বিশেষ করে কংগ্রেস সদস্যদের যে আমরাও বাঙ্গালী এবং আপনারাও বাঙ্গালী - এতে আমাদের সকলের উপকার হবে - আমরা সকলে একসঙ্গে কেন্দ্রীয় সরকারের কাছে যাই এবং তাদেরকে অনুরোধ করি এই রেল লাইনটি করার জন্য। আর একটা বক্তব্য হচ্ছে এখানে পূর্ব পাকিস্তান অর্থাৎ বাংলাদেশ থেকে প্রচুর লোক এসেছে। সেখানে এক ইঞ্চি রেল লাইন নাই। সকলে বাসে যাতায়াত করে- এবং এছাড়া যাতায়াতের আর কোন ব্যবস্থা নাই। তারপর অনেক সময় বাসগুলি ভেঙ্গে পড়ে থাকে এবং যাও বা চলে তার কোন ঠিক ঠিকানা নাই। এর ফলে কলকাতায় আসা যাওয়া কোর্টে আসা যাওয়ার খুবই অসুবিধা হয়। সেইজন্য অনুরোধ করবো এটা আপনারা গ্রহণ করুন। আজকে যে এ্যামেণ্ডমেন্ট দেওয়া হয়েছে, এটা উদ্দেশ্যপ্রণোদিত ভাবে আনা হয়েছে। এটাকে একটা জগাখিচুড়ি করে দেবার চেষ্টা করা হয়েছে। একটা পার্টিকুলার রেল সম্বন্ধে বলা হয়েছে এবং তার ইম্পর্টেন্স-এর কথা বলা হয়েছে। এখানে অন্যান্য রেল পশ্চিমবাংলার আরও যেসব অন্যান্য রেল এবং শুধু তাই নয় সারা ভারতবর্ষেরও কথা এই এ্যামেণ্ডমেন্টে বলা হয়েছে। এটা উনি নেবেন কিনা জানি না। জয়নাল আবেদিন সাহেব এবং কাশীবাবু এ্যামেণ্ডমেন্টগুলি না নেবার জন্য আমি প্রস্তাবককে আবেদন করবো। সকলেই যাতে এই প্রস্তাব গ্রহণ করেন সেই অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শেখ ইমাজুদ্দিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী মাধবেন্দু মোহান্ত যে প্রস্তাব এখানে এনেছেন আমি সেই প্রস্তাব সমর্থন করি এবং এই প্রসংগে আমি দু-একটি কথা বলতে চাই। বিভিন্ন সময়ে আমরা দেখেছি বামফ্রন্ট সরকারের একটা রাজনৈতিক কৌশল আছে। যে কোনও কাজ হবার আগে যখন তারা তার সম্ভাবনা দেখে রাজ্য সরকারের ক্ষেত্রে এবং কেন্দ্রীয় সরকারের ক্ষেত্রে তখনই তারা রাজনৈতিকভাবে প্রস্তাবক হতে চান।

**[2.50—3.00 p.m.]**

বা সমর্থন করেন এবং এর জন্য একটা দাবী তোলেন। যদি সেই হিসাবে মাধবেন্দুবাবু প্রস্তাব এনে থাকেন, এই প্রকল্পটা প্রাক্তন রেলমন্ত্রী গ্রহণ করেছেন এবং রেল পথটা হবে, কিন্তু সস্তায় নাম কেনার জন্য তিনি যদি মনে করে থাকেন যে আমরা প্রস্তাব গ্রহণ করে এই বিধান সভায়, এই কাজটা করালাম, এই রকম যদি কৌশলগত মনোভাব গ্রহণ করে থাকেন তবে সেটা আমাদের ভেবে দেখতে হবে। কিন্তু আমরা জানি কৃষ্ণনগর থেকে নদীয়ার চাপড়া, করিমপুর ইত্যাদি জায়গায় যে রেলপথ

হবার কথা, সেই কাজটা হবে। কারণ প্রাক্তন রেলমন্ত্রী পশ্চিমবঙ্গে আরও যে সমস্ত প্রকল্পের কথা বলেছেন, যদিও কাগজে অনেক কিছু বেরোচ্ছে এর বিরুদ্ধে, তবে আমার মনে হয় পরপর প্রত্যেকটি প্রকল্পই কার্যকরী করা হবে এবং সেই সব জায়গায় রেলপথ হবে, কেন না পশ্চিমবঙ্গ রেলপথের দিক থেকে অনেক পিছিয়ে আছে। এটা হওয়া দরকার। আর মাধবেন্দু মোহান্তবাবু তাঁর প্রথম প্যারাতে যেকথা গুলো বলেছেন, আমি ১০ বার পড়েও এর মানে বুঝতে পারিনি। ভাষার মধ্যে কিছু অস্পষ্টতা আছে বলে আমার মনে হয়। যাই হোক, পরিষ্কার করে ঠিকমত বক্তব্যটা বলা হয়নি বলে আমার মনে হয়। তবে এটা সত্যি নদীয়া জেলার চাপড়া করিমপুর, তেহট্ট এবং মুর্শিদাবাদ জেলার ডোমকল, তারপব রাণীনগর, ইসলামপুর ইত্যাদি এলাকার লোকেরা যাতায়াতের জন্য খুব কষ্ট ভাগ করে। সেই জায়গার উৎপন্ন পাট চালান দেবার ব্যাপারে খুব অসুবিধা হয়। রবিশষ্য এবং অন্যান্য ফসল তারা শহরে বা গঞ্জে পাঠাবার জন্য তাদের নানা রকম কষ্ট স্বীকার করতে হয়। এই রেলপথ যদি হয় তাহলে নিশ্চয়ই ঐ সব এলাকার লক্ষ লক্ষ লোকের সুবিধা হবে। এই প্রসঙ্গে একটা কথা বলি, পশ্চিমবঙ্গে রেল পথ যতই আমরা বাড়াই, রেল যতই বাড়াই, কিন্তু রেলের দুরবস্থা যাবে না, আমাদের নিজেদের মনোভাব বা প্রবৃত্তি একটু পাল্টাতে হবে। কেননা আমরা দেখি একটা নুতন গাড়ি দেওয়া হলো, ৬ মাসের মধ্যে সেই গাড়িটা ড্যামেজ হয়ে গেল। দেখা গেল আজ ফ্যান চুরি, কাল সিট কভার চুরি, ইত্যাদি এই সব হচ্ছে, এইগুলো আমাদের দেখা দরকার। এইগুলো আমাদের দেখতে হবে, কারণ রেলের বিষয় সম্পত্তি যদি ঠিক ভাবে রক্ষিত হয় সেটা যেমন কেন্দ্রীয় সরকারের দায়িত্ব আছে, সেই রকম রাজ্য সরকারেরও দাযিত্ব আছে। রেলের সম্পত্তি যাতে নষ্ট না হয় এবং ঠিক ভাবে ব্যবহার হয়, সেটা দেখা দরকার। কিন্তু আমার মনে হয় রাজ্য সরকার এই ব্যাপারে তেমন কোন উৎসাহ দেখান না। কেন না পশ্চিমবঙ্গে রেলের ব্যবস্থা দেখে সেটা বোঝা যায়। এই প্রসঙ্গে একটা কথা বলতে চাই, কাশীনাথ মিশ্র এবং জয়নাল সাহেব যে প্রস্তাব এনেছেন, সেই প্রস্তাব সমর্থন যোগ্য। কেননা আমরা এই বিধানসভায় শুধু একটা রেলপথের প্রস্তাব নেব এবং সেটাকে সমর্থন করে পাশ করিয়ে নেব, সেটা ঠিক নয় পশ্চিমবঙ্গে আর যে রেল পথের প্রস্তাব প্রাক্তন রেলমন্ত্রী করেছিলেন, সেইগুলোও যাতে হয় সেই বিষয়ে দৃষ্টি দেওয়া দরকার এবং সেই সম্পর্কে আমাদের কিছু বক্তব্য থাকা দরকার সেই জন্য আমি জয়নাল সাহেব, কাশীনাথ মিশ্র যে ,সংশোধনী এনেছেন, সেইগুলো সমর্থন করছি, আমি বীরেনবাবু যে সংশোধনী এনেছেন, সেই সম্পর্কে বলি, উনার যে তিনটি সংশোধনী আছে, আমার মনে হয় প্রথম সংশোধনীটা গ্রহণযোগ্য। কেননা প্রস্তাবে বলা হয়েছে শুধু শিয়ালদহ সেকশন, শিয়ালদহ সেকশন বললে কথাটা ঠিক পুরোপুরি বোঝা যায় না, অস্পষ্ট থেকে যায়। সেই জন্য উনি বলেছেন যে শিয়ালদহ লালগোলা সেকশন বলাটা ভাল এবং আমার মনে হয় এই সংশোধনীটা গ্রহণ করে শিয়ালদহ লালগোলা সেকশান বলতে হবে এবং বললেই সেটা ভাল হবে এবং পরিষ্কারভাবে রেল লাইন কোনটা, সেটা বোঝা যাবে। আমার মনে হয় বীরেন্দ্র নারায়ন রায় এর প্রথম সংশোধনীটা গ্রহণ করা যায়। দ্বিতীয়, তৃতীয় যে সংশোধনী উনি এনেছেন, এইগুলো অপ্রয়োজনীয় বলে আমার মনে হয়। এটা সমর্থন করবার কোন কারণ নেই এবং এর দ্বারা এই প্রস্তাবের কোন গুরুত্ব বাড়বে না। সেই জন্য আমি বলি বীরেন্দ্র নারায়ণ রায়ের প্রথম সংশোধনীটা গ্রহণ করা হোক। আমি প্রস্তাবককে অনুরোধ করছি, তিনি এটা গ্রহণ করুন। আর বাকি দুই তিন নং প্রস্তাব অপ্রয়োজনীয় বলে এইগুলো বাদ রাখা আমার মতে ভাল। আশা করছি প্রস্তাবক নিশ্চয়ই এইগুলো বাদ দেবেন। আর এই সম্পর্কে যা বলা হয়েছে যে বৈদেশিক মুদ্রা অর্জনকারী পাট, সেই পাট আপনারা জানেন যে মুর্শিদাবাদের একটা

অর্থকরী ফসল এবং এই পাট কলকাতায় আসার পক্ষে নানা রকম অসুবিধা আছে। এটা আমি পূর্বেও অনুরোধ করেছি, কাজেই রেল লাইনের যে প্রস্তাব তিনি বলেছেন, এই প্রস্তাবটাকে আমি আন্তরিক ভাবে সমর্থন করে আমার বক্তব্য এখানে শেষ করলাম।

**শ্রী অনিল মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের সদস্যরা এই প্রস্তাবকে সমর্থন করার জন্য আমি খুসী হয়েছি। কিন্তু আমার বক্তব্য হচ্ছে, এরা সমর্থন করেন এবং অনেক সময় বিল পাশও করেন যেগুলি প্রগতিশীল বিল, কিন্তু কার্য্যক্ষেত্রে এরা সেই কাজ করেন না। কারণ আমরা দেখেছি যে পশ্চিমবাংলায় এস্টেট এ্যাকুইজিশান পাশ হয়েছিল। জমিদারী উচ্ছেদ আইন হয়েছিল, কিন্তু জমিদাররা বেঁচে ছিল। ল্যাণ্ড রিফর্ম আইন এরা করেছিলেন। ভূমি সংস্কার আইন করেও আমরা দেখেছি যে বর্গাদাররা জমি পায়নি। তাদের জমি দেওয়া হয়নি। বামফ্রন্ট সরকার এসে ভূমি সংস্কার করেছেন। সেই সব জমিদারদের উচ্ছেদ করেছেন এবং চোরাইভাবে যে সব জমি আছে সেগুলিকে উৎখাত করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা অতীতের অভিজ্ঞতা থেকে দেখেছি যে এরা বামফ্রন্ট সরকারের দোষ দেন। এরা সমস্ত অসত্য ভাষণ দিয়েছেন যে জায়গা পাওয়া যায় নি, বামফ্রন্ট সবকার সহযোগিতা করেন নি ইত্যাদি বলে। আনি একথা বলতে পারি যে তারা যখন যেখানে জমি দবকার বলেছেন, আমাদের বামফ্রন্টের মুখ্যমন্ত্রী সঙ্গে সঙ্গে তার ব্যবস্থা করেছেন এবং কেন্দ্রীয় সরকারকে যে কোন সাহায্যের কথা বলেছেন যাতে পশ্চিমবাংলায় রেল লাইন হতে পারে। কিন্তু আজকে এই ধরণের কথা তারা বলেছেন। এগুলি একেবারেই সত্য নয়। বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে এই সব কথা বলার কোন যুক্তি নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এরা সমর্থন করতে গিয়ে একটা অদ্ভুত কথা বলেছেন। সেটা হচ্ছে ১৯৮০ সালে ৪২ জন এম.পি. ছিলেন তার মধ্যে ৩ জন কংগ্রেস আর বাকী ৩৯ জন আমাদের বামফ্রন্ট সরকারের এম. পি. ছিলেন। তারা নাকি রাজ্যসভায় বা লোকসভায় কোন কথা বলেন নি। তারা কোন দিন প্রসিডিংস দেখেন না। পশ্চিমবঙ্গের মানুষের দুঃখ দুর্দশার কথা, অর্থনৈতিক অবস্থার কথা পশ্চিমবঙ্গকে সাহায্য করার কথা, পশ্চিমবাংলায় পেট্রোকেমিক্যাল কমপ্লেক্স ইনডাষ্ট্রি তৈরী করার কথা, রেল পথের ব্যাপারে সমস্ত বক্তব্য আমরা বারে বারে বলেছি এবং কাগজেও সেগুলি বেরিয়েছে। সেটা ওরা পড়েনও না, দেখেনও না। সেই জন্য তারা এই সব অসত্য ভাষণ করেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার নিশ্চয়ই মনে আছে যে হাউসে আমরা বহুবার রেল পথ করার জন্য বলেছি। আদ্রা থেকে খড়গপুর পর্যন্ত বৈদ্যুতিকরণ করার জন্য বলা হয়েছে। রাণীগঞ্জ, মেজিয়া থেকে বাঁকুড়া পর্যন্ত রেল লাইন তৈরী করার জন্য এই সরকার সাত লক্ষ টাকা খরচ করে। এই ব্যাপারে একটা সার্ভে করা হয়েছিল এবং সার্ভে করে তার যৌক্তিকতা স্বীকার করা হয়েছিল। প্রথম দিকে রিপোর্টে ইকোনমিক্যালি ভায়েবল নয় বলে বলা হয়েছিল। কিন্তু দ্বিতীয় রিপোর্টে ইকোনমিক্যালি ভায়েবল বলা হয়েছিল এবং তারপরে এই পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল। আরো কতকগুলি রেলের প্রকল্প কেন্দ্রীয় সরকার গ্রহণ করেছিলেন। কিন্তু পার্লামেন্টে আমরা দেখছি যে প্রাক্তন রেল মন্ত্রী এবং বর্তমান রেল মন্ত্রীর মধ্যে ঝগড়া লেগেছে। একজনের কথার সঙ্গে আর একজনের কথার মিল হচ্ছে না। আজকে যে অবস্থা দেখছি তাতে কোন কাজ এগিয়ে যাবে বলে মনে হচ্ছে না। আমরা লক্ষ্য করছি যে একমন্ত্রী সভা যেটা করছে, আর একমন্ত্রী সভা সেটা বাতিল করে দিচ্ছেন। সে জন্য আজকের মন্ত্রীসভা কি করবেন সেটা আমরা বুঝতে পারছি না। কংগ্রেসের নীতি ইন্দিরা গান্ধীর সময়ে যা ছিল রাজীব গান্ধীর সময়ে সেটা থাকবে সেটা রেল লাইন নিয়েই হোক, আর অন্য কোন প্রকল্প নিয়েই হোক বলা যাচ্ছে না। কারণ আমরা দেখছি যে প্রাক্তন রেল মন্ত্রী বলেছিলেন

যে ইন্দিরা গান্ধীর আশীর্বাদ নিয়ে নাকি এই রেল প্রকল্প চালু হয়েছিল। কিন্তু সেই আশীর্বাদ এমনই আশীর্বাদ, যে আশীর্বাদের ফলে কেন্দ্রীয় রেলমন্ত্রী বংশীলাল এসে সেগুলি উঠিয়ে দিলেন এবং যার ফলে আজকে রাণীগঞ্জ, মেজিয়া থেকে কোটশিলা বা দীঘা ইত্যাদি প্রকল্পগুলি আজকে আটকে যাচ্ছে।

**[3.00—3.30 p.m.]**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই অবস্থায় ওরা এটাকে সমর্থন করেছেন এবং এটার প্রয়োজন আছে। স্বাধীনতার পরে নদীয়া এবং মুর্শিদাবাদ জেলায় বহু রিফিউজি এসেছে। সেখানে পাট হয়, রবি শস্য হয়। এই বিষয়ে বিরোধী পক্ষ'ও আমাদের সঙ্গে একমত হয়েছেন। অতএব যৌথভাবে সকলে মিলে পশ্চিমবাংলার উন্নতির জন্য আমরা এক সঙ্গে কাজ করি এবং একসঙ্গে আওয়াজ তুলে বলি যে, পশ্চিমবাংলার প্রতি যে অবহেলা করেছেন ভবিষ্যতে আর যেন সেইরকম অবহেলা না করেন সেটা আপনারা দেখবেন এবং এই প্রকল্পগুলি রূপায়িত করে আগামী দিনের পশ্চিমবাংলায় ভবিষ্যতকে উজ্জ্বল করুন। এই কথা বলে যে প্রস্তাব এসেছে আমি তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পীকার ঃ** এখন, বিরতি, আবার হাউস ৩-৩০ মিনিটে বসবে।

(At the stage the House was adjourned till 3.30 pm)

**[3.30—3.40 p.m.]**

**(After adjourment)**

**শ্রী বঙ্কিম ত্রিপাঠী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী মাধবেন্দু মোহান্ত আজ এই সভায় যে প্রস্তাব এখানে এনেছেন আমি সেই প্রস্তাবকে নীতিগতভাবে সমর্থন করে আপনার মাধ্যমে কয়েকটি কথা বলছি। স্যার, আমাদের দলের পূর্বতন বক্তারাও এই প্রস্তাব সমর্থণ করেছেন। আমার মনে হয় এই প্রস্তাবটি আরো একটু ভালো ভাষায় এবং ভালো ভাবে তৈরী হয়ে আনা উচিত ছিল, কারণ আমি মনে করি উনি যা বলতে চেয়েছেন তা এই প্রস্তাবের মধ্যে দিয়ে বোধহয় স্পষ্ট হয়নি। উনি ওঁর প্রস্তাবের মধ্যে লিখেছেন, "জিয়াগঞ্জ ষ্টেশনের মধ্যবর্তী রেলের নিজস্ব জমি দিয়া হাওড়া লাইনের আজিমগঞ্জ জংশন পর্যন্ত প্রায় দুই শতাধিক কিলোমিটার এলাকায় কোনও রেলপথ নাই"। রেলপথ নেই এটা সত্য কথা কিন্তু মাঝখান দিয়ে যে ভাগীরথী চলে গিয়েছে সেটাও মনে রাখা দরকার। এখানে রেলের কোন নিজস্ব জমি নেই। এক সময় একটা টেম্পুরারী ব্রিজ ছিল। উনি বোধহয় বলতে চেয়েছেন যে নসিপুর রোড থেকে ওপারে যে রেল লাইনটি রয়েছে, যেটি পূর্বতন লুপ লাইন হিসাবে পরিচিত ছিল এবং এখন যেটা ফরাক্কা-হাওড়া লাইন বলে পরিচিত তার সঙ্গে লালগোলা এবং শিয়ালদহ সেকশানের একটা যোগাযোগের কথা। আমার মনে হয় এটা আরো স্পষ্টভাবে বললে বুঝতে সুবিধা হতো এবং প্রস্তাবটি আরো গুরুত্ব পেত এবং পারপাসও ভালোভাবে সার্ভ হতে পারতো। স্যার, এই প্রস্তাব গুরুত্বপূর্ণ এবং নিশ্চয় সমর্থনযোগ্য, আমি নিশ্চয় সমর্থন করবো কিন্তু আমার মনে হয় এর ভেতরে কোথায় যেন একটি রাজনৈতিক উদ্দেশ্য জড়িত রয়েছে। উনি মুর্শিদাবাদের কয়েকটি এলাকার কথা বলেছেন, কয়েকটি এলাকার কথা বলেন নি। কানদি সেখানে একটি বিরাট মহকুমা, তার ৫টি ব্লক রয়েছে, সেখানকার একমাত্র যোগাযোগের উপায় হচ্ছে বাস,

সেখানকার অবস্থা অত্যন্ত শোচনীয়, ঐ একই পরিস্থিতি সেখানে আছে যে কথা জলঙ্গী, ডোমকল ইত্যাদি এলাকা সম্বন্ধে প্রযোজ্য সেই একই কথা এই সমস্ত এলাকার সম্বন্ধেও প্রযোজ্য। এটা কেন প্রস্তাবের বাইরে থাকলো তা আমি জানি না। উনি একটা কথা বলেছেন, পূর্বে একটা প্রস্তাব নিয়ে ভাবা হয়েছিল। স্যার, আমরা জানি, অবিভক্ত বাংলায় এক সময় প্রস্তাব করা হয়েছিল যে সাইথিয়া থেকে ভেড়ামারা একটা রেল লাইন করা হবে। আপনাদের হয়ত মনে থাকতে পারে যে সেই সময় দ্বিতীয় মহাযুদ্ধ শুরু হয় এবং এই প্রস্তাবটি নিয়ে সার্ভে হওয়ার পরও তা বাদ দেওয়া হয়। সাইথিয়া থেকে ভেড়ামারার যে রেল লাইনের প্রস্তাব ছিল সেটা হলে আরো বেশী লোকের উপকার হতো এবং আরো বেশী মাল পরিবহণের সুযোগ বাড়তো। এখন অবশ্য ভেড়ামারা আমাদের সীমান্তের বাইরে চলে গিয়েছে। যাইহোক, আমি মনে করি এ ব্যাপারে একটা সার্ভে করে দেওয়া দরকার আছে। কাজেই আমি মনে করি, উনি যে ভাবায় প্রস্তাবটি এনেছেন সেখানে হয়ত কিছু কিছু সংশোধনের প্রয়োজন আছে এবং সেই সংশোধন হলে এর উদ্দেশ্য ভালোভাবে সিদ্ধ হবে। স্যার, এখানে সরকার পক্ষের মাননীয় সদস্যরা এই প্রস্তাব সম্পর্কে আলোচনা করতে গিয়ে প্রাক্তন কেন্দ্রীয় রেলমন্ত্রীকে নানান রকম কটাক্ষ করলেন। উনি নাকি বলেছিলেন সমস্ত লাইন করে দেবেন, এখন নাকি সব পরিত্যক্ত হয়েছে ইত্যাদি ইত্যাদি। স্যার, কথাটা নাকি মোটেই সত্য নয়। কিছুদিন আগে আমাদের সুযোগ হয়েছিল মাননীয় প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করার। বোলপুরের শান্তিনিকেতনের কনভোকেসান উপলক্ষে তিনি এসেছিলেন এবং আমরা ১৫।১৬জন সদস্য তাঁর সঙ্গে দেখা করি এবং এ সম্পর্কে আলোচনা হয়। তিনি স্পষ্ট ভাবায় একথা আমাদের বলেছেন যে, কোন প্রকল্পই বাদ দেওয়া হচ্ছে না।

এখন কোশ্চেন অফ প্রায়রিটি। বর্তমান বছরে বা আগামী বছরের মধ্যে সারা ভারতবর্ষে ১৪ থেকে ১৬ হাজার কিলোমিটার রেলপথের লাইন বদল করতে হবে। সুতরাং সে জন্য এবং যেহেতু অর্থাভাব আছে সেহেতু এ বছর কোন নতুন স্কীম হাতে নেওয়া সম্ভব হচ্ছে না। কিন্তু প্রাক্তন রেলমন্ত্রী যে সমস্ত কাজগুলি হাতে নিয়েছিলেন সে সমস্ত কাজগুলি এ্যাকর্ডিং টু প্রায়রিটি কার্যকরী করা হবে, এ কথা প্রধানমন্ত্রী আমাদের ১৫।১৬ জন সদস্যের সামনে বলে গিয়েছেন। সুতরাং সরকার পক্ষের সদস্যরা একটু বেশী ব্যস্ত হয়ে পড়েছেন এবং কুম্ভীরাশ্রু বর্ষণ করছেন। তাঁদের আমি আশ্বস্ত করতে পারি যে, তাঁদের এ ক্ষেত্রে কোন চিন্তার ব্যাপার নেই। আমাদের সকলেরই আশা পূর্ণ হবে, তবে একটু সময় লাগবে। স্যার, মাননীয় সদস্য বীরেন্দ্র নারায়ণ রায় এই প্রস্তাবের উপর কিছু কিছু সংশোধনী এনেছেন, কিন্তু সেগুলির দ্বারা এই প্রস্তাবটি সম্পূর্ণভাবে মেরামত করা সম্ভব হয়নি। প্রস্তাবটি আরো সুন্দর ভাবায় এবং ভালোভাবে আনা উচিত ছিল। পরবর্তীকালে সুযোগ পেলে আমরা সে রকম একটা প্রস্তাব আনার চেষ্টা করবো। এই কথা বলে আমাদের পক্ষ থেকে যে সংশোধনী গুলি আনা হয়েছে সে সংশোধনী গুলিকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় স্পীকার মহাশয়, এই সভার প্রবীণ সদস্য শ্রী মাধবেন্দু মোহান্ত মহাশয় আজকে এই যে প্রস্তাব উত্থাপন করেছেন আমি সেই প্রস্তাবকে সমর্থন করছি। স্যার, কৃষ্ণনগর থেকে জলঙ্গী, ডোমকল, ইসলামপুর প্রভৃতি হয়ে আজিমগঞ্জ পর্যন্ত বিস্তীর্ণ অঞ্চলে কয়েক কোটি মানুষের বাস, কিন্তু পরিবহন ব্যবস্থা অত্যন্ত করুণ, এমন কি একটা জাতীয় সড়ক পর্যন্ত নেই। এইরূপ একটি এলাকায় রেল যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলার জন্য এই যে প্রস্তাব আজকে উত্থাপন করা হয়েছে, এই প্রস্তাবের প্রতি দল-মত নির্বিশেষে সকলের যে সমর্থন থাকবে তা খুবই স্বাভাবিক।

মাননীয় স্পীকার মহাশয়, আজকে এখানে একটু আগেই শুনলাম, মাননীয় বঙ্কিম বাবু বললেন যে, কান্দি সাব-ডিভিশনের কোন রেলপথ নেই, সুতরাং কান্দি সাব-ডিভিশনের কথাও এই প্রস্তাবের সঙ্গে যুক্ত হলে ভাল হতো। ভাল যে হত, তাতে কোন সন্দেহ নেই। কিন্তু বিগত লোকসভা নির্বাচনের প্রাক্কালে পূর্বতন রেলমন্ত্রী ঘোষণা করেছিলেন, ঐ রেলপথের কাজ শুরু হচ্ছে এবং অল্প কিছু দিনের মধ্যে সে কাজ শেষ হয়ে যাবে এবং একথা বলে তিনি মানুষের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি করেছিলেন। পরবর্তীকালে লোক-সভার প্রশ্নোত্তরের মধ্যে দিয়ে আমরা জানতে পেরেছিযে, ওখানে কিছুই কাজ হয়নি, এমন প্রকল্পটি প্ল্যানিং কমিশনের অনুমোদন পর্যন্ত পায়নি। অথচ এই মাত্র বঙ্কিবাবু বললেন, প্রধানমন্ত্রী বলেছেন, প্রাক্তন রেলমন্ত্রী নতুন রেল লাইনের যে সমস্ত প্রকল্পের কথা ঘোষণা করে গিয়েছেন সে সমস্ত প্রকল্পগুলি কার্যকরী করা হবে। আমাদের অভিজ্ঞতা এই যে, কার্যকরী করার কথা আবার উঠবে যখন '৯০ সালে আবার লোকসভার নির্বাচন আসবে। তখন আবার নতুন করে শিলান্যাস করা হবে, নেতারা আসবেন, মানুষকে বিভ্রান্ত করবেন। ইতিপূর্বে আমরা আর একটা জিনিস লক্ষ্য করেছি, গণী সাহেব বলতেন জমি অধিগ্রহণের প্রশ্নে তিনি রাজ্য সরকারের কাছ থেকে সহযোগিতা পাচ্ছিলেন না, যার জন্য প্রকল্পগুলি রূপায়িত করতে পারছিলেন না। আমি এ বিষয়ে এই বিধানসভায় প্রশ্ন করেছিলাম, আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় যে উত্তর দিয়েছিলেন তাতে দেখছি কেন্দ্রীয় সরকার রেলপথ নির্মাণের জন্য যে সমস্ত জায়গায় জমি অধিগ্রহণের কথা রাজ্য সরকারকে বলেছিলেন সে সমস্ত জায়গায় জমি অধিগ্রহণ করার ক্ষেত্রে রাজ্য সরকারের পক্ষ থেকে কোনো রকম অভাব দেখা যায়নি বা বিলম্ব হয়নি। যেমন আমি উদাহরণ হিসাবে বলতে পারি বালুরঘাট থেকে একলাক্ষী পর্যন্ত রেল পথ নির্মাণের প্রকল্পটি কার্যকরী করার ক্ষেত্রে জমি অধিগ্রহণ কোন রকম বাধা নয়, সেখানে ইতিমধ্যেই জমি অধিগ্রহণ করা হয়েছে, কিন্তু প্রকল্পের অন্য কোন কাজ শুরু হয়নি। আমরা দেখছি দীঘাতে জমি অধিগ্রহণ কোন বাধা নয়। অথচ আমরা শুনছি সে প্রকল্প বাতিল হয়ে গিয়েছে। এই সব ঘটনার মধ্যে দিয়ে আমরা দেখছি ওঁরা বিগত লোকসভার নির্বাচনের সময়ে বিভিন্ন প্রতিশ্রুতি দিয়ে রাজ্যের মানুষের সঙ্গে প্রতারণা করেছেন। বিশেষ করে প্রাক্তন রেলমন্ত্রী মিথ্যা প্রতিশ্রুতির মধ্যে দিয়ে পশ্চিমবাংলার মানুষদের সঙ্গে বঞ্চনা করেছেন, প্রতারণা করেছেন। বিভিন্ন প্রকল্পগুলি কার্যকরী করার জন্য যে পদ্ধতি গ্রহণ করা উচিত ছিল, সে পদ্ধতি তিনি গ্রহণ করেন নি বা সে পথে তিনি অগ্রসর হননি। অথচ আজকে শুনতে পাচ্ছি তিনি নাকি পশ্চিমবঙ্গের ঐ সমস্ত প্রকল্পের জন্য লড়াই করছেন এবং কোথাও কোথাও অভিনন্দনও পাচ্ছেন। আমাদের কথা হচ্ছে তিনি ঢক্কানিনাদ করে যা প্রচার করেছিলেন তার আজকে কোন বাস্তব ভিত্তি আমরা দেখতে পাচ্ছি না। এই নতুন রেলপথগুলি করার কথা তো স্বতন্ত্র, আমরা এই বিধানসভা থেকে 'কৃষ্ণনগর থেকে লালগোলা' পর্যন্ত ডবল লাইন করার জন্য এবং ইলেকট্রিফিকেসন করার জন্য একটা প্রস্তাব গ্রহণ করেছিলাম। তখন সেই প্রস্তাবকে সমর্থন করে আমাদের বিরোধী দলের নেতা আবদুস সাত্তার সাহেব পর্যন্ত বলেছিলেন, "প্রয়োজন হলে সর্বদলীয় কমিটি করে দিল্লীতে গিয়ে কৃষ্ণনগর থেকে লালগোলা পর্যন্ত রেল লাইনকে ডবল করার, ইলেকট্রিফিকেসন করার প্রস্তাবকে কার্যকরী করার জন্য চেষ্টা করব"।

**[3.40—3.50 p.m.]**

সেই প্রস্তাব প্রস্তাব আকারেই থেকে গেল। বিধানসভায় গৃহীত হলো কৃষ্ণনগর থেকে লালগোলা পর্যন্ত ডাবল লাইন এবং ইলেকট্রিফিকেসন হবে কিন্তু তার কোন কাজ হলো না। অন্যদিকে আমরা

দেখলাম, প্রতি জায়গায় ওনারা যেখানে যাচ্ছেন, যেখানে গিয়ে সভা করছেন সেখানে রেলপথের কথা বলছেন। সেখানে গণ-স্বাক্ষরের ব্যবস্থা করছেন। এইভাবে তাঁরা মানুষেকে প্রবঞ্চনা করছেন। এইভাবে প্রবঞ্চনা করে মানুষকে সাময়িকভাবে বিভ্রান্ত করা যায় কিন্তু চিরকালের জন্য মানুষকে বিভ্রান্ত করা যায় না। আজকে যে প্রস্তাব গ্রহণ করা হচ্ছে এর পিছনে কোটি কোটি মানুষের সমর্থন আছে। বাস্তবে এটা অত্যন্ত প্রয়োজনীয়। আমরা জানি, কংগ্রেসীরা এই প্রস্তাবকে কার্যকরী করার জন্য কোন চেষ্টা করবেন না। আজকে সমর্থন করতে হচ্ছে বাধ্য হয়ে, কারণ সমর্থন করা ছাড়া উপায় নেই। কিন্তু পরবর্তীকালে ওনারা এই সমর্থনের পেছনে দাঁড়াবেন না। যাই হোক পরিশেষে শ্রী মাধবেন্দু মোহান্ত মহাশয় যে প্রস্তাব রেখেছেন তাকে সমর্থন করছি এবং শ্রী কাশীনাথ মিশ্র এবং জয়নাল আবেদিন সাহেব যে সংশোধনী এনেছেন তার বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সাধন চট্টোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী মাধবেন্দু মোহান্ত মহাশয় কৃষ্ণনগর, চাপড়া, তেহট্ট, করিমপুর, আজিমগঞ্জ প্রভৃতি এলাকায় ব্রডগেজ রেলপথের যে প্রস্তাব উত্থাপন করেছেন আমি সেই প্রস্তাব সমর্থন করছি। এই বিধানসভার সকলেই জানেন এবং আপনিও জানেন, এই অধিবেশনে আমরা ৩জন বিধায়ক, শ্রী সাধন চট্টোপাধ্যায়, সাহাবুদ্দিন মণ্ডল এবং শ্রী চিত্তরঞ্জন বিশ্বাস রুল ১৮৫ একটা মোসানের নোটিশ দিয়েছিলাম এবং আপনিও তাহা গ্রহণ করে এই সভায় প্রচার করেছেন। সেই একই প্রস্তাব এখানে আনা হয়েছে। এই মোসানে আমি দেখছি, প্রথম অনুচ্ছেদে আরোও বিস্তারিতভাবে, আরোও উন্নতভাবে এবং কোন কোন জায়গা দিয়ে প্রস্তাবিত রেলপথ যাবে তা সুনির্দিষ্টভাবে উল্লেখ করা হয়েছে। সেইজন্য আমি এই প্রস্তাবটি সমর্থন করছি। এখানে বিরোধী দলের সদস্যরা বলেছেন নীতিগতভাবে সমর্থন করছি। কিন্তু বিরোধীদলের সদস্য ইমাজুদ্দিন সাহেব রাজনৈতিক কৌশলের কথা বলেছেন। এটা কৌশলের ব্যাপার নয়। এই প্রসঙ্গে আমি পুরানো কথার উল্লেখ করছি। ১৯৮৩ সালের ১৪মার্চ আনন্দবাজার পত্রিকায় একটা খবর বেরিয়েছিল, পশ্চিমবঙ্গতে ৬টিনতুন রেলপথ হবে এবং সাময়িকভাবে তার সমীক্ষার কাজ আরম্ভ হয়েছে। ঐখবরে কৃষ্ণনগর-করিমপুরের রেলপথের উল্লেখ না থাকায় আমি আনন্দবাজার পত্রিকাকে ঐ সালের ২০ মার্চ চিঠি দিয়ে জানাই. কৃষ্ণনগর করিমপুর রেলপথ অত্যন্ত প্রয়োজন এবং তার যৌক্তিকতা এবং উপযোগিতা আছে। কাজেই এটা কোন কৌশলের ব্যাপার নয়। আমার যেহেতু সময় নেই সেইজন্য চিঠিটি পড়ে দিতে পারছি না, কিন্তু সেই চিঠিতে এই কথা বলা ছিল যে ঐ রেলপথ এর দাবী শুধু কোন একটি অংশের মানুষের দাবীর ব্যাপার নয়, দলমতনির্বিশেষে সকল মানুষের দাবী। এছাড়া নদীয়া জেলায় চাপড়াতে ঐ সালে কৃষক সমিতির যে সম্মেলন হয় সেই সম্মেলনে উক্ত রেলপথ স্থাপনের দাবী সম্বলিত প্রস্তাবটি গৃহীত হয়। নদীয়া থেকে নির্বাচিত লোকসভার সদস্য শ্রী রেণুপদ দাসও বারবার লোকসভায় এই রেলপথের কথা বলেছেন। কিন্তু তৎকালীন রেলমন্ত্রী এবং সহকারী রেলমন্ত্রী শফিকুরেশি সেই প্রস্তাব নাকচ করে দিয়েছেন। ইতিপূর্বে বহরমপুর করিমপুর পর্যন্ত রেলপথ নির্মাণের জন্য এখানে অনেকবার পূর্বতন বিধায়ক শ্রী সমরেন্দ্র নাথ স্যান্যাল এবং বর্তমান বিধায়ক শ্রী অমলেন্দ্র রায় এবং মুর্শিদাবাদ ও নদীয়া জেলার অন্যান্য বিধায়করা যুক্তভাবে এই সভায় উল্লেখ করেছিলেন। এই কথা সকলেরই জানা আছে। সুতরাং এটা কোন কৌশলের ব্যাপার নয়। এটা জনসাধারণের ন্যায্য দাবী তুলে ধরার ব্যাপার। আমি আর একটি কথা বলে আমার বক্তব্য শেষ করবো। কিছু দিন আগে অর্থাৎ লোকসভার নির্বাচনের ঠিক আগে পূর্বতন রেলমন্ত্রী শ্রী গণিখান চৌধুরী সাহেব করিমপুরে এক জনসভা করে বলেছিলেন কৃষ্ণনগর-করিমপুর রেলপথ হবে, আমরা

সমীক্ষক দল পাঠাচ্ছি।

বহু ছেলের চাকরী হবে। ছেলেরা, তোমরা সব দরখাস্ত করো এবং তোমরা নির্বাচনের সময় কংগ্রেসের হয়ে কাজ কর। এই ধাপ্পা আর চলবে না, সাধারণ মানুষ আজকে ধাপ্পা ধরে ফেলেছে। এই কথা বলে এটাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মাধবেন্দু মোহান্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রস্তাব এই হাউসের সামনে রেখেছি, আমি আনন্দিত যে বিভিন্ন দলের এবং মাননীয় বিরোধীদলের সদস্যরাও এই প্রস্তাবকে মোটামুটিভাবে সমর্থন এবং গ্রহণ করেছেন। কিন্তু গ্রহণ করার পরেও তাঁরা কয়েকটি এ্যামেণ্ডমেন্ট এনেছেন। আমি, মাননীয় সদস্য শ্রী আবদুল মান্নান এবং শ্রী বঙ্কিম ত্রিবেদী মহাশয়ের বক্তব্য শুনলাম। ডঃ জয়নাল আবেদিনে সাহেব যে এ্যামেণ্ডমেন্ট দিয়েছেন সেটাও পড়লাম, শ্রী কাশীনাথ মিশ্র মহাশয় যে এ্যামেণ্ডমেন্ট দিয়েছেন সেটাও লক্ষ্য করলাম। আমি এই এ্যামেন্ডমেন্টগুলি সম্পর্কে যেটা লক্ষ্য করেছি সেটা হচ্ছে এই, যে আমাদের এই হাউসে ইতিপূর্বে আমরা কয়েকটি প্রকল্প সম্পর্কে প্রস্তাব এখানে গ্রহণ করেছি এবং আমরা যে প্রস্তাব এখানে রেখেছি সেই প্রস্তাবটা নদীয়া জেলার একটা বিস্তীর্ণ অঞ্চল এবং মুর্শিদাবাদ জেলার বিস্তীর্ণ এলাকা সঙ্গে বিশেষভাবে জড়িত। খুবই অনুন্নত এলাকা, সেজন্য আমরা একটি জায়গাতে একটু গুরুত্ব একটু পিন পয়েন্ট করছি। সুনির্দিষ্টভাবে প্রস্তাব রেখেছি। পশ্চিমবাংলায় অন্যান্য যে সমস্ত প্রকল্প আছে তার সাথে যুক্ত করে প্রস্তাব রাখা হয়নি। সেজন্য মাননীয় সদস্য জয়নাল আবেদিন সাহেব এবং শ্রী কাশীনাথ মিশ্র মহাশয় যে এ্যামেণ্ডমেন্ট দিয়েছেন সেগুলি আমি গ্রহণ করতে পারছি না। তা ছাড়া কাশীনাথ মিশ্র মহাশয় বলেছেন নির্মাণের পরে মাল পরিবহণের জন্য গুডস্ ট্রেণ চলাচলের কথা বসান হোক। আমরা রেলপথের কথা বলেছি, রেল পথ হলে প্যাসেঞ্জার ট্রেন, গুডস্ ট্রেন সবই যাবে, সেজন্য আমরা মনে করছি যেওটা '[illegible]। সেজন্য মাননীয় কাশীনাথবাবু যে সংশোধনী দিয়েছেন সেটা গ্রহণ করতে পারছি না। মাননীয় সদস্য শ্রী বীরেন্দ্র নারায়ণ রায় মহাশয় যে সংশোধনী গুলি দিয়েছেন সেগুলি আমি সম্পূর্ণভাবে গ্রহণ করছি এগুলি গ্রহণ করে সামান্য কয়েকটি কথা বলবো, সেটা হচ্ছে এই, আমাদের দুর্ভাগ্য যে আমরা আমাদের স্বাধীনতা হারিয়েছিলাম পলাশীর মাঠে, নদীয়া এবং মুর্শিদাবাদের সংযোগস্থলে। ইংরেজ রেলপথ নির্মাণ করেছিল কাঁচামাল সংগ্রহের জন্য এবং তার প্রশাসনকে শক্ত করে শাসনকে মজবুত করার জন্য। আমরা জানি এই যে রাণাঘাট- শান্তিপুর পর্যন্ত যে রেললাইন ছিল সেটা ১৯২৬ সালে নবদ্বীপ পর্যন্ত এক্সটেন্ট করা হয়েছিল। রাণাঘাট-ভগবানগোলা ১৯৮৫ সালের ১লা সেপ্টেম্বর চালু হয়েছিল। ভগবানগোলা থেকে কৃষ্ণপুর ১০.১১.৮৫ তারিখে, কৃষ্ণপুর -লালগোঘাট ১৫.৭.৭ তারিখে এবং নসীপুর থেকে আজিমগঞ্জ ৩১.১ ২৮ তারিখে চালু হয়েছিল। সেজন্য আমি বলতে চাই......

(নির্ধারিত সময় অতিবাহিত হওয়ায় বক্তা তাঁর আসন গ্রহণ করতে বাধ্য হন।)

The motion of Dr. Zainal Abedin that—

শেষ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নলিখিত অনুচ্ছেদটি বসানো হউক ঃ-

"অতএব এই সভা উক্ত স্থানগুলি দিয়া এবং এই পশ্চিমবঙ্গের অন্যান্য অঞ্চলে যে সমস্ত রেল প্রকল্প ঘোষণা করা হয়েছে এবং কোথাও কোথাও কিছু কিছু কাজও শুরু হয়েছে সে সমস্ত রেলপথগুলি নির্মাণের জন্য রাজ্য সরকারের মাধ্যমে ভারত সরকারকে অনুরোধ জানাচ্ছে", was

then put and lost.

The motion of Shri Birendra Narayan Roy that—

(১) প্রথম অনুচ্ছেদের প্রথম লাইনে "শিয়ালদহ্" শব্দটির পর "লালগোলা" শব্দটি যোগ করা হউক ;

(২) তৃতীয় অনুচ্ছেদের প্রথম লাইনে, "রবিশস্য" শব্দটির পর "আম, জাম, লিচু" শব্দগুলি এবং "আখ" শব্দটির পর "নানা প্রকার শাকসব্জী ও মূল" শব্দগুলি বসানো হউক ;

(৩) পঞ্চম অনুচ্ছেদের প্রথম লাইনে, "মানুষের সাধারণ" শব্দগুলির পরে "ও দীর্ঘদিনের ন্যায্য" শব্দগুলি বসানো হউক, was then past and agreed to .

The motion of Shri Kashinath Mishra that—

ষষ্ঠ অনুচ্ছেদের, প্রথম লাইনে, "নির্মাণের" শব্দটির পর "এবং মাল পরিবহণের জন্য গুডস্ ট্রেণ চলাচলের জন্য" কথাগুলি বসানো হউক, was then put and lost.

The motion of Shri Madhabendu Mohanta as amemded, that—

যেহেতু শিয়ালদহ-লালগোলা সেকসানে নদীয়া জেলার কৃষ্ণনগর জংশন স্টেশনের পর উক্ত জেলার চাপড়া, তেহট্ট, করিমপুর এবং মুর্শিদাবাদ জেলার জলঙ্গী, ডোমকল, ইসলামপুর প্রভৃতি গঞ্জ হইয়া বহরমপুর রেল স্টেশন ও নশীপুর স্টেশন এবং জিয়াগঞ্জ স্টেশনের মধ্যবর্তী রেলের নিজস্ব জমি দিয়া হাওড়া লাইনের আজিমগঞ্জ জংশন পর্যন্ত প্রায় দুই শতাধিক কিলোমিটার লোকায় কোনও রেলপথ নাই;

যেহেতু এই দুই জেলার উল্লিখিত এলাকাগুলি প্রধান অর্থকরী এবং বৈদেশিক মুদ্রা অর্জনকারী ফসল পাট উৎপাদনকারী অঞ্চল রূপে প্রসিদ্ধ ;

যেহেতু এই এলাকায় উৎপাদিত রবিশস্য, আম, জাম, কাঁঠাল, লিচু, পান, কলা, আখ, নানা প্রকার শাকসব্জি ও মূল প্রভৃতি জেলা দুটির বাহিরেও চালান যায়;

যেহেতু দেশভাগের পর পূর্ব পাকিস্তান (বর্তমান বাংলাদেশ) হইতে আগত বিপুলসংখ্যক উদ্বাস্তু এই এলাকায় বসবাস করায় বর্তমানে জনসংখ্যা বহু গুণ বাড়িয়া গিয়াছে;

যেহেতু এই রেলপথ স্থাপন দুই জেলার সর্ব দলমত ও পেশার মানুষের সাধারণ ও দীর্ঘদিনের ন্যায্য দাবীতে রূপান্তরিত হইয়াছে;

অতএব এই সভা উক্ত স্থানগুলি দিয়া ব্রডগেজ রেলপথ দ্রুত নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সরকারের মাধ্যমে ভারত সরকারকে অনুরোধ জানাইতেছে।"

was then put and agreed to

MOTION UNDER RULE 166

Shri Sudhansu Sekhar Majhi Sir, I beg to move

যেহেতু পুরুলিয়া জেলা ভারতবর্ষের অনুন্নত জেলাগুলির অন্যতম;

যেহেতু এই জেলায় কোন মাঝারি বা বৃহৎ শিল্প নেই;

যেহেতু কৃষিনির্ভর এই জেলায় কৃষি-শ্রমিকদের বৎসরের বেশীরভাগ সময় বেকার থাকতে হয়;

যেহেতু এই জেলায় অনুন্নত এবং তফসীলভুক্ত জাতি ও উপজাতির সংখ্যা উল্লেখযোগ্য; যেহেতু এই জেলায় লৌহ, তাম্র, কয়লা ও স্বর্ণের আকরিক ছাড়াও যে রক ফসফেট ও চুণাপাথর বিভিন্ন স্থানে প্রচুর পরিমানে মজুত আছে;

যেহেতু ঐ সমস্ত আকরিক স্বল্প মজুরীতে সংগ্রহ করে বিভিন্ন শিল্পপতিদের এজেন্টরা জেলা থেকে অন্যত্র চালান করে দিচ্ছে;

অতএব এই সভা পুরুলিয়া জেলার সর্বাঙ্গীণ উন্নয়নের স্বার্থে জেলার শিল্প সম্ভাবনা সম্পর্কে একটি পূর্ণাঙ্গ সমীক্ষা করে সম্ভাব্য ক্ষেত্রে সত্বর শিল্প স্থাপনের জন্য বিশেষ পদক্ষেপ গ্রহণ করতে রাজ্য সরকাবের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে আবেদন জানাচ্ছে।

স্যার, মাননীয় সদস্যদের বক্তব্য শুনবার পর আমার বক্তব্য আমি রাখবো।

শেষ অনুচ্ছেদে, তৃতীয় লাইনে "রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে আবেদন জানাচ্ছে" শব্দগুলির পরিবর্তে "রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাচ্ছে" শব্দগুলি বসানো হউক।

সর্বশেষ অনুচ্ছেদে, তৃতীয় লাইনে "আবেদন জানাচ্ছে" শব্দগুলির পর নিম্নলিখিত শব্দগুলির পর নিম্নলিখিত শব্দগুলি যোগ করা হউক ঃ-

"এবং উক্ত প্রাকৃতিক সম্পদকে কেন্দ্র করে ক্ষুদ্র ও কুটীর শিল্প গঠনের সম্ভাবনা সহ মাঝারী ও ভারী শিল্প গঠনের সম্ভাবনা পরীক্ষা করার জন্য রাজ্য সরকারের ক্ষুদ্র ও কুটীর শিল্প বিভাগ সহ রাজ্য সরকারের শিল্প দপ্তরকে অনুরোধ জানাচ্ছে"।

**Mr. Speaker :** There are three amendments. All the amendments are in order. Now, I request the Members to move their amendments.

**Shri Kashinath Mishra** Sir, I beg to move :

**[3.50—4.00 p.m.]**

আজকে আমাদের কাছে যে প্রস্তাবটা এসেছে, সে সম্বন্ধে বিশেষ করে বাঁকুড়া জেলার অধিবাসী হিসাবে আমরা মনে করি যে, পশ্চিমবাংলার মধ্যে পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুর, ঝাড়গ্রাম এখনও পর্যন্ত বিভিন্ন দিক থেকে অনগ্রসর। সেখানে শিল্প-সম্ভাবনা থাকা সত্ত্বেও কোন শিল্প গড়ে ওঠেনি। স্বাধীনতার পর থেকে বিগত ৩৭ বছর ধরে এই বিধানসভায় বিভিন্ন পক্ষের মাননীয় সদস্যরা

পুরুলিয়া, বাঁকুড়া, ঝাড়গ্রাম এবং তার সঙ্গে বীরভূমে শিল্প স্থাপন সম্পর্কে বিভিন্ন বক্তব্য রেখেছেন এবং সেই বক্তব্য বিভিন্ন সময়ে বিভিন্ন সংবাদপত্র বিভিন্নভাবে তুলে ধরেছেন, কিন্তু রাজ্যসরকারের পক্ষ থেকেই হোক বা কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকেই হোক, সেক্ষেত্রে বিশেষ কোন ভূমিকা কেউই গ্রহণ করেন নি। তবে আশার কথা, সম্প্রতি ভারতের প্রধানমন্ত্রী বলেছেন যে, প্রতি জেলাতে একটি করে মাঝারী শিল্প গড়ে তোলা হবে এবং আমরা সেই আশায় অপেক্ষা করছি। আজকে পশ্চিমবাংলার ঐ জেলাগুলিতে যে সমস্ত প্রাকৃতিক সম্পদ রয়েছে সেগুলিকে ঠিকমত ব্যবহার করে ওখানে শিল্পের সম্ভাবনা সৃষ্টি করবেন বলে রাজ্য সরকারের কাছ থেকে আশা করেছিলাম। কিন্তু যে চিত্র আমরা দেখতে পাচ্ছি, তাতে শিল্প গড়ে তুলতে যে মনোভাব থাকা দরকার, যে আবহাওয়া দরকার- সেটা দেখতে পাচ্ছি না। আজকে পশ্চিমবঙ্গে ২৮টি ইণ্ডাষ্ট্রিয়াল এষ্টেট তৈরী হয়েছে এবং অন্যান্য জেলাগুলিতে কিছুটা ডেভেলপমেন্ট করেছে. কিন্তু পুরুলিয়া এবং বাঁকুড়াতে ইণ্ডাষ্ট্রিয়াল এষ্টেটগুলি যেভাবে অগ্রসর হওয়া উচিৎ ছিল, সেটা আমরা দেখতে পাচ্ছি না। আজকে এখানে গ্রোথ সেন্টার যেগুলো হবার কথা ছিল - কংগ্রেস আমলে ৮টি গ্রোথ সেন্টার আমরা দেখেছিলাম- সেক্ষেত্রে আজকে ফলতায় একটি শিল্পাঞ্চল স্থাপনে ব্যবস্থা করেছেন, এবং ফরাক্কা ও কল্যাণীতেও হয়েছে। কিন্তু পুরুলিয়া, বাঁকুড়ায় যে প্রাকৃতিক খনিজ সম্পদ রয়েছে - সেগুলো ব্যবহার করা হচ্ছে, না, ফলে ক্রমাগতভাবে ওখানকার এই সম্পদের অপব্যবহার হচ্ছে এবং সেগুলো বিভিন্নভাবে ক্ষয়িষ্ণু হয়ে পড়ছে। সেখানকার খনিজ সম্পদ আজকে অন্য জায়গায় চলে যাচ্ছে। আজকে সেখানে নানা শিল্প তৈরী হতে পারতো, কিন্তু সে বিষয়ে কোন প্রয়াস আমরা দেখতে পাচ্ছি না।

আমরা শুনেছিলাম এবং আপনাদের হাতে হয়ত মনে আছে যে পুরুলিয়া জেলায় একটা সিমেন্ট কারখানা হওয়ার কথা ছিল। সেখানে স্লাগ পাওয়া যাবে, সেই স্লাগ পাওয়ার সম্ভাবনা থাকা সত্ত্বেও আপনারা সেই কারখানার সমপ্রসারণ করা হয় নি। পুরুলিয়ায় স্টীল প্লান্ট সেটাও হতে পারে নি। পুরুলিয়া এবং বাঁকুড়া মধ্যে দামোদরের তীরে যে সকল কয়লাখনি আছে সেখান থেকে কয়লা উত্তোলনের সব বন্দোবস্ত আজ পর্যন্ত হলো না। আপনারা হয়ত বলবেন এটা কেন্দ্রীয় সরকার করছে না। অধিকাংশ কয়লাখনি আগে বেসরকারী প্রতিষ্ঠানের হাতে ছিল, সেগুলিকে জাতীয়করণ করা হয়েছে। এখানে যে সমস্ত ত্রুটি বিচ্যুতি আছে সেইগুলোকে দূর করার জন্য এই সরকারের উচিত কেন্দ্রীয় সরকারকে তদ্বির করা। কিন্তু সেই ব্যাপারে আমরা দেখতে পাচ্ছি যথেষ্ট অভাব রয়েছে। স্বাধীনতার ৩৭ বছর পরে কেন, মানব সভ্যতার আলো যে দিন থেকে দেখেছি তখন থেকে দামোদরের এক পাড় আলোয় প্রজ্জ্বলিত এবং অন্য পাড় অন্ধকারে ডুবে রয়েছে। মানব সভ্যতা যেদিন থেকে গড়ে উঠেছিল সেই দিন থেকে এখানকার প্রাকৃতিক সম্পদকে ঠিকমত ভাবে কাজে লাগানো হচ্ছেনা। সেই সম্পদকে কাজে লাগালে এখানকার মানুষ অনেক উপকৃত হবে। তাদের শুধু সার্বিক কল্যাণ নয়, পশ্চিমবাংলার অর্থনীতি অনেক সচল হবে। সেই সঙ্গে ভারতবর্ষের অর্থনীতি সংগতিপূর্ণ এক শক্তিশালী হবে। কিন্তু দুর্ভাগ্যর বিষয় সেই সম্পদকে ঠিক মত ভাবে ব্যবহার করা হচ্ছে না। পশ্চিমবাংলায় দেখতে পাচ্ছি শিল্প স্থাপনের ক্ষেত্রে ক্রমাগতভাবে পেছিয়ে যাচ্ছে। এই ব্যাপারে সরকারের ভূমিকা অত্যন্ত খারাপ। শিল্প স্থাপনের জন্য লেটার অফ ইনট্যান্ট কিছু কিছু পাচ্ছেন, কিন্তু সেটা কাজে লাগানো হচ্ছে না। সেখানে আমরা দেখতে পাচ্ছি ক্রমাগত ভাবে সরকারের বার্ডেন এসে যাচ্ছে। বর্ত্তমানে এই সরকারের অধীনে যে সমস্ত শিল্প সংস্থা আছে, সেগুলি উঠে যাচ্ছে সরকারী অধীনে মোট ৪৫ টি শিল্প সংস্থা আছে। তার মধ্যে ২০টি ডুবতে বসেছে, তাদের অবস্থা সঙ্গীন। ১৩টি

শিল্প সংস্থাকে জোর করে চালানো হচ্ছে। মোট যে শিল্প সংস্থা আছে তাতে লোকসানের পরিমান এসে দাঁড়িয়েছে ১৩৮ কোটি ৪৩ লক্ষ টাকা। ১৩টি শিল্প সংস্থা যেগুলিকে জোর করে চালানো হচ্ছে তাদের লোকসানের পরিমাণ হচ্ছে ৪৮ কোটি ৩৬ লক্ষ টাকা। সরকারী পরিচালনাধীন যে সমস্ত শিল্প সংস্থা আছে তাতে লোকসানের পরিমাণ ক্রমাগত বেড়ে চলেছে। এই সরকার সেইগুলিকে রক্ষা করতে পারছে না। আমি আশা করি সরকার সেইগুলিকে রক্ষা করবেন এবং লোকসান পূরণ করার ব্যবস্থা করবেন। আমরা দেখতে পাচ্ছি বহু শিল্প বন্ধ অবস্থায় পড়ে আছে। এখানে শিল্প তৈরী হবার ক্লাইমেট তৈরী হচ্ছে না। শিল্প স্থাপনের আবহাওয়া গড়ে তুলতে না পারলে শিল্প ঠিক মত গড়ে উঠবে না। শিল্প স্থাপনের আবহাওয়া তৈরী করার জন্য যে ইনফ্রাস্ট্রাকচার দরকার সেই ইনফ্রাস্ট্রাকচার আজ পর্যন্ত ঠিকভাবে তৈরী হল না। গ্রোথ সেন্টার হওয়া উচিত, সেই ব্যাপারে দেখতে পাচ্ছি ক্রমাগতভাবে পেছিয়ে যাচ্ছেন। সেই জন্য আমি আশা করবো এই সরকার এই ব্যাপারে নজর দেবেন। আজকে মাননীয় সদস্য যে প্রস্তাব এনেছেন সেটা যুগোপযোগী। এই প্রস্তাব আজকের নয়, এই প্রস্তাব দীর্ঘদিনের। মাননীয় সদস্য যে ভাবে প্রস্তাবটি এনেছেন সেটা আগামী দিনের পথ দেখাবে। প্রয়োজন হলে আপনাদের সংগে দিল্লিতে যেতে রাজী আছি। বিধানসভা থেকে একটা সর্ব্বদলীয় কমিটি করে বাঁকুড়া, পুরুলিয়া এবং ঝাড়গ্রামের জন্য শিল্প স্থাপনের ব্যবস্থা করা হোক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে এ্যামেণ্ডমেন্ট দিয়েছি আশা করি মাননীয় সদস্য সেইগুলি গ্রহণ করবেন। সেই রকম কোন এ্যামেন্ডমেন্ট দিইনি, এ্যামেণ্ডমেন্টগুলি গ্রহণ যোগ্য। আর একটা কথা হচ্ছে ক্ষুদ্র এবং কুটির শিল্প গড়ার ক্ষেত্রে এখানে সুস্থ পরিবেশ গড়ে তুলবেন এই আশা আমি করি। আমি আশাকরি আগামী দিনে নতুন নতুন শিল্প গড়ে উঠবে এবং শিল্পের ক্ষেত্রে এগিয়ে যাবেন। আশা করি এই এ্যামেণ্ডমেন্টগুলি গ্রহণ করবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**[4.00—4.10 p.m.]**

**শ্রী নটবর বাগ্দী :** স্পীকার স্যার, মাননীয় সদস্য সুধাংশু শেখর মাজি যে প্রস্তাব এখানে এনেছেন আমি সেই প্রস্তাবকে সমর্থন করে দু একটি কথা বলতে চাই। পুরুলিয়ার অর্থনৈতিক অবস্থা আজ সত্যিই ভয়াবহ ও ভয়ংকর। এই অবস্থা কিন্তু আগে ছিল না। আগে আমাদের জেলার একটি বিশেষ ঐতিহ্য ছিল, এখানকার টুসুগাণ এবং ভাদুগান ছিল প্রাণময়। টুসু ও ভাদুগানের সেই উম্মাদনা, সেই জোয়ার আর নেই। পুরুলিয়া জেলার এই চিত্র আগে কখনও ছিল না - মাননীয় কাশীনাথ মিশ্র মহাশয়ও একথা একটু আগে বলে গেলেন। আগে আমাদের জেলার প্রেক্ষাপটটা কি ছিল তা জানা দরকার। আমাদের জেলার ছৌ নাচে একটা উম্মাদনা ছিল,জোয়ার ছিল ছৌ নাচে, ছিল প্রাণের সঞ্চারণ । আমরা যখন বিহারের অন্তর্ভুক্ত ছিলাম, তখন আমরা চেয়েছিলাম বাংলা ভাষা তথা বাংলা সংস্কৃতির সাথে একাত্ম হতে। যে স্বপ্ন নিয়ে বঙ্গ সংস্কৃতির সঙ্গে নিজেদের একাত্ম করতে চেয়েছিলাম আমরা, তার বাস্তবায়ণ হতে দেয়নি দিল্লীর সরকার। কংগ্রেস সরকার দেননি আমাদের সেই উদ্যোগকে সফল হতে। কংগ্রেস সরকারের কাছে আমাদের দাবী ছিল, সেই ৮টি থানাকে বাদ দিয়ে আমাদের বেঙ্গলে চলে আসতে হয়েছিল। আমাদের যে তিনটি থানাতে টাটা কোম্পানীর যে কারখানা ছিল, সেই কারখানাতে জলাধার তৈরী করবে বলে তারা বলেছিল। তারা বলেছিল আমাদের কারখানার প্রয়োজনে যে কয়লা দরকার হবে তা ধানবাদ এবং অন্যান্য পার্শ্ববর্তী খনিগুলি থেকে সংগ্রহ করবে। তাই ৮টি থানাকে বেঙ্গলে নিয়ে যাওয়া হবে না। এই শর্তে রাজী হলে ভাল না হলে কিছু এসে যায়

না- এই সমস্ত কথা সেদিন কংগ্রেস সরকার বলেছিলেন। এরপরে পুরুলিয়া জেলার সমস্ত অধিবাসী টুসু গাইতে গাইতে, ঝুমুর গাইতে গাইতে কলকাতার বুকে এসেছিল। তারা বলেছিল, এ অন্যায় - এই দাবী তারা কখনোও মেনে নেবে না। পুরুলিয়াবাসী সেদিন কলকাতার বুকে কংগ্রেস সরকারের কাছে এই অন্যায়ের প্রতিবাদ জানাতে এসেছিল। তদানীন্তন কংগ্রেস সভাপতি (এখন যিনি নেই) এবং কে. পি. সিং দেও দাবী জানিয়ে আন্দোলন করেছিলেন ডাঃ বিধান চন্দ্র রায়ের কাছে। তাঁরা সেদিন দাবী জানিয়েছিলেন, কিন্তু বিধান চন্দ্র রায় সেই দাবী মেনে নেন নি। সত্যাগ্রহ করেছিলেন অরুণ ঘোষ, লাবণ্যপ্রভা দেবী প্রমুখ ব্যক্তিরা। তাঁদের উপর প্রচণ্ড অত্যাচার হয়েছিল। তাঁরা সেদিন বলেছিলেন, 'এই দাবী আমরা মেনে নেব না''। পুরুলিয়া জেলায় রত্নগর্ভা খনি ছিল; সেই কোলিয়ারীকে বাদ দিয়ে, আমাদের জঙ্গল এলাকাকে বাদ দিয়ে পশ্চিমবঙ্গের অন্তর্ভুক্ত করা হয়েছিল। রাজ্যের মধ্যে যে ভাষা কমিশন হয়েছিল, সেই কমিশন ডাঃ বিধান চন্দ্র রায় তথা কংগ্রেস সরকার চক্রান্ত করে করেছিলেন। গোটা এলাকায় তা ছড়িয়ে দেওয়া হয়েছিল। মাননীয় শিল্প-বানিজ্য দপ্তরের মন্ত্রী পুরুলিয়াবাসীর দুঃখকে উপলব্ধি করে নিজে উদ্যোগ নিয়ে পুরুলিয়াবাসীর জন্য যা করেছেন, তার জন্য পুরুলিয়াবাসী তাঁর কাছে কৃতজ্ঞ। কংগ্রেস সরকার এখানে কোন কারখানা করতে দেননি। মাননীয় শিল্প-বাণিজ্য মন্ত্রী অত্যন্ত সাহসিকতার সাথে এখানে স্লাগ কারখানা করেছেন। শুধু তাই নয়, তিনি ঘোষণা করেছেন যে, আগামী ৩ বছরের মধ্যেই এই স্লাগ কারখানার কাজ শেষ করবেন। কংগ্রেস সরকার বলেছিলেন, পুরুলিয়া জেলায় তাঁরা কোন স্লাগ কারখানা করতে দেবেন না। পুরুলিয়া জেলার বুকে উৎকৃষ্ট জাতের কয়লা সঞ্চিত আছে। যে সমস্ত উৎকৃষ্ট জাতের কয়লা দুর্গাপুর, রৌরকেল্লা প্রভৃতি কারখানাগুলোর জন্য দরকার হয়, তা পোল্যাণ্ড থেকে কেন্দ্রীয় সরকারকে আমদানী করতে হয়। দিন কয়েক আগে রেডিওতে ঘোষণা হয়েছিল যে জিওলজিক্যাল সার্ভে অফ ইণ্ডিয়া সার্ভে করে দেখেছে যে পুরুলিয়া জেলার মধুকুণ্ডায় ৩২ কোটি টন, শুনুড়ীতে ১৬ কোটি টন উৎকৃষ্ট জাতের কয়লা মজুত আছে। অথচ এই উৎকৃষ্ট জাতের কয়লা আমাদের বাইরে থেকে আমদানী করতে হচ্ছে। বারবার করে বলা সত্ত্বেও কেন্দ্রীয় সরকার এগুলি অধিগ্রহনের জন্য কোন চেষ্টাই করছেন না। লাক্ষার আন্তর্জাতিক মার্কেট আছে এবং বেশ চড়া বাজার দামও আছে, যা বাজারে ৫০ টাকা কে.জি. হিসাবে বিক্রি হয়ে থাকে, সেই লাক্ষা সেন্ট্রাল গভর্ণমেন্টের সঙ্গে যোগাযোগ করে এক শ্রেণীর ব্যবসাদার - সমরসিং জয়সওয়াল তাদের মধ্যে অন্যতম - বাইরের দেশগুলিতে, বিশেষ করে পশ্চিম জার্মানীতে বিক্রি করছে। চড়া দামে সেখানে বিক্রি করে ঐ ব্যবসায়ী সম্প্রদায় কোটি কোটি টাকা মুনাফা লুটছে। এখানকার আকরিক লোহা খুবই উৎকৃষ্ট জাতের। এখানকার টটকো এবং কুমারী নদীতে দৈনিক প্রায় ১০।১৫ হাজার লোক সোনা কুড়াতে যায়। তারা সোনা কুড়িয়ে নিজেদের জীবন ধারণ করছে।

এখানে প্রচুর আকরিক লৌহ আছে, এই আকরিক লোহা থেকে কারখানা হতে পারে। এখানকার বনজ সম্পদ ব্যবহার করতে পারেন এতে পুরুলিয়া জেলার আরো ভালো হতে পারে। এই ব্যাপারে রাজ্য সরকারের কাছে এবং রাজ্য সরকারের মাধ্যমে বাণিজ্যমন্ত্রীর কাছে অনুরোধ রাখছি তিনি যাতে এই বিষয়ে দৃষ্টি দেন। পুরুলিয়া জেলাকে জনপ্রিয় করে তোলার চেষ্টা করুন এবং আশাকরি আপনারা তার চেষ্টা করবেন। এতদিন কংগ্রেস সরকার ভুল করেছেন, জনস্বার্থের বিরুদ্ধে কাজ করে জনসাধারণকে ভিখারী করে ছেড়ে ছিলেন এবং এঁদের পিতৃপুরুষরা যে ভুল করেছেন তারজন্য আজকে পুরুলিয়ার জনসাধারণ আরো গরীবে পরিণত হয়েছে। এই গরীবী ব্যবস্থাকে এবং এই অর্থনৈতিক অবস্থাকে যাতে আরো উন্নত করা যায় তার জন্য যে প্রস্তাব এসেছে তাকে আমি সমর্থন

করছি এবং এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রবোধ চন্দ্র পুরকায়েত:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় মাননীয় সদস্য শ্রী সুধাংশু শেখর মাঝি পশ্চিমবঙ্গে যে জেলাগুলি পশ্চাদপদ যেমন পুরুলিয়া জেলা, সেখানে যাতে শিল্প স্থাপন করা যায় তার জন্য যে প্রস্তাব এখানে উত্থাপন করেছেন আমি সেই প্রস্তাবকে সমর্থন করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন পশ্চিমবঙ্গের সমস্ত জেলাগুলির মধ্যে পুরুলিয়া জেলা অর্থনৈতিক দিক থেকে সব থেকে বেশী অনগ্রসর। এখানে অধিকাংশ জায়গা পাথুরে এবং এখানে কৃষিজমিতে খুব কম ফসল হয় ফলে এখানকার মানুষকে চুড়ান্ত দারিদ্রতার মধ্যে বাস করতে হয়, তার উপর প্রচণ্ড খরা প্রায় প্রতি বছর লেগে আছে। যার ফলে এখানকার মানুষ খেতে পায় না। এই রকম অবস্থায় পুরুলিয়া জেলায় শিল্প এবং কারখানা গড়ে তোলার প্রয়োজন আছে। এই জেলায় শিল্প নেই বললেই চলে। পুরলিয়া জেলায় শিল্প, কারখানা গড়ে তুলতে গেলে যে প্রাকৃতিক সম্পদ দরকার তা এখানে আছে। পুরুলিয়া জেলার মাটির তলায় যে প্রাকৃতিক সম্পদ রয়েছে এবং যে বিরাট বনজ সম্পদ রয়েছে তাতে পুরুলিয়া জেলাকে উন্নত করা যায়। স্বাধীনতার দীর্ঘ ৩৭ বছর অতিক্রান্ত হবার পরেও কি কেন্দ্রীয় সরকার কি পশ্চিমবঙ্গের বিগত সরকার বা বর্তমান সরকার কোন প্রকার উদ্যোগ গ্রহণ করেননি। শুধু পুরুলিয়া জেলাই নয়, সারা পশ্চিমবঙ্গে শিল্প গড়ে তোলার ক্ষেত্রে যথার্থ উদ্যোগ গ্রহণ করা হয়নি। তারফলে পুরুলিয়া জেলা অনগ্রসর থেকে যাচ্ছে। আগেও পুরুলিয়া জেলায় সিমেন্ট কারখানা গড়ে তোলার নানা রকম প্রস্তাব করা হয়েছিল কিন্তু আজ পর্যন্ত সেই সিমেন্ট কারখানা সেখানে গড়ে ওঠেনি। পুরুলিয়া জেলার প্রয়োজনীয়তার কথা ছেড়ে দিলেও অন্যান্য জেলাগুলি কি অর্থনৈতিক অবস্থার উন্নতি করতে পেরেছে? এখানে শিল্প কারখানা যদি গড়ে তোলা না যায় তাহলে দেশের সাধারণ মানুষের জীবন-জীবিকার মান উন্নত হতে পারে না এবং বেকারত্ব থেকে বাঁচানো যাবে না। সেই জন্য শিল্প কারখানা গড়ে তুলতে গেলে শুধু রাজ্য সরকার নয়, কেন্দ্রীয় সরকারকেও দায়িত্ব নিতে হবে। এরজন্য মূলত কেন্দ্রীয় সরকার দায়ী। কেন্দ্রীয় সরকার যদি দায়িত্ব নিতেন এবং সাথে সাথে যদি রাজ্য সরকারও দায়িত্ব নিতেন তাহলে শিল্প গড়ে তোলার কোন অসুবিধা হতো না। সরকার অনেক প্রস্তাব গ্রহণ করেন। এটা এদের একটা রাজনীতি। কিন্তু এটা যদি কার্যে পর্যবসিত না হয় তাহলে বুঝবো এটা এই সরকারের লোকদেখানো ব্যাপার। এতে আপনারা হয়তো আত্মসন্তুষ্টি লাভ করবেন কিন্তু বাস্তবে কোন উপকারে লাগবে না। সুতরাং এই প্রস্তাবকে যদি গ্রহণ করেন তাহলে পুরুলিয়া জেলার মানুষের জীবনের উন্নতি করার জন্য শিল্পের ব্যবস্থা করুন। আপনার পুরুলিয়ার জন্য শিল্প স্থাপনের প্রস্তাব প্রস্তাবই থেকে যাবে যদি না আপনারা এই প্রস্তাবকে অনুসরণ করে একে বাস্তবায়িত না করেন। সুতরাং সেইদিক থেকে বলবো এটা শুধু সিদ্ধান্ত গ্রহণ নয়, প্রস্তাব গ্রহণ করা মানে পুরুলিয়া জেলার জন্য কার্যকরী ব্যবস্থা নেওয়া। শুধু শুধু পুরুলিয়া জেলার মানুষের জন্য কুম্ভীরাশ্রু বিসর্জন করলে চলবে না।

**[4.10—4.20 p.m.]**

সেই প্রস্তাব অনুসারে রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারকে আন্তরিকতার সঙ্গে তাকে রূপ দেবার জন্য বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণ করতে হবে। শুধু প্রস্তাব পাশ করলেই হবে না পুরুলিয়া জেলা ও পশ্চিমবাংলার সাধারণ মানুষের প্রয়োজনে কেন্দ্রীয় সরকারের যে শিল্প নীতি সারা পূর্বাঞ্চলে বাঁধা সৃষ্টি করছে তাকে প্রতিহত করতে হবেএবং তার জন্য প্রয়োজন সমস্ত জনগণকে সংঘবদ্ধ করা। সেই

সঙ্গে সঙ্গে পশ্চিমবাংলার জনসাধারনকে নিয়ে কেন্দ্রীয়চ সরকার যে ভাবে অর্থনৈতিক দিক থেকে পশ্চিমবাংলার জনসাধারণকে নিয়ে কেন্দ্রীয় সরকার যে ভাবে অর্থনৈতিক দিক থেকে পশ্চিমবাংলাকে বঞ্চনা করছে তার মোকাবিলা করার জন্য সুষ্ঠু গণ আন্দোলন গড়ে তুলতে হবে। সেই জন্য বলতে চাই বামফ্রন্ট সরকারকে এই প্রস্তাব অনুযায়ী বাস্তব পদক্ষেপ গ্রহণ করতে হবে। এবং সেই সঙ্গে সঙ্গে সমস্ত দল মিলে যারা পশ্চিমবাংলার শিল্পোন্নয়ন চায়, অগ্রগতি চায়, বেকারদের কাজ দিতে চায় সেই সমস্ত দল মিলে পশ্চিমবাংলার জনসাধারণকে সংগঠিত করে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে আন্দোলন গড়ে তুলতে হবে। এই প্রসঙ্গে বলতে চাই পুরুলিয়া জেলায় যে প্রাকৃতিক সম্পদ রয়েছে তার সার্ভে হওয়া দরকার। এবং সেই সার্ভে করে কোথায় কোন শিল্প করা দরকার সেই শিল্প যাতে সেখানে প্রতিষ্ঠিত করা যায় সেই দিক থেকে বামফ্রন্ট সরকার বলিষ্ঠ পদক্ষেপ নেবেন। কেন্দ্রীয় সরকারের নীতি যদি এই পদে বাঁধা সৃষ্টি করে তাহলে সাংবিধানিক দিক থেকে তার মোকাবিলা করতে হবে। এবং আগামী দিনে বামফ্রন্ট সরকার সমস্ত জনসাধারণকে নিয়ে তীব্র আন্দোলন গড়ে তুলবেন। যাতে কেন্দ্রীয় সরকার তাঁর শিল্প নীতি পরিবর্তন করেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** Honourable members, tickets for Pre-World Cup Match which will be held on Sunday, the 5th May, 1985 have been received from the Government for distribution to the members. Members are requested to collect their tickets from the Publication Counter of the Assembly.

**শ্রীমতী অপরাজিতা গোপ্পী :** স্যার, আজকে যে প্রস্তাব এসেছে তাঁকে সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলতে চাই। পুরুলিয়া জেলা সম্পর্কে নূতন করে আজকে যে ভাবতে হচ্ছে এটা খুবই দুঃখের কথা। ১৯৫৬ সালে পুরুলিয়া জেলা যখন পশ্চিমবঙ্গের অন্তর্ভুক্ত হয় তার পরবর্তী কালে এই জেলার উন্নয়নের জন্য যে আন্দোলন হয়েছিল স্বর্গত জননেতা শ্রী হেমন্ত বসুর নেতৃত্বে এবং বিরাট পদযাত্রা সহকারে তারা কলকাতায় এসেছিলেন তখন মুখ্যমন্ত্রী ডাঃ রায় এই জেলা সম্পর্কে অনেক আশ্বাস দিয়েছিলেন। কাশীবাবু যে কথা বললেন তাতে আমি তাকে এই কথাই বলবো যে পুরুলিয়া জেলা শুধু নয় পশ্চিমবঙ্গ কি ভাবে বঞ্চিত হচ্ছে তার পটভূমিকা আপনাকে দেখতে হবে। স্বাধীনতার ৩৮ বছর পরে পুরুলিয়া জেলার বনে বনে আমি ঘুরেছি। অযোধ্যা পাহাড়ে আদিবাসী যারা থাকেন তাদের আমি খরার সময় এবং অন্য সময়েও দেখেছি। এই কাঁকড় অঞ্চলে কৃষিকার্য করা অসম্ভব। অধিকাংশ সময়ে এখানকার মানুষরা গাছের পাতা সেদ্ধ করে খায়। ১৯৬৬ সালে যখন আমি পুরুলিয়া জেলায় গিয়েছিলাম সেই সময়ে আমি তাদের গাছের পাতা খেতে দেখি এবং দুর্ভিক্ষর পদধ্বনি শুনি। সেদিন স্বর্গত মাননীয় নেতা হেমন্ত বাবু আমাদের সঙ্গে ছিলেন।

সেদিন উপহাস করে একজন কংগ্রেসী বলেছিলেন নেতা বলেছিলেন দুর্ভিক্ষ কোথায়, এখনও তো চিতা জ্বলছে না, গাছের পাতা বাঁচছে সেই পাতাও তো শেষ হয়নি, স্বাধীনতার ৩৮ বছর পরেও এই উপহাস আমাদের জীবনে অভিশাপ হয়ে আছে। এই বঞ্চনা কিসের জন্য - অর্থনৈতিক অসম বন্টনের জন্য, এই জেলার প্রতি কেন্দ্রীয় সরকারের বঞ্চনার জন্য , বৈষম্যের জন্য। আমরা দেখেছি

মানবাজার ২ নং ব্লকে যে সমস্ত আদিবাসী বাস করে তারা গুগলি সিদ্ধ করে খাচ্ছে, গাছের পাতা সিদ্ধ করে খাচ্ছে, ভাতের মাড় খাচ্ছে, মহুয়া গাছের ফলগুলি সিদ্ধ করে খাচ্ছে। এই হচ্ছে তাদের জীবন যাত্রা। স্বাধীনতার ৩৮ বছর পরে এই বঞ্চনা তাদের উপর চলছে। আজকে যে প্রস্তাব নিয়ে আসা হয়েছে এখানকার মানুষের বাঁচার জন্য শিল্প যদি গড়ে না উঠে, অর্থনৈতিক উন্নতি যদি না হয় তাহলে এখানকার মানুষ বাঁচতে পারে না। আপনারা সমালোচনা করলেন, কাশীবাবু বার বার আন্দোলনের কথা বললেন, কিন্তু স্বাধীনতার ৩৮ বছর পরেও কেন এই বৈষম্য? কেন্দ্রীয় সরকারের এই বঞ্চনার জন্য আজকে পূর্বাঞ্চলের সমস্ত জায়গা অবহেলিত। এই বঞ্চনার জন্য সেখানে যে কুটির শিল্প লাক্ষা শিল্প ছিল সেটা ধ্বংস হয়ে গেছে। আমরা দেখেছিলাম সেখানে কুল গাছের মধ্যে যে লাক্ষা চাষ হত সেই চাষ করে কিছু মানুষ তাদের জীবিকা নির্বাহ করত। আজকে বন-জঙ্গলের গাছ সাফ হয়ে গেছে, সেখানকার লাক্ষা চাষ শেষ হয়ে গেছে। আমরা সেখানকার কাঁসার বাসন শিল্প দেখেছি। কিন্তু আজকে সব জায়গায় আধুনিক বাসনের সঙ্গে প্রতিযোগিতায় বার বার পিছিয়ে পড়ার ফলে সেখানকার সেই কাঁসার বাসন কুটির শিল্প ধ্বংসের পথে। আমরা দেখেছি সেখানকার তুনতুরিক শিল্প, সেখানকার গরীব মানুষেরা কম্বল শিল্প গড়ে তুলেছিল, কিন্তু সেই শিল্প আজকে ধ্বংস হয়ে গেছে। স্বাধীনতার ৩৮ বছর পরে যারা গণতান্ত্রিক অধিকার পেয়েছে তাদের আজকে কেন জীবিকার সংকটে ভুগতে হবে? ১৯৫৭ সাল থেকে বার বার বামপন্থীরা সেখানকার মানুষদের বাঁচাবার জন্য সংগঠিত আন্দোলন করেছে, সেখানকার খরার সাথে লড়াই করেছে। পুরুলিয়া বনজ সম্পদে খনিজ সম্পদে পরিপূর্ণ গোটা ভারতবর্ষের সম্পদ বৃটিশ সাম্রাজ্যবাদকে আকৃষ্ট করেছিল। আজকে গোটা বাংলা এবং ভারতবর্ষে যত সম্পদ আছে সেই সম্পদ পুরুলিয়া জেলার বনে এবং তার মাটির তলায় রয়েছে। তাহলে আজকে কেন সেই সম্পদ সুনিয়ন্ত্রিতভাবে সংগঠিত করে কালকারখানার সৃষ্টি করে সেখানকার মানুষকে বাঁচাবার চেষ্টা করা হবে না? এটা তো আমাদের কাছে একটা অভিশাপ। আমরা স্বাধীন দেশের মানুষ, আমাদের গণতান্ত্রিক অধিকার রয়েছে বাঁচার জন্য জীবিকার জন্য, তাহলে বার বার কেন আমরা দুর্ভিক্ষের কবলে পড়ে মরব? কেনই বা বার বার আমাদের গাছের পাতা, গুগলী সিদ্ধ করে খেতে হবে? সেজন্য আমি মনে করি এই প্রস্তাব সংগত প্রস্তাব। মাননীয় সদস্যরা একটা কথা বলেছেন আজকে কলকারখানা সৃষ্টি করবার জন্য শুধু প্রস্তাব গ্রহণ করলে হবে না, অর্থনৈতিক অনগ্রসরতার সঙ্গে মোকাবিলা করতে হলে আন্দোলন করতে হবে। অতীত দিনে যে ঐতিহাসিক আন্দোলন হয়েছিল সেই আন্দোলনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে এই প্রস্তাবকে আরো বেশী জোরালো করে নিয়ে যেতে হবে। আজকে দল-মত-নির্বিশেষে পশ্চিমবঙ্গের মানুষের জন্য, পুরুলিয়ার মানুষের জন্য, তাদের বাঁচার তাগিদে এই আন্দোলনকে কেন্দ্রের কাছে পৌঁছে দিতে হবে, সেজন্য এই প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**[4.20—4.30 p.m.]**

**শ্রী সুভাষ চন্দ্র মাহাতো :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় সদস্য শ্রী সুধাংশু শেখর মাঝি পুরুলিয়া সম্বন্ধে কতকগুলি প্রস্তাব আমাদের সামনে যা এনেছেন তার পরিপ্রেক্ষিতে মাননীয় সদস্য কাশীবাবু একটি সংশোধনী প্রস্তাব দিয়েছেন। আজকে মাননীয় সদস্যরা পুরুলিয়া জেলা সম্বন্ধে যেসব কথা বললেন আমি সেসব কথা শুনেছি। পুরুলিয়া জেলা ভারতবর্ষের মধ্যে একটা অনুন্নত

জেলা এটা আমরা সকলেই জানি। স্যার, আপনি জানেন ভারতবর্ষের ৪১৪টি জেলার মধ্যে ৪০ টি জেলাকে অনুন্নত বলে ঘোষণা করা হয়েছে, তার মধ্যে পুরুলিয়া অন্যতম - বাঁকুড়া বীরভূম তো আছেই। ১৯০৬ সালের ১লা নভেম্বর এই পুরুলিয়া জেলা বিহার থেকে পশ্চিমবাংলায় এসেছে। আমরা দুঃখের সঙ্গে একটা জিনিস লক্ষ্য করছি পুরুলিয়ার অধিবাসীরা এখানে সৎ ভাই হিসাবে গণ্য হয়েছে। পুরলিয়া জেলার সার্বিক উন্নয়নের কথা বলতে গিয়ে আমি ঝালদার কথাই প্রথমে বলব। এখানে একটা সিমেন্ট কারখানা হবে এটা আমরা দীর্ঘদিন ধরেই শুনে আসছি। জমি দেখা হয়েছে, সার্ভে করা হয়েছে অথচ আজ পর্যন্ত কিছুই করা হলো না। ১৯৭২ থেকে ৭৭ সাল পর্যন্ত সিদ্ধার্থ শঙ্কর রায় যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখনই শুনেছিলাম ওখানে সিমেন্টের কারখানা হবে। তারপর দীর্ঘদিন কেটে গেল কিছুই দেখছি না। এবারে আমি পুরুলিয়া জেলার বনজ সম্পদ সম্বন্ধে কিছু বলব। এখানকার মানুষ সাধারণত কৃষির উপর নির্ভর করে। বনজ সম্পদ সম্পর্কে আমার প্রথম বক্তব্য হচ্ছে ওখানে একটা কাগজের কল হবার সম্ভাবনা রয়েছে আমরা জানি অযোধ্যা পাহাড় প্রকল্পে ২৩৭ রকম হোমিওপ্যাথি ঔষধের গাছগাছড়া ওখানে পাওয়া যাবে। এদিক থেকে এখানে একটা ওষুধের কারখানা হতে পারে। এখানে চুনাপাথর পাওয়া যায়। কাজেই সিমেন্টের কারখানা অবশ্যই হতে পারে। ঝালদাতে ৩টি চুণাপাথরের কারখানা আছে, কিন্তু রাস্তার অভাবে চুণাপাথর আসছে না। অলিখিতভাবে এবং বেআইনীভাবে অন্যান্য রাজ্যে এগুলো এখান থেকে হঠানো হচ্ছে এবং তারপরে দেখছি এক একটি কারখানায় প্রায় দু হাজারের মত শ্রমিক বসে পড়েছে কারণ কারখানা বন্ধ হয়ে যেছ। আর একটি কারখানা ইনিমধ্যেই গুজরাটে যাবার চেষ্টা করছে। রসিকডি মৌজায় ৩০০ একর জমির উপরে একটি পাহাড় আছে সেখানে যে পাথর পাওয়া যায় তাতে দেখেছি গ্রামের লোকেরা এই পাথর নিয়ে যায় এবং অন্যান্য প্রদেশের লোকের কাছে এইগুলি বিক্রি করে। আমরা পরীক্ষা করে দেখেছি এতে ৬৯ পারশেন্ট আকরিক লৌহ আছে এবং টাইটেনিয়াম ১.০৬ পারশেন্ট আছে। কাজেই এখানে একটা লোহার কারখানা অনায়াসেই গড়ে উঠতে পারে। এর সঙ্গে রয়েছে মানবাজারের তামা যেটা খুবই প্রয়োজনীয়। মাননীয় সদস্য নটবর বাগদী বক্তৃতা প্রসঙ্গে আমার বাবা দেবেন মাহাতোর নাম উল্লেখ করেছেন। তিনি বক্তৃতা প্রসঙ্গে বলেছেন পুরুলিয়া জেলার সর্বপ্রকার উন্নতি করার জন্য দেবেন মাহাতো আপ্রাণ চেষ্টা করেছেন এবং মৃত্যুকালে তিনি বলে গেছেন - ফাইট ফর পুরলিয়া। স্যার, স্বাধীনতার ৩৭ বছর পরও দেখছি পুরুলিয়া জেলায় এখনও খরা চলছে এবং মানুষ সেখানে পদদলিত এবং অবহেলিত হচ্ছে। আজকে পুরুলিয়া জেলার উন্নয়নের জন্য কিছু ব্যবস্থা নেওয়া হচ্ছে এবং কৃষিতে দেখছি এখানকার বহু লোক নির্ভরশীল। তবে এসব সত্ত্বেও একটা কথা বলি বানদুয়ান, বরাবাজার, কাশীপুর এবং হুড়া প্রভৃতি অঞ্চলের লোকেরা বাধ্য হয়ে বর্ধমান, মেদিনীপুর এবং হুগলীতে বিভিন্ন সময়ে কাজ করতে আসে।সেই কারণে যে প্রস্তাব এসেছে নিশ্চয় তার জন্য মাননীয় সদস্য সুধাংশুবাবুকে আমি সাধুবাদ জানাচ্ছি। আমি আশাকরি কাশীবাবু যে সংশোধনী প্রস্তাব দিয়েছেন সেটা তিনি মেনে নেবেন। তিনি বলেছেন যে পুরুলিয়া জেলার সার্বিক উন্নয়নের জন্য প্রয়োজন হলে সবাই মিলে একটা ছোট কমিটি গঠন করে কেন্দ্রীয় সরকারে যেতে আমরা রাজী আছি! এটি একটি সাধু সংশোধনী। এটা মেনে নেওয়া উচিত। পুরুলিয়া উন্নতি এবং পশ্চিমবাংলায় বেকার দূরীকরণের জন্য এবং ভারতবর্ষের অর্থনৈতিক উন্নতির জন্য আমাদের সর্বশক্তি নিয়োগ করা উচিত। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুভাষ গোস্বামী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে প্রস্তাব এসেছে পুরুলিয়া জেলার

শিল্পের ক্ষেত্রে সেটা অত্যন্ত যুক্তি সঙ্গত। আমরা জানি যে পুরুলিয়া জেলা এবং বাঁকুড়া জেলা এই দুটো জেলাই শিল্পের ক্ষেত্রে অনগ্রসর এবং পশ্চাদপদ বলে ঘোষণা করলে বোধহয় ঠিক হবে না আসলে সেখানে কোন শিল্পই নেই। আজকে কিভাবে পুরুলিয়া জেলার মানুষ জীবনযাপন করছেন সেটা বিভিন বক্তার মধ্যে দিয়ে সেটা প্রকাশ হয়ে পড়েছে। তাদের এই করুন অবস্থা দীর্ঘদিনের। তারা অবহেলা এবং ঔদাসীন্যের মধ্যে দিয়েই চলেছে, তাদের দিকে কেউই মুখ ফিরিয়ে তাকায় নি। ঐ এলাকার মানুষদের সম্পর্কে কেউই কোন ভাবনা চিন্তা করে নি। কেমন করে ঐ সমস্ত এলাকার উন্নতি হতে পারে এবং সেখানকার দুর্দশাগ্রস্ত এবং দৈন্যকবলিত মানুষদের আর্থিক অবস্থা উন্নতি করা যায় সে কথা কেউই চিন্তা করেন নি। আমাদের বামফ্রন্ট সরকার আসার আগে একটা চমক শুনেছিলাম যে কথা মাননীয় কংগ্রেস সদস্য বললেন যে যখন সিদ্ধার্থ শঙ্কর মুখ্যমন্ত্রী ছিলেন তখন তিনি বলেছিলেন পুরুলিয়া জেলায় সিমেন্ট কারখানা হবে। ঐ একটা কথা আছে empty vessels sound much. কোথায়ও কিছু নাই তিনি ঘোষণা করে দিলেন। সেই ঘোষণা শুনে পুরুলিয়া জেলার মানুষ অপেক্ষা করতে লাগলো কবে কখন পুরুলিয়া জেলায় সিমেন্ট কারখানা হবে- ওখানকার মানুষদের উন্নতি হবে তাদের রুজিরোজগার হবে। কিন্তু কোনও উদ্যোগই দেখা গেল না। সিদ্ধার্থবাবু ঐ এলাকার মানুষদের বলার প্রয়োজনই মনে করলো না যে কেন বা কি কারণে সেই সিমেন্ট কারখানা পুরুলিয়া জেলায় হলো না। বামফ্রন্ট সরকার আসার পর সেখানে একটা উদ্যোগ শুরু হয়েছে। মধুশুণ্ডায় আজকে সেই কারখানা করার জন্য প্রস্তাব এসেছে এবং এই প্রস্তাব সাধু প্রস্তাব। আজকে পুরুলিয়ায় যেসব লোকাল রিসোর্সেস আছে যে সমস্ত আকরিক লোহা আছে তামা কয়লা ও স্বর্ণের আকরিক ছাড়াও রক ফসফেট ও চুণাপাথরও আছে সেগুলির সমীক্ষা শুধু নয়, তার গবেষণাও হওয়া দরকার। তারজন্য আজকে উদ্যোগ গ্রহণ করা দরকার। আমাদের মন্ত্রী মহাশয় বলেছেন ঐ সমস্ত শিল্প যারা করবেন সেখানে তারা শিল্প স্থাপন করার জন্য কোন আগ্রহ দেখাচ্ছে না। এটা অবশ্য আমরা আশাকরি না। যারা নিছক মুনাকা লাভ করার জন্য শিল্প স্থাপন করে তাদের সে আশা করা ভুল হবে। সেখানে একটা ব্যাপক উদ্যোগ নিয়ে হবে সরকারকে শিল্প স্থাপনের ক্ষেত্রে।

**[4.30—4.40 p.m.]**

আর বৃহৎ শিল্পের ক্ষেত্রে এগিয়ে আসতে হবে কেন্দ্রকে তার সহায়তা নিয়ে এবং ঐ এলাকার মানুষের জন্য পিছন থেকে তাদের টেনে তোলার জন্য সেখানে যাতে অবিলম্বে এই বৃহৎ এবং মাঝারী শিল্প স্থাপন করা সম্ভব হয়, যাতে সেখানকার অর্থনৈতিক মান উঁচু করা যায় সেদিকে লক্ষ্য রাখতে হবে এবং তাতে সব দিক থেকে একটা প্রচেষ্টা চালানোর দরকার আছে এবং ঐ এলাকাটা দীর্ঘদিন ধরে উপেক্ষিত হয়ে পড়ে রয়েছে। তাদেরও ধৈর্য্যেরও একটা সীমা আছে, তারা দীর্ঘদিন অপেক্ষা করে থাকবেন না, তাই তাদের ধৈর্য্যের বাঁধ ভেঙ্গে যাবার আগেই, আমার অনুরোধ, আমাদের রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে, তারা যেন যথাসময়ে উপযুক্ত ভাবে সাড়া দেন এবং ওদের মর্যাদা দেন।

**শ্রী নির্মল কুমার বোস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুধাংশু শেখর মাঝি মহাশয় যে প্রস্তাবটি উত্থাপন করেছেন, আমি এই প্রস্তাবকে সমর্থন করে সরকার পক্ষ থেকে দু-একটি কথা বলতে চাই। পুরুলিয়া জেলা আমাদের রাজ্যের পিছিয়ে পড়া জেলা এবং আমাদের ওখানে শিল্পের সুযোগ রয়েছে, বিশেষ করে খনিজ দ্রব্য নির্ভর শিল্প, সেটা করতে হবে এবং অন্য শিল্পও করতে হবে। তারজন্য প্রস্তাব

এসেছে, কেবল পুরুলিয়া জেলা নয়, পুরুলিয়া জেলার মাটির তলায় যে খনিজ দ্রব্য রয়েছে তার আমরা পরিপূর্ণ সদ্ব্যবহাব করতে পারি তাহলে সামগ্রিকভাবে আমাদের এই রাজ্য তথা আমাদের দেশ উপকৃত হবে। পুরুলিয়া জেলায় সত্যই দারুণ সম্পদ পড়ে রয়েছে যা এখনও আমরা ব্যবহার করে উঠতে পারিনি এবং আমরা এটাকে ব্যবহার করবার জন্য সচেষ্ট। আমরা চাই এর পরিপূর্ণ ব্যবহার হোক। এই জেলায় প্রচুর খনিজ দ্রব্য রয়েছে. কয়লা আছে. রক ফসফেট আছে, ফায়ার ক্লে আছে, ডলোমাইট আছে, চায়না ক্লে যথেষ্ট আছে, লাইম ষ্টোন বা চুণাপাথর যথেষ্ট আছে। এছাড়া লোহা, তামা, সোনা, এখানে ওখানে কিছু কিছু ছড়িয়ে আছে। কি পরিমাণ আছে এবং সেইগুলি বাণিজ্যিক দিক থেকে লাভবান কিনা, সেটা এখনও প্রমাণ হয়নি। সুবর্ণরেখা নদী আছে, সোনা এখানে ওখানে পাওয়া যায়, আমাদের রাজ্য সরকারের ডিরেক্টার অব মাইন্‌স. জিওলজিক্যাল সার্ভে পরীক্ষা করে চলেছেন যে সত্যিই যদি আমরা ঠিক মত সোনার সন্ধান পাই, তাহলে ওখানকার চেহারা ফিরে যাবে। এখনও এই ব্যাপারে আমবা স্থির সিদ্ধান্তে এসে পৌছতে পারিনি। ওখানে এত সুন্দর গ্রাণাইট পাথর আছে যা দিয়ে আমরা সুন্দর ভাবে কিছু করতে পারি। এই কথা ঠিক, যে পরিমাণ সমীক্ষা হয়েছে, আরও সমীক্ষা হওয়া দবকার। এই প্রস্তাবে আছে আমাদের ডিরেক্টর অব মাইনস এবং জিওলজিক্যাল সার্ভে অব ইণ্ডিয়া কেন্দ্রীয় সরকারের, তারা যুক্তভাবে সমীক্ষা চালিয়ে যাচ্ছেন। এটাকে আমবা আরও বাড়াতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখন কিছু হচ্ছে না এই রকম একটা ধারণা কারো কারো থাকতে পারে। এটা ঠিক নয়। যেমন রাজ্য সরকার রক ফসফেট দিয়ে বেলডিতে পুরুলিয়া ফস তৈরী করেছেন। যেটা ভাল সার, কৃষির ক্ষেত্রে লাগে জমির উর্বরতা বৃদ্ধিতে লাগে এবং শুধু পশ্চিমবঙ্গে নয় ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে এটা আমরা চালাচ্ছি এবং এটা ব্যাপক সম্প্রসারণের পরিকল্পনা আমরা নিয়েছি। এটা সম্প্রসারণের জন্য আমরা ভারত সরকারের কাছে এক কোটি টাকা চেয়েছি। এই টাকা পেলে আমরা আরও বড় করে করতে পারি। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, এই ব্যাপারে এখনও আমরা সাড়া পাইনি। এটা আমাদের West Bengal Mineral Department and Training Corporation চালাচ্ছে। তাছাড়া ফায়ার ক্লে দিয়ে আমরা কিছু করছি, এটাতে একটা বিরাট সম্ভাবনা আছে। তাছাড়া চায়না ক্লের ব্যাপারে বাণিজ্যিক উত্তোলন হচ্ছে এবং এটাও ভাল কাজ হচ্ছে। এই সব দিক থেকে কাজ চলেছে। আর কয়লার ব্যাপারে, ওখানে ৪৫৫ মিলিয়ন টন কয়লা পুরুলিয়া জেলায় আছে, যদিও এটা এ গ্রেডের কয়লা নয়, বি গ্রেড, কিন্তু তারও বাজারে যথেষ্ট চাহিদা আছে। কিছু কয়লাখনি এখনও চালু আছে। কিন্তু প্রচুর কয়লাখনি ১৯৭৪ সালে জাতীয়করণের পরে বন্ধ রাখা হয়েছে, এ্যাবান্ডান কোল্ডফিল্ড হিসাবে। সেইগুলো লুঠ হচ্ছে তাই ভারত সরকারের কাছে আমরা অনুরোধ করেছি, এই কয়লাখনিগুলো আপনারা চালাবার ব্যবস্থা করুন, অথবা রাজ্যসরকার যদি - আমরা যদি চালাতে চাই, কারণ এই সম্পদের পরিপূর্ণ ব্যবহার হওয়া দরকার। লুঠ বন্ধ হওয়া দরকার। এখনও পর্যন্ত এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কোন সাড়া পাওয়া যায়নি। ওখানে যেসব খনিজ দ্রব্য রয়েছে, আরও কি হতে পারে? তৈল শোধনাগার হতে পারে, এটা করা সম্ভব। মাননীয় অধ্যক্ষ মহাশয়. এখানে একাধিক সদস্য পুরুলিয়া জেলায় সিমেন্ট কারখানার কথা বলেছেন, ঝালদার কাছে চুণাপাথর দিয়ে সিমেন্ট কারখানা। প্রাক্তন মুখ্যমন্ত্রী সিদ্ধার্থ শঙ্কর রায়ের কথা বলা হয়েছে। কিন্তু আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের জানাতে চাই, আমরা রাজ্য সরকার থেকে ঝালদায় এই চুণা পাথর দিয়ে সিমেন্ট কারখানা করতে চাই। চুণাপাথরকে বিশুদ্ধিকরণ করে কিছু ত্রুটি বিচ্যুতি আছে। সেগুলো কিন্তু করা হচ্ছে সিমেন্ট কর্পোরেশন অব ইণ্ডিয়া।

তারা বলছেন যে এখানে সিমেন্ট কারখানা হতে পারে না। আমরা বারে বারে বলে চলেছি যে মধুপুরের সিমেন্ট কারখানার পরেও পুরুলিয়া পিছিয়ে পড়া জেলা, সেখানে ঝালদার কাছে একটা সিমেন্ট কারখানা হতে পারে কিনা। সেখানে গ্রানাইটের দারুণ সুযোগ আছে, সুন্দর গ্রানাইট সেখানে পাওয়া যায়। তাছাড়া রাজ্যসরকারের পক্ষ থেকে কিছু পরিকল্পনা করা হয়েছে, Sanitary project এবং পুরুলিয়ার কাছে কুমারী নদীর কাছে আমরা জমিও সংগ্রহ করেছি। কিন্তু টাকার অভাবে করতে পারছি না। আমরা এটা যৌথ উদ্যোগে করতে চাই। এখনও আমরা প্রাইভেট পার্টি পাইনি। আমরা বৈদেশিক প্রযুক্তিবিদ্যার সহযোগিতার আশ্বাস পেয়েছি। আমাদের প্রোজেক্ট ভায়াবিলিটি বলে এষ্টাবলিসড হয়েছে। আমরা এই ব্যাপারে চেষ্টা করে চলেছি। এটা হলে পুরুলিয়ায় একটা বড় শিল্প হবে বলে মনে করছি। কারণ পূর্বভারতে এখনও পর্যন্ত এই ধরণের বড় শিল্পস্থাপিত হয়নি। তাছাড়া এগুলি হচ্ছে খনিজ দ্রব্য নিয়ে কারবারের ব্যাপার। আর একটা কথা অনেকে বলেছেন যে এই জেলা থেকে মূল্যবান খনিজ দ্রব্য অন্যত্র চালান হচ্ছে। কয়লার ক্ষেত্রে এটা ঠিক কিন্তু কিন্তু অন্য ব্যাপারে খুব একটা বড় কিছু হচ্ছে না। তবে সরকার এই ব্যাপারে নজর রাখছেন এটা আমাদের মূল্যবান সম্পদ। এটা নষ্ট হোক সেটা আমরা চাইনা। এখানকার পুরানো শিল্প যে লাক্ষা, সেটাকেও আমরা ভাল করার চেষ্টা করছি। যদিও এটা ক্ষুদ্র সেচ দপ্তর দেখছেন, আর একটা জিনিস এখানে হবার সুযোগ আছে। এখানে শোর্কাবাদের কাছে ভালো আখ চাষ হয়। বড় চিনির কল হবে না, কিন্তু ছোটখাটো কিছু করা যায় কিনা সেই চেষ্টাও আমরা করছি। আমি এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি যে পুরুলিয়ায় যে সম্পদ আছে ওখানে খনিজ সম্পদ প্রচুর আছে, এর পরিপূর্ণ ব্যবহার দরকার। এতে কর্মবিনিয়োগ হবে। তাছাড়া কিছু বনজ সম্পদও এখানে আছে। মাননীয় সদস্য সুভাষ মাহাতো অযোধ্যা পাহাড়ের কিছু ঔষধি গাছ গাছড়ার কথা বলেছেন। তিনি যদি খোঁজখবর দেন এবং আমরাও খোঁজখবর করবো। আমাদের West Bengal Phyto Chemicals and pharmaceutical corporation. গিয়ে চেষ্টা করে দেখতে পারে। এই ব্যাপারে আমরা চেষ্টা করে চলেছি। তারপরে রক ফসফেট, চায়না ক্লে, এবং ফায়ার ক্লে এগুলি আমরা করছি। কিন্তু বাধাটা কোথায়? সবটাতো আমরা নিজেরা করতে পারিনা। আমাদের সেই পরিমাণ টাকা নেই। কেন্দ্রীয় সরকারের এই বিষয়ে এগিয়ে আসা উচিত। আজকে পিছিয়ে পড়া জেলায় কেন্দ্রীয় সরকারের বড় শিল্প করার যে দৃষ্টিভঙ্গী আছে তাতে তারাও একটা বড় শিল্প করুন। আমরা চাই তারা এবং আমরা যৌথ উদ্যোগে এটা করতে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় কলকাতার বাইরে কেউ যেতে চান না। কাজেই যদি উদ্যোক্তারা এই জেলায় আসেন তাহলে রাজ্য সরকার থেকে সবরকম সহযোগিতা আমরা করবো এবং আমরা চাই এই জেলা শিল্পে সমৃদ্ধ হোক। এখানে যে সুযোগ আছে, সেই সুযোগের পরিপূর্ণ সদ্ব্যবহার রাজ্য সরকারের পক্ষ থেকে আমরা করতে চাই। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুধাংশু শেখর মাঝি:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার প্রস্তাবের উপরে সরকার পক্ষের সদস্য এবং বিরোধী পক্ষের সদস্যরা আলোচনা করেছেন এবং এই প্রস্তাবকে তারা সমর্থন করেছেন। আপনি জানেন যে পুরুলিয়া জেলা অত্যন্ত পিছিয়ে পড়া জেলা। এই পুরুলিয়া জেলার একটা অতীত ইতিহাস আছে। আগে এই জেলা মানভূমি বলে ছিল। তারপরে এটা পশ্চিমবঙ্গের মধ্যে আসে। আমাদের মাননীয় সদস্য ঠিকই বলেছেন যে তখনকার কংগ্রেস পার্টি এটা বাধা দিয়েছিল। তারা সমর্থন করেছিল পুরুলিয়া জেলার দক্ষিণ অঞ্চল সম্পর্কে, যে অঞ্চলে চাণ্ডি, ইটাগাড় প্রভৃতি থানাকে। টাটা কোম্পানীর সুবিধার্থে তারা উপঢৌকন দিয়েছেন যার ফলে ধানবাদ সাবডিভিশনের যে এলাকায়

খনিজ সম্পদে সমৃদ্ধ সেটা দিয়েছে বিহারে। এই অবস্থাকে পুরুলিয়া জেলা পশ্চিমবাংলায় অন্তর্ভুক্তি হয় ১৯৫৬ সালের ১লা নভেম্বর মাসে। এই জেলা সম্পূর্ণ কৃষি নির্ভরশীল জেলা। এখানে কোন শিল্প নেই কোন কারখানা নেই। অথচ এর যথেষ্ট সুযোগ আছে সম্ভবনা আছে। কিন্তু তা সত্বেও স্বাধীনতার ৩৭ বছর পরেও এই জেলায় কোন নুতন কারখানা হয়নি। আমাদের এই জেলার জনসংখ্যা হচ্ছে ১৬লক্ষ ৮৫ হাজার ৪২৯ জন। তার মধ্যে আদিবাসী হচ্ছে ৩ লক্ষ ৩৮হাজার ২১৭জন। তপশীল উপজাতি হচ্ছে ৩ লক্ষ ৪৮ হাজার ৩৯৫ জন। এর মধ্যে অধিকাংশই গরীব কৃষক এবং ক্ষেতমজুর। এদের বছরে ৮।৯ মাস কাজ থাকে না। তার ফলে একটা দুর্বিসহ অবস্থার মধ্যে তাদের কাটাতে হয়। অন্যান্য বিষয়ের মধ্যে লাক্ষার কথা অনেকে বলেছেন। সিমেন্ট কারখানার কথা, কয়লার কথাও অনেকে বলেছেন। আমার কাছে কয়েকটা তথ্য আছে। পুরুলিয়া জেলায় যে সম্পদ আছে সে সম্পর্কে কারখানা করা যেতে পারে। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে রক ফসফেট এখানে আছে সেটা প্রায় ৪.৫ লক্ষ টন।

about 4.5 lakh tonnes of average 23% $P_2O_5$ upto a depth of 60 metres.

**[4.40—4.50 p.m.]**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুরুলিয়া জেলায় কি পরিমাণ সম্পদ ভূগর্ভে সঞ্চিত রয়েছে তার একটা হিসাব তুলে ধরছি।

Rock-phosphate,- at Beldih, P.S. Barabazar - About 43 lakh tonnes of average 11% $P_2O_5$ upto depth of 150 metres. (2) Fireclay - atMalti, P.S. Balarampur - About 2 lakh tonnes of average 36% $Al_2O_3$ and $Fe_2O_3$ within 2% upto a depth of 30metres. (3) Copper at Tamakhun, P.S. Manbazar - 0.2 million tonnes average 1.5% Copper Metal.

এর মূল্য হচ্ছে ১২ কোটি টাকা। আমার ব্লক খড়িদুয়ারা, পি. এস. মানবাজার, ওখানে প্রচুর চায়না ক্লে রয়েছে। এই খড়িদুয়ারা ব্লকেই ডলোমাইটের ব্যাপারটা আণ্ডার ষ্টাডিতে রয়েছে। মানবাজার থানা এলাকায় জনসংখ্যা খুব বেশী নেই। আমার কাছে যে রিপোর্ট আছে তাতে দেখতে পাচ্ছি শতকরা ৬৭ ভাগ গুড কোয়ালিটির আয়রণ ওর আছে। এছাড়া ফেরিক অক্সাইড ৯৪.২৭পারসেন্ট, টিটোনিয়াম অক্সাইড ১.৬০ পারসেন্ট আছে। ওখানে প্রচুর খনিজ সম্পদ আছে এবং এর দ্বারা সহজেই পুরুলিয়া জেলায় শিল্প কারখানা গড়ে তোলা যেতে পারে। পুরুলিয়া জেলায় অর্থনৈতিক উন্নতির যথেষ্ট সম্ভাবনা রয়েছে। ওখানে প্রচুর বনজ সম্পদ আছে। আপনি জানেন পুরুলিয়া জেলায় এখন পর্যন্ত যে বনজ সম্পদ আছে তা দিয়ে সহজেই নিউজ প্রিন্ট কারখানা তৈরী করা যেতে পারে। পুরুলিয়া জেলার বিভিন্ন সম্পদের কথা মাননীয় সদস্যরা উল্লেখ করেছেন। ওখানে ৯২.১০২ হেক্টর বন আছে। এর মধ্যে রিজার্ভ ফরেষ্ট হচ্ছে ১১.৭৯ হেক্টর, প্রোটেক্টেড ফরেষ্ট হচ্ছে ৭২ হাজার ৮৭৮.০০ হেক্টর। এর দ্বারা ওখানে একটা নিউজ প্রিন্ট ফ্যাক্টরি হতে পারে। এর জন্য আমি রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবী জানাচ্ছি। মাননীয় সকল পক্ষের সদস্যরাই এই প্রস্তাবকে সমর্থন করেছেন। শুধু

বিধানসভার মধ্যেই প্রস্তাবকে সমর্থন করলে হবে না, বাইরেও সমর্থন করতে হবে। লাক্ষা হল পুরুলিয়া জেলার আর একটি অর্থকরী শিল্প। এই লাক্ষা চাষের উপর বহু লোকের জীবিকা নির্ভর করে। বছরে ৮ কোটি টাকার লাক্ষা উৎপাদন হয়। কুলগাছ, ফরাসগাছের উপর এই লাক্ষা চাষ করা হয়। এই সব গাছ কেটে ফেলার ফলে লাক্ষা চাষ ক্ষতিগ্রস্ত হচ্ছে। তাই নতুন করে গাছ লাগানোর কথা চিন্তা করতে হবে, যাতে করে লাক্ষা উৎপাদন আবো বাড়ানো যায়। মাননীয় সদস্য কাশীনাথ মিশ্র, ডাঃ জয়নাল আবেদিন সাহেব যে সংশোধনী প্রস্তাব এনেছেন আমি সেটাকে কিছুতেই সমর্থন করতে পারছি না, এটাকে সম্পূর্ণ অগ্রাহ্য করে আমার বক্তব্য শেষ করছি।

The amendment to motion of Shri Kashi Nath Misra that শেষ অনুচ্ছেদে তৃতীয় লাইনে " রাজ্য সরকারেব মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে আবেদন জানাচ্ছে" শব্দগুলির পরিবর্তে "রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাচ্ছে" শব্দগুলি বসানো হউক।

সর্বশেষ অনুচ্ছেদে তৃতীয় লাইনে "আবেদন জানাচ্ছে" শব্দগুলির পর নিম্নলিখিত শব্দগুলি যোগ করা হউক ঃ-

"এবং উক্ত প্রাকৃতিক সম্পদকে কেন্দ্র করে ক্ষুদ্র ও কুটীর শিল্প গঠনের সম্ভাবনা সহ মাঝারী ও ভারী শিল্প গঠনের সম্ভাবনা পরীক্ষা করাব জন্য রাজ্য সরকারের ক্ষুদ্র ও কুটীর শিল্প বিভাগ সহ রাজ্য সরকাবের শিল্প দপ্তরকে অনুরোধ জানাচ্ছে"।

were then put and lost.

The motion of Shri Sudhansu Sekhar Majhi that - যেহেতু পুরুলিয়া জেলা ভারতবর্ষের অনুন্নত জেলাগুলির অন্যতম;

যেহেতু এই জেলায় কোন মাঝারী বা বৃহৎ শিল্প নেই;

যেহেতু কৃষি-নির্ভর এই জেলায় কৃষি শ্রমিকদের বৎসরের বেশীরভাগ সময় বেকার থাকতে হয়.

যেহেতু এই জেলায় অনুন্নত এবং তফসীল ভুক্ত জাতি ও উপজাতির সংখ্যা উল্লেখযোগ্য;

যেহেতু এই জেলায় লৌহ, তাম্র, কয়লা ও স্বর্ণের আকরিক ছাড়াও রক ফসফেট ও চূণাপাথর বিভিন্ন স্থানে প্রচুর পরিমানে মজুত আছে;

যেহেতু ঐ সমস্ত আকরিক স্বল্প মজুরীতে সংগ্রহ করে বিভিন্ন শিল্পপতিদের এজেন্টরা জেলা থেকে অন্যত্র চালান দিচ্ছে;

অতএব এই সভা পুরুলিয়া জেলার সর্বাঙ্গীণ উন্নয়নের স্বার্থে জেলার শিল্প সম্ভাবনা সম্ভাবনা সম্পর্কে একটি পূর্ণাঙ্গ সমীক্ষা সম্ভাব্য ক্ষেত্রে সত্বর শিল্প স্থাপনের জন্য বিশেষ পদক্ষেপ গ্রহণ করতে রাজ্য সরকাবের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে আবেদন জানাচ্ছে।

was then put and agreed to.

## 63rd Report of the Business Advisory Committee.

**Mr. Speaker :** I beg to present the 63rd Report of the Business Advisory Committee, which met in my Chamber today and recommended the following programme of business for the 9th and 10th May, 1985.

| | | | |
|---|---|---|---|
| Thursday, 9.5.85 | (i) | Half-an-Hour discussion under rule 58 | 1/2 hrs. |
| | (ii) | The Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1985 (Introduction, Consideration and Passing) | 1/2 hr. |
| | (iii) | The Code of Criminal Procedure-(West Bengal Second Amendment) Bill, 1985. (Introduction, consideration and Passing). | 1/2 hr. |
| | (iv) | The West Bengal Medical Council (Temporary Super-Session) Bill, 1985 (Introduction, Consideration and Passing) | 1 hr. |
| | (v) | The Lepers (West Bengal Amendment) Bill, 1985. (Introduction, consideration and passing) | 1/2 hr. |

| | | | |
|---|---|---|---|
| | (vi) | The Rabindra Bharati (Amendment) Bill, 1985 (Introduction, Consideration and Passing) | 1/2 hr. |
| Friday, 10.5.85 | (i) | Motion under rule 185 regarding proper utilisation of money allotted under N.R.E.P. G.L.R.E.P. Schemes by Panchayat Samiti - Notice given by Shri Abdul Mannan. | 1hr. |
| | (ii) | Motion under Rule 185 regarding distribution of 14 essential commodities to the common people throughout India- Notice given by Shri Sadhan Chattopadhyay, Shri Bhakti Bhusan Mondal, Shri Motish Roy and Kamakhya Ghosh. | 1 hr. |

The House will sit at 12 noon on Thursday,. the 9th May, 1985 and at 9-00 a.m. on Friday the 10th May,1985.

There will be no questions for Oral Answers and Mention Cases of Friday the 10th May, 1985.

Now, I request the Minister-in-charge of Parliamentary Affairs to move his motion for acceptance of the House.

**Shri Patit Paban Pathak :** I beg to move that the 63rd Report of the Business Advisory Committee be accepted by the House.

(Voices - Yes)

The motion was then put and agreed to.

**Mr. Speaker :** Now, I request Shrimati Maharani Konar to move her motion.

## Motion under rule 166

**শ্রীমতী মহারাণী কোঙার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার প্রস্তাব উত্থাপন করছি। "যেহেতু বিগত ২৫ বৎসর যাবত দুর্গাপুর ইস্পাত কারখানা জাতীয় অর্থনীতিতে ও পশ্চিমবঙ্গের শিল্প বিকাশের ক্ষেত্রে এক উল্লেখযোগ্য ও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করিতেছে;

যেহেতু বিগত ২৫ বৎসর দুর্গাপুর ইস্পাত কারখানায় প্রয়োজনীয় সম্প্রসারণ ও আধুনিকীকরণ করা হয় নাই;

যেহেতু কারখানাটির যন্ত্রপাতি পুরোনো ও সেকেলে হইয়া পড়ায় বর্তমানে কারখানাটি রুগ্ন হইয়া পড়িয়াছে;

যেহেতু ভারত সরকার কর্তৃক নিযুক্ত 'ব্রিটিশ ষ্টীল কর্পোরেশন' কারখানাটির আধুনিকীকরণ করিবার নিমিত্ত বারো শতাধিক কোটি টাকা বিনিয়োগ করার জন্য ১৯৮০ সালে ভারত সরকারের নিকট রিপোর্ট পেশ করিয়াছে;

যেহেতু ভারত সরকার ঐ রিপোর্ট সম্পর্কে এখনও কোন সিদ্ধান্ত গ্রহণ করেন নাই;

যেহেতু দুর্গাপুর ইস্পাত কারখানাটির ভবিষ্যত ক্রমশঃ অন্ধকারাচ্ছন্ন হইয়া পড়িতেছে ;

সেইহেতু এই সভা জাতীয় স্বার্থে অবিলম্বে ব্রিটিশ ষ্টীল করপোরেশনের রিপোর্ট অনুযায়ী এই কারখানাটিকে আধুনিকীকরণের জন্য ১২শত কোটি টাকা মঞ্জুর করিবার জন্য রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করিতেছে।"

স্যার, আমি আশা করি, মাননীয় বিরোধীদলে সদস্যরা আমার এই প্রস্তাবকে সমর্থন করবেন। স্যার, এই ষ্টীল কারখানাটিতে হাজার হাজার লোক চাকরী করেন, এবং এই কারখানাটির মাধ্যমে ঐ হাজার হাজার লোকের পরিবারবর্গের ভরণপোষন চলে। এই কারখানাটি যদি রুগ্ন হয়ে যায় বা রসাতলে চলে যায় তাহলে বহু মানুষ নিঃশেষ হয়ে যাবে, তারা খেতে পাবে না। আমি তাই মাননীয় বিরোধীদলের সদস্যদের বলব, আমার প্রস্তাবটি আপনারা সকলে সমর্থন করুন। স্যার, আমার প্রস্তাবের উপর মাননীয় সদস্য শ্রী কাশীনাথ মিশ্র যে সংশোধনী প্রস্তাব এনেছেন আমি তার বিরোধিতা করছি। তিনি 'বিগত ২৫ বৎসর' কথাগুলি কেন বাদ দিতে বলেছেন আমি বুঝতে পারছি না। স্যার,

এই কথা বলে মাননীয় বিরোধীদলের সদস্যদের সংশোধনী প্রস্তাবগুলির বিরোধীতা করে, আমার প্রস্তাবকে সমর্থন জানানোর জন্য অনুরোধ জানিয়ে আপাতত আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** Amendments to the motion. Now I am request Shri Kashinath Misra to move his motion.

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে হাউসে মাননীয় শ্রীমতী মহারাণী কোঙার যে প্রস্তাব নিয়ে এসেছেন তার উপর আমার কয়েকটি সংশোধনী আছে। যদিও মাননীয়া সদস্য শ্রীমতী কোঙার প্রারম্ভেই বলে দিয়েছেন যে তিনি আমার সংশোধনী প্রস্তাবগুলি গ্রহণ করবেন না কিন্তু তবুও বিধি অনুযায়ী আমি আমার সংশোধনী প্রস্তাবগুলি মুভ করছি এবং সেগুলি গ্রহণ করার জন্য আবেদন জানাচ্ছি। আমার সংশোধনী প্রস্তাব ১/২ এবং ৩ নং এবং ৩ নং-এর ১,২,৩ এগুলি আমি মুভ করছি। "পঞ্চম, ষষ্ঠ ও সপ্তম অনুচ্ছেদগুলির পরিবর্তে নিম্নলিখিত অনুচ্ছেদটি বসানো হউক : 'অতএব দুর্গাপুরে ইস্পাত কারখানাটি সময়োপযোগী আধুনিকীকরণ, আবশ্যকীয় সম্প্রসারণ ও অধিকতর উৎপাদনক্ষম এবং অধিকতর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার জন্য এবং উপরিলিখিত কার্যসমূহ অগৌণ রূপায়ণের জন্য এই সভা অনুরোধ জানাচ্ছে"।

(১) দ্বিতীয় অনুচ্ছেদে প্রথম লাইনে 'বিগত ২৫ বৎসরে' শব্দগুলি বাদ দেওয়া হোক।

(২) তৃতীয় অনুচ্ছেদে প্রথম ও দ্বিতীয় লাইনে 'বর্তমানে কারখানাটি রুগ্ন হইয়া পড়িয়াছে" শব্দগুলির পরিবর্তে 'কারখানাটির যথাযথ আধুনিকীকরণ প্রয়োজন হইয়া পড়িয়াছে' শব্দগুলি বসানো হউক।

(৩) তৃতীয় অনুচ্ছেদের পর নিম্নলিখিত নতুন অনুচ্ছেদটি যোগ করা হউক : 'যেহেতু প্রয়োজনীয় আধুনিকীকরণ ও সম্প্রসারণ করা হইলে দুর্গাপুর ইস্পাত কারখানায় প্রচুর কর্মসংস্থানের মাধ্যমে পশ্চিমবাংলার বেকার সমস্যার সমাধানে সহায়ক হইবে"।

**[4.50—5.00 p.m.]**

**Shri Satya Ranjan Bapuli :** Mr. Speaker, Sir, the resolution which Shrimati Maharani Konar has brought, is very important. This will go to the Centre and so I will deliver my short speech in English. This will be helpful if it is placed before the Central Government. Sir, the subject-matter of the resolution which Shrimati Maharani Konar has placed before us to-day just at the fag end of the session, is very important. We could have discussed this matter earlier after giving due importance but I do not know whether this resolution is for the purpose of placing before the Assembly or to give real importance to D. S. P. That is the main question and that question has cropped up in my mind because, Sir, I think you will bear with me

about the text of the resolution.

**Mr. Speaker :** Mr. Bapuli, I will remind you that this resolution has come under rule 166. This is the only occasion on which lottery has been drawn. There is no earlier occasion. Please keep it in mind.

**Shri Satya Ranjan Bapuli :** Sir, that is why it has been placed at the fag end of the session. I agree with you on this point.

Sir, D. S. P. was originally suggested by the British Technical Mission in the year 1950 and the Honourable member, Shri Dilip Mazumdar has requested me to speak on this particular subject because he knows something about it. Perhaps he will participate in the discussion and will place some more points on this matter. The Honourable members are serious as well to move this motion before the House because the Government of India will have to be moved in regard to modernisation of Durgapur Steel Plant so that economic development of D.S P. can be made. Some recommendations regarding modernisation of D.S.P. had also been made some years age. For that we must give pressure to the Government India so that D.S.P can be modernised. The main text is this but before going to this I will draw your attention and also of the Honourable members to one aspect that why this D.S.P. will remain sick and whether it is carrying well or not. This should be discussed here. At the Same time, Sir, I would like to speak about one important feature regarding the utilisation of the capacity of the D.S.P. That is the main Problem. Two-third of the entire production is being utilised for the purpose of the railway tracks and railway lines. This is the particular purpose for which it is being utilised. Now, Sir, I find one book, "Eastern Economics" which is written by Dr.R.K.Misra regarding capacity utilisation in Durgapur Steel Plant. There he has said that it is in diplorable condition. Sir, we must see and we must all agree with the fact that this Plant must be modernised because the Plant which was originally suggeated in the year 1950, the economic development at the present moment is almost on the verge of deterioration. So, modernisation of the Plant is very necessary but it should be detected

what are the particular defects for which it has been deteriorated. It should be seen that what is the particular purpose for which it has been installed. Sir, it is most unfortunate that under-utilisation of the production capacity is one of the reasons for which Durgapur Steel Plant is going to be sick.

Mr. Speaker, Sir, I like to quote some lines, 'Studies on capacity utilisation in the public enterprises have revealed that Under-utilisation capacities there in has resulted from the wrong calculation of the rated capacity, incorrect choice of technology, in adequency of demand and of power, tack of balancing equipment industrial uprest and managerial short-comings'. The under utilisation of the capacity is a basic disease of D.S.P. and it has rather acquired a top position. It is going worse day by day because of all these reasons. Basically, the resolution which has been placed, I must agree with this resolution along with the amendments submitted by the members Shri Kashinath Misra and Dr. Zainal Abedin because I also moved that resolution too. In support of that this must be considered as well by the members when they will participate in the deliberations. The socioeconomic and political background of West Bengal played the leading role in the labour trouble at the D. S. P. After 1964, the working condition in the plant was in danger. Mr. Speaker, Sir, it is most unfortunate, if I may use the word - the Commerce Minister is here and I think he will kindly bear with me that the charge of the Eastern Economist which has been given here is most deplorable. It has been stated here that in the year 1970--71 17,60,000 man hours were lost, in the year 1973-74 it has come down and 2,99,000 man hour were lost, in the year 1975-76 no man hour was lost. This is most important as modernisation is necessary because of new technology and advancement. New technological development must come up in every country, in every State. At the same time due to labour problem, due to power problem and due to various other problems that the D. S. P. faces a serious crisis must be removed. Sir, marketting is also a problems as also production.

(At this stage the red light was lit)

One minute Sir. Considering all these aspects and backgrounds I would like to conclude with two lines that I must heartily accept the resolution along with the amendments moved by Shri Kashinath Misra and Dr. Zainal Abedin. At the same time I would request the Honourable members to consider the Amendments too. Do not think that the amendment has been brought for amendment's sake. That amendment is a very crucial one with regard to the resolution which has been placed before the House today for discussion.

Thank you, Sir.

**শ্রীদিলীপ কুমার মজুমদার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৫৫ সালে কলম্বো মিশন প্ল্যান অনুযায়ী দুর্গাপুর ষ্টীল প্ল্যান্ট, রাউরকেল্লা ষ্টীল প্ল্যান্ট এবং বোকারো ষ্টীল প্ল্যান্ট এই ৩টি ষ্টীল প্ল্যান্ট তৈরী করার প্রস্তাব করা হয়। ১৯৫৭ সালে কনষ্ট্রাকসানের কাজ আরম্ভ হয় আর ১৯৫৯ সাল থেকে প্রডাকশান হয়। এই ৩টি প্ল্যান্টকে ১ মিলিয়ান করে দেওয়া হয়। তারপর ধাপে ধাপে উৎপাদনের ক্ষেত্র বাড়ানো হবে। আমি প্রথমেই ফিগার দিচ্ছি। ভিলাইতে আজ পর্যন্ত ২ হাজার কোটি টাকা খরচ করেছে। প্রথম এবং পরের ষ্টেজে এক্সপানসানের জন্য রাউরকেল্লায় খরচ হয়েছে ৮৫০কোটি টাকা মতন। বোকারো অনেক পরে হয়েছে, ষ্টেজ বাই ষ্টেজে খরচ করা হয়েছে প্রায় আড়াই হাজার কোটি টাকার উপর। আর দুর্গাপুর ষ্টীল প্ল্যান্টে এখনও পর্যন্ত খরচ করা হয়েছে মাত্র ৪৫০ কোটি টাকা।

**[5.00—5.10 p.m.]**

দুর্গাপুর ষ্টীল প্রথম থেকেই রাহুগ্রস্ত হয়ে পড়েছে। আপনারা জানেন যে দুর্গাপুর ষ্টীলকে নিয়ে ডাঃ বিধান চন্দ্র রায় মহাশয়কে কেন্দ্রের সাথে অনেক লড়াই করতে হয়েছিল। তখন প্রতিদিন খবরের কাগজের পাতায় পাওয়া তা বেরুতো। উনি বলেছিলেন যে দুর্গাপুর হচ্ছে এমন একটা জায়গা যেখানে একটা ভাল ষ্টীল কারখানা হতে পারে এবং বিশেষজ্ঞরা অভিমত দিয়াছিলেন, কিন্তু তা সত্ত্বেও কেন্দ্রীয় সরকার অনুমতি দেন নি। পরে তিনি অনেক লড়াই করে - আমরা বিরোধীদলের সবাই - অনেক লড়াই করে এই কারখানাটি পেয়েছিলাম কিন্তু আমাদের ঐ দুর্গাপুর ষ্টীল কারখানা এমনভাবে করা হয়েছিল যাতে ওটা চিরকাল পঙ্গু হয়ে থাকে। আমরা যে প্রোডাক্ট মিক্স পেয়েছিলাম সেই প্রোডাক্ট মিক্স আমরা কি পেয়েছিলাম? ভিলাই পেল হেভী ষ্ট্রাকচার, বাজারে তার দাম আছে, রাউরকেল্লা পেল শীট এবং অন্যান্য যে সমস্ত মার্চেন্ট প্রোডাক্ট আছে তারা বাজারে খুবই দাম পাচ্ছে। কিন্তু আমরা দুর্গাপুরে পেয়েছিলাম মাত্র, রেলওয়ে প্রোডাক্টসে যেখানে একটা হুইলসেটের দাম হচ্ছে ৯ হাজার টাকা আমরা বিক্রি করে রেলের কাছ থেকে দাম পেয়েছিলাম মাত্র সাড়ে চার হাজার, পাঁচ হাজার টাকা এবং এর ফলে আমাদের কি অবস্থা দাঁড়ালো সেটা একটা বই থেকে আমি দেখাচ্ছি। এই যে বইটি দুর্গাপুর ষ্টীল প্ল্যান্ট কর্তৃক প্রচারিত এবং প্রকাশিত

A brief for the Secretary Steel Plant visit to Durgapur.

১৯৮৪ সালের নভেম্বর মাসে এই বইটি ছাপা হয়েছে এর পেজ নং ৩২ এ আছে যে রেলে

মাল বেচে আমাদের লোকসান হয়েছে আজ পর্যন্ত ৮৮ কোটি টাকা এবং আজকের হিসাব ধরলে ১০০ কোটি টাকার উপর। এটা হচ্ছে মেন প্রোডাক্টস্। তারপর এক্সপ্ল্যানেসনের কথা যখন এল ১৯৬৬ সালে তখন একটা ষ্টিয়ারিং কমিটি তৈরী হল গভর্ণমেন্ট অব ইণ্ডিয়া - কি এক্সপ্ল্যানেসন হওয়া উচিত - তাতে তাঁরা বললেন যে ৩.৪ কিম্বা ৩.৫ এক্সপ্ল্যানেসন কর এবং একটা ইউ.এস ফার্ম যাকে বলে আমরা সমস্ত টেকনোলজিক্যাল হেলপ্ দিয়ে এক্সপ্ল্যানেসন করে দেব। যেমন ভিলাই এবং রাউরকেল্লা এবং অন্যান্য দেশ করে দিয়েছেন। কিন্তু গভর্ণমেন্ট অফ ইণ্ডিয়া এটাকে বিফিউজ করলেন এ্যাকসেপ্ট করলেন না। ১৯৬৭ সালে দুর্গাপুর ষ্টীল এক্সপ্ল্যানসন হলো মাত্র ৬৭ কোটি টাকা খরচ করে এবং এক্সপ্ল্যানেসন একটা ইমিজিয়ারী এক্সপ্ল্যানসন তাতে কোন কিছুই নেই। সেটা আজকে গভর্ণমেন্ট অফ ইণ্ডিয়ার রিপোর্টে আছে যে এটা ১.৬ নয়, আসলে এটা ১.২। যার ফলে আমাদের প্রোডাকসান আজকে মনে হচ্ছে অনেক নীচের দিকে, কিন্তু আসলে এ্যাকচুয়াল যে ক্যাপাসিটি তার তুলনায় কিছু কম নয়। আমি এখানে এবার প্রফিটেবিলিটির কথায় আসছি। দুর্গাপুর ষ্টীল প্ল্যান্ট সম্বন্ধে অনেক কথা বলা হয়েছে যে আমরা নাকি কাজ করিনা, আণ্ডার ইউটিলাইজড এবং অনেক লোকসান হচ্ছে। লোকসানের ব্যাপারে আমি প্রথমেই একটা কথা এখানে পড়ে দিচ্ছি .........

With the product mix chosen for Durgapur Steel Plant, the profitability analysis at 100 percent operating level indicated a net loss of Rs. 3.6 crores and rupees one crore after depreciation and interest at 1 Mtpa stage and 1.6 Mtpa stage respectively.

অর্থাৎ ১০০ পারসেন্ট যদি আমরা প্রোডাকসান করি তাহলে বাপুলী মহাশয়ের জেনে রাখা উচিত তখনকার দিনের হিসাব অনুযায়ী, সাড়ে তিন হাজার কোটি টাকা আমাদের লোকসান হবে। আর ১.৬ তো নয়, কিছু টাকা আমাদের খরচ হয়েছে ইনটারেষ্ট ডিপপ্রিসিয়েসন ধরে নিচ্ছি, লোকসান আরও বেশী বেড়ে যাচ্ছে। তারপরে আমি এখানে আসছি, প্রোডাকসান করলে কি হবে? উনি বলেছেন আণ্ডার ইউটিলাইজডের জন্য, এই বইটি উনি দেখে নেবেন। The D.S.P. could not registerprofits even in the years in which it achieved I Mtpa production.

এই ৩ বছর ডি. এস. পি. তে প্রফিট হয়েছে, এই বামফ্রন্ট সরকারের আমলে দু বার এবং কংগ্রেস আমলে একবার। কংগ্রেস আমলে লাভ হয়েছে মাত্র ২১ লাখ টাকা আর আমাদের আমলে একবার ৪২৫ লাখ আর একবার ৭০ লাখ, তাহলে আমরা ১০০ পারসেন্ট প্রোডাক্ট মিক্স করেও কিছু করতে পারিনি। তারপর গোদের উপর বিষফোঁড়া, সেটা হচ্ছে কি, যে আমাদের কি কি দেওয়া হল? বলা হয়েছিল তোমরা ঝড়িয়া থেকে এই কোল পাবে, আমরা সে সব কিছুই পাচ্ছি না। আমাদের যা দেবার কথা ছিল এই বইটি থেকে পাবেন লেখা আছে যে এ্যাপার্ট ফ্রম কোয়াল্টিটি, কোয়ালিটি যাচ্ছে তাই দিচ্ছে, কোয়ানটিটি কম পাচ্ছি। The quantity of coal required has also caused restrictions to production in D.S.P. over the years.

তাতে বলছি যে ৫.৫ লাখ কোল আমরা কম পাচ্ছি আমাদের রিকয়ারমেন্ট থেকে ১৯৮৩-৮৪ ওভার দি লাষ্ট টেন ইয়ার্স বিং ৩.৬ লাখ টনস, আমাদের যে কয়লা দরকার তার থেকে ৩.৬ লাখ

টন কম পাচ্ছি আর আমাদের যে ওর পাচ্ছি, পরে কি বলল, তোমরা যে ওর এই কোল হচ্ছে তোমাদের ক্যাপটিভ মাইনস, কিন্তু আমাদের কোন ক্যাপটিভ মাইনস দেওয়া হল না। আমরা ওর কিনতাম যে কোন জায়গা থেকে, সে খারাপ ভাল যা ইচ্ছে তাই দিত। আমরা এখন দুর্গাপুর ষ্টিল থেকে পাচ্ছি, কিন্তু সেখানে আমাদের টাকা খরচ করতে হবে। ওরটাকে ভাল করে ধুয়ে শোধন করতে হবে। তবে আমরা ব্লাষ্ট ফারনেসের চার্জের জন্য ভাল মেটিরিয়েল পাব।

সেখানে যে ফাইনস্ জমছে, সেটা দিয়ে সেন্টার তৈরী হচ্ছে। কিন্তু সিন্টার ওয়াশ করতে পারছে না বলে খারাপ সিন্টার হচ্ছে, ব্লাষ্ট ফার্নেসে ডিয়ার্ড রেজাল্ট সেখানে পাচ্ছি না। অন্যদিকে, ঐ ষ্টীল প্ল্যান্টের নিজস্ব পাওয়ার প্ল্যান্ট নেই বলে ডি. ভি. সি. থেকে পাওয়ার কিনতে হয়, কিন্তু সেখানে দেখতে পাবেন, কখনও ২৫ মেগাওয়াট, কখনও ৩০ মেগাওয়াট, আবার কখনও হয়ত ৫০।৫২ মেগাওয়াট বিদ্যুৎ তাঁদের কাছ থেকে পেয়েছি। তবে সুখের বিষয়, প্ল্যান্টের নিজস্ব দুটি পাওয়ার প্ল্যান্ট আমরা আশা করছি, যার প্রতিটির ক্ষমতা ৬০ মেগাওয়াট করে।

মিঃ স্পীকার স্যার, এখানে ইণ্ডাষ্ট্রিয়াল রিলেশন সম্পর্কে অনেক অপপ্রচার হয়েছে যে ধর্মঘট করে দুর্গাপুর স্টীল প্ল্যান্টের অবস্থা খারাপ করে দেওয়া হয়েছে। বলা হয়েছে। আমি শুধু এই বইয়ের একটি অংশ পড়ে দিচ্ছি। এখানে বলেছে—

Since 1972 general Industrial relations environment started improving and it is better now. But good industrial relations depend upon the level of producrtion the plant can maintain. With higher level of production and increased earning of production incentive, normally good industrial relations can be retained. But unfortunately the condition of equipment, technological imbalances, deterioration of raw materials quality and the general obsolescence of the processes of the plant are coming in the way of maintaining high produciton level. If the workerrs do no find any result of their co-operation, situation may turn bad again. It is, therefor, imperative that government extends help for quick implementation of modernisatioon plan that has been approved in principle.

এখানে তারা নিজেরাই বলেছেন যে, অবস্থা খুব ভাল, ওয়ার্কাররা কো-অপারেশন করছেন। রিফার্নিশিং এ্যাণ্ড মর্ডাণাইজেশান করতে না পারলে সব নষ্ট হয়ে যাবে, কারণ প্ল্যান্টর সবকিছু পচে গেছে। ব্রিটিশরা এখানে যে সমস্ত ইক্যুইপমেন্ট দিয়েছিলেন - সেগুলো সব খারাপ, ঝর্ঝরে; সবটাই আউট ডেটেড। এখন আমরা কি দিয়ে সেখানে প্রডাকসান করছি? মেনলি ওপেন হার্থ ফার্নেসে সেটা হচ্ছে। ওপেন হার্থ ফার্নেস সম্পর্কে দুই-একটি কথা এখানে বলে রাখি। ১৯৬০ সালে জাপানে ৬৭ : পারসেন্ট ছিল ওপেন হার্থ ফার্নেস, ১৯৮০ সালে তার ব্যবহার নিল, ইউ.এস.এ-তে ১৯৬০ সালে ৮৮ পারসেন্ট ওপেন হার্থ ফার্নেস ছিল, এখন তার ব্যবহার ১১.৬ পারসেন্ট মাত্র। ফ্রান্সে ১৯৬০ সালে ৭৬.১ পারসেন্ট, ১৯৮০ সালে তার ব্যবহার ০.৯ পারসেন্ট। ইউ কে-তে ১৯৬০ সালে ৮৩.১

পারসেন্ট এর ব্যবহার নিল। ওয়েষ্ট জার্মানীতে ১৯৬০ সালে ওপেন্ হার্থ ফার্নেস্-এর ব্যবহার ছিল ৮৩.৯ পারসেন্ট, ১৯৮০ সালে এসে তার ব্যবহার দাঁড়িয়েছে ৬.৬ পারসেন্টে। কিন্তু দুর্গাপুর ষ্টীল প্ল্যান্টের এখনও সবটাই সেই ওপেন হার্থ ফার্নেশ। কাজেই দুগ্যাপুর ষ্টীল প্ল্যান্টকে যদি প্রডাকসানের দিক থেকে বাঁচাতে হয়, তাহলে এই প্ল্যান্টের মডার্ণাইজেশান করতে হবে। আমরা এরজন্য অফিসার এবং ওয়ার্কাররা মিলে অনেক লড়াই করেছি, কিন্তু দুর্গাপুর ষ্টীল প্ল্যান্টর প্রতি একটা বিমাতৃসুলভ ব্যবহার করা হচ্ছে। আজকে কেন একে ধ্বংসের মুখে ঠেলে দেওয়া হচ্ছে? দুর্গাপুর ষ্টীল প্ল্যান তো শুধু পশ্চিমবাংলায় একটা ব্যাপার নয়! আমি চীনে গিয়েছিলাম। সেখানে দেখেছি - ১৯৫০ সালে যাঁরা প্রডাকসান করতো আমাদের মাত্র এক-তৃতীয়াংশ, আজকে তাঁরা ৪০ মিলিয়ন টন পার এ্যানাম প্রডাকশন করছে; কিন্তু আমরা ৮ মিলিয়ন টনও প্রডাকসান করতে পারছি না। এখানে ব্রিটিশ ষ্টীল কর্পোরেশানকে নিযুক্ত করেছিলেন ভারত সরকার।

ব্রিটিশ ষ্টীল কর্পোরেশন অনেক এক্সটেনসিভ্ ষ্টাডি করে একটি রিপোর্টও দিয়েছিলেন। তাতে বলা হয়েছিল - দুর্গাপুর ষ্টীল প্ল্যান্টকে বাঁচাতে হলে ১২৬০ কোটি টাকা খরচ করতে হবে; তা না হলে প্ল্যান্ট উইল গো টু দি ডগস্। ১৯৮০ সালে তাঁরা এই রিপোর্ট দিয়েছিলেন। সে সময়ে ভারত সরকার জাপানী এক্সপার্টদের এটা ক্রস চেকিং করে ঠিক আছে কিনা দেখতে বলেছিলেন। জাপানী এক্সপার্টরাও বলেছিলেন - উই আর ফুললী এগ্রি উইথ দি রিপোর্ট। কিন্তু তারপর ১৯৮০ থেকে আজকে ১৯৮৫ হয়ে গেল, কিন্তু প্ল্যান্টটির মর্ডার্ণাইজেসন হলো না। এটাকে ষ্টীল বোর্ড এ্যাপ্রুভ করেছিলেন, ষ্টীল মিনিষ্ট্রী এ্যাপ্রুভ করেছিলেন, কিন্তু গর্ভণমেন্ট অব্ ইন্ডিয়া আজ পর্যন্ত এর এ্যাপ্রুভাল দিলেন না; প্রণববাবু সেপ্টেম্বরে এসে বলেছিলেন যে, গভর্ণমেন্ট এটা এ্যাপ্রুভ করে দিয়েছেন, কিন্তু কয়েকদিন আগে নটবর সিং এসে বললেন যে, এটা বর্তমানে বিবেচনাধীন আছে; কি করা হবে, না হবে সেটা পরে দেখা যাবে। আজকে জাতীয় স্বার্থে, ভারতের শিল্পায়নের স্বার্থে দুর্গাপুর ষ্টীল প্ল্যান্টকে বাঁচাতে হবে, এবং ব্রিটিশ ষ্টীল কর্পোরেশন ১২৬০ কোটি টাকার যে রেকমেণ্ডেশান করেছিলেন, অবিলম্বে সেটা এ্যাপ্রুভ করতে হবে। এই কথা বলে বিরোধী দলের সমস্ত সংশোধনীর বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

**[5.10—5.20 p.m.]**

**ডাঃ সুশোভন ব্যানার্জী :** মিঃ স্পীকার স্যার, এই রেজলিউশানের উপর আমাকে কিছু বলতে দেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। শ্রীমতী মহারাণী কোনার যে রেজলিউসান এনেছেন সেই রেজলিউসান হলো সারা ভারতবাসীর মনের কথা। জাতীয় জীবনে ইস্পাত, ফার্টিলাইজার আর সিমেন্ট ছাড়া অগ্রগতি হতে পারে না। জাতীয় জীবনে অধুনিকতা আসতে পারে না। দুর্গাপুর ইস্পাত কারখানা পশ্চিমবাংলার সম্পদ। সেই সম্পদ আজকে কিন্তু রুগ্ন। উনি একটা জায়গায় বলেছেন দুর্গাপুর ইস্পাত কারখানা ২৫ বছর ধরে রুগ্ন। একটা ইস্পাত কারখানা ২৫ থেকে ৩০ বছর বয়েসের ভারে রুগ্ন হতে পারে না, রুগ্ন হওয়ার অন্যতম কারণ আছে। এবারে সেই কারণগুলো আলোচনা করে দেখা যাক প্রথমে যদি দেখা যায় তাহলে দেখা যাবে যে সেখানে ইনএডিকোয়েট এ্যাণ্ড ইরাটিক পাওয়ার সাপ্লাই - যে কথা দিলীপ মজুমদার বললেন। তিনি বললেন যে ডি. ভি. সি. থেকে ঠিকমত পাওয়ার দেওয়া হচ্ছে না। এটা একটা কারণ হতে পারে। দ্বিতীয় কারণ হচ্ছে ইনএডিকোয়েট কোল

সাপ্লাই। শুধু ইনএডিকোয়েট কোল নয়, স্ট্যাণ্ডার্ড কোল যেটা দরকার ইস্পাত কারখানার জন্য সেহ স্ট্যাণ্ডার্ড কোল সাপ্লাই-এর অভাব আছে। তৃতীয় কারণ হল লাইম, ডোলামাইট এইগুলি ইস্পাত কারখানার জন্য দরকার হয়। দুর্গাপুর ইস্পাত কারখানায় এই লাইম এবং ডোলামাইটের কোন নিজস্ব খনি নেই এবং এই খনিগুলির উপর কন্ট্রোল নেই। তাই হয়ত এই জিনিষ যে-পরিমানএই কারখানার জন্য প্রয়োজন সেটা তারা পায় না। চতুর্থ কারণ হয়েছ সেন্ট্রাল ইনডাসট্রিয়াল সিকিউরিটি ফোর্স। সারা ভারতবর্ষে যতগুলি ইস্পাত কারখানা আছে তার মধ্যে সব থেকে বেশী সেন্ট্রাল ইণ্ডাষ্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স রয়েছে দুর্গাপুরে। এর জন্য ইস্পাত কারখানায় খরচ বেশী হয় কি কম হয় সেটা আলোচনার বস্তু। পিলক্যারেজ যদি না কমানো যায় তাহলে কোন কারখানা নিজের পায়ে দাঁড়াতে পারে না। আমার মনে হয় প্রশাসন, শ্রমিক এবং নিরাপত্তা কর্মীদের এই কারখানার প্রতি দায়িত্ববোধ এবং মমত্ববোধ যদি না থাকে তাহলে কোন কারখানা এগিয়ে যেতে পারে না। এই প্রসঙ্গে আমার একটা গল্প মনে পড়ে গেল। একটা রাস্তা তৈরী হচ্ছে, শ্রমিকরা রাস্তা তৈরী করছে। প্রথমজনকে জিজ্ঞাসা করা হ'ল - আপনি কি করছেন? তিনি বললেন - আমি পাথর ভাঙছি। দ্বিতীয়জনকে জিজ্ঞাসা করা হ'ল - আপনি কি করছেন? তিনি বললেন - আমি রুজি রোজগারের ব্যবস্থা করছি। তৃতীয়জনকে জিজ্ঞাসা করা হ'ল আপনি কি করছেন ? তিনি বললেন - আমি চলার পথ তৈরী করছি। আমাদের এগিয়ে যাবার পথ তৈরী করছি। সেই রকম আমাদের এগিয়ে যাবার পথ তৈরী করতে হবে। সেই রকম প্রশাসন, শ্রমিক এবং নিরাপত্তা কর্মীদের মধ্যে দায়িত্ব বোধ আনতে হবে, কারখানার প্রতি সচেতনতা আনতে হবে। এই ব্যাপারে কারণগুলি অনুসন্ধান করা দরকার। এক্সপানসান এবং মডার্ণাইজেসন এই দুটি আলাদা আলাদা জিনিস। এই এক্সপ্যানসান এ্যান্ড মর্ডানাইজেসান করতে গেলে মর্ডানাইজেসানের সাথে সাথে কম্পিউটারাইজেসান একান্ত প্রয়োজন এবং কম্পিউটারাইজেসান আসার সঙ্গে সঙ্গে শ্রমিক ছাঁটাই হবে। শ্রমিক ছাঁটাইয়ের সঙ্গে সঙ্গে এক্সপানসান প্রোগ্রাম নিতে হবে এবং সাইড বাই সাইড ডেভলপ করতে হবে এক্সপানসানের ব্যাপারে সেন্ট্রাল গভর্ণমেন্ট এ্যাণ্ড ওয়েষ্ট বেঙ্গল গভর্ণমেন্টকে একসঙ্গে বসতে হবে। তা না হলে এই কারখানা এগিয়ে যেতে পারে না।

আমাদের দুর্গাপুর ইস্পাত কারখানাকে মডার্ণাইজেসান করার বিষয়ে আগের বক্তারা এখানে বলেছেন। বৃটিশ স্টীল কর্পোরেশন যে রিপোর্ট দিয়েছেন, সেটাতে ডিটো করেছেন জাপানীজ স্টীল কর্পোরেশন। তারপর সেটা কেন্দ্রীয় স্টীল বোর্ডের কাছে গেলে তাঁরা পাশ করে স্টীল অথরিটির কাছে পাঠিয়েছেন। সেখান থেকে গিয়েছে স্টীল মিনিস্ট্রিতেত এবং এর পরে গিয়েছে পাবলিক ইনভেষ্টমেন্ট ব্যুরোর কাছে। পাবলিক ইনভেষ্টমেন্ট ব্যুরো বলেছেন যে, তাঁরা একটা প্রজেক্ট রিপোর্ট তৈরী করছেন। এই প্রজেক্ট রিপোর্ট সেভেন্থ প্লানের মধ্যে ইনকর্পোরেটেড হবে। সেভেন্থ প্ল্যানের মধ্যে যদি এটা ইনকর্পোরেট হয় - সেভেন্থ প্ল্যান যদি এটা ইনকরপোরেট করতে হয় এবং যদি সেইভাবে ইচ্ছা থাকে - তাহলে এই বিধানসভায় ঠাণ্ডা ঘরে বসে শুধু একটা রেজোলিউশান পাশ করে যদি স্টীল মিনিস্ট্রিতে পাঠিয়ে দেওয়া হয়, তাহলে তো আমার মনে হয় আমাদের দায়িত্ববোধের পরিচয় দেওয়া হবে না। আমার মনে হয়, এটা শুধু একটা আলোচনা করে ছেড়ে দেওয়ারই সামিল হবে। এর থেকে আমি আপনাকে অনুরোধ করব, এই বিধানসভার বিভিন্ন দলের সদস্যদের নিয়ে একটা কমিটি গঠন করে দিন। তাঁদের শ্রমিকদের সঙ্গে দরকার হলে কথা বলতে হবে। সেই কমিটিকে দরকার হলে স্টীল মিনিষ্ট্রির সঙ্গে কথা বলতে হবে। প্রয়োজন বোধে প্রাইম মিনিষ্টার রাজীব গান্ধীর সঙ্গেও কথা বলতে

হবে। তাঁর কাছে গিয়ে বলতে হবে- আপনি সাহিত্যিক, কবি এঁদের দিকে তাকিয়ে শান্তিনিকেতনের জন্য বহু কোটি টাকা দিচ্ছেন, আগামী দিনেও দেবেন, ঠিক সেই ভাবে পশ্চিমবঙ্গের শ্রমিক ও সাধারণ মানুষ আপনার দিকে তাকিয়ে আছেন- এঁদের দিকে আপনি একটু দৃষ্টি দিন। সেভেন্থ প্ল্যানের মধ্যে যাতে ১২০০ কোটি টাকা ইনকর্পোরেট করা যায়, তারজন্য আমাদের প্রচেষ্টা গ্রহণ করা উচিত। মডার্ণাইজেসান তো একটা টেকনিক্যাল ব্যাপার। টেকনোক্রাটস্ বলতে পারেন কি ভাবে মডার্ণাইজেসান হবে। কিন্তু সঙ্গে সঙ্গে এটি যাতে আরও সম্ভাবনামুখী করে তুলতে হয়, তাহলে আমার কয়েকটি প্রস্তাবের কথা রাখতে হয়। মডার্ণাইজেসানের সঙ্গে সঙ্গে এর এক্সপানসান কি করে হবে, এর স্কোপ কোথায় কোথায় আছে ইত্যাদি সম্বন্ধেই হচ্ছে আমার প্রস্তাব। ১নং হচ্ছে কন্ট্রোল স্টীল, যেটা রেলওয়ে বগি তৈরীর কাজে লাগে, তা ভারতবর্ষের বুকে কোথাও তৈরী হয়নি। সেই স্টীল যাতে দুর্গাপুরে উৎপাদন করা যায় এবং তারজন্য যে লোক দরকার তা যাতে আমরা দিতে পারি তার ব্যবস্থা করা। ২ নং হচ্ছে ক্যাপাসিটি ইউটিলাইজেশান সম্পর্কে সচেতন হওয়া। ৩নং হচ্ছে সেন্ট্রাল ইণ্ডাষ্ট্রিয়াল সিকিউরিটি ফোর্সের কাজকর্ম দেখা এবং পিলফারেজ বন্ধ করার জন্য সতর্ক দৃষ্টি রাখা দরকার। পাবলিক সেক্টর এন্টারপ্রাইজ কমিশন ১৯৭০ সালে একটা রেকমেণ্ডেসান করেছিলেন। তাঁরা রেকমেণ্ডেসান করে একটা রিপোর্ট দিয়েছিলেন - রিপোর্ট এ্যাবাউট এক্সপানসান এ্যাণ্ড upgradation bassed on potentiality to create ancillary industry. একে মর্যাদা দিয়ে দুর্গাপুরের চারিদিকে যে এ্যানসিলারী ইণ্ডাষ্ট্রি আছে, তাকে আমরা ডেভালপ করতে পারি। সেই সমস্ত সম্পর্কে একটা সুন্দর রিপোর্ট এই কমিটি দিয়েছিলেন। সে সম্বন্ধে ওয়েষ্ট বেঙ্গল গভর্ণমেন্টকে তৎপরতা দেখাতে হবে যাতে পাবলিক কিম্বা প্রাইভেট সেক্টরে বাই প্রোডাক্টস্ ডেভালপ করতে পারে।

আমি এই প্রস্তাবকে সম্পূর্ণভাবে সমর্থন করছি। কাশীবাবু এখানে যে এ্যামেণ্ডমেন্ট এনেছেন, সেটা আমি সমর্থন করছি। তিনি সামান্য যে এ্যামেণ্ডমেন্ট এনেছেন তা এর মধ্যে ঢোকালে আমার মনে হয় খুব একটা অসুবধা হবে না, বরং এই এ্যামেণ্ডমেন্টটা গৃহীত হলে আমরা প্রস্তাবটির উপরে সর্বসম্মতভাবে জয়েন্ট রেজোলিউশান গ্রহণ করতে পারব।

**শ্রী নির্মল কুমার বসু :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয়া শ্রীমতী মহারাণী কোঙার যে প্রস্তাব এখানে নিয়ে এসেছেন, আমি তাকে সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। পশ্চিমবঙ্গের শিল্পের দিক থেকে দুর্গাপুর ইস্পাত কারখানা অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে আমি মনে করি। কেবলমাত্র এটাই নয়, ইস্পাত উৎপাদনের জন্য কেন্দ্রীয় সরকারের এই ধরণের কারখানা পশ্চিমবঙ্গে যতগুলি আছে, সেগুলির জন্য আমরা চেয়েছিলাম কেন্দ্রীয় সরকার তাঁদের অন্যান্য কারখানা যেমন, ভিলাই, রৌউরকেল্লা ইত্যাদিতে যে পরিমাণ অর্থ বিনিয়োগ করেছেন এবং সম্প্রসারণ করেছে, এখানেও অনতিবিলম্বে তা হোক, আধুনিকীকরণের ব্যবস্থা গৃহীত হোক এবং অন্ততঃপক্ষে ভবিষ্যতে যাতে তাকে ডাইভার্সিফিকেশন করতি পারি সেটা হোক। কিন্তু দুর্ভাগ্যবশতঃ সেটা হয়নি।

**[5.20—5.30 p.m.]**

দুর্গাপুর ইস্পাত কারখানার প্রতি বৈষম্য থেকেই যাচ্ছে, ৫০ দশকের শেষে একসঙ্গে দুর্গাপুর, ভিলাই এবং রাউরকেল্লা ইস্পাত কারখানা শুরু হয়েছিল। তখন ৩টি ইস্পাত কারখানার উৎপাদন

ক্ষমতা ছিল ১ মিলিয়ন টন অর্থাৎ ১০ লক্ষ টন এর পরবর্তীকালে আমরা দেখেছি দুর্গাপুরের গুরুত্ব অনুধাবন করে ভারত সরকারের নিয়োজিত স্টোরিং গ্রুপ ফর স্টীল ১৯৬৩-৬৪ সালে সুপারিশ করেছিলেন যে দুর্গাপুরের লক্ষ্যমাত্রা ১০ লক্ষ টনের জায়গায় ৩৪-৩৫ লক্ষ টনে করা হোক। ডাইভারসিফিকেশান প্রোডাক্টস্ মিল্লের কথাও জানিয়েছিলাম ব্রিটিশ স্টীল ওয়ার্কস এ্যাণ্ড ইকুইপমেন্ট কোম্পানি এটা সম্প্রসারণের প্রস্তাব গ্রহণ করেন কিন্তু ৪র্থ পরিকল্পনায় প্রস্তাব গ্রহণ করেও টাকার অভাবে বাতিল করা হল। ১৯৬৮-৬৯ সালে দুর্গাপুর, ভিলাই এবং রাউরকেল্লা ইস্পাত কারখাণায় উৎপাদন ক্ষমতার লক্ষ্যমাত্রা বাড়ানো হল। কিভাবে বেড়েছে দেখুন - ১৯৬৮-৬৯ সালে দুর্গাপুর ইস্পাত কারখানায় ১০ লক্ষ টনের জায়গায় ১৬ লক্ষ টন উৎপাদন ক্ষমতা বাড়ানো হল। রাউরকেল্লায় ১৮লক্ষ টন আর ভিলাইতে ৩৫ লক্ষ টন উৎপাদন ক্ষমতা বাড়ানো হল। সুতরাং দেখা যাচ্ছে পশ্চিমবঙ্গের দুর্গাপুরে সরকারের তরফ থেকে লক্ষ্যমাত্রা বাড়ানো হল না। এইখানে কেন বাড়বে না? এইভাবে আমরা দেখছি ক্রমাগত দুর্গাপুরের প্রতি বৈষম্য করে চলেছে কেন্দ্রীয় সরকার। এর ফলে দুর্গাপুর ইস্পাত কারখানা আজকে নষ্ট হতে বসেছে, এই নিয়ে বসে আলোচনার প্রয়োজন আছে এর যন্ত্রপাতি নষ্ট হয়ে যাচ্ছে, ৩০ বছর আগেকার এই কারখাণার প্রয়োজনমত যেসব স্পেয়ার পার্টস আনা হয়েছিল সেগুলির রিপ্লেসমেন্ট করা হয় নি। খারাপ কয়লা এবং খারাপ লোহার জন্যে উৎপাদন ক্রমশ হ্রাস পাচ্ছে। যন্ত্রপাতি নষ্ট হয়ে যাবার ফলে যে জিনিষ তৈরী হচ্ছে তা খুব উৎকৃষ্ট মানের জিনিষ হচ্ছে না। এরফলে ডাউন স্ট্রিমের কাজ ব্যহত হচ্ছে, নষ্ট হচ্ছে। পুরণো প্রযুক্তিবিদ্যা দিয়ে আর কাজ চলছে না, চলতে পারেও না। এর নিজস্ব কোন বিদ্যুৎ নেই, ডি.ভি.সি.র উপর নির্ভর করে থাকতে হয় তার ফলে উৎপাদন ব্যাহত হয়। যতটা বিদ্যুৎ দরকার তা ডি.ভি.সি দিতে পারছে না এবং নিজের কোন বিদ্যুতের ব্যবস্থা নেই যার ফলে উৎপাদন লক্ষ্যে পৌঁছতে পারছে না। তারপরে ফার্নেস ওয়েলের দাম ক্রমাগত বাড়ছে এবং এর রক্ষণাবেক্ষণ ঠিকমত না হওয়ার ফলে খুব ক্ষতি হচ্ছে। তাছাড়া এর আধুনিকীকরণ দরকার, বিভিন্ন সময়ে এই নিয়ে আলোচনা হয়েছে। এর গুরুত্ব স্বীকার করে নিয়ে ব্রিটিশ স্টিল করপোরেশান এ্যাণ্ড ওভারসিস সার্ভিস এই কারখানাটির আধুনিকীকরণের জন্য ১২০০ কোটি টাকা ধরেছিলেন এবং জাপানি স্টাডি টিম এই প্রস্তাবকে নীতিগতভাবে স্বীকার করে নিয়েছে। কিন্তু ভারতসরকারের মনোভাব কি আমরা দেখছি - বিভিন্ন সময়ে ভারত সরকার থেকে বলা হচ্ছে আমাদের এর প্রতি লক্ষ্য আছে। রাজ্যসভায় ২৬শে এপ্রিল ১৯৮২ তারিখে মাননীয় সদস্য সৈহিবদুল্লা সাহেবের প্রশ্নোত্তরে শ্রী প্রণব মুখার্জী, তিনি তখন শিল্প ও বাণিজ্যমন্ত্রী ছিলেন বলেছিলেন বিবেচনা করা হচ্ছে। তারপর ২১.১২.৮২ তারিখে রাজ্য সরকারের কাছে চিঠি পাঠানো হয়েছে যে বিবেচনা করা হচ্ছে এরপরে প্রণব মুখার্জী মহাশয় একবার দেখে এসে বলে দিলেন যে ওরজন্য টাকা বরাদ্দ করা হয়ে গেছে, কিন্তু কার্য্যত কিছুই হয় নি। এইরকম গণিখান চৌধুরী মহাশয়ও বলেছেন পশ্চিমবঙ্গের প্রকল্পগুলি হয়ে গেছে কিন্তু কিছুই হয়নি। সুতরা এই কারখানারও কিছু করা হয়নি, বিবেচনা করা হচ্ছে। পশ্চিমবঙ্গ ছাড়া অন্যান্য জায়গায় ভিলাই প্রভৃতিতে টাকা বরাদ্দ হয়ে গেছে এবং সেখানে কাজও হচ্ছে। অথচ দুর্গাপুরে ১৯৮০ সাল থেকে মাননীয় মন্ত্রীমহাশয় একই কথা বলিতেছেন বিবেচনা করা হইতেছে, বিবেচনা করা হইতেছে এবং বিবেচনা করা হইতেছে, আমার প্রশ্ন এইবাবে আর কতদিন চলিবে? সুতরাং আমাদের দাবী পশ্চিমবঙ্গের দুর্গাপুর নষ্ট হইতে পারে না। পশ্চিমবঙ্গের অর্থনৈতিক দিক থেকে এই শিল্পের বিশেষ গুরুত্ব আছে। এই শিল্পের লোহা এবং ইস্পাত অন্যান্য শিল্পে ব্যবহার করা হয়। সুতরা এই ১২০০ কোটি টাকা আধুনিকীকরণের জন্য ধরা হয়েছে

তা ভারত সরকারকে দিতে হবে এই দাবী আমরা সবাই মিলে এবং বিরোধীপক্ষের বন্ধুরা আসুন এই কথা বলি যে এই টাকা দিতে হবে, দুর্গাপুরকে বাঁচাতে হবে।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রস্তাব এখানে এসেছে এটা খুবই গুরুত্বপূর্ণ প্রস্তাব এবং পশ্চিমবাংলা কেন ভারতবর্ষের অর্থনীতির একটা সোপান দুর্গাপুর ষ্টীল প্রজেক্ট। এখানে ক্রমাগত নিম্নমানের কাঁচামাল সরবরাহের জন্য কারখানার অগ্রগতি এবং উৎপাদন কিছুটা আঘাত খাচ্ছে। ৬০ থেকে ৭০ দশকে আমরা দেখতে পাই আধুনিকীকরণের অভাবে যে যন্ত্রপাতি ব্যবহার করা হচ্ছে তাতে কারখানা ক্ষতিগ্রস্ত হচ্ছে। সেইজন্য এটা একটা গুরুত্বপূর্ণ প্রস্তাব। ১৯৮৫ সালের ২৩শে জানুয়ারী বসন্ত শাঠে এবং মুখ্যমন্ত্রীর মধ্যে আধুনিকীকরণ নিয়ে আলোচনা হয়েছিল। সেখানে ডি. এস. পি.র নিজস্ব তাপবিদ্যুৎ কেন্দ্র চালিত হয়। দুর্গাপুর, রাউরকেল্লা, বার্ণপুর ইত্যাদির আরো যে সমস্ত ইস্পাত কারখানা আছে তাদের উৎপাদনের জন্য কেন্দ্রীয় সরকার একটা ব্যবস্থা করেছেন। বিশেষ করে দুর্গাপুর, রাউরকেল্লা ও বার্ণপুরের আধুনিকীকরণের জন্য ২৫৫২ কোটি টাকা খরচ হবে। ডি.এস.পি.র জন্য ৯৩০ কোটি টাকা, রাউরকেল্লার জন্য ৬৯১ কোটি টাকা এবং বার্ণ স্ট্যাণ্ডার্ড এর জন্য ৯৩১ কোটি টাকা। এর সঙ্গে আধুনিকীকরণ এবং প্রযুক্তিকরণের জন্য ডি. এস. পি. তে ইতিমধ্যে ২৫ কোটি টাকা বরাদ্দ করা হয়েছিল। দিলীপবাবু জানেন মুখ্যমন্ত্রী এবং বসন্ত শাঠের মধ্যে কম্পিউটার নিয়ে কথা হয়েছিল। কম্পিউটার ব্যবহার করার ক্ষেত্রে মুখ্যমন্ত্রী বলেছিলেন যে শ্রমিকদের স্বার্থ অক্ষুন্ন রেখে প্রয়োজন হলে কম্পিউটার ব্যবহার করা হবে। এখানকার উৎপাদন ২ লক্ষ ৭৯ হাজার ৬০০ টন অর্থাৎ যেটা গত আর্থিক বছরের তুলনায় ১৪শ টনেরও বেশী। এই রিপোর্টটা তখনকার সম্বন্ধে বের হয়েছিল। অর্থাৎ আমরা দেখছি যে কিছুটা মেক আপ হয়েছে। ১৯৮৪-৮৫ সালে বার্ণ ষ্ট্যাণ্ডার্ড থেকে আরম্ভ করে অন্যান্য জায়গায় লাভ যা হয়েছিল এখানেও তো সেই লাভের পরিমাণ বাড়ার মুখে। এবং তা বাড়ছে। ইস্পাত কারখানার যে অবস্থা তাতে একে যদি সুষ্ঠুভাবে পরিচালনা করা হয় এবং প্রয়োজনীয় টাকা সুষ্ঠুভাবে ব্যবহার করা হলে এখানকার ফল ভালই হবে। এটা আমাদের সম্পদ। সেখানে কেন্দ্র যদি তার উন্নতি চান, আধুনিক চান তাহলে সেই কাজে আমাদের সাহায্য করতেই হবে। প্রণববাবু নির্বাচনের প্রাক্কালে যে কথা বলে ভাঁওতা দিয়ে গেছেন বলে আপনারা বলছেন তাহলে শ্রী সাঠে এই কথা বলতেন না যে আধুনিকীকরণের প্রস্তাব কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন আছে। সেই পরিপ্রেক্ষিতে এটা বিবেচনা করতে হবে।

**[5.30—5.40 p.m.]**

সেই পরিপ্রেক্ষিতে বিভিন্নভাবে তার উন্নতি সাধন করছে। কিছুদিন আগে পোল্যাণ্ডের এ্যাগ্রিমেট্রিক কোম্পানী ঐ ইস্পাত কারখানার চাহিদা মেটাতে পারে এই রকম ৬০ মেগাওয়াটের একটি ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্ট নির্মাণ করেছেন যাতে বাণিজ্যিক দিক থেকে ডি এস পি উৎপাদনে সাফল্য দেখাতে পারে। শুধু দুর্গাপুর স্টীল প্ল্যান্ট নয়, পশ্চিমবঙ্গে কেন্দ্রীয় সরকারের পরিচালনাধীন যে সকল শিল্প আছে সেই সকল শিল্পের অগ্রগতির জন্য তাদের বাঁচিয়ে তোলার জন্য কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকার উভয়েই সচেতন আছেন, সেখানে ম্যানেজমেন্টের সাথে এবং শ্রমিকদের সাথে আলোচনা করছেন। এর উৎপাদন যাতে ব্যহত না হয় তারজন্য পরিকল্পনা নেওয়া হয়েছে। তার প্রোজেক্ট রিপোর্টে পরিষ্কার ভাবে দেখানো হয়েছে যে এর ডেভেলপমেন্ট হচ্ছে। গত ২৫ বছরে এর

যদি কোন উন্নতি না হত তাহলে দিলিপ মজুমদার মহাশয় যেটা বলেছেন যে বামফ্রন্ট সরকারের আমলে একবার এবং কংগ্রেসী আমলে দু'বার লাভ হয়েছে সেটা হতো না। তাহলে নিশ্চয়ই ২৫ বছরের ইস্পাত কারখানাটা দুর্বল হয়ে পড়েনি। আমরা বলেছিলাম এই ইস্পাত কারখানা আধুনিকীকরণ করা হোক, এটাকে আধুনিকীকরণ করা হলে প্রচুর কর্মসংস্থানের ব্যবস্থা হবে, পশ্চিমবঙ্গে যে বিরাট বেকার সমস্যা দেখা দিয়েছে সেই বেকার সমস্যা সমাধানের একটা পথ খুঁজে পাওয়া যাবে। এইজন্যেই যাক, আমরা চাই এই পরিকল্পনা কার্যকরী হোক, সেইজন্য আমরা এ্যামেণ্ডমেন্ট দিয়েছি। আমি আশা করব মাননীয়া সদস্যা আমাদের সংশোধনীগুলি গ্রহণ করবেন এবং এই শিল্পকে বাঁচাবার চেষ্টা করবেন।

**শ্রী শীশ মহম্মদ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয়া শ্রীমতী মহারাণী কোঙার যে প্রস্তাব নিয়ে এসেছেন তাকে আমি সর্বান্তকরণে সমর্থন করছি। এই কারণে সমর্থন করছি এটা পশ্চিমবঙ্গের একটা গৌরব। তদানীন্তন মুখ্যমন্ত্রী ডাঃ বিধান চন্দ্র রায় সত্যই তিনি বাঙালী সন্তান ছিলেন এবং বাঙালীর কথা ভাবতেন। সুতরাং তিনি পশ্চিমবঙ্গের কিছু উন্নয়ন হোক, পশ্চিমবঙ্গের বেকার সমস্যার সমাধান হোক, পশ্চিমবঙ্গ ভারতবর্ষের অন্যান্য প্রভিন্সের কাছে নিজের আত্মকলেবরের পরিচয় দিক এই মানসিকতা নিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব রেখেছিলেন, সেই অনুযায়ী বহু ঘসামাজার পর এটা তিনি কার্যকরী করতে পেরেছিলেন। অবশ্য এরজন্য পশ্চিমবঙ্গে বাম মনোভাবা সম্পন্ন ব্যাক্তিরা, জনসাধারণ তাঁর পিছনে দাঁড়িয়েছিলেন। স্যার, সেই বর্ধমান জেলার ধূসর এলাকা দুর্গাপুর যেখানে কৃষিকার্য করার কোন স্কোপ ছিল না অথচ বিরাট এলাকা ব্যারেন ল্যাণ্ড হিসাবে পড়ে থাকে সেই এলাকাকে ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গের একটা উন্নত এরিয়া রূপে পরিচিত করার জন্য সেখানে একটা ইণ্ডাষ্ট্রি গড়ে উঠুক এই মানসিকতা নিয়ে তিনি এগিয়ে গিয়েছিলেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন সেই সময়ে দুর্গাপুরে, ভিলাই এবং রাউরকেল্লায় এই ৩টি কারখানা গড়ে উঠেছিল। ভিলাই এখন বহাল তবিয়তে আছে এবং দিনের পর দিন তার উন্নয়ন হচ্ছে এবং রাউরকেল্লাও ভালভাবে চলছে এবং কেন্দ্রীয় সরকার সেখানে সাহায্য করে যাচ্ছেন। কিন্তু যত দুর্ভাগ্য দেখছি এই দুর্গাপুর কারখানার। আমার মনে হয় বাংলার উন্নতি হোক, বাঙালীর উন্নতি হোক, পশ্চিমবাংলা বিশ্বের দরবারে নিজেদের হাজির করুক উন্নতশীল প্রদেশ হিসাবে এটা কেন্দ্রীয় সরকার চায়না এবং সেইজন্যই এই আর্থিক অনুদান এবং আর্থিক সাহায্য দেবার কথা তাঁরা ভাবতে পারছেন না। ১৯৮০ সালের একটা রিপোর্টে বলা হয়েছে ১২০০ কোটি টাকা দিয়ে এই কারখানার উন্নতি করা হোক এবং যন্ত্রপাতি আধুনিকীকরণ করা হোক। দুঃখের সঙ্গে বলছি কেন্দ্রীয় সরকার সেই সুপারিশ এখন মানেন নি। ১৯৭২-৭৩ সালে আমি এই হাউসের সদস্য ছিলাম এবং তখন পাবলিক আণ্ডার টেকিং কমিটির সদস্য হিসাবে ঐ দুর্গাপুর ষ্টিল কর্পোরেশন দেখতে গিয়েছিলাম। ওখানকার ইঞ্জিনীয়ার এবং অফিসাররা পুঙ্খানুপুঙ্খরূপে আমাদের প্রত্যেকটি জিনিষ ভালভাবে দেখিয়েছে। আমরা দেখেছি সেই কোন কালের যন্ত্রপাতি নিয়ে সেখানে কাজ করছে এবং তার ফলে দৈনন্দিন অগ্রগতি ব্যাহত হচ্ছে। আজকে যেখানে মানুষ চাঁদে পদার্পন করছে সেখানে দুর্গাপুর কারখানা সেই পুরাণো যুগের যন্ত্রপাতি নিয়ে পড়ে রয়েছে। এই সমস্ত অসুবিধার জন্য আজকে দুর্গাপুর ষ্টিল কর্পোরেশান মরতে বসেছে। স্যার, আমাদের ডানপাশে যে সমস্ত সদস্যরা রয়েছেন তাঁরাও এই প্রস্তাব সমর্থন

করেছেন দেখলাম। তাঁদের কাছে আমার একটি অনুরোধ তাঁরা যদি দিল্লীর কাছে জোর করে এই দাবী তুলে ধরেন তাহলে পশ্চিমবাংলার উন্নয়ন হবে এবং বহু বেকারের বেকারত্ব ঘুচবে। একথা বলে আমি আয়রণ এ্যাণ্ড ষ্টীলের মতো শক্ত মনোভাব নিয়ে এই ননঅফিসিয়াল রেজলিউসান সমর্থন করছি।

**শ্রী শান্তিরঞ্জন ঘটক:** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয়া সদস্যা শ্রীমতী মহারাণী কোনার দুর্গাপুর ইস্পাত কারখানার সম্প্রসারণ এবং আধুনিকীকরণের কাজ ত্বরান্বিত করার জন্য যে প্রস্তাব এনেছেন আমি তাঁকে এই প্রস্তাব আনার জন্য ধন্যবাদ দিচ্ছি। আমরা সকলেই জানি এই প্রস্তাবটি খুবই গুরুত্বপূর্ণ। আমি বিরোধীপক্ষের বক্তব্য শুনলাম, কিন্তু তাঁদের কথা কিছু বুঝতে পারলাম না। হয়ত এটা আমার ত্রুটি মাননীয় সদস্য সত্য বাপুলী মহাশয় এই গুরুত্বপূর্ণ প্রস্তাবের উপর গুরুত্বপূর্ণ ইংরেজী ভাষণ দিলেন। অবশ্য এখন তিনি হাউসে নেই। কাশীবাবু এবং জয়নাল আবেদিন যে সংশোধনী প্রস্তাব এনেছেন আমি সেই সংশোধনী প্রস্তাবের বিরোধী এবং আমি প্রস্তাবের উত্থাপিকাকে অনুরোধ করব এই সংশোধনী যেন গ্রহণ করা না হয়। একটা বেসিক ফ্যাক্টর হচ্ছে দুর্গাপুর কারখানা রুগ্ন। কাশীবাবু বলছেন এটা ঠিক কথা নয়। প্রথম কথা হল একে বাঁচাতে হলে এর সম্প্রসারণ এবং আধুনিকীকরণ করতে হবে। ওঁরা বলছেন সেখানে বেকার সমস্যার সমাধান হবে ইত্যাদি, ইত্যাদি। মেইন ব্যাপারটা হচ্ছে দুর্গাপুর কারখানার জন্য যেটা করা দরকার সেক্ষেত্রে দেরী হচ্ছে।

**[5.40—5.44 p.m.]**

ভারত সরকার বহু দিন ধরে এই সব বলছেন, কিন্তু বলেও কিছু করছেন না। এবং সেইটাই হলো আসল জিনিস। হিন্দুস্থান ফার্টিলাইজার বন্ধ হয়ে গেল হলদিয়া ফার্টিলাইজার বন্ধ হতে চলেছে। তার কারণ তার এক্সপ্যানসন যদি না হয় তাহলে চলবে না। সেইজন্য এটা ত্বরাণিত হওয়া দরকার। শ্রমিক অসন্তোষ লোকসান ইত্যাদির কথা বলেছেন সত্য বাপুলি মহাশয়। তিনি সেই পুরানো দুঃস্বপ্নের কথা সেই পুরানো জরুরী অবস্থার দিনের কথা ভাবছেন। কিন্তু সে দিন আর কোন দিনই ফিরে আসবে না। শ্রমিক অসন্তোষ যেটা ছিল সেইজন্য এটা হয়নি। আসল হচ্ছে মালিক পক্ষ শ্রমিকদের যে আসল দাবী দাওয়া সেটা যদি তারা পূরণ না করে তাদের যদি স্বীকৃতি না দেয় এবং মালিকরা যদি অন্য পথে চলে তাহলে এই জিনিস হবেই। আজকে কেন্দ্রীয় সরকার এটা স্বীকার করে নিতে বাধ্য হয়েছে। দিলীপবাবু ঠিক বলেছেন শ্রমিক অসন্তোষ মূল কারণ নয়, শ্রমিকদের সঙ্গে মালিকদের সম্পর্কের ফারাক থেকে গেছে। আজকে শ্রমিকদের কাজ দেওয়া হচ্ছে না তাদের অন্যান্য যে সমস্ত ব্যবস্থার দরকার তা যদি না দেওয়া হয় তাহলে অসন্তোষ বাড়বেই। লোকসান অন্য কারণে হচ্ছে। তার বেসিসটা অন্য। দুর্গাপুর ষ্টীল এজেন্সির বেশীরভাগ রেলে বিক্রি হয়। আজকে দুর্গাপুরে তৈরী হয় যে প্রোডাক্টস্ - এ্যাকসেল হুইল, চাকা ইত্যাদি দুর্গাপুর যে দামে রেলকে বিক্রি করে তার চেয়ে বেশী দামে তারা জাপান থেকে কিনছে। যার ফলে আজকে দুর্গাপুরের আর্থিক অবস্থা খারাপের দিকে চলে গেছে। সেই কারণে আমাদের বিরোধী পক্ষের কাছে আমার আবেদন হচ্ছে কি হোল না বা কি হবে না হবে সেটা বড় করে না দেখে পরিকল্পনা ইত্যাদি কি আছে না আছে সেই সব দিক না দেখে, কোথায় কি হয়েছে না হয়েছে এই সব না বলে আজকে মূল দিকটা দেখা দরকার। দুর্গাপুর সিরামিকে যে টাকা লগ্নী করা হোল সেটা অন্য জায়গায় লাগানো হয়েছে। সেই জন্য আমি আশা করবো বিরোধী পক্ষ আন্তরিকতার সঙ্গে এই প্রস্তাব সমর্থন করুন। অবিলম্বে যেটা প্রয়োজন এবং সম্প্রসারণ এবং

আধুনিকীকরণ সেটা যাতে করা যায় যাতে টাকা পাওয়া যায় তার ব্যবস্থা যাতে করা যায় তার জন্য আসুন আমরা পশ্চিমবাংলার মানুষের সাথে এক সঙ্গে মিলিত হয়ে এই প্রচেষ্টায় যোগ দিই। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী মহারানী কোণার :** আমি বিরোধীপক্ষের সংশোধনীর বিরোধিতা করছি এবং আমার প্রস্তাবকে সমর্থন করছি।

The motion amendment Nos.1 of Shri Kashinath Misra that পঞ্চম, ষষ্ঠ ও সপ্তম অনুচ্ছেদগুলির পরিবর্তে নিম্নলিখিত অনুচ্ছেদটি বসানো হউক :

"অতএব দুর্গাপুর ইস্পাত কারখানাটি সময়োপযোগী আধুনিকীকরণ, আবশ্যকীয় সম্প্রসারণ ও অধিকতর উৎপাদনক্ষম এবং অধিকতর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার জন্য সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করার জন্য এবং উপরিলিখিত কার্যসমূহ অগৌণে রূপায়ণের জন্য এই সভা অনুরোধ জানাচ্ছে"।

were then put and lost.

The motion of Kashinath Misra (Amendment No.3) that—

(১) দ্বিতীয় অনুচ্ছেদে, প্রথম লাইনে "বিগত ২৫ বৎসরে" শব্দগুলি বাদ দেওয়া হউক ;

(২) তৃতীয় অনুচ্ছেদে, প্রথম ও দ্বিতীয় লাইনে "বর্তমানে কারখানাটি রুগ্ন হইয়া পড়িয়াছে" শব্দগুলির পরিবর্তে "কারখানাটির যথাযথ আধুনিকীকরণ প্রয়োজন হইয়া পড়িয়াছে" শব্দগুলি বসানো হউক;

(৩) তৃতীয় অনুচ্ছেদের পর নিম্নলিখিত নতুন অনুচ্ছেদটি যোগ করা হউক :

"যেহেতু প্রয়োজনীয় আধুনিকীকরণ ও সম্প্রসারণ করা হইলে দুর্গাপুর ইস্পাত কারখানায় প্রচুর কর্মসংস্থানের মাধ্যমে পশ্চিম বাংলার বেকার সমস্যার সমাধানে সহায়ক হইবে;"

were then put and lost.

The motion of Shrimati Maharani Koner

যেহেতু বিগত ২৫ বৎসর যাবৎ দুর্গাপুর ইস্পাত কারখানা জাতীয় অর্থনীতিতে ও পশ্চিমবঙ্গের শিল্প বিকাশের ক্ষেত্রে এক উল্লেখযোগ্য ও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করিতেছে ;

যেহেতু বিগত ২৫ বৎসরে দুর্গাপুর ইস্পাত কারখানায় প্রয়োজনীয় সম্প্রসারণ ও আধুনিকীকরণ করা হয় নাই;

যেহেতু কারখানাটির যন্ত্রপাতি পুরানো ও সেকেলে হইয়া পড়ায় বর্তমানে কারখানাটি রুগ্ন হইয়া পড়িয়াছে;

যেহেতু ভারত সরকার কর্তৃক নিযুক্ত 'ব্রিটিশ স্টীল করপোরেশান' কারখানাটির আধুনিকীকরণ করিবার নিমিত্ত বারো শতাধিক কোটি টাকা বিনিয়োগ করার জন্য ১৯৮০ সালে ভারত সরকারের নিকট রিপোর্ট পেশ করিয়াছে ;

যেহেতু ভারত সরকার ঐ রিপোর্ট সম্পর্কে এখনও কোন সিদ্ধান্ত গ্রহণ করেন নাই—;

যেহেতু দুর্গাপুর ইস্পাত কারখানাটির ভবিষ্যৎ ক্রমশঃ অন্ধকারাচ্ছন্ন হইয়া পড়িতেছে;

সেইহেতু এই সভা জাতীয় স্বার্থে অবিলম্বে ব্রিটিশ স্টীল কর্পোরেশানের রিপোর্ট অনুযায়ী এই কারখানাটিকে আধুনিকীকরণের জন্য ১২ শত কোটি টাকা মঞ্জুর করিবার জন্য রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করিতেছে।

was then put and agree to.

## ADJOURNMENT

The House was then adjourned at 5-44 P.M. till 12 noon on Thursday, the 9th May, 1985 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Thursday, the 9th May, 1985 at 12 Noon.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 10 Ministers, 10 Ministers of State and 181 Members.

**[12.00—12.10 p.m.]**

### Obituary References

**Mr. Speaker :** Before we take up the business of the day it is my melancholy duty to refer to the sad demise of Dr. Saradish Roy, a sitting Member of Lok-Sabha.

Dr. Saradish Roy, breathed his last in New Delhi on the 5th May, 1985 following a heart attack. He was 67.

Born at Nagari Village in Birbhum District Dr. Roy was educated at B.M. Institution, Suri, Burdwan Raj College, Burdwan and Romoldohay Medical School, Burdwan. He was a Medical Practitioner. He joined freedom movement in his early thirties. After graduation from Medical School, Burdwan, Dr. Roy joined the Indian National Congress and subsequently became the Assistant Secretary of the Birbhum District Congress Committee. Later he joined the C.P.I.(M) and became the Secretary of the Birbhum District Communist Party of India(Marxist).

He was elected to Lok-Sabha from Bolpur Constituency in 1962, 1971, 1977, 1980 and in 1985. He was elected the leader of the C.P.I.(M) in Lok-Sabha after the last election.

Dr. Roy devoted his life to the cause of people. He was associated with many social organisations. He was a member of Indian Medical Association from Suri Branch and also a member of the Birbhum district Football Association.

We have lost an eminent political leader and a devoted Social Worker at the demise of Dr. Roy.

I would now request the honourable members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased.

...(At this stage honourable members stood in silence for two minutes)...

Thank you, ladies and gentlemen, the Secretary will send the message of condolence to the proper quarter.

## Oath or Affirmation of Allegiance

**Mr. Speaker :** Any member present who has not made an Oath or Affirmation of Allegiance may please do so.

(At this stage Shri Sudhan Raha, M.L.A. went to the dias of Mr. Speaker)

Shri Sudhan Raha will now take oath.

(At this stage the oath taken by Shri Sudhan Raha was performed)

(পশ্চিমবঙ্গ বিধানসভার সদস্যরূপে নির্বাচিত আমি, শ্রী সুধন রাহা নিষ্ঠার সহিত প্রতিজ্ঞা করিতেছি যে, আমি বিধি দ্বারা প্রতিষ্ঠিত ভারতের সংবিধানের প্রতি প্রকৃত বিশ্বাস ও আনুগত্য পোষণ করিব, আমি ভারতের সার্বভৌমত্ব ও সংহতি রক্ষা করিয়া চলিব এবং যে কর্তব্য ভার আমি গ্রহণ করিতে চলিয়াছি তাহা বিশ্বস্তভাবে নির্বাহ করিব।)

## Held Over Stared Questions

(To which oral answers were given)

### রেজিষ্ট্রীকৃত সমবায় সমিতি

* ১৪১। (অনুমোদিন প্রশ্ন নং *১২০৫।) **শ্রী মতী ছায়া ঘোষ :** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৭৮ সালের পর হইতে ১৯৮৫ সালের জানুয়ারি মাস পর্যন্ত সময়ে মোট কতগুলি সমবায় সমিতি রেজিষ্ট্রিকৃত করা হয়েছে ;

(খ) তন্মধ্যে কতগুলি (১) মহিলা সমবায় সমিতি, (২) ইঞ্জিনিয়ারিং শ্রমিক সমবায় সমিতি, (৩) কার্নিচার সমবায় সমিতি, (৪) মৎস্যজীবী সমবায় সমিতি হয়েছে ; এবং

(গ) উক্ত সময়ে পশ্চিমবঙ্গের কোন্ জেলায় সর্বাধিক সংখ্যক সমবায় সমিতি গড়ে উঠেছে?

**শ্রী নীহার কুমার বসু ঃ**

(ক) উল্লিখিত সময়কালে পশ্চিমবঙ্গের ২১টি রেঞ্জ এ সর্বমোট ৪০৫০টি সমবায় সমিতি রেজিষ্ট্রিকৃত করা হয়েছে।

(খ) তন্মধ্যে

১) মহিলা সমবায় সমিতি ৬১টি।

২) ইঞ্জিনিয়ারিং ১৫৩টি শ্রমিক সমবায় সমিতি ২২৩টি

৩) ফার্ণিচার সমবায় সমিতি ২০টি

৪) মৎস্যজীবি সমবায় সমিতি ৯৩টি

গ) মেদিনীপুর জেলায় ৩টি রেঞ্জের আওতায় মোট ৬২৬টি সমবায় সমিতি গঠিত হয়েছে, যা পশ্চিমবঙ্গের মধ্যে সর্বাধিক।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** - মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, আপনি যে সংখ্যার কথা বললেন, বর্তমানে কতগুলি সমিতি চলতি অবস্থায় আছে?

**শ্রী নীহার কুমার বসু ঃ**- আমি চালু সমিতির হিসাব দিয়েছি।

**শ্রী শশাংক শেখর মন্ডল ঃ**- মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন এই সমিতিগুলি রেজিষ্ট্রি করার ব্যাপারে আগে যে সব কড়াকড়ি ছিল, সেটা সরলীকরণ করার জন্য কিছু করা হয়েছে কি?

**শ্রী নীহার কুমার বসু ঃ** কড়াকড়ি কি ছিল জানিনা। তবে রেজিষ্ট্রি করার ক্ষেত্রে যে আইন-কানুন আছে সেগুলি মেনে চলতে হয়। সেটা একই অবস্থায় আছে।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ**- মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে সেচ বা ঐ ধরণের কোন সমবায় সমিতি নতুন ভাবে রেজিষ্ট্রি করার কোন নিষেধ আছে কিনা টেম্পোরারী পিরিয়ডের জন্য?

**শ্রী নীহার কুমার বসু ঃ**- নতুন কিছু নয়, লেবার সমিতি, শ্রমিক সমবায় সমিতি গঠন আগেও করা যেত, এখনও করা যাচ্ছে।

**শ্রী হাজারী বিশ্বাস ঃ**- মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে ভায়াবিলিটির প্রশ্নে রেজিষ্ট্রেশানের ক্ষেত্রে এই সমিতিগুলি বাধার সৃষ্টি হচ্ছে, সে জন্য সেই ব্যাপারে আপনি চিন্তা-ভাবনা করছেন কিনা।

**শ্রী নীহার কুমার বসু ঃ**- ভায়াবেল না হলে রেজিষ্ট্রি হবে কি করে? ভায়াবেল বলে প্রমাণ করতে হয় এবং তারপরে রেজিষ্ট্রি হয়।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ**- মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে ১৯৭৮-৮৫ সালের মধ্যে কতগুলি সমিতি লিকুইডেশানে গেছে?

**শ্রী নীহার কুমার বসু ঃ**- লিকুইডেশানের হিসাব এখানে নেই। নোটিশ দিলে বলে দেব।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ**- মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই যে সমিতিগুলি করলেন, এর

মধ্যে কোন ভুঁয়ো সমিতি আছে কিনা আপনার রিপোর্ট থেকে?

**শ্রী নীহার কুমার বসু ঃ-** ভুঁয়ো সমিতি থাকলে সেটা ধরা পড়ে যায় কারণ সেখানে ইনসপেকশান হয়, অডিট হয়। সুতরাং আমি যে হিসাব দিয়েছি তার মধ্যে কোন ভুঁয়ো সমিতি নেই।

**শ্রী সুব্রত মুখার্জী ঃ-** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে চা বাগানের উপরে কোন সমবায় সমিতি নতুন করে রেজিষ্ট্রি হচ্ছে কিনা?

**শ্রী নীহার কুমার বসু ঃ-** চা বাগানের সমিতি এখনো গঠন হয়নি। তবে একটি প্রস্তাব আমাদের সামনে আছে। একটি রুগ্ন বন্ধ চা বাগান-এর বিষয় আলোচনার মধ্যে আছে, এখনো পর্যন্ত রেজিষ্ট্রি হয়নি।

### ডি ভি সি কর্তৃক বিদ্যুৎ সরবরাহ

*** ৭০৯। (অনুমোদিত প্রশ্ন নং *৭৭৮।) শ্রী কাশীনাথ মিশ্র ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ডি ভি সি থেকে পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ দপ্তর ও অন্যান্য সংস্থাগুলোকে কত পরিমাণ বিদ্যুৎ সরবরাহ করা হয় সে সম্পর্কে কোন তথ্য রাজ্যসরকারের কাছে আছে কি;

(খ) থাকিলে, ১৯৮৪-৮৫ সালে এই পরিমাণ কত ছিল ;

(গ) রাজ্য বিদ্যুৎ পর্ষদ বা অনুরূপ কোন সংস্থার সহিত বিদ্যুৎ সরবরাহের ব্যাপারে ডি ভি সি-র সহিত কোন চুক্তি আছে কি ;

(ঘ) থাকিলে। ঐ চুক্তি অনুযায়ী ডি ভি সি হইতে প্রাপ্য বিদ্যুৎ সরবরাহের পরিমাণ কত; এবং

(ঙ) ১৯৮৪-৮৫ সালে ডি ভি সি থেকে বিদ্যুৎ ক্রয় বাবদ বিদ্যুৎ পর্ষদ বা রাজ্যসরকার কত টাকা ব্যয় করিয়াছেন?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ-**

(ক) হ্যাঁ

(খ) রাজ্য বিদ্যুৎ পর্ষদকে ৩৮৮.৫ মিঃ ইউনিট এবং কলিকাতা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানীকে ৫৩৫ মিঃ ইউনিট ১৯৮৪-৮৫ সালে ডি.ভি.সি সরবরাহ করিয়াছে।

(গ) রাজ্য বিদ্যুৎ পর্ষদের সহিত চুক্তি আছে কিন্তু কলিকাতা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনের সহিত চুক্তির মেয়াদ ১৯৮৪ সালের ৩১শে ডিসেম্বর শেষ হইয়াছে। নতুন করিয়া চুক্তি সম্পাদনের জন্য ডি.ভি.সি এবং কলিকাতা বিদ্যুৎ সরবরাহ প্রতিষ্ঠানের মধ্যে পারস্পরিক আলোচনা চলিতেছে।

(ঘ) রাজ্য বিদ্যুৎ পর্ষদেরও বর্তমান চুক্তি অনুসারে ডি.ভি.সি কে মোট ৮৭ এম.ভি.এ এবং পূর্বের চুক্তি অনুযায়ী সি.ই.এস.সি-কে ১০৫ এম.ভি.এ বিদ্যুৎ সরবরাহ করার কথা।

(ঙ) পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদের ১৯৮৪-৮৫ সালে এ বাবদ ব্যয় ১৫ কোটি ৫৯ লক্ষ ৪২ হাজার টাকা।

**[12.10—12.20 p.m.]**

**শ্রী কাশীনাথ মিশ্র :-** সি.ই.এস.সি.র সাথে চুক্তি নবীকরণের যে সময় সীমা ধার্য করা হয়েছিল সেই সময়ের মধ্যে চুক্তি হল না কেন এবং এই চুক্তি না হবার জন্য বর্তমানে আপনি কিভাবে ডি.ভি.সি.র কাছ থেকে পাওয়ার নিচ্ছেন?

**শ্রী প্রবীর সেনগুপ্ত :-** এই চুক্তি নিয়ে আলোচনা চলছে এবং আলোচনাকালে ডি.ভি.সি.পুরানো চুক্তি অনুযায়ী বিদ্যুৎ সরবরাহ করছে সি.ই.এস.সি.কে।

**শ্রী কাশীনাথ মিশ্র :-** আপনি বললেন চুক্তি নিয়ে আলোচনা চলছে। এই আলোচনা কবে নাগাদ ফলপ্রসূ হবে এই চুক্তি কার্যকরী না হবার জন্য বর্তমানে আপনাকে এ্যাড হক বেসিসে একটা ব্যবস্থা গ্রহণ করতে হয়েছে। কতদিনের মধ্যে এই চুক্তি সম্পন্ন হবে সেটা আপনি বলতে পারবেন?

**শ্রী প্রবীর সেনগুপ্ত :-** এটা ঠিক বলা যাচ্ছে না। কারণ ডি.ভি.সি. নতুন করে নানা রকম শর্ত দিচ্ছেন, যে শর্তের সাথে সি.ই.এস.সি. অনেক ব্যাপারেই একমত হতে পারছেন না। এই জন্যই এই বিষয়ে আলোচনা চলছে এবং আশা করা যায় দুএক মাসের মধ্যেই এই চুক্তি সম্পাদিত হয়ে যাবে।

**শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া :-** ডি.ভি.সি.র মধ্যে পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের কোন অংশ আছে কিনা এবং যদি থাকে তাহলে ডি.ভি.সি. যে শর্তাবলী দিচ্ছেন তার মধ্যে পশ্চিমবঙ্গ সরকারের কোন নিয়ন্ত্রন আছে কিনা, জানাবেন?

**শ্রী প্রবীর সেনগুপ্ত :-** এই ডি.ভি.সি.ব মধ্যে পশ্চিমবঙ্গ এবং বিহারের অংশ আছে। কিন্তু ওরা অনেক সময় নীতি ঠিক করার ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকার এবং বিহার সরকারের সঙ্গে কথা না বলে নীতি ঠিক করেন।

## Stared Questions

(To which oral answers were given)

### যাত্রানুষ্ঠানের মাধ্যমে মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে সংগৃহীত অর্থ

*৭৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *২২।) **শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস :** মুখ্যমন্ত্রী বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৮৪-৮৫ আর্থিক বৎসরে কলিকাতায় যাত্রানুষ্ঠানের মাধ্যমে সংগৃহীত কোন অর্থ মুখ্যমন্ত্রী ত্রাণ তহবিলে জমা পড়িয়াছিল কি ;

(খ) উপরোক্ত প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, ঐ অর্থের পরিমাণ কত ছিল ; এবং

(গ) বর্তমান আর্থিক বৎসরের প্রারম্ভে ঐ তহবিলে জমা অর্থের পরিমাণ কত ছিল?

**শ্রী জ্যোতি বসু :**

হ্যাঁ

টাঃ ২,২৮,০৯৫-০০ পঃ

টাঃ ১৫,১৩,৫৯০-৫০ পঃ

**শ্রী সুভাষ গোস্বামী ঃ-** প্রশ্নটা ছিল কলিকাতায় যাত্রানুষ্ঠানের মাধ্যমে সংগৃহীত কত টাকা মুখ্যমন্ত্রীর ত্রান তহবিলে জমা পড়েছে। পশ্চিমবঙ্গের অন্যত্র যাত্রানুষ্ঠান থেকে কি পরিমাণ অর্থ জমা পড়েছে, সেটাও কি এর মধ্যে ধরা আছে, না, এতে কেবল কলকাতার অর্থই ধরা আছে?

**শ্রী জ্যোতি বসু ঃ-** এতে সেই হিসাবই আছে। সব জায়গায় তাই হয়, শুধু কলকাতার ব্যাপার নয়।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ-** গোটা পশ্চিমবাংলা থেকে কত টাকা সংগৃহীত হয়েছে বলবেন?

**শ্রী জ্যোতি বসু ঃ-** গোটা পশ্চিমবাংলার কথাই আমি বললাম। আমি তো আগেই বললাম এই তহবিলে ২ কোটি টাকার মত জমা পড়েছিল এবং ১৫ লক্ষ টাকার মত জমা আছে।

**হিজলী-দীঘা-কাঁথি বিদ্যুৎ লাইনের তার চুরি**

*৭৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *১২৮১।) **শ্রী শিশির অধিকারী ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) হিজলী-দীঘা-কাঁথি বিদ্যুৎ সরবরাহ লাইন চালু হওয়ার পর হইতে এ পর্যন্ত কতবার তার চুরি গিয়াছে ;

(খ) অপহৃত তার ও অন্যান্য দ্রব্যাদির মূল্য কত ;

(গ) উক্ত তার চুরির ঘটনা সম্পর্কে কোন্ কোন্ থানায় কতবার ডায়েরী করা হইয়াছে ; এবং

(ঘ) তন্মধ্যে কতগুলি কেস আদালতে উঠিয়াছে?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ**

(ক) এরূপ কোন বিদ্যুৎ সরবরাহ লাইন নাই। হিজলী হইতে ১৩২ কেভি সরবরাহ লাইন এগ্রা সাবষ্টেশনের সহিত যুক্ত। এগ্রা সাবষ্টেশন হইতে দীঘা ও কাঁথিতে বিদ্যুৎ সরবরাহ করা হয়।

হিজলী এগ্রা লাইনের তার চারবার চুরি গিয়াছে।

(খ) আনুমানিক ৪৫ হাজার ৫ শত টাকা।

(গ) নারায়ণগড় থানায় দুবার; খড়্গপুর থানায় একবার; এগ্রা থানায় একবার।

(ঘ) বিস্তারিত তথ্য সংগ্রহ করা হচ্ছে।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ-** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি যে চারটি তার চুরির ঘটনার কথা বললেন সেই ঘটনা গুলিতে এখন পর্যন্ত কি পরিমাণ জিনিষপত্র থানার দ্বারা সিজ্ করা হয়েছে এবং তার থেকে কি কিছু রিকভার করা হয়েছে?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ-** চুরি যাওয়া জিনিস-পত্রের কিছু সিজ্ হয়েছে, তবে কতটা হয়েছে তা এখনই বলা মুশকিল। কিছু কিছু পাওয়া গিয়েছে এবং চুরি যাওয়া তার যারা কিনেছিল তাদেরও কিছু লোককে গ্রেপ্তার করা হয়েছে।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ-** চুরি যাওয়া বিভিন্ন জিনিস সিজ্ হওয়ার পর থানায় জমা থাকে, কারণ

কোর্টে যখন মামলা হয় তখন প্রয়োজনে সেগুলি কোর্টে প্রডিউস করতে হয়। সুতরাং এ ক্ষেত্রে যে সমস্ত জিনিস সিজ্ হয়েছিল যে সমস্ত জিনিস-পত্র বিদ্যুৎ পর্ষদ নিজেদের হেফাজতে আনার জন্য কোনো ব্যবস্থা গ্রহণ করেছেন কি?

**শ্রী প্রবীর সেনগুপ্ত :** হ্যাঁ, ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

**শ্রী হাজারী বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, যে সমস্ত সমাজবিরোধীরা প্রচুর পরিমাণ ইলেকট্রিক তার চুরি করছে তারা কি কোনো রাজনৈতিক দলের দ্বারা পরিপুষ্ট?

**শ্রী প্রবীর সেনগুপ্ত :** এরকম কোনো খবর আমার কাছে নেই।

**শ্রী দেব নারায়ণ চক্রবর্তী :** এই যে বৈদ্যুতিক তার চুরি হচ্ছে, এই তার চুরি বন্ধ করার জন্য কোনো নতুন ব্যবস্থা বা কোনো নতুন আইন তৈরী করার কথা কি মাননীয় মন্ত্রী মহাশয় বিবেচনা করছেন?

**শ্রী প্রবীর সেনগুপ্ত :** বর্তমানে আমাদের এখানে যে আইন আছে তার দ্বারা বিশেষ কোনো ব্যবস্থা গ্রহণ করা যাচ্ছে না। সম্প্রতি দিল্লীতে একটা আইন চালু করা হয়েছে, তাতে তার চুরির ঘটনায় যারা জড়িত থাকবে তাদের চার বছর পর্যন্ত জেল দেওয়া যায়। সে আইনটি এখানে যাতে প্রয়োগ করা যায় তার জন্য সেটা বিবেচনা করা হচ্ছে। সে আইনটি আমাদের এখানে খাপ-খায় কিনা তা বিবেচনা করা হচ্ছে। যদি দেখা যায় সেটা এখানে চালু করা সম্ভব, তাহলে সেটা কার্যকরী করা হবে।

**শ্রী অনন্ত সোরেন :** মাননীয় মন্ত্রী মহাশয়, [illegible] থানায় তার চুরি হয়েছে, এ রকম কোনো ঘটনার কথা কি আপনার জানা আছে?

**শ্রী প্রবীর সেনগুপ্ত :** এ বিষয়ে আলাদা নোটিশ দিতে হবে।

### তারকেশ্বরে সমবায় বিভাগের হিমঘর

*৭৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *৯২৭।) **শ্রীশিবপ্রসাদ মালিক :** সমবায় বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য, তারকেশ্বরে এফ এস এস নির্মিত সমবায় বিভাগের হিমঘরটি অদ্যাবধি চালু করা সম্ভব হয় নাই ; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি?

**শ্রী নীহার কুমার বসু :**

(ক) তারকেশ্বর এফ.এস.এস নির্মিত কোন সমবায় বিভাগের কোন হিমঘর নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী শিবপ্রসাদ মালিক :-** জায়গার নামটা হয়ত আমি ভুল করেছি, কিন্তু ঐ এলাকার কাছাকাছি একটি হিমঘর দীর্ঘ দিন ধরে তৈরী হয়ে পড়ে আছে, আমি সেটির বিষয়েই জানতে চেয়েছিলাম। যদি মন্ত্রী মহাশয় আমার কথা বুঝে থাকেন, তাহলে সেটির অবস্থা সম্বন্ধে আমাদের অবগত করবেন কি?

**শ্রী নীহার কুমার বসু ঃ** প্রশ্নটি যেভাবে করা হয়েছিল, সেভাবেই জবাবটি এসেছে। যাই হোক ঐ অঞ্চলের চাঁপাডাঙ্গায় ইউকো ফার্মাস সার্ভিসের একটা হিমঘর দীর্ঘদিন আগে এন.সি.ডি.সি'র পরিকল্পনায় করা হয়েছিল, কিন্তু আজ পর্যন্ত সেটা চালু হয়নি। প্রথমে ওটি এ্যামোনিয়া বেসড্ প্ল্যান্ট হিসাবে তৈরী হবে কথা ছিল, কিন্তু পরবর্তী সময়ে হিমঘরটি তৈরী হবার পরে সমিতির পক্ষ থেকে নতুন প্রস্তাব আসে, ঐটি এ্যামোনিয়ার পরিবর্তে ফ্রেয়ণ গ্যাস্ সিস্‌টেমে করার। কিন্তু সে প্রস্তাবে এন.সি.ডি.সি. রাজি হয় না, রাজ্য সরকারও রাজি হয় না। ফলে হিমঘরটি তৈরী হয়েও চালু হয় না। এর পরে এন.সি.ডি.সি বলছে সমিতি যদি বাকি টাকা দেয় তাহলেই হিমঘরটি চালু হবে। আমি এ বিষয়ে সব পক্ষের সঙ্গে বৈঠক করে দেখেছি, বর্তমানে সমিতির টাকা দেওয়ার ক্ষমতা নেই। এই অবস্থায় রাজ্য সরকার নিশ্চয়ই চাইবে না যে, একটা নতুন হিমঘর তৈরী হয়েও চালু না হয়ে বন্ধ পড়ে থাকুক। সেই জন্য রেফ্রিজারেশন ইঞ্জিনিয়ারদের দিয়ে হিমঘরটি তদন্ত করা হয়েছে, তারা অভিমত দিয়েছে সেটি চালু করতে তিন লক্ষ টাকা খরচ হবে। সুতরাং বর্তমানে সিদ্ধান্ত হয়েছে ঐ টাকাটা রাজ্য সরকার ঋণ হিসাবে সমিতিকে দেবে এবং এ বিষয়ে এন.সি.ডি.সি'ও রাজি হয়েছে।

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ-** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, ঐ হিমঘরে সামনের বছর আলু রাখতে পারা যাবে কিনা?

**শ্রী নীহার কুমার বসু ঃ-** সামনের বছরেই আলু রাখতে পারা যাবে।

**হুগলী জেলার প্রভাসনগরে বোমাবাজির ঘটনায় নিহত জনৈক ব্যক্তি**

*৭৪৬। (অনুমোদিত প্রশ্ন *১৩৫৮।) **শ্রীঅরুণকুমার গোস্বামী ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য, হুগলী জেলার শ্রীরামপুর থানার অন্তর্গত প্রভাসনগরে ১২ই ফেব্রয়ারী, ১৯৮৫ তারিখের বোমাবাজির ঘটনার পরিপ্রেক্ষিতে একটি পুলিশ ক্যাম্প বসানো সত্ত্বেও বিগত ২০শে ফেব্রুয়ারী তারিখে উক্ত পুলিস ক্যাম্পের অদূরে স্থানীয় জনৈক পাঁচু রায় কয়েকজন আততায়ীর দ্বারা আক্রান্ত হন; এবং

(খ) সত্য হইলে, এ ব্যাপারে উক্ত ক্যাম্পের পুলিস কর্মচারীদের কর্তব্যে ত্রুটি সম্পর্কে কোন অনুসন্ধান করা হইয়াছে কি?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) ও (খ) - শ্রী পাঁচু রায় গত ২০শে ফেব্রুয়ারী তারিখে রাত্রি প্রায় ১০টা ১৫মিনিটে প্রভাসনগর পুলিশ ক্যাম্প হইতে কিছু দূরে কয়েকজন আততায়ী দ্বারা আক্রান্ত হয়ে নিহত হন। ঘটনার অনুসন্ধান শুরু করা এবং সন্দেহভাজন অপরাধীদের গ্রেপ্তারের ব্যাপারে পুলিশ দ্রুত ব্যবস্থা নেয়।

**শ্রী আবদুল মান্নান ঃ-** এই ঘটনার সঙ্গে জড়িত এমন কাউকে গ্রেপ্তার করা হয়েছে কি?

**শ্রী জ্যোতি বসু ঃ-** ৬জনকে গ্রেপ্তার করা হয়েছে ২১-২-১৯৮৫ তারিখে। ভোজালি পাওয়া গেছে যা দিয়ে খুন করা হয়েছিল এবং আরোও তদন্ত চলছে।

## শিশু নিখোঁজ

***৭৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৫০৩।) শ্রী সুব্রত মুখার্জী ঃ স্বরাষ্ট্র (পুলিস)** বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৮০ সালে থেকে ১৯৮৪ সাল পর্যন্ত সময়ে কলকাতা পুলিস এবং পশ্চিমবঙ্গ পুলিসের কাছে মোট কতগুলি শিশু নিখোঁজ হওয়ার ঘটনা লিপিবদ্ধ করা হয়েছে ;

(খ) উক্ত নিখোঁজ শিশুদের কতজনকে খুঁজে পাওয়া সম্ভব হয়েছে?

**জ্যোতি বসু ঃ**

(ক) ২৬,৯১১ জন।

(খ) ১৪,১২৮ জনকে।

**[12.20—12.30 p.m.]**

**শ্রী সুব্রত মুখার্জী ঃ-** এই যে ২৬ হাজার ৯১১ জন শিশু নিখোঁজ হওয়ার ঘটনা লিপিবদ্ধ করা হয়েছে সেটা একটা রাজ্যের পক্ষে আইন-শৃঙ্খলার উন্নতির লক্ষণ নয়। এই শিশু নিখোঁজের বেশীরভাগ কেস হচ্ছে চুরির কেস। আমাদের কাছে সংবাদ আছে, এই ২৬ হাজার ৯১১ জনের মধ্যে বিরাট অংশ আছে চুরির কেস। মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে এইরকম কি কোন সংবাদ আছে, যদি থাকে তার সংখ্যা কত জানাবেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ-** হিসাব করে বলতে হবে। এখানে নিখোঁজ হওয়ার ঘটনা লিপিবদ্ধ করা হয়েছে এবং এই প্রশ্নটাই জিজ্ঞাসা করা হয়েছে আমি তার উত্তরে বলেছি, ২৬ হাজার ৯১১ জন। এর ভিতরে চুরিও থাকতে পারে। আবার এমন অনেক খুঁজে পাওয়া গেছে। এমন অনেক বিভিন্নভাবে চলে গিয়েছিল হয়তো ফিরে এসেছে। পুলিশের কাছে আর খোঁজ নেয়নি, তাই ধরে নিচ্ছি তারা ফিরে এসেছে।

**শ্রী সুব্রত মুখার্জী ঃ-** শিশু নিখোঁজ হওয়ার ঘটনাটা একটা সোস্যাল প্রবলেম হয়ে দাঁড়িয়েছে। এই ব্যাপারে ব্যবস্থা অবলম্বন করার জন্য কোন সেল অর্থাৎ ডিপার্টমেন্টের সঙ্গে এ্যানসিলারি ডিপার্টমেন্ট খোলার কথা আপনি ভাবছেন কিনা?

**শ্রী জ্যোতি বসু ঃ-** নিখোঁজ ব্যক্তিদের খোঁজ করবার জন্য একটা সেল আছে।

**শ্রী সুব্রত মুখার্জী ঃ-** সেটা তো ভেরী পুওর। আপনি নিশ্চয়ই জানেন, প্রাকটিক্যাল নোট্ করে ছেড়ে দেওয়া হয়। সাধারণভাবে যা পাওয়া যায় তা যায়।

**শ্রী জ্যোতি বসু ঃ-** শক্তিশালী করতে হবে এই তো।

**শ্রী আবদুল মান্নান ঃ-** এই যে ১৪ হাজার ১২৮জনকে খুঁজে পাওয়া গেছে এর মধ্যে চুরির ঘটনায় কতজন জড়িত ছিল?

**মিঃ স্পীকার ঃ-** The question was related to the children missing ; not kidnapping. আপনি নোটিশ দেবেন।

**শ্রী সুব্রত মুখার্জী ঃ-** স্যার, এটা বির্তকের ব্যাপার নয়। শিশু চুরি গোটা রাজ্যের একটা সমস্যা। এতে করে পশ্চিমবাংলার নাম খারাপ হয়ে যাচ্ছে শিশু চুরির ব্যাপারে। সাম্প্রতিককালে আপনি দেখবেন, পশ্চিমবঙ্গ থেকে সবচেয়ে বেশী মহিলা চুরি হয়েছে এবং তা বিভিন্ন রাজ্যে পতিতালয়ে বিক্রি হয়েছে। একমাত্র মুর্শিদাবাদ জেলা থেকেই সব চেয়ে বেশী মহিলা চুরি হয়েছে। সুতরাং ...

**মিঃ স্পীকার ঃ-** এ প্রশ্ন ওঠে না।

**শ্রী সুব্রত মুখার্জী ঃ-** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের নিজের দপ্তর উনি এটার গুরুত্ব উপলব্ধি করে কিছু বলুন। এটা অত্যন্ত লজ্জার ব্যাপার।

**Mr. Speaker :** You are asking about missing of children and not kidnapping. You will give notice.

### ৩৪ নং জাতীয় সড়কে যানবাহনে দুর্ঘটনা

*৭৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *২১২৫।) **শ্রীমাধবেন্দু মোহান্ত ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, ঘনবসতিপূর্ণ শান্তিপুর শহরের এলাকা দিয়া ৩৪ নং জাতীয় সড়কে প্রায় যানবাহন দূর্ঘটনা ঘটে; এবং

(খ) সত্য হইলে যানবাহন চলাচলের ঐ অসুবিধা দূরীকরণের কোন পরিকল্পনা আছে কি?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ**

(ক) হ্যাঁ। দূর্ঘটনা ঘটে থাকে।

(খ) 'শান্তিপুর ডাইভার্সন' রাস্তা তৈরীর কাজ হাতে নেওয়া হয়েছে এবং আগামী আর্থিক বৎসরে উহার কাজ শেষ হইবে বলিয়া আশা করা যায়। উক্ত রাস্তার কাজ শেষ হইলে যানবাহন চলাচলের বর্তমান অসুবিধা দূর হইবে।

**শ্রী সাধন চট্টোপাধ্যায় ঃ-** মাননীয় মন্ত্রী মহাশয় ওখানে এই কথা স্বীকার করলেন, অনুরূপ এঁকাবেঁকা রাস্তা যেখানে আছে সেখানে- যে প্রস্তাবগুলি প্রায়ই আসে- ডাইভারসনের সর্ম্পকে কিছু চিন্তা ভাবনা করছেন কি?

**মিঃ স্পীকার ঃ-** দ্যাট কোয়েশচেন ডাজ নট এ্যারাইজ।

**শ্রী সুব্রত মুখার্জী ঃ-** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি - ৩৪ নং সড়ককে সারাবার নাম করে বিভিন্ন রকমের মেটিরিয়াল রোজ সকালবেলা লরী করে নিয়ে যাওয়া হচ্ছে, আবার সন্ধ্যাবেলা সেগুলি লোককে দেখাবার জন্য অন্য রাস্তায় সারাবার নাম করে নিয়ে যাওয়া হচ্ছে, এটা সত্য কিনা?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ-** ওসব আজে বাজে কথার কি উত্তর দেব।

**শ্রী নীরদ রায় চৌধুরী ঃ-** ৩৪ নং এবং ৩৫ নং এই দুটি জাতীয় সড়কের সম্বন্ধে অনেকবার এখানে প্রশ্ন তোলা হয়েছে। ঐ সড়ক দুটিতে যানবাহন ঠিকমত চলতে পারছে না, এ্যাকসিডেন্ট হচ্ছে, সাইডে জায়গা খুব কম। এখানে যানবাহন যাতে ভালভাবে চলে, এ্যাকসিডেন্ট কম হয় তার জন্য একটু বিশেষ নজর দেওয়া হবে কিনা, মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ-** এ প্রশ্ন ওঠে না। আমাকে জিজ্ঞাসা করা হয়েছে শান্তিপুর রাস্তায় ডাইভারসনের কথা। জাতীয় সড়কের ব্যাপারে তো সেন্ট্রাল গভর্ণমেন্ট টাকা দেবে।

**মিঃ স্পীকার ঃ-** এখানে জাতীয় সড়কের ব্যাপারে প্রশ্ন ওঠে না।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ-** মাননীয় মন্ত্রী মহাশয়, আমি বলছিলাম যে শান্তিপুর বাজার খুবই জনবহুল জায়গা। আরও বলছিলাম যে বিটুইন ডালখোলা এ্যান্ড রায়গঞ্জ এ সেগমেনটটাও নট নেগোসিয়েবল। এ সম্বন্ধে আপনার কিছু জানা আছে কি?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ-** আমি আগেই জবাব দিয়ে দিয়েছি। আমরা চেষ্টা করছি, ন্যাশান্যাল হাইওয়ের ব্যাপারে ন্যাচারালি আমাদের কেন্দ্রীয় সরকারকে পরিকল্পনা দিতে হয় তাঁরা টাকাটা মঞ্জুর করেন। তাঁরা এ্যাপ্রুভ করলে আমরা যেটা দিচ্ছি তার উপর ষ্টেট একসচেকার থেকে খরচ করতে পারব। যেটা রিইমবার্সড করব সেটা ওঁদের কাছে পেশ করছি, আমরা দেখছি, যদি তাঁরা অনুমতি দেন তাহলে নিশ্চয়ই করব।

**শ্রী সতীশ চন্দ্র বিশ্বাস ঃ-** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি ঐ ৩৪নং সড়ক শান্তিপুরের ষ্টাফ কমানোর জন্য ঐ রাস্তাটা রাণাঘাট থেকে বগুলা হয়ে কৃষ্ণনগর পর্যন্ত করা যায় কিনা?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ-** আপনি আলাদা করে প্রশ্ন করবেন। জবাব দেব।

### রাজ্য সমবায় সমিতি কর্মচারীদের জন্য গঠিত পে-কমিটি

*৭৫০। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৪৭।) **শ্রী সুনীতি চট্টরাজ ও শ্রীশিবপ্রসাদ মালিক ঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় সমিতিসমূহের কর্মচারীদের জন্য ১৯৮০ সালে গঠিত পে-কমিটির কোন রিপোর্ট প্রকাশিত হয়েছে কি; এবং

(খ) প্রকাশিত হয়ে থাকলে, উক্ত রিপোর্ট কার্যকরী করা সম্বন্ধে সরকার কি কি সিদ্ধান্ত নিয়েছেন?

**শ্রী নীহার কুমার বসু ঃ**

(ক) সমবায় কর্মচারীদের জন্য গঠিত বেতন কমিটির রিপোর্ট রাজ্য সরকার পেয়েছেন।

(খ) সমবায় আন্দোলনের মূলনীতি হ'ল স্বনির্ভরতা। সমবায় প্রতিষ্ঠানগুলি মূলতঃ স্বশাসিত বেসরকারী সংস্থা। নীতিগত কারণে তাদের কর্মচারীদের জন্য বেতন কাঠামো সম্পর্কিত সিদ্ধান্ত তাদেরই গ্রহণ করতে হবে। এ ব্যাপারে সরকারী স্তরে সার্বিক কোন সিদ্ধান্ত গ্রহণ সম্ভব নয়। তবে রাজ্য সরকার স্থির করেছেন যে, রাজ্যের অর্থনীতিতে উল্লেখযোগ্য ভূমিকা রয়েছে এমন কয়েক শ্রেণীর সমবায় সমিতিগুলির মধ্যে যাদের সঙ্গতি কম তাদের অতি অল্প বেতনের কর্মচারীদের মাথা পিছু ৫০টাকা হারে বেতন বৃদ্ধির জন্য সরকার কিছু অনুদান (এডহক গ্র্যান্ট) পর্যায়ক্রমে যে সমিতিগুলিকে দেবেন।

**[12.30—12.40 p.m.]**

**শ্রী কাশীনাথ মিশ্র :-** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ঐ কমিটির রিপোর্ট কার্যকরী করতে আপনার কত দিনে সময় লাগবে?

**শ্রী নীহার কুমার বসু :-** রেকমন্ডেশন সরকার গ্রহণ করেনি বলে তা প্রকাশ করবার প্রশ্ন আসেনা।

**শ্রী কাশীনাথ মিশ্র :-** ঐ রিপোর্টে কি কি বিষয়ে সুপারিশ করেছে সেটা মন্ত্রী মহাশয় জানাবেন কি?

**শ্রী নীহার কুমার বসু :-** একটা বেতনক্রম ঠিক করবার জন্য ঐ কমিটি করা হয়েছিল, কিন্তু সরকার তাঁদের সুপারিশ গ্রহণ করেন নি। সুতরাং রিপোর্টটি গ্রহণ করবার প্রশ্ন ওঠে না।

**শ্রী শিবপ্রসাদ মালিক :-** যেখানে বামফ্রন্ট সরকার সমবায়ের উপর বিশেষ গুরুত্ব দিচ্ছেন, সেখানে তার কর্মচারীদের সম্পর্কে কি ভাবছেন, জানাবেন কি?

**শ্রী নীহার কুমার বসু :-** মূল প্রশ্নের জবাবে বলেছি যে, যে সমস্ত সমবায় রাজ্যের অর্থনীতির সাথে গভীরভাবে সম্পর্কিত এবং যাদের নিজেদের আর্থিক সঙ্গতি নেই- সেই সমবায়ের অল্প বেতনের কর্মচারীদের প্রত্যেককে প্রতি মাসে সরকার ৫০টাকা অনুদান দেবেন।

**শ্রী গোপালকৃষ্ণ ভট্টাচার্য্য :-** আপনি বলছেন যে, পশ্চিমবাংলার অর্থনীতিতে কার্যকরী ভূমিকা নেয় যে সমস্ত সমবায়গুলি, তাদের কর্মচারীদের প্রত্যেককে ৫০ টাকা সরকার দেবেন। কিন্তু ইতিপূর্বে নির্মলবাবু যখন সমবায়মন্ত্রী ছিলেন, তখন হোল-সেল কোঅপারেটিভ সোসাইটিগুলির কর্মচারীদের ৫০টাকা দেবার যে নীতি ঘোষিত হয়েছিল, সেটা পরিবর্তন করবার কারণ কি?

**শ্রী নীহার কুমার বসু :-** হোলসেলের কর্মচারীরা পাবেন না।

**ডাঃ জয়নাল আবেদিন :-** উত্তর উনি দিলেন যে, সমবায় স্বশাসিত সংস্থা। তাহলে কমিটি যা এ্যাপয়েন্ট করেছিলেন, এবং তাঁরা যে রিপোর্ট দিয়েছেন, তার স্যালিয়েন্ট ফিচার্স অফ দি রেকমেন্ডেশনস্ কি কি এবং রেকমেন্ডেশনস্ ইমপ্লিমেন্টেশনের কোন ব্যবস্থা হয়েছে কিনা?

**শ্রী নীহার কুমার বসু :-** কমিটির রেকমেন্ডেশন ইমপ্লিমেন্টেশনের প্রশ্ন আসেন না। কমিটি গঠনের উদ্দেশ্য ছিল- সমবায় কর্মচারীদের জন্য একটি বেতন কাঠামো ঠিক করা যায় কিনা সেটা দেখা, এবং সেই সম্পর্কিত বিষয়ই রিপোর্টে আছে। কিন্তু সরকার বিবেচনা করে দেখতে পেয়েছেন যে, কোন নির্দিষ্ট বেতন কাঠামো ঘোষণা করা যায়না এই কারণে যে, সব সমবায়ের অবস্থা আর্থিক দিক থেকে সমান নয়।

**Mr. Speaker :** Dr.Abedin, Have you gone through the contents of the report which has been laid on the Table? If you have gone through the report then this supplementary need not be put.

**Dr. Zainal Abedin:** The Minister-in-charge have identified the salient features of the recommendations. So I have asked what are the

salient features of the recommendations of the Committee. Have I no right to ask this question? If it is so, then it is very unfortunate.

**শ্রী বিমল কান্তি বসু ঃ-** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, পে কমিটি গঠন করবার পর যে রেকমেন্ডেশন পাওয়া গেছে, তার ভিত্তিতে ৫০ টাকা অনুদান দেওয়া হচ্ছে সোসাইটির কর্মচারীদের। কিন্তু আজকে যেভাবে জিনিসপত্রের দাম বেড়ে যাচ্ছে, তাতে এটা এনহেন্সমেন্টের কোন কথা সরকার বিবেচনা করছেন কিনা জানাবেন কি?

**শ্রী নীহার কুমার বসু ঃ-** না।

**বোন মিলের দ্বারা পরিবেশ দূষণ**

***৭৫১।** (অনুমোদিত প্রশ্ন নং *২৬০৬।) **শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** ২৩শে এপ্রিল, ১৯৮৪ তারিখের প্রশ্ন নং ৩৩৫ (অনুমোদিত প্রশ্ন নং ২৮৫৪)- এর উত্তর উল্লেখে পরিবেশ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, উলুবেড়িয়া মিউনিসিপ্যালিটি এলাকায় বাহির গঙ্গারামপুর গ্রামের পার্শ্বের হাড় কলটির ও উলুবেড়িয়া শহর থেকে ২ কিমি দূরে গঙ্গারামপুরের দুটি বোন মিলের দ্বারা পরিবেশ দূষণের বিষয়ে কোন তদন্ত করা হইয়াছে কি?

**শ্রী ভবানী মুখার্জী ঃ-** বিধান সভার ২৮৪ নং প্রশ্নের উত্তর দিবার পরে উলুবেড়িয়া এবং গঙ্গারামপুরে অবস্থিত হাড়কলগুলি কর্তৃক বায়ুদূষণের বিষয়ে আরও অনুসন্ধান করা হয়েছে। তদন্তের ফলাফলের ভিত্তিতে হাড়কলগুলিকে বঙ্গীয় ধূম্রোৎপাত আইন অনুযায়ী ফার্নেস ও চিমনি তৈয়ারীর জন্য নির্দেশ দেওয়া হইয়াছে । কিন্তু দুর্গন্ধ বিষয়ে বঙ্গীয় ধূম্রোৎপাত আইন অথবা বায়ুদূষণ আইনে কোন ধারা না থাকায় সে বিষয়ে কোন ব্যবস্থা গ্রহণ করা যায় নাই।

**পুলিস সুপারিনটেনডেন্ট কর্তৃক নির্যাতিত**

***৭৫২।** (অনুমোদিত প্রশ্ন নং *১৬৮৫।) **ডাঃ মানস ভূঁইঞা ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, গত ৭-৩-১৯৮৫ তারিখে হাওড়া জেলার লিলুয়া নিবাসী জনৈক শ্রীদীপক হালদার ও তাঁর স্ত্রী কন্যা সহ নিজ গৃহে ঐ জেলার পুলিস সুপারিনটেনডেন্ট কর্তৃক নির্যাতিত/লাঞ্ছিত হয়েছিলেন ; এবং

(খ) সত্য হলে,—

(১) এই ব্যাপারে থানায় কোন অভিযোগ দায়ের করা হয়েছিল কিনা,

(২) উক্ত ঘটনার কোন অনুসন্ধান করা হয়েছে কি, ও

(৩) ঐ ব্যাপারে কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

**শ্রী জ্যোতি বসু**

(ক) না, সত্য নহে।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী অশোক ঘোষ ঃ-** মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী বললেন যে তাঁর এই রকম কোন ঘটনা জানা নেই। আমি জানতে চাইছি ঐ দিন - গত ৭।৩।৮৫ তারিখে দীপক হালদারের বাড়ীর সংলগ্ন যে ঘটনা ঘটেছিল, সেই সম্বন্ধে থানায় কোন ডায়েরী হয়েছে কিনা?

**শ্রী জ্যোতি বসু ঃ-** ওখানে তো একটা ভয়ঙ্কর ঘটনা হয়েছিল। ওখানে একজন ভদ্রলোকের ৭ ছেলে আছে - তাঁদের সম্বন্ধে জানা গেছে - তারা সবাই সমাজ-বিরোধি। পুলিশের কাছে খবর আছে যে, তারা একটু-আধটু মদ খেত এবং ওরা একটা বাড়ীতে এসে লুটপাট করে এবং সেই বাড়ীর ১৮ বছরের একটা মেয়ের শালীনতা হানী ঘটায়। পুলিশের কাছে এই খবর পৌঁছবার পর ওখান থেকে ওদের থানাতে ধরে নিয়ে আসে। পরবর্ত্তীকালে ওখানে এ্যাসিষ্ট্যান্ট সুপারিনটেন্ডেন্ট এবং সুপারিন্টেন্ডেন্ট যান। সেই সময়ে স্থানীয় লোকজন ঐ ঘটনাকে কেন্দ্র করে দুভাগে বিভক্ত হয়ে যান। উক্ত ভদ্রলোকের ৭ জন ছেলের মধ্যে একজন -রবীন হালদার - পাশ্ববর্তী এক বাড়ীতে গিয়ে আশ্রয় নেয়। পুলিশ সংবাদ পেয়ে সেখানে গ্রেপ্তার করতে যায়। কিন্তু পুলিশ বাড়ীতে ঢুকতে গেলে বাধাপ্রাপ্ত হয় এবং পুলিশের একজনকে বাড়ীর মধ্যে ঢুকিয়ে দরজা বন্ধ করে দেয়। তখন সুপারিনটেনডেন্ট আরও পুলিশ নিয়ে গিয়ে আটকে পড়া পুলিশকে উদ্ধার করে। ওখানে একজন মহিলা সম্বন্ধে বলা হয়েছে যে তিনি অসুস্থ বোধ করছিলেন। ওখানে জেনে রাখা ভাল যে, এই মহিলার সঙ্গে পূর্বোক্ত ঘটনার কোন সম্পর্ক নেই। উক্ত অসুস্থা ভদ্র মহিলাকে অসুস্থ অবস্থায় লোকাল ডাক্তারের কাছে চিকিৎসার জন্য নিয়ে যাওয়া হয়। লোক্যাল ডাক্তার তাঁকে হসপিটালে নিয়ে যাওয়ার জন্য বলবার পর হাসপাতালে পাঠিয়ে দেওয়া হয়। মাননীয় সদস্য যেভাবে ঘটনার কথা বলতে চাইছেন, সেইভাবে কোন রিপোর্ট আমার কাছে নেই - অর্থাৎ তাঁর দেহে কোন আঘাতের চিহ্ন আছে কিনা ইত্যাদি কিছু আমি বলতে পারব না।

**শ্রীসরল দেব ঃ-** মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী একটু আগে ঐ ৭জন সম্বন্ধে সমাজ-বিরোধী বলে উল্লেখ করলেন। আমি জানতে চাইছি যে ওরা কোন দলভূক্ত তা আপনি জানেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ-** আমার কাছে কোন রিপোর্ট নেই, আমি সেইভাবে কিছু বলতে পারব না।

**মিঃ স্পীকার ঃ-** ৭৫৩নং প্রশ্নের কোন উত্তর বা চিঠি আমি পাইনি।

***৭৫৩। (স্থগিত)**

### খানাকুল থানার হীরাপুর গ্রাম পঞ্চায়েত সদস্য নিহত

***৭৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *২২৬৯।) শ্রী আবদুল মান্নান ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, গত ২২শে ফেব্রয়ারী, ১৯৮৫ তারিখে খানাকুল থানার হীরাপুর গ্রাম পঞ্চায়েত সদস্য আইউব আখুন নিহত হয়েছেন ;

(খ) সত্য হলে, —

(১) উক্ত ঘটনার জড়িত ব্যক্তিদের কোন পরিচয় পাওয়া গিয়াছে কিনা, ও

(২) কতজনের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ; এবং

(গ) উক্ত ব্যক্তিরা কোন্ রাজনৈতিক দলের সঙ্গে যুক্ত?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) ২২.২.৮৫ তারিখে রাজহাটি ৪নং গ্রাম পঞ্চায়েতের সদস্য আইউব আলি আখানু নামে এক ব্যক্তি নিহত হয়েছেন।

(খ) (১)+(২) নরেন দুলে, বলাই দুলে, তুলসী খাঁ ও নিতাই দুলে - নামে চার ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে।

(গ) কোন রাজনৈতিক দলের সঙ্গে যুক্ত বলে জানা নেই।

**শ্রী আব্দুল মান্নান ঃ-** এফ.আই.আর-এ কাদের নাম নথিভুক্ত ছিল এবং এফ.আই.আর.এ নথিভুক্ত অনুসারে তাদের এ্যারেষ্ট করা হয়েছে কি?

**শ্রী জ্যোতি বসু ঃ-** তা আমি বলতে পারবো না। আমার কাছে সেই রকম কোন খবর নেই। আয়ুব আলি খাঁ, যিনি খুন হয়েছে তিনি কংগ্রেস বলে পরিচিত এবং একটু বেশী মদ খেতেন এবং একটু পাড়ায় যাওয়ার অভ্যাস ছিল। কেন বা কি কারণে খুন হয়েছে এই ব্যাপারে আমি ঠিক বলতে পারবো না।

**শ্রী আব্দুল মান্নান ঃ-** এই ব্যাপারটা আমি ভাল করে জানি কারণ এটা আমার বাড়ির পাশের ঘটনা। এটা একটা রাজনৈতিক হত্যাকাণ্ড। কারণ এই গ্রাম পঞ্চায়েতে নির্বাচিত ৬জন কংগ্রেস এবং ৬জন সি.পি.এম. দলের সদস্য। গভর্ণমেন্টের কোন নমিনি সেখানে যায় নি। গ্রাম পঞ্চায়েত যাতে কংগ্রেসীরা দখল করে নিতে না পারেন, সেই জন্যই এই হত্যা করা হয়েছে। বর্তমানে কেসটা অন্যভাবে পুলিশ ধামাচাপা দেবার চেষ্টা করছে। আপনি নি গোয়েন্দা দিয়ে এ্যাকচুয়াল যারা মার্ডারার, তাদের ধরবার চেষ্টা করবেন?

**শ্রী জ্যোতি বসু ঃ-** যাঁদের ধরা দরকার, পুলিশ তাঁদের ধরেন নি বলে আপনি বললেন। আমার কাছে এইভাবে কোন খবর অবশ্য নেই। এফ.আই.আর.এ যাদের নাম ছিল পুলিশ যদি না ধরে থাকে, তাহলে আমি তো দেখতে পারি। এটা আমি নিশ্চয়ই দেখব।

**শ্রী আব্দুল মান্নান ঃ-** যারা ওখানে মার্ডার করেছে, তাদের সকলের নাম এফ.আই.আর.এ. ছিল না। পুলিশ আসল যারা মার্ডার করেছে, তাদের ধরছে না, কারণ যখন মার্ডার হয়েছিল, তখন সেখানে পুলিশ উপস্থিত ছিল না। সেইজন্য পুলিশ আসল মার্ডারার কারা, তাদের সম্বন্ধে জানে না এবং সেইজন্য তাদের গ্রেপ্তারও করছে না।

**শ্রী জ্যোতি বসু ঃ-** আপনার মতে যারা আসল মার্ডারার, তাদের এ্যারেষ্ট করা হচ্ছে না, অন্য লোককে অন্যায়ভাবে এ্যারেষ্ট করা হচ্ছে। এফ.আই.আর.এ যাদের নাম উঠেছে তাদের মধ্যে যদি কেউ দোষী সাব্যস্ত হয়, তাহলে সেই ব্যক্তি অবশ্যই সাজা পাবে। তবে আপনি অন্যায়ভাবে গ্রেপ্তারের বিষয়ে যা বললেন, তা আমি দেখব।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ-** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে, ওরা মদ খেত কথাটা অবশ্য এখানে অপ্রাসঙ্গিক। তবে আমি জানতে চাই যে, এই তথ্য আপনি পেলেন কোথা থেকে এবং কখন, কি ভাবে- হোয়াট ওয়াজ দি মোড অফ কিলিং - এ সম্বন্ধে যদি দয়া করে বলেন, তাহলে ভাল হয়।

**শ্রী জ্যোতি বসু** ঃ- আপনি যদি ডিটেলস্ জানতে চান, তাহলে সেইভাবে প্রশ্ন করতে পারতেন। একটু আগে মাননীয় সদস্য আব্দুল মান্নান যে ভাবে বললেন, সে সম্বন্ধে আমি খোঁজ করে দেখব। তিনি কোন্ পাড়ায় যেতেন, তা খুঁজে বের করতে পারিনি। তবে পুলিশের কাছে মোটামুটি একটা খবর ছিল যে, তিনি একটা পাড়ায় যেতেন। যাদের ধরা হয়েছে, তা ঠিক হয়নি - এসব সম্বন্ধে আমি এখুনি কিছু বলতে পারব না।

### বারুইপুরে ও ব্যারাকপুরে যথাক্রমে ফৌজদারী ও দেওয়ানী আদালত স্থাপন

*৭৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৯২।) **শ্রীআতাহার রহমান, শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়, শ্রীদীনবন্ধু মাঝি এবং শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য** ঃ বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ২৪-পরগনা জেলার বারুইপুরে ফৌজদারী আদালত ও ব্যারাকপুরে দেওয়ানী আদালত স্থাপনের কোনও প্রস্তাব সরকারের আছে কি; এবং

(খ) থাকলে কতদিনে উহা কার্যকরী উহা করা হবে বলে আশা করা যায়?

**শ্রী সৈয়দ আবুল মন্সুর হবিবুল্লাহ** ঃ

(ক) 'হ্যাঁ'

(খ) সুনির্দিষ্ট কোন তারিখ বলা সম্ভব নহে।

**শ্রী গোপাল কৃষ্ণ ভট্টাচার্য্য** ঃ- ব্যারাকপুরের কোর্টে দেওয়ানী মোকদ্দমার জন্য কোন আদালত নেই, এইগুলি বর্তমানে শিয়ালদা কোর্টে হয়ে থাকে। মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ব্যারাকপুরের দেওয়ানী কেস এখন শিয়ালদাতে পেনডিং হয়ে পড়ে আছে - এই সম্পর্কে কোন তথ্য আপনার কাছে আছে কি?

**শ্রী সৈয়দ আবুল মনসুর হবিবুলাহ** ঃ- সংখ্যা না বললে সঠিক তথ্য বলা যাবে না। ব্যারাকপুরে আমরা জমি পেয়েছি, বাড়ি তৈরীর প্লান হচ্ছে। বাড়ি তৈরী হলেই ব্যারাকপুরে মামলা টান্সফার করা হবে। তবে নির্দ্দিষ্ট তারিখ বলা সম্ভব নয়। আগে ওখানে জায়গা পাওয়া যাচ্ছিল না, এখন পাওয়া গেছে এবং পি.ডবলু.ডি-কে বাড়ি তৈরীর প্ল্যানের জন্য দায়িত্ব দেওয়া হয়েছে। প্ল্যান হলে, টাকা পাওয়া গেলে, বাড়ি তৈরী হলে সবই হবে।

### আগ্নেয়াস্ত্র নবীকরণ ফী

*৭৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৬১।) **ডাঃ সুকুমার রায়** ঃ স্বরাষ্ট্র বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি --

(ক) বন্দুক (গান), রিভলবার ও রাইফেলের নবীকরণ করার সময় নবীকরণ ফী (রিনিউয়াল ফী) ছাড়া অন্য কোন টাকা জমা দিতে হয় কি;

(খ) ইহা কি সত্য যে, পুরুলিয়া জেলায় নির্দিষ্ট সময়ে নবীকরণ ফী জমা দেওয়া সত্ত্বেও লাইসেন্স গ্রহীতাদের আগ্নেয়াস্ত্র থানায় জমা দিতে বলা হয়েছে; এবং

(গ) সত্য হলে, উহার কারণ কি?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) নবীকরণ ফী ছাড়া অন্য কোন টাকা জমা দিতে হয় না। তবে প্রয়োজনে বিলম্ব ফী দিতে হতে পারে।

(খ) সবক্ষেত্রে নয়, বিশেষ কয়েকটি ক্ষেত্রে আগ্নেয়াস্ত্র থানায় জমা দিতে বলা হয়েছে।

(গ) যে সমস্ত লাইসেন্স নবীকরণের দরখাস্ত নবীকরণের ফি সমেত নির্দিষ্ট বর্দ্ধিত তারিখ ৩১.১.৮৫ এর মধ্যে জমা দেননি বা লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট তাঁদের আগ্নেয়াস্ত্র পরিদর্শনের জন্য উপস্থিত করতে পারেননি, তাঁদের আগ্নেয়াস্ত্র থানায় জমা দিতে বলা হয়েছিল। এছাড়া কিছু লাইসেন্সী লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হওয়ার দীর্ঘকাল পরে নবীকরণের দরখাস্ত করেছেন, তাঁদেরও আগ্নেয়াস্ত্র থানায় জমা দিতে বলা হয়েছিল।

**[12.40—12.50 p.m.]**

**শ্রী অম্বিকা ব্যানার্জী ঃ-** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে তাঁর মতে টাকা নেওয়া হয় নি। কিন্তু রিসেন্টলী আমরা দেখছি পুরুলিয়া ছাড়া বিভিন্ন জায়গায় সল্টলেক স্টেডিয়ামের লটারীর টিকিট নেবার জন্য ইনডিরেকটলী তাদের প্রেসারাইজ করা হচ্ছে। এই খবর মাননীয় মন্ত্রী মহাশয়ের জানা আছে কি?

**শ্রী জ্যোতি বসু ঃ-** এই রকম একটা নাম আপনি দেবেন - তার বিরুদ্ধে সাজা হবে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ-** মাননীয় মন্ত্রীমহাশয় জানেন যে পুরুলিয়া জেলায় নির্দিষ্ট সময়ে নবীকরণ ফী জমা দেওয়া সত্ত্বেও লাইসেন্স গ্রহীতাদের আগ্নেয়াস্ত্র থানায় জমা দিতে বলা হয়েছে সেইরূপ একসট্রিমিস্ট এ্যাকটিভিটিসের জন্য পশ্চিম দিনাজপুর জেলায় রাতারাতি ৭০টি বন্দুক থানায় জমা নেওয়া হয়েছিল এবং তারপরে এখনো পর্যন্ত পশ্চিম দিনাজপুরের বহু অস্ত্র থানায় জমা পড়ে আছে যেগুলির লাইসেন্স দেওয়া আছে কিন্তু এগুলির রিনিওয়ালের সুযোগ নেই। সুতরাং পশ্চিম দিনাজপুরে যে ৭০টি বন্দুক থানায় জমা আছে তারজন্য কি কোন ব্যবস্থা নেবেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ-** আপনার জেলা নিশ্চয় আপনি প্রশ্ন করতে পারেন, কিন্তু আপনি করেন নি। আপনি ভালো করেই জানেন যে কেন তাদের অস্ত্র থানায় জমা দিতে বলা হয়েছিল এবং তারাও চেয়েছিলেন যে এগুলি একটা জায়গায় থাকুক। তবে এখন এখানে শান্তিপূর্ণ অবস্থা রয়েছে। নকশালদের হাত থেকে উদ্ধার করে এইসব ফায়ার আর্মস কিছু কিছু ফেরৎ দেওয়া হচ্ছে। তবে আপনি এই বিষয়ে চিঠি লিখবেন কারণ এ্যাসেম্বলী তো শেষ হয়ে যাচ্ছে তখন আপনাকে জানিয়ে দেবো।

### বিদ্যুৎ পর্ষদে ওভারটাইম বাবদ খরচ

*৭৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৫৮।) **শ্রী ব্রজগোপাল নিয়োগী ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৮২-৮৩, ১৯৮৩-৮৪ ও ১৯৮৪-৮৫ সালে বিদ্যুৎ পর্ষদের ওভারটাইম বাবত কত (প্রতি বছরে) টাকা খরচ হয়েছিল ;

(খ) ইহা কি সত্য যে, বর্তমানে বিদ্যুৎ পর্ষদে ওভারটাইম বাবত ব্যয়ের পরিমাণ পূর্বের

তুলনায় কম ; এবং

(গ) সত্য হলে, ইহার কারণ কি?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ**

(লক্ষ টাকার অংকে)

১৯৮২-৮৩ তে ৫৯৬.৭১

১৯৮৩-৮৪ তে ৫১৭.০৭

১৯৮৪-৮৫ তে ৪৩৪.৭০.

হ্যাঁ

বিদ্যুৎ পর্ষদ তাহার নির্দেশনামার (৩৬৬০ নম্বর তারিখ ১৯.৭.৮৪) দ্বারা নম্বর ২৪ দ্বারা ওভারটাইম নিয়ন্ত্রণ করিয়াছে। উহাতে এই নির্দেশ দেওয়া হইয়াছে যে সমস্ত কর্মচারী বিদ্যুৎ কারখানায়, যাহা কারখানা আইন ১৯৪৮ দ্বারা নিয়ন্ত্রিত তাহাতে নিযুক্ত সেই সমস্ত কর্মচারী কোন অবস্থাতেই মাসিক ২৫ ঘন্টা অথবা ত্রৈমাসিক ৭৫ ঘন্টার বেশী ওভারটাইম করিতে পারিবেন না, ইহা ছাড়া অন্য সমস্ত কর্মচারী তাহার মাসিক বেতনের ১০শতাংশ অথবা ত্রৈমাসিক ৭৫ ঘন্টার বেশী কোন অবস্থাতেই পাইবে না।

কোন অবস্থাতেই কোন কর্মচারীকে ঘোষিত ছুটির দিনে বা সাপ্তাহিক ছুটির দিনে ওভারটাইম কাজে নিয়োগ করা যাইবে না। বিদ্যুৎ পর্ষদ আর একটি নির্দেশনামায় (যাহার নম্বর ৩৭০২ তারিখ ২৯।১।৮৫) নির্দেশ দিয়েছে, দারওয়ান। সিকিউরিটি গার্ডকে বেলা ১০টা থেকে বিকাল ৫টার মধ্যে ওভারটাইম কাজে নিয়োগ করা যাইবে না এবং যেখানে একাধিক মোটর ড্রাইভার আছে সেক্ষেত্রে তাহাদের ডিউটি ভাগ করে দেওয়া হবে।

**শ্রী লক্ষ্মণ চন্দ্র শেঠ ঃ-** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই যে ওভারটাইম রেসট্রিকশান করা হল তারফলে কাজকর্মের কোন গাফিলতি হচ্ছে কিনা বা কাজের ধীরে চল নীতি গ্রহণ করা হয়েছে কিনা?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ-** কোন কোন জায়গায় চাপ সৃষ্টি করে ওভারটাইম চালু করার চেষ্টা হচ্ছে তবে চাপ সৃষ্টি যাতে প্রতিরোধ করা যায় তারজন্য চেষ্টা করা হচ্ছে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ-** মাননীয় বিদ্যুৎমন্ত্রী একাধিকবার বলেছেন যে এখানে যে লোক নিযুক্ত আছে তারমধ্যে সারপ্লাস আছে এবং তারপরে যে ওভারটাইমের হিসাব দিলেন তা ভয়াবহ। সুতরাং এই বেকার সমস্যার মধ্যে যাতে এই ওটিকে একসঙ্গে সমন্বয় করে ওভারটাইম না দিয়ে নিউ এমপ্লয়মেন্ট বা ফ্রেস এমপ্লয়মেন্ট করা যায় তারজন্য কি ব্যবস্থা গ্রহণ করবেন এবং যথাযথ এই বিষয়ে কর্তব্য পালন করছেন কিনা তার একটা ইনস্ট্রাকশান আমদের দেবেন কি?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ-** বিদ্যুৎ পর্ষদে কোন সারপ্লাস নেই, সেটা ক্রমবর্ধমান। এখনো এখনো বাইরের লোক নিতে হয়, গত ৫ বছরে ১২ হাজারের বেশী লোক নিয়োগ করা হয়েছে, তাছাড়া বিভিন্ন দিকে হঠাৎ এমনভাবে প্রাকৃতিক দুর্যোগ ঘটে তারজন্য অনেক সময়ে ব্রেকডাউন হয় তখন

ওভারটাইম দিতেই হয় এবং বিশেষ করে টেকনিক্যাল কাজ যারা করেন তাদের সেই কাজের জন্য ওভারটাইম দিতেই হয়। সুতরাং ওভারটাইম থেকে একেবারে উদ্ধার পাওয়া যাবে না, ওভারটাইম যাতে অন্যায়ভাবে নিতে না পারে তারজন্য ব্যবস্থা করা হচ্ছে।

**[12.50—1.00 p.m.]**

**শ্রী প্রবোধ চন্দ্র পুরকায়েত ঃ-** ওভারটাইম প্রতিরোধ করবার জন্য কি কি পদক্ষেপ নিয়েছেন?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ-** ইউনিয়নগুলির সঙ্গে আলোচনা করে দেখা গেছে তারা সকলেই ওভারটাইম বন্ধ করার পক্ষে। যারা ওভারটাইমের জন্য কাজের ক্ষতি করার চেষ্টা করছে তাদের বিরুদ্ধে কোন কোন জায়গায় চার্জশিট দেওয়া হয়েছে, সাসপেন্ড করা হয়েছে, কোথাও ডেকে সাবধান করা হচ্ছে।

*৭৫৮ (স্থগিত)

**মুসলিম ম্যারেজ রেজিষ্ট্রার**

*৭৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৬৬।) **শ্রীঅনিল মুখার্জী ঃ** বিচার বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে (১) মুসলিম ম্যারেজ রেজিষ্ট্রার (২) স্পেশাল ম্যারেজ রেজিষ্ট্রার-এর সংখ্যা কত ;

(খ) কাছাকাছি রেজিষ্ট্রার না থাকায় অনেকের বিবাহ নিবন্ধীকৃত করতে অসুবিধা হচ্ছে - এই মর্মে কোন অভিযোগ বা তথ্য সরকারের নিকট আছে কি ; এবং

(গ) থাকলে এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে/হচ্ছে?

**শ্রী সৈয়েদ আবুল মনসুর হাবিবুল্লাহ ঃ**

(ক) (১) ১২৯ জন

(২) ৩৩ জন

(খ) না

(গ) প্রশ্ন উঠে না।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ-** রাজ্যের সমস্ত জায়গায় এরা ইভিনলি ডিষ্ট্রিবিউটেড নয়, অর্থাৎ কোথাও ম্যারেজ রেজিষ্টারের সংখ্যা বেশি, কোথাও একেবারে নেই। এটা ইভিনটি ডিষ্ট্রিবিউট করার কোন ব্যবস্থা করবেন কি?

**শ্রী সৈয়দ আবুল মনসুর হবিবুল্লাহ ঃ-** ইভিনলি ডিষ্ট্রিবিউট করার ক্ষেত্রে মুশকিল আছে, কোন কোন জায়গায় রেজিষ্ট্রেশন করবার প্রবণতা আছে এবং যেখানে তার দাবী আছে যেমন ২৪ পরগণায় বেশী আছে তেমনি তুলনামূলকভাবে পশ্চিম দিনাজপুরে নেই বললেই চলে। তবে স্থানীয় ভাবে যদি দাবী উঠে বা আমাকে জানানো হয় তাহলে ব্যবস্থা করা হবে। শুধু মুসলিম রেজিষ্ট্রেশন নয় আমাদের দেশেও এটা কম্পালসারি হলে ভাল হয়।

**শ্রী অনিল মুখার্জী :-** ল-ইয়ারদের মধ্যে থেকে এই রকম ধরণের অফিসার তৈরী করবার কথা চিন্তা করছেন কি?

**শ্রী সৈয়দ আবুল মনসুর হাবিবুল্লাহ :-** মুসলিমদের সম্বন্ধে চিন্তা করছি না, কারণ সেখানে অনেকগুলি কোয়ালিফিকেশনের ব্যাপার আছে। সাধারণভাবে এতদিন মুসলিমদের জন্য ইস্কুলের শিক্ষক এবং মৌলবী থেকে করা হোত। কারণ তাদের বেতন কম ছিল বলে তাদের নেওয়া হোত। কিন্তু বর্তমানে সে অবস্থা না থাকলেও তাদের নিয়োগ করা হচ্ছে। এখন আমরা চিন্তা করছি অন্য ব্যক্তিদের নিয়োগ করার। মুসলিম বিবাহ দিনের বেলায় হয় বলে অনেক সময় শিক্ষকদের পাওয়ার অসুবিধা হয় বলে অন্যভাবে নিয়োগের ব্যবস্থা চিন্তা করা হচ্ছে। তবে ল-ইয়ারদের মুসলিমদের বেলায় করা যাবে না।

**বন্দুকের লাইসেন্সের জন্য আবেদনপত্র**

***৭৬০। (অনুমোদিত প্রশ্ন নং *২০৩০।) শ্রীশান্তিরাম মাহাতো এবং শ্রীকাশীনাথ মিশ্র :** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৮৪ সালের জানুয়ারী মাস হইতে ১৯৮৫ সালের ফেব্রুয়ারী মাস পর্যন্ত সময়ে বাঁকুড়া জেলায় বন্দুকের লাইসেন্স পাওয়ার জন্য কতগুলি আবেদনপত্র জমা পড়িয়াছিল ;

(খ) তন্মধ্যে কতগুলি দরখাস্ত (১) মঞ্জুর, (২) নামঞ্জুর করা হইয়াছে ; এবং

(গ) ঐ সময়ে বন্দুকের লাইসেন্স প্রদানে কোন বিধিনিষেধ আরোপিত হইয়াছে কি?

**শ্রী জ্যোতি বসু :**

(ক) ৩৬৬ টি।

(খ) ১) ১৬৫ টি।

২) ৮টি।

(গ) না।

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যেগুলির এনকোয়ারী হয়েছে সেগুলিকে কার্যকরী করার জন্য আপনার দপ্তর থেকে কোন ব্যবস্থা গ্রহণ করবেন কি?

**শ্রী জ্যোতি বসু :** আমি তো বললাম ১৬৫ টি দেওয়া হয়েছে, আর ১৯৩ টি এ্যাপ্লিকেশান দেখা হচ্ছে, আণ্ডার প্রসেস।

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে কোন সংবাদ আছে কিনা বাঁকুড়া জেলার বিভিন্ন গ্রামাঞ্চলে যেখানে চুরি ডাকাতি হচ্ছে সেইসব এলাকার মানুষ বন্দুকের জন্য দরখাস্ত করেছেন, সেই কাজটা তরান্বিত করার জন্য কোন ব্যবস্থা গ্রহণ করেছেন কিনা?

**শ্রী জ্যোতি বসু :** আমি জানি না দেরী হচ্ছে কিনা, খোঁজ করে দেখব।

**জয়পুর-খালসা-মুকুন্দদীঘি রাস্তা**

***৭৬১। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৭১।) শ্রী নিতাইচরণ আদক :** পূর্ত বিভাগের মন্ত্রিমহোদয়

অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) হাওড়া জেলার জয়পুর-খালনা-মুকুন্দদীঘি রাস্তাটির কাজ কোন্ সালে শুরু হয়েছে

(খ) উক্ত রাস্তাটির নির্মাণকার্য কি অবস্থায় আছে ; এবং

(গ) ঐ রাস্তাটির কাজ কবে নাগাত শেষ হবে বলে আশা করা যায়?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ**

(ক) ১৯৬৩-৬৪ সালে শুরু হয়েছে।

(খ) খালনা-মুকুন্দদীঘি (৫.৫ কি.মি.) অংশের কাজ ১৯৮০ সালেই শেষ হয়েছে। জয়পুর-খালনা ( ৮কি.মি.) অংশের মধ্যে প্রায় ৫.৩০ কি.মি. অংশে ঝামার কাজও শেষ হয়েছে।

(গ) আশা করা যায় বাকী ২.৭০ কি.মি রাস্তার ঝামা স্তর পর্য্যন্ত '৮৬-'৮৭ সালেই শেষ হইবে।

**শিল্পাঞ্চলে গ্যাস দুর্ঘটনা নিবারণে ব্যবস্থাগ্রহণ**

*৭৬২। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৪৭।) **শ্রীবামাপদ মুখোপাধ্যায় ঃ** পরিবেশ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ভূপালে গ্যাস দুর্ঘটনার পরিপ্রেক্ষিতে আসানসোল, দুর্গাপুর এবং কলিকাতা শিল্পাঞ্চলে অনুরূপ দুর্ঘটনা নিবারণে কি কি সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে/হইতেছে?

**শ্রী ভবানী মুখার্জী ঃ-** ভূপালের গ্যাস দুর্ঘটনার পরিপেক্ষিতে বিভিন্ন বিভাগীয় সচিব ও সরকারী বিশেষজ্ঞদের নিয়ে একটি উচ্চ পর্য্যায়ের কমিটি গঠণ করা হয়েছে। Chief Inspector of Factories এই ব্যাপারে বৃহৎ ও মাঝারী কারখানা থেকে বিভিন্ন তথ্য জানতে চান। এছাড়া কমিটি সংঘ ও Chief Inspector of Factories, of polution Control Board. এবং অন্যান্য দপ্তরের বিশেষজ্ঞদের নিয়ে গঠিত দল আলাদাভাবে বা যুক্তভাবে কয়েকটি কারখানা ও পরিদর্শন করেন। ওই কারখানা সমূহের থেকে প্রাপ্ত তথ্য এবং বিশেষজ্ঞ দলের পরিদর্শন রিপোর্ট এর ভিত্তিতে ৩২টি সংস্থাকে ঝুঁকি জনিত রাসায়নিক দ্রব্য ব্যবহারকারী হিসাবে চিহ্নিত করা হয়েছে। ওই ৩২টি সংস্থার মধ্যে অধিকতর নিরাপত্তার ঝুঁকি আছে এই রকম ১৩টি সংস্থার প্রতিনিধিদের সঙ্গে উক্ত উচ্চ পর্য্যায়ের কমিটি আলোচনা করেছেন এবং সংস্থাগুলিকে তাদের ব্যবহৃত বিপজ্জনক রাসায়নিক দ্রব্যের প্রকৃতি, উহার সংরক্ষনের পরিমান, দুর্ঘটনার সম্ভাব্যতা, দুর্ঘটনা নিবারণের পদ্ধতি. সর্তকতামূলক ব্যবস্থা, এবং দুর্ঘটনা হইলে আহত ও প্রভাবিত ব্যক্তিদের প্রাথমিক ও পূর্ণতার চিকিৎসার কি কি ব্যবস্থা আছে তার বিশদ বিবরণ জানতে চেয়েছেন। এ পর্য্যন্ত যে তথ্য পাওয়া গেছে তাতে দেখা যায় পশ্চিমবঙ্গে ভূপালের ন্যায় মিথাইল আইসো সায়ানেট (M.I.C.) গ্যাস উৎপাদনকারী কোন কারখানা নেই।

**[1.00—1.10 p.m.]**

**শ্রী বামাপদ মুখার্জী ঃ-** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি খড়দহ অঞ্চলের জয়শ্রী কেমিক্যাল কারখানায় এনকোয়ারী হয়েছে কিনা?

**শ্রী ভবানী মুখার্জী ঃ-** জয়শ্রী কেমিক্যালের পলিউসন কনট্রোলের ব্যাপারে এর আগে কয়েকবার এনকোয়ারী হয়েছে।

**ডাঃ সুশোভন ব্যানার্জি ঃ-** মাননীয় পরিবেশ দূষণ বিভাগের মন্ত্রী মহাশয় জানাবেন কি, যে আসানসোল দুর্গাপুর, এবং কলকাতা শিল্পাঞ্চলের মোটামুটি কেমিক্যাল তার এনভারমেন্টাল পলিউসন সম্বন্ধে আমরা জানি। এই যে ছিমপাই যেখানে এক্সপ্লোসিভ হচ্ছে তাতে আমরা শুনতে পাচ্ছি যে একটা জেলি টাইপের জিনিস বেরোচ্ছে সে সম্বন্ধে আপনার কিছু জানা আছে কি?

**শ্রী ভবানী মুখার্জী ঃ-** মাননীয় সদস্য যে কারখানার কথা বললেন তার নাম আমার এই লিষ্টে নাই। তবে উনি যেহেতু বলেছেন তাতে আমি বলতে পারি যে ইন্ডিয়ান এক্সপ্লোসিভ যে সমস্ত কারখানা তৈরী আছে সেখানে গভর্ণমেন্ট অব ইন্ডিয়ার এক্সপ্লোসিভ এ্যাক্ট অনুসারে সেখানে ভারত সরকারের অফিসার আছে। আমরা তাদের সঙ্গে সম্প্রতি যোগাযোগ করছি। মাননীয় সদস্য যে কথা বললেন সে সম্বন্ধে আমাদের বিস্তারিত তথ্য জানালে আমাদের সুবিধা হয়।

**শ্রী লক্ষ্মণ চন্দ্র শেঠ ঃ-** মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয় জানেন যে হলদিয়ায় যে সমস্ত কারখানা আছে তার মধ্যে বেশীরভাগ কারখানাই রাসায়নিক কারখানা যেমন হিন্দুস্থান লিভারস এবং স'ওয়ালেস Hindusthan Fertiliser Corporation এদের পলিউসন রোধের সম্বন্ধে আপনি কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রী ভবানী মুখার্জী ঃ-** পলিউসন রোধের সাধারণ যেসব ব্যবস্থাগুলি আছে তা আমি আগেই এই সভায় বলেছি। যে কারণে সমস্ত পলিউসন হয় যেমন দূষিত জল নিক্ষেপ করে, বায়ু নিক্ষেপ, গ্যাস নিক্ষেপ করে - সেগুলি খোঁজ খবর করে যদি দেখি মাত্রার অতিরিক্ত হচ্ছে তখন তা নিয়ন্ত্রণ করার জন্য আমরা নির্দেশ দিই এবং তাতেও যদি নির্দেশ পালন করছে না তখন আমরা ব্যবস্থা গ্রহণ করি প্রসিকিউসনের ব্যবস্থা করি।

**শ্রী গোপালকৃষ্ণ ভট্টাচার্য ঃ-** খড়দা থানায় জয়শ্রী কেমিক্যালের এবং হিন্দুস্থান হেভি কেমিক্যালের গ্যাসে সেখানকার মানুষ খুবই অসুবিধার মধ্যে রয়েছে। এবং এই সব কারখানার দূষিত জল হুগলী নদীতে খড়দার খাল দিয়ে যে যাচ্ছে সে সম্বন্ধে কোন ব্যবস্থা নেওয়া হয়েছে কিনা। এখানে এইজন্য যে এই সব মানুষের কষ্ট হচ্ছে তার জন্য সরকার অবহিত আছেন কিনা এবং অবহিত থাকলে তার জন্য কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রী ভবানী মুখার্জী ঃ-** এই হিন্দুস্থান হেভি কেমিক্যালস সালফার ডায়কসাইড তৈরী করে যেহেতু তারা সালফার ডায়কসাইড ও সালফিউরিক এ্যাসিড তৈরী ক. ' সেই সব জিনিস কন্ট্রোল করার জন্য এবং তার জন্য ব্যবস্থা গ্রহণ করার জন্য আমরা নির্দেশ দিচ্ছি। এবং এ সম্বন্ধে আমরা লক্ষ্য রাখছি।

## Starred Questions

## (To which written answers were laid on the Table)

### ব্যারাকপুরে লাটবাগানে দেওয়ানী ও ফৌজদারী আদালতগৃহ

*৭৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৯৭।) **শ্রী যামিনীভূষণ সাহা ঃ** বিচার বিভাগের মন্ত্রিমহাশয়

অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) ইহা কি সত্য যে, ব্যারাকপুরে লাটবাগানে সরকার নিজস্ব দেওয়ানী ও ফৌজদারী আদালতগৃহ নিমার্ণের কোন সিদ্ধান্ত গ্রহণ করিয়াছিলেন;

(খ) সত্য হইলে, উক্ত দেওয়ানী ও ফৌজদারী আদালতগৃহ নির্মাণের কাজে বিলম্বের কারণ কি; এবং

(গ) ব্যারাকপুর মহকুমায় লিটিগ্যান্ট পাবলিকের সুবিধার্থে সরকারের নিজস্ব আদালত ভবন তৈয়ারি হওয়া সাপেক্ষে ভাড়াবাড়িতে দেওয়ানী আদালত স্থাপনের বিষয় সরকার বিবেচনা করিতেছেন কি?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ, সত্য।

(খ) প্রয়োজনীয় জমির অভাবে গৃহ নিমার্নের বিলম্ব হয়েছে বর্তমানে ব্যারাকপুর পাট বাগানে ২.৫ একর জমি পাওয়া গেছে এবং প্রয়োজনীয় নক্সা ও আনুমানিক ব্যায়ের হিসাব তৈয়ারী করার জন্য সরকারের মুখ্য স্থপতিকে অনুরোধ করা হয়েছে। নক্সা পাওয়া গেলে নির্মাণ কার্য্যটি অনুমোদন করা হবে। এই বছরের উন্নয়ন বরাদ্দে এ সম্পর্কে ৩.২৭ লক্ষ টাকার প্রাথমিক সংস্থান রাখা হয়েছে।

(গ) হ্যাঁ।

**সারকারিয়া কমিশনের কাছে সরকারের দেওয়া বক্তব্য জনসাধারণের মধ্যে প্রচার**

*৭৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৪৮।) **শ্রী অমলেন্দ্র রায় :** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, সারকারিয়া কমিশনের কাছে পশ্চিমবঙ্গ সরকারের বক্তব্য জনসাধারণের মধ্যে প্রচারের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**স্বরাষ্ট্র রাজনৈতিক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

সারকারিয়া কমিশনের নিকট কমিশনের প্রশ্নের যে উত্তর সরকার কর্তৃক প্রদত্ত হয় তাহা একটি ইংরাজী পুস্তিকা মারফৎ প্রকাশ করিয়া সরকারের সকল মন্ত্রীমহাশয়, বিভাগীয় সচিব, যে সকল ব্যক্তি বা সংস্থা কমিশনের নিকট সাক্ষ্য দেন এবং প্রতিটি সংবাদপত্রের নিকট প্রেরিত হয়। ইহা ছাড়াও দূরদর্শন এবং বেতার ইত্যাদি প্রচার মাধ্যমের সাহায্যেও সরকারের বক্তব্য প্রচারের ব্যবস্থা করা হয়েছে। প্রশ্নোত্তর সম্বলিত পুস্তিকাটি বাংলায় অনুবাদ করে প্রচার করারও ব্যবস্থা করা হচ্ছে।

**রঘুনাথপুর-ছাতনা অহল্যাবাঈ রাস্তা পাকাকরণ**

*৭৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৪৪।) **শ্রী সুরেন্দ্রনাথ মাঝি :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) পুরুলিয়া জেলার রঘুনাথপুর থেকে ছাতনা পর্যন্ত অহল্যাবাঈ রাস্তাকে পিচ করার কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, কবে নাগাত ঐ কাজ আরম্ভ হইবে?

**পূর্তবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

নাই।

প্রশ্ন উঠে না।

**আলিপুরদুয়ারে অ্যাডিশন্যাল পাবলিক প্রসিকিউটারের খালি পদ**

*৭৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৯২৭।) **শ্রী যোগেন্দ্রনাথ সিংহরায় :** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ার অ্যাসিস্ট্যান্ট ডিস্ট্রিক্ট অ্যান্ড সেসন জাজ কোর্টে অ্যাডিশন্যাল পাবলিক প্রসিকিউটারের পদটি খালি আছে কি; এবং

(খ) থাকলে,-

(১) কতদিন যাবৎ ঐ পদটি খালি রয়েছে, ও

(২) কবে নাগাত ঐ পদ পূরণ করা হবে বলে আশা করা যায়?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ঐ কোর্টে এ্যাডিশনাল পাবলিক প্রসিকিউটারের কোনও পদ নাই।

(খ) (১) প্রশ্ন উঠে না।

(গ) (২) প্রশ্ন উঠে না।

**পুরুলিয়া শহরে রান্নার গ্যাস কারখানা স্থাপন**

*৭৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩০৩১।) **শ্রী নটবর বাগদী এবং শ্রীগোবিন্দ বাউরী :** পরিবেশ দূষণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) সম্প্রতি পুরুলিয়া শহরে রান্নার গ্যাসের কোন কারখানা স্থাপিত হয়েছে কি;

(খ) হয়ে থাকলে, ঐ কারখানার ফলে কোন বায়ুদূষণ হচ্ছে কি; এবং

(গ) উপরোক্ত প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, —

(১) এ ব্যাপারে প্রচলিত নিয়ম মানা হয়েছে কিনা, ও

(২) সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**পরিবেশ দূষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) পুরুলিয়া শহরে রান্নার গ্যাস সিলিন্ডারে ভর্তি করার কোন কারখানা স্থাপিত হয়েছে এমন কোন তথ্য সরকারের কাছে নাই। তবে কেন্দ্রীয় সরকারের কন্ট্রোলার অফ এক্সপ্লোসিভের কাছে এ বিষয়ে কোন খবর আছে কিনা জানতে চাওয়া হয়েছে।

(খ) এবং (গ) - প্রশ্ন ওঠে না।

**রায়গঞ্জ-কলকাতা সড়কে সরকারী ও বেসরকারী বাসে ডাকাতি**

*৭৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬৯৩।) **শ্রী সুরেশ সিংহ ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) ১৯৮৪ সালে রায়গঞ্জ-কলিকাতা যাতায়াতকারী সরকারী ও বেসরকারী বাসে কতগুলি ডাকাতির ঘটনা ঘটিয়াছে; এবং

(খ) ঐরূপ বাস ডাকাতি বন্ধ করার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন/করিয়াছেন?

**স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ২টি সরকারী বাসে এবং ১টি বেসরকারী বাসে ডাকাতির ঘটনা ঘটেছে।

(খ) হাইওয়ে টহলদারী ব্যবস্থার প্রবর্তন করা হয়েছে। সংশ্লিষ্ট থানাগুলিকে সর্তক দৃষ্টি রাখতে বলা হয়েছে।

**উদয়রাজপুরের কোল ডাম্পে সমাজবিরোধীদের কার্যকলাপ**

*৭৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *৭৩২।) **শ্রী সরল দেব ঃ** ২২শে মার্চ, ১৯৮৪ তারিখের প্রশ্ন নং *৩০৫ (অনুমোদিত প্রশ্ন নং *৮৭৯)- এর উত্তর উল্লেখে স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) বারাসাত ২ নং ব্লকের অধীনে উদয়রাজপুরস্থ "কোল ডাম্প"-এ সমাজবিরোধীদের কার্যকলাপ সম্পর্কে কোন নতুন অভিযোগ/তথ্য সরকারের নিকট আসিয়াছে কি; এবং

(খ) আসিয়া থাকিলে, এ ব্যাপারে কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে/হইতেছে?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৮৪ সালের মার্চ মাস থেকে ১৯৮৫ সালের ফেব্রুয়ারী মাস পর্যন্ত এ ধরনের কার্য্যকলাপ সম্পর্কে কোন অভিযোগ বা তথ্য সরকারের নিকট আসেনি।

(খ) প্রশ্ন উঠে না।

**মানবাজারে থানা বিভাজন**

*৭৭০। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৩৪।) **শ্রীসুধাংশুশেখর মাঝিঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) পুরুলিয়া জেলার মানবাজারে থানাকে ভাগ করিয়া দুইটি থানা স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, ঐ পরিকল্পনা কবে নাগাত কার্যকরী করা হইবে?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**ছোট মোল্লাখালিতে পুলিস ফাঁড়ি স্থাপন**

*৭৭১। (অনুমোদিত **প্রশ্ন নং** *২২৫২।) **শ্রীগণেশচন্দ্র মন্ডল ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) গোসাবা থানার ছোট মোল্লাখালিতে কোন পুলিস ফাঁড়ি স্থাপনের পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকলে উক্ত পরিকল্পনা কবে নাগাত বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**কলিকাতা ও হাওড়ার বিভিন্ন অসামাজিক কার্যকলাপ**

*৭৭২। (অনুমোদিত **প্রশ্ন নং** *২৭২৭।) **শ্রীশীশ মহম্মদ ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) কলকাতা এবং হাওড়ার (১) সাট্টা, (২) অন্যপ্রকারের জুয়া হাতবদল হয়, (৩) ওয়াগন ভাঙ্গা, (৪) চোলাই মদ বিক্রি ও (৫) জোর ক'রে চাঁদা আদায় নিত্যনৈমিত্তিক ঘটনা হয়ে দাড়িঁয়েছে — এই মর্মে কোন তথ্য/সংবাদ সরকারের নিকট আছে কি; এবং

(খ) থাকিলে, ঐ ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) প্রসিদ্ধ কিছু কিছু তথ্য সরকারের কাছে আছে।

(খ) এই সমস্ত দুষ্কৃতকারীদের বিরুদ্ধে পুলিশকে সর্তক দৃষ্টি রাখতে বলা হয়। বিভিন্ন জায়গায় হানা দিয়ে অপরাধীদের গ্রেপ্তারও করা হয়।

**ডাইনী সন্দেহে নিগৃহীত মহিলা**

*৭৭৩। (অনুমোদিত **প্রশ্ন নং** *২৮২০।) **শ্রীপ্রবোধচন্দ্র সিংহ ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) পশ্চিমবঙ্গে ১৯৮২ সাল থেকে ১৯৮৪ সাল পর্যন্ত সময়ে মোট কতজন মহিলাকে ডাইনী সন্দেহে নিগৃহীত করা হয়েছে; এবং

(খ) তম্মধ্যে কতজনের মৃত্যু হয়েছে (জেলাওয়ারী তথ্য)?

**স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ডাইনী সন্দেহে নিগৃহীতা মহিলার সঠিক সংখ্যা এখনই সরকারের কাছে নেই। তবে, ১৯৮২ থেকে ১৯৮৪ সাল পর্য্যন্ত সময়ে ডাইনী হিসেবে নিগৃহীত হবার ৫৬টি ঘটনা

পুলিশের কাছে লিপিবদ্ধ হয়।

(ক) ৫৬ জনেরই মৃত্যু হয়েছে।

| | |
|---|---|
| বাঁকুড়া | ১ জন। |
| বীরভূম | ৩ জন। |
| বর্ধমান | ৩ জন। |
| মেদিনীপুর | ১ জন। |
| হুগলী | ১ জন। |
| পুরুলিয়া | ৭ জন। |
| পশ্চিমদিনাজপুর | ৬ জন। |
| জলপাইগুড়ি | ৩ জন। |
| মালদা | ৩১ জন। |

মোট ৫৬ জন।

**মেদিনীপুর জেলায় নন্দকুমার ও চন্ডীপুরে নূতন পুলিস ষ্টেশন স্থাপন**

*৭৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩০১৬।) **শ্রীবঙ্কিমবিহারী মাইতি:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) মেদিনীপুর জেলার মহিষাদল থানায় "নন্দকুমারে" এবং নন্দীগ্রাম থানায় "চন্ডীপুরে" নূতন পুলিস স্টেশন স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, কবে নাগাত বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায়?

**স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:**

(ক) মেদিনীপুর জেলার মহিষাদল থানায় "নন্দকুমারে" এবং নন্দীগ্রাম থানায় "চন্ডীপুরে" নতুন পুলিশ ষ্টেশন স্থাপনের দুইটি প্রস্তাব বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

(খ) এখনই বলা সম্ভব নয়।

## Unstarted Questions

## (To which written answer were laid on the Table)

**গীতাঞ্জলি ইংরাজী সংস্করণের দুষ্প্রাপ্যতা**

৩৬২। (অনুমোদিত প্রশ্ন নং ৬।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস:** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত

মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) সরকার কি অবগত আছেন যে, রবীন্দ্রনাথ ঠাকুরের "গীতাঞ্জলী"র ইংরেজী অনুবাদ বাজারে পাওয়া যাচ্ছে না; এবং

(খ) অবগত থাকলে, উক্ত বিষয়টি রাজ্য সরকার পক্ষ থেকে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রকের গোচরে আনা হয়েছে কিনা;

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**রাজ্য সরকারের নিজস্ব ব্যাঙ্ক**

**৩৬৩।** (অনুমোদিত প্রশ্ন নং ১০।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) ইহা কি সত্য যে, রাজ্য সরকারের নিজস্ব ব্যাঙ্ক স্থাপনের প্রস্তাবটি কেন্দ্রীয় অর্থমন্ত্রক সহানুভূতির সঙ্গে বিবেচনা করছেন; এবং

(খ) সত্য হইলে এ বিষয়ে সর্বশেষ তথ্য কি?

**অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) ও (খ) রাজ্য সরকারের নিজস্ব ব্যাঙ্ক স্থাপনের প্রস্তাবে রিজার্ভ ব্যাঙ্ক সম্মত নন। রাজ্য সরকারে বিষয়টি পুনর্বিবেচনার জন্য পাঠিয়েছেন। ব্যাঙ্ক স্থাপনের জন্য লাইসেন্স রিজার্ভ ব্যাঙ্ক অনুমোদন করেন, কেন্দ্রীয় সরকার নয়।

**নূতন সরকারী ও বে-সরকারী কলেজ**

**৩৬৪।** (অনুমোদিত প্রশ্ন নং ৩১৫।) **শ্রীসুভাষ গোস্বামী :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) প্রথম বামফ্রন্ট সরকারের সময় থেকে এপর্যন্ত কতগুলি সরকারী ও বে-সরকারী কলেজ এই রাজ্যে স্থাপিত হয়েছে; এবং

(খ) ১৯৮৫-৮৬ সালে কতগুলি সরকারী নূতন ডিগ্রী কলেজ স্থাপনের পরিকল্পনা আছে?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) সরকারী ২, বে সরকারী ২১

(খ) আপাততঃ কোন পরিকল্পনা নেই।

**উচ্চ মাধ্যমিকে পাঠ্যক্রমে ভোকেশন্যাল স্ট্রীম**

**৩৬৫।** (অনুমোদিত প্রশ্ন নং ৪৮৭।) **শ্রীবিভূতিভূষণ দে :** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) উচ্চ মাধ্যমিকে ভোকেশন্যাল স্ট্রীম তুলে দেওয়ার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) না থাকলে, তার কারণ কি?

**শিক্ষা (মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) আপাততঃ নেই।

(খ) বৃত্তি শিক্ষার প্রয়োজন আছে, সুনির্দিষ্ট লক্ষ্যও আছে। তাই, তুলে দেওয়ার কোন চিন্তা সরকারের নেই।

**আসানসোল জে এল আর ও অফিসে কর তছরূপ**

**৩৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ৫৬৬।) শ্রী বামাপদ মুখোপাধ্যায় :** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভরপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) সাম্প্রতিককালে আসানসোল জে এল আর ও অফিসে আদায়ীকৃত কর তছরুপের কোন ঘটনা ঘটেছে এরূপ সংবাদ সরকারের নিকট আছে কিনা;

(খ) থাকলে, অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে;

(গ) আসানসোলের কাছে জি টি রোডের ধারে সরকারী খাস জমি দখলকারীদের সংখ্যা কত;

(ঘ) উক্ত দখলকারীরা কোন রাজস্ব দেয় কিনা;

(ঙ) না দিলে উক্ত রাজস্ব আদায়ের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে; এবং

(চ) এ বাবতে অনাদায়ী করের পরিমাণ কত?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) হ্যাঁ।

(খ) অভিযুক্ত কর্মচারীরা বিরুদ্ধে সংশ্লিষ্ট থানায় এফ আই আর দায়ের করা হয়েছে। তার কাছ থেকে তছরুপকৃত অর্থ উদ্ধার করা হয়েছে এবং সংশ্লিষ্ট কাগজপত্র আটক করা হয়েছে। এই কর্মচারীরা বাৎসরিক চুক্তিতে কাজ করতেন। তাঁর সাথে চুক্তির আর নবীকরণ হয়নি।

(গ), (ঘ), (ঙ) ও (চ) বিস্তৃত অনুসন্ধানের পর সঠিক তথ্য বলা যেতে পারে। এ সম্বন্ধে তথ্য সংগ্রহ করা হচ্ছে।

**ইলেকট্রিক মেডিক্যাল অ্যান্ড এলায়েড ইন্ডাস্ট্রিজ**

**৩৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ৬১৮।) শ্রী সাধন চট্টোপাধ্যায় :** রাষ্ট্রীয় সংস্থা বিভাগের ভরপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) ইলেকট্রো-মেডিক্যাল অ্যান্ড এলায়েড ইন্ডাস্ট্রিজ লিঃ সংস্থাটি কোন্ কোন্ যন্ত্রপাতি, যন্ত্রাংশ উৎপাদন করে;

(খ) ১৯৮১ সালের এপ্রিল মাস থেকে ১৯৮৪ সালের ডিসেম্বর মাস পর্যন্ত উক্ত সংস্থায় মোট উৎপাদনের পরিমাণ কত এবং উহার মূল্য কত;

(গ) উক্ত সংস্থায় বর্তমান কর্মরত শ্রমিক কর্মচারীর সংখ্যা কত; এবং

(ঘ) বিগত ৫ বছরে উক্ত শিল্প সংস্থাটিতে লাভ লোকসানের পরিমাণ কত?

**রাষ্ট্রীয় সংস্থা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) এক্সরে মেসিনে এবং ই সি জি, পেস্ মেকার,

কার্ডিয়াক্ মনিটার্ ইত্যাদি বায়ো-মেডিক্যাল যন্ত্রপাতি।

(খ) উৎপাদনের পরিমাণ

| সংখ্যা | মূল্য |
|---|---|
| (১) এক্সরে মেসিন - ৬২টি | |
| (২) বায়ো-মেডিক্যাল যন্ত্রপাতি - ২৪টি | ৯৪.৫৮ লক্ষ টাকা |

(গ) ১৯৩ জন।

(ঘ) লোকসানের পরিমাণ

| সাল | পরিমাণ |
|---|---|
| ১৯৭৯-৮০ | ২৬.৪৪ লক্ষ টাকা |
| ১৯৮৮০-৮১ | ৭.৫৮ লক্ষ টাকা |
| ১৯৮১-৮২ | |
| ১৯৮২-৮৩ | এই বছরগুলিতে হিসাব পরীক্ষিত হয় |
| ১৯৮৩-৮৪ | নাই। |

## কোচবিহার জেলার নিশিগঞ্জ সার্কেলে পাট্টা বিলি

**৩৬৮।** (অনুমোদিত প্রশ্ন নং ৬২৮।) **শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া :** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) ইহা কি সত্য যে, গত ১৯৮৪ অক্টোবর মাস হইতে প্রয়োজনীয় কর্মের অভাবে কোচবিহার জেলার মাথাভাঙ্গা মহকুমার নিশিগঞ্জ সার্কেলে পাট্টা বিলি বন্ধ আছে; এবং

সত্য হইলে, উক্ত ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) হ্যাঁ।

এ বিষয়ে জেলা সমাহর্তাকে প্রয়োজনীয় পাট্টা ফরম রাজস্ব পর্ষদের অফিস হইতে সংগ্রহ করিবার জন্য ইতিমধ্যেই বিশেষভাবে বলা হইয়াছে।

## বেলডাঙ্গা সুগার মিল

**৩৬৯।** (অনুমোদিত প্রশ্ন নং ৬৫৩।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, বেলডাঙ্গা সুগার মিল খোলার বিষয়টি এখন কোন পর্যায়ে আছে?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** বেলডাঙা চিনিকলটিকে লাভজনকভাবে চালাইবার জন্য ইহার আখ মাড়াই ক্ষমতা দৈনিক ৬০০ টন থেকে ১২০০ মেট্রিক টনে উন্নীত করা যায় কিনা এই উদ্দেশ্যে ন্যাশানাল সুগার ইন্সটিটিউট, কানপুর, হইতে যে বিশেষজ্ঞ দল মিলটি পরিদর্শন করিয়া

গিয়াছেন তাহাদের প্রতিবেদনের অপেক্ষা করা হইতেছে।

**নদীয়া জেলা পরিষদের বগুলায় দাতব্য চিকিৎসা কেন্দ্র**

৩৭০। (অনুমোদিত প্রশ্ন নং ৬৮৪।) **শ্রী সতীশচন্দ্র বিশ্বাস :** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) ইহা কি সত্য যে, নদীয়া জেলা পরিষদের হাঁসখালী থানাধীন বগুলাস্থিত (চ্যারিটেবল ডিসপেন্সারী) দাতব্য চিকিৎসাকেন্দ্রটি বর্তমানে অন্যের বেদখলে আছে; এবং

(খ) সত্য হইলে, দখলমুক্ত করে চিকিৎসাকেন্দ্রটি চালু করার জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) হাঁসখালী থানাধীন বগুলাস্থিত দাতব্য চিকিৎসাকেন্দ্রটির কিয়দংশ ও তৎসংলগ্ন মেডিক্যাল অফিসারের কোয়ার্টার বর্তমানে অন্যের বে-দখলে আছে।

(খ) দখলমুক্ত করার জন্য মহকুমা শাসকের আদালতে নদীয়া জিলা পরিষদের তরফে গত ১৫-৩-৮৫ তারিখে মামলা দায়ের করা হয়েছে।

## Hiring of rooms in Great Eastern Hotel for use as a Circuit House

**371.** (Admitted question No. 785.) **Shri Somendra Nath Mitra : Will the Minister-in-charge of the Land and Land Reforms Department be pleased to state-**

(a) Whether it is a fact that for certain period of time commencing from June 1977 the State Government had hired some rooms in the Great Eastern Hotel for setting up a Circuit House for Government Officials ;

(b) if so -

(i) the reasons why hiring of air-conditioned and non-airconditioned rooms in the Hotel was considered necessary by the State Government and why the rooms continued to be hired even after June, 1980 when the construction of the new Circuit House building was completed in all respects ;

(ii) What was the percentage of occupancy of the new Curcuit House as compared to the hired rooms in the Hotel after 30th June, 1980 ; and

(iii) the amount paid by the State Government as hire charges for the rooms in the Great Eastern Hotel which were used at Circuit House since June, 1977.

**Minister-in-charge of Land and Land Reforms Department:**

(a) Yes.

(b) (i) As there was no Circuit House or transit hostel at the State Government headquarters at Calcutta, a Circuit House was set up in 1977 at the Great Eastern Hotel by hiring ten rooms. Two of the rooms were airconditioned. Accommodation in the new Circuit House of the State Government at Hunger Ford Street which was commissioned in August, 1980 was considered inadequate. Therefore, 50% of the accommodation in the Circuit House at the Great Eastern Hotel was retained. At present there are five rooms in the Hotel including one airconditioned room.

(ii) Percentage of occupancy in the Circuit House at the Great Eastern Hotel during November, 1984 to February, 1985 was about 80. Occupancy rate at the Hunger Ford Street Circuit House is almost cent per cent.

(iii) For ten rooms the averge expenditure per quarter was Rs.1.26 lakhs and for five rooms the average expenditure per quarter is about Rs. 58 thousand now.

**Training Programme for Self-Emplyoment Schemes**

**372.** (Admitted Question No. 792.) **Shri Satya Ranjan Bapuli** : Will the Minister-in-charge of Cottage and Small Scale Industries Department be pleased to state that-

(a) Whether it is a fact that the District Industries Centres of the Districts have been entrusted with the implementation of the Centrally Sponsored Training Scheme know as "National Schme for Training of Rural Youth for Self-Employment (TRYSEM)" for equipping rural youth necessary skill and technology to enable them self-employment ;

(b) the number of persons trained under the above scheme since 1980-81 (during the period from 1-4-80 to 31-12-84);

(c) (i) whether the Government has any information as to the mumber of such trainees who were self-employed or absorbed in their respective trade after training ; and

(ii) the reasons as to why some of them could not become self-employed or absorbed in their respective trades even after completion of their training?

**Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department :**

(a) The District Rural Development Agency under the Development and Planning Department is the implementing Agency for the TRYSEM Scheme through the local bodies like Zila Parishad and Panchyat Samitis of the District Level. The District Industries Centres assist these bodies in the (i) identification of suitable trades, (ii) formulation of Schemes and (iii) follow up with the financial institutions for flow of institutional finance in respect of Industry and Service Sector proposals.

(b) 15,387 persons.

(c) (i) 5,510 persons have been self-employed.

(ii) 977 persons are still continuing training 3,122 cases are pending with the Banks for financial assistance, others have not shown inclination to set up units after availling of training.

**Training of rural artisans**

**373.** (Admitted Question No. 795.) **Shri Abdus Rauf Ansari and Shri Abdul Mannan :** Will the Minister-in-charge of Cottage and Small Scale Industries Department be pleased to state that-

(a) Whether it is a fact that the District Industries Centres have been entrusted with the implementation of the State Scheme for imparting training for a period of 12 weeks to the rural artisan youths in entrepreneurship development for self-employment in their own traditional craft and trade:

(b) the number of persons selected for training, the number of persons actually trained and the number of trained

persons who were actually employed in the trade during the period between 1979-80 to 1984-85 (up to December, 1984); and

(c) the reasons as to why some of the trained could not be self-employed in their trade during the period mentioned above?

**Minister-in-charge of Cottage and Small Scale Industries Department :** (a) Yes.

(b) 199 persons have so far been trained since 1979-80 to December, 1984. Out of them, 145 trainees (including a Co-operative formed by 20 trainees) have been self-employed. Training of 15 persons has not been completed.

(c) The remaining trained persons have deserted after training.

**জলপাইগুড়ির ৫নং চকোয়াখেতি গ্রাম পঞ্চায়েতের সেবা ও [illegible] কাজ**

৩৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ৮১৬।) **শ্রীযোগেন্দ্রনাথ সিংহ রায় ঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) ইহা কি সত্য যে, ৫নং চকোয়াখেতি গ্রাম পঞ্চায়েত গ্রাম পঞ্চায়েতে ১৯৮৩ সাল হইতে এ পর্যন্ত সেবা ও উন্নয়নমূলক কাজ (জি আর বন্টন ও এন আর ই পি ইত্যাদির) বন্ধ রহিয়াছে; এবং

(খ) সত্য হইলে, উক্ত ব্যাপারে কি অবস্থা গ্রহণ করা হইয়াছে?

**পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) মহামান্য হাইকোর্টের আদেশে গ্রাম পঞ্চায়েত তহবিল থেকে লেনদেন করার অসুবিধা হওয়ায় জাতীয় গ্রামীণ উন্নয়ন প্রকল্প ইত্যাদি কাজকর্ম আপাততঃ বন্ধ আছে, তবে বিকল্প ব্যবস্থা করে খয়রাতি সাহায্য (জি আর) বন্টন এখনও চালু রাখা হয়েছে।

(খ) সরকার পক্ষ এই ব্যাপারে আইনগত ব্যবস্থা নিচ্ছেন।

**'Fact Finding Committee' on Small and Medium Newspapers**

**375.** (Admitted Question No. 873.) **Shri Abdul Mannan:** Will the Minister-in-charge of the Information & Cultural Affairss Department be pleased to state-

(a) Whether the State Government has taken steps to implement the recommendations of the 'Fact Finding Commitee' on Small and Medium Newspapers regarding making the

Advertising policy of the State Government open and well circulated to enable the newspapers to conform to the standard required of them ; and

(b) if so-

(i) what steps have been-taken by the State Government in the matter ;

(ii) whether the Advertising Policy of the State Government has been published in Calcutta Gazette ; and

(iii) what is the policy of the State Government regarding imposing ban and\or restriction on release of Government advertisement to Small and Medium Newspapers?

**Minister-in-charge of Information and Cultural Affairs Department** : (a) Yes.

(b) (i) On the basis of the recommendations of this Committee steps have been taken to make the advertising policy of the State Government more open.

(ii) No.

(iii) State Government may impose ban or restriction on release of Government advertisement if a newspaper indulged in catering motivated news, character-assassination stories or preaching violence or communal hatred.

**হাওড়া জেলার উলুঘাটায় স্লুইসের উপর রাস্তার কাজ**

৩৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ৯০২।) **শ্রীরবীন্দ্র ঘোষ** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) ইহা কি সত্য যে, হাওড়া জেলার উলুঘাটার ৫৮ গেটের স্লুইস-এর উপর রাস্তাটির কাজ বর্তমানে বন্ধ আছে ;

(খ) সত্য হইলে, তার কারণ কি ;

(গ) উক্ত রাস্তা নির্মাণ করিবার জন্য কোন অর্থ মঞ্জুর করা হইয়াছে কিনা;

(ঘ) হইলে তাহার পরিমাণ কত ; এবং

(ঙ) উক্ত রাস্তার কাজ কবে নাগাত শেষ হইবে বলিয়া আশা করা যায়?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী** : (ক) না, বর্তমানে রাস্তাটির কাজ চলিতেছে।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) হ্যাঁ, অর্থ মঞ্জুর করা হইয়াছে।

(ঘ) ৩ লক্ষ ৯৭ হাজার ৪ শত ৯ টাকা।

(ঙ) বর্তমানে বছরের (১৯৮৫) এপ্রিলে শেষ হইবে বলিয়া আশা করা যায়।

## Durgapur Chemicals Ltd.

**377.** (Admitted Question No.954.) **Shri Deoki Nandan Poddar:** Will the Minister-in-charge of the Public Undertaking Department be pleased to state-

(a) Whether it is fact that capacity utilisation of Durgapur Chemicals Ltd. has declined during period between 1976-77 to 1983-84;

(b) If so,-

(i) what is the variation in capacity utilisation during the period mentioned above;

(ii) the total loss substained by the Durgapur Chemicals Ltd. due to under-utilisation of capacity during the period mentioned above; and

(iii) the steps, if any taken to improve the capacity utilisation of Durgapur Chemicals Ltd. and with what results?

**Minister-in-charge of Public Undertakings Department :** (a) No. There have been variations in capacity utlisation during the relevant period.

(b) (i) Variation in the capacity utilisation has been shown in the Annexure-I.

(ii) Yearwise loss sustained by the Durgapur Chemicals Ltd. can not be attributed to the under-utilisation of capacity alone as there are other factor like technology obsolescence restricted market, disproportionately high input cost compared to rise in sales price, non-availability of essential raw materials, etc., which are responsible for this. It is not possible to ascertain the quantum of loss attributable only to under-utilisation of capacity of different plants yearwise.

(iii) During the Sixth Five-Year Plan the Company launched upon a scheme of rectification/modification of its existing plants with a view to improving the capacity utilisation. As a result of this scheme there has been significant improvement in the capacity utilisation of some of its major plants like Caustic/Chlorine plant, Monochlorobenzene plant and P.C.P. plant, which can now operate at least at a capacity of 80 per cent. on sustained basis.

Statement referred to in reply to clause (b)(i) of Question No/ 377 (Admitted Question No. 954)

**DURGAPUR CHEMICALS LIMITED**

**Production Performance at a Glance**

ANNEXURE - I

Period : 1976-84

%=Percentage of Capacity Utilization.

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| 1. Plant | Phthalic Anhydride | Caustic- Chlorine | | Phenol Group | | Chloro Phenol | |
| 2. Products | Phthalic Anhydride | Caustic Soda-Lye | Liquid Cholo-rine | Monoch-lorobcn-zene | Synthetic Phenol | Penta-chloro-Phenol (P) | Sodium Pentach loro-phenate |
| 3. Year ended on 31st March | % | % | % | % | % | % | % |
| 1976(audited).. | 53 | 37 | 26 | 16 | 6 | 4 | ... |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| 1977(audited).. | 46 | 40 | 24 | 13 | 4 | 2 | ... |
| 1978(audited)... | 71 | 24 | 11 | 5 | 1 | 3 | .... |
| 1979(audited).. | 42 | 16 | 6 | 1 | .... | 1 | ..... |
| 1980(audited).. | 26 | 19 | 8 | 4 | .... | 1 | .... |
| 1981(audited).. | 1 | 48 | 27 | 4 | .... | 1 | ..... |
| 1982(audited)... | 44 | 55 | 32 | 5 | 1 | 6 | ..... |
| 1983(audited)... | 47 | 71 | 45 | 21 | 1 | 20 | ..... |
| 1984(audited)... | 18 | 71 | 48 | 19 | ..... | 5 | .... |

**হলদিয়ায় ইলেকট্রনিক ইন্ডাষ্ট্রিয়াল কমপ্লেক্স স্থাপন**

**৩৭৮।** (অনুমোদিত প্রশ্ন নং ৯৮১।) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) হলদিয়াতে ইলেকট্রনিক কমপ্লেক্স স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে উক্ত কাজ কবে নাগাদ শুরু হইবে বলিয়া আশা করা যায়?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

**কলিকাতা বিশ্ববিদ্যালয় (সংশোধনী) বিল**

**৩৭৯।** (অনুমোদিত প্রশ্ন নং ৯৮৭।) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, বিগত বিধানসভায় গৃহীত "কলিকাতা বিশ্ববিদ্যালয় সংশোধনী বিল"টি বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** বিগত বিধানসভায় গৃহীত "কলিকাতা বিশ্ববিদ্যালয় সংশোধনী বিল"টি রাজ্যপালের নিকট অনুমোদনের জন্য ৩১এ মার্চ তারিখে পাঠানো হয়েছিল। রাষ্ট্রপতিকে লেখা রাজ্যপালের লেখা রাজ্যপালের চিঠির প্রাপ্ত একটি অনুলিপি থেকে জানা যায় যে বিলটি রাষ্ট্রপতির অনুমোদনের জন্য পাঠানো হয়েছে এবং বিলটি বর্তমানে রাষ্ট্রপতির অনুমোদনের অপেক্ষায় আছে।

**শিল্প অধিগ্রহণের শর্ত**

**৩৮০।** (অনুমোদিত প্রশ্ন নং ১০২৭।) **শ্রীবিভূতিভূষণ দে :** শিল্প পুনর্গঠন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) শিল্প অধিগ্রহণ করার ক্ষেত্রে বর্তমান কেন্দ্রীয় সরকার নতুন কোন শর্ত আরোপ করেছেন কিনা; এবং

(খ) করিলে, উক্ত শর্ত/শর্তগুলি কি?

**শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

**বিজ্ঞান শাখা খোলার অনুমোদনপ্রাপ্ত কলেজ**

**৩৮১।** (অনুমোদিত প্রশ্ন নং ১০৩৩।) **শ্রীবিভূতিভূষণ দে :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) ১৯৮৪-৮৫ শিক্ষাবর্ষে পশ্চিমবঙ্গে কতগুলি মহাবিদ্যালয়কে বিজ্ঞান শাখা খোলার অনুমতি দেওয়া হয়েছে; এবং

(খ) ১৯৮৫-৮৬ শিক্ষাবর্ষে কতগুলি মহাবিদ্যালয়কে বিজ্ঞান শাখা খোলার অনুমতি দেওয়ার পরিকল্পনা আছে?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) তিনটি।

(খ) বিষয়টি বিবেচনাধীন আছে।

**আর এল ই জি পি প্রকল্পে রাজ্যের অর্থ ব্যয়**

**৩৮২।** (অনুমোদিত প্রশ্ন নং ১০৩৮।) **শ্রীশ্রীধর মালিক :** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) ১৯৮৪-৮৫ (ফেব্রুয়ারি মাস পর্যন্ত) বর্ষে আর এল ই জি পি প্রকল্পে এ রাজ্যে মোট কত টাকা ব্যয় করা হয়েছে;

(খ) উক্ত টাকা কোন্ কোন্ কাজে বিশেষভাবে খরচ করা হয়েছে;

(গ) প্রাথমিক স্কুল নির্মাণে এই টাকা খরচ করা হয়েছে কিনা;

(ঘ) হইলে, উক্ত বাবদে—

(১) মোট কত টাকা ব্যয় করা হয়েছে, ও

(২) উক্ত সময়ে মোট কতগুলি স্কুল ঘর তৈরি হয়েছে?

**পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) ৭৬৯.০১ লক্ষ টাকা।

(খ) গ্রামীণ সংযোগকারী পথ, ক্ষুদ্রসেচ, সামাজিক বন-সৃজন, ভূমি-সংস্কার, মৎস্য চাষ উন্নয়ন ও প্রাথমিক বিদ্যালয় গৃহনির্মাণজনিত খাতে উক্ত টাকা খরচ করা হয়েছে।

(গ) হ্যাঁ।

(ঘ) (১) ও (২) ১১২.৯৫ লক্ষ টাকা ব্যয়ে ৫৬৭টি প্রাথমিক বিদালয় গৃহ নির্মাণ কাজে হাত দেওয়া হয়েছে। নির্মাণকার্য চলছে।

## Subsidence of soil caused by unsafe areas due to mining opertions

**383.** (Admitted Question No. 1063.) **Shri Rajesh Khaitan :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state-

(a) Whether it is fact that some places in the Raniganj-Asansol belt have been declared unsafe for human habitation following subsidence caused by underground mining operation ;

(b) If so,-

(i) the name of such areas/places considered unsafe for habitation ;

(ii) the steps taken and/or contemplated by the State-government in the matter.

**Minister-in-charge of the Commerce and Industries Department :** Yes. 4 towns and 32 villages in the Raniganj-Asansol belt have been declared unsafe by the director General of Mines Safety, Dhanbad.

(b) (i) A statement in placed below.

(ii) Coal in Raniganj is mined by subsidies of Coal India Ltd. - a Government of India undertaking. Inspite of that the State Government has taken the following steps :-

(a) The State Government has already acquired land (2.24 acres) for E.C.L. at P.S. Asansol for Piolot Study Project at Ramjibanpur Colliery, and the work has already started.

(b) The Piolot Study Project submitted by the Chairman Asansol-Durgapur Development Authority for stablising the surface in Raniganj-Asansol Coal belt has already been taken up with the help of the E.C.L. and the matter is being reviewed with The District Authority and others regularly.

(c) The State Government is fully aware of the problems of

subsidence in Raniganj-Asansol coal belt. A meeting was held on 8-1-1985 in the Chamber of Secretary, Commerce and Industries Department, where Distris Magistrate, Budwan, the Chairman, Asansol-Durgapur Development Authority and the representative of Raniganj Chamber of Commerce were present.

As disired by the tecnical experts present in that meeting, Director of Central Mining Research Station was requested to undertake a stydy and let this Department know as to whether any area in Raniganj-Asansol coal belt is going to be more unsafe due to subsdence, C.M.R.S agreed to take up the study subject to availabilty of fund. We have requested the Chairman and Managing Director of the Eastern Coalfields Ltd. to release the fund in favour of C.M.R.S early for undertaking the study.

The statement referred to clause b(i) of unstarred question No. 385

(admitted question No.1063)

**TOWNS**

1. Raniganj, (2) Barakar, (3) Asansol, (4) Jamuria (Bazar).

**VILLAGES**

1. Fathepur, (2) Belrui, (3) Aluthia and Borachak. (4) Bahula, (5) Sikarpur Bastee and Kajoragram (Part), (6) Kenda, (7) Santhal Basti at Kebda Seam, (8) Topsi (Part), (9) Houses around Danbad Colliery, (10) Banbidd, (11) Borachak:Ramijibanpur Colliery, (12) Chaitirdanaga, (13) Dhobagan, (14) Haripur, (15) Hurmadanga, (16) Janakpur Bastee, (17) Nandi, (18) Seebpur, (19) Kendua Bazar, (20) Santhal bastee, Jemehari Khas East Colliery, (21) Central Kenda, (22) Khairadanga, (23) Hutments Near Mahabir Colliery, (24) Bhutdoba Colliery Hutments, (25) Kuardih, (26) Pankiary. (27) Santhal Bastee, East Jemehari Colliery, (28) Palasbagan, (29) Sanctoria, (30) Choto Dhemo, (31) Bustee, Ghusic Colliery and (32) Dhandadih.

**জলঢাকা নদীর বাঁধের জন্য জমি অধিগ্রহণ**

৩৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ১১০৪।) **শ্রী তারকবন্ধু রায় :** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের

মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) ১৯৭৭ সালের জুন মাস হইতে এ পর্যন্ত জলপাইগুড়ি জেলায় জলঢাকা নদীর বাঁধের জন্য কি পরিমাণ জমি অধিগ্রহণ করা হয়েছে;

(খ) উক্ত সময়ে অধিগৃহীত জমির ক্ষতিপূরণ বাবত (১) কত টাকা দেওয়া হয়েছে, এবং

(২) কত টাকা এখনও বাকী আছে?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) ১৯০.৬৮ একর

(খ) (১) ৬,২০,০৩৮ টাকা ৮২ পয়সা।

(২) কালেকটারের এওয়ার্ড চূড়ান্তভাবে নিষ্পত্তি না হওয়া পর্যন্ত সঠিকভাবে বলা যাবে না।

**রুগ্ন শিল্প জাতীয়করণ**

৩৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ১১০৮।) **শ্রীঅমলেন্দ্র রায় :** শিল্প পুনর্গঠন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) রুগ্ন শিল্প জাতীয়করণ কোন কর্মসূচী আছে কি;

(খ) ঐ কর্মসূচী রূপায়ণের ক্ষেত্রে প্রধান অন্তরায় কি; এবং

(গ) উক্ত অন্তরায় দূরীকরণের কি ব্যবস্থা করা হয়েছে?

**শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) শিল্প (উন্নয়ন এবং নিয়ন্ত্রণ) ১৯৫১ আইন বলে পশ্চিমবঙ্গে অবস্থিত অধিগৃহীত যে শিল্প সংস্থাগুলির ক্ষেত্রে রাজ্য সরকার অথবা ইহার পরিচালিত সংস্থা পরিচালক হিসাবে নিযুক্ত হয়েছেন, সেগুলিকে রাজ্য সরকার পর্যায়ক্রমে জাতীয়করণ করার সিদ্ধান্ত নিয়েছেন।

(খ) কেন্দ্রীয় সরকার সম্প্রতি সিদ্ধান্ত নিয়েছেন যে অধিগৃহীত শিল্পের জাতীয়করণের ক্ষেত্রে ব্যাঙ্ক ও অর্থলগ্নী প্রতিষ্ঠানগুলির প্রাপ্য অধিগ্রহণ পূর্ববর্তী সমুদয় ঋণ সুদ সহ পরিশোধের ব্যবস্থা রাজ্য সরকারকে নিতে হবে। এই সর্ত অধিগৃহীত শিল্প সংস্থা জাতীয়করণের কর্মসূচী রূপায়ণে অন্তরায় সৃষ্টি করেছে কারণ রাজ্য সরকারের পক্ষে ঐ বিরাট ব্যায়ভার বহণ করা সম্ভব নহে।

(গ) জাতীয়করণের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার সংশোধিত নীতির পুনরবিবেচনা করার জন্য কেন্দ্রীয় সবকারকে অনুরোধ জানানো হয়েছে।

**দীঘা উন্নয়ন**

৩৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ১১১৩।) **শ্রীসরল দেব :** পর্যটন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) দীঘাকে টুরিস্টদের নিকট আরও আকর্ষণীয় করার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) থাকিলে, উক্ত পরিকল্পনা কবে নাগাত কার্যকরী হইবে?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) হ্যাঁ, আছে

(খ) ১৯৭৫ সালে রচিত উন্নয়ন পরিকল্পনা অনুসারে প্রতি বছরই কিছু কিছু কর্মসূচী সম্পূর্ণ করা হচ্ছে।

**কলেজ ও বিদ্যালয়ের অশিক্ষক কর্মচারীদের বেতন কাঠামো**

**৩৮৭।** (অনুমোদিত প্রশ্ন নং ১১১৪।) **শ্রীসরল দেব :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) কলেজের অশিক্ষক কর্মচারী ও বিশ্ববিদ্যালয়ের অশিক্ষক কর্মচারীদের সমহারে বেতন কাঠামো চালু করার কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকলে কবে নাগাত তা চালু হবে?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) এরূপ কোন পরিকল্পনা বর্তমানে সরকারের বিবেচনাধীন নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

**কাঁথিতে সরকারী উদ্যোগে লবণ কারখানা স্থাপন**

**৩৮৮।** (অনুমোদিত প্রশ্ন নং ১১১৭।) **শ্রীপ্রবোধচন্দ্র সিংহ :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) কাঁথি মহকুমার সমূদ্রসৈকতে সরকারী উদ্যোগে লবণ উৎপাদন কেন্দ্র স্থাপনে কোন পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকিলে উক্ত পরিকল্পনা রূপায়ণে কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) আছে।

(খ) পরিকল্পনা রূপায়ণের দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। রাজ্য সরকার জমির ব্যবস্থা করছেন।

**ঘাটাল মহকুমায় সেচ বিভাগের মেরামতির কাজ**

**৩৮৯।** (অনুমোদিত প্রশ্ন নং ১১৯৩।) **শ্রীগোপাল মন্ডল :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) ১৯৮৪-৮৫ আর্থিক বছরে (জানুয়ারী মাস পর্যন্ত) ঘাটাল মহকুমায় সেচ বিভাগের কি পরিমাণ মেরামতির কাজ হয়েছে।

(খ) উক্ত সময়ে ঘাটাল ব্লকে সেচ বিভাগের কি কি কাজ হয়েছে; এবং

(গ) উক্ত মহকুমায় উক্ত বাবত কত টাকা খরচ হয়েছে?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) ১৯৮৪-৮৫ আর্থিক বছরে (জানুয়াবি মাস পর্যন্ত) ঘাটাল মহকুমাতে নিম্নলিখিত আর্থিক পরিমাণের কাজ হইয়াছে :-

(১) সেচ দপ্তরের বাঁধ, স্লুইশ ইত্যাদি স্বাভাবিক ক্ষয়ক্ষতিজনিত মেরামতির ২,৫৪,৩৩০ টাকা

(আনুমানিক) কাজ।

(২) ১৯৮৪ সালের বন্যাজনিত ক্ষয়ক্ষতির মেরামতির ৫৭,৬৩,৪৫৭ টাকা (আনুমানিক) কাজ।

(খ) উক্ত সময়ে ঘাটাল ব্লকে সেচ বিভাগের বাঁধ, স্লুইশ ইত্যাদির স্বাভাবিক ক্ষয়ক্ষতিজনিত মেরামতি ও ১৯৮৪ সালের বন্যাজনিত মেরামতি বাবত আনুমানিক ২৫,৫১,৩৬৯ টাকার কাজ হইয়াছে।

(গ) উক্ত মহকুমার উক্ত বাবত সংশ্লিষ্ট কর্মচারীদের বেতন ৩,৬২,৮০০ টাকা সহ মোট ৬৩,৮০,৫৮৭ টাকা খরচ হইয়াছে।

**দুর্গাপুর ব্যারাজ হইতে বানজোড়া পর্যন্ত দামোদর নদের বাঁধ মেরামত**

**৩৯০।** (অনুমোদিত প্রশ্ন নং ১২৪৭।) **শ্রী নবনী বাউরী :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া জেলায় দামোদর নদের উপর দুর্গাপুর ব্যারাজের দক্ষিণ দিকে যে বাঁধটি দুর্গাপুর ব্যারাজ হইতে মেজিয়া থানার বানজোড়া পর্যন্ত গিয়াছে তাহা বহু স্থানে নষ্ট হইয়া গিয়াছে;

(খ) সত্য হইলে, উক্ত বাঁধটি মেরামতের কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে; এবং

(গ) উক্ত বাঁধটি মেজিয়া পর্যন্ত সম্প্রসারিত করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) হ্যাঁ, ইহা সত্য।

(খ) মেরামত করার বিষয় বিবেচনাধীন আছে।

(গ) না, বাঁধটি মেজিয়া পর্যন্ত সম্প্রসারিত করার কোন পরিকল্পনা এখনও পর্যন্ত নাই।

**ভগবানপুর-নন্দীগ্রাম মাস্টার প্ল্যান**

**৩৯১।** (অনুমোদিত প্রশ্ন নং ১২৬৩।) **শ্রী প্রশান্তকুমার প্রধান :** গত ২৯-২-১৯৮৪ তারিখের প্রশ্ন নং *৩৫ (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৯) - এর উত্তর উল্লেখপূর্বক সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) ভগবানপুর-নন্দীগ্রাম মাস্টার প্ল্যানের মধ্যে ভগবানপুর থানার কোন্ কোন্ খাল/স্লুইশ এবং কাঠের ব্রীজ অন্তর্ভুক্ত হয়েছে;

(খ) উক্ত মাস্টার প্ল্যানের জন্য মোট কত টাকা ধরা হয়েছে; এবং

(গ) ১৯৮৪-৮৫ (ফেব্রুয়ারী মাস পর্যন্ত) আর্থিক বৎসরে উক্ত বাবতে কত টাকা খরচ করা হয়েছে?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) ভগবানপুর-নন্দীগ্রাম মাস্টার প্ল্যানের মধ্যে ভগমানপুর থানার নিম্নলিখিত খাল/স্লুইশ এবং কাঠের ব্রীজ অন্তর্ভুক্ত হয়েছে :-

খাল

১। কলাবেড়িয়া এবং শাখা,

২। দুনিয়া খাল এবং শাখা,

৩। শশীগঞ্জ খাল এবং শাখা,

৪। পরাঙ্গা খাল এবং আটটি ছোট খাল,

৫। বুরুন্দা খাল এবং নর খাল,

৬। মগরাজপুর খাল এবং কুমীরমারী খাল,

৭। মুরাদপুর খাল এবং অন্যান্য ছোট খাল।

**স্লুইশ**

১। দুনিয়া খালের উপর নূতন স্লুইশ,

২। কলাবেড়িয়া স্লুইশ,

৩। ঢেউভাঙ্গা-নরঘাট মগরাজপুর স্লুইশ,

৪। উত্তরবার-ঢেউভাঙ্গা স্লুইশ,

৫। ফ্রীজ এরিয়া অব এইচ টি সি-২,

৬। অন্যান্য ছোট কয়েকটি স্লুইশ সংস্কার।

**কাঠের ব্রীজ**

নিম্নলিখিত কাঠের সেতুর সংস্কারেব কাজ ঃ-

১। দুনিয়া খালের উপর সেতু,

২। কুমারী মারী খালের উপর সেতু,

৩। কলাবেড়িয়া খালের উপর সেতু,

৪। গরঙ্গা খালের উপর সেতু,

৫। বানিতলা খালের উপর সেতু,

৬। নারান্দারি খালের উপর সেতু,

৭। বুরুন্দা খালের সেতু।

(খ) ভগবানপুর-নন্দীগ্রাম ড্রেনেজ পরিকল্পনার জন্য আনুমানিক ২.৩৫ কোটি টাকা খরচ হবে।

(গ) কোন খরচ করা হয় নাই।

**কাঁথি মহকুমার দক্ষিণ দিকে সমুদ্র বাঁধ মেরামত**

**৩৯২। (অনুমোদিত প্রশ্ন নং ১২৭৫।) শ্রীশিশির অধিকারী :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) কাঁথি মহকুমার দক্ষিণে কত মাইল সমুদ্র বাঁধ আছে;

(খ) ঐ বাঁধের কত মাইল বর্তমানে ক্ষতিগ্রস্থ অবস্থায় আছে;

(গ) বর্তমানে উক্ত বাঁধ মেরামতের জন্য কোন অর্থ বরাদ্দ করা হইয়াছে কিনা; এবং

(ঘ) ১৯৭৭ সালের জুন মাস হইতে এ পর্যন্ত উক্ত কার্যে মোট কত টাকা ব্যয় হইয়াছে (বছরওয়ারী হিসাব)?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) কাঁথি মহকুমার দক্ষিণে ৪১ মাইল সমুদ্র বাঁধ আছে।

(খ) বর্তমানে ২৮ মাইল বাঁধ কমবেশী ক্ষতিগ্রস্থ অবগ্রস্থ অবস্থায় আছে।

(গ) না, বর্তমানে বাঁধ মেরামতের জন্য কোন বিশেষ পরিমান অর্থ বরাদ্দ করা হয় নাই। বাৎসরিক ব্যয়বরাদ্দ থেকে যথাসম্ভব করা হবে।

(ঘ) ১৯৭৭-৭৮ হইতে ১৯৮৪-৮৫ পর্যন্ত মোট ৭১.১১ লক্ষ টাকা ব্যয় হইয়াছে -

| | | | |
|---|---|---|---|
| ১৯৭৭-৭৮ | ... | ... | শূন্য |
| ১৯৭৮-৭৯ | ... | ... | ৩৬.১৯ লক্ষ |
| ১৯৭৯-৮০ | ... | ... | ৮.০৯ লক্ষ |
| ১৯৮০-৮১ | ... | ... | ২.৪০ লক্ষ |
| ১৯৮১-৮২ | ... | ... | ১০.২২ লক্ষ |
| ১৯৮২-৮৩ | ... | ... | শূন্য |
| ১৯৮৩-৮৪ | ... | ... | ১২.৬৪ লক্ষ |
| ১৯৮৪-৮৫ | ... | ... | ১.৫৭ লক্ষ |

**বীরভূম জেলা পরিষদ কর্তৃক আর ই জি পি প্রকল্প চালুকরণ**

**৩৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৩০৯।) ডাঃ মোতাহার হোসেন :** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) ১৯৮৪-৮৫ (ফেব্রুয়ারী মাস পর্যন্ত) বৎসরে জেলা পরিষদ কতগুলি আর এল ই জি পি প্রকল্পের কাজ চালু করেছেন; এবং

(খ) তম্মধ্যে মুরারাই বিধানসভা নির্বাচন কেন্দ্রে উক্ত চালু প্রকল্পের সংখ্যা কত?

**পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) একান্নটি

(খ) একটি

**গোঘাটের কাঁটালীতে অবস্থিত শৈলেশ্বর মন্দির সংস্কার**

**৩৭৪।** (অনুমোদিত প্রশ্ন নং ১৩৬৮।) **শ্রীশিবপ্রসাদ মালিক :** তথ্য ও সংস্কৃতি বিষয়ের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) গোঘাটের কাঁটালীতে অবস্থিত মোঘল যুগের শৈলেশ্বর মন্দিরের সংস্কার ও রক্ষণাবেক্ষণার্থে সরকার কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কি; এবং

(খ) করিয়া থাকিলে, কতদিনে উক্ত পরকল্পনাটি কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

**তথ্য ও সংস্কৃতি বিষয়ের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**২৪-পরগনা জেলায় প্রাথমিক শিক্ষক নিয়োগ**

**৩৭৫।** (অনুমোদিত প্রশ্ন নং ১৩৯৯।) **শ্রীসুভাষ নস্কর :** শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) ২৪-পরগণা জেলায় বর্তমানে প্রাথমিক শিক্ষক নিয়োগের ক্ষেত্রে কোন আইনগত বাধা আছে কি; এবং

(খ) থাকলে, ঐ বাধা অপসারণের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন এবং কবে নাগাত পুনরায় নিয়োগ করা সম্ভব হবে?

**শিক্ষা (প্রাথমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) হ্যাঁ।

(খ) এ ব্যাপারে সরকারের কিছুই করণীয় নেই। তবে জানা গেছে যে, ২৪-পরগনা জেলা বিদ্যালয় পর্ষদ বাধা অপসারণের জন্য আইনগত ব্যবস্থা নিচ্ছেন।

**সুন্দরবন উন্নয়ন পর্ষদে বয়স্ক শিক্ষা ব্যবস্থা**

**৩৭৬।** (অনুমোদিত প্রশ্ন নং ১৪১৩।) **শ্রীসুভাষ নস্কর :** উন্নয়ন ও পরিকল্পনা (সুন্দরবন এলাকা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) ইহা কি সত্য যে, সুন্দরবন উন্নয়ন পর্ষদের বয়স্ক শিক্ষা ব্যবস্থা তুলে দেওয়া হচ্ছে; এবং

(খ) সত্য হ'লে, উক্ত ব্যবস্থার সঙ্গে যুক্ত শিক্ষকদের চাকুরির ক্ষেত্রে কি ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে?

**উন্নয়ন পরিকল্পনা (সুন্দরবন এলাকা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) যেহেতু রাজ্য শিক্ষা দপ্তরের সারা রাজ্যের ন্যায় সুন্দরবন অঞ্চলেও বয়স্ক শিক্ষাসূচী আছে, সেইহেতু সুন্দববন উন্নয়ন পর্ষদের সভায় স্থির হইয়াছে যে, পর্ষদের পরিচালনাধীন বয়স্ক শিক্ষাকেন্দ্রগুলি শিক্ষা দপ্তরের নিকট হস্তান্তর করা হইবে। সেইমত শিক্ষা দপ্তরের সহিত আলোচনা চলিতেছে।

(খ) শিক্ষা দপ্তরের হস্তান্তরিত হইলে উক্ত দপ্তরেই উহাদের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ

করিবেন।

**নদীয়া জেলায় গঙ্গার ভাঙন প্রতিরোধ ব্যবস্থার দাবিতে গণ ডেপুটেশন**

৩৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৪১৫।) **শ্রীদেবপ্রসাদ সরকার** : সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) ইহা কি সত্য যে, নদীয়া জেলার ফুলিয়ায় কৃত্তিবাসের ভিটে সহ বেশ কিছু গ্রাম গঙ্গার ভাঙনের ফলে বিপন্ন এবং অবিলম্বে গঙ্গার উল্লিখিত ভাঙনের মুখ থেকে বিপন্ন গ্রামগুলিকে রক্ষা করার দাবি জানাতে গত ১৮-২-১৯৮৫ তারিখে ভাগীরথী ভাঙন প্রতিরোধ কমিটির ডাকে ঐ এলাকার জনসাধারণ কলকাতার মহাকরণে মুখ্যমন্ত্রীর কাছে গণ ডেপুটেশন দিয়েছেন;

(খ) সত্য হ'লে, গঙ্গার এই ভাঙন প্রতিরোধে সরকার কোন পরিকল্পনা গ্রহণ করেছেন কি?

(গ) করে থাকলে পরিকল্পনা কি; এবং

(ঘ) উক্ত পরিকল্পনা কবে নাগাত কার্যকরী হবে?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী** : (ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ। করিয়াছেন।

(গ) নদীয়া জেলার শান্তিপুর থানার ফুলিয়া, পাম্পলিয়া, মালিপোতা, তারাপুর, ইত্যাদি গ্রামগুলির ভাগীরথীর ভাঙন থেকে রক্ষা করার জন্য ঐ নদীর ৯,০০০ ফুট বামপাড় বাঁধাবার ১,২৮,৫৪,০০০ টাকার একটি পরিকল্পনা বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

(ঘ) প্রকল্পটি অনুমোদিত হইলে, এবং প্রয়োজনীয় অর্থের সংস্থান হইলে কাজ আরম্ভ করা যাইবে।

**বিশ্ববিদ্যালয়ের মধ্যে সি আর পি এফ-এর অবস্থান**

৩৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৪২৬।) **শ্রীঅমলেন্দ্র রায়** : শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) সম্পত্তি ইত্যাদি রক্ষার জন্য কোন্ কোন্ বিশ্ববিদ্যালয়ের মধ্যে সি আর পি এফ (সেন্ট্রাল রিজার্ভ পুলিস ফোর্স) রাখা হয়েছে; এবং

(খ) সি আর পি এফ ছাড়া স্বাভাবিক অবস্থা বজায় রাখা সম্ভব না হওয়ার কারণ কি?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী** : (ক) কোন বিশ্ববিদ্যালয়েরই রাখা হয় নি।

(খ) প্রশ্ন ওঠে না।

**কেলেঘাই ও কপালেশ্বরী নদীর বাঁধ মেরামত**

৩৯৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৫০৩।) **ডাঃ মানস ভূঞ্যা** : সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলায় সবং ব্লকে কেলেঘাই ও কপালেশ্বরী নদীর বাঁধগুলি এবং পুরানো জমিদারী খাল ও নদীর বাঁধগুলিতে কয়েক বৎসর নূতন মাটির কাজ হয় নি; এবং

(খ) সত্য হলে, উক্ত ব্যাপারে সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) ইহা সত্য নহে। প্রতি বৎসর অর্থের সঙ্কুলান অনুসারে মেরামতির কাজ করা হয়।

(খ) এ প্রশ্ন ওঠে না।

**অবর বিদ্যালয় পরিদর্শকদের পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে নিয়োগ**

**৪০০।** (অনুমোদিত প্রশ্ন নং ১৫২৮।) **শ্রীসরল দেব :** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) অবর বিদ্যালয় পরিদর্শকদের পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে নিয়োগ করা হয় কিনা

(খ) না হলে, ভবিষ্যতে কমিশনের মাধ্যমে নেওয়ার কোন পরিকল্পনা আছে কি; এবং

(গ) পরিকল্পনা থাকলে কবে থেকে নেওয়া হবে?

**শিক্ষা (মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) না।

(খ) বর্তমানে নাই।

(গ) প্রশ্ন উঠে না।

**নন্দীগ্রাম নির্বাচন কেন্দ্রে ক্ষুদ্র শিল্প স্থাপন**

**৪০১।** (অনুমোদিত প্রশ্ন নং ১৫৪১।) **শ্রীভূপালচন্দ্র পান্ডা :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) ১৯৭৭ সালের জুন মাস হইতে এ পর্যন্ত মেদিনীপুর জেলার নন্দীগ্রাম নির্বাচন কেন্দ্রে কোথায় কোথায় কত সংখ্যক কি কি ক্ষুদ্র শিল্প গড়ে তোলা হয়েছে;

(খ) উক্ত সময়ে কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগ কর্তৃক কি পরিমাণ ঋণ দেওয়া হয়েছে;

(গ) এ পর্যন্ত কি পরিমাণ উক্ত ঋণ আদায় হয়েছে; এবং

(ঘ) উক্ত শিল্পের কতগুলি বর্তমানে চালু আছে?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) সংশ্লিষ্ট বিবরণ লাইব্রেরী টেবিলে দেওয়া হোল।

(খ) উক্ত সময়ে কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগ কর্তৃক বি এস এ আই অ্যাক্ট অনুসারে ৩৫,০০০ টাকা ঋণ দেওয়া হয়েছে।

(গ) এ পর্যন্ত কিছুই আদায় হয় নাই।

(ঘ) টালির কারখানা দুটি ও কাঠের আসবাবপত্রের কারখানা একটি ছাড়া বাকি সবই চালু আছে।

**বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় তালগাছ রোপণ**

৪০২। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৪৮।) **শ্রীসুভাষ গোস্বামী :** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, বাঁকুড়া-পুরুলিয়া বনাঞ্চলে বা পাহাড়ী এলাকায় তালগাছ লাগানোর কোন পরিকল্পনা সরকারের আছে কি?

**বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** না।

**পঞ্চায়েত কর্তৃক আদায়ীকৃত কর**

৪০৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৮৭।) **শ্রীঅনিল মুখার্জী :** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

১৯৮০-৮১ সালে এ রাজ্যে পঞ্চায়েত কর্তৃক আদায়ীকৃত করের পরিমাণ কত?

**পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

| স্তরের নাম | আদায়ীকৃত করের পরিমাণ |
|---|---|
| | টাকা |
| (ক) জিলা পরিষদ ... .. ... | ৯,৯১,৬৩৫.০০ |
| (খ) পঞ্চায়েত সমিতি ... .. ... | ৭,৪১,৩১২.০০ |
| (গ) গ্রাম পঞ্চায়েত ... .. | ১,৯০,৯৩,৯০৫.০০ |
| মোট .. ... | ২,০৮,২৬,৮৫২.০০ |

(দুই কোটি আট লক্ষ ছাব্বিশ হাজার আটশত বাহান্ন টাকা)

**কালিদাসপুর কয়লাখনি**

৪০৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৬২৫।) **শ্রীউপেন্দ্র কিস্কু :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, ইহা সত্য যে, কেন্দ্রীয় সরকারের অনুমোদন না পাওয়ায় কালিদাসপুরে কয়লাখনির কাজ এখনও শুরু করা যায় নি?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** কালিদাসপুর কয়লাখনি প্রকল্প ভারত সরকারের সংস্থা ইস্টার্ন কোলফিল্ড লিমিটেড-এর অধীন। এই সংস্থা জানাইয়াছে যে, ইস্টার্ন কোলফিল্ড লিমিটেড এখনও চূড়ান্ত প্রকল্প ভারত সরকারের অনুমোদনের জন্য পাঠায় নাই।

**দীঘা সৈকতের অবক্ষয় রোধ**

৪০৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৫৮।) **শ্রীঅবন্তী মিশ্র :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, দীঘা সৈকতের অবক্ষয় রোধের উদ্দেশ্যে "অ্যান্টি সী-ইরোসন স্কীম দীঘা

সী-বীচ বিয়ন্ড লেগুন অ্যান্ড প্যারালেল টু দি সী আপ টু দীঘা মোহনা অ্যাট দি ইস্ট" বোল্ডার পাথর দিয়ে বাঁধ নির্মাণ করার কোন স্কীম (প্রস্তাব) সরকারের আছে কি?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** হ্যাঁ, আছে।

**জেলা কাউন্সিল**

৪০৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৯৪।) **ডাঃ মানস ভূঞ্যা : শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক)** বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) পশ্চিমবঙ্গ সরকার নূতন আইন অনুসারে জেলা কাউন্সিলগুলি গঠন করিয়াছেন কি;

(খ) না করিয়া থাকিলে তাহার কারণ কি; এবং

(গ) জেলা কাউন্সিলগুলির নির্বাচন কোন্ মাসে ও কোন্ তারিখে হইবে?

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) না।

(খ) সরকার যথাসম্ভব সত্বর ১৯৭৩ সালের ওয়েস্ট বেঙ্গল প্রাইমারী এডুকেশন অ্যাক্ট, ১৯৭৩ চালু করে ঐ আইন অনুযায়ী জেলা প্রাইমারী স্কুল কাউন্সিলগুলি গঠন করতে চান। কিন্তু উক্ত আইনের কয়েকটি অস্পষ্টতা দূর করার জন্য ১৯৮৩ সালে বিধানসভায় ওয়েস্ট বেঙ্গল প্রাইমারী এডুকেশন (অ্যামেন্ডমেন্ট) বিল গৃহীত হয় এবং তা রাষ্ট্রপতির সম্মতির জন্য প্রেরণ করা হয়। আজও উহা রাষ্ট্রপতির অনুমোদন লাভ করে নি। ফলে নির্বাচনের মাধ্যমে জেলা স্কুল কাউন্সিলগুলি গঠন করা সম্ভব হচ্ছে না।

(গ) প্রশ্ন ওঠে না।

**কুশমন্ডি ব্লকের অফিসগৃহ নির্মাণ**

৪০৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৭২৩।) **শ্রীধীরেন্দ্রনাথ সরকার : পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন** বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি,

(ক) ইহা কি সত্য যে, পশ্চিম দিনাজপুর জেলার কুশমন্ডি ব্লকের অফিসঘরটির নির্মাণকার্য সম্পূর্ণ হয় নি;

(খ) সত্য হলে, উহার কারণ কি; এবং

(গ) কবে নাগাত ঐ কাজ সম্পূর্ণ হবে আশা করা যায়?

**পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) হ্যাঁ।

(খ) নিম্নমানের কাজের বিভাগের গৃহনির্মাণের কাজ বন্ধ করা হয়। প্রয়োজনীয় অনুসন্ধানের পর ঠিকাদারকে পুনরায় কাজ শুরু করতে বলা হলে সে কাজ শুরু করতে রাজি না হওয়ায় তার সঙ্গে চুক্তি বাতিল করে নতুন ঠিকাদার নিয়োগ করে পুনরায় কাজ শুরু করতে বেশ সময় লাগার দরুন নির্মাণকার্য এখনও সম্পূর্ণ করা সম্ভব হয় নাই।

(গ) আগামী মে মাস নাগাত কাজ সম্পূর্ণ হবে বলে আশা করা যায়।

**কৃষ্ণনগর মহাবিদ্যালয়ে আইন পঠন-পাঠনের ব্যবস্থা**

৪০৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৯৪।) **শ্রীসাধন চট্টোপাধ্যায় :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) কৃষ্ণনগর মহাবিদ্যালয়ে আইন পাঠনের (ল ক্লাস) ব্যবস্থা প্রবর্তনের সম্পর্কে কোন সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে কিনা; এবং

(খ) হইয়া থাকিলে,—

(১) কবে নাগাত উক্ত আইন বিষয়ে পঠন-পাঠন শুরু হইবে, ও

(২) প্রথম পর্যায়ে কতজন ছাত্র গ্রহণ করা হইবে?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

(খ) (১) ও (২) প্রশ্ন ওঠে না।

**নলহাটি ও মুরারই-এ উচ্চশিক্ষা প্রতিষ্ঠান খোলার প্রস্তাব**

৪০৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৪৭।) **শ্রীশশাংকশেখর মন্ডল :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) রামপুরহাটে মহকুমায় নলহাটি ও মুরারই-এ উচ্চশিক্ষা প্রতিষ্ঠান খোলার যে আবেদন করা হইয়াছে তাহার সম্পর্কে কোনও সরকারী সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে কিনা;

(খ) না হইয়া থাকিলে, তাহার কারণ কি; এবং

(গ) রামপুরহাটে একটি পৃথক মহিলা কলেজ খোলার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক), (খ) ও (গ) উচ্চশিক্ষার ক্ষেত্রে বিভিন্ন সমস্যা পর্যালোচনা করিয়া ঐগুলির সমাধানকল্পে সুপারিশ করিবার নিমিত্ত সরকার ডঃ ভবতোষ দত্তের নেতৃত্বে একটি কমিশন গঠন করিয়াছেন। ঐ কমিশনের রিপোর্ট সরকারের হস্তগত হইয়াছে। কমিশন রাজ্যে নূতন কলেজ স্থাপন বিষয়ে সুনির্দিষ্ট সুপারিশ করিয়াছেন। এই সুপারিশ পর্যালোচনা করিয়া সরকার নূতন কলেজ স্থাপন বিষয়ে নীতি নির্ধারণ করিবেন। নীতি নির্ধারণ করিবার পরই নূতন কলেজ স্থাপনের জন্য স্থান নির্বাচন করা সম্ভব হইবে ।

কমিশনের রিপোর্ট ও সুপারিশ বর্তমানে বিবেচনাধীন আছে।

**উত্তরবঙ্গ হইতে প্রকাশিত সংবাদপত্র**

৪১০। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৫৮।) **শ্রীমনোহর তিরকী :** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) উত্তরবঙ্গের জেলাগুলির কোন্‌টিতে কতগুলি স্থানীয় সংবাদপত্র প্রকাশিত হইয়া থাকে; এবং

(খ) ঐসব পত্রিকার কোন জেলাভিত্তিক তালিকা থাকিলে তাহা কি কি?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) দপ্তরের সর্বশেষ তথ্যাদি অনুযায়ী ঃ**

১। মালদহ জেলা

| | | |
|---|---|---|
| (১) সাপ্তাহিক | .. ... ... .. | ৮ |
| (২) পাক্ষিক | .. ... ... .. | ২ |
| মোট | .. | ১০ |

২। কোচবিহার জেলা

| | | |
|---|---|---|
| (১) সাপ্তাহিক | .. .. .. .. | ১৩ |

৩। জলপাইগুড়ি জেলা

| | | |
|---|---|---|
| (১) সাপ্তাহিক | .. .. ... .. | ৫ |
| (২) পাক্ষিক | . .. ... .. | ৬ |
| মোট | .. | ১১ |

৪। পশ্চিম দিনাজপুর জেলা

| | | |
|---|---|---|
| (১) সাপ্তাহিক | .. .. .. .. | ৭ |
| (২) পাক্ষিক | .. .. .. .. | ৯ |
| (৩) মাসিক | .. .. .. .. | ৯ |
| | | ২৫ |

৫। দার্জিলিং জেলা

| | | |
|---|---|---|
| (১) দৈনিক | .. .. ... .. | ৩ |
| (২) সাপ্তাহিক | .. .. ... .. | ৪ |
| (৩) অর্দ্ধ সাপ্তাহিক | .. .. ... .. | ১ |
| (৪) পাক্ষিক | .. .. ... .. | ১ |
| মোট | .. | ৯ |

(খ) মালদহ জেলা :

সাপ্তাহিক পত্রিকা

(১) গৌড়ভূমি

(২) গৌড়বঙ্গ

(৩) গৌড়দূত

(৪) গৌড়বার্তা

(৫) মালদহ সমাচার

(৬) মালদার খবর

(৭) মালদার মাটি

(৮) উদ্যোগ

পাক্ষিক পত্রিকা

(১) মালদার আয়না

(২) মালদার খেলার খবর

কোচবিহার জেলা :

সাপ্তাহিক

(১) ত্রিবৃত্ত

(২) কোচবিহার সমাচার

(৩) পৌন্ড্র দর্পণ

(৪) উত্তর সীমান্তের বঙ্গ

(৫) আধুনিক সাহিত্য

(৬) রাজধানীর বাইরে

(৭) পঞ্চানন

(৮) দেশবার্তা

(৯) মহাকাল

(১০) নর্দার্ন রিভিউ

(১১) অলক্ষ্যে

(১২) কোচবিহার সংবাদ

(১৩) নাগরিক

জলপাইগুড়ি জেলা :

সাপ্তাহিক

(১) জনমত

(২) ত্রিস্রোতা

(৩) সহযোগী

(৪) লাল নক্ষত্র

(৫) দাবী

পাক্ষিক

(১) আমাদের কথা

(২) বার্তা

(৩) মাটি ও ছায়া

(৪) যান্ত্রিক

(৫) পরমাণু

(৬) মাউন্টেন ডেসপ্যাচ

পশ্চিম দিনাজপুর জেলা :

| সাপ্তাহিক | পাক্ষিক |
| --- | --- |
| (১) আত্রেয়ী | (১) অন্যদিন |
| (২) বালুরঘাট বার্তা | (২) উদিরণ |
| (৩) বারেন্দ্রভূমি | (৩) প্রতিবন্ধী প্রচার |
| (৪) কোটি বর্ষ | (৪) প্রচার |
| (৫) পশ্চিম দিনাজপুর সংখ্যা | (৫) পশ্চিম দিনাজপুর বার্তা |
| (৬) কুলিক | (৬) প্রকাশন |
| (৭) উত্তরবঙ্গ বার্তা | (৭) পঞ্চক |
| | (৮) কালিয়াগঞ্জ বার্তা |
| | (৯) পশ্চিম দিনাজপুর সংবাদ |

মাসিক

| | |
| --- | --- |
| (১) মধুপর্ণী | (৫) মাঠের মাঠে |
| (২) আলোর জন্য | (৬) সূর্যবীজ |
| (৩) আবশী | (৭) সমতা |
| (৪) কৃত্তিকা কর্ণাজর | (৮) লীলাশুক |
| | (৯) প্রতিলিপি |

**দার্জিলিং জেলা**

| দৈনিক পত্রিকা | সাপ্তাহিক পত্রিকা |
| --- | --- |
| (১) জনপথ সমাচার (হিন্দী) | (১) উত্তর বাংলা |
| (২) উত্তরবঙ্গ সংবাদ (বাংলা) | (২) শিলিগুড়ি পত্রিকা |
| (৩) হিমলচলী (নেপালী) | (৩) আর্যবার্তা |
| | (৪) উত্তর বার্তা |

| অর্দ্ধসাপ্তাহিক পত্রিকা | পাক্ষিক পত্রিকা |
| --- | --- |
| (১) হিমাচল বার্তা | (১) শিলিগুড়ি সমাচার |

**মুর্শিদাবাদ জেলায় ইণ্ডাস্ট্রিয়াল ট্রেনিং সেন্টার**

**৪১১।** (অনুমোদিত প্রশ্ন নং ১৯৬৪।) **শ্রীনুরুল ইসলাম চৌধুরী ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গায় অবস্থিত ওয়েস্ট বেঙ্গল রুরাল ডেভেলপমেন্ট ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং সেন্টারটি এখনও চালু না হওয়ার কারণ কি; এবং

(খ) উক্ত ট্রেনিং সেন্টারটি কবে নাগাত চালু হইবে বলিয়া আশা করা যায়?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) সার্বিক বিচারে প্রস্তাবিত ট্রেনিং সেন্টার স্থাপন বাস্তবোচিত বিবেচিত না হওয়ায় উক্ত প্রস্তাব বাতিল করা হইয়াছে।

(খ) প্রশ্ন ওঠে না।

**বাঁকুড়া শহরে রবীন্দ্রভবনের দুরবস্থা**

৪১২। (অনুমোদিত প্রশ্ন নং ২০৩১।) **শ্রীশান্তিরাম মাহাতো ও শ্রীকাশীনাথ মিশ্র :** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া শহরে রবীন্দ্রভবনটির বাথরুম ও বারান্দা হইতে দূষিত জল নিষ্কাষণ হয় না;

(খ) সত্য হইলে, উহার কারণ কি; এবং

(গ) উক্ত রবীন্দ্রভবনের সামগ্রিক উন্নয়নের জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কি?

**তথ্য সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) হ্যাঁ, রবীন্দ্রভবনটির পূর্ব দিকের প্যাসেজ থেকে সাধারণ উপায়ে জমা জল নিষ্কাশিত হয় না।

(খ) ভবনের উত্তর দিকে জল নিষ্কাশনের জন্য একটি ড্রেন আছে। কিন্তু, এই দিকটি পূর্ব ও উত্তর-পূর্ব দিকের চাইতে উঁচু হওয়ার ড্রেনটি কোন কাজে আসে না।

(গ) হ্যাঁ।

**হাওড়া জেলার চেঙ্গাইলে ইন্ডাস্ট্রিয়াল কমপ্লেক্স**

৪১৩। (অনুমোদিত প্রশ্ন নং ২০৩৫।) **শ্রীরাজকুমার মন্ডল :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) হাওড়া জেলায় উলুবেড়িয়া থানার অন্তর্গত চেঙ্গাইল গ্রামে ইন্ডাস্ট্রিয়াল কমপ্লেক্স স্থাপন করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) থাকিলে, উক্ত পরিকল্পনাটি বর্তমানে কি অবস্থায় আছে; এবং

(গ) উক্ত পরিকল্পনাটি কবে নাগাত বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায়?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) ঠিক চেঙ্গাইল মৌজায় ঐরকম কোন পরিকল্পনা নেই, তবে চেঙ্গাইলের কাছে বাউরিয়া মৌজায় লরেন্স জুটমিলের জমিতে ক্ষুদ্র শিল্প স্থাপনের পরিকল্পনা নেওয়া হয়েছে।

(খ) 'ক' অংশের উত্তরে নির্দেশিত বাউড়িয়া মৌজার জমিতে ক্ষুদ্রশিল্প স্থাপনের উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ ক্ষুদ্রশিল্প নিগমের জন্য ৩১টি প্লট নির্দিষ্ট করা হয়েছে এবং প্লট বিলির কাজ চলছে।

(গ) অদূরভবিষ্যতে বিভিন্ন ইউনিটের মধ্যে প্লট বিলির কার শেষ হবে আশা করা হচ্ছে।

**বিদ্যালয় অনুমোদন**

**৪১৪। (অনুমোদিত প্রশ্ন নং ২০৮৪।) শ্রীসত্যপদ ভট্টাচার্য :** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, মাধ্যমিক ও জুনিয়ার হাই স্কুলের অনুমোদনের ক্ষেত্রে অগ্রাধিকারের বিষয় বিবেচনা করা হয়;

(খ) সত্য হইলে, পূর্বে অনুমোদন পাওয়া জুনিয়ার হাই স্কুলকে বাদ দিয়া নূতন অনুমোদন পাওয়া অনেক স্কুলকে হাই স্কুলে উন্নীত করা হইয়াছে: এবং

(গ) ইহা কি সত্য যে, ইনস্পেকশান স্কীম অগ্রাধিকারের ভিত্তিতে ইনস্পেকশান করেন না।

**শিক্ষা (মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) সত্য।

(খ) অনেক ক্ষেত্রে করা হয়েছে। কেননা বিদ্যালয়ের জীবনকাল অগ্রাধিকার নির্ণয়ের অন্যতম উপাদান একমাত্র ভিত্তি নয়।

(গ) সত্য নয়।

**বনরক্ষী কর্মচারীদের জন্য সুযোগসুবিধা**

**৪১৫। (অনুমোদিত প্রশ্ন নং ২০৮৮।) শ্রীসত্যপদ ভট্টাচার্য :** বন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, ব্যাঘ্র প্রকল্পে নিযুক্ত চতুর্থ শ্রেণীর বনরক্ষী সরকারী কর্মচারিগণকে (১) আত্মরক্ষার জন্য কোন আগ্নেয়াস্ত্র দেওয়া হয় না, (২) নিয়মিত পোষাক দেওয়া হয় না, (৩) তাহাদের বাসস্থানের কোন ব্যবস্থা নাই; এবং

(খ) সত্য হইলে, উক্ত ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) ইহা সত্য নহে।

(খ) প্রশ্ন ওঠে না।

**বিড়ি পাতা ও তামাকের উপর আবগারী শুল্ক**

**৪১৬। (অনুমোদিত প্রশ্ন নং ২১৮১।) শ্রীসাধন চট্টোপাধ্যায় :** অর্থবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বিড়ি পাতা (কেন্দু পাতা) ও তামাকের উপর ধার্য আবগারী শুল্ক থেকে ভারত সরকার পশ্চিমবঙ্গ হতে গত তিন বছরে কত টাকা সংগ্রহ করেছেন; এবং

(খ) ঐ অর্থের কত অংশ কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ সরকারকে দিয়েছেন?

**অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) ভারত সরকার জানিয়েছেন বিড়ি পাতা (কেন্দি কোমা) বা বিড়ি প্রস্তুতে ব্যবহৃত তামাকের উপর ধার্য কোন আবগারী শুল্ক নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**বাঁকুড়া জেলার বনজ সম্পদ থেকে সংগৃহীত রাজস্ব**

৪১৭। (অনুমোদিত প্রশ্ন নং ২২১২।) **শ্রীউপেন্দ্র কিস্কু :** বন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বিগত ১৯৮০-৮১, ১৯৮১-৮২, ১৯৮২-৮৩ এবং ১৯৮৩-৮৪ আর্থিক বছরে বাঁকুড়া জেলার দক্ষিণ বিভাগের বনজ সম্পদ থেকে কত রাজস্ব সংগ্রহ হয়েছিল; এবং

(খ) উক্ত সময়ে কি কি বাবতে উক্ত রাজস্ব সংগ্রহ হয়েছিল?

**বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক)

| আর্থিক বছর | | | রাজস্ব |
|---|---|---|---|
| ১৯৮০-৮১ | .. | .. | ২৮ লক্ষ ৩৪ হাজার টাকা |
| ১৯৮১-৮২ | .. | .. | ৪৩ লক্ষ ১৪ হাজার টাকা |
| ১৯৮২-৮৩ | .. | .. | ৩৩ লক্ষ ৯৫ হাজার টাকা |
| ১৯৮৩-৮৪ | .. | .. | ৪৩ লক্ষ ৯ হাজার টাকা |

(খ) কাঠ, জ্বালানী কাঠ, খুঁটি ও গৌণ বনজ দ্রব্য বাবত রাজস্ব আদায় হয়েছে।

**২৪-পরগনা জেলার ডি আর ডি-এর অনুদান**

৪১৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৩৯।) **শ্রীগণেশচন্দ্র মন্ডল :** উন্নয়ন ও পরিকল্পনা (সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্প) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ২৪-পরগনা জেলায় ডি আর ডি-এর অনুদান বাবত সরকার বর্তমান আর্থিক বৎসরে কত টাকা বরাদ্দ করেছেন;

(খ) উক্ত বরাদ্দকৃত কত টাকা এ পর্যন্ত বন্টন করা হয়েছে;

(গ) উহাতে মোট কতজন ব্যক্তি উপকৃত হয়েছেন;

(ঘ) উক্ত বরাদ্দকৃত কত টাকা এখনও বন্টন করা হয় নি; এবং

(ঙ) উক্ত টাকা বন্টন না হওয়ার কারণ কি?

**উন্নয়ন ও পরিকল্পনা (সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্প) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) সদ্য সমাপ্ত আর্থিক বৎসরে (১৯৮৪-৮৫) অনুদান সহ খরচের জন্য মোট ৪ কোটি ৮ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছিল।

(খ) উক্ত বৎসরে অনুদান সহ মোট ৪,২১,৬৬,৪৮৯ টাকা খরচ হয়েছে। পূর্ববর্তী বৎসরের উদ্বৃত্ত কিছু টাকাও এর মধ্যে আছে।

(গ) ৪২,৬৬৯ জন ব্যক্তি উপকৃত হয়েছেন।

(ঘ) সব টাকাই খরচ হয়েছে।

(ঙ) প্রশ্ন ওঠে না।

হরিণঘাটা ব্লক উন্নয়ন অফিস নির্মাণ

**৪১৯।** (অনুমোদিত প্রশ্ন নং ২৩০৩।) **শ্রীননীগোপাল মালাকার : পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন** বিভাগের **মন্ত্রিমহোদয়** অনুগ্রহপূর্বক জানাবেন কি, হরিণঘাটা ব্লক উন্নয়ন **অফিসের বাড়ী নির্মাণের** কাজ **মাঝপথে বন্ধ হয়ে** থাকার কারণ কি?

**পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** গৃহ নির্মাণের কাজে নিযুক্ত ঠিকাদারের সাথে **বিরোধ সৃষ্টি** হওয়ার ঠিকাদার নির্মাণকার্য অসম্পূর্ণ অবস্থায় রেখে চলে যায়। আইনানুগভাবে উক্ত ঠিকাদারের সঙ্গে সম্পাদিত চুক্তি বাতিল করে নতুন ঠিকাদার নিযুক্ত করতে না পারার দরুন কাজ বন্ধ ছিল। **অবশিষ্ট** কাজ শেষ করার জন্য একজন নতুন ঠিকাদার নিয়োগ করা হয়েছে।

পুরুলিয়া জেলায় বক ফসফেটের সন্ধান

**৪২০।** (অনুমোদিত প্রশ্ন নং ২৩৬৯।) **শ্রীসুধাংশুশেখর মাঝি :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

**(ক)** পুরুলিয়া জেলার কটনী ও চিরুগোড়া মৌজায় 'রক ফসফেট'-এর সন্ধান পাওয়া গিয়াছে কিনা; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে উক্ত 'রক ফসফেট' উত্তোলনের জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) হ্যাঁ।

(খ) সরকার এখন পর্যন্ত ইহা উত্তোলনের কোন পরিকল্পনা করে নাই।

ঋণপত্রের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের আয় হইতে রাজ্য সরকারকে অর্থ প্রদান

৪২১। (অনুমোদিত প্রশ্ন নং ২৩০৮।) শ্রীশ্রীধর মালিক : অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) কেন্দ্রীয় সরকার অর্থ সংগ্রহের জন্য সারা দেশে কি ঋণপত্র ছাড়েন,

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, ঐ ঋণপত্র মারফত সংগৃহীত অর্থের শতকরা কত ভাগ টাকা রাজ্যগুলিকে দেওয়া হয়;

(গ) রাজ্যগুলিকে উক্ত ঋণপত্র মারফত সংগৃহীত টাকা বন্টনের ক্ষেত্রে কি কোন বৈষম্য করা হয়; এবং

(ঘ) করা হলে, তা কিরূপ?

**অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) কেন্দ্রীয় সরকার ভারতের রিজার্ভ ব্যাঙ্ক এবং ভারতের স্টেট ব্যাঙ্ক মারফত সারাদেশে তাঁদের ঋণপত্র ছাড়েন।

(খ) ঋণপত্র মারফত সংগৃহীত অর্থ কেন্দ্রীয় তহবিলে জমা হয় এবং রাজ্যগুলি ঐ সংগৃহীত অর্থের কোন অংশ পায় না।

(গ) ও (ঘ) প্রশ্ন ওঠে না।

**স্ব-নিযুক্তি কর্ম-প্রকল্প**

৪২২। (অনুমোদিত প্রশ্ন নং ২৪১৫।) **শ্রীধীরেন্দ্রনাথ সরকার :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) স্ব-নিযুক্তি কর্ম-প্রকল্পের প্রবর্তনকালে হতে ১৯৮৫ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত কুটির ও ক্ষুদ্রায়তন শিল্পের জন্য রাজ্যের মোট কতজন শিক্ষিত বেকারের কাছ থেকে দরখাস্ত পাওয়া গিয়েছে;

(খ) তন্মধ্যে উক্ত সময়ে কতজন ব্যক্তি উপকৃত হয়েছেন; এবং

(গ) এ বাবতে রাজ্য সরকারের কত টাকা ব্যয় হয়েছে?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) মোট ১,২৯,৯৯০ জন শিক্ষিত বেকারের কাছ থেকে দরখাস্ত পাওয়া গিয়েছে।

(খ) মোট ২৫,১৫৯ জন উপকৃত হয়েছেন।

(গ) ৬,৩৩,৬৮৭ টাকা।

**ক্যানিং-এ মাতলা নদীর চর ভরাটি জমিতে বনাঞ্চল**

৪২৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৫৮।) **শ্রীচিত্তরঞ্জন মৃধা :** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) চব্বিশপরগনা জেলার ক্যানিং শহরের পার্শ্বস্থ মাতলা নদীর চর ভরাটি জমিতে পরিকল্পিতভাবে বনাঞ্চল তৈরীর কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে উক্ত কাজ কবে নাগাত শুরু হইবে বলিয়া আশা করা যায়?

**বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**বানীপুরের জনতা কলেজ**

৪২৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৫১৮।) **শ্রীযোগীলাল মণ্ডল :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বানীপুরে জনতা কলেজটি চালু আছে কিনা;

(খ) চালু না থাকলে, (১) কতদিন যাবৎ বন্ধ আছে; এবং (২) তাহার কারণ কি?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) প্রশিক্ষণ বন্ধ আছে। তবে কলেজের কৃষি

খামারটি চালু আছে।

(খ) (১) ১৯৮০ সাল থেকে প্রশিক্ষণ বন্ধ আছে. (২) তৎকালীন ট্রেনিং কোর্স শিক্ষা প্রাপ্ত শিক্ষার্থীদের চাকুরী বা জীবিকার ক্ষেত্রে বিশেষ সাহায্যকারী না হওয়ায় ঐ ট্রেনীং কোর্স সম্পর্কে সাধারণের আগ্রহ কমে যাওয়া।

**পঞ্চায়েতসমূহের অডিট রিপোর্ট**

**৪২৫।** (অনুমোদিত প্রশ্ন নং ২৫৭৪।) **শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, রাজ্যের পঞ্চায়েতগুলির সরকারী অর্থ খরচের হিসাব সম্বলিত অডিট রিপোর্ট রাজ্য সরকারের কাছে জমা দিতে হয়; এবং

(খ) সত্য হলে, রাজ্যের ৩,৩০৫ টি গ্রাম পঞ্চায়েতের মধ্যে কতগুলি গ্রাম পঞ্চায়েতের কাছ থেকে সরকার ১৯৮২-৮৩ সালের হিসাব সম্বলিত অডিট রিপোর্ট পেয়েছেন?

**পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ।

(খ) ১৯৮২-৮৩ সালে রাজ্যে ৩,২৩৯ টি গ্রাম পঞ্চায়েত ছিল এবং ২,৯৮১ টি গ্রাম পঞ্চায়েতের হিসাব সম্বলিত অডিট রিপোর্ট পাওয়া গেছে।

**ওয়েষ্ট বেঙ্গল হ্যান্ডলুম অ্যান্ড পাওয়ারলুম ডেভেলপমেন্ট কর্পোরেশন লিঃ**

**৪২৬।** (অনুমোদিত প্রশ্ন নং ২৬৫৫।) **শ্রীব্রজগোপাল নিয়োগী ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বিগত ১৯৭৮-৭৯, ১৮৭৯-৮০, ১৯৮০-৮১,১৯৮১-৮২ ও ১৯৮২-৮৩-তে ওয়েষ্ট বেঙ্গল হ্যান্ডলুম অ্যান্ড পাওয়ারলুম ডেভেলপমেন্ট কর্পোরেশন লিঃ-এর লাভ/ক্ষতির পরিমাণ কত;

(খ) ১৯৭৭ সালের জুন মাস হইতে এ পর্যন্ত মোট কতগুলি এবং কোথায় কোথায় বিক্রয় কেন্দ্র খোলা হইয়াছে; এবং

(গ) উক্ত সময়ে মোট কত টাকার দ্রব্য বিক্রয় হইয়াছে?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) উল্লিখিত বছরগুলিতে লাভ/ক্ষতির পরিমাণ নিম্নে প্রদত্ত হল ঃ-

(১) ১৯৭৮-৭৯ — টাঃ ৪,৯৭,২৭৯.০৬ লাভ

(২) ১৯৭৯-৮০ — টাঃ ৫,২৫,৭৫৫.২০ লাভ

(৩) ১৯৮০-৮১ — টাঃ ২,১১,৭১২.৮০ লাভ

* (৪) ১৯৮১-৮২ — টাঃ ৪,৬৮,০০১.২৬ লাভ

* (৫) ১৯৮২-৮৩ — টাঃ ৩,৬০,০০০.০০ লাভ

*চূড়ান্ত অডিট সাপেক্ষে।

(খ) ১৯৭৭-৭৮ সালে থেকে ১৯৮৪-৮৫ সাল পর্যন্ত মোট ৫৩টি নতুন দোকান খোলা হয়েছে এবং উক্ত সময়ে মোট ৪টি এজেন্সি দেওয়া হয়েছে। নতুন দোকানগুলির স্থান নিম্নে দেওয়া হল :-

(১) শিয়ালদহ, (২) বেহালা সুপার মার্কেট, (৩) সল্ট লেক, (৪) বরিশা সুপার মার্কেট, (৫) এম এল এ হোস্টেল, (৬) নাগের বাজার, (৭) ডায়মন্ডহারবার, মাধবপুর, (৮) কাকদ্বীপ, (৯) মসলন্দপুর, (১০) হাসনাবাদ, (১১) বারাসত, (১২) বনগাঁ, (১৩) অশোকনগর, (১৪) রানাঘাট, (১৫) বীরনগর, (১৬) কৃষ্ণনগর, (১৭) করিমপুর, নদীয়া, (১৮) মালদা, (১৯) রায়গঞ্জ, (২০) বীরপাড়া, জলপাইগুড়ি, (২১) মালবাজার, জলপাইগুড়ি, (২২) শিলিগুড়ি, (২৩) সিউরি, (২৪) বোলপুর, (২৫) কীর্ণাহার, বীরভূম (২৬) কাটোয়া, (২৭) গুসকড়া, (২৮) দুর্গাপুর সিটি সেন্টার, (২৯) দুর্গাপুর, ষ্টেশন বাজার, (৩০) আসানসোল, (৩১) চিত্তরঞ্জন, (৩২) বিষ্ণুপুর, বাঁকুড়া, (৩৩) বাঁকুড়া, কেরানীবাজার, (৩৪) আরামবাগ, (৩৫) শ্রীরামপুর, (৩৬) উত্তরপাড়া, (৩৭) হাওড়া সাবওয়ে মার্কেট, (৩৮) বেলপুকুর, হাওড়া, (৩৯) কুলগাছিয়া, হাওড়া, (৪০) বাগনান, (৪১) মেদিনীপুর, (৪২) হলদিয়া, (৪৩) কণ্টাই, (৪৪) সাঁওতালডিহি, (৪৫) ধুপগুড়ি, (৪৬) দিনহাটা, (৪৭) সাঁইথিয়া, (৪৮) নতুনগঞ্জ, বর্দ্ধমান, (৪৯) দুর্গাপুর, বেনাচিতি, (৫০) সিন্ধ্রী, বিহার, (৫১) মাদ্রাজ, (৫২) নিউ দিল্লী, করোলবাগ, (৫৩) আগরতলা।

এ ছাড়া ৪টি এজেন্সির তালিকাও নিম্নে দেয়া হল :-

(১) ডেয়ারী এমপ্লয়িজ কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ, বেলগাছিয়া,

(২) জামসেদপুর এজেন্সি, বিহার,

(৩) নিউ সেক্রেটারিয়েট গভর্নমেন্ট এমপ্লয়িজ কো-অপারেটিভ ক্যান্টিন অ্যান্ড ষ্টোরস লিঃ,

(৪) রাইটার্স বিল্ডিংস কো-অপারেটিভ ক্যান্টিন অ্যান্ড ষ্টোরস লিঃ।

(গ) মোট বিক্রয়—

(১) ১৯৭৮-৭৯ — টাঃ ৮৮,৮৯,১৬৯.৩৬

(২) ১৯৭৯-৮০ — টাঃ ১,৫২,৫৪,৬৮৩.১১

(৩) ১৯৮০-৮১ — টাঃ ২,৬৫,৬৬,২৩৩.৪১

*(৪) ১৯৮১-৮২ — টাঃ ৩,৫৬,৫৪,৬৫৪.৮৪

*(৫) ১৯৮২-৮৩ — টাঃ ৪,৫০,৮০,০০০.০০

*চূড়ান্ত অডিট সাপেক্ষে।

**মুর্শিদাবাদ জেলার মনিগ্রাম পঞ্চায়েতের প্রাক্তন প্রধানের বিরুদ্ধে অভিযোগ**

৪২৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৭০৮।) **শ্রীহাবিবুর রহমান :** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) মুর্শিদাবাদ জেলার সাগরদীঘি ব্লকের অধীন মনিগ্রাম গ্রাম পঞ্চায়েতের প্রাক্তন প্রধানের বিরুদ্ধে তহবিল তছরুপের কোন অভিযোগ সরকারের নিকট আছে কিনা; এবং

(খ) থাকিলে, উক্ত ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ।

(খ) সংশ্লিষ্ট ব্লক উন্নয়ন আধিকারিককে প্রাক্তন প্রধানের বিরুদ্ধে এফ আই আর দায়ের করতে বলা হয়েছে।

**সাংবাদিক ও ফটোগ্রাফারদের পরিচয়পত্র**

**৪২৮।** (অনুমোদিত প্রশ্ন নং ২৭২৯।) **শ্রীশীশ মহম্মদ ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, রাজ্যের সাপ্তাহিক ও দৈনিক পত্রিকার সাংবাদিক ও ফটোগ্রাফাররা যাহাতে কাজকর্ম অবাধে করিতে পারেন, তাহার জন্য কোনো সরকারী পরিচয়পত্র দরকার হয় কি?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** হ্যাঁ।

**মুর্শিদাবাদ জেলার আখেরীঘাটা মৌজায় সেরিকালচার ফার্ম**

৪২৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৭০।) **শ্রীমতী ছায়া ঘোষ ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) মুর্শিদাবাদ জেলার জিয়াগঞ্জ ব্লকে আখেরীঘাটা মৌজায় কত একর জমি নিয়ে সেরিকালচার ফার্ম তৈরী হয়েছে;

(খ) উক্ত সমস্ত জমিতে রেশমচাষ হচ্ছে কিনা,

(গ) যদি না হয়ে থাকে তবে কারণ কি;

(ঘ) ঐ ফার্মে কত জন শ্রমিক কাজ করে;

(ঙ) উক্ত শ্রমিকগণ মাসে কতদিন করে কাজ পায়; এবং

(চ) উক্ত শ্রমিকদের প্রত্যহ কাজ দেওয়ার জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ৩৪ একর জমি

**(খ)** ৩৪ একর জমির মধ্যে ২৩ একর জমিতে তুঁত চাষ হচ্ছে।

**(গ) বাকি জমিতে (১১ একর)** পশুপালনের ঘর, অফিসঘর, গুদামঘর, কর্মী-আবাস ও পুকুর আছে।

(ঘ) ১২৬ জন।

(ঙ) কর্মনিয়োগ কেন্দ্রের মাধ্যমে নিযুক্ত ১৪ জন শ্রমিক গড়ে মাসে ২৮ দিন কাজ পায়। অবশিষ্ট শ্রমিকগণ গড়ে মাসে ১০ দিন কাজ পায়।

(চ) উক্ত সকল শ্রমিককে প্রত্যহ কাজ দেওয়া আদৌ সম্ভব নয়। কারণ ঐ ফার্মে উক্ত সমস্ত শ্রমিককে প্রত্যহ কাজ দেওয়ার মত কাজের চাপ থাকে না।

**বড়গাছিয়া-আমতা-চাঁপাডাঙ্গা রেলপথের জন্য জমি অধিগ্রহণ**

৪৩০। (অনুমোদিত প্রশ্ন নং ২৮০১।) **শ্রীজয়কেশ মুখাৰ্জ্জী :** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, হাওড়া জেলার বড়গাছিয়া থেকে আমতা ও বড়গাছিয়া থেকে চাঁপাডাঙ্গা পর্যন্ত ব্রডগেজ লাইন প্রসারের জন্য সাউথ ইস্টার্ন রেলওয়ে কর্তৃপক্ষ রাজ্য সরকার নিকট কোন জমি অধিগ্রহণ করে দেবার জন্য অনুরোধ করেছেন কি?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** না।

**কাঁথিতে স্টেডিয়াম নির্মাণ**

৪৩১। (অনুমোদিত প্রশ্ন নং ২৮০৪।) **শ্রীপ্রশান্তকুমার প্রধান :** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) মেদিনীপুর জেলায় কাঁথিতে স্টেডিয়াম নির্মাণের জন্য মোট কত টাকা ব্যয় হবে;

(খ) ১৯৮৪-৮৫ সাল পর্যন্ত ঐ বাবত মোট কত টাকা ব্যয় হয়েছে; এবং

(গ) উক্ত স্টেডিয়াম নির্মাণের কাজ কবে নাগাত শেষ হবে।

**শিক্ষা (ক্রীড়া) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) অনুমোদিত প্রকল্পটির ব্যয় ১৯ লক্ষ ৫১ হাজার ৫০০ টাকা।

(খ) ১৯৮৪-৮৫ সাল পর্যন্ত রাজ্য সরকার ২ লক্ষ টাকা এবং কেন্দ্রীয় সরকার ৫০ হাজার টাকা অনুদান দিয়েছে। স্থানীয় জনসাধারণের নিকট থেকে ১ লক্ষ ৫৯ হাজার টাকা সংগৃহীত হয়েছে।

(গ) নির্দিষ্টভাবে বলা সম্ভব নয়।

**পশ্চিম বাংলার কলেজের পোস্ট-গ্র্যাজুয়েট বিভাগ খোলার অনুমোদন**

৪৩২। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৪৯।) **শ্রীবামাপদ মুখোপাধ্যায় :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বর্তমানে পশ্চিম বাংলার কোন কলেজে পোস্ট-গ্র্যাজুয়েট বিভাগ খোলার অনুমোদন সরকার দিয়াছেন কিনা; এবং

(খ) দিয়া থাকিলে কোন্ কোন্ কলেজে দিয়াছেন এবং কি কারণে?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) চলতি শিক্ষাবর্ষে এরূপ কোন অনুমোদন দেওয়া হয় নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

**নদীয়া জেলার ভায়না যশোদামনি জুনিয়র হাই স্কুলের স্বীকৃতি**

৪৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৯২৫।) **শ্রীসতীশচন্দ্র বিশ্বাস :** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) নদীয়া জেলার হাঁসখালী থানাধীন ভায়না যশোদামনি জুনিয়র হাই স্কুলটিকে স্বীকৃতি

দেওয়ার কোন পরিকল্পনা সরকারের আছে **কিনা**; এবং

(খ) থাকিলে, কতদিনের মধ্যে উহা কার্যকরী হইবে?

**শিক্ষা (মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) বিদ্যালয়টিকে অনুমোদন দেওয়ার কোন প্রস্তাব সরকার পান নি।

(খ) প্রশ্ন ওঠে না।

**মদ প্রস্তুতকারী সংস্থার কর ফাঁকি**

**৪৩৪।** (অনুমোদিত প্রশ্ন নং ২৯৭১।) **শ্রীযোগেন্দ্রনাথ সিংহ রায় :** আবগারী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, দুইটি মদ প্রস্তুতকারক সংস্থা রাজ্য সরকারকে এক কোটি বাহাত্তর লক্ষ টাকা কর ফাঁকি দিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, ঐ সংস্থা দুইটির বিরুদ্ধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন বা করিতেছেন?

**আবগারী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) সম্প্রতি পশ্চিমবঙ্গের দুটি ডিস্টিলারিতে রাজস্ব ফাঁকির ঘটনা ধরা পড়েছে। প্রাথমিক অনুসন্ধানের ভিত্তিতে অনুমান করা হচ্ছে যে এই ফাঁকির পরিমাণ এক কোটি টাকার বেশী।

(খ) সংশ্লিষ্ট ডিস্টিলারিগুলির বিরুদ্ধে ঐ রাজস্ব আদায় দাবী করে নোটিশ দেওয়া হয়েছে। একটি ডিস্টিলারির বিরুদ্ধে পুলিশ-মামলা রুজু করা হয়েছে। রাজস্ব ফাঁকির ঘটনার পূর্ণাঙ্গ অনুসন্ধানের জন্য প্রয়োজনীয় তদন্ত চলছে।

**মহকুমায় ক্রীড়া আধিকারিদের পদসৃষ্টি**

**৪৩৫।** (অনুমোদিত প্রশ্ন নং ২৯৯৬।) **শ্রীরবীন্দ্র ঘোষ : শিক্ষা** (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় মহকুমা ক্রীড়া আধিকারিকের পদ আজ পর্যন্ত সৃষ্টি না হওয়ার কারণ কি; এবং

(খ) জেলা ক্রীড়া পর্যদ গঠনের পরিপেক্ষিতে সমস্ত মহকুমায় ক্রীড়া আধিকারিক পদে লোক নিয়োগের প্রয়োজন আছে কিনা?

**শিক্ষা (ক্রীড়া) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় মোট ৫০টি মহকুমা ক্রীড়া আধিকারিকের পদ সৃষ্টি করা হয়েছে।

(খ) হ্যাঁ, আছে।

**অষ্টম অর্থ কমিশনের সুপারিশ**

**৪৩৬।** (অনুমোদিত প্রশ্ন নং ১৬।) শ্রীজয়ন্তকুমার **বিশ্বাস : অর্থ** বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, অষ্টম অর্থ কমিশন আয়কর বাবত নীট আয়ের শতকরা ৮৫ ভাগ রাজ্যগুলিকে প্রত্যর্পণের সুপারিশ করেছেন;

(খ) সত্য হ'লে, ঐ কমিশন কেন্দ্রীয় অন্তঃশুল্কের ব্যাপারে নীট আয়ের শতকরা কত ভাগ রাজ্যগুলির মধ্যে ভাগ করে দিতে বলেছেন; এবং

(গ) ঐ সুপারিশ কার্যকর না হ'লে ১৯৮৪-৮৫ সালে ঐ ব্যবত পশ্চিমবঙ্গ কত টাকা থেকে বঞ্চিত হবে?

**অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ, এটাই অষ্টম অর্থ কমিশনের সুপারিশ।

(খ) অন্তঃশুল্কের ক্ষেত্রে অর্থ কমিশনের বিদ্যুতের উপর শুল্ক বাদে অন্তঃশুল্ক বাবত নীট সংগ্রহের ৪৫ শতাংশ রাজ্যগুলির মধ্যে বন্টন করার সুপারিশ করেছেন। তবে এই ৪৫ শতাংশের মধ্যে ৪০ শতাংশ সকল রাজ্যের মধ্যে এবং বাকি ৫ শতাংশ এগারটি ঘাটতি রাজ্যের মধ্যে অর্থ কমিশন নির্দেশিত আনুপাতিক হার অনুযায়ী বন্টন করা হবে।

(গ) অর্থ কমিশনের বিভিন্ন সুপারিশ কার্যকর না হওয়ার ফলে পশ্চিমবঙ্গ আনুমানিক ৩০০ থেকে ৩২৫ কোটি টাকা থেকে বঞ্চিত হয়েছে।

### প্রতি গ্রাম পঞ্চায়েত ভিত্তিতে হোমিওপ্যাথিক চিকিৎসক নিয়োগ

৪৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ৮৬।) **শ্রীবিভূতিভূষণ দে ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) প্রত্যেক গ্রাম পঞ্চায়েত এলাকা একজন করে সরকারী হোমিওপ্যাথিক চিকিৎসক নিয়োগের কোন পরিকল্পনা সরকারের আছে কি;

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, এ পর্যন্ত কতজন চিকিৎসক নিয়োগ করা হয়েছে; এবং

(গ) তাঁদের বেতনক্রম কত?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) না।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

### মেদিনীপুর জেলার প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগ

৪৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ৯৭।) **শ্রীবিভূতিভূষণ দে ঃ** শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বর্তমানে মেদিনীপুর জেলার প্রাথমিক বিদ্যালয়গুলিতে শিক্ষক নিয়োগ বন্ধ আছে কি; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, কি কারণে বন্ধ আছে?

**শিক্ষা (প্রাথমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

### রামপুরহাটে বিভিন্ন প্রকারের বিদ্যালয়

**৪৩৯।** (অনুমোদিত প্রশ্ন নং ১৪৪।) **শ্রী[illegible]য় মন্ডল :** শিক্ষা (মাধ্যমিক ও প্রাথমিক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) রামপুরহাট থানার ১৯৭৭ হইতে ১৯৮৪ পর্যন্ত (১) প্রাথমিক, (২) নিম্ন মাধ্যমিক, (৩) মাধ্যমিক ও (৪) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা কত ছিল (বর্ষভিত্তিক ও গ্রামপঞ্চায়েতভিত্তিক হিসাব) ;

(খ) উক্ত বিদ্যালয়গুলিতে ঐসময় ছাত্র-ছাত্রীর সংখ্যাই বা কত ছিল (বর্ষভিত্তিক ও গ্রামপঞ্চায়েত ভিত্তিক হিসাব) ; এবং

(গ) উক্ত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়গুলির মধ্যে কতগুলিতে কলা, বাণিজ্য ও বিজ্ঞান বিষয়ে পঠন-পাঠনের ব্যবস্থা আছে (পরীক্ষাগারসহ পৃথক পৃথক হিসাব)?

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) রামপুরহাট থানার ১৯৭৭ হইতে ১৯৮৪ সাল পর্যন্ত বিদ্যালয়ের সংখ্যা ছিল নিম্নরূপ :

| সাল | প্রাঃ | নিঃ মাঃ | মাঃ | উঃ মাঃ |
|---|---|---|---|---|
| ১৯৭৭ .. .. | ২২৮ | ১২ | ১৭ | ৫ |
| ১৯৭৮ .. .. | ২২৮ | ১২ | ১৮ | ৫ |
| ১৯৭৯ .. .. | ২৪১ | ১৪ | ১৮ | ৫ |
| ১৯৮০ .. .. | ২৫১ | ১৪ | ১৮ | ৫ |
| ১৯৮১ .. .. | ২৫৬ | ১৪ | ১৮ | ৫ |
| ১৯৮২ .. .. | ২৬২ | ১৪ | ২০ | ৫ |
| ১৯৮৩ .. .. | ২৬২ | ১৫ | ২০ | ৫ |
| ১৯৮৪ .. .. | ২৬৬ | ১৪ | ২৩ | ৫ |

(পঞ্চায়েতভিত্তিক হিসাব রাখা হয় না।)

(খ) উক্ত বিদ্যালয়গুলিতে ঐ সময়ে ছাত্র-ছাত্রীর সংখ্যা ছিল নিম্নরূপ :

| সাল | প্রাঃ | নিঃ মাঃ | মাঃ | উঃ মাঃ |
|---|---|---|---|---|
| ১৯৭৭ | ৩৩,৯০৩ | ১,৭২৮ | ৭,৬৪২ | ৩,৭৮৫ |
| ১৯৭৮ | ৩৪,০১২ | ১,৮০৮ | ৮,০৯৮ | ৩,৭৯২ |
| ১৯৭৯ | ৩৫,১১৫ | ২,১০৪ | ৮,১২২ | ৩,৮৭৬ |
| ১৯৮০ | ৩৬,১০৩ | ২,২৮২ | ৮,২৪১ | ৩,৯০৬ |
| ১৯৮১ | ৩৬,৬৩৭ | ২,৩৩৬ | ৮,২৯৫ | ৩,৯৯৭ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯৮২ | ৩৭,৫৪১ | ২,৪৮৭ | ৯,১৩৬ | ৪,০০২ |
| ১৯৮৩ | ৩৭,৪৬৯ | ২,৬৩৮ | ৯,৩০৮ | ৪,০৮৭ |
| ১৯৮৪ | ৩৭,৮৮১ | ২,৬৩৯ | ১০,১১২ | ৪,২২৭ |

(গ্রামপঞ্চায়েতভিত্তিক হিসাব রাখা হয় না)

(গ) উক্ত বিদ্যালয়গুলির মধ্যে পাঁচটি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে কলা, বাণিজ্য ও বিজ্ঞান বিষ পঠন-পাঠনের ব্যবস্থা আছে।

**বিষ্ণুপুর-পারুলিয়া রাস্তা নির্মাণ**

৪৪০। (অনুমোদিত প্রশ্ন নং ১৫১।) **শ্রীশশাঙ্কশেখর মন্ডল** : পূর্ত বিভাগের মন্ত্রিমহাশ অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) রামপুরহাট-বিষ্ণুপুর-পারুলিয়া সড়কে বিষ্ণুপুর-পারুলিয়া অংশটি নির্মাণের কো পরিকল্পনা রাজ্য সরকারের বিবেচনাধীন আছে কিনা; এবং

(খ) থাকলে, কবে নাগাত ঐ কাজ শুরু হবে বলে আশা করা যায়?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী** : (ক) ও (খ) পরিকল্পনাটি বিবেচনাধীন আছে তবে এই অংশটি একটি নদী ও একটি কাঁদর তৎসংশ্লিষ্ট প্লাবিত এলাকার উপর দিয়ে গিয়াছে। সেকারণে দুটি বড় সেতু এবং প্লাবিত এলাকায় জল নিষ্কাশন ব্যবস্থা না করে রাস্তা নির্মাণ কার্যকরী হবে না। সপ্তম পরিকল্পনায় আর্থিক অনটনের দারুন সেতু দুটির নির্মাণের কাজ হাতে নেওয়া সম্ভব নয়।

**স্বল্প সঞ্চয় প্রকল্প**

৪৪১। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৪।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী** : অর্থ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) স্বল্প সঞ্চয় প্রকল্পে কত ধরনের এজেন্ট আছে;

(খ) উক্ত এজেন্টরা শতকরা কত টাকা কমিশন পান; এবং

(গ) ১৯৮৪ সালের জানুয়ারী মাস থেকে ১৯৮৫ সালের জানুয়ারী মাস পর্যন্ত পশ্চিমবঙ্গে উক্ত প্রকল্পের জন্য কত টাকা জমা পড়েছে?

**অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী** : (ক) স্বল্প সঞ্চয় প্রকল্পে নিম্নলিখিত তিন ধরনের এজেন্ট নিযুক্ত আছেন—

(১) বিভিন্ন ন্যাশনাল সেভিংস সার্টিফিকেট ও টাইম ডিপোজিট স্কিমের জন্য স্ট্যান্ডার্ডাইজড এজেন্সি এজেন্সি সিস্টেম অনুযায়ী নিযুক্ত এজেন্ট।

(২) কিউমুলেটিভ টাইম ডিপোজিট ও রেকারিং ডিপোজিট স্কিমের জন্য নিযুক্ত মহিলা এজেন্ট।

(৩) পাবলিক প্রভিডেন্ট ফান্ড স্কিম অনুযায়ী নিযুক্ত এজেন্ট।

**(খ)** স্ট্যান্ডার্ডাইজড এজেন্সি সিস্টেমে বিভিন্ন ধরনের সিকিউরিটির উপর জমায় এজেন্টরা শতকরা দুই ভাগ কমিশন পান। কিউমুলেটিভ টাইম ডিপোজিট ও রেকারিং ডিপোজিটে জমার ক্ষেত্রে মহিলা এজেন্টরা শতকরা চার ভাগ কমিশন পান। পাবলিক প্রভিডেন্ট ফান্ড এজেন্সি স্কিমে প্রতি এজেন্ট শতকরা দুই ভাগ কমিশন পেয়ে থাকেন।

**(গ)** ১৯৮৪ সালের জানুয়ারী মাস থেকে ১৯৮৫ সালের জানুয়ারী মাস পর্যন্ত স্বল্প সঞ্চয় খাতে পশ্চিমবঙ্গে মোট ৩৭০ কোটি ৯৮ লক্ষ ৪৯ হাজার টাকা জমা পড়েছে।

**সুন্দরপুর ও কুলি স্বাস্থ্যকেন্দ্র চালুকরণ**

**৪৪২। (অনুমোদিত প্রশ্ন নং ৩৬৬।) শ্রীঅমলেন্দ্র রায় :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) মুর্শিদাবাদ জেলার সুন্দরপুর ও কুলি সহায়ক স্বাস্থ্যকেন্দ্র দুটিতে রোগী ভর্তি করার ব্যবস্থা চালু করা হইয়াছে কিনা; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর না হইলে, এই বিলম্বের কারণ কি?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) না।

(খ) সুন্দরপুর এ জি হাসপাতালের বর্তমান গৃহটি অত্যন্ত জীর্ণদশা হেতু মেরামতের পক্ষে অনুপযুক্ত বিবেচিত হয়। তৎস্থলে একটি সহায়ক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য নূতন গৃহ নির্মিত হয়েছে। এই নির্মাণকার্যের জন্য এবং সহায়ক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য আনুষঙ্গিক ব্যবস্থার জন্য বিলম্ব হয়েছে।

কুলি সহায়ক স্বাস্থ্যকেন্দ্রের কর্মী আবাসগৃহ ব্যবহারের সম্পূর্ণ অনুপযুক্ত বিবেচিত হয়েছে। ঐ স্বাস্থ্যকেন্দ্রের হাসপাতাল গৃহটি ও রন্ধনশালাটিরও বিশেষ মেরামতি প্রয়োজন। মেরামতির জন্য প্রশাসনিক অনুমোদন বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

**পোলিও রোগ প্রতিরোধ ব্যবস্থা**

৪৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ৪৭৯।) **শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বর্তমানে রাজ্যে পোলিও আক্রান্ত শিশুর সংখ্যা কত; এবং

(খ) পোলিও রোগ প্রতিরোধের জন্য রাজ্যে কতগুলি পোলিও ক্লিনিক খোলা হয়েছে?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) বর্তমান রাজ্যে পোলিও আক্রান্ত শিশুর সংখ্যা হচ্ছে দুই শত সাত জন।

(খ) পোলিও রোগ প্রতিরোধের জন্য রাজ্যে মোট ২৭৪টি পোলিও ক্লিনিক আছে।

**ক্ষুদ্র ইঞ্জিনিয়ারিং শিল্পসমূহে লৌহ ও ইস্পাতের প্রয়োজন**

৪৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ৫৭২।) **শ্রীবামাপদ মুখোপাধ্যায় :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গ ক্ষুদ্র ইঞ্জিনিয়ারিং শিল্পগুলিতে প্রতি বৎসর লৌহ ও ইস্পাতজাত দ্রব্য কি পরিমান প্রয়োজন; এবং

(খ) কেন্দ্রীয় সরকার বৎসরে কি পরিমাণ উপরোক্ত দ্রব্য এ রাজ্যকে বরাদ্দ করে থাকেন?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) পশ্চিমবঙ্গ ক্ষুদ্র শিল্প নিগম এই রাজ্যে লৌহ ও ইস্পাত সরবরাহের ক্যানাইলাইজিং এজেন্সী। ইহার নিকট প্রেরিত চাহিদাকে এই রাজ্যে ক্ষুদ্র ইঞ্জিনিয়ারিং শিল্পের চাহিদা বলিয়া ধরা হইয়া থাকে। ক্ষুদ্র ইঞ্জিনিয়ারিং শিল্পে প্রতি বৎসর মোটামুটি হিসাবে ১,৫০,০০০ টন লৌহ ও ইস্পাতজাতদ্রব্যের প্রয়োজন কিন্তু পরপর কয়েক বৎসর ধরিয়া ইস্পাত ও লৌহ শিল্পের বাজারে জোর মন্দা চলিতেছে। ইহার একটি বড় কারণ হইল লৌহ ও ইস্পাত-প্রস্তুতকারী সংস্থাগুলি ক্ষুদ্রশিল্পের বৃহৎ ইউনিটগুলিকে সরাসরি লৌহ ও ইস্পাত সরবরাহ করিয়া থাকে এবং এই সরবরাহের দর পশ্চিমবঙ্গ ক্ষুদ্র শিল্প নিগমের দরের অপেক্ষা কম। ইহা ছাড়া যে সকল ইস্পাতজাত দ্রব্যের চাহিদা বেশি, যেমন এম এস প্লেট, সেই সকল দ্রব্য প্রস্তুতকারী সংস্থাগুলি হইতে ক্ষুদ্র শিল্প নিগমকে সময়ে ও পর্যাপ্ত পরিমাণে সরবরাহ করা হয় না।

বিভিন্ন বৎসরে চাহিদার পরিমাণ এইরূপ ছিল :

| | | | টন |
|---|---|---|---|
| ১৯৮২-৮৩ | .. | .. | ১,৫২,৪০০ |
| ১৯৮৩-৮৪ | .. | .. | ১,১৫,০০০ |
| ১৯৮৪-৮৫ | .. | .. | ৩০,০০০ |

(খ) বরাদ্দের পরিমাণ এইরূপ ছিল :

| | | | টন |
|---|---|---|---|
| ১৯৮২-৮৩ | .. | .. | ৩৯,৭০০ |
| ১৯৮৩-৮৪ | .. | .. | ৩৫,৪০০ |
| ১৯৮৪-৮৫ | .. | .. | ৩০,০০০ |

### সামাজিক বনসৃজন কর্মচারী

৪৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ৫৭৮।) **শ্রীবামাপদ মুখোপাধ্যায় :** বন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) গত ১৯৮৪ সালে সামাজিক বনসৃজনের কার্যসূচীতে পশ্চিমবঙ্গের কোন্ কোন্ এলাকায় কতগুলি এবং কতরকমের গাছের চারা বিতরণ করা হয়েছে; এবং

(খ) এ সময়ে সরকার কতগুলি নূতন এলাকায় বনসৃজনের ব্যবস্থা করেছেন?

**বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) গত ১৯৮৪ সালে সামাজিক বনসৃজনের কার্যসূচীতে ২ কোটি ৯৮ লক্ষ ৫৮ হাজার গাছের চারা বিতরণ করা হয়েছে। মোট কুড়ি রকমের গাছের চারা — ইউক্যালিপটাস, শিশু আকাশমনি, সুবাবুল, অর্জুন, সেগুন কৃষ্ণচূড়া, শিরিষ, বাবলা, ঝাউ, নিম, করঞ্জ,

আম, মিনজিরি, কাঠাল, নারিকেল, লেবু, পেয়ারা ও সোমালু বিতরণ করা হয়েছে। চারা বিতরণের জেলাওয়ারী তালিকা দেওয়া হল ঃ-

| জেলা | | | চারা বিতরণের সংখ্যা (লক্ষ হিসাবে) |
|---|---|---|---|
| দার্জিলিং | .. | . | ১৯.৫৪ |
| জলপাইগুড়ি | .. | .. | ১৭.৯৫ |
| কোচবিহার | .. | .. | ২.৪০ |
| বাঁকুড়া | .. | .. | ৬২.৪৪ |
| মেদিনীপুর | .. | .. | ৮০.৩৪ |
| বর্ধমান | .. | .. | ৩৬.২৬ |
| হুগলী | .. | .. | ৫.৫০ |
| পুরুলিয়া | .. | .. | ৩.৮৫ |
| বীরভূম | .. | .. | ৩০.২৫ |
| মালদা | . | .. | ৬.১৮ |
| পশ্চিম দিনাজপুর | .. | .. | ১৫.১২ |
| নদীয়া | .. | .. | ৫.০৮ |
| মুর্শিদাবাদ | .. | .. | ২.৪৫ |
| ২৪-পরগণা | .. | .. | ৭.৪২ |
| কলকাতা | .. | .. | ০.৯০ |
| হাওড়া | .. | .. | ২.৯০ |
| | | মোট | ২৯৮.৫৮ |

(খ) বিভিন্ন বনসৃজন প্রকল্পের কার্যসূচীতে উক্ত সময়ে এ রাজ্যের প্রতিটি জেলায় নূতন বনসৃজনের ব্যবস্থা করা হয়েছে। এর একটি জেলাভিত্তিক তালিকা দেওয়া হল ঃ

| জেলা | | | হেক্টর |
|---|---|---|---|
| দার্জিলিং | .. | .. | ১,৬৮৯ |
| জলপাইগুড়ি | .. | .. | ২,৩৯৮ |

| | | | |
|---|---|---|---|
| কোচবিহার | .. | .. | ২৩২ |
| বাঁকুড়া | .. | .. | ৪,২৪০ |
| মেদিনীপুর | .. | .. | ৪,৩২৪ |
| বর্ধমান | .. | .. | ১,০৯৯ |
| হুগলী | .. | .. | ৪৭ |
| পুরুলিয়া | .. | .. | ৮৭০ |
| বীরভূম | .. | .. | ১,৮০৮ |
| মালদা | .. | .. | ২৭৯ |
| পশ্চিমদিনাজপুর | .. | .. | ৪৭১ |
| নদীয়া | .. | .. | ১১৯ |
| মুর্শিদাবাদ | .. | .. | ১৮৯ |
| ২৪-পরগণা | .. | .. | ২৬৬ |
| হাওড়া | .. | .. | ৫০ |
| | | মোট | ১৮,০৮১ |

**পুরুলিয়া জেলার মধুকুণ্ডায় সিমেন্ট কারখানা**

৪৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ৫৮৪।) **শ্রীবামাপদ মুখোপাধ্যায় :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) পুরুলিয়া জেলায় মধুকুন্ডাতে প্রস্তাবিত সিমেন্ট কারখানা নির্মাণের জন্য কি কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে; এবং

(খ) উক্ত কারখানা নির্মাণের কাজ কবে নাগাত শুরু হবে বলে আশা করা যায়?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) পুরুলিয়া জেলায় মধুকুণ্ডায় "দামোদর সিমেন্ট এন্ড স্ল্যাগ লিমিটেড" তাঁহাদের প্রস্তাবিত সিমেন্ট কারখানা স্থাপনের জন্য জমি অধিগ্রহণ এবং উহার উন্নতিসাধন করিয়াছেন এবং নির্মাণকার্য শুরু করিবার জন্য কার্যকরী পদক্ষেপ লইয়াছেন। [illegible] একটি অফিস খোলা হইয়াছে। আই ডি বি আই কর্তৃক ইতিমধ্যেই মেয়াদী ঋণ মঞ্জুর হইয়াছে। প্রয়োজনীয় যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জামের বরাত দেওয়া হইয়াছে এবং কিছু কিছু যন্ত্রপাতি পাওয়া গিয়াছে।

(খ) উক্ত কারখানা নির্মাণকার্য ১৯৮৫ সালের মে মাসের মাঝামাঝি নাগাত শুরু হইবে বলিয়া আশা করা যায়। [illegible] হইতে প্রস্তাবিত কারখানা পর্যন্ত রজ্জুপথের নির্মাণকার্য এই বছর এপ্রিল

মাস নাগাত শুরু হইতে পারে।

**বাসন্তী কটন মিলের লক-আউট**

৪৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ৫৮৮।) **শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য্য** : শ্রম বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) পানিহাটিতে অবস্থিত বাসন্তী কটন মিলের লক-আউট প্রত্যাহারের জন্য কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে কিনা; এবং

(খ) এই কারখানাকে জাতীয়করণের জন্য রাজ্যসরকার কেন্দ্রীয় সরকারের নিকট কোন সুপারিশ করেছেন কি?

**শ্রমবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী** : (ক) হ্যাঁ।

(খ) না।

**এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে নিয়োগ**

৪৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ৭০৫।) **শ্রীঅমলেন্দ্র রায়** : শ্রম বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইউনিয়ন সরকারের সমস্ত অফিস ও সংস্থায় এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে নিয়োগ পদ্ধতি চালু করার জন্য অনুরোধ জানানো হয়েছিল কি;

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে সে সম্বন্ধে ইউনিয়ন সরকারের প্রতিক্রিয়া কি; এবং

(গ) ইউনিয়ন সরকার কিভাবে এই রাজ্যে নিয়োগ করছেন?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী** : (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) কেন্দ্রীয় সরকারী অফিস ও সংস্থাগুলিতে তৃতীয় শ্রেণীর কর্মী নিয়োগ সাধারণভাবে স্টাফ সিলেকসান কমিশন, ব্যাঙ্কিং সার্ভিস কমিশন, রেলওয়ে সার্ভিস কমিশন প্রভৃতির মাধ্যমে হয় এবং চতুর্থ শ্রেণীর পদগুলিতে নিয়োগ সাধারণতঃ কর্ম বিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে করা হয়।

**উদ্ধারকৃত চোলাই মদ, গাঁজা ও আফিম**

৪৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ৭৩১।) **শ্রীমনোহর টিরকী** : আবগারী বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৮৪ সালের ১লা জানুয়ারী থেকে ৩১শে ডিসেম্বর পর্যন্ত সময়ের মধ্যে (১) চোলাই মদ, (২) বেআইনী গাজা ও আফিম উদ্ধারের পরিমাণ কত; এবং

(খ) বেআইনী মাদক দ্রব্য বন্ধ করার ব্যাপারে সরকার কোন ব্যবস্থা করেছেন কিনা?

**আবগারী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী** : (ক) পশ্চিমবঙ্গে ১৯৮৪ সালে উদ্ধার করা ও বাজেয়াপ্ত চোলাই মদ ইত্যাদির পরিমাণ নিম্নে দেওয়া হল :-

(১) চোলাই মদ ৩,৭৩,১৫২ লিটার

(২) বেআইনী গাজা ২,৪৮২.১০৪ কেজি

(৩) আফিম ১১১.৫৩৪ কেজি

(খ) বেআইনী মাদক দ্রব্য প্রস্তুত ও বিক্রয় বন্ধ করার উদ্দেশ্যে সরকার তৎপর আছেন। এই উদ্দেশ্যে কিছুদিন পূর্বে আবগারি আইন সংশোধন করা হয়েছে। আবগারি দপ্তর কর্তৃক নিয়মিতভাবে বেআইনী মাদক দ্রব্য ব্যবহার নিরোধক অভিযান চালানো হয়। আবগারি দপ্তরের অপরাধ নিরোধক শাখাকে আরও শক্তিশালী করা হচ্ছে।

**২৪-পরগণা জেলায় প্রাথমিক শিক্ষক নিয়োগ**

৪৫০। (অনুমোদিত প্রশ্ন নং ৭৪৫।) **শ্রীসরল দেব ঃ শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রিমহোদয়** অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে —

(১) ১৯৭৯ সালে ২৪-পরগণা জেলায় প্রাথমিক শিক্ষক নিয়োগ করার জন্য একটি প্যানেল তৈয়ারী হইয়াছিল,

(২) উক্ত প্যানেলভুক্ত কিছু শিক্ষক এবং শিক্ষিকাকে মহামান্য উচ্চ আদালত হইতে নিয়োগ সম্পর্কিত নির্দেশনামা পাওয়া সত্বেও অদ্যাবধি তাঁহাদের নিয়োগ করা হয় নাই; এবং

(খ) সত্য হইলে নিয়োগ না করার কারণ কি?

**শিক্ষা (প্রাথমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) (১) হ্যাঁ।

(ক) (২) এবং (খ) আদালতের আদেশানুসারে প্যানেলভুক্ত মোট ১৬৮ জনকে নিয়োগ করা হয়েছে। বাকিদের নিয়োগ সংক্রান্ত বিষয়টি যথোচিত গুরুত্ব দিয়ে দেখা হচ্ছে।

**বিশ্বব্যাঙ্কের উদ্যোগেও আর এল ই জি পি স্কীমে মৎস্য প্রকল্প**

৪৫১। (অনুমোদিত প্রশ্ন নং ৭৬৮।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয়** অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বাঁকুড়া জেলায় বিশ্বব্যাঙ্কের উদ্যোগে ও আর এল ই জি পি স্কীমের মাধ্যমে মৎস্য প্রকল্পটি চালু হইয়াছে কি;

(খ) ঐ স্কীমের মাধ্যমে ভূমিহীন তফসিল ও আদিবাসীদের কোন কর্মসংস্থান হইবে কিনা; এবং

(গ) এই স্কীমের মাধ্যমে কি কি সম্পদ সৃষ্টি হইবার সম্ভাবনা আছে?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ, হইয়াছে। বিশ্বব্যাঙ্কের সহায়তাভুক্ত ইনল্যান্ড ফিসারবীজ প্রোজেক্ট অনুসারে মৎস্যচাষ উন্নয়নের কাজ এবং আর এল ই জি পি স্কীমে জলাশয় সংস্কারের কাজ বাঁকুড়া জেলাতে পৃথক পৃথকভাবে চলিতেছে:

(খ) হ্যাঁ, হইবে।

(গ) আর এল জি পি স্কীমে হাজামজা জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদনের ও জল সংরক্ষণের উপযোগী স্থায়ী জল সম্পদ সৃষ্টি হইতেছে। ইনল্যান্ড ফিসারীজ প্রোজেক্ট-এ জলাশয় সংস্কার সহ নিবিড় মৎস্যচাষীদের প্রশিক্ষণের কর্মসূচীর বাস্তবায়ন করা হইতেছে।

### আলিপুরদুয়ার ১ নং পঞ্চায়েত সমিতির অফিসগৃহ

৪৫২। (অনুমোদিত প্রশ্ন নং ৮২৩।) **শ্রী যোগেন্দ্র নাথ সিংহরায় :** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ার ১নং পঞ্চায়েত সমিতির অফিসগৃহের কাজ ইতিমধ্যে সম্পূর্ণ হইয়াছে;

(খ) সত্য হইলে, কবে উক্ত অফিসগৃহের কাজ সম্পূর্ণ হইয়াছে;

(গ) উক্ত নবনির্মিত অফিসঘরে অফিস স্থানান্তর হইয়াছে কিনা; এবং

(ঘ) "গ" প্রশ্নের উত্তর না হইলে, কবে নাগাত উক্ত অফিস স্থানান্তর হইবে বলিয়া আশা করা যায়?

**পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) হ্যাঁ।

(খ) ফেব্রুয়ারী, ১৯৮৫।

(গ) না।

(ঘ) নবনির্মিত অফিসগৃহে বিদ্যুৎ ও জল-সরবরাহের ব্যবস্থা হইলেই উক্ত অফিস স্থানান্তর করা হইবে।

### News print Plant in North Bengal

**453.** (Admitted Question No. 880.) **Shri Somendra Nath Mitra :** Will the Minister-in-charge of the Information and Cultural Affairs Department be pleased to state-

(a) Whether the State Government has examined the recommendation of the Fact Finding Committee on small and medium newspapers for starting a newsprint plant in North Bengal in view of the industrial beckwardness of North Bengal and in consideration of the urgent need of newsprint for small news papers ; and

(b) if so -

(i) whether starting of such a plant in near future is feasible, and

(ii) the step taken and or contemplated to be taken by the

State Government in the matter?

**Minister-in-charge of the Information and Cultural Affairs Department :**

(a) The State Government has examined the recommendation of the Fact Finding Committee. The recommendation for setting up a newsprint plant does not appear to be feasible for the present.

(b) Do not a use.

**প্রেমচাঁদ জুটমিলে লক আউট**

৪৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ৮৮৪।) **শ্রীরবীন্দ্র ঘোষ :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, প্রেমচাঁদ জুট মিলটি লক আউট হইয়া পড়িয়া আছে;

(খ) সত্য হইলে, ঐ মিলটি খোলার কোন পরিকল্পনা আছে কি না; এবং

(গ) থাকিলে কতদিনের মধ্যে খোলা হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রমবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) হ্যাঁ।

(খ) না।

(গ) প্রশ্ন ওঠে না।

**Durgapur Chemicals Ltd.**

**455.** (Admitted Question No. 905.) **Shri Satya Ranjan Bapuli:** Will the Minister-in-charge of the Public Undertakings Department be pleased to state-

(a) Whether it is a fact that during the period between 1979-80 and 1983-84 some of the major products of Durgapur Chemicals Ltd. have been sold below the cost of production; and

(b) if so, -

(i) the reasons why the products were sold at lower rates,

(ii) the resultant loss therefrom during the above period, and

(iii) the steps taken by the State Government in the matter?

**Minister-in-charge of Public Undertaking Department :** (a) Yes.

(b) (i) Due to high overheads the cost of production of some of the products of Durgapur Chemicals Ltd. were higher than the prevailing market prices, for which the Company was forced to sell the products at the prices lower than the cost of production in the fact of stiff competition with other manufacturers of the products.

(ii) The resultant comulative loos suffered by the Company during the five years from 1979-80 to 1983-84 is Rs. 879.37 lakhs (approximately).

(iii) The following steps have been taken with a view to solving this problem :-

(a) The Company has taken up a scheme of rectification\ modification of its existing plants with a view to increasing the capacity utilisation of the plants.

(b) SAIL has been approached from time to time for supplying H.P. Naphthalene to the Company at lower price for use in its Phithalic Anhyride Plant and the Government of India has also been requiested to waive the excise duty on Naphthalene in favour of the Company. SAIL and Government of India have not agreed to the proposals so far and the matter is still under persuasion with them,

(c) The administration of the Company has been streamlined and the Management Information System has been introduced with a view to curbing the aviodable expenditure and increasing the turnover.

(d) An indepth study is being undertaken by the Company for modernisation of the technology and diversification of the products.

(e) The Company is exploring the possiblity of switching over to the production of Phthalic Anhydribe from Ortho-xylene instead of from Naphthalene the prices of which have become abnormally high during the last few years.

**Irrigation potentials**

**456.** (Admitted Question No. 913.) **Shri Somendra Nath Mitra** : Will the Minister-in-charge of the Irrigation and Waterways

Department be pleased to state-

(a) Whether it is fact that in some irrigation projects there is wide gap between development and utilisation of the irrigation potentials; and

(b) if so, the steps taken by the Government for getting the optimum benefit from the area currently under irrigation and with what results?

**Minister-in-charge of Irrigation and Waterways Department:** (a) No; 90 per cent, created irrigation potential has been utilised in West Bengal.

(b) Better water management is being adopted for getting optimum benefit.

### সংগঠিত বিদ্যালয়

৪৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ৯৩৩।) **শ্রীশিবপ্রসাদ মালিক ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, রাজ্যের সংগঠিত বিদ্যালয়গুলি যেখানে বিনা বেতনে শিক্ষক-শিক্ষিকারা ১০-১২ বৎসর যাবত ছাত্র-ছাত্রীদের শিক্ষাদান করে আসছেন সেই সমস্ত সংগঠিত বিদ্যালয়গুলি আজ পর্যন্ত অনুমোদিত হয় নি; এবং

(খ) সত্য হলে, অনুমোদন না দেওয়ার কারণ কি?

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) প্রশ্নের মধ্যে "বিদ্যালয়" শব্দ ব্যবহৃত হয়েছে। কিন্তু প্রাথমিক না মাধ্যমিক তা উল্লেখিত হয় নি। দুই প্রকারের বিদ্যালয়, ভিন্ন বিধির দ্বারা স্বীকৃত বা অনুমোদিত হয়। রাজ্যে ১০-১২ বৎসর কত বিদ্যালয়, তা প্রাথমিক বা মাধ্যমিক যাই হোক, অনুমোদিত অবস্থায় কাজ করে যাচ্ছে তার কোন সঠিক পরিসংখ্যান সংগৃহীত হয় নি। তবে পূর্বে স্থাপিত অনেক অনুমোদিত মাধ্যমিক বিদ্যালয় ইতিমধ্যে অনুমোদিত হয়েছে।

(খ) প্রাথমিক বিদ্যালয়ের ক্ষেত্রে নীতি হিসাবে প্রয়োজনীয় স্থানে সরকারী উদ্যোগে বিদ্যালয় স্থাপিত হবে। সংগঠিত বিদ্যালয়ের উপর কোন বিশেষ গুরুত্ব আরোপ করা হবে না।

মাধ্যমিক বিদ্যালয়ের বিষয়ে সাধারণভাবে ১৯৭৫ সাল পর্যন্ত স্থাপিত বিদ্যালয়গুলি পর্যায়ক্রমে অনুমোদন দেওয়া হচ্ছে।

### কাঁথির মাজনা হাসপাতাল বৈদ্যুতিকরণ

৪৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ৯৬৬।) **শ্রীশিশির অধিকারী ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) কাঁথির মাজনা হাসপাতালে বৈদ্যুতিকরণের কোন ব্যবস্থা নেওয়া হইয়াছে কি; এবং

(খ) লওয়া না হইলে, কবে নাগাত বৈদ্যুতিকরণ হইবে বলিয়া আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) হ্যাঁ।

(খ) প্রশ্ন ওঠে না।

### হলদিয়াতে শিল্প সংস্থা স্থাপন

৪৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ৯৮৩।) **শ্রীলক্ষ্মণচন্দ্র শেঠ :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এ পর্যন্ত কতগুলি শিল্প সংস্থা হলদিয়াতে শিল্প স্থাপনের জন্য লাইসেন্স পেয়েছেন; এবং

(খ) উক্ত শিল্প সংস্থাগুলির নাম কি কি?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) ৩১শে ডিসেম্বর, ১৯৮৪ সাল পর্যন্ত মোট ৪৪টি শিল্প সংস্থা হলদিয়াতে শিল্প স্থাপনের জন্য কেন্দ্রীয় সরকারের অনুমোদন পেয়েছেন।

(খ) নামের তালিকা সংযুক্ত হ'ল।

**Statement referred to in reply to clause Kha of Question No.459 (Admitted question No. 983)**

**Industrial Approval Holder at Haldia till 31st December, 1984**

LETTER OF INTENT/INDUSTRIAL LICENCE

| Serial No. | Name of the undertaking |
|---|---|
| 1. | The Fertilizer Corporation of India Limited. |
| 2. | The Chloride India Limited. |
| 3. | The Hindusthan Lever Limited. |
| 4. | The Shaw Wallace & Company Limited. |
| 5. | The Indian Oil Corporation Limited. |
| 6. | West Bengal Industrial Development Corporation |
| 7. | Indian Durgs & Pharmaceuticals Limited, N-12 South Extn. Part I, Ring Road, New Delhi (Haldia - one of the locations as per original application). |
| 8. | Shaw Wallace & Co. Limited (Haldia, Midnapore). |

9. B.A.S.F. India Limited (Haldia, Midnapore).
10. Kanoria Chemicals & Industries Limited.
11. B.A.S.F. India Limited (Haldia, Midnapore).
12. United Carbon India Limited.
13. West Bengal Industrial Development Corporation (Eastern Organics Co. Ltd.) Joint Sector Company of WBIDC with Messrs. Hindusthan Heavy Chemicals.
14. West Bengal Industrial Development Corporation.
15. Indian Oil Corporation.
16. B.A.S.F. India Limited.
17. P.K. Khetwat (Utakal Commercial Products).
18. Hindusthan Lever Limited.
19. Him Containers.
20. Khetawat Chemicals Fertilisers Ltd. 40 (Haldia, Midnapore).
21. The Industrial Gases Ltd., 15 Ganesh Ch. Avenue, Calcutta-1 (Haldia, Midnapore).
22. Eureka Chemicals Ltd., P-34, C.I.T Road (5th floor), Calcutta-14 (Haldia, Midnapore).

**Industrial units registered with D.G.T.D. (Haldia) as on 31st December, 1984**

| Serial No. | Name of industrial unit |
|---|---|
| 1. | Petro Carbon & Chemicals (Hindusthan Development Corporation Ltd.). |
| 2. | Santanu Chowdhury, Eureka Chemicals (P) Ltd. |
| 3. | Axiome Chemicals Pvt. Limited. |
| 4. | Ashoke Kumar Das. |

5. R.P. Gupta (Aryan Steel Corporation).
6. Mahalaxmi Engineers.
7. G.R. Jha, Ganapati Steel Works.
8. Haldia Friend Electronics P. Limited.
9. United Bags Limited.
10. Skylab Industries.
11. Deccan Industries.
12. Petro Carbon & Chemical Co.
13. Shared Jhawar.
14. Petro Carbon & Chemical Co.
15. Sajjan Kumar Bansal
16. Luxmi Prasad Chowdhury.
17. Shiv Jyoti (P) Limited.
18. Bimal Kumar Podder.
19. S.K.Jhawar.
20. Ajoy Pratim Dutta.
21. Shri Kesav Dases Saraf.
22. Shri Subhabrata Basu.

### কারখানা জাতীয়করণের শর্তাবলী

৪৬০। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৮।) **শ্রীলক্ষ্মণ চন্দ্র শেঠ** : শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, — সম্প্রতিকালে কারখানা জাতীয়করণের ব্যাপারে কেন্দ্রীয় সরকার কি কি শর্তাবলী আরোপ করেছেন?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী** : কারখানা জাতীয়করণের ব্যাপারে কেন্দ্রীয় সরকার সম্প্রতি শর্ত আরোপ করেছেন যে ব্যাঙ্ক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান কর্তৃক কারখানা অধিগ্রহণের পূর্ববর্তী ও পরবর্তী সময়ের প্রদত্ত সমুদয় ঋণ সুদ সমেত পূর্ণ সুরক্ষার বন্দোবস্ত করতে হবে। প্রয়োজন ক্ষতিপূরণ টাকার বাইরে এজন্য বাজেটে বরাদ্দ করতে হবে।

### চটকল জাতীয়করণ

৪৬১। (অনুমোদিত প্রশ্ন নং ১০২৮।) **শ্রীবিভূতিভূষণ দে** : শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) পশ্চিমবঙ্গ সরকার চট শিল্প জাতীয়করণ করার জন্য কেন্দ্রীয় সরকারকে কোন প্রস্তাব দিয়েছেন কিনা; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর হ্যাঁ হলে এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কোন উত্তর পাওয়া গিয়েছে কি?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ। কেন্দ্রীয় সরকার চট শিল্পের জাতীয়করণের প্রস্তাবে রাজি হন নাই।

## Target for raising Income under I. R. D. P.

**462.** (Admitted Question No. 1066.) **Shri Somendra Nath Mitra :** Will the Minister-in-charge of the Development and Planning (Intergrated Rural Development Programme) Department be pleased to state-

(a) what was the target(s) fixed by the Government of the India and /or the State Government for raising the income of the families belonging to the target group consisting of small and marginal farmers, share croppers, agricultural labourers, landless people, rural artisans in West Bengal under the Intergrated Rural Development Programme during the period 1980-85;

(b) to what extent the above target has so far been achived;

(c) the reasons for shortfall, if any, in achieving the target; and

(d) financial assistance received from the Centre for the above programme during the period mentioned above?

**Minister-in-charge of Development and Planning (Integrated Rural Development Programme) :** (a) A target of assisting 10.05 lakh families belonging to the target group was fixed by the Government of India/State Government under I.R.D. Programme in West Bengal during the period 1980-85.

(b) Up to February, 1985, 5,94,058 families have been assisted under the programme.

(c) The shortfall occurred in the earlier years, i.e, between 1980-81 and 1982-83. The reasons for the same were: (i) inadequate banking coverage and lack of disired response from the banks, (ii) inexperience of the implementing agency and (iii) organisational de-

ficiency in the early years.

(d) Yearwise financial assistance received from the Centre for the above programme during the period 1980-81-1984-85 (up to 25-3-85) is furnished below:

| | Rs. in lakhs |
|---|---|
| 1980-81 | Nil |
| 1981-82 | 39.84 |
| 1982-83 | 362.00 |
| 1983-84 | 876.00 |
| 1984-85 (Up to 25-3-1985) | 665.18 |
| | 1,943.02 |

**Bonus to employees and teachers and employees of local Bodies**

**463.** (Admitted Question No. 1078.) **Shri Abdul Mannan:** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state-

(a) whether the State Government has any information about the decision of the Government of Uttar Pradesh, like the Central, to pay bonous to its employees and to the teachers and employees of the local bodies; and

(b) if so, -

(i) on what basis bonus has been paid by the Government of Uttar Pradesh, and

(ii) Whether the State Government has any such proposal to pay bonus to its employees and to the teachers and the employees of the Local Bodies more or less on the same pattern as has been done by the Sate Government of Uttar Pradesh and the Central Government?

**Minister-in-charge of the Finance Department** : (a) The State Government has no information in this respect.

(b) (i) Does not arise.

(ii) Since 1977, the State Government has introduced a system of ad hoc special grant for the emplyees.

**Creation of durable assets under N.R.E.P. and R.L.E.G.S.**

**464.** (Admitted Question No. 1081.) **Shri Abdul Mannan:** Will the Minister-in-charge of the Development and Planning (National Rural Employment Programme) Department be pleased to state-

(a) what was the target in the matter of creating durable assets under National Rural Employment Programme and Rural Landless Employment Guarantee Scheme in West Bengal during the Sixth Five-Year Plan period ;

(b) to what extent the target has been achieved so far;

(c) the type of durable assets created under the above programme up to December, 1984; and

(d) the steps taken and/or contemplated to be taken to maintain these assets?

**Minister-in-charge of Development and Planning (National Rural Employment Programme) Department** : (a) Target under N.R.E.P. and R.L.E.G.P. is fixed by the Government of India in terms of generation of mandays of employment only.

(b) Does not arise.

(c) The types of durable assets created under N.R.E.P. are as follows :

(1) Afforestation/Social Forestry.

(2) Dirinking water wells for SC/ST.

(3) Group Housing for SC/ST.

(4) Excavation/Re-excavaion of village tanks.

(5) Minior Irrigation Schemes.

(6) Field Channels.

(7) Soil/Water Conservation and Land Reclamation.

(8) Construction/Improvement of rural roads.

(9) Construction of wooden bridges, bamboo bridges and culverts.

(10) Construction/Improvement of school buildings, Community Centres, Panchayat Ghars, etc.

(11) Construction of Grain Golas and village godowns.

(12) Construction of Bus Stands, Waiting Rooms and Washing Platforms.

Types of assets created under R.L.E.G.P. are as follows :

(1) Construstion of rural link roads.

(2) Development of Minor Irrgation.

(3) Reclamation of land.

(4) Afforestation.

(5) Development of fisheries.

(d) Government of India have been moved for earmarking and allotting funds (out of total N.R.E.P. allocations) for maintenance of assets already created under the programme. It is under their active consiveration.

Concerned Zilla Parishads are entrusted with the task of maintenance of assets (so created) out of their own funds.

**ব্যাঙ্কের নূতন শাখা**

**৪৬৫।** (অনুমোদিত প্রশ্ন নং ১১১০।) **শ্রীঅমলেন্দ্র রায় :** অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৮৪-৮৫ আর্থিক বৎসরে ব্যাঙ্কগুলো এ রাজ্যে কতগুলি নূতন শাখা খুলেছে; এবং

(খ) পূর্ববর্তী তিন বৎসরে ঐ সংখ্যা কত ছিল?

**অর্থবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) ৪১৪টি।

(খ) ১৯৮১-৮২, ১৯৮২-৮৩ এবং ১৯৮৩-৮৪ আর্থিক বছরে এই রাজ্যে ব্যাঙ্কগুলি যথাক্রমে

২২২, ১৫৪ এবং ১১০টি নতুন শাখা খুলেছে।

**কসবাগোলা উপ-স্বাস্থ্যকেন্দ্র**

**৪৬৬।** (অনুমোদিত প্রশ্ন নং ১১২২।) **শ্রীপ্রবোধচন্দ্র সিংহ ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) মেদিনীপুর জেলার এগরা ১ নং ব্লকে কসবাগোলা উপ-স্বাস্থ্যকেন্দ্রটি নির্মাণের কাজ কোন্ বছর সম্পন্ন হয়েছে;

(খ) নির্মাণকারী সংস্থার নিকট হতে কোন্ সময় হাসপাতালটি রাজ্য স্বাস্থ্য দপ্তর গ্রহণ করেছেন, এবং

(গ) হাসপাতালটি কবে নাগাদ চালু হবে?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ১৯৮১ সালে

(খ) ২৪শে জুলাই, ১৯৮১।

(গ) হাসপাতাল খোলার আদেশনামা জারি করা হয়েছে। যত শীঘ্র সম্ভব ডাক্তার নিয়োগ করা হবে।

**সুবর্ণরেখা নদী বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প**

**৪৬৭।** (অনুমোদিত প্রশ্ন নং ১১২৪।) **শ্রীপ্রবোধচন্দ্র সিংহ ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) সুবর্ণরেখা নদী বন্যা নিয়ন্ত্রণ প্রকল্পটির কাজ কোন্ সময় হতে শুরু হওয়ার সম্ভাবনা আছে;

(খ) উক্ত প্রকল্প রূপায়নের জন্য আনুমানিক ব্যয় কত হবে;

(গ) উক্ত প্রকল্প রূপায়নে রাজ্য সরকারকে কি পরিমাণ আর্থিক দায়িত্ব বহন করতে হবে; এবং

(ঘ) এই প্রকল্পের কাজ সম্পন্ন হলে মোট কত জমিতে সেচের ব্যবস্থা হবে?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) এখনই বলা সম্ভব নয়।

(খ) প্রকল্পটির আনুমানিক ব্যয় ৩.৫১ কোটি টাকা।

(গ) বর্তমান প্রস্তাব অনুযায়ী প্রকল্পের সম্পূর্ণ ব্যয়ই রাজ্য সরকারকে বহন করতে হবে।

(ঘ) পরিকল্পনাটি রূপায়িত হলে ৫.৮৫ লক্ষ একর জমি বন্যার প্রকোপ থেকে রক্ষা পাবে।

**গ্রামাঞ্চলে স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তারের শূন্য পদ**

**৪৬৮।** (অনুমোদিত প্রশ্ন নং ১১২৮।) **শ্রীপ্রবোধচন্দ্র সিংহ ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলের স্বাস্থ্যকেন্দ্রগুলিতে মোট কতজন ডাক্তারের পদ শূন্য আছে; এবং

(খ) এই সব শূন্য পদ পূরণের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) ২৬৩ জন ডাক্তারের পদ খালি আছে।

(খ) পাবলিক সার্ভিস কমিশন সম্প্রতি ডাক্তার-প্রার্থীর যে তালিকা পাঠিয়েছেন তা থেকে ডাক্তারের শূন্য পদগুলি পূরণ করা হবে।

**পশ্চিমবঙ্গে চৌকিদারের শূন্য পদ**

৪৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ১১৩৪।) **শ্রীপ্রবোধচন্দ্র সিংহ :** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে মোট কতগুলি চৌকিদারের পদ শূন্য আছে ; এবং

(খ) উক্ত শূন্য পদগুলি পূরণে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) বর্তমানে পশ্চিমবঙ্গে মোট ৪,৬৯৮টি চৌকিদারের পদ শূন্য আছে।

(খ) চৌকিদার ও দফাদারদের নিয়োগনীতি ও চাকুরির শর্তাবলী পুনর্নির্ধারণ সাপেক্ষে এই শূন্য পদগুলিতে নতুন কর্মী নিয়োগ সম্পর্কে সরকারের নিষেধাজ্ঞা আছে।

**পশ্চিমবঙ্গে দুঃস্থ শিল্পীদের সাহায্যদান**

৪৭০। (অনুমোদিত প্রশ্ন নং ১১৩৭।) **শ্রীপ্রবোধচন্দ্র সিংহ :** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৮৩-৮৪ সালে পশ্চিমবঙ্গে মোট কতজন দুঃস্থ শিল্পীকে আর্থিক সাহায্য দেওয়া হয়েছে;

(খ) উক্ত বাবতে সরকারের মোট কত টাকা খরচ হয়েছে; এবং

(গ) উক্ত সময়ে মেদিনীপুর জেলার কতজন শিল্পীকে সাহায্য দেওয়া হয়েছে?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) ৩৬৮ জন।

(খ) ২,৬১,৯০১ টাকা (দুই লক্ষ একষট্টি হাজার নয় শত এক টাকা)

(গ) ৩২ জন।

**বয়স্ক শিক্ষাকেন্দ্র**

৪৭১। (অনুমোদিত প্রশ্ন নং ১১৪২।) **শ্রীপ্রবোধচন্দ্র সিংহ :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে বয়স্ক শিক্ষা কেন্দ্রের মোট সংখ্যা কত;

(খ) প্রতিটি শিক্ষাকেন্দ্র পরিচালনার জন্য কেন্দ্রীয় সরকারের নিকট হইতে কি ধরনের আর্থিক সাহায্য পাওয়া যায়; এবং

(গ) ১৯৮৫-৮৬ সালে কতগুলি নূতন বয়স্ক শিক্ষাকেন্দ্র স্থাপনের পরিকল্পনা আছে?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) বর্তমানে (৩১-১২-১৯৮৪) পশ্চিমবঙ্গে বয়স্ক শিক্ষা কেন্দ্রের মোট সংখ্যা ১৪,৯৬০।

(খ) মোট ১৪,৯৬০টি কেন্দ্রের মধ্যে ৩,৯৫৫টি বয়স্ক শিক্ষা কেন্দ্রের জন্য কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে কেন্দ্রপিছু ১,৯৬৮ টাকা সাহায্য দিয়া থাকেন। এ ছাড়াও স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানগুলি পরিচালিত ৬৬৪টি বয়স্ক শিক্ষা কেন্দ্রের জন্য কেন্দ্রীয় সরকার কেন্দ্রপিছু ১,৮২৩ টাকা সরাসরি স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানগুলিকে সাহায্য করে থাকেন।

(গ) ১৯৮৫-৮৬ সালে পশ্চিমবঙ্গে প্রায় ২,৪০০ (দু হাজার চারশ') নূতন বয়স্ক শিক্ষাকেন্দ্র স্থাপনের পরিকল্পনা আছে।

**হলদিয়া পেট্রোকেমিক্যালসের জন্য লাইসেন্স**

৪৭২। (অনুমোদিত প্রশ্ন নং ১১৪৯।) **শ্রীসরল দেব :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) হলদিয়া পেট্রোকেমিক্যালসের জন্য কেন্দ্র হইতে লাইসেন্স পাওয়া গিয়াছে কিনা; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'না' হইলে তাহার কারণ কি?

**শিল্প বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) না।

(খ) পশ্চিমবঙ্গ শিল্পোন্নয়ন পর্ষদকে হলদিয়া পেট্রোকেমিক্যালস স্থাপনের জন্য প্রদত্ত অভিপ্রায়পত্রকে (লেটার অব ইনটেন্ট) লাইসেন্সে রূপায়িত করার প্রস্তাব বর্তমানে কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন রহিয়াছে।

**ডি পি এল-এর লাভ/লোকসান**

৪৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ১১৫০।) **শ্রীসরল দেব :** রাষ্ট্রীয় সংস্থা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৮৩-৮৪ সালের আর্থিক বৎসরে ডি পি এল-এর লাভ লোকসানের পরিমাণ কত; এবং

(খ) উক্ত মহাশয় লোকসান হইলে তাহার কারণ কি?

**রাষ্ট্রীয় সংস্থা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) ১৯৮৩-৮৪ সালের আর্থিক বৎসরে ডি পি এল-এর লোকসানের পরিমান ১৬৭.৯১ লক্ষ টাকা।

(খ) লোকসানের কারণসমূহ এইরূপ :

(১) বিভিন্ন প্ল্যান্টগুলি পুরাতন ও জীর্ণদশাপ্রাপ্ত হওয়ার উৎপাদন ব্যাহত হওয়া,

(২) বিদেশ থেকে আমদানীকৃত যন্ত্রাংশের অ-প্রাপ্তিজনিত সমস্যা,

(৩) কাঁচামাল ও যন্ত্রাংশের মূল্যবৃদ্ধি,

(৪) কাঁচামালের গুণমান হ্রাস, বিশেষতঃ কয়লার ক্ষেত্রে,

(৫) ১৯৭৮ সালের বিধ্বংসী বন্যায় ব্যাটারী নং ১ ও ২ সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হওয়া।

### দুর্গাপুর কেমিক্যালসের লাভ/লোকসান

**৪৭৪।** (অনুমোদিত প্রশ্ন নং ১১৫১।) **শ্রীসরল দেব :** রাষ্ট্রীয় সংস্থা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৮৩-৮৪ সালে দুর্গাপুর কেমিক্যালস লিমিটেডের কত লাভ বা লোকসান হইয়াছে; এবং

(খ) উক্ত সংস্থা লোকসান হইলে তাহার কারণ কি?

**রাষ্ট্রীয় সংস্থা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) দুর্গাপুর কেমিক্যালস লিমিটেডের ১৯৮৩-৮৪ সালের হিসাব এখনও পরীক্ষা করা হয় নাই। তাই লাভলোকসানের পরিমাণ এখনি বলা সম্ভব নয়।

(খ) 'ক' প্রশ্নের উত্তরের পরিপেক্ষিতে এই প্রশ্ন ওঠে না।

### কল্যাণী স্পিনিং মিলের লাভ/লোকসান

**৪৭৫।** (অনুমোদিত প্রশ্ন নং ১১৫২।) **শ্রীসরল দেব :** রাষ্ট্রীয় সংস্থা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৮২-৮৩ এবং ১৯৮৩-৮৪ সালের আর্থিক বৎসরে কল্যাণী স্পিনিং মিল্‌স লিমিটেডের লাভ/লোকসানের পরিমাণ কত; এবং

(খ) উক্ত সংস্থা লোকসান হইলে তাহার কারণ কি?

**রাষ্ট্রীয় সংস্থা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) কল্যাণী স্পিনিং মিল্‌স লিমিটেডের ১৯৮২-৮৩ এবং ১৯৮৩-৮৪ সালে আর্থিক বৎসরের নিরীক্ষা (অডিট) সম্পূর্ণ হয় নাই, তাই উক্ত সংস্থার লাভ বা লোকসানের পরিমাণ বলা সম্ভব নয়।

(খ) প্রশ্নই উঠে না।

### নোয়াই ও সুঠি নদী সংস্কার

**৪৭৬।** (অনুমোদিত প্রশ্ন নং ১১৬৮।) **শ্রীসরল দেব :** গত ১৪-৩-৮৪ তারিখের প্রশ্ন নং *২২০ (অনুমোদিত প্রশ্ন নং *৪০৫) -এর উত্তর উল্লেখপূর্বক সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) নোয়াই ও সুঠি নদী সংস্কারের জন্য ৭ম পরিকল্পনায় কত টাকা বরাদ্দ করা হইয়াছে; এবং

(খ) উক্ত নদী সংস্কারের কাজ কবে নাগাদ শুরু হইবে বলিয়া আশা করা যায়?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) 'নোয়াই বেসিন ড্রেনেজ' পরিকল্পনার জন্য ৮৭.০০ (সাতাশি) লক্ষ টাকা এবং সুঠি নদীর সংস্কারের জন্য ২০.০০ (কুড়ি) লক্ষ টাকা ৭ম পরিকল্পনায় ধরা হয়েছে।

(খ) 'নোয়াই' নদী সংস্কারের পরিকল্পনা সমাপ্তির পর্যায়ে, সুঠি নদী সংস্কারের কাজ হাড়োয়াগাঙ-কুলটিগাঙ ড্রেনেজ স্কীমের অন্তর্ভুক্ত আছে। সম্পূর্ণ স্কীমটি তৈরীর কাজ চলছে।

**বাঁকুড়া জেলার তাঁমুলি পুকুর সংস্কার**

৪৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ১১৭৩।) **শ্রীকাশীনাথ মিশ্র :** মৎস্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বাঁকুড়া জেলার বাঁকুড়া ২নং ব্লকের অন্তর্গত পুরন্দরপুর অঞ্চলের বাহাদুরপুর মৌজার তাঁমুলি পুকুরটি সংস্কার করার জন্য কোন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কিনা;

(খ) পুকুরটি সংস্কার হলে কত একর জমিতে চাষ-আবাদ হতে পারে;

(গ) বাঁকুড়া ১নং ও ২নং ব্লকে কটি পুকুর ও বাঁধ সংস্কার করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে; এবং

(ঘ) বিষ্ণুপুর মহকুমার মল্লরাজাদের বাঁধগুলি সংস্কার করা হবে কিনা?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) উক্ত পুকুরটি সংস্কার করার জন্য মৎস্য বিভাগের বর্তমানে কোন পরিকল্পনা নাই।

(খ) আনুমানিক ১৫ একর জমিতে চাষ-আবাদ হইতে পারে।

(গ) বর্তমানে একটি দহ ও দুটি বাঁধ সংস্কার করার ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে।

(ঘ) বাঁধগুলির মধ্যে বর্তমানে শুধুমাত্র কৃষ্ণবাঁধের অগভীর অংশ ও মৎস্য খামারের পুকুরগুলি বাঁকুড়া জেলা পরিষদের মাধ্যমে সংস্কারের বন্দোবস্ত করা হইয়াছে।

**বিড়ি অ্যান্ড সিগার অ্যাক্ট কার্যকর করার ব্যবস্থা**

৪৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ১২৫৭।) **শ্রীনবনী বাউরী :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বিড়ি অ্যান্ড সিগার (কনডিশন অব এমপ্লয়মেন্ট) অ্যাক্ট ১৯৬৮, কার্যকরী করার জন্য কি কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে; এবং

(খ) কতজন শ্রমিক উক্ত আইনের সুযোগসুবিধা পাচ্ছেন?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) নিম্নলিখিত ব্যবস্থা অবলম্বন করা হয়েছে —

(১) একজন অতিরিক্ত শ্রম মহাধ্যক্ষকে মুখ্য পরিদর্শক হিসাবে নিয়োগ করা হয়েছে,

(২) ৪৪ জন আঞ্চলিক সহ শ্রম মহাধ্যক্ষকে উক্ত আইনের কম্পিট্যান্ট অথরিটি হিসাবে ঘোষণা করা হয়েছে,

(৩) ৩২৬ জন পরিদর্শককে কলিকাতা সদর দপ্তর মহকুমা ও ব্লক স্তরে পরিদর্শনের দায়িত্ব দেওয়া হয়েছে,

(৪) দূর্গাপুর, শিলিগুড়ি, শ্রীরামপুর ও কলিকাতায় ৪ জন আঞ্চলিক উপ শ্রম মহাধ্যক্ষকে কম্পিট্যান্ট অথরিটির বিরুদ্ধে আপীল ও চাকরিচ্ছেদের শুনানীর জন্য নিযুক্ত করা হয়েছে।

(৫) বর্তমান পরিস্থিতিতে সঠিক জানান সম্ভব হচ্ছে না।

**কাঁথি মহকুমায় চাষের উন্নতির জন্য স্লুইস নির্মাণ**

**৪৭৯।** (অনুমোদিত প্রশ্ন নং ১২৭৭।) **শ্রীশিশির অধিকারী :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) কাঁথি মহকুমায় উড়িষ্যা কোষ্ট পিছাবনী ক্যানেলের আউট ফলে মিষ্টিজল সংরক্ষন করিয়া চাষের উন্নতির জন্য স্লুইস নির্মাণ পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) উক্ত কার্যের জন্য কোন অনুসন্ধানের কার্য হইয়াছে কিনা;

(গ) হইলে উপযুক্ততার পক্ষে কোন রিপোর্ট আছে কিনা; এবং

(ঘ) থাকিলে, উক্ত কাজ কবে নাগাত আরম্ভ হইবে বলিয়া আশা করা হয়?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) এইরূপ কোন পরিকল্পনা নাই।

(খ) না। কোন, অনুসন্ধানের কার্য হয় নাই।

(গ) ও (ঘ) এ প্রশ্ন ওঠে না।

**বাসন্তিয়া হাসপাতাল নির্মাণ**

**৪৮০।** (অনুমোদিত প্রশ্ন নং ১২৮৭।) **শ্রীশিশির অধিকারী :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) কাঁথি ২ নং ব্লকে বাসন্তিয়া হাসপাতাল নির্মাণের পরিকল্পনাটি কি অবস্থায় রহিয়াছে; এবং

(খ) উক্ত হাসপাতাল গৃহ নির্মাণ ও জমি অধিগ্রহনের জন্য কত টাকা ব্যয় করা হইবে?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) হাইকোর্ট ইনজাংশান দরুণ নির্মাণকার্য আপাততঃ স্থগিত আছে।

(খ) এমতাবস্থায় এখন বলা সম্ভব নয়।

**হুগলী জেলায় মহকুমা ও গ্রামীণ হাসপাতালে বিশেষজ্ঞ ও সাধারণ চিকিৎসকের শূন্য পদ**

**৪৮১।** (অনুমোদিত প্রশ্ন নং ১৩৮১।) **শ্রীব্রজগোপাল নিয়োগী :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) হুগলী জেলায় মহকুমা ও গ্রামীণ হাসপাতালগুলিতে বিশেষজ্ঞ চিকিৎসক ও সাধারণ

চিকিৎসকের কতগুলি পদ খালি আছে; এবং

(খ) উক্ত শূন্য পদ পূরণের জন্য সরকার কি ব্যবস্থা নিয়েছেন?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) মহকুমা বা গ্রামীণ হাসপাতালে কোন বিশেষজ্ঞ চিকিৎসকের মঞ্জুরীকৃত পদ নেই। হুগলী জেলায় মহকুমা ও গ্রামীণ হাসপাতালগুলিতে কোন সাধারণ চিকিৎসকের পদ খালি নেই।

(খ) প্রশ্ন উঠে না।

**রামপুরহাট মহকুমা হাসপাতালে শয্যা বৃদ্ধি**

৪৮২। (অনুমোদিত প্রশ্ন নং ১৩০৫।) **ডাঃ মোতাহার হোসেন :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বীরভূম জেলায় রামপুরহাট মহকুমা হাসপাতালে ২৫০টি শয্যায় সম্প্রসারিত করার কাজ কোন্ পর্যায়ে আছে; এবং

(খ) উক্ত হাসপাতালে কবে নাগাত ব্লাড ব্যাঙ্ক চালু হবে?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) রামপুরহাট মহকুমা হাসপাতালে শয্যা সম্প্রসারিত করার জন্য একটি নক্সা ও প্রাক্কলন পূর্ত বিভাগের নিকট হইতে চাওয়া হইয়াছে

(খ) শীঘ্রই চালু হইবে বলিয়া আশা করা যায়।

**আহমেদপুর চিনিকলে বিক্রীত আখের মূল্য পেতে বিলম্ব**

৪৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৩১৩।) **ডাঃ মোতাহার হোসেন :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, ১৯৮২-৮৩ সালে আহমেদপুর চিনিকলে চাষীদের বিক্রীত আখের মূল্য পেতে যথেষ্ট বিলম্ব হচ্ছে; এবং

(খ) সত্য হলে, উক্ত সংস্থা আখ চাষীদের কাছ থেকে কোন্ তারিখ থেকে কোন্ তারিখ পর্যন্ত আখ ক্রয় করেছেন ও কোন্ তারিখ থেকে কোন্ পর্যন্ত আখের মূল্য চাষীদের দিয়েছেন?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) হ্যাঁ।

(খ) ১৯৮২-৮৩ মরসুমে ১৪ই নভেম্বর ১৯৮২ হইতে ২৪এ মার্চ ১৯৮৩ পর্যন্ত চাষীদের কাছ থেকে আখ ক্রয় করা হয়েছিল। এবং ২৩এ নভেম্বর ১৯৮২ তারিখ হইতে ২০এ অক্টোবর ১৯৮৩ তারিখের মধ্যে চাষীদের আখের মূল্য দেওয়া হয়েছিল।

**বীরভূম জেলা পরিষদকে দেয় অর্থ**

৪৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৩১৪।) **ডাঃ মোতাহার হোসেন :** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বিগত ১৯৮৩ সালের ১লা জানুয়ারি থেকে ৩০এ জুন পর্যন্ত সময়ে বিভিন্ন খাতে

পশ্চিমবঙ্গ সরকার মোট কত টাকা বীরভূম জেলা পরিষদকে দিয়েছেন; এবং

(খ) ১৯৮৪ সালের ১লা জানুয়ারি থেকে ৩০এ জুন পর্যন্ত সময়ে বিভিন্ন খাতে রাজ্য সরকার মোট কত টাকা বীরভূম জেলা পরিষদকে দিয়েছেন?

**পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) ১,৬৬,৪৮,৪৪৮ টাকা (এক কোটি ছেষট্টি লক্ষ আটচল্লিশ হাজার চার শত আটচল্লিশ টাকা)

(খ) ৮১,৬১,৪১৯ টাকা (একাশি লক্ষ একষট্টি হাজার চার শত উনিশ টাকা)।

**ক্ষুদ্র ও কুটির শিল্পে কাঁচা মাল সরবরাহ**

**৪৮৫।** (অনুমোদিত প্রশ্ন নং ১৩৯০।) **শ্রীসরল দেব :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এ রাজ্যের ক্ষুদ্র ও কুটির শিল্পে কাঁচামালের সরবরাহ সরকারী নিয়ম অনুযায়ী হইতেছে কিনা;

(খ) ইহা কি সত্য যে, কুটির ও ক্ষুদ্র শিল্প সংস্থাগুলি লৌহ, আকরিক লৌহ, কয়লা (ব্রিজকোক, হার্ডকোক) ইত্যাদি কাঁচামালের নিজ নিজ প্রাপ্য হইতে বঞ্চিত হইতেছে; এবং

(গ) সত্য হইলে, তাহার কারণ কি?

**কুটির ও ক্ষুদ্রায়তন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) হাঁ।

(খ) কোন কোন ক্ষেত্রে সত্য।

(গ) উৎপাদক সংস্থাগুলি সময়মত এবং চাহিদা অনুযায়ী কাঁচামাল সরবরাহ না করার ফলে কোন কোন ক্ষেত্রে ক্ষুদ্রশিল্প সংস্থাগুলি প্রয়োজন মত কাঁচামাল পায় না।

**উদয়রাজপুর কোল ডাম্প**

**৪৮৬।** (অনুমোদিত প্রশ্ন নং ১৩৯৫।) **শ্রীসরল দেব :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বারাসাত মহকুমা অধীনস্থ উদয়রাজপুরে 'কোল' ডাম্প স্থাপনের জন্য রাজ্য সরকার লাইসেন্স দিয়েছেন কি; এবং

(খ) পরবর্তীকালে উক্ত লাইসেন্স বাতিল করার জন্য রাজ্য সরকার কোন ব্যবস্থা গ্রহণ করেছেন কি?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) কোল ইন্ডিয়া কর্তৃক কয়লার ডাম্প স্থাপনের জন্য এই বিভাগ থেকে কোন লাইসেন্স দেওয়ার প্রথা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**হলদিয়ায় জাহাজ মেরামত কারখানা**

**৪৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৯৬।) শ্রীসরল দেব :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) হলদিয়াতে জাহাজ মেরামতের কারখানা স্থাপনের জন্য কেন্দ্র হইতে অনুমোদন পাওয়া গিয়াছে কিনা; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'না' হইলে তাহার কারণ কি?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) এবং (খ) হলদিয়ায় একটি পরিকল্পনা সমেত পশ্চিমবঙ্গে জাহাজ মেরামতের সুযোগসুবিধা নিরুপণের জন্য স্থাপিত কনস্যালটেন্ট এবং স্টাডি গ্রুপগুলির প্রাথমিক সমীক্ষায় পশ্চিমবঙ্গ রাজ্য সরকার সহযোগিতা ও সহায়তা দান করিয়াছেন। কেন্দ্রীয় সরকার জানিয়েছেন যে, ভারতে জাহাজ মেরামতি সংক্রান্ত পনের বছরের পরিকল্পনায় সুপারিশের মধ্যে হলদিয়ায় একটি জাহাজ মেরামতের কারখানা স্থাপনের পরিকল্পনাটি অন্তর্ভুক্ত করা হইয়াছে। যদিও পনের বছরের পরিকল্পনাটি ভারত সরকার নীতিগতভাবে গ্রহণ করিয়াছেন, কিন্তু সামগ্রিক আর্থিক সঙ্গতি এবং দেশের বিভিন্ন আর্থিক প্রয়োজন অগ্রাধিকারের ভিত্তির উপর ইহার রুপায়ণ নির্ভর করিবে।

**কেন্দ্র কর্তৃক গ্রামীণ স্বেচ্ছা স্বাস্থ্যকর্মীদের ভাতা ও ঔষধের ব্যয়ভার বহন**

**৪৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৪১১।) শ্রীসুভাষ নস্কর :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগেব মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, গ্রামীণ স্বেচ্ছা স্বাস্থ্যকর্মীদের জন্য কেন্দ্রীয় সরকার ভাতা এবং ঔষধের ব্যয়ভার সম্পূর্ণভাবে গ্রহণ করে থাকেন; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'না' হলে ১৯৮৪-৮৫ সালে রাজ্য এবং কেন্দ্রীয় সরকার কত পরিমাণ টাকা এই বাবত ব্যয় করেছেন;

**স্বাস্থ্য ও [illegible]ল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) হ্যাঁ।

(খ) প্রশ্ন ওঠে না।

**কলেজের শিক্ষকদের অ-নিয়মিত বেতন**

**৪৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৪২৪।) শ্রীদেবপ্রসাদ সরকার :** শিল্প (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে বর্তমানে রাজ্যের প্রায় শতকরা ৮০ ভাগ কলেজের শিক্ষক নিয়মিত বেতন পাচ্ছেন না এবং বহু কলেজের শিক্ষকদের ২।৩ মাসের পাওনা বেতন বাকি পড়ে আছে; এবং

(খ) সত্য হইলে, তাহার কারণ কি?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**রাজ্যে নির্মীয়মাণ রেলপথের জন্য জমি**

**৪৯০।** (অনুমোদিত প্রশ্ন নং ১৪২৭।) **শ্রীঅমলেন্দ্র রায় :** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে নির্মীয়মাণ কোন্ কোন্ রেলপথের জন্য ইউনিয়ন রেল মন্ত্রক জমি চেয়েছিলেন;

(খ) এরূপ কোন রেলপথের জন্য এ পর্যন্ত কি পরিমাণ জমি হস্তান্তরিত হয়েছে; এবং

(গ) কোন ক্ষেত্রে উক্ত জমির ক্ষতিপূরণের টাকা দেওয়া হয়েছে কি?

**ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) (১) হাওড়া-আমতা, (২) একলক্ষী বালুরঘাট, (৩) তমলুক-দীঘা।

(খ) হাওড়া-আমতা রেলপথের জন্য ৪৬২.৬০ একর, একলক্ষী-বালুরঘাট রেলপথের জন্য ২৪৪.৬০ একর, তমলুক-দীঘা রেলপথের জন্য ১৮৮.৭২ একর।

(গ) হাওড়া-আমতা রেলপথের জন্য অধিগৃহীত জমির ক্ষতিপূরণ দেওয়া হয়েছে।

**পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে ডাক্তার নিয়োগ**

**৪৯১।** (অনুমোদিত প্রশ্ন নং ১৪৩৯।) **ডাঃ মানস ভূঁইয়া :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৮৭ সালে কতজন ডাক্তার নিয়োগের জন্য পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে দরখাস্ত আহ্বান করা হয়েছিল;

(খ) কতজন ডাক্তার ঐ শূন্য পদগুলির জন্য দরখাস্ত করেছিলেন;

(গ) কতজন ডাক্তারের নাম প্যানেলভুক্ত করিয়া পাবলিক সার্ভিস কমিশন থেকে স্বাস্থ্য দপ্তরে পাঠান হয়েছিল; এবং

(ঘ) তন্মধ্যে (১) কতজন ডাক্তারের কাজে যোগ দিয়েছেন, (২) ঐ সময়ে কতজন ডাক্তারকে অ্যাড হক ভিত্তিতে নিয়োগ করা হয়েছে?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) ২৫০ জন।

(খ) ৪,০১৫ জন।

(গ) ২৪২ জন।

(ঘ) (১) ১৪৫ জন, (২) ১৭ জন।

**রাজ্যের বিভিন্ন প্রকল্পে রূপায়ণে সরকারী নির্দেশ**

**৪৯২।** (অনুমোদিত প্রশ্ন নং ১৪৫১।) **ডাঃ মানস ভূঁইয়া :** উন্নয়ন ও পরিকল্পনা (জাতীয়

গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বিগত ১৯৮৪ সালের লোকসভা নির্বাচনের দিন ঘোষণার পর রাজ্যের প্রতিটি ব্লকে এন আর ই পি ও আর এল ই জি পি স্কীম রূপায়ণের জন্য কোন সরকারী নির্দেশ দেওয়া হয়েছিল কিনা;

(খ) হলে, কোন্ তারিখে ঐ নির্দেশ দেওয়া হয়েছিল;

(গ) প্রতি ব্লকে এন আর ই পি-র জন্য কত টাকা ও আর এল ই জি পি-র জন্য কত টাকা খরচ করার নির্দেশ দেওয়া হয়েছিল; এবং

(ঘ) উক্ত টাকা খরচ করার জন্য কোন স্থির সময় বেঁধে দেওয়া হয়েছিল কিনা?

**উন্নয়ন ও পরিকল্পনা (জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) এন আর ই পি ও আর এল ই জি পি-র কাজ সারা বছর ধরে চলে। নির্বাচনের দিন ঘোষণার পর এই স্কীমগুলি রূপায়ণের জন্য বিশেষভাবে সরকারী নির্দেশ দেওয়ার প্রশ্ন ওঠে না।

(খ), (গ) ও (ঘ) প্রশ্ন ওঠে না।

**মেদিনীপুর জেলার আর এল ই জি পি-তে বরাদ্দ**

৪৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৫৫।) **ডাঃ মানস ভুঁইয়া :** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৮৩-৮৪, ১৯৮৪-৮৫ সালে মেদিনীপুর জেলার জন্য আর এল ই জি পি-তে কত পরিমাণ টাকা বরাদ্দ ছিল।

(খ) এই সময়ে কত টাকা খরচ করা সম্ভব হয়েছে;

(গ) সমস্ত টাকা যদি খরচ না হয়ে থাকে, তার কারণ কি; এবং

(ঘ) আর এল ই জি পি-র মঞ্জুরীকৃত অর্থ কি কেন্দ্রীয় সরকার দেন?

**পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) ক্যাশ ২কোটি ৫৭লক্ষ ৪১ হাজার ৪ শত টাকা এবং ১৬২৮.৮১৫ মেঃ টঃ পরিমার খাদ্যশস্যের (গম) মূল্য বাবত ২৮ লক্ষ ৬৬ হাজার ৯ শত টাকা সহ মোট বরাদ্দের পরিমাণ ২ কোটি ৮৬ লক্ষ ৮ হাজার ৩ শত টাকা।

(খ) ফেব্রুয়ারি, ১৯৮৫ পর্যন্ত খরচের পরিমাণ ক্যাশ ৮৯ লক্ষ ৬৪ হাজার ৪ শত টাকা এবং ১০৪৮.৯৫৬ মেঃ টঃ পরিমিত খাদ্যশস্যের মূল্য বাবত ১৮লক্ষ ৪ হাজার ২ শত টাকা সহ মোট খরচের পরিমাণ ১ কোটি ৭ লক্ষ ৬৮ হাজার ৬ শত টাকা।

(গ) মোট বরাদ্দকৃত ২ কোটি ৮৬ লক্ষ ৮ হাজার ৩ শত টাকার মধ্যে ১ কোটি পরিমিত টাকা মার্চ মাসের (১৯৮৫) শেষ নাগাত বরাদ্দ করা হয়েছে। সে টাকার খরচের হিসাব এখন পাওয়া যায় নি।

(ঘ) হ্যাঁ।

### মেদিনীপুর জেলায় আই আর ডি পি

**৪৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৫৯।) ডাঃ মানস ভুঁইয়া ঃ** উন্নয়ন ও পরিকল্পনা (সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্প) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৮৩-৮৪, ১৯৮৪-৮৫ সালে মেদিনীপুর জেলায় আই আর ডি পি প্রকল্পে কত লক্ষ্যমাত্রা নির্ধারিত হইয়াছিল;

(খ) ইহার মধ্যে উক্ত আর্থিক বৎসরগুলিতে কত লক্ষ্যমাত্রা পূর্ণ করা সম্ভব হইয়াছে; এবং

(গ) উক্ত সময়ে ঐ জেলার সবং ব্লকে কতগুলি আই আর ডি পি প্রকল্পের কাজ শেষ হইয়াছে?

**উন্নয়ন ও পরিকল্পনা (সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্প) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ১৯৮৩-৮৪ ও ১৯৮৪-৮৫ সালে প্রতি বৎসর ৩১,২০০ পরিবারকে সাহায্য দানের লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছিল।

(খ) ১৯৮৩-৮৪ সালে ১৭,৩৪৪টি পরিবারকে ও ১৯৮৪-৮৫ সালে ৪৩,৫৯৭টি পরিবারকে সাহায্য দেওয়া সম্ভব হয়েছে।

(গ) ১৯৮৩-৮৪ সালে ১,২৫৬ টি এবং ১৯৮৩-৮৪ সালের ২৮শে ফেব্রুয়ারি পর্যন্ত ১,৬৩২টি পরিবারভিত্তিক প্রকল্পের কাজ মঞ্জুরীকৃত হয়েছে।

### সবং-মোহাড় রাস্তা পাকা করার পরিকল্পনা

**৪৯৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৬৬।) ডাঃ মানস ভুঁইয়া ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) চলতি আর্থিক বৎসরে মেদিনীপুর জেলার সবং ব্লকের সবং হইতে মোহাড় পর্যন্ত রাস্তাটি পাকা করার কোন পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকিলে কবে নাগাত রূপায়িত হবে বলে আশা করা যায়?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ। আপাততঃ মোট ১২.৮ কি.মি দৈর্ঘ্য রাস্তার, ৯ কি.মি ঝামা মাড়াই-এর কাজ শেষ হইয়াছে বাকী ৩ কি.মি মাটির কাজ হইয়াছে। বর্তমান আর্থিক বৎসরে (১৯৮৫-৮৬) মোট আর্থিক বরাদ্দ অনুসারে মোট ২ কি.মি ঝামা রাস্তার উপরে পীচের কাজ সম্পন্ন হইবে।

(খ) পরবর্তী সময়ে পরিকল্পনা খাতে অর্থ বরাদ্দ সাপেক্ষে বাকি পীচের কাজ শেষ হইবে।

### এম কম প্রশ্নপত্র

**৪৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৫০৯।) শ্রীসুব্রত মুখার্জী ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) কলিকাতা বিশ্ববিদ্যালয়ের এম কম পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ তদন্ত করবার জন্য ১৯৮৪ সালে কোন কমিটি গঠিত হয়েছিল কি;

(খ) হয়ে থাকলে, উক্ত কমিটি কোন রিপোর্ট পেশ করেছে কিনা;

(গ) ঐ রিপোর্টের বিষয়বস্তু কি?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ, উক্ত কমিটি ১৫-৬-১৯৮৪ তারিখে তাঁদের রিপোর্ট বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটে পেশ করেন।

(গ) কমিটি মনে করেন যে আপাতঃ দৃষ্টিতে অভিযোগের কিছু সারবস্তু থাকলেও যথেষ্ট তথ্যের অভাবে এই অভিযোগ প্রমাণ করা সম্ভব হয় নি। একই কারণে কমিটির পক্ষে কোন ব্যক্তিবিশেষকে দায়ী করা যায় নি। সেজন্য কমিটি বিষয়টির তদন্তের ব্যাপারে উপযুক্ত ব্যবস্থা নেওয়ার জন্য সিন্ডিকেটের কাছে সুপারিশ করেছেন এবং ভবিষ্যতে যাতে এই জাতীয় ঘটনা না ঘটে যে বিষয়ে বর্তমান পদ্ধতির সংস্কারের ব্যাপারটি উপযুক্ত কর্তৃপক্ষের নজরে আনারও সুপারিশ করেন। প্রতিবেদনের একটি নকল লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হল।

### রবীন্দ্র রচনাবলীর চতুর্থ খন্ড

৪৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৫১৬।) **শ্রীসরল দেব ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে "রবীন্দ্র রচনাবলীর" চতুর্থ খন্ড এখনও পর্যন্ত প্রকাশিত হয় নাই; কিন্তু পঞ্চম খন্ড প্রকাশিত হইয়াছে এবং বিক্রি করাও হইতেছে;

(গ) সত্য হইলে, চতুর্থ খন্ড সহ বাকী খন্ডগুলি প্রকাশিত না হওয়ার কারণ কি এবং কতদিনের মধ্যে ঐগুলি প্রকাশিত হইবে এবং গ্রাহকদের নিকট পৌঁছাইবে?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ।

(খ) চতুর্থ খন্ডে রবীন্দ্রনাথের গান প্রচলিত গীতবিতানের ক্রমে না সাজিয়ে গানসমূহের রচনা বা প্রকাশের ক্রম অনুযায়ী বর্তমান রচনাবলীতে মুদ্রিত হবে। কালানুক্রমে গানগুলি সাজানোর কাজ সময়সাপেক্ষ। সে কারণে চতুর্থ খন্ড প্রকাশ কিছু বিলম্বিত হচ্ছে। আশা করা যায় উপন্যাস খন্ড প্রকাশের পর এই খন্ডটি প্রকাশ করা যাবে। সীমিত আর্থিক ক্ষমতা এবং কিছু প্রশাসনিক অসুবিধার জন্য বাকী খন্ডগুলি প্রকাশিত হয় নি। ১৯৮৬-র ডিসেম্বরের মধ্যে বাকি খন্ডগুলি প্রকাশ করার সর্বতোভাবে প্রয়াস চালানো হচ্ছে।

### এম বি বি এস কোর্সে ছাত্রছাত্রীর সংখ্যা

৪৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৩৩।) **শ্রীউপেন্দ্র কিস্কু ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এ রাজ্যে মেডিক্যাল কলেজগুলিতে প্রতি বৎসর কতজন ছাত্রছাত্রীরা এম বি বি এস কোর্সে ভর্তি হওয়ার সুযোগ পায়;

(খ) উক্ত কোর্সে তফসিলী ও আদিবাসী ছাত্রদের জন্য আসন সংরক্ষণের সুযোগ আছে কিনা; এবং

(গ) বিগত শিক্ষাবর্ষে কতজন তফসিলী এবং আদিবাসী ছাত্রছাত্রী ভর্তির সুযোগ পেয়েছে?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ৭৫৫ জন।

(খ) হ্যাঁ।

(গ) ১৯৮৪-৮৫ শিক্ষাবর্ষে ১২৬ জন তফসিলী ছাত্রছাত্রী ও ২২ জন আদিবাসী ছাত্রছাত্রী এম বি বি এস কোর্সে ভর্তির সুযোগ পেয়েছেন।

**প্রাথমিক স্কুলের ছাত্রছাত্রীদের জন্য রাজ্য ক্রীড়া অনুষ্ঠানের খরচ**

**৪৯৯।** (অনুমোদিত প্রশ্ন নং ১৬৯১।) **ডাঃ মানস ভুঁইয়া ঃ** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) কয়েদিন আগে মেদিনীপুর শহরে প্রাথমিক ছাত্রছাত্রীদের জন্য যে রাজ্য ক্রীড়া অনুষ্ঠান হইল তাহার সম্পূর্ণ খরচ রাজ্য সরকার বহন করিয়াছেন কিনা; এবং

(খ) করিয়া থাকিলে তাহার পরিমাণ কত?

**শিক্ষা (ক্রীড়া) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ।

(খ) ১ লক্ষ টাকা।

**ই সি এস সি কর্তৃক ইনকাম ট্যাক্স প্রদান**

**৫০০।** (অনুমোদিত প্রশ্ন নং ১৬৯৮।) **শ্রীসুখেন্দু খাঁ ঃ** খাদ্য ও সরবরার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) পশ্চিমবঙ্গে ই সি এস সি লিমিটেড কর্তৃক ১৯৮১-৮২ ও ১৯৮২-৮৩ সালে কেন্দ্রীয় তহবিলে কত টাকা ইনকাম ট্যাক্স জমা নিয়েছেন; এবং

(খ) ঐসময়ে ফুড কর্পোরেশন-এর কত টাকা আয় হয়েছে?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) উক্ত সংস্থা ১৯৮১-৮২ এবং ১৯৮২-৯৩ সালে যথাক্রমে এক কোটি তেতাল্লিশ লক্ষ অষ্টাশি হাজার ছয় শত ছাব্বিশ টাকা এবং এক কোটি আটচল্লিশ লক্ষ পঁচিশ হাজার চারশত সাতানব্বই টাকা ইনকাম ট্যাক্স দিয়েছেন।

(খ) ফুড কর্পোরেশন একটি কেন্দ্রীয় সরকারী সংস্থা। কাজেই উক্ত কর্পোরেশনের আয়-ব্যায়ের হিসাব রাজ্য সরকারের জানা নাই।

**বন্যান্তরে বাঁচিয়ে বরএগ্রা গ্রামীণ হাসপাতালে গৃহ নিমার্ণ**

**৫০১।** (অনুমোদিত প্রশ্ন নং ১৭৮৬।) **শ্রীঅমলেন্দ্র রায় ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) মুর্শিদাবাদ জেলার বরএগ্রা গ্রামীণ হাসপাতালে যেসব বাড়ি তৈয়ারী করা হয়েছে, হচ্ছে বা হবে সেগুলোকে কি সর্বোচ্চ বন্যান্তরে (এইচ এফ এল) বাঁচিয়ে করা হয়েছে বা হবে; এবং

(খ) ঐ হাসপাতালের ইন্ডোর ওয়ার্ড কত তলা হবে এবং তা সর্বোচ্চ বন্যাস্তর বাঁচিয়ে করা হচ্ছে কি?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী** : (ক) হ্যাঁ।

(খ) ঐ হাসপাতালের ওয়ার্ড তিন তলা করা হবে এবং ঐটিও সর্বোচ্চ বন্যাস্তর বাঁচিয়ে করা হয়েছে।

**কৃষ্ণনগর সরকারী মহাবিদ্যালয়ের ছাত্র-আবাসন**

৫০২। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৯৫।) **শ্রীসাধন চট্টোপাধ্যায়** : শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) কৃষ্ণনগর সরকারী মহাবিদ্যালয়ের ছাত্র-আবাসনে স্থান সঙ্কুলান সমস্যা সম্পর্কে সরকার অবহিত আছেন কি;

(খ) উক্ত মহাবিদ্যালয়ের ছাত্রগণ গত ছাত্র-আবাসনে স্থান সঙ্কুলান সমস্যা নিরাময়ের জন্য সরকারের কাছে কোনও প্রস্তাব দিয়েছিলেন কিনা; এবং

(গ) দিয়ে থাকিলে, উক্ত সমস্যা সমাধানের জন্য এ পর্যন্ত সরকারের তরফ হইতে কি কি ব্যবস্থা নেওয়া হইয়াছে?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী** : (ক) হ্যাঁ, অবহিত আছেন।

(খ) কলেজের অধ্যক্ষ মারফত ছাত্ররা অতিরিক্ত আবাসনের ব্যবস্থার জন্য অনুরোধ জানাইয়া ছিলেন।

(গ) কৃষ্ণনগর কলেজের অভ্যন্তরে নূতন হিন্দু হোস্টেল বাড়িটি পুনরায় হোস্টেল হিসাবে চালু করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা লওয়া হইতেছে।

**নদীয়া জেলা হাসপাতাল**

৫০৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৯৬।) **শ্রীসাধন চট্টোপাধ্যায়** : স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) কৃষ্ণনগর শহরে অবস্থিত নদীয়া জেলা হাসপাতাল (১) মোট কয়টি হাসপাতালের সমষ্টি ও (২) তাদের মধ্যে দূরত্ব কতটা;

(খ) উক্ত হাসপাতাল সমষ্টিকে একাধিক স্বতন্ত্র হাসপাতাল হিসাবে পুনর্বিন্যাস ও বিভাজন সম্পর্কে সরকার বিচার-বিবেচনা করছেন কি; এবং

(গ) উক্ত কার্য কিভাবে ও কত দিনের মধ্যে সম্পন্ন হবে?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী** : (ক) (১) ৩টি হাসপাতালে সমষ্টি, এবং (২) ১ কিমি হইতে ৪ কিমি।

(খ) হ্যাঁ।

(গ) সঠিক বলা সম্ভব নয়।

### পশ্চিমবঙ্গে ইংরাজী মিডিয়াম স্কুল

৫০৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৮০৬।) শ্রীভূপেন্দ্রনাথ শেঠ ঃ শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) পশ্চিমবঙ্গে যে সমস্ত ইংরাজী মিডিয়াম স্কুল চালু আছে সেইসমস্ত স্কুল সরকারের অনুমোদিত কিনা; এবং

(খ) এইসমস্ত স্কুলের পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের সরকারী অনুমোদিত জুনিয়র, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্কুলে ট্রানস্ফার সার্টিফিকেট-এর মাধ্যমে ভর্তি করা হয় কিনা?

**শিক্ষা (মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) কিছুসংখ্যক ইংরাজী মাধ্যমের বিদ্যালয় সরকার অনুমোদিত বাকী অংশ অনুমোদিত নয়।

(খ) অনুমোদিত ইংরাজী মাধ্যমের বিদ্যালয় পাঠরত শিক্ষার্থিগণ ট্রানস্ফার সার্টিফিকেট নিয়ে মাধ্যমিক কিংবা উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি হওয়ার আইনগত কোন বাধা নেই।

### রাজনৈতিক সংঘর্ষ

৫০৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৯৪।) শ্রীঅনুপকুমার চন্দ্র ঃ স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) গত লোকসভা নির্বাচনের পর মোট কত রাজনৈতিক সংঘর্ষ হয়েছে;

(খ) উক্ত সংঘর্ষে কত ব্যক্তির মৃত্যু হয়েছে; এবং

(গ) কত ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) গত ২৫এ ডিসেম্বর, ১৯৮৪ হইতে ৩১এ মার্চ ১৯৮৫ সাল পর্যন্ত সময়ে পশ্চিমবঙ্গে মোট ১০৩টি আন্তর্দলীয় (ইন্টার পার্টি)রাজনৈতিক সংঘর্ষ হয়েছে। এছাড়া ছাত্র, কৃষক ও শ্রমিকদের রাজনৈতিক সংগঠনগুলির মধ্যেও আরও কিছুসংখ্যক সংঘর্ষ হয়েছে।

(খ) উক্ত ১০৩টি আন্তর্দলীয় (ইন্টার পার্টি) সংঘর্ষে ১০ জন রাজনৈতিক দলভুক্ত ব্যক্তির মৃত্যু হয়েছে।

(গ) উক্ত ১০৩টি আন্তর্দলীয় (ইন্টার পার্টি) সংঘর্ষে জড়িত থাকার জন্য মোট ২৫৭ ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে।

### দামোদর সিমেন্ট কর্পোরেশনে লোক নিয়োগ

৫০৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৩০।) শ্রীনটবর বাগদী ঃ শ্রম বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) পুরুলিয়া জেলার মধুকুন্ডায় দামোদর সিমেন্ট কর্পোরেশনে আজ পর্যন্ত কত জন লোক নিয়োগ করা হয়েছে;

(খ) কোন্ কোন্ কর্মসংস্থান কেন্দ্র থেকে নেওয়া হয়েছে; এবং

(গ) পুরুলিয়া কর্মসংস্থান কেন্দ্র থেকে নিয়োগ করা হয়েছে কি?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** অনুসন্ধান ক'রে জানা গেছে প্রশ্নোক্ত সংস্থার কলকাতা হেড অফিসে এ পর্যন্ত অ্যাড-হক ভিত্তিতে সরাসরি ২১ জন লোক নিয়োগ করা হয়েছে।

(খ) কোন কর্মসংস্থান কেন্দ্র থেকে এ পর্যন্ত উক্ত সংস্থায় কোন লোক নিয়োগ হয় নি।

(গ) না।

**জঙ্গীপুর মহকমায় টি বি রোগী**

৫০৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৬৩।) **শ্রীআবুল হাসনাৎ খান :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) জঙ্গীপুর মহকুমায় টি বি রোগগ্রস্ত ব্যক্তির সংখ্যা নিরূপনের জন্য সরকারের পক্ষ থেকে কোন সমীক্ষা করা হয়েছে কি;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হ'লে কোন্ সময়ে উক্ত সমীক্ষা করা হয়েছিল; এবং

(গ) 'ক' প্রশ্নের উত্তর 'না' হলে এ সম্পর্কে কোন সমীক্ষা চালাবার প্রস্তাব সরকারের আছে কি?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) আপাততঃ নেই।

**বান্দোয়ানে আদিবাসীদের জন্য টি বি হাসপাতাল**

৫০৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৪০।) **শ্রীসুধাংশুশেখর মাঝি :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ দপ্তরের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, পুরুলিয়া জেলার বান্দোয়ান থানাতে আদিবাসীদের চিকিৎসার জন্য টি বি হাসপাতাল নির্মাণের পরিকল্পনা আছে; এবং

(খ) সত্য হইলে, কবে নাগাত উক্ত হাসপাতালটি নির্মাণের কাজ আরম্ভ হইবে?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

**কমিউনিটি মেডিকেল সার্ভিস কোর্স**

৫০৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৯০০।) **শ্রীসত্যপদ ভট্টাচার্য :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, তিন বৎসরের কমিউনিটি মেডিকেল সার্ভিস কোর্স উঠিয়া গিয়াছে,

(খ) সত্য হইলে, তাহার কারণ কি? এবং

(গ) উক্ত কোর্সের ছাত্র-ছাত্রীদের বর্তমান পরিণতি কি?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) ১৯৮৪-৮৫ সাল হইতে কমিউনিটি মেডিকেল সার্ভিস কোর্সে নূতন ছাত্র ভর্তি স্থগিত রাখা হইয়াছে।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) পাঠরত ছাত্র-ছাত্রীদের ডিপ্লোমা কোর্স পরীক্ষায় পাশ করার পর এবং যথোপযুক্ত ট্রেনিং অন্তে সরকারী কর্মে নিয়োগের বিষয় সরকারের সক্রীয় বিবেচনাধীন।

**মাদারীহাট ব্লকের টোটোপাড়ায় তফসিলী ও আদিবাসী ছাত্র-ছাত্রীদের জন্য হোস্টেল**

**৫১০।** (অনুমোদিত প্রশ্ন নং ১৯২৬।) **শ্রীযোগেন্দ্রনাথ সিংহ রায় :** তফসিলী জাতি ও আদিবাসীকল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, জলপাইগুড়ি জেলার মাদারীহাট ব্লকের টোটোপাড়ায় তফসিলী ও আদিবাসী ছাত্র-ছাত্রীদের জন্য একটি আশ্রম হোস্টেল মঞ্জুর করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, ১৯৮৫ সালেই কি উক্ত বিদ্যালয়ে আশ্রম হোস্টেলটির কাজ আরম্ভ হইবে?

**তফসিলী জাতি ও আদিবাসীকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) ও (খ) হ্যাঁ।

**অম্বিকা জুট মিল**

**৫১১।** (অনুমোদিত প্রশ্ন নং ১৯৭৯।) **শ্রীকামাখ্যা ঘোষ :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) সরকার কি অবগত আছেন যে, বেলুড়ে অবস্থিত অম্বিকা জুট মিলটি বন্ধ আছে; এবং

(খ) অবগত থাকলে, এ বিষয়ে সরকার কোন ব্যবস্থা নিয়েছেন কি?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) হ্যাঁ।

(খ) ১৪-২-১৯৮৫ তারিখে ঘোষিত লকআউট সম্পর্কিত বিবোধটির সালিশীর মাধ্যমে মীমাংসার চেষ্টা ব্যর্থ হওয়ার বিরোধটি শ্রমবিরোধ আইনের ১০ ধারার বলে প্রথম শিল্পন্যায় পীঠে বিচারের জন্য পাঠান হয়েছে। সঙ্গে সঙ্গে উক্ত আইনের ১০(৩) ধারার বলে ঐ লক্‌আউট চালিয়ে যাওয়া নিষিদ্ধ করা হয়েছে।

**বাঁকুড়ার স্টেডিয়াম**

**৫১২।** (অনুমোদিত প্রশ্ন নং ২০৩২।) **শ্রীশান্তিরাম মাহাতো এবং শ্রীকাশীনাথ মিশ্র :** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বাঁকুড়া স্টেডিয়াম-এর "ব্লু প্রিন্ট"টি দীর্ঘদিন পূর্বে মঞ্জুর হয়ে থাকা সত্ত্বেও তাহা কার্যকরী না হওয়ার কারণ কি; এবং

(খ) বাঁকুড়া ও বিষ্ণুপুর স্টেডিয়ামগুলির সংস্কার, মেরামত ও অর্দ্ধসমাপ্ত কাজ সমাপ্ত করার

জন্য কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

**শিক্ষা (ক্রীড়া) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) বাঁকুড়া [illegible] কোন "ব্লু প্রিন্ট" মঞ্জুর হয় নাই।

(খ) এই সম্পর্কে বাঁকুড়া জেলা প্রশাসনের সঙ্গে আলোচনা ক'রে প্রয়োজনীয় ব্যবস্থাদি নেওয়া হবে।

**আন্তর্জাতিক যুববর্ষ**

৫১৩। (অনুমোদিত প্রশ্ন নং ২০৩৯।) **শ্রীসুভাষ গোস্বামী :** যুবকল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) আন্তর্জাতিক যুববর্ষ উপলক্ষে সরকার বিশেষ কি কি কর্মসূচী গ্রহণ করেছেন; এবং

(খ) বিগত ১৯৮৩-৮৪ আর্থিক বৎসরের তুলনায় ১৯৮৪-৮৫ আর্থিক বৎসরে ব্লক যুব উৎসবের ব্যয়বরাদ্দ কি পরিমাণ বৃদ্ধি করা হয়েছে?

**যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) আন্তর্জাতিক যুববর্ষ উদ্‌যাপন করার জন্য রাজ্য সরকার অনেকগুলি কর্মসূচী নিয়েছে। ব্লক, পৌর এলাকা, জেলা ও রাজ্যস্তরে সাংস্কৃতিক ও ক্রীড়া প্রতিযোগিতা ও অনুষ্ঠানাদির মাধ্যমে যুব উৎসব পালন করা হবে। এবার বিশেষ কর্মসূচী-নিজের এলাকা চিনুন এবং শ্রমদান শিবিরে আসুন কর্মসূচী।

সারা রাজ্যে প্রত্যেক ব্লকের এবং সমস্ত পৌর এলাকায় এই কর্মসূচী নেওয়া হচ্ছে। আশা করা যাচ্ছে লক্ষাধিক যুবক যুবতী সক্রিয়ভাবে এই কর্মসূচীতে অংশ নেবেন এবং অন্তত ২০ লক্ষ যুবক যুবতীর ওপর সমীক্ষা চালাবেন।

আন্তর্জাতিক যুববর্ষে সল্টলেকে যুব ভারতী ক্রীড়াঙ্গন নির্মাণের কাজ সম্পূর্ণ করার উদ্যোগ নেওয়া হয়েছে। স্টেডিয়ামের সম্পর্কে জনগণকে একাত্ম করার জন্য ২১এ এপ্রিল দক্ষিণ কলিকাতায় গোলপার্ক থেকে এবং উত্তর কলিকাতার দেশবন্ধু পার্ক থেকে যুব ভারতী ক্রীড়াঙ্গন পর্যন্ত শোভাযাত্রার আয়োজন করা হয়েছে। এতে লেখক, শিল্পী, ক্রীড়াবীদ সহ সর্বস্তরের জনগণকে অংশ গ্রহণের জন্য আহ্বান জানানো হয়েছে।

আন্তর্জাতিক যুব বর্ষের সবচেয়ে বড় কর্মসূচী হ'ল— সকলের জন্য কাজ, সকলের জন্য শিক্ষা, সকলের জন্য স্বাস্থ্য - শ্লোগান তিনটিকে রাজ্যের সর্বত্র যুবসমাজের মধ্যে জনপ্রিয় ক'রে তোলা। এই শ্লোগানগুলি যুব-বর্ষের মূল শ্লোগান 'অংশ গ্রহণ, উন্নয়ন ও শান্তির' পরিপূরক।

(খ) ১৯৮৪-৮৫ আর্থিক বৎসরে ব্লক যুব উৎসবের ব্যয়বরাদ্দ বৃদ্ধি করা হয় নাই। ব্লক প্রতি ৫,০০০টাকা বরাদ্দই আছে।

**গড়বেতা ২নং ব্লকের কেওয়াকোল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র বৈদ্যুতিকরণ**

৫১৪। (অনুমোদিত প্রশ্ন নং ২১২৯।) **শ্রীঅনাদি মল্ল :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) মেদিনীপুর জেলার গড়বেতা ২নং ব্লকের কেওয়াকোল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের

বৈদ্যুতিকরণের কাজ কি পর্যায়ে রয়েছে; এবং

(খ) কবে নাগাত এ কাজ শেষ করা যাবে?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) এ বিষয়ে একটি প্রাক্‌কলন ইঞ্জিনিয়ারিং দপ্তরের নিকট চাওয়া হয়েছে।

(খ) বলা সম্ভব নয়।

**মেদিনীপুর গ্রামাঞ্চলে নূতন ড্রেনেজ পরিকল্পনা**

**৫১৫।** (অনুমোদিত প্রশ্ন নং ২১৩২।) **শ্রীঅনাদি মল্ল :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) মেদিনীপুর জেলার গ্রামাঞ্চলে নূতন করে ড্রেন তৈরীর কোন পরিকল্পনা স্বাস্থ্য দপ্তর থেকে নেওয়া হয়েছে কি; এবং

(খ) উত্তর 'হ্যাঁ' হলে কোন্ কোন্ অঞ্চলে ড্রেন করা হবে?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**কলিকাতা হাইকোর্টে বিচারাধীন মামলা**

**৫১৬।** (অনুমোদিত প্রশ্ন নং ২২৬১।) **শ্রীগণেশচন্দ্র মন্ডল :** বিচারের বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) কলিকাতা হাইকোর্টে বর্তমানে মোট কতগুলি মামলা বিচারাধীন আছে; এবং

(খ) ঐ সকল মামলা দ্রুত নিস্পত্তির জন্য অতিরিক্ত কোন বিচারক নিয়োগের কথা সরকার বিবেচনা করছেন কি?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) ১৯৮৪ সালের ৩১শে ডিসেম্বর তারিখে কলিকাতা হাইকোর্টে বিচারাধীন মূল মামলার সংখ্যা ১,৩৬,৬৪১ ছিল।

(খ) বিষয়টি রাজ্য সরকারের এক্তিয়ারভুক্ত নয়।

**গ্রামীণ গ্রন্থাগারের সংখ্যা**

**৫১৭।** (অনুমোদিত প্রশ্ন নং ২৩১০।) **শ্রীদীনবন্ধু মন্ডল :** শিক্ষা (সামাজিক, অ-প্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৭৭ পর্যন্ত পশ্চিমবঙ্গে গ্রামীণ গ্রন্থাগারের সংখ্যা কত ছিল;

(খ) ১৯৭৬-৭৭ আর্থিক বছরে গ্রামীর গ্রন্থাগারগুলির জন্য কত টাকা খরচ হয়েছিল; এবং

(গ) ১৯৮৪-৮৫ আর্থিক বছরে কত খরচ হয়েছে?

**শিক্ষা (সামাজিক, অ-প্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) ৭০১ টি।

(খ) গ্রামীণ গ্রন্থাগারের জন্য খরচের হিসাব আলাদাভাবে রাখা হয় না। তবে আনুমানিক ৪৩,০০,০০০ টাকা গ্রামীণ গ্রন্থাগারের জন্য খরচ হয়েছিল।

(গ) উপরোক্ত ৭০১টি গ্রন্থাগারের জন্য আনুমানিক ১,৬০,০০,০০০ টাকা খরচ হয়েছে। প্রকাশ থাকে যে বর্তমানে গ্রামীণ/এরিয়া/প্রাইমারী স্তরের মোট গ্রন্থাগারের সংখ্যা ২,২৭৬ এবং এই সকল গ্রন্থাগারের জন্য ১৯৮৪-৮৫ আর্থিক বছরে আনুমানিক ৪,৭৬,৩৯,৭০০ টাকা খরচ হয়েছে।

## Rameshpur Refugee Colony

**518.** (Admitted Question No. 2480.) **Shri Abdul Karim Chowdhury:** Will the Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state-

(a) Whether the Government is aware of any incident whereby some fourteen refugee families of Rameshpur Colony, under P.S. Islampur, were evicted from their house by some miscreants in 1983; and

(b) if so, the steps taken by the Government to resettle the victims in their respective houses?

**Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department:**

(a) Yes.

(b) Necessary stepes at the administrative level have already been taken for resettlement of those families in their respective houses. But it has not been possible to resettle them as yet. All efforts are, however, being made in this regard by the local administration.

## সুতি থানা এলাকায় মদ ও তাড়ির দোকান

৫১৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৫১১।) **শ্রীশিশ মহম্মদ :** আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) মুর্শিদাবাদ জেলার সুতি থানা এলাকায় এ পর্যন্ত কতগুলি সরকারী লাইসেন্সপ্রাপ্ত দেশী ও বিদেশী মদের ও তাড়ির দোকান আছে;

(খ) ১৯৮৫-৮৬ আর্থিক বছরে ঐ এলাকায় নূতন কোন তাড়ি বা মদের দোকান মঞ্জুর করার পরিকল্পনা সরকারের আছে; এবং

(গ) থাকিলে, তার সংখ্যা কত?

**আবগারী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) মুর্শিদাবাদ জেলার সুতি থানা এলাকায় এ পর্যন্ত সরকারী লাইসেন্সপ্রাপ্ত একটি দেশী মদের ও একটি তাড়ির দোকান আছে। (কোন বিদেশী মদের

দোকান নাই।)

(খ) ১৯৮৫-৮৬ আর্থিক বছরে ঐ এলাকায় নূতন কোন তাড়ি বা মদের দোকানের লাইসেন্স মঞ্জুর করার কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন নাই।

(গ) প্রশ্ন ওঠে না।

## Senior Madrasah teachers

**520.** (Admitted Question No. 2516.) **Shri Jokhilal Mondal :** Will the Minister-in-charge of Education (Secondary) Department be pleased to state-

(a) if it is a fact that the Government of West Bengla in letter No. 853-Edn(M), dated the 9th July, 1984, have instructed all the Madrasahs that-

(i) no senior Madrasah teachers will be deputed to undergo B.Ed./B.T. Training, and

(ii) to enlist the names of the Senior Madrasah Teachers as "Freshers" if they so desire; and

(b) if so, the reasons thereof?

**Minister-in-charge of Education (Secondary) Department :** (a) (i) and (ii) Yes, However, it has since been decided by the Government to review the case.

(b) (1) If the graduate teachers alone (since they alone would be eligible to be deputed for B.Ed./B.T.) are trained, this would lead to discrimination vis-a-vis non-graduate teachers of Senior Madrasahs.

(2) Non-establisment of equivalence of F.M./.M.M degree.

(3) There is a large number of untrained secondary school teachers to be trained first in the training colleges/institutes.

## শ্রমিক কল্যাণ পর্ষদে জমা টাকার পরিমাণ

৫১২। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৩০।) **শ্রীমনোহর তিরকী :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৮০-৮১ সাল থেকে ১৯৮৪-৮৫ পর্যন্ত পশ্চিমবঙ্গ শ্রমিক কল্যাণ পর্ষদে মোট কত টাকা জমা হয়েছে;

(খ) তন্মধ্যে চা-শিল্পের মালিক ও শ্রমিকগণের প্রদত্ত অংশের পরিমাণ কত; এবং

(গ) উক্ত সময়ে চা-বাগান এলাকায় কোন্ শ্রমিক কল্যাণ কেন্দ্রে কত টাকা দেওয়া হয়েছে?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী** : (ক) উক্ত সময়ে বিভিন্ন খাতে সর্বপ্রকার প্রাপ্যের (সরকারী অনুদান সহ) মোট জমার পরিমাণ হল ২,৬০,৮৩,৫৬২ টাকা।

(খ) শিল্পভিত্তিক আলাদা পরিসংখ্যান রাখা হয় না।

(গ) কেন্দ্রগুলিকে আলাদাভাবে টাকা দেওয়া হয় না। প্রয়োজনানুসারে পর্ষদ অফিস থেকে জিনিসপত্র সরবরাহ করা হয় এবং কেন্দ্রস্থ কর্মচারী মারফত খেলাধূলা, সাংস্কৃতিক ও অন্যান্য অনুষ্ঠানাদির ব্যবস্থা করা হয়। কেন্দ্রওয়ারী খরচের আলাদা হিসেব রাখা হয় না।

**রাজ্যে দেশী মদের চাহিদা ও যোগান**

৫২২। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৩২।) **শ্রীমনোহর তিরকী** : আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এ রাজ্যে বর্তমানে দেশী মদের চাহিদা ও যোগান কত (জেলাওয়ারী হিসাব); এবং

(খ) চাহিদা ও যোগানের ঘাটতির ফলে আনুমানিক কি পরিমাণ রাজস্বের ক্ষতি হয়ে থাকে?

**আবগারী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী** : (ক) এ রাজ্যে বর্তমানে দেশী মদের চাহিদা যোগানের আনুমানিক জেলাওয়ারী হিসাব নিম্নে দেওয়া হইল :-

| ক্রমিক নং | জেলা | আনুমানিক চাহিদার পরিমাণ (এপ্রিল ১৯৮৪ থেকে ১৯৮৫পর্যন্ত সময়ের)লক্ষ এল পি মাত্রায় | প্রকৃত যোগানের পরিমাণ(এপ্রিল১৯৮৪ থেকে মার্চ ১৯৮৫ পর্যন্ত সময়ের)লক্ষ এল পি এল মাত্রায় |
|---|---|---|---|
| (১) | বর্ধমান (পূর্ব) .. | ১.৮৬ | ১.৯০ |
| (২) | বর্ধমান (পশ্চিম) .. | ৩১.৭৮ | ৩২.৫৫ |
| (৩) | বীরভূম .. .. | ১.৫২ | ১.৫৭ |
| (৪) | বাঁকুড়া .. .. | ০.৯৫ | ০.৯৭ |
| (৫) | মেদিনীপুর(পূর্ব) .. | ১.৮৪ | ১.৮৩ |
| (৬) | মেদিনীপুর(পশ্চিম) .. | ৫.০৬ | ৪.৪৯ |

| | | | |
|---|---|---|---|
| (৭) | হুগলী .. .. | ৫.৩৮ | ৫.৩৬ |
| (৮) | হাওড়া .. .. | ২.৯৮ | ২.৫৩ |
| (৯) | ২৪-পরগণা(দক্ষিণ) .. | ৭.২৮ | ৬.৫৮ |
| (১০) | ২৪-পরগণা(উত্তর) .. | ১৭.৬৯ | ১৫.১৩ |
| (১১) | কলিকাতা .. .. | ৪৩.৪২ | ৩৫.৫১ |
| (১২) | নদীয়া .. .. | ৩.৬৯ | ২.৩৭ |
| (১৩) | মুর্শিদাবাদ .. .. | ২.৬৫ | ২.৪৪ |
| (১৪) | পশ্চিম দিনাজপুর .. | ২.৪৩ | ২.৩০ |
| (১৫) | জলপাইগুড়ি .. | ২৯.৪৫ | ২২.৮০ |
| (১৬) | মালদা .. .. | ৩.৮২ | ২.৬৩ |
| (১৭) | দার্জিলিং .. .. | ৫.৯২ | ৫.৪২ |
| (১৮) | কোচবিহার .. | ২.৯৪ | ২.৪১ |
| (১৯) | পুরুলিয়া .. | ৯.৬৭ | ৬.৭৭ |

(খ) আনুমানিক চাহিদা ও প্রকৃত যোগানের মধ্যে ঘাটতি থাকিলেও, দেখা যায় যে, দেশী মদ হইতে বর্তমান বৎসরের ফেব্রুয়ারী পর্যন্ত আদায়কৃত রাজস্বের পরিমাণ বিগত বৎসরের ফেব্রুয়ারী পর্যন্ত আদায়কৃত রাজস্বের চাইতে প্রায় ২ কোটি টাকা অধিক। মদের উপর আরোপিত শুল্কের হার বৃদ্ধির জন্যই এই বৃদ্ধি হইয়াছে।

### সুতি ব্লকে ব্যক্তিগত রেশন কার্ড বিলি

৫২৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৬৪।) শ্রীশিশ মহম্মদ ঃ খাদ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) মুর্শিদাবাদ জেলার ১নং সুতি ও ২নং সুতি ব্লকাধীন এলাকায় বসবাসকারী সকল ব্যক্তিকে কোন কার্ড দেওয়া হয়েছে কি; এবং

(খ) ঐ দুটি ব্লকের জনসংখ্যা কত এবং কোন কার্ডের সংখ্যা কত?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) হ্যাঁ, মোটামুটিভাবে সকলকে ব্যক্তিগত রেশনকার্ড দেওয়া হয়েছে বলে রিপোর্ট আছে।

(খ) ১৯৮১ সালের আদমসুমারি অনুযায়ী এই দুটি ব্লকের মোট জনসংখ্যা ছিল ২,০৪,৭৪৯ জন। গত চার বছর জনসংখ্যা ছিল বৃদ্ধি পেয়েছে। এ পর্যন্ত মোট ২,৪৩,৭৯৪টি ব্যক্তিগত রেশন কার্ড বণ্টন করা হয়েছে।

**গোসাবা আর আর ইনস্টিটিউশন**

৫২৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৩৩।) [illegible] **মণ্ডল** **:** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) গোসাবা আর আর ইনস্টিটিউশনের ম্যানেজিং কমিটি কবে গঠিত হয়েছিল;

(খ) ঐ কমিটি পুনরায় নির্বাচনে না হওয়ার কারণ কি;

(গ) ওই কমিটি কি কোন বিশেষ নিয়মে গঠিত; এবং

(ঘ) ঐ কমিটিতে পঞ্চায়েত সমিতির কোন প্রতিনিধি রাখা হয় কিনা?

**শিক্ষা (মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) কমিটি ২৯-১-১৯৭৫ তারিখে গঠিত হয়েছিল।

(খ) বিদ্যালয়টিকে সরকার-পোষিত বিদ্যালয় হিসাবে ঘোষণা করার উদ্যোগ নেওয়া হয়েছিল, কিন্তু প্রয়োজনীয় ব্যবস্থা গৃহীত না হওয়ার জন্য কমিটি গঠিত হতে পারে নি।

(গ) ওই কমিটির গঠনপ্রণালী সংক্রান্ত তথ্য সরকারী দপ্তরে নেই।

(ঘ) কমিটির গঠনের সময় পঞ্চায়েত সমিতির প্রতিনিধি রাখার কোন সংস্থান ছিল না।

**আরামবাগ কুষ্ঠ হাসপাতাল**

৫২৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৭৯।) **শ্রীশিবপ্রসাদ মালিক :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, আরামবাগে কুষ্ঠ হাসপাতালের জন্য ১৯৮২ সাল থেকে প্রায় ৯ লক্ষ টাকা মঞ্জুরী পাওয়া সত্ত্বেও হাসপাতালটি চালু করা হইতেছে না; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, ইহার কারণ কি?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**পূর্ত কনস্ট্রাকশন বোর্ডের নির্বাহী বাস্তুকারের কলিকাতায় যাতায়াত**

৫২৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৭০২।) **শ্রীসুধাংশুশেখর মাঝি :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) গত তিন বৎসরে পুরুলিয়া জেলার পূর্ত (কনস্ট্রাকশন বোর্ড)- এর নির্বাহী বাস্তুকার মোট কতবার কলিকাতায় আসিয়াছেন এবং গড়ে মাসে কতদিন কলিকাতায় ছিলেন; এবং

(খ) পুরুলিয়ার অনুপস্থিতিকালে উক্ত নির্বাহী বাস্তুকারের কাজকর্ম কিভাবে পরিচালিত হয়?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) মোট ৪৭ বার। মাসে গড়ে ৯.১ দিন।

(খ) যিনি দায়িত্বে ছিলেন তিনিই কার্য পরিচালনা করিয়াছেন।

**পশ্চিম দিনাজপুরের স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার নিয়োগ**

**৫২৭।** (অনুমোদিত প্রশ্ন নং ২৭৮৩।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় স্বাস্থ্যকেন্দ্রগুলিতে সরকারী নিয়ম অনুসারে ডাক্তার দেওয়া হয়েছে কি; এবং

(খ) দেওয়া না হয়ে থাকলে, কতদিনের মধ্যে দেওয়া সম্ভব হবে?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) না।

(খ) শীঘ্রই।

**রঘুনাথপুর ষ্টেট জেনারেল হাসপাতালকে মহকুমা হাসপাতালে রূপান্তরকরণ**

**৫২৮।** (অনুমোদিত প্রশ্ন নং ২৭৯৩।) **শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) পুরুলিয়া জেলার রঘুনাথপুর ষ্টেট জেনারেল হাসপাতালকে মহকুমা হাসপাতালে রূপান্তরিত করার কোন পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকিলে, কবে নাগাত ইহা বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ।

(খ) এখনই বলা সম্ভব নয়।

**Library of Urdu Acadamy**

**529.** (Admitted Question No. 2824.) **Shri Dinabandhu Majhi, Birendra Narayan Ray and Shri Lakshmi Kanta Dey :** Will the Minister-in-charge of Education (Higher) Department be pleased to state-

(a) if it is a fact that the Urdu Academy has its own Library; and

(b) if so, the amount spent so far in equipping of this Library?

**Minister-in-charge of Education (Higher) Department :** (a) Yes.

(b) Rupees four lakh ten thousand nine hundred forty and paise thirty only.

**Kitabat Centre of Urdu Acadamy**

**530.** (Admitted Question No. 2826.) **Shri Birendra Narayan**

Ray, Shri Sachin Sen and Shri Lakshmi Kanta Dey : Will the Minister-in-charge of Education (Higher) Department be pleased to state-

(a) if it is a fact that a Kitabat Centre is functioning at the Urdu Academy; and

(b) if so, -

(i) when did this Centre start functioning,

(ii) the number of boys and girls now being trained per year, and

(iii) the amount of stipend, if any, which is being paid to each trainee?

**Minister-in-charge of Education (Higher) Department :** (a) Yes,

(b) (i) 20-3-1980.

(ii) 25.

(iii) Rs.150 p.n.

**Training Centre for Journalism**

**531.** (Admitted Question No. 2827.) **Shri Sachin Sen, Shri Lashmi Kanta Dey and Shri Birandra Narayan Ray:** Will the Minister-in-charge of Education (Higher) Department be pleased to state-

(a) if it is a fact that a journalist training centre is being run at the Urdu Academy; and

(b) if so,-

(i) the date when this centre started functioning,

(ii) the number of boys and girls trained per year,

(iii) the number of trainees passes out of the centre so far, and

(iv) the amount of stipend if any paid to each tarinee?

**Minister-in-charge of Education (Higher) Department :** (a) Yes.

(b) (i) 1-3-1982.

(ii) 1982-83-9 boys 2 girls, 1983-84- 8 boys and 1984-85 -8 boys.

(iii) 19.

(iv) Rs. 100 p.n.

## Urdu typewriting training centre

**532.** (Admitted Question No. 2828.) **Shri Lakshmi Kanta Dey, Shri Sachin Sen and Shri Birendra Narayan Ray:** Will the Minister-in-charge of Education (Higher) Department be pleased to state-

(a) if it is a fact that a Urdu typewriting training centre is being run at the Urdu Academy; and

(b) if so,-

(i) the date when the centre started funtioning, and

(ii) the number of students trained per year?

**Minister-in-charge of Education (Higher) Department :** (a) Yes.

(b) (i) 9-4-1984.

(ii) 36.

## পুরুলিয়া জেলায় ডাক্তারবিহীন উপ-স্বাস্থ্যকেন্দ্র

**৫৩৩।** (অনুমোদিত প্রশ্ন নং ২৯৪৩।) **শ্রীসুরেন্দ্রনাথ মাঝিঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) পুরুলিয়া জেলায় কতগুলি উপস্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার নাই; এবং

(খ) তালাঝুড়ি ও কোশজুড়ি উপ-স্বাস্থ্যকেন্দ্রে কোন ডাক্তার আছে কিনা?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ১৭টি।

(খ) তালাঝুড়ি ও কোশজুড়ি উপ-স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার নেই।

## ভাটিবাড়িতে রাজ্য পর্যায়ে হাসপাতাল স্থাপন

৫৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৬২।) **শ্রীযোগেন্দ্রনাথ সিংহরায় ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, জলপাইগুড়ি জেলার ভাটিবাড়িতে একটি রাজ্য পর্যায়ে হাসপাতাল

স্থাপন হইতেছে;

(খ) সত্য হইলে, উক্ত হাসপাতাল ও স্টাফ কোয়ার্টার্স্ ইত্যাদির নির্মাণকার্য সমাধা হইয়াছে কিনা; এবং

(গ) ১৯৮৫ সালের মধ্যে উক্ত হাসপাতালটি চালু হইবে কিনা?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ।

(খ) না।

(গ) বলা সম্ভব নয়।

**পাঁচকোলগুড়ি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রকে গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রে রূপান্তকরণ**

৫৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৬৩।) **শ্রীযোগেন্দ্রনাথ সিংহরায় ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, জলপাইগুড়ি জেলার পাঁচকোলগুড়ি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটিকে গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্র হিসাবে রূপান্তর করা হইতেছে; এবং

(খ) সত্য হইলে, কবে নাগাত ইহার কাজ আরম্ভ হইবে?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) বর্তমানে এরূপ কোন প্রস্তাব বিবেচনাধীন নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

**গরিফা ও নৈহাটি স্পোর্টিং ক্লাবের ময়দানে স্টেডিয়াম্**

৫৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৭৭।) **শ্রীঅজিত বসু ঃ** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) নৈহাটি থানার অন্তর্গত গরিফা ইউনাইটেড স্পোর্টিং ক্লাব ও নৈহাটি স্পোর্টিং ক্লাবের ময়দানে একটি স্টেডিয়াম নির্মাণের কোন পরিকল্পনা আছে কি;

(খ) থাকিলে,—

(১) কত আসনবিশিষ্ট এই স্টেডিয়ামটি নির্মিত হইবে,

(২) কি পরিমাণ অর্থ ইতিমধ্যে মঞ্জুরলাভ করিয়াছে, ও

(৩) স্টেডিয়াম নির্মাণের কোন ব্লু প্রিন্ট প্রস্তুত হইয়াছে কিনা;

(গ) এই ময়দানটির মালিকানা নৈহাটি পুরসভা কি সরকারের হাতে নিয়মমাফিক প্রত্যার্পণ করিয়াছেন; এবং

(ঘ) কত দিনের মধ্যে এই স্টেডিয়ামের কাজ শুরু হইবে?

**শিক্ষা (ক্রীড়া) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ, আছে।

(খ) (১) দু হাজার আসনবিশিষ্ট একটি স্টেডিয়াম নির্মিত হবে।

(২) এখনও কোন সরকারী অনুদান মঞ্জুর করা হয় নি।

(৩) না। তবে এইরূপ স্টেডিয়ামের জন্য একটি আদর্শ ব্লু প্রিন্ট তৈরী আছে এবং তার উপর ভিত্তি করেই বর্তমানে নতুন স্টেডিয়াম প্রকল্পের অনুমোদন দেওয়া হচ্ছে।

(গ) পুরসভা তাঁদের লিখিত সম্মতি সরকারকে জানিয়েছেন।

(ঘ) সঠিকভাবে বলা সম্ভব নয়।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** I have received two notices of adjournment motion. One is from Shri Deba Prasad Sarkar on the subject of increase of bus fares and the other is from Shri Kashi Nath Misra and Shri Adbul Mannan on the Subject of acute power crisis throughout West Bengal.

The Subject matters of the motions do not call for adjournment of the business of the House. The Members may draw the attention of the Ministers concerned through Calling Attention, Mention.

I, therefore, withhold my consent to the motions. Members may, however, read out the texts of their motions as amended.

**শ্রী কাশীনাথ মিশ্র :-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার প্রস্তাব হোল — জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মূলতবী রাখছেন। বিষয়টি হোল— গত দুদিন ধরে বৃহত্তম কলকাতাসহ সারা পশ্চিমবাংলাতে ব্যাপকভাবে বিদ্যুৎ বিভ্রাট চলছে। ফলে বিভিন্ন হাসপাতালসহ সর্বত্র পানীয় জল সরবরাহ ভীষণভাবে ব্যাহত হয়েছে। ছোট বড় শিল্প কলকারখানার উৎপাদনও ব্যাহত হচ্ছে। বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলিতেও উৎপন্ন বিদ্যুৎ সরবরাহ করতে বিদ্যুৎ পর্ষদও ব্যর্থ। বিদ্যুৎ কেন্দ্রগুলিতে কয়লা সরবরাহ ঠিকমত হচ্ছে না। বর্তমানে নিম্নমানের কয়লা সরবরাহ বিদ্যুৎ দপ্তরের উৎপাদন ক্ষমতা হ্রাস করছে।

**শ্রী দেব প্রসাদ সরকার :-** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয় আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মূলতুবী রাখছে। বিষয়টি হল :-

রাজ্য সরকার চতুর্থবার বাসের ভাড়া বৃদ্ধির সিদ্ধান্ত নিয়ে একদিকে এই রাজ্যের দরিদ্র জনসাধারণের উপর আর এক দফা বাড়তি ভাড়ার বোঝা চাপিয়ে দিচ্ছেন এবং অপর দিকে বাসের মালিকদের তথাকথিত চাপের কাছে নতি স্বীকার করছেন। পেট্রল, ডিজেল ইত্যাদির দর বৃদ্ধির কারণ দেখিয়ে সরকার বাস ভাড়া বৃদ্ধির সিদ্ধান্ত নিয়েছেন— কিন্তু এর জন্য বাস চালাবার ব্যয় প্রকৃতপক্ষে ঠিক কতটা বেড়েছে এবং তার ফলে যথার্থই বাস মালিকদের লাভের অঙ্ক নিঃশেষ করে আদৌ লোকসানে বাস চালাতে হচ্ছে কিনা যে সম্পর্কে কোন তথ্যানুসন্ধান বা পরীক্ষা নিরিক্ষা ছাড়াই বাস ভাড়া বৃদ্ধির এই সিদ্ধান্ত বাস মালিকদের পৃষ্ঠপোষকতার আর একটি দুর্ভাগ্যজনক নজীর। প্রশাসনে

দুর্নীতি ও অপদার্থতা এবং অপচয়ের জন্য প্রতি বছর সরকারী পরিবহনের ক্ষেত্রে ক্রমবর্ধমান হা( যে লোকসান ঘটছে দফায় দফায় ভাড়া বাড়িয়ে দরিদ্র যাত্রী সাধারণের কাছ থেকে সরকার তা পূর করে নিতে চাইছেন। সরকারী প্রশাসনের এই অপদার্থতা, গাফিলতি ও দুর্নীতির দায়ভার বহন করে এবং বাস মালিকদের মুনাফার অঙ্ক বৃদ্ধি করতে রাজ্যের দরিদ্র, অভুক্ত জনসাধারণ- এর উপ প্রতিবার এই বাড়তি ভাড়ার বোঝা চাপিয়ে দেওয়া হচ্ছে। অতএব নূতন করে বাস ভাড়া বাড়ানো আগে একটা উচ্চক্ষমতা সম্পন্ন নিরপেক্ষ তদন্ত কমিটি গঠন করে তার কাছে সমস্ত তথ্য পেশ ক হোক এবং কমিটির সুপারিশ না পাওয়া পর্যন্ত ভাড়া বৃদ্ধির সিদ্ধান্ত স্থগিত রাখা হোক।

## CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC INPORTANCE

**Mr. Speaker :** I have received three notices of Calling Atten tion, namely

| | | |
|---|---|---|
| 1. Proposed stike by The Bus-owners of West West Bengal on 15.5.85 | - | Shri Kashinath Mishra, Shri Asok Ghosh and Shri Abdul Mannan. |
| 2. Forcible occupation of Land requistioned for Government Hatchery at Hat-mouza by a group of people. | - | Shri Bankim Tribedi. |
| 3. Reported discussion between Chief Minister, West Bengal and Union Law Minister on the problens facing the Wagon industry in the State. | - | Shri Santasri Chattopadhyay. |

I have Selected the notice of Shri Santashri Chattopadhay, on the subject of Reported discussion between Chief Minister, West Bengal and the Union Law Minister on the problems facing the Wagan Industry in the State.

The Minister-in-Charge will please make a statement today or

tomorrow, if possible.

## STATEMENT ON CALLING ATTENTION

**শ্রী জ্যোতি বসু :** মাননীয় স্পীকার মহাশয়, যেহেতু কালকে এ্যাসেম্বলী শেষ হয়ে যাচ্ছে কাজেই ওয়াগনের কথা যেটা আপনি বললেন সময় আর হবেনা বলে আজকেই সে সম্বন্ধে আমি কিছু বলছি। আমরা খুবই সংকটের মধ্যে পড়ে গেছি। কেন্দ্রীয় সরকারের এরকম ৩টি কারখানা আছে যারা ওয়াগন এবং অন্যান্য জিনিস তৈরী করে। এছাড়া প্রাইভেট সেক্টরে টেক্সম্যাকো ওয়াগন তৈরী করে। গত বছর যে অর্ডার ছিল এবারে তা কমিয়ে দেওয়া হয়েছে। অর্থাৎ ২০ হাজারের জায়গায় এবারে ৫ হাজার করা হয়েছে। এই অর্ডার কমিয়ে দেবার ফলে প্রথমে লে অফ হবে এবং কারখানার সিকনেস্ বাড়বে। অবশ্য এই সমস্ত কথা কেন্দ্রীয় সরকার জানেন। ইউনিয়ন তরফ থেকে এবং ম্যানেজমেন্ট-এর তরফ থেকে ২/১ জন আমার সঙ্গে দেখা করেছেন। আমি কেন্দ্রীয় রেলমন্ত্রীকে এইসব কথা জানিয়েছি। রেলমন্ত্রী আমাকে চিঠি লিখে জানিয়েছেন আমাদের টাকার অভাব। টাকার অভাবের জন্য এটা হবেনা, ওটা হবেনা এবং তার মধ্যে এই ওয়াগনের ব্যাপারটাও এসে পড়েছে। তবে একটা অদ্ভুত অর্ডার দেখে মনে হল আমাদের বুঝি আর ওয়াগানের দরকার নেই। আমাদের বলা হয়েছে সিমেন্ট আনতে হবে খোলা গাড়ীতে। বৃষ্টির দিনে খোলা গাড়ীতে সিমেন্ট আনতে হলে তো সমস্ত ব্যাগ ভিজে যাবে। এমনভাবে অর্ডার দেওয়া হয়েছে যেন আমাদের আর ওয়াগনের দরকার নেই। আমাদের খাদ্য আনার ব্যাপারে এবং আরও নানা ব্যাপারে প্রচুর ওয়াগনের দরকার। আমাদের বিভিন্ন রেল প্রকল্পগুলো তো বন্ধ করে দেওয়া হয়েছে, কিন্তু শেষ পর্যন্ত এই ওয়াগন শিল্পও কি শেষ হয়ে যাবে?

**[1.10—1.20 p.m.]**

জুটটাও শেষ হতে বসেছে। ওঁরা বললেন যে ওঁদের নিয়ম হচ্ছে সেপ্টেম্বর মাসের মধ্যে প্ল্যানিং করতে হবে, প্ল্যানিং কমিশন রিপোর্ট দেবেন। রেলওয়েকে ধরুন এত টাকা ধরে দিন, তারপর রেলওয়ে কিসে খরচ করবেন, রেলওয়ে লাইন নবীকরণে খরচ করবেন, কি ওয়াগনের জন্য খরচ করবেন, কি নূতন লাইনের জন্য খরচ করবেন, সেটা ওঁরা নাকি ঠিক করবেন। আমি তখন বললাম যে আপনারা তো এ্যাডভাইস করতে পারেন প্ল্যানিং কমিশন থেকে। ইউ মাস্ট এ্যাডভাইস, যেখানে ৭৫ পার্সেন্ট ওয়াগন আমাদের পশ্চিমবাংলা থেকে সরবরাহ করা হতো, সেখানে যদি হঠাৎ গত বছর থেকে — এই জিনিস হয়ে যায় তাহলে তো বুঝতেই পারছেন যে কি হবে। এই প্রচেষ্টা আমি করেছি এবং ওঁরা বলেছেন যে আমরা রেল মন্ত্রককে বলবো, আপনারা এটা ভেবে দেখুন কি হয়, এটা ওঁরা বলেছেন। কি বলেছেন না বলেছেন এখনও আমি জানিনা, আমাকে অন্ততঃ বললেন যে এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার, ডেপুটি চেয়ারম্যান বললেন যে আমি ওঁদের সঙ্গে কথা বলবো। এটা ওখান থেকে হয়েছে এবং ইতিমধ্যে আর একবার আমাকে ওঁদের কাছে লিখতে হয়েছে, কেন্দ্রীয় সরকারের কাছে, যে আপনারা এটা পুনর্বিবেচনা করুন। কারণ এটা একটা একজিস্টিং জিনিস। কারণ নূতন লাইন আমাদেরও দরকার, অন্য প্রদেশেরও দরকার, সবই বুঝি। কিন্তু এটা যদি ভেঙ্গে পড়ে তাহলে আপনারাও তো বিপদে পড়বেন, আপনারা এখন বেশী বেশী সরবরাহ করবেন ভাবছেন, আপনারা রেশন দোকান আরও বাড়াতে বলছেন যাতে কয়েকটা জিনিস আমরা কন্ট্রোল দরে দিতে পারি, এটা তো আপনারা নীতিগতভাবে গ্রহণ করেছেন। কি করছেন না করছেন সেটা আলাদা কথা। কিন্তু নীতিগতভাবে গ্রহণ করেছেন। তাহলে আপনারা মুস্কিলে পড়ে যাবেন। সেই জন্য কোন মুভমেন্ট হচ্ছে না আমাদের অনেক জিনিস অনেক জায়গায়। আমাদের উত্তরবঙ্গে খাদ্য নিয়ে পর্যন্ত ওয়াগান যেতে

পারেনা, ওয়াগানের অভাবের জন্য। আমাদের সিমেন্ট বন্ধ হয়ে গেছে। এই জিনিস হচ্ছে, সার সব বন্ধ হয়ে আছে। যাই হোক এই বিষয়ে ওঁদের সঙ্গে আমরা কথাবার্তা বলছি, আর আমাদের যাঁরা এম.পি.আছেন, এখান থেকে লোকসভার সদস্য বা রাজ্যসভার সদস্য, তাঁদের কাছেও আমি সব খবর পাঠিয়েছি, ওঁরা জানান ব্যাপারটা, সমস্ত কথা, যে দলের হোন তাঁরা আর শ্রী অশোক সেন এসেছিলেন, আইনমন্ত্রী, তিনি বললেন এটা খুবই গুরুত্বপূর্ণ বিষয়, তিনি খুবই গুরুত্ব দিচ্ছেন। দুদিন আগে এই বিষয়ে আমার সঙ্গে কথা হয়েছে, আমার সঙ্গে দেখা করেছিলেন, উনি দিল্লী গেছেন, আবার আজকে আসবেন। আমি তাঁকে বললাম, আপনি নিজে রেল মিনিষ্টারের দেখা করুন, এবং অবস্থার কথা ওঁকে অবহিত করুন। ওঁর জানা আছে, তবুও আপনি ওখানকার মন্ত্রী, আপনি তাঁকে বলুন। উনি বললেন, আমি এটাকে অগ্রাধিকার দিয়ে আমি ওঁকে বলবো এবং অন্য যাকে বলার আমি বলবো। তিনি আমাকে বলে গেলেন। তবে উনি বলেছেন আপনিও আসবেন, দরকার হলে বসে টসে একটা কিছু করবো। এইটুকু আপনাদের জানালাম।

**শ্রী সুব্রত মুখার্জী ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী যে বিষয়টির অবতারণা করলেন, এটা নিঃসন্দেহে খুবই গুরুত্বপূর্ণ এবং গুরুত্বের কথা ভেবে এটাকে রাজনীতির উর্ধ্বে দেখা দরকার এবং ওনারাও দেখবার চেষ্টা করছেন। আমরাও আমাদের দলের তরফ থেকে সামগ্রিক ভাবে সেই চেষ্টা চালাচ্ছি। আমি নিজেও স্বীকার করেছি বাহিরে এবং এখানেও যে ওয়াগন ইনডাষ্ট্রির অর্ডার বাড়ানো দরকার এবং মূলতঃ এটা কেন্দ্রে থেকেই আসে, এটা রাজ্য সরকারের ব্যাপার নয়। স্বভাবতঃ কেন্দ্রীয় সরকারের কাছে বারবার এই অনুরোধ করেছি এবং এর গুরুত্বটা যাতে বেশী করে কেন্দ্র উপলব্ধি করে — শুধু রেল মিনিষ্টারকে যেমন আমরা চিঠি লিখে বলেছি, মন্ত্রী মহাশয়কে বলেছি, আমাদের এখান থেকে কেন্দ্রীয় সরকারের কাছে বলা হয়েছে, অপর দিকে আমরা ট্রেড ইউনিয়নের মাধ্যমে চেষ্টা চালাচ্ছি। কারণ গুরুত্বটা আরও এখানে যদি বিস্তারিত ভাবে বলতেন যে শুধুমাত্র রেলওয়ে ওয়াগন তৈরী করে সেই সব ইনডাষ্ট্রি বন্ধ হবে তা নয়, এর মেজর পার্ট আছে পাবলিক সেক্টারগুলোতে, যেমন বার্ড, বার্ন, জেশপ এবং রাজ্য সরকারের যেগুলো, যেমন স্যাক্সবি কোম্পানী, এইসব কোম্পানীগুলো কম্পলিটলি ড্রাই হয়ে যাবে। খুবই গুরুত্বপূর্ণ ব্যাপার এবং এর যে এ্যালফ্যাবেটিক গুলো আছে, হোল ইঞ্জিনিয়ারিং ইনডাষ্ট্রিটা একটা কোলাপ্সের দিকে চলে যেতে পারে। কারণ একটা শুধু চাকা তৈরী করে বহু ইনডাষ্ট্রি বেঁচে আছে। আমি একটা প্রস্তাব দিচ্ছি, এই যে চিঠি, কথাবার্তা, এইগুলো যেমন চলছে চলুক, অপর দিকে এই মানসিকতা যেন না হয় এই ব্যাপারে কেন্দ্রের বিরুদ্ধে স্লোগান তৈরী করে - সুতরাং এই ব্যাপারে রাজনীতি না করে এই সমস্ত কিছুর উর্ধ্বে থেকে যদি এই হাউস থেকে কোন রিপ্রেজেন্টেশন যেতে পারে অর্থাৎ গুরুত্বটা সংশ্লিষ্ট মানুষরা উপলব্ধি করতে পারবেন, কারণ সংবাদপত্রে পড়েছেন, এখানে যেমন ওয়াগন দেওয়া হচ্ছে না, অপর দিকে অন্যান্য প্রদেশে ওয়াগন ইনডাষ্ট্রি করবার প্রস্তাব বিবেচনা করছেন কেন্দ্রীয় সরকার। কারণ আমরা সংবাদপত্রে যা পড়েছি তাতে ওয়াগন এখানে দেওয়া হচ্ছে না। অপর দিকে অন্যান্য রাজ্যে কয়েকটি ওয়াগন ইনডাষ্ট্রির প্রস্তাব কেন্দ্রীয় সরকার বিবেচনা করছেন। কেন্দ্রীয় সরকারের এখনই এগুলি বিবেচনা করা দরকার এবং যেগুলি এসট্যাবলিষড ফ্যাকটোরী রয়েছে সেগুলিকে বাঁচাবার চেষ্টা করা দরকার, পরবর্তীকালে নূতন ইনডাষ্ট্রি করা উচিত। এই গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় মূখ্য মন্ত্রীর সঙ্গে একমত। কিন্তু এ্যাকশানটা কি ভাবে নেওয়া যায় সেই বিষয়ে তারা একটা পজেটিভ প্রস্তাব দিন, সেই প্রস্তাবে আমাদের দলের তরফ থেকে আমরা একমত হব।

**শ্রী বিমল কান্তি বসু ঃ-** মাননীয় মন্ত্রী মহাশয়, আজকে যদি কনসিড না করেন সেন্ট্রাল গর্ভণমেন্ট তাহলে এর ফলে কত লোকের আউট অব এমপ্লয়েমেন্ট হওয়ার সম্ভাবনা আছে, সেটা দয়া করে বলবেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ-** প্রথমে লে অফ হবে। তারপরে যে কথা সুব্রত বাবু বলেছেন যে এ্যানসিলারী ইনডাষ্ট্রি গুলি সমস্ত বন্ধ হয়ে যাবে, তাতে যারা কাজ করেন হিসাব আমার কাছে নেই, তবে অসংখ্য মানুষ সেখানে কাজ করেন, তাদের পরিবার নিয়ে তারা রাস্তায় গিয়ে দাঁড়াবেন । আর মেইন বিষয়গুলি ডাইভার্সিফিকেশান করার কোন পরিকল্পনা নেই। ওয়াগন যারা তৈরী করে তাতে অনেক শ্রমিকের কাজ থাকবে না। প্রাইভেট সেক্টর কি করবে আমি জানিনা, তবে কাজ অনেকেরই থাকবে না।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা সংবাদ পত্রে দেখেছি যে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের সঙ্গে কেন্দ্রীয় আইন মন্ত্রীর দীর্ঘ আলোচনা হয়েছে। সেই আলোচনাকে ভিত্তি করে এ পক্ষ এবং ওপক্ষের যারা আছেন, লোকসভার মাননীয় সদস্যরা, ওখানে যদি মুখ্যমন্ত্রী এবং কেন্দ্রীয় আইন মন্ত্রীর আলোচনার পরিপ্রেক্ষিতে সুব্রতবাবু যে কথা বললেন যে এখান থেকে একটা ডেলিগেশান, সর্বদলীয় ডেলিগেশান নয়, লীডার অব দি অপোজিশান, চীফ মিনিষ্টার, এ্যান্ড ইনডাষ্ট্রি মিনিষ্টার এবং আপনি কিম্বা আপনার নমিটেড করা কেউ, তারা গিয়ে এনটার ফিগারস নিয়ে — যেটা উনি বললেন যে ওয়ার্কেবল ইউনিটে কত সংখ্যা নিযুক্ত আছে, সমস্ত এনসিলারী মিলিয়ে তা ওয়ার্ক আউট করুন — সমস্ত ওভারঅল প্রসপেক্ট দেখে তিনি এই বিষয়টি প্রেজেন্ট করুন। আমি জানি ১০ হাজারের উপরে এনসিলারী ইনডাষ্ট্রিতে নিযুক্ত আছে আমরা দেখছি যে এই শিল্প এখানে হওয়ার কথা ছিল যখন গনি খান সাহেব এর দায়িত্বে ছিলেন। ইন্টিগ্রাল কোচ ফ্যাক্টরী ওয়েস্ট বেঙ্গলের কোন জায়গায় হবে সে সম্পর্কে লে আউট করা হয়েছিল। কিন্তু আমরা দেখলাম যে সেটা এখানে হবেনা, পাঞ্জাবে হচ্ছে। আমরা যদি সবগুলি কেস মেক আউট করে চীপ মিনিষ্টার, ইন্ডাষ্ট্রি মিনিষ্টার, লীডার অব দি অপোজিশান এবং আপনি কিম্বা আপনার কোন প্রতিনিধি, আমাদের কেন্দ্রীয় সরকারের যারা এপক্ষ এবং ওপক্ষের সদস্য লোকসভায় এবং রাজ্যসভায় আছেন, তাদের নিয়ে যদি একটা ওয়েষ্ট বেঙ্গল লবি করা হয় তাহলে আমরা কৃতার্থ হবো। আজকে আকাশের আবহাওয়া খারাপ, সময়ও খারাপ। ফর ফার্মিং ইট ইজ ব্যাড। কাজেই আজকে ইনডাষ্ট্রিয়াল ক্লাইমেটে যদি এই রকম ভাবে ক্লোজার, লে অব, লক আউট হয় তাহলে দুর্বিসহ অবস্থা দেখা দেবে।

**Mr. Speaker :** Dr. Zainal Abedin, the matter is very serious and I think that irrespective of political affiliation the entire House is concerned about this thing. The other day, only last night in the T.V., perhaps you heard the Prime Minister saying Coach Building Factory would be set up in Punjab.

**Dr. Zainal Abedin :** Yes.

**Mr. Speaker :**When we have the infrastructure in West Bengal why it has become necessary to set up a new factory in Punjab, I do not know. It apperars to be a policy of appeasement.

**Dr. Zainal Abedin :** No Sir, that is not the point.

**Mr. Speaker :** You have said on that point. It is not a good trend. This policy of appeasement is not a good trend. The existing industries should be first looked after and nurtured and then new developments should take place. That is the whole thing. I think everybody should be serious about it.

**ডাঃ জয়নাল আবেদিন :-** উই আর সিরিয়াস স্যার, আমি একথা বলতে চাই যে ইনটেগ্রাল কোচ ফ্যাক্টরী পাঞ্জাবে হচ্ছে হোক। পাঞ্জাবে হোক তাতে আমাদের কোন আপত্তি নেই। কিন্তু এখানকার ইনফ্রাসট্রাকচার, আমাদের চিত্তরঞ্জন, এগুলি যেন বরবাদ না হয়ে যায়। এটা মাননীয় মুখ্যমন্ত্রী যেন দেখেন।

**[1.20—1.30 p.m.]**

**শ্রী জ্যোতি বসু :-** আমাদেরও ইন্টিগ্যাল কোচ্ ফ্যাক্টির দাবী ছিল, কিন্তু পাঞ্জাবে করছেন। একটা বিপজ্জনক অবস্থা সেখানে সৃষ্টি হয়েছে, আমরা আপত্তি করতে পারি না কিন্তু এখানেও হতে পারে, সব ব্যবস্থা এখানে আছে। ওখানে ২৫০/৫০০ কোটি টাকা খরচ হবে। রাজনৈতিক কারণে তারা ওখানে হয়ত করছেন। কিন্তু এখানেও নিশ্চয় হতে পারে - এতে সন্দেহের কি আছে?

**শ্রী বামাপদ মুখার্জী :-** স্যার, ব্যাপারটা অত্যন্ত সিরিয়াস, ২ লক্ষ লোক ডাইরেক্টলি এখানে জড়িত রয়েছে। লক আউট, লে অফের প্রশ্ন নয়। এর ফলে গোটা ইকনমি নষ্ট হয়ে যাবে। স্যার, দু কোটি টন কয়লা জমে আছে, ষ্টীল জমে আছে ওয়াগন নেই। এর ফলে সারা ভারতবর্ষের সমস্ত ইকনমি অব দি ইনডাষ্ট্রি মার খাবে। তাছাড়া রেলওয়ে বোর্ড গত বছর ১৮ হাজার ওয়াগন বাতিল করেছিলেন, এই বছরও আবার ১৮ হাজার বাতিল হবে। এর ফলে কি হবে? ট্রাক, লরি ইত্যাদি প্রাইভেট সেকটর তারা যে ভাবে মুনাফা করবে সেটা কল্পনাও করা যায় না। এতে লোকের অসুবিধা বাড়বে এবং গোটা ইকনমি অসুবিধার মধ্যে পড়বে।

**শ্রী অনিল মুখার্জী :-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিম বাংলা হাইকোর্টে গত কয়েকদিন আগে 'কোরাণ' - কে চ্যালেঞ্জ করে একটি মামলা হয়েছে। তার ফলে আরব দেশ এবং আন্তর্জাতিক জগতে এর একটা দারুণ প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে। এখানে মাননীয় মুখ্যমন্ত্রী আছেন এবং আমাদের পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার এই বিষয়ে কি ব্যবস্থা নিয়েছেন সেটা যদি দয়া করে আমাদের কাছে একটু বলেন তাহলে ভাল হয়।

**শ্রী জ্যোতি বসু :-** স্পীকার মহাশয়, অনেক অভিনব ব্যাপারের মধ্যে এটাও আর একটা অভিনব ব্যাপার আমাদের সরকারের মতে যে, একটা ধর্মীয় বই 'কোরাণ' সেটার মধ্যে কি আছে না আছে সেই সব চ্যালেঞ্জ করা হয়েছে।

**শ্রী সুব্রত মুখার্জী :-** How can the remark of a Judge be discussed in the House?

**শ্রী জ্যোতি বসু :-** যে জাজের কাছে এটা গিয়েছিল তিনি সেটা গ্রহণ করেছিলেন। আমাদের

মতের কথা যদি বলেন তাহলে এটা ডিসমিস করা উচিত ছিল। কিন্তু তিনি ডিসমিস না করে বলেছেন আমার কোর্টে হবে না। কি হবে জানি না, আমি আমাদের এ্যাডভোকেট জেনারেলকে চীফ জাষ্টিসের সঙ্গে আলোচনা করতে বলেছি। আমাদের মতে কোর্টের কাছে এই রকম কোন মামলা হতে পারে না এবং কোন ধর্মীয় বই নিয়ে হিন্দু, মুসলমান, খ্রীষ্টান, জৈন ইত্যাদি যে কোন'ই হোক, এই রকম কোন কিছু মামলা হতে পারে না। কি উদ্দেশ্য আছে না আছে, আমি তার মধ্যে যাচ্ছি না। কিন্তু এটা অত্যন্ত গর্হিত কাজ আমাদের মতে হয়েছে। তবে কোর্টে যে কোন জিনিস'ই করা যায়। সেই জন্য আমরা আমাদের ইনট্রাকসান দিয়েছি এবং আমাদের প্লেইন্ট তৈরী হয়েছে এটা কনটেষ্ট করার জন্য। কনটেষ্ট করার কোন এক্তিয়ারই নেই, এই বিষয়ে আলোচনা করা বা এ সম্বন্ধে সিদ্ধান্ত দেওয়ার। তাই কেন্দ্রীয় সরকার আমাদের সঙ্গে যোগাযোগ করেছেন। আমরা বলেছি আপনারা এটায় সাহায্য করুন যে, এটায় কি করা যাবে, কি করতে হবে ইত্যাদি — এই হচ্ছে আমাদের বক্তব্য।

## Statement on Calling Attention

**Mr. Speaker :** The Minister-in-charge of Industrial Reconstruction Department will please make a statement on the subject of closure and lock-out in Messrs Bengal Enamel (works) Ltd. since 1982 resulting in suicide of 20 workers.

(Attention called by Shri Amarendra Nath Bhattacharya on the 2nd May, 1985)

But, I find that Shri Amarendra Nath Bhattacharya is not present in the House. This is very bad. He was informed beforehand through bulletin that the reply to his calling Attention notice would be given today. This is very bad, I again say. Members whose Calling Attention notices are to be replied by the Ministers must be present in the House on the date on which the reply will be made.

**Shri Nirmal Kumar Basu :** Mr. Speaker Sir, M/s. Bengel Enamel Works Ltd. has been under lockout since August, 1983.

The workers strength before lock out was 1655. At the instance of the Company's Banker viz., U.B.I. a man-power study was undertaken by M/s. S.R. Batliboi & Co. It opined that there was a surplus laboour force to the extent of 389.

The account of the company are in arrears since 1981.

The nagative net worth of the company as on current date is estimated to be about Rs. 650 lakhs whereas the company has a capital base of Rs. 12.10 lakhs.

The company has a burden of accumulated statutory liabilities

to the extent of around Rs. 150 lakhs and Bank's dues is of the order of Rs. 633 lakhs.

For quite some-time past, efforts were made jointly by the State Govt., U.B.I. and I.R.B.I to re-open the unit. Several meetings have been held but no tangible result could so far achieve. In course of discussions with the above financial institutions the State Govt. formed an impression that the unit would be re-opened with the joint efforts by U.B.I and I.R.B.I., while the State Govt. would require to give relier under the Relief Undertaking declaration.

Information has been received at the Govt. level that a meeting was held on 15.3.85 betweeen U.B.I. and I.R.B.I. to discuss about M/s. Bengal Enamel Works Ltd. It is understood that the general consensus of the meeting was that any rehabilitation scheme for this unit would require substantial fund for non-productive purposes part payment of over due liabilities etc., in addition to building up of new productive assets.

The matter for re-opening the unit is still under negotiation with financial institutions.

The State Govt. has no information about commiting suicide by about 20 (twenty) ex-labourers of M/s. Bengal Enamal Works Ltd.

## MENTION CASES

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন বিগত কয়েকদিন আগে এই হাউসে আমরা কয়েকজন সদস্য গত ২১শে, এপ্রিল তারিখের হুগলী জেলার চুঁচড়া শহরে পুলিশের একাংশ যে তান্ডব চালিয়েছেন সে সম্পর্কে উদ্বেগ প্রকাশ করেছিলাম এবং আমরা হুগলী জেলার কয়েকজন বামফ্রন্ট এম.এল.এ মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গেও সাক্ষাত করেছিলাম। তিনি আমাদের বক্তব্য শুনে প্রয়োজনীয় তদন্তের নির্দেশ দিয়েছেন, আশা করা যাচ্ছে শীঘ্রই রিপোর্ট পেয়ে তিনি উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন। হুগলী জেলা সাধারণভাবে একটা শান্তি প্রিয় জেলা এবং চুঁচুড়া একটি শান্তিপূর্ণ এলাকা। কিন্তু আমরা দুঃখের সঙ্গে লক্ষ্য করছি পুলিশের একাংশ ইচ্ছাকৃতভাবে ঐ শান্তি প্রিয় এলাকাকে অশান্ত করার জন্য কোনো কোনো সংবাদপত্রের সাহায্য নিয়ে বিশৃংখল পরিবেশ সৃষ্টি করছে, যাতে সাধারণ পুলিশ কর্মচারীদের সঙ্গে জনসাধারণের সম্পর্ক তিক্ত হয়ে ওঠে। আমরা উদ্বেগের সঙ্গে কয়েকটি সংবাতপত্রে লক্ষ্য করছি - কোনো কোনো সংবাদপত্রে ছবি পর্যন্ত দেখলাম—পুলিশ কর্মচারীদের বাড়ির মা বোনেরা ডিভিশনাল কমিশনারের কাছে দরবার করেছেন এবং তাঁরা অভিযোগ করেছেন, বামফ্রন্টের পক্ষ থেকে রাজনৈতিক দল গুলি নাকি পুলিশকে সামাজিকভাবে বয়কট্ করার ডাক দিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি হুগলী জেলার বামফ্রন্টের একজন দায়িত্বশীল কর্মী হিসাবে বলছি, আমাদের পক্ষ থেকে এই ধরণের কোনো ডাক দেওয়া হয়নি এবং

কোনো পুলিশ কর্মচারীর প্রতি বা তাদের পরিবার পরিজনদের কারো প্রতি কোনো রকম দায়িত্ব-জ্ঞানহীন আচরণ করা হয়নি। কিন্তু কিছু পুলিশ কর্মচারী কোনো এক রাজনৈতিক শক্তির সঙ্গে গভীর চক্রান্তে লিপ্ত আছে এবং তারা হুগলী জেলার সাধারণ মানুষের স্বাভাবিক শান্তিপূর্ণ জীবন-যাত্রাকে ব্যাহত করার জন্য ঐ ধরণের উদ্দেশ্য প্রণোদিত প্রয়াস চালাচ্ছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী কাছে নিবেদন করছি যে, অবিলম্বে এ বিষয়ে সরকারের সজাগ হওয়ার প্রয়োজন রয়েছে। চক্রান্ত করা হচ্ছে পশ্চিম বাংলায় বামফ্রন্টের ভাব-মূর্তিকে ধ্বংস করার জন্য। আমি আশা করব, সরকার এ বিষয়ে নজর দেবেন।

**শ্রী বঙ্কিম ত্রিবেদী ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মুর্শিদাবাদ জেলার কান্দি হাসপাতালে এক শোচনীয় অবস্থার সৃষ্টি হয়েছে। এ সম্পর্কে আই.এম.এ.'র সভাপতি মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয়কে লিখিতভাবে জানিয়েছেন এবং আমাকেও একটা কপি দিয়েছেন। আমি তাতে দেখলাম যে, ওখানে রোগীদের যে খাবার দেওয়া হচ্ছে যে খাবারের মধ্যে কাঁচের টুকরো থেকে আরম্ভ করে নানা-রকম জিনিস পাওয়া যাচ্ছে। ফলে ওখানে রোগীদের মধ্যে বিক্ষোভ দেখা দিয়েছে। ওখানকার ভিজিটিং কমিটির মেম্বারদের কয়েকবারের অনুরোধে মহকুমা শাসক এস.ডি.এম.ও-কে একটা মিটিং ডাকার জন্য অনুরোধ করেছেন। কিন্তু এস.ডি.এম.ও এখনো পর্যন্ত সে বিষয়ে কোনো ব্যবস্থা গ্রহণ করেননি। সুতরাং অবস্থা আরো খারাপ হওয়ার আগেই মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে আমি অনুরোধ করছি, তিনি ওখানে হস্তক্ষেপ করুন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন।

**[1.30—1.40 p.m.]**

**শ্রী শীশ্ মহম্মদ ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। মুর্শিদাবাদ জেলায় মহেশাই প্রাইমারী স্বাস্থ্য কেন্দ্র আছে। অনেকদিন থেকে ওখানকার ডাক্তাররা বলে আসছেন এবং রিসেন্ট আমি বাড়ী গিয়ে ওখানে গিয়েছিলাম, গিয়ে জানতে পেরেছি যে ওখানে প্রয়োজনের তুলনায় ওষুধপত্র পাওয়া যাচ্ছে না এবং সঙ্গে সঙ্গে তারা একথাও বলেছে প্রয়োজনের তুলনায় সেখানে নার্সের সংখ্যা অত্যন্ত কম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা স্বাস্থ্য দপ্তরের ত্রুটির জন্য ওষুধ পাওয়া যাচ্ছে না, না মুর্শিদাবাদের সি.এম.ও.এইচ-এর গাফিলতির জন্য ওষুধ পাওয়া যাচ্ছে না-এই দুটির মধ্যে কোনটা ঠিক তা আমি জানি না। তবে আমি আপনার মাধ্যমে এই কথা বলতে চাই, সেখানে যাতে জনসাধারণের চাহিদা অনুসারে এবং রোগীদের চাহিদা অনুসারে ওষুধ-পত্র যথাযথ ভাবে দেওয়া হয় এবং নার্সের সংখ্যা বৃদ্ধি করা হয় তারজন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২ তারিখে আমি এই হাউসে বিষাক্ত পার্থেনিয়াম সম্পর্কে উল্লেখ করেছিলাম। আমাদের পরিবেশ মন্ত্রী বলেছিলেন যদিও এটা তাঁর দপ্তরের ব্যাপার নয় তবু ও তিনি এই ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য চেষ্টা করবেন। স্যার, এই হাউসে উল্লেখ করার পর বিভিন্ন সংবাদপত্রে যেভাবে সংবাদ বেরুচ্ছে পার্থেনিয়াম সম্পর্কে তাতে সাধারণ মানুষ আতঙ্কিত হয়ে পড়ছে। এই পার্থেনিয়াম আমাদের পশ্চিমবাংলায় নতুন নয়, বহু বছর ধরে পশ্চিমবাংলায় আছে। অথচ আমরা লক্ষ্য করছি এটা যে দপ্তরের দেখার দরকার সেই দপ্তর এই ব্যাপারে নীরব থেকেছে। স্বাস্থ্য দপ্তরই বলুন আর কৃষি দপ্তরই বলুন - এই দুটি দপ্তর কোন ভ্রুক্ষেপ করেনি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে একটি ছবি দেখাচ্ছি (এই বলে একটি ছবি তুলে

ধরলেন) এই লোকটি ১০।১২ বছর ধরে এগজিমাতে ভুগছে এবং ছটফট করছে। এই লোকটি বিভিন্ন পুকুর থেকে ময়লা পরিষ্কার করতো। আমার প্রশ্ন হচ্ছে, যেখানে পুণে ন্যাশানাল টেকনিক্যাল ল্যাবরেটরী এবং বাঙ্গালোর বিশ্ববিদ্যালয় কাজ করছে, যেখানে বসু বিজ্ঞান মন্দির ৪।৫ বছর ধরে কাজ করছে সেখানে পশ্চিমবঙ্গ সরকারের সংশ্লিষ্ট দপ্তর নীরব ছিল কেন? সম্প্রতি দেখছি, স্বাস্থ্য মন্ত্রী এবং পৌরমন্ত্রী এই ব্যাপারে রোটাণ্ডা হলে মিটিং ডেকেছেন ব্যবস্থা অবলম্বন করার জন্য। আপনি শুনলে অবাক হয়ে যাবেন, আজকে সংবাদপত্রে যেভাবে নিউজ বেরিয়েছে তাতে সাধারণ মানুষ আতঙ্কিত হয়ে পড়ছে। আমি শুধু আপনাকে একটি লোকের ছবি দেখিয়েছি, এইরকম বহু মানুষ আক্রান্ত হয়ে পড়ে আছে যাদের সংবাদ আমরা জানি না। তাদের অবস্থা যে কি তা আমরা উপলব্ধি করতে পারছি না। আগামীদিনে ভুপাল নগরীতে পরিণত হবে কিনা জানি না। আমার কাছে এমন খবর আছে, স্বাস্থ্য দপ্তর এবং কৃষি দপ্তরের সঙ্গে ঠান্ডা লড়াই চলছে। এটা কে দেখাশুনা করবে, কৃষি দপ্তর না স্বাস্থ্য দপ্তর সেই নিয়ে ঠান্ডা লড়াই চলছে। এই ব্যাপারটি স্বাস্থ্য দপ্তর, কৃষি দপ্তর এবং পৌর দপ্তরের অবিলম্বে দেখার দরকার আছে। কারণ তা না হলে আমি মনে করি আগামী দিনে পশ্চিমবাংলায় ভয়াবহ অবস্থার সৃষ্টি হবে। এখানে পরিবেশ মন্ত্রী রয়েছেন, স্বাস্থ্যমন্ত্রী এবং পৌরমন্ত্রী কেউই নেই, এই সম্পর্কে প্রকৃত ঘটনার বিবৃতি দিয়ে সাধারণ মানুষকে আশ্বস্ত করুন - এই আবেদন আমি রাখছি।

**শ্রী অশোক ঘোষ ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষম করছি। আমরা দৃষ্টি আকর্ষণ করি সভায় উল্লেখপর্বে। কিন্তু তারপর তার এ্যাকসান কি হলো, ডিপার্টমেন্ট সে ব্যাপারে কোন কাজ করছে কিনা তা আমরা জানতে পারি না। সেইজন্য আমি আপনার মাধ্যমে বলতে চাই, আমি যে বিষয়টি প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি সেই বিষয়ে যা এ্যাকসান নেওয়া হবে তা যেন জানতে পারি। হাওড়ায় জয়সোয়াল হাসপাতালটি একটি সরকারী হাসপাতাল, কিন্তু অত্যন্ত দুরবস্থার মধ্যে, দুর্দশার মধ্যে হাসপাতালটি রয়েছে। এটা একটা চারতলা বাড়ী। এই হাসপাতালের এক-একটি বেডে ২।৩ জন করে রোগী রয়েছে। হাসপাতালটির এমন অবস্থা যে সেখানে কুকুর বেড়াল রোগীদের পাশে দিন কাটাচ্ছে। আমরা যখন ওষুধ-পত্রের কথা বলতে যাই তখন ঐ হাসপাতালের কর্তৃপক্ষ বলেন পয়সা নেই তাই কিনতে পারছি না। ওখানকার কর্তৃপক্ষ সরকারী পয়সা নয়-ছয় করছে। আমি দু-একটি দৃষ্টান্ত রাখতে চাই। ঐ হাসপাতালে একটি জেনারেটর আছে, শুধু রাত্রিবেলা চালানো হয় কিন্তু তারজন্য প্রতিমাসে খরচ পড়ে ১১৯০ টাকা। এর থেকেও অনেক কম দামে জেনারেটর পাওয়া যায়। কিন্তু এই জেনারেটরটি নেওয়া হয়েছে কোন রকম টেন্ডার ছাড়াই।

১১৯০ টাকা করে মাসে মাসে দিচ্ছে এবং ১৬০ লিটার কেরোসিন তেল পর্য্যন্ত ঐ হাসপাতালকে দিতে হচ্ছে। এখানে টি.কে.জয়সোয়ালের নামে এই হাসপাতালটি হয়েছে। তাঁরা নিজেদের পয়সার লিফট দিতে চাইছেন, সরকার তা নেবেন না। অথচ এখানে একটা লিফটের ব্যবস্থা করা হোক দাবী এখানকার জনসাধারণের দীর্ঘদিনের দাবী। কারণ চার তলা থেকে ষ্ট্রেচারে করে রোগীদের ওঠা নামা করাতে হয়। কর্তৃপক্ষ নিজেরা লিফট দিতে চাইছেন, সেই লিফট সরকার নেবেন না। তারপর ফার্নিচারগুলি আবার নতুন করে....

**মিঃ স্পীকার ঃ-** শ্রী অনিল মুখার্জী।

**শ্রী অনিল মুখার্জী ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি

মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ওঁদা অঞ্চলে একটি হাসপাতাল ছিল এবং সেখানে দীর্ঘদিন ধরে এ্যালোপ্যাথিক ট্রিটমেন্ট করা হতো। কিন্তু গত কয়েকমাস যাবৎ ওটিকে হোমিওপ্যাথিক হাসপাতালে পরিণত করা হয়েছে। এটা কিভাবে করা হল, আমি ওখানকার জনপ্রতিনিধি আমি জানিনা, স্থানীয় লোকজন জানেন না, হঠাৎ এ্যালোপ্যাথি থেকে হোমিওপ্যাথিতে পরিণত হয়ে গেল। সেজন্য ওখানে লোকের চিকিৎসার খুবই অসুবিধা হচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে আবার ওটিকে এ্যালোপ্যাথি হাসপাতালে রূপান্তরিত করা হয়।

**ডাঃ সুশোভন ব্যানার্জী ঃ-** মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে পর্যটন বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূম জেলা পর্যটকদের ক্ষেত্রে একটা স্বাতন্ত্র্য বৈশিষ্ট্য অর্জন করেছে। এই একটিমাত্র জেলাই এই ক্লেম করতে পারে। আজকের দিনে পর্যটন এটা শিক্ষিত শিল্প। এই শিল্পের ৩টি উপাদান থাকা দরকার। একটি হচ্ছে কালচারাল ট্যুরিজম, তারজন্য শান্তিনিকেতন এবং শ্রীনিকেতন রয়েছে, পিলগ্রিম ট্যুরিজমের জন্য ৫টি সতীপীঠ এবং ৩টি বৈষ্ণবদের জায়গা এবং ২টি শাক্ত পীঠ। এছাড়াও [illegible] ট্যুরিজম এর জন্য দুবরাজপুরে মামা-ভাগনা পাহাড়,ম্যাসেঞ্জার এবং শান্তিনিকেতন এবং শ্রী নিকেতনের যে ওয়াইলড এ্যানিমেল স্যাংচুয়ারী এই ৩টি জিনিষ পর্যটকদের আকর্ষণের একটা কেন্দ্র হয়ে উঠেছে। ওখানে আমাদের পর্যটনবিভাগ একটা সুষ্ঠ ব্যবস্থা যদি করতে পারেন তাহলে ওখানে সারা ভারতবর্ষের ট্যুরিষ্টদের এ্যাট্রাকট করতে পারবে। ওখানকার শিক্ষিত বেকার ছেলেরা যারা বসে থাকে তারা স্বনির্ভর হতে পারবে। এছাড়া ফরেন ট্যুরিষ্টদের ভাল গাইডেনস হতে পারবে, আপনি জানেন কলকাতা থেকে যাদের মাঝে মাঝে নিয়ে যাওয়া হয় তাঁদের খরচা অনেক। বোলপুর ষ্টেশনে একটা ট্যুরিষ্ট অফিস থাকা উচিত। সেখান থেকে বাসে করে সারা বীরভূম জেলায় সমস্ত দ্রষ্টব্য জিনিষ পর্যটকদের দেখানোর ব্যবস্থা করা যেতে পারে। তাই আমি আপনার মাধ্যমে পর্যটনবিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী দেব নারায়ণ চক্রবর্তী ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার এলাকার কয়েকটি বন্ধ কারখানার ব্যাপারে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকা পাণ্ডুয়ায় কাকলী সিনেমা আজ আড়াই বছর যাবত বন্ধ হয়ে আছে, এই কাকলী সিনেমায় ২০জন শ্রমিক কাজ করত, তারা কাজ পাচ্ছে না। আর লেবার ডিপার্টমেন্ট তাদের সম্বন্ধে আলোচনা করে এখন পর্যন্ত কিছু করতে পারে নি। দেশবন্ধু হিমঘর, সেখানে ৬০ জন শ্রমিক কাজ করত, গত দুবছর ধরে সেখান লক আউট করার জন্য এই শ্রমিকেরা কাজ পাচ্ছে না এবং ইসকনের পাইপফ্যাক্টরী সেখানেও দুবছর বন্ধ হয়ে পড়ে আছে।

**[1.40—1.50 p.m.]**

তাই দুই-আড়াইশতর মত শ্রমিক পাণ্ডুয়াতে দুই-আড়াই বছর ধরে কাজ পাচ্ছে না। যাতে অবিলম্বে কারখানাগুলি চালু করে শ্রমিকদের অনাহারে মৃত্যুর হাত থেকে বাঁচান যায়, তারজন্য আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীকে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করছি।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি বিষয়ে বিভ্রান্তিমূলকভাবে কিছু প্রচারিত হয়েছে বলে সভার মাধ্যমে সেদিকে এই সরকারের দৃষ্টি আর্কষণ করছি। বিষয়টি হোল, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় গত ৬.৫.৮৫ তারিখে বাঁকুড়া জেলার দারকেশ্বর নদের উপর রাজগ্রাম

সেতুর শিলান্যাস করবার জন্য গিয়েছিলেন। সেখানে মাননীয় পূর্তমন্ত্রী এবং আমাদের জেলার মন্ত্রী মাননীয় অচিন্ত্য রায় মহাশয়দ্বয়ও গিয়েছিলেন। ওখানে শাসক দলের সংখ্যাধিক্য দল-মার্কসবাদী কম্যুনিষ্ট পার্টি প্রচারপত্র দিয়েছে, বামফ্রন্টের পক্ষ থেকে প্রচারপত্র দিয়েছে এবং সেখানকার স্থানীয় পৌরসভার চেয়ারম্যান প্রচারপত্র দিয়েছেন। ঐ প্রচারপত্রে প্রয়াত প্রধানমন্ত্রী ইন্দিরাগান্ধী থেকে আরম্ভ করে তদানিন্তন মুখ্যমন্ত্রী শ্রী সিদ্ধার্থশঙ্কর রায়, প্রাক্তন পূর্তমন্ত্রী শ্রী ভোলানাথ সেন সম্পর্কে যেসব কথা বলা হয়েছে রাজগ্রাম সেতুর পরিপেক্ষিতে, সেটা সম্পর্কে তদন্ত হওয়া দরকার। ১৯৭১ সালেও আমি এম.এল.এ ছিলাম এবং ১৯৭২ সালেও আমি জয়লাভ করেছিলাম। কিন্তু তখন কোনদিন নির্বাচনের প্রাক্কালে তদানিন্তন প্রধানমন্ত্রী প্রয়াত ইন্দিরা গান্ধী সেতুটি করে দেবেন এইকথা বলেন নি, বা আমাদের তদানিন্তন মুখ্যমন্ত্রীও এইকথা বলেন নি। তখন বরং আমাদের যিনি পূর্তমন্ত্রী ছিলেন, তাঁর কাছে দারকেশ্বর সেতুর প্ল্যান এষ্টিমেট নিয়ে, বোরিং এষ্টিমেট নিয়ে কথা বলায় তিনি আমাদের কথা স্বীকার করে নিয়ে ব্রীজটির একটা এষ্টিমেট করেছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য - এক্ষেত্রে আমাদের প্রকৃত তথ্যটা চাই। মাননীয় পূর্তমন্ত্রী বিধানসভায় প্রশ্নোত্তর কালে বিভিন্ন সময় বলেছেন যে, কেন্দ্রীয় সরকারের কাছে বিষয়টা অনুমোদনের জন্য গেছে। ১৯৮২-৮৩ সালে পশ্চাদপদ মিউনিসিপ্যালিটিগুলির উন্নতি করবার জন্য রাজ্যসরকারের মাধ্যমে ১ কোটি ১৭লক্ষ টাকা দেবার কথা কেন্দ্রীয় সরকার ঘোষণা করেছেন। অতএব, এখানে যে টাকাটা দেওয়া হচ্ছে, সেটা কেন্দ্রীয় সরকারের টাকা রাজ্যসরকারের মাধ্যমেই এসেছে। কিন্তু ঐ বিভ্রান্তিমূলক অপপ্রচারের মাধ্যমে যে অবস্থা সৃষ্টি হয়েছে, কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে বৈষম্যমূলক আচরণের অভিযোগ এনে যে বিভ্রান্তিমূলক অপপ্রচার করা হয়েছে, হ্যান্ডবিল বিলি করা হয়েছে, সে বিষয়ে অবিলম্বে তদন্ত হওয়া দরকার।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যের মাধ্যমিক শিক্ষক এবং অশিক্ষক কর্মচারীদের মাইনে ব্যাঙ্কের মাধ্যমে মাসের ১লা তারিখে দেবার ব্যবস্থা চালু হওয়ায় তাঁরা সবাই সাধুবাদ জানিয়েছিলেন; যদিও এক্ষেত্রে কিছু ত্রুটি-বিচ্যুতি আছে। কিন্তু আমরা লক্ষ্য করছি, আমলাতান্ত্রিক টালবাহানার ফলে শিক্ষকদের বেতন পেতে অসুবিধা হচ্ছে। ডাইরেকটর অফ স্কুল এডুকেশন থেকে ১লা তারিখে বেতন দেবার জন্য ইনস্ট্রাকশনসহ জেলায় জেলায় যে এ্যালটমেন্ট অর্ডার পাঠানো হয়েছে, সেই এ্যালটমেন্ট অর্ডার কিছু জেলায় গেছেও, কিন্তু সেটা জেলাতে গিয়ে পৌঁছেছে মাসের ২২।২৪ তারিখে। ফলে এপ্রিল মাসের বেতন পেতে তাঁদের মে মাসের ৭।৮ তারিখ হয়ে গেছে। তাছাড়া, জেলায় জেলায় যে টাকা বরাদ্দ করা হয়েছে, সেটা প্রয়োজনের তুলনায় অনেক কম। কোথায় এক-চতুর্থাংশ, কোথায় এক-পঞ্চমাংশ বেতন কম পাচ্ছে এই রকম ঘটনা আছে। এই জেলায় অনেকে এখনো বেতন পায় নি। অনেক শিক্ষক ন্যায্য বেতনের কম টাকা পেয়েছেন। সেই জন্য আমি আপনার মাধ্যমে মাধ্যমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আর্কষণ করছি তিনি যেন এই জিনিষগুলি ভাল করে দেখেন। যাঁরা টাকা কম পেয়েছেন তাঁদের যেন প্রয়োজনীয় টাকা দিয়ে দেওয়া হয় তার জন্য ব্যবস্থা করতে আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলিকাতা করপোরেশানের নির্বাচনের জন্য বিজ্ঞপ্তি ঘোষণা হয়ে গেছে। গত ৮ বছর ধরে কলিকাতা কর্পোরেশানের অর্থনৈতিক অবস্থা খারাপ সত্ত্বেও এখানে চাহিদার থেকে বেশী বেশী লোক নিয়োগ করা হয়েছে। আর্থিক অবস্থা এতো খারাপ হওয়া সত্ত্বেও নির্বাচনের প্রাক্কালে যে সমস্ত কর্মচারীর চাকুরী ২৫ বছরের বেশী হয়ে গেছে তাঁরা প্রভিডেন্ড ফান্ডের টাকা তুলে নিচ্ছে। অনেক কর্মচারী প্রভিডেন্ড ফান্ডের টাকা তুলে নেওয়ার জন্য

ইতিমধ্যে দরখাস্ত কর্তৃপক্ষের কাছে দিয়ে দিয়েছেন। নির্বাচনের ফলাফল সম্পর্কে অশুভ আশংকায় শাসক দল বিশেষ করে পৌরমন্ত্রী মহাশয় আরো ৩৫০ জনের মতো লোককে নিয়োগ করার চেষ্টা করছেন। এই নির্বাচনের সামনে ফলাফল সম্পর্কে সচেতন হয়ে যারা ক্ষমতায় আসবেন তাঁরা কর্পোরেশান সুষ্ঠভাবে চালাবার চেষ্টা করবেন, সেই জন্য তাঁদের হাত বেঁধে দেবার জন্য - শাসক দল পরাজয়ের আশংকায় সেখানে নিজেদের দলের লোক ব্যপকভাবে নিয়োগ করার চেষ্টা করছেন। বেআইনী ভাবে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে কোন রকম চিঠি পত্র না দিয়ে, মন্ত্রীর স্লিপে এবং কোথায় কোথায় রাজনৈতিক নেতার টেলিফোনে কর্মচারী নিয়োগ হচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে পৌরমন্ত্রী এবং মূখ্যমন্ত্রীর দৃষ্টি আর্কষণ করছি যে কর্পোরেশানের নির্বাচন না হওয়া পর্যন্ত যেন কর্মচারী নিয়োগ না হয়। যে সমস্ত বেআইনী নিয়োগ এখানে হচ্ছে সেই গুলিকে বন্ধ রাখার জন্য আমি আবেদন রাখছি।

**শ্রী বিভূতি ভূষণ দে ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। কেন্দ্রীয় সরকারের ভ্রান্ত নীতির ফলে কারখানার শ্রমিক বেকার হয়ে যাচ্ছে। এমন কি চটকলের সহিত যুক্ত ৯০ হাজার শ্রমিক বেকার। কেন্দ্রীয় সরকার রেল ওয়াগন কম বরাদ্দ করার ফলে ১৫ হাজার শ্রমিক বেকার হতে চলছে। বিভিন্ন শিল্পে কেন্দ্রীয় সরকারের ভ্রান্ত নীতির ফলে সারা ভারতবর্ষে নথিভুক্ত বেকার হচ্ছে আড়াই কোটির বেশী। এই অবস্থার উপর দাঁড়িয়ে কেন্দ্রর অর্থ দপ্তরের রাষ্ট্র মন্ত্রী ঘোষণা করেছেন যে সমস্ত দপ্তরে নূতন করে লোক নিয়োগ বন্ধ। এমন কি শূন্য পদে লোক নেওয়া যাবে না। ফলে এই অবস্থায় দেখা যাবে বেকার আবো বেড়ে যাবে। এর ফলে কর্মসংস্থান আরো সংঙ্কুচিত হয়েছে। অনুরুপ এই রকম একটা ঘোষনা হয়েছিল ১৯৮৫ সালের জানুযারী মাসে লোকসভায়। মুদ্রাস্ফীতি রোধ করার জন্য এখানে বলা হয়েছিল নুতন করে পদ সৃষ্টি করা যাবে না এবং নূতন করে লোক নিয়োগ করা যাবে না। কিন্তু তাতে মুদ্রাস্ফীতি রোধ করা সম্ভব হয় নি। আবার নূতন করে ২৬শে এপিল লোকসভায় কেন্দ্রীয় সরকারের অর্থ দপ্তরের রাষ্ট্রমন্ত্রী ঘোষণা করেছেন সরকারী দপ্তরে নূতন পদ সৃষ্টি করা যাবে না এবং নূতন ভাবে লোক নিয়োগ করা যাবে না। ফলে আরো বেকার বাড়বে এবং কর্মস্থান আরো সংস্কুচিত হবে। তাই এই বেকারদের বিরুদ্ধে যে কেন্দ্রীয় সরকারের নীতি, বেকারদের কর্মসংস্থানের বিরুদ্ধে যে নীতি, শ্রমিকদের বিরুদ্ধে যে নীতি সেই নীতি অবিলম্বে প্রত্যাহার করার জন্য আমি রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সতীশ চন্দ্র বিশ্বাস ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হচ্ছে এই ব্যাপারটি নিয়ে যথেষ্ট গুরুত্ব দিয়ে মাননীয় মূখ্যমন্ত্রী সহ বিরোধী দলের সমস্ত নেতৃবৃন্দ আলোচনা করেছেন এই মাত্র। এই হাউসের কথা হচ্ছে কেন্দ্রীয় সরকারের অনুসৃত নীতির ফলে বিশেষ করে পশ্চিমবাংলার ক্ষেত্রে নূতন শিল্প গড়ার ক্ষেত্রে অনীহা, পুরানো শিল্প বাঁচিয়ে রাখার ক্ষেত্রে অনীহা, অষ্টম অর্থ কমিশানের সমস্ত টাকা না দেওয়ার যে মানসিকতা এবং সামগ্রিকভাবে কেন্দ্রীয় সরকার এই রাজ্যের বিরুদ্ধে মনোভাবে গোটা রাজ্যের মানুষের প্রতি যে ভাবে অন্যায় অত্যাচার চালানো হচ্ছে তার বিরুদ্ধে প্রতিবাদ করা উচিত। সেটাকে উপেক্ষা করে কেবলমাত্র রাজনৈতিক কচকচানি করা হচ্ছে। বিগত লোকসভার নির্বাচনের কংগ্রেস শ্লোগান দিয়েছিলেন- "কেন্দ্রের ঘাড়ে চাপিয়ে দোষ, রেহাই পাবেন না জ্যোতি বোস"।

**[1.50—2.00 p.m.]**

তাঁদের এই স্লোগানের পরিপেক্ষিতে আজকে আমরা অনেকখানি আশান্বিত হতে পারছি এই দেখে যে সুব্রত মুখার্জী এবং জয়নাল আবেদিন সাহেবের মত দায়িত্বশীল লোকেরা এই ব্যাপারে সচেতনার পরিচয় দিচ্ছেন। তাঁরা বলছেন যে পশ্চিমবাংলার অর্থনীতিকে শক্তিশালী করার জন্য কেন্দ্রর কাছে দাবী জানাতে হবে। তাঁদের মধ্যে এই জ্ঞানোদয় দেখে আমরা কিছুটা ভরসা পাচ্ছি। কিন্তু আমরা আশঙ্কিত হচ্ছি আমাদের এখানকার কয়েকটি পত্রিকার- আনন্দবাজার প্রমুখ - সংবাদ পরিবেশনের চেহারা দেখে। আজ এই রাজ্যে কলকাতার বুকে আসন্ন পৌর নির্বাচনকে কেন্দ্র করে, রাজ্যের এই বিপদের দিনে, পশ্চিমবাংলার সাধারণ মানুষের বিপদের দিনে, এখানে কেন্দ্রীয় সরকারের যে অন্যায় অবিচারের বিরুদ্ধে সমবেত ভাবে সোচ্চার হয়ে ওঠা দরকার, তা না করে এখানে কংগ্রেস দলকে পৌর নির্বাচনে সাহায্য করার তাগিদে নানাভাবে সংবাদ পরিবেশন করা হচ্ছে।

**শ্রী বামাপদ মুখার্জী** ঃ- মাননীয় স্পীকার স্যার, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আসানসোলের অন্তর্গত উত্তর ধাদকা গ্রাম পঞ্চায়েতে অধীনে বড় পরিরা মৌজায় র‍্যাকিট কোল ম্যান নামে একটি কারখানা আছে। কয়েকদিন হল দেখা যাচ্ছে যে, উক্ত এলাকায় র‍্যাকিট কোল ম্যান কারখানার চারপাশে প্রায় ৬ একর জমি ১।। ফুটের বেশী বসে গেছে এবং ২২টি ঘর ভেঙে গেছে। এই ঘরগুলির মধ্যে ১২টি র‍্যাকিট কোল ম্যান কোম্পানীর এবং ১০টি প্রাইভেট। ওখানে জানা গেছে যে প্রায় ১০০ বছর আগে নিউ বীরভূম কোল কোম্পানী খনির নীচে কয়লা কেটে চলে গেছেন কিন্তু সেগুলো ড্রেসিংয়ের কোন ব্যবস্থা বা নিরাপত্তার কোন ব্যবস্থা গ্রহণ করেন নি। আজ এই অবস্থার ফলে প্রধান রাস্তাটি বন্ধ হয়ে গেছে এবং খুব বিপজ্জনক অবস্থায় আছে। ভরতচকের অন্তর্গত ভ্যালাডি পর্যন্ত যে রাস্তা গেছে, সেখানে প্রায় ১ হাজার ফিট রাস্তা একেবারে ভেঙে গেছে, ৯একর জমির ক্ষতি হয়েছে এবং ৪।। ফিট বসে গেছে। ওখানে ডি-পিলারিং না হওয়ার জন্য রাস্তা বসে গেছে, বিভিন্ন জায়গায় ধ্বস নেমেছে এবং সমস্ত জমি নষ্ট হয়ে যাচ্ছে। এই বিষয়টিকে আনুষ্ঠানিক ভাবে না নিয়ে আমি আপনার কাছে বিশেষ ভাবে অনুরোধ করছি, আপনি বিভাগীয় মন্ত্রীকে বলুন তিনি যে ই.সি.এল.'এর সঙ্গে আলোচনা করে ক্ষতিগ্রস্থ লোকেদের পুর্নবাসনের ব্যবস্থা গ্রহণ করেন এবং খনিগুলি আরও ভালভাবে ড্রেসিংয়ের ব্যবস্থা করে জমিগুলিকে পুনরায় চাষযোগ্য করার ব্যবস্থা করেন। এইজন্য যা কিছু ব্যবস্থা নেওয়া দরকার তা যেন তাঁরা গ্রহণ করেন।

**শ্রী সাধন চট্টোপাধ্যায়** ঃ- মাননীয় অধ্যক্ষ মহাদোয়, একটি গুরুত্ব পূর্ণ বিষয়ের প্রতি আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মেঃ স্মল টুলস্ ম্যানুফাকচারিং কোম্পানী অফ ইনডিয়া লিমিটেডের দুটি কারখানা আছে। দু'নম্বরটি কৃষ্ণনগরে এবং ১নং কলকাতা মানিকতলায় অবস্থিত। কারখানাটির মালিকানা প্রয়াত ইলা পাল চৌধুরী এবং তাঁর ছেলেদের নামে। এই কারখানাটি আজ দু'বছর যাবত বন্ধ হয়ে ছিল। আগে কারখানার নাম ছিল ট্যাপস এন্ড ডাইস লিমিটেড (Taps and Dies Ltd.) নতুন নাম নিয়ে চালু হবার পর এখানকার কর্তৃপক্ষ শ্রমিক-কর্মচারীদের উপর ট্রেড ইউনিয়ন আইন ও বিধি অগ্রাহ্য করে মধ্য-যুগীয় অত্যাচার নামিয়ে এনেছেন। বহু পুরানো মেসিন দিয়ে শ্রমিকদের দ্বিগুন উৎপাদনের জন্য নানাভাবে চাপ সৃষ্টি করছেন। শো-কজ, সাসপেনসন ইত্যাদির ভেতর দিয়ে এবং অফিসে আলাদা ভাবে ডেকে নিয়ে ভয় দেখিয়ে নানা ভাবে শ্রমিকদের মধ্যে সন্ত্রাসের অবস্থার সৃষ্টি করা হচ্ছে। এক অদ্ভূত ব্যাপার যে, সেখানে বলা হচ্ছে প্রত্যেক শ্রমিককে, এমনকি নারী শ্রমিককে পর্য্যন্ত বলা হচ্ছে যে, প্রত্যেককে বুকে আইডেনটিটি কার্ড ঝুলিয়ে

কারখানায় আসতে হবে। নারী শ্রমিকদের ব্যাগ পর্য্যন্ত কারখানার ভেতরে আনতে দেওয়া হচ্ছে না। সেখানকার ক্যানটিনে খাবারের ব্যবস্থা অতি জঘন্য আছে। সেখানে থালা-বাটি ভাঙা চটা ওঠা টেবিল-চেয়ারে ঢাকা পর্য্যন্ত নেই। এছাড়া, কারখানার ভেতরে, একই কারখানার মধ্যে, দুটি সেকসান'এর মধ্যে আলাদা আলাদা বোনাসের ব্যবস্থা রাখা হয়েছে। এই ভাবে শ্রমিকদের মধ্যে বিভেদ সৃষ্টির চেষ্টা করা হচ্ছে। ওখানে ওয়ার্কস্ মেন' এর এস.টি.এম.'এর যে ওয়র্কি মেনস আছে, সেই ইউনিয়নের কর্মকর্তাদের (কৃষ্ণনগর ইউইনিটের সেক্রেটারী এবং ওয়াকিং প্রেসিডেন্টকে) পর্য্যন্ত নানা ভাবে ভয় দেখান হচ্ছে। এই ভাবে সেখানে শ্রমিকদের মধ্যে ত্রাসের সৃষ্টি করা হচ্ছে এবং শ্রমিকদের বাধ্য করা হচ্ছে অতিরিক্ত কাজ করতে। ওখানকার ইউনিয়নের ওয়ার্কিং প্রেসিডেন্ট আমার কাছে সেখানকার অত্যাচারের একটি বিবরণী দিয়েছেন। এটি আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর কাছে পাঠাচ্ছি।

**শ্রী গৌরহরি আদক** :- মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্ব পূর্ণ বিষয়ে এবং জরুরী বিষয়ে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং অনুরোধ জানাচ্ছি এই বিষয়টি দেখবার জন্য। হাওড়া জেলার শ্যামপুর থানার চারিদিকে একদিকে রূপনারায়ণ নদী আরেকদিকে দামোদর নদী রয়েছে। এই দামোদর নদী প্রায় মজে যাচ্ছে, এর নিম্নঅংশ এমনভাবে মজে যাচ্ছে যে দামোদরের নব্যতা খুব কমে গেছে। সেখানে দেখা যাচ্ছে এই দামোদর নদী একদিকে আর্শীবাদ আরেকদিকে অভিশাপের মত হয়ে দাঁড়িয়েছে। দামোদারের জলে চাষ ভালো এবং সজ্জি ভালো হয় যেমন, আবার তেমনি অতিবৃষ্টির ফলে এবং জলস্ফীতির ফলে যেমন পাঞ্চেৎ থেকে এবং ডি.ভি.সি. থেকে জল ছাড়ার ফলে প্রলয়ংকর বন্যা দেখা দেয়। সুতরাং এই দামোদর নদীর সংস্কারের দরকার বিশেষ করে হাওড়া জেলার বাগনান থেকে সুদূর এলাকা এবং রামেশ্বরপুর পর্যন্ত এই নদী যতখানি গেছে তার সংস্কার করা দরকার। অন্যদিকে রূপনারায়ণ নদীও মজে যাচ্ছে তারফলে হাওড়ার শেষ সীমাও মজে যাচ্ছে। এরফলে ওয়াটার প্যাসেজ যেগুলি আছে এবং ড্রেনেজ এবং ইরিগেশানের জন্য যে ব্যবস্থাগুলি আছে সেগুলি মজে যাচ্ছে। ফলে ওয়াটার প্যাসেজগুলি দিয়ে জল মাঠের মধ্যে আসছে না বা আসবে না মনে হচ্ছে। ভবিষ্যতে যদি এইরকম চলতে থাকে তাহলে শ্যামপুর থানার ইরিগেশানের জমি নষ্ট হয়ে যাবে এবং সেখানকার ড্রেনেজ ব্যবস্থা নষ্ট হয়ে যাবে। আমন ধান এবং অন্যান্য ফসল মার খাবে। সেইজন্য আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী দিলীপ কুমার মজুমদার** :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে গুরুত্বপূর্ণ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রীদের এবং বিশেষ করে সংবাদপত্রের লোকেদের কাছে জানাচ্ছি। খবরের কাগজে এমন একটি খারাপ খবর বেরিয়েছে যে দুর্গাপুর কেমিক্যালস্ যে মারকারি ব্যবহার করেন যার সাহায্যে কসটিক সোডা তৈরি হয় সেটা হাওয়ায় এমন বিপজ্জনক ভাবে মিশে গেছে যে সেখানকার আবহাওয়া খুব বিষাক্ত হয়ে গেছে। এর প্রতিক্রিয়া মানুষের উপরও খুব খারাপ হতে পারে। এই বিষয়ে একথাও উল্লেখ করেছেন যে জাপান বিনামাতা অঞ্চলে যেমন ৩০০ জনের প্রাণহানি ঘটেছিল এবং বহু মানুষ পঙ্গু হয়ে গেছিল তেমনি দুর্গাপুর কেমিক্যালস্ এর ঘটনার জন্য সেখানে সন্দেহ হচ্ছে সেইরূপ ঘটনা ঘটতে পারে। দুর্গাপুর কেমিক্যালসের কেমিষ্টকে কলকাতায় ডাকা হয়েছিল এবং তাকে ডেকে সেন্ট্রাল পলিউশান কন্ট্রোল বোর্ড ধমকে দিয়েছেন। তবে এঘটনা সত্য নয়। তবে এটা ঠিক যে কস্টিক সোডা তৈরীর জন্য মারকারির সাহায্য লাগে এবং তাতে কিছু মারকারি ভেপার হাওয়ায় মিশে গেছিল। দুর্গাপুর কেমিক্যালসের যে মারকারি হাওয়ায় মিশেছিল তা ০.০৫ মিলিগ্রাম পার কিউবিক মিটার এবং আই.এস.আইয়ের হিসাব অনুসারে ১০মিলিগ্রাম পর্যন্ত কোন বিপদ হয় না। সুতরাং

আমাদের মারিকারি ০.০৫ মিলিগ্রাম। এতে দুর্গাপুরের লোক কিছু কিছু আতঙ্কিত হয়ে পড়েছেন এবং বিপদের দিন গুনছেন। এবং তারা মনে করছেন এটা সত্যি যদি হয়ে থাকে তাহলে এটা তো ভূপালের অবস্থা হয়ে দাঁড়াবে। সুতরাং এটা কাগজে যা বেরিয়েছে তা ঠিক নয়। আবার কয়েকদিন আগে খবরের কাগজে বেরিয়েছে যে গত ২৯ তারিখে সেন্ট্রাল পলিউশান কন্ট্রোল বোর্ড জানিয়েছে যে মারকারির সাহায্যে যে কস্টিক তৈরী করা হচ্ছে তাতে জলে দূষণ ছড়িয়ে পড়ছে এবং তাতে ৪টি কোম্পানিই বেশী ছড়াচ্ছে। তারমধ্যে দুর্গাপুর কেমিক্যালস্ এর পরিমাণ একটু সামান্য বেশী সেটা ঠিক। আমরা তারজন্য পলিউশান ট্রিটমেন্ট প্ল্যান্ট ব্যবস্থা করেছি এবং ৩মাসের মধ্যে বসে যাবে। মাননীয় মন্ত্রীমহাশয়ও জানেন। কিন্তু আশ্চর্যের বিষয় আমরা যেটা লক্ষ্য করেছি যে এরমধ্যে কিছু কারচুপি রয়েছে কারণ ২৩টি এইরকম কারখানার মধ্যে মাত্র ১৬-১৭টি কারখানার এই দূষণের ব্যাপারে লেখা হয়েছে এবং তারমধ্যে ৪টির নাম বিশেষ করে বলা হয়েছে। কিন্তু তারমধ্যে রহড়া হিন্দুস্থান হেভি কেমিক্যালস্ যেটি বিড়লার কারখানা এবং এতে প্রায় ৪০ভাগ আছে কিন্তু সেটি উল্লেখ করা হল না। এর স্টানডার্ড খুব নীচু স্তরের। সুতরাং সেন্ট্রাল পলিউশান কন্ট্রোল বোর্ড যারা দূষণ নিবারণ করবেন সেই পলিউশান বোর্ডের মধ্যেই এখন পলিউশান জমা হয়ে আছে। তাহলে পলিউশান দূর করা সম্ভব হবে না। এটা আপনার মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে এবং সংবাদপত্রকে অনুরোধ করছি যে তারা যেন জানেন যে দুর্গাপুর কেমিক্যালসের ব্যাপারটা এতটা গুরুত্বপূর্ণ নয়। এটা মিথ্যা ভয়, আসলে কোন ব্যাপার নয়।

## Half-an-hour Discussion

**Mr. Speaker :** Now, Shri Amalendra Roy will raise a discussion on the points arising out of the answer given on the 8th April, 1985 to Unstarred Question No. 72(Admitted Question No.358) regarding Bills awaiting assent of the President of India.

Mr. Roy. you can take 10 minuties.

**শ্রী অমলেন্দ্র রায় :-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বিষয়টা সম্বন্ধে আলোচনা উত্থাপন করছি সেটা নিঃসন্দেহে গুরুত্বপূর্ণ এবং আধঘন্টা সময়ের মধ্যে একটা সর্বাঙ্গসুন্দর আলোচনা হতে পারে না এটা আমরা সকলেই বুঝি। যদিও আমাদের নিয়মাবলীর মধ্যে যেখানে সুযোগ আছে সেখানে আমরা তা করার চেষ্টা করছি। আমার বক্তব্য বিশ্লেষণ করে বলার আগে আমার মনে হয় উপসংহার আগে দরকার না হলে সময়ের মধ্যে শেষ করতে পারবো না। উপসংহারের দিক থেকেই যে ইস্যু আমি তুলছি সেটা ব্যাখ্যা করা দরকার। দরকার হলে আমি তা ব্যাখ্যা করব। এই গুরুতর ব্যাপার সম্বন্ধে বলব। আমাদের এই হাউস ১০টা বিল এখানে পাস করেছেন। তারমধ্যে ৪টি বিল ১৯৮১ সাল থেকে আটকে পড়ে আছে। এই বিলগুলি কেন আটকান হয়েছে কি ব্যাপারে এই সম্বন্ধে তথ্য চেয়েছিলাম। সেই তথ্য গত ৮ই এপ্রিল পরিষদীয় মন্ত্রী এই হাউসে দিয়েছেন। সেখানে তিনি জানিয়েছেন যে ১০টি বিলের মধ্যে ৭টি বিল সম্বন্ধে ভারত সরকার তাদের মতামত জানিয়েছেন, বাকি তিনটি (৩)টি বিল সম্বন্ধে ভারত সরকার তাদের মতামত জানাননি। সেই জন্য আমি নিয়মাবলীতে যে ব্যবস্থা আছে সেটার সুযোগ নিয়ে আমি আলোচনার উত্থাপন করে জানতে চেয়েছিলাম ভারত সরকার যে মতামত জানিয়েছেন সেই মতামতটা আমাদের জানানো হোক। পরিষদীয় মহোদয় আমাদের কাছে দুটি ডকুমেন্ট পেশ করেছেন গত শুক্রবারে। বিলগুলির উদ্দেশ্য

কি ছিল তার ব্যাখ্যা করা হয়েছে। দ্বিতীয়তঃ ভারত সরকার কোন বিল সম্পর্কে কি মতামত পেশ করেছেন সেটা সমস্ত সভ্যদের কাছে পেশ করা হয়েছে। বিশেষ করে ভারত সরকারের মতামত বিষয়ে ডকুমেন্ট আমাদের কাছে পেশ করা হয়েছে তা দেখে আমার মনে হচ্ছে যে ইস্যুগুলি এতই ইনভলবড় হচ্ছে যে আধঘন্টা আলোচনা যথেষ্ট নয়। ইনডেপ্‌থ সমস্ত জিনিষটা বিচার বিবেচনা না করবার জন্য পরিষদীয় মন্ত্রীর উচিৎ একটা কমিটি তৈরী করা। এই হাউসের মেম্বারদের নিয়ে তার নেতৃত্বে। এবং সেই কমিটিতে কতকগুলি নির্দিষ্ট ইস্যু আলোচনা করা দরকার এবং তার উপর যত তাড়াতাড়ি সম্ভব একটা রিপোর্ট এই হাউসের কাছে প্রেস করা উচিৎ বলে আমি মনে করি। আমাদের হাউস কালকে হয়ত শেষ হয়ে যাবে। কিন্তু কমিটি সম্বন্ধে সিদ্ধান্ত পরিষদীয়মন্ত্রী নিতে পারবেন কিনা জানিনা। আমি আশা করবো তিনি এই বিষয়টা বিচার ও বিবেচনা করে দেখবেন। কি কি ইস্যু এতে ইনভলভ্‌ড হচ্ছে সেটা হাউসের সামনে রাখছি।

**[2.00—2.10 p.m.]**

১০/১১ টি অত্যন্ত গুরুত্বপূর্ণ ইস্যু এতে ইনভল্‌ভড আছে যার প্রত্যেকটি নিয়ে আমাদের বিচার বিবেচনা করতে হবে। ১ নং ইস্যু হচ্ছে আর্টিকেল ২০০, ৩১ এ(১), ৩১ সি এবং ২৫৪ (২) সঠিকভাবে প্রয়োগ করা হয়েছে কিনা; ২ নং ইস্যু হচ্ছে আর্টিকেল ১৯৪(৩) অনুসারে বিধান সভা এবং বিধান সভা সদস্যদের যে ক্ষমতা ও বিশেষাধিকার ভোগ করার কথা তা বাতিল ও সঙ্কুচিত হয়ে যাচ্ছে কিনা; ৩নং ইস্যু হচ্ছে আইনের কনস্টিটিউসন্যাল ভ্যালিডিটি সুপ্রীম কোর্ট এবং/ অথবা হাইকোর্টের বিচার্য্য বিষয় এবং সংবিধানের যে দি রাইট টু কনস্টিটিউসন্যাল রেমিডিজ দেওয়া হয়েছে তাও ঐ কোর্টের রক্ষণীয় বিষয়। সেক্ষেত্রে ইউনিয়ন এগজিকিউটিভ পূর্বাহ্নেই আইনের ঐ সব দিয়ে বিচারে বসতে পারেন কিনা; ৪নং ইসু হচ্ছে আর্টিকেল (১)(এ) এর প্রোভাইসো দ্বারা বিধান সভাকে যে ক্ষমতা প্রদান করা হয়েছে ইউনিয়ন এগজিকিউটিভ তা লংঘন করে এক্সটেন্ট অব পাওয়ার এক্সিড করছে কিনা; ৫নং ইস্যু হচ্ছে আর্টিকেল ২৪৬(২) এবং ২৪৬(৩) এর মাধ্যমে যেভাবে ইউনিয়ন ও রাজ্যের মধ্যে বিধানিক লেজিসলেটিভ ক্ষমতা সমূহের বন্টন করা হয়েছে ভারত সরকার তা অমান্য অথবা অগ্রাহ্য করছে কিনা; ৬নং ইস্যু হচ্ছে আর্টিকেল ১৬৩ এবং ২৪৬(৩) এর মাধ্যমে রাজ্যের স্বায়ত্ব শাসনের সংরক্ষণের যে ব্যবস্থা সংবিধানে রাখা হয়েছে ভারত সরকারের কার্য্যকলাপ তার বিলোপ বা সংকোচ সাধন করছে কিনা; ৭ নং ইস্যু হচ্ছে অপর ৯টি বিল সম্বন্ধে মতামত জানালেও কলকাতা বিশ্ববিদ্যালয় (সংশোধনী) বিল, ১৯৮৪, সম্বন্ধে ভারত সরকার সম্পূর্ণ নীরব থাকায় অধিকন্তু বিধান সভাকে অবহেলা ও অবমাননা করা হয়েছে কিনা; ৮নং ইসু হচ্ছে যখন দিল্লী এবং কলকাতায় একদলীয় শাসন বর্তমান ছিল তখন এই রেওয়াজ একই পরিমানে চালু ছিল কিনা; ৯নং ইসু হচ্ছে বর্তমানে অন্যান্য রাজ্যের ক্ষেত্রেও সমভাবে পাশ করা বিল আটকে রাখা হচ্ছে কিনা; ১০ নং ইস্যু হচ্ছে রাজ্যপালের সেক্রেটারিয়েট, ইউনিয়ন এক্‌জিকিউটিভ ও রাজ্যের এক্‌জিকিউটিভ বিভাগ যথাযথভাবে করেছে কিনা; ১১ নং ইস্যু হবে সংশ্লিষ্ট অন্যান্য যেকোন ইস্যু। এই ইস্যুগুলি একটা কমিটির কাছে রেফার করা হোক, সেই কমিটি এইসব বিচার বিবেচনা করে যাতে তাড়াতাড়ি এই সম্বন্ধে হাউসের কাছে রিপোর্ট রাখেন এটাই হচ্ছে আমার কথা যেটা উপসংহারে আমি বলতে চাই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে ইস্যুগুলি বলেছি প্রত্যেকটি ইস্যু নিয়ে অন্ততঃ ৫/১০ মিনিট আলোচনা করলে সেটা পরিষ্কার হবে, কিন্তু তার সুযোগ নেই। আমি একটা ইস্যুর কথা এখানে তুলতে চাই বিশেষভাবে। আমি এখানে বলেছি যে আমাদের ৪টি আইন ১৯৮১ সাল থেকে আটকে রাখা

হয়েছে, তার মধ্যে দুটি আছে ভূমি সংস্কার ল্যান্ড রিফর্মসের জন্য, যেটা একটা সোসিয়াল ওয়েলফেয়ার মেজার তারজন্য আমরা দুটো আইন করেছি। এই দুটো আইন সম্পর্কে আজকে বিধানসভায় একথা বলা দরকার যে কনস্টিটিউসানে যেভাবে লেজিসলেটিভ পাওয়ার ডিষ্ট্রিবিউট করা হয়েছে বিটুইন দি ইউনিয়ন এন্ড দি স্টেটস সেখানে এই ভূমি সংস্কার আইন সম্পর্কে এক্সক্লুসিভ পাওয়ার ২৪৬(৩) অনুসারে বিধানসভাকে দেওয়া হয়েছে এবং এটা হচ্ছে স্টেট লিস্ট এন্ট্রি ১৮। অতএব সেই রকম একটা আইন পাশ করার পরেও যেটা তাদের এক্তিয়ারের বর্হিভুত, যেটা সম্পূর্ণ বিধান সভার এক্তিয়ারে, সেই আইন পাশ করার পরেও সেই আইনকে যদি আটকে রেখে দেওয়া যায় তাহলে কি গুরুতর অবস্থার সৃষ্টি হয়েছে সেটা আপনি অনুধাবন করবেন। এই এ্যাসেন্ট জিনিসটা আমরা তাঁর এক্তিয়ারে নিয়ে এসেছি কোথা থেকে - বৃটিশ পার্লামেন্টারী ডেমোক্র্যাসি থেকে। এটা ট্রাডিসান, এটা মনে রাখা দরকার যে ১৭০৭ সাল থেকে আজ পর্যন্ত বৃটিশ পার্লামেন্টের রয়্যাল এ্যাসেন্ট এ্যাক্ট আছে, এখানকার কনস্টিটিউসানেও যে এ্যাসেন্ট ২০০ নম্বরের যে আর্টিকেল সেটাকে ধরে তা এক্সারসাইজ করা হয়েছে। কারা করছেন, না, রাষ্ট্রপতির নামে একজিকিউটিভ আমলারা করছেন।

**[2.10—2.20 p.m.]**

সেইজন্য স্মরণ করিয়ে দেওয়া দরকার ১৭০৭ সাল থেকে আজ পর্যন্ত কোন উইথহোল্ড অব কনসেন্ট বৃটিশ পার্লামেন্টে হয়নি। অর্থাৎ দেখা যাচ্ছে প্রায় ৩০০ বছর ধরে কোন উইথহোলডিং অব এ্যাসেন্ট নেই। সেই ট্রডিসন আমাদের পার্লামেন্টের ক্ষেত্রে মেনে নেওয়া হচ্ছে এবং ১৯৪৭ সাল থেকে আজ পর্যন্ত দেখেছি একটা আইন নেই যেখানে এ্যাসেন্ট উইথ হোল্ড করা হয়েছে। আমাদের পার্লামেন্টের নজীর হচ্ছে ১ থেকে ৭ দিনের মধ্যে প্রত্যেকটি আইনে এ্যাসেন্ট দেওয়া হয়েছে। তবে খুব বেশী যদি দেরী হয়ে থাকে তাহলে সেটা আঙুলে গুণে বলা যায় ১ থেকে ৩ মাস টাইম নিয়েছে। কাজেই এই যে গুরুত্বপূর্ণ নজীর রয়েছে, এই যে কনভেনসন রয়েছে বা ট্রাডিসন রয়েছে সেটাই চালু রাখা উচিত। কিন্তু দুঃখের সঙ্গে লক্ষ্য করছি তার বিপরীত কাজ করা হচ্ছে। সেই জন্যই বলছি স্টেট অটনমি ইজ ইন ডেনজার। বিখ্যাত কনস্টিটিউসন্যাল এক্সপার্ট শ্রী ধীরেন সেন তাঁর "দি প্যারাডক্স অব ফ্রিডম" বইতে এইসব বিষয় নিয়ে চর্চা শুরু করেছিলেন। তিনি বলেছেন এখানে স্টেট, অটোনমি বা স্টেট অটোনমি বলে কিছু নেই। এই ৩টি রিজার্ভেসন মেনে নিয়ে আমাদের স্টেট অটোনমি আছে এই হল আমাদের অবস্থা। কাজেই চিন্তা করুন আমরা কি অবস্থায় আছি। কাজেই এটাকে ছেলেখেলা হিসেবে দেখা উচিত নয়। যদি কায়দা করে বিধানসভার ক্ষমতা কেড়ে নেওয়া হয় তাহলে সে বিষয়ে আমাদের অবহিত হতে হবে। সেই অবহিত হবার জন্য হাউসকে অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পতিত পাবন পাঠক ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য অমলেন্দ্র রায় মহাশয় এখানে বক্তব্য উত্থাপন করে যে ক্ষোভ প্রকাশ করেছেন তাতে আমি আশা করি দলমত নির্বিশেষে সকলেই একমত হবে। পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার রয়েছে এবং অন্যান্য যে সমস্ত জায়গায় কংগ্রেস পরিচালিত সরকার রয়েছে সেখানেও যদি এরকম অবস্থা হয় তাহলে তাঁদের ক্ষোভ কিভাবে হবে সেটা আপনারা বুঝতে পারছেন। এই যে ১০টি বিল আটকে আছে এবং তাঁর জন্য কেন্দ্রীয় সরকারের যে উত্তর সেটা মাননীয় সদস্যদের অবহিত করাবার জন্য প্রচার করা হয়েছে। আপনারা সেটা দেখলে বুঝতে পারবেন ওটা কোন গ্রহনীয় যুক্ত নয়। সংবিধানের কাঠামোর মধ্যে আমাদের বিধানসভাকে যে অধিকার দেওয়া হয়েছে সেটা যদি বিচার করি তাহলে দেখব যে যুক্তিতে কেন্দ্রীয়

সরকার এই বিলগুলো আটকে রেখেছে সেটা অত্যন্ত হাস্যকর যুক্তি। এই সমস্ত বিলে কনসেন্ট দিলে বামফ্রন্ট সরকার কিছু কাজ করতে পারত। কিন্তু কেন্দ্রীয় সরকারের যে মনোভাব দেখছি তাতে এটাই বলা যায় যে, আমাদের ওইসব কাজে বাধা দেওয়া ছাড়া তাদের আর কোন উদ্দেশ্য নেই। তাঁরা যেসব কথা বলছেন ওগুলো কোন যুক্তিই নয়। আমরা সকলেই জানি পশ্চিমবাংলার সামগ্রিক উন্নতির দিকে লক্ষ্য রেখেই এই সমস্ত বিল বিধানসভায় গৃহীত হয়েছিল। এবং বিধানসভায় গৃহীত বিল - তার মর্যাদা যদি কোন কারণে রক্ষিত না হয় এবং সেটা কতকগুলি অবাস্তব যুক্তির আড়ালে সেগুলিকে বানচাল করে দেবার চেষ্টা যে হচ্ছে আমি বিশ্বাস করি তার জন্য সকল সদস্যদের প্রতিবাদ করা উচিত। এই ব্যাপারে কোন দ্বিমত থাকা উচিত নয়। আমি আবার বলছি যে মাননীয় সদস্য অমলেন্দ্র রায় মহাশয় যে প্রস্তাব উত্থাপন করেছেন সেই প্রশ্ন আমারও এবং সকলেরই প্রশ্ন। এই কাঠামোর মধ্যে এই কাজ কেন্দ্রীয় সরকার করতে পারেন কিনা এবং এই ধরণের নজীর অন্য রাজ্যের ব্যাপারে আছে কিনা সেটা দেখতে হবে। মাননীয় সদস্য যে প্রস্তাব করেছেন যে এটা খুঁটিয়ে দেখার জন্য বিচার বিবেচনা করার জন্য একটি কমিটি করার কথা বলছেন। এই অল্প সময়ের মধ্যে এই কাজগুলি করা সম্ভব হবে না। এই প্রস্তাব কতদুর গ্রহণ করা যায় সেটা আমি বিচার বিবেচনা করে দেখবো এবং আমি তাঁকে এবং অন্যান্য সদস্যদের জানাবো। যে প্রশ্নটা উঠেছে সেটা আমাদের সংবিধানের স্বার্থে রাজ্যের স্বার্থে সংসদীয় গনতন্ত্র রক্ষা করার স্বার্থে দেখা দরকার। আমি ঐ একই ক্ষোভ প্রকাশ করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অনিল মুখার্জী** :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী অমলেন্দ্র রায় আজকে যে অভাবনীয় এবং যে গুরুত্বপূর্ণ বিষয় এই হাউসে রেখেছেন Half an hour discussion on the starred question. আমি হাউসের প্রসিডিংসে এই জিনিস কখনও দেখি নি। তিনি একটি নজীর সৃষ্টি করেছেন। এটাতে উনি যেসব প্রশ্ন রেখেছেন আমি তার সঙ্গে আর একটা প্রশ্ন যোগ করতে চাচ্ছি যে লেজিসলেটিভ পাওয়ার ইউজার্প হচ্ছে কিনা এবং ফেডারাল ক্যারেকটার সব দি ষ্টেট নষ্ট হয়ে যাচ্ছে এই প্রশ্ন এর মধ্যে রাখতে চাচ্ছি। এখানে ষ্টেট সেন্টার রিলেসন এবং Reservation of power by the Centre and taking more power of the state and exercising that power by the Centre-legislative power.

**মিঃ স্পীকার** :- আপনি বক্তৃতা করতে পারেন না। লেজিসলেটিভ পাওয়ার সম্বন্ধে আপনি কিছু বলতে পারেন না। আপনার যদি কোন ক্লারিফিকেসন থাকে You can put question to the Minister on that starred question.

**শ্রী অনিল মুখার্জী** :- মাননীয় সদস্য যে ১০টি প্রশ্ন রেখেছেন আমি তার মধ্যে এটা দেখা উচিত কিনা যে federal character of the State সেটা নষ্ট হচ্ছে কিনা - এইটাই আমার প্রশ্ন।

**শ্রী স্পীকার** :- You have to put your question specifically.

**শ্রী অনিল মুখার্জী** :- আমি এখানে প্রশ্ন রাখছি In addition to that question.

অমলেন্দ্রবাবু যে প্রশ্নগুলি রেখেছেন আমি তার সঙ্গে একটা প্রশ্ন রাখছি যে কেন্দ্রীয় সরকার যে বিলগুলি আটকে রেখেছেন তাতে লেজিসলেটিভের উপর সেন্টার তার পাওয়ার এক্সসারসাইজ করছে কিনা। লেজিসলেটিভ যে বিলগুলি পাশ করেছে তাতে কেন্দ্রীয় সরকার কনসেন্ট দিচ্ছে না।

বিলগুলিতে এ্যাসেন্ট না দেওয়ার জন্য federal character of the State.

সেটা কত দূর নষ্ট হচ্ছে?

**মিঃ স্পীকার** :- This is not the question. It is a matter opinion.

**শ্রী অনিল মুখার্জী** :- স্যার, এর মধ্যে সেন্টার ষ্টেট রিলেসনের কথা এসে যাচ্ছে।

**মিঃ স্পীকার** :- No, No. No question on Centre State relation.

**[2.20—2.30 p.m.]**

**ডাঃ জয়নাল আবেদিন** :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিজন সেতুতে [* *] আর [* *] দেখার অপরাধে যাদের ধরা হয়েছিল, তাদের জামিনদার যিনি হয়েছেন, তাঁকে প্রশ্ন করতে চাই —

**মিঃ স্পীকার** :- আনন্দমার্গীদের খুন করা, আর ব্লু ফিল্ম - এই দুটো এক্সপানজ্ হবে।

**ডাঃ জয়নাল আবেদিন** :- আমি সরাসরি প্রশ্ন করতে চাই, আন্ডার আর্টিকেল ২০০ এবং ২০১,মন্ত্রী মহাশয় এবং মাননীয় সদস্য যিনি উত্থাপন করেছেন এই প্রশ্ন, তাতে কি কমপালশন আছে, upon the President to give assent to the Bill আমার এই প্রশ্ন সরাসরি, Whether there is any Compulsory obligation upon the President to give assent to the Bill whichever has been passed by the this Assebly

**Mr. Speaker** : That cannot be the point. That is a legal position.

**Dr. Zainal Abedin** : I am coming to that. Once we have completed our works here and once we have taken a decision that 'the Bill as settled in the Assembly be passed' it has to be sent to the Governor or the President for his assent. If it becomes a legal question, then the court of law should be approached - not the House. It is not the proper forum to bring this discussion into this House. Sir, you have rightly observed, once it has gone out of the House, the scope of the House is limited rater nil. You have no scope to discuss the conduct and character or anything else of the House. Courts are there. Sir, honourble members are aware that the suggestions of the Union Government to set up a separate wing for the Consititutional matters has been discourged by the Hon'ble Chief Justice of India, Supreme Court. You know it. So, I think the member is not serious. It is only the pursuit of political vindictive retaliation which has been brougt here. Is not it so? Mr. Amalendra Roy, I put this question straight to you. Sir, my question is, the Government is incapable and

---

Note : * [Expunged as order by he Chair]

impotent and I repeat the word 'impotent' for not to take recourse to law which is open to them. You have referred several articles in your discussions. So, the House in not at all competent to discuss the matter afresh, what has slipped over after due consideration.

**Mr. Speaker :** Dr. Abedin, please put your question to the Hon'ble Minister.

**Dr. Zainal Abedin :** Sir, you have rightly observed that it is a point of law to be decided by the court. Why the Government has not yet approached ? Why the Government has not taken recourse to the procedures constitionally and legally to seek remedy in the courts of law. My next question to the Hon'ble Minister is whether the Governor reserves the right for assent of the President. Or for what matter the Governor has the right to reserve any Bill for consideration of the President. While he can give his assent and at the same time he may reserve his right. Why have you not gone legally to seek redress in a court of law ? These are the two questions. Sir, perhaps you have observed that it is only for cheap publicity's sake. What has the business in this House to-day ? Sir, you are snatching away the time of the House.

**Mr. Speaker :** I have alloted the time. under the rules, any member has the right to raise a motion for half an hour discussion. I got the notice and accoridingly I allotted the time.

**Dr. Zainal Abedin :** Sir, you are very liberal at times. Why have you not taken steps to form public opinion to see whether the Government of India has done anything wrong as in the opinion of Shri Amalendra Roy ? What steps the government have taken to mould public opinion in favour of the Bills which are awaiting the assesnt of the Governor or for that matter the Central Government. This is my specific question.

**শ্রী পতিত পাবন পাঠক ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য ডঃ জয়নাল সাহেব যে সব কথা বললেন, এর উদ্দেশ্য হচ্ছে ভিনডিক্টিভ। এরা নিজেদের আয়নার মুখ দেখছেন। নিজেরা যা ভাবেন তাই বলেন। আমার প্রথম বক্তব্য যেটা সেটা আমি হাউসের কাছে রেখেছি। আইনে, সংবিধানে, রীতিতে যা করা উচিত সেটাও আপনার কাছে রেখেছি। আমি আপনার কাছে এই বিলের অবজেক্ট তুলে ধরেছি। কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে যে উত্তর দেওয়া হয়েছে সেগুলিও আপনার সামনে তুলে ধরেছি। মাননীয় সদস্যরা বিচার বিবেচনা করে দেখবেন এই বক্তব্যগুলি সঠিক কি না।

আমি মনে করি এগুলি অপ্রাসঙ্গিক যুক্তি এবং এগুলি শুধু মাত্র বামফ্রন্টকে হেয় করার জন্য করা হয়েছে। আর একটা কথা যেটা বলেছেন, সেটা হচ্ছে কোর্টে যাবো কি যাবো না।

**Mr. Speaker :** In all phases, none of your questions are attainble. You have asked as to what has been done to mobilise public opinion. This is the work of the political parties and not the Minister. You cannot stress on that.

**শ্রী পতিত পাবন পাঠক ঃ-** ওরা ঐ রকম অপ্রাসঙ্গিক প্রশ্ন করেন। ওরা বলেছেন যে কোর্টে যাওয়া হবে কিনা? আমি একটা কথা বলতে চাই যে যদি প্রয়োজন হয় নিশ্চয়ই কোর্টে যাবো। তবে আমরা মনে করি যে আইনের ব্যাপারে সব চেয়ে বড় কোর্ট হচ্ছে আমাদের বিধানসভা। আমি সেখানে উপস্থাপিত করেছি। সেখানে মত ঠিক করে যদি প্রয়োজন হয় আন্দোলন হবে, যদি কোর্টে যেতে হয় যাওয়া হবে। তবে আবার বলছি যে সব যুক্তিতে এই বিলগুলিকে হেল্ড আপ করে রাখা হয়েছে সেটা অবাস্তব এবং রাজনৈতিক উদ্দেশ্য প্রনোদিত।

**মিঃ স্পীকার ঃ-** ডাঃ জয়নাল আবেদিন, আপনি পশ্চিমবাংলার মানুষকে হাই কোর্ট দেখালেন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ-** Sir, I substanitially differ with honourable Minister. যে সবচেয়ে বড় কোর্ট এখানে। এটা আমি বিশ্বাস করিনা। আমি বিশ্বাস করি সবচেয়ে বড় কোর্ট হচ্ছে জনগণ, ভারতবর্ষের ৭০ কোটি মানুষ। আফটার দি ভার্ডিক্ট অব ২৪ ডিসেম্বর, এই বামফ্রন্ট মনে করেন যে তারা পুনরায় এখানে আসবেন। কিন্তু There is no doubt about what the people of India wants. It is under the same consideration. People have given their verdict.

## LAYING OF REPORT

The Twenty-Second Annual Report of the Durgapur Projects Limited for the year 1982-83.

**Shri Nirmal Kumar Bose :** Sir, I beg to lay the Twenty Second Annual Report of the Durgapur Projects Limited for the year 1982-83.

**[2.40—2.50 p.m.]**

**Shri Nirmal Kumar Bose :** With your permission, Mr. Speaker, Sir, I beg to make a statement on behalf of Shri Sambhu Charan Ghose, Minister for Higher Education, who is not present here today. I am looking after his Department.

Government has taken the decision to appoint a small committee at Officers' level in order to examine the various lines of action to be taken on the recommendations of the Commission alongwith

their financial implications.

The Committee has been set up with the Secretary (Higher Education), Education Department, as Chairman, the other Members being the Director of Public Instruction and the Director of Techinical Education and the Secretaries of the Finance Department, School Education Department and the Health and Femily Welfare Department (or their representatives) who would be present when the Committee discusses the recommendations with which their Departments are concerned. This Department has been set up under the Education Deparment's Memorandum No.855-Edu.(U) dt. 6-5-1985 and it is expected to resort to Government by the 6th July, 1985.

## ZERO HOUR

**শ্রী দেব নারায়ণ চক্রবর্তী :-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জানাতে চাই যে, গত দু-তিন ধরে বর্ধমান ও হুগলী জেলার কতকগুলি থানা এলাকায়, যেমন মেমারী, জামালপুর, হুগলী, পাণ্ডুয়া, পোলবা ইত্যাদি এলাকায় অতিরিক্ত শিলা বৃষ্টি ও ঘূর্ণী ঝড় হয়েছে। এর ফলে ব্যাপকভাবে বোরো ধানের অত্যন্ত ক্ষতি হয়েছে এবং পাট চাষীদের পাট, তিল চাষের'ও খুব ক্ষতি হয়েছে। বহু লোকের ঘর-বাড়ী ক্ষতিগ্রস্ত হয়েছে। এই বিষয়ে ব্যাপক তথ্য সংগ্রহ করে ক্ষতিগ্রস্ত চাষীদের ফসলের ইনসিওরেন্স যাতে করানো সম্ভব হয় সেদিকে নজর দিতে অনুরোধ করছি। কৃষকদের পুঁজি ব্যাপকভাবে নষ্ট হয়ে যাচ্ছে। ক্ষতিগ্রস্ত ফসলের ইনসিওর করা টাকা যাতে কৃষকবা প্রায় সেদিকে নজর দিতে অনুরোধ জানাচ্ছি এবং উপযুক্ত ভাবে তারা যাতে ক্ষতিপূরণ প্রায় সেদিকে নজর দিতে হবে। বড় বড় শিল্প পড়ে এলাকার লোকেদের বাড়ী ঘর নষ্ট হয়ে গেছে, সেদিকে নজর রেখে যতটা সম্ভব আর্থিক সাহায্য সরকার থেকে দেবার ব্যবস্থা করা উচিত।

**শ্রী সুধন রাহা :-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সভায় একটি গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করতে চাই। আমি জলপাইগুড়ি জেলার ক্রান্তি কেন্দ্র থেকে নির্বাচিত হয়েছি। আমার এলাকায় গত ২ এবং ৪ঠা মে তারিখে প্রচন্ড ঘূর্ণী ঝড় হয়েছে। ফলে ৫/৬ হাজার পরিবার ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। আমার কাছে যে খবর এসেছে তাতে দেখতে পাচ্ছি ৬/৭ জন লোক মারা গেছে। জেলা সদর দপ্তরে খোঁজ খবর নিয়ে জানা গেছে যে, প্রয়োজনীয় রিলিফ সামগ্রী এখনো সেখানে পৌঁছায় নি। অবিলম্বে যাতে সেখানে রিলিফ সামগ্রী যায় তার জন্য সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী মহাশয়কে উপযুক্ত ব্যবস্থা নিতে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী শান্তি চট্টোপাধ্যায় :-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু আগে এই হাউসের মাননীয় নেতা এবং বিরোধী পক্ষের চীফ হুইপ্ ও অন্যান্য বিভিন্ন সরকার, বিরোধী পক্ষের সদস্যরা পশ্চিমবাংলার ওয়াগন শিল্পের সমস্যার কথা, অন্যান্য বন্ধ রুগ্ন শিল্পের কথা গভীর উদ্বেগের সঙ্গে আলোচনা করলেন। আপনি নিশ্চয়ই জানেন এই সমস্যার কথা। স্যার, আজকে আমরা সংবাদপত্রে দেখতে পেলাম পশ্চিমবঙ্গ থেকে নির্বাচিত কংগ্রেসী এম.পি.রা কেন্দ্রীয় আইনমন্ত্রী অশোক সেনের সঙ্গে বসে পশ্চিমবাংলার জটিল শিল্প সমস্যা, ওয়াগন শিল্প সমস্যা, চট শিল্প সমস্যা নিয়ে আলোচনা করেছেন

এবং এই সম্পর্কে উপযুক্ত ব্যবস্থা নিতে কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন জানিয়েছেন। ঠিক সেই সময় দেখা গেল কেন্দ্রীয় মন্ত্রী বংশী লাল, তিনি চিঠি পাঠালেন, যেটা The Statesman dt.9.5.85 -এ বেরিয়েছে। সেখানে বলা হচ্ছে "Arreciate that the reduction in wagon orders in 1985-86 will pose management challengers to the industry, but this reduction seems unavoidable".

কেন্দ্রীয় রেল মন্ত্রী লিখে পাঠিয়েছেন, কাগজে বেরিয়েছে 'this reduction seems unavoidable'

ব্যাপারটিকে অত্যন্ত গুরুত্ব দিয়ে আমাদের হাউসের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের দৃষ্টিতে আনা দরকার। এছাড়া বেঙ্গল পটারী, শ্রীদুর্গা কটন মিল ইত্যাদি এইগুলি নিয়ে পশ্চিমবঙ্গের এম.পি.রা কেন্দ্রীয় সরকারের কাছে দরবার করছেন। এছাড়া কাটার পুলার ইনডাষ্ট্রি নর্থ ব্রুক জুটমিল বন্ধ হয়ে গেছে। এই সব কারখানাগুলি যাতে অবিলম্বে আবার চালু হয় সেই বিষয়ে আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মে মাসের ৯ তারিখ, গতকাল এবং গত-পরশু, এই দু'দিন ধরে পশ্চিমবাংলা, ভারতবর্ষ তথা পৃথিবীর বিভিন্ন জায়গায় ফ্যাসিবাদ বিরোধী দিবস উদ্‌যাপিত হয়েছে। এই সময়ে আমরা পশ্চিমবঙ্গ বিধানসভায় বসে আছি, সুতরাং আমাদেরও কর্তব্য হচ্ছে ফ্যাসিবাদ যাতে ধ্বংস হয় তার জন্য চেষ্টা করা। আজ থেকে ৪০ বছর আগে ১৯৪৫ সালের ৭ই মে তারিখে ফ্যাসিবাদ পরাজিত হয়েছিল। সেই থেকে ৭ই মে তারিখ'টি ফ্যাসিবাদ বিরোধী দিবস হিসাবে সারা পৃথিবীতে উদ্‌যাপিত হচ্ছে। কিন্তু আমরা অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে, সে দিন ফ্যাসিবাদ পরাজিত হয়েছিল ঠিকই, কিন্তু ধ্বংস হয়নি, আজও সে নানাভাবে মাথাচাড়া দেবার চেষ্টা করছে। ফ্যাসিবাদ বিরোধী শক্তি গুলির প্রধান সোভিয়েত্ রাশিয়ার কাছে আজ থেকে ৪০বছর আগে ফ্যাসিবাদ পরাজিত হয়েছিল। গত ৭ই মে, ১৯৮৫ তারিখটি ৪০-তম ফ্যাসিবাদ বিরোধী দিন হিসাবে সারা পৃথিবীর শান্তিকামী এবং ফ্যাসিবাদ বিরোধী মানুষ উৎসব পালন করছেন। তাঁরা সারা পৃথিবীর মানুষের কাছে ফ্যাসিবাদের বিরোধিতা করার জন্য আবেদন জানিয়েছেন। আগামীকাল আমাদের বিধানসভার চলতি অধিবেশন শেষ হয়ে যাবে, এর মধ্যে আমাদের পক্ষে সরকারী ভাবে এখানে কোনো ফ্যাসিবাদ বিরোধী প্রস্তাব এবার আনা সম্ভব না হলেও আমি সকলের কাছে আবেদন করছি ফ্যাসিবাদের বিরোধিতা করার জন্য। এই অবস্থায় আমরা'দেখছি বর্তমান মার্কিন প্রেসিডেন্ট --- যিনি ইতিমধ্যেই যুদ্ধবাজ হিসাবে চিহ্নিত হয়েছেন --- [illegible] প্রধান মন্ত্রীকে, তথা আমাদের প্রধানমন্ত্রীকে খুব ভাল সার্টিফিকেট দিয়েছেন। সুতরাং এতে আমাদের আতঙ্কিত হবার যথেষ্ট কারণ রয়েছে। এই অবস্থায় যাতে আমাদের গোটা দেশে ফ্যাসিবাদ বিরোধী আন্দোলন আরো ভালভাবে গড়ে ওঠে তার জন্য আমি আপনার মাধ্যমে হাউসের সকল সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করছি। এবং হাউসের মাধ্যমে দেশবাসীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী লক্ষণ চন্দ্র শেঠ ঃ-** মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি ইতিপূর্বে পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী মহাশয়ের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করেছিলাম। আজ আবার সেই বিষয়টির প্রতি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং তাঁর মাধ্যমে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, হলদিয়া সার কারখানা প্রায় পুরো বন্ধ হয়ে গেছে। আমি লক্ষ্য করছি যে, ১৯৭৯ সালে এই সার কারখানাটির নির্মান কাজ শেষ

হয়েছিল, কিন্তু আজ পর্যন্ত এটিকে বানিজ্যিক-ভিত্তিতে চালু করা সম্ভব হয়নি, উৎপাদন শুরু হয়নি। কারণ প্রযুক্তির ক্ষেত্রে ত্রুটি ছিল এবং ডিজাইন ও প্ল্যানিং'এর ক্ষেত্রেও ত্রুটিপূর্ণ দৃষ্টিভঙ্গী গ্রহণ করা হয়েছিল। সেই সঙ্গে কেন্দ্রীয় সরকার ভুল ঋণ নীতি গ্রহণ করেছিলেন। এই সমস্ত কারণে এই কারখানাটিতে আজ পর্যন্ত উৎপাদন শুরু করা সম্ভব হয়নি। শুধু তাই নয় যন্ত্রাংশের ত্রুটি ইত্যাদি সমস্ত কিছু মিলিয়ে আজকে কারখানাটি ধ্বংস হতে চলেছে। আমরা আংশকা করছি কারখানাটি যে কোনো মূহুর্তে পুরোপুরি বন্ধ হয়ে যেতে পারে। বর্তমানে কেন্দ্রীয় সরকার চেষ্টা করছেন এই কারখানাটিকে পুঁজিপতিদের হাতে - ব্যক্তিগত মালিকদের হাতে —তুলে দিতে। ইতিমধ্যে টাটা এবং র‍্যালিস্ ইনডিয়া কারখানাটি পরিদর্শন করে গিয়েছে। বর্তমানে এটি অর্থনৈতিক সমস্যায় জর্জরিত, বিদ্যুৎ পর্ষদ এদের কাছে ১ কোটি টাকা পাবে। গত তিন মাস এরা বিদ্যুৎ পর্যদের সঙ্গে কোন রকম যোগাযোগ করছে না, অথচ এদের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হয়ে রয়েছে।

(এই সময়ে লাল আলো জ্বলে ওঠে এবং

মিঃ স্পীকার শ্রী রমজান আলিকে তাঁর

বক্তব্য রাখতে অনুরোধ করেন।)

**Shri Mohammad Ramjan Ali :** Mr. Speaker, Sir, on 4th May there was a firing by the BSF personnel and Custom jointly at Panjipara. As a result, one sustained bullet injury. He is now convalescing at Siliguri Medical College and Hospital. Customs and BSF jointly had gone there to seize contraband articles. After seizure while they were returning anti-social elements brickbatted them. In self-deffence they opened fire. But there is no justification of their attack on the 'hat' people when they safely reached the BSF camps at Santinagar. As a measure of retaliation they again moved from the camps and encircled 'hat' people who were 15 to 20 thousand in number. They lathi charged indiscriminately causing injuries to many and in the commotion the shopkeepers, ferewalays and the customers lost their belongings to the tune of Rs. 10 lakhs. I therefore, request the Home Minister for instituting a high level enquiry into the matter to ascertain whether BSF jawans had become unruly.

**[2.40—2.50 p.m.]**

**শ্রী মতি রেণু লীনা সুব্বা :-** মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি কথা বলতে চাই। দার্জিলিং- এর চুং-থুং চা-বাগানটি ভাল চা-বাগান ছিল কিন্তু সেখানে দেখছি, পর পর খুন হয়ে যাচ্ছে এবং সেখানে বাড়ী-ঘর পোড়ানো হচ্ছে, নানারকম গন্ডগোল হচ্ছে। এই ব্যাপারে আমি ব্লেম করবো কংগ্রেসী গুন্ডা-বাহিনীদের। তারা ৩ তারিখে একজন শ্রমিক নেতাকে খুন করেছে। এরফলে ওখানকার সি.পি.এমরা ৩৫টি বাড়ী পুড়িয়ে দিয়েছে। কাগজে দেখলাম, শ্রী অজিত পাঁজা প্রেস ষ্টেটমেন্ট দিয়েছেন যে এই ব্যাপারে দেখবার জন্য ৭জনের প্রতিনিধিদল যাবেন। এই ৭জনের নামও

তিনি দিয়ে দিয়েছেন। এদের মধ্যে হলেন শ্রী অম্বিকা ব্যানার্জী, সুশোভন ব্যানার্জী এবং শ্রী অশোক ঘোষ। আমি ওনাদের জিজ্ঞাসা করলাম, আপনারা কবে যাচ্ছেন। ওনারা বললেন আমরা জানি না। কত লজ্জার কথা। দার্জিলিং-এর প্রেসটিজ নষ্ট হয়ে যাচ্ছে। আমি এই ব্যাপারে দুইদলকেই ব্লেম করছে, সি.পি.এমকে এবং কংগ্রেস পার্টিকে -দার্জিলিং-এ যত চা-বাগান আছে সেইসব চা-বাগানে খুন হচ্ছে কেন? দার্জিলিং একজন বিদুষী মহিলা ছিলেন। তাঁর নাম হচ্ছে শ্রী মতী সবিতা সিং। তাঁকে তাঁর স্বামী মার্ডার করেছে। কিন্তু পুলিশ তাঁর স্বামীকে এখনও পর্যন্ত ধরতে পারছে না। তারপর আমার এলাকায় দেখলাম, সিনকোনা প্ল্যানটেসানের একজন শ্রমিক যার নাম হচ্ছে কমল ছেত্রী তাকে ধরে নিয়ে গিয়ে পুলিশ পিটিয়ে মেরে ফেললো। কারণ তার অপরাধ হচ্ছে সে আধ কেজি চা, একশো গ্রাম হলুদ এবং কিছু সাবান চুরি করেছিল। এই অপরাধে তাকে এমনভাবে পেটানো হয়েছে যে সে পুলিশ কাস্টোডিতে মারা গেছে। আমি বলেছি, দার্জিলিং-এ একটিই ইনডাসট্রি আছে সেটা হচ্ছে চা। এইসব চা বাগানে কংগ্রেসী গুন্ডারা এবং সি.পি.এম গুন্ডারা যা করে যাচ্ছে আমরা তার বিরোধীতা করছি। গোর্খালীগ পার্টি দার্জিলিং-এ শান্তি চায়। এরজন্য আমি কংগ্রেসী পি.সি.সির সঙ্গে কথা বলবো এবং সি.পি.এম নেতাদের সঙ্গে কথা বলবো যে একটা হাই-লেভেল কমিটি করা হোক এবং কমিটি করে মিটিং করা হোক। তাসত্বেও ওনারা যদি সেখানে যান তাহলে পেটানো হবে। কারণ ওরা খুন করেছে। ওরা যদি যায় তাহলে পেটানো হবে। আমরা চাই হাই-লেভেল কমিটি করা হোক। ১৬ তারিখে ওখানে হিল ডেভেলপমেন্ট কাউনসিলের মিটিং আছে। জ্যোতি বসু সেখানে যাবেন। আমি তাকে বলবো দার্জিলিং-এ এইসব খুন বন্ধ করতে হবে।

**শ্রীমতী অপরাজিতা গোপ্পী ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই ঘটনাটি আমাদের কাছে অর্থাৎ মহিলাসমাজের কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা সংবাদপত্রে দেখলাম যে ঘটনাটি হাসানাবাদে ঘটেছে। গত ১লা মে, মালতী বর নামে একজন মহিলা, তিনি হাসানাবাদ থেকে তাঁর বাড়ী ফেরার সময় লঞ্চ না পাওয়ায় রামকৃষ্ণ হোটেলে রাত্রি বাস করেন, তাঁর সাথে তাঁর ভাই ছিল। সেখানে থানার সাব ইনস্পেকটর এবং বাবু দাস নামে একটি লোক তাঁর উপর অত্যাচার ও ধর্ষণ করে। এর প্রতিবাদের ভাষা আমার নেই। বিভিন্ন মহিলা সংগঠন থেকে আজ সকালে আমাকে ফোন করা হয়েছে। আমি আবেদন করছি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী এ সম্বন্ধে একটি বিবৃতি দিন। ঘটনাটি যদি সত্য হয় তাহলে ঐ সাব ইনস্পেকটরকে -যদি এব্যাপারে যুক্ত থাকে- শুধু সাসপেন্ড নয়, তাকে উপযুক্ত শাস্তি দিতে হবে। এটা আমাদের দাবী। যারা আজকে দেশের রক্ষক তারা যদি ভক্ষক হয়,মহিলারা যদি ধর্ষিত হয়, তাদের নিরাপত্তার অভাব হয় তাদের শাস্তি আমি দাবী করছি। মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয় একটি বিবৃতি দিন এটাই আমার অনুরোধ।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ। আপনাকে ধন্যবাদ। বিধানসভা আগামীকাল দু মাসে পৌঁছাবে। আপনি দেখেছিলেন আমরা যখন গোড়ায় বসেছিলাম তখন পশ্চিমবঙ্গের বিভিন্ন প্রান্ত থেকে আইনশৃংখলার অবনতি, চুরি, ডাকাতি, ধর্ষণ ইত্যাদির যতগুলি খবর পেয়েছিলাম এখন বিধানসভার শেষের দিকে আমরা দেখছি এই আইন শৃংখলার আরও গুরুতর অবনতি হয়েছে। এটা কিন্তু অন্য সময় দেখা যায় না। কারণ বিধানসভা চলাকালে যে Administrative machinery and the police machinery are found to be little active. কিন্তু এবার দেখছি ঠিক উল্টো। যত বিধানসভার কার্য্যকাল শেষ হয়ে আসছে ততই আইন

শৃংখলার অবনতি ঘটছে। এই অবনতি এমন পর্য্যায় এসেছে যে সরকার পক্ষের একজন মাননীয়া সদস্যা শ্রীমতী অপরাজিতা গোপ্পী তিনিই বললেন যে রক্ষক, ভক্ষক হয়ে বসছে। আমি জানিনা বিধানসভা শেষ হবার পর পশ্চিমবঙ্গের মানুষ নিরাপদে থাকতে পারবে কিনা? তাই আমি আজকে আপনার কাছে বলছি এই সরকার বিধানসভার ওয়ার্কিং ডেজ ক্রমশই কমিয়ে দিচ্ছেন। আমি বুঝতে পারছি না যে বিধানসভার অধিবেশন বন্ধ হয়ে গেলে আবার অরাজকতার সৃষ্টি এবং তান্ডব সুরু হবে কিনা, জঙ্গলের রাজত্ব সৃষ্টি হবে কিনা? তাই আজকে স্বরাষ্ট্র মন্ত্রী তথা মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে একটি কথা বলছি যে তিনি যেন আইন শৃংখলার প্রতি একটু দৃষ্টি দেন। আর আইন শৃংখলা যেটুকু ভেঙে পড়েছে সেটুকু পুরণ করার চেষ্টা করেন। আর অবনতি হলে রুল অফ ল উইল বি উইথড্রন, এটা যেন না হয়, এই অনুরোধ আমি তাদের কাছে জানাচ্ছি।

**মিঃ স্পীকার :** Zero hour is over. Now Mr. Ambica Banerjee please make your perosnal explanation.

**শ্রী অম্বিকা ব্যানার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু আগে মাননীয় সদস্যা শ্রীমতী রেণুলীনা সুব্বা যে কথাটা বললেন আমরা সে সম্বন্ধে ওয়াকিবহাল। চা বাগানে ৩১টি কংগ্রেস কর্মীর বাড়ী পুড়িয়ে দেওয়া হয়েছে। আমরা ৩ জন এম.এল.এ. উনি যাঁদের নাম করলে আমরা সেখানে যাচ্ছি। এটা আমাদের পার্টি এ্যাফেয়ার্স। এব্যাপারে আমরা ওনার সঙ্গে কিছু ডিসকাস করতে চাই না। আমরা শুধু জানাচ্ছি যে আমরা যাচ্ছি। আমরা জানিনা যে এম.এল.এ. পিটাই খাবে কিনা, তবে আমি বলছি যে আমরা এখানে পড়ে থাকব না, পিটাই খেলে পিটাই দেবার ব্যবস্থাও আমরা করতে পারব।

**মিঃ স্পীকার :** Mr. Anil Mukherjee, regarding your privilage matter against Dr. Sisir Bose please satisfy me why it should be sent to the Committee on Privileges.

[2.50—3.00 p.m.]

**শ্রী অনিল মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কয়েকদিন আগে এই হাউসের কাছে আপনার মাধ্যমে একটি অধিকার ভঙ্গের নোটিশ দিয়েছিলাম এবং সেই পরিপেক্ষিতে বিরোধীপক্ষ এবং সরকার পক্ষের বিভিন্ন মাননীয় সদস্যরা তাঁদের বক্তব্য রেখেছিলেন। বিরোধীপক্ষের মাননীয় সদস্যরা ডাঃ বোসের সমর্থনে এবং ডাঃ বোস নিজে সেই সময়ে যেসব তথ্য আপনার কাছে রেখেছিলেন, তার উপর প্রথম পয়েন্ট ছিল এটা ১৯৭৪ সালের ব্যাপার বলে এখন উঠতে পারেনা। দ্বিতীয়তঃ, তাঁরা বলেছেন- যেহেতু এটা তৃতীয় পক্ষ, সেহেতু এটা উঠতে পারেনা, দ্বিতীয় তৃতীয় পক্ষের ব্যাপার হাউসে আসে না। তিন নং বক্তব্য, এখানে ডাঃ বোস নিজে বলেছেন যে, তাঁকে অপমান করবার জন্য একটা ষড়যন্ত্র করে এটা করা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা অধিকার ভঙ্গের প্রশ্ন। গত ১৭.৪.৮৪ সালে এই বিধানসভায় যে বক্তব্য আমি রেখেছিলাম, আমি এখানে সেটা পড়ছি। আমার কাছে সেদিনের বক্তব্যের কপি আছে। সেখানে আমি বলেছিলাম যে, কিভাবে 'নেতাজী' চিত্র সম্পর্কে গ্র্যানাডা টেলিভিশনের সঙ্গে তিনি এগ্রিমেন্ট সই করেছেন, কি গোপন চুক্তি করেছেন, অর্থাৎ গ্র্যানাডা টেলিভিশনের সঙ্গে তাঁর কোন চুক্তি হয়েছে কিনা, সেটা অর্থনৈতিক চুক্তি কিনা, টাকা-পয়সার কোন লেনদেন হয়েছে কিনা? তার উত্তরে তিনি বলেছিলেন যে, এরমধ্যে অন্য কোন ব্যাপার নেই, দ্বিতীয় বা তৃতীয় পক্ষের ব্যাপার নেই, এবং এটা হচ্ছে তাঁর নিজের স্টেটমেন্ট।

আমার প্রশ্নের উত্তর তিনি আরো ভেবে-চিন্তে দিতে পারতেন, কিন্তু হাউসে তিনি যে ষ্টেটমেন্ট রেখেছেন, সেই ষ্টেটমেন্ট হাউসকে মিস্‌লেড্ করেছে কিনা উইলফুলি, রংলি এ্যান্ড নোয়িংলি - এটাই হচ্ছে সভার বিচার্য বিষয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রানাডা টেলিভিশনের একজিকিউটিভ প্রডিউসার-এর চিঠির কপি আপনাকে দিয়েছি, নোটিশও আপনাকে দিয়েছি। অরিজিন্যাল কপি আমার কাছে আছে। উনি সেখানে জেনেশুনে এই হাউসের কাছে কি বলেছিলেন? আসল তথ্য গোপন করে তিনি বলেছিলেন, "এই ছবির বিষয়ে কারোর সঙ্গে কোন গোপন চুক্তি হয়নি। এক্ষেত্রে যেসব কথা উঠেছে সেসব অসত্য কথা। এটা ব্যক্তির ব্যাপার নয়, টেলিভিশন ডকুমেন্টারী কোন ব্যক্তিগত ব্যাপার নয়। গ্রানাডা টেলিভিশন বলে যে সংস্থা আছে, তাঁদের সঙ্গে কোন বাইল্যাটারাল এগ্রিমেন্ট আমার সঙ্গে হয়নি। আমার সঙ্গে তাঁদের এগ্রিমেন্ট হয়েছে বলে যা বলা হচ্ছে, সেটা সম্পূর্ণ বিভ্রান্তিমূলক খবর"। বাইল্যাটারাল এগ্রিমেন্ট তাঁর সঙ্গে কিছু হয়নি - এটা ওঁর বক্তব্য, কিন্তু এখানে যে চিঠিটা আছে সেটা আপনার কাছে পড়ে দিচ্ছি। সেই চিঠিতে স্পষ্ট করে বলা হয়েছে যে, চিঠির মাধ্যমে তাঁর সঙ্গে একটা এগ্রিমেন্ট হয়েছে এবং যে এগ্রিমেন্টটা কমপ্লিটলি একটা কমার্শিয়াল বেসিসে হয়েছে। কাজেই সেটা একটা অর্থনৈতিক চুক্তি। আমি সেই অরিজিন্যাল চিঠিটা পড়ছি। সেই চিঠিতে গ্র্যানাডা টেলিভিশনের একজিকিউটিভ ডাইরেক্টর লিখেছেন যে, কিভাবে তাঁদের এবং নেতাজী রিসার্চ ব্যুরোর সঙ্গে কি চুক্তি হয়েছে। ঐ চিঠিতে বলছে - "I also feel some inhibition in responding fully to your specific quesions on Granada's contractual relationship with the NRB since such contracts are made in confidence. I will only say that Dr. Sisir Bose and the NRB were generous with assistance. Film, tapes and still photos were provided on a straightforward commercial basis defined in correspondence between us, which I have no objection to your seeing if the NRB is prepared to release it". মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই চিঠি থেকে জানতে পারা যায় তাঁর সঙ্গে চুক্তি হয়েছে, তাঁর সঙ্গে অর্থনৈতিক চুক্তি হয়েছে, টাকা পয়সার লেনদেন হয়েছে এবং নেতাজীর স্টীল ফটো ইত্যাদি হয়েছে। এটা জানা সত্ত্বেও, তিনি জেনে-শুনে এই হাউসকে ইচ্ছাকৃত ভাবে অসত্য তথ্য দিয়ে হাউসকে মিসলিড করেছেন। সুতরাং এখানে ক্লিয়ার প্রিভিলেজ আসছে। যদি কোন স্টেটমেন্ট হাউসে হয় এবং সেটা যদি আনউইলিংলী হয়, যদি উইলফুলী না হয় সেখানে যদি রং স্টেটমেন্ট হয় সেখানে প্রিভিলেজ আসেনা। কিন্তু এখানে উইলিংলী, ডেলিবারেটলী এবং এখানে ইচ্ছাকৃত ভাবে হাউসকে মিসলিড করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হাউসে আমি আপনাকে রেফারেন্স দিতে পারি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কাউল এ্যান্ড সাগদার-এর ২৩৪ পাতায় লক্ষ্য করুন যেখানে লোকসভার ডিবেট আছে - ১৯৬৪ সালের লোকসভা ডিবেট, ১৯৬৬ সালের লোকসভা ডিবেট এবং ১৯৭৪ সালের লোকসভা ডিবেট - সেখানে দেখবেন একই বিষয়ে মিনিষ্টারের পক্ষে কোন লোক যদি স্টেটমেন্ট করেন এবং সেটা যদি আনউইলিংলী হয় তাহলে কিন্তু সেখানে কোন প্রিভিলেজ আসে না। কোন মেম্বার যদি স্টেটমেন্ট করেন সেটা যদি রং স্টেটমেন্ট হয়, সেটা যদি আনউইলিংলী হয়, সেটা যদি উইলফুলী না হয় তাহলে সেখানে প্রিভিলেজ আসে না। কিন্তু যে ক্ষেত্রে নোইংলী, যে ক্ষেত্রে ডেলিবারেটলী এবং উইলফুলী কেউ রং স্টেটমেন্ট করে থাকেন তাহলে প্রিভিলেজ আসে। পার্লামেন্টে এই নজীর আছে সেই কাগজগুলি আপনাকে দিচ্ছি।

**Mr. Speaker :** Mr. Mukherjee, the statement as you are

referring to kaul and Shakdher regarding false statement made by a Minister, - what was that statement relating to ? Is it the Minister's official work or to some of his personal matter ?

**Shri Anil Mukherjee :** Any Minister or any member can make a worng statement if it is not made knowingly or not deliberately, or he made that unknowingly of unwillfully.

**Mr. Speaker :** You have not replied to my question. Does the statement relate to his official work or to his personal matter ?

**Shri Anil Mekherjee :** Any statement made by a member.

**Mr. Speaker :** You have refferred to Kaul and Shakdher. Your point is, the statement made by the Minister. Now, is the Statement, made by the Minister, relating to his officla work or to some of his personal matter ?

**Shri Anil Mukherjee :** It is for his official work or any other work.

**Mr. Speaker :** Please statisfy me one thing. Is it 'any statement' made by him ? Clarify me on this point.

**Shri Anil Mukherjee :** Yes Sir, Any statement.

**Mr. Speaker :** 'Any Statement'. Does it mean any statement under the sun - statement relating to the official work of the member concerned ?

**Shri Anil Mukherjee :** Statement regarding his official work in his capacity as Minister when the Minister is on official work.

**Mr. Speaker :** Please satisfy me one more question. Whether the statement made in his capacity of his official work or any other work? Supposing, for a moment, take it for granted that Dr. Sisir kumar Bose made a wrong and false statement and it is proved that the statement is unture and false - I have a question, please satisfy me one thing - does that statement relate to any activity as a member of this House?

**Shri Anil Mukheree :** Here that is not concerned to us. We are not concerned to that matter. Kaul and Shakdher does not specify it official of unofficial. স্যার, আপনি কাউল এান্ড সাগদারে দেখুন এটাতে অফিসিয়াল বলে

কিছু বলা নেই। এনী স্টেটমেন্ট মেড বাই এ মেম্বার এই হাউসে যদি করেন তাহলে সেটা ধরে নেওয়া হয় যে সেটা অফিসিয়াল স্টেটমেন্ট। এই হাউসে কি কেউ নন-অফিসিয়াল স্টেটমেন্ট করেন? আপনি কি বলেছেন যে এখানে দুরকম স্টেটমেন্ট আছে - একটা অফিসিয়াল আর একটা নন অফিসিয়াল? স্যার, এই হাউসে আপনি এটার ক্লারিফিকেসান দিন। হাউসে যখন কোন স্টেটমেন্ট করা হয় সেই স্টেটমেন্টের কি কোন ক্যাটাগরি আছে যে অফিসিয়াল নন-অফিসিয়াল বলে?

**Mr. Speaker :** Definitely. That statement is to be related with some of the legislative work. Supposing, somebody makes a statement relating to his wife-does it fall under official work ?

**Shri Anil Mukheree :** The rule provides, 'any statement made by any member'. Kaul and Shadher provides, 'any statement made by any member'.

**Mr. Speaker :** Mr. Mukheree, you are a lawyer. My question is, whether that statement is relating to the work of this House?

**Shri Anil Mukherjee :** The question is, whether that statement is missleading the House. We have to find it out - wther it is misleding or not.

**[3.00—3.10 p.m.]**

My question is, whether the stament is misleading or not ? Sir, you see the letter where it says - 'I will only say that Dr. Sisir Bose and the NRB were generous with assistance. Film, tapes and still photos were provided on a straightforward commercial basis difined in correspondence between us'.

**Mr. Speaker :** With whom?

**Shri Anil Mukherjee :** That is between Dr. Bose, Executive Director of the NRB and Granada Television. Sir, I am now reading from the third paragraph which runs as follows :-

'I also feel some inhibition in responding fully to your specific questions on Granada's contractual relationship with the NRB since such contracts are made in confidence. I will only say that Dr. Sisir Bose and the NRB were generous with assistance. Film, tapaes and stiil photos were provided on a straightforward commercial basis defined in correspondence between us which I have no objection to your seeing if the NRB is prepared to release it'. The thing is whether

the statement of Dr. Bose has misled the House of not ? Whether there is any contract between Dr. Bose, Executive Director of NRB and the Granada Television ?

**Mr. Speaker :** This is not the business of the House to fix any evidence to somebody else on the matter of privilege. The business of the Houses, if matters are available in the House then the House can send the matter to the Privilege Committee. In view of the privilege application and the documentary evidence submitted by the honourable member I find no such privilege is available to the House. Mr. Mukherjee, have you got any copy that Dr. Bose is the Executive Director of the NRB ?

**Shri Anil Mukherjee :** No, But in the beginning of my previous speech I have mentioned that.

**Mr. Speaker :** You should go by the words of the honourable member himself. Honourable Member may make a correct statement to uphold the dignity of the House and that is also a directive of the Hon'ble Speaker of the Lok Sabha. We do not reply upon any press reports.

**Shri Anil Mukherjee :** On the basis of my statement he has made the statement, I mentioned all the time that he is the Exucutive Director of the NRB.

( Dr. Zainal Abedin rose to speak)

**Mr. Speaker :** Yes, Dr. Abedin would you like to say ?

**Dr. Zainal Abedin :** Sir, the question is very simple. My freind has misquoted. Possibly there is a confusion in the mind between the Privilege and te contempt of the House. The point is if he could be successful, it would amount to a contempt of the House. Here the members have not been prevented either in discharging their duties in the House. Had it been so, it might call for a privilege motion. My friend Shri Anil Mukherjee is a very experienced briefless legal practioner. He is a competant practitioner of law who has been confused over the point. We have submitted from our side certain points and you have rightly observed. It nowwhere interferes anybody in discharging their duties in the House. What Dr. Bose has

said, he has said it in his presence. I do not know why should you look for guidelines, when my honourable freind says - ' from some foreign countries, or from some other organisations or writing of letter' etc. Dr. Sisir Bose is a respectable person. These are the transactions between the NRB and the Granada Television. How the House is concerned with it ? So Dr. Bose has rightly mentioned, what is harping at him is out of jealousy, out of vindictve retaliation and out of eyesore. Possibly, the honourable member has no business in the Court and so he has engaged himself with such affairs here.

**Shri Anil Mukherjee :** Sir, Dr. Abedin has said that I have no business in the court. It is a personal reflection on me. He has no right to say regarding my personal business. এটা কাউকে কোন ভিনডিকটিভনেসের প্রশ্ন নয়, এটা কোন ষড়যন্ত্রের প্রশ্ন নয় এবং কে কোন অর্থে নিচ্ছে না নিচ্ছে তারও প্রশ্ন নয়।

**Mr. Speaker :** No further debate on this.

As regards privilege notice of Shri Anil Mukherjee regarding the allged misleading statement of Dr. Sisir Bose on the T.V. documentary film on Netaji, produced by the Granada T.V. Company, I would like to inform the House that I have heard the debates of both the sides of the House on this matter very carefully and have also myself examined it thoroughly. The allegation of commercial transaction between Dr. Sisir Bose and the aforesaid British Company in the matter of production of Netaji film was first raised on the floor of this House by Shri Mukherjee on 17.4.84. But then Dr. Bose categorically denied before this House that there was no such commercial transaction. Now, Shri Mukherjee alleges that he said statement of Dr. Bose was false and he made such false statement wilfully, deliberately and knowingly in order to mislead the House.

The point for consideration this time is whether Dr. Bose made a false statement before this House on 17.4.84 regarding the commercial transation between him and the aforesaid British Company and, if so whther he had made that statement wilfully, deliberately and knowingly.

On going through the contents of the letter cited by Shri Mukherjee, I find that the author of the letter, viz - Mr. David Boulton has stated, amongst other things, as follows : "I will only said that

Dr. Sisir Bose and the NRB were generous with assistance. Film, tapes and still photos were provided on a straightforward commercial basis defined in correspondence between us...". Now, this is not evidently a proof to show that there was actually a commercial transaction between the two parties and that Dr. Bose himself was one of the parties to that agreement. To substantiate this statement of Mr. Davis Boulton other irrefutable and convincing proofs will have to be produced. We cannot simply rely upon the statement of an official of a Company which has been severely condemned by this House on 26.4.84 in a motion under Rule 185 for their reproachable role played in the production of the Netaji Film.

**(including adjournment)**

**[3.10—4.00 p.m.]**

Moreover, this statement, the truth of which is dependent upon other evidences not produced, cannot and should not be the basis of a privilege motion against the honourable member of the House. In this connection I may refer to the ruling of the Lok Sabha Speaker, delivered in the House on 9.5.59 wherein he observed, inter alia, as follows : ".... the Veracity of any hon. Member who has made a statement should not depend upon the veracity or otherwise of the Press Correspondent. Hon. Members must themselves give repect to one another and Parliament as a whole". Though in the present case no Press Correspondent is involved, I think, the veracity of the official of the aforesaid Britiah Company which has been condemned is not even as good as that of a press correspondent. I, therefore, hold that no prime facie case of breach of privilege has been established in the present issue so as to merit its reference to the Privilege Committee.

I would further like to comment that members should not, as a matter of principle, bring into issues or circumstances which do not relate to the parlimentary activities of the member. It is most unfortunate. It should not be done. The members in their private lives may have various connections and assiciations. But we are primarily concerned with the legislative aspects of a member and the respinsibility he owes to the House. So I would also caution the members not to make statements, which are not concerned with their

parliamentary works, on the floor of the House, and the other members should also be cautions in bringing these matters to the House because they involve the time of the House and also lot of mud slinging. It gives a bonus to the Presss to bring things which they can give to the public. We should avoid all these things. We should be more sober, more temperate, and we should rise above anything so that the position and the respect of the House can be increased.

Now, I call upon Shri Subrata Mukherjee to move his privilage motion.

**শ্রী সুব্রত মুখার্জী ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এবং আব্দুল মান্নান একটা প্রিভিলেজের নোটিশ সই করে দিয়েছি। বিষয়টা হচ্ছে আজকাল সংবাদপত্রে ৬.৫.৮৫ তারিখে যে একটা সংবাদ প্রকাশিত হয়েছিল তার উপর। সংবাদটি ঠিক সংবাদ নয় - সরাসরি নাম প্রকাশ হয় রিপোর্টের আকারে; সাধারণভাবে আমরা প্রেসের স্বাধীনতা মেনে নিয়েছি। এই হাউস বিশেষ করে চিরকালই সাংবাদিকদের স্বাধীনতা রক্ষার ব্যাপারে বহুবার ভাল মন্তব্য করেছেন। অন্য বিধানসভার সঙ্গে তুলনা করলে এর গুরুত্ব আমরা উপলব্ধি করে থাকি। একটা খুব গুরুত্বপূর্ণ আর্টিকেল সংবাদ আকারে লেখা হয়েছে। সেইজন্য আমি আর্টিকেল ২২৬ অনুযায়ী একটা নোটিশ দিয়েছি; যেটা খুব গুরুত্বপূর্ণ। স্যার, আমি এখানে তার দু-একটি অংশ উল্লেখ করছি, বিস্তারিতভাবে পড়ার দরকার নেই। এখানে পুরো টোটাল করে বলা হয়েছে ১ মিনিট সভার মাশুল ১১০০ টাকা, টাকার অঙ্ক দেখিয়ে আমাদের হাউসের কাজকর্ম বিচার করে মানুষের কাছে আমাদের হেয় প্রতিপন্ন করা হয়েছে এমন কি অধ্যক্ষ মহাশয় যে সমস্ত সিদ্ধান্ত এখানে গ্রহণ করেন সেগুলিকে কেউ চ্যালেঞ্জ করতে পারে না কিন্তু সেগুলিকেও হেয় করা হয়েছে জনসাধারণের কাছে। অধ্যক্ষের দেওয়া ভুরিভোজ হবে বিধানসভার চলতি অধিবেশনের শেষ দিনে- অর্থাৎ ১০ তারিখে। আপনি যে স্পিরিটে আমাদের ইনভাইট করেছেন সেটাকে ডিসটর্টেট করা হয়েছে। আমরা সমস্ত দল মত নির্বিশেষ তাকে এ্যাকসেপ্ট করেছি। এস.ইউ.সি. যারা প্রত্যেকটাতে বিপ্লব করেন তারাও সম্মতি জানিয়েছেন। এর মধ্যে দিয়ে একটা ফিসিংস তৈরী হয়, ২মাস ধরে বির্তক হবার পর ভ্যালু অফ দি হাউসকে বজায় রাখার জন্য আমরা একে স্বাগত জানিয়েছিলাম। আমরা এমন একটা কিছু ভুরিভোজ করে থাকি বলে মনে হয় না যাতে মানুষের কাছে আমাদের হেয় করার কোন অধিকার পত্র-পত্রিকার থাকতে পারে। এটা স্বাধীনতায় হস্তক্ষেপ করার ব্যাপার নয়। এই প্রিভিলেজ আমরা আইনসঙ্গতভাবে ভোগ করে থাকি এবং তার আওতার মধ্যেই আছে। এখানে বলা হয়েছে শুধুমাত্র ব্যক্তিগত মেম্বার নয় সামগ্রিক ভাবে হাউসে কমিটির সিদ্ধান্তকেও অপমান করা হয়েছে। বি.এ.কমিটির সিদ্ধান্ত অনুযায়ী কোনদিন বাদ যাবে বিজনেসকে সাকসেসফুল করার জন্য তাকেও পর্যন্ত হেয় করা হয়েছে। আপনি এখানে প্রিসাইড করে থাকেন। বিভিন্ন জায়জায় বিভিন্ন কাজ করবার জন্য আমরা বিভিন্নভাবে সময়ের পরিবর্তন করি। মধিখানে দু-তিনদিন গ্যাপ হয়েছে বলে লক্ষ লক্ষ টাকা আমরা খরচ করে দিচ্ছি । এটা ডাইরেক্ট চার্জ এগেনষ্ট আস। এর বিরুদ্ধে প্রিভিলেজ যদি এ্যাক্‌সেপ্‌টেড না হয় তাহলে স্বীকার করে নিতে হবে উই আর বিইং ক্রিমিন্যালস এবং আপনি তার নেতৃত্ব দিচ্ছেন। এখানে মেস পার্লামেন্টারী প্র্যাক্টিসের উল্লেখ দরকার নেই, আমি তবুও কাউল এ্যান্ড সাকদের থেকে উল্লেখ করছি। আমার মোশানের সাপোর্টে বলতে চাই কাউল এন্ড সাকদের-এর ৯২৬

পাতায় পার্লামেন্টারী প্রিভিলেজ এন্ড দি প্রেস সম্বন্ধে বলেছেন "The question of privileges of Parliament vis-a-vis the press arises mainly in two ways: the publication of the proceedings of Parliament, and comments casting reflections on either House, its Committees or members". আমি প্রথম ওয়েছে গুরুত্ব দিচ্ছি না, আমি দ্বিতীয় ওয়েজটা মেনশান করছি। "The press has also to guard itself against printing or publishing any libels casting reflections on the character of proceedings of the House or its Committees, or on any member for, or relating to his character or conduct as a member of Parliament, as such publication would constitude a breach of privilege and contempt of the House".

**মিঃ স্পীকার** :- আপনি বসুন, আপনি তো খবরের কাগজও দিয়েছেন।

**শ্রী সুব্রত মুখার্জী** :- স্যার, আপনি মেস পার্লামেন্টারী প্র্যাক্টিসটাও দেখুন রিগার্ডিং দিস পাবলিকেশান। আমি মনে করি সব মিলিয়ে হাউসের সবাই একমত হবেন আপনি এটা প্রিভিলেজে দিন বিচার করার জন্য।

**Dr. Zainal Abedin** : Thank you Mr. Speaker, Sir. This is an unfortunate publication and there are innumerable cases and records both in the House of Commons and different Legislatures and in the Lok Sabha also. The contents of this article constitute constructive contempt of the House. There are some names and I find my name also although I was away. Sir, reflections and inputations here amount to the contempt of the House, and further Sir, there are reflections upon the members, individual members, in the discharge of their parliamentary duties. While the earlier motion was being discussed reflection was cast upon the individual members naming them, upon the discharge of their parliamentary duties, of their duties they have entered upon. As you know, Sir, we are required to swear in the name of God or we are to give our solemn affiramation before you when we enter into our duty into the legislature. So, it is a very serious matter and there are innumerable cases and if you not 152, 150 -there are several cases. Sir, to my mind it is a constructive contempt of the House as it infringes upon the rights and privileges of the members. It is a fit case to be referred to for enquiry, investigation and report to the House. It is a fit case in my opinion. Thank you, Sir.

**Mr. Speaker** : I have gone through the letters of Shri Subrata Mukherjee and Shri Abdul Mannan, honourable members of this

House, submitted to me under Rule 226. I have also gone through the newspaper article dated 6.5.85. It has become a trend now-a-days for a section of the Press to denigrate Parliament. I do not know whether they gain commercially in their habit of that or not. But it is a growing trend not only in our country but all over the world. The House is generally very lenient because power requires magnanimity. You may have all the powers but it is not necessary to use it. At the same time the Press should also be considerate that when it would be necessary they would difinitely ciriticise. Freedom of the Press is there. Democracy demands that the Press should be free. They have right to criticise but frivolous criticism on the issues which are not relevant does not behave a healthy democratic system - it does not behave. It should be the duty of all the sections of the people not only of all the members of the House, of all the political parties but also of the Press that we shoulc join together and sustain the system. If they attack the very system itself then he the system is not going to exist. Then what will happen after that, that we have seen in our neighbouring countries. We have seen that everything is gone when parliamentary system does not exist itself. It should be our duty to protect the system not to degigrate it, not to break it. Yes, here criticism should be limited. If something is wrong you will definitely criticise. You have the right. From the article which I have gone through and in view of what has been stated at page 223 of the book of Kaul and Shakdher's "Practice and Procedure of Parliament" which I quote, "Speeches and writings reflecting on the House of its Committees or Members are punished by the House as a contempt on the principle that such acts tend to obstruct Houses in the performance of their functions by diminishing the respect due to them", you have that right.

So, in this case I find that a Prima facie case has been made out, and I refer it to the Committee on Privileges.

Now, there will be recess and we will meet again at 4.00 P.M.

( The House was accordingly adjourned till 4 P.M. )

**[4.00—4.10 p.m.]**

**শ্রী গোপাল কৃষ্ণ ভট্টাচার্য্য** :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি আনন্দের খবর আপনার

মাধ্যমে এই সভাকে জানাতে চাই। আমি এই ব্যাপারটি এই হাউসে কয়েকবার উল্লেখ করেছিলাম যে গত ১৫ মাস ধরে পানিহাটিতে বাসন্তী কটন মিলটি বন্ধ ছিল। সেই কারখানাটি ১৯৮১ সালে সোয়ান মিলের সঙ্গে এ্যামালামেটেড হয় এবং এই এ্যামালগামেসনের পরে মালিকরা এই কারখানায় কম্পোজিট সূতা কলের তাঁতগুলিকে বন্ধ করে দেবার চেষ্টা করেছিল। এবং সেখানে ৫২৫ জন শ্রমিককে ছাঁটাই করবো বলে এই কারখানাটির দরজা বন্ধ করে। গত ১৯৮৩ সালের ডিসেম্বর মাস থেকে কিছু কিছু আলোচনাও চলছিল। গত নির্বাচনের পরে পরিষ্কার বলে দেওয়া হয় ৩৫৬টি লুম চালু হচ্ছে এবং বাকী লুমগুলি বন্ধ করে দেওয়া হবে। এবং স্পিনিং মিল হিসাবে কারখানাটি চলবে। কিন্তু দীর্ঘ আলোচনার পরে সর্বশেষে লেবার সেক্রেটারী লেবার মিনিষ্টারের ঘরে গত ৩ তারিখে - যখন এসেম্বলী চলছিল তখন আলোচনা করে এই কারখানাটি ৫ই মে থেকে আবার নূতন করে চালু হয়েছে। আমরা লেবার মিনিষ্টারের হস্তক্ষেপ চেয়েছিলাম এবং তার হস্তক্ষেপের ফলে তাঁর ঘরে বসে এই সিদ্ধান্ত হয় এবং কারখানাটি চালু হয়। ১৬১৬ জন শ্রমিক কাজ পাবে এই সিদ্ধান্ত সেখানে হয়েছে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী :-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার পয়েন্ট অব ইনফরমেশন যেটা সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। মেডিক্যাল কলেজে এবং এন আর এস হাসপাতালে যেসমস্ত জনডিস রোগীকে আমরা চিঠি দিয়ে পাঠাচ্ছি- সেখানে ডাক্তারা বলেছেন যে এতো বেশী জনডিস রোগ আসছে যে তাদের বেড দেবার মত কোন জায়গা নেই। সেখানে কোন ঔষধপত্রও নেই, কোনও বন্দোবস্ত নেই, রোগীরা সব মাটিতে শুয়ে আছে।

**মিঃ স্পীকার :-** Mr. Bapuli, please sit down. That is not a point of information.

**শ্রী সুব্রত মুখার্জী :-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাকে বলতে দেওয়ার জন্য আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। কলকাতা পৌরসভাকে কেন্দ্র করে কত দুর্নীতি হচ্ছে তার একটা নজীর দিচ্ছি। এমনিতেই কলকাতা পৌরসভা দুর্নীতিগ্রস্ত এটা সবাই জানেন, এ সম্বন্ধে কিছু বলবার দরকার নেই। কিন্তু সম্প্রতি একটা ঘটনা যেটা ঘটেছে যে সম্বন্ধেই এখানে আলোচনা করতে চাই। আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে জানাতে চাই যে দীর্ঘ দিন ধরে কলকাতা করপোরেসন এবং মিউনিসিপ্যাল গেজেট এবং পৌরশ্রী এটা বন্ধ হয়ে আছে। কিন্তু বন্ধ হয়ে থাকা সত্ত্বেও লক্ষ লক্ষ টাকা এই বাবদ খরচ হয়ে যাচ্ছে। ফটোগ্রাফার বিভিন্ন জায়গা থেকে ফটোগ্রাফ তুলে নিয়ে যাচ্ছে। কিন্তু সেগুলি ছাপা হচ্ছে না - কারণ কাগজ বন্ধ। তবুও এটা চলছে। আমার কাছে একটা ফটোষ্টাট কপি আছে যে সমস্ত জায়গা থেকে সেই সমস্ত করাপসনগুলি চলছে - এবং এই কপিগুলি আমি আপনার কাছে দিচ্ছি। আপনি অবাক হয়ে যাবেন যে ৫।১।৮৩ তারিখে কয়েক হাজার টাকা স্যাংসন করা হয়েছে। কিন্তু আজও সেখানে কাগজ নাই। সংবাদপত্র বন্ধ হয়ে আছে।

৩৬ কালারের ছবি কেনা হয়েছে প্রায় ১০ হাজার ৫০০ টাকার একটা দোকান থেকে। সেই দোকানের নাম এবং মেমো এবং তার চিঠি পত্র এইগুলো আপনার কাছে উপস্থিত করছি। এইগুলো ক্রমাগত চলছে। আমি কাগজগুলো দিচ্ছি। এছাড়া ফটোগ্রাফির জন্য তিনি মন্ত্রীর নাম করে নানা রকম ঘুষ নিচ্ছেন। এক ভদ্রলোক চিঠি দিয়েছেন, কি ভাবে সুনীল সেনগুপ্ত ডিরেক্টার, জনসংযোগ বিভাগ, কলকাতা কর্পোরেশন, ৫, এস.এন.ব্যানার্জী রোড, এখানে চিঠি দিয়ে বলছেন যে এই ভদ্রলোক প্রশান্ত শূর এবং সুনীল সেনগুপ্ত ডিরেক্টার, তাদের উপহার দেবার জন্য বড় বড় মদের বোতল থেকে আরম্ভ

করে নানা রকম জিনিস এই রকমভাবে আমার কাছে উপহার হিসাবে সংগ্রহ করছে। পুরশ্রী এবং মিউনিসিপ্যাল গেজেট বন্ধ থাকা সত্ত্বেও একটা অভিনব কায়দায় দুর্নীতি চলেছে। ৫০০, হাজার টাকা নয়, এখানে লক্ষাধিক টাকা জড়িত। পুরশ্রী ঐতিহাসিক দিক থেকে অত্যন্ত গুরুত্বপূর্ণ, তাকে যদি প্রকাশ করতে হয় তাহলে অবিলম্বে এই সমস্ত দুর্নীতি বন্ধ করতে হবে এবং বিশেষ ব্যবস্থা অবলম্বন করার অনুরোধ রাখছি। সম্প্রতি একটা ব্যাপার, ক্যালকাটা কর্পোরেশনের কমিশানের যেখানে নো করে দিয়েছেন, তাসত্ত্বেও মন্ত্রী মহাশয় সই দিয়েছেন এবং বিল পাশ হয়েছে। এই রকম একটা বিল পাশ হয়েছে ২/১১/৮২ তারিখে, প্রায় ১৩ হাজার টাকার একটা বিল। এই মন্ত্রী মহাশয় পাশ করে দিয়েছেন। আমি প্রত্যেকটি তথ্য আপনার সামনে রাখলাম।

## Government Business

## LEGISLATION

**Mr. Speaker :** Both 'The Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1985 and 'The Code of Criminal Procedure (West Bengal Second Amendment) Bill, 1985', will be taken up together.

**The Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill. 1985.**

**Shri Syed Abul Mansur Habibullah :** Sir, I beg to introduce the Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1985.

(Secretary then read the Title of the Bill)

**The Code of Criminal Procedure (West Bengal Second Amendment) Bill, 1985.**

**Shri Syed Abul Mansur Habibullah :** Sir, I beg to introduce the 'The Code of Criminal Procedure (West Bengal Second Amendment) Bill, 1985.

(Secretary then read the Title of the Bill)

**Shri Syed Abul Mansur Habibullah :** Sir, I beg to move that the Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1985. be taken into consideration.

Sir, I also beg to move that the Code of Criminal Procedure (West Bengal Second Amendment) Bill, 1985 be taken into consideration.

প্রথমে আপনারা আলোচনা করবেন, তারপর আমি বলবো। আমার দুটো বিলের উদ্দেশ্য, বিচার ব্যবস্থা কিছু ত্বরান্বিত করা। আইনের দিক থেকে যে অসুবিধাগুলো আছে সেইগুলো দূর করার কিছু অসুবিধা আছে। যেমন এ্যাডিশন্যাল ডিস্ট্রিক্ট আজ অনেক জায়গায় এ্যাপয়েন্টমেন্ট করছি, কিন্তু এখনও পর্যন্ত যা নিয়ম আছে, এ্যাডিশন্যাল ডিস্ট্রিক্ট জাজের যে পাওয়ার তা অনেক সীমাবদ্ধ। ফলে হয় কি, - যেমন আমরা ইসলামপুরে এ্যাডিশন্যাল ডিস্ট্রিক্ট জাজ নিয়োগ করেছি, কিন্তু আসামীকে বেল মুভ করতে হলে তাকে বালুরঘাটে যেতে হবে। কিংবা রায়গঞ্জের যে এ্যাডিশন্যাল জাজ নিয়োগ করা হয়েছে, সেখানেও আসামীকে বেল নিতে হলে বালুরঘাটে গিয়ে জামিন নিয়ে আসতে হবে।

**[4.10—4.20 p.m.]**

সে ক্ষেত্রে এটাকে পরিবর্তন করতে চাইছি। সংবিধানের আর্টিকেল ২৩৬ অনুযায়ী ডিস্ট্রিক্ট জাজ এবং এ্যাডিশন্যাল ডিস্ট্রিক্ট জাজের যাতে একই পাওয়ার হতে পারে। আমি পরে বলবো সীমাবদ্ধতা হলেও কি কি ক্ষমতা আমরা দিয়েছি যাতে এই এ্যাডিশন্যাল ডিস্ট্রিক্ট জাজেরা কাজ করতে পারেন। আর বাকীগুলি আগেকারদিনে সময় নির্দিষ্ট করা ছিলনা, সেগুলিতে সময় নির্দিষ্ট করে দিতে চেয়েছি। আর পাবলিক প্রসিকিউটরের বিষয়ে ২৫/৩-তে একমাত্র আইন আছে টেমপোরারী এ্যাপয়েন্টমেন্টগুলি হয়। যেমন ধরুন, কোন একটা কোর্টে এ্যাসিসটেন্স পাবলিক প্রসিকিউটর না থাকলে সেখানে কোন একটা মামলাতে যদি কাউকে এ্যাপয়েন্ট করতে হয় তাহলে এই এ্যাপয়েন্টিং অথরিটি হচ্ছে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট। তার ফলে হচ্ছে, যেমন ধরুন একটা সাব-ডিভিশন্যাল কোর্টে হয়ত জঙ্গীপুরের একটা কোর্টে এ.পি.পি. অনুপস্থিত, সেখানে কিন্তু মামলা চলাতে পারে না। এই এ.পি.পি.কে জানাবার জন্য পাওয়ার আনতে যেতে হয় বহরমপুরে। আবার ওয়েষ্ট দিনাজপুরের ইসলামপুরের পাওয়ার আনতে হবে অর্থাৎ ইসলামপুর থেকে লোককে পাঠাতে হবে বালুরঘাটে। সেখানে পাওয়ার নিয়ে আসতে হবে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের সই করে। এখন অবশ্য অনেকটা কাজ চালাচ্ছি হচ্ছে [illegible] পদ্ধতিতে। অর্থাৎ ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট অনেক সময়ে সাইন করে দিয়ে দেন, সেটা এস.ডি.ওরা করে দেন। কিন্তু সেই ব্যবস্থা ঠিক নয়। এছাড়া অনেক সময়ে বিলম্বিত হয় [illegible] থাকেন বলে, এবং ট্রায়ালও হতে পারেনা। সে জন্য ২৫/৩-তে ঐ পাওয়ারটা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট যেখানে আছেন সেই সদরে ছাড়া অন্য জায়গায় এস.ডি.ওরা যাতে ব্যবহার করতে পারেন এবং এমন জায়গাও হতে যেখানে কোর্ট আছে কিন্তু এস.ডি.ও নেই যেমন আমতা, দাঁতন, সেখানে যাতে অন্য অফিসার, অথোরাইজড বাই দি ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, সেই পাওয়ারটা একসসারসাইজ করতে পারেন এবং [illegible] appointing authority not being a police officer হলেই তিনি পারবেন, এই পাওয়ারটা আমরা দিয়েছি। এতে কাজের সুবিধা হবে এবং যেটা বিলম্বিত হত সেটা ত্বরান্বিত হবে। আপনারা যে এ্যামেন্টমেন্ট দিয়েছেন সেটা দেখে আমার মনে হচ্ছে যে বিপক্ষে কেউ নেই। সংশোধনী যা এসেছে তাতে আরও তরান্বিত করাব জন্য বলা হয়েছে। কাজেই কার কি অসুবিধা আছে, সেগুলি বলার পরে আমি আবার আমার বক্তব্য রাখবো।

**Shri Satya Ranjan Bapuli :** Sir, both the Bills will be taken together.

**Mr. Speaker :** One moment, Mr. Bapuli. I have an announcement to make. Tomorrow is the last day of the Session. I have invited

all the Members and the members of the Press to a lunch tomorrow at 1 p.m. The cards are being distributed. I will request all the Members and the members of the press to be present at the lunch at 1 p.m. tomorrow.

**Shri Satya Ranjan Bapuli :** Sir, I must be thankful to the Hom'ble Minister because he requested me earlier to participate in the deliberations. He perhaps wanted me to give concreate suggestions and support with regard to the Bill that has been placed by him. Sir, I first take up the main Bill, bill No. 18 of 1985. I like to draw the attention of the Minister that though he has placed this Bill I do not know whether this Bill will be really effective or not, or whether this will hit the Constitution of India or not. I like to submit he will consider all the important aspects because he wants to give more power to the Additional Sessions Judges. First of all, I will draw the attention of the Honourable Members as well as the Hon'ble Minister to one point, that in every district court of law there is one District Judge, and in every district there is a Public Prosecutor or a number of Public Prosecutor. This is the statute. So, I do not know whether by this amendment of the Central Act- the State Government has power to amend some portion only- you can take away the entire responsibility of the District Judge and can vest it with the Addl. Judge - that is my question. You know well that in the Constitution the powers of the District Judge has been difined and you have mentioned it in some of the sections of the Bill. You will find that all the powers have been vested with the Sessions Judge. I would now like to make a point. If you read the Bill you will be able to understand that the Hon'ble Minister wanted to amend the sections 397 and 399 -both the sections should be read together because they are interlinked with sections 395 and 397. Now, you can see the original section that has been mentioned. It runs as follows: 'The High Court or Session, Judge may call for the record where it has been specifically mentioned and you know that in that particular section the Sessions Judge will enjoy the equal powers and functions of the High Court. They have equal power, and you are going to give some more power to the Additional Judges which is being enjoyed by the Judges of Calcutta High Court and the District Judges. I think, I made myself clear on this point, and you will be able to understand

that the section is very clear. The High Court or any Sessions Judge may call for the record. So, if you see Section 399 it is also the same because in the case of any proceedings the record may be called for under section, so and so. So, with regard to 397 and 399 you can see that it deals with - any Sessions Judge and not the Addl. Sessions Judge I think you will bear it in mind. I like to give emphasis on Addl. Sessions Judge because in that case the powers of the Addl. Sessions Judge also has been fixed. Here section 397 and 399 are the concurrent jurisdiction with the Judge of the High Court. So, I like to say one thing whether amending this section you are fixing the powers and functions of the Judges of the High Court or of the Sessions Judges that will have to be considered. I like to give emphasis on this particular point. You kindly see to it because this may hit the Constitution. Perhaps you will have to refer this to the Government of India. So, Delhi will have to give sanction. I would request you to see to it and discuss this matter and if necessary you can send if for discussion to a certain committee. I think this State Government or this Assembly cannot do it and they have no power to fix any power and function of the Sessions Judge that have been given in the Constitution of India. So, the article is very clear on this particular point. I do understand that the intention is to give some relief. But I doubt whther that relief will be in accordance with the provision of the law or in accordance with the Constitution of India. That will have to be cosidered. I would like to say that you kindly take a note of it. You referred to sections 381, 382 and 385 by which the powers and functions will be entrusted to the Addl. Sessions Judges.

**[4.20—4.30 p.m.]**

But, I would like to submit that you will also reconsider all these points because these are all co-lateral issues. These are linked with one section with another, because, if you give relief according to Sections 397, 399, normally some other sections will automatically come. I want to draw your attention that you kindly see the Section 381 which runs as follows- 'Subject to the provisions of sub-section (2), an appeal to the Court of Session or the Sessions Judge'. You kindly see that the Session Court shall be heard by the Sessions Judg or by an Additional Sessions Judge. So, here the functions of

Sessions Judge and Additional Sessions Judge are also fixed. You want to give relief by transferring cases from the outlying sub-divisions so that the litigant people can get some relief. But I would like to say that this Assembly, this Legislature have no authority to take away the powers and functions of the High Court. If you change it, then it is tantamount to the impeachment of powers of the Hon'ble High Court, because in Section 395, 397, the Sessions Judge will enjoy the equal powers with the High Court. Kindly bear this in your mind that by amending this you are going to take away the functions and powers of the Hon'ble High Court too. The powers of the Judges of the Hon'ble High Court - you are going to take away by this amendment. I think you cannot do it and this State Legislature has no power to do this. I think, it will be tantamount to ultra-vires, and it will amount to the contrary of the provisions of the Constitution. It will take away the spirit of the Constitution. So you kindly bear this in mind. I don't know, whether we can pass it, because, in so many cases we have passed such Bills but those could not be effected as it hit the spirit of the Constitution. So, you also kindly think about whether or not, this will hit the spirit of the Constitution.

But my opinion is, this Legislature cannot pass this law- you cannot pass this law- because it tantamounts to be illegal and it will hit the Constitution by itself, for which I think, it will come back again for reconsideration. There might be an eye-wash to the litigant people that we have done all these things, we have given proper relief, we have amended some portions of the law, etc. but that will hit the origical section which you cannot do - the State Government cannot do - the State Legislature cannot do- because this is a Central Act. You cannot take away the spirit of the Central Act, you cannot take away the principles of the Central Act, you cannot take away really the powers and functions which has been entrusted by the Constitution- you cannot take away these powers by amending the Criminal Procedure Code. I think that is not good and that is not correct. You kindly take it in your mind and consult it. I think you cannot. Now, you come to another point. This is very important because all other amendments will have no effect if you cannot pass this because that will have bearing with other Sections - there are so many sections which you have quoted like - 381, 382, 384, 385, 389,

397 and 398 and there are so many cases even to hear an appeal by the Additional Session Judge or like that. So you kindly take this matter that this Assembly has no power to pass this sort of Bill because that will hit the Constitution. Now, you come to another point. There is another amendment to Section 167(5). So far, it has been provided regarding the six years' limitation, - the limitation is there that within six months, if the charge-sheet is not made final and not submitted, the accused will be discharged. Normally, you have taken two points, i.e. in cases of the summary trials, and in cases of the Session trials. You have fixed two years in warrant traial cases and three years in Session trial cases. That is very good.

Sessions trials - you should omit this. You know that there are so many investigation cases, viz., Sanjib Thirthanka case which is hanging. If it is limited to three years, can you act on the basis of particular amendment ? Partically it will be a child mannerly act. If you pass, it will have no effect. So, by passing this Act it will be tantamount to that type of Act, that type of amendment. So I can agree with the warrant trial cases. Time limit can be given to investigation agencies so that they can complete within two years.

So far as Session case is concerned, I would request you to omit that because you don't try to tackle the hands of the investigation agencies. The investigation agencies are working in Session's trial cases. The murder and criminals are important cases pending for years together. Normally in time-barred cases they might be discharged. Another point you will have to consider that in Session's trial cases, discharge means acquittal. You should remember it. In a Session's trial case, warrant case, you know the decision of the Supreme Court. If it is discarged, that is tantamount to acquittal. If is a question of acquittal the learned magistrate has no power to reopen the case. They have no power. They have to go to the High Court to set aside the order. If an investigation agency fails to submit carge-sheet within two years or three years, normally the accused will be acquitted and you will have to go to High Court to set aside the order passed, other wise re-opening of this case will tantamount to vitiate the entire proceedings. So you take this matter in your mind

that by this amendment if you go in such a fashion the eitire judiciary will be in the grave yard and you cannot proceed though you want to proceed. You will be going backward without proceeding any further.

So I would request you to kindly consider all these aspects and to consider that investigation agencies should not tackle it in such a matter. I must object to your amendment.

**Shri Dinesh Chardra Dakua** : This is a Bill amending the Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1985. This constitution provides that .....

**Shri Syed Abul Mansur Habibullah :** বাংলায় বলুন যাতে সকলে বুঝতে পারে।

**Shri Dinesh Chandra Dakua:** সবটা বাংলায় বলা যাবে না, কিছু কিছু বলছি। এই বিলের প্রথমে যে একটা অংশ আছে - আমি এ্যামেন্ডমেন্ট বিলের কথা বলছি, ওয়েষ্ট বেঙ্গল এ্যামেন্ডমেন্ট - সেকেন্ড নয়, ফাষ্ট এ্যামেন্ডমেন্টে বলছি -এখানে ক্লজ ৩তে যে কথা বলছে তাতে মাননীয় সদস্য শ্রী সত্য রঞ্জন বাপুলী মহাশয় সন্দেহ প্রকাশ করলেন যে এ্যাডিশন্যাল সেসান আজকে কনষ্টিটিউসানে এই পাওয়ারটা দিলে আলট্রভায়ারস্ অফ দি কনষ্টিটিউসান হবে কি হবে না। আমার ফার্ষ্ট পয়েন্ট হচ্ছে,

The Constitution provides that in some places that some provisions in the constitution that Additional Sessions Judge includes a Sessions Judge. It is an amendment simply conferring powers upon the Session Judge who are posted from the outskirts of district headquarters to take cognizance of the cases. So I do not agree with the argument of Mr. Satya Ranjan Bapuli that this will be ultra vires the Constitution. There is no chance of this particular clause being declared ultra vires. There are difinite provisions in the Constitution that Additional Sessions Judge comes within the meaning of Sessions Judge.

Secondly, clause four of this Bill - it is a procedural matter. Amendment of Section 167 has provision for granting investition purposes and this things are in sub-clauses- 1,2&3. All the Sub-clauses provide for time limit for investigation purposes and I fully agree and I fully support this simple procedure that time-limit should be given to the police for investigation. At present police are at liberty to make investigation for this or that without killing any time.

So this is a very good thing. I must support it. But there are some few words about the date on which the accused was arrested or made to appear. I would draw the attention of the House to this particular clause, to this particular line-appearance of the accused. It is know to all that all the accused persons do not appear in one day or at any particular time.

**[4.30—4.40 p.m.]**

Sir, it is know to all that all the accused persons may not appear in one day. Some accused persons may appear and some accused persons may not appear. One accused person may be arrested the other accused persons may not be arrested. Sir, I like to know what time will be counted. Is it from the arrest of the first accused person or is it from the arrest of the last accused person ? This provision should be made clear in this Bill.

Sir, clause 5 also in a clause for unrebuttedd cases. In this case also the time limit is counted from the date of appearance of the accused. I am sure there is also a scope of ambiguity. Sir, I must support this Bill bacause the Bill is atleast a process for giving justice to the people and will limit the dilly-dillying practice of the police and killing of time. This Bill will definitely do some justice to the rural people of West Bengal. I submit these two points regarding the wording of the Bill and I hope these points may be cleared by the Minister when he will reply.

**Shri Mohammad Ramjan Ali :** Mr. Deputy Speaker, Sir, this Bill which has been brought to the House for amendment will serve and ease the problem of the litigant masses. There has been a standing problim of the relevant and their appeal. Only the District Session Judge is the competent authority to receive such sases and dispose of them. Now, the Additional Judges sitting in different places in different sub-divisions of the district will receive cases and the litigant masses will be able to file those applications before him for getting judgement. This is the problem of litigant masses and so far as the jurisdiction is concerned which Mr. Bapuli tried to explain here whether it is inconsistent with the Constitution of not. This matter has been rightly pointed out by the Honourable Minister by bringing in this Bill before the House. I see no contradiction be-

tween the provisions of Constitution of India and this amendment. If there is any inconsistency that may be set right by subsequent action. I therfore, appreciate this Bill in the sense that this Bill is the necessity of the litigant masses and this Bill will serve the purpose. Sir, this Bill will ease the problem as far as the appointment of A.P.P. is concerned. It was only the jurisdiction of the District Magistrate in a particular case where A.P. were not appointed. It was referred to the District Magistrate for appintment of the A.P. for the case and in this process prosecution was being delayed - rightly prosecution was not taken up. So, this power has been given now to the Sub-Divisional Magistrate where Sub-Divisional Magistrate is available because he is Sub-Divisional expert also. In other places the local officers, the government officers will do the job. This amendment has also eased the problem of the prosecution in the cases where no A.P.P. was appointed and in this way it has been simplified to provide relief to the litigant masses. I, therefore, fully appreciate and support this Bill.

Thank you, Sir.

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ-** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় আইনমন্ত্রী কোড অফ ক্রিমিনাল প্রসিডিওর (পশ্চিমবঙ্গ দ্বিতীয় সংশোধনী) বিল, ১৯৮৫ যা সভায় উত্থাপন করেছেন, তাতে খুব মারাত্মক কিছু বলার নেই। তাতে তিনি অতি প্রয়োজনীয় কিছু পরিবর্তন এনেছেন এবং যে কথা তিনি তাঁর বক্তব্যের মধ্যে বলেছেন। স্টেটমেন্ট অফ অবজেকটস্ এ্যান্ড রিজনস্‌য়ে তিনি যা বলেছেন, তাতে এ্যাসিষ্টেন্ট পাবলিক প্রসিকিউটর নিয়োগের ক্ষেত্র যেসব জটিলতা আছে - সেটা দুর করতে চেয়েছেন। বর্তমানে মামলা মোকদ্দমা বিলম্বিত হচ্ছে, তাই সেটা যাতে দ্রুত নিষ্পত্তি করা যায় - সেই দৃষ্টিকোন থেকেই এটা তিনি করেছেন। স্বভাবতঃই এর বিরোধীতার প্রশ্ন ওঠে না। তবে উদ্দেশ্যটা ভাল হলেও এক্ষেত্রে তাঁর কাছে একটা আবেদন থাকবে যে, পাবলিক প্রসিকিউটর এবং এ্যাসিষ্টেন্ট পাবলিক প্রসিকিউটর নিয়োগের ব্যাপারে তিনি যেন জেলাগুলির দিকে দৃষ্টি দেন। এক্ষেত্রে জেলাগুলির লব্ধপ্রতিষ্ঠ আইনজীবীদের মধ্যে থেকে এই পদে নিয়োগ করাটা বাঞ্ছনীয়। কারণ জেলায় জেলায় যেভাবে বর্তমানে পাবলিক প্রসিকিউটর নিয়োগের নামে মোক্তার নিয়োগ হচ্ছে, তার ফলে সরকারী মামলা ডিফেন্ডেড্ হচ্ছে না, সরকারী মামলায় ঠিকভাবে মদৎ দেওয়া যাচ্ছে না। কাজেই বিষয়টা বিচার-বিবেচনা করে দেখবেন আশা করি। দ্বিতীয় কথা হচ্ছে, এই বিলের মধ্যে তিনি আরো কিছু পরিবর্তন এনেছেন, যা অভিনন্দনযোগ্য। তবে এক্ষেত্রেও অনেকগুলো প্রশ্ন থেকে যাচ্ছে। সেগুলোর কি সেফগার্ডস্ থাকবে, সেটা দেখতে হবে। যেমন, সেসন্ কোর্টের ক্ষেত্রে তিনি বলেছেন যে, ৩ বছরের মধ্যে ইনভেষ্টিগেশন কমপ্লিট করতে হবে। কিন্তু আমরা এটা জানি, ইনভেষ্টিগেশন বিলম্বিত হয় এবং এটা অত্যন্ত সুপরিকল্পিতভাবেই করা হয়। যাঁরা ইনভেষ্টিগেশন অফিসার থাকবেন, তাঁরা যদি ৩ বছর সময় কাটাবার জন্য পরিকল্পনা নেন, তাহলে ৩ বছর কেটে গেলে কেস্ ডিসচার্জড হয়ে যাবে। আমি আইনের লোক নই, এটা আইনজ্ঞরাই বলেছেন। আমার মনে হচ্ছে, ৩ বছর সময় দিলে

কেস্ ডিসচার্জড হয়ে যাবে। এই ব্যাপারটা ভাল করে দেখা দরকার। বিষয়টা কি করে প্রতিরোধ করা যাবে - সেদিকে দৃষ্টি দিতে হবে। ওয়ারেন্ট কেসের ক্ষেত্রে সময় দিয়েছেন ২ বছর। এক্ষেত্রেও একই প্রশ্ন আসছে - কোন রকমে সময়টা কাটিয়ে দিতে পারলে আসামী ডিসচার্জড হয়ে যাবে। এক্ষেত্রে ফলটা কিন্তু মারাত্মক হতে পারে। নির্দিষ্ট সময়সীমা করেছেন, অফিসারদেরও একটা অবলিগেটরী ব্যাপার থাকছে, এবং ধরে নিচ্ছি যে, এতে মামলা বিলম্বিত হবে না; কিন্তু নিশ্চিত করে এক্ষেত্রে ব্যবস্থা থাকা দরকার, যাতে দ্রুত ব্যবস্থা গ্রহণ করা যায়। বর্তমানে অনেক ক্ষেত্রেই দেখছি, ৩০২ বা ৩২৬ ধারায় যারা গ্রেপ্তার হচ্ছে, তাদের ৯০দিন পর্যন্ত আটক রাখতে পারছেন, কিন্তু তারপর আর ধরে রাখা যাচ্ছে না। অনেক সময় প্রাইমা ফেসী কেসে নিরপরাধ লোকও এ্যারেস্টেড হয়ে ৯০ দিন আটক থেকে যাচ্ছেন। এই রকম ঘটনা ঘটছে। কাজেই দেখা যাচ্ছে যে, বিচার-ব্যবস্থার মধ্যে জটিলতা আছে। অবশ্য একথা বলেন নি যে, এই এ্যামেন্ডমেন্টের মধ্যে দিয়ে সমস্ত ত্রুটি সংশোধন হয়ে যাবে। তবে এইসব প্রশ্নগুলো সঙ্গে সঙ্গে মনের মধ্যে আসছে বলেই এর অবতারণা। যে যে মহৎ উদ্দেশ্য নিয়ে এই পরিবর্তন এনেছেন, সেগুলো কার্যকরী করবার জন্য কি করলে সফল হওয়া যাবে, সে বিষয়ে আপনার দৃষ্টি নিবদ্ধ হলে ভাল হয়।

**[4.40—4.50 p.m.]**

সর্বশেষে এখানে যে কথা বলা হয়েছে In sub-section (6), after the words "any order stopping further investigation into an offence has been made" the words "and the accused has been discharged" shall be inserted. এই ডিসচার্জ হওয়ার ব্যাপারটা আছে - এই সুযোগে ছাড় পেয়ে যাবে। সুযোগ কথাটা বলছি এই জন্য যে, ইনভেষ্টিগেশন অফিসার যাঁরা আছেন- এ ব্যাপারে আপনারা সকলেই জানেন- তাঁদের প্রভাবিত করে বিলম্ব ঘটিয়ে, সময় শেষ করে দু-তিন বছর কাটিয়ে দেবে এবং এটা কোন অবাস্তব ব্যাপার নয়। এই ধরণের ঘটনা ঘটছে, সেজন্য এই ব্যাপারে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি উপক্রমণিকার যে বক্তব্য রেখেছেন, তাতে এটা বোঝা যাচ্ছে যে আপনার উদ্দেশ্য সাধু, এ ব্যাপারে কোন সন্দেহ নেই। এই কথা বলে এই বিলকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সৈয়দ আবুল মনসুর হবিবুল্লাহ :** আমি আগেই বলেছি যে, যা সংশোধনী এসেছে তাতে মূলত আমার বিলের উপরে কোন আপত্তি আসে নি। কিন্তু সত্য বাপুলী মহাশয় যা বললেন, তার জবাবে আমি প্রথমে এই কথা বলতে চাই যে সংবিধানের ২৩৬ নং অনুচ্ছেদে আছে - The expression district judge includes Juges of the City Court, Additional District Judge, Joint District Judge, Assistant District Judge, Chief Judges of the Small Court, Chief Presidency Magistrate, Additional Chief Presidency Magistrate, Sessions Judge, Additional Sessions Judge and Assistant Sessions Judge. কাজেই, সংবিধানে এই কথা বলা আছে, আমি সংবিধানের বিরুদ্ধে যাই নি। যেখানে যেখানে 'এনি সেসান জাজ' শব্দ ব্যবহৃত আছে, সেই ধারাগুলিতে এ্যাডিসন্যাল ডিষ্ট্রিক সেসান জাজ ব্যবহার করতে বলছি। এইগুলি কার্য্যতঃ সেকসানে দেওয়া আছে। শুধু এখানে ডিষ্ট্রিক সেসান জাজের কাছে গিয়ে ট্রান্সফার্ড হয়ে তাকে সেই একসারসাইজ করতে হয়। কিন্তু আমরা যেটা করেছি তাতে কমিট হল - এ্যাডিসন্যাল ডিষ্ট্রিকট্ সেসান জাজ অথবা

এ্যাডিসন্যাল ডিস্ট্রিক্ট এ্যান্ড সেসান জাজ সেই ক্ষমতাগুলো ব্যবহার করতে পারবেন। সংবিধানে বলা আছে - District judge includes additional sessions judge and assistant sessions judge. কাজেই এতে সংবিধানগত কোন ত্রুটি বা বিরুদ্ধাচরণ হচ্ছে না, বরং পরিপূরক হচ্ছে বলেই আমি মনে করি। আর বাকী কথা - আমাদের কোড অফ ক্রিমিন্যাল প্রসিডিওর'এর ২৫।৩ ধারা মতে যে এ্যাপয়েন্টমেন্টগুলো দেওয়া হয়, সেই ব্যাপারে কাশীবাবু এ্যামেন্ডমেন্ট দিয়েছেন- সেসান জাজের সঙ্গে আলোচনা করে যেন এ্যাপয়েন্টমেন্টগুলো দেওয়া হয়। এরফলে কিছুটা দেরী হয়ে যাবে এবং তারফলে আগে যে পরিস্থিতি ছিল, সেই পরিস্থিতিই থেকে যাবে, সুতরাং এটা সম্ভব নয়। ২৫।৩ ধারা মতে এখানে টেম্পোরেরী এ্যাপয়েন্টমেন্টগুলো দেওয়া হবে, সেগুলো কেবলমাত্র একটি কেসের ব্যাপারে এবং সাময়িক। যখন কোন এ.পি.পি. কোন কোর্টে নেই, বা থাকলেও কোন কারণে এ্যাবসেন্ট, বা কোন এ.পি.পি.-র পদ তৈরী হয়নি বা পারমানেন্ট কোন পোষ্ট নেই - এই ধরণের ১৪টি কোর্ট আছে, যেখানে একজন মাত্র এ.পি.পি.কে ঘুরে ঘুরে কাজ করতে হয় - তখন টেম্পোরেরী এ্যাপয়েন্টমেন্ট দিতে হয়। এই টেম্পোরেরী এ্যাপয়েন্টমেন্টের ব্যাপারে আবার যদি ডিস্ট্রিক্ট জাজের সঙ্গে আলোচনা করতে হয়, তাহলে তো দ্রুত কিছু করা যাবে না এবং এজন্যই এটাকে মেনে নেওয়া যায় না। কাজেই এই এ্যামেন্ডমেন্ট নেওয়া যায় না। জয়ন্তবাবু এখানে যে কথা বললেন, সেগুলো অত্যন্ত গুরুত্বপূর্ণ, এটা আমরা বিবেচনা করছি। এ ব্যাপারে আমাদেরও দ্বিধা ছিল। ১৬৭ ধারাতে আমরা তিনটি ক্ষেত্রে টাইম লিমিট করেছি। আগে শুধু সমন কেসের জন্য টাইম রাইট ছিল। এই ক্ষেত্রে আমরা সমন কেসের সঙ্গে ওয়ারেন্ট কেসকেও যোগ করেছি। ওয়ারেন্ট কেসের ক্ষেত্রে ২ বছর এবং সেসান কেসের ক্ষেত্রে ৩ বছর'এর কথা আমরা বলেছি। কোন কেসের ইনভেষ্টিগেশনের জন্য পুলিশকে তাগিদ দিলেই তা তাড়াতাড়ি হয় না। কারণ ইনভেষ্টিগেশন শুধুমাত্র পুলিশের জন্যই বন্ধ হয়ে থাকে না। মাননীয় সত্য বাপুলী মহাশয় ভিসেরা কেসের ব্যাপারে ২ বছর সময় নির্দিষ্ট আছে বলে উল্লেখ করেছেন। কিন্তু এসব হয়ে থাকে এবং এ সম্বন্ধে সকলেই অবহিত আছেন। জয়ন্তবাবু উল্লেখ করেছেন যে, আসামীপক্ষ প্রভাব খাটিয়ে ২ বছর কোন রকমে কাটিয়ে দিয়ে ছাড়া পেয়ে চলে গেলে তাদের ক্ষেত্রে কি ব্যবস্থা নেওয়া হবে? সেইজন্য এই বিষয়ে চিন্তা করা দরকার এবং এই সব ভেবেই এই ১৬৭ ধারা। এর মধ্যে ৫নং উপধারাতে আছে The Magistrate shall make an order stopping further investigation. এই যে কথা বলা আছে এবং আমরা এখানে যে ডিসচার্জের কথা বলেছি এরসঙ্গে আর একটা কথা আছে - Unless the officer making the investigation satisfy the Magistrate that for a special reason and in the interest of the justice the continuation of the investgation beyond the period of six months is necessary.

এখানে এই পাওয়ার ছয় মাসের বেশী হবে না। আমরা গোটাটাই রেখেছি। যেখানে যেমন আছে, সব জায়গাতেই এই পাওয়ারটা একই থাকবে। আমরা প্রথমে ভেবেছিলাম যে, এটা থাকবে না। অর্থাৎ যেখানেই ইনভেষ্টিগেশান হবে না, সেখানে ছাড়ানো যাবে না। সবদিক চিন্তা করে- জয়ন্তবাবু যে কথা উল্লেখ করেছেন, অনেক্ সময় অভিযুক্ত ব্যক্তি নিজে চেষ্টা করে ইনভেষ্টিগেশন দেরী করিয়ে দেবে, অর্থাৎ সময়টা কাটিয়ে দিয়ে চলে যেতে পারে - এটা করেছি। পুলিশকে সেইজন্য ক্ষমতা দেওয়া হয়েছে। পুলিশ সেই সব ক্ষেত্রে ম্যাজিষ্ট্রেটের কাছে আবেদন জানিয়ে ইনভেষ্টিগেশনের জন্য আরও বেশী সময় চাইতে পারবেন বা সময় নিতে পারবেন। ঐ ধারাতে আরও বলা হয়েছে

যে, যদি আরও বেশী সময়ের প্রয়োজন হয় - ম্যাজিস্ট্রেট যদি নাকচ করে দেন - তাহলে আবেদন করে সেসান কোর্ট থেকে সময় নিতে পারবেন। এইভাবে সাহস করে, আমরা টাইম লিমিটকে 'না' করে দিয়েছি। অর্থাৎ টাইম লিমিটকে যাতে ঠিকভাবে কাজে লাগানো যায়, সেদিকে আমরা দৃষ্টি দিয়েছি। অনেক সময় সেফ গার্ডের জন্য এই টাইম লিমিটকে অপব্যবহার করা হো'ত। যে কোন বিষয়ে, যখন তখন সাফিসিয়েন্ট কজ দেখিয়ে পুলিশ দরখাস্ত করে মামলা চালাতো এবং সেই সমস্ত মামলাগুলো বছরের পর বছর ধরে চলত। এই জিনিস যাতে না হয় তারজন্য আমরা সর্তক দৃষ্টি দিয়েছি। যাঁরা কোর্ট-কাছারীতে কাজ করেন, তাঁরা জানেন যে এরফলে জনসাধারণের খুবই অসুবিধার সম্মুখীন হতে হয়। এইদিকে আমাদের খেয়াল রাখতে হবে। সত্যি কথা বলতে গেলে, আমরা এই পরিবর্তন করতে বাধ্য হয়েছি। ১৭৩ নম্বর আর একটি ধারা আছে, সেখানে বলা আছে - Every investigation under this chapter shall be completed without unnecessary delay. এইভাবে আননেসেসারী ডিলে হোত। আমরা দেখেছি, এই ভাবে আননেসেসারী ডিলে হতে হতে বছরের পর বছর গড়িয়ে যেত। আমি এখানে ২-২।। বছর এসে দেখেছি এখনও পর্যান্ত ১৯৭২-৭৩ সালের বহু মামলা কোর্টে পড়ে আছে। অনেকে আমাদের কাছে আসেন এই সমস্ত মামলাগুলো খারিজ করে দেওয়ার জন্য। এই ব্যাপারে তাঁরা মিনিষ্টারের কাছে ছুটে আসেন, আবেদন জানান। এই ব্যাপারে মিনিষ্টারের সাধারণতঃ কোন ক্ষমতা নেই। আমরা তাঁদের বলে দেই, আপনারা এ.পি.পি.'র কাছে আপনারা আবেদন করুন। এই ভাবে কোন মামলা চলা উচিত নয়। এখানে সত্য বাপুলী উপস্থিত আছেন, তিনি জানেন যে, কোন ক্রিমিন্যাল কেস ৭।৮ বছর তার আর কোন দমই থাকে না, কোন কিছুই আর অবশিষ্ট থাকে না। সেই সমস্ত মামলা চালাবার কোন অর্থই হয় না। আমি কোর্টে যে ব্যবসা করতাম তাতে আমি জানি, এই ভাবে মামলা চললে, আমাদের এবং পুলিশের কিছু বাড়তি রোজগার হয় মাত্র। সেইজন্য এই এ্যামেন্ডমেন্টটি গ্রহণ করা সম্ভব হচ্ছে না।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ-** মাননীয় ডেপুটী স্পীকার স্যার, আমি এখানে একটি ক্লারিফিকেশন চাইছি। আমার ক্লারিফিকেশনটি খুবই ছোট। এই মাসেই কলকাতা হাইকোর্টে ১৬৫(৫) ধারা নিয়ে ডিভিসন বেঞ্চে একটা ডিসিসান হয়ে গেছে। সেই ডিসিসানে বলা হয়েছে যে টাইমের জন্য দরখাস্ত করতে হবে টাইম এক্সপায়ার করার আগেই। অর্থাৎ বিফোর দি এক্সপিরেশন পিরিয়ড পিটিসন করতে হবে যথা সময়ে। সময় মত যদি পিটিসন না করা হয়, তাহলে কিছু হবে না। হাইকোর্ট বলছেন যে, সেখানে এটা ডিভিসান হয়ে গেছে - ৬মাসের মধ্যে দরখাস্ত না করলে সেই দরখাস্ত এ্যাকসেপটেড্ হবে না।

**[4.50—5.00 p.m.]**

মাননীয় উপধ্যক্ষ মহাশয়, এটা করে ভালো করেছেন। অফিসাররা ইনভেষ্টিগেশান করবেন ঠিক কথা কিন্তু কবে ২ বছর হচ্ছে সেটা দেখে দেখে মুখস্থ করে রাখা যায় না। কেস রিভাইভ করতে গেলে উইদিন ফিকসড্ টাইমে দরখাস্ত করতে হবে। তা যদি না করে তাহলে হবে না। হাইকোর্টে একটা ডিভিসান বেঞ্চ হয়েছে তাতে বলা হয়েছে ১৬৫ নং অনুচ্ছেদের ক্লজ নং ৫এ বলা হয়েছে যে সময়মত চিঠি না দিতে পারে ফর রিভাইভাল তাহলে পরে দিলে এক্সেপ্ট হবে না। চিঠি টাইমের মধ্যে না দিলে সব ইনভেস্টিগেশান নষ্ট হয়ে যাবে।

**The motion of Shri Syed Abul Mansur Habibullah that the code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1985, be**

taken into consideration, was then put and agreed to.

### Clauses 1 to 3

The question that clauses 1 to 3 do stand part of the Bill, was then put and agreed to.

### Clause 4

**Mr. Deputy Speaker** : There are amendments to clause 4 by Shri Kashinath Misra. কাশীবাবু আপনাকে থার্ড রিডিংয়ে বলবার চান্স দেবো এখন শুধু আপনি মুভ করে ছেড়ে দিন।

**Shri Kashinath Misra** : Sir, I beg to move that clause 4, in proposed sub-section 5(i), line 3, for the words "a period of six months", the words "ninety days" be substituted.

Sir, I beg further to move that in clause 4, in proposed sub-section 5(ii), line 4, for the words "three years", the words "two years" be substituted.

**Shri Syed Abul Mansur Habibullah** : আমি আপনার এ্যামেন্ডটটা এক্সেপ্ট করতে পারছি না।

The motions of Shri Kashinath Misra that-

in clause 4, in proposed sub-section 5(i), line 3, for the words "a period of six months", the words "ninety days" be substituted, and

in clause 4, in proposed sub-section 5(ii), line 4, for the words "three years", the words "two years" be substituted, were then put and lost.

The question that clause 4 do stand part of the Bill, was then put and agreed to.

### Clause 5 and preamble

The question that clause 5 and preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Syed Abul Mansur Habibullah** : Sir, I beg to move that the Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1985, as settled in the Assembly, be passed.

**শ্রী কাশীনাথ মিশ্র** :- মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের বিচারমন্ত্রী যে বিলটি এনেছেন তাতে দেখলাম যে এ্যামেন্ডমেন্ট এনেছেন সেটা মূল আইনের সাথে একটু বিচ্ছিন্নভাব থাকছে। যেজন্য

বিচারমন্ত্রী এই বিলটিকে ত্বরান্বিত করতে চাইছেন তা হবে বলে আমার মনে হচ্ছে না। যেমন একজন প্রকৃত আসামী তাকে সাহায্য করা বিচার ব্যবস্থার মূল কথা, কিন্তু সেই মূল কথাটি এই এ্যামেন্ডমেন্টের মধ্যে থাকছে না, সেইজন্য এই এ্যামেন্ডমেন্টের সংশোধন হওয়া দরকার। সেখানের সমস্যাগুলির আরো ভিতরে ঢুকতে হবে। বিভিন্ন আদালতে গেলে দেখা যায় যে ডিস্ট্রিক্ট জজের যে ক্ষমতা দেওয়া আছে সেই পাওয়ার হাইকোর্ট থেকে যায়। বিভিন্ন সাব-ডিভিশানের যে সাব-জাজ আছে এ্যাডিশ্যান্যাল ডিষ্ট্রিক্ট জাজ আছেন এবং সাব-জাজ আছেন তারা সেশান ট্রায়াল করতে পারেন। এই ক্ষমতা অনারিবল হাইকোর্ট থেকে যায়। কিন্তু সেখানে ডিলে হচ্ছে, সেখানে লিটিগ্যান্টরা শুধু যে অসুবিধায় পড়ছে তা নয় সেখানে ডিসারা থেকে আরম্ভ করে আরো আনুষাঙ্গিক রিপোর্টগুলি যথা সময়ে কোর্টের কাছে আসে না। কোর্ট ট্রান্সফার হয়। একটা সাব-ডিভিশ্যানাল ম্যাজিষ্ট্রেট কোর্ট থেকে যখন সেশান ট্রায়ালে ট্রান্সফার হবে তখন ডিলেট হয়ে থাকে। সেখানে আমরা দেখি বিচারকদের জন্য সব সময় নয় বিভিন্ন সময়ে সেখানে চার্জ শিট আসে না। কোন কেসে যদি ৫জন আসামী থাকে তাহলে তার মধ্যে দু-একজন কোর্টে উপস্থিত হয়ে কাস্টডিতে তারা সারেন্ডার করলেন এবং তারা বেল পেলেন। বাকি তিনজন আসামী আসছে না বলে সেখানে ডিলে হচ্ছে । যারা সেখানে উপস্থিত করছেন তাদের ক্ষেত্রে সেপারেট কোন ব্যবস্থা হয়না। অনেক সময় দেখা গেল চার্জশিট হল না, ফাইনাল রিপোর্ট হল। সেই ফাইনাল রিপোর্ট প্রডিউস হল কোর্টে ২ বছর পরে। সেখানে ইনভেষ্টিগেশন সাক্ষি সাবুদ হয় না। পুলিশের তরফ থেকে যখন ফাইনাল রিপোর্ট পেস কর হল তখন দেখা গেল একিউস পার্সনরা গুরুতর কেসের আসামী। এক্ষেত্রে বিপদজনক একটা অবস্থা হচ্ছে সেই কোর্টের কাছে। কোর্টে প্রতি মুহূর্তে যে সমস্ত বিভিন্ন ঘটনা ঘটছে তাতে দেখা যাচ্ছে এই রকম অসম্ভব ঘটনা ঘটছে এ্যাসাম্বলী চলাকালীন বিভিন্ন ভাবে সেইসবের এখানে উল্লেখ হয়। সেই পরিপ্রেক্ষিতে আসামী ৩০৭ হোক, ৩০২ হোক, ৩২৬ হোক, ১৪৭ বা ১৪৮ হোক এই সমস্ত বিভিন্ন ধারায় আমরা দেখতে পাচ্ছি সেখানে যে সুরাহার কথা চিন্তা করা হচ্ছে তা হচ্ছে না। সেক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি আপনি যে বলছেন ফর দি পিরিয়ড অফ সিক্স মান্থস যেটা ক্লজ ফোরে বলেছে Within a period of 6 months (i) any case triable by a Magistrate as a summons case, the investigation is not concluded within a period of six months. কিন্তু প্রপার ইনভেস্টিগেশান কনক্লুড না হলে কেস দাঁড়াবে না। ১৬৭ তে যে এ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছেন সেখানে বলেছেন (ii) any case exclusively triable by a Court of Session or a case under Chapter XVIII of the Indian Panal Code, the investigation is not concluded within a period of three years, or any case other than those mentioned in Clauses (i) and (ii), the investigation is not concluded within a period of 2 years.

**[5.00—5.10 p.m.]**

সেই ক্ষেত্রে আমরা বলছি এই পিরিয়ড অব সিক্স মান্থস উল্লেখ না করে নাইনটি ডেজ আপনি করুন। কারণ, অনেক সময় অনেক কেসে দেখছি সময়টা ফ্যাক্টর নয়, সেখানে যদি প্রপারলি ইনভেস্টিগশান হয়, পুলিশ এবং কোর্টের মধ্যে যদি প্রপারলি লিংক থাকে তাহলে কেসের জন্য যে প্রসিকিউসান দরকার তারজন্য সবকিছু ঠিকমত পেয়ে যাবে, সেখানে ডিফেন্স সেই পরিপেক্ষিতে সুযোগ-সুবিধা পাবে এবং এ্যাকিউজড় পারসনও সুযোগ-সুবিধা পাবে। সেগুলি ঠিকমত হয় না বলে

বিভিন্ন ক্ষেত্রে গুরুতর আসামীরা খালাস পাচ্ছে, সেই ক্ষেত্রে ফাইনাল রিপোর্ট হচ্ছে, আবার সম্পূর্ণ নির্দোষ ব্যক্তির ক্ষেত্রে চার্জ সিট হচ্ছে, ফাইনাল রিপোর্ট হচ্ছে না। ইনভেস্টিগেশানের ব্যাপারে বিভিন্ন ক্ষেত্রে বৈষম্যমূলক ব্যবহার হচ্ছে। পুলিশের এপিপি কে কাজ করতে দেওয়া হয়, এক্ষেত্রে মাননীয় মন্ত্রী মহাশয় মূল আইনের যে এক্সট্র্যাক্ট আমাদের কাছে দিয়েছেন সেই ক্ষেত্রে দেখতে পাই এক্সট্রাক্টস অব সেক্সানের ৯, ১৬৭ এ্যান্ড ২৪৫ অব দি ক্রিমিন্যাল প্রোসিডিওর কোড ১৯৭৩ সট টু বি এ্যামেন্ডেড, যেটা উনি এ্যামেন্ডমেন্ট চাইছেন, সেখানে কোর্ট অব সেসানস-এ যে ক্ষমতাগুলি আছে ৯(১) থেকে ৯(৬) পর্যন্ত সেই কোর্ট অব সেসান-এর ক্ষমতাগুলি সাব-ডিভিসন্যাল ম্যাজিস্ট্রেটদের হাতে যদি থাকে, সেখানে ইন কনসালটেন্সি অব দি জুডিসিয়াল ডিপার্টমেন্ট অর্থাৎ ডিষ্ট্রিক্ট জাজদের কনসালটেন্সি ছাড়া যদি সেখানে নিয়োগ হয়, সেই ক্ষেত্রে পাওয়ার যদি ডেলিগেট করে দিন তা হলে সেখানে বিচারের সুরাহা হবে না, অনেক ক্ষেত্রে সেখানে নিরপেক্ষতা থাকবে না। এখন পর্যন্ত বিচার বিভাগে যে নিরপেক্ষতা বজায় আছে সেটা থাকবে না, বিচার বিভাগ ত্রুটিযুক্ত হবে, ত্রুটি মুক্ত হবে না। এটা সেন্ট্রাল এ্যাক্ট, সেখানে সামান্য যে এ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছেন, এই পরিপেক্ষিতে যে সুরাহা চাচ্ছেন, যে রিলিফ আপনি লিটিগ্যান্টকে দেবার মনস্থ করেছেন সেই রিলিফ লিটিগ্যান্ট পাবে না। সেজন্য আমি বলব যদি পরিবর্তন করতে চান তাহলে একটা কমপ্রিহেনসিভ আইন আনুন। আজকে বিভিন্ন লিটিগ্যান্ট থেকে আরম্ভ করে কোর্ট জাজেস থেকে আরম্ভ করে আদারস। জুডিসিয়্যাল ডিপার্টমেন্ট এর মধ্যে সামঞ্জস্য থাকা দরকার। সেজন্য আমি আপনার এ্যামেন্ডমেন্ট মুভ করেছি, আমি আশা করব বিলের থার্ড রিডিংএ মাননীয় মন্ত্রী মহাশয় এই বিষয়টা দেখবেন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ-** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় সৎ উদ্দেশ্য যে ব্যক্ত করেছেন জাস্টিসকে তরান্বিত করার পর একটা পদ্ধতি যথেষ্ট নয় বলে আমি মনে করি। You know the truth that justice delayed is justice dinied. আপনার আন্তরিকতার কোন প্রশ্ন করছি না, কিন্তু এই মেথডটার সঙ্গে, আমি টেক্‌নিক্যাল আইনের কথা বলতে পারব না, এর সঙ্গে আরো আনুষঙ্গিক ব্যবস্থা আপনাকে নিতে হয়।

Why so much more than 12 lakhs of criminal and civil cases are pending right from the High Court to the Lower Courts in the whole of the State.

১ লক্ষ ৬০ হাজার কেস পেনডিং আছে হাইকোর্টে এবং সারা রাজ্যের সমস্ত আদালতে ১০।। লক্ষ কেস পেনডিং আছে যার স্ট্যাটিসটিক্স আমরা সংবাদপত্রে পড়েছি। এই সম্বন্ধে আপনি এটাকে তরান্বিত করার একটা উপায়ের কথা বললেন, আপনি আরো কিছু ব্যবস্থার কথা ভাবুন। জাস্টিস্ ডিলেড কেন হচ্ছে? আমার সেকেন্ড পয়েন্ট হচ্ছে, প্লীজ গিভ এ চান্স টু ফেস্ দি মিনিস্টার। আপনার নিশ্চয়ই এটা দাবী নয় এবং কোন সভ্য সরকার এটা দাবী করতে পারেনা যে কমিটিড জুডিসিয়ারী থাকবে। তবে নিশ্চয়ই আপনার এক্তিয়ার আছে টু অ্যাপয়েন্ট এ কমিটেড কাউনসেল। আপনারা এখানে ১১টি কমিশন করেছেন এবং দেখা যাচ্ছে সো মেনি কেসেস্ অব দি স্টেট আর পেনডিং। হোয়াই ইওর কমিটেড কাউনসেল হ্যাজ ফেইল্ড ইন হিজ ডিউটিস্ টু মুভ দি কোর্ট ফর ভ্যাকেটিং ইনজাংসন? আমি আদালতের কথা বলছি, ইন ওয়ান কেস্ আই হ্যাড টু সিক সাম প্রোটেকসন। যদি ইররেলেভেন্ট হয় তাহলে বলবেন। আপনি বলছেন বিচার ব্যবস্থা তরান্বিত করবার এটা একটা পথ। কিন্তু এগুলি তো দেখবেন।

A committed counsel in formed in litigating this element of delay, distance of time between FTR and the disposal of the case, either by way of judgement or by way of dismissal. I draw your attention to this pointed point.

**মিঃ ডেপুটি স্পীকার ঃ-** আলোচনার জন্য যেটা নির্ধারিত সময় ছিল তার মধ্যে এটা শেষ করা যাচ্ছে না বলে, আমি আপনাদের সকলের কন্‌সেন্ট নিয়ে আরও ১৫ মিনিট সময় বাড়াতে চাইছি। আশাকরি এতে আপনাদের সকলের মত আছে।

**শ্রী সৈয়দ আবুল মনসুর হবিবুল্লাহ ঃ-** মাননীয় স্পীকার মহাশয়, আমি কাশীবাবুর প্রশ্নের উত্তরে বলছি, বর্তমান পরিস্থিতিতে কোর্ট এবং পুলিশের যে ব্যবস্থা আছে তাতে এর চেয়ে সময় কমান সম্ভব নয়। এ্যামেন্ডমেন্ট দেখে বোঝা যায় আপনারা টাইম কমাতে চেয়েছেন। কিন্তু আমি এটা মানতে পারছিনা। বর্তমানে [illegible] অর্থাৎ ইনভেস্টিগেসন এজেন্সীর যে ব্যবস্থা আছে তাতে নানা দিক বিবেচনা করে আমি এর বেশী আর যেতে পারছি না। আমি আগের ভাষণেই বলেছি এ্যাপয়েন্টমেন্ট যেগুলো দেওয়া হয়েছে সেগুলো টেমপোর্যারি এ্যাপয়েন্ডমেন্ট। তৎক্ষণাৎ দরকার হয়েছে বলে এ্যাপয়েন্টমেন্ট দিয়েছি - দেরী হলে এর উদ্দেশ্য ব্যর্থ হয়ে যাবার সেইজন্য এটা করতে হয়েছে। এমনিতেই ডিস্ট্রিক্ট ম্যাজিসট্রেটের কাছ থেকে আসেনা, কাজেই এর উপর যদি আবার ডি.এম-এর সঙ্গে কনসাল্ট করতে হয় তাহলে আরও অসুবিধা হবে। পার্মান্যান্ট এ্যাপয়েন্টমেন্টের ক্ষেত্রে প্রিস্ট্রিক্ট আজ বা ডিসট্রিক্ট ম্যাজিস্ট্রেটের কথা আসতে পারে, কিন্তু এক্ষেত্রে প্রয়োজন নেই। কাজেই আমি এই এ্যামেন্ডমেন্ট গ্রহণ করতে পারছিনা। আমি অনুরোধ করব যেভাবে এটা আছে সেইভাবেই একে গ্রহণ করা হোক। ডাঃ জয়নাল আবেদিন সাধারণভাবে বক্তব্য রেখেছেন। সিভিল মামলা এবং ফৌজদারী মামলায় যে দেরী হয় তাতে আপনারা যদি লক্ষ্য করেন তাহলে দেখবেন ফৌজদারী মামলা হাইকোর্টে বেশীদিন পেনডিং থাকে না। ডিস্ট্রিক্ট কোর্টে কিছু অবশ্য থেকে যায় কিন্তু জেনারেলী মামলা চলতে থাকে এবং দুপক্ষই চায় মামলা তাড়াতাড়ি ফয়সালা হোক। কিন্তু দেওয়ানি মামলায় একবার যে ইনজাংসন পায় সে মামলার শুনানী করতে চায় না। আবার এমন মামলা আছে, যাদের পজেসনে আছে তারা সিভিল কোর্টে সেই মামলা হতে দিতে চায়না। অবশ্য এর কারণ অন্য এবং সেটা এখানে আলোচনা করা যাবেনা। তবে একটা কথা মনে রাখবেন ফৌজদারী মামলা এই কারণে দেরী হয় না। যেসব কারণে দেরী হয় সেগুলি আমরা দুর করবার চেষ্টা করছি।

The motion of Shri Syed Abul Mansur Habibullah that the Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1985 as settled in the Assembly, be passed was then put and agreed to.

**Mr. Deputy Speaker :** I now put to vote the consideration motion of code of Criminal Procedure (West Bengal Second Amendment) Bill, 1985 be taken into consideration.

The motion of Shri Syed Abul Mansur Habibullah that the Code of Criminal Procedure (West Bengal Second Amendment) Bill, 1985, be taken into consideration was then put and agreed to.

### Clauses 1 and 2

The question that clauses 1 and 2 do stand part of the Bill was ten put and agreed to.

**[5.10—5.20 p.m.]**

### Clause - 3

**Mr. Deputy Speaker** : There are amendments to clause 3 by Shri Kashinath Misra. Shri Misra may now move his motion.

**Shri Kashinath Misra** : Sir, I beg to move that clause 3 be renumbered as sub-clause (2) of that clause and the clause as so renumbered the following new sub-clause be inserted, namely :-

"(1) In Sub-section (1) of section 25 of the principal Act, in line 3, after the words 'Courts of Magistrates', the words 'and the State Government shall inform such appoinment to the respective Zilla Parishad, Panchyat Samities' be inserted".

Sir, I also beg to move that in clause 3, in proposed sub-section (3) of section 25, in line 3, after the words "may be appointed", the words "in consultation with the Judicial Department" be inserted.

Sir, I also beg to move that in clause 3 in item (3) of proposed section 25 (3), in line 3, after the words "local officer", the words "having qualification in law" be inserted.

ক্লজ থ্রিতে আমি যে ১/২/৩ এ্যামেন্ডমেন্ট এনেছি, আমি সেটা মুভ করছি।

**Shri Syed Abul Mansur Habibullah** : আমি এগুলি গ্রহণ করতে পারছি না, কারণ আমি আগেই বলেছি যে তাহলে এর উদ্দেশ্যটা ব্যর্থ হয়ে যাবে।

**Mr. Deputy Speaker** : Now, I put clause 3 to vote.

The question that clause No.3 do stand part of the Bill, was then pur and agreed to.

### Preamble

**Mr. Deputy Speaker** : There is no amendment to preamble. So, I put preamble to vote.

The question that preamble to stand part of the Bill, was then put and agreed to.

**Shri Syed Abul Mansur Habibullah :** Sir, I beg to move that the Code of Criminal Procedure (West Bengal Second Amendment) Bill, 1985, as settled in the Assembly, be passed.

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ-** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি দেখতে পাচ্ছি মাননীয় মন্ত্রী মহাশয় যে পরিপ্রেক্ষিতে এই যে ক্রিমিন্যাল প্রসিডিওর কোড- এ যে এ.পি.পি. নিয়োগের ব্যাপারে যে আইনটা এনেছেন - সেক্ষেত্রে ম্যাজিস্ট্রেটের হাতে, যেটা উনি বলছেন যে প্রেজেন্ট এ.পি.পি নিয়োগ করার ক্ষেত্রে In consltation with district judges. ডিষ্ট্রিক্ট জাজের অনুমতি নিয়ে যে প্যানেল হয় সেইভাবে এ.পি.পি নিয়োগ করা হয়। এক্ষেত্রে প্রেজেন্ট যে এ.পি.পি নিয়োগ হবে সেখানে আপনি অন্য কথা বলছেন। জুডিসিয়াল সাথে এ্যাডমিনিষ্ট্রেসনের পৃথকীকরণ করা হয়েছে। একজিকিউটিভ ডিপার্টমেন্ট আছে। ডিষ্ট্রিক্ট জাজ জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেটরা তাদের অধীনস্থ একটা প্যানেল থেকে এ.পি.পি নিয়োগ করেন। এর জন্য জরুরী কেস আটকে যায় এই রকম ঘটনা আমি কোর্টে দেখিনি। কোন কারণে এ.পি.পি-র জন্য মামলা ত্বরান্বিত হচ্ছে না ডিলেড হচ্ছে এটা দেখা যায় না। তার বদলে অনেক সময় দেখা গেছে জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেটরা জয়েনিং ব্যাপারে ডিলে হয়। তাই আমার আশঙ্কা হচ্ছে যে টেমপুরারী সব নিয়োগ হবে যে সেক্ষত্রে নিরপেক্ষতা থাকবে না। সেক্ষেত্রে সাব ডিভিসন্যাল ম্যাজিষ্ট্রেট এস.ডি.ও সেখানে সরকারের চিন্তাধারাকে বজায় রেখে তাদের নিজস্ব ব্যক্তিকে নিয়োগ করবেন। যেহেতু এই রকম হচ্ছে তাতে আমাদের আশঙ্কা হচ্ছে মাননীয় আইন মন্ত্রী মহাশয় এইভাবে এটাকে আনবার চেষ্টা করছেন। এখানে নিরপেক্ষতা থাকবে না' সেইজন্য আমি মন্ত্রী মহাশয়কে এটা বিবেচনা করার জন্য বলছি। কারণ এতে দলেরই স্বার্থ রক্ষা হবে। আসল উদ্দেশ্য কিছুই রক্ষিত হবে না।

**শ্রী সৈয়দ আবুল মনসুর হাবিবুল্লাহ ঃ-** সাধারণ এই এ.পি.পি. যারা পার্মানেন্ট নিযুক্ত হয় তারা সাধারণত ২৫।৩-তে এপ্যায়েন্টমেন্ট হয়। সে ক্ষেত্রে বহু জায়গায় প্যানেল আছে আবার অনেক জায়গায় প্যানেল নেই। উনি এটা বলছেন, তাতে মূল উদ্দেশ্যটা সেটা ব্যার্থ হয়ে যাবে। সেটা আমরা অন্য দিক থেকে কার্যকরী করতে পারি। আমরা ডিরেকসন দিয়ে বলতে পারি যে Panel in consultation with the district judge. ডিষ্ট্রিক্ট জাজকে রাখা হোক। এবং তার থেকে এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হবে। ২৫/৩-তে এ্যাপয়েন্টমেন্ট দেবার ব্যাপারে জেলা পরিষদকে ইনফর্ম করা ডিষ্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট-এর সঙ্গে কনসাল্ট করা এই সব করতে গেলে দেরী হয়ে যাবে। ২৫-৩ ধারায় এ্যাপেয়েন্টমেন্টের ব্যাপারে ইমিডিয়েট এ্যাপয়েন্টমেন্ট দেবার ব্যাপারে ইন এ নাম্বার অব কেসেস আমি উদ্দেশ্য বার্থ হয়ে যাবে। তাই আমি ওনার এই এমেন্ডমেন্ট গ্রহণ করতে পারছি না।

The motion of Shri Syed Abul Mansur Habibullan that The code of Criminal Procedure (West Bengal Second Amendment) Bill, 1985, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

## The West Bengal Medical Council (Temporary Supersession) Bill, 1985

**Dr. Ambarish Mukhopahyay :** Mr. Deputy Speaker, Sir, I beg

to introduce The West Bengal Medical Council (Temporary Supersession) Bill, 1985.

(Secretary then read the Title of the Bill)

**Dr. Ambarish Mukhopadhyay :** Mr. Deputy Speaker, Sir, I beg to move that The West Bengal Medical Council (Temporary Supersession) Bill, 1985, be taken into consideration.

**শ্রী আবদুল মান্নান ঃ-** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয় The West Bengal Medical Council (Temporary Supersession) Bill, 1985 যেটা নিয়ে এসেছেন তাতে আমি ঠিক বুঝতে পারছি না, হঠাৎ সুপারসেসন করার দরকার হোল কেন। কারণ দি ওয়েষ্ট বেঙ্গল মেডিক্যাল কাউন্সিল তৈরী হয়েছিল একটা উদ্দেশ্য নিয়ে। মন্ত্রী মহাশয় অবজেক্ট এ্যান্ড রিজনসে বলেছেন যেটা সেটা আমি পড়েছি। ১৯৭০ সালে জুন মাসে এই বিলের মেয়াদ শেষ হয়ে গেছে এবং মেডিক্যাল এ্যাক্ট ১৯১৪ -কে ফলো করে যে কমিটি তৈরী হয়েছিল তার মেয়াদ শেষ হয়ে গেছে। এটা অবাক হবার বিষয় যে দীর্ঘ দিন হয়ে গেল সেই কাউন্সিল-এর প্রতি এ্যাক্ট অনুযায়ী কাজ করা হোল না তার কনফারমেসন হোল না - অর্থাৎ মেডিক্যাল এ্যাক্টের নর্ম অনুযায়ী কাজ হোল না। এটা খুব আশ্চর্যের বিষয় যে যখন স্কোপ ছিল তখন সেই এ্যাক্টের কিছু কিছু এমেন্ডমেন্ড করতে পারতেন। বর্ধমান মেডিক্যাল কলেজ, উত্তর বঙ্গ মেডিক্যাল কলেজ যেটা আছে সেগুলি থেকে রিপ্রেজেন্টেসন আসতে পারতো এবং তার সুযোগ করে দেবার জন্য এখানে দেখছি এমেন্ডমেন্ট দেওয়া হয়েছে। বেঙ্গল মেডিক্যাল এ্যাক্টের এমেন্ডমেন্ট হয়েছে-তাতেও এটা করতে পারতেন। কিন্তু হঠাৎ তা না করে আপনি আজকে বিলের মাধ্যমে আরও তিন মাসের জন্য একটা কমিটি করে আপনারা নিজেরা এটাকে কুক্ষিগত করবার চেষ্টা করছেন কেন? আপনারা বিভিন্নভাবে রাজনৈতিক উদ্দেশ্য বক্তব্য রেখেছেন। করপোরেসন ইলেকসন করতে গিয়ে, পঞ্চায়েত ইলেকসন করতে গিয়ে আপনারা আমাদের অনেক কিছু ক্ষতিগ্রস্ত করেছেন। আপনারা সব এ্যাডহক কমিটি করে দিয়েছেন। ইলেকসন ডিক্লেয়ার করে আমাদের তছরুপ করেছেন। হাওড়ায় পঞ্চায়েত ইলেকসন ডিক্লেয়ার করে আপনারা বাহবা কেনার চেষ্টা করেছেন। কিন্তু এ ক্ষেত্রে আমরা তো সেটা দেখতে পেলাম না। আপনি একটা নিরপেক্ষ বডির হাতে ছেড়ে দিয়ে আজকে মেডিক্যাল কাউন্সিলকে কেন রাখতে পারছেন না? এটা কিন্তু আমরা ঠিক বুঝতে পারছি না। এছাড়া দেখতে পাচ্ছি এই বিলের মাধ্যমে একটা এ্যাডহক কমিটি করা হবে। সেখানেও একটা সুস্পষ্ট বক্তব্য নাই। আমরা দেখতে পাচ্ছি কনষ্টিটিউসন সব এ্যাডহক কাউন্সিল- এর ক্লজ ফাইবেতে বলা হচ্ছে ওয়ান মেম্বার আসবেন ডিপার্টমেন্ট থেকে তিনি হবেন ডিপার্টমেন্টের লোক। One member of the Council for post Graduate studies in Medicine, Nursing, Homoeopathy, Ayurved and Dental Science of the University of Calcutta. সুতরাং এমেন্ডমেন্ট আসবে কেন? এই যে এ্যাডহক কমিটি করবেন এবং এটা বিলের মাধ্যমে এটা করতে গেলে স্বভাবত আমাদের মনে পড়বে যে আপনাদের পছন্দমত যে লোকগুলি আছে যারা আপনাদের পছন্দ মত যারা অন্যায় অবিচারকে সাপোর্ট করবে সেই সমস্ত লোককে এই কমিটিতে ঢোকার স্কোপ রাখছেন। এখানে ইলেকসন কেন করবেন না? কিন্তু যদি বলতেন যে বেঙ্গল মেডিক্যাল এ্যাক্টে যেটা আছে সেটা থাকবে অর্থাৎ ইলেকটেড হয়ে আসবে তাহলে বুঝতাম। কিন্তু সেই ব্যবস্থা এখানে আপনি করছেন না।

[5.20—5.30 p.m.]

কিন্তু সেটা কি করে ব্যবস্থা করেছেন? আমরা দেখছি ইলেকশানের মাধ্যমে ব্যবস্থা করছেন না। 'এ' টু 'ই' - এই ৫টি ক্যাটেগোরিতে যে সমস্ত মেম্বার নেওয়া হবে সবগুলিতে দেখা যাচ্ছে ওয়ান মেম্বার ফ্রম দ্যাট কনসটিটিউয়েনসি থেকে আসবে। ওয়ান মেম্বার আসবে কিভাবে, ওয়ান মেম্বার আসার স্কোপটা কি হবে সেটা কিন্তু বলছেন না। আজকে যদি মন্ত্রী মহাশয় বলতেন যে ওখান থেকে একটা ইলেকশান করে বা যে যে কনস্টিটিউয়েন্সি আছে, সেখান থেকে ইলেকশান-এর মাধ্যমে পাঠিয়ে দেবেন তাহলে সেখানে বোঝা যেত যে আপনারা কুক্ষিগত করছেন না। আপনারা সৎ উদ্দেশ্য নিয়ে, মহৎ উদ্দেশ্য নিয়ে এই বিল এনেছেন। কিন্তু আপনার সেই সাহস নেই, সেটা আপনি করতে পারলেন না। তাছাড়া এই বিল যেহেতু মেডিক্যাল কাউন্সিলের ডাক্তারদের নিয়ে ব্যাপার, রেজিষ্টার্ড ডাক্তারদের ব্যাপার, কিন্তু আমার জানা বহু কোয়াক ডাক্তার আছেন, তাদের ক্ষেত্রে এসব প্রযোজ্য হবে কিনা সেটাও কিন্তু আপনি ঠিক করতে পারছেন না। শুধু তাই নয়, আপনারা ৩ ইয়ার্স মেডিকেল কোর্স চালু করলেন। এই থ্রি ইয়ার্স মেডিকেল কোর্স চালু করার পরে তারা রেজিস্টার্ড প্রাকটিশনার হল। কিন্তু সেই সমস্ত রেজিস্টার্ড প্রাকটিশনারদের ব্যাপারেও কিছু করতে পারলেন না। আজকে যে বিল এনেছেন এই বিলের মধ্যে ঐ মেডিকেল কাউন্সিলে যে এ্যাড হক কাউন্সিল করবেন, সেই এ্যাড হক কাউন্সিলকে ৩ বছরের জন্য নিজেদের অধিনে কুক্ষিগত করে রাখার জন্য আজকে প্রস্তাব নিয়ে এসেছেন এবং সেই ভাবে এই বিল এনেছেন। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে সে জন্য অনুরোধ করবো যে সত্যিই যদি সৎ এবং ভাল উদ্দেশ্য এই বিল আনতে চান তাহলে আমি যে এ্যামেন্ডমেন্ট দিয়েছি, সেটা এ্যাকসেপ্ট করে নিন। কারণ যেখানে ক্লজ ৩(২)তে দিচ্ছেন, With Effect from the date of coming into force of this Act, and for a period of two years form such date, the Council stand superseded. এই ২ ইয়ার্স তারা পেয়ে যাচ্ছে। কাজেই ২ বছর না করে এক বছর করুন। তারপরে ক্লজ ৩(২)-তে ক্ষমতা রেখেছেন ৬ মাস পরে দরকার হলে একসটেনশান করবেন এবং একসটেনশান করে প্রয়োজন মত ৩ বছরে নিয়ে যাচ্ছেন। সেখানে ৩ বছর না করে ২ বছর করুন এবং প্রয়োজনে ৬ মাস পরে এটা একসটেনশান করুন। কিন্তু একেবারে ৩ বছর করতে যাচ্ছেন কেন? ১৯৭০ সাল থেকে ১৯৮৫ সাল, এই ১৫ বছরের মধ্যে কোন নির্বাচন হলনা, সেখানে কোন কাউন্সিল হলনা। আজকে এ্যাড হক কাউন্সিল করছেন ৩ বছরের পর্যন্ত। সে জন্য অনুরোধ করবো যে এই এ্যাড হক কাউন্সিল যেটা করছেন, সেটা দরকাব হলে ২ বছর ম্যাক্সিমামা মেয়াদ থাক। এই রকম চিন্তা নিয়ে আপনি একটা ব্যবস্থা করুন। তাছাড়া যে সমস্ত মেডিকেল কাউন্সিল বা এ্যাড হক কাউন্সিল যাদের নিয়ে ফরমেশান করবেন সেগুলি ঐ 'এফ' এর পর থেকে যেগুলি আছে, সেখানে এক্স অফিসিও মেম্বার আসবে, সেটা কিছু করার নেই। কিন্তু তার আগেরগুলি একটা ইলেকশানের মাধ্যমে, একটা বাইন্ডিংয়ের মধ্যে রেখেদিন যে এই এই লোক আসবে, এই এই ক্যাটেগোরীর লোক আসবে। এই রকম করলে সুষ্ঠু নজির সৃষ্টি হবে। এই আবেদন রেখে এবং আমি যে এ্যামেন্ডমেন্ট দিয়েছি সেটাকে গ্রহণ করার জন্য অনুরোধ করে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ হরমোহন সিনহা ঃ-** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে বিল এসেছে, ওয়েষ্ট বেঙ্গল মেডিকেল কাউন্সিল-এর সুপার-সেসানের জন্য, এটাকে আমি সম্পূর্ণ ভাবে সমর্থন করছি এবং এই সমর্থন করতে গিয়ে দু'চারটি কথা বলতে চাই। একটু আগে মাননীয় সদস্য বক্তৃতা করার সময়ে

কতকগুলি কথা বললেন। এখানে পরিষ্কার লেখা আছে যে কোন কোন ক্যাটাগোরী থেকে আসবে। ১৯১৪ সালের বেঙ্গল মেডিকেল এ্যাক্ট যেটা, সেই এ্যাক্ট অনুযায়ী ১৯৬৫ সালে ইলেকশান হয়েছিল। তারপরে ১৯৭০ সাল পর্যন্ত এটা কভার করে। ১৯৭০ সালের পরে তো আপনারা ছিলেন, আপনারাতো কিছু করেন নি। আমরা দেখছি যে সমস্ত জিনিসটা একটা ডিফাংক্ট অবস্থায় পড়ে আছে। সেটাকে আজকে ফাংশানের দিকে আনতে হবে। এটা করতে গেলে যে জিনিস করা দরকার সেগুলি করতে গেলে আমার মনে হয় যে ভাবে আজকে ২ বছরের একটা এ্যাড হক করতে বলা হয়েছে, এটা যথাযথ মর্যাদা দিয়ে তাড়াতাড়ি করার দরকার আছে এবং এর এফেক্টও দেওয়া হয়েছে যে এটা পাশ হওয়ার সঙ্গে সঙ্গে এফেক্ট হবে। আর একটা কথা ওরা বলেছেন যে আপনাদের মনের মত লোক বসাবেন। এখানে পরিষ্কার বলা আছে, আপনাদের বা আমাদের কথায় নয়, যাদের যোগ্যতা আছে সেই সব যোগ্যতা সম্পন্ন ব্যাক্তিদের বসানো হবে। যোগ্যতা যদি না থাকে তাহলে কোন একজন অর্ডিনারি লোককে ঐখানে বসিয়ে দেওয়া যাবে না। কাজেই এই কথা তারা কেন বারে বারে বলছেন আমি বুঝতে পারছি না। অতীতে ওরা এই সব কুকর্মগুলি করে এসেছেন বলেই আজকে আবার ভাবছেন এরাও বোধ হয় সেই রকম করবেন। সেই রকম আশঙ্কা করার কোন কারণ নেই। কাজেই যোগ্যতা অনুযায়ী পদ সৃষ্টি করা হয়েছে এবং যার যোগ্যতা আছে সেখানে তিনি যাবেন। বর্ধমান বিশ্ববিদ্যালয়, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে আগে মেডিকেল কলেজ স্থাপন হয়নি। পরবর্তীকালে মেডিকেল কলেজ হয়েছে। তাদের প্রপার রিপ্রেজেনটেসনের ব্যবস্থা থাকা দরকার। এই অবস্থায় সেখানে যথাযথভাবে মর্যাদা দেওয়া হয়েছে এবং এই বিলটি যে এখানে এসেছে একে যথাযথভাবে সকলেরই সমর্থন করা দরকার। বিরোধী পক্ষের বন্ধুরা আশঙ্কা প্রকাশ করছেন যে, ব্যক্তিগতভাবে কাউকে নেওয়া হবে, কাউকে নেওয়া হবে না। এই আশঙ্কার কোন কারণ নেই। কারণ এখানে ক্যাটিগোরিক্যালি নং ৫ ক্লজে বলে দেওয়া হয়েছে, এ্যাড-হক কাউন্সিল স্যাল কন্সিস্ট অব দি ফলোয়িং মেম্বারস এবং এ্যাড-হক কাউন্সিলের কন্সটিটিউসন কি হবে, সে কথাও পরিষ্কার ভাবে বলা আছে। কাজেই এর পরে আর আশঙ্কা প্রকাশ করার কোন কারণ নেই। তাই আমি আপনাদের কাছে অনুরোধ রাখব যে, আপনারা এই বিলটিকে সমর্থন করবেন এবং ওয়েষ্ট বেঙ্গল মেডিকেল এডুকেসনের গুরুত্ব উপলব্ধি করে যাতে এই কাউন্সিল তৈরী হয় সেদিকে দৃষ্টি দেবেন। এখন এ্যাড-হক ভাবে তৈরী হচ্ছে। এই এ্যাড-হক থেকে পরবর্তী স্তরে ফরম্যাল ইলেকসান যেভাবে করা দরকার সেই ভাবে নিশ্চয়ই করা হবে। কিন্তু আপাততঃ একে কার্যকরী করার জন্য আগামি দু বছরের জন্য এ্যাড-হক কাউন্সিল করার কথা বলা হয়েছে। এই কথা উপলব্ধি করে আশা করি আপনারা সকলেই বিলটিকে সমর্থন করবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্য মন্ত্রী দি ওয়েষ্ট বেঙ্গল মেডিকেল কাউন্সিল(টেম্পোরারি সুপারসেসান) বিল, ১৯৮৫ হাউসের সামনে নিয়ে এসেছেন, মূল আইনে আমরা দেখতে পাচ্ছি ষ্টেট গর্ভনমেন্টের ৪ জন নমিনেটেড্ মেম্বারস ছিলেন, আর ১৫ জন ইলেকটেড্ হতেন। ৫ বছরের জন্য এদের টার্মস ধরা হত। আমরা দেখতে পাচ্ছি ১৯৭০ সালে নির্বাচন হয়েছিল, তারপর আর নির্বাচন হয়নি। সেটা শুধু বামফ্রন্ট সরকারের দোষ নয়, তার আগেকার সরকারেরও নিশ্চয়ই দোষ ছিল এবং সেই দোষ স্বীকার করে নিতে আমাদের কোন দ্বিমত নেই। কিন্তু বর্তমান সরকারের'ও ৭ বছরের সময় অতিবাহিত হয়ে গেছে, এই সময়ের মধ্যে ত্রুটিগুলি দূর করা উচিত ছিল। এর মূল ফাংসানটা কি? মূল ফাংসান হচ্ছে মেন্টিনেন্স অব রেজিষ্ট্রারার- প্রাকটিসনার রেজিষ্টার মেনটেন করা, আর একটা হচ্ছে পাবলিকেসন অব রেজাল্টস অব মেডিকেল টেষ্ট একজামিনেসনস-

এইগুলি ঠিকমত দেখাশুনা করাই হচ্ছে প্রধান কাজ। এখানে পরীক্ষা সংক্রান্ত ব্যাপার আছে, পরীক্ষক এনলিস্টেডের ব্যাপার আছে। কারা পরীক্ষক হবেন সে সম্বন্ধে মতামত দেওয়ার একটা গুরু দায়িত্ব কাউন্সিলের উপর ন্যস্ত আছে। এত বড় একটা গুরুত্বপূর্ণ বিষয়ে এ্যাড-হক কমিটি করে দিয়ে সমস্যার সমাধান করতে যাওয়র ব্যাপারে আমার পূর্ববর্তী বক্তা মান্নান সাহেব অনেকগুলি কথা বলে গেলেন। আমার বক্তব্য হচ্ছে এটা করা কি যুক্তি সঙ্গত হচ্ছে? নির্বাচিত প্রতিনিধিদের নিয়ে এই সমস্যার সমাধান করা উচিত ছিল। আপনারা যথেষ্ট সময় পেয়েছেন আপনারা দু বছরের দু বছরের জন্য এ্যাড-হক কমিটি করে দিচ্ছেন। দু বছর না করে এক বছর করে সেই সময়ের মধ্যে নির্বাচিত সদস্যদের হাতে ক্ষমতা হস্তান্তরিত করতে পারতেন এবং সেটাই সব চেয়ে নিরপেক্ষ ও গনতান্ত্রিক পদ্ধতি হত এবং এর দ্বারাই প্রকৃত পক্ষে সমস্যার সমাধান হত। কিন্তু আমরা দেখতে পাচ্ছি কাউন্সিল ডেভেলাপমেন্টের ব্যাপারে বিভিন্ন ক্ষেত্রে বাধা সৃষ্টি হয়েছে।

**[5.30—5.40 p.m.]**

কাউন্সিল যে কিভাবে ঠিকমত কাজ করবে তা আমরা বুঝতে পারছি না! যে দায়িত্ব কাউন্সিলের ইলেক্টেড্ প্রেসিডেন্টের উপর ন্যস্ত ছিল, তা আজকে এ্যাডহক্ বা চাপান কাউন্সিলের উপর দেওয়া হচ্ছে। এর ফলে আমরা আতঙ্কগ্রস্ত হয়ে পড়ছি। কারণ আমরা এই সরকারের এই জাতীয় বিভিন্ন এ্যাডহক্ কমিটি বা মনোনীত কাউন্সিলের বিভিন্ন ক্ষেত্রে যে কার্যকলাপ দেখছি তাতে আমাদের আতঙ্কগ্রস্ত হতে হচ্ছে। আমাদের আশঙ্কা হচ্ছে অনুরূপ কার্যকলাপ এ ক্ষেত্রেও দেখতে হবে। তবে আমি সে কথা এখনই নিশ্চিতভাবে বলছি না, কিন্তু প্রশ্ন মনে আসছে বলেই আমি প্রশ্নটি মন্ত্রী মহাশয়ের সামনে উপস্থিত করছি। ১৯১৪ সালের আইন ১৯৬৫ সাল পর্যন্ত ঠিক মত কার্যকরী ছিল, ১৯৬৫ সালের যে শেষ নির্বাচন হয়েছিল সেই নির্বাচনের নির্বাচিত প্রতিনিধিদের '৭০ সালে কার্যকলাপ শেষ হয়েছিল, কিন্তু তারপর থেকে আজ পর্যন্ত আর নির্বাচন হয়নি। এখানে আমাদের মনে আর একটা প্রশ্ন এসে যাচ্ছে, এই দীর্ঘ সময় কাউন্সিল কিভাবে কার্জ-কর্ম চালাল? বিশেষ করে বিগত কয়েক বছর কিভাবে চলেছে, সে কথা এখানে উল্লেখ করা হয় না, ফলে সে চিত্র আমরা পাচ্ছি না। এখানে গণতান্ত্রিক পদ্ধতির কথা বলা হয় এবং এখানে আজকে বলা হচ্ছে যে, এ্যাডহক্ কমিটি করলে কার্য পরিচালনার ক্ষেত্রে অনেক সুরাহা হবে। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে এতদিন পর্যন্ত কিভাবে, কি পদ্ধতির মধ্যে দিয়ে কাজ চলছিল? সে সম্বন্ধে একটা পূর্ণাঙ্গ ব্যাখ্যা দেওয়ার প্রয়োজন আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তা কিন্তু আমরা পাইনি। ফলে আজকেও যে পদ্ধতির মধ্যে দিয়ে কাউন্সিলকে পরিচালিত করার কথা ভাবা হচ্ছে যে পদ্ধতি সম্বন্ধে আমাদের মনের মধ্যে দ্বিধা দেখা দিচ্ছে। আগামী দিনে এই এ্যাডহক্ কমিটির কি কর্তব্য হবে, এটাকে আবার ভেঙে দিতে হবে কিনা তাও আমরা বুঝতে পারছি না। এই সব বিভিন্ন বিষয়গুলি ভেবে আমরা আতঙ্কগ্রস্ত হয়ে পড়ছি এবং আমরা চিন্তিত হয়ে পড়ছি। মাননীয় মন্ত্রী মহাশয়ও বিষয়ে চিন্তা করছেন কিনা আমরা জানি না। অবশ্য আমরা এ বিষয়ে 'লে-ম্যান', মাননীয় মন্ত্রী মহাশয় নিজে একজন ডাক্তার, তিনি এ বিষয়ে নিশ্চয়ই তাঁর সুচিন্তিত মতামত আমাদের কাছে উল্লেখ করবেন। আমি আশা করছি তিনি সুপরিকল্পিতভাবে, বিভিন্ন বিষয়ে চিন্তা ভাবনা করে এই সিদ্ধান্ত গ্রহণ করেছেন এবং তিনি সে গুলি আমাদের একটু বুঝিয়ে বলবেন। আমি জানি এই আইন সংখ্যাগরিষ্ঠতার জোরে পাশ হয়ে যাবে। তবুও আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, তিনি এটা দু'বছর না করে এক বছর করুন। এই পরিপেক্ষিতে মাননীয় সদস্য আবদুল মান্নান যে সংশোধনী গুলি দিয়েছেন সে গুলিকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সরল দেব :** মিঃ স্পীকার, স্যার, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় ওয়েষ্ট বেঙ্গল মেডিকেল কাউন্সিল (টেমপোরারি সুপারসিসন) বিল, ১৯৮৫ এখানে উত্থাপন করেছেন। এই বিলের উপর আমাদের বিরোধী দলের মাননীয় সদস্য আবদুল মান্নান সাহেবের এবং কাশীনাথ মিশ্র মহাশয়ের বক্তব্য শুনলাম। তা এ্যাডহক্ কাউন্সিল করার ব্যাপারে ওঁদের এত আপত্তির কি আছে জানি না। ১৯৬৫ সালে যে কাউন্সিল গঠিত হয়েছিল সে কাউন্সিলের মেয়াদ ১৯৭০ সালে উত্তীর্ণ হয়ে গিয়েছিল, কিন্তু তারপরে দীর্ঘ দিন কোনো রকম সুষ্ঠ ব্যবস্থা গ্রহণ করা হয়নি। ডাঃ জয়নাল আবেদিন এখানে বসে বসে চিৎকার করছেন, কিন্তু তিনি এখানে ঐ সময়ে মন্ত্রী ছিলেন, তিনিও কোনো ব্যবস্থা গ্রহণ করে যাননি। আমরা জানি বর্তমান কাউন্সিলের বিভিন্ন সময়ের বিভিন্ন অর্ডার চ্যালেঞ্জ হয়েছে। সেই জন্য এ বিষয়ে পরে একটা এ্যামেন্ডমেন্ট বিল আনা হবে, এখন সাময়িকভাবে দু'বছরের জন্য একটা এ্যাডহক্ কাউন্সিল করা হচ্ছে। ১৯১৪ সালের বেঙ্গল মেডিকেল কাউন্সিল য়্যাক্টের মধ্যে বর্ধমান মেডিকেল কলেজ এবং নর্থ বেঙ্গল মেডিকেল কলেজের সম্বন্ধে কোনো উল্লেখ ছিল না। আজকে এখানে যে প্রস্তাবিত বিলটি উত্থাপিত হয়েছে এই বিলের মধ্যে নর্থ মেডিকেল কলেজ এবং বর্ধমান মেডিকেল কলেজকেও রাখার ব্যবস্থা করা হয়েছে। West Bengal Medical Council for a limited period with a view to facilitating the re-organisation in the light of the changed circumstances where two other Medical Colleges,viz., Burdwan Medical College and North Bengal Medical Colleges, are now actively concerned in the field of medical studies by which were not represented in the earlier Council. আরলিয়ার ছিল না, এবার সেটা রাখার ব্যবস্থা হয়েছে। আপনারা দেখেছেন, প্রথম থেকে সুরু করে - বিলের মধ্যে আছে - কারা কারা থাকবেন। সুতরাং পলিটিকস-এর গন্ধ কোথায় এল? রাজনীতির গন্ধ কোথায় এল তা আমি বুঝতে পারছি না। আপনারা জানেন, ১৯৭০ সালে এর মেয়াদ শেষ হয়ে গেছে। ১৯৬৫ সালে নির্বাচন হয়েছিল। বেঙ্গল মেডিক্যাল য়্যাক্ট ১৯১৪ অনুসারে ১৯৭০ সালের ১৮ জুন মেয়াদ শেষ হয়ে গেছে। দীর্ঘদিন নিবাচন হলো না। নির্বচিন না হওয়ার ফলে প্রত্যেকটি অর্ডার মাঝে মাঝে চ্যালেঞ্জ হতে লাগলো এবং এর ফলে কাজের অসুবিধা হতে লাগলো। এই কাজের অসুবিধা হবার ফলে ২ বছরের জন্য একটা টেম্পোরারী সুপারসেসান করা হয়েছে এবং বলা হয়েছে কোন অবস্থাতেই ৩ বছরের অধিক যাবে না। যদি গর্ভনমেন্ট মনে করেন তাহলে ৬ মান্থস এক্সটেনসান করতে পারেন কিন্তু নট একসিডিং থ্রি ইয়ারস। সুতরাং এতে আপত্তির কি আছে? জয়নাল সাহেবরা ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত ছিলেন কিন্তু কিছু করলেন না কেন? সেইজন্য আমি মনে করি এটার সুবিধার্থে করা হয়েছে এবং মাননীয় মন্ত্রী মহাশয় আর একটু আগে করলে ভাল করতেন, বিলম্বে এটা এনেছেন। যাইহোক তারজন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। তিনি কাজকে সুচারুভাবে পরিচালনা করবার জন্য এনেছেন সেইজন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। উনি যেহেতু পশ্চিমবাংলার স্বার্থে কাজ করছেন সেহেতু বিরোধী দলের সদস্য মান্নান সাহেব এবং কাশীবাবু ভূত দেখছেন। এতে কোথায় দলের লোক আছে আমি তা বুঝতে পারছি না। এটা দেখুলে বুঝতে পারবেন এতে আছে, One registered pratitioner, being a Licentiate in medicine; two registered practioners, being Graduates in medicine; one representative of the Department of Health and Family Welfare, Government of West Bengal; one representative of the Director ate of Health Services, Government of

West Bengal; three persons nominated by the State Government. সুতরাং ভুত নয়। তাই মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন সেই বিলটিকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুভাষ গোস্বামী :-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় স্বাস্থ্য দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় দি ওয়েষ্ট বেঙ্গল মেডিক্যাল কাউন্সিল (টেম্পোরারি সুপারসেসান) বিল, ১৯৮৫ নামে যে বিলটি উৎথাপন করেছেন আমি তা সমর্থন করছি। এই বিলের আলোচনার সূত্রপাত ঘটিয়ে বিরোধী দলের মাননীয় সদস্য মান্নান সাহেব তাঁর বক্তৃতায় নির্বাচিত সংস্থা ডেমোক্রেটিক নব্‌মম্‌ ইত্যাদি কয়েকটি বড় বড় শব্দ ব্যবহার করলেন। কিন্তু তিনি একবারও বললেন না, বর্তমানে যারা কাউন্সিলের ক্ষমতা অধিকার করে বসে আছেন তাঁরা কোন্‌ গণতান্ত্রিক অধিকার বলে আজ দুই দশক ধরে এইভাবে ক্ষমতা কুক্ষিগত করে রেখেছেন? মাননীয় অধ্যক্ষ মহোদয় আমরা জানি বিভিন্ন জায়গা থেকে কথাবার্তা হয় যে, মেডিকেল কাউন্সিলে বাস্তু ঘুঘুরা বাসা বেঁধেছে। সুতরাং তাঁদের না বিদায় দিলে তাঁরা নিজেরা বিদায় নেবেন না। সুতরাং আজকে যে সুপারসেসান বিল আনা হয়েছে এটা খুবই যুক্তিসঙ্গত এবং ন্যায় সঙ্গত হয়েছে। নির্বাচিত সংস্থাকে যদি ক্ষমতা তুলে দিতে হয় তাহলে এইভাবে ওদের বিদায় দিয়ে এ্যাড-হক কমিটি করে সেই এ্যাড-হক কমিটি দিয়ে আবার নতুন করে নির্বাচনের মাধ্যমে কাউন্সিল গঠন করতে হবে - এছাড়া আর কোন উপায় নেই। তাই যথার্থভাবে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় এই বিল উৎথাপন করেছেন। একটা জায়গায় দেখুন, বিলের অবজেক্টস এ্যান্ড রিজিনে দেওয়া হয়েছে, যেহেতু পুরাতন বিলে নর্থ বেঙ্গল মেডিক্যাল কলেজ এবং বর্ধমান মেডিক্যাল কলেজের রিপ্রেজেনটেসান ছিল না সেই উদ্দেশ্যে এই বিল আনা হয়েছে। কিন্তু এটা একটা টেম্পোরারি সুপারসেসান বিল, এই বিলের উদ্দেশ্যে যা বলা হয়েছে তার দ্বারা এটার স্থায়ীভাবে সমস্যার সমাধান হবে না। কারণ তিনি মূল আইনের সংশোধন আনেননি। ১৯১৪ সালের যে মেডিক্যাল য়্যাক্ট তার কোন সংশোধন আনেননি।

**[5.40—5.50 p.m.]**

এখানে তিনি যেটা করেছেন সেটা হচ্ছে একটা অস্থায়ী ব্যবস্থা, অর্থাৎ একটা এ্যাডহক কমিটি গঠন করেছেন। সেই এ্যাডহক কমিটিতে ঐ নর্থবেঙ্গল এবং বর্ধমান মেডিকেল কলেজের রিপ্রেজেনটেটিভ রাখার ব্যবস্থা করেছেন। কিন্তু এটা করলে নির্বাচিত মেডিকেল কাউন্সিল যখন হবে তখন তাঁরা থাকবেন না। এই বিলে তিনি বলেন নি যে মূল আইনটা এইভাবে সংশোধন করা হবে বা নুতন আইনের দ্বারা পুরাতন আইনকে রিপ্লেস করা হবে। এই প্রসঙ্গে একটা কথা বলতে চাই, এই যে বর্তমানে যে মেডিকেল কাউন্সিল আছে এই কাউন্সিলের কাজ কর্ম হচ্ছে ডাক্তারদের রেজিষ্ট্রেসন দেওয়া, তাদের বিভিন্ন নথিপত্র দেখে তাঁদের পার্টিকুলারস রাখা এবং ডাক্তাররা তাদের ক্ষেত্রে যে সমস্ত কাজকর্ম করে থাকেন মেডিকেল এথিক্স এবং মেডিকেল নর্মস অনুযায়ী তাদের সেই কাজকর্মে যদি কোন ত্রুটি বিচ্যুতি হয় সেই বিচ্যুতির ক্ষেত্রে শাস্তিমূলক ব্যবস্থার সুপারিশ করা। তাঁদের কাজের জন্য আজ পর্য্যন্ত তাঁরা কি ব্যবস্থা নিয়েছেন সেটা জানার কোন উপায় নেই। কিছু কিছু ডাক্তার আছেন যাঁরা কমার্শিয়াল সাইডে তাঁদের বৃত্তিটাকে গ্রহণ করেছেন তাঁদের প্রতি লক্ষ্য রাখাও এই কাউন্সিলের অন্যতম কাজ। স্বাস্থ্য এবং চিকিৎসা ব্যবস্থাকে যাতে সর্বাঙ্গীন সুন্দর করা যায়, এবং ডাক্তারদের উপর যা ন্যস্ত আছে সেগুলি সঠিকভাবে পালিত হচ্ছে কিনা সেটা দেখাই এই কাউন্সিলের কাজ। সেটা যাতে দেখতে পারেন সেই ব্যবস্থা থাকা দরকার। এই কথা বলে এই বিলকে সমর্থন করে

আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরাসরি প্রশ্ন। আপনি এই আইনটার তাৎপর্য বুঝতে পেরেছেন কি? সম্যকভাবে অবগত আছেন কি যে এর ইমপ্লিকেসনস কি? কারণ আপনারা এত আনাড়ী, ইমম্যাচিওর। ৩ বছরের কোর্স তো আপনিই চালু করেছিলেন? ইট ইজ আনফরচুনেট। আপনি অবগত আছেন এর ইমপলিকেসনস কি? This serious Department of Health is being managed not by a Cabinet Minister আপনি অবগত আছেন যে This is being managed by Dr. Ambarish Mukhopadhyay and the like. It is unfortunate for West Bengal. It is like a denegrated department. As such, the spirits of service to the people have not been fully realised by this gentleman. ওখান থেকে মাই বেষ্ট ফ্রেন্ড হরমোহন সিনহা মহাশয় ওয়াজ স্পিকিং এ্যাট ওয়ান পয়েন্ট অফ টাইম। আপনারা তারিখ ক্যালেন্ডার কিছু বোঝেন? ১৯৭০ সালে এখানে প্রেসিডেন্ট রুল ছিল না? আপনাদের আত্মকলহের জন্য তো সেকেন্ড ইউ.এল.এফ সরকার ভেঙ্গে গিয়েছিল। আপনাদের আত্ম কলহের জন্য বিকজ অফ ইওর কন্ট্রাডিকসনস ইলেকসন ডিউ ছিল, দেন ইট ওয়াজ আন্ডার প্রেসিডেন্টস রুল। সে জ্ঞানটুকুও আপনাদের নেই? ক্যালেন্ডার বোঝেন, কত দিনে মাস হয়, কত দিনে বছর হয় এ জ্ঞান আছে কিছু? নেকসট, দিস গভর্ণমেন্ট রানস উইথ এ্যাডোসিজম। আপনি অবজেক্টসে যে কথাটা বলেছেন নর্থ বেঙ্গলে কোন রিপ্রেজেনটেসন নেই। আপনি সেই মর্মে এ্যামেনডমেন্ট আনবেন তাতে সুপারসেসনের প্রয়োজনটা হল কেন? কিসের? ক্ষুধার? আপনারা কি নেকড়ে বাঘ, না নেকড়ে শিয়াল যে খেতে খেতে স্কুল বোর্ড খেয়েছেন, ইউনিভারসিটি খেয়েছেন, থাউজেনড অফ স্কুলস এ্যান্ড কলেজেস খেয়েছেন। জানেন না, এবার গলায় আটকে যাবে।

আজকে প্রথম কথা - এই গভর্ণমেন্টের নামটা পাল্টে দিন। দিস্ গর্ভণমেন্ট ইজ নট লেফট্ ফ্রন্ট, এ্যাড-হক ফ্রন্ট, নট এ লেফট্ ফ্রন্ট। হোয়াট ইজ দি এলিমেন্ট অফ লেফট্ ইন ইট? Why are you going to supersede Indian Medical Council, State Medical Council? Have you consulted the Indian Medical Council? What will be the status? কলেজগুলো সুপারসেশন করে আপনাদের ক্ষুধা মেটেনি। শিয়াল ছিলেন, নেকড়ে হলেন, এখন হায়না হয়ে গেছেন। আপনি যে অবজেকট করেছেন, Why are you becoming the hypocrities? what is the difference? Are you not hypocrites? Have you come here or elected by the people with the solemn assurance to hold the banner of democracy in the name of democracy? But you are practising otherwise it is absolutely an ad hoc Government আপনি যে ষ্টেটমেন্ট করেছেন. Where is the relevancy? Freinds, those who are complaining. আপনারা এটা বলতে পারতেন না কি যে, আমরা ইলেকশন করিনি? আপনারা এসে করতেন কি? চুরি করতেন, না শাড়ী পড়তেন? আজকে ইউ ডিল উইথ দি লাইভস্ অফ দি পিপল্। এর সঙ্গে এ্যাসোসিয়েটেড্ আছে কোয়েকারি। Have you given a thought over this? Irrespective of this, Council is to confer registration upon qualified medical practitioner. আপনি বলতে পারতেন যে, দুটি মেডিক্যাল কলেজ আছে, ১০টি বাড়তে পারে। You make suitable

amendment in the body of the original act that they will have representation there. Instead why did you propose to supersede it and that again for two years? I will ask-why not for 365 days and what is your logic, It is not again three years. আপনাদের ক্ষুধার তৃপ্তি নেই। তবে আপানারা বেশী দিন থাকবেন না। You will be failing then. It will correspond to failure here in your office. এই জিনিসটা নিয়ে ছেলেখেলা করা উচিত নয়। কারণ এখানে একটা প্রবলেম আছে - vis-a-vis, quackery and that of a movement. What about the lives of the people? The treatment of the people should not be trusted with the quacks. এখানে স্ক্রুটিনি হওয়া দরকার। During your regime you have vitiated the Medical examination and Medical studies. It has been denegrated. আগে, টু মাই নলেজ, আই পাসড্ দি এম.বি একজামিনেশন ৪১ ইয়ারস্ ব্যাক, সেই সময় এখান থেকে বাইরে গেলে এ্যাপয়েন্টমেন্টটা আগে আসতো এবং আমাদের যে হায়ার এডুকেশন দিতে হয়, I have not the privilege and you deny them. Honourable members should know that the degrees conferred here, the registration conferred here are not always recognised in the advanced countries. Priviously the degrees and registration were conferred after completion of medical course for six years including internship. Where are you going for advanced higher studies? তখন তাদের লুফে নিতো। আপনার এই ডেনিগ্রেশনের কি জবাব আছে? আপনি এর কোন ব্যবস্থা করবেন না? সুপারশেন করবেন! মাথায় টুপি পরে বসে আছেন, এখানে সাধু সাজবার চেষ্টা করছেন। ইউ আর অল হিপোক্র্যাটস্। আপনারা সাধু নন্, আপনি নিজে মহারাজাও নন্। আমরা রাজাকে তাড়িয়ে দিয়েছি ১০০ বছর আগে। Congress has done that 37 years back. But you people are beinging this Maharaja. কে মহারাজা? তিন জন পার্টির নমিনি আসবে, যেখানে এ রিকস-পুলার গুড্ হ্যাভ ওয়ান ভোট, বিড়লা শুড হ্যাভ ওয়ান ভোট, সেখানে ক্যাটাগরিক্যালি এখানে বললেন না কেন যে, এই ক্যাটাগরীতে এই distinguised persons should be appointed as government nominees গর্ভণমেন্ট নোমিনেশনের প্রভিশন সব আইনেই থাকে। আপনি এটা করছেন না কেন? এই ক্ল্যারিফিকেশন এখানে নেই কেন? কাজেই ভন্ডামী আছে ভেতরে। এদিকে নার্স-এর মাথা খেয়ে বসে আছেন। যেটা প্রাউড ছিল ওয়েষ্ট বেঙ্গলের - ক্যালকাটা থেকে এম.বি. পাশ করলে লুফে নিতো; এখান থেকে এ্যাডভান্সড ওয়ার্ল্ড - ইউ.কে, ইউনাইটেড ষ্টেটস্ এ্যাডভান্স এ্যাপয়েন্টমেন্ট পাঠিয়ে নিয়ে যেতো হোয়াইল আই ওয়াজ এ ষ্টুডেন্ট। সেঞ্চুরীর মধ্যে এত বড় প্রিমিয়ার ইনষ্টিটিটিউশন আর হয়নি। কিন্তু বর্তমানে এখানে কি অবস্থা? This is the state of affairs under the management of Dr. Ambarish Mukherjee and Shri Ramnarayan Goshwami who are fit for 'Thakurgar' and not for medical education.

Sir, they are not fit for management of medical education. Therefore, I crave your indulgence that let Chief Minister intervene into the Bill. Possibly he has not been consulted. Perhaps he has not

taken care to see that it has been discussed in the Cabinet. It is a serious matter - introducing three years degree course and subsequently withdrawing it. The Minister-in-charge of the Department has no knowledge that they are worthless and quacks and should not be trusted with this. Even they lack in common intelligence. Hence I do not support this Bill. I oppose it with all the energy at my command. Sir, I crave your indulgence that let this gentleman be sent to certain churches. They will be satisfied then. Let them eat banana or plantain there or whatever they like but they should not participate in such serious discussions.

**[5.50—6.00 p.m.]**

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ-** মিঃ স্পীকার স্যার, আমরা যা বলবার চেষ্টা করেছি তা স্টেটমেন্ট অফ অবজেকটস্ এ্যান্ড রিজন্স'এর মধ্যে পরিষ্কার করে বলা আছে। ১৯৭০ সাল থেকে কোন নির্বাচন হয়নি এবং একটা কমিটি জগদ্দল পাথরের মত বসে আছে। চিকিৎসা তথা শিক্ষা জগতের বুকের উপর - রেজিস্ট্রেশন জগতের বুকের উপর - বসে আছে। আমরা বলবার চেষ্টা করেছি যে, এরফলে শিক্ষার পরিধি আরও বেড়েছে। বর্ধমান মেডিকেল কলেজে এবং নর্থ বেঙ্গল মেডিকেল কলেজে এদের কোন প্রতিনিধি নেই। তাছাড়া, আরও একটা ব্যাপার আছে - আদালতের একটা ব্যাপার আছে। ১৯৭০ সাল থেকে কোন নির্বাচন হয়নি। তার কারণ আদালতে কিছু মামলা আছে। বারবার করেই কিছু কিছু মামলা এবং ইনজাংশন হয়েছে। এর সঙ্গে যখনই রুল জারী করেছেন এবং সেই রুল পারমানেন্ট হয়েছে, তখন বলা হয়েছে যে, যিনি মামলা করেছেন, তাঁকে বাদ দিয়ে নির্বাচন করা হোক এবং মূল নির্বাচন হবে এই মামলার চূড়ান্ত রায় সাপেক্ষে নির্বাচনে যে কমিটি হবে, তা হবে চূড়ান্ত রায় সাপেক্ষে একটা কমিটি। আবার আইনজ্ঞের পরামর্শ নেওয়া হল। তাঁরা বললেন এটা এ্যাড-হক ইলেকশান হবে। তাহলে বলুন নির্বাচন আপনি করবেন কি করে? এরপরে রুল যে কি হবে, তা আমাদের জানা ছিল না। কেবলমাত্র নিবার্চন হলে এবং কমিটি কনষ্টিটিউট হলে তবেই তা জানা যাবে- এই ছিল তখন অবস্থা। কাজেই, এই ভাবে কাজের কাজ কিছু হতে পারে না। এরপরে আছে ১৯৭৩ সালের ঘটনা। এখানে আমাকে বলতেই হচ্ছে- আসলে পড়াশোনা না করলে কিছু হয়না। এই কথা আমি আগেও অনেকবার বলেছি! এখানে এসে বক্তব্য রাখছেন, যারমধ্যে কোন যুক্তি নেই। গলার জোর, অসুরের শক্তিতে চীৎকার করে গালাগালি করে আসর মাৎ করার চেষ্টা ছাড়া আর কিছুই আমরা দেখতে পাচ্ছি না। আমি কিন্তু ঐ স্তরে নামতে পারব না। উনি হয়ত জানেন না যে, ঐ বছরের রুলে কি বলা ছিল? সেখানে বলা হয়েছিল - It was absolute in favour of Dr. Roy. এরপরে ঐ ইনজাংশনের বিরুদ্ধে এ্যাপিল করা হয়েছিল। সেই এ্যাপিল সম্পর্কে আজ পর্য্যন্ত কোন খবর নেই। এছাড়া আরও কিছু কিছু ডাক্তার ইনজাংশন জারী করলেন, এর-মধ্যে বর্ধমান মেডিকেল কলেজের Dept. of Microbiology'র ডঃ ভট্টাচার্য্যও আছেন। ওঁরা প্রশ্ন তুলেছিলেন - এটা চলতে পারে কি চলতে পারে না বলে। যখনই কাউন্সিল কোন এ্যাকসন নিয়েছে, তখনই চ্যালেঞ্জ করা হয়েছে, তখনই সেখানে রুল জারী হয়েছে, ইনজাংশন হয়েছে। একটা প্রশ্ন এই প্রসঙ্গে আসে - ওঁরা প্রশ্ন তুলেছিলেন, তাহলে এতদিন কাজকর্ম চলল কেন? এই প্রসঙ্গে আমার কিছু বলার আছে সেটা

হচ্ছে যে, সাব-সেকসন(২) অফ বেঙ্গল মেডিকেল এ্যাক্ট, ১৯১৪, অফ দি অফিস, ৫ বছরে টার্মের কথা বলা আছে। সুতরাং ৫ বছরের অংশ হিসাবে আমরা এতদিনের কাজকর্মগুলোকে সঙ্গত বলে মনে করেছি। আমরা সাব-সেকসন (২) এর ধারা অনুসারে সাবজেক্ট টু দি কেসেস্ হুইচ আর পেন্ডিং ইন দি হাই কোর্ট' নিয়ে আইনজ্ঞদের সঙ্গে আলোচনা করেছিলাম এবং তাদের পরামর্শ নিয়েছিলাম যে এই কেসগুলো নিয়ে কি করা যায়। এর মধ্যে অনেকে মারা গেছেন, অনেক মামলা ঝুলে আছে - ইত্যাদি নিয়ে আমরা পরামর্শ নিয়েছিলাম। আজকের দিনের এথিক্স তো আমরা সবাই জানি। সেই দিকে লক্ষ্য রেখেই আমরা আলোচনা করেছিলাম এবং জানতে চেয়েছিলাম যে, আমাদের কি করতে হবে এবং নির্বাচন করা যেতে পারে কিনা। নির্বাচন যদি আমাদের করতে হয়, তাহলে প্রচলিত এ্যাক্টের এ্যামেন্ডমেন্ট করতে হবে। ১৯১৪ সালে একটা এ্যাক্ট তৈরী হয়েছিল এবং ১৯৫৬ সালে সামান্য একটা এ্যামেন্ডমেন্ট হয়েছিল মাত্র। বঞ্চিত মানুষের জন্য সেটা কি যথেষ্ট? বর্তমানে মানুষের দৃষ্টিভঙ্গীর পরিবর্তন হয়েছে, ডাক্তারদের সামনে আজকে নতুন একটা এথিক্স আমরা দেখতে পাচ্ছি। কিছু ডাক্তার যেমন বিপথগামী হয়েছেন, তেমনি অনেক ডাক্তার নতুন চিন্তা ও ভাবনা নিয়ে, চেতনা নিয়ে ডিসএ্যাডভান্টেজ গ্রুপ অফ পিপলের জন্য কাজ করছেন। কাজেই, এই প্রসঙ্গে আমাদের ঐ আইনকে যুগোপযোগী করতে হবে। ইংরেজ আমলে ১৯১৪ সালে একটা এ্যাক্ট তৈরী হয়েছিল এবং ১৯৫৬ সালে ঐ এ্যাক্টের মার্জিনাল একটা এ্যামেন্ডমেন্ট হয়েছিল। সেই আইনের এ্যামেন্ডমেন্ট কি এতই সহজ? হ্যাঁ, এই জন্যই পড়তে হবে, জানতে হবে এবং বুঝতে হবে। এগুলো নিয়ে আমরা আলোচনা করেছিলাম। আলোচনা করে আমরা যখন প্রায় সব ঠিক করে ফেলেছিলাম যে এর এ্যামেন্ডমেন্ট করবো, ইন দি মিন্ টাইম সার্কুলেশান হতে শুরু করলো। নানা রকম সংবাদ বেরোতে শুরু করলো, দিকে দিকে সমালোচনা হতে শুরু করলো। ১৯৭০ সালে নির্বাচন হয়েছে, তারপরে আজ পর্যন্ত কোন নির্বাচন হল না, ২০ বছর ধরে একটা কমিটি বসে আছে। আমরা তখন ঠিক করছিলাম যে কি করে উপায় বার করা যায় - ইন দি মিনটাইম আমরা কমিটিগুলিকে রিভাইভ করতে শুরু করেছিলাম। কিন্তু আইন আছে - সেই অনুযায়ী রুল্‌স্ জারী হয়েছে, ইনজাংশন হয়েছে। এই অবস্থায় আমরা কি করতে পারি? আমরা তখন দেখলাম, একমাত্র উপায় হচ্ছে টেম্পোরারী একটা এ্যাড-হক কমিটি তৈরী করা, এছাড়া আর কোন উপায় নেই। আইনজ্ঞদের পরামর্শ আমরা নিয়েছি। আমরা এ্যাড-হক কমিটি করেছি, সুপারসিড্ করেছি - এই সব বলে আমাদের বিরুদ্ধে আপনারা অভিযোগ করেছেন। আমরা সুপারসিড্ করেছি এই জন্য যে, - এবং যা কিছু আমরা করতে চেয়েছি - তারমধ্যে দলবাজী কিছু করতে চেষ্টা করিনি। কোন রকম দলবাজী এরমধ্যে নেই। এরমধ্যে ডাক্তাররা থাকবেন, ইউনিভার্সিটির সদস্যরা থাকবেন, বিভিন্ন মেডিকেল কলেজ থেকে প্রতিনিধিরা থাকবেন এবং চিকিৎসা ক্ষেত্রে যাঁরা প্রখ্যাত প্রাকটিশনার, তাঁরা থাকবেন। এই ভাবে যদি কিছু হয়ে থাকে, তাহলে এরমধ্যে দলবাজীর কি আছে? এরমধ্যে ৩ জন সরকারী প্রতিনিধি থাকবেন। সুতরাং এরমধ্যে পলিটিক্যাল উইল কি আছে? আমাদের একটা দৃষ্টিভঙ্গী আছে, সে সম্বন্ধে তো আমরা বারবার বলেছি এবং আবার অবতারণা করে বলতে চাই যে, আমাদের বামফ্রন্ট সরকারের দৃষ্টিভঙ্গী হচ্ছে ডিসএ্যাডভান্টেজ মানুষের জন্য কাজ করা। যারা বঞ্চিত মানুষ, তাদের স্বার্থ আমাদের দেখতে হবে। ডাক্তারদের মধ্যে যে নতুন এথিক্স আছে, তা আমাদের দেখতে হবে। ডিসএ্যাডভান্টেজ মানুষের মধ্যে যদি সেই এথিক্স পৌঁছে দিতে হয় - যে সমস্ত ডাক্তার বঞ্চিত মানুষের জন্য কাজ করছেন, তাঁদের কথা যদি আমাদের ভাবতে হয়, তাহলে আমাদের তা নিশ্চয়ই দেখতে হবে। এরমধ্যে এত রাগারাগী করার কি আছে? ডাঃ জয়নাল আবেদিন সাহেব ডিগ্রির কথা তুলে অনেক ডিফিকাল্টিজের কথা বললেন। উনি বললেন যে, আমাদের

এখান থেকে পাশ করা ডাক্তারদের বাইরে রিফিউজ করছে। এখানকার স্ট্যান্ডার্ড অনেক নেমে গেছে। আমি বলব, হি ডাজ নট নো। জয়নাল সাহেব, আপনি রাগবেন না, আই রিফিউজ টু বি একসাইটেড্। বিলেতে এবং আমেরিকার ওদের আমলে রেকগনাইজ করতেন, এখন করছেন না - এটা ঠিক নয়। উনি আসলে জানেন না। এ নিয়ে অনেক আন্দোলন হয়েছে। রিফিউজের ব্যাপার তো রেসিপ্রোক্যাল ব্যাপার। আমরা তো এগুলো করিনা। এফ.আর.সি.এস., এম.আর.সি.পি.দের আমরা রিফিউজ করিনি, এগুলো তো দিল্লী করেছে। আমাদের গালাগালি করলে হবে না, যান না, দিল্লীতে গিয়ে বলুন না একবার? আমরা ইন্টার মেডিকেল কাউন্সিল করেছি। আজকে বিলেতে এবং আমেরিকাতে এমনই আবহাওয়া সৃষ্টি হয়েছে যে, সেখান থেকে সব ডাক্তারই ফিরে আসছেন। তাঁরা ফিরে আসছেন শুধু দেশের প্রতি [illegible] জন্য বা বাংলার জন্য প্রাণ কাঁদছে বলে, তা কিন্তু নয়। ওঁদের সেখান থেকে ঝেঁটিয়ে বিদায় করা হচ্ছে। এই বিষয়ে আমি আর বিশেষ কিছু বলতে চাই না। তবে আমি বলব যে, অকারণ আমাদের গালাগালি করার চেষ্টা করা হচ্ছে। আমাদের যা করতে হয়েছে তা শুধু রেসিপ্রোক্যাল বেসিসেই আমরা ডি-[illegible]ড্ করে দিয়েছি। এটা আসলে করেছেন ওঁরাই। সেখানে যে সমস্ত পোষ্ট গ্র্যাজুয়েট এবং আন্ডার গ্রাজুয়েট কাজ করছেন, তাঁরা সবাই ফিরে আসছেন। ওঁদের এফ.আর.সি.এস., এম.আর.সি.পি.দের আমরা রেকগনাইজড্ করিনা। আপনি এটা জানেন যে, ইন্ডিয়ান মেডিকেল কাউন্সিল করেন। এটা রেসি[illegible] একটা ব্যাপার। কাদের ওঁরা রেকগনাইজড্ করবেন কি করবেন না, তা ওঁরাই ঠিক করেন। আমাদের কলকাতা এবং অন্যান্য যে সমস্ত বিশ্ববিদ্যালয় আছে সব ক্ষেত্রেই তুলনা মূলকভাবে শিক্ষার ষ্টান্ডার্ড অনেক উন্নত হয়েছে। একথা আজ সকলেই জানেন।

**[6.00—6.10 p.m.]**

আপনারা ভাবছেন শেষের দিনে চীৎকার করে বাজার মাৎ করবেন তা কিন্তু হয় না। আমরা অনেক উন্নতি করেছি, আপনারা লক্ষ্য করতে পারেন নি। প্রতিদিন আমাদের ছেলেরা বাইরে পড়াশুনা করতে যাচ্ছে এবং সেখানে গিয়ে খুব ভালো রেজাল্ট করছে। আমি ঐ সম্বন্ধে গতবারও বলেছি যে আমরা ৩ বছরের কোর্স করেছি, হাউ ক্যান্ট হ্যাভ ইট ইন বোথ ওয়েজ। আপনি একবার নেকড়ের সঙ্গে দৌড়াবেন আবার খরগোসের সঙ্গে দৌড়াবেন তা হয় না। আমরা সাবসটেনটিভ পলিসি চালু করবার চেষ্টা করেছি তাতেও আপনারা আপত্তি করেছিলেন, চিৎকার করতে শুরু করেছিলেন। আমি আপনাদের শুধু এইকথাই বলবো যে ভালো করে বোঝাবার চেষ্টা করুন। আপনি প্রবীণ লোক একটা রুচিসম্মত, যুক্তি সঙ্গত প্রস্তাব রাখুন। এরপরে আমি যেটা বলেছি যে ৩ বছরের মধ্যে সীমাবদ্ধ করেছি সেই আইনটাকে পাল্টাতে হবে। সেই আইনটা পাল্টাতে গেলে রাতারাতি হবে না তারজন্য আলোচনা করতে হবে, অনেক পরামর্শ করতে হবে, সময় লাগবে, তবে সেই আইনের পরিবর্তন আমরা করবো। সেই পরিবর্তন করতে গেলে এ্যাসেম্বলীর এ্যাসেন্ট নিতে হবে এবং রাষ্ট্রপতির এ্যাসেন্ট নিতে হবে। সেইজন্য আমি মনে করছি ২ বছরের মধ্যে করবো, তাতে হয়তো ৬ মাস আরো সময় লাগবে কিন্তু আমরা ৩ বছরে বাড়াবো না। আপনাদের সময়ে ১৯৭১-৭২-৭৩-৭৪-৭৫-৭৬ সালে কোন নির্বাচন হয় নি, কেন নির্বাচন করেন নি। আপনারা ৬ বছরের মধ্যে কোন নির্বাচন করেন নি, কি যুক্তি রাখবেন এর উপরে। আপনারা পঞ্চায়েতের নির্বাচন করেন নি, এর উপর কি যুক্তি রাখবেন? কাজেই যা বলবেন যুক্তিসঙ্গত বলবেন কারণ এটার সঙ্গে অনেক পয়েন্ট অফ ল ইনলভ্ড্ এবং অনেক পয়েন্ট অফ ফ্যাক্টস ইনভলভ। তাছাড়া অন্যান্য অনেক কারণ আছে - চিকিৎসা ক্ষেত্রের পরিধি আরো

বাড়াতে হবে, আরো বেশী গণতান্ত্রিকরণ করতে হবে যাতে মানুষের মধ্যে সেবা আমরা আনতে পারি, এই জন্য অনেক পরিবর্তন করতে হবে। সুতরাং আমি যেটা এনেছি সেটা ডাঃ জয়নাল আবেদিন সাহেব বোঝাবার চেষ্টা করুন, আপনি অযথা ভুল বুঝবেন না এবং আপনি যে উপদেশগুলি দিয়েছেন সেগুলি আশা করি প্রত্যাহার করে নেবেন এবং আনন্দের সঙ্গে আমাকে ধন্যবাদ জানিয়ে এই বিলকে সমর্থন করবেন কারণ এতোদিন যা হয় নি আমরা তা করতে পেরেছি যদিও বিলম্ব হয়েছে।

**Mr. Deputy Speaker :** There is one amendment (amendment no.1) by Shri Abdul Mannan. Shri Mannan may move his amendment.

**Shri Abdul Mannan :** Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th September, 1985.

**Dr. Ambarish Mukhopadhyay :** I do not accept.

The motion that the Bill be circulated for the the purpose of eliciting opinion there on by the 30th september, 1985 was then put and lost.

The motion of Dr. Ambarish Mukhopahyay that the West Bengal Medical Council (Temporary Supersession) Bill, 1985, be taken into consideration was then put and agreed to.

**Clauses 1 and 2**

The question that clauses 1 and 2 do stand part of the Bill, was then put and agreed to.

**Clause - 3**

**Shri Abdul Mannan:** Sir, I beg to move that in clause 3, sub-clause (1), line 2, for the words "two years", the words "one year" be substituted. স্যার, মন্ত্রী মহাশয় বললেন যে ২ বছরের মধ্যে করবেন ৩ বছর যাবে না। কিন্তু আপনাদের হ[illegible] যা মেয়াদ তাতে আমার মনে হয় আপনারা ওই টাইম পর্যন্ত তো থাকবেন না। কাজেই আমি বলছি দয়া করে ওই টাইমটা এক বছর করে দিন।

**Dr. Amborish Mukhopadhyay :** I do not accept the amendment.

The motion of Shri Abdul Mannan that in clause 3, sub-clause (1), line 2, for the words "two years", the words "one year" be substituted, was then put and lost.

The question that clause 3 do stand part of the Bill, was then

put and agreed to.

**Clause 4**

The question that clause 4 do stand part of the Bill, was then put and agreed to.

**Clause 5**

**Shri Kashinath Misra :** Sir, I beg to move that in clause 5, for sub-clause (2), the following sub-clause be substituted, namely :-

"(2) The Members referred to in clauses (a) to (e) of sub-section (1) shall be elected by the respective bodies and the Members referred to in clauses (f) to (i) of subsection (1) shall be nominated by the State Governmnet."

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ক্লজ ৫-এ এ টু ই যেখানে এডুকেশান অব্ দি ফ্যাকালটি আছে সেখানে ইলেক্‌টেড পারসনসরা আসুন সেইজন্য এই এ্যামেন্ডমেন্ট দিয়েছি। আমি আগেই বলেছি যে শুধু কংগ্রেসীদের উপর দোষারোপ করবেন না, আপনারাও সেই একই দোষে দুষ্ট হচ্ছেন। যেখানে নির্বাচন হওয়া উচিত ছিল সেখানে নিবার্চন হয়নি। যে অসুবিধা হচ্ছে সেই অসুবিধা দূর করবার জন্য চিন্তা করছেন, অথচ একটা চাপান কমিটি, এ্যাড-হক কমিটি করে দিচ্ছেন। এটা হতে পারে না।

**Shri Abdual Mannan :** Sir, I beg to move that in clause 5, for sub-clause (3) the following sub-clause be substituted, namely :-

"(3) The President of the ad-hoc Council shall be elected from amongst its Members."

আমরা যেটা বলছিলাম সেটা হচ্ছে কাউন্সিলের চেয়ারম্যানকে নোমিনেটেড না করে তার ইলেকশানের ব্যবস্থা করে দিন।

**Dr. Ambrish Mukhopadhyay :** স্যার, আমি এই এ্যামেন্ডমেন্ট গ্রহণ করতে পারছি না।

The motion of Shri Kashinath Mishra that in clause 5, for sub-clause (2), the following sub-clause be substituted, namely :-

"(2) The Members referred to in clauses (a) to (e) of sub-section (1) shall be elected by the respective bodies and the Members referred to in clauses (f) to (i) of sub-section (1) shall be nominated by the State Government".and

The motion of Shri Abdul Mannan that in clause 5, for sub-clauses (3) the following sub-clause be substituted, namely :-

"(3) The President of the ad-hoc Council shall be elected from amongst its Members".

were then put and lost.

The question that clause 5 do stand part of the Bill, was then put and agreed to.

**Clauses 6 to 9 and preamble**

The question that Clauses 6 to 9 and preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Dr. Ambarish Mukhophdhyay :** Sir, I beg to move that the West Bengal Medical Council (Temporary Supersession) Bill, 1985, as settled in the Assembly, be passed.

**[6.10 – 6.20 p.m.]**

**ডাঃ জয়নাল আবেদিন ঃ-** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মন্ত্রী মহাশয়কে আবার বলি বিষয়টা বোঝার চেষ্টা করুন, ভাঁওতা দেবেন না। ইউ আর কমিটেড টু ডেমোক্রেসী। দি সিসটেম ইজ বিয়িং অ্যাটাক্টড ইনসিসটেন্টলী

(নয়েজ)

আপনি নিশ্চয়ই জানেন ৩০ দিনে মাস হয় এবং ৩৬৫ দিনে বছর হয়। তাহলে কেন এটা কন্টিনিউ করছেন? আপনার জ্ঞান - গম্মি এত লোপ পেল কেন? ইট ইজ অব এ সিরিয়াস ন্যাচার। কিন্তু আমি আপনাকে চ্যালেঞ্জ করে বলছি ইউ হ্যাভ নট ডেন্ট উইথ। এই ব্যাপারে শুধু আমরাই নয়, IMA Congress, Medical Practitioner and all India Medical Council all opposed your scheme of three-year course-bare-footed doctor- do you know? You have absolutely misled the House. Where are the records? If you can prove a single word, Mr. ad-hoc Minister then I will immediately resign. I will immediately resign if you can find a single element of Dr. Zainal Abedin or for that matter anybody who has supported the scheme of three-year course-the bare-footed doctors. In fact, we opposed tooth and nail it.

সেইজন্যই বলি রজনী ধীরে, সব কিছু কিছু গিলে খেওনা। আমাদের কথা তখন শোনেন নি আমরা বলেছিলাম এর প্রিন্সিপল - টাই হচ্ছে আনডেমোক্রেটিক। পলিটিক্যাল ইন্সট্যাবিলিটি - These elements -these ad-hoc elements introduced the political instablity. Hence the election was not possible. সেইজন্য অনুরোধ করি ইট ইজ দি হায়েস্ট বডি ইন দি স্টেট ট্রাস্টেড উইথ দি রেজিস্ট্রেসন অব কোয়ালিফাইড প্রাক্টিসনার্স। আপনি অসত্য ভাষণ দেবেন না। আপনি কি জানেন না, অল সিভিলাইজড ওয়ার্ল্ড হ্যাভ ডিরিকগনাইজড্ আওয়ার ডিগ্রিস, ডিপ্লোমাস্ এ্যান্ড রেজিস্ট্রেসন? আমাদের বিদেশে পড়তে গেলে অসুবিধা হয়। ইন

ম্যানিলা অর সিঙ্গাপুর অর হংকং they do not recongnise us. Then as a reciprocal measure you have accepted it. It is a humiliation to me as an Indian, and as a Bengalee. I am a student of Calcutta Medical College and not Bhagalpur Medical College. I am a student of Calcutta Medical College and I feel denigrated. I feel humiliated. Please correct your measure to improve the standard of education and registration here and eliminate quackery and have wise thinking.

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় :-** রেকর্ড থাকলে দেখবেন ডাঃ শিশির বসু বলেছেন এবং ডাঃ আবেদিন আপত্তিও করেছিলেন। যাহোক, আমরা যখন এটাকে সাসপেন্ড করলাম তখন কেন আবার সমালোচনা করছেন? ইউ মাস্ট বি ভেরি ক্লিয়ার এ্যাবাউট ইট।

The motion of Dr. Ambarish Mukhopadhayay that the West Bengal Medical Council (Temporary Sepersession) Bill, 1985, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

## THE LEPERS (WEST BENGAL REPEALING) BILL, 1985

**Shri Ram Narayan Goshami :** Sir, I beg to introduce the Lepers (West Bengal Repealing) Bill, 1985.

(Secretary then read the Title of the Bill)

**Shri Ram Narayan Goshwami :** Sir, I beg to move that the Lepears (West Bengal Rapealing) Bill, 1985, be taken into consideration.

**শ্রী কাশীনাথ মিশ্র :-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় স্বাস্থ্য দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় কুষ্ঠরোগ নির্মূল হয়ে যাবে ২ হাজার সালের মধ্যে, এই সংক্রান্ত ব্যাপারে একটা রিপিল আইন যা আছে দীর্ঘদিন আগে, এই আইনটা প্রায় ১৮৯৮ সালের আইন, সেটায় একটা পরিবর্তন হয়েছে। মানুষের কাছে এই কুষ্ঠ রোগীরা যে ভাবে সংক্রামক হিসাবে চিহ্নিত ছিল এবং সেই চিহ্নিতকরণকে নিয়ে যে অবস্থার সৃষ্টি হয়েছিল এবং কেন্দ্রীয় সরকার ২ হাজার সালের মধ্যে কুষ্ঠ রোগ একেবারে নির্মূল হয়ে যাবে যে প্রস্তাবটা দিয়েছিলেন, তার পরিপ্রেক্ষিতে এই রাজ্য সরকার যে আইনটা নিয়ে এসেছেন, সেটা একটা আজকের দিনে নিশ্চয়ই স্বাগত জানাবার মত এবং এই আইনটি আমরা মনে করি আজকে একটা সমাজের বৃহৎ অংশের মানুষ যারা কুষ্ঠ রোগে আক্রান্ত হয়েছে, সেই আক্রান্ত রোগীদের যে অবস্থা, এখনও পর্যন্ত ঐ সিগমা সমাজের মধ্যে থাকার জন্য — এই সিগমা থাকার জন্য এখনও পর্যন্ত বহু কুষ্ঠ রোগীর বাড়ির মধ্যে স্থান পায় না। যার জন্য সরকারকে চিন্তা করতে হয়, তাদের পুনর্বাসনের কথা। আজকে যার জন্য চিন্তা করতে হয় বিভিন্ন ভাবে তাদের অন্ততঃ ত্রাণ ব্যবস্থা করার, তাদের চাকরির ব্যবস্থা করা। আমরা জানি বিগত সিদ্ধার্থ শংকর রায়ের সময় স্বাস্থ্য দপ্তরের যিনি মন্ত্রী ছিলেন, মাননীয় অজিত পাঁজা মহাশয়, সেই সময় এই নেগেটিভ রোগীদের প্রথম চাকরির একটা ব্যবস্থা করেছিলেন। আমি জানি যেহেতু গৌরীপুর হাসপাতাল, তার পাশেই কল্যাণপুর-

এ নেগেটিভ রোগীদের জন্য একটা রিহ্যাবিলিটেশনের জন্য জায়গা আছে' নবজীবন পদ্মজ নাইডু অরোগ্য নিকেতন নিবাস। সেটাও একটা আছে এবং সেটার যে ভয়াবহ অবস্থা এবং এখন পর্য্যন্ত আমাদের যেটা আশংকা বোধ হয়, আজকে যেমন এটা স্বাগত জানাবার মত বিষয়, কিন্তু সমাজের মধ্যে এখনও পর্যন্ত, আপনার আমার বাড়ির মধ্যে কুষ্ঠরোগীদের আমরা যে ঘৃণা করি, আমরা তাদের যে অধিকারটা দেবার জন্য, ফাণ্ডামেন্টাল রাইটটা দেবার জন্য যে ব্যস্ততা দেখাচ্ছি, কিন্তু আমি স্যার আপনার মাধ্যমে সামান্য একটা ব্যাপারে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আর্কষণ করতে চাই, কুষ্ঠরোগ। এই নির্মূল হয়ে গেছে বলে আইনটা যখন প্রবর্ত্তন হবে, এই নিয়ে সাধারণ মানুষের সঙ্গে— কেননা যক্ষা রোগ বলুন, অন্যান্য রোগ বলুন, সেইগুলোকে সামনা সামনি বোঝা যায় না, কিন্তু কুষ্ঠরোগীদের যে ডিসফিগার হয়ে যায়, শরীরের অঙ্গ প্রত্যঙ্গগুলো যে বিকৃত রূপ ধারণ করে, সেই পরিপেক্ষিতে আমাদের সমাজের মধ্যে এখনও পর্যন্ত কুষ্ঠ রোগীদের যে ঘৃণা করা হয়, যতই মহাত্মা গান্ধীর পথ দেখান যে সেবা শুশ্রুষা তিনি করেছেন। আজ কিন্তু আমাদের মনের মধ্যে কুষ্ঠরোগীদের ব্যাপারে স্নেহ ভালবাসা দিতে পারি না। তাদের এখনও পর্য্যন্ত ঘৃণার চোখে আমরা দেখি। এখনও সেখানে আইন পর্যন্ত ঠিকভাবে করতে পারিনি। আপনার সামনে যদি কুষ্ঠরোগীকে এনে দিই, আপনি হাত দিতে পারবেন না। এটা ভাল কথা নয়। এখনও আপনি ইনফেকশাস ওয়ার্ডে যেতে পারবেন না। আজকে এই কুষ্ঠ রোগীদের সম্বন্ধে আইন প্রবর্ত্তন হোক, আজকে তাদের মৌলিক অধিকার তারা ফিরে পাক, যে অধিকার থেকে তারা বঞ্চিত রয়েছে দীর্ঘদিন ধরে, আজকে তারা মানুষের সঙ্গে মানুষ হিসাবে চিহ্নিত হোক। এবং বর্ত্তমানে যে চিন্তাধারা আছে যে সিগমা এখনও পর্যন্ত প্রচলিত আছে তাতে কিন্তু আতঙ্কগ্রস্ত হতে হবে এবং একটা গাড়িতে যদি এই অধিকার বলে একজন কুষ্ঠরোগী যখন উঠতে যাবে, সাধারণ যাত্রীরা সেখানে তাকে নিরাপত্তার ব্যবস্থা করতে পারবে? তাকে নিরাপত্তা দিতে পারবেন? এখনও পর্য্যন্ত তারা যে ভাবে ঘৃণিত, সেই ঘৃণিত অবস্থায় তারা কিন্তু গাড়িতে স্থান পাবে না, যানবাহনে স্থান পাবে না। আজকে আমাদের আইন অনেক কিছু আছে, মানুষকে রক্ষা করার জন্য আইন, মানুষকে ভালবাসার জন্য আইন, মানুষকে নিরাপত্তা দেবার জন্য আইন, কিন্তু আইন হয়ে গেল, আমরা দেখতে পাই বিভিন্ন ভাবে, বিভিন্ন ক্ষেত্রে আইনের অপপ্রয়োগ হয়ে থাকে। আজকে যে উদ্দেশ্যে সরকার এই যে কুষ্ঠ রোগীদের জন্য যে অধিকার তা পুনঃপ্রতিষ্ঠিত করার জন্য যে ব্যবস্থা গ্রহণ করেছেন, সেটা ঠিক মত যদি কার্য্যকরী না হয়, সাধারণ মানুষের সঙ্গে কুষ্ঠরোগীদের যদি বচসা হয়, সেখানে বিভিন্নভাবে যদি একটা প্রতিক্রিয়া সৃষ্টি হয়, সেই প্রতিক্রিয়া সৃষ্টি হলে সেখানে প্রচণ্ডভাবে পরস্পর পরস্পরের মধ্যে সমাজের মধ্যে আর একটা ভয়াবহ অবস্থার সৃষ্টি হতে পারে। আমি সেটাতে উদ্বিগ্ন কেন না আমি দেখেছি, ট্রেনে বলুন, বাসে বলুন, কিছু কিছু কুষ্ঠরোগী হয়তো উঠেছে, কিভাবে তাদের ঘৃণা করা হয়, কিভাবে তাদের পুলিশের ডাণ্ডা দিয়ে, পুলিশ তাদের গায়ে হাত দেয় না, তাদের ডাণ্ডা পিটিয়ে কিভাবে সরিয়ে দেয়, এখনও তাদের কিভাবে অচ্ছুৎ করে রাখা হয়েছে - আমরা আইনের মাধ্যমে তাকে যদি প্রয়োগ করি, আইনের মাধ্যমে যদি তাদের অধিকার ফিরিয়ে দিই, সমাজে কতটুকু স্থান করে দেব, আজকে যখন এই অবস্থা হচ্ছে, আমি জানি বহু ভাল-ভাল পরিবারের ছেলে মেয়ে, আমাদের ওখানেই আছে প্রায় সাত থেকে ১০ হাজারের মত যারা পুর্নবাসনের মাধ্যমে নবজীবন পদ্মজা নাইডু আরোগ্য নিকেতনে আছে, কল্যাণপুর আরোগ্য নিকেতন নিবাসে আছে, গৌরীপুর হাসপাতালে আছে, তাদের যে পরিণতি, তাদের সেখানে প্রকৃত যে যৌবন, বহু যুবতীর যৌবন সেখানে শেষ হয়ে যাচ্ছে। বহু যুবকের যৌবন শেষ হয়ে যাচ্ছে, বহু বৃদ্ধ-বৃদ্ধা আছেন পিতৃ স্থানীয়, মাতৃ স্থানীয়া, তারা আজকে গৃহে স্থান পায় না, আজকে এই অবস্থা থেকে তারা অধিকার ফিরে

পেলে, তারা কি তাদের বাড়িতে স্থান পাবে? তারা কি সেখানে মর্য্যাদা পাবে? তারা কি সমাজের মধ্যে প্রতিষ্ঠা পাবে? আমার মনে হয় এখানে স্বাস্থ্য দপ্তরের তরফ থেকে যদি বিভিন্ন বিভিন্ন প্রান্তরে, বিভিন্ন জেলায় জেলায়, বিশেষ অধিকার বলে চিকিৎসা ব্যবস্থাটা তাদের জন্য চালাতে পারেন, কারণ বিশেষতঃ দেখা যায় এই বর্ষা আগত, এদের যে পায়ে আলসার হয়, যে আলসারের জন্য যন্ত্রনায় ছটফট করে, এক জায়গা থেকে আর এক জায়গায় চিকিৎসার জন্য যেতে পারে না, আলসার হলে তার সঙ্গে জ্বর আসে বা বিভিন্ন রোগীদের আমরা দেখেছি বিভিন্ন সময়ে তাদের উপর যে আক্রমন হয়, সেইগুলোর জন্য তারা চিকিৎসা পায় না।

**[6.20—6.30 p.m.]**

বিভিন্ন হেল্‌থ সেন্টারগুলো থেকে তারা চিকিৎসার সুযোগ পায় না। বিভিন্ন হাসপাতালে গেলে সেখানে চিকিৎসার সুযোগ হয় না। আজকে সেই অধিকারগুলো তারা সেখানে কি করে ফিরে পায় তার ব্যবস্থা করুন। আজকে আমরা তাদের বৃহত্তর অধিকার দিচ্ছি, যে অধিকার থেকে তারা বঞ্চিত ছিল. সেই অধিকারকে প্রতিষ্ঠিত করছি, কিন্তু তারা সমাজের চোখে এখনও পর্যন্ত যে অবস্থার মধ্যে আছে, সেই জন্য তারা প্রতিষ্ঠিত হবে কিনা, এই পরিপেক্ষিতে কিন্তু স্বাস্থ্য দপ্তরকে সজাগ দৃষ্টি রাখতে হবে; স্বাস্থ্য দপ্তরকে বিভিন্ন প্রান্তরে এই নিয়ে একটা ব্যবস্থা নিতে হবে। বিভিন্নভাবে এ্যাডমিনিস্ট্রেশনে, জেলা শাসক থেকে আরম্ভ করে, পুলিশ প্রশাসনকে বিভিন্নভাবে তাদের সজাগ দৃষ্টি রাখতে হবে যে এই ব্যাপারে তারা যেন তাদের প্রটেকশন দেয়। কোন জায়গায় অসুবিধা হলে তাদের এই সম্বন্ধে বিভিন্ন স্বাস্থ্য কুষ্ঠ রোগী, যারা নেগেটিভ হয়ে গেছে, তাদের ছুঁলে কুষ্ঠ রোগ হবে না, এই অবস্থাতে তাদের সেফ গার্ড দেওয়া উচিত। আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন রাখছি, তার সঙ্গে তাঁকে স্বাগত জানাচ্ছি, ভারত সরকার তথা রাজ্য সরকার পর্য্যন্ত আজ এই কুষ্ঠ রোগীদের জন্য যে চিন্তাভাবনা করে দু হাজার সালের আগে এই কুষ্ঠরোগকে নির্মূল করার জন্য যে চিন্তা ভাবনা নিয়ে আইনটা রিপিল করছেন সেই জন্য আমি পুনরায় ধন্যবাদ জানাই, এদের নিরাপত্তার ব্যবস্থা করুন. এই অনুরোধ রেখে, আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নটবর বাগদী :-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্য দপ্তরের মন্ত্রী মহাশয় কুষ্ঠরোগ নির্মূল এবং তাদের পূর্ণবাসনের ব্যাপারে যে বিল এনেছেন, সেটা সত্যিই অভিনন্দনযোগ্য। আমি এই বিলকে সমর্থন করে দু'একটি কথা বলছি। এই ব্যাপারে আমাদের চিন্তার একটু পরিবর্তন দরকার। কারণ আমরা সকলে জানতাম যে এটা সংক্রামক রোগ। গত বছর আমাদের পুরুলিয়া জেলা এই ব্যাপারে একটা স্কীম নেওয়া হয়েছিল। এই স্কীম ভারতবর্ষের দুটি রাজ্যে নেওয়া হয়েছিল। একটার হচ্ছে অন্ধ্রপ্রদেশে আর একটা হচ্ছে পশ্চিমবঙ্গের পুরুলিয়া জেলায়। সেখানে মাল্টি ড্রাগ রেজিমেন্ট প্রজেক্ট করে ১৪ দিনের মত চিকিৎসা ব্যবস্থা করা হয়েছিল। তার এলাকায় এলাকায় গিয়ে পঞ্চায়েতের সদস্যদের নিয়ে বিভিন্ন জায়গায় সেমিনার করে সকলকে বুঝিয়েছিল যে এটা মোটেই সংক্রামক ব্যাধি নয়। এটাকে বীজানুমুক্ত করা যায় এবং এটার প্রসেস বার করার প্রয়োজনীয়তা আছে। এই বিলকে সমর্থন করতে গিয়ে বিরোধী পক্ষের সদস্য মাননীয় কাশীনাথ মিশ্র যে কথা বললেন আমি তাকে সমর্থন করি। আজকে সমাজে এদের পুর্নবাসনের ব্যাপারে চিন্তা-ভাবনা করার প্রয়োজনীয়তা আছে। এই কুষ্ঠ রোগীদের ব্যাপারে রামপুরে একটা কলোনী আছে আদ্রার কাছে, পুরুলিয়াতে গৌরীপুরে আছে, সেখানে যদি তাদের পেশাগত ভাবে পুর্নবাসনের ব্যবস্থা করা যায় তাহলে ভাল হয়। এটা আপনি চিন্তা-ভাবনা করে দেখবেন। এছাড়া যেটা উনি বললেন যে আগেকার মন্ত্রী সভার স্বাস্থ্য মন্ত্রী,

অজিত পাঁজা মহাশয় নাকি এই ব্যাপারে একটা আইন করেছিলেন। আইন [illegible] শুনেছি কিন্তু সেটা কোনদিন কার্যকরী হয়নি। গত বছর পুরুলিয়া জেলায় স্বাস্থ্য দপ্তরে ক্লাশ ফোর ষ্টাফ নিয়োগের ক্ষেত্রে যারা রোগমুক্ত হয়েছিল তাদের কর্মে নিয়োগের ব্যাপারে চিন্তা-ভাবনা করা হয়েছিল। তখন আমরা দেখেছিলাম যে কংগ্রেসের তরফ থেকে বাধা দেওয়া হয়েছিল এবং তারা বলেছিলেন যে এরা সমাজের অস্পৃশ্য, এদের নিলে অন্য রুগীরা আসবেনা। আমি একথা বলতে চাই যে গতবারে যেটা প্রচেষ্টা করা হয়েছিল আমাদের জেলাতে। সেজন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে আপনার দপ্তরে যাতে এই বিষয়ে একটা দৃষ্টান্ত রাখতে পারেন তার চেষ্টা করবেন। আপনার দপ্তরে যে সমস্ত ক্লাশ ফোরষ্টাফের পদ খালি হবে সেখানে যাতে এদের নিয়োগ করা হয় সেদিকে নজর দেবেন। আর অন্যান্য বিষয়ে একথা বলতে চাই যে পঞ্চায়েতে এন.আর.ই.পি-তে যে সমস্ত কাজ হয় তাতে বৃত্তি মূলক যে সমস্ত কাজ দেওয়া হয় সেগুলিতে যদি এদের নিযুক্ত করা যায় এবং এদের নিজস্ব যদি একটা কলোনী করা হয় এবং সেখানে আলো, জল ইত্যাদির ব্যবস্থা রাখা হয় তাহলে অনেক উপকার হবে। এই কথা বলে এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শশাঙ্ক শেখর মন্ডল** ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় যে বিল এখানে এনেছেন তাতে এই সমাজের যারা এতদিন উপেক্ষিত হয়ে আসছিলেন তাদের প্রতি যে মানবতা প্রদর্শন করেছেন, আমি এই বিলকে সমর্থন করছি এবং এটা সত্যি অভিনন্দন যোগ্য। আমাদের কাশী কান্ত ভাই শিক্ষক সুলভ বক্তৃতা দিলেন। তিনি বললেন যে সমাজের মধ্যে আমরা এদের গ্রহণ করবো কি না? কাশী কান্ত ভাই খুব জোরের সঙ্গে বলেছেন যে আইন করলেই কি হয়ে যায়?

**[6.30—6.40 P.M.]**

আইন করলেই কি হয়ে যায়? আইনগুলি যদি কার্যকরী না হয় তাহলে কি হবে? আপনার মেয়ে বা ছেলের বিয়ের সময় আপনি টাকা দেবেন অথবা টাকা নেবেন এবং মেয়ের বিয়ের সময় তার বাবাকে টাকা দিতে হবে। টাকা দেওয়া বা নেওয়া চলবে না, এই বিষয়ে আইন পাশ করা আছে। সমাজে এটা যখন চলছে না তখন এই আইন রেখে দিয়ে লাভ কিছু নেই, উঠিয়ে দিলেই চলে। ব্যাপারটা কিন্তু তা নয়, আইনের অনুশাসন দরকার আছে। সমাজে বাস করতে গেলে আইনের প্রয়োজন আছে। ঘুষ দেওয়া এবং ঘুষ নেওয়া আইনের চোখে দুটোই অপরাধ বলে গন্য হয়। এটা যখন মানা হচ্ছে না, তখন উঠিয়ে দেওয়া কি দরকার বলে মনে করেন? আইন করলে সমাজের মধ্যে তার কিছুটা প্রতিফলন হয়। কাজেই এই আইনের প্রয়োজন আছে এবং আইন করলে মানুষের মানবিকতাটাকে কিছুটা সফল করে তোলে। কাজেই সেই মানবিকতাটাকে আরো বাড়িয়ে তোলার জন্য আইনের অনুশাসন দরকার আছে এবং তার দ্বারা মানুষের দোষ ত্রুটি অনেক সীমাবদ্ধ হয়ে থাকতে বাধ্য হয়। কাশীবাবু বললেন এটা সংক্রামক নয়। সংক্রামক নয়, সেটা আমরা সকলেই জানি। কিন্তু তবুও আমরা এটাকে সহজভাবে নিতে পারছি না। তার মূল কারণ হচ্ছে আমরা সমাজের মধ্যে এদেরকে ভালভাবে নিতে পারছি না, সরকারী বা বিভিন্ন প্রতিষ্ঠানের মধ্যে চাকরি দিয়ে পুনর্বাসন দেবার ক্ষেত্রে বিভিন্ন সুযোগ সুবিধা দেবার ব্যবস্থা করা দরকার। গ্রামে-গঞ্জেও এই জিনিস চালু করতে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি এবং এই জিনিসটার প্রতি তিনি [illegible] যাতে নজর দেন সেদিকে তার দৃষ্টি আকর্ষণ করছি। এই ব্যাপারে কংগ্রেসী বন্ধুরা খুব ব্যস্ত হয়ে পড়েছেন। এটি একটা অভিনব সংশোধনী বিল এবং এই বিলটিকে সম্পূর্ণভাবে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রাম নারায়ণ গোস্বামী** :- মাননীয় স্পীকার মহাশয়, স্যার, এই বিল নিয়ে বির্তকের কোন অবকাশ নেই তা মাননীয় বিধায়কদের বক্তব্যের মধ্য থেকেই বোঝা গেল। আমি বিলের ষ্টেটমেন্টস এ্যান্ড অবজেক্টস অব রিজন্সে সেই কথা বলেছি। আমি সেখানে বলেছি ১৯৮১ সালের জুন মাসে ডঃ স্বামীনাথনের নেতৃত্বে ভারত সরকার একটি কমিশন গঠন করেন এবং একটি ওয়াকিং গ্রুপ তৈরী হয় এবং সেই ওয়াকিং গ্রুপের সুপারিশ ভিত্তিতে পশ্চিমবাংলায় কুষ্ঠ রোগীদের জন্য আইনগত যে বৈষম্য আছে সেই বৈষম্য দূর করার জন্য আমরা পশ্চিমবঙ্গ বাম ফ্রন্ট সরকারের পক্ষ থেকে একটি প্রচেষ্টা নিয়েছিলাম। কাশীবাবু ঠিকই বলেছেন যে, শুধু আইনগত বৈষম্য নয়, এদের উপর অর্থনৈতিক এবং সামাজিক বৈষম্যও আছে। এগুলি দূর করার জন্য প্রচেষ্টা নিতে হবে। আমরা আশা করছি ভারত সরকারও এই ব্যাপারে খানিকটা উদ্যেগ নেবেন এবং শুধু আইনগত সমস্যা দূর করা নয়, অর্থনৈতিক, সামাজিক প্রচেষ্টা দূর করার জন্য তারাও খানিকটা প্রচেষ্টা নেবেন। কারণ, আমরা খানিকটা ভয়াবহ অবস্থার মধ্যে আছি, কেন জানেন? আজকে পৃথিবীতে ২ কোটির মত কুষ্ঠ রোগী গ্রীষ্ম-মন্ডলীয় দেশে, পিছিয়ে পড়া দেশে আছে এবং ভারতবর্ষে ৪০ লক্ষের মত কুষ্ঠ রোগী আছে। আপনারা জানেন রোগটা শুধু সংক্রামক নয়, এর সঙ্গে আজকে সোসাল স্টিগমা'ও আছে। যেহেতু মানুষের শিক্ষা-দীক্ষা এখনো সেই পর্যায়ে পৌঁছায় নি, সেই জন্য মানুষ কুষ্ঠ রোগীকে কিছুটা ঘৃণা করে। সেদিক থেকে আমরা চেষ্টা করব শুধু আইনগত বৈষম্য দূর করে নয়, মানুষের জ্ঞানের পরিধি'ও যাতে খানিকটা বাড়াতে পারি। কেন না বিজ্ঞান এটা প্রমান করে দিয়েছে ৮০/৮৫ ভাগ কুষ্ঠ রোগ সংক্রামক নয়, কিছু সংক্রামক আছে এবং কয়েক মাস ট্রিটমেন্ট করলে সেরে যায়, বিশেষ করে এখন ফিজিও থেরাপি ট্রিটমেন্ট চালু হয়েছে ডিফেক্টগুলিকে নিশ্চয়ই চিকিৎসাধীনের মধ্যে আনতে পারব এবং খুব অল্প সময়ের পজেটিভ কেসগুলিকে নেগেটিভ করে দেওয়া যাবে এবং ট্রিটমেন্ট কনটিনিউ করলে রোগী ভাল হয়ে যাবে। সেই জন্য আমরা সবত্রই পাবলিসিটি করছি কুষ্ঠ একটি নিরাময়যোগ্য রোগ, ঘাবড়াবার কিছু নেই, সামাজিক দৃষ্টিভঙ্গী দিয়ে এটাকে দেখুন। আমরা আশা করছি মানুষ সেই দৃষ্টিভঙ্গী দিয়েই এই কুষ্ঠ রোগকে দেখবেন। সেদিক দিয়ে আমাদের সরকার মাস ৩/৪ আগে মাননীয় মুখ্যমন্ত্রীর সভাপতিত্বে একটা পলিসি মেকিং বডি করেছেন, তাঁরা একটা মিটিং করেছেন। সেই মিটিং'এ তাঁরা কতগুলি সিদ্ধান্ত নিয়েছেন। বর্তমানে বাঁকুড়া এবং পুরুলিয়া মাল্টি ড্রাগ রেজিমেন্ট জেলা হিসাবে নির্দিষ্ট আছে এবং এর সঙ্গে আমরা আরো দুটি জেলা মেদিনীপুর ও বীরভূমকে যুক্ত করতে যাচ্ছি। সেই সঙ্গে ট্রেনিং ফেসিলিটিস'ও বাড়াচ্ছি। কাশীবাবু এদের রিগোবিলিটেট্ করার কথা বললেন। আমরা সে ব্যবস্থাও গ্রহণ করছি। সে সমস্ত ভলানটারি অর্গানাইজেসন গুলি আছে- পদ্মজ নাইডু অরোগ্য নিকেতন নিবাস, হিন্দু কুষ্ঠ নিবারণ সমিতি - তাদের সঙ্গে যোগাযোগ করে কাজ করবার চেষ্টা করছি। গৌরীপুর লেপ্রসি হসপিটাল থেকে যে সমস্ত রোগীরা নিরাময়- লাভ করেছে তাদের যাতে আরো বেশীকরে এ্যাবজর্ব করতে পারি তার জন্য কিছু ব্যবস্থা আমরা নিয়েছি। আগেকার আমলের চেয়ে অনেক বেশী ব্যবস্থা নিয়েছি এবং সেখানে ট্রিটমেন্ট ফেসিলিটিস বাড়াবার চেষ্টা করছি! যাই হোক আজকে এখানে বিস্তারিত বির্তকের অবকাশ নেই। সকলে এটাকে সমর্থন করেছেন বলে আমি সকলকে ধন্যবাদ জানাচ্ছি।

The motion of Shri Ramnarayan Goswami that the Lepers (West Bengal Repealing) Bill, 1985 be taken into consideration was then put and agreed to.

## Clauses 1, 2 and Preamble

The question that clauses 1,2 and Preamble do stand part of the bill was then put and agreed to.

**Shri Ramnarayan Goswami :** Sir, I beg to move that the Lepers (West Bengal Rapealing) Bill, 1985, as settled, in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**ডাঃ সুশোভন ব্যানার্জী ঃ-** মিঃ ডেপুটি স্পীকার, স্যার, বিলটি পাশ হয়ে যাবার পরই আমি এ বিষয়ে দু'একটি কথা বলতে চাই। কারণে বিলটি খুবই ছোট বিল এবং বিলটির বিষয়-বস্তুর উপর বির্তকের কোন অবকাশ ছিল বলে আমি মনে করি না। সেই জন্যই আমি আগে কিছু বলিনি। এখন কথা হচ্ছে ঐ সমস্ত মানুষদের পুর্নবাসনের কথা এখানে উঠেছে। আমরা সকলেই ওদের পুনর্বাসন দিতে চাই এবং সম্মানের সঙ্গেই দিতে চাই। আমরা কুষ্ঠ রো[illegible]দের আরোগ্য-লাভের পর সমাজের মধ্যেই পুনর্বাসন দিতে চাই। এই প্রসঙ্গে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি. তিনি ডিস্এব্ল্ড্ কুষ্ঠ রোগীদের জন্য দয়া করে ফিজিওথেরাপি এবং সার্জারির ব্যবস্থা যদি করেন তাহলে রোগ নিরাময়ের পর তাদের ডিসএবিলিটি দূর হতে পারে এবং তারা সমাজে সত্যিকারের পুনর্বসতি পেতে পারে। যেখানে ফিজিওথেরাপির দরকার সেখানে ফিজিওথেরাপি দিতে হবে এবং যেখানে সারজারির দরকার সেখানে সারজারি করতে হবে, তাহলেই তারা নিজেরাই সমাজে নিজেদের প্রতিষ্ঠিত করতে পারবে, বিধানসভার ভেতর দিয়ে তাদের প্রতিষ্ঠিত করার প্রয়োজন হবে না।

**শ্রী আব্দুল মান্নান ঃ-** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে বিল এখানে পাশ হলো সে বিলটি মাননীয় মন্ত্রী মহাশয়, তিনি পশ্চিমবঙ্গ সরকারের একজন মন্ত্রী হিসাবেই পাশ করালেন। কিন্তু তিনি তাঁর বক্তৃতার মধ্যে বার বার বামফ্রন্ট সরকার কথাটি উল্লেখ করলেন। আমরা অবশ্য জানি ওঁরা প্রায়ই বামফ্রন্ট সরকার কথাটি ব্যবহার করেন। কিন্তু আমরা এটাও জানি আসলে এটা পশ্চিমবঙ্গ সরকার। সেই জন্য আমাদের একটু বুঝতে অসুবিধা হয়। আমরা জানি না ওঁরা বামফ্রন্ট সরকার, বামফ্রন্ট সরকার কেন বলেন। ওঁরা কি পশ্চিমবঙ্গ সরকারের নাম পরিবর্তন করে বামফ্রন্ট সরকার করেছেন? যদি করে থাকেন তাহলে দয়া করে সেটা আমাদের জানান। কেন না, আমরা জানি এটা পশ্চিমবঙ্গ সরকার।

## The Rabindra Bharati (Amendment) Bill, 1985.

**Shri Nirmal Kumar Basu :** Sir, I beg to introduce the Rabindra Bharati (Amendment) Bill, 1985.

( Secretary then read the Tittle of the Bill)

**Shri Nirmal Kumar Bose :** Sir, I beg to move that the Rabindra Bharati (Amendment) Bill, 1985, be taken into consideration.

**[6.40—6.50 p.m.]**

**শ্রী নির্মল কুমার বোস ঃ-** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিধেয়কটি খুবই সামান্য ব্যাপার। রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ে চারুকলার বিভিন্ন ক্ষেত্রে নৃত্য-গীত ইত্যাদির জন্য যারা শিক্ষক রয়েছেন আমাদের আইনে তাঁদের কথা পরিষ্কার করে বলা হয়েছে। কিন্তু নাচ-গানের ব্যাপারে যারা নির্দিষ্ট শিক্ষক তাঁরা ছাড়াও তাঁদের সহযোগী যাদের ইংরাজীতে য়্যকুমপানেড বলা হয়েছে অর্থাৎ যারা তবলা বাজান, বাঁশী বাজান-এনারা নির্দিষ্টভাবে কোন ক্লাস নেননা, কিন্তু এদের বাদ দিয়ে কোন নাচ-গানের ক্লাস হতে পারে না। তাই স্নাতক এবং প্রাক-স্নাতক স্তরে তাঁদের শিক্ষকের মর্যাদা দেবার জন্য, শিক্ষকরূপে তাঁদের স্বীকৃতি দেবার জন্য এই বিধেয়কটি এসেছে। আমি আশা করবো, সকল সদস্যই এই বিধেয়কটিকে সমর্থন করবেন এবং আপনারা সকলেই এই কথাটা অনুগ্রহ করে মনে রাখবেন।

**ডাঃ সুশোভন ব্যানার্জী ঃ-** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই বিলের ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় যা বলেছেন তারপর সত্যিকারের আর কিছু বলার নেই। এই বিলের মাধ্যমে উনি যা চাচ্ছেন তা তর্কের খাতিরেও সমন্ধে উল্টে কিছু বলা যায় না। আমি শুধু দু-একটি কথা মেনসান করতে চাই। এই বিলের মাধ্যমে শুধু শিক্ষক হিসাবে স্বীকৃতি দিলেই হবে না, ১০।১৫টি ক্যাটেগরির যে পে-স্কেল বিভিন্নভাবে ভাগ করা আছে যেমন ইনস্ট্রাক্টর লেকচারার এগুলি যদি মাননীয় মন্ত্রী মহাশয় একসঙ্গে করে নিয়ে আসেন তাহলে শিক্ষকদের পক্ষে অনেক সুবিধা হয়। আর একটি কথা অপ্রাসঙ্গিক হলেও মাননীয় মন্ত্রী মহাশয়কে বলি, সেটা হচ্ছে, ১৯৬১ সালে যখন সেন্টিনারী পিরিওডে বিধান চন্দ্র রায় এই রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয় স্থাপন করলেন সেই সময়ে তাঁর চিন্তাধারা ছিল এটা রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয় হবে, চিৎপুর বিশ্ববিদ্যালয় হবে না। এই বিশ্ববিদ্যালয় থেকে সঙ্গীত, কলা দার্জিলিং থেকে দীঘা পর্যন্ত পশ্চিমবাংলার সর্বত্র ছড়িয়ে দিতে পারবেন। কিন্তু দীর্ঘ ২৪ বছর পরে এই ইউনিভার্সিটির ক্ষেত্রে দেখা যাচ্ছে এখানে আর একটি ইউনিভার্সিটির মত গণ-মাধ্যমে টোকাটুকি চলছে। এখানে ইকনমিক্স, ইংলিশ, বেঙ্গলি এইরকম সব পড়া-শুনা হচ্ছে। কোথায় গেল সঙ্গীত, কলা? নামেমাত্র সামান্য আছে। সুতরাং এই সঙ্গীত কলা যাতে পশ্চিমবাংলায় সর্বত্র ছড়িয়ে দিতে পারা যায় সেই চিন্তা-ধারা মাননীয় মন্ত্রী মহাশয়কে করতে হবে এবং আগামী দিনে রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয় সত্যিকারের যাতে পথ-পদর্শক হয় তারজন্য আপনি চেষ্টা করবেন এবং আমরাও সম্পূর্ণভাবে আপনাকে সহযোগীতা করবো। ধন্যবাদ।

**শ্রী অনিল চ্যাটার্জী ঃ-** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধীদলের সদস্যের কথা শুনলাম। ওনার বোধ হয় রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয় সম্পর্কে ধারণা অসপষ্ট। ওখানে গান-বাজনা হয়, সংস্কৃতির চর্চা হয়, নাচ-গান থিয়েটার হয়। সুতরাং এই বিলে সব ব্যাপারে আশঙ্কা করার কোন অবকাশ নেই। তবুও উনি কতকগুলি কথা বলে গেলেন। আমাদের তো ১৯৭৭ সাল থেকে সুরু হয়েছে। তার আগে তো ওনারাই ছিলেন। তখন উন্নতির প্রয়াসই তো আমরা দেখিনি। বরং সেখানে দেখেছি ঐ সময় রবীন্দ্র ভারতীতে যিনি উপাচার্য ছিলেন তাঁকে ওনারা, ওনাদের ছাত্র পরিষদ আক্রমণ করেছিলেন। তার রবীন্দ্র ভারতীতে কতকগুলি ঘর ছিল, সেইসব ঘর থেকে যে সব জিনিষপত্র বেরিয়েছিল বামফ্রন্ট সরকার এসে সেগুলি অন্যত্র বিদায় করেছেন। ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্য্যন্ত রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়কে ওনারা যে কেন্দ্রে পরিণত করেছিলেন তাতে বিশ্ববিদ্যালয় থেকে ওনারা বিশ্বের বিদ্যাকে বিদায় করেছিলেন। আমরা আজকে সেই অবস্থা তুলে দিয়ে সেখানে সুস্থ পরিবেশ তৈরী করেছি, শিক্ষা এবং সংস্কৃতির পরিবেশ তৈরী করেছি এবং আজকে এ্যাকমপেনিষ্ট যেটা

দরকার সেটা ওনারা সমর্থন করেছেন। সেখানে যাঁরা তবলা শেখান, বা যাঁরা কীর্তন ইত্যাদি শেখান বা যাঁরা ইনস্ট্রুমেনটের ব্যবহার শেখান সেইসব ইনস্ট্রাকটারদের টিচার বলে সম্মান দেওয়ার যে প্রচেষ্টা বামফ্রন্ট সরকার করছেন সেজন্য আমি মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি এবং এই কথা বলে এই বিলকে সম্পূর্ণরূপে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুমন্ত কুমার হীরা ঃ-** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় নির্মলবাবু যে এ্যামেন্ডমেন্ট এনেছেন তাকে আমি সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। কারণ বিষয়টি ইতিপূর্বে সিলেক্ট কমিটি যখন পূর্ণাঙ্গ আইন কমপ্রিহেনসিভ এ্যাক্ট যে সময় উঠেছিল, কিন্তু আজকে এই যে এ্যামেন্ডমেন্ট এসেছে সেই এ্যামেন্ডমেন্টের মধ্যে এটা পরিষ্কার হল না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব যে তিনি যখন রিপ্লাই দেবেন তখন যেন বিষয়টি একটু পরিষ্কার করে বলেন। টিচারদের ডেফিনেসন বলতে গিয়ে যেখানে যেখানে ইনক্লুড করা হয়েছে তার মধ্যে একটা ক্যাটিগরী সেই ক্যাটিগরী বাদ পড়ে গেছে, আমি জানিনা ডেফিনেসনের মধ্যে কি আসবে তা মন্ত্রী মহাশয় যদি একটু এনলাইটেন করেন তাহলে ভাল হয়। ইউ.জি.সি.র রিসার্চ ফেলো ইউনিভারসিটির রিসার্চ ফেলো তারা এ্যাসিসটেন্ট লেকচারার হিসাবে কাজ করেন কিন্তু আমি জানিনা ইউ.জি.সি. রিসার্চ ফেলোরা, তাঁরা টিচার হিসাবে গণ্য হবেন কিনা? কারণ তাঁরা টিচিং পার্টনার নন এবং তাঁদের ফেলোসিপ একটা পিরিয়েড থেকে আর একটা পিরিয়ড পর্য্যন্ত থাকে, কাজেই তাঁরা টিচিং পার্টনার নন, এবং তাঁদের ফেলোসিপ একটা পিরিয়ড থেকে আর একটা পিরিয়ড পর্যন্ত্য থাকে, কাজেই তাঁরা টিচিং পার্টনার নন তাঁরা আন্ডার পোষ্ট গ্র্যাজুয়েট ক্যাটিগরীর মধ্যে পড়েন। কাজেই সেদিক থেকে টিচার হিসাবে এর মধ্যে আসবেন কিনা সেটা মিঃ মিনিষ্টার যদি একটু ক্লারিফাই করে বলেন তাহলে ভাল হয়। একটু পরিষ্কার করে বলা দরকার, না হলে একটা কনফিউসন থাকে। তাঁরা কোন ক্যাটিগরীর মধ্যে পড়েন এটাই আমার বক্তব্য ছিল, সেটা মাননীয় মন্ত্রী মহাশয় উত্তর দেবার সময় বলে দেবেন।

**শ্রী নির্মল কুমার বসু ঃ-** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যদের ধন্যবাদ। শিক্ষার আলোচনায় তাঁরা গ্রহণ করেছেন, তাঁরা রবীন্দ্র ভারতী সংশোধনী বিধেয়ক কে সমর্থন করেছেন, কারণ এটা যে উদ্দেশ্য নিয়ে করা হয়েছে সেটা অত্যন্ত স্পষ্ট এবং আমরা যদি এই বিধেয়কটি পাশ করি তাহলে প্রথম রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ে সর্ব শ্রেণীর এ্যাকমপেনিষ্ট হয়েছে ১৯ জন, এবং আংশিক সময়ের জন্য রয়েছেন ৮১ জন। এঁরা সবাই শিক্ষকের মর্য্যাদা পাবেন, তাতে করে কাজ ভাল হবে। কলকাতা বিশ্ববিদ্যালয় বেঙ্গল মিউজিক কলেজ সেই এ্যাকমপেনিষ্ট শিক্ষকের মর্যাদা পেয়েছেন এবং বিশ্বভারতীর বিশ্ববিদ্যালয়ে এ্যাকমপেনিষ্ট যাঁরা রয়েছেন নৃত্য গীত ইত্যাদিতে তাঁরা এই মর্যাদা পেয়েছেন। এখানে দু-একটি কথা উঠেছে, মাননীয় সদস্য ডাঃ সুশোভন ব্যানার্জী তুলেছেন, যেখানে নানা ক্যাটিগরীর শিক্ষক আছেন তাঁদের বেতন ইত্যাদির ব্যাপারে। এখানে প্রফেসর, রীডার, লেকচারার এঁদের জন্য বিশ্ববিদ্যালয়ের মঞ্জুরী কমিশন অনুযায়ী করা হয়। ভারতসরকার একটা গঠন করেছেন, তাঁরা সবাই বিবেচনা করেছেন। কলেজ, বিশ্ববিদ্যালয় শিক্ষকদের কিছু দাবী আছে, সেসব নিয়ে একটা সিদ্ধান্ত করতে হবে, রাজ্য সরকার বিবেচনা করে তা করবেন, এখন পর্য্যন্ত যেসব বিভিন্ন পর্যায় বেতন করেছেন সেটা আমাদের মেনে চলতে হবে।

**[6.50—6.55 p.m.]**

ডাঃ সুশোভন ব্যানার্জী মহাশয় একটি গুরুত্বপূর্ণ কথা বলেছেন। অনিলবাবুও সেই সম্পর্কে একটি মন্তব্য করেছেন। যখন রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় হয়, তখন এখানে বিধান পরিষদ ছিল, সেই

সময় উভয় সভায় এই মত ব্যক্ত করা হয়েছিল যে, এই বিশ্ববিদ্যালয় অন্য আর আর বিশ্ববিদ্যালয়ের মত সাধারণ বিশ্ববিদ্যালয় হবে না। সেখানে নৃত্য-গীত, ললিত-কলা, ছবি-আঁকা হবে। আজকে নৃত্য-গীতের ফ্যাকাল্টি আছে ঠিকই, তবে যে উদ্দেশ্য নিয়ে এটা করা হয়েছিল- সেটা হয়নি। এটা যেন আজ অন্য সব বিশ্ববিদ্যালয়ের মত হয়ে গেছে। কলকাতা বিশ্ববিদ্যালয়, যাদবপুর বিশ্ববিদ্যালয় যখন ইংরেজী বা বাংলাতে ছাত্র ভর্তি করতে পারে না, সেখানে ভর্তি হয়। তার মানে অবশ্য এটা নয় যে, নৃত্য-গীত, ললিত-কলা, ছবি আঁকা বাদ পড়ে যাবে। এটা কেবলমাত্র কলকাতা বিশ্ববিদ্যালয়ের নয়, সমস্ত পশ্চিমবাংলার জুরিসডিকশন আছে এতে। অন্যান্য যে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠান আছে, সেগুলো এর সঙ্গে যুক্ত হয়ে কাজ করবে। তাছাড়া আমাদের সরকারের উচ্চশিক্ষা বিভাগ এ-বিষয়ে সচেতন ও সজাগ আছে যে, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় যে উদ্দেশ্য নিয়ে হয়েছে - সেটা যেন হয়। এখানে সুমন্ত কুমার হীরা মহাশয় বলেছেন যে, কেন ইউ.জি.সি. রিসার্চ ফেলোদের টিচারদের মধ্যে আনা হোল না? আপনার মাধ্যমে হীরা মহাশয়সহ সকল মাননীয় সদস্যদের এই কথাগুলো জানাতে চাই যে, কোথায়ও রিসার্চ ফেলোরা শিক্ষক রূপে স্বীকৃত নন্। তাঁদের ক্লাশ নিতে হয়, অন্য সকল বিশ্ববিদ্যালয়ে এবং কলকাতা বিশ্ববিদ্যালয়েও রিসার্চ ফেলোরা অধ্যাপকদের সঙ্গে সহযোগিতা করেন, বিজ্ঞানের ক্ষেত্রে ল্যাবরেটরীতে কাজ করেন, দুই-চারটি ক্লাশ নেন্। শিক্ষকের ডেফিনেশন নির্দিষ্ট কাজের জন্য করা হয়েছে; কেবলমাত্র ক্লাশ করবার জন্য নয়। ইউ.জি.সি.গ্র্যান্ট কমিশনের রিসার্চ ফেলোরাও শিক্ষকরূপে নিয়োজিত হননি। ভবিষ্যতে যদি প্রয়োজন হয়, সেটা ভাবা যাবে। এখানে এই কারণে ইউ.জি.সি শিক্ষকরূপে এঁদের গণ্য করা হয়নি বলে টিচারস্ ডেফিনেশনের মধ্যে তাঁদের আনিনি, এবং তারজন্য এই সংশোধনীতেও আনিনি। আশা করবো, এই বিধায়কটিকে সমর্থন করবেন।

The motion of Shri Nirmal Kumar Bose that the Rabindra Bharati (Amendment) Bill, 1985, be taken into consideration was then put and agreed to.

## Clauses 1, 2 and Preamble

The question that clauses 1, 2 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Nirmal Kumar Bose :** Sir, I beg to move that the Rabindra Bharati (Amendment) Bill, 1985, as settled in the Assembly, be passed.

The motion of Shri Nirmal Kumar Bose that the Rabindra Bharati (Amenment) Bill, 1985, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

## ADJOURNMENT

The House was then adjourned at 6-55 p.m. till 9 a.m. on Friday, the 10th May, 1985 at the Assembly House, Cal-1.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Friday, the 10th May, 1985 at 9.00 A.M

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 9 Ministers, 11 Ministers of State and 194 Members.

## Unstarred Questions

### (to which written answers were laid on the Table)

**"নিয়ন্ত্রিত বাজার" নির্মাণের জন্য কেন্দ্রীয় অর্থবরাদ্দের পরিমাণ**

**৫৩৭।** (অনুমোদিত প্রশ্ন নং ৪৬।) **শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস :** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) "নিয়ন্ত্রিত বাজার" নির্মাণের জন্য যথাক্রমে ১৯৮২-৮৩,১৯৮৩-৮৪, ১৯৮৪-৮৫ তে এ রাজ্যে কেন্দ্রীয় অর্থবরাদ্দের পরিমাণ কত; এবং

(খ) ১৯৮৩-৮৪, ১৯৮৪-৮৫, আর্থিক বছরগুলিতে কয়টি এবং কোথায় কোথায় "নিয়ন্ত্রিত বাজার" প্রতিষ্ঠার কর্মসূচী নেওয়া হয়েছিল?

**কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় :** (ক) নিয়ন্ত্রিত বাজার উন্নয়ণে কেন্দ্রীয় অনুদানের পরিসংখ্যান নিম্নোক্ত রূপ :-

| | ১৯৮২-৮৩ | ১৯৮৩-৮৪ | ১৯৮৪-৮৫ |
|---|---|---|---|
| ১. মূল বাজার চত্বর উন্নয়নের জন্য | নাই | ২.৫ লক্ষ টাকা | নাই |
| ১. গ্রামীণ (প্রাইমারী) হাট/ বাজার উন্নয়নের জন্য | ৫ লক্ষ টাকা | নাই | নাই |

(খ) ১৯৮৩-৮৪, ১৯৮৪-৮৫ আর্থিক বছরে নতুন কোনও নিয়ন্ত্রিত বাজার সমিতি প্রজ্ঞাপিত হয়নি।

**পরিবহণ সংক্রান্ত মামলা**

**৫৩৮।** (অনুমোদিত প্রশ্ন নং ১৬৮।) **শ্রী বিশ্বনাথ চৌধুরী :** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) পশ্চিমবাংলায় ১৯৮৪ সালের ১লা জানুয়ারি থেকে ১৯৮৫ সালের ৩১শে জানুয়ারী পর্যন্ত পরিবহণ সংক্রান্ত কতগুলি মামলা দায়ের হয়েছে ; এবং

(খ) এর মধ্যে কতগুলি মামলা নিষ্পত্তি হয়েছে?

**স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয় :** (ক) ৫,১৩১ টি।

(খ) ৩,২৬২ টি।

**সুতাহাটি ১ নং ও ২নং ব্লকে আই সি ডি এস চালুকরণ**

৫৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৪।) **শ্রী লক্ষণ চন্দ্র শেঠঃ** ত্রাণ ও কল্যান বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) সুতাহাটি ১ নং ও ২নং ব্লকে আই সি ডি এস চালু করার কোন পরিকল্পনা বর্তমানে সরকারের আছে কি না ; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হলে কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**ত্রাণ ও কল্যান বিভাগের মন্ত্রী মহাশয় :** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

**পশ্চিমবঙ্গে পানচাষ**

৫৪০। (অনুমোদিত প্রশ্ন নং ২৩২।) **শ্রী বিভূতিভূষণ দে :** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) পশ্চিমবাংলায় পানচাষের মাধ্যমে বৈদেশিক মুদ্রা অর্জিত হয় কিনা ; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে, এই চাষের জন্য সরকার পানচাষীদের উৎসাহ দেন কিনা ; এবং

(গ) কিভাবে এই উৎসাহ দেওয়া হয়?

**কৃষি বিভাগের মন্ত্রী:** (ক) ও (খ) হ্যাঁ।

(গ) রাজ্য সরকার পানচাষ তথা পানচাষীদের উন্নতিপ্রকল্পে যে প্রচেষ্টা নিয়েছেন তাকে নিম্নলিখিত দুভাগে ভাগ করা যেতে পারেঃ-

(১) **উৎপাদন বৃদ্ধিতে উৎসাহ :** বিভিন্ন ব্লকে প্রতিটি ১০ ডেসিমেল এলাকার মোট ১০০টি প্রদর্শনক্ষেত্র চাষীদের বোরোজেই স্থাপন করা হয়েছে। বোরোজগুলিতে উন্নত প্রথায় পানচাষ প্রদর্শিত হয়। কিভাবে রোগ ও পোকার হাত থেকে পানকে রক্ষা করা যায় এবং উন্নত প্রথায় পানচাষ করলে কি সুফল পাওয়া যায় তা প্রতিবেশী ওবং নিকটবর্তী গ্রামের পানচাষীগণ দেখতে পারেন। প্রতিটি প্রদর্শনক্ষেত্রের জন্য সরকার ২০০ টাকা হিসাবে অনুদান দিয়ে থাকেন।

(২) **বিপণন সুযোগ বৃদ্ধিতে উৎসাহ :** তমলুক ও বাগনানে নিয়ন্ত্রিত বাজার স্থাপনের মধ্য দিয়ে পান বিপণনের সুষ্ঠু পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

বাণিজ্যিক ব্যাঙ্ক এবং সমবায় ব্যাঙ্কের মাধ্যমে পানচাষীদের ঋণদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

উপরিউক্ত ব্যবস্থাগুলি ছাড়াও পানচাষের সার্বিক উন্নতি ও বিভিন্ন সমস্যা সমাধানের জন্য রাজ্যস্তরে পানচাষ উন্নয়ন কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটি সংশ্লিষ্ট বিভাগীয় আধিকারিক এবং পানচাষীদের প্রতিনিধিদের নিয়ে গঠিত হয়েছে।

**কলিকাতা কর্পোরেশানের কর্মচারীর সংখ্যা ও জঞ্জাল সাফাই ব্যবস্থা**

**৫৪১।** (অনুমোদিত প্রশ্ন নং ২৭১।) **শ্রী সুশীল কুজুর :** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) কলিকাতা কর্পোরেশনে বর্তমানে (৩১-১-১৯৮৫) (১) স্থায়ী ও (২) অস্থায়ী কর্মচারীর সংখ্যা কত ; এবং

(খ) কলিকাতার জঞ্জাল নিয়মিত পরিষ্কার করিবার জন্য কি ধরণের ব্যবস্থা চালু আছে?

**স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী :** (ক) কলিকাতা কর্পোরেশনে (গার্ডেনরীচ, সাউথ সুবার্বন ও যাদবপুর ইউনিট সহ) (১) স্থায়ী ও (২) অস্থায়ী কর্মচারীর মোট সংখ্যা যথাক্রমে ২৭,৫৩২ ও ১১,৮০০ জন।

(খ) জঞ্জাল সাফাইয়ের কর্মীরা শহরের জঞ্জাল প্রথমে ঝাঁট দিয়ে দুই-চাকা গাড়ির সাহায্যে স্থানীয় ভ্যাট/ জঞ্জাল ফেলিবার নিমিত্ত নির্দিষ্ট স্থানে জমা করেন। সারা শহরে এইরূপ ভ্যাটের সংখ্যা প্রায় ৪০০টি। ঐ জঞ্জাল কর্মীরা ঝোড়া-কোদালের সাহায্যে বা যান্ত্রিক উপায়ে ট্রাকে তোলেন এবং ট্রাকগুলি নির্দিষ্ট পথ দিয়া শহরের প্রান্তে অবস্থিত নির্দিষ্ট স্থানে জড় করে।

জঞ্জালের সামান্য অংশই অ্যাগ্রো ইণ্ডাস্ট্রিজকে সারের জন্য সরবরাহ করা হয়। জঞ্জালের শতকরা ৯৮ ভাগই জমি ভরাট করিবার কাজে ব্যবহৃত হয়।

ইতিমধ্যে শহরের ওয়ার্ডে এক নতুন উপায়ে ওয়ার্ড ডিপো মারফৎ জঞ্জাল সাফাইয়ের কাজ চলছে। প্রতিটি ওয়ার্ড ডিপোয় ২টি করে ১০ কিউবিক মিটারের বাক্স বসানো হয়েছে। কর্মীরা ট্রলির সাহায্যে ড্রামে করে জঞ্জাল জড়ো করেন। একটি ট্রলিতে ৩০ লিটারের ৬টি ড্রাম থাকে। ঐ ড্রামের জঞ্জাল ডিপোয় অবস্থিত বাক্সে ফেলা হয়।

বাক্স ভর্তি হয়ে গেলে শহরের প্রান্তে গাড়িতে টেনে নিয়ে যাওয়া হয়। বর্তমানে চারটি গাড়ি ও ২০টি বাক্স এই কাজে নিযুক্ত আছে। এই ব্যবস্থায় বারবার জঞ্জাল ওঠানো-নামানো করতে হয় না। এই ব্যবস্থায় সুফল পাওয়া গেলে ব্যাপক আকারে চালু করার পরিকল্পনা আছে।

**বৈধরা সেচ প্রকল্প**

**৫৪২।** (অনুমোদিত প্রশ্ন নং ২৮৫।) **শ্রী সাত্তিক কুমার রায় :** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বীরভূম জেলার নলহাটী ১ নং ব্লকে প্রস্তাবিত বৈধরা সেচ প্রকল্পটির জন্য কবে নাগাদ জরীপের কাজ আরম্ভ হইবে ; এবং

(খ) উক্ত প্রকল্পের জন্য আনুমানিক কত টাকা ব্যয় হইবে বলিয়া আশা করা যায়?

**কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রী :** (ক) এখনই সঠিক উত্তর দেওয়া সম্ভব নয়। কেননা বর্তমান

প্রকল্পটির প্রযুক্তিগত সম্ভাব্যতা বিচারাধীন আছে।

(খ) এমতাবস্থায় এখনই সঠিক উত্তর দেওয়া সম্ভব নয়।

## অঙ্গনওয়াদি কর্মীদের কর্মস্থানে ঘরের সমস্যা

৫৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৯০।) **শ্রী ধীরেন্দ্রনাথ সেন :** ত্রান ও কল্যান বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, আই. সি. ডি. এসের অন্তর্গত অঙ্গওয়াদির কর্মীদের কর্মস্থানের ঘরের সমস্যা দেখা দিয়েছে ;

(খ) সত্য হইলে, এই সমস্যা সমাধানের জন্য সরকার কোনও পরিকল্পনা গ্রহণ করিয়াছেন কি; এবং

(গ) "খ" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে, উক্ত পরিকল্পনা কবে নাগাত এবং কিভাবে রূপায়িত করার ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**ত্রাণ ও কল্যান বিভাগের মন্ত্রী :** (ক) সর্বক্ষেত্রে না হইলেও কোন কোন ক্ষেত্রে ঘরের সমস্যা আছে।

(খ) হ্যাঁ।

(গ) গ্রামীণ ও উপজাতি-অধ্যুষিত ব্লকে অঙ্গনওয়াদি কর্মীদের কর্মস্থানে ঘরের ব্যবস্থা করার দায়িত্ব স্থানীয় অধিবাসীদের। ইহা সম্ভব না হইলে জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্পের (এন. আর. ই. পি.) মাধ্যমে অঙ্গনওয়াদি কেন্দ্র নির্মাণ করিবার জন্য প্রয়োজনীয় নির্দেশ দেওয়া আছে।

## বাঁকুড়া জেলার ছাতনায় গ্রামসেবক প্রশিক্ষণ কেন্দ্র

৫৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৮।) **শ্রী সুভাষ গোস্বামী :** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি , বাঁকুড়া জেলার ছাতনায় গ্রামসেবক প্রশিক্ষণ কেন্দ্রের ঘরবাড়ি ও আসবাবপত্রগুলি সংরক্ষণ ও সদ্ব্যবহারের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**কৃষি বিভাগের মন্ত্রী :** প্রশিক্ষণ কেন্দ্রটি চালু করবার উদ্দেশ্যে ঘরবাড়ি মেরামত, আনুষঙ্গিক নির্মাণ ও ফসল রক্ষার জন্য জমির চতুর্দিকে বেড়া দেওয়ার গুরুত্ব বিবেচনা করে যে ব্যয় অনুমান করা হয়েছে তার অনুমোদন পাওয়া সম্ভব হ'লে আগামী আর্থিক বছরে কেন্দ্রটি চালু করা যাবে বলে আশা করা যায়। বাঁকুড়া জেলাশাসকের পরামর্শক্রমে কেন্দ্রের ঘরবাড়ি ও অন্যান সম্পত্তি রক্ষণাবেক্ষণের জন্য হোমগার্ড নিযুক্ত করা হয়েছে।

## অগ্রিম রোড ট্যাক্স ব্যবস্থা

৫৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ৩০০।) **শ্রী সুভাষ গোস্বামী :** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি — ৲

(ক) বিভিন্ন ভেহিকেলসের রোড ট্যাক্স আগাম ২-৩ বছরের জন্য জমা দেওয়ার কোন ব্যবস্থা আছে কি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'না' হলে, উক্ত ব্যবস্থা চালু করার কোন অভিপ্রায় সরকারের আছে কি?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী : (ক) ও (খ) না।

শালতোড়া থানার বেলেবাইদ গ্রামে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত পরিবার

৫৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ৩০৮।) শ্রী সুভাষ গোস্বামী : ত্রাণ ও কল্যান (ত্রাণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বাঁকুড়া জেলার শালতোড়া থানার বেলেবাইদ গ্রামে গত ৮ই ফেব্রুয়ারি, ১৯৮৫ তারিখে অগ্নি কাণ্ডের ফলে কয়টি পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছে;

(খ) উক্ত অগ্নিকাণ্ডের ফলে মোট ক্ষয়ক্ষতির পরিমাণ কিরূপ; এবং

(গ) সরকার ক্ষতিগ্রস্তদের জন্য কি কি সাহায্য দিয়েছেন?

ত্রাণ ও কল্যান (ত্রাণ) বিভাগের মন্ত্রী : (ক) উক্ত অগ্নিকাণ্ডে ১১ টি পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছে।

(খ) উক্ত অগ্নিকাণ্ডের ফলে সমস্ত গৃহসামগ্রী সহ ১২টি গৃহ সম্পূর্ণ ভস্মীভূত হয়েছে, টাকার অঙ্কে আনুমানিক ৬৯,০০০ টাকার সম্পত্তি বিনষ্ট হয়েছে।

(গ) উক্ত ১১টি ক্ষতিগ্রস্ত পরিবারগুলির মধ্যে বিতরণের জন্য এ পর্যন্ত নিম্নলিখিত সরকারী সাহায্য বন্টন করা হয়েছে —

| | | |
|---|---|---|
| ১. | ক্ষয়রাতি সাহায্য | ২৪২ কিগ্রা গম |
| ২. | ধুতি „ | ১০ খানি |
| ৩. | শাড়ি „ | ১০ খানি |
| ৪. | কম্বল „ | ১০ খানি |
| ৫. | পোশাক „ | ২০টি |
| ৬. | ত্রিপল „ | ৫টি। |

হাওড়া মাছের বাজার সংলগ্ন "সুপার মার্কেট"

৫৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ৬৩৫।) শ্রী অশোক ঘোষ : মহানগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) হাওড়া মাছের বাজার সংলগ্ন "সুপার মার্কেটের" আনুমানিক ব্যয় কত ধরা হয়েছে; এবং

(খ) উক্ত মার্কেটের স্টল বিলির পদ্ধতি কিরূপ

মহানগর উন্নয়ন বিভাগের মন্ত্রী : (ক) হাওড়া মাছের বাজার সংলগ্ন "সুপার মার্কেট" বলে কিছু নেই।

(খ) প্রশ্ন উঠে না।

**হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনে সরকার কর্তৃক অর্থপ্রদান**

৫৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ৩৩৭।) **শ্রী অশোক ঘোষ ঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন গঠনের পর সরকার এ পর্যন্ত কি কি খাতে কত টাকা দিয়েছে; এবং

(খ) উক্ত কর্পোরেশন গঠন হবার পর স্থায়ী বা অস্থায়ীভাবে কোন নতুন লোক নিয়োগ করা হয়েছে কি ?

**স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী ঃ** (ক) ২২-৮-১৯৮৪ তারিখে হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন গঠনের দিন হইতে আজ পর্যন্ত নিম্নলিখিত রূপ টাকা সরকারের কাছ থেকে পাওয়া গিয়াছে—

(১) ডি এ ও এ ডি এ বাবত - ভরতুকি - টাঃ ৭৬,১৭,৫৯১.৮০।

(২) চুঙ্গিকর বাবত অনুদান - টাঃ ৭০,৯৮,৩৮৮.০০।

(৩) চুঙ্গিকর বাবত পরিশোধযোগ্য অগ্রিম - টাঃ ৬০,০০,০০০.০০।

(৪) অতিবর্ষের ক্ষয়ক্ষতি পূরণ, জল সরবরাহ ও বস্তি উন্নয়ন বাবদ —২০,০০,০০০.০০।

(৫) জল জমার ফলে ক্ষতিগ্রস্ত রাস্তার মেরামতের জন্য - টাঃ ২৫,০০,০০০.০০।

(খ) নতুন এলাকার জন্য দৈনিক মজুরিতে কিছু সাফাই কর্মী ও ডায়েড ইন হার্নেস কেস হিসাবে কিছু নতুন লোক নিয়োগ করা হয়েছে।

**পশ্চিমবঙ্গে আলু উৎপাদন ও বিক্রয় ব্যবস্থা**

৫৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫২।) **শ্রী তারকবন্ধু রায় ঃ** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৮৪-৮৫ (৩১শে জানুয়ারী পর্যন্ত) সালে এ রাজ্যে আলু উৎপাদনের পরিমাণ কত ;

(খ) ১৯৮৩-৮৪ সালের আলু উৎপাদনের চাইতে "ক" প্রশ্নে উল্লিখত সময়ে আলু উৎপাদনের পরিমাণ কত বেশি বা কম;

(গ) এই রাজ্যের আলু অন্য কোন রাজ্যে রপ্তানি হয় কি ;

(ঘ) এই রাজ্যে আলুচাষীদের গড়ে উৎপাদন ব্যয় কুইন্টাল প্রতি কত টাকা; এবং

(ঙ) চাষীদের নিকট থেকে সরাসরি সরকারী উদ্যোগে আলু ক্রয়ের কোন ব্যবস্থা আছে কি?

**কৃষি বিভাগের মন্ত্রী ঃ** (ক) ১৯৮৪-৮৫ সালে আলুর উৎপাদন বেশ ভাল। সঠিক পরিমাণ এখনই বলা সম্ভব নয় যদিও আনুমানিক ৩০ লক্ষ টনের কিছু বেশী হবে।

(খ) ১৯৮৩-৮৪ সালে আলু উৎপাদনের পরিমাণ ৩০.৬ লক্ষ টন। বর্তমান বৎসরের উৎপাদনের পরিমাণ সঠিকভাবে জানা না পর্যন্ত তুলনামূলকভাবে উৎপাদন কত কম বা বেশী বলা সম্ভব নয়।

(গ) সাধারণতঃ এই রাজ্য থেকে আলু উড়িষ্যায় পাঠানো হয়। কিছু পরিমাণ আলু বিহার, অন্ধ্রপ্রদেশ ও আসামেও পাঠানো হয়।

(ঘ) এই রাজ্যে কুইন্ট্যাল প্রতি আলুর গড় উৎপাদন ব্যয় ৭৬.০০ টাকার মতো।

(ঙ) কেন্দ্রীয় সরকার 'বেনফেড ন্যাশনাল কো-অপারেটিভ ডেভেলপমেন্ট কর্পোরেশন-এর মাধ্যমে কুইন্ট্যাল-প্রতি ৫০.০০ টাকা দরে আলু কেনার এক কর্মসূচী গ্রহণ করেছেন। এই দামে কেনা আলু বিক্রির ক্ষেত্রে কোন লোকসান হলে তা কেন্দ্রীয় ও রাজ্য সরকার সমভাবে বহন করবেন। এই রাজ্যে আলুর উৎপাদন ব্যয় কুইন্ট্যাল প্রতি ৫০.০০ টাকার অনেক বেশী বলে রাজ্য সরকার বেনফেডের মাধ্যমে কুইন্ট্যাল প্রতি ন্যূনতম ৭৮.০০ টাকা দরে ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের কাছ থেকে ১০ হাজার মেট্রিক টন আলু কেনার এক পৃথক কর্মসূচী গ্রহণ করেছেন। এক্ষেত্রে কোন লোকসান হলে কেন্দ্রীয় সরকার ক্রয়মূল্য কুইন্ট্যাল প্রতি ৫০.০০ টাকা হিসাবে লোকসানের অর্ধেক দায়িত্ব বহন করবেন। বাকি টাকার দায়িত্ব রাজ্য সরকারকে বহন করতে হবে।

**পশ্চিমবঙ্গে চালু ও অকেজো গভীর নলকূপ**

**৫৫০।(অনুমোদিত প্রশ্ন নং ৪৬৮।) শ্রী মাধবেন্দু মোহান্ত :** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) পশ্চিমবঙ্গে মোট গভীর নলকূপের সংখ্যা কত ; এবং

(খ) তন্মধ্যে নদীয়া জেলায় কয়টি; এবং

(গ) উক্ত জেলায় কয়টি গভীর নলকূপ বর্তমানে (জানুয়ারি ১৯৮৫) চালু আছে এবং কয়টি অচল হয়ে পড়ে আছে?

**কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রী :** (ক) ২,৯৫৫টি। ঐগুলির মধ্যে ২,৩৩২টি মুখ্য বাস্তুকার কৃষির অধীন এবং বাকী ৬২৩ টি পশ্চিমবঙ্গ রাজ্য ক্ষুদ্র সেচনিগমের অধীন।

(খ) নদীয়া জেলায় মুখ্য বাস্তুকার, কৃষির অধীনে ৫১৭টি এবং ক্ষুদ্র সেচনিগমের অধীনে ৫৮টি- মোট ৫৭৫ টি গভীর নলকূপ আছে।

(খ) নদীয়া জেলার ৫৭৫ টি গভীর নলকূপের মধ্যে ৫৪৩টি চালু অবস্থায় আছে এবং ৩২টি অচল অবস্থায় আছে।

**সিউড়ী জেলে তদারকি কমিটি গঠন**

**৫৫১।(অনুমোদিত প্রশ্ন নং ৪৯৮।) শ্রী সাত্বিককুমার রায় :** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বীরভূম জেলার সিউড়ি জেলে কোন তদারকি কমিটি গঠিত হইয়াছে কিনা; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে, উক্ত কমিটিতে কতজন সদস্য আছেন এবং তাঁহাদের নাম কি?

**স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রী :** (ক) সিউড়ি জেলে কোন তদারকি কমিটি নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

**"কারা বিধি সংস্কার" কমিশনের রিপোর্ট**

৫৫২। (অনুমোদিত প্রশ্ন নং ৬৫০।) **শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, তারাপদ লাহিসড়ার নেতৃত্বাধীন "কারাবিধি সংস্কার" কমিশনের রিপোর্ট কার্যকর করার ব্যাপারে রাজ্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রী ঃ** (ক) "কারা বিধি সংস্কার" কমিটির যে সুপারিশগুলির সঙ্গে অর্থের প্রশ্ন জড়িত নাই সেইগুলি অতিসত্বর কার্যকর করার ব্যাপারে রাজ্য সরকার ব্যবস্থা গ্রহণ করিতেছেন।

**পুরসভাগুলিকে বিভিন্ন [illegible] কাজের জন্য প্রদত্ত অর্থ অন্য খাতে খরচ**

৫৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ৬৫৫।) **শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, বিভিন্ন উন্নয়নমূলক কাজের জন্য বিশ্বব্যাঙ্ক ও কেন্দ্রীয় সরকার প্রদত্ত অর্থ পুরসভাগুলি অন্য খাতে খরচ করেছে; এবং

(খ) হাওড়া সহ কয়েকটি পুরসভাকে বিশ্বব্যাঙ্ক অর্থবরাদ্দ বন্ধ করে দিয়েছে?

**স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী ঃ** (ক) ও (খ) না, সত্য নয়।

**ধান উৎপাদন**

৫৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ৬৮০।) **শ্রী গুণধর চৌধুরী ঃ** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বাংলা ১৩৮৯-৯০ ও ১৩৯০-৯১ (১৭ই মাঘ পর্যন্ত) সনে বাঁকুড়া জেলায় কত ধান উৎপন্ন হয়েছে; এবং

(খ) সমগ্র পশ্চিমবাংলায় উক্ত সময়ে কত ধান উৎপন্ন হয়েছে?

**কৃষি বিভাগের মন্ত্রী ঃ** (ক) বাংলা ১৩৮৯-৯০ সনে বাঁকুড়া জেলায় মোট ৮ লক্ষ ৭৯ হাজার ৯০ টন ধান উৎপন্ন হয়েছিল এবং ১৩৯০-৯১ সনে আউস এবং আমন মিলে মোট ৮ লক্ষ ৬২ হাজার ২৪০ টন ধান উৎপন্ন হয়েছে। এই সনে বোরো ধানের চূড়ান্ত হিসাব আগামী আষাঢ় মাস নাগাদ ধান কাটার পর পাওয়া যাবে।

(খ) সমগ্র পশ্চিমবাংলায় ১৩৮৯-৯০ সনে মোট ১ কোটি ১৯ লক্ষ ৯ হাজার ৮৫০ টন ধান উৎপন্ন হয়েছিল। ১৩৯০-৯১ সনে আউস এবং আমন মিলে ১ কোটি ২ লক্ষ ৭ হাজার ৮৫০ টন ধান উৎপন্ন হয়েছে। এই সনে বোরো ধানের চূড়ান্ত হিসাব আগামী আষাঢ় মাস নাগাত ধান কাটার পর পাওয়া যাবে।

**আলিপুরদুয়ার ১ নং ব্লকের উত্তর চকোয়াখেতি গ্রামে আর এল আই প্রকল্প**

৫৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ৮২১।) **শ্রী যোগেন্দ্রনাথ সিংহরায় ঃ** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ার ১নং ব্লক এলাকাধীন উত্তর চকোয়াখেতি গ্রামে কৃষি সেচের জন্য একটি আর এল আই স্থাপনের প্রকল্প গ্রহণ করা হইয়াছে;

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে, উক্ত প্রকল্পের কাজ আরম্ভ হইয়াছে কিনা; এবং

(গ) ১৯৮৫-৮৬ সালে উক্ত প্রকল্প হইতে সেচের জন্য কৃষকরা জল পাইবে কিনা?

**কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রী :** (ক) ও (গ) হ্যাঁ।

(খ) পশ্চিমবঙ্গ ক্ষুদ্র সেচ নিগম ইতিমধ্যেই প্রকল্পটি স্থাপন করিয়াছে।

**উচ্চ ফলনশীল জাতের ধান**

৫৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ৮৩২।) **শ্রী নীরোদ রায়চৌধুরী :** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, আউশ হিসাবে ছিটিয়ে বোনার উপযোগী কোনও উচ্চফলনশীল জাতের ধান আছে কি?

**কৃষি বিভাগের মন্ত্রী :** হ্যাঁ। ছিটিয়ে বোনার উপযোগী কয়েকটি উচ্চ ফলনশীল জাতের আউশ ধান আছে।

**কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য গবেষণা**

৫৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ৮৩৪।) **শ্রী নীরোদ রায়চৌধুরী :** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, চাষের এলাকা এবং উৎপাদন বৃদ্ধির জন্য কৃষি বিভাগের কর্মরত গবেষকরা কি গবেষণা করছেন?

**কৃষি বিভাগের মন্ত্রী :** (ক) কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য কৃষি বিভাগে কর্মরত গবেষকগণ বহুমুখী গবেষণায় রত আছেন। পশ্চিমবঙ্গে মোট জমির ৬৩ শতাংশ কৃষির আওতায় আছে। এর চেয়ে অতিরিক্ত জমিতে চাষের বা সেজন্য গবেষণার অবকাশ নেই। পরোক্ষভাবে এলাকা বাড়ানোর জন্য বহু ফসলের চাষ এক জমিতে করা দরকার। সে সম্বন্ধে গবেষণা হচ্ছে।

**সুন্দরবন অঞ্চলে রবিশস্যের চাষ**

৫৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ৮৪১।) **শ্রী নীরোদ রায়চৌধুরী :** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, সুন্দরবন অঞ্চলে রবিশস্যের চাষ সম্ভব কি ?

**কৃষি বিভাগের মন্ত্রী :** হ্যাঁ।

**সুপার ফসফেটের পরিবর্তে রক-ফসফেটের ব্যবহার**

৫৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ৮৪৩।) **শ্রী নীরোদ রায়চৌধুরী :** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, কৃষি বিভাগ থেকে সুপার ফসফেটের পরিবর্তে রক-ফসফেটের ব্যবহার সুপারিশ করা হচ্ছে; এবং

(খ) সত্যি হলে, এতে কি বিশেষ কোন সুবিধা আছে?

**কৃষি বিভাগের মন্ত্রী :** (ক) হ্যাঁ। ইহা আংশিক সত্য। পশ্চিমবঙ্গের অম্ল মাটি এলাকায় এই রক-ফসফেট সুপার-ফসফেটের পরিবর্তে ব্যবহার করার জন্য সুপারিশ করা হচ্ছে।

(খ) অম্ল মাটিতে জলে দ্রবণীয় ফসফেট সার দিলে ফসফেট সহজে মাটিতে আবদ্ধ হয়ে যায় এবং গাছ তা সহজে সংগ্রহ করতে পারে না। রক-ফসফেট অবস্থিত ফসফেট ধীরে ধীরে গাছের

গ্রহণযোগ্য অবস্থায় আসে, ফলে দীর্ঘকাল ধরে গাছের প্রয়োজনীয় ফসফেট সরবরাহ করতে সাহায্য করে।

**তৈলবীজ চাষের আয়তন ও উৎপাদন বৃদ্ধি**

৫৬০। (অনুমোদিত প্রশ্ন নং ৮৫০।) **শ্রী নীরোদ রায়চৌধুরী : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী** মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, গত ২/৩ বৎসরে তৈলবীজ চাষের আয়তন এবং উৎপাদন বেড়েছে; এবং

(খ) সত্য হলে, এতে কোনও উন্নত জাতের তৈলবীজের ভূমিকা আছে কি ?

**কৃষি বিভাগের মন্ত্রী : (ক)** হ্যাঁ। সত্য।

(খ) ফলন বৃদ্ধির জন্য উন্নত জাতের বীজের ভূমিকাই সবচেয়ে গুরুত্বপূর্ণও। রাজ্যের তৈলবীজ গবেষণা কেন্দ্র থেকে এবং রাজ্যের বাইরে থেকেও অনেক উন্নত জাতের তৈলবীজ পশ্চিমবঙ্গে চাষের জন্য আনা হয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য হলঃ সরিষার ক্ষেত্রে অগ্রণী, সীতা, বিজয়; তিলের ক্ষেত্রে তিলোত্তমা; চীনাবাদামের ক্ষেত্রে প্রগতি, জে-১১, এণ এইচ-২; সূর্যমুখীর ক্ষেত্রে ইসি ৬৮৪১৪, ৬৮৪১৫।

**জলা জমিতে গম চাষ**

৫৬১। (অনুমোদিত প্রশ্ন নং ৮৫২।) **শ্রী নীরোদ রায়চৌধুরী : কৃষি বিভাগের মন্ত্রী মহাশয়** অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, উত্তরবঙ্গের জলাভূমিতে গমের দানা অনেক ক্ষেত্রেই পুষ্ট হয় না; এবং

(খ) সত্য হলে, এমন কোনও জাতের গম আছে কি যাতে গমের এই দোষ থাকে না?

**কৃষি বিভাগের মন্ত্রী : (ক)** জলাভূমিতে গম চাষ করা সম্ভব নয়।

(খ) প্রশ্ন আসে না।

**বাজিতপুর ব্রিজ নির্মাণ**

৫৬২। (অনুমোদিত প্রশ্ন নং ১১৪৭।) **শ্রী সরল দেব : কৃষি বিভাগের মন্ত্রী মহাশয়** অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ২৪-পরগনার অন্তর্গত বারাসাত ১ নম্বর ব্লকের অধীনে মার্কেটিং লিঙ্ক বাজিতপুর ব্রিজ তৈয়ারী করার কোনো পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি ; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে, কবে নাগাত উপরোক্ত কাজ শুরু হইবে বলিয়া আশা করা যায়?

**কৃষি বিভাগের মন্ত্রী : (ক) ও (খ)** এই সংক্রান্ত একটি পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে।

### কলিকাতার ফুটপাথ হইতে হকার উচ্ছেদ

**৫৬৩।** (অনুমোদিত প্রশ্ন নং ১১৬৪।) **শ্রী সরল দেব :** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, কলিকাতার ফুটপাথ হইতে হকারদের উচ্ছেদ করার ব্যবস্থা রাজ্য সরকার গ্রহণ করেছেন; এবং

(খ) সত্য হইলে, এ সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী :** (ক) হ্যাঁ।

(খ) সিদ্ধান্ত নেওয়া হয়েছিল যে, ব্রাবোর্ণ রোড, বাবুঘাট অঞ্চল, শিয়ালদহ স্টেশান ও ফ্লাই এভার সংলগ্ন এলাকা, ১ হইতে ১২ নম্বর জওহরলাল নেহেরু রোডের সম্মুখবর্তী স্থান, বি বি ডি বাগ এলাকা, কলিকাতা ময়দানের বাস টারমিনাস এলাকা, সুরেন্দ্রনাথ পার্ক এবং শহরের অন্যান্য প্রতিটি বড় রাস্তার গাড়ী চলাচলের জন্য নির্ধারিত অংশ থেকে হকার উচ্ছেদ করা হবে। কলিকাতা পুরসভার সহযোগিতায় কলিকাতা পুলিশ হকার উচ্ছেদ সম্পর্কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করছে। প্রতি সোমবার, বুধবার ও শুক্রবার পৌরসভার ৫টি গাড়ী এবং প্রতি গাড়ী পিছু ১০ জন মজদুর দিয়ে কলিকাতা পুলিশের উত্তর, মধ্য, দক্ষিণ, পূর্ব শহরতলী এবং বন্দর এলাকার ডেপুটী কমিশনারগণ হকার উচ্ছেদের জন্য অভিযান চালাচ্ছেন। তাঁরা উল্লিখিত স্থানগুলি হকারমুক্ত করে ঐ সব এলাকায় বে-আইনীভাবে রক্ষিত পসরা এবং আসবাবপত্রাদি বাজেয়াপ্ত করেন। কলিকাতা মিউনিসিপ্যাল আইনের ধারা অনুসারে কলিকাতা পৌরসভা এই সকল দ্রব্যাদির বিলিব্যবস্থা করে।

### হুগলী জেলার বাসরুট মঞ্জুর

**৫৬৪।** (অনুমোদিত প্রশ্ন নং ১২৪১।) **শ্রী ব্রজগোপাল নিয়োগী :** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) হুগলী জেলায় ১৯৭৭-৭৮ সাল থেকে ১৯৮৩-৮৪ সাল পর্যন্ত মোট কয়টি বাসরুট মঞ্জুর করা হয়েছে;

(খ) এর মধ্যে মিনিবাস, সাধারণ বাস, এক্সপ্রেস বাস ও রাষ্ট্রীয় সংস্থায় বাসের সংখ্যা কত; এবং

(গ) ১৮ ও ১৯ নং রুটে হুগলী জেলায় ১৯৭৭ সালে প্রতিদিন গড়ে কতগুলি বাস চলত, বর্তমানে প্রতিদিন গড়ে কতগুলি বাস চলছে ?

**স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী :** (ক) একান্নটি।

(খ) মিনিবাস - ১৪টি, সাধারণ বাস - ১০টি, এক্সপ্রেস বাস - ১৫টি, সরকারী বাস - ১২টি।

(গ) ১৯৭৭ সালে ১৮ নং রুটে ১০টি এবং ১৯ নং রুটে ১১টি বাস চলত। বর্তমানে যথাক্রমে ১১ এবং ৯টি বাস চলছে।

### হুগলী জেলায় রেগুলেটেড মার্কেট

৫৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৫২।) **শ্রী ব্রজগোপাল নিয়োগী ঃ** কৃষি বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) হুগলী জেলায় বর্তমানে মোট কয়টি রেগুলেটেড মার্কেট আছে এবং কোথায় কোথায় আছে।

(খ) উক্ত রেগুলেটেড মার্কেটের কাজ কোন্ সনে শেষ হয়েছে;

(গ) এর জন্যে মোট কত টাকা খরচ হয়েছে; এবং

(ঘ) উক্ত মার্কেটগুলি চালু হয়েছে কিনা?

**কৃষি বিভাগের মন্ত্রী ঃ** (ক) হুগলী জেলায় বর্তমানে মোট ৩টি রেগুলেটেড মার্কেট আছে। ঐগুলি যথাক্রমে চাঁপাডাঙ্গা, পাণ্ডুয়া এবং শেওড়াফুলীতে।

(খ) চাঁপাডাঙ্গায় মূল বাজার চত্বর উন্নয়নের কাজ চলছে। পাণ্ডুয়ার প্রাথমিক পর্যায়ের উন্নয়নের কাজ ১৯৮৪ সনে শেষ হয়েছে এবং শেওড়াফুলী মূল বাজার চত্বর নির্মাণের প্রাথমিক পর্যায়ের কাজ ১৯৮৪ সনে শেষ হয়েছে।

(গ) পাণ্ডুয়ার জন্য ২১,২০,৮২৬,৭৭ টাকা, শেওড়াফুলীর জন্য ২৬,৯৭,৭১৯,৫২ টাকা, চাঁপাডাঙ্গার জন্য ৩,৯৬,৫১০.০০ টাকা।

(ঘ) এখনও চালু হয়নি।

### হাওড়া-দীঘা রেলবাস

৫৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৫৩।) **শ্রী উপেন্দ্র কিস্কু ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, কেন্দ্রীয় সরকারের রেলদপ্তর হাওড়া-দীঘা একটি রেলবাস চালু করেছিলেন; এবং

(খ) সত্য হলে, বর্তমানে উক্তবাসটি চলছে কিনা এ সম্পর্কে রাজ্য সরকারের নিকট কোন খবর আছে কিনা?

**স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ, ইহা সত্য।

(খ) দক্ষিণ-পূর্ব রেল কর্তৃপক্ষ জানিয়েছেন যে তাঁরা উক্ত বাস ১৫-৪-৮৫ তারিখ থেকে তুলে নেবেন।

### হুগলী জেলে বেসরকারী পরিদর্শক টিম

৫৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৮৮।) **শ্রী ব্রজগোপাল নিয়োগী ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি :—

(ক) হুগলী জেলে পরিদর্শক টিম গঠিত হয়েছে কি ; এবং

(খ) গঠিত হয়ে থাকলে উক্ত পরিদর্শক টিমের সদস্যদের নামের তালিকা কি ?

**স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রী ঃ** (ক) ও (খ) হুগলী জেলের বে-সরকারী পরিদর্শক নিয়োগের সুপারিশ বিভাগীয় কমিশনারের নিকট হইতে পাওয়া গিয়াছে এবং তাহা সরকারের সক্রিয় বিবেচনাধীন আছে।

**মেদিনীপুর জেলার বিভিন্ন ব্লকে গভীর নলকূপ স্থাপন**

**৫৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৩১।) ডাঃ মানস ভুঁইঞা ঃ কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —**

(ক) মেদিনীপুর জেলার কোন্ কোন্ ব্লকে চলতি আর্থিক বৎসরে (১৯৮৪-৮৫) গভীর নলকূপ বসানো হচ্ছে ; এবং

(খ) এই গভীর নলকূপ বসানোর জন্য আর্থিক সাহায্য রাজ্য ও কেন্দ্রীয় সরকার কি পরিমাণ দিয়েছেন?

**কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রী ঃ** (ক) মেদিনীপুর জেলার যে যে ব্লকগুলিতে গভীর নলকূপ বসানোর ব্যবস্থা হচ্ছে তার তালিকা নিম্নে দেওয়া হইল—

| | | | |
|---|---|---|---|
| ১। | দাসপুর-১ | ২। | এগরা-২ |
| ৩। | পাঁশকুড়া -১ | ৪। | দাঁতন-২ |
| ৫। | নারায়ণগড় | ৬। | গড়বেতা-১ |
| ৭। | গড়বেতা-৩ | ৮। | চন্দ্রকোণা-২ |
| ৯। | দাসপুর-২ | ১০। | এগরা-১ |
| ১১। | দাঁতন-১ | ১২। | গোপীবল্লভপুর |
| ১৩। | মেদিনীপুর সদর | ১৪। | মোহনপুর |
| ১৫। | পটাশপুর-১ | ১৬। | পটাশপুর-২ |
| ১৭। | সবং | ১৮। | ময়না। |
| ১৯। | বিনপুর-১ | ২০। | কেশিয়ারী |
| ২১। | গড়বেতা-২ | ২২। | ঝাড়গ্রাম |
| ২৩। | শালবনী | ২৪। | কেশপুর |
| ২৫। | খড়্গপুর-১ | ২৬। | খড়্গপুর-২ |
| ২৭। | পিংলা | ২৮। | বিনপুর-২ |
| ২৯। | পাঁশকুড়া-২ | ৩০। | ঘাটাল |
| ৩১। | ভগবানপুর-১ | ৩২। | চন্দ্রকোণা-১ |
| ৩৩। | ভগবানপুর-২ | | |

রাজ্য সরকার মেদিনীপুর জেলার ২৭টি ব্লকে মোট ৫০টি গভীর নলকূপ বসানোর জন্য

১,৫১,৮১,৯৩৭ টাকা পরিকল্পনা খাতে মঞ্জুর করিয়াছেন। কেন্দ্রীয় সরকার এর জন্য আলাদাভাবে কোন টাকা দেন নাই।

**সবং থানা অঞ্চলে আই আর ডি পি মঞ্জুরীতে বিলম্ব**

৫৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৬০।) **শ্রী ডাঃ মানস ভূঁইঞা ঃ** উন্নয়ন ও পরিকল্পনা (সার্বিক গ্রাম উন্নয়ন পরিকল্পনা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৮৪ সালের এপ্রিল মে মাসে মেদিনীপুর জেলার সবং থানার (ব্লকের) ১নং, ২নং, ৩নং ও ৮ নং অঞ্চলের জন্য মঞ্জুরীকৃত আই আর ডি পি-এর অনুমোদনের অংশ ডি আর ডি এ থেকে আসতে দেরী হয়েছিল কিনা;

(খ) দেরী হয়ে থাকলে তার কারণ কি ;

(গ) এই অনুদানের টাকা জেলা ডি আর ডি এ অফিসে কত দিন আটক ছিল;

(ঘ) এই ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল?

**উন্নয়ন ও পরিকল্পনা (সার্বিক গ্রাম উন্নয়ন পরিকল্পনা) বিভাগের মন্ত্রী ঃ** (ক) না।

(খ), (গ) ও (ঘ) প্রশ্ন উঠে না।

**মেদিনীপুর হইতে মোহাড় পর্যন্ত বাসরুট মঞ্জুর**

৫৭০। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৬৮।) **ডাঃ মানস ভূঁইঞা ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) মেদিনীপুর হইতে মোহাড় পর্যন্ত কতগুলি বাসরুট এ পর্যন্ত মঞ্জুর হইয়াছে;

(খ) এর মধ্যে কতগুলি বাস বর্তমানে মোহাড় পর্যন্ত যাতায়াত করিতেছে?

**স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী ঃ** (ক) আটটি।

(খ) ছয়টি।

**কেলেঘাই ও কপালেশ্বরী নদী সংস্কার**

৫৭১। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৭৬।) **ডাঃ মানস ভূঁইঞা ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) মেদিনীপুর জেলার কেলেঘাই এবং কপালেশ্বরী নদীর সংস্কার কতদিন হয় নাই;

(খ) ইহা কি সত্য যে, কেলেঘাই এবং কপালেশ্বরী নদীর সংযোগস্থলে (শালমারা জলা) নাব্যতা একেবারেই কমিয়া গিয়াছে বলে বোরো চাষের সময় চাষীদের জলের অভাবে আর.এল.আই. স্কীম থাকা সত্ত্বেও বোরা চাষ সম্পূর্ণ নষ্ট হইয়া গিয়োছে; এবং

(গ) সত্য হইলে, এ ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী ঃ** (ক) ১৯৭৩ সালের পর নদীগুলির কোন সংস্কার হয় নাই।

(খ) হ্যাঁ, নদীর গভীরতা কমিয়া গিয়াছে।

(গ) শালমারা জলা সংলগ্ন জমিতে চাষ করার ব্যাপারে কেলেঘাই পরিকল্পনাতে কোনও সংস্থান নাই।

**মেদিনীপুর জেলার বিষ্ণুপুর-কাবড়হরা জলাকে চাষের উপযোগী করণ**

**৫৭২। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৭৭।) ডাঃ মানস ভুঁইঞা :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) মেদিনীপুর জেলার সবং থানার বিষ্ণুপুর- কাবড়হরা জলার প্রায় ২০০০ (দুই হাজার) একর জমির আমন চাষের জলের নিষ্কাশনের জন্য এবং বোরো চাষের সময় জলের অভাবের জন্য বেশ কয়েক বৎসর ধরিয়া চাষ হইতেছে না— এই মর্মে সরকারের নিকট কোন তথ্য আছে কিনা; এবং

(খ) থাকিলে, এই ব্যাপারে সেচ দপ্তর কোন পরিকল্পনা করিতেছেন কি?

**সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী :** (ক) হ্যাঁ, উক্ত স্থানে কিছু কিছু অংশে জল নিষ্কাশনের অসুবিধা কেলেঘাই নদীর বন্যায় হয়ে থাকে। বোরো চাষের ব্যাপারে এই বিভাগের কোন কিছু করণীয় নেই।

(খ) এখন পর্যন্ত কোন পরিকল্পনা লওয়া হয়নি।

**জলপাইগুড়ির গাড়োচিড়া বান্ধাপানি চা-বাগানের কৃষি জমির পাট্টা**

**৫৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৮৫।) শ্রী তারকবন্ধু রায় :** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, জলপাইগুড়ি জেলায় গাড়োচিড়া বান্ধাপনি চা-বাগানের কিছু পরিমাণ কৃষি জমি পাট্টা দেওয়া হইয়াছে ;

(খ) সত্য হইলে, উহার পরিমাণ কত ; এবং

(খ) কি পরিমাণ জমি কতজনকে পাট্টা দেওয়া হইয়াছে?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রী :** (ক) না।

(খ) এবং (গ) প্রশ্ন উঠে না।

**বারাসাতে নতুন পার্ক প্রকল্প**

**৫৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৫১৮।) শ্রী সরল দেব :** বনবিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি ,বারাসাত এস ডি ও অফিস সম্মুখস্থ হাতিপুকুরে (নেতাজী পার্ক) নতুন পার্ক গড়ে তোলার কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

**বনবিভাগের মন্ত্রী :** বারাসাতে "নবপল্লী শিশু উদ্যান" নামে একটি পার্ক ও একটি নার্সারী আছে। অন্য কোন পরিকল্পনা বর্তমানে নেই।

**কলিকাতা হইতে ঝিলিমিলি সি এস টি সি-র বাস যোগাযোগ**

**৫৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৮০।) শ্রী রামপদ মান্ডী :** স্বরাষ্ট্র পরিবহণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, কলিকাতা হইতে ঝিলিমিলি সি এস টি সি-র দূর পাল্লার বাস

যোগাযোগের জন্য ১৯৮৫-৮৬ আর্থিক বছরে কোন পরিকল্পনা আছে কি?

**স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী :** বর্তমানে নেই।

**পঞ্চায়েতের মাধ্যমে বাজার কেন্দ্র স্থাপন**

৫৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৯০।) **শ্রী অনিল মুখার্জী : কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের** মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৮০-৮১ হইতে ১৯৮৩-৮৪ সালের মধ্যে পঞ্চায়েতের মাধ্যমে পশ্চিমবঙ্গে কতগুলি বাজার কেন্দ্র (মার্কেটিং সেন্টার) খোলা হয়েছে; এবং

(খ) ঐ বাজার কেন্দ্রগুলি খোলার জন্য সরকারের মোট কত টাকা ব্যয় হয়েছে?

**কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী :** (ক) ১৯৮০-৮১ হইতে ১৯৮৩-৮৪ পর্যন্ত মোট ৬৫ টি বাজার কেন্দ্র পশ্চিমবঙ্গে বিভিন্ন পঞ্চায়েতের মাধ্যমে খোলা হয়েছে।

(খ) ঐ বাজার কেন্দ্রগুলি খোলার জন্য সরকারের মোট ১৪,০৯,২৮০ টাকা ব্যয় হয়েছে।

**পশ্চিমবঙ্গে মিনিকিট বিলি**

৫৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৯২।) **শ্রী অনিল মুখার্জী :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সারা পশ্চিমবঙ্গে ১৯৭৭-৭৮ সাল থেকে ১৯৮৩-৮৪ সালের মধ্যে পঞ্চায়েত সমিতির মাধ্যমে উন্নত মানের কৃষি বীজ সরবরাহের জন্য কত মিনিকিট বিলি হয়েছে?

**কৃষি বিভাগের মন্ত্রী :** পশ্চিমবঙ্গে ১৯৭৭-৭৮ সাল থেকে ১৯৮৩-৮৪ সালের মধ্যে ৬৪ লক্ষ ৯৬ হাজার ৯২৮ টি বিভিন্ন শস্যের মিনিকিট বিলি করা হয়েছে।

**রাজ্য বীজ কর্পোরেশন**

৫৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৯৭।) **শ্রী অনিল মুখার্জী :** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয়অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) রাজ্য বীজ কর্পোরেশন কবে প্রতিষ্ঠিত হয়েছে;

(খ) উক্ত বীজ কর্পোরেশনের মাধ্যমে কি কি বীজের উৎপাদন শুরু হয়েছে; এবং

(গ) মোট কত বীজ এ যাবৎ উৎপাদিত হয়েছে?

**কৃষি বিভাগের মন্ত্রী :** (ক) ১৩ নভেম্বর ১৯৮০ সালে।

(খ) এই বীজ নিগম এ যাবৎ ধান, গম, সর্ষে, আলু, পাট, ভুট্টা, তিল, কলাই-মুগ, ছোলা, মটর, অড়হর ও তিসি বীজের উৎপাদন শুরু করেছে।

(গ) এ পর্যন্ত যে পরিমাণ বীজ উৎপাদিত হয়েছে তার একটি তালিকা লাইব্রেরির টেবিলে দেওয়া আছে।

**আমদানীকৃত বীজ**

৫৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৯৮।) **শ্রী অনিল মুখার্জী :** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, ১৯৭৭-৭৮ সালের মধ্যে কত কোটি টাকার বীজ অন্য রাজ্য থেকে

পশ্চিমবঙ্গে আমদানী করা হয়েছে?

**কৃষি বিভাগের মন্ত্রী ঃ** যেহেতু বীজ বিতরণ এখনও সরকারী নিয়ন্ত্রণাধীনে আসে নি তাই এর সঠিক তথ্য দেওয়া সম্ভব নয়। তবে সরকারী তরফে ১৯৭৭-৭৮ সালের মধ্যে ৯ কোটি ৬৯ লক্ষ ৩৫ হাজার টাকার মত বীজ মিনিকিটের মাধ্যমে বিলি করার জন্য অন্য রাজ্য থেকে আমদানী করা হয়েছিল।

## Handloom Industry

**580.** (Admitted question No. 1608.) **Shri Anil Mukherjee :** Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state —

(a) the number of weavers engaged in Handloom Industry in 1976-77 and 1982-83;

(b) the production of silk at present ; and

(c) the production of silk in the year 1976-77 ?

**Minister-in-charge of Cottage and Small Scale Industries Department :**

(a) 1976-77 – 1,98,585 weavers, 1982-83 – 2,61,861 weavers.

(b) 7.1150 lakh kg. (at the end of 1983-84 including Tasar and Eri Silk).

(c) 4.18 lakh kg including Tasar and Eri Silk.

## রেজিষ্ট্রীকৃত ক্ষুদ্র শিল্প

**৫৮১।** (অনুমোদিত প্রশ্ন নং ১৬১২।) **শ্রী অনিল মুখার্জী ঃ** কুটির ও ক্ষুদ্র শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৭৬-৭৭ সালে পশ্চিমবঙ্গে নতুন রেজিষ্ট্রীকৃত ক্ষুদ্র শিল্পের সংখ্যা কত ছিল; এবং

(খ) ১৯৮২-৮৩ সালে উক্ত রেজিষ্ট্রীকৃত শিল্পের সংখ্যা কত ছিল?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী ঃ** (ক) ৪,০৬০টি।

(খ) ৫,০২৯টি।

## নদী সেচ প্রকল্প

**৫৮২।** (অনুমোদিত প্রশ্ন নং ১৬১৫।) **শ্রী অনিল মুখার্জী ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৭৭ সাল হইতে এ পর্যন্ত পশ্চিমবঙ্গ সরকার কতগুলি নূতন নদী সেচ প্রকল্প রূপায়িত করেছেন ;

(খ) উক্ত সেচ প্রকল্পের মাধ্যমে মোট কত জমি সেচের আওতাভুক্ত হয়েছে?

(গ) ইহা কি সত্য যে, এরাজ্যে উক্ত সেচ প্রকল্প ছাড়াও আরো আটটি বৃহৎ সেচ প্রকল্প গ্রহণ করা হয়েছে;

(ঘ) উহার মধ্যে দ্বারকেশ্বর নদীর কোন কোন প্রকল্প গৃহীত হয়েছে কিনা?

**সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী :** (ক) ১৯৭৭ সাল থেকে এ পর্যন্ত পশ্চিমবঙ্গ সরকার ৭ (সাত) টি মাঝারী সেচ প্রকল্প রূপায়িত করেছেন।

(খ) উক্ত মাঝারী সেচ প্রকল্পগুলির মাধ্যমে মোট দুহাজার দু শত হেক্টর জমি সেচের আওতাভুক্ত হয়েছে।

(গ) হ্যাঁ, আটটি বৃহৎ সেচ প্রকল্প 'সেন্ট্রাল ওয়াটার কমিশনের' সবুজ সংকেতের অপেক্ষায় আছে। এ ছাড়া, কংসাবতী সেচ প্রকল্পের নবীকরণের পরিকল্পনাটি সেন্ট্রাল ওয়াটার কমিশনের নিকট পাঠানো হয়েছে।

(ঘ) দ্বারকেশ্বর-গন্ধেশ্বরী সেচ প্রকল্পটি তৈরীর পর্যায়ে আছে।

**জলপাইগুড়ি জেলার রেমণ্ড মেমোরিয়াল স্কুলের জমি সরকারে ন্যস্ত**

৫৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৪১।) **শ্রী যোগেন্দ্র নাথ সিংহরায় :** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, জলপাইগুড়ি জেলার ফালাকাটা ব্লকের অন্তর্গত পারঙ্গেরপাড় মৌজার "রেমণ্ড মেমোরিয়াল স্কুল"-এর কয়েক হাজার বিঘা জমি এল আর অ্যাক্টে সরকারীভাবে খাস হইয়াছে;

(খ) সত্য হলে, উক্ত খাস জমির পরিমাণ কত?

(গ) উক্ত জমি সরকারীভাবে দখল লওয়া হইয়াছে কিনা; এবং

(ঘ) উক্ত জমি ভূমিহীনদের মধ্যে বিলি বণ্টন করা হইয়াছে কিনা?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রী :** (ক) ও (খ) রেমণ্ড মেমোরিয়াল স্কুলের ৩২৩.৩১ একর জমি সরকারে ন্যস্ত হইয়াছে।

(গ) হ্যাঁ।

(ঘ) না।

**সবং ব্লকে বন্যায় ক্ষতিগ্রস্ত বাড়ি**

৫৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৮২।) **ডাঃ মানস ভূঁইঞা :** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রী মহাশয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৮৪ সালের বন্যায় মেদিনীপুর জেলার সবং ব্লকের কোন্ কোন্ অঞ্চলের কত সংখ্যক মানুষের বাড়ি বন্যার জলে ও অতিবৃষ্টিতে নষ্ট হইয়াছিল; এবং

(খ) ঐ বাবদ কত টাকা সাহায্য হিসাবে সবং ব্লকে দেওয়া হইয়াছে; এবং

(গ) ক্ষতিগ্রস্ত মানুষদের চিহ্নিত করিয়া টাকা দেওয়ার অধিকার সরকার বি ডি ও না পঞ্চায়েত সমিতিকে দিয়াছেন?

**ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রী মহাশয়া :** (ক) সবং ব্লকের ১৩টি অঞ্চলের মোট এক হাজার ছয়শত চল্লিশটি বাড়ি ১৯৮৪ সালে বন্যার জলে ও অতিবৃষ্টিতে ক্ষতিগ্রস্ত হয়, যার অঞ্চল ওয়ারি হিসাব হল :

| | | |
|---|---|---|
| ১। | দেভোগ | ৬৩ |
| ২। | নাউগাঁ | ১১১ |
| ৩। | দাঁড়া | ১৭০ |
| ৪। | দশাগ্রাম | ৮৫ |
| ৫। | সারদা | ৪২ |
| ৬। | চাউলকুরি | ৯৬ |
| ৭। | নারায়ণবাড় | ২১৭ |
| ৮। | সবং | ৬৮ |
| ৯। | বলপাই | ১৪৪ |
| ১০। | ভেমুয়া | ১৩৯ |
| ১১। | মোহার | ২০৭ |
| ১২। | বুরাল | ১৫৫ |
| ১৩। | বিষ্ণুপুর | ১৪৩ |
| | মোট | ১,৬৪০ |

(খ) এক লক্ষ পঁচিশ হাজার সাত শত টাকা গৃহনির্মাণ অনুদান হিসাবে বিতরণের জন্য সবং ব্লকে দেওয়া হয়েছে।

(গ) ক্ষতিগ্রস্ত মানুষদের চিহ্নিত করার অধিকার পঞ্চায়েত সমিতিকে দেওয়া হয়েছে এবং অনুদানলাভ যোগ্য ব্যক্তিকে সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত প্রধান অথবা তাঁহার মনোনীত প্রতিনিধির উপস্থিতিতে অনুদান বিতরণের অধিকার বি ডি ও কে দেওয়া হয়েছে।।

**২৪পরগণা নবপল্লী ও নপাড়া অঞ্চলকে পৃথক মিউনিসিপ্যালিটিতে পরিণত করার পরিকল্পনা**

**৫৮৫।** (অনুমোদিত প্রশ্ন নং ১৭১৮।) **শ্রী সরল দেব :** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ২৪ পরগণার নবপল্লী ও নপাড়া অঞ্চলকে পৃথক মিউনিসিপ্যালিটিতে পরিণত করার কোন পরিকল্পনা বর্তমানে রাজ্য সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায়?

**স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী ঃ** (ক) ২৪ পরগণার (১) নপাড়া গ্রাম পঞ্চায়েত, (২) উত্তর নবপল্লী গ্রাম পঞ্চায়েত, (৩) দক্ষিণ নবপল্লী গ্রাম পঞ্চায়েত, (৪) ধীলাপুর গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত পালপাকুরিয়া ও রামকৃষ্ণপুর মৌজা এবং (৫) ইছাপুর নীলগঞ্জ গ্রাম পঞ্চায়েতের এলাকা নিয়ে পৃথক মিউনিসিপ্যালিটি পরিণত করার একটি প্রস্তাব ২৪ পরগণার জেলাশাসক রাজ্য সরকারের কাছে পেশ করেন। যেহেতু প্রস্তাবিত এলাকা বারাসাত পৌরসভা ও প্রস্তাবিত মধ্যমগ্রাম মিউনিসিপ্যালিটি এলাকাসংলগ্ন সেহেতু উক্ত এলাকাকে বারাসাত পৌরসভার সহিত অথবা প্রস্তাবিত মধ্যমগ্রাম পৌরসভার সহিত যুক্ত করা যায় কিনা সে সম্পর্কে জেলাশাসকের মতামত চাওয়া হয়েছে। জেলাশাসকের প্রতিবেদন পাওয়ার পর যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(খ) সঠিক তারিখ এখন বলা সম্ভব নয়।

**২৪-পরগণার মধ্যমগ্রাম, বসুনগর এবং গঙ্গানগর অঞ্চলকে মিউনিসিপ্যালিটিতে পরিণত করার পরিকল্পনা**

৫৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৭১৯।) **শ্রী সরল দেব ঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়নের বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ২৪ পরগণার মধ্যমগ্রাম অঞ্চল, বসুনগর অঞ্চল এবং গঙ্গানগর অঞ্চলকে মিউনিসিপ্যালিটিতে পরিণত করার কোন পরিকল্পনা বর্তমানে রাজ্য সরকারের আছে কি ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ।

(খ) উক্ত পরিকল্পনা ইং ১৯৮৬-৮৭ সালে বাস্তবায়িত হবে বলে আশা করা যায়।

**Equity participation by the Centre in Haldia Petro-chemical Complex**

**587.** (Admitted question No. 1741.) **Shri Kamal Sarkar:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state —

(a) whether the Government has revived the issue of equity participation by the Central Government in the proposed Haldia Petro-chemical Complex ;

(b) if so, what are the particulars thereof ; and

(c) what is the present position in the matter ?

**Minister-in-charge of the Commerce and Industries Department :**

(a) and (b) Yes.

(c) The State Government has requested the Central Government to reconsider their decision with regard to participation in the equity

of proposed Petro-chemicals Project. Their present decision is against participation.

**কংসাবতী স্পিনিং মিল**

**৫৮৮।** (অনুমোদিত প্রশ্ন নং ১৭৪৫।) **শ্রী লালবিহারী ভট্টাচার্য্য ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া জেলার বড়জোড়া থানায় কংসাবতী স্পিনিং মিল স্থাপনের কাজে বিলম্ব হইতেছে;

(খ) সত্য হলে, তাহার কারণ কি ;

(গ) উক্ত পরিকল্পনায় আনুমানিক কত টাকা ব্যয় হইবে;

(ঘ) ঐ স্পিনিং মিলটির জন্য প্রয়োজনীয় জল কোথা হইতে পাওয়া যাইবে;

(ঙ) উক্ত মিলটি নির্দিষ্ট সময়ে চালু হইবে কিনা; এবং

(চ) চালু হলে, উক্ত মিলে কতজনের কর্মসংস্থান হইবে বলিয়া আশা করা যায়?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ।

(খ) 'এন.সি.ডি.সি.' ও 'আই.ডি.বি.আই' হইতে আর্থিক অনুমোদনলাভে বিলম্বের জন্য নির্মাণ কার্যের ধীরগতি।

(গ) ৯৭২ লক্ষ টাকা।

(ঘ) ভূগর্ভস্থ জলাধার হইতে জল পাওয়া যাইবে।

(ঙ) না, নির্ধারিত সময়ের কিছু পরে চালু হইবে।

(চ) বিভিন্ন ক্ষেত্রে ৯২৮ জনের কর্মসংস্থান হইবে বলিয়া আশা করা যায়।

**আকাশবাণী ও দূরদর্শণ কেন্দ্রের পক্ষপাতিত্ব**

**৫৮৯।** (অনুমোদিত প্রশ্ন নং ১৭৪৭।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) সংবাদ সরবরাহ এবং অন্যান্য প্রচারের ক্ষেত্রে আকাশবাণী এবং দূরদর্শন একটি রাজনৈতিক দল ও তার নেতা ও কর্মীদের প্রতি যে বিশেষ পক্ষপাতিত্ব এবং অন্য রাজনৈতিক দলগুলোর বিরুদ্ধে বৈষম্য সৃষ্টি করে চলেছে - এই মর্মে কোন অভিযোগ বা তথ্য সরকারের নিকট আছে কি ; এবং

(খ) থাকিলে, উক্ত পক্ষপাতিত্ব অথবা বৈষম্যের অবসানের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন/করছেন?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ।

(খ) গত লোকসভা নির্বাচনের পূর্বে রাজ্যের মুখ্যমন্ত্রী মুখ্য নির্বাচনী কমিশনার এবং কেন্দ্রের তথ্য ও বেতার দপ্তরের রাষ্ট্রমন্ত্রীকে দুটি পত্র লিখে বিশেষ করে নির্বাচনের পূর্বে আকাশবাণী ও

দূরদর্শনের পক্ষপাতমূলক সংবাদ পরিবেশনের প্রতি দৃষ্টি আকর্ষণ করেন। এ ছাড়া তথ্য ও সংস্কৃতি দপ্তরের ভারপ্রাপ্ত রাষ্ট্রমন্ত্রী ও কেন্দ্রীয় তথ্য ও বেতারমন্ত্রীকে বৈষম্যমূলক প্রচারের অবসানের জন্য পত্র লেখেন।

**বাঁকুড়া জেলা পরিষদের অধীনে রাস্তা**

**৫৯০।** (অনুমোদিত প্রশ্ন নং ১৭৬৯।) **শ্রী লালবিহারী ভট্টাচার্য্য :** পঞ্চায়েত ও সমষ্টি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বাঁকুড়া জেলায় জেলা পরিষদের অধীন রাস্তার পরিমাণ কত;

(খ) উক্ত রাস্তাগুলির মধ্যে বর্তমানে কত পরিমাণ রাস্তা ব্যবহারের উপযোগী আছে;

(গ) অব্যবহার্য রাস্তাগুলি মেরামতের জন্য কোন ব্যবস্থা নেওয়া হইয়াছে কি না; এবং

(ঘ) হইলে, উক্ত মেরামতের কাজ কতদিনের মধ্যে সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়?

**পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী :** (ক) ১০০৬.১৬ কিমি।

(খ) ১০০৬.১৬ কিমি।

(গ) ও (ঘ) প্রশ্ন ওঠে না।

**বিধবা ভাতা**

**৫৯১।** (অনুমোদিত প্রশ্ন নং ১৭৭৮।) **শ্রী মাধবেন্দু মোহান্ত :** ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) পশ্চিমবঙ্গে মোট কতজন দুঃস্থ বিধবা সরকারী ভাতা পান; এবং

(খ) গত ১৯৮৩-৮৪ সনে এই ভাতা বাবদ কত টাকা পশ্চিমবঙ্গ সরকারের ব্যয় হয়েছে?

**ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রী :** (ক) ৬৫০০ জন।

(খ) ২২,৯৭,৪৪৩ টাকা।

**নদীয়া জেলায় পানীয় জল সরবরাহের ব্যবস্থা**

**৫৯২।** (অনুমোদিত প্রশ্ন নং ১৭৭৯।) **শ্রী মাধবেন্দু মোহান্ত :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) নদীয়া জেলায় কোথায় কোথায় পানীয় জল সরবরাহের ব্যবস্থা হয়েছে; এবং

(খ) নদীয়া জেলার তেহট্ট ২ নং ব্লকের জলাঙ্গী পাড়ায় পানীয় জল সরবরাহের স্কীম কোন বছর গৃহীত হয়েছে এবং এতে কত টাকা মঞ্জুর হয়েছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রী :** (ক) প্রায় প্রতি বছরই কিছু কিছু নলকূপ স্থাপন করে সমগ্র নদীয়া জেলায় পানীয় জলের ব্যবস্থা করা হয়ে থাকে।

এ ছাড়া মোট ১৪টি গ্রামীণ নলবাহিত জল সরবরাহ প্রকল্প নদীয়া জেলার বিভিন্ন অঞ্চলের জন্য মঞ্জুর করা হয়েছে। এগুলি হলো :

(১) মুড়াগাছা, (২) বেথুয়াডহরী, (৩) বামনপুকুর, (৪) কাশিয়াডাঙ্গা, (৫) কৃষ্ণগঞ্জ, (৬) করিমপুর, (৭) পলাশীপাড়া, (৮) হাবিবপুর, (৯) ছাপড়া ও বাঙ্গালঝি, (১০) রকুনপুর, (১১) তেঁতুলবেড়িয়া,(১২) দেবগ্রাম, (১৩) মাটিয়ারী ও (১৪) কামাগাছি।

তাছাড়া নদীয়া জেলার বীরনগর, শান্তিপুর, কৃষ্ণনগর, নবদ্বীপ ও রাণাঘাট পৌরসভাগুলির জন্য পানীয় জল সরবরাহ প্রকল্পের কাজ শেষ হয়ে গেছে এবং জল সরবরাহ করা হচ্ছে। চাকদহ পৌরসভার জন্য জল সরবরাহ প্রকল্পের কাজ এগিয়ে চলেছে।

(খ) জলাঙ্গীপাড়ার জন্য কোন জল সরবরাহ প্রকল্প মঞ্জুর করা হয়নি। তবে তেহট্ট থানার অন্তর্গত পলাশী পাড়া এবং তৎসংলগ্ন গ্রামগুলির জন্য একটি জল সরবরাহ প্রকল্প মোট ২১ লক্ষ টাকা ব্যয়ে ১৯৮১ সালে মঞ্জুর করা হয়েছে।

**পে- রিভিউ কমিটির রিপোর্ট ও হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনের কর্মচারিগণ**

**৫৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৮৪।) শ্রী অশোক ঘোষ :** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনের কর্মচারীরা ১.৪.১৯৮১ হইতে পে-রিভিউ কমিটির রিপোর্ট অনুযায়ী ছুটি, চাকুরীর শর্তাবলী (সরকারী কর্মীদের সমতুল্য) ও পূজা ভাতা প্রদানের বিষয়ে বঞ্চিত হচ্ছেন ; এবং

(খ) সত্য হলে, এর কারণ কি ?

**স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী :** (ক) ও (খ) পে-রিভিউ কমিটির রিপোর্ট ছিল সরকারের নিকট সিদ্ধান্ত গ্রহণ করবার জন্য পেশ করা একটি গোপনীয় দলিল যাহা সর্বসাধারণের মধ্যে প্রচারিত হয় নি। সেইহেতু উক্ত রিপোর্ট অনুযায়ী হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনের কর্মচারীরা ছুটি, চাকরীর শর্তাবলী ও পূজা ভাতা প্রদানের বিষয়ে বঞ্চিত হচ্ছেন, এই প্রশ্ন ওঠে না। পে- রিভিউ কমিটির সুপারিশগুলি বিচার বিবেচনা করে সরকার ছুটি ও পূজা অনুদান সম্পর্কে যথাযথ সিদ্ধান্ত গ্রহণ করেছেন। চাকরীর শর্তাবলী সম্পর্কিত কোন সিদ্ধান্ত সরকার গ্রহণ করেন নি। এখন ছুটির নিয়মাবলী প্রণয়ন করার দায়িত্ব হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনের উপরই বর্তায়। সেই নিয়মাবলী অনুমোদনের প্রস্তাব এখনও পর্যন্ত সরকারের কাছে আসে নি। পূজা অনুদান সম্পের্কে ১৯৮১ সাল থেকে প্রত্যেক বছর সরকার আদেশজারি করে আসছেন। সেই আদেশ অমান্য করে সরকার নির্দিষ্ট সীমার বেশী অনুদান প্রদান করা হচ্ছে। প্রদত্ত অতিরিক্ত অর্থ আদায়ের প্রশ্নে হাইকোর্টে মামলা দায়ের করা হয়েছে।

**হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনের কর্মচারীদের পি এফ. কো-অপারেটিভ ও জীবনবীমা**

**৫৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৮৫।) শ্রী অশোক ঘোষ :** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরশনের কর্মচারীদের পি.এফ. কো-অপারেটিভ ও জীবনবীমার টাকা ফেব্রুয়ারী '৮৫ অবধি পরিশোধ করা হয় নি; এবং

(খ) সত্য হলে, এর পরিমাণ কত ?

**স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী :** (ক) হ্যাঁ।

(খ) পি এফ — ১,৬৭,৪০,০০০ টাকা, কো-অপারেটিভ — ৬,৫০,০০০ টাকা এবং জীবনবীমা — ৮০,০০০ টাকা।

### মুর্শিদাবাদ জেলার রানীনগর ২ নং ব্লকের খাস জমি

৫৯৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৮২৬।) **শ্রী আতাহার রহমান ঃ** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, মুর্শিদাবাদ জেলার লালবাগ মহকুমার রানীনগর ২ নং ব্লকের সরকারে ন্যস্ত সমস্ত খাস জমি কতজন কৃষকদের মধ্যে বিতরণ করা হইয়াছে?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রী ঃ** ১৯৮৫ সনের ২৮ শে ফেব্রুয়ারী পর্যন্ত ৩,৯৭৬ জনকে জমি বিতরণ করা হইয়াছে।

### আপার কংসাবতী প্রকল্প

৫৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৪২।) **শ্রী কমলাকান্ত মাহাতো ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি ,পুরুলিয়া জেলায় আপার কংসাবতী বাঁধ প্রকল্পটি বর্তমানে কোন পর্যায়ে আছে?

**সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী ঃ** যোজনা কমিশনের "এডভাইসারী কমিটি' আপার কংসাবতী প্রকল্পটিকে কয়েকটি শর্তসাপেক্ষে গ্রহণ যোগ্য বলে বিবেচনা করেছেন। সংশ্লিষ্ট শর্তগুলি প্রকল্পটির বাস্তব রূপায়ণের সময় মেনে চলার প্রতিশ্রুতিও রাজ্য সেচ ও জলপথ বিভাগের তরফ থেকে কেন্দ্রীয় জল কমিশনকে দেওয়া হয়েছে। এখন যোজনা কমিশনের অনুমোদন পেলেই প্রকল্পটির কাজ শুরু করা যাবে বলে আশা করা হচ্ছে।

### ফরাক্কার ইণ্ডাসট্রিয়াল গ্রোথ সেন্টার

৫৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৬৯।) **শ্রী আবুল হাসানাৎ খান ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ফরাক্কায় 'ইণ্ডাসট্রিয়াল গ্রোথ সেন্টার' গড়ে তোলার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা ;

(খ) থাকিলে, এই পরিকল্পনা রূপায়ণের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ; এবং

(গ) উক্ত পরিকল্পনার কাজ কবে নাগাদ আরম্ভ হবে বলে আশা করা যায়?

**শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ।

(খ) পশ্চিমবঙ্গ শিল্প পরিকাঠামো উন্নয়ন সংস্থা নিউ ফরাক্কা রেল স্টেশনের নিকটে প্রায় ১২৭ একর জমি নির্বাচন করিয়াছেন। ঐ জমির মধ্যে ফরাক্কা ব্যারেজ প্রকল্পের অধীনে প্রায় ৬১.৬৮ একর, পূর্ব রেলওয়ের অধীনে প্রায় ৩৬.৭০ একর এবং রায়তি জমি প্রায় ২৭.৮১ একর আছে। ফরাক্কা ব্যারেজ প্রকল্প এবং পূর্ব রেলওয়ের উপযুক্ত কর্তৃপক্ষের নিকটে ঐ জমি হস্তান্তরের জন্য অনুরোধ করা হইয়াছে। রায়তি জমি অধিগ্রহণের জন্যও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকটে প্রস্তাব করা হইয়াছে।

(গ) ফরাক্কা ব্যারেজ প্রকল্পের জমি পাইলে পরে কাজ আরম্ভ হইতে পারে।

**উত্তরবঙ্গ পরিবহণের দূরপাল্লার বাস**

**৫৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৯৯।) শ্রীসত্যপ্রদ ভট্টাচার্য্য ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, উত্তরবঙ্গ পরিবহণের দূরপাল্লার বাস বন্ধ করিয়া দেওয়া হইতেছে :

(খ) উত্তরবঙ্গ পরিবহণের অধিকাংশ বাসের সীট এবং জানালার অবস্থা খুবই খারাপ ;

(গ) এই বাসগুলি অধিকাংশ দিনই রাস্তায় অচল হইয়া যায়?

**স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী ঃ** (ক) না।

(খ) বাস রাস্তায় নামানোর আগে ভালভাবে পরীক্ষা করা হয় তাছাড়া ভাঙ্গা সীট ও জানালা বদল করে দেওয়া হয়।

(গ) রাস্তায় বাস যাতে অচল না হয় সেইজন্য সাধ্যমত চেষ্টা করা হয়। যান্ত্রিক গোলযোগের জন্য কিছু বাস রাস্তায় অচল হয়ে পড়ে। রাস্তার দূরবস্থাও পথে বাস অচল হওয়ার অন্যতম কারণ।

**উলুবেড়িয়ায় নরেন্দ্র সিনেমা হলে লক আউট**

**৫৯৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৯১৭।) শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হাওড়া জেলার উলুবেড়িয়ায় নরেন্দ্র সিনেমা হলটি মালিক বেআইনিভাবে লক আউট ঘোষণা করায় দীর্ঘদিন যাবৎ বন্ধ আছে:

(খ) সত্য হইলে, উক্ত হলটি খোলার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(গ) থাকিলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ, হলটি বন্ধ আছে। তবে বন্ধ এখনও বেআইনী বলে ঘোষিত হয় নি।

(খ) জেলাস্তরে উপযুক্ত পর্যায়ে আলাপ আলোচনা চলছে।

(গ) আলোচনার ফলশ্রুতির উপর নির্ভরশীল।

**আমতলা হইতে জামতলা পর্যন্ত বাসরুট**

**৬০০। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৩৫।) শ্রী আবদুল সোবাহান গাজী ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আমতলা হইতে জামতলা(উস্থি হইয়া) পর্যন্ত রাস্তাটি বাস চলাচলের জন্য অনুমোদন লাভ করিয়াছে কিনা;

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে, কবে উহা অনুমোদন লাভ করিয়াছে; এবং

(গ) কবে নাগাদ রাস্তাটিতে বাস চলাচল করিবে বলে আশা করা যায়?

**স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ।

(খ) গত ১৬-৯-১৯৮৩ তারিখে।

(গ) সঠিকভাবে বলা সম্ভব নয়, কারণ মাননীয় হাইকোর্টের আদেশানুযায়ী স্থিতাবস্থা চলছে।

**গ্রাম পঞ্চায়েত রেভিনিউ অফিস**

৬০১। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৩৯।) **শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সারা পশ্চিমবাংলায় বিভিন্ন গ্রাম পঞ্চায়েতে রেভিনিউ অফিস খোলার কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, (১) কতগুলি রেভিনিউ অফিস সারা পশ্চিমবাংলায় খোলা হবে এবং (২) এই কাজ কতদিনের মধ্যে বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ।

(খ) (১) ৩,৩০৫টি এবং (২) শীঘ্রই এই কাজ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়।

**একলক্ষী-বালুরঘাট রেলপথের জন্য জমি অধিগ্রহণ**

৬০২। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৫৫।) **শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) একলক্ষী থেকে বালুরঘাট রেলপথ নির্মাণের জন্য জমি অধিগ্রহণের কাজ শুরু হয়েছে কি না;

(খ) হলে, এ পর্যন্ত কত জমি অধিগ্রহণ করা হয়েছে; এবং

(গ) "ক" প্রশ্নের উত্তর "না" হলে তার কারণ কি?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ।

(খ) ২৪৪.৬০ একর।

(গ) প্রশ্ন উঠে না।

**উলুবেড়িয়ার ছায়াগীতি সিনেমা হলে লক-আউট**

৬০৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৮৬।) **শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হাওড়া জেলার উলুবেড়িয়ায় ছায়াগীতি সিনেমা হলটির মালিক বে-আইনীভাবে লক-আউট ঘোষণা করেছেন; এবং

(খ) সত্য হইলে, উক্ত সিনেমাটি খোলার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী ঃ** (ক) উক্ত সিনেমা হলটি লক আউট অবস্থায় অনেকদিন ধরে বন্ধ আছে। তবে বন্ধ এখনও বেআইনি বলে ঘোষিত হয় নি।

(খ) জেলাস্তরে ব্যবস্থা নেওয়া হচ্ছে।

### রাজ্যের ওয়াগন শিল্প

৬০৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৮৭।) **শ্রী বামাপদ মুখোপাধ্যায় :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে কেন্দ্রীয় সরকার ১২,০০০ হাজার ওয়াগন নির্মাণের বদলে ৬,০০০ ওয়াগন নির্মাণ করার অর্ডার পেশ করার ফলে পশ্চিমবঙ্গের ওয়াগন শিল্পের ক্ষতি এবং শ্রমিকদের বেকারী সম্পর্কে সরকার অবহিত আছেন কি ; এবং

(খ) থাকিলে, যাতে শ্রমিকদের কর্মচ্যুতি না হয় সে বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী :** (ক) রাজ্য সরকারের নিকট জ্ঞাত খবর অনুযায়ী কেন্দ্রীয় সরকার ১২,০০০ ওয়াগণ নিমার্ণের বদলে ৫,০০০ ওয়াগন নির্মাণের অর্ডার পেশ করার সিদ্ধান্ত নিয়েছেন। রাজ্য সরকার সমস্যার গুরুত্ব সম্পর্কে সম্পূর্ণ অবহিত আছেন।

(খ) স্বয়ং মুখ্যমন্ত্রী এ ব্যাপারে প্রধানমন্ত্রী এবং কেন্দ্রীয় রেলওয়ে মন্ত্রীকে সমস্যার গুরুত্ব অনুধাবন করে ওয়াগন নির্মাণের অর্ডারের পরিমাণ কমানোর সিদ্ধান্তের পুনর্বিবেচনা করার অনুরোধ জানিয়ে পত্র দিয়েছেন।

### মুর্শিদাবাদ জেলার হরিহরপাড়া পঞ্চায়েত সমিতির অফিস ভবন

৬০৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৯৬।) **শ্রী সেখ ইমাজুদ্দিন :** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার হরিহরপাড়া পঞ্চায়েত সমিতির নিজস্ব ভবন আছে কিনা ;

(খ) "ক" প্রশ্নের উত্তর "না" হইলে উক্ত সমিতির ভবন নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(গ) থাকিলে, উক্ত কাজ কবে নাগাত সম্পন্ন হইবে বলিয়া আশা করা যায়?

**পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী :** (ক) না।

(খ) হ্যাঁ।

(গ) মুর্শিদাবাদ জিলা পরিষদের তত্ত্বাবধানে উক্ত নির্মাণকার্য্য সম্পন্ন হইবে, তবে সাময়িকভাবে নির্মাণকার্য বন্ধ আছে। আশা করা যায়, শীঘ্র কাজ চালু হবে।

### সুন্দরবনে রয়েল বেঙ্গল টাইগার

৬০৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৯৯।) **শ্রী সেখ ইমাজুদ্দিন :** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি , বর্তমানে সুন্দরবন এলাকার কতগুলি রয়েল বেঙ্গল টাইগার আছে?

**বন বিভাগের মন্ত্রী :** ২৮৬টি

### বড়জোড়া থানার ইণ্ডাস্ট্রিয়াল কমপ্লেক্স

৬০৭। (অনুমোদিত প্রশ্ন নং ২০০৮।) **শ্রী লালবিহারী ভট্টাচার্য্য :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বড়জোড়া থানায় ইণ্ডাস্ট্রিয়াল কমপ্লেক্স স্থাপন করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ;

(খ) থাকিলে, উক্ত পরিকল্পনায় জমি পাওয়ার ব্যাপারে কোন ব্যবস্থা নেওয়া হইয়াছে কি;

(গ) উক্ত পরিকল্পনাটির জন্য কত টাকা বরাদ্দ করা হইয়াছে।

(ঘ) উক্ত পরিকল্পনাটি কবে নাগাত বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায়?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী :** (ক) হ্যাঁ।

(খ) বড়জোড়ায় শিল্প তালুক স্থাপনের নিমিত্ত ৪৩.১৮ একর খাস জমি লওয়া হইয়াছে।

(গ) উক্ত পরিকল্পনায় জন্য বর্তমান বছরে ২০ লক্ষ টাকা বরাদ্দ করা হইয়াছে।

(ঘ) উক্ত পরিকল্পনায় কজ চলতি আর্থিক বৎসরের মধ্যেই শুরু হইবে বলিয়া আশা করা যায়।

**[illegible] অগ্নিকাণ্ডের ঘটনা।**

৬০৮। (অনুমোদিত প্রশ্ন নং ২০৩৮।) **শ্রী সুভাষ গোস্বামী :** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৫ সালের ১লা ফেব্রুয়ারী হইতে ১৫ মার্চ পর্যন্ত সময়ে পশ্চিমবঙ্গে কয়টি অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে; এবং

(খ) উক্ত অগ্নিকাণ্ডে মোট ক্ষয়ক্ষতির পরিমাণ কত?

**স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী :** (ক) ১,০২৬টি।

(খ) ছয় কোটি কুড়ি লক্ষ টাকা।

**বাঁকুড়া জেলায় ক্ষুদ্র শিল্প স্থাপন**

৬০৮। (অনুমোদিত প্রশ্ন নং ২০৫১।) **শ্রী সুভাষ গোস্বামী :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ,বাঁকুড়া জেলায় ছাত্রা ইঞ্জিনিয়ারিং কমপ্লেক্স লিমিটেড কর্তৃক দুইটি ক্ষুদ্র শিল্প স্থাপনের প্রস্তাব বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী :** বাঁকুড়া জেলায় ছাত্রা ইঞ্জিনিয়ারিং কমপ্লেক্স লিমিটেড যে দুইটি ক্ষুদ্র শিল্প স্থাপনের প্রস্তাব পেশ করিয়াছিল, তন্মধ্যে একটির জন্য অর্থনৈতিক সংস্থাগুলি অর্থ মঞ্জুর করিয়াছে এবং রাজ্য সরকারও প্রান্তিক অর্থ মঞ্জুর করিয়াছেন। এখনও নির্মাণকার্য আরম্ভ হয় নাই; অপর প্রস্তাবটির জন্য প্রয়োজনীয় অর্থের বিবরটি আর্থিক সংস্থাগুলির বিবেচনাধীন রহিয়াছে।

## Transfer of the Institute of Correctional Service

**610.** (Admitted question No. 2066.) **Shri Anil Mukherjee :** Will the Minister-in-charge of the Home(Jails) Department be pleased to state —

(a) whether the State Government is contemplating to transfer the Institute of Correctional Service at Barasat and the Burdwan

**Female Jail under the control of the Social Welfare Department ; and**

**(b) if so, the reasons thereof ?**

**Minister-in-charge of the Home (Jails) Department : (a) Yes.**

**(b) to be able to remove from jails and keep segregated children who are now perforce lodged in jails for lack of adequate Homes and other certified places of confinement.**

**মেদিনীপুর কর্মবিনিয়োগ কেন্দ্র সম্পর্কিত তথ্যাবলী**

**২২-৪-৮৫ তারিখের লিখিত উত্তরের প্রশ্নাবলীর সপ্তম তালিকায় প্রকাশিত প্রশ্ন নং ১৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৯৩।) ডাঃ মানস ভুঁইঞা ঃ শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—**

**(ক) মেদিনীপুর জেলায় কয়টি কর্মবিনিয়োগ কেন্দ্র আছে;**

**(খ) ১৯৭৮ সালের জানুয়ারী মাস থেকে ১৯৮৪ সালের ডিসেম্বর মাস পর্যন্ত মেদিনীপুর, খড়্গপুর এবং ঝাড়গ্রাম কর্মবিনিয়োগ কেন্দ্রে কত সংখ্যক শিক্ষিত তফসিলী জাতি এবং আদিবাসী ছেলেমেয়েদের নাম নথিভুক্ত হইয়াছে; এবং**

**(গ) ১৯৮২ সালে ঐ কেন্দ্রগুলি হইতে কতজন তফসিলী জাতির ছেলে ও মেয়ে মেদিনীপুর জেলা স্কুল বোর্ডের প্রাথমিক শিক্ষক ও শিক্ষিকার পদে নিয়োগের জন্য ইন্টারভিউ পাইয়াছেন?**

**শ্রম বিভাগের মন্ত্রী ঃ (ক) পূর্বেই প্রশ্ন নং ১৭৫ (অনুমোদিত প্রশ্ন নং ১৬৯৩) তারিখের ২২-৪-৮৫ সপ্তম তালিকায় দ্রষ্টব্য।**

**(খ) মেদিনীপুর (শহর) কর্মবিনিয়োগ কেন্দ্রের পরিসংখ্যান নিম্নরূপ :-**

| | তফসিলী জাতি | | | তফসিলী উপজাতি | | |
|---|---|---|---|---|---|---|
| সাল | ছেলে | মেয়ে | মোট | ছেলে | মেয়ে | মোট |
| ১৯৮১ | ১২৬ | ৩৪ | ১৬০ | ২৯ | ৫ | ৩৪ |
| ১৯৮২ | ১৫৪ | ৫১ | ২০৫ | ২৯ | ২ | ৩১ |
| ১৯৮৩ | ১৪২ | ৪৯ | ১৯১ | ৩৬ | ৪ | ৪০ |
| ১৯৮৪ | ১২৯ | ৪৩ | ১৭২ | ২৩ | ৫ | ২৮ |
| | ৫৫১ | ১৭৭ | ৭২৮ | ১১৭ | ১৬ | ১৩৩ |

খড়্গপুর ও ঝাড়গ্রাম কর্মবিনিয়োগ কেন্দ্রের পরিসংখ্যান পূর্বেই ২২-৪-৮৫ তারিখের সপ্তম তালিকার প্রশ্ন নং ১৭৫ (অনুমোদিত প্রশ্ন নং ১৬৯৩)- এ দ্রষ্টব্য।

(গ) মেদিনীপুর (শহর) কর্মবিনিয়োগ কেন্দ্রের পরিসংখ্যান নিম্নরূপ :-

| | |
|---|---|
| ছেলে | ৮২ |
| মেয়ে | ১৬ |
| মোট | ৯৮ |

**হিন্দি ভাষার মাধ্যমে উচ্চশিক্ষা গ্রহণ**

৬১১। (অনুমোদিত প্রশ্ন নং ৭২৭।) **শ্রী মনোহর তিরকী :** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, এ রাজ্যে হিন্দী ভাষার মাধ্যমে উচ্চশিক্ষা গ্রহণের কোন সুযোগ আছে কি ?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী :** কলকাতা, বর্ধমান ও কল্যাণী বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ স্নাতক পর্যায়ে বিষয় হিসাবে হিন্দীর শিক্ষা হিন্দীর মাধ্যমে গ্রহণ করার সুযোগ আছে। কেবলমাত্র কলকাতা বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর পর্য্যায়ে বিষয় হিসাবে হিন্দীর শিক্ষাক্রম হিন্দী ভাষার মাধ্যমে গ্রহণ করার ব্যবস্থা আছে।

কলকাতা বিশ্ববিদ্যালয়ে হিন্দীতে পি-এইচ ডি থিসিস জমা দেওয়া যায় যদি বিষয়টি হিন্দীর হয়।

**সিঙ্গুর হরিপাল রুর‍্যাল ইলেকট্রিক কো-অপারেটিভ সোসাইটির সাধারণ সভা**

৬১২। (অনুমোদিত প্রশ্ন নং ৯২৯।) **শ্রী শিবপ্রসাদ মালিক :** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সিঙ্গুর হরিপাল রুর‍্যাল ইলেকট্রিক কো-অপারেটিভ সোসাইটি ১৯৭৮ সালে নিবন্ধীকৃত হইলেও অদ্যাবধি তাহার কোনও সাধারণ সভা অনুষ্ঠিত হয় নাই; এবং

(খ) সত্য হইলে, উক্ত কমিটির সাধারণ সভা এ পর্যন্ত কতবার হইয়াছে?

**সমবায় বিভাগের মন্ত্রী :** (ক) হ্যাঁ।

(খ) প্রশ্ন ওঠে না।

**আরবান এলাকায় বিদ্যুৎ সংযোগের জন্য দরখাস্ত**

৬১৩। (অনুমোদিত প্রশ্ন নং ১২১৯।) **শ্রী ভূপেন্দ্র নাথ শেঠ :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে আরবান এলাকায় নতুন ডোমেস্টিক কানেকশান-এর জন্য কতগুলি দরখাস্ত জমা আছে;

(খ) ঐসব দরখাস্তের জন্য প্রভিসন্যাল কোটেশন বাবত কোন টাকা নেওয়া হয়েছে কিনা;

(গ) বনগাঁ মিউনিসিপ্যালিটি এলাকায় গৃহস্থালী বিদ্যুৎ সংযোগের জন্য কতগুলি আবেদনপত্র জমা পড়ে আছে; এবং

(ঘ) উক্ত সংযোগের জন্য কত টাকা জমা পড়েছে?

**বিদ্যুৎ বিভাগের মন্ত্রী :** (ক) গ্রুপ ইলেকট্রিক সাপ্লাই অফিসে বিদ্যুৎ সংযোগের জন্য প্রাপ্ত দরখাস্তের হিসাব শহর ও গ্রাম ভিত্তিতে রাখা হয় না। রেকর্ড অনুযায়ী পশ্চিমবঙ্গে ৩০-৯-১৯৮৪ পর্যন্ত ১,২০,৮৮৩ টি দরখাস্ত জমা আছে।

(খ) ঐসব জমে থাকা দরখাস্তের মধ্যে ৪৮,০০৮ টি দরখাস্তের জন্য প্রভিসনাল কোটেশান বাবত টাকা নেওয়া হয়েছে।

(গ) ৩১-১-১৯৮৫ তারিখ পর্যন্ত ৫৪০টি (কোটেশন বাবত টাকা দেওয়া আছে)।

(ঘ) ২,৪৬,১০০ টাকা (আনুমানিক)।

**পশ্চিমবঙ্গে হোমগার্ড**

**৬১৪।** (অনুমোদিত প্রশ্ন নং **১২৩৫**।) **শ্রী ব্রজগোপাল নিয়োগী :** স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গের কোন জেলায় কতজন (১) পুরুষ, (২) মহিলা হোমগার্ড রহিয়াছে; (জেলাভিত্তিক তথ্য); এবং

(খ) উক্ত হোমগার্ডেরা গড়ে বছরে কতদিন কর্মের সুযোগ পান?

**স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের মন্ত্রী :** (ক)

| | জেলা | পুরুষ | মহিলা |
|---|---|---|---|
| ১. | নদীয়া | ৫৬৭ | ২১ |
| ২. | মালদহ | ১,৯৩৯ | ৭ |
| ৩. | দার্জিলিং | ৮২৮ | ৬০ |
| ৪. | বর্ধমান | ৯২৩ | ৮৪ |
| ৫. | মুর্শিদাবাদ | ১,৯০১ | ৩৯ |
| ৬. | পুরুলিয়া | ১,৩২৮ | ২৫ |
| ৭. | মেদিনীপুর | ২,৪৭৫ | ৪৮ |
| ৮. | হুগলী | ১,৮৬৯ | ১৩৬ |
| ৯. | বাঁকুড়া | ৯৬৬ | ১৭ |
| ১০. | বীরভূম | ৮৬৭ | ১৮ |
| ১১. | জলপাইগুড়ি | ১,৩১৩ | ৩৫ |
| ১২. | কোচবিহার | ৬০০ | ১৯ |
| ১৩. | ২৪পরগণা | ৪,৫৭৭ | ২৬৩ |
| ১৪. | হাওড়া | ১,৯৪৪ | ৯৭ |

| | | | |
|---|---|---|---|
| ১৫. | পশ্চিমদিনাজপুর | ১,৫১৮ | ৫ |
| ১৬. | কলিকাতা | ২,৪৩৮ | ১১৪ |
| | | ২৬,০৪৫ | ১৮৬ |

(খ) বছরে গড়ে ২১৯ দিন।

**রেজিস্ট্রি ও বিড়ি শ্রমিক**

৬১৫। (অনুমোদিত প্রশ্ন নং ১২৫৮।) **শ্রী নবনী বাউরী ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বিড়ি শ্রমিকদের নাম স...... রেজিস্ট্রিকৃত করার কোনও ব্যবস্থা আছে কিনা; এবং

(খ) থাকিলে, আজ পর্যন্ত কতজন বিড়ি শ্রমিকের নাম নথিভুক্ত করা হয়েছে?

**শ্রম বিভাগের মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ, আছে।

বিড়ি ওয়ার্কার্স ওয়েলফেয়ার ফাণ্ড রুলস্, ১৯৭৮-এর ৪০ (২) (এ) ধারায় বলা হয়েছে যে, কোনও রাজ্যে অথবা কেন্দ্রশাসিত অঞ্চলের লোকাল বডির (যেমন মিউনিসিপ্যালিটি, পঞ্চায়েত এবং ব্লক ডেভেলপমেন্ট স্তর) একজিকিউটিভ অথরিটিরা তাঁহাদের সংশ্লিষ্ট সীমানায় বিড়ি শ্রমিকদের নাম নথিভুক্ত করিবেন।

(খ) কার্যক্রম রূপায়িত হচ্ছে। কার্যক্রম রূপায়ণের এই স্তরে সঠিক পরিসংখ্যান দেওয়া সম্ভব হচ্ছে না।

**ভি আই পি রোডে লরী চলাচলের নিষেধাজ্ঞা**

৬১৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৫১৯।) **শ্রী সরল দেব ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, ভি আই পি রোডে লরী চলাচল নিষিদ্ধ হওয়া সত্ত্বেও এই রাস্তায় লরী চলাচল অব্যাহত আছে; এবং

(খ) সত্য হলে,—

(১) এ ব্যাপারে দায়ী কাহারা, ও

(ঘ) উক্ত ব্যক্তিদের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে/হচ্ছে?

**স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী ঃ** (ক) যদিও অনুমতি না নিয়ে ভি আই পি রোডে লরী চলাচল নিষিদ্ধ, কখনও কখনও অনুমতি ছাড়াও লরী চলাচল দেখা যায়।

(খ) (১) কিছু কিছু লরী চালকরা আইন ভঙ্গ করে।

(২) উক্ত ব্যক্তিদের বিরুদ্ধে মামলা রুজু করা হয়। ট্রাফিক পুলিসকেও অধিকতর দৃষ্টি রাখতে বলা হয়েছে।

### আন্তর্জাতিক সীমানা সমীপস্থ রাস্তার উন্নয়ন ও সংস্কার

৬১৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৮৯।) **শ্রী কমলেন্দ্র রায় :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আন্তর্জাতিক সীমানা সমীপস্থ রাস্তাগুলোর উন্নয়ন ও সংস্কারের জন্য কোন কর্মসূচী সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, ঐ কর্মসূচী অনুসারে বর্তমান বৎসরে কোন্ কোন্ রাস্তার কাজ হাতে নেওয়া হয়েছে বা হবে?

**পূর্ত বিভাগের মন্ত্রী :** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

### বীজ ক্রয়ের জন্য সরকারের ব্যয়

৬১৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৮০২।) **শ্রী সাধন চট্টোপাধ্যায় :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের জন্য অন্য রাজ্য হতে গত পাঁচ বছরে বীজ ক্রয়ের জন্য বাৎসরিক কত টাকা ব্যয় হয়েছে ;

(খ) এর মধ্যে প্রধান প্রধান বীজ যথা (১) ধানবীজ, (২) গমবীজ, (৩) ছোলা, মুগ, মুসুর, কলাই, মটর প্রভৃতি ডালবীজ, (৪) সরিষা, তিল, সূর্যমুখী, বাদাম, তিসি (মঘিনা) প্রভৃতি তৈলবীজ, (৫) পাটবীজ, (৬) আলুবীজ প্রভৃতি বাবত উক্ত বছরগুলিতে কত টাকা ব্যয় হয়েছে;

(গ) পশ্চিমবঙ্গের সরকারী বীজ খামার এবং অন্যান্য খামারের মোট চাষযোগ্য জমির পরিমাণ কত ;

(ঘ) উক্ত জমির মোট কত শতাংশ জমিতে বীজ চাষ হয়;

(ঙ) রাজ্যে বীজ উৎপাদনের পরিমাণ বাড়াতে সরকারের কোনও পরিকল্পনা আছে কি ; এবং

(চ) থাকলে, তাহা কি ?

**কৃষি বিভাগের মন্ত্রী :** (ক) রাজ্য সরকার সরাসরি অন্য রাজ্য থেকে বীজ কেনেন না। বিভিন্ন সরকারী ও বেসরকারী সংস্থা বিভিন্ন রাজ্য থেকে বীজ কিনে এই রাজ্যে আনেন। সেই কারণে অন্য রাজ্য থেকে আসা বীজের সমস্ত হিসাব কৃষি দপ্তরের পক্ষে দেওয়া সম্ভব নয়। তবে রাজ্য সরকার মিনিকটের মাধ্যমে বিলি করার জন্য যে বীজ অন্য রাজ্য থেকে আনিয়েছেন তার একটা হিসাব দেওয়া হ'ল।

| | টাকা |
|---|---|
| ১৯৮০-৮১ | ৪২,২০,৩৭০ |
| ১৯৮১-৮২ | ৫৯,৯৫,১২৫ |
| ১৯৮২-৮৩ | ১,৫৬,৫৮,৫০০ |

| | |
|---|---|
| ১৯৮৩-৮৪ | ১,২০,৫৩,০৫০ |
| ১৯৮৪-৮৫ | ২,৫৭,২৮,২০০ |

(খ) একটি তালিকা এতৎসহ দেওয়া হ'ল।

(গ) প্রায় ২ হাজার ২ শত হেক্টর।

(ঘ) প্রায় ৯০ শতাংশ।

(ঙ) হ্যাঁ।

(চ) রাজ্য বীজ নিগম স্থাপন করা হয়েছে যাতে চাহিদা অনুযায়ী চাষীদের জমিতে বিভিন্ন শস্যের শংসিত বীজ উৎপাদন করে ন্যায্যমূল্যে তা এই রাজ্যের চাষীর মধ্যে বিক্রি করা যায়।

Statement referred to in reply to clause 'Kha' of Question No.618 (Admitted Question No. 1802).

**প্রধান প্রধান বীজ বাবত পশ্চিমবঙ্গের ১৯৮০ থেকে ১৯৮৫ পর্যন্ত ব্যয়ের তালিকা**

| বীজের নাম | ১৯৮০-৮১ | ১৯৮১-৮২ | ১৯৮২-৮৩ | ১৯৮৩-৮৪ | ১৯৮৪-৮৫ |
|---|---|---|---|---|---|
| | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা |
| ১। গম | ৯,১৪,৭১০ | ১৮,৫৭,৩৭৫ | ৬২,২৫,০০০ | ৫৬,২৫,০০০ | ৭২,১৬,২০০ |
| ২। ধান | .................. | .................. | .................. | .................. | .................. |
| ৩। ডালশস্য— | | | | | |
| ছোলা | ৮,৫০,০০০ | ৬,৭৩,৭৫০ | ৬,৪৪,৮০০ | ২৭,৪৫,৭৫০ | ২০,০০,০০০ |
| মুগ | ১২,০০,০০০ | ৮,৭৬,০০০ | ১৪,০০,০০০ | ৮,৮৬,০০০ | .................. |
| কলাই | .................. | .................. | .................. | .................. | .................. |
| মটর | .................. | .................. | .................. | .................. | .................. |
| মুসুর | .................. | ১২,৬০,০০০ | ১০,৫৩,০০০ | ১১,৯২,৮০০ | ১৩,০০,০০০ |
| ৪। সরিষা | .................. | .................. | .................. | .................. | .................. |
| তিল | .................. | .................. | .................. | .................. | .................. |
| তিসি | .................. | .................. | .................. | .................. | .................. |
| সূর্যমুখী | ২,৬৬,৬৬০ | ২,৮৮,০০০ | ৬০,০০০ | ২,৫০,০০০ | ৪,৮৪,০০০ |
| বাদাম | .................. | .................. | ৪১,১৬,০০০ | ৯,৬০,০০০ | ৫৮,২৪,০০০ |
| ৫। পাটবীজ | .................. | .................. | .................. | .................. | .................. |
| ৬। আলুবীজ | ৮,৪০,০০০ | ৭,৫০,০০০ | ৮,৬৯,৭০০, | .................. | ১০,০০,০০০ |

**মাধ্যমিক স্কুলগুলিতে বিভিন্ন প্রকার ফিসের পরিমাণ**

৬১৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৮০৯।) **শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ :** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার রাজ্যের মাধ্যমিক স্কুলগুলিতে বিনা বেতনের কথা ঘোষণা করলেও কার্যক্ষেত্রে ঐ সকল স্কুলের অন্যান্য ফিসের পরিমাণ মাহিনার থেকেও বেশী ; এবং

(খ) সত্য হলে, ঐ ফিস আদায় বন্ধ করার বিষয়ে সরকারের কোন পরিকল্পনা আছে কিনা?

**শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী :** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

**তরুণীর শ্লীলতাহানি**

৬২০। (অনুমোদিত প্রশ্ন নং ১৮১১।) **শ্রী অনুপকুমার চন্দ্র :** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ১৩ই ফেব্রুয়ারী, ১৯৮৫ তারিখে রাত্রিবেলায় মেদিনীপুর জেলার পাঁচকুড়ি হাটে মায়ের সামনে এক তরুণীর শ্লীলতাহানি (রেপ) করা হয়েছে; এবং

(খ) সত্য হলে,

(১) উক্ত ঘটনা সম্পর্কে পুলিসের নিকট কোন অভিযোগ দায়ের করা হয়েছে কিনা, ও অপরাধীদের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রী :** (ক) হ্যাঁ, তবে ঘটনাটি ঘটেছে ৯ই ফেব্রুয়ারি ১৯৮৫ তারিখে।

(খ) (১) হ্যাঁ, হয়েছে।

(২) দশ ব্যক্তিকে অপরাধী সন্দেহে গ্রেপ্তার করা হয়েছিল। তার মধ্যে একজনকে সনাক্ত করা হয়েছে। এ ব্যাপারে কোতোয়ালি থানায় একটি মামলা রুজু করা হয়েছে। শীঘ্র চার্জশীট দাখিল করা হবে বলে আশা করা যায়।

**নানুর থানার বাসাপাড়া সমবায়- সমিতির নির্বাচন**

৬২১। (অনুমোদিত প্রশ্ন নং ১৯২৩।) **শ্রী বনমালী দাস :** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বীরভূম জেলার নানুর থানার বাসাপাড়া সমবায় সমিতির নির্বাচন সর্বশেষ কোন্ সালে অনুষ্ঠিত হইয়াছিল;

(খ) সমবায় আইন অনুযায়ী ঐ সমিতির পরবর্তী নির্বাচনের তারিখ কত;

(গ) এই বিষয়ে দেরী যদি কিছু হইয়া থাকে, কারণ কি ;

(ঘ) ঐ সমিতিতে সরকার নিযুক্ত কোন সদস্য আছে কি ; এবং

(ঙ) কোন্ কোন্ অবস্থায় এবং কোন্ কোন্ পর্যায়ের ব্যক্তিদের সমবায় সমিতিগুলিকে সরকার

মনোনীত সদস্য হিসাবে নিয়োগ করা হয়?

**সমবায় বিভাগের মন্ত্রী :** (ক) ঐ নামে কোন সমবায় সমিতি নাই।

(খ), (গ) ও (ঘ) প্রশ্ন ওঠে না।

(ঙ) সমবায় আইন, ১৯৭৩-এর ২৮ ধারায় বর্ণিত অবস্থায় সমবায় সমিতিগুলিকে সরকার মনোনীত সদস্য নিয়োগ করা হয়। ঐ মনোনয়নের ব্যাপারে ব্যক্তির পর্যায় বিচার করা হয় না। তবে সমবায় ঋণ খেলাপী ব্যক্তিদের সরকারের মনোনীত সদস্য হিসাবে নিয়োগ করা হয় না।

**সরকারের নিকট ক্ষুদ্র ও কুটিরশিল্প জাত সামগ্রী বিক্রয়**

**৬২২।** (অনুমোদিত প্রশ্ন নং ২০৯৩।) **শ্রী বিভূতিভূষণ দে :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, গ্রামীণ ক্ষুদ্র ও কুটিরশিল্পীরা যাতে সরাসরি সরকারের কাছে তাদের শিল্পজাত সামগ্রী বিক্রয় করতে পারে তার কোন ব্যবস্থা সরকারের আছে কি?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী :** (ক) হ্যাঁ।

**ক্ষুদ্র শিল্পসমূহে বিদ্যুৎ সংযোগে অগ্রাধিকার**

**৬২৩।** (অনুমোদিত প্রশ্ন নং ২১১০।) **শ্রী অবনীভূষণ সৎপথি :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ক্ষুদ্র শিল্পগুলিতে বিদ্যুৎ সংযোগের ব্যাপারে অগ্রাধিকার দেবার কোন ব্যবস্থা আছে কিনা;

(খ) থাকিলে, সংশ্লিষ্ট শিল্পগুলি এই সুযোগ পাচ্ছে কিনা এ বিষয়ে কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের নিকট কোন তথ্য আছে কি; এবং

(গ) জেলা শিল্প কেন্দ্রগুলির ভারপ্রাপ্ত আধিকারিকদের এ বিষয়ে কোন ভূমিকা আছে কি?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী :** (ক) আছে।

(খ) পাচ্ছে, গত দুই বৎসরে ১৫টি জেলার মোট ১,০১১টি ক্ষুদ্র শিল্প সংস্থার জন্য অগ্রাধিকারের সুপারিশ করা হয়েছে এবং তাদের মধ্যে অনেকগুলিই বিদ্যুৎ সংযোগ পেয়েছে।

(গ) বিদ্যুৎ সরবরাহ আইন ১৯৪৮-এর ১৭ধারা মতে বিদ্যুত বিভাগ একটি ডিস্ট্রিক্ট লেভেল লোকাল [illegible] কমিটি গঠন করেছেন, উক্ত কমিটিতে জেলা শিল্প কেন্দ্রের জেনারেল ম্যানেজারগণ সভ্য হিসেবে আছেন। যে সমস্ত বৈদ্যুতিক সংযোগবিহীন সংস্থা আছে তাদের যথাসত্বর বিদ্যুৎ সংযোগের জন্য জেনারেল ম্যানেজারগণ কমিটির নিকট সুপারিশ করেন।

**গড়বেতা ১ নং ব্লকের পাঁচারোল গ্রামে নদী জল উত্তোলন প্রকল্প**

**৬২৪।** (অনুমোদিত প্রশ্ন নং ২১৩০।) **শ্রী অনাদি মল্ল :** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, মেদিনীপুর জেলার গড়বেতা ১নং ব্লকে পাঁচারোল গ্রামে নদী জল উত্তোলন প্রকল্পের কাজ কি অবস্থায় আছে?

**কৃষি (ক্ষুদ্র ওসেচ) বিভাগের মন্ত্রী :** মেদিনীপুর জেলার গড়বেতা ১নং ব্লকে পাঁচারোল গ্রামে কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের কোন নদী জল উত্তোলন প্রকল্প নাই। অতএব প্রশ্ন ওঠে না।

**৪৮ নং বাস রুটকে কলিকাতা পর্যন্ত সম্প্রসারণের সিদ্ধান্ত**

**৬২৫।** (অনুমোদিত প্রশ্ন নং **২১৬৪**।) **শ্রী সুভাষ নস্কর ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ২৪ পরগণা জেলার ৪৮ নং বাস রুটকে কলিকাতা পর্যন্ত সম্প্রসারণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ; এবং

(খ) সত্য হলে, কবে নাগাদ এই ব্যবস্থা চালু হবে বলে আশা করা যায়?

**স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ।

(খ) বিষয়টি এখন সরকারী অনুমোদনের অপেক্ষায় আছে।

**ফলতায় এক্সপোর্ট প্রসেসিং জোন**

**৬২৬।** (অনুমোদিত প্রশ্ন নং **২১৭৬**।) **শ্রী অমলেন্দ্র রায়ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সম্প্রতি ২৪-পরগণা জেলার ফলতায় এক্সপোর্ট প্রসেসিং জোনের ভিত্তি স্থাপন অনুষ্ঠানে রাজ্য সরকারকে আমন্ত্রণ জানান হয়েছিল কি ;

(খ) উক্ত জোনের কাজ কতদূর অগ্রসর হয়েছে; এবং

(গ) ইনফ্রাস্ট্রাকচার, কনসেসন, অ্যাকোমোডেশন, সাবসিডি ও স্পেশাল সাবসিডি হিসাবে এখানে কি কি সুবিধা দেওয়া হবে?

**শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ।

(খ) এক্সপোর্ট প্রসেসিং জোন মোট ২৮০ একর জমির উপর অবস্থিত হবে। প্রথম পর্যায়ে ১৬০ একর জমির উন্নয়নের কাজ হাতে নেওয়া হয়েছে এবং তার মধ্যে ৩০ একর ইতিমধ্যেই বন্টনযোগ্য। জোন অভিমুখী রাস্তায় নির্মাণ কাজ সমাপ্তপ্রায়। জোনের অভ্যন্তরে নির্মাণকার্য চলাকালীন প্রয়োজনীয় ১ মেগাওয়াট বিদ্যুতের ব্যবস্থা সম্পূর্ণ হয়েছে। আরও ৫ মেগাওয়াট আগামী জুন মাসের মধ্যেই হয়ে যাবে এবং এর জন্য প্রয়োজনীয় অর্থ বিদ্যুৎ পর্ষদকে দেওয়া হয়েছে। ইহা ছাড়া সীমানা বরাবর দেওয়াল তৈরীর কাজ শীঘ্রই সম্পূর্ণ হবে।

(গ) দেয় সুবিধাগুলির মধ্যে আছে লাইসেন্স মঞ্জুর করার সরলীকৃত ব্যবস্থা, ভারী মাল (ক্যাপিটাল গুডস) এবং [illegible] আমদানির উপর সম্পূর্ণ শুল্ক অব্যাহতি, অন্তঃশুল্ক, চুঙ্গিকর এবং বিক্রয়কর থেকে রেহাই, লভ্যাংশ বিদেশে প্রেরণের অনুমতি, সিমেন্ট এবং ইস্পাতের বন্টনে অগ্রাধিকার, বিদ্যুতের জন্য অনুদান, সুদহীন বিক্রয়কর, ঋণ, উন্নয়ন ঋণ ইত্যাদি।

জোন এলাকার বাইরে রাজ্য সরকার সামাজিক পরিকাঠামো গড়ে তোলার ব্যবস্থা করেছেন। ঐ প[illegible] মধ্যে জোনের অভ্যন্তরস্থ সমাবেশের কর্মীদের বাসস্থান ছাড়াও স্কুল, হাসপাতাল, ডাকঘর ইত্যাদির সুবন্দোবস্ত করা হবে। রাজ্য সরকার এই কাজের জন্য কলিকাতা বন্দর কর্তৃপক্ষের ১৮০ একর জমি অধিগ্রহণ করেছেন।

## নারায়ণগড় থানায় আসামী গ্রেপ্তারে গুলিচালনা

৬২৭। (অনুমোদিত প্রশ্ন নং ২২০২।) ডাঃ মানস ভূঞ্যা ঃ স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলার নারায়ণগড় থানায় মার্চ ১৯৮৫ (অনুমানিক ৩-১০ তারিখ) ভিতরে কোন আসামীকে গ্রেপ্তার করতে পুলিসকে গুলিচালনা করতে হয়েছিল কি ;

(খ) হয়ে থাকলে, কোন্ গ্রামে উক্ত আসামীর সন্ধান পাওয়া গিয়েছিল ;

(গ) কোন্ পরিস্থিতিতে ঐরূপ গুলিচালানোর নির্দেশ দেওয়া হয়েছিল ; এবং

(ঘ) উক্ত ঘটনায় (১) আসামী ধরা পড়েছিল কিনা ; ও (২) তন্মধ্যে কতজন হতাহত হয়েছিল?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রী ঃ (ক) হ্যাঁ, হয়েছিল।

(খ) কাজলা গ্রামে।

(গ) এবং (ঘ) (১) ও (২) তিন জন আসামীকে কাজলা গ্রামে গ্রেপ্তার করা হলে শতখানেক লোকের এক সশস্ত্র জনতা পুলিসবাহিনীকে আক্রমণ করে এবং আসামীকে ছিনিয়ে নেয়। এই অবস্থায় পুলিসকে গুলি চালাতে হয়।

এই ঘটনায় জড়িত একজন আসামী বুলেটবিদ্ধ অবস্থায় ধরা পড়ে। এই আসামী ছাড়া আর চার জন পুলিসকর্মীও আহত হন।

## সুন্দরবন এলাকায় চিতাবাঘ হত্যা

৬২৮। (অনুমোদিত প্রশ্ন নং ২২১৩।) শ্রীউপেন্দ্র কিস্কু ঃ বন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বিগত এক মাসের মধ্যে সুন্দরবন এলাকায় দুটি চিতা বাঘ মেরে ফেলা হয়েছে ; এবং

(খ) সত্য হলে, দুষ্কৃতকারীদের বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

বন বিভাগের মন্ত্রী ঃ (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

৬২৯। (অনুমোদিত প্রশ্ন নং ২২১৪।) শ্রীউপেন্দ্র কিস্কু ঃ বন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮১-৮২, ১৯৮২-৮৩ এবং ১৯৮৩-৮৪ বৎসরে ওয়েস্ট বেঙ্গল ফরেস্ট ডেভেলপমেন্ট কর্পোরেশন কত টাকার বনজ সম্পদের ব্যবসা করেছেন ; এবং

(খ) উক্ত ব্যবসায়ে কত টাকা লাভ বা ক্ষতি হয়েছে?

বন বিভাগের মন্ত্রী ঃ (ক) বন উন্নয়ন নিগম ১৯৮১-৮২, ১৯৮২-৮৩ এবং ১৯৮৩-৮৪ বৎসরে নিম্নলিখিত টাকার অঙ্কে (লক্ষ টাকার হিসাবে) বনজ সম্পদের ব্যবসা করেছে।

| | | | | টাকা |
|---|---|---|---|---|
| ১৯৮১-৮২ | .. | .. | .. | ৩৭৫.৭৫ |
| ১৯৮২-৮৩ | .. | .. | .. | ৫০৪.৫১ |
| ১৯৮৩-৮৪ | .. | .. | .. | ৬১১.৩৭ |

(খ) উক্ত আর্থিক বৎসরে লাভের পরিমাণ (লক্ষ টাকার হিসাবে) নিম্ন দেওয়া হল :

| | | | | টাকা |
|---|---|---|---|---|
| ১৯৮১-৮২ | .. | .. | .. | ৪.১০ |
| ১৯৮২-৮৩ | .. | .. | .. | ৪.৫৬ |
| ১৯৮৩-৮৪ | .. | .. | .. | ৬.৪১ |

**বাঁকুড়া জেলার রাইপুর থানার অন্তর্গত মৌজাগুলিতে নলবাহিত পানীয় জল সরবরাহ পরিকল্পনা**

**৬৩০।** (অনুমোদিত প্রশ্ন নং **২২১৮।**) **শ্রীউপেন্দ্র কিস্কু :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ (গ্রামীণ জলসরবরাহ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, বাঁকুড়া জেলার রাইপুর থানার অন্তর্গত রাইপুর, ফুলকুমাসা এবং সারেঙ্গী সন্নিহিত মৌজগুলিতে নলবালিত পানীয় জল সরবরাহের পরিকল্পনাগুলি বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রী :** রায়পুর থানার অন্তগত রায়পুর বাজার ও তৎসংলগ্ন ৪১টি মৌজার জন্য ৮২ লক্ষ টাকার একটি জল সরবরাহ প্রকল্প ত্বরান্বিত গ্রামীণ জল সরবরাহ পরিকল্পনার আওতার অনুর্ভুক্ত করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়েছিল। কিন্তু তাঁরা ঐ প্রস্তাবিত এলাকার কতকগুলি মৌজার টিউবওয়েল বসানো হয়েছে বলে এবং তাদের মধ্যে দুটি মৌজা জল সরবরাহের দিক থেকে সমস্যাসঙ্কুল বলে চিহ্নিত হয় নি বলে এবং ২২টি মৌজার জন্য রিগবোরড টিউবওয়েল প্রোথনের কাজ পৃথকভাবে মঞ্জুরীকৃত হয়েছে বলে ঐ প্রস্তাবটি মঞ্জুর করেন নি এবং প্রকল্পটিকে সংশোধিত আকারে তৈরী করতে অনুরোধ করেছেন।

সারেঙ্গী ও তৎসংলগ্ন মৌজার নলবাহী জল সরবরাহ প্রকল্পটির সবেমাত্র প্রাথমিক অনুসন্ধানের কাজ শেষ হয়েছে। কিন্তু সারেঙ্গী মৌজার এ পর্যন্ত মোট ১১টি রিগ টিউবওয়েল বসানো হয়েছে। কাজেই রায়পুর ও তৎসংলগ্ন মৌজার জল সরবরাহ বিষয়ক প্রকল্পটির ব্যাপারে কেন্দ্রীয় সরকারের মন্তব্যের পরিপ্রেক্ষিতে ঐ নলবাহী প্রকল্পটি ওদের কাছে মঞ্জুরের জন্য পাঠানো যাচ্ছে না।

ফুলকুসুমায় কোন নলবাহী প্রকল্প নেই। এই মৌজাটি ১৯৮৪-৮৫ সালের রিগ টিউবওয়েল প্রকল্পের অন্তর্গত।

**গোসাবা থানার বাড়ি লুঠ ও আক্রমণের ঘটনা**

**৬৩১।** (অনুমোদিত প্রশ্ন নং **২২৫৭।**) **শ্রীগণেশচন্দ্র মণ্ডল :** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ২৫-১২-১৯৮৪ তারিখে কিছু দুষ্কৃতকারী গোসাবা থানার ছোট

মোল্যাখালি গ্রামে আর এস পি সমর্থকরূপে বর্ণিত ব্যক্তিদের ১২টি বাড়ি লুঠ ও আক্রমণ করে ; এবং

(খ) সত্য হলে, ঐ ব্যাপারে—

(১) কতজন ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে,

(২) কতজন ব্যক্তির বিরুদ্ধে অভিযোগ দায়ের করা হয়েছে, ও

(৩) জড়িত ঐসকল ব্যক্তিরা কোন রাজনৈতিক দলভুক্তি কি?

**স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রী ঃ** (ক) ঐ তারিখে বাড়ি আক্রমণ ও লুঠের ঘটনা সঠিক নয়। তবে জমিতে ধান কাটা নিয়ে আর এস পি সমর্থক এবং কংগ্রেস (আই) সমর্থকদের মধ্যে একটি সংঘর্ষ হয়েছিল।

(খ) (১) উভয় পক্ষ থেকে মোট ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে।

(২) উভয় পক্ষের মোট ৪৩ জন ব্যক্তির বিরুদ্ধে অভিযোগ ও পাল্টা অভিযোগ দায়ের করা হয়েছে।

(৩) ঐসকল ব্যক্তির ২৭ জন আর এস পির সমর্থক এবং ১৬ জন কংগ্রেস (আই)-এর সমর্থক বলে বর্ণিত।

### কলিকাতা হইতে আরামবাগ গড়ের ঘাট পর্যন্ত স্টেট বাস চালুকরণ

৬৩২। (অনুমোদিত প্রশ্ন নং ২২৭১।) **শ্রীআবদুল মান্নান ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতা হতে (হুগলী জেলার আরামবাগ মহকুমার) গড়ের ঘাট পর্যন্ত স্টেট বাস চালু করার ব্যবস্থা সরকার গ্রহণ করেছেন কি ; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হলে, কবে নাগাদ এই ব্যবস্থা কার্যকরী হবে বলে আশা করা যায়?

**স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী ঃ** (ক) বর্তমানে এইরকম কোন প্রস্তাব নাই। (খ) প্রশ্ন উঠে না।

### পশ্চিম দিনাজপুর জেলার সমবায় ব্যাঙ্ক কর্তৃক ঋণদান

৬৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ২২৮৩।) **শ্রীদীপেন্দ্র বর্মণ ঃ** সমবায় বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮৪-৮৫ সালে (জানুয়ারী ১৯৮৫ পর্যন্ত সময়ে) পশ্চিম দিনাজপুর জেলায় সমবায় ব্যাঙ্কগুলি হইতে কত টাকা ঋণ দেওয়া হইয়াছে ; এবং

(খ) উক্ত সময়ে ব্লকওয়ারী কত টাকা ঋণ আদায় হইয়াছে ও অনাদায়ী রহিয়াছে?

**সমবায় বিভাগের মন্ত্রী ঃ** (১) ১-৭-১৯৮৪ হইতে ৩১-১-১৯৮৫ পর্যন্ত ঐ জেলায় সমবায় ব্যাঙ্কের মাধ্যমে মোট ৬৮.৯০ লক্ষ টাকা ঋণ প্রদান করা হয়েছে।

(খ) ৩১-১-১৯৮৫ তারিখ পর্যন্ত

| ব্লকের নাম | | | | আদায়ী ঋণের পরিমাণ (লক্ষ টাকায়) | অনাদায়ী ঋণের পরিমাণ (লক্ষ টাকায়) |
|---|---|---|---|---|---|
| চোপরা | .. | .. | .. | ২.৩২ | ৩৭৫.৭৫ |
| ইসলামপুর | .. | .. | .. | ০.৩১ | ৪১.১২ |
| গোয়ালপুকুর-১ | .. | .. | .. | ০.০৩ | ২১.৮৩ |
| গোয়ালপুকুর-২ | .. | .. | .. | .. | ৩.২৩ |
| করণদিঘী | .. | .. | .. | ০.১১ | ১৫.০৯ |
| ইটাহার | .. | .. | .. | ১.৪৪ | ২৭.২৩ |
| রায়গঞ্জ | .. | .. | .. | ০.৫৩ | ৩৫.৩০ |
| হেমতাবাদ | .. | .. | .. | ০.২৪ | ২৬.১০ |
| কালিয়াগঞ্জ | .. | .. | .. | ০.৪০ | ১৬.৪৩ |
| কুসমণ্ডি | .. | .. | .. | ০.৫৩ | ৪১ ৪২ |
| বংশীহরী | .. | .. | .. | ১.৯৫ | ৪০.০৫ |
| হিলি | .. | .. | .. | .. | .. |
| বালুরঘাট | .. | .. | .. | ৫.৬১ | ৫২.৮৫ |
| কুমারগঞ্জ | .. | .. | .. | ৬.৭০ | ৫২.০৫ |
| গঙ্গারামপুর | .. | .. | .. | ২.৬৫ | ৭৬.৭৩ |
| তপন | .. | .. | .. | ৮.৭৭ | ৮৬.৫২ |

**ফিস ও সীড ফার্ম**

**৬৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ২২৮৭।) শ্রীদীপেন্দ্র বর্মণ :** মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকারের অধীন মোট কয়টি ফিস র্ফাম, সীড র্ফাম আছে এবং মাছ চাষের জমির পরিমাণ কত ;

(খ) ১৯৮৪ জানুয়ারি হতে ১৯৮৫ ১লা ফেব্রুয়ারি পর্যন্ত উক্ত র্ফামগুলির কোন্ কোন্‌টিতে কত টাকা লগ্নী করা হয়েছে ; এবং

(গ) উক্ত র্ফামগুলির আয় বাবত কোন্ কোন্‌টিতে কত পরিমাণ লাভ বা লোকসান হয়েছে ?

**মৎস্য বিভাগের মন্ত্রী :** (ক) পশ্চিমবঙ্গ সরকারের মৎস্য বিভাগের অধীনে মোট ১১টি ফিস ফার্ম এবং ২১টি ফিস সীড ফার্ম আছে এবং মাছ চাষের জমির পরিমাণ প্রায় ১৫০৯.৬২ বিঘা

(খ) ও (গ) এতদ্‌সম্পর্কিত একটি বিবরণী নিম্নে দেওয়া হল।

Statement referred to in reply to clause '*Kha*' and '*Ga*' of question of 634 (Admitted Ques:ion No. 2287)

| | খামার/মৎস্যবীজ খামার | লগ্নীকৃত অর্থ টাকা | লাভ/ লোকসান টাকা | |
|---|---|---|---|---|
| (১) | কুচবিহার মৎস্যবীজ খামার | ১৭,২৬৯.০০ | ৩৩,১৪৫ | লাভ |
| (২) | ডেটাগুড়ি ও বড়শাকদল মৎস্যবীজ খামার | ২৪,৩১৬.১৯ | ৭,৭৭৬.১৯ | লোকসান |
| (৩) | কুমারগঞ্জ মৎস্যবীজ খামার | ২৪,৪৩৭.৫৯ | ৪,৫৬৭.৯১ | লাভ |
| (৪) | বড়সাগর দীঘি মৎস্য খামার | ১,৬০,৯৪৫,১০ | ২,৩৮,১০৫ | লাভ |
| (৫) | সঞ্জিব মৎস্যবীজ খামার | ১,৬০,৯৪৫,১০ | ২,৩৮,১০৫ | লাভ |
| (৬) | বহরমপুর মৎস্যবীজ খামার | ৩৯,০১৫.৩৫ | ১৫,৮৬২.১০ | লাভ |
| (৭) | হরিসাগর দিঘী খামার | ১৭,৬৬২.৭১ | ২,৭১৪.৭৯ | লাভ |
| (৮) | পাথরা মৎস্যবীজ খামার | | | |
| (৯) | লম্বদরপুর মৎসা খামার | ৩৯,০৪৯.২৫ | ২৪,৪৭৯.৩৫ | লোকসান |
| (১০) | সোনেরবাঁধ মৎসা খামার | | | |
| (১১) | কুলিয়া মৎস্য খামার | ২৪,৪৬৪.১৫ | ৩৭,৭৮৩.৩৮ | লাভ |
| (১২) | কল্যাণী মৎস্যবীজ খামার | ৫৩,৭৫৫.০০ | ২৪,৬৯১.২০ | লাভ |
| (১৩) | ধোকড়দহ মিশ্রমৎস্য চাষ খামার | ১৯,৫৪৬.৯০ | ২,৪৫৩.১০ | লাভ |
| (১৪) | ধোকড়দহ বিল মৎস্য খামার | ১৪,২৪৮.০০ | ৪,২৪৮ | লোকসান |
| (১৫) | ডহর বিল মৎস্য খামার | ৫,৯১৩.৩০ | ৯,৫১৯.৬০ | লাভ |
| (১৬) | কৃষ্ণনগর মৎস্যবীজ খামার | ৭৬,৫১৯.৩৫ | ৮,৮২৩.২৫ | লাভ |
| (১৭) | ডায়মণ্ডহারবার মৎস্যবীজ খামার | ১৯,১৭৪.৮৯ | ৬,৭৩৯.৫৫ | লোকসান |
| (১৮) | চক্রবৈঠক পুল মৎস্য খামার | ১৭,৪৩০.০০ | ৩,৯১৫.০০ | লাভ |
| (১৯) | ভিক্টোরিয়া ট্যাংক মৎস্য খামার | ৬,০২৮.০০ | ৩,৯৫৫.০০ | লোকসান |
| (২০) | পৈলান মৎস্যবীজ খামার | ৮,১১৯.২৭ | ৩,১০৫.০০ | লাভ |
| (২১) | রঙ্গিনী দহ মৎস্যবীজ খামার | ৫৩,০১১.৩০ | ১৬,১৬৫.০০ | লোকসান |
| (২২) | ছোট খর্দ মৎস্যবীজ খামার | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| (২৩) | চুঁচুড়া-মগরা মৎস্যবীজ খামার | ৮,১৬৪.০০ | ২,২০৩.০০ | লাভ |
| (২৪) | সেনহাটী মৎস্যবীজ খামার | ৩,০০০.০০ | ১,০০০ ০০ | লোকসান |
| (২৫) | হাতভাঙ্গা জোত মৎস্যবীজ খামার | ১০,০০০ ০০ | ৫,০০০.০০ | লোকসান |
| (২৬) | পাহারপুর মৎস্যবীজ খামার | ৯,৯৬৮.০০ | ৪,৯৬৮.০০ | লোকসান |
| (২৭) | নিশ্চিন্দা মৎস্যবীজ খামার | ৩৭,০০০.০০ | ১২,০০০.০০ | লোকসান |
| (২৮) | কাজলাগর মৎস্যবীজ খামার } | ৩২,০০০.০০ | ৪,৭৪০.০০ | লোকসান |
| (২৯) | বায়দা পুকুর মৎসাবীজ খামার } | | | |
| (৩০) | জুলিরবাঁধ মৎসাবীজ প্রজনন কেন্দ্র | ৪৭,০৪৩ ১০ | ৩৮৮.০০ | লোকসান |
| (৩১) | জুনপুট মিষ্টিজল মৎস্য খামার | ২০,০৬২ ৯২ | ৪০,৬৫২.৮৮ | লাভ |
| (৩২) | জুনপুট নোনাজল মৎস্য খামাব | ২৭.০৯৪.৭৬ | ৩২,৯৪৫.৩২ | লাভ |

**নির্বাচিত প্রতিনিধি, মনোনীত বোর্ড এবং প্রশাসক নিয়ন্ত্রণাধীন পৌরসভা**

**৬৩৫।** (অনুমোদিত প্রশ্ন নং **২৩০৩**।) **শ্রীনীরোদ রায়চৌধুরী ঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি— পশ্চিমবঙ্গের পৌরসভাগুলির মধ্যে কতগুলিতে (১) নির্বাচিত প্রতিনিধি,, (২) মনোনীত বোর্ড এবং (৩) প্রশাসক আছে?

**স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী ঃ** (১) ৮৪টি মিউনিসিপ্যালিটি এবং দুইটি মিউনিসিপ্যাল কর্পোরেশনে, (২) দুইটি পুরাতন এবং সাতটি নবগঠিত মিউনিসিপ্যালিটিতে, (৩) একটি মিউনিসিপ্যালিটি এবং একটি মিউনিসিপ্যাল কর্পোরেশনে।

**পানচাষ গবেষণা**

**৬৩৬।** (অনুমোদিত প্রশ্ন নং **২৩১২**।) **শ্রীদীনবন্ধু মণ্ডল ঃ** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে পানচাষ গবেষণার জন্য কোন পরিকল্পনা আছে কি ; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হলে,—(১) এই বিষয়ে কোন গবেষণা কেন্দ্র স্থাপিত হয়ে থাকলে সেগুলির নাম কি কি, (২) অদ্যাবধি এ বাবত কত অর্থ ব্যয় হয়েছে ও (৩) কেন্দ্রীয় সরকার এই গবেষণা বাবদ অর্থসাহায্য করেছেন কি?

**কৃষি বিভাগের মন্ত্রী ঃ** (ক) পশ্চিমবঙ্গ সরকারের পানচাষ সম্পর্কিত গবেষণার পরিকল্পনা আছে।

(খ) (১) এখনও কোন গবেষণা কেন্দ্র স্থাপিত হয় নি।

(২) এ প্রশ্ন ওঠে না।

(৩) ভারতীয় কৃষি অনুসন্ধান পরিষদ (আই সি এ আর) পানের রোগ সংক্রান্ত গবেষণার জন্য বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়কে অর্থসাহায্য করেছে।

### পদ্মচাষ

**৬৩৭।** (অনুমোদিত প্রশ্ন নং ২০২৬।) **শ্রীশীশ মহম্মদ** : কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এ বৎসরে মোট কি পরিমাণ জমিতে পদ্মচাষ হয়েছিল (পশ্চিমবঙ্গ ব্যাপী) ও কত মেট্রিক টন পদ্ম উৎপাদিত হয়েছে ; এবং

(খ) বর্তমান বৎসরের উৎপাদিত পদ্ম দ্বারা সমগ্র পশ্চিমবঙ্গের চাহিদা পূরণ করা যাবে কিনা?

**কৃষি বিভাগের মন্ত্রী** : (ক) এ প্রশ্নের উত্তর এখনই দেওয়া সম্ভব নয় কারণ উক্ত হিসাব এখনও অনুমিত হয় নি।

(খ) এ প্রশ্ন এখন ওঠে না।

### সুন্দরবন এলাকায় যন্ত্রচালিত দেশী নৌকা

**৬৩৮।** (অনুমোদিত প্রশ্ন নং ২৩৩৮।) **শ্রীগণেশচন্দ্র মণ্ডল** : স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য সুন্দরবন এলাকায় যন্ত্রচালিত বহু দেশী নৌকা চলাচল করে ;

(খ) সত্য হলে, ঐসব যন্ত্রচালিত নৌকাগুলির কোন লাইসেন্স সরকার দেন কি ; এবং

(গ) "খ" প্রশ্নের উত্তর "না" হলে, ঐ বিষয়ে সরকারের কোন পরিকল্পনা আছে কি?

**স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী** : (ক) হ্যাঁ।

(খ) না।

(গ) যন্ত্রচালিত জলযান রেজিস্ট্রেশন করবার জন্য বর্তমানে যে আইন ও নিয়মাবলী আছে, সেগুলি অনুসারে এই যন্ত্রচালিত দেশীয় নৌকাগুলি রেজিস্ট্রেশন করা যায় না।

### সুসংহত শিশু বিকাশ প্রকল্প

**৬৩৯।** (অনুমোদিত প্রশ্ন নং ২৩৪১।) **শ্রীগণেশচন্দ্র মণ্ডল** : ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সুসংহত শিশু প্রকল্প বর্তমানে কোন্ কোন্ ব্লকে চালু আছে ;

(খ) ঐ প্রকল্পে কত শিশু ও প্রসূতি উপকৃত হচ্ছে ;

(গ) নূতন কোন্ কোন্ ব্লকে ঐ প্রকল্প চালু করার প্রস্তাব আছে ; এবং

(ঘ) কোন্ কোন্ ব্লকে প্রজেক্ট অফিসার নেই?

**ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রী** : (ক) পশ্চিমবঙ্গে মোট ৮০টি ব্লকে এই প্রকল্প মঞ্জুর করা হয়েছে। ব্লকগুলির নামের একটি তালিকা নিম্নে দেওয়া হল (জেলাওয়ারী)।

(খ) ১০ লক্ষাধিক শিশু ও গর্ভবতী মা উপকৃত হচ্ছে।

(গ) ১৯৮৫-৮৬ সালে ৩০টি মা ও শিশু কল্যাণ প্রকল্পকে সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পে

রূপান্তরিত করার প্রস্তাব অনুমোদন লাভ করেছে। ব্লকগুলি হল :

| | |
|---|---|
| ১। সোনামুখী | বাঁকুড়া |
| ২। পাত্রাসায়র | " |
| ৩। নানুর | বীরভূম |
| ৪। লাভপুর | " |
| ৫। খয়রাশোল | " |
| ৬। মঙ্গলকোট | বর্ধমান |
| ৭। কেতুগ্রাম-১ | " |
| ৮। কেতুগ্রাম ২ | " |
| ৯। আউসগ্রাম-২ | " |
| ১০। খানাকুল-১ | হুগলী |
| ১১। গোঘাট-২ | " |
| ১২। খানাকুল-২ | " |
| ১৩। রতুয়া-১ | মালদা |
| ১৪। দাসপুর-১ | মেদিনীপুর |
| ১৫। দাসপুর-২ | " |
| ১৬। ময়না | " |
| ১৭। পাঁশকুড়া | " |
| ১৮। ঘাটাল | " |
| ১৯। তমলুক-২ | " |
| ২০। বাগনান-১ | হাওড়া |
| ২১। উদয়নারায়ণপুর | " |
| ২২। আমতা-২ | " |
| ২৩। বারওয়ান | মুর্শিদাবাদ |
| ২৪। কান্দি | " |
| ২৫। খরগ্রাম | " |
| ২৬। ভরতপুর-২ | " |
| ২৭। বনগাঁ | ২৪-পরগণা |

২৮। তেহাট্টা-১ নদীয়া

২৯। হাঁসখালি "

৩০। তেহাট্টা-২ "

(ঘ) নিম্নলিখিত ব্লকে বর্তমানে প্রজেক্ট অফিসার নেই—

১। চাপড়া নদীয়া

২। গোসাবা ২৪-পরগণা

৩। গঙ্গারামপুর পশ্চিম দিনাজপুর

৪। কৃষ্ণনগর-২ নদীয়া

৫। তুফানগঞ্জ-২ কোচবিহার

৬। রায়না-১ বর্ধমান

Statement referred to in reply to Clause "Ka" *of Question No. 639 (Admitted question No. 2341)*

১। কলিকাতা
- ১। খিদিরপুর
- ২। বেলগাছিয়া
- ৩। এন্টালী
- ৪। গার্ডেনরীচ
- ৫। ঢাকুরিয়া
- ৬। টালিগঞ্জ

২। ২৪-পরগণা
- ১। টিটাগড়
- ২। সন্দেশখালি-১
- ৩। ভাটপাড়া
- ৪। বজবজ-২
- ৫। কামারহাটি
- ৬। বাসন্তী
- ৭। গোসাবা
- ৮। হাবড়া

৩। হাওড়া—
- ১। বাগনান-২
- ২। উলুবেড়িয়া-২
- ৩। আমতা-১
- ৪। ডোমজুড়
- ৫। জগৎবল্লভপুর
- ৬। শিবপুর

৪। নদীয়া—
- ১। কৃষ্ণনগর-২
- ২। চাপড়া
- ৩। কালীগঞ্জ

৫। বাঁকুড়া—
- ১। রাণীবাঁধ

১০। মেদিনীপুর—
- ১। বীনপুর-২
- ২। গড়বেতা-১
- ৩। ভগবানপুর-১
- ৪। কেশিয়াড়ী
- ৫। খড়গপুর
- ৬। বীনপুর-১
- ৭। সালবনী

১১। পুরুলিয়া—
- ১। মানবাজার-১
- ২। মানবাজার-২
- ৩। বলরামপুর
- ৪। পঞ্চ

২। খাতরা-১

৩। ছাতনা

৪। রায়পুর-১

৬। মুর্শিদাবাদ—

১। সাগরদিঘী

২। ডোমকল

৩। ভরতপুর-১

৪। সূতী-১

৫। বেরহমপুর

৭। হুগলী—

১। পোলবা

২। বলাগড়

৩। সিঙ্গুর

৪। চণ্ডীতলা-১

৫। পাণ্ডুয়া

৮। বর্ধমান—

১। আসানসোল

২। মেমারী-১

৩। কাঁকসা

৪। রায়না-১

৫। জামালপুর

৯। বীরভূম—

১। মহম্মদবাজার

২। সাঁইথিয়া

৩। ময়ূরেশ্বর-১

৪। বোলপুর

৫। ইলামবাজার

৫। কাশীপুর

৬। হুড়া

১২। মালদা—

১। গাজোল

২। বামনগোলা

৩। ইংলিশবাজার

১৩। পশ্চিম দিনাজপুর—

১। গঙ্গারামপুর

২। চোপড়া

৩। তপন

৪। বালুরঘাট

১৪। জলপাইগুড়ি—

১। মাল

২। কুমারগ্রাম

৩। আলিপুরদুয়ার-২

৪। মাদারীহাট

৫। কালচিনি

১৫। কোচবিহার—

১। তুফানগঞ্জ (১ ও ১)

২। মাথাভাঙ্গা-২

৩। কোচবিহার ২

৪। দিনহাটা-১

১৬। দার্জিলিং—

১। পুলবাজার

২। মিরিক

৪। খড়িবাড়ী-ফাঁসিদেওয়া।

**পুরুলিয়া জেলায় নিউজপ্রিন্ট কারখানার পরিকল্পনা**

**৬৪০। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৬৮।) শ্রীসুধাংশুশেখর মাঝি :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলাতে "নিউজপ্রিন্ট" কারখানার সংস্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, কবে নাগাত উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায়?

**শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী :** (ক) নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

**পশ্চিমবঙ্গের সরকারী ও বেসরকারী কলেজে লেকচারার পদের যোগ্যতা**

৬৪১। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৩৩।) **ডাঃ হৈমী বসু ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের সরকারী ও বেসরকারী কলেজগুলিতে লেকচারার পদে নিয়োগের যোগ্যতাবলী কি ; এবং

(খ) উপারি-উক্ত দুই ধরণের কলেজে ঐ একই পদে নিয়োগের যোগ্যতাবলীর মধ্যে কোন পার্থক্য আছে কিনা?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী ঃ** (ক) তালিকা সন্নিবিষ্ট করা হইল। (খ) বিশেষ কোন পার্থক্য নাই।

Statement referred to in reply to Clause "Ka" of Unstarred Question No. 641 (Admitted question No. 2433)

কলেজ লেকচারার পদে নিয়োগের ক্ষেত্রে যোগ্যতাবলীর তালিকা

**সরকারী কলেজের ক্ষেত্রে ঃ**

সংশ্লিষ্ট বিষযে উচ্চ ২য় (বি+) বা মাষ্টার ডিগ্রীতে শতকরা ৫৫ ভাগ নম্বর এবং দ্বিতীয় শ্রেণীতে অনার্স ডিগ্রী বা সমতুল বিদেশী ডিগ্রী সহ বরাবরে উত্তম শিক্ষাগত যোগ্যতা অর্থাৎ মাধ্যমিক বা সমতুল পরীক্ষা হইতে মাস্টার ডিগ্রীর পূর্ব পর্যন্ত প্রতি পরীক্ষায় অন্ততঃ শতকরা ৫০ ভাগ নম্বর প্রাপ্তি।

উপরোক্ত যোগ্যতা অনুযায়ী প্রার্থী পাওয়া না গেলে এ ব্যাপারে কিছু ছাড় দেওয়া যাইতে পারে। যেমন ঃ

(১) সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণী (বি) বা মাস্টার ডিগ্রীতে শতকরা ৫০ ভাগ নম্বর এবং দ্বিতীয় শ্রেণীর অনার্স ডিগ্রী, বা সমতুল বিদেশী ডিগ্রী সহ বরাবরের উত্তম শিক্ষাগত যোগ্যতা অর্থাৎ মাধ্যমিক বা সমতুল পরীক্ষা হইতে মাস্টার ডিগ্রীর পূর্ব পর্যন্ত প্রত্যেক পরীক্ষায় অন্ততঃ শতকরা ৫০ ভাগ নম্বর বা বি গ্রেড প্রাপ্তি।

(২) এম ফিল ডিগ্রী অথবা মাস্টার ডিগ্রী পর্যায়ের পরবর্তী কোন স্বীকৃত ডিগ্রী যাহা বিশেষ ক্ষেত্রে পি.এস.সি. দ্বারা শর্ত সাপেক্ষে শিথিলযোগ্য।

(৩) বাংলা ভাষায় ভাব প্রকাশের (মৌলিক এবং লিখিত) ভাল ক্ষমতা।

বয়সসীমা ঃ যে বৎসরে বিজ্ঞাপন জারি হইয়াছে সেই বৎসরে ১লা জানুয়ারিতে অনুর্ধ ৩৫ বৎসর (উচ্চ শিক্ষাগত যোগ্যতা এবং শিক্ষকতার অভিজ্ঞতার ক্ষেত্রে এবং শিক্ষা বিভাগের অধীনে শিক্ষকতায় স্থায়ীভাবে নিযুক্ত ব্যক্তিদের ক্ষেত্রে শিথিলযোগ্য)।

**বেসরকারী কলেজের ক্ষেত্রে ঃ**

| | | | | পারসেন্ট নম্বর |
|---|---|---|---|---|
| (ক) | (১) | ম্যাট্রিক/ হাঃ সেঃ/স্কুল ফাইনাল/প্রি-ইউ/ইউ ই ইত্যাদি | গড়ে | ৪৫ |
| | | বি এ/বি এস সি/বি কম অনার্স | গড়ে | ৪০ |
| | | এম এ/এম এস সি/এম কম | গড়ে | ৫০ |
| | (২) | বাঞ্চনীয় এম ফিল/ডক্টর ডিগ্রী বা উচ্চমানের গবেষণামূলক কাজের প্রকাশনার প্রামাণ্য পরিচয় | | |
| | | বা | | |
| (খ) | (১) | ম্যাট্রিক/ হাঃ সেঃ/স্কুল ফাইনাল/প্রি-ইউ/ইউ ই ইত্যাদি | গড়ে | ৪৫ |
| | | বি এ/বি এস সি/বি কম (পাস কোর্স) | | x |
| | | এম এ/এম এস সি/এম কম | ১ম শ্রেণী | |
| | (২) | বাঞ্চনীয় এম ফিল/ডক্টর ডিগ্রী বা উচ্চমানের গবেষণামূলক কাজের প্রকাশনার প্রমাণ্য পরিচয় | | |
| | | বা | | |
| (গ) | (১) | ম্যাট্রিক/ হাঃ সেঃ/স্কুল ফাইনাল/প্রি-ইউ/ইউ ই ইত্যাদি | গড়ে | ৪৫ |
| | | বি এ/বি এস সি/বি কম (পাস কোর্স) | | x |

এম এ/এম এস সি—৫০ পারসেন্ট নম্বর এবং ডক্টরেট ডিগ্রী। ডি লিট বা ডি এস সি ডিগ্রীধারী প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত যোগ্যতা শিথিলযোগ্য। বয়সসীমা ঃ যে বৎসরে বিজ্ঞাপন জারি লইয়াছে সেই বৎসরে ১লা জানুয়ারিতে অনুর্ধ ৩৫ বৎসর (উচ্চ শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে শিথিলযোগ্য।

**হুগলী জেলার খানাকুলে অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনীয়ার (এগ্রি-মেক)-এর অফিস করার প্রস্তাব।**

**৬৪২।** (অনুমোদিত প্রশ্ন নং ২৪৪৫।) **শ্রীআবদুল মান্নান ঃ** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলী জেলার খানাকুলে অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনীয়ার (এগ্রি-মেক)-এর অফিস করার কোনও প্রস্তাব আছে কি ; এবং

(খ) থাকলে, তা কতদূর কার্যকরী হয়েছে?

**কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রী ঃ** (ক) আছে।

(খ) উপযুক্ত অফিস ঘরানুসন্ধান চলছে।

**সহকারী বাস্তুকার (কৃষি সেচ)-এর অফিস হুগলী জেলার চাঁপাডাঙ্গায় খোলার প্রস্তাব।**

৬৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৪৬।) **শ্রীআব্দুল মান্নান :** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) চাঁপাডাঙ্গা সাবডিভিশনের সহকারী বাস্তুকার (কৃষি সেচ)-এর অফিস হুগলী জেলার চাঁপাডাঙ্গায় খোলার কোন প্রস্তাব আছে কি; এবং

(খ) থাকলে, তা কতদূর কার্যকরী হয়েছে?

**কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রী :** (ক) আছে।

(খ) অফিসটির কাজ বর্তমানে চুঁচুড়া সদর থেকে চালানো হচ্ছে। উপযুক্ত বাড়ি পেলেই অফিস চাঁপাডাঙ্গায় স্থানান্তরিত করা হবে।

**ধর্মতলা হইতে ক্যানিং পর্যন্ত সরকারী বাস চালুকরণ**

৬৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৫৪।) **শ্রীচিত্তরঞ্জন মৃধা :** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ধর্মতলা হইতে ক্যানিং (চব্বিশ-পরগণা) পর্যন্ত সরকারী বাস চালানোর কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায়?

**স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী :** (ক) বর্তমানে নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

**নদীয়া জেলার করিমপুর ১নং ব্লকে পাইপ দ্বারা পানীয় জল সরবরাহ প্রকল্প**

৬৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৬৭) **শ্রীচিত্তরঞ্জন বিশ্বাস :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলার করিমপুর ১নং ব্লকে পাইপ দ্বারা পানীয় জল সরবরাহের প্রকল্পটির কাজের কিরূপ অগ্রগতি হয়েছে ; এবং

(খ) কবে নাগাদ ঐ প্রকল্পের কাজ শেষ করা যাবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রী :** (ক) প্রকল্পটির মোটামুটি ৫০ শতাংশের কাজ শেষ হয়েছে।

(খ) ১৯৮৬ সাল নাগাত প্রকল্পটি থেকে জল সরবরাহ করা যাবে বলে আশা করা যায়।

**Proposal for purchase of land at Camac Street**

646. (Admitted Question No. 2478.) **Shri Abdul Karim Choudhury :** will the Minister-in-charge of the P. W. Department be pleased to state-

(a) if it is a fact that a plot of land at 9 Camac Street, Calcutta, measuring about 15 cottahs, belonging to Maharaja of Cossimbazar, is being/has been purchased by the Government of West Bengal ; and

b) if, so,

(i) What is the Price Settled; and

(ii) What is the mode of payment agreed upon ?

Minister in Charge of the Public Works Department : (a) Public Works Department have no such proposal.

(b) (i) and (ii) Does not arise.

**কলিকাতা টেলিফোন কম্পানী কর্তৃক রাস্তা খনন**

৬৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৮৬।) **শ্রীলক্ষ্মীকান্ত দে :** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, টেলিফোন কোম্পানী কলকাতার রাস্তা খোঁড়াখুঁড়ি করেন;

(খ) সত্য হইলে, উক্ত কোম্পানী ১৯৮৪ সালে কত মিটার রাস্তা খোঁড়াখুঁড়ি করেছে সে সম্বন্ধে সরকারের জানা আছে কি, এবং

(গ) ঐ সমস্ত খোঁড়া রাস্তা সারাইয়ের কাজ উক্ত সংস্থা করেছে কিনা?

**স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী :** (ক) হ্যাঁ।

(খ) এক শত কিলোমিটারের কাছাকাছি।

(গ) এ দায়িত্ব টেলিফোন কর্তৃপক্ষের। তবে কাজ খুব একটা সন্তোষজনক নয়।

**কলকাতার ৩৯ নং (পুরাতন) ওয়ার্ডে বে আইনি বাড়ী ভাঙ্গার আদেশ**

৬৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৯০।) **শ্রীলক্ষ্মীকান্ত দে :** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) গত এক বৎসরে (১৯৮৪-৮৫) কলকাতার ৩৯নং (পুরাতন) ওয়ার্ডে কতগুলি বে-আইনি বাড়ী ভাঙ্গার আদেশ দেওয়া হয়েছে; এবং

(খ) কতগুলি বে-আইনি বাড়ী এ যাবৎ ভাঙ্গা হয়েছে?

**স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী :** (ক) ৬টি

(খ) ১ টি।

**কলিকাতায় আই সি ডি এস স্কীম চালু**

**৬৪৯।** (অনুমোদিত প্রশ্ন নং ২৪১২।) **শ্রীলক্ষ্মীকান্ত দে :** ত্রান ও কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৮৪ সালে কলিকাতায় আই সি ডি এস স্কীম চালু হয়েছে কি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, কোন্ কোন্ বিধানসভার ক্ষেত্রে চালু হয়েছে কি; এবং

**ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রী :** (ক) হ্যাঁ।

(খ) চাকুরিরা।

**খানাকুল ২নং পঞ্চায়েত সমিতির সভাপতির বিরুদ্ধে অর্থ তছরূপের অভিযোগ**

**৬৫০।** (অনুমোদিত প্রশ্ন নং ২৫৩৮।) **শ্রীআবদুল মান্নান :** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) হুগলী জেলার খানাকুল ২নং পঞ্চায়েত সমিতির সভাপতির বিরুদ্ধে ঐ এলাকায় গাবতলায় স্লুইস গেট নির্মানে লক্ষাধিক টাকা তছরুপের অভিযোগ রাজ্য সরকার পেয়েছেন কি; এবং

(খ) পেয়ে থাকলে, এ ব্যাপারে সরকার কী ব্যবস্থা গ্রহণ করেছেন?

**পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী :** (ক) হ্যাঁ।

(খ) এ ব্যাপারে হুগলীর ডি ই বি-র পুলিশ ইনস্পেক্টর তদন্ত করে একটি রিপোর্ট পেশ করেছেন। তদন্তে অভিযোগের সত্যতা প্রমাণিত হয় নি।

**বনগ্রাম বিধানসভা কেন্দ্রে ডি আর ডি এ ও স্পেশাল কম্পোনেন্ট এর জন্য দরখাস্ত**

**৬৫১।** (অনুমোদিত প্রশ্ন নং ২৫৫৩।) **শ্রীভূপেন্দ্রনাথ শেঠ:** উন্নয়ন ও পরিকল্পনা (সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্প) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৮৩-৮৪ ও ১৯৮৪-৮৫ সালে বনগ্রাম বিধানসভা কেন্দ্রে মোট কতগুলি ডি আর ডি এ স্পেশাল কমপোনেন্ট এর জন্য দরখাস্ত জমা পড়েছে ;

(খ) ইহা কি সত্য যে স্থানীয় বিধায়কের সুপারিশ করা দরখাস্ত এখনও বিভিন্ন গ্রাম পঞ্চায়েত অফিসে ফেলে রাখা হয়েছে ; এবং

(গ) সত্য হলে, এরূপ দরখাস্তের সংখ্যা কত?

**উন্নয়ন ও পরিকল্পনা (সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্প) বিভাগের মন্ত্রী :** (ক) দরখাস্ত জমা পড়ার হিসাব এরূপ : —

| | ১৯৮৩-৮৪ | ১৯৮৪-৮৫ |
|---|---|---|
| আই আর ডি পি | ১৯৪৪ | ৮৫৩ |
| স্পেশাল কম্পোনেন্ট প্ল্যান | ৪৬৫ | ১৩৮ |

(খ) ও (গ) সরকারী নির্দেশ অনুযায়ী দারিদ্রসীমার নীচে অবস্থিত পরিবারগুলি থেকে সার্বিক

গ্রামীণ উন্নয়ন কর্মসূচীর নির্ধারিত শর্তগুলি পূর্ণ করে এমন সাহায্য পাবার যোগ্য পরিবারের তালিকা প্রায় পঞ্চায়েত ঠিক করে। এই তালিকার ভিত্তিতেই পঞ্চায়েত সমিতি স্তরে আই আর ডি পি সাব কমিটি চূড়ান্ত নির্বাচন করে। এই পদ্ধতিতে স্থানীয় বিধায়ক অথবা অন্য কারো সুপারিশের প্রয়োজন হয় না এবং সেজন্য এ ব্যাপারে কোন তথ্য রাখার নিয়ম নেই।

**পঞ্চায়েতের অধীন কর আদায়কারীদের জলখাবার বাবত অর্থ মঞ্জুর**

**৬৫২।** (অনুমোদিত প্রশ্ন নং ২৫৬২।) **শ্রী শীশ মহম্মদ ঃ** পঞ্চায়েত সমষ্টি ও উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) গ্রাম পঞ্চায়েতের অধীন কর আদায়কারীদের প্রতি মাসের জন্য জলখাবার বাবত কোন অর্থ মঞ্জুর করা হয় কিনা;

(খ) হইলে উক্ত অর্থের পরিমাণ কত;

(গ) ঐ টাকা প্রতি মাসে আদায়কারীদের দেওয়া হয় কিনা; এবং

(ঘ) উক্ত জলখাবার বাবত অর্থ বৃদ্ধির কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

**পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী ঃ** (ক) না।

(খ), (গ) ও (ঘ) প্রশ্ন ওঠে না।

**ফরাক্কা ব্লকের অর্জুনপুরে নলবাহী পানীয় জল সরবরাহ**

**৬৫৩।** (অনুমোদিত প্রশ্ন নং ২৫৭২।) **শ্রীআবুল হাসনাত্ খান এবং শ্রী বীরেন্দ্রনারায়ণ রায়ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (গ্রামীণ জলসরবরাহ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার ফরাক্কা ব্লকের অর্জুনপুরে কোন রুরাল পাইপ ড্রিংকিং ওয়াটার সাপ্লাই স্কীম সরকার অনুমোদন করেছেন কি; এবং

(খ) করে থাকলে, এই স্কীম এর কাজ কবে নাগাত শুরু হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ (গ্রামীন জলসরবরাহ) বিভাগের মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ।

(খ) প্রকল্পটি রূপায়নের প্রাথমিক কাজকর্ম ইতিমধ্যেই শুরু হয়ে গেছে।

**রেশম সূতা উৎপাদনের ক্ষেত্রে অনুদান প্রদান**

**৬৫৪।** (অনুমোদিত প্রশ্ন নং ২৫৮২।) **শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ —

(ক) রেশম সূতা উৎপাদনের ক্ষেত্রে "রিপ্লেসমেন্ট অফ ক্রুড চরকা বাই ইমপ্রুভড রীলিং মেশিন স্কীম" এ ১৯৮৩-৮৪ সালে মাথা পিছু কত টাকা গ্রান্ট দেওয়া হয়েছে;

(খ) উক্ত সময়ে মালদহ জেলায় এই গ্রান্ট প্রাপকের সংখ্যা কত ছিল;

(গ) এই গ্রান্ট প্রাপকগণ সকলেই চরকার বদলে উন্নত রীলিং মেশিন চালু করেছেন কিনা;

(ঘ) যে সকল গ্রান্ট প্রাপক উন্নত রীলিং মেশিন দিয়ে রেশম সূতা উৎপাদন করেছেন তাদের

সেই সুতার গুণগত মান সরকার টেস্ট হাউসে পরীক্ষা করে দেখেছেন কি; এবং

(ঙ) যদি 'ঘ' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয় তাহলে সেই পরীক্ষার রিপোর্ট কি?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী :** (ক) মেশিন প্রতি ৫,০০০ (পাঁচ হাজার) টাকা সাবসিডি হিসাবে দেওয়া হয়েছে।

(খ) ১২ জন।

(গ) বেশীর ভাগ ক্ষেত্রেই চালু করেছেন।

(ঘ) 'হ্যাঁ'

(ঙ) বেশীর ভাগ পরীক্ষার রিপোর্ট গ্রহণযোগ্য। পরের পৃষ্ঠায় একটি তালিকা দেওয়া হল।

**সিল্ক কন্ডিশনিং এবং টেস্টিং হাউসের সুপারিনটেনডেন্ট পদ পূরণ**

৬৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৮৩।) **শ্রীদেবপ্রসাদ সরকার :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে কলিকাতার লেক টাউনে অবস্থিত সিল্ক কন্ডিশনিং এবং টেস্টিং হাউসের সুপারিনটেনডেন্টের পদের কাজ একজন অডিট অফিসার বহুদিন ধরিয়া কাজ চালাইতেছেন,

(খ) সত্য হইলে, (১) ঐ অফিসার কত দিন যাবৎ ঐ কাজ চালাইতেছেন; (২) ঐ পদে উপযুক্ত যোগ্যতা সম্পন্ন কোন স্থায়ী অফিসার নিয়োগ না করিবার কারণ কি ; এবং

(গ) ঐ অডিট অফিসার পুরো সময়ের জন্য ঐ পদে নিযুক্ত আছেন কিনা?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী :** (ক) হ্যাঁ।

(খ) (১) প্রায় দু বছর (২) উক্ত পদে যোগ্যতাসম্পন্ন অফিসার নিয়োগের জন্য রাজ্য পাবলিক সার্ভিস কমিশনকে অনুরোধ করা হইয়াছে। এখনও কোন অফিসার পাওয়া যায় নাই। যতদিন পর্যন্ত ঐ শূন্যপদটি পূরণ করা না হয় ততদিন পর্যন্ত একজন টেকনিক্যাল ডেপুটি ডাইরেক্টর ঐ কাজ দেখাশুনা করিবেন.

(গ) না

*The statement referred to clause 'yua' of unstarred No. 654 (Admitted question No.2582.)*

## TEST REPORT

| Sl. No. | Test No. Mark No. | Size range Deiner | Average Size Denier | Size deviation Denier | Maximum deviation Denier | Winding Brake per 50 hank per hour | Evenness per cent | Neatness per cent | Cleanness per cent |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 254 E | 18.5 to 28.0 | 24.0 | 2.0 | 5.25 | 175 | 63 | 75 | 55 |
| 2 | 255 F | 18.5 to 29.0 | 24.0 | 2.5 | 5.25 | 190 | 70 | 75 | 62 |
| 3 | 256 C-1 | 20.0 to 27.0 | 23.0 | 1.5 | 3.75 | 175 | 70 | 75 | 61 |
| 4 | 257 C-2 | 20.0 to 27.0 | 24.0 | 1.8 | 4.0 | 195 | 73 | 75 | 60 |
| 5 | 258 H | 18.0 to 27.0 | 22.5 | 2.1 | 4.75 | 205 | 77 | 78 | 54 |
| 6 | 241 B | 21.5 to 35.0 | 29.0 | 2.5 | 6.75 | 210 | 67 | 77 | 40 |
| 7 | 242 C-1 | 19.5 to 45.0 | 27.5 | 4.0 | 16.0 | 200 | 70 | 65 | 48 |
| 8 | 243 D-1 | 18.0 to 28.5 | 23.5 | 2.25 | 5.25 | 145 | 76 | 70 | 63 |
| 9 | 296 I-1 | 18.5 to 26.0 | 22.5 | 1.9 | 4.0 | 175 | 69 | 77 | 64 |
| 10 | 297 J | 19.0 to 28.0 | 23.5 | 1.8 | 4.25 | 195 | 70 | 74 | 55 |
| 11 | 298 K-1 | 19.0 to 28.0 | 24.0 | 1.6 | 4.75 | 175 | 68 | 79 | 51 |
| 12 | 299 K-2 | 19.0 to 27.0 | 23.5 | 2.1 | 4.25 | 185 | 69 | 75 | 52 |
| 13 | [illegible] A | 16.0 to 26.0 | 20.5 | 2.2 | 5.5 | 185 | 71 | 70 | 57 |
| 14 | 141 -i | 16.5 to 25.0 | 21.0 | 2.3 | 4.5 | 130 | 75 | 72 | 49 |

**কলকাতা-হাওড়া নদীপথে জলযান চলাচল**

৬৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৯৩।) **শ্রীজয়প্রকাশ মুখার্জী ঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বর্তমানে কলকাতা-হাওড়া নদীপথে কতগুলি জলযান চলাচল করছে;

(খ) উহাদের সংখ্যা বাড়াবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(গ) দৈনিক গড়ে কত যাত্রী ঐ জলপথে বর্তমানে যাতায়াত করেন?

**স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী ঃ** (ক) ২৯ টি জলযান চলাচল করছে।

(খ) জলযানের সংখ্যাবৃদ্ধির পরিকল্পনা সরকারের বর্তমানে বিবেচনাধীন।

(গ) এই জলপথে একদিনে সর্বাধিক ১,৩০,০০০ অবধি যাত্রী যাতায়াত করেছেন। গড়ে ৯৫,০০০ যাত্রী যাতায়াত করেন।

**কলকাতা ট্রাম কোম্পানী ট্রাক রেল ও ওভারহেড তার সংস্কার**

৬৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৯৭।) **শ্রীনিরঞ্জন মুখার্জী ঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি , কলকাতা ট্রাম কোম্পানীর ট্রাক রেল ও ওভারহেড তার পুনঃসংস্কারের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী ঃ** কলকাতা নগর পরিবহন উন্নয়ন প্রকল্পে ১৯৮১-৮২ হইতে ১৯৮৪-৮৫ সনের মধ্যে ১২,৯৩৬ মিটার ডাবল ট্রাক রেল ও ৮৭.৪৮৯ কিলোমিটার ওভারহেড তার পুনঃসংস্কার করা হয়েছে। বর্তমান আর্থিক বৎসরে ৫,৫০ কিমিঃ ডাবল ট্রাক রেল ও ২০ কিমিঃ ওভারহেড তার পুনঃসংস্কার হবে।

**সুন্দরবন অঞ্চলে জেটি নির্মাণ**

৬৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৯৯।) **শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য ঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) সুন্দরবন অঞ্চলের কোন্ কোন্ স্থানে জেটি (প্রান্তিক সুবিধা) তৈরী করা হয়েছে ও কোন্ কোন্ স্থানে তৈরীর পরিকল্পনা আছে; এবং

(খ) এর সঙ্গে যাত্রী ছাউনি (প্যাসেনজার শেলটার) নির্মানের প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি?

**স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী ঃ** (ক) সুন্দরবন অঞ্চলের রায়দিঘী, হাসনাবাদ, ক্যানিং, বাসন্তী, গোসাবা, নেজাত, পাঠানখালী, হিঙ্গলগঞ্জ, কাকদ্বীপ, ও কচুবেরিয়াতে জেটি তৈরী করা হয়েছে এবং সোনাখালি, চেমাগুড়ি, রামগঙ্গা, পাথরপ্রতিমা ও মধ্যগুরগুড়িয়াতে জেটি তৈরীর কাজ চলিতেছে। সুন্দরবনের গুরুত্বপূর্ণ স্থানে আরও ৩৪ টি জেটি তৈরী করার পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে।

(খ) হ্যাঁ। ইতিমধ্যে রায়দিঘী, হাসনাবাদ, বাসন্তী, গোসাবা, নেজাত, এবং পাঠানখালীতে যাত্রী ছাউনী তৈয়ারী করা হইয়াছে এবং প্রয়োজনে যাত্রী ছাউনী তৈয়ারী করার পরিকল্পনা সরকারের আছে।

### বেহালা উড্ডীয়ন শিক্ষাকেন্দ্র উন্নয়ন

**৬৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৬০০।) শ্রীনিরঞ্জন মুখার্জী ঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বেহালা উড্ডীয়ন শিক্ষাকেন্দ্র উন্নয়নের জন্য সরকার কি কি পরিকল্পমনা গ্রহণ করেছেন; এবং

(খ) সেগুলি কোন পর্যায়ে আছে?

**স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী ঃ** (ক) ১৯৮০ সালে আগষ্ট মাসে পশ্চিমবঙ্গ সরকার বেহালা উড্ডীয়ন শিক্ষাকেন্দ্রের উন্নয়নের জন্য বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেন। দুইটি 'সেসনা' বিমান ক্রয়, জমি অধিগ্রহণ, কেন্দ্রের সম্প্রসারণ এবং গৃহ নির্মান বিষয়গুলি ঐ পরিকল্পনায় অর্ন্তভুক্ত।

(খ) উক্ত পরিকল্পনা গ্রহণ করার পর জমি অধিগ্রহণের বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয়। ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের অনুমোদন পাওয়া গেলে ১৯৮২ সালে জমি অধিগ্রহণ সম্পন্ন হয় ও অর্থবিভাগের সম্মতিক্রমে অধিগৃহীত ৬,৬৫ একর জমির জন্য ৩.৫৫ লাখ টাকা ব্যয় বরাদ্দ করা হয়। তারপর সম্প্রসারণ ও গৃহনির্মান প্রকল্প কার্যকর করবার জন্য পূর্তবিভাগকে বলা হয়। তাঁরা ১৯৮৪-৮৫ সালের আর্থিক বছরে প্ল্যান অ্যান্ড এস্টিমেট দিলে অর্থবিভাগের সহমত নিয়ে ঐ উন্নয়ন কার্য আরম্ভ করার জন্য প্রাথমিক পর্যায়ে ৪ লাখ টাকা এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ার, পি ডব্লু ডিপার্টমেন্ট আলিপুর ডিভিশন ২ কে বরাদ্দ করা হয়েছে। ঐ প্রকল্পের জন্য অনধিক ৮ লাখ টাকা ব্যয় হলে বলে পূর্ত বিভাগ জানিয়েছেন। 'সেসনা' বিমানক্রয়ের সিদ্ধান্তটি ১৯৮১ সালে চূড়ান্ত ভাবে অনুমোদিত হয় এবং ১৯৮২ সালের ডিসেম্বর মাসে ডি জি সি এ গভর্ণমেন্ট অব ইন্ডিয়া একটি 'সেসনা' বিমান ক্রয়ের অনুমোদন দিলেও ভারতসরকারের অর্থমন্ত্রক বিদেশী মুদ্রার অনুমোদন না দেওয়ায় ঐ বিমানটি ক্রয় করা সম্ভব হচ্ছে না।

### গোঘাটের কামারপুকুরকে পৌরসভায় রূপান্তরিত করার পরিকল্পনা

**৬৬০। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৭২।) শ্রীশিবপ্রসাদ মালিক ঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) গোঘাটের কামারপুকুরকে পৌরসভায় রূপান্তরিত করার পরিকল্পনা সরকারের আছে কি, এবং

(খ) থাকিলে, কবে নাগাত উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায়?

**স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

### পাটিকাবাড়ী (নওদা থানা) মালদহ উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণের বাস চলাচলের প্রস্তাব

**৬৬১। (অনুমোদিত প্রশ্ন নং ৩৪।) শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার পাটিকাবাড়ী (নওদাথানা) মালদহ ভায়া বেলডাঙ্গা উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণের একটি বাস চলাচলের প্রস্তাব সরকার বিবেচনা করছেন; এবং

(খ) সত্য হলে, কবে নাগাদ ঐ বাস চলাচল শুরু হবে বলে আশা করা যায়?

**স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী :** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

### করণদীঘি থানায় ডাকাতি, গরুচুরি ও লুন্ঠন প্রভৃতি

৬৬২। (অনুমোদিত প্রশ্ন নং ৮১।) **শ্রী সুরেশ সিংহ :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৮৪ সালের ডিসেম্বর মাস হতে ১৯৮৫ সালের ফেব্রুয়ারী পর্যন্ত সময়ে পশ্চিমদিনাজপুর জেলার করণদীঘি থানার (১) ডাকাতি, (২) গরুচুরি, (৩) লুন্ঠন, এবং (৪) প্রাণহানির ঘটনার সংখ্যা কত

(খ) উক্ত ঘটনাগুলি কোন্ কোন্ গ্রামে হয়েছে;

(গ) উক্ত ঘটনাগুলিতে —

(১) কতগুলির গবাদিপশু লুঠ করা হয়েছে,

(২) কতজনের প্রানহানি হয়েছে,

(৩) জড়িত কতজন ব্যাক্তিকে গ্রেপ্তার করা হয়েছে,

(৪) কতগুলি গবাদিপশু উদ্ধার করা সম্ভব হয়েছে; এবং

(ঘ) ঐ রূপ ঘটনার প্রতিরোধকল্পে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী :** (ক) (১) ৩ টি, (২) ১০টি, (৩) ৪ টি (৪) ২ টি।

(খ) (১) কাজীদবন, (২) মনিপাড়া কাচুয়া, (৩) পাথরবাড়ী, (৪) ভবানীপুর, (৫) গোপালপুর, (৬) বর্মন, (৭) বালুয়া, (৮) ধাঁতা, (৯) গোপালা, (১০) ঘুসামেরী, (১১) ডাঙ্গী, (১২) ডাঙ্গীপাড়া, (১৩) পৌতা (১৪) জলপাড়া, (১৫) চোপরাবাড়ী, (১৬) ইব্রাহিমপুর, ও (১৭) খিহিনগর।

(গ) (১) ১২০ টি, (২) ২ জন, (৩) ৩৯ জন, (৪) ১টি।

(ঘ) সংশ্লিষ্ট এলাকাগুলিতে পুলিসঘাঁটি স্থাপন, রাত্রিকালীন পাহারা, তীব্রতর ও হঠাৎ ওঁতপাতার ব্যবস্থা করা হয়েছে। এছাড়া পশ্চিমদিনাজপুর জেলার এস পি বাংলাদেশের উপযুক্ত কর্তৃপক্ষকে ভারত সীমান্ত এলাকায় চোরাচালানকারীদের অনুপ্রবেশ প্রতিরোধের জন্য পর্যাপ্ত ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেছেন।

### বীরভূম জেলা সদর হাসপাতালে অপারেশন থিয়েটার

৬৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ২২০।) **শ্রীসুনীতি চট্টরাজ :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বীরভূম জেলার সদর হাসপাতালের অপারেশন থিয়েটারে এবং ব্লাড ব্যাঙ্কের এমারজেন্সী লাইট ও জেনারেটরের ব্যবস্থা করা হয়েছে কিনা, এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'না' হলে কবে নাগাদ উক্ত বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হবে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী :** (ক) সদর হাসপাতালে অপারেশন থিয়েটারে এমারজেন্সী লাইট ও জেনারেটরের ব্যবস্থা আছে। ব্লাড ব্যাঙ্কে এমারজেন্সী লাইটের ব্যবস্থা নেই। প্রয়োজনে হাসপাতাল কর্তৃপক্ষ জেনারেটরের মাধ্যমে ব্লাড ব্যাঙ্কে বিদ্যুৎ সরবরাহ করিতে পারে।

(খ) প্রশ্ন ওঠে না।

### রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের সংগৃহীত আমানত ও ঋণদান বিধি

**৬৬৪।** (অনুমোদিত প্রশ্ন নং ২৩৩।) **শ্রীবিভূতিভূষণ দে :** অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলি যে রাজ্য থেকে আমানত সংগ্রহ করবে সেই আমানতের একটি অংশ সেই রাজ্যে উন্নয়নের কাজে লাগাতে হবে — এ ব্যাপারে কোন নিয়ম আছে কি;

(খ) নিয়ম থাকলে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলি পশ্চিমবঙ্গ থেকে ১৯৮২-৮৩ এবং ১৯৮৩-৮৪ এই দুই আর্থিক বছরে কত টাকা আমানত সংগ্রহ করেছে ; এবং

(গ) ওই দুই আর্থিক বছরে পশ্চিমবঙ্গে উন্নয়নে কত টাকা খরচ করেছে?

**অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) না।

(খ) ও (গ) ১৯৮২-৮৩ ও ১৯৮৩-৮৪ আর্থিক বছরের শেষে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলির পশ্চিমবঙ্গ থেকে সংগ্রহ করা আমানতের মোট পরিমাণ ছিল যথাক্রমে ৫০৬৮.১৪ কোটি টাকা এবং ৫৯৫৭.৬৩ কোটি টাকা। ঐ সময়ে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলি পশ্চিমবঙ্গে যথাক্রমে মোট ২৯৯১.৫৩ কোটি টাকা এবং ৩৩৭৭.৭৫ কোটি টাকা ঋণ দিয়েছিল।

### বীরভূম জেলা পুলিস কর্মী ইউনিয়ন

**৬৬৫।** (অনুমোদিত প্রশ্ন নং ৩৪৭।) **শ্রীসুনীতি চট্টরাজ :** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বীরভূম জেলায় পুলিশ কর্মীদের কতগুলি ইউনিয়ন আছে ; এবং

(খ) (১) উক্ত ইউনিয়নগুলির নাম কি কি, ও (২) উহাদের প্রত্যেকটির সদস্যসংখ্যা কত?

**স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রী :** (ক) ও (খ) পুলিশ কর্মীদের কোনো ইউনিয়ন নাই। সরকার পুলিশ কর্মচারীদের 'সংগঠন' করার অনুমতিই কেবল দেন। "পশ্চিমবঙ্গ ননগেজেটেড পুলিশ কর্মচারী সমিতি" এবং "পশ্চিমবঙ্গ পুলিস এসোসিয়েশন" এই দুটি সংস্থা সংগঠনের অনুমতি পেয়েছে। বীরভূম জেলাতেও এই দুটি সংগঠনের সদস্য আছে। সদস্যদের সঠিক সংখ্যা জানা নেই।

### পশ্চিমবঙ্গ রাজ্য লটারী

**৬৬৬।** (অনুমোদিত প্রশ্ন নং ৫৩১।) **শ্রীকাশীনাথ মিশ্র :** অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৮৪-৮৫ সালের আর্থিক বছরে পশ্চিমবঙ্গ রাজ্য লটারী থেকে মোট কত টাকা মুনাফা হয়েছে;

(খ) ১৯৭৫ সালের জানুয়ারী হতে ১৯৮৪ সালের ডিসেম্বরের মধ্যে রাজ্য লটারীর ঘোষিত

পুরস্কার সংক্রান্ত কোন মামলা দায়ের হয়েছে কিনা;

(গ) উক্ত সময়ে ঘোষিত পুরস্কারের কত পরিমাণ টাকা ডিস্‌পিউট্ অবস্থাতে আছে ;

(ঘ) রাজ্য লটারীর উন্নতিকল্পে সরকার আজ পর্যন্ত কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন ;

(ঙ) রাজ্য লটারীর পরিচালন ব্যবস্থা পরিবর্তনের জন্য কোন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিনা; এবং

(চ) রাজ্য লটারীর লভ্যাংশের টাকা কি কি জনহিতকর কার্যে ব্যবহার করা হয়ে থাকে?

**অর্থ বিভাগের মন্ত্রী :** (ক) মোট মুনাফা ১,৩২,০৫,৫৬৫ টাকা।

(খ) ঐ সময়ের মধ্যে ঘোষিত বিভিন্ন পুরস্কার সংক্রান্ত দশটি মামলা বিভিন্ন আদালতে দায়ের হয়।

(গ) বিভিন্ন পুরস্কার সংক্রান্ত মোট ৭,৩৫,০০০ টাকা ডিস্‌পিউট্ অবস্থাতে আছে।

(ঘ) লটারীর উন্নতিকল্পে ১৯৭৩ সালের শেষভাগে মাসিক খেলার প্রবর্তন করা হয়। প[illegible] ১৯৭৫ সালের ডিসেম্বর মাস থেকে সাপ্তাহিক খেলার প্রবর্তন করা হয়, তাছাড়া বছরে একটি উৎসবকালীন খেলার প্রচলন করা হয়। সাপ্তাহিক খেলার প্রথম পুরস্কার প্রথমে ছিল ১,২৫,০০০ টাকা পরে তা বাড়িয়ে ১,৫০,০০০ টাকা করা হয়। উৎসবকালীন খেলার প্রথম পুরস্কার ২.৫০ লাখ থেকে ৭৬ লাখ টাকা পর্যন্ত দেওয়া হয়েছে। পুনরায় গত বৎসরের ডিসেম্বর মাস থেকে (৪৯৬তম খেলা) সাপ্তাহিক খেলার পুরস্কারের কাঠামো সহ অন্যান্য নিয়মাবলীর পরিবর্তন করা হয় এবং এই সঙ্গে বঙ্গলক্ষী নামে এক মাসিক খেলার প্রবর্তম করা হয়। এই খেলার প্রথম পুরস্কার ৫,০০,০০০ টাকা সহ অন্যান্য পুরস্কার স্থির করা হয়।

(ঙ) রাজ্য লটারীর পরিচালনের জন্য বিভিন্ন সময়ে প্রয়োজনমত ব্যবস্থা নেওয়া হয় এবং সরকারী নিয়ন্ত্রণাধীনে কর্ম পদ্ধতিরও পরিবর্তন করা হয়।

(চ) বিক্রয়লব্ধ সমস্ত অর্থই রাজ্য লটারী অধিকার থেকে সরাসরি সরকারের কোষাগারে জমা পড়ে।

## বাঁকুড়া জেলা হোলসেল ক্রেতা সমবায় বিপণি

৬৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪৬।) **শ্রীকাশীনাথ মিশ্র :** সমবায় বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া জেলা হোলসেল ক্রেতা সমবায় বিপণি বন্ধ হওয়ার উপক্রম হয়েছে; এবং

(খ) সত্য হলে, উক্ত প্রতিষ্ঠানটি রক্ষার জন্য এবং উক্ত প্রতিষ্ঠানের কর্মচারীদের চাকুরীর নিরাপত্তার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**সমবায় বিভাগের মন্ত্রী :** (ক) সমিতির বর্তমান আর্থিক অবস্থা সম্পর্কে বিশদ নিরীক্ষা না করে ইহার ভবিষ্যৎ সম্পর্কে কোন মন্তব্য করা সম্ভব নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

**বাঁকুড়া পুলিশ কোয়ার্টার্স নির্মাণ**

৬৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪৯।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া পুলিশ লাইনের নিকটবর্তী পুলিশ কোয়ার্টার্স গত দু বছর ধরে অর্ধসমাপ্ত অবস্থায় রয়েছে;

(খ) সত্য হলে এর কারণ কি;

(গ) ১৯৮৪-৮৫ সালে উক্ত কোয়ার্টার্স নির্মাণের জন কত টাকা ব্যয় করা হয়েছে; এবং

(ঘ) উক্ত কাজ কবে নাগাত সম্পন্ন হবে বলে আশা করা যায়?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রী ঃ** (ক), (খ), (গ) ও (ঘ) বাঁকুড়া পুলিশ লাইনের নিকটবর্তী পুলিশ কোয়ার্টার্সের কাজ ১৯৮৪-৮৫ সালে শুরু হয়েছে। এখন পর্যন্ত আনুমানিক প্রায় ৬,৫২ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। গৃহ নির্মাণজনিত ব্যয় বহুল পরিমাণে বৃদ্ধি পাওয়ায় নতুন করে এস্টিমেট তৈরী করা হচ্ছে। এই নতুন এস্টিমেট এর ভিত্তিতে আবার কাজ আরম্ভ করা হবে।

**হাওড়া জেলার আমড়দহ উপ-স্বাস্থ্য কেন্দ্র**

৬৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ৯৩৯।) **শ্রীগৌরহরি আদক ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) হাওড়া জেলার শ্যামপুর থানায় আমড়দহ উপ-স্বাস্থ্যকেন্দ্রে দৈনিক গড়ে কতজন রোগী চিকিৎসাধীনে আসে বা চিকিৎসিত হয়;

(খ) উক্ত উপ-স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার আছে কি;

(গ) উক্ত উপ-স্বাস্থ্যকেন্দ্রে মঞ্জুরীকৃত শয্যার সংখ্যা কত; এবং

(ঘ) উক্ত উপ-স্বাস্থ্যকেন্দ্রটি সম্প্রসারণ কবার কোন পরিকল্পনা আছে কি?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী ঃ** (ক) ৯৮ জন।

(খ) হ্যাঁ।

(গ) দুটি।

(ঘ) বর্তমানে নেই।

**বারাসাত ১নং ব্লকের অধীনে বাজিতপুর, বাবপুর ও মোচপুলে**

**অগভীর নলকূপ স্থাপনের পরিকল্পনা**

৬৭০। (অনুমোদিত প্রশ্ন নং ১১৪৬।) **শ্রীসরল দেব ঃ** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ২৪ পরগনা জেলার অন্তর্গত বারাসাত ১নং ব্লকের অধীনে 'বাজিতপুর', 'বাবপুর', এবং 'মোচপুলে', কোন অগভীর নলকূপ স্থাপনের পরিকল্পনা রাজ্যের ক্ষুদ্র সেচ দপ্তরের আছে কি; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে কবে নাগাত উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা

করা যায়?

**কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রী :** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**মেদিনীপুর জেলার দেপাল-ঝুঁকি রাস্তা নির্মাণ**

**৬৭১।** (অনুমোদিত প্রশ্ন নং ১২১১।) **শ্রীঅবন্তী মিশ্র :** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) মেদিনীপুর জেলার এগরা-রামনগর রাস্তার দেপাল হতে ঝুঁকি পর্যন্ত রাস্তাটি নির্মান করার কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকলে, কবে নাগাত কার্যকরী হবে বলে আশা করা যায়?

**পূর্ত বিভাগের মন্ত্রী :** (ক) হ্যাঁ, আছে।

(খ) প্রয়োজনীয় অর্থ সংস্থানের উপর নির্ভর করছে।

**পিছাবনী হইতে দেপাল রাস্তা নির্মাণকরণ**

**৬৭১এ।** (অনুমোদিত প্রশ্ন নং ১২১২।) **শ্রীঅবন্তী মিশ্র :** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) মেদিনীপুর জেলার অন্তগর্ত রামনগর এলাকার পিছাবনী হইতে দেপাল ভায়া ভূএগজিবাড় রাস্তাটি নির্মাণ করার কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি; এবং

(খ) থাকলে, উক্ত নির্মাণকার্য কবে নাগাত শুরু হবে বলে আশা করা যায়?

**পূর্ত বিভাগের মন্ত্রী :** (ক) হ্যাঁ, পরিকল্পনা আছে।

(খ) এখনই বলা সম্ভব নয়।

**বিড়ি শ্রমিক ওয়েলফেয়ার ফান্ড**

**৬৭২।** (অনুমোদিত প্রশ্ন নং ১২৫৯।) **শ্রীনবনী বাড়রী :** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বিড়ি শ্রমিক ওয়েলফেয়ার ফান্ড পশ্চিমবঙ্গে কার্যকরী হচ্ছে কিনা;

(খ) পশ্চিমবঙ্গে বিড়ি শ্রমিকদের জন্য টি বি হাসপাতাল তৈরী বাবদ কেন্দ্রীয় সরকার কোন টাকা দিয়াছেন কিনা;

(গ) বিড়ি শ্রমিকেরা ছেলেমেয়েদের পড়াশুনার জন্য শিক্ষা ভাতা চাহিদা অনুযায়ী পাচ্ছে কিনা; এবং

(ঘ) পশ্চিমবঙ্গে কতগুলি স্কীম উক্ত ফান্ডের আওতায় রয়েছে এবং কোন্ কোন্ স্কীম কার্যকরী হয়েছে?

**শ্রম বিভাগের মন্ত্রী :** (ক) হ্যাঁ, হচ্ছে।

(খ) না।

(গ) না, বিড়ি শ্রমিকদের ছেলেমেয়েদের পড়াশুনার জন্য কোন শিক্ষা ভাতা দেওয়া হয় না।

(ঘ) উক্ত ফান্ডের আওতায় পশ্চিমবঙ্গে নিম্নলিখিত স্কীমগুলি রয়েছে :—

(১) চিকিৎসা সংক্রান্ত সুযোগসুবিধার জন্য স্থির তথা ভ্রাম্যমাণ আটটি চিকিৎসাকেন্দ্র এই রাজ্যে কাজ করছে। ঐ কেন্দ্রগুলি কলিকাতা, মগরাহাট, খড়গপুর, বাঁকুড়া, কৃষ্ণনগর, করিমপুর, নিমতিতা এবং কোচবিহারে অবস্থিত।

(২) আপৎকালীন ক্ষেত্রে যক্ষ্মারোগীদের কারমাতে অবস্থিত কেন্দ্রীয় হাসপাতালে পাঠানো হয়। এছাড়া নিমতিতায় একটি চেষ্ট ক্লিনিক চালু আছে।

(৩) বিড়ি শ্রমিকদের বৃত্তি দেওয়ার স্কীম চালু আছে। এই ব্যবস্থায় গত বৎসর অর্থাৎ ১৯৮৩-৮৪ সালে সমগ্র পূর্বাঞ্চলীয় রাজ্যগুলিতে মোট ২,০৮৮ জন ছাত্রকে ৫,২৯,৩৫০ টাকা দেওয়া হয়েছে।

(৪) এ ছাড়া 'নিজের বাড়ী নিজে তৈরী কর' স্কীম, বিড়ি শ্রমিকদের সমবায়ের মাধ্যমে সংগঠিত করার স্কীম, এক একটা অঞ্চলে সর্বাধিক ২,০০০ স্কুল ছাত্রকে এক প্রস্থ স্কুল ড্রেস দেওয়ার স্কীম, খেলাধূলা এবং সাংস্কৃতিক ক্রিয়াকলাপে আর্থিক সাহায্য করার স্কীম, বিড়ি শ্রমিকদের চশমা কেনার জন্য সর্বাধিক ৫০টাকা পর্যন্ত আর্থিক সাহায্য দেওয়ার স্কীম এবং বিভিন্ন অনুমোদিত হাসপাতালে ক্যানসার রোগের চিকিৎসা করার খরচ ফেরত দেওয়ার স্কীম চালু আছে।

## কাঁথি মহকুমায় গ্রেপ্তারী পরোয়ানা

৬৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ১২৮২।) শ্রীশিশির অধিকারী : স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৭৭ সাল হইতে ১৯৮৪ সাল পর্যন্ত সময়ে কাঁথি মহকুমার বিভিন্ন থানায় কতগুলি গ্রেপ্তারী পরোয়ানা কার্যকর হয় নাই (সালওয়ারী হিসাব); এবং

(খ) গ্রেপ্তারী পরোয়ানা কার্যকর না হওয়ার কারণ কি?

**স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রী :** (ক)

(সালওয়ারী হিসাব)

| | |
|---|---|
| ১৯৭৭ | [illegible] |
| ১৯৭৮ | [illegible] |
| ১৯৭৯ | ১৬৩ |
| ১৯৮০ | ১৫৩ |
| ১৯৮১ | ১৫৩ |
| ১৯৮২ | ১০৭ |
| ১৯৮৩ | ১৪৬ |
| ১৯৮৪ | ৪৬ |

(খ) আসামীরা পলাতক আছে।

**আহমেদপুর চিনি কল কর্তৃক আখ ক্রয়**

৬৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৩১১।) **ডাঃ মোতাহার হোসেন ঃ** শিল্প ও বানিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৮২-৮৩, ১৯৮৩-৮৪ এবং ১৯৮৪-৮৫ (ফেব্রয়ারী মাস পর্যন্ত) সালে চাষীদের কাছ থেকে বীরভূম জেলার আহমেদপুর চিনি কল কর্তৃপক্ষ কি পরিমাণ আখ কিনেছেন; এবং

(খ) উক্ত কলে আখবিক্রেতা চাষীগণ দাম পেতে দেরী হওয়ার জন নিরুৎসাহ বোধ করছেন— এই মর্মে সরকারের নিকট কোন সংবাদ আছে কিনা?

**শিল্প ও বানিজ্য বিভাগের মন্ত্রী ঃ** (ক)

| সাল | আখক্রয়ের পরিমাণ |
|---|---|
| ১৯৮২-৮৩ | ৪৬,২১৫ মেট্রিক টন |
| ১৯৮৩-৮৪ | ১৬,১৯৮ মেট্রিক টন |
| ১৯৮৪-৮৫ | ৩,৬৬৭ মেট্রিক টন |

(খ) হ্যাঁ, তবে সময়োচিত ব্যবস্থা গ্রহণ করায় ২২-১-৮৫ পর্যন্ত মাত্র ৪৯,৮৫০ টাকা দাম দিতে বাকি আছে।

**সবং প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে অ্যাম্বুলেন্স**

৬৭৪এ। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৩৫।) **ডাঃ মানস ভুঁইয়া ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) মেদিনীপুর জেলার সবং প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে কোন অ্যাম্বুলেন্স আছে কি; এবং

(খ) থাকিলে, উহা সচল আছে কিনা?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**সবং থানায় অসামাজিক কার্যকলাপ**

৬৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৬৩।) **ডাঃ মানস ভুঁইয়া ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৭৮ সাল হইতে ১৯৮৫ সালের ১লা মার্চ পর্যন্ত সময়ে মেদিনীপুর জেলার সবং থানায় (১) খুন ও খুনের প্রচেষ্টা, (২) লুট ও অগ্নি সংযোগ, (৩) চাষযোগ্য জমিতে বে-আইনী জবরদখল, (৪) বলপূর্বক ধান কেটে নেওয়ার কতগুলি ঘটনার ডায়েরী করা হইয়াছে;

(খ) তন্মধ্যে কতগুলি ঘটনার তদন্ত করা হইয়াছে;

(গ) কতজন ব্যক্তির বিরুদ্ধে গ্রেপ্তারী পরোয়ানা জারী করা হইয়াছে; এবং

(ঘ) জড়িত কতজন ব্যক্তিকে গ্রেপ্তার করা সম্ভব হইয়াছে?

**স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী :** (ক) উক্ত সময়ে বিভিন্ন বিষয়ে অভিযোগের সংখ্যা নিম্নরূপ—

| | |
|---|---|
| (১) খুন | ১২ |
| খুনের প্রচেষ্টা | ১১ |
| (২) লুট | ৯০ |
| অগ্নিসংযোগ | ১১ |
| (৩) চাষযোগ্য জমিতে বে-আইনী জবরদখল | ৩০ |
| (৪) বলপূর্বক ধান কাটা | ১৬৫ |

(খ) সবগুলিই ঘটনারই (মোট ৩১৯টি) তদন্ত করা হয়েছে।

(গ) মোট ৯৮৫ জনের বিরুদ্ধে।

(ঘ) মোট ৪৫৭ জন।

## কৃষি পেনশন প্রকল্প

৬৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৯৬।) **শ্রীঅনিল মুখার্জী :** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কৃষি পেনশন কোন্ সালে চালু হয়েছিল?

**কৃষি বিভাগের মন্ত্রী :** পশ্চিমবঙ্গে ১৯৮০ সালের সেপ্টেম্বর মাসে কৃষি পেনশন প্রকল্পটি চালু হয়েছিল।

## দেপাল-ঝুঁকি রাস্তা নির্মাণের জন্য অর্থবরাদ্দ

৬৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৬২।) **শ্রীজয়ন্তী মিত্র :** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) মেদিনীপুর জেলায় দেপাল-ঝুঁকি রাস্তা নির্মাণের জন্য কত টাকা মঞ্জুর করা হয়েছে ; এবং

(খ) উক্ত রাস্তার নির্মাণকার্য কবে নাগাত সম্পন্ন হতে পারে বলে আশা করা যায়?

**পূর্ত বিভাগের মন্ত্রী :** (ক) ১৯৮৫-৮৬ আর্থিক বছরের জন্য ৪৩,০০০ টাকা মঞ্জুর করা হয়েছে।

(খ) প্রয়োজনীয় অর্থসংস্থানের উপর নির্ভর করছে।

## ঝাড়গ্রাম মহকুমায় কৃষি পেনশন

৬৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৯০৮।) **শ্রীঅবনী ভূষণ সৎপথী, শ্রীঅনন্ত সরেন ও শ্রীসুনীল দে :** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ঝাড়গ্রাম মহকুমায় বর্তমানে কতজন ক্ষেতমজুর ও গরীব চাষী কৃষি পেনশন পান ;

(খ) ইহা কি সত্য যে, উক্ত মহকুমার কৃষকেরা নিয়মিত কৃষি পেনশন পান না ; এবং

(গ) সত্য হলে, এর কারণ কি এবং এ বিষয়ে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিনা, এবং ভারতবর্ষের কোন্ কোন্ রাজ্যে কৃষি পেনশন দেওয়ার পদ্ধতি চালু আছে?

**কৃষি বিভাগের মন্ত্রী ঃ** (ক) ১৯৮৪-৮৫ সালে ২,০৭৮ জনকে কৃষি পেনশন দেওয়া হয়েছে।

(খ) পশ্চিমবঙ্গ সরকারের কঠিন আর্থিক অবস্থার জন্য গত বৎসর নিয়মমত কৃষি পেনশন পাঠানো সম্ভব হয় নি।

(গ) বর্তমান বৎসরে যাতে সময়মতো পেনশন দেওয়া যায় তার জন্য চেষ্টা করা হচ্ছে। আর কোন্ কোন্ প্রদেশে কৃষি পেনশন দেওয়া হয় তা জানা নাই।

**নপাড়া চেকপোস্টে আদায়কৃত পণ্যপ্রবেশ কর**

৬৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৯২০।) **শ্রীসরল দেব ঃ** অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বারাসাত থানার অন্তর্গত নপাড়া চেকপোস্টের মাধ্যমে ১৯৮২-৮৩ ও ১৯৮৩-৮৪ সালের আর্থিক বৎসরে পণ্যপ্রবেশ কর বাবত রাজ্য সরকারের কত আদায় হইয়াছে ;

(খ) ইহা কি সত্য যে, পলাশিতে ওয়েব্রীজ না থাকায় উত্তরবঙ্গের সমস্ত গাড়ী কর ফাঁকি দিয়া ঐ রাস্তা দিয়া যাইতেছে ; এবং

(গ) সত্য হইলে, এ ব্যাপারে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**অর্থ বিভাগের মন্ত্রী ঃ** (ক) বারাসাত থানার অন্তর্গত নপাড়া চেকপোস্টের মধ্যে দিয়ে উল্লিখিত বছরগুলিতে পণ্যপ্রবেশ কর বাবত রাজ্য সরকারের আদায়ের পরিমাণ নিম্নপ্রকার ঃ—

| | টেগমা | টেকলা | মোট |
|---|---|---|---|
| ১৯৮২-৮৩ | ১,০৬৮৫,৩৩৯ | ২,১৮,২৯,৬৯৬ | ৩,২৫,১৫,০৩৫.০০ |
| ১৯৮৩-৮৪ | ১,১৩,১২,৭৫৮ | ১,৮৩,০৮,৩১৮ | ২,৯৬,২১,০৭৬.০০। |

(খ) এ ধরণের কর ফাঁকির ঘটনা ঘটে নি।

(গ) ঐ চেকপোস্টে একটি ওয়েইং মেসিন আছে, ওখানে একটি ওয়েব্রিজ স্থাপনের বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

**বেলডাঙ্গায় চিলিং প্ল্যান্ট ও চামড়ার গুদাম হইতে আবহাওয়া দূষণ**

৬৮০। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৬৬।) **শ্রীনুরুল ইসলাম চৌধুরী ঃ** পরিবেশ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলায় (১) বেলডাঙ্গায় অবস্থিত ভাগীরথী মিল্ক কো-অপারেটিভের চিলিং প্ল্যান্ট ৩৪ নং জাতীয় সড়ক সংলগ্ন ও সরুলিয়া গ্রামের সন্নিকটে অবস্থিত হওয়ায় অব্যবহৃত দুধ ও অন্যান্য অব্যবহারোপযোগী দ্রব্যাদি নিক্ষেপে পরিবেশ দূষিত হইতেছে, ও (২) বেলডাঙ্গা গো-হাটের নিকটস্থ জাতীয় সড়ক সংলগ্ন এলাকার চামড়ার গুদাম হওয়ায় আবহাওয়া কলুষিত হইতেছে ;

(খ) সত্য হইলে, ঐ ব্যাপারে কার্যকরী কোন ব্যবস্থা গৃহীত হইয়াছে কিনা ; এবং

(গ) না হইলে, তাহার কারণ কি?

**পরিবেশ বিভাগের মন্ত্রী :** (ক) (১) উপযুক্ত অবসারণ ব্যবস্থা না থাকায় উক্ত কো-অপারেটিভ মিল্ক চিলিং প্ল্যান্ট হইতে নির্গত অপরিশোধিত দুগ্ধমিশ্রিত জল পচিয়া দুর্গন্ধ সৃষ্টি করিতেছে, (২) উক্ত চামড়ার গুদাম হইতে দুর্গন্ধ ছড়ায়।

(খ) এবং (গ) দুগ্ধ সংস্থার প্রতি ১৯৭৮ সালের জল (দূষণ নিবারণ ও নিয়ন্ত্রণ) আইন অনুযায়ী দূষিত জল বাহিরে ছাড়ার আগে যথাবিহিত অনুমতি নেওয়ার জন্য নোটিশ পাঠান হইতেছে। কিন্তু দুর্গন্ধ বিষয়ে বঙ্গীয় ধূম্রোৎপাত আইন অথবা বায়ুদূষণ আইনে কোন ধারা না থাকায় উক্ত দুইটি আইন অনুযায়ী কোন ব্যবস্থা গ্রহণ করা যাইতেছে না।

### বেলডাঙ্গা কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটির লাভের পরিমাণ

৬৮১। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৬৭।) **শ্রীনুরুল ইসলাম চৌধুরী :** সমবায় বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৮২-৮৩, ১৯৮৩-৮৪ ও ১৯৮৪-৮৫ সালে মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটির নীট লভ্যাংশের পরিমাণ কত?

**সমবায় বিভাগের মন্ত্রী :** মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গায় দুটি মার্কেটিং সোসাইটি আছে— (১) বেলডাঙ্গা ব্লক-১ কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটি লিঃ ও (২) বেলডাঙ্গা ব্লক-২ কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটি লিঃ। উহাদের লাভের পরিমাণ নিম্নে দেওয়া হইল :—

(১) বেলডাঙ্গা ব্লক-১ কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটি লিঃ—

১৯৮২-৮৩—(–) ৯৯,৩৯০ টাকা।

১৯৮৩-৮৪ ও ১৯৮৪-৮৫ সালের হিসাব অডিট হয় নাই।

(২) বেলডাঙ্গা ব্লক-২ কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটি লিঃ—

১৯৮২-৮৩—(+) ১,৯১২ টাকা।

১৯৮৩-৮৪ ও ১৯৮৪-৮৫ সালের হিসাব অডিট হয় নাই।

### পশ্চিমবঙ্গে শিশু অপরাধীর সংখ্যা

৬৮২। (অনুমোদিত প্রশ্ন নং ২০৬৫।) **শ্রীঅনিল মুখার্জী :** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সারা পশ্চিমবঙ্গে ৩১-৩-৮৫ তারিখে শিশু অপরাধীর মোট সংখ্যা কত ;

(খ) কি কি অপরাধের জন্য তারা অভিযুক্ত হইয়াছে ; এবং

(গ) শিশু অপরাধীদের বন্দী করে রাখার জন্য কোন্ কোন্ জেলায় কি ব্যবস্থা আছে ও কতজন আছে?

**স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রী :** (ক) ৩৪৫ জন।

(খ) শিশু অপরাধীদের বেশীর ভাগই ভবঘুরে এবং অবহেলিত বলে এবং চুরি, পকেটমার ইত্যাদি অভিযোগে ধৃত হয়েছে।

(গ) কেন্দ্রীয় এবং জেলা কারাগারগুলিতে বয়স্ক এবং অবরাধী বন্দীদের থেকে এইসব শিশুদের পৃথক রাখার ব্যবস্থা আছে। এ ছাড়া শিশু অপরাধীদের শিক্ষা, আমোদপ্রমোদ এবং ক্ষেত্রবিশেষে বৃত্তিমূলক শিক্ষার ব্যবস্থা আছে। জেলাভিত্তিক কারাগারগুলিতে শিশু অপরাধীদের সংখ্যা নিম্নরূপ :—

| জেলা | কারাগারে আটক শিশু অপরাধীদের সংখ্যা |
|---|---|
| (১) কলকাতা | ১০৬ |
| (২) চব্বিশ পরগনা | ১৩১ |
| (৩) মেদিনীপুর | ১৪ |
| (৪) মুর্শিদাবাদ | ১১ |
| (৫) বর্ধমান | ২০ |
| (৬) হাওড়া | ৬ |
| (৭) হুগলী | ৯ |
| (৮) পুরুলিয়া | ১১ |
| (৯) বীরভূম | ৬ |
| (১০) বাঁকুড়া | .. |
| (১১) নদীয়া | ৫ |
| (১২) দার্জিলিং | ৭ |
| (১৩) জলপাইগুড়ি | ৪ |
| (১৪) কোচবিহার | ৪ |
| (১৫) পশ্চিম দিনাজপুর | ৯ |
| (১৬) মালদা | ২ |
| মোট | ৩৪৫ |

## নারী সেবা সংঘে সরকারী অর্থ সাহায্য

৬৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ২০৮৭।) শ্রীসত্যপদ ভট্টাচার্য : ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলিকাতার 'নারী সেবা সংঘ'কে সরকার থেকে অর্থ সাহায্য দেওয়া হইয়া থাকে ;

(খ) সত্য হইলে, কোন্ কোন্ কাজের জন্য তাহাদের অর্থ সাহায্য দেওয়া হইতেছে ; এবং

(গ) উক্ত প্রতিষ্ঠান যথাসময়ে হিসাব নিকাশ দেয় কিনা?

**ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রী :** (ক) হ্যাঁ।

(খ) দুঃস্থ বালিকাদের ভরণপোষণের জন্য।

(গ) হ্যাঁ।

**নানুর থানায় বৈদ্যুতীকরণ**

৬৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ২১৫০।) **শ্রীবনমালী দাস :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার নানুর থানার কোন্ কোন্ গ্রাম/মৌজায় অদ্যাবধি বৈদ্যুতীকরণ করা হয় নাই ;

(খ) উক্ত কাজ কত দিনে সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায় ;

(গ) নানুর থানায় কৃষিকার্যে ব্যবহারের জন্য বিদ্যুৎ সরবরাহের কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে; এবং

(ঘ) কোন্ কোন্ মৌজায় কৃষিকাজে বিদ্যুৎ ব্যবহৃত হইতেছে?

**বিদ্যুৎ বিভাগের মন্ত্রী :** (ক) ৫৬টি মৌজায় বৈদ্যুতীকরণের কাজ হয় নাই। ঐ মৌজাগুলির নামের একটি পৃথক তালিকা পেশ করা হইল।

(খ) উক্ত কাজ সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়।

(গ) বিআর/এসপিএ-২/৯ নম্বরযুক্ত একটি প্রকল্পের আওতায় ২৭৪টি পাম্প সেট বৈদ্যুতীকরণের কর্মসূচী রহিয়াছে।

(ঘ) ১৯৮৪ সালের ডিসেম্বর মাস পর্যন্ত নানুর থানায় বিভিন্ন মৌজায় ৯০টি পাম্প সেট বিদ্যুৎ দ্বারা চালিত হইতেছে।

*Statement referred to in reply to Clause 'Ka' of Unstarred Q.No.684 (Admitted Q. No. 2150.)*

District Birbhum, police-station Nanoor.

| Sl. No. | Mouza | J.L. No. |
|---|---|---|
| 1. | Motinagar | 30 |
| 2. | Banspur | 137 |
| 3. | Balaipur | 138 |
| 4. | Akupur | 23 |
| 5. | Parmasra | 72 |
| 6. | Bhefar | 88 |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 7. | Sidhai | ... | ... | ... | 117 |
| 8. | Chhatingram | ... | ... | ... | 126 |
| 9. | Bandan | ... | ... | ... | 76 |
| 10. | Pilkhundi | ... | ... | ... | 77 |
| 11. | Banagram | ... | ... | ... | 80 |
| 12. | Bengchatra | ... | ... | ... | 93 |
| 13. | Kule | ... | ... | ... | 84 |
| 14. | Jalandi | ... | ... | ... | 85 |
| 15. | Binara | ... | ... | ... | 86 |
| 16. | Palita | ... | ... | ... | 89 |
| 17. | Kadda | ... | ... | ... | 90 |
| 18. | Goaldihi | ... | ... | ... | 91 |
| 19. | Beli | ... | ... | ... | 92 |
| 20. | Atgram | ... | ... | ... | 95 |
| 21. | Chak Atgram | ... | ... | ... | 97 |
| 22. | Sajnor | ... | ... | ... | 98 |
| 23. | Rautara | ... | ... | ... | 99 |
| 24. | Gomra | ... | ... | ... | 100 |
| 25. | Gangnara | ... | ... | ... | 101 |
| 26. | Bhepur | ... | ... | ... | 102 |
| 27. | Kakania | ... | ... | ... | 103 |
| 28. | Gandhpur | ... | ... | ... | 104 |
| 29. | Jugipur | ... | ... | ... | 105 |
| 30. | Sehala | ... | ... | ... | 106 |
| 31. | Sakadda | ... | ... | ... | 107 |
| 32. | Madda | ... | ... | ... | 108 |
| 33. | Nasanagar | ... | ... | ... | 110 |
| 34. | Sarisha | ... | ... | ... | 111 |

| | | |
|---|---|---|
| 35. | Atkula ... ... ... | 112 |
| 36. | Nasda Palandi ... ... ... | 113 |
| 37. | Jhupsara ... ... ... | 114 |
| 38. | Bamunia ... ... ... | 115 |
| 39. | Sundaspur ... ... ... | 116 |
| 40. | Tikuri ... ... ... | 118 |
| 41. | Kurgram ... ... ... | 119 |
| 42. | Ramkrishnapur ... ... ... | 120 |
| 43. | Barasat ... ... ... | 121 |
| 44. | Santra ... ... .. | 122 |
| 45. | Mangalpur ... ... ... | 123 |
| 46. | Patisara ... ... ... | 124 |
| 47. | Brahman Khanda ... ... ... | 125 |
| 48. | Khujutipara ... ... ... | 127 |
| 49. | Baitara ... ... ... | 128 |
| 50. | Harmur ... ... ... | 129 |
| 51. | Nabasta ... ... ... | 130 |
| 52. | Hosenpur ... ... ... | 131 |
| 53. | Palitpur ... ... ... | 132 |
| 54. | Ranibazar ... ... ... | 133 |
| 55. | Pratappur chak ... ... ... | 134 |
| 56. | Sri Krishnapur ... ... ... | 135 |

### চা-বাগিচায় ত্রিপাক্ষিক চুক্তি

**৬৮৫।** (অনুমোদিত প্রশ্ন নং ২১৫৪।) **শ্রীসুনীল কুজুর :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের চা বাগিচাগুলিতে গত বছর আগস্ট মাসে যে ত্রিপাক্ষিক চুক্তি স্বাক্ষরিত হয়েছিল তদনুযায়ী কতজন শ্রমিকের কর্মসংস্থান হইয়াছে ; এবং

(খ) কর্মসংস্থান না হওয়া শ্রমিকদের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**শ্রম বিভাগের মন্ত্রী ঃ** (ক) ত্রিপাক্ষিক চুক্তি অনুযায়ী এখনও পর্যন্ত কোন শ্রমিকের কর্মসংস্থান সম্ভব হয় নি।

(খ) গত ১৭ই এপ্রিল শিলিগুড়ির ডেপুটি লেবার কমিশনারের উপস্থিতিতে এক ত্রিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত হয়। ঐ বৈঠকে স্থির হয় যে ১৭ই এপ্রিল হইতে দুই মাসের মধ্যে তালিকাভুক্ত চা বাগানগুলিতে মোট দশ হাজার লোকের কর্মসংস্থান হইবে।

**বেয়ারার বণ্ড মারফত পশ্চিমবঙ্গ থেকে সংগৃহীত অর্থ**

৬৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ২১৭৮।) **শ্রীসাধন চট্টোপাধ্যায় ঃ** অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ভারত সরকার 'বেয়ারার বণ্ড' মারফত পশ্চিমবঙ্গ থেকে এ পর্যন্ত কত টাকা সংগ্রহ করেছেন ;

(খ) উক্ত বণ্ড মারফত সংগৃহীত অর্থ কি হিসাব বহির্ভূত মজুত অর্থের (কালো টাকা) অংশ যা আয়কর, বিক্রয় কর প্রভৃতি বিভিন্ন কর এড়িয়ে জমান হয় ; এবং

(গ) উক্ত 'বেয়ারার বণ্ড' মারফত সংগৃহীত অর্থের কোনও অংশ কি সরকার এ পর্যন্ত পশ্চিমবঙ্গ সরকারকে দিয়েছেন?

**অর্থ বিভাগের মন্ত্রী ঃ** (ক) আমাদের কাছে এই খবর নেই।

(খ) সাধারণ ভাবে 'হ্যাঁ'

(গ) না

**বাঁকুড়া ১নং ও ২নং ব্লকে বার্ধক্য ও বিধবা ভাতা**

৬৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ২১৯৫।) **শ্রীসুভাষ মাহাতো ও শ্রীকাশীনাথ মিশ্র ঃ** ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া ১নং ও ২নং ব্লকে বার্ধক্য ভাতা ও বিধবা ভাতার জন্য ১৯৮২ সালের জুলাই হইতে ১৯৮৫ সালের ফেব্রুয়ারী পর্যন্ত কতগুলি দরখাস্ত জমা পড়েছে ;

(খ) ইহা কি সত্য যে উক্ত দরখাস্তগুলি ফাইলবন্দি অবস্থায় আছে ;

(গ) বর্তমানে উক্ত ব্লকগুলিতে কতজন বার্ধক্য ভাতা ও বিধবা ভাতা পাচ্ছেন ;

(ঘ) উক্ত জেলার ব্লকগুলিতে কতজন বার্ধক্য ভাতা ও বিধবা ভাতা গ্রহীতাদের মৃত্যু ঘটেছে; এবং

(ঙ) বার্ধক্য ভাতা ও বিধবা ভাতার বরাদ্দের পরিমাণ বৃদ্ধি করার পরিকল্পনা সরকারের আছে কি?

**ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রী ঃ** (ক)

| | বার্ধক্য ভাতা | বিধবা ভাতা |
|---|---|---|
| **বাঁকুড়া-১নং ব্লক** | ২৮ জন | ৯০ জন |
| **বাঁকুড়া-২নং ব্লক** | ৯০ জন | ১০ জন |

**(খ)** সত্য নহে।

**(গ)**

| | বার্ধক্য ভাতা | বিধবা ভাতা |
|---|---|---|
| **বাঁকুড়া-১নং ব্লক** | ১১১ জন | ৬৩ জন |
| **বাঁকুড়া-২নং ব্লক** | ৫৩ জন | ৭ জন |

**(ঘ)**

| | বার্ধক্য ভাতা | বিধবা ভাতা |
|---|---|---|
| **বাঁকুড়া-১নং ব্লক** | ৩১ জন | ৪ জন |
| **বাঁকুড়া-২নং ব্লক** | ৭ জন | . |

**(ঙ)** হ্যাঁ।

### নার্সের শূন্য পদ

**৬৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ২২০৫।) ডাঃ মানস ভূঁইঞা ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গের হাসপাতালগুলিতে নার্সদের মোট কতগুলি পদ শূন্য রহিয়াছে ;

(খ) নার্সদের নিয়োগ কি হাসপাতালের রোগীর শয্যাসংখ্যার সঙ্গে আনুপাতিক কোন সংখ্যাতত্ত্বের উপর ভিত্তি করে হয় ; এবং

(গ) কতজন ট্রেনিং প্রাপ্ত নার্সিং স্টাফ এখনও চাকুরী না পেয়ে বসে আছেন এরূপ কোন তথ্য সরকারের কাছে আছে কি?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী ঃ** (ক) পাঁচ শ (৫০০)।

(খ) হ্যাঁ।

(গ) ৩৪৮ জন।

### চব্বিশ পরগণা জেলায় আর এল ই জি পি স্কীমে প্রাথমিক স্কুলের গৃহ নির্মাণ

৬৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ২২৫০।) **শ্রীগণেশচন্দ্র মণ্ডল ঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৫-৮৬ সালে চব্বিশ পরগণা জেলায় আর এল ই জি পি স্কীমে (১) কতগুলি প্রাথমিক স্কুল গৃহ নির্মাণের পরিকল্পনা আছে, (২) কোন্ ব্লকে কোন্ কোন্ প্রাথমিক স্কুল মেরামতের প্রস্তাব আছে ; এবং

(খ) ঐ পরিকল্পনাগুলি কাদের/কোন্ সংস্থার মাধ্যমে রূপায়িত হবে?

**পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী ঃ** (ক) (১) (২) ও (খ) ১৯৮৫-৮৬ সালের জন্য কোনো জেলার ক্ষেত্রেই এই প্রকল্প এখনও রচিত হয় নি। অতএব, অন্যান্য প্রশ্নগুলি ওঠে না।

### আরামবাগ মহকুমায় নির্মিত পীচ রাস্তার অবস্থান

৬৯০। (অনুমোদিত প্রশ্ন নং ২২৬৬।) **শ্রীআব্দুল মান্নান ঃ** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৭৭ সালের জুন মাস হইতে ১৯৮৫ সালের ফেব্রুয়ারী পর্যন্ত সময়ে আরামবাগ মহকুমায় কত কিমি নতুন পীচ রাস্তা কোথায় কোথায় তৈরী করা হয়েছে?

**পূর্ত বিভাগের মন্ত্রী ঃ** উক্ত সময়ে আরামবাগ মহকুমায় মোট ২৭.৯০ কিমি পীচ রাস্তা তৈরী হয়েছে। রাস্তাগুলির নাম ঃ—

| | কিমি |
|---|---|
| (১) জগৎপুর-ধরমপোতা | ২.০০ |
| (২) গৌরহাটী-বন্দর | ১২.০০ |
| (৩) বলরামপুর-ছত্রশালী | ৮.৮০ |
| (৪) কামারপুকুর-আনুর | ৩.৫০ |
| (৫) পুরশুড়া-রাধানগর হইতে তাঁতীশাল স্বাস্থ্যকেন্দ্র | ১.৬০ |
| মোট | ২৭.৯০ |

### কালিয়াচক থানা বিভাজন

৬৯১। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৭৫।) **শ্রীমইনুদ্দীন আহমেদঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মালদহ জেলার কালিয়াচক থানাকে বিভক্ত করিয়া একটি নতুন থানা স্থাপনের কোন পরিকল্পনা আছে কি ; এবং

(খ) থাকিলে, ঐ থানা কোথায় স্থাপিত হবে ও কবে নাগাত ঐ কাজ আরম্ভ হবে বলে আশা করা যায়?

**স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রী ঃ** (ক) এ রকম কোন প্রস্তাব এখনও সরকারের নিকট আসে নি।

(খ) প্রশ্ন ওঠে না।

মহকুমা মাধ্যমিক বিদ্যালয় পরিদর্শক অফিস

৬৯২। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৮২।) **শ্রীনিরোদ রায় চৌধুরী ঃ** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, রাজ্যের মাধ্যমিক বিদ্যালয় পরিদর্শন ও তত্ত্বাবধান করার জন্য মহকুমায় কি কি পরিদর্শকের অফিস হচ্ছে?

**শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী ঃ** মাধ্যমিক বিদ্যালয় পরিদর্শন ও তত্ত্বাবধান করার জন্য সহকারী পরিদর্শকের অধীনে মহকুমায় অফিস খোলা হচ্ছে।

পশ্চিমবঙ্গ অ্যাগ্রো ইণ্ডাস্ট্রিজের অধীনে বীজ উৎপাদন ক্ষেত্র ও ইণ্ডাস্ট্রি

৬৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৯৯।) **শ্রীনুরুল ইসলাম চৌধুরী ঃ** সরকারী সংস্থা পশ্চিমবঙ্গ অ্যাগ্রো ইণ্ডাস্ট্রিজ কর্পোরেশন লিঃ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমঙ্গ অ্যাগ্রো ইণ্ডাস্ট্রিজের অধীনে কোন বীজ উৎপাদন ক্ষেত্র এবং কোন ইণ্ডাস্ট্রি আছে কিনা ; এবং

(খ) '(ক)' প্রশ্নের উত্তর "না" হইলে, তাহার কারণ কি?

**সরকারী সংস্থা (পশ্চিমবঙ্গ অ্যাগ্রো ইণ্ডাস্ট্রিজ কর্পোরেশন লিঃ) বিভাগের মন্ত্রী ঃ** (ক) পশ্চিমবঙ্গ অ্যাগ্রো ইণ্ডাস্ট্রিজ কর্পোরেশন লিমিটেডের অধীনে কোন বীজ উৎপাদন ক্ষেত্র নেই। তবে, দুইটি ইণ্ডাস্ট্রি আছে, যথা ঃ (১) বানতলা কম্পোস্ট প্ল্যান্ট ও (২) দিনহাটা চুরুট কারখানা।

(খ) এই সংস্থার অধীনে কোন বীজ উৎপাদন ক্ষেত্র না রাখার কারণ হল প্রয়োজন অনুসারে এঁরা বিভিন্ন রাজ্য থেকে বীজ সংগ্রহ করে থাকেন এবং চাষীদের মধ্যে সেই বীজ বিতরণ করে থাকেন।

কেন্দ্রীয় সরকার কর্তৃক মাথাপিছু সাহায্যের পরিমাণ

৬৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৪০৭।) **শ্রীধর মালিক ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৩-৮৪ সালে কেন্দ্রীয় সরকার রাজ্যগুলিকে মাথাপিছু সাহায্য বাবত মোট কত টাকা দিয়েছেন ;

(খ) প্রতিটি রাজ্যের মাথাপিছু সাহায্যের পরিমাণ কত ;

(গ) মাথাপিছু সাহায্যের ব্যাপারে কেন্দ্রীয় সরকার রাজ্যগুলির ক্ষেত্রে কি কোন বৈষম্য করেন; এবং

(ঘ) করলে, তা কিরূপ?

**অর্থ বিভাগের মন্ত্রী ঃ** (ক) ১৯৮৩-৮৪ সালে রাজ্যগুলির বার্ষিক পরিকল্পনা খাতে ব্যয়ের জন্য কেন্দ্রীয় সরকার মাথাপিছু সাহায্য বাবত ৪৯.০১ টাকা দিয়েছেন।

(খ) ১৯৮৩-৮৪ সালে রাজ্যসমূহের বার্ষিক পরিকল্পনা ব্যয় নির্বাহে কেন্দ্রের মাথাপিছু সাহায্য এই রকম—

| | টাকা |
|---|---|
| আসাম ... ... ... ... | ১৪৬.৭৭ |
| হিমাচল প্রদেশ ... ... ... ... | ২১৯.০১ |
| জম্মু ও কাশ্মীর ... ... ... ... | ৩৬০.০৯ |
| মণিপুর ... ... ... ... | ৪৪৪.৬৮ |
| মেঘালয় ... ... ... ... | ৪৩২.৫৮ |
| নাগাল্যাণ্ড ... ... ... ... | ৮৪৪.৬৬ |
| সিকিম ... ... ... ... | ৮৬৮.৯৫ |
| ত্রিপুরা ... ... ... ... | ২৭০.৯৬ |
| অন্ধ্রপ্রদেশ ... ... ... ... | ৩৬.৮৫ |
| বিহার ... ... ... ... | ৪১.৬২ |
| গুজরাট ... ... ... ... | ৩৬.৭৩ |
| হরিয়ানা ... ... ... ... | ৩৭.৫৫ |
| কর্ণাটক ... ... ... ... | ২৯.৯২ |
| কেরালা ... ... ... ... | ৩৪.৯৫ |
| মধ্যপ্রদেশ ... ... ... ... | ৪৩.৩৩ |
| মহারাষ্ট্র ... ... ... ... | ৩৪.২২ |
| উড়িষ্যা ... ... ... ... | ৫৬.৩১ |
| পাঞ্জাব ... ... ... ... | ৪০.৪৭ |
| রাজস্থান ... ... ... ... | ৩৭.৮৪ |
| তামিলনাডু ... ... ... ... | ৩১.০০ |
| উত্তর প্রদেশ ... ... ... ... | ৩৮.৯৫ |
| পশ্চিমবঙ্গ ... ... ... ... | ২৬.৮১ |

(গ) এবং (ঘ) যে পদ্ধতি অনুযায়ী কেন্দ্রীয় সাহায্য নিরূপিত হয়, তাতেই বৈষম্যের বীজ নিহিত আছে। উপরোক্ত সারণী থেকেই বৈষম্যের প্রকৃতি প্রতীয়মান হয়।

### রেশমগুটি চাষ

৬৯৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৪১৮।) শ্রীমাধবেন্দু মোহান্ত ঃ কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) পশ্চিমবঙ্গে রেশমগুটির চাষবৃদ্ধির কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) বর্তমানে নদীয়া জেলায় কোথায় কোথায় রেশমগুটির চাষ হচ্ছে এবং কোথায় কতজন ঐ কাজে লিপ্ত আছেন?

**কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী :** (ক) হ্যাঁ আছে।

(খ) নদীয়া জেলার যেসব ব্লক ও গ্রামে রেশমগুটির চাষ হচ্ছে তার বিশদ বিবরণ নিম্নে দেওয়া হইল :—

*Statement referred to clause (ka) of unstarred question No. 695*

*(Admitted question No. 2418)*

| ব্লক | গ্রাম | সংখ্যা (পরিবার) |
|---|---|---|
| (১) চাকদহ | দেওলী ও হিংপাড়া . . . | ১২ |
| (২) রানাঘাট | বঙ্কিমনগর, কালিনারায়ণপুর, নতুন গ্রাম হিজলী, নাসরা, আইসতলা ও গাংনাপুর . . . | ২০০ |
| (৩) কৃষ্ণনগর | দোগাছি ও গাবরকুলী . . . | ৬ |
| (৪) নাকাসীপাড়া | বানপড়িয়া ও কাঁদোয়া . . . | ৬২ |
| (৫) কৃষ্ণগঞ্জ | তারকনগর,নিদিরপোতাও ইছামতি | ৩২ |
| (৬) চাপড়া | বড় আন্দুলিয়া ও সিবির | ৩৭ |
| (৭) করিমপুর | সুন্দরপুর | ১৩ |
| (৮) তেহট্ট - ২ | পলাশীপাড়া ও বার্নীনগর | ৬ |
| | | সর্বমোট - ৩৬৮ |

## Offer to a Bombay firm as consultancy for W. B. Pharmaceutical and Phytochemical Development Corporation

**696.** (Admitted question No. 2475.) **Shri Chowdhury Md. Abdul Karim :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state —

(a) whether it is a fact that a firm of consultancy of Bombay (Bhagabati and Papanjali) has been entrusted with the job of consultancy in West Bengal Pharmaceutical and Phytochemecal Development Corporation at comparatively high cost in preference to local consultancy firm of repute ; and

(b) if so, how much money has been spent including travelling allowances hotel charges, etc., of both the officials and staff of

WBPPDC and partners of consultancy firm till now ?

**Minister-in-charge of the Commerce and Industries Department :** (a) The fact is that Messrs Sahayog Chemicals Private Limited., Bombay, was the only firm who offered to give their knowhow for the production of 8-Hydroxy-quinoline starting from O-Nitrochloro-benzene. Their terms and conditions included inter alia that the detailed engineering should be done through Messrs Patravali & Bhagwati, an associate concern of theirs, for maintaining the secrecy of the technical knowhow. Besides, Messrs Sahayog Chemicals did not agree to stand for the performance guarantee if any other consultancy was entrusted with this job. The Board of Directors of the West Bengal Pharmaceutical and Phytochemical Development Corporation examined all the terms and conditions of the offer and selected Messrs Sahayog Chemicals Ltd. as the process licensor for obtaining their knowhow.

Incidentally it may be mentioned that Messrs Sahayog Chemicals Ltd., Bombay, Was the only firm in India who were manufacturing 8-Hydroxy-quinoline from O-Nitrochloro-benzene. Apart from that the offer as given by Messrs Patiavali & Bhagawati was thoroughly examined by the Board of Directors, and as it was found reasonable the job of detailed engineering (drawing, design, site, supervision, etc.) was entrusted to them with the approval of the Board of Directors.

(b) The expenditure on these accounts was rupees foty-six thousand only upto 31-3-1985.

**মৎসজীবী সমবায় সমিতিকে মাছ ধরার উপকরণ ও অর্থসাহায্য**

**৬৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৪৭।) শ্রী অবন্তী মিশ্র :** মৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এন সি ডি সি স্কীম অনুসারে পশ্চিমবঙ্গ সরকার মেদিনীপুর জেলায় জেলার অন্তর্গত কাঁথি কেন্দ্রীয় মৎসজীবী সমিতি লিঃ-এর মাধ্যমে উক্ত সমিতি কর্তৃক অনুমোদিত প্রাথমিক মৎসজীবী সমবায় সমিতি লিমিটেডগুলিকে ১১ খানি তামিলনাড়ু ট্রেলার, কয়েকটি নৌকা ও জাল সমুদ্র হইতে মাছ ধরার জন্য দিয়েছিলেন কি ;

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে, পশ্চিমবঙ্গ সরকার কাঁথি কেন্দ্রীয় মৎসজীবী সমবায় সমিতি লিঃ অথবা প্রাথমিক মৎসজীবী সমিতি লিমিটেডগুলিকে কি কি উদ্দেশ্যে ও কি কি শর্তে ট্রলার, নৌকা ও জাল প্রভৃতি দিয়াছিলেন, এবং

(গ) ট্রলার, জাল নৌকা ইত্যাদি বাবত মোট কত টাকা ঋণ স্বরূপ দেওয়া হইয়াছিল এবং পরিশোধের জন্য কি কি শর্ত আরোপ করা হইয়াছিল?

**মৎস্য বিভাগের মন্ত্রী ঃ** (ক)এন সি ডি সি স্কীম অনুসারে পশ্চিমবঙ্গ সরকারমেদিনীপুর জেলার অন্তর্গত কাঁথি কেন্দ্রীয় মৎসজীবি সমিতি লিঃ-এর মাধ্যমে উক্ত সমিতি কর্তৃক অনুমোদিত প্রাথমিক মৎসজীবী সমবায় সমিতিগুলিকে ২০ খানি তামিলনাড়ু হইতে আনীত যন্ত্রচালিত নৌকা, ৬০টি দেশী নৌকা এবং ২০ সেট জাল সমুদ্রে মাছ ধরার জন্য দিয়েছিলেন।

(খ) সমুদ্র-উপকূলে মাছ ধরিয়া যাহাতে প্রাথমিক মৎস্যজীবী সমবায় সমিতির সভ্যগণ তুলনামূলকভাবে ভাল মজুরী পায় এবং ধৃত মাছ বিক্রয় করিয়া যাহাতে প্রাথমিক মৎস্যজীবী সমবায় সমিতিগুলি এবং কেন্দ্রীয় সমিতি আর্থিক দিক দিয়া অধিকতর লাভবান হয় সেই উদ্দেশ্যে কাঁথী কেন্দ্রীয় মৎস্যজীবী সমবায় সমিতিকে নিম্নলিখিত শর্তে নৌকা, জাল প্রভৃতি দেওয়া হইয়াছিল।

(১) কেন্দ্রীয় সমিতি ইহার সদস্য প্রাথমিক সমিতিগুলির প্রত্যেককে একটি করিয়া নৌকা ঐ প্রাথমিক সমিতির সভ্যদের সমুদ্রে মাছ ধরার জন্য দেবে। যদি কোনও প্রাথমিক সমিতির সদস্য সংখ্যা বেশী হয় তবে প্রয়োজনে ঐ সমিতিকে দুইটি যন্ত্রচালিত নৌকা ও প্রয়োজনীয় সংখ্যক দেশী নৌকা দেওয়া যাইবে, কিন্তু কোনও অবস্থাতেই কেন্দ্রীয় সমিতি প্রাথমিক সমিতিকে বাদ দিয়া এই নৌকা ব্যবহার করিবে না;

(২) এই নৌকা, জাল, ইত্যাদি কেন্দ্রীয় সমিতিকে ঋণ পাওয়ার ১৪ বৎসরের মধ্যে পরিশোধ করার শর্তে দেওয়া হয়;

(৩) কেন্দ্রীয় সমিতি এই নৌকাগুলির জন্য প্রয়োজনীয় বীমার ব্যবস্থা করিবেন;

(৪) ঋণের টাকার সমপরিমাণ অর্থের সম্পত্তি সমিতি রাজ্য সরকারের নিকট জামিন হিসাবে গচ্ছিত রাখিবে এবং ঋণের টাকা সমিতি কর্তৃক শোধ দেওয়া হইবে এই প্রকার চুক্তিনামার ভিত্তিতে এই ঋণ কেন্দ্রীয় সমিতিকে দেওয়া হইবে।

(গ) কেন্দ্রীয় সমিতিকে মোট ২৭ লক্ষ ৯৭ হাজার ৫০০ টাকা ট্রলার, জাল, নৌকা ইত্যাদি বাবত ঋণ হিসাবে মঞ্জুর করা হয়। ঋণের টাকা ঋণ পাওয়ার পঞ্চম বৎসর হইতে শোধ করার শর্ত দেওয়া হয়। সুদের হার শতকরা ১০.৭৫ টাকা স্থির হয়, তবে ঋণের টাকার কিস্তি এবং সুদের টাকা যথাসময়ে পরিশোধ দিলে এই সুদের হার শতকরা ৮ টাকা হইবে বলিয়া স্থির করা হয়।

**কৃষ্ণনগর সিটি কো-অপারেটিভ ব্যাঙ্ক ডিরেকটার বোর্ডের সদস্য কর্তৃক ঋণ গ্রহণ**

**৬৯৮।** (অনুমোদিত প্রশ্ন নং ২৫৯১।) **শ্রীসাধন চট্টোপাধ্যায় ঃ** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৪ সালে নদীয়া জেলার কৃষ্ণনগর সিটি কো-অপারেটিভ ব্যাঙ্কে ডিরেক্টর বোর্ডের সদস্যগণ উক্ত ব্যাঙ্কের তহবিল থেকে সমবায় আইন ও বিধি না মেনে এবং সিকিউরিটি ছাড়াই ঋণ নিয়েছে এই মর্মে কোন অভিযোগ/তথ্য স্থানীয় এ আর সি এস-এর নিকট আসিয়াছে কি ; এবং

(খ) আসিয়া থাকিলে,

(১) এরূপ ব্যক্তিদের নাম ও তাঁহাদের দ্বারা আইনসম্মত আইন বহির্ভূতভাবে গৃহীত ঋণের পরিমাণ কত? ও

(২) সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**সমবায় বিভাগের মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ।

(খ) (১)

| | তাঁহাদের নাম | গৃহীত ঋণের পরিমাণ |
|---|---|---|
| | | টাকা |
| ১। | শ্রী নিমাইচন্দ্র ঘোষ,ডাইরেক্টার | ৬,০০০ |
| ২। | শ্রী যষ্ঠী ঘোষ, ডাইরেক্টর | ৪,৫০০ |
| ৩। | শ্রী সিদ্ধার্থ সরকার ডাইরেকটর | ৮,০০০ |
| ৪। | শ্রী উদয়শংকর আইচ | ৮,০০০ |
| ৫। | শ্রী দিলীপ শর্মা, ডাইরেক্টর | ৮০০০ |
| ৬। | শ্রী শিবতোষ ধর, ডাইরেক্টর | ৮,০০০ |

(২) সরকার থেকে নির্দেশ দেওয়া হইয়াছে যে, সমিতির উপবিধি না মানিয়া যেন কেন্দ্রে ঋণ গ্রহণ দেওয়া না হয় এবং অদ্যাবধি এরূপ দেয় যেন কর্তৃপক্ষ সত্বর আদায়ের ব্যবস্থা করেন।

**দক্ষিণ ২৪-পরগনা জেলার রাজারামপুর গ্রাম পঞ্চায়েত সচিবের বিরুদ্ধে অভিযোগ**

৬৯৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৬১০।) **শ্রী কৃষ্ণধন হালদার :** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত জুলাই ১৯৮৪ তে দক্ষিণ ২৪-পরগনা কুলপী ব্লকের রাজারামপুর গ্রাম পঞ্চায়েতের সচিব মহাশয়ের বিরুদ্ধে একটি দুর্নীতির অভিযোগ সরকার তদন্ত করিয়াছেন ; এবং

(খ) বি ডি ও মহাশয় উক্ত সচিবকে অন্যত্র বদলীর সুপারিশ করা সত্ত্বেও তাহা কার্যকর করা হয় নাই?

**পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী :** (ক) হ্যাঁ, ইহা সত্য। কিন্তু অভিযোগ প্রমাণিত হয় নাই।

(খ) বদলীর প্রস্তাবটি বর্তমানে বিবেচনাধীন আছে।

## Industrial Estate at Kharagpur

**699A.** (Admitted question No. 2670.) **Shri Ambica Banerjee :** Will the Minister-in-charge of the Cottage and Small Industries Department be pleased to state —

(a) the total amount spent by the Government for the establishment of an industrial estate at Kharagpur ;

(b) the year in which the project was completed ; (c) the total number of sheds available for entrepreneurs;

(d) whether it is a fact that sheds in the estate are lying vacant since its establishment ;

**(e) if so, the total loss incurred** by the Government so far on this **account ; and**

(f) the steps the Governemtn have taken or purpose to take to attract the enterpreneurs?

**Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department :** (a) Rs. 33.25 lakhs ( approx).

(b) Towards the end of 1981 ; electrical connection to the estate has been given only recently.

(c) 24.

(d) 20 sheds are lying vacant.

(e) As rent for the sheds are yet to be assessed after taking into account the total cost involved and the sheds (excepting 4) are yet to be allotted, the question of incurring loss by the Government of this account does not arise.

(f) Wide publicity through various media have been made to attract entrepreneurs. Response from the entrepreneurs has so far not been encouraging. Since, however, power is now available, it is expected that the sheds will be filled up very soon.

### হুগলী নদীতে [illegible]সের আয় ব্যয়

৭০০। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৭৪।) **শ্রী শিবপ্রসাদ মালিক :** স্বরাষ্ট্র (পবিবহণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, হুগলী নদীতে ফেরীসার্ভিস চালু করার পর থেকে ১৯৮৪ সালের ডিসেম্বর পর্যন্ত কত টাকা আয় ও ব্যয় হইয়াছে?

**স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী :** (ক) প্রশ্নটি অস্পষ্ট হওয়ায় সঠিক উত্তর দেওয়া সম্ভব নয়।

হুগলী নদীতে যত সংস্থা জলপথ পরিবহণ পরিচালনা করিতেছেন তাহাদের আয়ব্যয়ের হিসাব সরকারের রাখার কথা নয় এবং এসম্পর্কে সরকারের কোন ব্যবস্থা নাই।

### মেদিনীপুর জেলার গেঁওখালি হইতে হলদিয়া সরবরাহ প্রকল্প

৭০১। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৮২।) **শ্রীবঙ্কিমবিহারী মাইতি :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ (শহরের জলসরবরাহ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গেঁওখালি হইতে হলদিয়া জলসরবরাহ প্রকল্পের জন্য ১৯৮৪-৮৫ সালের আর্থিক বৎসরে আর্থিক বরাদ্দে পরিমাণ কত ছিল;

(খ) বর্তমান বছরে (১৯৮৫-৮৬) আর্থিক বরাদ্দের পরিমাণ কত; এবং

(গ) ১৯৮৫-৮৬ সালে উক্ত প্রকল্পের কাজ শেষ হইবার কোন সম্ভাবনা আছে কি?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (শহরের জলসরবরাহ) বিভাগের মন্ত্রী :** (ক) ৩২৮ লক্ষ টাকা।

(খ) ১৫২.৪৫ লক্ষ টাকা।

(গ) না।

**বাঁকুড়া জেলার কোতুলপুর গ্রাম পঞ্চায়েত প্রধানের বিরুদ্ধে অভিযোগ**

৭০২। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৮৬।) **শ্রী গুণাধার চৌধুরী :** পঞ্চায়েত এবং সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার কোতুলপুর গ্রাম পঞ্চায়েতের বর্তমান প্রধানের বিরুদ্ধে তহবিল তছরূপের অভিযোগ সরকারের নিকট ছিল কি ;

(খ) থাকিলে, উক্ত প্রধানের বিরুদ্ধে কত টাকা তছরূপের অভিযোগ ছিল;

(গ) উক্ত ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে; এবং

(ঘ) উক্ত প্রধানের রাজনৈতিক পরিচয় কি?

**পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী :** (ক) হ্যাঁ।

(খ) নগদ ৬,৫১০.০০ টাকা (ছয় হাজার পাঁচশত দশ টাকা) এবং গম ৬ কুইন্ট্যাল ৪৬ কিগ্রাঃ।

(গ) বিষয়টি তদন্ত করা হইয়া ছিল, কিন্তু তদন্তে অভিযোগের সত্যতা প্রমানিত হয়নি।

(ঘ) ভারতীয় জাতীয় কংগ্রেস।

**বাসযাত্রীর অর্থ ছিনতাই**

৭০৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৯০।) **শ্রী আতাহার রহমান, শ্রী হাজারী বিশ্বাস, শ্রী বীরেন্দ্র নারায়ণ রায় ও শ্রী দীনবন্ধু মাঝি :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ১৮-৩-৮৫ তারিখে কিছু সংখ্যক দুষ্কৃতকারী মুর্শিদাবাদ জেলার জলঙ্গী হইতে বহরমপুর গামী বাস হইতে চুনাখালির মোড়ে কয়েকজন যাত্রীকে বাস থেকে নামিয়ে তাদের কাছে টাকা ছিনতাই করে; এবং

(খ) সত্য হইলে—

(১) কতজন ব্যক্তির টাকা ছিনতাই করা হয়েছিল;

(২) উক্ত ব্যক্তিদের নাম কি ;

(৩) কত টাকা ছিনতাই করা হইয়াছিল; ও

(৪) ঐ সকল দুষ্কৃতকারীরা কোন রাজনৈতিক দলের সহিত যুক্ত কিনা?

**স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রী :** (ক) হ্যাঁ।

(খ) (১) দুই জন।

(২) খোদা বক্স শেখ ও কৈফৎ শেখ।

(৩) খোলা বস্ত্র শেখের ৩,০১৫ টাকা ও কৈফৎ শেখের ১,২৭০ টাকা।

(৪) তদন্তে ঐ সকল দংষ্কৃতকারীরা কোন রাজনৈতিক দলের সঙ্গে যুক্ত ছিল কিনা তা এখনো জানা যায় নি।

**যানবাহন দুর্ঘটনায় মৃত গোরু, মোষ বা ছাগলের মালিককে ক্ষতিপূরণ**

৭০৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৯৬।) **শ্রী সুভাষ গোস্বামী ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, যানবাহন জনিত পথ দুর্ঘটনায় গোরু মোষ বা ছাগল মারা গেলে তার মালিককে ক্ষতিপূরণ দেওয়ার কোন ব্যবস্থা আছে কি ?

**স্বরাষ্ট্র ( পরিবহন) বিভাগের মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ আছে।

**প্রেসিডেন্সী জেলে দড়ি হাজতে বন্দী রাখার ব্যবস্থা**

৭০৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৭২৬।) **শ্রীশীশ মহম্মদ ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) কলিকাতা প্রেসিডেন্সি জেলে দড়ি হাজতে কতজন বিচারধীন জেলা বন্দীকে লক্ আপে রাখার ব্যবস্থা আছে; এবং

(খ) উক্ত হাজত কক্ষে বন্দীদের শৌচাগার, পরিশ্রুত জল ইত্যাদির ব্যবস্থা আছে কিনা?

**স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রী ঃ** (ক) ২০০ জন বিচারাধীন বন্দীকে রাখার ব্যবস্থা আছে।

(খ) হ্যাঁ, ব্যবস্থা আছে।

**জাল মার্কসীট ও সার্টিফিকেট সরবরাহ করার সক্রিয় চক্র**

৭০৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৩৩।) **শ্রী মাধবেন্দু মোহান্ত ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সাম্প্রতিককালে তেহট্ট থানার অন্তর্গত জিতপুর গ্রামে মাধ্যমিক পরীক্ষার উত্তীর্ণ হওয়ার জাল সার্টিফিকেট এবং জাল মার্কশীট সরবরাহ করার একটি সক্রিয় চক্রের ব্যাপারে কোন সংবাদ বা তথ্য সরকারের কাছে এসেছে কি ; এবং

(খ) এসে থাকলে, ঐ সমস্ত ব্যক্তিদের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহম করা হয়েছে?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ এসেছে।

(খ) তেহট্ট থানায় ৮ জনের বিরুদ্ধে মামলা রুজু করা হয়েছে।

**লবণ কারখানা**

৭০৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৩৭।) **শ্রী প্রশান্ত প্রধান ঃ** কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মোট কতকগুলি লবণ কারখানা আছে;

(খ) উক্ত কারখানাগুলিতে নিযুক্ত শ্রমিকের সংখ্যা কত; এবং

(গ) মেদিনীপুর জেলায় এইরূপ কতগুলি লবণ কারখানা এবং উহারা কোথায় অবস্থিত?

**কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী ঃ** (ক) কুটির ও ক্ষুদ্র শিল্প অধিকারে পঞ্জীভূত কারখানার সংখ্যা ১১টি।

(খ) ১৬৬ জন।

(গ) ১১টি; উহাদের অবস্থান নিম্নে প্রদত্ত হইল ঃ-

১। কন্টাই সল্ট ইণ্ডাষ্ট্রিজ কোঃ (প্রাঃ) লিঃ, সমুদ্রগড়, জলপাই, পোঃ কাঁথী ;

২। গান্ধী স্মৃতি লবণ কুটির শিল্প, পোঃ মেদিনীপুর;

৩। রামনগর সল্ট কোঃ, গ্রাম সাতীপুর, পোঃ বালাসাই ;

৪। চণ্ডী সল্ট ফ্যাক্টরী, গ্রাম সেলামপুর, পোঃ দেউলি;

৫। গান্ধী স্মৃতি লবণ শিল্প, পোঃ দেউলি;

৬। গিরীশ সল্ট ওয়ার্কস, সোনামুই, কালিন্দী পোঃ কালিন্দী;

৭। সোনামুই সল্ট ম্যানুফাকচারারস, সোনামুই, পোঃ কালিন্দী;

৮। সুবিমল কুমার সাহু এ্যাণ্ড ব্রাদারস্, পোঃ দেউলি;

৯। ইউনাইটেড সল্ট ম্যানুফাকচারারস্, গ্রাম জুনেবুনি, পোঃ দেউলি;

১০। দি গ্রেট বেঙ্গল সল্ট কোঃ, পোঃ কাঁথী ও

১১। মেদিনীপুর ন্যাচারাল সল্ট (প্রাঃ) লিঃ., পোঃ কাঁথী।

**সরকার পরিচালিত আবাসিক হোটেল**

**৭০৮।** (অনুমোদিত প্রশ্ন নং ২৭৩৮।) **শ্রী প্রশান্ত প্রধান ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সরকার পরিচালিত আবাসিক হোটেলের সংখ্যা কত ;

(খ) এই হোটেলগুলি থেকে বাৎসরিক কত টাকা আয় হয়; এবং

(গ) বর্তমানে আরও হোটেল স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

**পর্যটন বিভাগের মন্ত্রী ঃ** (ক) ১টি।

(খ) ১৯৮৪-৮৫ সালে সুদ, আয়কর ও সম্পত্তির অবক্ষয় বাদ না দিয়ে উদ্বৃত্ত হয়েছে আনুমানিক ৪৫ লক্ষ টাকা।

(গ) হ্যাঁ, দার্জিলিংয়ে 'শৈলাবাস' নামে আবাসটি।

**বাঁকুড়া জেলার রানীবাঁধ ও রাইপুর থানাকে শস্যবীমার আওতাভুক্তিকরণ**

**৭০৯।** (অনুমোদিত প্রশ্ন নং ২৭৫৮।) **শ্রী রামপদ মাণ্ডি ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বাঁকুড়া জেলার রানীবাঁধ ও রাইপুর থানাকে বর্তমান আর্থিক বছরে (১৯৮৫-৮৬) শস্যবীমার আওতায় আনা হচ্ছে কি ; এবং

(খ) অদ্যাবধি বাঁকুড়া জেলার কোন কোন থানাকে শস্যবীমার আওতায় আনা হয়েছে?

**কৃষি বিভাগের মন্ত্রী :** (ক) বর্তমান আর্থিক বছরে শস্যবীমা প্রকল্প এখনও চূড়ান্তভাবে স্থিরীকৃত হয়নি।

(খ) আমন ধানের শস্যবীমা প্রকল্প বাঁকুড়া জেলার মেঝিয়া ও কোতুলপুর ছাড়া সবকটি থানার আলুর শস্যবীমা প্রকল্প দুটি মহকুমাতেই চালু আছে।।

## বাঁকুড়ায় ঝিলিমিলি এলাকা হইতে অভ্র পাচার

৭১০। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৬৬।) **শ্রী রামপদ মান্ডি :** শিল্পও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, বাঁকুড়া জেলার রানীবাঁধ ব্লকের ঝিলিমিলি এলাকার অভ্র খনি হতে কিছু লোক অবৈধভাবে অভ্র তুলে নিয়ে বাইরে বিক্রি করছে এরকম কোন খবর সরকারের নিকট আছে কি ?

**শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী :** জানা নেই।

## মুর্শিদাবাদ জেলার রাস্তা নির্মাণ

৭১১। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৭৩।) **শ্রীমতী ছায়া ঘোষ :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি,মুর্শিদাবাদ জেলায় ১৯৮৫-৮৬ আর্থিক বছরে কোন্ কোন্ নূতন রাস্তার কাজ শেষ/শুরু করার পরিকল্পনা আছে?

**পূর্ত বিভাগের মন্ত্রী :** সপ্তম পরিকল্পনার প্রথম বার্ষিক যোজনায় অর্থাৎ ১৯৮৫-৮৬ সালে কোন নূতন রাস্তা আর্থিক অসঙ্গতির দরুন গ্রহণ করা সম্ভব হয় নাই।

কেবলমাত্র যে সব রাস্তা ষষ্ঠ পরিকল্পনাভুক্ত হইয়াছিল তাহারই অসমাপ্ত কাজ ১৯৮৫-৮৬ হইতে ১৯৮৯-৯০ সাল পর্যন্ত চালু থাকবে।

## পুরুলিয়া জেলায় পাইকারী চাল বিক্রেতা

৭১২। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৯৯।) **শ্রী সুরেন্দ্র নাথ মাঝি :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় পাইকারী চাল বিক্রেতা আছে কি ; এবং

(খ) থাকিলে উহাদের লাইসেন্স দেওয়ার নিয়ম কি?

**খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী :** (ক) হ্যাঁ।

(খ) মহকুমা নিয়ামকের অফিসে এতদুদ্দেশ্যে নির্ধারিত ফরমে আবেদন করিতে হয়। প্রয়োজনীয় তদন্তের পর এবং মহকুমা নিয়ামক, মহকুমা শাসক এবং পৌর এলাকায় পৌরপ্রধান ও গ্রামীণ এলাকায় জেলা পরিষদের সভাপতির সুপারিশ ক্রমে জেলা শাসকের অনুমোদন লইয়া মহকুমা নিয়ামক লাইসেন্স মঞ্জুর করেন।

**বাঁটপোর-ভুরসীট হতে খুশীগঞ্জ পর্যন্ত ভূমি অধিগ্রহণ**

৭১৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৮০২।) **শ্রী শান্তি মোহন রায় :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি ,দামোদর নদের পশ্চিমতীরস্থ বাঁটপোর-ভুরসীট হতে খুশীগঞ্জ পর্যন্ত পূর্ত বিভাগ কর্তৃক অধিগ্রহণ করা হয়েছে কি ?

**পূর্ত বিভাগের মন্ত্রী :** উক্ত জমি পূর্ত বিভাগ কর্তৃক অধিগ্রহণ করা হয় নাই।

**হুগলী জেলার মলয়পুর হইতে বর্ধমান জেলার গোভান পর্যন্ত রাস্তা পাকাকরণ**

৭১৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৮০৩।) **শ্রী শান্তি মোহন রায় :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি ,হুগলী জেলার আরামবাগ থানার মলয়পুর বা বনমালীপুর স্বাস্থ্যকেন্দ্র হতে বর্ধমান জেলার গোভান পর্যন্ত রাস্তাটি কত সালের মধ্যে পাকা রাস্তায় উন্নীত করা হবে?

**পূর্ত বিভাগের মন্ত্রী :** এখনই বলা সম্ভব নয়। ব্যাপারটি অর্থ সংস্থানের উপর নির্ভর করছে।

**কৃষ্ণনগর পৌরসভার ওয়ার্ডসমূহের পুনর্বিন্যাসের প্রস্তাব**

৭১৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৮১৯।) **শ্রী সাধন চট্টোপাধ্যায় :** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কৃষ্ণ নগর পৌরসভার ওয়ার্ডসমূহের মধ্যে জনসংখ্যাগত এবং আয়তনগত পার্থক্যের বিষয় সরকার অবগত আছেন কি ;

(খ) ইদানিংকালে উক্ত পৌরসভায় পার্শ্ববর্তী গ্রাম পঞ্চায়েতের কোনও অংশ সংযুক্ত হইয়াছে কি না ;

(গ) হইয়া থাকিলে, ইহার আয়তন ও জনসংখ্যা কত; এবং

(ঘ) বিগত ১২-৪-৮৩ তারিখের প্রদত্ত প্রশ্ন নং ৫৬০ (অনুমোদিত প্রশ্ন নং ২২০৫) -এর উত্তরের পরিপ্রেক্ষিতে উক্ত পৌরসভার ওয়ার্ডসমূহের পুনর্বিন্যাস (ডিলিমিটেশান) এবং পরিকল্পনা সরকারের আছে কি ?

**স্থানীয় ও শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী :** (ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ, ৭ নং দোগাছী অঞ্চল পঞ্চায়েতের অন্তর্গত কালীনগর জি এস কলোনী।

(গ) আনুমানিক ১.৫ বর্গ কিমি এবং ৫,০০০ (পাঁচ হাজার)।

(ঘ) পৌরসভার ওয়ার্ডসমূহের পুনর্বিন্যাসের (ডিলিমিটেশান) প্রশ্নটি সরকারের নিকট এখনও বিবেচনাধীন আছে। ও সম্পর্কে কৃষ্ণনগর পৌরসভাকে বার বার অনুরোধ করা সত্ত্বেও পুনর্বিন্যাসের কোন প্রস্তাব এখনও পাওয়া যায় নাই।

**Publication Department of Urdu Academy**

**716.** (Admitted question No. 2823.) **Shri Lakshmi Kanta Dey, Shri Dinabandhu Majhi and Sri Birendra Narayan Roy :** Will the Minister-in-charge of the Education (Higher) Department be

(ক) বাঁকুড়া জেলার রানীবাঁধ ও রাইপুর থানাকে বর্তমান আর্থিক বছরে (১৯৮৫-৮৬) শস্যবীমার আওতায় আনা হচ্ছে কি ; এবং

(খ) অদ্যাবধি বাঁকুড়া জেলার কোন কোন থানাকে শস্যবীমার আওতায় আনা হয়েছে?

**কৃষি বিভাগের মন্ত্রী :** (ক) বর্তমান আর্থিক বছরে শস্যবীমা প্রকল্প এখনও চূড়ান্তভাবে স্থিরীকৃত হয়নি।

(খ) আমন ধানের শস্যবীমা প্রকল্প বাঁকুড়া জেলার মেঝিয়া ও কোতুলপুর ছাড়া সবকটি থানার আলুর শস্যবীমা প্রকল্প দুটি মহকুমাতেই চালু আছে। ।

## বাঁকুড়ায় ঝিলিমিলি এলাকা হইতে অভ্র পাচার

৭১০। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৬৬।) **শ্রী রামপদ মান্ডি :** শিল্পও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, বাঁকুড়া জেলার রানীবাঁধ ব্লকের ঝিলিমিলি এলাকার অভ্র খনি হতে কিছু লোক অবৈধভাবে অভ্র তুলে নিয়ে বাইরে বিক্রি করছে এরকম কোন খবর সরকারের নিকট আছে কি ?

**শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী :** জানা নেই।

## মুর্শিদাবাদ জেলার রাস্তা নির্মাণ

৭১১। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৭৩।) **শ্রীমতী ছায়া ঘোষ :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি,মুর্শিদাবাদ জেলায় ১৯৮৫-৮৬ আর্থিক বছরে কোন্ কোন্ নূতন রাস্তার কাজ শেষ/শুরু করার পরিকল্পনা আছে?

**পূর্ত বিভাগের মন্ত্রী :** সপ্তম পরিকল্পনার প্রথম বার্ষিক যোজনায় অর্থাৎ ১৯৮৫-৮৬ সালে কোন নূতন রাস্তা আর্থিক অসঙ্গতির দরুন গ্রহণ করা সম্ভব হয় নাই।

কেবলমাত্র যে সব রাস্তা ষষ্ঠ পরিকল্পনাভুক্ত হইয়াছিল তাহারই অসমাপ্ত কাজ ১৯৮৫-৮৬ হইতে ১৯৮৯-৯০ সাল পর্যন্ত চালু থাকবে।

## পুরুলিয়া জেলায় পাইকারী চাল বিক্রেতা

৭১২। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৯৯।) **শ্রী সুরেন্দ্র নাথ মাঝি :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় পাইকারী চাল বিক্রেতা আছে কি ; এবং

(খ) থাকিলে উহাদের লাইসেন্স দেওয়ার নিয়ম কি?

**খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী :** (ক) হ্যাঁ।

(খ) মহকুমা নিয়ামকের অফিসে এতদুদ্দেশ্যে নির্ধারিত ফরমে আবেদন করিতে হয়। প্রয়োজনীয় তদন্তের পর এবং মহকুমা নিয়ামক, মহকুমা শাসক এবং পৌর এলাকায় পৌরপ্রধান ও গ্রামীণ এলাকায় জেলা পরিষদের সভাপতির সুপারিশ ক্রমে জেলা শাসকের অনুমোদন লইয়া মহকুমা নিয়ামক লাইসেন্স মঞ্জুর করেন।

(a) the number of scholarships given from Urdu Academy annually to students from class v to M. A. classes ; and

(b) the amount of scholarships per student ?

**Minister-in-charge of Education (Higher) Department :**

(a) 209.

(b) Varying from Rs. 20 to Rs. 100 per student.

## Cash Assistance by Urdu Academy for publication of books

**719.** (Admitted question No. 2830.) **Shri Lakshmi Kanta Dey, Shri Shiba Prasad Dolui and Shri Birendra Narayan Roy :** Will the Minister-in-charge of Education (Higher) Department be pleased to state —

(a) if it is a fact that cash assistance is given to the writers from the Urdu Academy for publication of their books ; and

(b) if so, -

(i) the number of such writers assisted so far,

(ii) the actual amount disbursed so far by way of such assistance, and

(iii) the amount which is under process of disbursement at the moment ?

**Minister-in-charge of Education (Higher) Department :**

(a) Yes.

(b) (i) 24.

(ii) Rs. 55,996.90.

(iii) Rs. 9,346060.

## পুষ্করিণী সংস্কার

৭২০। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৯২!) **শ্রী সুরেন্দ্র নাথ মাঝি :** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) যে সমস্ত বৃহৎ পুষ্করিণী সংস্কারবিহীন অবস্থায় আছে সেগুলো সংস্কার করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, ব্যক্তিগত মালিকানাধীন পুষ্করিণী জনস্বার্থের প্রয়োজনে সরকার কর্তৃক অধিগ্রহণ

করে সংস্কার করার কোনও ব্যবস্থা আছে কি; এবং

(গ) ১৯৮৪-৮৫ সালে পুরুলিয়া জেলায় টি আই স্কীমে কতগুলি পুষ্করিণী সংস্কার করা হয়েছে এবং কত টাকা ব্যয় হয়েছে?

**কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রী :** (ক) বঙ্গীয় পুষ্করিণী উন্নয়ন আইন, ১৯৩৯ অনুযায়ী যে সমস্ত সেচযোগ্য মজা পুষ্করিণী সংস্কারবিহীন অবস্থায় আছে সেগুলোই সরকার কর্তৃক অধিগ্রহণপূর্বক সংস্কার করার ব্যবস্থা করা হয়। এ ব্যাপারে বৃহৎ পুষ্করিণীর জন্য পৃথক কোন পরিকল্পনা সরকারের নাই।

(খ) হ্যাঁ।

(গ) ১৯৮৪-৮৫ সালে পুরুলিয়া জেলায় ১১টি পুষ্করিণী সংস্কার প্রকল্প গ্রহণ করা হয় এবং এ ব্যাপারে ৫৫ হাজার টাকা খরচ করা হয়।

**পরিবার ও শিশু কল্যাণ প্রকল্পগুলিকে সরাসরি সমাজ কল্যাণ বিভাগের অধীনস্থকরণ**

৭২১। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৯৫।) **শ্রী সুরেন্দ্র নাথ মাঝি :** ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্য সমাজ কল্যাণ উপদেষ্টা পর্ষদের যে ৩৪টি পরিবার ও শিশু কল্যাণ প্রকল্প বিভিন্ন ব্লকে আছে উক্ত প্রকল্পগুলোকে সরাসরি সমাজ কল্যাণ বিভাগে আনার বিষয়ে সরকারের কোনও পরিকল্পনা আছে কিনা;

(খ) থাকলে, কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে; এবং

(গ) পর্ষদের অন্তর্গত যে ১২টি ব্লকে সীমান্ত প্রকল্প এবং বিভিন্ন ৪৪ টি ব্লকে যে সকল সমাজ কল্যাণ কেন্দ্র চালু আছে উক্ত কেন্দ্র বা প্রকল্পগুলো চালানোর জন্য ১৯৮৪-৮৫ সালে কেন্দ্রীয় পর্ষদের কত টাকা বরাদ্দ ছিল এবং কেন্দ্রীয় সরকার কত টাকা রিলিজ করেছেন?

**ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রী :** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) পর্ষদের অন্তর্গত ১২টি ব্লকে সীমান্ত প্রকল্পগুলো চালানোর জন্য ১৯৮৪-৮৫ সালে কেন্দ্রীয় পর্ষদের বরাদ্দ ছিল ১৬,৮৮,৪৩৩ টাকা এবং কেন্দ্রীয় পর্ষদ রিলিজ করেছেন ১১,৭১,৯৮০ টাকা। বাকী টাকা এই আর্থিক বছরের এপ্রিল মাসে পাওয়া গিয়াছে।

বিভিন্ন ৩৪ টি ব্লকে যে সকল পরিবার ও শিশু কল্যাণ প্রকল্প আছে সেগুলি সম্পূর্ণভাবে রাজ্য সরকারের আর্থিক সহায়তায় চলে।

**সাগরদিঘী ও তৎসংলগ্ন এলাকায় নলবাহিত জলসরবরাহ প্রকল্প**

৭২২। (অনুমোদিত প্রশ্ন নং ২৯১০।) **শ্রী হাসারী বিশ্বাস :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ (গ্রামীণ জলসরবরাহ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার সাগরদিঘী (তফসিল) কেন্দ্রের সাগরদিঘী বা পার্শ্ববর্তী মৌজাতে পাইপ লাইনের মাধ্যমে জলসরবরাহের পরিকল্পনা সরকারের আছে কি ;

(খ) থাকিলে, উক্ত পরিকল্পনার কাজ কতদূর অগ্রসর হইয়াছে ; এবং

(গ) পরিকল্পনাটি সম্পন্ন করতে কত দিন সময় লাগবে?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ (গ্রামীণ জলসরবরাহ) বিভাগের মন্ত্রী :** (ক) ও (খ) হ্যাঁ। সাগরদিঘী ও তৎসংলগ্ন এলাকার জন্য একটি নলবাহিত জলসরবরাহ প্রকল্প রচনা করা সম্ভবপর হবে কিনা তা দেখার জন্য প্রাথমিক অনুসন্ধানের কাজ হাতে নেওয়া হয়েছে। যদি অনুসন্ধানের কাজ অনুকূল হয় তবে ঐ এলাকার জন্য প্রকল্প রচনা করার কাজ হাতে নেওয়া হবে।

(গ) এখন ও প্রশ্ন ওঠে না।

### শালবনী প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র

৭২৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৭৪।) **শ্রী সুন্দর হাজারা :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলায় প্রাথমিক শালবনী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে একটি ইউনিসেফেব গাড়ী সরবরাহ করা হয়েছিল ; এবং

(খ) সত্য হলে, গাড়ীটি এখন কি অবস্থায় আছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যান বিভাগের মন্ত্রী :** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

### কুমারগঞ্জ থানার আত্রেয়ী নদীর উপর সেতুনির্মাণের দায়িত্ব

৭২৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৯২।) **শ্রী দ্বিজেন্দ্র নাথ রায় :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কুমারগঞ্জ থানার আত্রেয়ী নদীর উপর প্রস্তাবিত সেতুটির নির্মাণের জন্য টেন্ডার করা হইয়াছে কি ;

(খ) হইলে, কোন ব্যক্তি বা সংস্থাকে দেওয়া হইয়াছে; এবং

(গ) উক্ত সেতুটির কাজ কবে নাগাত শুরু হইবে বলিয়া আশা করা যায়?

**পূর্ত বিভাগের মন্ত্রী :** (ক) হ্যাঁ।

(খ) শ্রী আর সি ব্যানার্জীকে সেতুনির্মাণের দায়িত্ব দেওয়া হয়েছে।

(গ) কাজ যত শীঘ্র সম্ভব শুরু করার চেষ্টা করা হচ্ছে।

### চব্বিশপরগণা জলাবেড়িয়া জামতলা, কুলতলা রাস্তা প্রশস্তকরণ

৭২৫। (অনুমোদিত প্রশ্ন নং ৩০৪১।) **শ্রী প্রবোধ পুরকাইত :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) চব্বিশপরগণা জেলার জয়নগর মিউনিসিপ্যালিটি হইতে কুলতলী ব্লকের জামতলা পর্যন্ত জলাবেড়িয়া, জামতলা, কুলতলা রাস্তাটি বাস চলাচলের সুবিধার জন্য চওড়া করার কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি; এবং

**(খ) থাকিলে, (১) এ কাজের জন্য কত টাকা মঞ্জুরী করা হইয়াছে, ও (২) কবে নাগাত উক্ত কাজ শুরু হবে বলে আশা করা যায়?**

**পূর্ত বিভাগের মন্ত্রী :** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

**[9.00—9.10 a.m.]**

## Obituary references

**Mr. Speaker :** Before we take up the business of the day it is my melancholy duty to refer to the sad demise of Shri Braja Kishore Maiti, an ex- M.L.A of this Assembly.

Shri Braja Kishore Maiti breathed his last on the 11th April, 1985. He was 65.

Born in 1920 Shri Maiti was educated at Burramohan High School at Khakurda. He joined the Radical Humanist Party under the leadership of late M. N. Roy in 1935. He joined Indian National Congress in 1941. He actively participated in freedom movement of India. He was closely associated with many social organisations. He was the founder of Gopinathpur High School where he served as a teacher till 1965.

Shri Maiti was elected to the West Bengal legislative Assembly in 1971 and 1972 from 213-Narayangarh, Midnapur Constituency on Congress ticket.

Shri Maiti was the President of Midnapur District Congress from 1973 to 1977. We have lost a veteran political leader and a social worker at the demise of Shri Maity.

I would now request the Honourable members to rise in their seats for 2 minutes as a mark of respect to the deceased.

( At this stage the members stood in silence for 2 minutes)

Thank you, ladies and gentlemen, Secretary will send the message of condolence to the next of the Kin of the deceased.

## Calling Attention to Matters of Urgent Public Importance

**Mr. Speaker :** I have received only one Calling Attention from Shri Kashinath Misra on the subject of attrocities on house wives in West Bengal. The Minister-in-charge will please make a statement

to-day, if possible.

**Shri Patit Paban Pathak :** না, আজকে উত্তর দেওয়া সম্ভব নয়।

**Mr. Speaker :** Now I call upon the Minister-in-charge of Education (Primary and Secondary) Department to make a statement on the subject of alleged non-receipt of pension by the retired school teachers and failure of the Government to formulate any retirement benefit rules since 1st April, 1981, attention called by Shri Deba Prasad Sarkar on the 3rd May, 1985.

## STATEMENT ON CALLING ATTENTION

**শ্রী কান্তি চন্দ্র বিশ্বাস :-** বে-সরকারী শিক্ষা-প্রতিষ্ঠানে শিক্ষা-কর্মীদের অবসরকালীন সুযোগ-সুবিধা সংক্রান্ত বিষয় মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকারের দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের উত্তরে আমি এই বিবৃত আজ ১০ই মে তারিখে এই সভায় পেশ করছি।

এই অধিবেশনে বিভিন্ন প্রকার প্রশ্নের উত্তরে একাধিকবার বিষয়টি সম্পর্কে মাননীয় সদস্যদের আমি অবহিত করেছি। আজ অধিবেশনে শেষলগ্নে এই দুঃখজনক বিষয়টি সম্পর্কে পূণর্বার আমার বক্তব্য উপস্থাপিত করছি।

দ্বিতীয় পে কমিশনের সুপারিশের সরকার কর্তৃক গৃহীত অংশগুলি বিগত ১লা এপ্রিল ১৯৮১ তারিখ হতে কার্যকরী হয়। কর্মরত শিক্ষাকর্মীদের সুযোগ-সুবিধা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করা হয়। অবসরকালীন সুযোগ সুবিধার সম্ভাব্য প্রশ্নাবলীর বিভিন্ন দিক সম্পর্কে পরীক্ষা করে অর্থ বিভাগের সম্মতি নিয়ে শিক্ষা বিভাগ ২১ শে ডিসেম্বর, ১৯৮৩ তারিখে এই মর্মে একটি বিজ্ঞপ্তি প্রকাশ করেছে যে রাজ্য সরকারী [illegible] ন্যায় কয়েকটি সর্তসাপেক্ষ উল্লিখিত শিক্ষা শিক্ষাকর্মীদের সমান অবসরকালীন সুযোগ-সুবিধা প্রদান করা হবে। একথাও প্রকাশ করা হয় যে স্বল্প দিনের মধ্যে প্রয়োজনীয় বিধি প্রণয়নের কাজ সমাধা করে অবসরকালীন সুযোগ-সুবিধা দেওয়ার ব্যবস্থা কার্যকরী করা হবে। যেহেতু শিক্ষক- শিক্ষাকর্মীগণ নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের বেসরকারী পরিচালক মণ্ডলী দ্বারা নিয়োজিত। যেহেতু অনেকেরই চাকুরীগত কাগজ-পত্র এমনকি নিয়োগ পত্রাদি পর্যন্ত নেই এবং যেহেতু সরকার তাঁদের সর্বাধিক পরিমানে এই সুবিধা দিতে চান সেজন্য এই বিধি চূড়ান্ত করতে অনিবার্য কারণেই কিছুটা সময় অতিবাহিত হয়। প্রচলিত নিয়ম অনুযায়ী অবসরপ্রাপ্ত প্রত্যেকের পেনশনের বিষয়টি চূড়ান্তভাবে নির্ধারিত হয় এ্যাকাউন্ট্যান্ট জেনারেলের. অফিসে। রাজ্যের তিন লক্ষাধিক শিক্ষক-[illegible] এই দায়িত্ব গ্রহণ করতে তাদের অনীহা এবং তজ্জনিত বিভিন্ন প্রকার শর্ত আরোপ প্রভৃতি করণের জন্য কয়েকমাস সময় অতিক্রান্ত হয়। অবশেষে বিষয়টি দ্রুত নিষ্পত্তি করার তাগিদে রাজ্যসরকার বাধ্য হয়ে সিদ্ধান্ত গ্রহণ করে যে সংশ্লিষ্টদের পেনশনের বিষয়টি ভবিষ্যতে আর এ্যাকাউন্টেন্ট জেনারেলের অফিসে যাবে না। রাজ্য সরকারের দপ্তরেই চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করে পেনশন প্রদান শুরু করা হবে।

এইভাবে বিধি প্রনয়নের পর্ব সমাধা করে প্রকাশ করার পূর্ব মুহুর্তে এই বিধিকে বন্ধ করাতে কৃত সংকল্প হয়ে কয়েকটি শিক্ষা সংগঠনের যৌথ মোর্চা শিক্ষক ফোরামের পক্ষে কতিপয় শিক্ষক মহামান্য কলকাতা উচ্চ আদালতের দ্বারস্থ হন। এবং অন্যান্য আদেশের সাথে পূর্বে উল্লিখিত ২১শে ডিসেম্বর, ১৯৮৩ তারিখের সরকারী বিজ্ঞপ্তির উপর স্থগিতাদেশ আদায় করতে সমর্থ হন। ফলে

সরকারের পক্ষ থেকে আনুষ্ঠানিকভাবে বিধি প্রকাশ করা বাধাপ্রাপ্ত হয়ে যায় এবং অবসরকালীন সুযোগ-সুবিধাও দেওয়ার পথ রুদ্ধ হয়ে যায়।

রাজ্যের সকল স্বীকৃত শিক্ষক সংগঠনের প্রতিনিধিদের এক সভা আহ্বান করে সরকারের পক্ষ থেকে বিনীত আবেদন জানিয়ে দিলাম অবসরপ্রাপ্ত শিক্ষক শিক্ষাকর্মীদের দুরবস্থার কথা স্মরণ করে তারা যেন অনুগ্রহ করে সরকার নির্ধারিত হারে পেনসন, গ্রাচুইটি প্রভৃতি সুযোগ আদালতের চূড়ান্ত রায় সাপেক্ষে দিতে সরকারের সাথে সহযোগিতা করেন। বেদনা ভারাক্রান্ত হৃদয়ে বলছি দুইটি সংগঠন আমার আবেদনে কোন ইতিবাচক সাড়া দেন নি।

কয়েকদিন পূর্বেও সরকারের পক্ষ থেকে উচ্চ আদালতে এই আবেদন করা হয়েছিল যে আদালতের চূড়ান্ত রায় সাপেক্ষে আপাততঃ সরকার নির্ধারিত হারে যেন অবসরকালীন সুযোগ সুবিধা দেওয়া শুরু করতে পারি - কিন্তু সে আবেদনও নিষ্ফল হয়েছে।

আমি সম্পূর্ণভাবে সচেতন গত কয়েক বৎসরে যারা অবসর গ্রহণ করেছেন বা আগামী কয়েক বৎসরের মধ্যে যারা অবসর গ্রহণ করবেন তাঁরা শিক্ষিতা জীবনের শেষের কয়েক বৎসর ব্যতীত সারা জীবন নিদারুন বঞ্চনা, নিষ্ঠুর অবিচার, চাকুরীর ক্ষেত্রে চরম অনিশ্চয়তা এবং সরকারের দুর্ভাগ্যজনক উদাসীনতা ও অবহেলার মধ্য দিয়ে অতিবাহিত করেছেন। সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন শেষ বেতনের শতকরা ৪০ ভাগ থেকে শুরু করে ৫০ ভাগ পর্যন্ত পেনশন। পারিবারিক পনসন, সেই সাথে গ্রাচুইটি হিসাবে সাড়ে ষোল মাসের বেতনের সমতুল অর্থ অথবা ৩৬,০০০ টাকা এককালীন নগদ। সরকারী কর্মচারীদের ন্যায়, পেনসনের এক তৃতীয়াংশ পর্যন্ত "কমুটেশনের" সুযোগ এবং পেনশনভোগী শিক্ষক শিক্ষাকর্মী সমহারে "রিলিফ" সাধারণ প্রভিডেন্ট ফাণ্ডের সুবিধা প্রভৃতি দেওয়া হবে। এই সুযোগ সুবিধা দিতে পারলে তাদের শেষ জীবনে হয়ত তারা একটু স্বস্তি, একটু শান্তি পেতে পারতেন। আমি অত্যন্ত বেদনা ভারাক্রান্ত অন্তরে বলছি সরকারের ঐকান্তিক প্রচেষ্টা সত্ত্বেও এই সুযোগ সুবিধা প্রদানের আবশ্যিক সর্ত বিধি প্রনয়ন কাজ সম্পূর্ণ করা সত্ত্বেও তা প্রকাশ করতে পারছি না। এই বাঁধা অপসারণ করতে এবং সম্ভাব্য পথ খুঁজে বের করতে সরকার আপ্রাণ চেষ্টা চালাচ্ছে, বিশিষ্ট আইনজ্ঞদের পরামর্শও নেওয়া হচ্ছে। কোন সুযোগের সন্ধান পেলে সর্বাধিক গুরুত্ব দিয়ে শিক্ষা বিভাগ অবসর প্রাপ্তদের যাবতীয় প্রাপ্য মিটিয়ে দেওয়ার কাজে নেমে পড়বে।

ইতিমধ্যে আইনের সহায়তা কমিটি ( Legal Aid Committee) এর আবেদন অনুযায়ী মহামান্য কোলকাতা উচ্চ আদালত সম্প্রতি এক আদেশ জারী করে ১।৪।৮১ এর পূর্বে বলবৎ চিঠি অনুযায়ী ১।৪।৮১ তারিখের পরে অবসর গ্রহণ করেছেন এমন প্রাথমিক শিক্ষকদের অবসরকালীন সুযোগ সুবিধা নতুন চিঠি চূড়ান্ত হওয়া সাপেক্ষে মিটিয়ে দেওয়ার জন্য নির্দেশ দিয়েছেন। সরকার তদনুযায়ী ব্যবস্থা গ্রহণ করছেন। যে সমস্ত অবস্থায় প্রাপ্ত প্রাথমিক শিক্ষক পুরনো বিধি অনুযায়ী অবসরকালীন সুযোগ সুবিধা গ্রহণ করতে ইচ্ছুক থাকবেন তাদের সকলকেই উক্ত চিঠি অনুযায়ী প্রাপ্য মিটিয়ে দেওয়ার ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। পরিশেষে যারা অবসর গ্রহণ করে এই দুঃখজনক দুরবস্থার মধ্যে আছেন তাদের প্রতি আমি, মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে গভীর শ্রদ্ধা মিশ্রিত সহানুভূতি জানাচ্ছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার :-** স্যার, এটা কি সার্কুলেট হবে?

**মিঃ স্পীকার :-** হ্যাঁ, এটা সার্কুলেট হবে।

## Motions Under Rule 185

**Mr. Speaker :** Shri Abdul Mannan please move your motion.

**Dr. Zainal Abedin :** Sir, the motion of Shri Abdul Mannan concerns two ministers. One of the minister is not present.

**Mr. Speaker :** One Minister is present.

**Dr. Zainal Abedin :** There are two Ministers and they must listen to us otherwise we will be speaking in wildernes.

**Mr. Speaker :** Dr. Abedin please take your seat. He will listen.

**[9.10—9.20 a.m.]**

**Shri Abdul Mannan :** Mr. Speaker, Sir, I beg to move that "যেহেতু এন আর ই পি (বিগ) স্কীম এবং আর এল ই জি পি স্কীমে বিভিন্ন জেলায় রাস্তা নির্মাণ, বন্যা প্রতিরোধ, নদীবাঁধ নির্মাণ ও মেরামত করার জন্য পঞ্চায়েত সমিতিগুলির মাধ্যমে কাজ করার জন্য টাকা বরাদ্দ করা হয়েছে ;

যেহেতু বিভিন্ন পঞ্চায়েত সমিতি উক্ত কাজগুলি স্থানীয় সমস্যার পরিপ্রেক্ষিতে এবং অগ্রাধিকারের ভিত্তিতে করে থাকে ;

যেহেতু আরামবাগ, খানাকুল ১ নং ও তারকেশ্বর পঞ্চায়েত সমিতিকে উপেক্ষা করে হুগলী জেলা পরিষদ কর্তৃক মনোনীত "বেনিফিসিয়ারী কমিটি" উক্ত স্কীমের টাকা খরচ করছেন;

যেহেতু উক্ত "বেনিফিসিয়ারী কমিটি' ইতিমধ্যে খানাকুল ১ নং পঞ্চায়েত সমিতির এলাকাভুক্ত খানাকুল কাছড়া সড়ক নির্মাণের প্রায় ১ লক্ষ টাকা ও এন আর ই পি (বিগ) স্কীমে আটটি প্রকল্পের ১০ লক্ষাধিক টাকা সরাসরি খরচ করেছে ;

যেহেতু হুগলী জেলা পরিষদ কর্তৃক উক্ত "বেনিফিসিয়ারী কমিটি' গঠনের কোন আইনসম্মত বিধি নাই;

যেহেতু এইভাবে খরচ করার ফলে আরামবাগ, খানাকুল ১ নং ও তারকেশ্বর পঞ্চায়েত সমিতিগুলি বিধিদ্বারা প্রদত্ত গণতান্ত্রিক অধিকার থেকে বঞ্চিত হচ্ছে;

যেহেতু উক্ত "বেনিফিসিয়ারী কমিটি' উপরোক্ত পঞ্চায়েত সমিতিগুলিকে উপেক্ষা করে টাকা খরচ করার ফলে বরাদ্দ অর্থের সদ্ব্যবহার হচ্ছে না;

সেইহেতু এই সভা বরাদ্দকৃত অর্থের পূর্ণ সদ্ব্যবহারের নিমিত্ত স্থানীয় এলাকায় গ্রামোন্নয়ন কর্মসূচীর সুষ্ঠু রূপায়ণের জন্য হুগলী জিলা পরিষদকে আরামবাগ, খানাকুল ১ নং ও তারকেশ্বর পঞ্চায়েত সমিতিগুলির মাধ্যমে পূর্বোল্লিখিত স্কীমগুলির কাজ সম্পন্ন করার জন্য রাজ্য সরকারকে অনুরোধ জানাচ্ছে।"

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে অত্যন্ত বেদনার সঙ্গে আমাকে এই প্রস্তাব আনতে হয়েছে। হুগলী জেলার যে ১৮টি পঞ্চায়েত সমিতি আছে তার মধ্যে ৩টা খানাকুল ওয়ান, এবং তারকেশ্বরে গত পঞ্চায়েত নির্বাচনে কংগ্রেস জয়লাভ করেছে। হুগলী জেলা পরিষদ সি. পি. এম. এর

নেতৃত্বাধীনে রয়েছে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে বিভিন্ন সময়ে পঞ্চায়েত সমিতির যে কাজ করার কথা তা হচ্ছে না অর্থাৎ কংগ্রেস পরিচালিত যে ৫২ টি গ্রাম পঞ্চায়েত আছে তারা ঠিকমতন কাজ করতে পারছেন না। কারণ তাদের কাজ না দিয়ে বেনিফিসিয়ারী কমিটির মাধ্যমে এই কাজ করা হচ্ছে। যেখানে নির্বাচিত বোর্ড হয়েছে, গ্রাম পঞ্চায়েত আছে পঞ্চায়েত সমিতি রয়েছে তারা কংগ্রেস পরিচালিত বলে তাদের কাজ করতে দেওয়া হচ্ছে না। এটা রাজ্য সরকারের দেখা উচিৎ। আমরা এখানে কংগ্রেসের বিরুদ্ধে অনেক আলোচনা শুনছি। আজকে যদি কেন্দ্রের কংগ্রেসী সরকার পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারকে ক্ষমতায় রেখে সেখানে কোন কংগ্রেস নেতাকে বেনিফিসিয়ারী কমিটির চেয়ারম্যান করে তার মাধ্যমে কাজ করেন তাহলে সেটা কি অন্যায় হবে না। আমি এখানে কতকগুলি প্রস্তাবের মধ্য দিয়ে দেখাতে চাই বিশেষ করে খানাকুল কাঁকসা যে রাস্তা হয়েছে সেটা বেনিফিসিয়ারী কমিটির মাধ্যমে করা হয়েছে। এই কমিটির যিনি চেয়ারম্যান তিনি গত পঞ্চায়েত সমিতির নির্বাচনে পরাজিত হয়েছিলেন। আরামবাগ ধামসা পূর্ব হরিপুর যে রাস্তা সেটাও সি পি এম দলের লোকদের দিয়ে বেনিফিসিয়ারী কমিটি করা হোল এবং তাদের মাধ্যমে কাজ করা হচ্ছে। অথচ পঞ্চায়েত সমিতির মাধ্যমে এগুলি করার কথা। এই পঞ্চায়েত সমিতির সদস্যরা জনসাধারণের কাছে প্রতিশ্রুতি দিয়ে এসেছেন যে তারা কাজ করতে চায় কিন্তু এই সমস্ত পঞ্চায়েত সমিতিতে জেলা পরিষদ থেকে ঠিক মতন টাকা না দেবার জন্য তারা কোন কাজ করতে পারছেন না। তাছাড়া আমরা দেখতে পাচ্ছি কংগ্রেস এর গ্রাম পঞ্চায়েত হরিণখোল ৬টি নদী বাঁধের জন্য প্রস্তাব দিয়েছিল। কিন্তু সেগুলি কংগ্রেসের গ্রাম পঞ্চায়েত বলে তাদের করতে দেওয়া হয়নি। এই বিষয়ে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করায় তিনি বলেছিলেন একটা ব্যবস্থা গ্রহণ করবেন এবং বেনিফিসিয়ারী কমিটিতে যাতে না দেওয়া হয় তার ব্যবস্থা করবেন। হুগলী জেলা পরিষদে একটা মিটিংয়ে গিয়ে উনি যা বলেছিলেন তার প্রসিডিংস আমি পড়ে শোনাচ্ছি।

**Proceedings of the Meeting regarding constitution of District Planning Board and for reviewing the progress of NREP/RLEGP held on 24.1.1985 in the meeting hall of Hooghly Zilla Parishad.**

**The Hon'ble Minister-in-charge raised objection about formation of beneficiary Committee in few schemes for supervision. He and member, Board of Revenue stated that no beneficiary Committee should be formed by passing the Panchayat Samity. The Panchayat Samity should not be bypassed in execution of Big NREP/RLEGP schemes. Supervision on these schemes should be made by the Panchayat Samities.**

এই কথা তিনি বলেছিলেন ২৪শে জানুয়ারী, অথচ ২০শে ফেব্রুয়ারীর একটা চিঠিতে দেখছি একজন অফিসার খানাকুল সার্কেলের তার মেমো নাম্বার ১৮৮/১৪ - তাতে তিনি বলছেন ২৩.৩.৮৫ তারিখে হুগলী জেলার ডাকবাংলোয় একটা সভা হবে। তাতে সই আছে জ্যোতিপ্রকাশ বাবুর। সেখানে মন্ত্রী মহাশয় বলেন পঞ্চায়েত সমিতিকে বাইপাস করে কাজ করা উচিৎ নয়। অথচ ডিপার্টমেন্ট থেকে চিঠি দিচ্ছেন বেনিফিসিয়ারী কমিটির মিটিং হবে, এটা কি করে হয়? খানাকুল, কাঁকসার ব্যাপারে যে চিঠি দিয়েছিলেন তার নম্বর হচ্ছে ৫০১।৫০ তারিখ হচ্ছে ২৮.৫.৮৪। সেখানে বেনিফিসিয়ারী কমিটিতে ১৪ জনের নাম আছে। এর মধ্যে কোন পদাধিকারী নেই। অনেকে আছেন যারা নির্বাচনে হেরে গেছেন তাদের দিয়েই কমিটি করা হয়েছে। এইভাবে কেন্দ্রীয় সরকারের লক্ষ লক্ষ টাকা

আত্মসাৎ করা হচ্ছে। হাউস বিল্ডিংয়ের গ্রান্টের ব্যাপারে আমরা দেখছি আরামবাগ পঞ্চায়েত সমিতির মাধ্যমে আমরা যে সমস্ত স্কীম দিয়েছি সেগুলির জন্য একটি পয়সাও দেওয়া হয়নি যেহেতু সেগুলি কংগ্রেস পরিচালিত। যে সমস্ত ইস্কুল বিল্ডিং ঝড়ের সময় পড়ে গিয়েছিল সেইগুলির জন্য আমরা স্কিম দাখিল করেছি কিন্তু যেহেতু কংগ্রেস সেখানে এসে গেছে সেইহেতু আজ তার দিকে নজর দেওয়া হচ্ছে না। আবার আরামবাগ, খানাকুল, তারকেশ্বরে এন. আর. ডি. পি., আর. এল. ই. পি. থেকে কোন টাকা দেওয়া হলো না। কেন্দ্রীয় সরকার প্রত্যেকটি পঞ্চায়েত সমিতি জেলা পরিষদকে টাকা দেয় সমান ভাবে বন্টন করার জন্য । কিন্তু আমরা দেখতে পাচ্ছি দলের স্বার্থে কংগ্রেস পরিচালিত পঞ্চায়েৎ সমিতিকে কাজ করতে না দিয়ে নিজেদের দলের লোকদের দিয়ে কাজ করান হচ্ছে। আমরা এর তীব্র প্রতিবাদ করি এবং সেইজন্যই আমরা এই প্রস্তাব এনেছি। হার্ট স্কিমে ভূমিহীন তপশীলি মানুষদের জন্য যে পরিকল্পনা আমরা দিয়েছি সেখানেও আমরা দেখতে পাচ্ছি জেলা পরিষদ থেকে আজ পর্যন্ত কোন ব্যবস্থা করা হোল না এবং কোন টাকা দেওয়া হলো না। আমরা সেই এলাকার মানুষদের ভোটের সময় বলেছিলাম যে আমরা যে সমস্ত টাকা পাব তার সদ্ব্যবহার করব। আজকে রাস্তা করার নাম করে হার্ট স্কিমের নাম করে দলের তহবিলে এই টাকা ব্যবহার করা হচ্ছে। সেইজন্য আমি যে প্রস্তাব নিয়ে এসেছি সেই প্রস্তাব গ্রহণ করে জেলা পরিষদ যেন ন্যায্য টাকা সমস্ত পঞ্চায়েত সমিতিকে সমান ভাবে বন্টন করেন। এই ব্যবস্থা করার কথা আপনার মাধ্যমে মন্ত্রীসভাকে অনুরোধ জানাচ্ছি।

**[9.20—9.30 a.m.]**

**শ্রী বলাই মুখোপাধ্যায় :-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী আবদুল মান্নান যে প্রস্তাব এনেছেন আমি মনে করি এটা পুরোপুরি রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত একটা প্রস্তাব, এর পিছনে একটা গূঢ় উদ্দেশ্য আছে। বর্তমানে পশ্চিমবঙ্গে যে জনপ্রিয় জনমুখী পঞ্চায়েতগুলি চলছে তাকে হেয় প্রতিপন্ন করার উদ্দেশ্য নিয়ে এবং আমাদের বামফ্রন্ট সরকারের যে গণমুখী নীতি আছে তাকে জনমানসে হেয় প্রতিপন্ন করার উদ্দেশ্য নিয়ে এই প্রস্তাব নিয়ে আসা হয়েছে। দুর্ভাগ্য আমাদের যাঁর মাটির সঙ্গে কোন সম্পর্ক নেই, আরামবাগের এম. এল. এ বটে কিন্তু আরামবাগ, খানাকুলের পাবলিকের সঙ্গে যাঁর বিন্দু মাত্র সম্পর্ক নেই, জেলা পরিষদের আর এল ই জি পি, এন আর ই পি ইত্যাদি কাজকর্ম সম্পর্কে যাঁর বিন্দুমাত্র কোন ধ্যান-ধারণা নেই তিনি এই প্রস্তাব নিয়ে এসেছেন। উনি প্রস্তাবের মধ্যে একটা জায়গায় অদ্ভুত কথা বলেছেন। উনি জানেন না যে স্কীম যেটা হয়েছে সেটা গভর্ণমেন্ট অব ইণ্ডিয়ার নীতি অনুসারে হয়েছে এবং সেখানে কোন জায়গাতে একথা বলা নেই গভর্ণমেন্টের জি. ও. তে যে এই বিগ এন আর ইপি, আর এল ই জি পি এগুলি সরাসরি পঞ্চায়েত সমিতির মারফৎ করাতে হইবে। এই কথা আদৌ এই জি.ও.তে নেই। সেখানে বলা হয়েছে জেলা পরিষদ এবং বিভিন্ন এজেন্সি এগুলি করাতে পারবে, সেখানে পঞ্চায়েত সমিতির কথা উল্লেখ পর্যন্ত নেই। অথচ উনি বলছেন এই কাজ বে-আইনী, এই কাজ করা অন্যায়। উনি জি.ও. পড়েননি, পড়েননি বলেই উনি বলছেন বেনিফিসিয়ারী কমিটি করে দলকে টাকা-পয়সা পাইয়ে দেবার চেষ্টা হয়েছে। ওনারা এই কাজে সিদ্ধ-হস্ত, বিগত ৩০ বছর ধরে ওনারা লুটে-পুটে খেয়েছেন, এখন দেখছেন পশ্চিমবঙ্গ সরকার লক্ষ লক্ষ কোটি কোটি টাকা জনসাধারণের মাধ্যমে পঞ্চায়েতের মাধ্যমে গ্রামের উন্নতির জন্য ব্যয় করছেন, সেই টাকাগুলি তাঁদের পকেটে আসছে না, তার ফলে তাঁরা জ্বলে-পুড়ে মরছেন, সমস্ত কি করে পকেটে ভরান যায় তারই জন্য এই চিৎকার এটা বুঝতে অসুবিধা নেই। তাঁরা বলছেন বেনিফিসিয়ারী কমিটি কোন স্ট্যাটুটারী বডি নয়। এই বেনিফিসিয়ারী কমিটি যেটা গঠিত হয়েছে বিগ এন আর ই পি, আর এল ই জি পি স্কীম পরিচালনার জন্য, আপনি জানেন একটা এই ধরণের স্কীম ৩/৪ টি পঞ্চায়েত সমিতি জুড়ে করতে হয় যেখানে টেকনিক্যাল নো হাউএর দরকার

আছে, কোথায় পাবে সেই টেকনিক্যাল নোহাউ সেই পঞ্চায়েত সমিতিগুলি? প্ল্যান, এসটিমেট, টেকনিক্যাল নোহাউ, রিসোর্স এগুলি পঞ্চায়েত সমিতির নেই, সেজন্য বাধ্য হয়ে অনেক ক্ষেত্রে জেলা পরিষদকে সেই কাজের দায়িত্ব গ্রহণ করতে হয়। জেলা পরিষদের ইঞ্জিনিয়ার, জেলা পরিষদের টেকনিক্যাল লোকদের দিয়ে এটা সুষ্ঠুভাবে হতে পারে। সেজন্য গ্রামের উদ্যোগে ঐসব নেওয়ার প্রয়োজনীয়তা আছে, জনসাধারণের সহযোগিতা নেওয়ার প্রয়োজনীয়তা আছে। সেই উদ্দেশ্য সাধনের জন্য এটা একটা সুপারভাইজারী বডি, এটার স্ট্যাটুটারী ক্ষমতা নেই, এটার ড্রয়িং এ্যান্ড ডিসবারসিং পাওয়ার নেই, উনি সেটা জানেন না। দুর্ভাগ্য যে কিভাবে স্কীম করতে হয় তাও তিনি জানেন না, কারা পরিচালনা করবেন তাও জানেন না, সুতরাং উদ্দেশ্য প্রণোদিত হয়ে এই প্রস্তাব তিনি এনেছেন অর্থাৎ ওনার প্রস্তাবে জনগণকে বাদ দিয়ে সরিয়ে রেখে দিয়ে ওঁদের নির্বাচিত কমিটিকে দিয়ে এই কাজ করাতে হবে যাতে পকেটে কিছু আসতে পারে। বিগত ৩০ বছর ধরে যা করেছেন সেটা গ্রামের লোক প্রত্যক্ষ করেছেন, তারজন্য ওঁদের আঁস্তাকুড়ে নিক্ষেপ করেছেন এবং আগামী দিনেও করবেন। উনি জানেন না জনসাধারণের সাহায্য সহযোগিতা নিয়ে যাতে এই স্কীমগুলি সুপারভাইজ করা যায় তারজন্য এই বেনিফিসিয়ারী কমিটি এবং সেখানে সব এম এল এ- রা থাকেন, পঞ্চায়েত সমিতির সভাপতি থাকেন, বি ডি ও থাকেন এবং সেই এলাকার গ্রাম পঞ্চায়েতের প্রধানগণ সেই কমিটির সদস্য। এটা কোন স্ট্যাটুটারী বডি নয়, এই বডির সমস্ত কিছু ড্রইং এ্যাণ্ড ডিসবারসিং অফিসার হচ্ছে জেলা পরিষদের বাস্তুকার। তিনি বলেছেন পক্ষপাতিত্ব করা হচ্ছে আমার কাছে একটা হিসাব আছে, আমি সংক্ষেপে বলতে চাই, কারণ, আমার সময় নেই।

আরামবাগ পঞ্চায়েত সমিতি জেলা পরিষদ থেকে এন. আর. ই.পি বাবদ ৩৩ লক্ষ টাকা পেয়েছে, বিগ এন আর ই পি বাবদ ৪০ হাজার ২ শত টাকা, আর এল ই জি পি বাবদ ১২১৩০০ টাকা খানাকুল ২৯৯,০০০ নরম্যাল এন আর ই পি বাবদ, বিগ এন আর ই পি বাবদ ৩৬ হাজার টাকা এবং আর এল ই জি পি বাবদ ৭৭ লক্ষ টাকা পেয়েছে।

তারকেশ্বরকে নরম্যাল এন আর ই পি বাবদ দেওয়া হয়েছে ৩১ লক্ষ টাকা বিগ এন আর ই পি বাবদ ২২ হাজার টাকা এবং আর এল ই পি বাবদ ১৬ লক্ষ ৫ হাজারের কিছু বেশী টাকা দেওয়া হয়েছে। ১৯৭৮ সালের বন্যায় এই সব এলাকায় সব চেয়ে বেশী খরচ করা হয়েছে এবং কোন রকম দল বিচার সেখানে করা হয় নি। প্রত্যেকটা লোকই ঠিকমত সাহায্য পেয়েছে। অতএব আমরা যে দলবাজী করছি এটা বলতে ওঁদের লজ্জা হয় না। ওদের দল কেন্দ্রে পশ্চিমবঙ্গ সরকারকে অসুবিধায় ফেলার জন্য বিভিন্নভাবে ব্যবস্থা গ্রহণ করেছেন। ওঁদের কীর্তিকলাপ আমাদের জানা আছে। যে সমস্ত পঞ্চায়েত সমিতি ওঁদের দখলে আছে সেখানে ওঁরা কি করছেন টাকা পয়সা নিয়ে তার একটা উদাহরণ আমি একটা দিই। তাঁতীশালা অঞ্চলে বাড়ী করার জন্য যে টাকা দেওয়া হচ্ছে গৃহহীনদের তা থেকে আবার ২০ টাকা করে কেটে নেওয়া হচ্ছে। তার রসিদ আমার কাছে আছে। সুতরাং রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হয়ে যে প্রস্তাব এসেছে আমি তার বিরোধীতা করছি।

**শ্রী তারাপদ সাধুখাঁ :-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৮৫নং- এ যে প্রস্তাব মান্নান এনেছেন এবং সরকার পক্ষের তরফ থেকে এম. এল. এ বলাই ব্যানার্জী যে কথাগুলি বললেন তা শুনে আমি আশ্চর্য হয়ে গেলাম। তিনি বললেন মান্নান আরামবাগে থাকেন না, সে আরামবাগ খানাকুল তারকেশ্বর সম্পর্কে কি বলবেন। কিন্তু বলাইবাবু হরিপালের এম.এল.এ থাকেন সিংগুরে এবং বাড়ী ছিল ভদ্রেশ্বরে। ১৯৭৮ সালে হরিপাল লোক্যাল বলে একটা ট্রেনের ব্যবস্থা করেছিলাম। তিনি বলেছিলেন যে এটা কোন ভুতুড়ে প্যাসেঞ্জার এ্যাসোসিয়েসান যারা এই ট্রেন চালু করেছেন। তিনি একজন এম.এল.এ হিসাবে জানেন না যে কোথায় কোন এ্যাসোসিয়েসান আছে। এটা একটা রেজিষ্টার্ড বডি।

তাঁর একটা ডায়েরী মেনটেন করা উচিত যাতে সব কিছু লেখা থাকবে। বেনিফিসিয়ারী কমিটি একটা ষ্ট্যাটুটারী বডি নয়। সিংগুর থানার বেনেযমুনা বলে একটা স্কুল ২৫ হাজার টাকা গ্রান্ট পেয়েছিল। কিন্তু সেখানে একটা বেনিফিসিয়ারী কমিটি করে দিয়ে সেই বেনিফিসিয়ারী কমিটি ১০ হাজার টাকা মেরে বসলো এ বিষয়ে আমি বিধানসভায় প্রশ্ন করায় মন্ত্রী মহাশয় বলেছিলেন যে তাদের টাকা আদায় করতে পারছি না এবং কিভাবে করবো সেটা দেখছি।

**[9.30—9.40 a.m.]**

এই বেনিফিসিয়ারী কমিটির যা চরিত্র সেখানে উনি বলেছেন বেনিফিসিয়ারী কমিটি স্ট্যাটুটারী কমিটি নয়। অথচ তাদের হাতে ২৫ হাজার টাকা দিয়ে দেবেন এবং সেই টাকা বি. ডি. ও উদ্ধার করতে পারলেন না। বিধানসভায় এই ব্যাপারে প্রশ্ন তুলে ছিলাম, সেই জন্য মাত্র ৪ হাজার টাকা উদ্ধার করেছিলেন। এই হচ্ছে আসল চিত্র। ওনারা একটা কথা বার বারই বলেন যে কংগ্রেসরা নাকি সব মেরে দিয়েছে এবং ভোগ করে গেছে। বলাইবাবু তো সিংগুরে বাস করেন, উনি বুকে হাত দিয়ে বলুন না যে সিংগুরে ২নং গ্রাম পঞ্চায়েতে কি হয়েছে। ওখানে তো ৮ টি প্রাইমারী স্কুল হয়েছে, তারজন্য একটা নয়া পয়সাও দিয়েছেন? ওখানে সব কল সিলিনডার হয়েছে, প্রতিটি প্রাইমারী স্কুলের কাঁচাবাড়ি ফেলে দিয়ে পাকা বাড়ি তৈরী করা হয়েছে। এটা কি করে সম্ভব হলো? এটা একটা মানসিকতার প্রশ্ন, কাজ সংভাবে করলে সব হবে। হুগলী জেলার মধ্যে আমাদের ৩টি গ্রাম পঞ্চায়েত সমিতি নিয়ে বেনিফিসিয়ারী কমিটি করে কাজ করার যে প্রবণতা সেই সম্বন্ধে মান্নান সাহেব বলে গেছেন। মন্ত্রী মহাশয় জানায়ারী মাসের ২৪ তারিখে মিটিং করে বলে গেলেন এটা অন্যায়। অথচ এখানে সরকার পক্ষের সদস্য বলাই ব্যানার্জী মহাশয় বলছেন যে বেনিফিসিয়ারী কমিটি করা দরকার। তাহলে আমার প্রশ্ন হল মন্ত্রী মহাশয়ের থেকে উনি কি বড়, উনি কি মন্ত্রী মহাশয়ের থেকে বেশী বোঝেন?নিশ্চয়ই উনি মন্ত্রী মহাশয়ের থেকে বেশী বোঝেন না। বোঝেন না বলেই উনি এখানে উলটো-পালটা বলে গেলেন। এই আলোচনা থেকে বোঝা গেল এক দিকে মন্ত্রী বলছেন যে বেনিফিসিয়ারী কমিটি করা অন্যায় আবার আব এক দিকে সরকার পক্ষের সদস্য বলছেন যেটা করা হয়েছে সেটা ঠিকই করা হয়েছে। তাহলে তো আমরা এই কথা বলতে পারি কেন্দ্রীয় সরকার আর.এল.ই.জি.পি. স্কীমের মাধ্যমে যে টাকা দিচ্ছে তার বন্টনের জন্য একটা বেনিফিসিয়ারী কমিটি করে দিন এবং সেই কমিটির মাধ্যমে টাকা খরচা করার একটা ব্যবস্থা করুন। ওনারা এই স্ববিরোধী কথা বলছেন। ওনারা আবার বলছেন পঞ্চায়েত সমিতি কংগ্রেসের হওয়ার ফলে নাকি সি.পি.এম প্রধানদের টাকা দেওয়া হচ্ছে না। অভিযোগটার মূল জায়গায় লক্ষ্য করে দেখুন। জনপ্রতিনিধিদের টাকা দেওয়া হচ্ছে কাজ করার জন্য। জনপ্রতিনিধি কারা? এই বেনিফিসিয়ারী কমিটি না ইলেকটেড বডির মেম্বাররা, কাকে জন প্রতিনিধি বলবেন? আপনাদের মতে জনগণের ভোটে যাঁরা জিতে এসেছেন তাঁরা জনপ্রতিনিধি নয়। তাঁদের বাদ দিয়ে একটা কমিটি করে দিলেন, তাঁরা জনপ্রতিনিধি। আমি আর. এল. ই. জি. পি স্কীমের একটি কাজের নমুনা এখানে দিচ্ছি। সিংগুরের কোন একটা রাস্তার অনুমোদন হল, এম.এল.এ-কে সেই কমিটিতে রাখা হয়েছে। কিন্তু সেখানে একটা হ্যাণ্ড বিল বিলি করা হ'ল এবং সেখানে বলা হল পঞ্চায়েত সমিতির সভাপতি, সহসভাপতি এবং জেলা পরিষদের সদস্য যাঁরা আছেন, এই জায়গায় মিটিং হবে, আপনারা উপস্থিত থাকুন। এম.এল.এ-র দরকার নেই। তাহলে এম.এল.এ-কে কমিটিতে কোথায় রাখা হচ্ছে? আবার দেখুন আর একটা কথা মোসানের মধ্যে আছে যে আর.এল.ই.জি.পি-র টাকা সদ্ব্যবহার হচ্ছে না, টাকা চুরি হচ্ছে, গায়েব হচ্ছে। কি করে হচ্ছে তার একটা উদাহরণ আমি এখানে দিচ্ছি। সিংগুরে যখন আর.এল.ই.জি.পি-র স্কীম স্যাংসান হ'ল তখন বি.ডি.ও তে গিয়ে আমি খবর নিয়ে দেখলাম, যে টেণ্ডার গ্রহণ করা হয়েছে তারা প্রতি ১০০ ঘন ফুট ইট ২১০ টাকা করে

সাপ্লাই করবে। কোথায় করবে? পঞ্চায়েত সমিতির উঠোনে। আবার সেই উঠোন থেকে তুলে নিয়ে গিয়ে রাস্তায় ফেলার জন্য অতিরিক্ত দেওয়া হ'ল ৪০ টাকা করে। চমৎকার ব্যাপার। কেমন করে টাকা পাইয়ে দেওয়া হচ্ছে এটা আপনি লক্ষ্য করুন স্যার। এইভাবে যদি কনট্রাক্টকদের কাজ করানো হয় তাহলে এল.আর.ই.জি.পি.. এবং এন.আর.ই.পি-র স্কীমের মুখ্য উদ্দেশ্য ব্যহত হবে। এই স্কীমের মুখ্য উদ্দেশ্য হলো এমপ্লয়মেন্ট প্রোগ্রাম। গ্রামের গরীব মানুষ যারা, দীনদুঃখী যারা- যাদের জন্য আপনারা চোখের জল ফেলেন - তাদের জন্য কেন্দ্রীয় সরকার একটা পরিকল্পনা করেন। যখন দেশের মানুষ বুবুক্ষুতে ভুগছে, যখন দেশের লোককে খেতে দিতে পারা যাচ্ছে না ঠিক সেই সময় এই আর.এল.ই.জি.পি স্কীমের উদ্ভব হয়। সেই জন্য সেন্ট পারসেন্ট অনুদান দিয়ে শুধু পশ্চিমবাংলায় নয়, সারা ভারতবর্ষে এই স্কীম চালু করার জন্য টাকা দিলেন। সেই টাকা দিয়ে দেশের মানুষের কাজ হবে, গ্রামের লোকেরা বছরে ১০০ দিন গ্যারান্টেড চাকুরী পাবে। যে চাকুরীর জন্য গ্রামের দীন মজুররা ভুগছে সেই গ্যারান্টেড চাকুরী গ্রামের মানুষেরা পাবে এই স্কীমের মাধ্যমে। এই স্কীমের আপনারা কোন মূল্য দিলেন না। সেই জায়গায় কি করলেন? কনট্রাক্টরদেন ডেকে এনে বললেন - "তোমরা হাতে টিপ সই দিয়ে শুধু মাষ্টার রোল তৈরী করে দাও এবং এখান থেকে টাকা নিয়ে রাস্তা তৈরী করে দাও। বিহার থেকে লোক আনো, উড়িষ্যা থেকে লোক আনো সেটা আমরা দেখতে যাবো না।" একটা উদাহরণ দেবো ৪ লক্ষ টাকা স্যাংসান হয়েছে ৮ কিলোমিটার রাস্তা তৈরী করার জন্য।

সেখানে বলছে যে আমাদের ৫০ পারসেন্ট লেবারের জন্য আর ৫০ পারসেন্ট মেটিরিয়াল কস্ট। ভারত সরকার নাকি বলে দিয়েছে যে ৫০ পারসেন্টের বেশী মেটিরিয়্যাল কস্ট করা যাবে না। কিন্তু বাস্তবে দেখা যাচ্ছে কি? সেই মেটিরিয়্যাল কস্টকে বাড়ানো হচ্ছে। মেটিরিয়্যাল কস্ট বাড়ানো হচ্ছে কি করে? কনট্রাক্টরকে এ্যাপয়েন্ট করা হচ্ছে, তাকে ২১০ টাকার ইঁটকে ২৫০ টাকা পাওয়াবার জন্য, এখানকার মাটি ওখানে, ওখানকার মাটি এখানে করা হচ্ছে। এই ভাবে যদি আর.এল.ই.জি.পি.'র কাজ চলে, তাহলে আমি বলবো যে দেশের সত্যিকারের দীন দুঃখী লোকের মুখের দিকে তাকিয়ে তাদের এমপ্লয়মেন্টের দিকে তাকিয়ে কোন কাজ হচ্ছে না, এই তো হচ্ছে চুরির বহর। পঞ্চায়েতের মাধ্যমে এরা আগে কোটি কোটি টাকা লুট করেছে। এখন টাকা অংক কমে গেছে, সুতরাং লুঠ কম হচ্ছে। তাই তারা দেখছে কনট্রাক্টরের মাধ্যমে কাজ করলে, কনট্রাক্টরদের কিছু পাইয়ে দিয়ে যদি কিছু টাকা আত্মসাৎ করা যায়, তার চেষ্টায় তারা এগিয়ে চলেছে। আর দলবাজী করার যে নমুনা— আমাদের সরকার পক্ষের এম. এল. এ. নিজে স্বীকার করেছেন যে দলবাজী আমরা করছি, করবো, তোমরা সরে যাও। এই কথা বলে, এই মোশানকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অনিল মুখার্জী ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অবাক হয়ে দেখলাম যে একটা সর্বভারতীয় রাজনৈতিক দল, একটা জিলা পরিষদ সম্পর্কে এই রকম একটা প্রস্তাব আনলেন, যেখানে পশ্চিমবাংলায় নানারকম গুরুতর সমস্যা রয়েছে। ওয়াগান নিয়ে যেখানে সমস্যা রয়েছে, লক্ষ লক্ষ শ্রমিক যেখানে বেকার হওয়ার আশংকা রয়েছে, যেখানে সেচ প্রকল্পের সমস্যা রয়েছে, যেখানে অর্থনৈতিক সমস্যা রয়েছে, কেন্দ্রের কাছে যৌথভাবে আন্দোলন করার যে সব সমস্যা রয়েছে, সেই সমস্ত সমস্যা সম্পর্কে আজকে প্রস্তাব না এনে একটা জেলায় ক্ষুদ্র সংকীর্ণমনা প্রস্তাব আজকে হাউসের সামনে দেখে আমি অত্যন্ত হতবাক হয়েছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এটা বলতে চাই যে উনি যে প্রস্তাব এনেছেন এবং যে কথা উনি প্রস্তাবের মধ্যে বলেছেন যে কি ভাবে একটি বেনিফিসিয়ারী কমিটি হতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বেনিফিসিয়ারী কমিটি সম্পর্কে আমার কাছে একটা মেমো নং আছে, মেমো নাম্বার ........ 7970 - CDP/R/2F - 2/ 84, DT. 31st, August 1984 Govt, order

এই গভর্ণমেন্ট অর্ডারে বেনিফিসিয়ারী কমিটি নিয়োগ করার অর্ডার বেরিয়েছে। উনি জানেন না, এ্যাডমিনিষট্রেটিভ অর্ডার ইশ্যু করে অনেক কাজ হয়, সেই সব পড়াশুনা কংগ্রেসের নেতারা আজকাল করেন না, দেখেন না, একটা গালাগাল করার জন্য, নোংরামী করার জন্য শুধু হাউসে প্রস্তাব আনেন। এখানে আমার কাছে সেই গভর্ণমেন্ট অর্ডার আছে, সেই গভর্ণমেন্ট অর্ডার দেখলে উনি বুঝতে পারবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওদের চরিত্র - ওরা শুধু সর্বত্র দলবাজী করেন আর দলবাজীর স্বপ্ন দেখেন । অন্যরা ভাল কাজ করলেও সেটাকে দলবাজীর আকারে নিয়ে আসেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনারা জানেন না, বামফ্রন্ট সরকার উন্নয়নমূলক কোন কাজে দলবাজী করে না, গরীব মানুষের স্বার্থে, সাধারণ মানুষের স্বার্থে মঙ্গলময় এবং কল্যাণকর কাজে বামফ্রন্ট সরকার করছে এবং করবে। ওরা যা করে, মালদহকে লক্ষ্য করুন, সেখানে কংগ্রেসের জেলা পরিষদ, সেখানে যে অর্থ বামফ্রন্ট সরকার স্যাংশন করেছে, যে টাকা খরচ হয়েছে - উনারা জানেন বামফ্রন্ট সরকার সেই টাকা দিয়েছে, কিন্তু মালদহতে যে চুরি হয়েছে, ঐ কংগ্রেসী পঞ্চায়েতে, সেই সব তো আমাদের জানা আছে।

**[9.40—9.50 a.m.]**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা তথ্য এখানে দিচ্ছি। উনি বলেছেন যে জেলাপরিষদের ওখানে কোন কাজ হয়নি। আমি একটা তথ্য আপনার কাছে রাখছি। ১৯৮৩-৮৪ সালে এন.আর.ই.পি.'তে ২ কোটি ৪১ লক্ষ ২ হাজার টাকার কাজ হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা বড় এন.আর.ই.পি.'র কাজ, সেখানে ৪৬ কোটি ২ লক্ষ ৮৭ হাজার টাকার কাজ হয়েছে। এছাড়া প্রাইমারী স্কুলের বহু নতুন নতুন বিলডিং হয়েছে স্পেশাল কমপোন্যান্ট স্কীমে এবং সেখানে প্রায় ২৩ হাজার টাকা খরচ করা হয়েছে। প্রাইমারী স্কুল বিলডিং এবং স্মল সেভিংস এ্যাসিসনেসে প্রায় ১০ লক্ষ ২ হাজার ৫শত টাকা খরচ হয়েছে। তারপরে ওয়েলফেয়ার স্কীমে স্পেশাল কমপোন্যান্ট স্কীমে যে কাজ হয়েছে সেখানে প্রায় ৪৫ লক্ষ টাকার মতো খরচ হয়েছে। তারপরে একস্ট্রা রিমুভ্যাল টু গ্রাম পঞ্চায়েতে যে সব স্কীম হয়েছে সেখানে প্রায় ৩ লক্ষ ৫১ হাজার ১৭ টাকা খরচ হয়েছে, এটা হচ্ছে ১৯৮৩-৮৪ সালের। ১৯৮৪-৮৫ সালে এন. আর. ই. পি. তে প্রায় ৬ কোটি ৪৫ লক্ষ ৯ হাজার টাকা খরচ হয়েছে। এছাড়া প্রাইমারী স্কুল এবং অন্যান্য যে সব বিলডিং তৈরী হয়েছে, রাস্তা তৈরী হয়েছে এবং অন্যান্য আরো অনেক উন্নয়নমূলক কাজ হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার সময় নেই, আমার সময় থাকলে আমি দেখাতে পারতাম যে আরো কত কাজ করা হয়েছে। বামফ্রন্ট সরকার এই ভাবে কাজ করেছে কিন্তু তা সত্বেও ওরা কিভাবে এই প্রস্তাব এখানে আনলেন আমি জানিনা। কাজেই এই প্রস্তাবের সম্পূর্ণ বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি। ওরা এটা ফিরিয়ে নিন। মানুষের স্বার্থে যদি অন্য কোন প্রস্তাব নিয়ে আসেন তাহলে সেটা আমরা সমর্থন করতে পারি। কিন্তু এই প্রস্তাবকে সমর্থন করা যায় না।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য্য ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই এ্যাসেম্বলীতে বহু গুরুতর বিষয়ে পেশ করা হয় এবং মাননীয় সদস্য সেটা আলোচনা করেন। এখানে সর্বভারতীয় বিষয়েও আলোচনা হয়েছে, পশ্চিমবঙ্গের অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়েও আলোচনা হয়েছে। আজকে শেষ দিনে এই রকম একটা ক্ষুদ্র বিষয়ে, ২ টো পঞ্চায়েতের ব্লকের সমস্যা নিয়ে আলোচনা হচ্ছে যেটা সম্পর্কে আমরা ওয়াকিবহাল নই। মান্নান সাহেবের প্রস্তাবে দেখলাম যে কাজ হচ্ছে বেনিফিসিয়ারী কমিটির দ্বারা। কাজ হচ্ছে কি হচ্ছে না, কাজে কতটা গলতি আছে সেকথা মান্নান সাহেব বললেন না। মান্নান সাহেবের দলের লোক যারা পঞ্চায়েত সমিতিতে আছেন, তারা কাজ করার সুযোগ পাচ্ছেন না। এবং তার জন্য পয়সাও মারতে পারছেন না। পয়সা মারতে না পারার জন্য তারা মান্নান সাহেবকে ধরছেন। তারা

বলছেন যে আপনি এম. এল. এ. আছেন, আমরা কাজ করতে পারবো না? সে জন্য মান্নান সাহেবকে বলি যে আপনি এই প্রস্তাবটা এ্যাসেম্বলীতে না এনে কলিং এ্যাটেনশান করতে পারতেন, মেনশান করতে পারতেন। প্রয়োজন হলে জেলা পরিষদ ঘেরাও করতে পারতেন। কিন্তু তা না করে এই রকম একটা ক্ষুদ্র বিষয় এ্যাসেম্বলীতে এনে আজকের আলোচনাকে লঘু প্রতিপন্ন করলেন। এটা অত্যন্ত দুঃখের বিষয়। যদি এন. আর. ই. পি'র কাজ না থাকে তাহলে আপনি জেলা পরিষদ ঘেরাও করুন। আপনার যারা কর্মী আছেন, যারা টাকা খাবার তালে আছেন, তারা আপনাকে বলছেন যে আমরা কাজ পাচ্ছি না। আজকে সেজন্য এই প্রস্তাবটা আপনি এনেছেন। এটা অত্যন্ত লঘু প্রস্তাব বলে আমি মনে করি এবং এটা এ্যাসম্বলীতে আলোচনার যোগ্য নয়। কোথাউ কতটা টাকা দেওয়া হয়েছে তার হিসাব আছে। কাজেই এই প্রস্তাবকে আমি সর্বান্তকরণে বিরোধিতা করি এবং এটাকে প্রত্যাখ্যান করি। এই ধরণের প্রস্তাব উঠতে দেওয়া অন্যায় হয়েছে বলে আমি মনে করি। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে বিধানসভার শেষ দিনে আপনি ভোজের নিমন্ত্রণ দেওয়া সত্ত্বেও এবং এটা বোধ হয় নিয়মও খানিকটা আছে, সিনিয়র মিনিষ্টার যারা আছেন, Sometimes Senior ministers are absent and the ministers come in the house for half an hour to pilot the bill.

এটা অত্যন্ত পরিতাপের বিষয় বলে আমি মনে করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমার সরাসরি ৪ টি প্রশ্ন আছে। পঞ্চায়েত আইনের কোন ধারায়, কোন নীতিতে, কোন রুলে আপনি বেনিফিসিয়ারী কমিটি তৈরী করার অনুমোদন দিয়েছেন?

২নং হচ্ছে, এখানে ৩৩৯ টি পঞ্চায়েত সমিতি, ৩ হাজার ৩০০ টি গ্রাম পঞ্চায়েত আছে, আপনারা বলুন আর কোথায় কোথায় এই বেনিফিসিয়ারী কমিটি হয়েছে এবং তার একটা তালিকা আমাদের দিন । ৩নং পয়েন্ট হচ্ছে, অর্থমন্ত্রী বাজেট ভাষণে বলেছেন প্ল্যানিং উইল বি ডিসেন্ট্রালাইজড্ আপটু ডিষ্ট্রিক্ট এ্যাণ্ড ব্লক লেভেল। তিনি যখন বললেন ব্লক লেভেল পর্যন্ত প্ল্যানিং করবে তখন আমরা রিডিকিউল করে বলেছিলাম হোয়ার ইজ দি এক্সপার্টাইজ? আজকে আপনাদের দলের সদস্যরাও বললেন পঞ্চায়েত সমিতিতে এক্সপার্টাইজ নেই। স্যার, বেনিফিসিয়ারী কমিটি আছে! এই বেনিফিসিয়ারী কমিটি হচ্ছে রোবট অব দি সি. পি. এম.। স্যার, দিস ইজ দি এজ অব দি রোবট, দিস ইজ দি রোবট অব দি সি.পি.এম., সি.পি.এম. হ্যাভ বিন দি রোবট অব সাম আদার সুপার পাওয়ার। কম্যুনিষ্ট আন্দোলনের রোবট সি.পি.এম. এবং এখানে দে হ্যাভ ক্রিয়েটেড এ্যানাদার রোবট ইন সার্টেন এরিয়াজ, ইউ অর অল রোবট, এটা আমি বলবো। পারেন তো স্পীকারের কাছে এই পয়েন্টটা নিয়ে আসবেন। নাম্বার থ্রি হলো সুপারভিসানটা করবে কে টাকা পয়সার ব্যাপারে? আপনাদের বিরুদ্ধে আমাদের অভিযোগটা হলো যেখানে যেখানে আপনারা পরাস্ত হয়েছেন সেখানে টাকার বরাদ্দ দেন নি, কমিয়ে দিয়েছেন। আমি বলছি উই হ্যাভ সিকিওর্ড ওনলি ওয়ান থার্ড অব দি ওয়ান থাউজ্যাণ্ড পঞ্চায়েত অর্গানাইজেসান।

**(ভয়েস ঃ শ্রী রবীন্দ্র নাথ মণ্ডল ঃ বাজে কথা)**

গলাবাজি করলেও এই জিনিস অসত্য বলে প্রমাণিত হয় না। এর চেয়ে জন্তু বিশেষের গলায় অনেক বেশী জোর আছে। আপনারা যেখানে ক্ষমতা পান নি সেখানকার মানুষের ভোটের কোন দাম নেই? একটি কথা এই প্রসঙ্গে এসে যাচ্ছে আপনারা সেটা উত্তর দিন। আপনারা গত ৮ বছর ধরে

কেন্দ্রীয় সরকারের চক্রান্ত দেখছেন। এই হতে হতে এদেশে জণ্ডিস আরম্ভ হয়েছে। আমি জানি না আপনারা কত গুরুতর জণ্ডিসে ভুগছেন, সেই ইনডেক্স দেওয়া নেই। তাই কেন্দ্র যদি সত্যিই পঞ্চায়েত সমিতিকে সাহায্য দিতে আরম্ভ করে উইল উই টলারেট ইট? আপনি বোধহয় খবরের কাগজে দেখেছেন যে, আপনাদের ক্যাপাবিলিটি অনেক কম। মালদহে ১২৬ টি বাড়ী পুড়ে গিয়েছিল। প্রাইম মিনিষ্টারের রিলিফ ফাণ্ড থেকে ডাইরেক্ট টাকা জেলা পরিষদে গেছে নট টু দি রিলিফ ডিপার্টমেন্ট। কারণ নির্ভরতা নেই। আর.এল.ই.জি.পি. সম্পূর্ণ ইন্দিরা গান্ধীর পরিকল্পনা এবং পুরো টাকা কেন্দ্রীয় সরকার দেয়। এন.আর.ই.পি.র ৫০পারসেন্ট আপনারা দেবেন, ওরা ৫০ পারসেন্ট দেবেন। কিন্তু আপনারা খরচ করতে পারেন নি, তাও ফিরে চলে গেছে। স্যার আপনি জানেন আজকে যার সামান্যতম জ্ঞান আছে তিনিই এটা বুঝতে পারবেন, Zero multiplied by any number the result is zero.

আজকে এদের সেই অবস্থা হয়ে গেছে। আজকে এরা গুরুতর পক্ষপাত দোষে দুষ্ট। এদের বিরুদ্ধে প্রচুর অভিযোগ আছে। ১৫টি জেলাপরিষদ, ৩৩৯টি পঞ্চায়েত সমিতি, ৩ হাজার ৩০০ গ্রাম পঞ্চায়েতের কোথায় কোথায় এই অলটারনেটিভ কমিটি আছে তার একটা হিসাব দিন। হুগলীতেই এটার প্রয়োজন মনে হল, আপনারা সেই কথা অস্বীকার করেন নি।

(ভয়েসঃ শ্রী বীরেন্দ্র নারায়ণ রায় কিছু বললেন, শোনা গেল না।) আজকে দ্রব্যগুণে প্রভাবিত বীরেন রায়, তুমি সামলে থাকলে আমি খুশী হব।

(ভয়েসঃ শ্রী বীরেন্দ্র নারায়ণ রায় : হাত কাঁপছে কেন?) হাত কাঁপছে না, তোমাদের দেখাচ্ছি।

Biren Roy, I will not be afraid, I will not lend my support, I can carry you in my finger, I can carry you in my finger, I can carry you in my palm.

তোমরা কাঁপছো, ইউ আর ট্রেম্বলিং। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবাংলার অর্থনীতিকে ধ্বংস করে পঞ্চায়েতের নামে দলবাজী করে আইন বিরুদ্ধ কাজ করে চলেছেন। আজকে পিক এ্যাণ্ড চুজ করে আপনারা যাদের মনোনীত করেছেন তাদের কি এক্সপার্টাইজ আছে?

**[9.50—10.00 a.m.]**

অর্থাৎ অবাঞ্ছিতদের নিয়ে জনগণ কর্তৃক প্রত্যাখ্যাতদের নিয়ে বেনিফিসিয়ারি কমিটি করেছেন এবং তার মধ্যেও দিয়ে তাদের কিছু পাইয়ে দেবার চেষ্টা করছেন। একজন প্রবীন মাননীয় সদস্য একটু আগে বললেন, কারা নাকি টাকা খরচ করতে পারছে না, সেই জন্য আমরা এই প্রস্তাব এনেছি। কিন্তু তাঁরা ওয়ার্নিংটা জানা দরকার, ভারত সরকারের কথাটা তাঁর জানা দরকার, 'বাবারও বাবা আছে' কথাটা জানা দরকার। আপনারা ২৭৪ জন সদস্য নিয়ে একটা বেআইনী কাজ সংগঠিত ভাবে করতে পারেন, কিন্তু আপনারা মনে রাখবেন ভারতবর্ষের ৭০ কোটি মানুষ ৪০৩ জন সদস্যকে মনোনীত করে ভারত সরকার গঠন করেছে। লোকসভার ৪০৩ জন সদস্যর মাধ্যমে কেন্দ্রীয় সরকার গঠিত হয়েছে। এ কথা কি আপনারা ভুলে যাচ্ছেন? কি দরকার ছিল বেনিফিসিয়ারী কমিটি করার? সুতরাং বাবারও বাবা আছে, you take note of it. What is slander for goose is equally slander for gander .

এ কথা কি আপনারা ভুলে গিয়েছেন? কি দরকার আছে পঞ্চায়েত গুলিকে বাই পাশ করার? আপনারা তাদের ডিসমিস করতে পারেন, You have got the supression power, You

are the master of supersession.

স্যার, ডাক্তারীতে একটা ডিগ্রী আছে 'এম. এস.' মাষ্টার অব সার্জারি। এই বামফ্রন্টও হচ্ছে এম. এস. মাষ্টার অফ সুপারসেশন। সুতরাং It is better to be known as adhoc front. They are master of supersession.

যদি তারা নিয়মবহির্ভূত কাজ করে থাকে তাহলে তাদের আপনারা সুপারসিড করতে পারতেন, কিন্তু তা আপনারা করলেন না। কেন করলেন না? you had the authority and power.

এবং সামারালি ডিসমিস্'ও করতে পারতেন, কিন্তু তা করলেন না। আজকে যে অভিযোগ মান্নান সাহেব তুলেছেন, সে অভিযোগকে আমি সমর্থন করছি। সি. পি. এম. বিগত লোকসভায় লার্জেস্ট গ্রুপ ছিল, কিন্তু গত নির্বাচনে আপনাদের সংখ্যা রিডিউসন হয়েছে ৩৮ থেকে নেমে ২২ এসেছে। আপনারা নির্বাচনে পরাজিত হয়েছেন। I am afraid they will be further liquidated and reduced to a figure of even two.

ভারতবর্ষের ৭০ কোটি জনগণের ভোটে আপনারা ৩৮ হতে ২২ হয়ে গিয়েছেন। আপনাদের নক্কারজনক, ধিক্কারজনক নীতি যদি চলতে থাকে, তাহলে আপনারা ২ নেমে যাবেন। পঞ্চায়েত আপনারা জানেন না, পঞ্চায়েত আপনারা বোঝেন না, সুবিধাবাদী নীতি নিয়ে আপনার পঞ্চায়েতকে ব্যবহার করছেন। স্যার, এঁরা একদিকে গণতন্ত্রের কথা বলছেন, অপর দিকে They are the killer of democracy. It is rape of democracy. [***]

আজকে সেইজন্য আপনাদের হুঁসিয়ার করে দিচ্ছি, 'সাধু সাবধান'। আপনারা গর্তে যেতে চলেছেন, কবরে যেতে চলেছেন, হুঁসিয়ার নিজেদের কবর নিজেরা রচনা করবেন না। Please submit a report to the Assembly as to why it was necessary ? What is the audit report of this beneficiary Committee ? What is the legal status of this Committee and why is this differentiation ?

আশা করি এর উত্তরগুলি আমি পাব। (এই সময়ে শ্রীমতী মহারানী কোঙার কিছু বলার চেষ্টা করেন) [**] এর পরে নৈবেদ্য আছে। একটু কৃপা কর মা। মাননীয় সদস্য বলাই বন্দ্যোপাধ্যায় মহাশয় স্বীকার করে গিয়েছেন যে, হ্যাঁ, তাঁরা রোবোট তৈরী করেছেন বেনিফিসিয়ারী কমিটির নামে। এই তো গত ২৪ শে ডিসেম্বর সারা ভারতবর্ষে নির্বাচন হয়ে গেল, আপনাদের কি অবস্থা হয়েছে দেখেননি? এখানে হেলথ মিনিষ্টার মাথায় টুপি পরে বসে আছেন, তাঁকে অনুরোধ করছি, তুমি লুম্বিনী পার্ক বা রাঁচিতে কিছু সিট বাড়ান এবং রিজার্ভ করে রাখুন, কারণ আগামী নির্বাচনের পর আপনাদের যে কি অবস্থা হবে, সে সম্বন্ধে আমার যথেষ্ট আশঙ্কা রয়েছে। Thank you, Sir, I support this motion.

**মিঃ স্পীকার ঃ-** ডাঃ জয়নাল আবেদিনের বক্তব্য থেকে "ইউ আর রেপিষ্ট" এবং "মা চামুণ্ডা" কথা দুইটি বাদ যাবে।

**শ্রী সুনীল কুমার মজুমদার ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য ডাঃ জয়নাল আবেদিন সহেবের বক্তব্য শুনছিলাম। ডাঃ আবেদিন একটি কথা ঠিকই বলেছেন যে আমরা আসবার পর নতুন করে পঞ্চায়েত করেছি, এটা জয়নাল সাহেব স্বীকার করেছেন এবং জয়নাল সাহেব নিজেই জানেন,

---

[Note : * Expunged as ordered by the chair]

ওনাকে স্মরণ করিয়ে দিতে হবে না - ওনার সঙ্গে আমার বেশ কিছুদিনের আলাপ আছে - ওনার এলাকায় যে অঞ্চল পঞ্চায়েত ছিল সেই সম্পর্কে উনি ওয়াকিবহাল। সুতরাং তখন কি হয়েছিল না হয়েছিল জয়নাল সাহেব তা বেশ ভাল করেই জানেন। আমি আজকে এই প্রস্তাবের বিরোধীতা করে কয়েকটি কথা বলতে চাই। ১৯৭৮ সাল থেকে পঞ্চায়েতের মাধ্যমে ফুড ফর ওয়ার্কের কাজ সুরু হয়েছিল। এটার প্রথম কাজ ছিল মানুষকে কাজের বদলে খাদ্য দেওয়া এবং এরফলে বিভিন্ন এলাকায় কাজের উন্নতি হয়েছিল। কিন্তু ১৯৮০ সালে কংগ্রেসীরা ফুড ফর ওয়ার্কের কাজ বন্ধ করে দেন কতগুলি উদ্দেশ্য নিয়ে। এই ফুড ফর ওয়ার্কের মাধ্যমে গ্রামের ক্ষেত মজুররা যেমন মজুরী পাচ্ছিলো, কাজের সুযোগ এসেছিল তেমনি খাদ্যও আসছিলো। কিন্তু এটা বন্ধ করে দিয়ে মহাজনী শোষন ব্যবস্থা চালু করে দিল। এরপর এন. আর. ই. পির কাজ শুরু হলো। আমরা পরবর্তীকালে লড়াই করে ১ কেজি চাল আদায় করতে পেরেছিলাম। এই.এন.আর.ই.পি. আমাদের হাতে ভাগ করার ব্যবস্থা নেই। এটা আমরা সব জায়গায় ভাগ করে দিই। প্রত্যেক গ্রাম পঞ্চায়েতকে সমান ভাগে ভাগ করে দেওয়া হয়। কিন্তু পরবর্তীকালে দেখা গেল প্রত্যেক গ্রাম পঞ্চায়েতকে ভাগ করে দিলেও অনেক গ্রাম পঞ্চায়েত সময় মত কাজ করতে পারছে না আবার কেউ কেউ সময় মত কাজ সম্পন্ন করেও টাকার প্রয়োজন হয়ে পড়ছে। সেইজন্য বিগ. এন. আর. ই. পির কথা বলা হয়েছে। এই বিগ.এন.আর.ই.পি. জেলা পরিষদের হাতে ন্যস্ত করা হয়েছে। কারণ, ৩ হাজার ৩০৫টি গ্রাম পঞ্চায়েত এবং ৩৩৯ টি পঞ্চায়েত সমিতিকে দেখবার কাজটা একমাত্র জেলা পরিষদই করতে পারে। জেলা পরিষদই দেখবে কোন গ্রাম পঞ্চায়েতে ভাল কাজ হচ্ছে, কিম্বা আরোও কাজের দরকার আছে এবং সেই অনুসারে জেলা পরিষদ সেখানে টাকা এ্যালট করবে। যে গ্রাম পঞ্চায়েত কাজ করতে পারছে না তাদের সাহায্য করার জন্য এবং পঞ্চায়েত সমিতিকে দেখবার জন্য জেলা পরিষদের হাতে দায়িত্ব দেওয়া হয়েছে এবং জেলা পরিষদকে বলা হয়েছে, তোমাদের দেখতে হবে কোথায় কাজ হচ্ছে, কোথায় কাজ হচ্ছে না। আমি আজকে তথ্য নিয়ে আসিনি। আমি যদি তথ্য নিয়ে আসতাম তাহলে স্পেসিফিক্যালি তথ্য দিয়ে বলতে পারতাম এবং জয়নাল সাহেবের উত্তর দিতে পারতাম যে কোথায় কোথায় কাজ হচ্ছে না। এইসব আমার কাছে লেখা আছে, নোট করা আছে। আমাকে দুঃখের সঙ্গে বলতে হচ্ছে, কংগ্রেসী গ্রাম পঞ্চায়েতগুলির মধ্যে বেশ কিছু ভাল কাজ করেছেন, কিন্তু অনেক এমন কংগ্রেসী গ্রাম পঞ্চায়েত আছে যারা কোন কাজই করতে চায় না। তারা এইসব প্রকল্প বন্ধ করার চেষ্টা করছেন। আর.এল.ই.জি.পির ক্ষেত্রে সরকারী একটি সার্কুলার আছে, সেখানে একটি জায়গায় বলা আছে, Funds should be sub - allotted to the implementing agencies including panchayat Samities.

অর্থাৎ আমরা এজেন্সীর বেনিফিসিয়ারী কমিটিগুলিকে কোথায়ও ষ্টাটুটারী কমিটি করিনি। আমরা সব জায়গায় বলেছি জেলা পরিষদ টাকা এ্যালটমেন্ট করবে। ডাঃ জয়নাল আবেদিন একটি কথা বললেন আমরা টাকা খরচ করতে পারিনি। আপনার সবাই জানেন, গত বছর যখন টাকা এসেছে সেই সময়টি ছিল জুন মাস। মাননীয় মন্ত্রী শ্রী বিনয় চৌধুরী মহাশয় বলেছেন জুন থেকে অক্টোবর এই কয়েকমাস বৃষ্টি হয়ে গেছে, এরপর আমরা একটা অন্য অবস্থার মধ্যে পড়ে গিয়েছিলাম, সমস্ত এ্যাডমিনিষ্টেরেসান অন্য অবস্থার মধ্যে ছিল। সেইজন্য গত বছর কাজের ঘাটতি ছিল। কিন্তু সেই কাজ আমরা করে তুলবার চেষ্টা করছি।

**[10.00—10.10 a.m.]**

এখানে আমরা একটা ষ্ট্যাটুটারী কমিটি ঠিক করে দিই। তার একটা এজেন্সী ঠিক করে যে কাজ কি করে হবে। একটা রাস্তায় যদি পঞ্চায়েত সমিতি থেকে তৈরী করা হয়, তাহলে একটা পঞ্চায়েত

সমিতির ৫ টা গ্রাম পঞ্চায়েত থেকে একটা বডি তৈরী করা হবে এবং সেই বডি এজেন্সী ঠিক করে দিচ্ছে। সেই এজেন্সী কাজটার জারিম্ব নিয়ে জেলা পরিষদের কাছ থেকে কাজটা করবে। আমরা নিজেরাই এটা ঠিক করে দিই। এই কাজগুলি করার দায়িত্বে যেভাবে ইনস্ট্রাকশন্ পাওয়া যাবে সেন্ট্রাল গভর্ণমেন্টের কাছ থেকে সেইভাবে কাজগুলো শুরু করা হবে। সুতরাং এই যে অভিযোগগুলো এসেছে সেগুলি ঠিক নয়। মাননীয় জয়নাল সাহেব এমন কথা বললেন যাতে তিনি কোন জেলা পরিষদ - কি কংগ্রেসী, কি অকংগ্রেসী - এই রকম কোন গ্রাম পঞ্চায়েত সম্পর্কে ডিসক্রিমিনেসন করেননি। আমি মনে করি পঞ্চায়েত সিস্টেম চালু রাখার জন্য এই সিস্টেম যদি চালু থাকে তাহলে আমাদের পার্পাস সার্ভ হবে। ওঁরা এই সিস্টেমটাকে ভেঙ্গে দিতে চেয়েছিলেন, মানুষ সেই ভেঙ্গে দেওয়ার বিরুদ্ধে দাঁড়িয়েছে। আমরা সেটা রক্ষা করবার চেষ্টা করছি। কার কোথায় রাজনৈতিক প্রতিষ্ঠা আছে সেটা আমাদের দেখার দরকার নেই। তারপর হিসাব নিকাশের কথা বলেছেন, হিসাব নিকাশের সময় একটু গণ্ডগোল ছিল, এখন প্রায় সব জেলা পরিষদ থেকেই পঞ্চায়েত হিসাব আসছে। আমি প্রস্তুত হয়ে সমস্ত তথ্য নিয়ে এলে আপনাদের সবই দিতে পারতাম। হিসাব নিকাশ দিচ্ছে না এই রকম গ্রাম পঞ্চায়েত আর বিশেষ কোথাও নেই। কাজেই এইসব কথা বলে কোন লাভ নেই। মাননীয় জয়নাল আবেদিন সাহেব ব্যক্তিগত ভাবে জানেন ১৯৭৮ সালের আগে যেসব গ্রাম বা অঞ্চল পঞ্চায়েত ছিল সেইসব পঞ্চায়েত রাজনীতি করত। এখানে আর পার্টির ব্যাপার নেই, আগে খুব পার্টিবাজী হত। আমি মনে করি সমস্ত মাননীয় সদস্য মান্নান সাহেবের আনীত প্রস্তাবের বিরোধিতা করবেন এবং আমি এর বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আবদুল মান্নান ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে প্রস্তাব উত্থাপন করেছিলাম মাননীয় সরকার পক্ষের সদস্যরা তার বিপক্ষে বলতে গিয়ে খুবই অসহায় অবস্থা প্রকাশ করেছেন। তাঁদের দেখে আমার মায়া হয়। মাননীয় সদস্য শ্রী বলাই বন্দ্যোপাধ্যায় মহাশয় যেটা বললেন যে বেনিফিসিয়ারী কমিটি করেছি, মন্ত্রী মহাশয় বললেন যে বেনিফিসিয়ারী কমিটি করিনি, আর একজন মন্ত্রী যদি থাকতেন তিনি হয়ত বলতেন যে বেনিফিসিয়ারী কমিটি করা অন্যায় হয়েছে। কার উত্তরটা দেব বুঝতে পারছি না। এক একজন এক একরকম কথা বলছেন। স্পেশিফিক উদাহরণ দিয়ে পঞ্চায়েতে বেনিফিসিয়ারী কমিটির কথা বলতে পারলেন না। তিনটিকে বাদ দিয়ে কেন বেনিফিসিয়ারী কমিটি করেছেন? তিনটি পঞ্চায়েত সমিতিকে বাদ দিলেন। বলাইবাবু বললেন যে আইনগত ভাবে করেছি, সুনীলবাবু বললেন যে করিনি, কার উত্তরটা দেব। তিনটি পঞ্চায়েত সমিতির ক্ষেত্রে করেছেন, বাকী ১৪টি পঞ্চায়েত সমিতি - একটাতে কেস ঝুলছে - কেন করেন নি?এ প্রশ্ন যদি আমি করি? ২০২টি গ্রাম পঞ্চায়েতের মধ্যে ৫২ টি কংগ্রেসের ওবং বাকী ১৫০ টি আলাদা, আমি মাননীয় সদস্যকে জিজ্ঞাসা করতে চাই যে পঞ্চায়েত সমিতির এক্সাপার্টের কথা বলছেন, তা যিনি হেরে যাওয়া সদস্য সেই তাপসবাবু চেয়ারম্যান হয়ে গেল, তার কি এমন এক্সপিরিয়েন্স বা ডিগ্রী, কি ডিপ্লোমা আছে ? মাননীয় সদস্য শ্রী সত্যপদ ভট্টাচার্য্য মহাশয় বললেন সংকীর্ণ দৃষ্টিভঙ্গী নিয়ে প্রস্তাব এনেছি। বামফ্রন্ট সরকারের সংকীর্ণ দৃষ্টিভঙ্গী আছে, সেটা প্রকাশ না করার জন্য এই প্রস্তাবের বিরুদ্ধে বলতে চান। কংগ্রেস যে সমস্ত গ্রাম পঞ্চায়েত সমিতিতে আছে তাদের কাজ করার অধিকার দেওয়া কি অন্যায্য, সেটা আমি বুঝতে পারছি না। কাজের অধিকার চাওয়াটা কি অন্যায় হবে বুঝতে পারছি না। আমি অবার হয়ে গেছি - মাননীয় মন্ত্রী মহাশয় বলে গেলেন যে, বেনিফিসিয়ারীসকমিটি করেন নি। আমি বুঝিয়ে দিচ্ছি, এবং সেখানে ক্যাশ, এ্যাণ্ড কাইন্ডসে কি দিয়েছেন তাও বলে দিচ্ছি। একটি স্কিম হয়েছে Removation of river protected bundh of Mudeshwari river at Jagannathpur Mouja within Rammohan-1 Gram panchayat. এবং যেটা

কংগ্রেসের একটা পঞ্চায়েত। সেখানে টাকা দিয়েছেন ৩লক্ষ ৫৯ হাজার ৯৬৭ টাকা এবং কাইণ্ডসে দিয়েছেন ১২ হাজার ৯৪ কেজি গম। কিন্তু এই টাকা এবং গম সেখানে পঞ্চায়েতকে না দিয়ে বেনিফিসিয়ারী কমিটিকে দিয়েছেন। আজকে এর রিপোর্টের কি হবে? অডিট রিপোর্টের উত্তর তাঁরা সেখানে কি দেবেন? কাজেই আমরা এর বিরোধীতা করি। বেনিফিসিয়ারী কমিটিকে এগুলো দেওয়ার ব্যাপারে আইনে কি অধিকার আপনাদের আছে? সেখানে বেনিফিসিয়ারী কমিটির কোন অধিকার নেই। সেইজন্যই বলেছি, এখানে বামফ্রন্ট সরকার আছেন, কিন্তু যে টাকাটা আর.এল.ই.জি.পি. স্কিমে পঞ্চায়েতের মাধ্যমে খরচ করতে দেওয়া হয়েছে - সেই টাকা এইভাবে বেনিফিসিয়ারী কমিটির মাধ্যমে খরচ করতে দেওয়াটা কি আইনসম্মত হচ্ছে? সরকার পক্ষের বক্তব্য বেনিফিসিয়ারী কমিটির যৌক্তিকতা সম্বন্ধে বলছিলেন, কিন্তু সেখানে তাঁরা একবারও বললেন না যে, যে সমস্ত কংগ্রেসী পঞ্চায়েত সমিতি আছে, তাঁরাও জনগণের রায় নিয়েই জিতে এসেছেন এবং তাঁদেরও জনগণের কাজ করবার অধিকার আছে। কিন্তু আজকে যদি তাঁদের টাকা না দেওয়া হয়, তাহলে তাঁদের উপর ন্যস্ত দায়িত্ব কি করে তাঁরা পালন করবেন? সেই কারণে, সরকার পক্ষের বক্তারা যে সমস্ত বক্তব্য এখানে রাখলেন এবং কন্ট্রাডিক্টরী বক্তব্য যা রাখলেন - তা গ্রহণ করতে পারছি না। আজকে যে সমস্ত কংগ্রেসী পঞ্চায়েত সমিতি আছে, তাঁদের গণতান্ত্রিক পদ্ধতিতে কাজ করবার সুযোগ দেওয়া হোক - এই প্রস্তাব করে এবং আমার আনীত প্রস্তাবকে গ্রহণ করবার আবেদন রেখে আমার বক্তব্য শেষ করছি।

## The motion Shri Abdul Mannan that

"যেহেতু এন আর ই পি (বিগ) স্কীম এবং আর এল ই জি পি স্কীমে বিভিন্ন জেলায় রাস্তা নির্মাণ, বন্যা প্রতিরোধ, নদীবাঁধ নির্মাণ ও মেরামত করার জন্য পঞ্চায়েত সমিতিগুলির মাধ্যমে কাজ করার জন্য টাকা বরাদ্দ হয়েছে;

যেহেতু বিভিন্ন পঞ্চায়েত সমিতি উক্ত কাজগুলি স্থানীয় সমস্যার পরিপ্রেক্ষিতে এবং অগ্রাধিকারের ভিত্তিতে করে থাকে ;

যেহেতু আরামবাগ, খানাকুল ১ নং ও তারকেশ্বর পঞ্চায়েত সমিতিকে উপেক্ষা করে হুগলী জেলা পরিষদ কর্তৃক মনোনীত "বেনিফিসিয়ারী কমিটি" উক্ত স্কীমের টাকা খরচ করছেন।

যেহেতু উক্ত "বেনিফিসিয়ারী কমিটি" ইতিমধ্যে খানাকুল ১নং পঞ্চায়েত সমিতির এলাকা ভুক্ত খানাকুল কাছড়া সড়ক নির্মাণের প্রায় ১ লক্ষ টাকা ও এন আর ই রি (বিগ) স্কীমে আটটি প্রকল্পের ৮ লক্ষাধিক টাকা সরাসরি খরচ করেছে ;

যেহেতু হুগলী জেলা পরিষদ কর্তৃক উক্ত "বেনিফিসিয়ারী কমিটি' গঠনের কোন আইনসঙ্গত বিধি নাই;

যেহেতু এইভাবে খরচ করার ফলে আরামবাগ, খানাকুল ১ নং ও তারকেশ্বর পঞ্চায়েত সমিতিগুলি বিধিদ্বারা প্রদত্ত গণতান্ত্রিক অধিকার থেকে বঞ্চিত হচ্ছে;

যেহেতু উক্ত "বেনিফিসিয়ারী কমিটি' উপরোক্ত পঞ্চায়েত সমিতিগুলিকে উপেক্ষা করে টাকা খরচ করার ফলে বরাদ্দ অর্থের সদ্ব্যবহার হচ্ছে না;

সেইহেতু এই সভা বরাদ্দকৃত অর্থের পূর্ণ সদ্ব্যবহারের নিমিত্ত স্থানীয় এলাকায় গ্রামোন্নয়ন কর্মসূচীর সুষ্ঠু রূপায়ণের জন্য হুগলী জেলা পরিষদকে আরামবাগ, খানাকুল ১ নং ও তারকেশ্বর

পঞ্চায়েত সমিতিগুলির মাধ্যমে পূর্বোল্লিখিত স্কীমগুলির কাজ সম্পন্ন করার জন্য রাজ্য সরকারকে অনুরোধ জানাচ্ছে। was then put and a Division was taken with the following results.

**NOES**

Abdul Quiyom Molla, Shri

Abdus Sobhan Gazi, Shri

Adak, Shri Gourhari

Anisur Rahman Biswas Shri

Atahar Rahaman, Shri

Bagdi, Shri Lakhan

Bagdi. Shri Natabar

Bandyopadhyay, Shri Balai

Basu, Shri Ajit

Bera, Shrimati Chayyay

Bera, Shri Pulin

Bhattacharya, Shri Lal Behari

Bhattacharya, Shri Gopal Krisna

Bhattacharya, Shri Satya Pada

Biswas, Shri Hazary

Biswas Shri Jayanta Kumar

Biswas, Shri Kamalakshmi

Biawas, Shri Kanti Chandra

Bouri, Shri Nabani

Chakraborty, Shri Umapati

Chakraborty, Shri Deb Narayan

Chatterjee, Shri Dhirendra Nath

Chatterjee, Shri Tarun

Chattopadhyay, Shri Sadhan

Chattopadhyay, Shri Santasri

Choudhury, Shri Gunadhar

Chowdhury, Shri Bikash

Dakua, Shri Dinesh Chandra

Das, Shri Banamali

Das, Shri Jagadish Chandra

Das Mahapatra, Shri Kamakhyanandan

De, Shri Sunil

Deb, Shri Saral

Ghosh, Shri Satyendra Nath

Ghosh, Shri Debsaran

Ghosh, Shri Kamakhya

Ghosh, Shri Shusanta

Goppi, Shrimati Aparajita

Goswami, Shri Ramnarayan

Goswami, Shri Subhas

Hajra, Shri Sachindra Nath

Hazra, Shri Haran

Hira, Shri Sumanta Kumar

Jana, Shri Haripada

Jana, Shri Manindra Nath

Kalimuddin Shams, Shri

Kar, Shrimati Anju

Kar, Shri Nani

Khan, Shri Sukhendu

Koley, Shri Birendra Nath

Konar, Shrimati Maharani

Let Shri Dhirendra

M. Ansar-Uddin, Shri

Mahata, Shri Kamala Kanta

Majhi, Shri Raicharan

Maji, Shri Swadeshranjan

Majumdar, Shri Sunil Kumar

Malik, Shri Sreedhar

Mallick, Shri Siba Prasad

Mandal, shri Bhakti Bhusan

Mandal, Shri Rabindra Nath

Mandal, Shri Sukumar

Mandi, Shri Ramapada

Mandi, Shri Sambhunath

Mazumdar, Shri Dilip Kumar

Mir Fakir Mohamdmad, Shri

Mohammad Ramjan Ali, Shri

Mohanta, Shri Mdhabendu

Molla, Shri Anadi

Mondal, Shri Dinabandhu

Mondal, Shri Dinabandhu

Mondal, Shri Raj kumar

Mondal, Shri Shashanka Sekhar

Mondal Shri Sudhansau Sekhar

Mukherjee, Shri Amritendu

Mukherjee, Shri Anil

Mukherjee, Shri Bamapada

Mukherjee, Shri Narayandas

Mukhopadhyay, Dr Ambarish

Munsi, Shri Mahammad Bacha

Murmu, Shri Sarkar

Murmu Shri Sufal

Nath Shri Monoranjan

Oraon, Shri Mihon Lal

Pal, Shri Bijoy

Panda, Shri Mohini Mohan

Pathak, Shri Patit Paban

Pradhan, Shri Prasanta Kumar

Pramanik, Shri Abinash

Raha, Shri Sadhan

Ray, Shri Achintya Krishna

Ray, Shri Birendra Narayan

Ray, Shri Dwijendra Nath

Ray, Shri Matish

Ray, Shri Subhas Chandra

Roy, Shri Amalendra

Roy, Shri Haradhan

Roy, Shri Hemanta Kumar

Roy, Shri Sattick Kumar

Roy, Shri Umakanta

Roy Barman, Shri Khitibhusan

Roy Chowdhury, Shri Nirode

Saha, Shri Jamini Bhuson

Saha, Shri Kripa Sindhu

Sar, Shri Nikhilananda

Saren, Shri Ananta

Sarker, Shri Kamal

Satpathy, Shri Abani Bhusan

Sayed Md. Masih, Shri

Sen, Shri Diren

Sen, Shri Sachin

Sen Gupta, Shri Prabir

Seth Shri Laksman Chandra

Shish Mohammad, Shri

Sinha, Dr. Haramohan

Sinha, Shri Probodh Chandra

Soren Shri Khara

Tirkey, Shri Manohar

Tudu Shri Bikram

Uraon, Shri Subodh.

**AYES**

Abdul Mannan, Shri

Abdur Rauf Ansari, Shri

Abedin, Dr. Zainal

Banerjee, Dr. Soshovan

Bhattacharryya, Shri Amarendra Nath

Bose, Dr Sisir Kumar

Gyan Singh Sohanpal, Shri

Mahata, Shri Subhas'Chandra

Misra, Shri Kashinth

Molla, Shri Fazle Azim

Moslehuiddin Ahmed, Shri

Mukherjee, Shri Samar

Sadhukhan, Shri Tarapada

Sha, Shri Gonga Prasad

Trivedy Shri Bankim

**Abstaintion**

Sarkar, Shri DebaPrasad

Mondal, Shri Kshitiranjan

Ayes being 15 & Noes 121, the motion was lost

**[10.10—10.20 a.m.]**

**ডাঃ জয়নাল আবেদিন ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে নিবেদন করতে চাই আনডার রুল ১৬৮-এর উপর। গত ৩-৫-৮৫ তারিখে যাঁদের লটারীতে নাম উঠেছিল সেই ৩টি রেজলিউসান মুভ করতে দিয়েছেন এবং স্বাভাবিক ভাবেই আমরা প্রয়োজন মনে করেছিলাম তাতে এ্যামেন্টমেন্ট দেবার। স্যার, এই হাউসে অপিনিয়ান এক্সপ্রেস করার, সংকল্প ঘোষণা করার এবং সুপারিশ ঘোষণা করার অস্ত্র আমাদের হাতে আছে আনডার রুল ১৬৮-এর বলে।

If it is moved by Minister under 169 then it is moved by a Member and admitted by Mr. Speaker under 168 and next these two should be placed to vote, but the procedure under rule 194 is dropped out. There is no express Provision for putting the motion brought under rule 194 to vote.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে আমি দুটি জিনিস তুলে ধরতে চাই। সেই দিন আপনি বলেছিলেন যে বিষয়ে এখানে উত্থাপিত হয়েছে লোকসভায় এই বিষয়ে অগ্রাহ্য হয়। আপনার রুলিং আমি মাথা পেতে নিলাম যে লোকাল ইনটারেষ্ট দেখা দরকার। কিন্তু লোকাল ইনটারেষ্ট যা ছিল,- Why it will entail the people of India ?

এটা আপনার ভাবা উচিৎ ছিল। সেইজন্য রেজলিউসানের স্কোপ যাতে থাকে সেটা আপনি দেখবেন। যখন ১৯৭১ সালে বাংলাদেশে মুক্তি সংগ্রাম শুরু হয়েছিল তখন একদিকে জ্যোতিবাবু এবং অন্য দিকে অজয় মুখার্জী মহাশয় একটা যৌথ প্রস্তাব এনেছিলেন আনডার রুল ১৬৮। আমি কাউল এ্যাণ্ড সাকদর... at page 550 about resolution. নিয়ে বলতে চাই যে আমরা কাগজে দেখেছি যে আমাদের সংশোধনীগুলি নাকি নাকচ হয়ে গেছে। ইট ইজ এ রেজলিউসান, রেজলিউসান সম্বন্ধে এক্সপ্রেস অপিনিয়ান আছে। আপনার কাছে নিবেদন করতে চাই, কাগজ দেখে এটা বলেছি, আসল ঘটনা কি ঘটলো সেই সম্বন্ধে আমরা এখনও কিছু রিপোর্ট পাইনি। আমি আপনার কাছে পেজ ৫৫০, 'ফর্ম এ্যাণ্ড কনটেন্টস্ অফ দি রেজলিউসান বলতে চাই।

**মিঃ স্পীকার ঃ-** আপনি তো ১৬৮-এর উপর বলছেন, এটা তো হয়ে গেছে। এর উপর বলে লাভ কি হবে?

**ডাঃ জয়নাল আবেদিন ঃ-** স্যার, আপনি জ্ঞানী লোক, আপনি যদি আমাদের জ্ঞান দেন তাহলে আমরা কি করবো?

**মিঃ স্পীকার ঃ-** আমি জ্ঞান দেব কেন? আপনার কি জ্ঞানের অভাব আছে?

**ডাঃ জয়নাল আবেদিন ঃ-** স্যার, কালিদাস যেমন শুকনো ডালে বসে মহাকবি হয়েছিলেন, সেই রকম এই চেয়ারে বসে মানুষ মহাজ্ঞানী হন। স্যার, আমি যে কথা বলতে চাই Resolution must

**purport to convey the opinion of the House as a whole not only of a section thereof.**

**স্যার, এখানে মাষ্ট কথাটা আছে। তাহলে স্যার, আমাদের সংশোধনী ওনারা গ্রহণ করতে বাধ্য, নইলে আপনি সময় দেবেন।**

**মিঃ স্পীকার ঃ-** এখানে ভোটিং হবে না?

**ডাঃ জয়নাল আবেদিন ঃ-** ভোটিং তো হবেই।

**মিঃ স্পীকার ঃ-** ঠিক আছে, আগামী দিনের সেশানে এই দিয়ে আলোচনা হবে। নাউ প্লিজ টেক ইয়োর সিট। I now call upon Shri Sadhan Chattopadhayay to move this resolution under rule 185.

**শ্রী সাধন চট্টোপাধ্যায়ঃ-** মাননীয় অধ্যক্ষ মনহাশয়, আপনার অনুমতি নিয়ে, বিগত কংগ্রেস আমলে অর্থাৎ ১৯৪৭ সালের পর থেকে এই বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হওয়ার আগে পর্যন্ত খাদ্যশষ্য এবং নিত্য প্রয়োজনীয় জিনিস পত্রের দাম ক্রমাম্বয়ে বেড়ে যাওয়ায় সেই দ্রব্যমূল্য বৃদ্ধির প্রতিরোধ করতে গিয়ে কলিকাতা, কুচবিহার, বারাসাত, কৃষ্ণনগর সহ বিভিন্ন জায়গায় যাঁরা শহিদ হয়েছিল তাঁদের কথা স্মরণ করে আমি এই প্রস্তাব উত্থাপন করছি। স্যা, আই বেগ টু মুভ।

যেহেতু মূল্যবৃদ্ধি, মজুতদারী ও কালোবাজারী রোধে ভারত সরকার কোনও কার্যকরী ব্যবস্থা গ্রহণ না করায় খাদ্যশষ্য সহ নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম গরীব ও অন্যান্য সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার বাইরে চলে যাচ্ছে।

যেহেতু বিভিন্ন রাজ্যে উৎপাদিত বিভিন্ন জিনিষের পরিপোষণ মূল্য বা সর্বনিম্নদাম ভারত সরকার নির্ধারণ করে থাকেন;

যেহেতু নিত্য প্রয়োজনীয় জিনিষপত্র ন্যায্য দামে পাওয়ার জন্য পশ্চিমবঙ্গ সহ ভারতের বিভিন্ন রাজ্যের জনসাধারণ বার বার দাবী জানাচ্ছেন এবং তার সমর্থনে গণতান্ত্রিক আন্দোলনের সামিল হচ্ছেন,

সেইহেতু এই সভা রাজ্য সরকারের মাধ্যমে ভারত সরকারের নিকট অনুরোধ জানাচ্ছে যে - (১) ১৪টি নিত্যপ্রয়োজনীয় জিনিস যথা ঃ (চাল-গম-ডাল প্রভৃতি), ভোজ্য তেল, লবণ, চিনি, কেরোসিন, কয়লা, সোডা সাবান, শিশুখাদ্য, সার , কীটনাশক ডিজেল, সিমেন্ট, সাধারণ কাপড় ও সাধারণ ঔষধ পশ্চিমবঙ্গ সহ সারা ভারতে একই দামে সরবরাহ, বন্টন ও সংগ্রহের দায়িত্ব ভারত সরকার গ্রহণ করুন, এবং (২) উক্ত ১৪টি নিত্যপ্রয়োজনীয় জিনিস নিয়মিত সরবরাহ করার জন্য প্রয়োজনে ভরতুকি দেওয়ার দায়িত্ব ভারত সরকার গ্রহণ করুন।

**মিঃ স্পীকার ঃ-** There are 7 amendments. All the amendments except No.6 in the name of Shri Kashinath Misra are in order.

**শ্রী অমরেন্দ্র নাথ ভট্টাচার্য্য ঃ-** মিঃ স্পীকার স্যার, আমরা কলকাতার মানুষ। ট্রামে বাসে যেতে যেতে প্রায়ই পকেটমার হতে আমরা দেখি। এরই সঙ্গে আমরা দেখি পকেটমার পকেট মেরে অন্যদিকে আঙুল তুলে দেখায় ঐ দিকে পকেটমার পকেট মেরে ধরা পড়বার ভয়ে সে অন্যদিকে আঙুল তুলে চীৎকার করে বলে ঐ দিকে পকেটমার, যাতে তার দিকে কারোর নজর না পড়ে।

পশ্চিমবাংলা সরকারের কোন সদস্য বা সমর্থক এই ধরণের প্রস্তাব যে আনবেন তা আমরা জানতাম। কারণ, পশ্চিমবাংলায় এই ১৪টি জিনিসের দরকার নেই, এখানে জীবন যাপনের নিত্য প্রয়োজনীয় অন্য যে কোন জিনিষ আছে - খাওয়ার শাক থেকে আরম্ভ করে মাথায় মাখবার তেল পর্যন্ত - প্রত্যেকটির দাম আগুনের মত হু হু করে বাড়ছে। এঁরা ১৪টি জিনিষের দাম কমানোর জন্য প্রস্তাব এখানে এনেছেন। দাম কমানোর প্রস্তাব- খুব ভাল কথা। কিন্তু দাম কমানোর বাস্তবতা আসে কোথায়? রাষ্ট্রের হাতে যদি উৎপাদন এবং বন্টন - বিতরণ - বিপননের নিয়ন্ত্রনের ব্যবস্থা পুরোপুরি থাকে, তাহলেই রাষ্ট্রের পক্ষে নিয়ন্ত্রন করা সম্ভব। এই সব অথরিটেরিয়াল বা টোটালিটেরিয়ান গর্ভনমেন্টের পক্ষেই সম্ভব। এই সব দাবী চীন বা রাশিয়াতেই সম্ভব; যদিও কাগজে দেখতে পাই যে এই দিন এই জিনিষ, ঐদিন অমুক জিনিষের দাম এই ছিল। পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার ক্ষমতায় আছেন। তাঁদেরই সমর্থক এক সদস্য এই প্রস্তাব এখানে রেখেছেন। আমি তাঁর কাছে অনুরোধ জানাই যে, তিনি তাঁর সরকারের কাছে বলুন - বর্ধমানকে তো খাদ্যশস্যের গোলাভাণ্ডার বলা হয়, সেখানে যে চালের দর আছে, তা দুর্গাপুর এবং রানীগঞ্জেও এক রাখুন। ক্যানিং, ইটিণ্ডাঘাটাতে মাছের যে দর, তা এক করে দিন শ্যামবাজার, হাতিবাগান ও পাতিপুকুরে। হাতিবাগান ও পাতিপুকুরে মাছের দাম এক হোক। লেবুর দরে হাওড়ার সঙ্গে কলকাতার পার্থক্য আছে, সেটা এক হোক। বাজারে গিয়ে শাক কিনতে গেলে কোথায় দেখি ২৫ পয়সা, কোথাও বা ৫০ পয়সা দর - এটা এক হোক। এই সরকারের নিয়ন্ত্রণ-বিপনণ ব্যবস্থায় এই ধরণের যদি কিছু করতে পারেন, তাহলেই এই ধরণের দাবীর পিছনে কিছু যুক্তি আছে বলা যেতে পারে এবং কেন্দ্রের কাছে ১৪টি জিনিসের দর এক করার জন্য চেষ্টা করতে পারেন বা দাবী জানাতে পারেন। এই অবস্থায় কেন্দ্রের পক্ষে সম্ভব নয়, কারোর পক্ষেই বোধহয় সম্ভব নয়। উৎপাদন এবং বিপনণ ব্যবস্থা রাষ্ট্রের হাতে পরিপূর্ণ না থাকলে দর নিয়ন্ত্রণ কখনই সম্ভব নয় পশ্চিমবাংলা সরকার তো অনেক জিনিষেরই দর নিয়ন্ত্রন করেছেন। এখানে কোন জিনিসের দাম এক জায়গা থেকে অন্য জায়গায় কি এক আছে? কোথাও কি পেরেছেন দর নিয়ন্ত্রণ রাখতে? রাজীব গান্ধীর কাছে যাওয়ার প্রয়োজন নেই, জ্যোতিবাবুকে আগে বলুন না দর নিয়ন্ত্রণ করতে? আগে ঘরের মধ্যেই ব্যবস্থা হোক। 'আপনি আচরি ধর্ম শিখাও অপরে'। নিজেরা নিয়ন্ত্রণ করতে পারেন এমন বহু জিনিসেরই দর বহু ক্ষেত্রেই নিয়ন্ত্রণ করতে পারেন নি। সেই সমস্ত জিনিসেরই বহুবারই হু হু করে বেড়েছে।

**[10.20—10.30 a.m.]**

আজকে পশ্চিমবঙ্গের জনজীবন বিপর্যস্ত ওদের মূল্যবৃদ্ধির জন্য। পাঁটালির দর কি কেন্দ্র ঠিক করে দেবেন? গুড়ের দব, মুড়ির দর, খইয়ের দর এবং পাঁপড়ের দর কি কেন্দ্র ঠিক করে দেবে? এইগুলির দাম বাড়ছে কেন? মুড়ি, গুড় চিড়ে ইত্যাদির নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম বাড়ছে কেন? এইগুলির দাম আপনার নিয়ন্ত্রণ করতে পারছেন না কেন? আমরা ডাঃ বিধান রায়ের এবং শ্রী প্রফুল্ল চন্দ্র সেন মহাশয়ের আমলে দেখেছিলাম যে মূল্যবৃদ্ধি রোধের একটা ব্যবস্থা থাকতো। আমরা তাঁদের আমলে আড়াই টাকা করে পোনা মাছের দর দেখেছি। প্রফুল্ল সেন মহাশয় তাঁর আমলে বলেছিলেন জিনিষপত্রের দাম বৃদ্ধির জন্য জনসাধারণ যদি প্রতিবাদ করেন তাহলে আমার বলার কিছু নেই, আপত্তি করার কিছু নেই। সেই সময়ে তরুণ কান্তি ঘোষ মহাশয় মৎস্য মন্ত্রী ছিলেন, তিনি ২ টাকায় মাছের দর করবার চেষ্টা করেছিলেন। আজকে কিন্তু এই সরকারের সেইরকম মূল্যবৃদ্ধি রোধ করার সদিচ্ছা দেখতে পাচ্ছি না। পুঁটি মাছের দর নিয়ন্ত্রণ হোক, এটা তো কেউ বললেন না যে তেলাপিয়া মাছের দর নিয়ন্ত্রণ হোক। আপনারা বললেন তো কেউ চিড়ের দর, মুড়ির দর এবং সাবুর দর নিয়ন্ত্রণ হোক, যেগুলির মানুষের জীবন ধারণের ক্ষেত্রে একটি নিত্য প্রয়োজনীয় অঙ্গ। আপনারা ব্যাপারীতে

সাহায্য করার জন্য মূল্য নিয়ন্ত্রণ করবার কোন প্রস্তাব আনেন নি। সাধারণ মানুষের মুখে যাতে কিছু না যায় এবং ব্যাপারীতে যাতে আর্থিক সুবিধা হয় তার ব্যবস্থা আপনারা করছেন। এক্ষুনি অনিলবাবু বলতে উঠে কেন্দ্রীয় সরকারে চলে যাবেন সেটা আমি জানি কিন্তু আপনারা একটু পশ্চিমবঙ্গ সরকারের কথা ভাবুন। বঙ্গলিপি খাতা বিতরণ করার জন্য নির্ধারিত দর হয়েছে কিন্তু বাজারে ঐ খাতাই পাওয়া যায় না, বাজারে নির্ধারিত দামে কাগজ পাওয়া যায় না, বাজারে নির্ধারিত মূল্যে কালি নেই। নির্ধারিত মূল্যে বই নেই, আপনার বইয়ের দর অন্তত নিয়ন্ত্রণ করুন কারণ নির্ধারিত মূল্য বই কখনই পাওয়া যায় না। এই সবগুলিই অত্যাবশকীয় সামগ্রী। কেন্দ্র কেন দাম কমাচ্ছে না তার জন্য আপনারা সর্বদা হুমকী দিচ্ছেন কিন্তু নিজেদের দোষটা দেখছেন না। আপনারা চালের দর মাছের দর নিয়ন্ত্রণ করাবার ব্যবস্থা করুন। আপনারা আটা, চিড়ে, মুড়ি চাল ইত্যাদির মূল্য নিয়ন্ত্রণ করবার ব্যবস্থা করুন। তারপরে আপনারা রেশনে চিনি দেওয়া বন্ধ করে দিয়ে সেই চিনি খোলা বাজারে বেশী দামে বিক্রি করছেন। আপনারা কোনটার দাম নিয়ন্ত্রণ করতে সক্ষম হয়েছেন? আপনারা আগে নিজ নিজ ব্যবস্থায় কিছু করুন, পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার অন্তত কিছু কিছু জিনিষ নিয়ন্ত্রণ করবার সৎ সাহস দেখান তারপরে কেন্দ্র কেন্দ্র করে চিৎকার করবেন। আপনারা সারা ভারতবর্ষের কথা ভাবেন, ভারতবর্ষ অনেক বড়, তার ম্যাপও অনেকে চেনে না। সেইজন্য আমি মাননীয় সাধন চট্টোপাধ্যায় মহাশয় যে রেজোলিউশান এনেছেন সেটা আমি সর্বান্তকরণে বিরোধীতা করছি।

**শ্রী ভক্তি ভূষণ মণ্ডল :-** মাননীয় স্পীকার স্যার, আমাদের অপজিশানে যারা আছেন অর্থাৎ কংগ্রেসীরা কেন যে এটাকে বিরোধীতা করছেন বুঝতে পারছি না। এই যে রেজোলিউশান এসেছে সেটা কোন বেসিসে এসেছে সেটা একটু বিচার বিবেচনা করে দেখা দরকার। ওনারা লোকেদের কাছে বলে বেড়ান যে ওনারা দরিদ্রদের কথা ভাবেন আসলে কিন্তু তা নয়। এখানে যে ১৪টি দ্রব্যের কথা বলা হয়েছে তার ব্যবহারিক যে অভিজ্ঞতা সেটা নিশ্চয় সকলে জানেন ওনারা চান গরীব মানুষ যাতে আরো বেশী গরিব হয়, এবং এই গরীব শ্রেণীর যাতে আরো বেশী খারাপ হয় এটা সকলেই মনে করেন কিন্তু যেগুলির মধ্যে সবচেয়ে বেশী নেসেসিটিজ অফ লাইফ বিদ্যমান।

অর্থাৎ আরো ভালোভাবে বুঝিয়ে বলতে গেলে বলতে হয় ৩০।৪০ টাকা রোজগার করে মাসে যারা তাদের সমস্ত টাকাটাই চলে যায় চাল কিনে ভাত খাবার জন্য - অর্থাৎ হানড্রেড পারসেন্টই চলে যায়। কিন্তু যদি বিড়লাকে দেখি তাহলে দেখা যাবে তাদের খাদ্যের জন্য কত যায়। এখানে যে ১৪ দফার কথা বলা হয়েছে তাতে .০০০ তেও তার কিছু হবে না। কাজেই তাদের যা ইনকাম সেই ইনকামের যে প্রপোরশান সেটা ওদেরকে চিন্তা করতে বলছি। সবচেয়ে গরীব মানুষ তাদের যদি এই ১৪টা নিত্য প্রয়োজনীয় জিনিস ঠিকভাবে সবজায়গায় নিয়ন্ত্রণ করে দিতে পারা যায় তাহলে তার যে প্রপোরশান বা রেটেবল ইনকাম তাতে অধিকাংশ লোকই সুবিধা পাবে। নিচুস্তরে যারা সবচেয়ে কম ইনকাম করে তারা এটাতে এ্যাডভানটেজ পাবে। এই পয়েন্টটা যদি চিন্তা করা যায় তাহলে বলব আপনারা এটা একটু ভেবে দেখবেন। এটাতে অনেক চিন্তা ভাবনা করা হয়েছে। প্রপোরশান অফ ইনকাম-এর উপর নির্ভর করে কে কত পারসেন্ট খরচ করেছে । এর জন্য আছে লো ইনকাম গ্রুপগুলি সেটা যদি দেখা যায় তাহলে দেখা যাবে সবচেয়ে বেশী খরচ করে এরজন্য । আর যত হাই ইনকাম গ্রুপের দিকে যাওয়া যাবে তাদের এদিকে খরচ কমে যায়। মারজিনাল ইউলিটি অফ মানির ভিত্তিতে যদি ভাবি তাহলে বলব যে এই রেজোলিউশানে আপনাদের আপত্তি করা উচিৎ হবে না। মারজিনাল ইউলিটি অফ মানির কথা যদি ভাবি তাহলে একটা গরীব মানুষের মারজিনাল ইউলিটি অফ মানি যেখানে ১ টাকা সেখানে বিড়লার মারজিনাল ইউলিটি অফ মানি দাঁড়াতে পারে না। কাজেই এই কথা চিন্তা ভাবনা করতে হবে। এখানে ১৪ দফা যা বলা হয়েছে তাতে আমরা প্রায়োরিটি দিতে

পারি সবচেয়ে বেশী ফুডের উপরে। ফুডের জন্য তারা ৮০।৯০ পারসেন্ট খরচ করে। তাদের কাছে ১৪ দফা হচ্ছে কনভেনশনাল নেসেসিটি। কিন্তু মেন যেটা সেটা হচ্ছে ফুড, কাপড়, লবণ এবং আরো দু একটি জিনিষ কেরোসিন তেল ও আদার থিংস। সেইজন্য আপনাদেরকে বলছি যদি গরীবের কথা ভাবেন তাহলে বলবো এটাতে আপত্তি করা বা বিরোধীতা করার কোন স্কোপ নেই। মারজিনাল ইউটিলিটি অফ মানি যেটা সেটাতে সবচেয়ে বেশী নিচু স্তরের লোকেদের টাকা খরচ হয়। আপনারা ফুডের নেসেসিটি নিয়ে একটু বিবেচনা করবেন। আর একটি কথা হচ্ছে এর মধ্যে অধিকাংশ জিনিষ আমাদের পশ্চিমবাংলায় সারপ্লাস নয়। যদি সারপ্লাস হতো তাহলে সেন্ট্রাল গভর্ণমেন্টকে বলবার দরকার হতো না। অমরবাবু বললেন আপনি আচরি ধর্ম পরকে শেখাও। কিন্তু যেহেতু সারপ্লাস নয় সেইহেতু আমাদের বক্তব্য হচ্ছে এটা অল ইণ্ডিয়া সেন্ট্রাল গভর্ণমেন্ট কনসানর্ড। যেমন ধরুন চাল, ডাল, সরষের তেল, এই সমস্ত জিনিষ গুলি যদি দেখা যায় তাহলে বলবো যে পশ্চিমবঙ্গে সারপ্লাস নেই। আমাদের এটা যদি সারপ্লাস না হয় তাহলে এটা আমরা করতে পারি না। সেই জন্য বলছি ওদের এটা গ্রহণ করা উচিৎ, আপত্তি করা উচিৎ নয়, এবং আমরা সেই জন্যই এই প্রস্তাব এনেছি।

**[10.30—10.40 a.m.]**

**শ্রী কাশীনাথ মিশ্র :-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় সদস্যগণের তরফ থেকে ১৮৫ ধারায় যে মোসন আনা হয়েছে তার উপরে আমি এবং আমার দলের পক্ষ থেকে যে কয়টি এ্যামেণ্ডমেন্ট দেওয়া হয়েছে অন্ততপক্ষে সেগুলি যদি তাঁরা বিবেচনা করতেন তাহলে ভাল হতো। যে ১৪ টি নিত্যপ্রয়োজনীয় জিনিবের দাম কেন্দ্রীয় সরকারের মাধ্যমে বাঁধবার জন্য তাঁরা চিন্তা ভাবনা করছেন তার সঙ্গে আমরা একমত। কিন্তু জিনিষপত্রের দাম নিয়ন্ত্রন এবং সুষম বন্টনের ক্ষেত্রে রাজ্য সরকারের যে দায়িত্ব আছে সেখানে কিন্তু আমরা বৈষম্যমূলক আচরণ লক্ষ্য করছি। আমরা দেখছি যে সমস্ত লোককে কনট্রোল করবার অধিকার এই সরকারের আছে সেই অধিকার তাঁরা প্রয়োগ করছেন না। কালোবাজারী এবং মজুতদারদের দমন করবার জন্য যে এসেনসিয়াল কমোডিটিস্ এ্যাক্ট রয়েছে সেই আইনের সদ্ব্যবহার সরকার করলেন না। এই আইন কার্যকরী করবার দায়িত্ব রাজ্য সরকারের, কেন্দ্রীয় স্বরাষ্ট্রগত দপ্তর এসে এই আইন নিশ্চয়ই কার্যকরী করবেনা। রাজ্য সরকার তার স্বরাষ্ট্র দপ্তরের মাধ্যমে এই আইন কার্যকরী করবেন। কিন্তু সেখানেও দেখছি এই সরকার ব্যর্থ হয়েছেন। আপনারা বলুন গত ৭বছরে আপনারা কত কালোবাজারী এবং মজুতদারদের এই আইনের মাধ্যমে গ্রেপ্তার করেছেন? সাধারণ মানুষ যারা ২/১ লিটার কেরোসিন তেল বিক্রি করেছে বা চাল বিক্রি করেছে তাদের আপনারা ধরেছেন এবং কেস করেছেন। প্রকৃতপক্ষে আপনারা কালোবাজারী এবং মজুতদারদের ধরবার ক্ষেত্রে বিরত হয়েছেন। আজকে পেট্রলজাত দ্রব্যের কথা বলা হয়েছে। এবং একথাও বলা হচ্ছে, এর দাম বেড়েছে বলে অন্যান্য জিনিসের দাম বেড়েছে। আপনারা যদি বিশেষভাবে চিন্তা করেন তাহলে দেখবেন পেট্রলজাত জিনিসের দাম ৪ পারসেন্ট করে বাড়লেও তার চেয়ে অনেক গুণ বেশী বেড়েছে অন্যান্য জিনিসের দাম। বৈজ্ঞানিক ভিত্তিতে এগুলি কার্যকর করা হলনা বলে জিনিসপত্রের দাম এই ভাবে বেড়েছে। এই ব্যাপারে অহেতুক কেন্দ্রীয় সরকারের উপর দোষারোপ করা হচ্ছে। আপনারা জানেন ভারত সরকার গত ৮ মাস আগে গমের দাম কমিয়ে দিয়ে পার কুইন্টাল ২৭২ টাকার জায়গায় ২৩৬ টাকা করেছে। গমের দাম কমার পর পশ্চিমবঙ্গ সরকার ময়দার দাম কমিয়ে দিয়েছে। ময়দার দাম যখন তাঁরা কমালেন তখনও ১ পাউন্ড পাঁউরুটির দাম ১.৪০ পয়সা কেন? কেন আপনারা পাঁউরুটির দাম কমালেন না? আমরা সকলেই জানি পাঁউরুটি সাধারণ মানুষ, রিক্সাওয়ালা, ক্ষেতমজুর প্রভৃতিরা খায়। পাঁউরুটির দাম কমালে তাদের একটু সুবিধা হোত। এটাও কি কেন্দ্রীয় সরকার এসে কমাবেন? কেন রাজ্যসরকার এটা কার্যকরী করলেন না? এতেই

বোঝা যাচ্ছে আপনারা কতখানি গরীব দরদী।

আপনারা দেখছি কিছু সংখ্যক ব্যবসায়ী এবং কালোবাজারীদের আরও মুনাফা লুঠবার সুযোগ করে দিয়েছেন। বৈজ্ঞানিক ভিত্তিতে বিভিন্নভাবে মূল্যবৃদ্ধি রোধ করার চেষ্টা হয়নি বলে আমরা দেখছি এখানকার উৎপাদিত সামগ্রিকে ঠিকভাবে ব্যবহার করা যাচ্ছে না।

আজকে পশ্চিমবঙ্গে চাষআবাদ বৈজ্ঞানিক পদ্ধতিতে হচ্ছে না। আজকে যদি সরেজ টেষ্ট থেকে আরম্ভ করে সমস্ত কিছু বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষ করার জন্য সরকার ভূমিকা গ্রহণ করতেন তাহলে চাষীরা অনেক উপকৃত হতো। আজকে রাজস্থান, পাঞ্জাব, হরিয়ানা প্রভৃতি দেশে চাষীরা বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষাবাদ করছে, কিন্তু আমাদের এখানে চাষীরা তাদের মনোমত চিন্তা- ভাবনার দ্বারা চাষ-বাস করছে, এখানে বৈজ্ঞানিক পদ্ধতিতে ফসল উৎপাদন করাতে সরকার ব্যর্থ হয়েছেন, ফলে আমাদের এখানে উৎপাদিত ফসলের পরিমাণ ক্রমশ হ্রাস হতে চলেছে। আপনারা বলেছেন এবারে আমাদের এখানে আমন ধানের উৎপাদন বেড়েছে, সেই আমন ধানের উৎপাদন বাড়া সত্ত্বেও কেন আজকে বাজারে ৩ টাকা কেজি চাল বিক্রি হচ্ছে। যেখানে আজকে বাম্পার ফসল হয়েছে সেখানে কেন আজকে চাষীকে সেই বাম্পার ফসল ডিসট্রেস সেলে বিক্রি করতে হয়েছে? সরকার সেই ডিসট্রেস সেল গ্রহণ করতে পারেননি। আলু চাষের অবস্থাও তাই। কয়েকদিন আগে ১৬ টাকা মন দরে আলু বাজারে বিক্রি হয়েছে, আজকে সেই আলু ৪০ টাকা মন দরে বিক্রি হচ্ছে। চাষীকে সেখানে বঞ্চিত করা হোল, সরকার থেকে কোন ব্যবস্থা গ্রহণ করা হল না। এখন বেনফেডের মাধ্যমে সমবায় দপ্তর আলু কেনার চেষ্টা করছেন এবং উড়িষ্যা প্রভৃতি কয়েকটি রাজ্যে এই আলু রপ্তানি করছেন। আমরা দেখতে পাচ্ছি উৎপন্ন ফসলকে ঠিকমত বন্টন করতে এই সরকার ব্যর্থ হয়েছেন, সেই জায়গায় ত্রুটি-বিচ্যুতি হচ্ছে। যে ১৪টা জিনিষের দরের কথা বলা হয়েছে তার বেশীর ভাগ নিয়ন্ত্রণ করতে হয় রাজ্যসরকারকে। তারজন্য আইন আছে, সেই আইন প্রয়োগ করতে রাজ্যসরকার ব্যর্থ হয়েছেন বলে কালোবাজারী, মুনাফাখোরী বাড়ছে। সেখানে কেন্দ্রের উপর দোষারোপ করে একটা ডাইভার্সান পলিসি নিয়ে মানুষের মনকে কেন্দ্র বিরোধী করে তোলার যে ষড়যন্ত্র সেই ষড়যন্ত্র পরিহার করতে হবে। আজকে যৌথভাবে সকলে মিলে কেন্দ্রের কাছে যে দাবিগুলি আছে সেইসব জিনিষ কেন্দ্রের কাছ থেকে আদায় করার ক্ষেত্রে সেগুলির মূল্যায়ন করার জন্য যদি ভাবনা চিন্তা করি তাহলে সেখানে পরিবর্তন হতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখবেন কেন্দ্রীয় সরকার যে বাজেট পেশ করেছিলেন সেই বাজেটের মধ্যে তাঁরা মুদ্রাস্ফীতির কথা বলেছেন, তারজন্য তাঁরা কিছু পরিবর্তন ঘটিয়েছেন কিন্তু রাজ্যসরকার তারজন্য কিছু করেননি। সেজন্য মাননীয় সদস্য যে প্রস্তাব এনেছেন তার বিরোধীতা করে এবং আমাদের সংশোধনী প্রস্তাবগুলি গ্রহণ করতে আবেদন জানাচ্ছি।

**[10.40—10.50 a.m.]**

**শ্রী সতীশ রায় :-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রস্তাব আজ বিধানসভায় রাখা হয়েছে এটা খুবই গুরুত্বপূর্ণ। সাধারণভাবে সাধারণ মানুষ যেটা উপলব্ধি করে সেটা হচ্ছে, কেন্দ্রীভূতভাবে যখন দেশের জন্য পরিকল্পনা গৃহীত হয় তার মূল উদ্দেশ্য হচ্ছে দেশের সাধারণ মানুষের দুঃখ দারিদ্র লোপ করা। আমাদের ৬টি পরিকল্পনা শেষ হয়েছে কিন্তু আমরা দেখছি ভারতবর্ষের দরিদ্র শ্রেণীর দুঃখ কষ্ট তেমন কিছু লাঘব হয়নি। আমরা বামফ্রন্ট সরকারের তরফ থেকে বার বার বলেছি ভারত সরকার এই নিত্য প্রয়োজনীয় জিনিসের ক্ষেত্রে যে নীতি গ্রহণ করেছেন তার আমূল পরিবর্তন হওয়া দরকার। তাঁদের এই নীতির ফলে একটার পর একটা বিপজ্জনক অবস্থার সৃষ্টি হচ্ছে। আমরা দেখছি সাধারণ মানুষ, কলকারখানার শ্রমিক, মধ্যবিত্ত মানুষ একটা চরম দুর্গতির মধ্যে পড়েছে জিনিসপত্রের এই দাম

বৃদ্ধির জন্য। আমরা মনে করি এর জন্য দায়ী হচ্ছে আমাদের এই ত্রুটিপূর্ণ পরিকল্পনা যা ভারত সরকার গ্রহণ করেছেন। আজকে তাঁদের নীতির ফলে একচেটিয়া পুঁজিপতিরা আরও বড়লোক হয়েছে। গ্রামের কৃষকরা তাদের বুকের রক্ত জল করে যে ফসল উৎপন্ন করে তা দিয়ে ভারতবর্ষের এবং পশ্চিমবাংলার মানুষকে খাওয়ায়। কিন্তু তাদের যা আর্থিক অবস্থা তাতে দেখছি নিত্যপ্রয়োজনীয় জিনিস, যেমন চাল, ডাল, তেল, চিনি, সিমেন্ট কিনতে যে খরচ হয় সেই ক্রয় ক্ষমতা তাদের নেই। কৃষি মূল্যের যে স্তর রয়েছে তাতেও দেখছি কৃষি উৎপাদনের খরচ অনেক বেশী। কাশীবাবু বললেন উৎপাদন বাড়ালেই সমস্যার সমাধান হবে। কিন্তু আমি বলছি আমাদের দেশে যে বন্টন ব্যবস্থা আছে এবং যেভাবে পরিকল্পনা চলছে তাতে উৎপাদন বাড়ালেও সাধারণ মানুষের দুঃখ দুর্দশা লাঘব করা যাবে না। উৎপাদন বেশী হলেই মজুতদারী চলবে এবং সাধারণ মানুষকে আরও শোষণ করবে। কাজেই কেন্দ্রীয় সরকারের যেটা এখনই করা উচিত সেটা হচ্ছে শুধু পশ্চিমবাংলায় নয়, সারা ভারতবর্ষের মানুষের জন্য ১৪টি নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম বেঁধে দিতে হবে। লোকসভায় কেন্দ্রীয় মন্ত্রী স্বীকার করেছেন এই ব্যবস্থা হলে সাধারণ মানুষের দুঃখ-দুর্দশা লাঘব করবার দিক থেকে অনেকটা সুরাহা হবে ঠিকই, কিন্তু তার জন্য যে ব্যয় হবে সেটা তাঁরা বহন করতে চাচ্ছেন না। তাঁরা বলছেন এর জন্য ২০০০ কোটি টাকা কোষাগার থেকে ব্যয় হবে কারণ সাবসিডি দিতে হবে। আমি বলব সাধারণ মানুষের কথা চিন্তা করে এই ব্যবস্থা করুন। এর আগে অনেকে বলেছেন কেন্দ্রীয় সরকার যে নীতির দ্বারা পরিচালিত হচ্ছেন তাতে তাঁরা গরীব মানুষদের সর্বনাশের দিকে ঠেলে দিচ্ছেন। জিনিসপত্রের যে দাম সেটা সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার বাইরে চলে গেছে। আমরা যখন বিরোধীদল ছিলাম তখন বার বার বলেছি স্টেট ট্রেডিং - এর মাধ্যমে কেন্দ্র এবং রাজ্যস্তরে ব্যবস্থা করুন। আজকে আবার কেন্দ্রীয় সরকারের কাছে দাবী করছি গোটা ব্যবস্থাটা কেন্দ্রীয় সরকার একটা নিয়ন্ত্রণের মধ্যে আনুন এবং সাধারণ মানুষ যাতে তাদের ক্রয় ক্ষমতার মধ্যে ১৪টি নিত্য প্রয়োজনীয় জিনিস পেতে পারে তার ব্যবস্থা করুন। পশ্চিমবাংলায় একটা জিনিসের দাম যে স্তরে রয়েছে তাতে দেখছি পাঞ্জাব এবং হরিয়ানায় সেই জিনিসের দাম অন্য স্তরে রয়েছে। কাজেই আমি অনুরোধ করছি সাধারণ মানুষ, গরীব কৃষকের স্বার্থের দিকে লক্ষ্য রেখে ১৪টি নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম নিয়ন্ত্রণ করে সেগুলো বন্টনের ব্যবস্থা করুন। বিরোধীদলের বন্ধুরা যেন এই প্রস্তাব সমর্থন করেন এই আবেদন জানিয়ে আমি বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার** :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সাধন চ্যাটার্জী প্রমুখ সদস্যবৃন্দ আজকে যে প্রস্তাব এখানে উত্থাপন করেছেন, এই প্রস্তাবের যে মূল লক্ষ্য, অর্থাৎ নিত্য প্রয়োজনীয় খাদ্যশস্য সহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধি এটা যাতে রদ করা যায়, কালোবাজারী, মজুতদারী যাতে বন্ধ করা যায় সেই জন্য এই প্রস্তাব এসেছে। কিন্তু এই লক্ষ্যে পৌছতে গেলে যে উপায় এই প্রস্তাবের মধ্যে উত্থাপন করা হয়েছে, আমি মনে করি সেটা স্বয়ং সম্পূর্ণ নয় এই লক্ষ্যে পৌছতে গেলে। সেই জন্য এই প্রস্তাবের সঙ্গে একটা সংশোধনী আমি এনেছি, শেষ অনুচ্ছেদের শেষ তিন লাইনে এখানে আমি বলতে চাই যে, এই উদ্দেশ্যে উল্লিখিত নিত্যপ্রয়োজনীয় দ্রব্যসমূহের পাইকারী ও খুচরা উভয় ক্ষেত্রে স্টেট ট্রেডিং চালু করার জন্য কেন্দ্রীয় সরকার, প্রয়োজন বোধে সংশ্লিষ্ট রাজ্য সরকার কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই যে কালোবাজারী, মজুতদারী এবং অসাধু ব্যবসায়ী, তাদের অসাধু কার্যকলাপের ফলে জিনিসপত্রের দাম বাড়ছে, এই কথা সকলেই জানেন। কিন্তু আজকে যদি এদের কার্যকলাপ বন্ধ করতে হয় তাহলে Partial Control over the procurement and distribution by the state or by the Government. এটার দ্বারা কিন্তু এই সমস্যার সমাধান হবে না, আংশিক ভাবে নিয়ন্ত্রণের

সমাধান হবে। কারণ কিছু রেখে দিলাম এই মুনাফাখোরী, মজুতদারী বিপননের ক্ষেত্রে তাদের সুযোগ, তাহলে এটাকে সরকার বন্ধ করতে পারবেন না। সেই জন্য আমার যেটা এ্যামেন্ডমেন্ট, এখানে এ্যাবসলিউট কন্ট্রোল বিপননের ক্ষেত্রে রাষ্ট্রের পূর্ণ নিয়ন্ত্রণ থাকা দরকার। অর্থাৎ সরকার এক হাতে কিনবে, আর এক হাতে বিক্রি করবে, অল আউট স্টেট ট্রেডিং। শুধু হোল সেল নয়, ইভিন রিটেল, এটা যদি করতে না পারা যায় তাহলে অসাধু ব্যবসায়ীরা তার সুযোগ নেবে, মুনাফাখোরী, মজুতদাররা তার সুযোগ নেবে। আমরা জানি এখানে প্রশ্ন উঠেছে কংগ্রেস পক্ষের সদস্য মাননীয় অমরবাবু বলেছেন যে এ্যাবসলিউট কন্ট্রোল - ঠিকই তো, এ্যাবসলিউট কন্ট্রোলই হোক এবং উনি বলছেন সমাজতান্ত্রিক দেশ ছাড়া এই জিনিষ হয় না। ইভেন পশ্চিমী দেশগুলিতে গ্রেট ব্রিটেনে এবং আরও পুঁজিবাদী দেশগুলোতে, এই সমস্ত নিত্য প্রয়োজনীয় দ্রব্যের ডিস্ট্রিবিউশনের উপর একটা কন্ট্রোল থাকে, সেখানে অল আউট স্টেট ট্রেডিং আছে এবং সেখানে একেবারে পুরোপুরি মুনাফাখোরা, মজুতদাররা তাদের অবাধ রাজত্বের সুযোগ পায় না। কারণ সেখানে অতীতের বুর্জোয়া গণতন্ত্রের যে ভ্যালুজ, তাকে ভিত্তি করে এই সমস্ত মেজারগুলি আগে নেওয়া হয়েছে। ফলে এই কাঠামোয় পরিবর্তন না করে এই ব্যবস্থার মধ্যেও অন্ততঃ এই পদক্ষেপগুলো নেওয়া যায়, অল আউট স্টেট ট্রেডিং। ফলে আমি এখানে প্রস্তাব রাখছি যে এই রকম শুধু সদিচ্ছা নয়, সমস্ত জিনিষের দাম নির্ধারিতভাবে বেঁধে দিতে হবে। শুধু দাম বেঁধে দিলেই সেটা কখনও কার্যকর হতে পারে না। যদি এ্যাবসলিউট কন্ট্রোল না থাকে। সেই জন্য সামগ্রিক রাষ্ট্রীয় বাণিজ্য চালু করা খাদ্য শষ্য এবং নিত্য প্রয়োজনীয় দ্রব্যের ক্ষেত্রে। আর দ্বিতীয় কথা, আজকে রাজ্য সরকার, তারা যে প্রস্তাব এখানে এনেছেন সেই ক্ষেত্রে আমাদের তাঁদের কাছে বক্তব্য রাজ্য সরকারের এক্তিয়ারে যতটুকু জিনিস উৎপাদন হয়, বন্টন হয়, সেই ক্ষেত্রে রাজ্য সরকারের যেটুকু নিয়ন্ত্রণ, সেটাও কিন্তু ঠিক ঠিক ভাবে কার্যকরী হয় না এবং সেই জন্য আমরা দেখতে পাচ্ছি রাজ্য সরকারের হাতে যে আইনগুলো আছে, সেইগুলো ঠিকমত প্রয়োগ হয় না। আমরা দেখেছি যে সরকারী পাঠ্যপুস্তক ঢালাওভাবে কলেজ স্ট্রীট-এ ব্ল্যাক মার্কেটে বিক্রি হচ্ছে, সরকার অসহায়। আমরা দেখতে পাচ্ছি কেরোসিন তেলের যে কন্ট্রোল রেট তার কয়েকগুণ দামে বিক্রি হচ্ছে, সরকার অসহায়। সরকারের হাতে যে সীমিত আইন আছে, তাকে প্রয়োগ করা হচ্ছে না, ফলে প্রস্তাবগুলো রাখার সঙ্গে সঙ্গে সরকারের হাতে যে সীমিত ক্ষমতাগুলো আছে, সরকারের যা করণীয় আছে, তারা যদি সেই পদক্ষেপ গ্রহণ করেন তাহলে এই ধরণের প্রস্তাব গ্রহণের পিছনে একটা নৈতিক ভিত্তিও থাকে। আমি আশা করি সেদিকে রাজ্য সরকার দৃষ্টি দেবেন।

**[10.50—11.00 a.m.]**

**শ্রী কামাখ্যা চরণ ঘোষ ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে প্রস্তাব বামফ্রন্টের শরিকদলের সদস্যরা- সাধনবাবু, ভক্তিবাবু, মতীশবাবু এবং আমি এনেছি তাতে আমার মনে হয় ভীমরুলের চাকে ঢিল পড়েছে। এটা অতি সাধারণ প্রস্তাব। ১৪টি নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম জনগণের ক্রয় ক্ষমতার বাইরে চলে যাচ্ছে, মুনাফাখোরী, কালোবাজারী এবং মজুতদারী হচ্ছে, তাকে ঠেকাবার জন্য উৎপাদনের উৎস মুখ থেকে বন্টনের শেষ পর্যায় পর্যন্ত এর দায়িত্ব যদি কেন্দ্রীয় সরকার না নেন তাহলে একে রোধ করা যাবেনা। আমাদের বিরোধী পক্ষরা বলছেন যে পকেটমার। কে কার পকেট মারছে? আমার মনে হচ্ছে বিরোধী পক্ষ তাদের হয়েই কথা বলছেন যারা কালোবাজারী করছেন, মজুতদারী করছেন এবং মুনাফা লুঠছেন। তাই তাদের গাত্রোদাহ হচ্ছে। ওরা যে এ্যামেন্ডমেন্ট দিয়েছে তাতে দেখুন, 'ভারত' বাদ, যেন ভারতবর্ষ নয়। মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার ষ্টেট ট্রেডিং-এর কথা বলেছেন। ষ্টেট ট্রেডিং আমরাও চাই। সেই প্রস্তাব হলে আমরা নিশ্চয়ই সমর্থন করবো। কিন্তু

আমরা নিম্নতম দাম চাচ্ছি। কেন্দ্রীয় সরকার সর্বনিম্ন যে দাম বাধেন সেটা যদি উৎপাদনের উৎসমুখ থেকে বন্টনের শেষ পর্যায় পর্যন্ত না যায় তাহলে জিনিসের দাম দিনের পর দিন বেড়ে যাবে এবং গরীব মানুষের ক্রয় ক্ষমতার বাইরে চলে যাবে। এই সাধারণ কথাটা না বোঝার কি থাকতে পারে বা এটাকে সমর্থন না করার কি থাকতে পারে আমি বুঝতে পারছি না। আমরা জানি সাধারণ মানুষের আয় কি; মাননীয় সদস্য কলকাতার কথা বললেন। কলকাতার বাইরে গ্রামের দিকে যদি যান তাহলে দেখতে পাবেন সেখানকার অবস্থা। কালকাতায় চাল, ডাল ইত্যাদি জিনিসের যে দামে পাওয়া যায় সেটা সুদূর পল্লীতে অনেক বেড়ে যায়। তাছাড়া তারা ভাল জিনিসও পান না। বিরোধী পক্ষের নেতারা বলছেন যে তারা সমাজতান্ত্রিক ভারত গড়বেন। সমাজতন্ত্র ওদের দ্বারা হবে না। একটা বিশেষ শ্রেণীর দৃষ্টিভঙ্গী নিয়ে ওরা চলেছেন। সেই শ্রেণীর দৃষ্টিভঙ্গীতে সাধারণ মানুষের উপকার করার কোন ক্ষমতা তাদের নেই। এ যেন এমন একটা ব্যবস্থা চলছে যে ধনীক শ্রেণী মুনাফা লুঠ করছে কেন্দ্রে বসে, তারা সেই মুনাফার একটা অংশ তলা পর্যন্ত ছড়িয়ে দিচ্ছে। এর ফলে জিনিষ পত্রের দাম বৃদ্ধি হচ্ছে এবং সাধারণ মানুষের ক্ষতি হচ্ছে। এই পরিস্থিতি বদলাবার জন্য আজকে বিধানসভায় যে প্রস্তাব এসেছে সেটা শুধু পশ্চিমবাংলাই নয়, সারা ভারতবর্ষের সমস্ত রাজ্যের সাধারণ মানুষ এটাকে সমর্থন করবে। কাজেই আজকে বিধানসভায় যে প্রস্তাব গৃহীত হবে, আমি আশা করবো বিরোধী দলের পক্ষ থেকে সাধারণ মানুষের কথা বিবেচনা করে তারা তাদের [illegible] প্রত্যাহার করে নেবেন এবং আমাদের এই প্রস্তাবকে সমর্থন করবেন। কারণ আমার মনে হয় যে কংগ্রেস সমর্থক বা আমাদের সমর্থক লোকেরা যে দোকানে মাল কিনতে যান সেখানে দোকানদাররা দাম একই নেয়, দোকানদাররা কাউকে ছেড়ে কথা বলেন না। কাজেই এই পরিস্থিতিতে যে প্রস্তাব এসেছে সেটা তারা সর্বসম্মতিক্রমে গ্রহণ করবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই আপনাকে সবিনয়ে নিবেদন করি, আপনি কি মন্ত্রী মহোদয়দের আজকের ভোজের নিমন্ত্রণ করেছেন? এখানে কাউকে তো দেখছি না। They have managed to forget because the entire treasury bench is booked by someone else.

কোন মন্ত্রী মহোদয় এর উত্তর দেবেন তার মুখটা একটু চিনে নিই, কারণ এদের ক্যালিবার তো আমরা দেখেছি। কেন না, এর আগে যে উত্তর দিলেন সেটা তো আমরা দেখলাম। সেই জন্য সংগতভাবেই আমরা প্রশ্ন করতে পারি ইন এ ওয়ে ইট ইজ কন্টেমপ্ট অব দি হাউস। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রস্তাবের আলোচনা করতে গিয়ে আপনি বোধ হয় প্রথমেই বলেছেন All amendments are taken as move except No.6 moved by Shri Kashinath Misra. আপনি কি এটা রুলিং দিয়েছেন, এ্যামেন্ডমেন্ট নং ৬ ইজ আউট অব অর্ডার?

**মিঃ স্পীকার ঃ-** হ্যাঁ, হ্যাঁ।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ-** স্যার, ইন দ্যাট Case, I feel, if you allow amendment Nos. 4 & 5 of Shri Kashinath Misra, I do not find any necessity of moving my amendment No. 1. So I withdraw amendment No.1. in view of the fact that amendment Nos. 4 & 5 are taken as moved by Shri Kashinath Mishra.

আজকে প্রাইস রাইজ হয়েছে, এটা ঘটনা এবং এটা ভারতবর্ষেই শিরোধার্য্য নয়, ইট ইজ এ গ্লোবাল এ্যাফেয়ার সারা বিশ্বব্যাপী হয়েছে, এটাই হচ্ছে ঘটনা। আমার মনে হয় আজকে ভক্তিবাবু

বোধ হয় ঠিক শুভমুহূর্তে নেই। কেন না, আজকে কমুনিষ্ট দেশেও তাদের রেজিমেন্টেড ইকনমিতে টোটালিটারিয়াল কান্ট্রিতে প্রাইস রাইজ দেখা যাচ্ছে। আজকে আমাদের যে পারচেজ ডিল হয়েছে তাতে দেখছি যে জাহাজ ৩২ হাজার ডলারে বুক হয়েছিল তাকে এখন ১লক্ষ ৩২ হাজার ডলার দিতে হচ্ছে। সুতরাং আপনারা পার পাবার চেষ্টা করবেন না যে, সমাজতান্ত্রিক দেশে মূল্য বৃদ্ধি হয়নি, এই হল আমার এক নম্বর কথা। দ্বিতীয় কথা হল আমাদের দেশ ভারতবর্ষ. This economy happened to be an economy of shortage except we were surplus in foodgrains after the fifth five year plan.

পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হওয়া ছাড়া আর সব বিষয়ে ভারতবর্ষ সর্টেজ অবস্থায় পড়ে আছে। উই হ্যাভ গট ডেফিসিট, এই মূল জিনিসটি আমাদের জানতে হবে। থার্ড পয়েন্ট ইজ, অমরেন্দ্রবাবু হ্যাজ রাইটলি অবজার্ভড যে প্রোডাকশানে সরকারী উদ্যোগ আছে. বেসরকারী উদ্যোগ আছে এবং ১৯৬২ সালে চীন যখন ভারতবর্ষ আক্রমণ করে সেই সময় দ্রব্য মূল্যের উর্দ্ধগতি যাতে না হয় সেই জন্য তখন কেন্দ্রীয় সরকার কনজিউমার কো-অপারেটিভ বলে নিত্য প্রয়োজনীয় জিনিষের দ্রব্যমূল্য বৃদ্ধি রোধ করার জন্য কনজিউমার কো-অপারেটিভ মুভমেন্ট চালু করেছিলেন। আনফরচুনেটলি ভারতবর্ষের অন্য সব জায়গা এগিয়ে যাচ্ছে অথচ পশ্চিমবঙ্গের এই এ্যাড হক ফ্রন্টের রাজত্বে কনজিউমার কো-অপারেটিভ মুভমেন্টস্ আর গোয়িং ডাউন। এখানে কনজিউমার কো-অপারেটিভ কনসেপ্ট মুভমেন্ট আর গোয়িং ডাউন। এখানে কনজিউমার কো-অপারেটিভ ইজ নিল,..... consumer society is nil, Consumer Co-operative movement is nil.

এক দিকে সরকারী উদ্যোগ, অন্য দিকে বেসরকারী উদ্যোগ. আর থার্ড সোর্স হিসাবে কো-অপারেটিভ যদি প্রোডাকশানে আসে - আমুল স্প্রে - ইট ইজ এ প্রোডাক্ট অব দি কো-অপারেটিভ সোসাইটি - আপনারা সেই উদ্যোগ নিতে পারেন না? তাই উৎপাদনে নিয়ন্ত্রণ না থাকলে বন্টনে নিয়ন্ত্রণ করা যায় না। তবুও যায় - বিলাতে উৎপাদন নিয়ন্ত্রণ আছে কি? আপনারা সবাই জানে ৪০ দশকে মহাযুদ্ধের সময় বিলাত সর্টেজে পড়েছিল। সেখানেও রেশন করতে হয়েছিল স্যার উইনস্টন চার্চিলকে, প্রাইম মিনিষ্টার ... of the England, not a friend of India.

কিন্তু চাল, ডাল, আলু, রুটির রেশন করতে হয়নি. রেশন করতে হয়েছিল প্রোটিন এ্যান্ড ফ্যাটের ঘি, বাটার, মাছ, মাংস ইত্যাদি প্রোটিন এবং ফ্যাটের রেশন করতে হয়েছিল। কারণ ওরা ভাবতে পারে না যে চাল কিম্বা রুটির মজুতদার, কালোবাজারীরা মজুত করে মানুষকে না খাইয়ে মারবে। তা কিন্তু তারা করে নি। ব্যারনস and Lords, they have money, enough purchasing power.

তারা প্রোটিন এবং ফ্যাটের রেশন করেছিল, এই সত্যটা জানতে হবে। স্যার, আমাদের এখানেও ভারত সরকার সেই উদ্যোগ নিয়েছেন। স্যার, ইট ইজ নি দি রেকর্ডস অব দিস হাউস, ইন্দিরা গান্ধী অর্ডিন্যান্স মুনাফাখোরদের সংযত করার জন্য তিনি ঠিক করেছিলেন বাজার দর লটকে দিতে হবে। কলকাতার জনৈক ব্যবসায়ী এসেনসিয়াল কমোডিটিজ পাবলিকেসন ভঙ্গ করেছিলেন বলে তার কোমড়ে দড়ি দিয়ে কংগ্রেস সরকার তাকে মিশায় টেনে নিয়ে গিয়েছিল জেলের দরজার ভিতরে এবং তার স্থান হয়েছিল জেলে। আর এই সরকার ক্ষমতায় আসার পরে তাকে কলকাতার শ্রেষ্ঠ সম্মান দিলেন এবং তাকে কলকাতার শেরিফ বানিয়ে দিলেন। এটাকে আপনারা অস্বীকার করতে পারবেন? এতে মূল্য বৃদ্ধি নিয়ন্ত্রণ হবে? কে কার বন্ধু ? স্যার , ইউ নো, আমাদের এ্যাডমিনিষ্টার্ড

প্রাইস বলে সার্টেন আইটেমস্ গভর্ণমেন্ট এজেন্সি, সেমি গর্ভনমেন্ট এজেন্সি এবং ইভেন প্রাইভেট চ্যানেলস এ্যাডমিনিষ্টার্ড প্রাইস, নট কনট্রোল্ড প্রাইস আমরা বিক্রী করি।

**[11.00—11.10 a.m.]**

বামফ্রন্ট সরকার কি তার কোন সুযোগ নিতে পেরেছে? না পারেনি। আজকে আলুর প্রাইস ইলাবোরেট করা দরকার। মাঠে আলু ১০ পয়সায় বিক্রি হচ্ছে, চাষী আলুর মূল্য পাচ্ছে না। অথচ বাজারে আলুর দাম প্রতি কেজি ১টাকা ৫০ পয়সা। স্যার, আপনি বোধহয় আলু খান না, মাছ, মাংস খান। কিন্তু আমাদের আজকে বাজার থেকে ১ টাকা ৫০ পয়সা দরে আলু কিনতে হচ্ছে। এই সঙ্গে আমি একটা কথা জানিয়ে দিতে চাই, বামফ্রন্ট তথা এ্যাড হক ফ্রন্টের মিতা বা বন্ধু জনতা সরকার যখন আড়াই বছর কেন্দ্রে ক্ষমতায় ছিল তখন ইনফ্লেসন রেট্ ওয়াজ আপ টু ২৩ পারসেন্ট এবং ইন্দিরা গান্ধী '৮০ সালে ক্ষমতায় ফিরে আসার পরবর্তীকালে, Last year it was less inflation and it came down to 5.9%.

ইতিহাসে আছে এই উদাহরণ, অন্য কোন সভ্য দেশের ইতিহাসে এই উদাহরণ আছে? না নেই। সুতরাং আজকে এটা ভাবতে হবে। স্যার, এটা ভাবতে হবে যে, এখানে [illegible]। কমোডিটিস য়্যাক্ট এনফোর্সড আছে এবং এই সরকার সেটা এ্যামেন্ডমেন্ট করেছে, আরো করতে পারে। এছাড়াও 'নাসা' আছে। অথচ সে সব প্রয়োগ করা হচ্ছে না। [illegible] সঙ্গে মিতালী করা হচ্ছে। সল্ট লেক স্টেডিয়ামে পার্মানেন্ট লাইফ মেম্বার করার নামে ব্যবসায়ী গোষ্ঠীকে সেখানে লাইসেন্স দেওয়া হচ্ছে। এ ক্ষেত্রে বাংলার কোন মূল্য নেই। আমার সুযোগ হয়েছিল বাইরে ঘোরার, আমি পোল্যাণ্ডে দেখেছি "OPINIA" নামে ওপিনিয়ন দেবার একটা সংস্থা আছে, মানুষ সেখানে মূল্যের ব্যাপারে ওপিনিয়ন দেয়। আর সুইডেনে দেখেছি " OMBUDSMAN" বলে একটা সংস্থা আছে, তারা অভিযোগ বা কমপ্ল্যান গ্রহণ করে এবং সেখানে একটা মার্কেট কোর্ট আছে। সেই কোর্টে জিনিসপত্রের কোয়ালিটি এবং প্রাইস সম্বন্ধে নালিশ করলে বিচার হয়, It is a jury system of market.

এই জাতীয় বিষয়ে বিচার করার জন্য সুইডেনে কোর্ট আছে। অথচ এই জাতীয় কোন ব্যবস্থা ভারতবর্ষে নেই। এখানে অতি-বিপ্লবী সরকার এই জাতীয় কোনো ব্যবস্থা তো করতে পারছে না, বরং কালোবাজারীদের শহরের শেরিফ বা মেয়র করছে। হয়ত দেখব আগামী নির্বাচনের পরে এমন একজন মেয়র হয়েছে যে নামকরা কালোবাজারী। নাম্বার ৪ - কনট্রোল ওভার প্রোডাকশান আনতে হবে, কোর সেক্টর গভর্ণমেন্টে নিয়ন্ত্রণে থাকবে, পাবলিক সেক্টরে থাকবে। অথচ এই সরকার পাবলিক সেক্টরকে ডেনিগ্রেট করে চলেছে, ইট ইজ নট ফেয়ার। তারপর হচ্ছে, Net work of public distribution system fair shop constant supervision. কিন্তু এখানে আমরা কি দেখছি? গ্রামে চিনি ময়রার দোকানে চলে যাচ্ছে, মানুষের কাছে পৌঁচাচ্ছে না। চালের তো কোনো প্রকিয়রমেন্ট'ই নেই। প্রফুল্ল চন্দ্র সেন '৬৬ সালে ৬ লক্ষ টন চাল সংগ্রহ করেছিলেন। আর এঁরা ৩৩ হাজার টন'ও করতে পারছেন না, ফলে They are running to Dehli with begging bowl.

অপর দিকে এখানে [illegible] রেজিস্ট্যান্স নেই, কিন্তু ইট ইজ নেসেসারি। নেক্সট হচ্ছে, অর্গানাইজেশান। তার জন্য কি দরকার? That is Co-operative, this should be given certain fillip.

তার পরে সাবসিডির কথা ওঁরা বলেছেন। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এখন অসুস্থ, তিনি এখানে

উপস্থিত নেই, তিনি ইতিপূর্বে কেন্দ্রের ডেফিসিট ফিনানসিং এর কথা অনেকবার বলেছেন। কিন্তু স্যার, আপনি তো জানেন সার এবং এডিবল্ অয়েলে শত শত কোটি টাকা সাবসিডি দিতে হচ্ছে। স্যার, আপনি আরো জানেন ডিজেলের মূল্য বৃদ্ধির জন্য পেট্রোলিয়াম জাত প্রোডাক্টস্-এর মূল্য বেড়ে গিয়েছে এবং যে জিনিস আমরা আমদানী করতে পারি তারও মূল্য বেড়ে গিয়েছে। কিন্তু আমরা আনন্দিত, উই আর গ্ল্যাড যে, আমাদের ভারতবর্ষ বহু জিনিস বাইরে রপ্তানী করতে পারছে। গত বছর কৃষি-জাত ১৪০০ কোটি টাকার পণ্য ভারতবর্ষ বিদেশে রপ্তানী করেছে। তাহলেও ডেফিসিট ফিনানসিং হচ্ছে এবং সাবসিডি দিতে হচ্ছে।

অন্ধ্র প্রদেশের সরকার এদের নিকট আত্মীয়, সেই অন্ধ্র প্রদেশ সরকার চালের মূল্য ২ টাকা কে.জি করেছে। গরীবদের প্রতি যদি এতই মোহ তাহলে সাধন চট্টোপাধ্যায় মহাশয় কেন গরীবদের এখানে দেড় টাকা করে কে.জি চাল দিচ্ছেন না? মিল-মালিকদের কাছ থেকে খালি টাকা আদায় করছেন। লক্ষ্মী ছাড়ার দল। Answer to price rise in product and fair distribution.

আজকে প্রোডাকশান এনকারেজ করতে হবে। আজকে প্রডাকসান যদি এনকারেজ না করেন তাহলে তো চলবে না। আপনাদের ভণ্ডামি বহু দেখেছি। সুতরাং আবার আসুন, ৩০ জুন পরীক্ষা হবে কলকাতা ময়দানে আই চ্যালেঞ্জ অল অফ ইউ ওয়ান বাই ওয়ান ক্যালকাটা করপোরেশনের ইলেকসানে, লেট আস ফাইট। With all these Words, I thank you, Sir, for the indulgence you have given to me. At the same time, I oppose the motion and move my amendments. Thank you.

**শ্রী অচিন্ত্য কুমার রায় :-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মত আমিও বিরোধী এবং অন্যান্য মাননীয় সদস্যগণ যেভাবে নিত্য-প্রয়োজনীয় জিনিষের উপর বক্তব্য রাখছিলেন তা ধৈর্য্য ধরে শুনছিলাম। কংগ্রেস পক্ষের মাননীয় সদস্যরা বিশেষতঃ মাননীয় সদস্য শ্রী অমর ভট্টাচার্য্য এবং ডাঃ জয়নাল আবেদিন সাহেব যেভাবে বক্তৃতা দিলেন বাস্তব অবস্থা থেকে সরে গিয়ে তা শুনে আমার মনে হলো - আপনি জানেন, কিছুদিন আগে বিশ্ব হাস্যরস সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল - আপনি যদি দুইজন সদস্যকে সম্মেলনে পাঠিয়ে দিতেন তাহলে ভাল হতো, অন্ততঃ ভারতের জন্য ওনারা সোনা আনতে পারতেন। কারণ, প্রকৃত অবস্থার বাইরে ওনারা বক্তব্য রাখছিলেন। আমি এবার পশ্চিমবঙ্গ রাজ্যসরকারের দেওয়া সমীক্ষা রিপোর্ট থেকে দু-একটি তথ্য তুলে ধরছি। আপনারা সমীক্ষা রিপোর্টের ৪১ পৃষ্ঠা দেখলে দেখতে পাবেন, ১৯৮২-৮৩ সালে ভারতবর্ষে মূল্য-সূচক সংখ্যা ছিল ৬৫২ আর কলকাতায় ছিল ৫৫৬।

১৯৮৩-৮৪ সালে ভারতবর্ষে কত ছিল? ভারতবর্ষে ছিল ৭১৪ আর কলকাতায় ছিল ৬৩০। তাহলে দ্রব্যমূল্য বৃদ্ধির ব্যাপারে এখানেই ঠিক হয়ে গেল যে প্রকৃতপক্ষে সারা ভারতবর্ষের অবস্থাটা কি আর পশ্চিমবাংলার অবস্থাটা কি ? কাশীবাবু, এখানে স্বীকার করলেন আলুর দাম-টাম ইত্যাদির কথা। স্যার, এটা ঘটনা যে আমাদের খাদ্য-শষ্য বেড়েছে। ৯২ লক্ষ টন খাদ্য-শষ্য ১৯৮৩-৮৪ সালে ছিল, এ বছর সেটা অতিক্রম করতে পারে। এই রকম তথ্য আলুতেও আছে। আমি আর একটা তথ্য দেখাতে পারি। এই সমীক্ষা রিপোর্টের ৪৩ পৃষ্ঠা যদি উল্টে দেখেন তাহলে দেখবেন, সারা ভারতবর্ষে যেখানে ১০০ লক্ষ টন আলু হয়েছে পশ্চিমবাংলায় সেখানে ২৩ লক্ষ টন আলু হয়েছে। ১৯৮৩-৮৪ সালে সারা ভারতবর্ষে যেখানে ১২২ লক্ষ টন আলু হয়েছে, আমাদের পশ্চিমবাংলায় সেখানে ৩০ লক্ষ টন আলু হয়েছে। সুতরাং এগুলি কি পশ্চিমবাংলার উন্নতি নয়? আর সেই কারণেই মূল্যবৃদ্ধি

স্থিতিশীল আছে। শাক-সব্জির কথা ওনারা বলেছেন। আজকে ক্ষুদ্র সেচের বিস্তারের ফলে শাক-সব্জির উৎপাদন বৃদ্ধি হয়েছে। আজকে উৎপাদন যদি না বাড়তো তাহলে এইরকম স্থিতিশীলতা থাকতো না। আপনি জানেন স্যার, গোটা ভারতবর্ষে কেন্দ্রীয় সরকার উৎপাদন করে, বরাদ্দ করে এবং মূল্য ঠিক করে আর রাজ্যসরকারগুলি চাহিদা এবং বন্টনের উপর নির্ভর করে থাকে। সেই জায়গাতে আমরা কেন্দ্রের কি রকম বঞ্চনা দেখেছি তার দু-একটা উদাহরণ দিচ্ছি। এই এপ্রিল মাসের দৃষ্টান্ত যদি আমি দিই তাহলে দেখবেন, রেশনের জন্য ৫৮টি চালের ওয়াগন আসার কথা, সেখানে এসেছে মাত্র ১৬টি ওয়াগন। চিনির ক্ষেত্রে গড়পড়তা ১৫টি ওয়াগন আসার কথা, সেখানে এসেছে ৭টি ওয়াগন। রেপ-সিডের ব্যাপারে পশ্চিমবাংলায় মানুষ জানেন এটা বাইরে থেকে আনতে হয়। সেই রেপ-সিড কেন্দ্রীয় সরকার ক্রমাগত কমিয়ে যাচ্ছেন। ১২ হাজার টন যেটা আসার কথা কমিয়ে করলেন ১০ হাজার টন। এবং আবার মার্চ মাসে ৯ হাজার টন করলেন আর মে মাসে সেটা কমিয়ে ৬ হাজার টন করে দিয়েছেন। কয়লার ব্যাপারটিও ঐ ধরনেরই, এটা কেন্দ্রীয় সরকারের দায়িত্ব। আমাদের পশ্চিমবাংলায় যেখানে লাগে ১ লক্ষ টন ওনারা সেটা ওফার করেছেন ৭০ হাজার টনে। সরবরাহ করেছেন কত? মার্চ মাসে ৬৬ হাজার টন আর এপ্রিল মাসে ৫২ হাজার টন। সম্প্রতি শুনেছেন, একটা নির্দেশ দেওয়া হয়েছে পশ্চিমবাংলায় সিমেন্ট ওপেন ওয়াগনে আনতে হবে। পশ্চিমবাংলায় যেখানে ওয়াগন ছাটাই হচ্ছে, কারখানা বন্ধ হয়ে যাচ্ছে, যেখানে ১২ হাজার ওয়াগন তৈরী করতে দেওয়ার কথা সেখানে তারা মাত্র দিচ্ছেন ৫ হাজার ওয়াগন।

**[11.10—11.20 a.m.]**

একদিকে ওয়াগন নেই, অপরদিকে ওপন ওয়াগনে সিমেন্ট আনতে বলছেন। এইভাবে সারা উত্তরবঙ্গে ওয়াগনের অভাব। নিত্য প্রয়োজনীয় জিনিসের যা অবস্থা তার বেশীর ভাগ তাঁরাই তৈরী করেছেন, এখানে মূল্য বৃদ্ধি সম্বন্ধে বড় বড় কথা বলে গেলেন। আপনারা জানেন যে মূল্য বৃদ্ধির অর্থনীতির উপর নির্ভর করে। সারা ভারতবর্ষের মধ্যে একমাত্র পশ্চিমবঙ্গেই ১৪টি নিত্য প্রয়োজনীয় জিনিস সরবরাহ করে থাকে। কিন্তু এই মূল্যবৃদ্ধির হার আপনারা দেখুন। কেন্দ্রে ৫ বছরের মধ্যে চাল, ১৯৮১ সাল থেকে ১৯৮৪ সালের মধ্যে র‍্যাশনে চালের দাম ২৯ ভাগ বাড়ানো হয়েছে, অথচ পশ্চিমবঙ্গে খোলা বাজারে চালের দাম ৫.৩৩ ভাগ বেড়েছে। কেন্দ্রীয় সরকার র‍্যাশনে গমের দাম বাড়িয়েছেন ৫ বছরে ৩২ ভাগ, তারপর চিনির দাম ৫ বছরে শতকরা ৫৪ ভাগ, তেলের দাম ১৯ ভাগ, ৫ বছরে কেরোসিন তেলের দাম ৩৪ ভাগ বাড়িয়েছেন। বলতে গেলে প্রত্যেকটি নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম এইভাবে বৃদ্ধির করেছেন। অথচ আমাদের পশ্চিমবঙ্গে সরকারের মাননীয় মুখ্যমন্ত্রী এই সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনার সম্বন্ধে যে বিবৃতি দিয়েছেন সেটা আমি একটু পড়ে দেখতে বলছি। সেখানে তিনি দাবী করেছেন যে এগুলিকে পরিকল্পনার অন্তর্ভুক্ত করা হোক। সে সব খবর জানেন না। আমি তাঁদের শুধু এটুকু লক্ষ্য করতে বলি যে, কয়েকদিন আগে রাজ্যসভার একটি সংবাদের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি - এটা মে মাসের ৮ তারিখের ষ্টেটস্ম্যান পত্রিকার খবর.......

"Members of the Rajya Sabha today complained about the Shortage of water in the capital and urged the Government to take steps.

The Chairman, Mr. R. Venkarman, asked the Parliamentary Affairs Minister to convey their views to the Ministers concerned".

সেখানে, দিল্লীতে স্বাধীনতার ৩৭ বছর পরেও জল সংকট হচ্ছে, অথচ এখানে এসে বড়ো বড়ো

কথা বলছেন, দ্রব্যমূল্য স্থিতিশীল রাখুন। কি করে রাখা যাবে? কেন্দ্রীয় সরকার সংকট করছেন বলেই আজ মানুষকে এই অবস্থা সহ্য করতে হচ্ছে। সেইজন্য মাননীয় সদস্য শ্রী সাধন চট্টোপাধ্যায় যে সকল প্রস্তাব এনেছেন আমি তাকে সমর্থন করছি এবং বিরোধীদলের মাননীয় সদস্যগণ যে সকল সংশোধনী এনেছেন আমি তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সাধন চট্টোপাধ্যায় :-** মাননীয় অধ্যক্ষ মহাশয়,এখানে মাননীয় বিরোধী সদস্যগণ এবং অন্যান্য মাননীয় সদস্যগণ যাঁরা এই প্রস্তাবের সংগে সহযোগী মনযোগ সহকারে আমি তাঁদের বক্তব্য শুনলাম। প্রথমে এই পটভূমিকাটা একটু বোঝা দরকার। বিভিন্ন হিসাবে দেখা যায় যে দেশে দরিদ্রসীমার নীচে অবস্থানকারী লোকসংখ্যা ৭০ শতাংশ। অপর দিকে ভারতসরকার বলছেন যে গত কয়েক বছর রেকর্ড পরিমাণ খাদ্য শস্য উৎপাদন হয়েছে কিন্তু [illegible], মজুতদাররা কয়েক হাজার কোটি টাকার- কত টাকা তার সঠিক হিসাব আমার জানা নেই- তাদের কালোটাকার এক সমান্তরাল অর্থনীতি গড়ে তোলার ফলে মূল্যবৃদ্ধি ঘটছে। গরীব, সাধারণ মানুষ তাদের ক্রয় ক্ষমতা কেড়ে নেওয়া হচ্ছে। আজকে টাকার দাম কমে ১৪ পয়সায় দাঁড়িয়েছে। এই যে অবস্থা, এই অবস্থার পরিপ্রেক্ষিতে আমি বলছি গত ১৯৮০ সালের লোকসভার নির্বাচনের আগে প্রয়াত প্রধান মন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী ঘোষণা করেছিলেন নির্বাচনে জয়ী হলে তিনি দ্রব্যমূল্য বৃদ্ধি রোধ করবেন।

কিন্তু এখন বাস্তব অবস্থাটা কি দাঁড়িয়েছে? আকাশছোঁয়া দাম সহ্য করে জীবনযাত্রা নির্বাহ করা দুঃসাধ্য হয়ে উঠেছে। এটা আমার কথা নয়, রিজার্ভ ব্যাঙ্কের বুলেটিন এই কথা বলছে। ১৯৬০ সালের মূল্যসূচককে যদি ১০০ ধরা যায়, তাহলে ১৯৭৩ সালে সেই মূল্যসূচক দাঁড়ায় ২৩৬শে। ইন্দিরা গান্ধী পুনরায় জিতে ১৯৮৩ সালে এই মূল্যসূচক দেখেছিলেন ৩৮৯ এবং তার শোকাবহ মৃত্যুর বছর - ১৯৮৪ সালে সেই সূচক সংখ্যা গিয়ে দাঁড়ায় ৫৩৬। আর একটি তথ্য আপনার সামনে নিবেদন করছি। এক্সাইজ এ্যাণ্ড কাষ্টম ডিউটি ১৯৭৫ সালে যেখানে ছিল ৬,২১৩ কোটি টাকা, গত বছর সেটা বেড়ে ১৭,১২৯ কোটি টাকায় দাঁড়িয়েছে। ভারতসরকারের অর্থনৈতিক ব্যবস্থা এবং কালোটাকা আজকে মানুষের ক্রয়ক্ষমতা কমিয়ে দিচ্ছে। এই কথা ওয়াংচু কমিশনও স্বীকার করেছিলেন। কিন্তু তাঁরা যে রিপোর্ট দিয়েছিলেন - সেটা গ্রহণ করা হয়নি। এর ফলে সরকারী মূলনীতি সবচেয়ে বেশী আক্রমণ করছে গরীব সাধারণ মানুষকে। আমরা মনে করি এবং পশ্চিমবাংলায় জনগণও মনে করেন যে, খাদ্য এবং নিত্য ব্যবহার্য জিনিসপত্রের দাম যদি বেঁধে দেওয়া যায়, তাহলে মুদ্রাস্ফীতি এবং মূল্যবৃদ্ধিজনিত সমস্যাটা অনেকটা কমিয়ে আনা যায়, গরীব মানুষদের পক্ষে বেঁচে থাকার সুযোগটা বাড়ে। আজকে বিষয়টি নিয়ে শুধু পশ্চিমবঙ্গই নয়, সারা ভারতবর্ষের মানুষ আন্দোলন করছেন, ভারত বন্ধ ডাকছেন, জাতীয় পর্যায়ে এ নিয়ে আলোচনা করছেন, যাঁদের মধ্যে বিভিন্ন মতের মানুষজন আছেন। গত বছর লক্ষ লক্ষ মানুষের গণ-সাক্ষর সম্বলিত যে ডেপুটেশন মাননীয় রাষ্ট্রপতির কাছে পাঠান হয়েছিল, তারমধ্যে নিত্য-প্রয়োজনীয় এই ১৪টি দ্রব্য সরবরাহের বন্দোবস্ত যাতে ভারতসরকার করেন- সেটাই ছিল অন্যতম প্রধান দাবী। জয়নাল সাহেব ভরতুকীর কথা বলেছেন। আমরা জানি এবং লোকসভাতেও স্বীকৃত হয়েছে যে, কয়েক হাজার কোটি টাকা পুঁজিপতিদের, বিশেষ করে পাটশিল্পের মালিকদের ক্ষেত্রে ভারতসরকার ভরতুকী দিয়েছেন। কিন্তু সেই ভরতুকী গরীব ও সাধারণ মানুষের স্বার্থে, এই ১৪টি নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের সরবরাহের ব্যাপারে দিতে জয়নাল সাহেবরা রাজী নন। যে কথা পূর্ববর্তী বক্তা ভক্তিবাবু বলে গেলেন - যেখানে খাদ্য ক্রয় করতে সাধারণ মানুষের সমস্ত সম্পদ ফুরিয়ে যায়, সেখানে ভরতুকী দিতে বিরোধী সদস্যগণ আপত্তি জানাচ্ছেন; কিন্তু মুনাফাখোর কালোটাকার মানুষদের স্বার্থে ভরতুকী দিচ্ছেন। এখানেও জয়নাল সাহেবসহ বিরোধীপক্ষের সদস্যরা নানা কথার জাল বুনে তাদের আড়াল করার চেষ্টা করছেন। জেনে রাখবেন, সাধারণ মানুষ এসব

বরদাস্ত করবেন না। বর্তমান প্রধানমন্ত্রী মূল্যবৃদ্ধির কথা স্বীকার করে নিয়ে ক্রেতা প্রতিরোধের কথা বলেছেন। আজকে তাঁরা যে অর্থনীতি নিয়ে চলেছেন এবং সর্বশেষ রেল বাজেট ও কেন্দ্রীয় বাজেটের ফলে সাধারণ মানুষ যখন পর্যুদস্ত, তখন জনগণকে বিভ্রান্ত করবার জন্য ক্রেতা প্রতিরোধের কথা তিনি বলছেন এবং এইভাবে কালো টাকার মালিকদের আড়াল করবার চেষ্টা করছেন। কিন্তু এটা হতে পারে না। এর বিরুদ্ধে প্রতিবাদ করবার জন্য আমি সকল মাননীয় সদস্যদের বলবো। যাঁরা গরীব মানুষের কথা, ক্ষেত-মজুরদের কথা বলেন, বিধানসভায় দাঁড়িয়ে অন্ততঃ গরীবের জন্য কান্না কাঁদেন - তাঁদের কাছে সবিনয়ে বলবো, আপনারা এই প্রস্তাবকে সমর্থন করে প্রথম পদক্ষেপ হিসাবে একে গ্রহণ করুন। এখানে দেবপ্রসাদ সরকার মহাশ ষ্টেট ট্রেডিং সম্বন্ধে বলেছেন এবং কামাক্ষাবাবু তার উত্তরও দিয়েছেন। বর্তমানে ভারতবর্ষ সার্বভৌম দেশ এবং পশ্চিমবঙ্গ তার থেকে আলাদা নয়। আজকে এ ব্যাপারে ব্যবস্থা নিতে হলে ভারতসরকারকেই এগিয়ে আসতে হবে। জয়নাল সাহেব এখানে একটি সংশোধনী এনেছেন।

**[11.20—11.30 a.m.]**

আমি তাঁকে বলি, তিনি একজন বিশিষ্ট পার্লামেন্টারিয়ান হয়ে কি করে এই সংশোধনী আনলেন। দ্বিতীয় অনুচ্ছেদে তিনি যদি ভালভাবে মনোযোগ দিতেন তাহলে এই সংশোধনী আনার কোন প্রয়োজন বা যৌক্তিকতা থাকে না। তাই আমি তাঁকে অনুরোধ করবো তিনি যেন তাঁর সমস্ত সংশোধনী তুলে নেন। মাননীয় কাশীবাবু এবং বিশেষ করে অমর ভট্টাচার্য্য মহাশয় যে কথা বলেছেন তাতে আমার এইটুকু মনে হয়েছে যে অর্থনীতির উপরে সাধারণ জ্ঞান যেটা থাকা দরকার, সাধারণ বোধ যেটা থাকা দরকার সেই বোধটুকু তাঁদের নেই। কারণ সারা ভারতবর্ষের অর্থনীতির সঙ্গে পশ্চিমবাংলার অর্থনীতি যুক্ত - এটা বিচ্ছিন্ন নয়। কাজেই সেই অর্থনীতিকে যে মুদ্রাস্ফীতি ঘটছে এবং তার ফলে যে দ্রব্য মূল্য বৃদ্ধি ঘটছে সেটাকে কমানোর জন্য, দেশের কোটি কোটি মানুষকে ন্যায্য দামে খাদ্যশস্য সরবরাহ করার জন্য, ঠিকভাবে বন্টন করার জন্য, এবং সংগ্রহ করবার জন্য ভারতসরকারকেই দায়িত্ব নিতে এই তিনটি কথা এখানে বলা হয়েছে। আপনারা একুট খেয়াল করে দেখবেন এই সামাজিক কাঠামোর মধ্যে সাধারণ মানুষে যাতে কিছু রিলিফ পেতে পারে তার জন্য এই তিনটি কথা বলা হয়েছে। আমার সব চেয়ে বেশী আশ্চর্য লাগছে মাননীয় জয়নাল সাহেব যে প্যারা কটি বাদ দিতে বলেছেন - ৫ থেকে ৭ - মাননীয় দেবপ্রসাদ সরকার আগমার্কা বিপ্লবী সেই প্যারা কটিই বাদ দিতে বলেছেন। কি অপূর্ব মিল। প্রখ্যাত কথা শিল্পী শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের কথা অপূর্ব সৃষ্টি "টগর বস্টুমি" বারবার নানাভাবে জন্ম নেয়। সেটা এখানে দেখা গেল। তাই আমি সকলের কাছে অনুরোধ রাখবো সাধারণ মানুষের স্বার্থে, গরীব মানুষের স্বার্থে, খেটে খাওয়া মানুষের স্বার্থে, দেশের অর্থনীতির যে বিপর্যয় ঘটেছে সেই বিপর্যয় ঠেকাবার স্বার্থে এবং কালো টাকার হাত থেকে দেশকে বাঁচাবার স্বার্থে প্রথম পদক্ষেপ হিসাবে এই প্রস্তাব আপনারা সকলে মেনে নিন। এই প্রস্তাবের উপর যে সমস্ত সংশোধনী এসেছে তার বিরোধীতা করে এবং এই প্রস্তাবকে সমর্থন করার জন্য আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** I nqw put the amendments of Dr. Zainal Abedin, Shri Kashinath Misra and Shri Deba Prasad Sarkar to vote.

The motion of Dr. Zainal Abedin that

1 In para 1, line 1, after the words "ভারত সরকার" the words "এবং রাজ্য সরকার" be inserted.

2 The Third para be omitted.

3(a) In the last para in lines 5 to 7, the words begining with "এবং (২) উক্ত" and ending with " গ্রহণ করুন" be omitted.

(b) In the last para, in line 2, the figure and the bracket "(১)" be omitted, was then put and lost.

The Motion of Shri Kashinath Misra that

4 In para 1, line 1 the word "ভারত" be omitted.

5 In para 2, line 1 the word "ভারত" be omitted.

6 In the last para, line 7 after the words "গ্রহণ করুন" the following be added :

"(৩) পশ্চিমবঙ্গে কাঁচা আনাজ, মাছ, মাংস, ইত্যাদির ন্যূনতম মূল্য নির্ধারণ এবং নিয়মিত সরবরাহে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে রাজ্য সরকারক অনুরোধ জানাচ্ছে", was then put and lost.

The Motion of Shri Debaprasad Sarkar that

7 In the last para, in lines 5 to 7 for the words begining with "উক্ত ১৪টি " and ending with " গ্রহণ করুন" the following be substituted .

"এই উদ্দেশ্যে উল্লিখিত নিত্য প্রয়োজনীয় দ্রব্যসমূহের পাইকারী ও খুচরো উভয় ক্ষেত্রেই ষ্টেট ট্রেডিং চালু করার জন্য কেন্দ্রীয় সরকার কার্যকরী পদক্ষেপ গ্রহণ করুন", was then put and lost.

**Mr. Speaker :** Now, I put the motion of Shri Sadhan Chattapadhay to vote.

The Motion of Shri Sadhan Chattopadhay that

" যেহেতু মূল্যবৃদ্ধি মজুতদারী ও কালোবাজারী রোধে ভারত সরকার কোনও কার্যকরী ব্যবস্থা গ্রহণ না করায় খাদ্যশস্য সহ নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম গরীব ও অন্যান্য সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার বাইরে চলে যাচ্ছে;

যেহেতু বিভিন্ন রাজ্যে উৎপাদিত বিভিন্ন জিনিসের পরিপোষণ মূল্য বা সর্বনিম্ন দাম ভারত সরকার নির্ধারণ ক'রে থাকেন;

যেহেতু নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্র ন্যায্য দামে পাওয়ার জন্য পশ্চিমবঙ্গ সহ ভারতের বিভিন্ন রাজ্যের জনসাধারণ বারবার দাবি জানাচ্ছেন এবং তার সমর্থনে গণতান্ত্রিক আন্দোলনের সামিল হচ্ছেন;

সেইহেতু এই সভা রাজ্য সরকারের মাধ্যমে ভারত সরকারের নিকট অনুরোধ জানাচ্ছে যে (১)

১৪টি নিত্যপ্রয়োজনীয় জিনিস যথাঃ খাদ্যশস্য (চাল-গম-ডাল ইত্যাদি), ডিজেল, সিমেন্ট, সাধারণ কাপড় ও সাধারণ ওষুধ পশ্চিমবঙ্গ সহ সারা ভারতে একই দামে সরবরাহ, বন্টন ও সংগ্রহের দায়িত্ব ভারত সরকার গ্রহণ করুন, এবং (২) উক্ত ১৪টি নিত্যপ্রয়োজনীয় জিনিষ নিয়মিত সরবরাহ করার জন্য প্রয়োজনে ভরতুকি দেওয়ার দায়িত্বও ভারত সরকার গ্রহণ করুন"।

was then put and a Division taken with the following results:-

**AYES**

Abdul Quiyom Molla, Shri

Abdur Razzak Molla, Shri

Abdus Sobhan Gazi, Shri

Adak, Shri Gourhari

Adak, Shri Nitai Charan

Anisur Rahman Biswas, Shri

Atahar Rahman, Shri

Bagdi, Shri Lakhan

Bagdi, Shri Natabar

Bandyopadhayay, Shri Balai

Banerjee, Shri Amiya Bhusan

Basu, Shri Ajit

Basu, Shri Nihar Kumar

Basu, Shri Subhas

Bera, Shrimati Chhaya

Bera, Shri Pulin

Bhattacharya, Shri Lal Behari

Bhattacharyya, Shri Gopal Krishna

Biswas, Shri Hazari

Biswas, Shri Jayanta Kumar

Biswas, Shri Kamalakshmi

Biswas, Shri Kanti

Biswas, Shri Kumud Ranjan

Biswas, Shri Satish Chandra

Bose, Shri Nirmal Kumar

Bouri, Shri Nabani

Chakrabarty, Shri Ajit

Chakraborty, Shri Umapati

Chakraborty, Shri Deb Narayan

Chatterjee, Shri Tarun

Chattapadhyay, Shri Sailendra Nath

Chattopadhyay, Shri Sadhan

Chattopadhyay, Shri Santasri

Choudhury, Shri Gunadhar

Chowdhury, Shri Bikash

Das, Shri Banamali

Das, Shri Jagadish Chandra

Das Mahapatra, Shri Kamakshyanandan

De, Shri Bhibuti Bhusan

De, Shri Sunil

Deb, Shri Saral

Doloi, Shri Shibaprasad

Ghosh, Shri Sushanta

Ghosh, Shri Debsaran

Ghosh, Shri Kamakhya

Ghosh, Shri Malin

Ghosh, Shri Satyendra Nath

Goppi, Shrimati Aparajita

Goswami, Shri Ramnarayan

Goswami, Shri Subhas

Gupta, Shri Sitaram

Hajra, Shri Sachindra Nath

Haldar, Shri Krishnadhan

Hazra, Shri Haran

Hira, Shri Sumanta Kumar

Jana, Shri Haripada

Jana, Shri Manindra Nath

Kalimuddin Shams, Shri

Kar, Shrimati Anju

Kar, Shri Nani

Khan, Shri Sukhendu

Konar, Shrimati Maharani

Kumar, Shri Himanshu

Kundu, Shri Gour Chandra

Lama, Shri Dawa

Let, Shri Dhirendra

M Ansar-Uddin, Shri

Majhi, Shri Raicharan

Majhi, Shri Surendra Nath

Maji, Shri Pannalal

Maji, Shri Swadeshranjan

Majumdar, Shri Sunil Kumar

Malakar, Shri Nani Gopal

Malik, Shri Sreedhar

Mandal, Shri Rabindra Nath

Mandal, Shri Sukumar

Mandi, Shri Ramapada

Mandi, Shri Sambhunath

Majumdar, Shri Dilip Kumar

Mir, Abdus Sayeed, Shri

Mir, Fakir Mohammad Shri

Moazzam Hossain, Shri Syad

Mohammad Ramjan Ali, Shri

Mohanta, Shri Madhabendu

Mojumdar, Shri Hemen

Molla, Shri Anadi

Mondal, Shri Dinabandhu

Mondal, Shri Kshiti Ranjan

Mondal, Shri Raj Kumar

Mondal, Shri Sahabuddin

Mondal, Shri Shashanka Sekhar

Mondal, Shri Sadhansu Sekhar

Mukherjee, Shri Amritendu

Mukherjee, Shri Anil

Mukherjee, Shri Bamapada

Mukherjee, Shri Jaikesh

Mukherjee, Shri Niranjan

Mukherjee, Shri Rabin

Mukhopadhyay, Dr. Ambarish

Munsi, Shri Mahammad Bacha

Murmu, Shri Maheswar

Murmu, Shri Sarkar

Murmu, Shri Sufal

Naskar, Shri Subhas

Naskar, Shri Sundar

Nath, Shri Monoranjan

Neogy, Shri Brajo Gopal

Omar Ali, Dr.

Oraon, Shri Mohan Lal

Paik, Shri Sunirmal

Panda, Shri Bhupal Chandra

Panda, Shri Mohini Mohan

Pathak, Shri Patit Paban

Pradhan, Shri Prasanta Kumar

Paramanik, Shri Abinash

Paramanik, Shri Radhika Ranjan

Paramanik, Shri Sudhir

Raha, Shri Sadhan

Ray, Shri Achintya Krishna

Ray, Shri Birendra Narayan

Ray, Shri Dwijendra Nath

Ray, Shri Matish

Ray, Shri Subhas Chandra

Roy, Shri Amalendra

Roy, Shri Haradhan

Roy, Shri Hemanta Kumar

Roy, Shri Sattik Kumar

Roy, Shri Tarak Bandhu

Roy Barman, Shri Khitibhusan

Roy, Shri Umakanta

RoyChowdhury, Shri Nirode

Saha, Shri Jamini Bhuson

Saha, Shri Kripa Sindhu

Sar, Shri Nikhilananda

Saren, Shri Ananta

Sarkar, Shri Kamal

Satpathy, Shri Abani Bhusan

Sayed Md. Masih, Shri

Sen, Shri Deb Ranjan

Sen, Shri Dhirendra Nath

Sen, Shri Sachin

Seth, Shri Lakshman Chandra

Shish Mohammad, Shri

Sinha, Dr Haramohan

Sinha, Shri Prabodh Chandra

Sk. Siraj Ali, Shri

Soren, Shri Khara

Tirkey, Shri Manohar

Tudu, Shri Bikram

Uraon, Shri Subodh

NOES

Abdul Mannan, Shri

Abdul Wahed, Shri

Abdur Rauf Answari, Shri

Abdus Sattar, Shri

Abedin, Dr. Zainal

Banerjee, Dr. Sushovan

Bhattacharyya, Shri Amarendra Nath

Bhunia, Dr. Manas

Bose, Dr. Sisir Kumar

Kazi Hafizur Rahman, Shri

Lutfal Haque, Shri

Mahata, Shri Subhas Chandra

Muhbubul Haque, Shri

Misra, Shri Kashibnath

Molla, Shri Fazle Azim

Moslehuiddin Ahmed, Shri

Mukherjee, Shri Subrata

Roy, Shri Santi Mohan

Sadhukhan, Shri Tarapada

Sha, Shri Ganga Prosad

Trivedi, Shri Bankim

**ABSENT**

Sarkar, Shri Debaprasad

Purkait, Shri Probodh Chandra

Ayes being 150 and Noes 21 the motion was carried

**Mr. Speaker** : Here is an announcement. I have formed a Delegation of all parties of this House to meet the Ministers in charge Of Industry, Commerce, Railway and Finance, Government of India, in New Delhi.

The Delegation comprises of the following members :-

1. Shri Nirmal Kumar Bose,

   Minister-in-charge, Commerce and Industries Department.

2. Shri Patit Paban Pathak,

   Minister-in-charge, Home (Parliamentary Affairs) Department,

3. Shri Rabin Mukherjee,

   Minister-in-charge, Home (Transport) Department

4. Shri Subrata Mukherjee,

5. Dr. Manas Bhunia,

6. Shri Ambica Banerjee,

7. Shri Bamapada Mukherjee,
8. Shri Raj Kumar Mondal,
9. Shri Santasri Chattopadhyay,
10. Shri Jamini Bhuson Saha,
11. Shri Tarun Chatterjee,
12. Shri Haradhan Roy,
13. Shri Kamal Sarkar,
14. Shri M. Ansaruddin,
15. Shri Bhakti Bhusan Mandal,
16. Shri Anil Mukherjee,
17. Shri Kripa Sindhu Saha,
18. Shri Saral Deb,
19. Shri Matish Ray,
20. Shri Debsaran Ghosh,
21. Shri Kamakhya Charan Ghosh
22. Shri Deba Prasad Sarkar,
23. Shri Probodh Chandra Sinha,
24. Shri Bankim Behari Maity,
25. Shrimati Renu Leena Subbha,and
26. Shri Sumanta Kumar Hira.

This Delegation will meet the Central Ministers as aforesaid relating to various poblems of the State. They would report back to this House at its next Session. The Other agenda will be made by the Ministers concerned. They will contack the Members and let them know the dates and other arrangements.

**শ্রী আবদুল মান্নান ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে হাউসের শেষ দিন। আমরা হাউসে বহুবার উল্লেখ করেছি, বাজেট নিয়ে আলোচনার সময়েও বিভিন্ন সময়ে বক্তব্য রাখতে গিয়ে, বিরোধীতা করতে গিয়ে বহুবার বলেছি ; গোটা পশ্চিমবাংলায় বিদ্যুতের বন্যা বইয়ে দেবেন বলে মাননীয় বিদ্যুৎমন্ত্রী এই সভায় অনেক সাফাই গেয়েছেন। গত কয়েকদিন ধরে আমরা দেখতে পাচ্ছি গোটা পশ্চিমবাংলা বিদ্যুতের অভাবে অন্ধকারে ডুবে আছে - কোথাও একফোঁটা বিদ্যুৎ নেই। কোলাঘাট, ব্যাণ্ডেল, সাঁওতালদি - যেখানেই যাবেন, সেখানেই বিদ্যুৎ বিভ্রাট ও অচলাবস্থার সৃষ্টি

হয়েছে। সর্বত্রই বিদ্যুতের উৎপাদন বন্ধ হয়ে গেছে। বিদ্যুৎ মন্ত্রী বিদ্যুতের বন্যা কিভাবে বইয়ে দিচ্ছেন তা পশ্চিমবাংলার মানুষ ভালভাবেই বুঝতে পারছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে হাউস শেষ হয়ে যাবে, কিন্তু বিদ্যুতের অবস্থা কোথায় গিয়ে দাঁড়াবে তা আমরা বুঝতে পারছি না। আপনি বিদ্যুৎমন্ত্রীকে আশু বিদ্যুৎ বিভ্রাটের সুরাহা করতে বলুন। তিনি হাউসে এসে বিবৃতি দিন, যে কি ব্যবস্থা তিনি নিতে পারবেন এবং বিদ্যুতের এই অবস্থা কেন। আজ গোটা পশ্চিমবাংলায় বিদ্যুৎ বিভ্রাটের ফলে শিল্প-কারখানা, সমস্ত ক্ষুদ্র শিল্প বন্ধ হতে চলেছে এবং তা একমাত্র বিদ্যুৎমন্ত্রীর অপদার্থতা বা অযোগ্যতার ফলেই ঘটছে। অবিলম্বে তাঁকে আপনি পদত্যাগ করতে বলুন। এই ব্যাপারে মাননীয় চীফ মিনিষ্টারকে এখানে এসে একটি স্টেটমেন্ট দিন। আপনি চীফ মিনিষ্টারকে বিবৃতি দিতে একবার অনুরোধ করুন - কারণ, আজই হাউস শেষ হয়ে যাচ্ছে।

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই শেষ দিনে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে, শুধু অর্থনৈতিক দিক থেকে নয়, বাংলার এবং বাঙালীর বিরুদ্ধে কেন্দ্রীয় সরকারের সর্বাত্মক আক্রমণ আমরা বিশেষ ভাবে লক্ষ করছি। কেন্দ্রের যে দূরদর্শন কেন্দ্র আছে, সেখান থেকে ধারাবাহিক ভাবে একতি নাটক দেখানে হচ্ছে। এর মধ্যে বাঙালীর যে চরিত্র দেখান হচ্ছে, সেই চরিত্র'এর মধ্যে বাঙালীর চরিত্রের বৈশিষ্ট্য, মননশীলতা বা মানসিকতা, সব কিছুর বিরোধি চিত্র তুলে ধরা হয়েছে।

**[11.30—11.40 a.m.]**

আমি আপনার মাধ্যমে আবেদন জানাচ্ছি যে এর পিছনে একটা ষড়যন্ত্র আছে, সুতরাং এটা দূরদর্শনে বন্ধ করা হোক কারণ এর ফলে গোটা বাংলার চরিত্রকে অসম্মান করা হবে সেইজন্য আমি আপনার মাধ্যমে অনুরোধ রাখছি তথ্য ও বেতার মন্ত্রীর কাছে এই ব্যাপারে ব্যবস্থা নেওয়ার জন্য

**শ্রী সুব্রত মুখার্জী ঃ-** মাননীয় স্পীকার স্যার, আজকে হাউসের শেষ হচ্ছে আমরা এখানে আলোর মধ্যে আছি কিন্তু যেতে হবে আমাদের অন্ধকারে। ইতিমধ্যেই আমাদের একজন সদস্য এই বিষয়ে বলেছেন, আমার অনুরোধ এই বিষয়টি অত্যন্ত গুরুত্ব পূর্ণ সুতরাং আজকে এই বিষয়টি সুনিশ্চিত করতে হবে। আপনি নিজে বিবেচনা করে দেখুন এই যে হাউসের এয়ারকন্ডিশান থেকে আলোচনা করার পরে যখন বাইরে যাচ্ছি কি অবস্থায় আমরা গিয়ে পড়ছি। আমরা হাউস থেকে জনসাধারণের জন্যকি দৃষ্টান্ত নিয়ে যাচ্ছি। আমরা প্রায় আড়াই মাস বাদে যখন নিজেদের জায়গায় যাবো তখন আমরা কি নিয়ে যাবো?

যীশু বলেছিলেন তোমাদের অন্ধকার থেকে আলোতে নিয়ে যাবো। আর আমরা আমাদের কেন্দ্রে গিয়ে বলবো তোমাদের আলো থেকে হতাশার অন্ধকারে নিয়ে যাব। আপনি অন্তত এই ব্যাপারে একটা হাউসে টোকেন ইনট্যাঙ্গ দিন যে আপনি আপনার দপ্তর চালাতে ব্যর্থ। আজকে জনজীবন বিপর্যস্ত, এই ব্যাপারে বিদ্যুৎ মন্ত্রীর একটা টোকেন এ্যাসুরেন্স দেওয়া দরকার। আমি মনে করি বিদ্যুৎমন্ত্রীর পদত্যাগ করা দরকার। কারণ যেভাবে তিনি বিদ্যুতের ক্ষেত্রে চরম ব্যর্থতার পরিচয় দিয়েছেন, তাতে তার পদত্যাগ করা ছাড়া উপায় নেই।

**শ্রী সরল দেব ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সভায় বারেবারে আলোচনা হয়েছে যে কেন্দ্রীয় সরকারের অনুসৃত নীতির ফলে ওয়াগন শিল্প পশ্চিমবঙ্গে বন্ধ হয়ে যাচ্ছে। উত্তরপ্রদেশ, মহারাষ্ট্র থেকে যে এ্যালকোহল আসতো তাও বন্ধ হয়ে যাচ্ছে ফলে পশ্চিমবঙ্গের ভেষজ শিল্প বন্ধ হতে চলেছে। এর ফলে পশ্চিমবঙ্গের বেকার সমস্যা আরো তীব্রতর আকার নেবে। কাঁচামাল যদি পাও,

না যায় তাহলে পশ্চিমবঙ্গের ভেষজ শিল্পে এক বিরাট সংকট দেখা দেবে। এর থেকে গভর্ণমেন্টের যে রেভিনিউ আসতো সেটা বন্ধ হয়ে যাবে এবং সঙ্গে সঙ্গে বেকারের সংখ্যা বেড়ে যাবে। সেইজন্য আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই রাজ্যে নিয়মিত ভেষজ শিল্প চালু থাকার জন্যে নিয়মিত কাঁচামাল আসে এবং ওয়াগান শিল্প বাঁচে।

**শ্রী কাশীনাথ মিশ্র :-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধান সভা শেষ হতে চলেছে, এই বিধানসভায় বিভিন্ন সময়ে বিভিন্নভাবে আলোচনা হয়েছে: পঞ্চায়েত এবং জেলা পরিষদ নিয়ে অনেক আলোচনা হয়েছে। এই জেলা পঞ্চায়েতের সঙ্গে যুক্ত, এখানে যেসব কর্মচারী আছেন তার সঙ্গে গ্রাম পঞ্চায়েতের কর্মচারী এবং জেলা পরিষদের প্রায় ২০০০ জন আধা সরকারী কর্মচারী এবং অন্যান্য ১৫ হাজার কর্মচারী আছেন যারা এখনও ১৯৮১ পে কমিশনের রিপোর্ট অনুযায়ী বেতন পাচ্ছে না। আমি এই বিষয়ে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী নীরোদ রায়চৌধুরী :-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে অত্যন্ত জরুরি বিষয়ে ভূমি রাজস্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে ২৪ পরগণা এক সময়ে নদী বহুল এলাকা ছিল এবং তখন সেখানে পদ্মা, যমুনা, বিদ্যাধরী এবং সুতী প্রভৃতি নদী ছিল। কিন্তু বর্তমানে এখানে যেসব নদী আছে সেই নদীগুলির দুইধারে চর পড়েছে। তারফলে ঐ অঞ্চলের মৎসজীবী যারা ছিলেন তারা নদী শুকিয়ে যাওয়ার জন্য এই নদীগুলোর চরে চাষবাস করে জীবিকা নির্বাহ করতো। কিন্তু ওখানে বর্তমানে কিছু বিত্তবান লোক এসে চাষবাস শুরু করায় তাদের পক্ষে আর চাষবাস করা সম্ভব হচ্ছে না। আপনি দয়া করে এদের চাষবাসের সুযোগ করে দিন, তা না হলে এই গরীব মানুষরা কোথায় যাবে এবং এদের কি হবে? সেইজন্য এই বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি

**Shri Abdur Rauf Ansari** : Mr. Speaker, sir, I want to draw your attention to a particular matter. Sir, the people of West Bengal have realised that this Government has failed in all the departments and the high hopes given to the people in this House. They could not solve any problem at all. I would request this government to solve only one problem, i.e., Load Shedding. Sir, the people of Calcutta are living in darkness - in the dark jungles. The People are suffering from high blood pressure. The students are unable to read.

(At this stage Mr. Speaker called Shri Hazari Biswas to speak and Shri Biswas rose to speak)

**শ্রী হাজারী বিশ্বাস :-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বাজেট সেশন দীর্ঘ ২ মাস ধরে চলল, শেষের দিকে বলার সুযোগ পেয়ে আপনাকে ধন্যবাদ। আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। জুরুড থেকে মুর্শিদাবাদ জেলার ১ নং ব্লক হয়ে নলহাটী পর্যন্ত যে রাস্তা গেছে তার নাম হচ্ছে বাদশাহী রোড। এই রাস্তাটি রঘুনাথগঞ্জ ১ নং ব্লক সাগরদীঘি ব্লক হয়ে নলহাটী পর্যন্ত গেছে। এটি ৮/৯ কিমি লম্বা রাস্তা। এই রাস্তাটি অত্যন্ত দুর্গম। বর্ষাকালে মানুষ যাতায়াত করতে পারেনা। এই রাস্তা দিয়ে ষ্টেশনে আসতে গেলে ৬।৭ কিমি পায়ে হেঁটে কাদা রাস্তা দিয়ে আসতে হয়। আবার পিচের রাস্তা দিয়েও আসতে গেলে ৬।৭ কিমি হেঁটে আসতে হয়। এই রাস্তাটির কাজ যদি ত্বরান্বিত করেন তাহলে ২৫।৩০ হাজার লোকের উপকার হয়।

**শ্রী রবীন্দ্রনাথ ঘোষ ঃ-** স্যার, গত ২৮ তারিখের ঘূর্ণিঝড়ে উলুবেড়িয়ার হীরাগঞ্জে নয়ন মণ্ডল নামে একটি লোক নৌকাডুবি হয়ে মারা যায়। কালবৈশাখীর সময়ে এখান দিয়ে হাজার হাজার লোক পারাপার করে এবং প্রতি বছরই নৌকাডুবি হয়ে অনেকে মারা যায়। উলুবেড়িয়া থেকে বিড়লাপুর এবং উলুবেড়িয়া থেকে হাতিপুর পর্যন্ত হাওড়ার মতন যদি ফেরী সার্ভিস চালু করেন তাহলে অনেক উপকার হয়। ২৮শে মার্চ ১৯৮৫ তারিখে নয়ন মণ্ডল মারা যায়। ২৯শে মার্চ, ৮৫ তারিখে তাকে গঙ্গা থেকে পাওয়া যায় এবং তার ময়না তদন্ত হয়। বাচ্চা ছেলেমেয়ে নিয়ে ৪।৫জন এই ফ্যামিলিতে আছে। যারা অনাহারে দিন কাটাচ্ছে। এদের জন্যও একটা ব্যবস্থা করলে ভাল হয়।

**শ্রী শশাঙ্ক শেখর মণ্ডল ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্যার বীরভূম জেলায় কয়লার জ্বালানীর খুব সঙ্কট। এখানে যে ডাম তৈরী হয়েছিল এটা কেন্দ্রীয় সরকারের হাতে। কিন্তু এই কয়লা নিয়ে কালোবাজারী বা মুনাফাখোরীরা খুব গোলমাল করছে। এই জিনিসটা পশ্চিমবাংলার সব জায়গা থেকে অপসারিত হয়েছে। কিন্তু এই ডাম সিস্টেমটা এখন আমাদের বুকের উপর চেপে আছে। এই ডাম সিস্টেম করে দিয়ে পারমিট সিস্টেম চালু করা হোক।

**ডাঃ মানস ভুঁইএ্যা ঃ-** স্যার, আজকে বিধানসভার শেষ দিন। আমরা নিজেদের এলাকায় ফিরে যাব। সুব্রতবাবু এবং মান্নান সাহেব বিদ্যুৎ নিয়ে বললেন। কিন্তু এর পাশাপাশি আর একটি সমস্যা ভয়াবহ আকার ধারণ করেছে। আমরা আশা করেছিলাম, বিভাগীয় মন্ত্রী উপস্থিত থেকে আমাদের কিছু বলবেন। কিন্তু দেখছি কমলবাবু আজকে অনুপস্থিত।

**[11.40—11.50 a.m.]**

স্যার, আপনি জানেন যে স্বাস্থ্য দপ্তরের যেমন দায়িত্ব রয়েছে স্বাস্থ্য দপ্তরের সঙ্গে গ্রামীণ জল সরবরাহ দপ্তরের তেমনি দায়িত্ব রয়েছে জল সরবরাহের ক্ষেত্রে। মন্ত্রী মহাশয় কাগজে ঘোষণা করে দিয়েছেন ৫।। টাকা এই বাবদ প্রতি ব্লকে দেওয়া হবে। একজন মাননীয়. সদস্য বললেন বিদ্যুতের অভাবে যেমন সারা পশ্চিমবঙ্গ অন্ধকারে ঢেকে গেছে তেমনি পানীয় জলের অভাবে সারা পশ্চিমবঙ্গে হাহাকার পড়ে গেছে। আমি আশা করেছিলাম সেই গ্রামীণ পানীয় জলসরবরাহ বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয় অধিবেশনের শেষ দিনে উপস্থিত থেকে একটা আশার বাণী শোনাবেন। কিন্তু দুর্ভাগ্যের কথা আজকে তিনি হাউসে উপস্থিত নেই, পশ্চিমবঙ্গবাসী সেই আশা থেকে আজকে বঞ্চিত হলো।

**শ্রী আতাহার রহমান ঃ-** মিঃ স্পীকার স্যার, আমি একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলের মানুষ বামফ্রন্ট সরকারকে একটা আশীর্বাদ স্বরূপ মনে করে। পশ্চিমবঙ্গের গ্রামের দিকে শিক্ষা-দীক্ষার হার অত্যন্ত কম। পশ্চিমবঙ্গ সরকার গত কয়েক বছর আগে ইসলামপুরে একটা কলেজ করেছিলেন। সেই কলেজের শিক্ষক এবং অশিক্ষক কর্মচারীদের গত জানুয়ারী মাস থেকে পে- প্যাকেট বন্ধ করে রেখেছে। এই ব্যাপারে কলেজ কর্তৃপক্ষ ডিপার্টমেন্টের সমস্ত মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করেছেন, কিন্তু কেন জানি না কোন অদৃশ্য হস্তক্ষেপের ফলে জানুয়ারী মাস থেকে আজ পর্যন্ত পে-প্যাকেট বন্ধ রাখার ফলে তাঁরা দীর্ঘদিন স্ট্রাইক করে কলেজ বন্ধ করে দিয়েছেন। গত ২৪ তারিখ থেকে তাঁরা কলেজ বনধ করে দিয়েছেন। আমি আপনার মাধ্যমে পুরো মন্ত্রী সভার এবং হাউসের দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে পে-প্যাকেট তাদের হাতে তুলে দিয়ে কলেজটিকে চালু করা হয়।

**শ্রী প্রবোধ পুরকায়েত ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্তমান বিধানসভার অধিবেশনের অন্তিম মুহূর্তে আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার,

আমতলা থেকে এসপ্ল্যানেড পর্যন্ত ২২৮ নম্বর যে বাস রুট ছিল এটা ১৯৮৪ সালের প্রথম থেকে শুরু হয়েছিল। কিন্তু গত বর্ষার প্রচণ্ড বর্ষণের ফলে রাস্তার অবস্থা খারাপ হওয়ার জন্য সেই বাস রুট বন্ধ হয়ে আছে। আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে এই বাস রুট চালু করার জন্য।

**শ্রী সুভাষ নস্কর ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২রা মে থেকে বাসন্তী থানার সামনে খুনী পুলিশ অফিসারের অপসারণের দাবিতে আজ পর্যন্ত অবস্থান চলছে। প্রতিদিন ৫।৬শো লোক শান্তিপূর্ণভাবে অবস্থান চালাচ্ছে। ২৪ পরগণা পুলিশ সুপারের নির্দেশ থাকা সত্ত্বেও সেই ও.সি. তেওয়ারী থানা থেকে বাইরে আসছে না। স্যার, আপনার মাধ্যমে সমস্ত সদস্যদের কাছে আমার অনুরোধ আপনারা বাসন্তী থানা অভিমুখে চলুন, দেখবেন সেখানকার মানুষের উপর কি ধরণের নির্যাতন সেই পুলিশ অফিসার চালিয়েছে। সেজন্য সমস্ত সদস্যকে বাসন্তী থানা অভিমুখে যাবার জন্য অনুরোধ করছি।

**শ্রী অমিয় ব্যানার্জী ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। গত রবিবার আমার বসিরহাট কলেজের ছাত্র ইউনিয়ন ছাত্র পরিষদ তারা আমাকে একটা চিঠি দিয়েছে যে তারা আমার সঙ্গে দেখা করতে চায় মঙ্গলবার। মঙ্গলবার সিণ্ডিকেটের মিটিং ছিল, সেজন্য দেখা করতে পারব না বলে তাদের বাড়ীতে চিঠি দিয়ে জানিয়েছি এবং বলেছি বৃহস্পতিবার আমি বেলা ২।। টার সময় দেখা করব। কিন্তু বুধবার আমি আমার ঘরে গিয়ে দেখি সেই ছাত্র পরিষদের ছেলেরা আমার ঘর তছনছ করেছে, আমার আলমারি ভেঙেছে, টেলিফোন ভেঙেছে, যে চেয়ারে আমি বসি সেই চেয়ার বাইরে ছুঁড়ে ফেলে দিয়েছে। আমি আপনার মাধ্যমে এই ঘটনার প্রতি সমস্ত হাউসের এবং শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভার অধিবেশনের এই শেষ দিনে আপনাকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। মোটামুটি আমরা এই বাজেট সেশন অত্যন্ত আনন্দের সঙ্গে কাটিয়েছি। মাঝে মাঝে অবশ্য আপনাকে আমরা বিরক্ত করেছি আশাকরি তার জন্য আপনি কিছু মনে করবেন না। আপনার দক্ষতা সম্বন্ধে আমাদের মনে কোন রকম সন্দেহ নেই। তবে মাঝে মাঝে আপনি আমাদের যে বাইবেল দেখিয়েছেন সেটা ভবিষ্যতে একটু কম দেখাবেন এবং আপনার ওই দিকেও একটু দেখাবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দীর্ঘ দুমাস ধরে আমরা এখানে নানারকম বিষয় নিয়ে আলোচনা করেছি, গ্রাম বাংলার সমস্যার কথা এখানে উত্থাপন করেছি। তবে আজ থেকে সেইসব আলোচনা আবার বন্ধ হয়ে গেল। বক্তব্য শেষ করার আগে আপনাকে একটা অনুরোধ জানাচ্ছি, পশ্চিমবাংলার সাড়ে পাঁচকোটি মানুষকে আপনি এই জঙ্গলের রাজত্ব থেকে বাঁচাবার চেষ্টা করবেন।

**Mr. Speaker :** I have received a petition from Shri Kripa Sindhu Saha, M.L.A. The petition is made by Smt. Anjali Chowdhury, Advocate, Calcutta High Court. It relates to a large number of Nursing Homes, Pathological laboratories and X-Ray clinics which are situated in different places of West Bengal. In most of these establishments there are lack of good doctors and experts. Some of the Nursing Homes, clinics and laboratories are running by inefficient and under-qualified doctors and personnel. But there is no strict rules and regulations to control these establishments and such as Smt. Choudhury requests to present her petition before the House

for framing suitable law to control the aforesaid establishments for protecting the public health for public interest..

I have directed to refer the matter to the Petition Committee for consideration and recommendation.

Now, there are three breach of privilege applications. One, by Shri Birendra Narayan Ray, M.L.A. Against Shri Suniti Chattaraj, M.L.A. relating to the incidents of 4.4.85. Second is made by Shri Anil Mukherjee, M.L.A. against Shri Arun Goswami, M.L.A. relating to the same incidents. The third is made by Shri Sumanta Kumar Hira, M.L.A. against Shri Naba Kumar Roy, M.L.A. relating to the incidents of 4.4.85. As the matter has been resolved there is no further necessity of dealing with these matters.

**শ্রী অমলেন্দ্র রায় ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কয়েকদিন আগে এই হাউসে কেন্দ্রীয় রেলমন্ত্রী বংশীলালের বিরুদ্ধে একটি প্রিভিলেজ মোসন এনেছি এবং সেই প্রিভিলেজ মোসনের বিষয়বস্তু ছিল শ্রী বংশীলাল রাজ্যসভায় রেল বাজেটের আলোচনার সময় আমাদের মুখ্যমন্ত্রীকে দায়িত্বহীন বলে উল্লেখ করেছিলেন। এই প্রিভিলেজের মোসন আমি যখন আনি তখন প্রাথমিক আলোচনা যেটা হয় তাতে কয়েকটা প্রশ্ন উঠেছিল। কথা হচ্ছে এক হাউসের মেম্বারের বিরুদ্ধে আর একটা হাউসে এইরকম কোন মোসন আনা যায় কিনা? দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, এই প্রিভিলেজের ব্যাপারে যদি কোন নজীর না থাকে তাহলে এই জিনিস আদৌ আনাযাবে কিনা? তবে যদি প্রসিডিওর ঠিক হয় তাহলে এখানে মেরিটের প্রশ্ন আসে। অবশ্য মেরিটের প্রশ্নে আমি সেদিন বলেছিলাম যে প্রাইমাফেসী কেস্ আছে, তবে এই ব্যাপারে ফাইন্যাল ডিসিসন দেবার কর্তা আপনি - সেই ডিসিসন দেবেন আপনি। প্রসিডিওরের ব্যাপারে ডাঃ জয়নাল আবেদিন আপত্তি তুলে বলেছিলেন এই জিনিস আনা যায় না। আমি সেদিন এখানে দু- একটি নজীর পেশ করেছিলাম এবং তার মধ্যে একটি নজীর ছিল, উড়িষ্যার এম এল এ এবং তদানিন্তন মুখ্যমন্ত্রী যিনি ছিলেন তাঁর বিরুদ্ধে লোকসভায় একটা ব্রিস অব প্রিভিলেজ আনা হয়েছিল। এই ব্যাপারে আলোচনার সময় বলা হয়েছিল এটা একটা বিশিষ্ট কনভেনসনের ভিত্তিতে আনা যায় এবং সেটা "কাউল এ্যাণ্ড সাকদর" - এ বলা আছে। আমি সেই রেফারেন্স আপনার কাছে পেশ করেছিলাম ওই কনভেনশান এবং প্রসিডিওর সম্পর্কে। আমি সেদিন পার্টিকুলার্স আপনার কাছে পেশ করতে পারিনি কিন্তু পরবর্তীকালে বিধানসভার সচিব মহাশয়কে চিঠি লিখে ওই প্রসিডিওর সম্পর্কে পার্টিকুলার্স পেশ করেছি। আমি যে নজীরের কথা বলেছিলাম অর্থাৎ যে নজীরের ভিত্তিতে আমি এই মোসন উত্থাপন করেছিলাম সেটা একটা পুরাণ নজীর। এটা হচ্ছে ১৯৮৪ সালের লোকসভার একটা নজীর এই নজীরের ভিত্তিতে আমি যে এটা আনতে পারি সেটা চূড়ান্তবাবে এস্ট্যাবলিসড্ হয়ে গেছে এবং আমি বিধানসভার সচিবকে সেকথা চিঠি লিখে জানিয়েছি। লোকসভার অধ্যক্ষ যে রুলিং দিয়েছিলেন সেখানে বিষয়টি ছিল, অন্ধ্র লেজিজলেটিভ এ্যাসেম্বলীতে তদানীন্তন আইনমন্ত্রী জগন্নাথ কোশল্যের বিরুদ্ধে একটা প্রিভিলেজ মোসন আনা হয়েছিল এবং সেটা আনার পর বিষয়টি উত্থাপন করেন লোকসভার একজন সদস্য। তখন লোকসভার অধ্যক্ষ বলরাম জাকর যে ডিসিসন দিয়েছিলেন সেটা আমি এখানে পড়ে দিচ্ছি। এটা শুনলে আপনি বুঝতে পারবেন প্রসিডিওরের দিক থেকে আমি সিওর গ্রাউন্ডের উপর দাঁড়িয়ে আছি। এখানে বলা হয়েছে,

**While disposing of the matter the Speaker of the Lok Sabha Shri Balaram Jakhar referred to the established convention and said that if a prima facie case of breach of privilege or contempt of the House was made out against a member who belonged to another Legislature, the matter was reported to the Presiding Officer of that Legislature for taking action as he considered necessary. This convention was established in pursuance of the recommendations contained in the Report of the Committee of Speakers adopted by the Presiding Officers' Conference on 17th September, 1956 - Reference: The Journal of Parliamentary information, Vol. XXX, No. 4, December, 1984, P. 665 and Privilege Digest, Vol. XXX, October, 1984, P. 6**

**এই ভিত্তিতে আমি এই মোসন এনেছি এবং আমি মনে করি প্রসিডিওর‍্যালি আই অ্যাম কারেক্ট এবং এই মোসন আনার অধিকার আমার আছে। অ্যাস্ ফার অ্যাস্ দি মেরিট ইজ কনসার্নড আমি মনে করি প্রাইমাফেসিলী মেরিট আছে এবং এই প্রিভিলেজ মোসন মুভ করা যায়। এখন ডিসিসিন লাইজ উইথ ইউ - অর্থাৎ এই ব্যাপারে ফাইন্যাল ডিসিসন নেবেন আপনি।**

**[11.50—12.00 a.m.]**

**Mr. Speaker :** Mr. Amalendra Roy, don't go into the merit of the privilege motion. I think that we should ignore this. It is not of such importance that we should give it a position of sending it to the Speaker of the Lok Sabha for his consideration as to whether a breach of privilege has taken place or not. There are some statements which are reported in the newspapers which you have referred to. Basically, on newspaper reports, we do not proceed. But there is a past precedent where on a newspaper report certain action had been taken. You have quoted that Orissa case is there. But in my own opinion, we should ignore these things. Our House is much too magnanimous to take notes of these petty things and in that consideration, I think that we do not take any action on this. We completly ignore what has been stated by the Minister in the Rajya Sabha. While we ignore it, there is no further need of discussion on this. We can only condemn this behaviour that people in formidable position should not make such loose statements anywhere. Nothing More than that.

There is a privilegd motion by Shri Nani Kar against Shri Bhupendra Nath Seth. Going through the copy of the unrevised statement made by Shri Bhupendra Nath Seth on the Floor of the House on 28.3.85, I find that no breach of privilege lies for making a false

or incorrect statement of the floor of the House unless it is proved that it was made deliberately, willfully and knowingly. But form the copy of the unrevised statement, it appears that it was made on the basis of newspaper reports for which it can't be said that shri Seth made the statement, even if it is false or incorrect, willfully, delibetately and knowingly. In this view of matter, there appears to be no primafacie case of breach of privilege and the motion of breach of privilege is therefore disallowed.

Now there are two matters. Mr. Ambika Banerjee has drawn my attention to a part of the speech of Shri Dilip Mazumdar made on the 18th April on the Police Budget. I find that certain portions relate to allegation against Shri Ambica Banerjee. Those portions will be expunged from the speech of Shri Dilip Mazumdar made on the 18th April on the Police Budget.

There are also certain portions of the speech of Shri Abdul Mannan shich relate to an ex-Member of the House, Shri Laxmi Sen and his son. It is a rule that statements cannot be made against people who are not members of this House. Those portions also will be expunged.

**Statement regarding questions during Budget Session, 1985. (Position as on the 10th May, 1985)**

Total number of questions received - 3053

Break up of questions received :-

(a) Short Notices - 16

(b) Starred - 2338

(c) Un-starred - 699

Number of questions admitted as :-

(a) Short Notices - 6

(b) Starred - 1456

(c) Unstarred - 744

Number of questions replied as :-

(a) Short Notice - 6

(b) Starred - 718

(c) Unstarred -660 (including starred questions replied as unstarred and 15th and 16th lists are under print).

Total number of questions replied - 1384 (as on 10.5.85)

Total number of questions disallowed - 201

**MOTION UNDER RULE 185**

| | | |
|---|---|---|
| Notice received | - | 22 |
| Notice admitted | - | 21 |
| Notice disallowed | - | 1 |
| Notice admitted and discussed | - | 11 |
| Notice admitted but not discussed | - | 9 |

**Resolution under Rule 166.**

| | | |
|---|---|---|
| Notices received, admitted and discussed | - | 3 |

**Adjourment Motion.**

| | | |
|---|---|---|
| Notice received | - | 66 |
| Notice admitted | - | Nil |
| Notice disallowed | - | 66 |

**Calling Attention.**

| | | |
|---|---|---|
| Notice received | - | 209 |
| Notice admitted | - | 32 |
| Statement made | - | 32 |

**Mention Cases**

| | | |
|---|---|---|
| Total Number of mention cases (including 'zero hour' discussion) | - | 792 |

**Government Bills, Ordinances and Rules**

| | | |
|---|---|---|
| No. of Bills introduced | - | 20 |
| Bills passed | - | 20 |
| Ordinances laid | - | 3 |

| | | |
|---|---|---|
| Rules laid | - | 9 |

**Privilege Cases**

| | | |
|---|---|---|
| Notices received | - | 9 |
| Cases referred to the Commiittee | - | 3 |
| Report of the Committee of Privileges to, considered and adopted by the House | - | 3 |

**Committee**

Reports presented during the Budget Session 1985-86.

| | | | |
|---|---|---|---|
| 1. | Committee on Public Accounts | - | 6 (Six) |
| 2. | Estimates Committee | - | 4 (four) |
| 3. | Committee on Govt. Assurance | - | 1 (one) |
| 4. | Committee on subordinate Legislation | - | 1 (one) |
| 5. | Business Advisory Committee | - | 15 (fifteen) |
| 6. | House Committee | - | 1 (one) |

Now, honourable Members, today is the last day of the Session. I am extremely grateful to all the members who have helped in the delibertations of the House and cooperated with me and we have been able to do our business successfully and in an atmosphere of parliamentary procedure and practice. I am thankful to the Leader of the House, the Chief Minister, and I am also thankful to the Leader of the Opposition and the other members of the other political groups who have all cooperated with me in making the Session successful and peaceful. I am again thankful to each and everyone of the House for taking active participation. I feel that in this Session the debates have been more fruitful. They have been of a better and higher standard and I look forward to the future Sessions when the members will take up the parliamentary business more seriously and with a view to developing the parliamentary system in a better manner in our State and country as a whole.

Thank you.

**শ্রী অম্বিকা ব্যানার্জী ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। দিলীপবাবুকে আমি সেদিনই বলেছিলাম। যাই হোক দিলীপবাবুকে আমি ক্ষমা করে দিলাম।

**শ্রী বিনয় কৃষ্ণ চৌধুরী ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা বিশেষ কাজে মুখ্যমন্ত্রী অন্য জায়গায়

রয়েছেন, আমি তাঁর হয়ে বলছি। প্রথমে আমি আপনাকে আমাদের তরফ থেকে এবং এই হাউসের তরফ থেকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। আপনি ধৈর্য্য সহকারে যথা সম্ভব নিরপেক্ষ দৃষ্টিভঙ্গী নিয়ে হাউস চালাবার চেষ্টা করেছেন। আমি আমাদের আপোজিশান বন্ধুদেরও আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। মাঝে মাঝে একটু গোলমাল হওয়া সত্ত্বেও তাঁরা এবার অনেক বেশী ধৈর্য্য এবং সংযমের পরিচয় দিয়েছেন এবং এই হাউসকে সুশৃঙ্খল ভাবে চালাবার জন্য তাঁদের মুখ্য সচেতক - তাঁর প্রতি আমি আমার আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

**[12.00—12.10 a.m.]**

**শ্রী আবদুস সাত্তার ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২ মাস অধিবেশন চলার পরে আজকে শেষ দিন। সাধারণতঃ নিয়ম অনুসারে মিটিং শেষ হলে সভাপতিকে ধন্যবাদ জানানো হয়, এটাই প্রচলিত নিয়ম। আমি আমাদের দলের তরফ থেকে আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আপনি সুষ্ঠুভাবে আমাদের এই বিধানসভা পরিচালনা করেছেন। যদিও কখনও কখনও এখানে বিতর্ক উঠেছে, কিন্তু এটা খুব স্বাভাবিক যে বিধানসভা চলাকালীন বিতর্ক উঠতে পারে। এই অধিবেশনের একটা ঘটনা বাদ দিলে আমার মনে হয় আর সেই রকম কোন ঘটনা ঘটেনি। সরকার পক্ষ এবং বিরোধী পক্ষ নিয়ে ২৯৩ জন সদস্য। কাজেই আপনার একার পক্ষে সকলের মন রক্ষা করে চলা খুবই কঠিন, এটা আমরা স্বীকার করি। স্যার, আজকে শেষ দিন। আমরা জানিনা যে এর পরে শীতকালীন অধিবেশন হবে কি না। কারণ অনেক সময়ে দেখা যায় যে এই সরকার যতটা সম্ভব অধিবেশনকে এড়িয়ে যান। এখানে মাননীয় মুখ্যমন্ত্রী নেই, বিনয়বাবু আছেন, আমরা আশা করবো শীতকালীন অধিবেশনের আগে যেন একটা বর্ষাকালীন অধিবেশন হয় এবং আপনার মাধ্যমে এই অনুরোধ জানাচ্ছি। আমাদের অমলেন্দ্র রায় মহাশয়, তিনি তাত্ত্বিক লোক, আমরা ভাবতে পারিনি যে আজকে শেষ দিনে তিনি একটা প্রিভিলেজ মোশান আনবেন। তিনি সেটা নিয়ে আসলেন এবং আপনি তাকে বলার সুযোগ দিলেন এবং সেটা রেকর্ডেড হয়ে গেল। তারপরে আপনি বললেন যে এটা চলেনা। ইট ইজ গুড এনাফ। কিন্তু প্রশ্ন হচ্ছে এটা নিয়ে বিতর্ক করা উচিত ছিল। তিনি যখন এটা করেছেন তখন হাউসকে এক্সটেন্ড করে দিতেন, উই শুড পার্টিসিপেট অলসো। উনি একতরফা বলে যাবেন এবং এই বলার সুযোগ দিচ্ছেন। আমি জানিনা আপনি যখন পার্মিশান দিয়েছেন। তবে এটা না হলে ভাল হত। যাই হোক, আমাদের মধ্যে কারো ব্যবহারে আপনি যদি দুঃখ পেয়ে থাকেন তাহলে নিশ্চয়ই কিছু মনে করবেন না। আমার মনে হয় আমরা সকলেই সহযোগিতা করে চলেছি। আপনি অধ্যক্ষ হিসাবে যা যা কাজ করেছেন তাতে আমি মনে করি আপনার কর্তব্য আপনি নিশ্চয়ই পালন করেছেন। বাইবেলের কথা মাঝে মাঝে যেটা আমাদের সত্য বাপুলী বলেন, সেই বাইবেল হল সকলেরই বাইবেল। কিন্তু হাউস যখন চলে তখন আপনি যদি বলেন নিশ্চুপ থাকতে বা বাইবেল মেনে চলতে তাহলে হাউস জমে না। জয়নাল আবেদিনের মত লোক, সত্য বাপুলীর মত লোকের দরকার হয় যাতে হাউস গরম হয়ে থাকে। যাই হোক ২ মাস অধিবেশন চলার পরে আপনাকে ধন্যবাদ জানাচ্ছি এবং আশা করছি আগামী বর্ষাকালীন অধিবেশনে বসবার সুযোগ পাবো। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পতিত পাবন পাঠক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের বাজেট অধিবেশনের শেষ দিন। দুমাস ধরে এই বাজেট অধিবেশন চলেছে। আপনার ধৈর্য্যের উপর যথেষ্ট চাপ পড়েছে এবং আপনাকে সেই চাপ সহ্য করতে হয়েছে। আপনি খুব ভালভাবেই হাউস পরিচালনা করেছেন এবং সকলকেই যথাযোগ্য সুযোগ দেবার চেষ্টা করেছেন। সেইজন্য আমি সরকার পক্ষ থেকে ও এই হাউসের প্রত্যেকটি সদস্যের পক্ষ থেকে আপনাকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। আমাদের সরকার পক্ষের বন্ধু সদস্য, বিরোধী পক্ষের সমস্ত সদস্য এবং বিশেষ করে বিরোধী পক্ষের নেতা ও মুখ্য

সচেতককে আমি আমার আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

**শ্রীঅনিল মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুমাস ধরে এই বাজেট অধিবেশন চলেছে এবং এই অধিবেশন অত্যন্ত গুরুত্বপূর্ণ ছিল। আপনি অত্যন্ত দক্ষতার সঙ্গে এই অধিবেশনে পরিচালনা করেছেন। আমাদের অনেক সময় মনে হয়েছে আপনি কংগ্রেসীদের দিকে বেশি করে ঝোল টেনে আপনার ভারডিক্ট দিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা সরকার পক্ষের লোক হয়েও আমাদের মনে হয়েছে অনেক সময় আপনি আমাদের প্রিভিলেজগুলি ওদের পক্ষ টেনে নিয়ে বাতিল করে দিয়েছেন এবং তাতে আমাদের ক্ষোভ আপনার বিরুদ্ধে হয়েছে। আমি আজকে সকালে কলকাতা বিশ্ববিদ্যালয় সম্বন্ধে কিছু বলব বলে আপনার অনুমতি নিয়েছিলাম। কিন্তু আমার পরিবর্তে আপনি সত্যরঞ্জন বাপুলী মহাশয়কে বলবার সুযোগ করে দিয়ে বিরোধী পক্ষকে যে সম্মানিত করলেন তাতে আমি খুশী হয়েছি। এই রকম বহু ক্ষমতা আপনি দেখিয়েছেন এবং বিরোধী পক্ষকে বহু কাজে আপনি নিয়েছেন। আপনি হাউসে একটা উন্নততর অবস্থার সৃষ্টি করেছেন এবং এমন অনেক নজির সৃষ্টি করেছেন এই হাউসে, যা অতীতেও এই হাউসে আলোচিত হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডেপুটি স্পীকার, প্যানেল অব চেয়ারম্যান, [illegible] সমস্ত কর্মচারী, বিরোধী পক্ষের চীফ হুইপ, সরকার পক্ষের চীফ্ হুইপ, তারা যে ধৈর্য্য ধরে হাউস চালানোর জন্য তাদের দায়দায়িত্ব পালন করেছেন এবং আপনি যেভাবে সভার কাজ পরিচালনা করেছেন তারজন্য সকলকেই আমি ধন্যবাদ জানাচ্ছি। এই হাউস সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য আপনাকে আবার ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মতীশ রায় :-** মিঃ স্পীকার, স্যার, আজকে বাজেট [illegible] শেষ দিন। আমাদের সংসদীয় গনতন্ত্রে পশ্চিমবঙ্গ বিধানসভার যে একটা মর্যাদা আছে সেটা আমরা অক্ষুন্ন রাখতে পেরেছি। আপনি নিরপেক্ষ মানদণ্ড নিয়ে যেভাবে সভা পরিচালনা করেছেন তার জন্য আমরা সবাই গর্বিত এবং তার জন্য আমাদের দলের তরফ থেকে আপনাকে অন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। বিরোধী পক্ষের ভূমিকা মাঝে মাঝে সংসদীয় গনতন্ত্রের বিরোধী হয়েছে, এটা আমরা অতীতেও লক্ষ্য করেছি, বর্তমানেও সেটা আবার লক্ষ্য করলাম। কিন্তু তা সত্ত্বেও আপনার মনোভাব দিয়ে আপনি তাদের মনের সেই ক্ষোভ দূর করেছেন। এবং আপনি আমাদের সরকারী দলের সদস্যদের নিরাশ করেছেন। বিভিন্ন সময়ে বিরোধী পক্ষকে বিশেষ ভাবে সুযোগ সুবিধা বেশী করে দিয়ে সংসদীয় ব্যবস্থাকে যাতে অক্ষুন্ন রাখা যায় পশ্চিমবাংলা বিধানসভার অধ্যক্ষের আসনে বসে আপনি সেটাকে প্রতিনিয়তই পালন করবার চেষ্টা করেছেন এবং সেই কথা বিরোধী দলের নেতার মুখ থেকে আজকে বেরিয়ে এসেছে এবং তার জন্য আমি আপনাকে ধন্যবাদ দিচ্ছি। ভারতবর্ষের অন্যান্য অঙ্গ রাজ্যের থেকে পশ্চিমবাংলার বিধানসভা কার্য বিবরণী ও পরিচালনার ক্ষেত্রে একটা উল্লেখযোগ্য ভূমিকা পালন করে এসেছে অতীতে এবং বর্তমানেও সেই ধারা অব্যাহত রয়েছে এবং আপনার সভাপতিত্বে আপনি যে নিরপেক্ষ মনোভাব নিয়ে চলেছেন সেটা আগামী দিনে'ও অপরিবর্তিত থাকবে এবং বিরোধীরা সেই কথা বিশ্বাস করেন বলেই আজকে তাদের বক্তব্যের মধ্য দিয়ে সেটা পরিস্কার ফুটে উঠেছে। সংসদীয় গণতন্ত্রে যেখানে গণতন্ত্র সম্বন্ধে আমাদের অনেকেরই বিভিন্ন মত আছে, একটা সীমাবদ্ধতা আছে সেখানে এটা যাতে সুষ্ঠুভাবে পালিত হয় তার জন্য একটা রক্ষা কবচ আছে এবং আমি বিশ্বাস করি সেটা রক্ষিত হবে। এই কথা বলে আপনাকে আবার ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**[12.10—12.20 a.m.]**

**শ্রী কামাখ্যা চরণ ঘোষ :-** মাননীয় স্পীকার মহাশয়, সব ভাল যার শেষ ভাল। আজ আমাদের

খুবই ভাল লাগল যে, বিরোধী দলের নেতা মাননীয় আবদুস সাত্তার সাহেব বললেন, 'আপনি যেভাবে সভ্য পরিচালনা করেছেন, তাতে আমাদের কোন ক্ষোভ নেই।' তিনি বললেন, যে, আপনি যোগ্যতার সঙ্গে সভা পরিচালনা করেছেন। তিনি আপনাকে অভিনন্দন জানালেন, সেই জন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। সেই সঙ্গে আমি আপনাকে অভিনন্দন জানাচ্ছি যে, আপনি পশ্চিমবঙ্গ বিধানসভার বিধায়কদের সম্মান এবং মর্যাদা দিয়ে হাউস পরিচালনা করেছেন। আপনি নিশ্চয়ই ধন্যবাদ পাবার যোগ্য ব্যক্তি। আমি মনে করি পশ্চিমবঙ্গ বিধানসভা সারা ভারতবর্ষের মধ্যেও যোগ্যতম বিধানসভা, এখানে প্রতিটি বিধায়ক যোগ্যতার সঙ্গে তাঁর দায়িত্ব পালন করেন এবং এই দীর্ঘ বাজেট অধিবেশনেও তাই করেছেন। সে ক্ষেত্রে আপনি তাঁদের সাহায্য করেছেন, সেইজন্য আমি আপনাকে বিশেষভাবে ধনবাদ জানাচ্ছি। আমি আমার পক্ষ থেকে এবং আমার দলের পক্ষ থেকে আপনাকে একবার ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রবোধ চন্দ্র সিনহা :-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভার এই বাজেট অধিবেশনের শেষ দিনে দীর্ঘ দু'মাস বিধানসভা পরিচালনার ক্ষেত্রে আপনি এবং মাননীয় উপাধ্যক্ষ মহাশয় যে ভূমিকা পালন করেছেন তার জন্য আমি আপনাদের উভয়কে আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন সম্প্রতি ভারতবর্ষের বিভিন্ন রাজ্য বিধানসভায় এবং সংসদে যে ঘটনাগুলি শুরু হয়েছিল তাতে সংসদীয় গণতন্ত্রের প্রতি আমাদের আস্থাহীনতার মনোভাব প্রকাশ পেতে শুরু করেছিল এবং পশ্চিমবঙ্গ বিধানসভাও তার ব্যতিক্রম ছিল না। কিন্তু আপনি খুব শক্ত হাতে সমস্ত রকম বিশৃঙ্খল কার্যকলাপকে মোকাবিলা করেছেন। ফলে এই বিধানসভার মর্যাদা বৃদ্ধি পয়েছে। কার্য পরিচালনার ক্ষেত্রে এবং বিভিন্ন সময়ে বিভিন্ন বিষয়ের উপর রুলিং দেওয়ার ক্ষেত্রে সরকার পক্ষ বা বিরোধীপক্ষ, কোনো পক্ষের প্রতিই আপনার সহানুভূতিপূর্ণ মনোভাব প্রকাশ পায়নি, সংসদীয় গণতন্ত্রের মর্যাদাকে অক্ষুন্ন রাখার জন্য নিরপেক্ষভাবে সঠিক পথ অবলম্বন করেছেন। আপনি বিরোধী পক্ষের ত্রুটিপূর্ণ কার্যকলাপও শক্ত হাতে মোকাবিলা করেছেন। ফলে আপনি সংসদীয় গণতন্ত্রের মর্যাদা রক্ষার জন্য দৃষ্টান্ত স্থাপন করেছেন, সেইজন্য আপনাকে পুনরায় কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

**শ্রী দেব প্রসাদ সরকার :-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভার অধিবেশনের শেষ দিনে, বিশেষ করে বাজেট অধিবেশনের শেষ দিনে ধন্যবাদ জ্ঞাপন পর্বটি আনুষ্ঠানিক শিষ্টাচারের মধ্যে পড়ে। বিগত দু'মাসের অধিবেশনে মাঝে মাঝে কিছু কিছু তিক্ত পরিবেশ সৃষ্টি হলেও শেষ পর্যন্ত আপনি এই বিধানসভার সংশ্লিষ্ট সমস্ত দলের সকলের সহযোগিতায় সুন্দর পরিবেশ ফিরিয়ে আনতে পেরেছেন। এটা সকলের কাছেই আনন্দদায়ক এবং আমি আশা করবো আগামী দিনে এই বিধানসভার মর্যাদা যাতে অক্ষুন্ন থাকে তার জন্য আপনি সহ সকলেই আমরা প্রচেষ্টা চালাবো। আমি বিশ্বাস করি আপনি নিশ্চয়ই এবার থেকে নজর রাখবেন যাতে বিধানসভাকে এড়িয়ে গিয়ে বিধানসভার মর্যাদাকে ক্ষুন্ন না করা হয়। যেমন এবারে বিধানসভা চলাকালীন বাস ভাড়া বৃদ্ধির সিদ্ধান্ত গ্রহণ করা হল, কিন্তু আমরা সে বিষয়ে বিধানসভায় আলোচনা করার সুযোগ পেলাম না। বিধানসবাকে এড়িয়ে এ ক্ষেত্রে যা করা হয়েছে তা সবার মর্যাদা হানিকর। আমি আশা কববো এই ভাবে আর বিধানসভার মর্যাদা যাতে হানি না হয়, সে দিকে আপনি দৃষ্টি দেবেন। এই টুকু বলে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী উমাকান্ত রায় :-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বিধানসভার নতুন সদস্য । আপনি যেভাবে সভা সুষ্টুভাবে পরিচালনা করেছেন আমি আমরা তরফ থেকে এবং আমাদের আর. সি. পি. আই পার্টির তরফ থেকে আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। এছাড়াও আমি বিধানসভার সব সদস্যকে এবং বিধানসভার কর্মচারীদের আমার এবং আর.সি.পি.আই পার্টির তরফ থেকে ধন্যবাদ জানাচ্ছি।

**শ্রীমতী রেনুলীনা সুব্বা ঃ-** মিঃ স্পীকার স্যার, আজকে বাজেট অধিবেশনের শেষ দিন। আমরা এখানে দায়িত্ব নিয়ে জনপ্রতিনিধিরা এসেছি। আমি একটি ব্যাপারে দুঃখিত, এক সপ্তাহ আগে 'আজকাল' পত্রিকায় একটি খবর বেরিয়েছিল, বোধহয় শ্রী রমেন দাস রিপোর্টটি দিয়েছিলেন যে সব এম. এল. এরা এবং সব মিনিষ্টাররা বিধানসভায় উপস্থিত থাকেন না। কিন্তু আমার কথা হচ্ছে, প্রেসকে জানিয়ে দিতে হবে, আমরা জনপ্রতিনিধি, আমাদের কেবল এই বিধানসভায় চেঁচামেচি করলেই চলবে না, নিজ নিজ এলাকায় গিয়ে বহু দায়িত্ব নিয়ে কাজ করতে হয়। যেমন ধরুন, আমি এবারের অধিবেশনে মাত্র ২দিন উপস্থিত ছিলাম। কিন্তু তার মানে এই নয়, আমি চুপচাপ বসে ছিলাম। আমার এলাকায় প্রচুর কার্যক্রম ছিল। এই যে মিনিষ্টাররা সব সময় উপস্থিত থাকতে পারেন না বিধানসভায়, তার মানে এই নয় যে ইচ্ছা করে উপস্থিত থাকেন না। শুধু এসেম্বলীতেই উপস্থিত থাকলেই চলবে না। রাইটার্স বিল্ডিংস- এও থাকতে হবে এবং বিভিন্ন জেলাতে থাকতে ট্যুর করতে হবে, সব কাজ দেখতে হবে। তারজন্য উপস্থিত থাকতে পারেন না। আমরা যারা এম.এল.এল. আছি, আমাদেরও দায় দায়িত্ব আছে নিজ নিজ এলাকায়। শুধু এ্যাসেম্বলীতে হৈ হল্লা করে কোন লাভ নেই, এলাকায় কাজ করতে হবে। এই বাজেট অধিবেশনে সরকার পক্ষ যেভাবে কার্য পরিচালনা করেছেন এবং বিরোধী পক্ষ যেভাবে কার্য পরিচালনার ক্ষেত্রে সহযোগিতা করেছেন এবং প্রেস যেভাবে দায়িত্ব নিয়ে কাগজে সব খবর ফ্লাস করেছেন তার জন্য আমি সবাইকে এবং প্রেসকে ধন্যবাদ জানাচ্ছি এবং কর্মচারীদেরও ধন্যবাদ জানাচ্ছি। মাননীয় স্পীকার মহাশয় এবং ডেপুটি স্পীকার মহাশয় যেভাবে হাউসকে কন্ট্রোল করে হাউসের মর্যাদা রক্ষা করেছেন তারজন্য আমি অল ইণ্ডিয়া গোর্খা লীগ পার্টির তরফ থেকে ধন্যবাদ দিচ্ছি। আমি আশা করি, সকল সদস্যরা নিজ নিজ এলাকায় ফিরে যাবেন, ফিরে গিয়ে নিজ নিজ এলাকায় ভাল করে কাজ করবেন। এখানে মিনিষ্টার তামাং দাওয়া লামা উপস্থিত আছেন। কংগ্রেস এবং সি.পি.এম দলের লোকেরা দার্জিলিং-এ যেসব কাণ্ড করছেন তারফলে খুন হচ্ছে। আমার কথা হচ্ছে, দার্জিলিংকে শান্তির এলাকা করে রাখতে হবে। তা না হলে আমি নেকষ্ট সেসানে কংগ্রেস এবং সি.পি.এমকে ঘেরাও করবো, এজিটেসান করবো। ধন্যবাদ।

**শ্রী সুব্রত মুখার্জী ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথাগত ধন্যবাদ আমি দিতে চাই না। কারণ আমাদের দলের নেতা বিরোধী দলের পক্ষ থেকে ধন্যবাদ জানিয়েছেন। আমি ব্যক্তিগতভাবে আমার দায়িত্ব পালন করতে গিয়ে আপনার কাছ থেকে যে সহযোগিতা পেয়েছি তারজন্য আমি কৃতজ্ঞতা জানাচ্ছি। বিগত যে বাজেট অধিবেশন গেছে তার তিক্ত অভিজ্ঞতা আমাদের ছিল। যে ঐতিহ্যময় সভা সেই ঐতিহ্য সেই সময় রক্ষা করতে পারিনি, পিঠে লাঠির দাগ নিয়ে অধিবেশন শুরু করেছিলাম। কিন্তু আপনার মানসিকতা যা লক্ষ্য করেছি তা নিঃসন্দেহে প্রশংসার যোগ্য। প্রসঙ্গক্রমে বলা বাহুল্য, ভারতবর্ষের মধ্যে যে সমস্ত বিধানসভা আছে সেই সমস্ত বিধানসভার অধ্যক্ষদের ছোট না করেও আমি বলতে পারি মতের নানাভাবে অমিল হলেও গুণগত বিচারের দিক থেকে আমাদের বিধানসভার অধ্যক্ষ অনেক বেশী মানবতায় উন্নত।

**[12.20—12.27 a.m.]**

এই ক্ষেত্রে আমি শুধু আপনার কাছে এই কথা এ জন্য বলছি যে সরকার পক্ষের মন্ত্রীদের পর্যন্ত আপনি ক্ষমা চাইতে বাধ্য করেছেন। এ ব্যাপারে আমি এই প্রথম দেখলাম যে আমাদের যেমন তিরস্কার করেছেন তেমনি মন্ত্রীদের ত্রুটির জন্য এবং তাঁদের সচেতন হওয়ার জন্য আপনি একাধিকবার ক্ষমা চাইয়েছেন। আমি আপনার এই দ্বিমুখী ভূমিকার প্রশংসা করি। একদিকে অধ্যক্ষ হিসাবে দায়িত্ব পালন করেছেন, আমাদের সংযত করে যেভাবে হাউস চলার সময়ে রুল সম্মতভাবে চলার সুযোগ দিয়েছেন তেমনি বহু জায়গায় মন্ত্রীদের সুকৌশলে - তাদের দুর্নীতি, স্বজনপোষণ ইত্যাদি যে সব দোষ

আছে - সেগুলি বন্ধ করে সেই সব দায়িত্ব সুচারুভাবে পালন করেছেন। এই দায়িত্ব সংসদীয় গণতন্ত্রে একেবারে উপেক্ষা করার নয়। আমরা জানি পূর্ণ নিরপেক্ষতায় আপনি বিশ্বাস করেন না, আমরাও করি না, তবুও তার মধ্যে থেকে যে যোগ্যতা আপনি দেখিয়েছেন তার জন্য আপনাকে ধন্যবাদ দিচ্ছি, আর ব্যক্তিগতভাবে আমার দায়ত্ব পালনের জন্য আমি আপনাকে কৃতজ্ঞতা জানাচ্ছি, এবং সেই সঙ্গে আপনার যে সমস্ত ষ্টাফ সহযোগিতা করেছেন, সরকারী কর্মচারীরা সহযোগিতা করেছেন, এই অধিবেশনকে অনেকখানি উন্নত মানের পর্যায়ে পৌঁছে দেবার চেষ্টা করেছেন তাঁদের, সরকারপক্ষ এবং বিরোধীপক্ষের সমস্ত সদস্যদের আন্তরিক ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** I like to thank all the Members once again and I wish and hope to see you all in the forth-coming session. Before I adjourn the House, I again invite you to a lunch at 1 p.m. in the front of lobby.

The House stands adjourned sinedie.

(The House was accordingly adjourned sinedie at 12.27 p.m.)

Assembly was subsquently progued with effect from 15th May,85 under notification No.129-PA dt. 13.5.85, The Home (P.A) Deptt. Govt. of West Bengal.

# Index to the
# West Bengal Legislative Assembly Proceedings
# (Official Report)

Vol : 83, No. : IV Eighty-Third Session (March & May 1985)
(The 22nd, 23rd, 25th, 26th April, 2nd, 3rd, 9th & 10th May 1985)

**All Party Delegation**

To meet the Ministers of Industry Commerce, Railway and Finance of Government of India. PP- 1004-1005

**Brief Resume of Business**

PP-1012-1014

**Bill**

The Rabindra Bharati (Amendment) Bill, 1985 PP- 867-870

The Lepers (West Bengal Repealing) Bill, 1985 PP-862-867

The West Bengal Medical Council (Temparary Supersession) Bill, 1985 PP-847-862

The Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1985 &

The Code of Criminal Procedure (West Bengal Second Amendment) Bill, 1985 PP- 830-847

The West Bengal (Rural) Primary Education (Amendment) Bill, 1985, PP- 577-581

The West Bengal Appropriation (Expenditure, 1974-75, 1975-76, 1976-77, and 1977-78) Bill, 1985 PP-560-564

The Taxes on Entry of Goods into Calcutta Metropolitan Area (Amendment) Bill, 1985 PP-564-570

The Calcutta University Institute (Taking over of Management of Auditorium) Bill. 1985 PP-532-560

The West Bengal Appropriation (No.2) Bill, 1985 PP-281-317

**Constitution of Committee,** PP- 570-577

**Demand for Grants**

Voting on Demand for Grant Demand No. 77 PP-260-271

Voting on Demand for Grants - Demand No. 12, 68, 69 & 71 PP-200-259

Voting on Demand for Grant - Demand No. 63 PP-110-147

Voting on Demand for Grant - Demand No. 67 PP- 54-110

Voting on Demand for Grants Demand Nos. 1,3,5,6,9,10,11,13, 14,16,20,27,28,30,72,73,&86 PP-271-276

Voting for Excess Expenditure for the Years 1974-75, 1975-76, 1976-77, and 1977-78. PP-318-367

**Discussion of Voting on Demand for Grant - Demand No 63**

— by Shri Ambica Banerjee, PP-127-129

— by Shri Lal Behari Bhattacharya, PP-141-143

— by Shri Matish Roy, PP-139-141

— by Dr. Manas Bhuiya, PP-120-125

— by Shri Prolay Talukdar, PP-110-120, PP-143-146

— by Shri Saral Deb, PP-129-131

— by Shri Satish Chandra Biswas, PP-125-127

— by Dr. Zainal Abedin, PP-131-139

**Discussion of Voting on Demand for Grant - Demand No 67**

— by Shri Abdul Mannan, PP-81-86

— by Shri Bankim Behari Maity, PP-98-99

— by Shri Bhakti Bhusan Mondal, PP-77-81

— by Shri Bhupal Chandra Panda, PP-97-98

— by Shri Brajo Gopal Neogy, PP-67-72

— by Shri Himangsu Kumar, PP-99-101

— by Shri Jayanta Kumar Biswas, PP-86-91

— by Shri Kashinath Misra, PP-94-97

— by Shri Prabir Sengupta, PP-54-60, PP- 104-110

— by Shri Probodh Purkait, PP-92-94

— by Shri Subrata Mukherjee, PP-61-67

— by Shri Suniti Chattaraj, PP-72-77

— by Dr. Zainal Abedin, PP-101-104

**Discussion of Voting on Demands for Grants - Demand Nos 12,68,69&71**

— by Shri Abdul Mannan, PP-213-219
— by Shri Abdur Rauf Ansari, PP-239-242
— by Shri Anil Mukherjee, PP-226-228
— by Shri Ashok Ghosh, PP-223-225
— by Shri Deba Prasad Sarkar, PP-228-231
— by Shri Dinesh Chandra Dakua, PP-237-239
— by Shri Kashi Nath Mishra, PP-234-237
— by Shri Lakshmi Kanta Dey, PP-219-223
— by Shri Rabin Mukherjee, PP-245-250, PP-200-212
— by Shri Shibendra Narayan Chowdhury, PP-242-244
— by Shri Subash Naskar, PP-231-234

**Discussion of Voting on Demand for Grant - Demand No 77**

— by Shri Bhabani Mukherjee, PP-270, PP-260-266
— by Shri Kashinath Mishra, PP-267-268
— by Shri Saral Deb, PP-269-270
— by Shri Sumanta Kumar Hira, PP-268-269

**Discussion of Voting on Demand for Grant on Excess Expenditure.**

— by Shri Anil Mukherjee, PP-344-245
— by Dr. Ashok Mitra, PP-352-353
— by Shri Bankim Behari Maity, PP-350-351
— by Shri Birendra Narayan Roy, PP-342-344
— by Shri Jamini Bhusan Saha, PP-349-350
— by Shri Kashinath Mishra, PP-345-348
— by Shri Nani Kar, PP-351-352
— by Shri Subash Goswami, PP-348-349
— by Dr. Zainal Abedin, PP-337-342

**Discussion on Motion Under Rule-166**

**Regarding the modernization of the Durgapur Steel Factory.**

— by Shri Dilip Kr. Majumder, PP-667-670
— by Shri Kashinath Mishra, PP-674-675, P-664

— by Smt. Maharani Konar, PP–663-664, PP–677-678

— by Shri Nirmal Kumar Basu, PP–672-674

— by Shri Santi Ranjan Ghatak, PP–676-677

— by Shri Satya Ranjan Bapuli, PP–664-667

— by Shri Shish Mohmmed, PP–675-676

— by Dr. Sushobhan Banerjee, PP–670-672

**Regarding Setting up of Large Scale & Small Scale Industries in Purulia**

— by Smt. Aparajita Goppi, PP–653-654

— by Shri Kashinath Mishra, PP–648-650

— by Shri Natabar Bagdi, PP–650-652

— by Shri Nirmal Kumar Bose, PP–656-658

— by Shri Probodh Chandra Purkait, PP–652-653

— by Shri Subash Goswami, PP–655-656

— by Shri Subash Chandra Mahato, PP–654-655

— by Shri Sudhangsu Sekhar Majhi, PP–647-648, PP–658-660

**Regarding Constraction of New Railway line connecting Tehatta, Karimpur, Chapra Murshidabad.**

— by Shri Abdul Mannan, PP–636-638

— by Shri Anil Mukherjee, PP–641-642

— by Shri Bankim Tribedi, PP–642-643

— by Shri Birendra Narayan Ray, PP–638-639

— by Shri Jayanta Kumar Biswas, PP–643-645

— by Shri Madhabendu Mohanta, PP–633-639, PP–646-647

— by Shri Sadhan Chattopadhyay, PP–645-646

— by Shri Sk Imajuddin, PP–639-641

— by Dr. Zainal Abedin, PP–634-636

**Regarding Organisation for voluntary blood donation movement in the State.**

— by Dr. Ambarish Mukherjee, PP–393-397

— by Smt. Aparajita Goppi, PP–389-391

— by Dr. Manas Bhuiya, PP-386-389, PP-397-400

— by Shri Nirode Raychowdhury, PP-394-295

— by Shri Subash Goswami, PP-393-394

— by Shri Suniti Chattaraj, PP-395-396

— by Dr. Sushobhan Banerjee, PP-391-392

— by Dr. Zainal Abedin, PP-392-393

**Regarding aforestation for Controlling Pollution**

— by Shri Abinash Pramanik, PP-403

— by Shri Bhabani Mukherjee, PP-412

— by Shri Dilip Kumar Majumdar, PP-403-405

— by Shri Kashi Nath Mishra, PP-400-403, PP-413-414, P-413

— by Shri Probodh Purkait, PP-411-412

— by Shri Saral Deb, PP-408-410

— by Shri Sk Imajuddin, PP-407-408

**Regarding Nationalisation of Spinning Mills and Cloth Mills in West Bengal**

— by Shri Abdul Mannan, PP-419-420

— by Shri Amalendra Roy, PP-417-418, PP-429-431

— by Shri Jamini Bhusan Saha, PP-423-425

— by Shri Santi Ranjan Ghatak, PP-427-428

— by Shri Saral Deb, PP-425-426

— by Shri Subrata Mukherjee, PP-420-423

**Regarding implementation of extenssion programme of Haldia oil refinary**

— by Shri Anil Mukherjee, PP-452-453

— by Shri Bankim Behari Maity, PP-454-455

— by Shri Lakshman Chandra Sett, PP-449, PP-455-458

— by Dr. Manas Bhunia, PP-449-452

— by Shri Subhas Goswami, PP-453-454

**Regarding On the subject to bring the T.V & Radio under autonomous Corporation.**

— by Shri Abdul Mannan, PP-437-440

— by Shri Anil Mukherjee, PP-436-437

— by Shri Deba Prasad Sarkar, PP-440-441

— by Shri Jayanta Kumar Biswas, PP-431-432, PP 443-445

— by Shri Kashinath Misra, P-432

— by Shri Subrata Mukherjee, PP-432-436

— by Shri Sumanta Kumar Hira, PP-441-443

**Discussion on Motion Under Rule 198**

**regarding supply of Essential Commodities through ration system.**

— by Shri Achintya Kumar Roy, PP-993-995

— by Shri Amarendra Nath Bhattacharya, PP-983-985

— by Shri Bhakti Bhusan Mondal, PP-985-986

— by Shri Deba Prasad Sarkar, PP-988-989

— by Shri Kamakshyacharan Ghosh, PP-989-990

— by Shri Kashinath Mishra, PP-986-987

— by Shri Matish Ray, PP-987-988

— by Shri Sadhan Chattopadhyay, PP-995-996, P-983

— by Dr. Zainal Abedin, PP-990-993

**Regarding Completion of development programme of Khanakul No. 1 and Arambag Gram Panchyat**

— by Shri Abdul Mannan, PP-975-977, PP-964-966

— by Shri Anil Mukherjee, PP-969-970

— by Shri Balai Mukhopadhyay, PP-966-967

— by Shri Satyapada Bhattacharya, PP-970-971

— by Shri Sunil Kumar Majumder, PP-973-975

— by Shri Tarapada Sadhukhan, PP-967-969

— by Dr. Zainal Abedin, PP-971-973

**Discussion on the West Bengal Appropriation (No-2) Bill, 1988**

— by Shri Abdul Mannan, PP-309-312

— by Shri Anil Mukherjee, PP-298-300

— by Dr. Ashok Mitra, P-281, PP-312-316, P-317

— by Shri Dhirendra Nath Sarkar, PP-301-302
— by Shri Jayanta Kumar Biswas, PP-302-305
— by Shri Kashinath Mishra, PP-306-308
— by Shri Niranjan Mkherjee, PP-308-309
— by Shri Patit Paban Pathak, PP-291-293
— by Shri Satya Ranjan Bapuli, PP-293-298
— by Dr. Zainal Abedin, PP-282-291

**Discussion on Calcutta University Institute Taking Over of Mangement of Auditorium**

— by Shri Abdul Mannan, PP-533-537
— by Shri Anil Mukherjee, PP-539-540
— by Shri Ganesh Chandra Mondal, PP-540-541
— by Shri Jatin Chakraborty, PP-541-543, PP-532-533
— by Shri Kashinath Mishra, PP-538-539
— by Shri Lakshmi Kanta De, PP-537-538

**Discussion On the Taxes and Entry of Goods into Calcutta Metropolitan Area (Amendment) Bill, 1985**

— by Dr. Ashok Mitra. PP-568-570, PP-564-565
— by Shri Kashinath Mishra, PP-565-566
— by Shri Sasanka Sekhar Mondal, PP-566-567
— by Shri Subhas Goswami, PP-567-568

**Discussion on the West Bengal (Rural) Primary Education (Amendment) Bill, 1985**

— by Shri Md Abdul Bari, PP-579-581
— by Shri Nani Kar, PP-578-579
— by Shri Sk Imajuddin, PP-577-578

**Discussion on The Code of Crinial Procedure (West Bengal Amendment) Bill, 1985 & The Code of Criminal Procedure (West Bengal Second Amendment) Bill, 1985**

— by Shri Dinesh Chandra Dakua, PP-836-837
— by Shri Jayanta Kumar Biswas, PP-838-839
— by Shri Kashinath Mishra, PP-842-844, P-847
— by Shri Md Ramjan Ali, PP-837-838

— by Shri Satya Ranjan Bapuli, PP-832-836, PP-841-842

— by Shri Syed Abul Mansur Habibullah, PP-839-841, P-845, P-847

— by Dr. Zainal Abedin, PP-844-845

**Discussion on the West Bengal Medical Council (Temporary Supersession) Bill, 1985**

— by Shri Abdul Mannan, P-848-849

— by Dr. Ambarish Mukhopadhyay, PP-862, PP-856-859

— by Dr. Haromohan Sinha, PP-849-850

— by Shri Kashinath Mishra, PP-850-851

— by Shri Saral Deb, PP-852-853

— by Shri Subhas Goswami, PP-853-854

— by Dr. Zainal Abedin, PP-861-862, PP-854-856

**Discussion on The Lepers (West Bengal Repealing) Bill, 1985**

— by Shri Abdul Mannan, P-867

— by Shri Kashinath Mishra, PP-862-864

— by Shri Natabar Bagdi, PP-864-865

— by Shri Ram Narayan Goswami, PP-866

— by Shri Sashanka Sekhar Mondal, P-865

— by Dr. Sushovan Banerjee, P-867

**Discussion on the Rabindra Bharati (Amendment) Bill, 1985**

— by Shri Anil Mukherjee, PP-868-869

— by Shri Nirmal Kumar Bose, P-869-870, PP-867-868

— by Shri Sumanta Kumar Hira, P-869

— by Dr. Sushovan Banerjee, P-868, PP-869-870

**Discussion on the West Bengal Appropriation (Expenditure 1974-75, 1975-76, 1976-77 and 1977-78) Bill, 1985**

— by Shri Abdus Sattar, PP-562-563

— by Shri Ashok Mitra, PP-563-564, PP-560-562

— by Shri Satya Ranjan Bapuli, PP-561-562

— by Dr. Zainal Abedin, P-563, PP-560-561

**Felicitation,** PP-1014-1019

**Half an hour Discussion**

Discussion on Unstarred question No-72 (Admitted question No 358) on 8th April, 1985 regarding Bills awaiting assent of the president of India. PP-808-814

**Laying of Reports**

The Twenty Second Annual Report of the Durgapur Projects Limited for the year 1982-83 PP-814-815

The Calcutta Municipal Corporation (Vital Statistics) Rules, 1985 P-633

The West Bengal Panchayat (Gram Panchayet Budget) Rules, 1985 P-518

The Calcutta Municipal Corporation (Procedure and conduct of Business) Rules 1984 P-518

Amendments to the West Bengal Industrial Infrastructure Development Corporation Rules. 1978. P-386

The Eighth Annual Report and Accounts of the West Dinajpur spinning mills limited for the year 1982-83 P-279

Annual Report for the Year 1981-82, 1982-83, and 1983-84 and Budget Estimate for the Year 1982-83 and 1983-84 of the West Bengal Scheduled cast and scheduled Tribes Development and Finance Corporation. P-194

Annual Report of the West Bengal Pullution Control Board for the Year 1983-84. P-194

**Mention Cases,**

PP-617-633, 509-518, 518-520, 279-281, 194-197, 36-47, 800-808

**Oath or Affirmation of Allegiance.**

Oath taken by Shri Umakanta Roy, P-459

**Obituary Reference**

of Shri Brajokishor Maity, Ex.M.L.A.

of Shri Saradish Roy, M.P. PP-679-680

**Presentation of Report**

Report on Unfinished work of the committee on Petitions 1984-85 P-278

Report on the unfinished work of the committee on public undertakings 1984-85 PP–193

**Presentation of the statements of Excess Expenditure for the year 1974-75, 1976-77, and 1977-78.**

The Sixty-first Report of the Business Advisory Committee PP–197-198

**63rd Report of the Business Advisory Committee**

**Presentation of 62nd Report of the Business Advisory Committee**

Unfinished work of the committee of privileges P–279

The fourth Report of the House Committee, 1984-85. P–386

Presentation of the Supplementary Report containing corrigenda of the 19th Report of the Committee on Govt. Assurances. 1984-85 P–410

**Privilege Motion**

PP–520-537, 819-828, 1009-1012

**Question,**

Adult Education Centre

— by Shri Tarapada Sadhukhan, PP–183-184

Berhampore Central Jail Advisory Committee

— by Shri Atahar Rahaman

— by Shri Hazari Biswas, P–192

Bonus to employees and teachers and employees of local Bodies

— by Shri Abdul Mannan, PP–761-762

Calcutta Netaji Institute of South East Asian Studies

— by Shri Subrata Mukherjee, PP–9-11

Cash Assistance by Urdu Academy for publication of books

— by Shri Lakshmi Kanta Dey, Shri Shiba Prasad Dolui, Shri Birendra Narayan Ray P–958

Creation of durable assets under N.R.E.P. and R.L.E.G.S.

— by Shri Abdul Mannan, PP–762-763

Durgapur Chemicals Ltd

— by Shri Deoki Nandan Poddar, PP-714-716

Durgapur Chemicals Ltd

— by Shri Satya Ranjan Bapuli, PP-754-755

Employment created in organised sectors Compared to the increase of register unemployed

— by Shri Somendra Nath Mitra, PP-492-493

Equity participation by the centre in Haldia Petro Chemical Complex

— by Shri Kamal Sarkar, PP-890-891

Expansion of power Generation Plants/Projects

— by Shri Satya Ranjan Bapuli, P-601

Fact Finding Committee On Small and Medium Newspapers

— by Shri Abdul Mannan, P-712

Fixation of pay of college Teachers as per U G.C. Scales of Pay.

— by Shri Ambica Banerjee, PP-15-16

Generation of Additional Employment under the work programme of district industries centre.

— by Shri Somendranath Mitra, PP-180-181

Grant in aid to various libraries by Urdu Academy

— by Shri Birendra Narayan Ray, Shri Sachin Sen & Shri Lakshmi Kanta Dey P-957

Handloom Industry

— by Shri Anil Mukherjee, P-887

Highest Number of Murders since 1977

— by Shri Gyan Singh Sohanpal, PP-603-604

Hiring of rooms in great Eastern Hotel for use as a circuit House

— by Shri Somendra Nath Mitra, PP-709-710

Industrial Estate at Kharagpur

— by Shri Ambica Banerjee, PP-950-951

Irrigation potentials

— by Shri Somendra Nath Mitra, PP-755-756

Kitabat Centre of Urdu Academy

— by Shri Birendra Narayan Ray, Shri Sachin Sen & Shri Lakshmi Kanta Dey P–789-790

Library of Urdu Academy

— by Shri Dinabandhu Majhi, Birendra Narayan Ray & Shri Lakshmi Kanta Dey P–789

News Print Plant North Bengal

— by Shri Somendra Nath Mitra. PP–753-754

Observance of Swamijis birthday as a national youth day

— by Dr. Hoimi Basu, PP–382-383

Offer to a Bombay firm as consultancy for W.B. Pharmaceutical and Phytochemical Development Corporation

— by Shri Chowdhury Md Abdul Karim, PP–947-948

Political Murders

— by Shri Gyan Singh Sohanpal, P–186

Proposal for bringing all the universities of India Under Central Control

— by Shri Kamal Sarkar, PP–25-26

Proposal for purchase of land at Camac Street

— by Shri Abdul Karim Chowdhury, PP–920-921

Publication Department of Urdu Academy

— by Shri Lakshmi Kanta Dey, Shri Dinabandhu Majhi & Shri Birendra Narayan Roy PP–956-957

Rameshpur Refugee Coloney

— by Shri Abdul Karim Chowdhury, PP–784

Scholarship Awarded by Urdu Academy

— by Shri Lakshmi Kanta Dey, Shri Shiba Prasad Dolui & Shri Birendra Narayan Roy, PP–957-958

Senior Madrasah Teachers

— by Shri Jokhilal Mondal, P–785

Subsidence of Soil Caused by unsafe areas due to mining operations

— by Shri Rajesh Khaitan, PP–718-719

Target for raising Income under I.R.D.P.

— by Shri Somendra Nath Mitra, PP-760-761

Training Centre for Journalism

— by Shri Sachin Sen, Shri Lakshmi Kanta Dey and Shri Birendra Narayan Ray PP-790-791

Transfer of the Institute of Correctional Service

— by Shri Anil Mukherjee, PP-898-899

Training Programme for Self-Employment Schemes

— by Shri Satya Ranjan Bapuli, PP-710-711

Training of rural artisans

— by Shri Abdus Rauf Ansari & Shri Abdul Mannan, PP-711-712

Unutilisation of a portion of provisions meant for promotion of Urdu

— by Shri Rajesh Khaitan, P-19

Urdu typewriting training centre

— by Shri lakshmi Kanta Dey, Shri Sachin Sen & Shri Birendra Narayan Ray, P-791

Water logging and overflow of water from the side drains at Ramaprasad Saha lane in central calcutta

— by Shri Deokinandan Poddar, PP-162-163

অগ্রিম রোড ট্যাক্স ব্যবস্থা

— শ্রী সুভাষ গোস্বামী, PP-874-875

অঙ্গনওয়াড়ি কর্মীদের কর্মস্থানে ঘরের সমস্যা

— শ্রী ধীরেন সেন, PP-874

অঙ্গনওয়াড়ী কর্মীর প্রশিক্ষণ

— শ্রী সুভাষ গোস্বামী, PP-158-160

অবর বিদ্যালয় পরিদর্শক পদে নিয়োগ

-— শ্রী সরল দেব, PP-13-15

অবর বিদ্যালয় পরিদর্শকদের পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে নিয়োগ

— শ্রী সরল দেব, P-727

অম্বিকা জুট মিল্স

— শ্রী কামাখ্যা চরন ঘোষ, P-781

অষ্টম অর্থ কমিশনের সুপারিশ

— শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস, PP-743-744

আমতলা হইতে জামতলা পর্যন্ত বাসরুট

— শ্রী আব্দুল সোবাহান গাজী, PP-895-896

আর্ট ফিল্ম কমপ্লেক্সের উদ্বোধন

— শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস, P-583

আহমেদপুর চিনি কল কর্তৃক আখ ক্রয়

— ডাঃ মোতাহার হোসেন, P-934

আর এল ই জি পি প্রকল্পে রাজ্যের অর্থ ব্যয়

— শ্রী শ্রীধর মালিক, P-717

আহমেদপুর চিনিকলে বিক্রীত আখের মূল্য পেতে বিলম্ব

— শ্রী মোতাহার হোসেন, P-770

আমদানীকৃত বীজ

— শ্রী অনিল মুখার্জী, PP-886-887

আকাশবাণী ও দূরদর্শন কেন্দ্রের পক্ষপাতিত্ব

— শ্রী অমলেন্দ্র রায়, PP-891-892

আপার কংসাবতী প্রকল্প

— শ্রী কমলাকান্ত মাহাতো, P-894

আপার দ্বারকেশ্বর ও গন্ধেশ্বরী পরিকল্পনা

— শ্রী কাশীনাথ মিশ্র, PP-593-594

আসানসোল জে এল আর ও অফিসে কর তছরূপ

— শ্রী বামাপদ মুখোপাধ্যায়, P-707

আসানসোলের ইস্টার্ন কোল্ডফিল্ড কোম্পানী কর্তৃক অধিগৃহীত জমির পরিবার পিছু চাকুরী প্রদান

— শ্রী বামাপদ মুখোপাধ্যায়, PP-594-595

আলিপুরদুয়ার ১নং পঞ্চায়েত সমিতির অফিসগৃহ

— **শ্রী যোগেন্দ্রনাথ সিংহরায়**, P-753

আলিপুরদুয়ার ১নং ব্লকের উত্তর চকোয়াখেতি গ্রামে আর এল আই প্রকল্প

— **শ্রী যোগেন্দ্রনাথ সিংহরায়**, PP-878-879

আলিপুরদুয়ারে সরকারী কর্মীচারীদের আবাসন নির্মাণ

— **শ্রী সুশীল কুজুর**, PP-606

আলিপুরদুয়ারে অ্যাডিশন্যাল পাবলিক প্রসিকিউটারের খালিপদ

— **শ্রী যোগেন্দ্রনাথ সিংহরায়**, P-702

আলিপুরদুয়ারে মহিলা কলেজ স্থাপনের পরিকল্পনা

— **শ্রী যোগেন্দ্রনাথ সিংহরায়** , P-20

আরামবাগ মহকুমা হাসপাতাল

— **শ্রী আব্দুল মান্নান** , P-501

আরামবাগ মহকুমা হাসপাতালটিকে জেনারেল হাসপাতালে রূপান্তরকরণ

-- **শ্রী শিবপ্রসাদ মালিক**, PP-486-487

আরামবাগ মহকুমায় নির্মিত পীচ রাস্তার অবস্থান

— **শ্রী আব্দুল মান্নান**, P-944

আরামবাগ মহকুমার হাসপাতাল

— **শ্রী শিবপ্রসাদ মালিক**, P-486

আরামবাগ কুষ্ঠ হাসপাতাল

— **শ্রী শিবপ্রসাদ মালিক**, PP-373-374

আরবান এলাকায় বিদ্যুৎ সংযোগের জন্য দরখাস্ত

— **শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ**, PP-900-901

আরামবাগ কুষ্ঠ হাসপাতাল

— **শ্রী শিবপ্রসাদ মালিক**, P-788

আলু ক্রয়

— **শ্রী নুরুল ইসলাম চৌধুরী**, P-606

আর্ন্তজাতিক সীমানা সমীপস্থ রাস্তার উন্নয়ন ও সংস্কার

— শ্রী অমলেন্দ্র রায়, P-903

আর্ন্তজাতিক যুববর্ষ

— শ্রী সুভাষ গোস্বামী, P-782

আগ্নেয়াস্ত্র নবীকরণ ফী

— শ্রী সুকুমার রায়, PP-694-695

ই এস আই কর্পোরেশন কর্তৃক রাজাবীমা বাবদ আদায়

— শ্রী গোপালকৃষ্ণ ভট্টাচার্য্য, PP-488-489

ইনপুট লোন

— শ্রী আব্দুল মান্নান, PP-156-157

ইন্টিগ্রেটেড চাইল্ড ডেভেলপমেন্ট স্কীম

— শ্রী প্রশান্ত প্রধান, P-611

ইলেকট্রিক মেডিক্যাল অ্যান্ড এলায়েড ইণ্ডাস্ট্রিজ

— শ্রী সাধন চট্টোপাধ্যায়, PP-707-708

ইসি এস সি কর্তৃক ইনকাম ট্যাক্স প্রদান

— শ্রী সুখেন্দু খাঁ, P-777

উচ্চ ফলনশীল জাতের ধান

— শ্রী নীরোদ রায়চৌধুরি, P-879

উচ্চমাধ্যমিক সংসদের টেবুলেটরের পদ হইতে খড়গপুর কলেজের জনৈক অধ্যাপকের অপসারণ

— শ্রী ননী কর, PP-28-30

উচ্চ মাধ্যমিকে পাঠ্যক্রমে ভোকেশন্যাল স্ট্রীম

— শ্রী বিভূতিভূষণ দে, PP-706-707

উত্তরবঙ্গ পরিবহনের দূরপাল্লার বাস

— শ্রী সত্যপদ ভট্টাচার্য, P-895

উত্তরবঙ্গ হইতে প্রকাশিত সংবাদপত্র

— শ্রী মনোহর তিরকী, PP-730-733

উত্তরবাংলায় ক্যানসার হাসপাতাল স্থাপনের পরিকল্পনা

— **শ্রী দীপক সেনগুপ্ত**, PP-496-497

উদয়রাজপুর কোল ডাম্প

— **শ্রী সরল দেব**, P-771

উদয়রাজপুর কোলডাম্পে সমাজ বিরোধী কার্যকলাপ

— **শ্রী সরল দেব**, P-703

উদ্ধারকৃত চোলাই মদ গাঁজা ও আফিম

— **শ্রী মনোহর তিরকী**, PP-751-752

উলুবেড়িয়া গড়চুমুক রাস্তা

— **শ্রী রবীন্দ্র ঘোষ**, PP-464-465

উলুবেড়িয়া মহকুমা হাসপাতালের রেডিওলজিষ্ট

— **শ্রী রবীন্দ্র ঘোষ**, P-491

উলুবেড়িয়ার ছায়াগীতি সিনেমা হলে লক-আউট

— **শ্রী রবীন্দ্র ঘোষ**, P-896

উলুবেড়িয়া নরেন্দ্র সিনেমা হলে লক আউট

— **শ্রী রবীন্দ্র ঘোষ**, P-895

ঋণপত্রের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের আয় হইতে রাজ্য সরকারকে অর্থ প্রদান

— **শ্রী শ্রীধর মালিক**, PP-737-738

একলাক্ষী বালুরঘাট রেলপথের জন্য জমি অধিগ্রহণ

— **শ্রী বিশ্বনাথ চৌধুরী**, P-896

এগরা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

— **শ্রী প্রবোধ চন্দ্র সিনহা**, PP-494-495

এগরায় ১৩৩ কে ভি সাব ষ্টেশন

— **শ্রী শিশির অধিকারী**, PP-469-470

এন এইচ ৩৪ ও ৩৫ এবং টাকী রোডের ধারেব বে-আইনী দখলকার উচ্ছেদ

— **শ্রী সরল দেব**, PP-474-475

এম. কম প্রশ্নপত্র

— শ্রী সুব্রত মুখার্জী, PP-775-776

এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে নিয়োগ

— শ্রী অমলেন্দ্র রায়, P-751

এম বি বি এস কোর্সে ছাত্রছাত্রীর সংখ্যা

— শ্রী উপেন্দ্র কিসকু, PP-776-777

এস এফ ডি সিতে শিক্ষানবীশ নিয়োগ

— শ্রী সরল দেব, P-498

ওয়েষ্ট বেঙ্গল হ্যাণ্ডলুম পাওয়ারলুম ডেভলপমেন্ট কর্পোরেশন লিঃ

— শ্রী ব্রজগোপাল নিয়োগী, PP-739-740

ঔষধ প্রস্তুতকারক শিল্প

— শ্রী গোপাল কৃষ্ণ ভট্টাচার্য্য, P-489

কমিউনিটি মেডিকেল সার্ভিস কোর্স

— শ্রী সত্যপদ ভট্টাচার্য্য, PP-780-781

করণদীঘি থানায় ডাকাতি, গরুচুরি ও লুণ্ঠন প্রভৃতি

— শ্রী সুরেশ সিংহ, P-928

করণদীঘি থানাস্থিত শ্রীপুর গ্রামে উপস্বাস্থ্যকেন্দ্র

— শ্রী সুরেশ সিংহ, P-485

কলকাতা হাওড়া নদীপথে জলযান চলাচল

— শ্রী জয়কেশ মুখার্জী, P-926

কলকাতা হাওড়া ফেরী সার্ভিস উন্নয়ণ ও সম্প্রসারণ

— শ্রী জয়কেশ মুখার্জী, P-172

কলকাতা ট্রাম কোম্পানী ট্রাকরেল ও ওভারহেডে তার সংস্কার

— শ্রী নিরঞ্জন মুখার্জী, P-926

কলকাতা থেকে ধামাখালি (সন্দেশখালি) পর্যন্ত রাষ্ট্রীয় পরিবহনের বাস চালানোর পরিকল্পনা

— শ্রী গনেশ চন্দ্র মণ্ডল, P-171

কলকাতার ৩৯ নং (পুরাতনী) ওয়ার্ডে বে-আইনি বাড়ী ভাঙ্গার আদেশ

— শ্রী লক্ষ্মীকান্ত দে, P-921

কল্যাণী স্পিনিং মিলের লাভ/লোকসান

— শ্রী সরল দেব, P-767

কল্যাণী বেলঘড়িয়া এক্সপ্রেস সড়ক

— শ্রী গোপাল কৃষ্ণ ভট্টাচার্য, P-482

কলেজের শিক্ষকদের অনিয়মিত বেতন

— শ্রী দেবপ্রসাদ সরকার, PP-772-773

কলেজ ও বিশ্ববিদ্যালয়ে নিয়মিত 'মক' পার্লামেন্ট

— শ্রী অমলেন্দ্র রায়, P-26

কলেজ ও বিদ্যালয়ের অশিক্ষক কর্মচারীদের বেতন কাঠামো

— শ্রী সরল দেব, P-721

কসবাগোলা উপ-স্বাস্থ্যকেন্দ্র

— শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা, P-764

কলিকাতা কর্পোরেশনের কর্মচারীর সংখ্যা ও জঞ্জাল সাফাই ব্যবস্থা

— শ্রী সুশীল কুজুর, P-873

কলিকাতা হইতে ঝিলিমিলি সি এস টি সি-র বাস যোগাযোগ

— শ্রী রামপদ মাণ্ডী, PP-885-886

কলিকাতা হইতে প্রকাশিত বিভিন্ন পত্রিকা

— শ্রী গোপাল মণ্ডল, PP-596-599

কলিকাতা ও হাওড়ার বিভিন্ন অসামাজিক কার্যকলাপ

— শ্রী শীশ মহম্মদ, P-704

কলিকাতা টেলিফোন কোম্পানী কর্তৃক রাস্তা খনন

— শ্রী লক্ষ্মীকান্ত দে, P-921

কলিকাতা বিশ্ববিদ্যালয় (সংশোধনী) বিল

— শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ, P-716

— শ্রী গণেশচন্দ্র মণ্ডল, P-783

কলিকাতা হইতে আরামবাগ গড়ের ঘাট পর্যন্ত স্টেট বাস চালুকরণ

— শ্রী আবদুল মান্নান, P-910

কলিকাতার ফুটপাত হইতে হকার উচ্ছেদ

— শ্রী সরল দেব, P-881

কলিকাতায় সারকুলার ক্যানেলে জলপরিবহন ব্যবস্থা চালু করার পরিকল্পনা

— শ্রী লক্ষ্মীকান্ত দে, P-172

কলিকাতায় আই সি সি এস স্কীম চালু

— শ্রী লক্ষ্মীকান্ত দে, P-922

কংসাবতী পরিকল্পনায় গোঘাট থানায় খাল কাটা

— শ্রী শিবপ্রসাদ মালিক, P-589

কংসাবতী স্পিনিং মিল

— শ্রী লালবিহারী ভট্টাচার্য্য, P-891

কামারপুকুর স্বাস্থ্যকেন্দ্রটিকে গ্রামীণ হাসপাতালে রূপান্তরকরণ

— শ্রী শিবপ্রসাদ মালিক, P-486

কারখানা 'জাতীয়করণের শর্তাবলী

— শ্রী লক্ষ্মণ চন্দ্র শেঠ, P-759

'কারাবিধি সংস্কার' কমিশনের রিপোর্ট

— শ্রী জয়ন্তকুমার বিশ্বাস, P-878

কালিদাসপুর কয়লাখনি

— শ্রী উপেন কিস্কু, P-728

কালিদাসপুর কয়লা উত্তোলন প্রকল্প

— শ্রী কাশীনাথ মিশ্র, PP-587-588

কালিয়াচক থানা বিভাজন

— শ্রী সামসুদ্দীন আহমেদ, PP-944-945

— শ্রী চিত্তরঞ্জন মৃধা ও শ্রী দাউদ খাঁ, P-173

ক্যানিং-এ মাতলা নদীর চর ভরাটি জমিতে বনাঞ্চল

— শ্রী চিত্তরঞ্জন মৃধা, P-738

কাঁথি মহকুমার দক্ষিণদিকে সমুদ্র বাঁধ মেরামত

— শ্রী শিশির অধিকারী, P-724

কাঁথি মহকুমায় গ্রেপ্তারী পরোয়ানা

— শ্রী শিশির অধিকারী, PP-933-934

কাঁথি মহকুমায় পাইপলাইন জলসরবরাহ

— শ্রী শিশির অধিকারী, PP-160-161

কাঁথি মহকুমায় চাষের উন্নতির জন্য স্লুইস নির্মাণ

— শ্রী শিশির অধিকারী, P-769

কাঁথি শহরে মহিলা কলেজ স্থাপন

— শ্রী মুকুল বিকাশ মাইতি, P-26

কাঁথিতে সরকারী উদ্যোগে লবণ কারখানা স্থাপন

— শ্রী প্রবোধচন্দ্র সিনহা, P-721

কাঁথিতে স্টেডিয়াম নির্মাণ

— শ্রী প্রশান্ত প্রধান, P-742

কাঁথির বড়বাসতলিয়া হাসপাতালের বৈদ্যুতিকরণ

— শ্রী শিশির অধিকারী, P-492

কাঁথির মাজনা হাসপাতাল বৈদ্যুতিকরণ

— শ্রী শিশির অধিকারী, PP-756-757

কিশলয়ে 'বাংলাদেশ' কবিতা

— শ্রী যোগীলাল মণ্ডল, P-20

কুমারগঞ্জ থানার আত্রেয়ীনদীর উপর সেতু নির্মাণের দায়িত্ব

— শ্রী বিজেন্দ্রনাথ রায়, P-960

কুমারী ও টোটক নদীর উপর সেতু নির্মাণ

— **শ্রী সুধাংশু শেখর মাঝি, P-604**

কুশমন্ডি ব্লকের অফিসগৃহ নির্মাণ

— **শ্রী ধীরেন্দ্রনাথ সরকার, P-729**

কৃষ্ণনগর পৌর এলাকায় ব্যক্তিগত রেশনকার্ড

— **শ্রী সাধন চট্টোপাধ্যায়, P-491**

কৃষ্ণনগর পৌরসভায় ওয়ার্ডসমূহের পুনর্বিন্যাসের প্রস্তাব

— **শ্রী সাধন চট্টোপাধ্যায়, P-956**

কৃষ্ণনগর মহাবিদ্যালয়ে আইন পঠন-পাঠনের ব্যবস্থা

— **শ্রী সাধন চট্টোপাধ্যায়, P-730**

কৃষ্ণনগর সরকারী মহাবিদ্যালয়ের ছাত্র-আবাসন

— **শ্রী সাধন চট্টোপাধ্যায়, P-778**

কৃষ্ণনগর সিটি কো-অপারেটিভ ব্যাঙ্ক ডিরেকটার বোর্ডের সদস্য কর্তৃক ঋণ গ্রহণ

— **শ্রী সাধন চট্টোপাধ্যায়, PP-949-950**

কৃষ্ণনগর শহরে ষ্টেট ট্রান্সপোর্টের বাস ডিপো নির্মাণ

— **শ্রী সাধন চট্টোপাধ্যায়, PP-149-150**

কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য গবেষণা

— **শ্রী নীরোদ রায়চৌধুরী, P-879**

কৃষি বিভাগের অধীন বীজ খামার

— **শ্রী সুশীল কুজুর, P-370**

কৃষি পেনশন প্রকল্প

— **শ্রী অনিল মুখার্জী, P-935**

কৃষি বিভাগের অধিনে কেমিক্যাল ফার্টিলাইজার কারখানা

— **শ্রী সুশীল কুজুর, PP-370-371**

কেঞ্জাকুড়া স্বাস্থ্যকেন্দ্রে বিদ্যুৎ সরবরাহ ও শয্যাসংখ্যা বৃদ্ধি

— **শ্রী কাশীনাথ মিশ্র, P-485**

কেন্দ্র কর্তৃক গ্রামীণ স্বেচ্ছা স্বাস্থ্যকর্মীদের ভাতা ও ঔষধের ব্যয়ভার বহন

— **শ্রী সুভাষ নস্কর**, P-772

কেন্দ্রীয় সরকার কর্তৃক মাথাপিছু সাহায্যের পরিমাণ

— **শ্রী শ্রীধর মালিক**, PP-945-946

কেলেঘাই ও কপালেশ্বরী নদীর বাঁধ মেরামত

— **ডাঃ মানস ভুঁইঞা**, PP-726-727

কেলেঘাই ও কপালেশ্বরী নদী সংস্কার

— **ডাঃ মানস ভুঁইঞা**, PP-884-885

কেশিয়ারী ব্লকে বৈদ্যুতিক সাব ষ্টেশন

— **শ্রী মহেশ্বর মুর্মু**, P-482

কেশোরাম কটন মিলে লক আউট

— **শ্রী কামাখ্যা চরণ ঘোষ**, P-499

কোচবিহার জেলার নিশিগঞ্জ সার্কেলে পাট্টা বিলি

— **শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া**, P-708

খানাকুল থানার হীরাপুর গ্রাম পঞ্চায়েত সদস্য নিহত

— **শ্রী আব্দুল মান্নান**, PP-692-694

খানাকুল ২নং পঞ্চায়েত সমিতির সভাপতির বিরুদ্ধে অর্থ তছরূপের অভিযোগ

— **শ্রী আব্দুল মান্নান**, P-922

গমচাষ

— **শ্রী শীশ মহম্মদ**, P-914

গড়বেতা ১নং ব্লকের পাঁচারোল গ্রামে নদী জল উত্তোলন প্রকল্প

— **শ্রী অনাদি মোল্লা**, P-906

গড়বেতা ২নং ব্লকের কেওয়াকোল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র বৈদ্যুতিকরণ

— **শ্রী অনাদি মোল্লা**, PP-782-783

গরিফা ও নৈহাটি স্পোটিং ক্লাবের ময়দানে স্টেডিয়াম

— **শ্রী অজিত বসু**, PP-792-793

গোবর গ্যাস প্ল্যান্ট

— শ্রী ব্রজগোপাল নিয়োগী, P-383

গোঘাটের কাটালীতে অবস্থিত শৈলেশ্বর মন্দির সংস্কার

— শ্রী শিবপ্রসাদ মালিক, P-725

গোঘাটের কামারপুকুরকে পৌরসভায় রূপান্তরিত করার পরিকল্পনা

— শ্রী শিবপ্রসাদ মালিক, PP-927

গোঘাটের দলকার জলা সংস্কার

— শ্রী শিবপ্রসাদ মালিক, PP-588-589

গোঘাট থানার ঠুঁটোমারি বাঁধ নির্মাণে ব্যয়

— শ্রী শিবপ্রসাদ মালিক, P-588

গো-পালন কর্মসূচী

— শ্রী সুভাষ মাহাতো এবং শ্রী কাশীনাথ মিশ্র, PP-186-189

গোসাবা আর আর ইন্‌স্টিটিউশন

— শ্রী গণেশচন্দ্র মণ্ডল, P-788

গোসাবা থানায় বাড়ি লুঠ ও আক্রমণের ঘটনা

— শ্রী গণেশচন্দ্র মণ্ডল, PP-909-910

গোসাবা ব্লকে এস আর ও কেরোসিন ডিলার

— শ্রী গণেশচন্দ্র মণ্ডল, PP-500-501

গ্রাম পঞ্চায়েত রেভিনিউ অফিস

— শ্রী বিশ্বনাথ চৌধুরী, P-896

গ্রামের নলকূপ বিদ্যুতায়নের কর্মসূচী

— শ্রী ধীরেন্দ্র নাথ সরকার, PP-472-474

গ্রামীণ গ্রন্থাগারের সংখ্যা

— শ্রী দীনবন্ধু মণ্ডল, PP-783-784

গ্রামাঞ্চলে স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তারের শূণ্যপদ

— শ্রী প্রবোধচন্দ্র সিংহ, PP-764-765

গীতাঞ্জলি ইংরাজী সংস্করণের দুষ্প্রাপ্যতা

— **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস**, PP-705-706

ঘাটাল মহকুমার সেচ বিভাগের মেরামতির কাজ

— **শ্রী গোপাল মন্ডল**, PP-721-722

চটকল জাতীয়করণ

— **শ্রী বিভূতিভূষণ দে**, PP-759-760

চব্বিশ পরগনার সন্দেশখালি ১নং ব্লকে নলবাহিত জলসরবরাহ

— **শ্রী কুমুদরঞ্জন বিশ্বাস**, P-176

চব্বিশপরগণা জলাবেড়িয়া জামতলা, কুলতলা রাস্তা প্রশস্তকরণ

— **শ্রী প্রবোধ পুরকাইত**, PP-960-961

চা-বাগিচায় ত্রিপাক্ষিক চুক্তি

— **শ্রী সুশীল কুজুর**, PP-941-942

চা-শ্রমিকদের জন্য হলিডে হোম

— **শ্রী মনোহর তিরকী**, PP-502-503

'চোখ' চলচ্চিত্র হইতে সরকারের আয়

— **শ্রী বিভূতিভূষণ দে**, P-591

ছোট বৈনাল ওয়াটার সাপ্লাই স্কীম

— **শ্রী ধীরেন্দ্রনাথ চ্যাটার্জী**, P-173

ছোট মোল্লাখালিতে পুলিশ ফাঁড়ি স্থাপন

— **শ্রী গণেশচন্দ্র মণ্ডল**, P-704

জলপাইগুড়ির ৫নং চকোয়াখেতি গ্রাম পঞ্চায়েতের সেবা ও উন্নয়নমূলক কাজ

— **শ্রী যোগেন্দ্রনাথ সিংহ রায়**, P-712

জলপাইগুড়ি জেলার জয়গাঁ এলাকার নিহত গ্রামবাসী

— **শ্রী মনোহর তিরকী**, P-596

জলপাইগুড়ি জেলায় 'ল্যাম্পস', সমবায় সমিতি

— **শ্রী যোগেন্দ্রনাথ সিংহ রায়**, PP-468-469

জলপাইগুড়ি জেলার ওয়েষ্টান ডুয়ার্স মার্কেট ফাণ্ড

— শ্রী যোগেন্দ্রনাথ সিংহ রায়, P-181

জলপাইগুড়ি গাড়োচিড়া বান্ধাপানি চা-বাগানের কৃষি জমির পাট্টা

— শ্রী তারকবন্ধু রায়, P-885

জলপাইগুড়ি জেলার রেমন্ড মেমোরিয়াল স্কুলের জমি সরকারে ন্যস্ত

— শ্রী যোগেন্দ্রনাথ সিংহ রায়, P-888

জলঢাকা নদীর বাঁধের জন্য জমি অধিগ্রহণ

— শ্রী তারকবন্ধু রায়, PP-719-720

জয়পুর খালনা-মুকুন্দদীঘি রাস্তা

— শ্রী নিতাইচরণ আদক, PP-698-699

জলা জমিতে গম চাষ

— শ্রী নীরোদ রায়চৌধুরী, P-880

জঙ্গীপুর মহকুমায় টি বি রোগী

— শ্রী আবুল হাসনাৎ খান, P-780

জঙ্গীপুর মহকুমা হাসপাতালে টি বি ওয়ার্ড চালুকরণ

— শ্রী আবুল হাসনাৎ খান, PP-497-498

জাল মার্কসীট ও সার্টিফিকেট সরবরাহ করার সক্রিয় চক্র

— শ্রী মাধবেন্দু মোহান্ত, P-953

জেলা কাউন্সিল

— ডাঃ মানস ভুঁইঞা, P-729

জেলার সদর রেজিষ্ট্রি অফিসে স্থানাভাব

— শ্রী হাবিবুর রহমান, P-476

জুনিয়র বেসিক ট্রেনিং কলেজের সংখ্যা

— শ্রী উপেন কিস্কু, PP-17-19

জীবনদায়ী ঔষধের মূল্য

— শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস, PP-484-485

ঝাড়গ্রাম মহকুমায় কৃষি পেনশন

— শ্রী অবনীভূষণ সৎপথী, শ্রী অনন্ত সরেন ও শ্রী সুনীল দে, PP-935-936

ঝাড়গ্রাম শহরে হার্টিকালচারাল নার্সারী করার পরিকল্পনা

— শ্রী অবনীভূষণ সৎপথি, PP-155-156

তপশিলি জাতি ও আদিবাসী প্রার্থীর জন্য প্রতিযোগীতামূলক পরীক্ষার প্রশিক্ষণ কেন্দ্র

— শ্রী ব্রজগোপাল নিয়োগী, P-492

তফশিলি ও আদিবাসীদের শিক্ষক পদে নিয়োগের ক্ষেত্রে বৈষম্য

— শ্রী শিবপ্রসাদ মালিক, P-21

তফশিলি জাতি ও আদিবাসী ছাত্রছাত্রীদের হোষ্টেল নির্মাণে মাধমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়কে অনুদান প্রদান

— শ্রী অবন্তি মিশ্র, PP-184-186

তমলুক - পুরুষাঘাট রাস্তা

— শ্রী পুলিন বেরা ও শ্রী দীনবন্ধু মণ্ডল, P-478

তমলুকে সুপারমার্কেট স্থাপন

— শ্রী দীনবন্ধু মণ্ডল ও শ্রী পুলিন বেরা, PP-171-172

তরুণীর শ্লীলতাহানি

— শ্রী অনুপকুমার চন্দ, P-905

তথ্য ও সংস্কৃতি দপ্তর থেকে টেলিভিশন সরবরাহ

— শ্রী কৃষ্ণধন হালদার, PP-608-610

তারকেশ্বরে সমবায় বিভাগের হিমঘর

— শ্রী শিবপ্রসাদ মালিক, PP-685-686

তিস্তা ও মহানন্দা প্রকল্প

— শ্রী তারক বন্ধু রায়, PP-589-591

তৈলবীজ চাষ

— শ্রী কাশীনাথ মিশ্র, P-371

তৈলবীজ চাষের আয়তন ও উৎপাদন বৃদ্ধি

— শ্রী নীরোদ রায়চৌধুরী, P-880

দক্ষিণ ২৪-পরগণা জেলার রাজারামপুর গ্রাম পঞ্চায়েত সচিবের বিরুদ্ধে অভিযোগ

— শ্রী কৃষ্ণধন হালদার, P-950

দামোদর সিমেন্ট কর্পোরেশনে লোক নিয়োগ

— শ্রী নটবর বাগদী, PP-779-780

দ্বিতীয় হুগলী সেতু নির্মাণের জন্য রাখা রড চুরি

— শ্রী অশোক ঘোষ, PP-157-158

দীঘা সৈকতের অবক্ষয় রোধ

— শ্রী অবন্তী মিশ্র, PP-728-729

দীঘা স্টেট জেনারেল হসপিটাল

— শ্রী অবন্তী মিশ্র, P-602

দীঘা উন্নয়ন

— শ্রী সরল দেব, PP-720-721

দুবরাজপুরে বালিকা বিদ্যালয় স্থাপনের প্রস্তাব

— শ্রী সাত্ত্বিক কুমার রায়, P-24

দুঃস্থ ব্যক্তিদের বিক্রিত ঘরবাড়ী ফেরৎ পাওয়ার জন্য ব্যবস্থা

— শ্রী নুরুল ইসলাম চৌধুরী, P-179

দুর্গাপুর ব্যারাজ হইতে বানজোড়া পর্যন্ত দামোদর নদের বাঁধ মেরামত

— শ্রী নবনী বাউরী, P-722

দুর্গাপুরে কেন্দ্রীয় ডেয়ারী হইতে দুগ্ধ সরবরাহ

— শ্রী সত্যপদ ভট্টাচার্য, PP-6-8

দুর্গাপুর কেমিক্যালসের লাভ/লোকসান

— শ্রী সরল দেব, P-767

দেপাল ঝুঁকি রাস্তা নির্মাণের জন্য অর্থবরাদ্দ

— শ্রী অবন্তী মিশ্র, P-935

ধর্মতলা হইতে ক্যানিং পর্যন্ত সরকারী বাস চালুকরণ

— শ্রী চিত্তরঞ্জন মৃধা, P-920

ধান উৎপাদন

— শ্রী গুণধর চৌধুরী, P-878

নপাড়া চেকপোস্টে আদায়কৃত পণ্যপ্রবেশ কর

— শ্রী সরল দেব, P-936

নলহাটী ১নং ব্লকে বানীওর সেচ প্রকল্প

— শ্রী সাত্ত্বিক কুমার রায়, P-591

নলহাটী ও মুরারই-এ উচ্চশিক্ষা প্রতিষ্ঠান খোলার প্রস্তাব

— শ্রী শশাংকশেখর মণ্ডল, P-730

নদীয়া জেলায় গঙ্গায় ভাঙ্গন প্রতিরোধ ব্যবস্থার দাবিতে গণ ডেপুটেশন

— শ্রী দেবপ্রসাদ সরকার, P-726

নদীয়া জেলা পরিষদের বগুলাস্থ দাতব্য চিকিৎসা কেন্দ্র

— শ্রী সতীশচন্দ্র বিশ্বাস, P-709

নদীয়া প্রাথমিক মৎস্যজীবি সমবায় সমিতির লিমিটেডের এক্সিকিউটিভ অফিসারের বিরুদ্ধে তছরূপের অভিযোগ

— শ্রী অবন্তী মিশ্র, PP-607-608

নদীয়া জেলার নবাবদাঁড়া খাল সংস্কার

— শ্রী মাধবেন্দু মোহান্ত, P-584

নদীয়া জেলার বাংলাদেশের সীমান্ত সংলগ্ন এলাকার নদীজল দূষণ

— শ্রী মাধবেন্দু মোহান্ত, PP-471-472

নদীয়া জেলায় সরকারী উদ্যোগ মাছ চাষ প্রকল্প

— শ্রী চিত্তরঞ্জন বিশ্বাস, P-190

নদীয়া জেলার করিমপুর ১নং ব্লকে পাইপ দ্বারা পাণীয় জল সরবরাহ প্রকল্প

— শ্রী চিত্তরঞ্জন বিশ্বাস, P-920

নদীয়া জেলায় পাণীয় জল সরবরাহের ব্যবস্থা

— শ্রী মাধবেন্দু মোহান্ত, PP-892-893

নদী সেচ প্রকল্প

— শ্রী অনিল মুখার্জী, PP-887-888

নদীয়া জেলা হাসপাতাল

— শ্রী সাধন চট্টোপাধ্যায়, PP-778-779

নদীয়া জেলার ভায়না যশোদামনি জুনিয়র হাইস্কুলের স্বীকৃতি

— শ্রী সতীশচন্দ্র বিশ্বাস, PP-742-743

নন্দীগ্রাম নির্বাচন কেন্দ্রে ক্ষুদ্র শিল্প স্থাপন

— শ্রী ভূপাল চন্দ্র পান্ডা, PP-727-728

নারায়ণগড় থানার আসামী গ্রেপ্তারে গুলিচালনা

— ডাঃ মানস ভুঁইঞ্যা, P-908

নানুর থানায় বৈদ্যুতীকরণ

— শ্রী বনমালী দাস, PP-939-941

নানুর বাসাপাড়া রাস্তা

— শ্রী বনমালী দাস, P-465

নানুর থানায় বাসাপাড়া সমবায় সমিতির নির্বাচন

— শ্রী বনমালী দাস, PP-905-906

নার্সের শূণ্যপদ

— ডাঃ মানস ভুঁইঞ্যা, PP-943-944

নারী সেবা সংঘে সরকারী অর্থ সাহায্য

— শ্রী সত্যপদ ভট্টাচার্য, PP-938-939

"নিয়ন্ত্রিত বাজার" নির্মাণের জন্য কেন্দ্রীয় অর্থবরাদ্দের পরিমাণ

— শ্রী জয়ন্তকুমার বিশ্বাস, P-871

নির্মাণশিল্পে নিযুক্ত শ্রমিকদের জন্য আইন

— শ্রী আবুল হাসনাৎ খান ও শ্রী বীরেন্দ্র নারায়ন রায়, P-503

নির্বাচিত প্রতিনিধি মনোনীত বোর্ড এবং প্রশাসক নিয়ন্ত্রণাধীন পৌরসভা

— শ্রী নীরোদ রায়চৌধুরী, P-913

নূতন সরকারী ও বে-সরকারী কলেজ

— শ্রী সুভাষ গোস্বামী, P-706

নেওয়া গ্রামে বঙ্কিমচন্দ্রের মূর্তি স্থাপন

— শ্রী প্রবোধ চন্দ্র সিনহা, P-384

নোয়াই ও সুধি নদী সংস্কার

— শ্রী সরল দেব, PP-767-768

নৈহাটী স্টেট জেনারেল হাসপাতালের অ্যাপ্রোচ রোড

— শ্রী অজিত বসু, PP-482-483

পশুখাদ্য উৎপাদনকারী ফার্মের কর্মচারীদের নিজস্ব গরু

— শ্রী সত্যপদ ভট্টাচার্য, P-604

পরিবহন সংক্রান্ত মামলা

— শ্রী বিশ্বনাথ চৌধুরী, PP-871-872

পরিবার ও শিশু কল্যাণ প্রকল্পগুলিকে সরাসরি সমাজ কল্যাণ বিভাগের অধীনস্থকরণ

— শ্রী সুরেন্দ্রনাথ মাঝি, P-959

পঞ্চায়েতের অধীন কর আদায়কারীদের জলখাবার বাবদ অর্থ মঞ্জুর

— শ্রী শীশ মহম্মদ, P-923

পঞ্চায়েত কর্তৃক আদায়ীকৃত কর

— শ্রী অনিল মুখার্জী, P-728

পদ্মানদীর ভাঙনে ক্ষতিগ্রস্থ ও গৃহহারা পরিবারের সংখ্যা

— শ্রী হাবিবুর রহমান, PP-383-384

পাটিকাবাড়ী (নওদাথানা) মালদহ উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনের বাস চলাচলের প্রস্তাব

— শ্রী জয়ন্তকুমার বিশ্বাস, PP-927-928

পশ্চিমবঙ্গে অগ্নিকাণ্ডের ঘটনা

— শ্রী সুভাষ গোস্বামী, P-898

পশ্চিমবঙ্গ অ্যাগ্রো ইন্ডাস্ট্রিজের অধীনে বীজ উৎপাদনক্ষেত্র ও ইন্ডাস্ট্রি

— শ্রী নুরুল ইসলাম চৌধুরী, P-945

পশ্চিমবঙ্গে আলু উৎপাদন ও বিক্রয় ব্যবস্থা

— শ্রী তারকবন্ধু রায়, PP-876-877

পশ্চিমবঙ্গে ইংরাজী মিডিয়াম স্কুল

— শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ, P-779

পশ্চিমবঙ্গে গ্রন্থগারিক শিক্ষা শিক্ষণ কেন্দ্রের সংখ্যা

— শ্রী উমাপতি চক্রবর্ত্তী, P-610

পশ্চিমবঙ্গের সরকারী ও বেসরকারী কলেজে লেকচারার পদের যোগ্যতা

— ডাঃ হৈমী বসু, PP-918-919

পশ্চিমবঙ্গে চিলিং প্লান্টের সংখ্যা

— শ্রী সত্যপদ ভট্টাচার্য, P-605

পশ্চিমবঙ্গে গ্রামীণ, প্রাথমিক ও সহায়ক স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা

— শ্রী মাধবেন্দু মোহান্ত, P-487

পশ্চিমবঙ্গ রাজ্য লটারী

— শ্রী কাশীনাথ মিশ্র, PP-929-930

পুরুলিয়া জেলায় পাইকারী চাল বিক্রেতা

— শ্রী সুরেন্দ্রনাথ মাঝি, P-955

পুরুলিয়া শহরে রান্নার গ্যাস কারখানা স্থাপন

— শ্রী নটবর বাগদী এবং শ্রী গোবিন্দ বাউরী, P-702

পুরুলিয়া জেলায় টি বি হাসপাতাল নির্মানের পরিকল্পনা

— শ্রী সুরেন্দ্রনাথ মাঝি, P-504

পুলিশ সুপারিনটেনডেন্ট কর্তৃক নির্যাতিত

— ডাঃ মানস ভুঁইঞ্যা, PP-691-692

পুষ্করিণী সংস্কার

— শ্রী সুরেন্দ্রনাথ মাঝি, PP-958-959

পশ্চিম দিনাজপুর জেলার তপন থানায় পানীয় জল সরবরাহ প্রকল্প

— শ্রী বিশ্বনাথ চৌধুরী, PP-173-174

পশ্চিমবঙ্গে শিশু অপরাধীর সংখ্যা

— শ্রী অনিল মুখার্জী, PP-937-938

পুরুলিয়া জেলার লক্ষণপুরে তফশিলি জাতি ও আদিবাসী ছাত্রীদের ভরণপোষণ ভাতা

— শ্রী সুধাংশুশেখর মাঝি, P-502

পুরুলিয়া জেলায় রেজিস্ট্রিকৃত বেকার

— শ্রী সুধাংশু শেখর মাঝি, P-502

পশ্চিমদিনাজপুর জেলার সমবায় ব্যাঙ্ক কর্তৃক ঋণদান

— শ্রী দীপেন্দ্র বর্মণ, PP-910-911

পশ্চিমবঙ্গে পানচাষ

— শ্রী বিভূতিভূষণ দে, PP-872-873

পশ্চিমবঙ্গে মিনিকিট বিলি

— শ্রী অনিল মুখার্জী, P-880

পশ্চিমবঙ্গে হোমগার্ড

— শ্রী ব্রজগোপাল নিয়োগী, PP-901-902

পশ্চিমবঙ্গে ক্ষুদ্র সেচের আওতায় নতুন জমি

— শ্রী অনিল মুখার্জী, PP-152-153

পশ্চিমদিনাজপুরের স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার নিয়োগ

— শ্রী বিশ্বনাথ চৌধুরী, P-789

পশ্চিমবঙ্গে চালু ও অকেজো গভীর নলকূপ

— শ্রী মাধবেন্দু মোহান্ত, P-877

পশ্চিমবঙ্গে দুঃস্থ শিল্পীদের সাহায্যদান

— শ্রী প্রবোধচন্দ্র সিংহ, P-765

পশ্চিমবঙ্গে চৌকিদারের শূণ্যপদ

— শ্রী প্রবোধচন্দ্র সিংহ, P-765

পশ্চিমবাংলার কলেজের পোস্ট-গ্র্যাজুয়েট বিভাগ খোলার অনুমোদন

— শ্রী বামাপদ মুখোপাধ্যায়, P-742

পঞ্চায়েত সমূহের অডিট রিপোর্ট

— শ্রী দেবপ্রসাদ সরকার, P-739

পঞ্চায়েতের মাধ্যমে বাজার কেন্দ্র স্থাপন

— **শ্রী অনিল মুখার্জী**, P-886

পাঁচকোলগুড়ি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রকে গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রে রূপান্তরকরণ

— **শ্রী যোগেন্দ্রনাথ সিংহরায়**, P-792

পানচাষ গবেষণা

— **শ্রী দীনবন্ধু মণ্ডল**, P-913

পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে ডাক্তার নিয়োগ

— **ডাঃ মানস ভুঁইঞ্যা**, P-773

পানিহাটি মহাবিদ্যালয়ে ডিগ্রী কোর্স অনুমোদন

— **শ্রী গোপাল কৃষ্ণ ভট্টাচার্য**, P-25

পানিপারুল কুলটিক্রী বৈদ্যুতিক লাইন মেরামত

— **শ্রী প্রবোধ চন্দ্র সিনহা**, P-461

প্রাথমিক স্কুলের ছাত্রছাত্রীদের জন্য রাজ্য ক্রীড়া অনুষ্ঠানের খরচ

— **ডাঃ মানস ভুঁইঞ্যা**, P-777

প্রেসিডেন্সী জেলে দড়ি হাজতে বন্দী রাখার ব্যবস্থা

— **শ্রী শীশ মহম্মদ**, P-953

পুরসভাগুলিকে বিভিন্ন উন্নয়নমূলক কাজের জন্য প্রদত্ত অর্থ অন্য খাতে খরচ

— **শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস**, P-878

পুরুলিয়া জেলায় ডাক্তারবিহীন উপ-স্বাস্থ্যকেন্দ্র

— **শ্রী সুরেন্দ্রনাথ মাঝি**, PP-791

পুরুলিয়া জেলায় নিউজপ্রিন্ট কারখানার পরিকল্পনা

— **শ্রী সুধাংশুশেখর মাঝি**, PP-917-918

পুরুলিয়া জেলায় তফসিলি জাতি ও আদিবাসী ছাত্র ছাত্রীদের ছাত্রাবাসের ব্যয়

— **শ্রী সুধাংশু শেখর মাঝি**, P-502

পুরুলিয়া জেলায় জে এস এস ও এস এস এর শূন্যপদ

— **শ্রী সুরেন্দ্রনাথ মাঝি**, P-480

পুরুলিয়া জেলায় রক ফসফেটের সন্ধান

— শ্রী সুধাংশুশেখর মাঝি, P-737

পুরুলিয়া জেলার মধুকুন্ডায় সিমেন্ট কারখানা

— শ্রী বামাপদ মুখোপাধ্যায়, PP-750-751

পুরুলিয়া জেলায় হিমঘর নির্মাণ

— শ্রী সুরেন্দ্রনাথ মাঝি, P-175

পূর্ত কনস্ট্রাকশন বোর্ডের নির্বাহী বাস্তুকারের কলিকাতায় যাতায়াত

— শ্রী সুধাংশুশেখর মাঝি, P-788

প্রতিগ্রাম পঞ্চায়েত ভিত্তিতে হোমিওপ্যাথিক চিকিৎসক নিয়োগ

— শ্রী বিভূতিভূষণ দে, P-744

৬৭ রিভিউ কমিটির রিপোর্ট ও হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনের কর্মচারীগণ

— শ্রী অশোক ঘোষ, P-893

প্রেমচাঁদ জুটমিলে লক আউট

— শ্রী রবীন্দ্র ঘোষ, P-754

পোলিও রোগ প্রতিরোধ ব্যবস্থা

— শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস, P-747

পিছাবনী হইতে দেপাল রাস্তা নির্মাণকরণ

— শ্রী অবন্তী মিশ্র, P-932

পি জি বিটি কলেজ

— শ্রী ষোষীলাল মণ্ডল, P-191

পুরুলিয়া জেলায় কুটির ও ক্ষুদ্র শিল্প

— শ্রী সুধাংশু শেখর মাঝি, PP-374-380

পুরুলিয়া সদর হাসপাতাল

— শ্রী নটবর বাগদী, P-497

পুরুলিয়া মিউনিসিপ্যালিটির কর্মীদের অ-নিয়মিত বেতন প্রদান

— ডাঃ সুকুমার রায়, P-382

পুরুলিয়া জেলায় রামচন্দ্রপুর নেতাজী হাসপাতাল

— শ্রী নটবর বাগদী, P-380

ফল গাছের চারা বিতরণ

— শ্রী নীরোদ রায়চৌধুরী, P-596

ফলতায় এক্সপোর্ট প্রসেসিং জোন

— শ্রী অমলেন্দ্র রায়, P-907

ফরাক্কা ব্লকের অর্জুনপুরে নলবাহী পাণীয় জল সরবরাহ

— শ্রী আবুল হাসনাত খান এবং শ্রী বীরেন্দ্রনারায়ণ রায়, P-923

ফরাক্কা থেকে জঙ্গীপুর ও বহরমপুর পর্যন্ত বাস চলাচলের সংখ্যা

— শ্রী শীশ মহম্মদ, PP-161-162

ফরাক্কায় ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ সেন্টার

— শ্রী আবুল হাসনাৎ খান, P-894

ফিস ও সীড ফার্মে

— শ্রী দীপেন্দ্র বর্মণ, PP-911-913

বনগাঁ মিউনিসিপ্যালিটিতে জল নিকাশের পরিকল্পনা

— শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ, P-373

বনগাঁ পৌরসভায় কর্মী নিয়োগ

— শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ, P-380

বনরক্ষী কর্মচারীদের জন্য সুযোগসুবিধা

— শ্রী সত্যপদ ভট্টাচার্য, P-735

বনগ্রাম বিধানসভা কেন্দ্রে ডি আর ডি এ স্পেশাল কমপোনেন্ট এর জন্য দরখাস্ত

— শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ, PP-922-923

বনসৃজন বনসংরক্ষণ ও অভয়ারণ্য নির্মাণ

— শ্রী কাশীনাথ মিশ্র, PP-586-587

বনগাঁ দীনবন্ধু মহাবিদ্যালয়ের অধ্যক্ষের অনুপস্থিতি

— শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ, P-600

বনগাঁয় পানীয় জলের টিউবওয়েল

— শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ, PP-153-155

বড়জোড়া থানার ইন্ডাস্ট্রিয়াল কমপ্লেক্স

— শ্রী লালবিহারী ভট্টাচার্য, PP-897-898

বয়স্ক শিক্ষা প্রকল্পে নিযুক্ত সুপারভাইজার

— শ্রী সুভাষ গোস্বামী, P-25

বড়গাছিয়া-আমতা-চাঁপাতলা রেলপথের জন্য জমি অধিগ্রহণ

— শ্রী জয়কেশ মুখার্জী, P-742

বয়স্ক শিক্ষাকেন্দ্র

— শ্রী প্রবোধচন্দ্র সিংহ, PP-765-766

বলাগড়ে সমবায় হিমঘর

— শ্রী শিবপ্রসাদ মালিক, PP-460-461

বন্যা ও ভাঙ্গনের ফলে মুর্শিদাবাদ জেলার বিপন্ন গ্রাম

— শ্রী অমলেন্দ্র রায়, PP-585-586

বন্যান্তরে বাঁচিয়ে বরঞ্চা গ্রামীণ হাসপাতালে গৃহ নির্মাণ

— শ্রী অমলেন্দ্র রায়, PP-777-778

বসিরহাট মহকুমা আদালতে বিচারাধীন মামলা

— শ্রী গণেশচন্দ্র মণ্ডল, P-189

বসিরহাট ন্যাজাট বাসরুটের রাস্তার সংস্কার

— শ্রী কুমুদরঞ্জন বিশ্বাস, P-484

বহুমালিকানাধীন পুষ্করিণী ও জলাশয়

— শ্রী বিভূতিভূষণ দে, P-494

বন্দুকের লাইসেন্সের জন্য আবেদনপত্র

— শ্রী শান্তিরাম মাহাতো এবং শ্রী কাশীনাথ মিশ্র, P-698

বঙ্গোদয় কটন মিল

— শ্রী গোপাল কৃষ্ণ ভট্টাচার্য, P-488

বর্ধমান জেলায় অনুমোদন প্রাপ্ত পশুচিকিৎসালয়

— শ্রী ধীরেন্দ্রনাথ চ্যাটার্জী, PP-16-17

বর্ধমান জেলার রায়না দাখিন্যা রাস্তা

— শ্রী ধীরেন্দ্রনাথ চ্যাটার্জী, PP-479-480

বর্ধমান জেলায় এনকেফেলাইটিস রোগ

— শ্রী বামাপদ মুখার্জী, P-372

বর্গা আইন সংশোধন

— শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস, P-583

বাঁকুড়া শহরে রবীন্দ্রভবনের দুরবস্থা

— শ্রী শান্তিরাম মাহাতো ও শ্রী কাশীনাথ মিশ্র, P-734

বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় তালগাছরোপন

— শ্রী সুভাষ গোস্বামী, P-728

বাঁকুড়া জেলা হইতে তৈলবীজ চালান

— শ্রী উপেন কিস্কু, P-602

বাঁকুড়া জেলায় তাঁমুলি পুকুর সংস্কার

— শ্রী কাশীনাথ মিশ্র, P-768

বাঁকুড়া জেলার বনজসম্পদ থেকে সংগৃহীত রাজস্ব

— শ্রী উপেন কিস্কু, P-736

বাঁকুড়ার স্টেডিয়াম

— শ্রী শান্তিরাম মাহাতো এবং কাশীনাথ মিশ্র, PP-781-782

বাঁকুড়া জেলার ছাতনায় গ্রামসেবক প্রশিক্ষণ কেন্দ্র

— শ্রী সুভাষ গোস্বামী, P-874

বাঁকুড়া জেলা পরিষদের অধীনে রাস্তা

— শ্রী লালবিহারী ভট্টাচার্য, P-892

বাঁকুড়া জেলায় ক্ষুদ্রশিল্প স্থাপন

— শ্রী সুভাষ গোস্বামী, P-898

বাঁকুড়া ও পুরুলিয়া ল্যাম্পসের মাধ্যমে আদিবাসী উন্নয়ন পরিকল্পনা

— শ্রী সুভাষ চন্দ্র মাহাতো এবং শ্রী কাশীনাথ মিশ্র, PP-381-382

বাঁকুড়া জেলায় রানীবাঁধ থানায় তালবেড়া জোড়বাঁধ প্রকল্প

— শ্রী রামপদ মাণ্ডি, PP-150-151

বাঁকুড়া জেলায় নেহেরু যুব কেন্দ্র

— শ্রী কাশীনাথ মিশ্র, PP-11-13

বাঁকুড়া সিমলাপাল রাস্তার উপর তালডাংরায় নিকট জয়পণ্ডা নদীতে সেতু নির্মাণ

— শ্রী মোহিনীমোহন পণ্ডা, P-484

বাঁকুড়া জেলায় আপার দ্বারকেশ্বর প্রকল্প

— শ্রী সুভাষ গোস্বামী, P-585

বাঁকুড়া জেলার রাইপুর ১নং এবং ২নং ব্লকে ধান, গম, আলু এবং তৈলবীজের উৎপাদন

— শ্রী উপেন কিস্কু, PP-170-171

বাঁকুড়া জেলায় খুচরা কয়লার বিক্রয়মূল্য

— শ্রী শান্তিরাম মাহাতো এবং শ্রী কাশীনাথ মিশ্র, PP-499-500

বাঁকুড়া জেলায় বানজোড়া গ্রাম পঞ্চায়েত এলাকায় উপ স্বাস্থ্যকেন্দ্র স্থাপন

— শ্রী নবনী বাউরী, P-495

বাঁকুড়া জেলায় বিষ্ণুপুর ও খাতড়াতে অগ্নিনির্বাপন কেন্দ্র স্থাপন

— শ্রী সুভাষ মাহাতো ও শ্রী কাশীনাথ মিশ্র, PP-169-170

বাঁকুড়া জেলা হোলসেল ক্রেতা সমবায় বিপণি

— শ্রী কাশীনাথ মিশ্র, P-930

বাঁকুড়া ১নং ও ২নং ব্লকে বার্ধক্য ও বিধবা ভাতা

— শ্রী সুভাষ মাহাতো ও শ্রী কাশীনাথ মিশ্র, PP-942-943

বাঁকুড়া পুলিশ কোয়ার্টাস নির্মাণ

— শ্রী কাশীনাথ মিশ্র, P-931

বাঁকুড়া জেলার রাইপুর থানার অর্ন্তগত মৌজাগুলিতে নলবাহিত পানীয় জল সরবরাহ পরিকল্পনা

— শ্রী উপেন কিস্কু, P-909

বাঁকুড়ার ঝিলিমিলি এলাকা হইতে অভ্র পাচার

— শ্রী রামপদ মাণ্ডি, P-955

বাঁকুড়া জেলার কোতুলপুর গ্রাম পঞ্চায়েত প্রধানের বিরুদ্ধে অভিযোগ

— শ্রী গুণধর চৌধুরী, P-952

বাঁকুড়া জেলার রাণীবাঁধ ও রাইপুর থানাকে শস্যবীমার আওতাভুক্তিকরণ

— শ্রী রামপদ মাণ্ডি, PP-954-955

বাঁকুড়া মেডিকেল হাসপাতালে রোগী ও মাথাপিছু খরচ

— শ্রী অনাদি মোল্লা, P-504

বাঁকুড়া জেলার মেজিয়ার নতুন রেললাইন স্থাপন

— শ্রী উপেন কিস্কু, P-601

বারাসাত হাসপাতালের ই সি জি মেসিন

— শ্রী সরল দেব, P-496

বারাসাত ১নং ব্লকের অধীনে বাজিতপুর, বাবপুর ও মোচপুলে অগভীর নলকূপ স্থাপনের পরিকল্পনা

— শ্রী সরল দেব, PP-931-932

বারাসাত চাঁপাডালির মোড়স্থ বাসটার্মিনাস মেরামত ও শেড নির্মাণের পরিকল্পনা

— শ্রী সরল দেব, P-170

বারাসাতে নতুন পার্ক প্রকল্প

— শ্রী সরল দেব, P-885

বাঁটপোর ভুরসীট হতে খুশীগঞ্জ পর্যন্ত ভূমি অধিগ্রহণ

— শ্রী শান্তিমোহন রায়, P-956

বাসযাত্রীর অর্থ ছিনতাই

— শ্রী আতাহার রহমান, শ্রী হাজারী বিশ্বাস, শ্রী বীরেন্দ্র নারায়ণ রায় ও শ্রী দীনবন্ধু মাঝি, PP-952-953

বাসন্তী কটনমিলের লক-আউট

— শ্রী গোপাল কৃষ্ণ ভট্টাচার্য, P-751

বাসন্তিয়া হাসপাতাল নির্মাণ

— শ্রী শিশির অধিকারী, P-769

ব্যারাকপুর মহকুমায় দেওয়ানী আদালত

— **শ্রী যামিনীভূষণ সাহা**, P-479

ব্যারাকপুর লাটবাগানে দেওয়ানী ও ফৌজদারী আদালতগৃহ

— **শ্রী যামিনীভূষণ সাহা**, PP-700-701

বার্ণপুর ইণ্ডিয়ান আয়রণ এ্যাণ্ড স্টীল কোম্পানী কর্তৃক জমি অধিগ্রহণ

— **শ্রী বামাপদ মুখার্জী**, P-595

ব্যাঙ্ক স্থাপনের জন্য গ্রোথ সেন্টার

— **শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস**, PP-369-370

ব্যাঙ্কের নূতন শাখা

— **শ্রী অমলেন্দ্র রায়**, PP-763-764

বাংলা ছবির দেশী ও বিদেশী পুরস্কার লাভ

— **শ্রী কাশীনাথ মিশ্র**, PP-599-600

বাজিত গ্রাম পঞ্চায়েতভুক্ত এলাকায় নিবন্ধীকৃত সমবায় সমিতি

— **শ্রী শীশ মহম্মদ**, P-477

বাজিতপুর ব্রিজ নির্মাণ

— **শ্রী সরল দেব**, P-880

বাণীপুরের জনতা কলেজ

— **শ্রী যোগীলাল মণ্ডল**, PP-738-739

বান্দোয়ানে আদিবাসীদের জন্য টি বি হাসপাতাল

— **শ্রী সুধাংশু শেখর মাঝি**, P-780

বারুইপুরে ও ব্যারাকপুরে যথাক্রমে ফৌজদারী ও দেওয়ানী আদালত স্থাপন

— **শ্রী আতাহার রহমান, বীরেন্দ্র নারায়ন রায়, দীনবন্ধু মাঝি ও গোপালকৃষ্ণ ভট্টাচার্য**, P-694

বিধবা ভাতা

— **শ্রী মাধবেন্দু মোহান্ত**, P-892

বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়

— **শ্রী প্রবোধচন্দ্র সিনহা**, P-22

বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ভবন

— শ্রী প্রশান্ত প্রধান, P-24

বিদ্যালয়ের অনুমোদন

— শ্রী সত্যপদ ভট্টাচার্য, P-735

বিভিন্ন কলেজে ভূগোলে অনার্স পাঠক্রম চালু

— শ্রী পুলিন বেরা, P-27

বিড়ি পাতা ও তামাকের উপর আবগারী শুল্ক

— শ্রী সাধন চট্টোপাধ্যায়, PP-735-736

বিড়ি অ্যান্ড সিগার অ্যাক্ট কার্যকর করার ব্যবস্থা

— শ্রী নবনী বাউরী, PP-768-769

বিড়ি শ্রমিক ওয়েলফেয়ার ফান্ড

— শ্রী নবনী বাউরী, PP-932-933

বিদ্যুৎ প্রকল্প

— শ্রী ব্রজগোপাল নিয়োগী, PP-182-183

বিদ্যুৎ পর্ষদে ওভারটাইম বাবদ খরচ

— শ্রী ব্রজগোপাল নিয়োগী, PP-695-697

বিজ্ঞান শাখা খোলার অনুমোদন প্রাপ্ত কলেজ

— শ্রী বিভূতিভূষণ দে, P-717

বিশ্ববিদ্যালয়ের মধ্যে সি আর পি এফ এর অবস্থান

— শ্রী অমলেন্দ্র রায়, P-726

বিষ্ণুপুর পারুলিয়া রাস্তা নির্মাণ

— শ্রী শশাংকশেখর মণ্ডল, P-746

বিশ্বব্যাঙ্কের উদ্যোগে ও আর এল ই জি পি স্কীমে মৎস্য প্রকল্প

— শ্রী কাশীনাথ মিশ্র, PP-752-753

বীজ ক্রয়ের জন্য সরকারের ব্যয়

— শ্রী সাধন চট্টোপাধ্যায়, PP-903-904

বীরসিংহ্ গ্রামে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর স্মৃতিরক্ষা

— **শ্রী গোপাল মণ্ডল**, P-23

বীরভূম জেলা পরিষদ কর্তৃক আর ই জি পি প্রকল্প চালুকরণ

— **ডাঃ মোতাহার হোসেন**, PP-724-725

বীরভূম জেলা পরিষদকে দেয় অর্থ

— **ডাঃ মোতাহার হোসেন**, PP-770-771

বীরভূম জেলায় রাস্তা নির্মাণ

— **শ্রী সুনীতি চট্টরাজ**, PP-176-177

বীরভূম জেলায় রাজগ্রাম ও পাইকর জলসরবরাহ প্রকল্প

— **ডাঃ মোতাহার হোসেন**, PP-168-169

বীরভূম জেলা পরিষদ কর্তৃক উন্নয়নমূলক কাজ

— **শ্রী সুনীতি চট্টরাজ** , P-585

বীরভূম জেলা সদর হাসপাতালে অপারেশন থিয়েটার

— **শ্রী সুনীতি চট্টরাজ** , PP-928-929

বীরভূম জেলা পুলিস কর্মী ইউনিয়ন

— **শ্রী সুনীতি চট্টরাজ** , P-929

বীরভূম জেলার পরিচালন সমিতি দ্বারা পরিচালিত মাধ্যমিক বিদ্যালয়

— **ডাঃ মোতাহার হোসেন** , PP-600-601

বেতাই ডাঃ বি আর আম্বেদকর কলেজে স্থায়ী অধ্যক্ষ

— **শ্রী মাধবেন্দু মোহান্ত** , PP-27-28

বেয়ারার বন্ড মারফত পশ্চিমবঙ্গ থেকে সংগৃহীত অর্থ

— **শ্রী সাধন চট্টোপাধ্যায়** , P-942

বেহালা উড্ডীয়ন শিক্ষাকেন্দ্র উন্নয়ন

— **শ্রী নিরঞ্জন মুখার্জী** , P-927

বেলডাঙ্গা সুগার মিল

— **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস** , PP-708-709

বেলডাঙ্গা ১নং পঞ্চায়েত সমিতি এলাকার বর্গা রেকর্ডের জন্য আবেদন

— **শ্রী নুরুল ইসলাম চৌধুরী**, P-178

বেলডাঙ্গা ১নং পঞ্চায়েত সমিতিকে এন আর ই পি বাবদ প্রদত্ত অর্থ ব্যয়

— **শ্রী নুরুল ইসলাম চৌধুরী**, PP-178-179

বেসরকারী কলেজের অধ্যাপকদের মাসের ১লা তারিখের বেতন প্রদান

— **শ্রী বিভূতিভূষণ দে**, PP-5-6

বেলডাঙ্গা চিনিকলের মূলধন

— **শ্রী অমলেন্দ্র রায়**, P-586

বেলডাঙ্গা কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটির লাভের পরিমাণ

— **শ্রী নুরুল ইসলাম চৌধুরী**, P-937

বেলডাঙ্গায় চিলিং প্ল্যান্ট ও চামড়ার গুদাম হইতে আবহাওয়া দূষণ

— **শ্রী নুরুল ইসলাম চৌধুরী**, PP-936-937

বোন মিলের দ্বারা পরিবেশ দূষণ

— **শ্রী রবীন্দ্র ঘোষ**, P-691

বৈধরা সেচ প্রকল্প

— **শ্রী সাত্বিক কুমার রায়**, PP-873-874

ভগবানপুর ১নং ও ২নং ব্লকে পানীয় জল সরবরাহ প্রকল্প

— **শ্রী প্রশান্ত প্রধান**, PP-174-175

ভগবানপুর-নন্দীগ্রাম মাস্টার প্ল্যান

— **শ্রী প্রশান্ত প্রধান**, PP-722-723

ভবতোষ দত্ত কমিশন-এর প্রতিবেদন

— **শ্রী দেবপ্রসাদ সরকার**, PP-1-3

ভাটিবাড়িতে রাজ্য পর্যায়ে হাসপাতাল স্থাপন

— **শ্রী যোগেন্দ্রনাথ সিংহরায়**, PP-791-792

ভি আই পি রোডে লরী চলাচলের নিষেধাজ্ঞা

— **শ্রী সরল দেব**, P-902

ভেটেরিনারী এইড সেন্টারকে ভেটেরীনারী ডিসপেনসারীতে রূপান্তরকরণ

— শ্রী সুভাষ গোস্বামী, P-191

মদ প্রস্তুতকারী সংস্থার কর ফাঁকি

— শ্রী যোগেন্দ্রনাথ সিংহরায়, P-743

মশক বিনাশের জন্য ব্যবস্থা

— শ্রী দীপেন্দ্র বর্মন, P-501

ময়নাগুড়িতে এগ্রিকালচারাল মার্কেটিং সোসাইটি

— শ্রী তারকবন্ধু রায়, P-476

মহকুমা মাধ্যমিক বিদ্যালয় পরিদর্শক অফিস

— শ্রী নিরোদ রায় চৌধুরী, P-945

মহকুমায় ক্রীড়া আধিকারিদের পদসৃষ্টি

— শ্রী রবীন্দ্র ঘোষ, P-743

মৎস্য বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যার শিক্ষাক্রম

— শ্রী কাশীনাথ মিশ্র, PP-487-488

মৎস্যজীবী সমবায় সমিতিকে মাছ ধরার উপকরণ ও অর্থসাহায্য

— শ্রী অবন্তী মিশ্র, PP-948-949

মঠের দীঘি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

— শ্রী সুভাষ নস্কর, P-495

মহিষাদলে বৈদ্যুতিক সাব ষ্টেশন

— শ্রী দীনবন্ধু মণ্ডল, P-478

মানবাজার সিন্দরী রাস্তায় দুয়ারসিনী ঘাটে সেতু নির্মাণ

— শ্রী সুধাংশু শেখর মাঝি, P-466

মানবাজারে থানা বিভাজন

— শ্রী সুধাংশু শেখর মাঝি, PP-703-704

মাধ্যমিক স্কুলে নতুনভাবে অডিট করার পরিকল্পনা

— শ্রী বিশ্বনাথ চৌধুরী, P-23

মাধ্যমিক স্কুলগুলিতে বিভিন্ন প্রকার ফিজের পরিমাণ

— **শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ**, P-905

মাধ্যমিক বিদ্যালয় কার্যকরী সমিতিতে পৌর প্রতিনিধি

— **শ্রী নীরোদ রায়চৌধুরী**, PP-23-24

ম্যালেরিয়া ও কালাজ্বরে আক্রান্ত ও মৃতের সংখ্যা

— **শ্রী বিশ্বনাথ চৌধুরী**, PP-503-504

মাদারীহাট ব্লকের টোটোপাড়ায় তফসিলী ও আদিবাসী ছাত্র-ছাত্রীদের জন্য হোস্টেল

— **শ্রী যোগেন্দ্রনাথ সিংহরায়**, P-781

মাথাভাঙ্গা কলেজের বিজ্ঞান এবং অনার্স পাঠক্রম চালু

— **শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া**, P-17

মেডিক্যাল কলেজ হাসপাতালের নার্সিং মেসের অডিট রিপোর্ট

— **শ্রী অরুন কুমার গোস্বামী**, PP-490-491

মেডিকেল কলেজে চেষ্ট ডিপার্টমেন্টে টি বি বেড

— **শ্রী অরুণকুমার গোস্বামী**, P-491

মেমারিতে অবস্থিত হিমঘর

— **শ্রী কাশীনাথ মিশ্র**, P-490

মেদিনীপুর জেলায় নন্দকুমার ও চণ্ডীপুরে নূতন পুলিস ষ্টেশন স্থাপন

— **শ্রী বঙ্কিমবিহারী মাইতি**, P-705

মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমার সুসংহত শিশু বিকাশ প্রকল্প

— **শ্রী অনন্ত সরেন**, P-611

মেদিনীপুর জেলার গেঁওখালি হইতে হলদিয়া জল সরবরাহ প্রকল্প

— **শ্রী বঙ্কিমবিহারী মাইতি**, PP-951-952

মেদিনীপুর জেলার দেপাল-ঝুঁকি রাস্তা নির্মাণ

— **শ্রী অবন্তী মিশ্র**, P-932

মেদিনীপুর জেলায় তফসিলি ও আদিবাসী ছাত্র-ছাত্রীদের হোস্টেল গ্রান্ট

— **শ্রী অনাদি মল্লা**, P-500

মেদিনীপুর হইতে মোহাড় পর্যন্ত বাসরুট মঞ্জুর

— ডাঃ মানস ভুঁইঞ্যা , P-884

মেদিনীপুর গ্রামাঞ্চলে নূতন ড্রেনেজ পরিকল্পনা

— শ্রী অনাদি মল্লা, P-783

মেদিনীপুর জেলার প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগ

— শ্রী বিভূতিভূষণ দে, P-744

মেদিনীপুর জেলায় আই আর ডি পি

— ডাঃ মানস ভুঁইঞ্যা , P-775

মেদিনীপুর জেলায় আর এল ই জি পি-তে বরাদ্দ

— ডাঃ মানস ভুঁইঞ্যা, P-774

মেদিনীপুর জেলার বিষ্ণুপুর-কাবডহরা জলাকে চাষের উপযোগী করণ

— ডাঃ মানস ভুঁইঞ্যা, P-885

মেদিনীপুর জেলার বিভিন্ন ব্লকে গভীর নলকূপ স্থাপন

— ডাঃ মানস ভুঁইঞ্যা , PP-883-884

মেদিনীপুর জেলার শালবনী ফডার ফার্মে ডিপটিউবওয়েলের সংখ্যা

— শ্রী সুন্দর হাজরা, P-381

মেদিনীপুর কর্মবিনিয়োগ কেন্দ্র সম্পর্কিত তথ্যাবলী

— ডাঃ মানস ভুঁইঞ্যা , PP-899-900

মূর্তি স্থাপন

— শ্রী প্রশান্ত প্রধান, P-483

মুর্শিদাবাদ জেলার রাস্তা নির্মাণ

— শ্রীমতী ছায়া ঘোষ, P-955

মুর্শিদাবাদ জেলায় গঙ্গার ভাঙ্গনের ফলে বাস্তুহারা পরিবারের সংখ্যা

— শ্রী আবুল হাসনাৎ খান, PP-168-169

মুর্শিদাবাদ জেলার আখেরীঘাটা মৌজায় সেরিকালচার ফার্ম

— শ্রীমতী ছায়া ঘোষ, P-741

মুর্শিদাবাদ জেলার মনিগ্রাম পঞ্চায়েতের প্রাক্তন প্রধানের বিরুদ্ধে অভিযোগ

— শ্রী হাবিবুর রহমান, PP-740-741

মুর্শিদাবাদ জেলায় ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং সেন্টার

— শ্রী নুরুল ইসলাম চৌধুরী, PP-733-734

মুর্শিদাবাদ জেলার হরিহরপাড়া পঞ্চায়েত সমিতির অফিস ভবন

— শ্রী শেখ ইমাজুদ্দিন, P-897

মুর্শিদাবাদ জেলার রানীনগর ২নং ব্লকের খাস জমি

— শ্রী আতাহার রহমান, P-894

মুর্শিদাবাদ জেলায় গঙ্গার ভাঙনের ফলে বাস্তুহারা পরিবারের সংখ্যা

— শ্রী আবুল হাসানাৎ খান, PP-168-169

মুর্শিদাবাদ জেলায় রেজিস্ট্রীভুক্ত বেকার

— শ্রী নুরুল ইসলাম চৌধুরী, PP-189-190

মুর্শিদাবাদ জেলার কাঁথিতে বিচারকের শূন্যপদ

— শ্রী বীরেন্দ্র নারায়ন রায়, শ্রী দীনবন্ধু মাঝি, শ্রী আতাহার রহমান, P-477

মুসলিম ম্যারেজ রেজিস্ট্রার

— শ্রী অনিল মুখার্জী, PP-697-698

যানবাহন দুর্ঘটনায় মৃত গোরু, মোষ বা ছাগলের মালিককে ক্ষতিপূরণ

— শ্রী সুভাষ গোস্বামী, P-953

যাত্রানুষ্ঠানের মাধ্যমে মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে সংগৃহীত অর্থ

— শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস, PP-683-384

রবীন্দ্র রচনাবলীর চতুর্থ খন্ড

— শ্রী সরল দেব, P-776

রঘুনাথপুর-ছাতনা অহল্যাবাঈ রাস্তা পাকাকরণ

— শ্রী সুরেন্দ্রনাথ মাঝি, PP-701-702

রঘুনাথপুর স্টেট জেনারেল হাসপাতালকে মহকুমা হাসপাতালে রূপান্তরকরণ

— শ্রী সুরেন্দ্রনাথ মাঝি, P-789

রামনগর ১ ও ২নং ব্লকে মৌজা বৈদ্যুতিকরণ

— শ্রী অবন্তি মিশ্র, P-183

রামপুরহাট মহকুমা হাসপাতালে শয্যাবৃদ্ধি

— ডাঃ মোতাহার হোসেন , P-770

রামপুরহাটে বিভিন্ন প্রকারের বিদ্যালয়

— শ্রী শশাঙ্কশেখর মণ্ডল, PP-745-746

রামপুরহাট-রাজগাঁ এবং মুরারই-রঘুনাথগঞ্জ রাস্তা সংস্কার

— ডাঃ মোতাহার হোসেন , PP-461-463

রামপুরহাটে বিদ্যুৎ সরবরাহ বিভ্রাট

— শ্রী শশাংক শেখর মণ্ডল, PP-463-464

রামকৃষ্ণ সেবাপ্রতিষ্ঠান মারফৎ ট্রেনিং প্রাপ্তা সেবিকা

— ডাঃ মানস ভুঁইঞা, P-496

রায়গঞ্জ-কলকাতা সড়কে সরকারী ও বেসরকারী বাসে ডাকাতি

— শ্রী সুরেশ সিংহ, P-703

রাজনৈতিক সংঘর্ষ

— শ্রী অনুপকুমার চন্দ্র, P-779

রানীগঞ্জ ও দুর্গাপুর অঞ্চলের রিফ্র্যাক্টরিজ ইউনিটে ক্লোজার নোটিশ

— শ্রী বামাপদ মুখার্জী, P-488

রাত্রিবেলায় দুর্গাপুর স্টেশন হইতে বাঁকুড়া স্টেশন পর্যন্ত সরকারী বাস চালাইবার পরিকল্পনা

— শ্রী সুখেন্দু খাঁ, P-170

রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের সংগৃহীত আমানত ও ঋণদান নীতি

— শ্রী বিভূতিভূষণ দে, P-929

রাজ্যের বিভিন্ন প্রকল্প রূপায়ণে সরকারী নির্দেশ

— ডাঃ মানস ভুঁইঞা , PP-773-774

রাজ্য খাদ্য কর্পোরেশন

— শ্রী অনিল মুখার্জী, P-886

রাজ্যের ওয়াগন শিল্প

— শ্রী বামাপদ মুখোপাধ্যায়, P-897

রাজ্যে নির্মীয়মাণ রেলপথের জন্য জমি

— শ্রী অমলেন্দ্র রায়, P-773

রাজ্যে দেশী মদের চাহিদা ও যোগান

— শ্রী মনোহর তিরকী, PP-786-787

রাজ্য সরকারের নিজস্ব ব্যাঙ্ক

— শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস, P-706

রাজ্য সরকারী কর্মচারীর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ

— শ্রী প্রবোধ চন্দ্র সিন্‌হা, PP-611-612

রাজ্য সমবায় সমিতি কর্মচারীদের জন্য গঠিত পে-কমিটি

— শ্রী সুনীতি চট্টরাজ ও শিবপ্রসাদ মালিক, PP-689-691

রাজ্য বিদ্যুৎ পর্ষদের গ্যাস টারবাইনের অডিট রিপোর্ট

— শ্রী অশোক ঘোষ, PP-476-477

রাজ্যে নতুন রিজিওন্যাল ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন

— শ্রী লক্ষ্মণ চন্দ্র শেঠ, PP-380-381

রেলপথ স্থাপনের জন্য জমি অধিগ্রহণ

— শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস, P-591

রেশম সূতা উৎপাদনের ক্ষেত্রে অনুদান প্রদান

— শ্রী দেবপ্রসাদ সরকার, PP-75-77

রেশম সূতা উৎপাদনের ক্ষেত্রে অনুদান প্রদান

— শ্রী দেবপ্রসাদ সরকার, PP-923-924

রেশমগুটি চাষ

— শ্রী মাধবেন্দু মোহান্ত, PP-946-947

রেজিস্ট্রিকৃত বিড়ি শ্রমিক

— শ্রী নবনী বাউরী, P-902

রেজিষ্ট্রিকৃত ক্ষুদ্র শিল্প

— শ্রী অনিল মুখার্জী, P-887

রেজিষ্ট্রিকৃত সমবায় সমিতি

— শ্রীমতী ছায়া ঘোষ, PP-680-682

রুগ্ন শিল্প জাতীয়করণ

— শ্রী অমলেন্দ্র রায়, P-720

লবণ কারখানা

— শ্রী প্রশান্ত প্রধান, PP-953-954

লাইসেন্স-বিহীন হাস্কিং মিল

— শ্রী শ্রীধর মালিক, P-494

লালদিঘীতে সরকারী আবাসন

— শ্রীমতী ছায়া ঘোষ, P-481

ল্যাম্পসের সংখ্যা

— শ্রী অনন্ত সরেণ, PP-605-606

ল্যাম্পসগুলিতে বনজ সম্পদ ব্যবসায়ের নিমিত্ত বিনিয়োগ

— শ্রী উপেন কিস্কু, PP-489-490

লেভী চাল সংগ্রহের পরিমাণ

— শ্রী সুখেন্দু খাঁন, PP-602-603

লোকনাথপুর উচ্চবিদ্যালয়ে ছাত্রাবাসের জন্য অর্থ মঞ্জুর

— শ্রী যোগেন্দ্রনাথ সিংহরায়, P-498

শালবনী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

— শ্রী সুন্দর হাজরা, P-960

শালবনী ব্লকে সাব-ষ্টেশনের কাজ

— শ্রী সুন্দর হাজরা, P-481

শালতোড়া থানায় বেলেবাইদ গ্রামে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্থ পরিবার

— শ্রী সুভাষ গোস্বামী, P-875

শিল্প সংস্থায় বে-আইনী বিদ্যুৎ ব্যবহার

— শ্রী দেবপ্রসাদ সরকার, P-480

শিল্প অধিগ্রহণের শর্ত

— শ্রী বিভূতিভূষণ দে, PP-716-717

শিশু নিখোঁজ

— শ্রী সুব্রত মুখার্জী, PP-687-688

শিল্পাঞ্চলে দুর্ঘটনা নিবারণে ব্যবস্থাগ্রহণ

— শ্রী বামাপদ মুখোপাধ্যায়, PP-699-700

শুশুনিয়া ও ঝিলিমিলি এলাকায় ট্যুরিস্ট লজ স্থাপন

— শ্রী কাশীনাথ মিশ্র, P-592

শ্রমিক কল্যান কেন্দ্র

— শ্রী গোপালকৃষ্ণ ভট্টাচার্য, PP-372-373

শ্রমিক কল্যাণ পর্যদে জমা টাকার পরিমাণ

— শ্রী মনোহর তিরকী, PP-785-786

সরকার পরিচালিত আবাসিক হোটেল

— শ্রী প্রশান্ত প্রধান, P-954

সরকারপুল মানসিক হাসপাতাল

— শ্রী নিরঞ্জন মুখার্জী, P-497

সরকারী বাস্তুকার (কৃষিসেচ)-এর অফিস হুগলী জেলার চাঁপাডাঙ্গায় খোলার প্রস্তাব

— শ্রী আব্দুল মান্নান, P-920

স্বরূপনগর ব্লকে অগভীর নলকূপ ও বাড়িতে বিদ্যুৎ সংযোগের জন্য আবেদনপত্র

— শ্রী আনিসুর রহমান বিশ্বাস, P-177

সরকারের নিকট ক্ষুদ্র ও কুটিরশিল্প জাত সামগ্রী বিক্রয়

— শ্রী বিভূতিভূষণ দে, P-906

সন্দেশখালির কালীনগরে মহাবিদ্যালয় স্থাপন

— শ্রী কুমুদরঞ্জন বিশ্বাস, P-27

সবং মোহাড়রাস্তা পাকা করার পরিকল্পনা

— **ডাঃ মানস ভূঁইঞ্যা** , P-775

সবং ব্লকে বন্যায় ক্ষতিগ্রস্থ বাড়ি

— **ডাঃ মানস ভূঁইঞ্যা**, PP-888-889

সবং থানা অঞ্চলে আই আর ডি পি মঞ্জুরীতে বিলম্ব

— **ডাঃ মানস ভূঁইঞ্যা** , P-884

সবং ব্লকে মোহাড় উপস্বাস্থ্যকেন্দ্রের দেওয়ালে ভাঙ্গন

— **ডাঃ মানস ভূঁইঞ্যা**, P-495

সবং থানায় অসামাজিক কার্যকলাপ

— **ডাঃ মানস ভূঁইঞ্যা**, PP-934-935

সবং প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে অ্যাম্বুলেন্স

— **ডাঃ মানস ভূঁইঞ্যা**, P-934

সংগঠিত প্রাথমিক বিদ্যালয়

— **শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস**, PP-3-4

সংগঠিত বিদ্যালয়

— **শ্রী শিবপ্রসাদ মালিক**, P-756

স্বরূপনগর ব্লকের বিথারী অঞ্চলে আর এল আই মঞ্জুর

— **শ্রী আনিসুর রহমান বিশ্বাস**, PP-584-585

স্বরূপনগর ব্লকের বিলবল্লীতে ফসল নষ্ট

— **শ্রী আনিসুর রহমান বিশ্বাস**, P-176

স্বল্প সঞ্চয় প্রকল্প

— **শ্রী বিশ্বনাথ চৌধুরী**, PP-746-747

স্ব-নিযুক্তি কর্ম-প্রকল্প

— **শ্রী ধীরেন্দ্রনাথ সরকার**, P-738

সাগরদিঘী ও তৎসংলগ্ন এলাকায় নলবাহিত জলসরবরাহ প্রকল্প

— **শ্রী হাজারী বিশ্বাস**, PP-959-960

সামাজিক বনসৃজন কর্মচারী

— শ্রী বামাপদ মুখোপাধ্যায়, PP-748-750

সাংবাদিক ও ফটোগ্রাফারদের পরিচয়পত্র

— শ্রী শীশ মহম্মদ, P-741

সাঁইথিয়া-কান্দি-বহরমপুর ও বাবুলবোনা রোড পঞ্চাননতলা রাস্তা

— শ্রী অমলেন্দ্র রায়, PP-466-467

সারের নমুনা পরীক্ষা

— শ্রী নীরোদ রায়চৌধুরী, PP-163-164

সিউড়ী জেলে তদারকি কমিটি গঠন

— শ্রী সাত্ত্বিককুমার রায়, P-877

সিনেমা কর্মচারীদের পে স্কেল

— শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায়, P-490

সিড কন্ডিশনিং এবং টেস্টিং হাউসের সুপারিনটেণ্ডেন্ট পদ পূরণ

— শ্রী দেবপ্রসাদ সরকার, P-924

সিমেন্টের দফাওয়ারী দরবৃদ্ধি

— শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস, P-487

সিঙ্গুর হরিপাল রুর‍্যাল ইলেকট্রিক কো-অপারেটিভ সোসাইটির সাধারণ সভা

— শ্রী শিবপ্রসাদ মালিক, P-900

সুতাহাটি ১নং ও ২নং ব্লকে আই সি সি এস চালুকরণ

— শ্রী লক্ষ্মণ চন্দ্র শেঠ, PP-872

সুতি ব্লকে ব্যক্তিগত রেশন কার্ড বিলি

— শ্রী শীশ মহম্মদ, P-787

সুতি থানা এলাকায় মদ ও তাড়ির দোকান

— শ্রী শীশ মহম্মদ, PP-784-785

সুতি ২নং ব্লকে চাষযোগ্য জমির পাট্টা বন্টন

— শ্রী শীশ মহম্মদ, PP-177-178

সুপার ফসফেটের পরিবর্তে রক-ফসফেটের ব্যবহার

— শ্রী নীরোদ রায়চৌধুরী, PP-879-880

সুসংহত শিশু বিকাশ প্রকল্প

— শ্রী গণেশচন্দ্র মণ্ডল, PP-914-917

সুবর্ণরেখা নদী বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প

— শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা, P-764

সুন্দরপুর ও কুর্মি স্বাস্থ্যকেন্দ্র চালুকরণ

— শ্রী অমলেন্দ্র রায়, P-747

সুন্দরবন অঞ্চলে রবিশস্যের চাষ

— শ্রী নীরোদ রায়চৌধুরী, P-879

সুন্দরবনে রয়েল বেঙ্গল টাইগার

— শ্রী শেখ ইমাজুদ্দিন, P-897

সুন্দরবন এলাকায় চিতাবাঘ হত্যা

— শ্রী উপেন কিস্কু, PP-908-909

সুন্দরবন অঞ্চলে জেটি নির্মাণ

— শ্রী গোপালকৃষ্ণ ভট্টাচার্য, P-926

সুন্দরবন এলাকায় যন্ত্রচালিত দেশী নৌকা

— শ্রী গণেশচন্দ্র মণ্ডল, P-914

সুন্দরবন উন্নয়ন পর্যদে বয়স্ক শিক্ষা ব্যবস্থা

— শ্রী সুভাষ নস্কর, PP-725-726

সেচ সেচিত কৃষি জমির পরিমাণ

— শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস, PP-583-584

সোনামুখীতে গ্রামীণ হাসপাতাল নির্মাণের পরিকল্পনা

— শ্রী সুখেন্দু খাঁ, P-496

হলদিয়ায় ইলেকট্রনিক ইন্ডাস্ট্রিয়াল কমপ্লেক্স স্থাপন

— শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ, P-716

হলদিয়ায় সরকারী কলেজ নির্মাণ

— শ্রী লক্ষ্মণ চন্দ্র শেঠ, PP-20-21

হলদিয়ায় জাহাজ মেরামত কারখানা

— শ্রী সরল দেব, P-772

হলদিয়াতে শিল্প সংস্থা স্থাপন

— শ্রী লক্ষ্মণ চন্দ্র শেঠ, PP-757-759

হলদিয়া পেট্রোকেমিক্যালসের জন্য লাইসেন্স

— শ্রী সরল দেব, P-766

হরিণঘাটার সরকারী ফার্মে গবাদি পশুর সংখ্যা

— শ্রী সরল দেব, P-374

হরিণঘাটা ব্লক উন্নয়ন অফিস নির্মাণ

— শ্রী ননীগোপাল মালাকার, P-737

হাওড়া জেলার উলুঘাটায় স্লুইসের উপর রাস্তার কাজ

— শ্রী রবীন্দ্র ঘোষ, PP-713-714

হাওড়া জেলার আমড়দহ উপ-স্বাস্থ্যকেন্দ্র

— শ্রী গৌরহরি আদক, P-931

হাওড়ার ঘুসুড়ীতে বিড়লা ইন্ডিয়ান লিনোলিয়াম কোম্পানী

— শ্রী কামাখ্যা চরণ ঘোষ, PP-498-499

হাওড়া জেলায় আন্তর্জাতিক স্বাক্ষরতা দিবস উৎযাপন উপলক্ষে যোগদানকারী প্রশিক্ষক

— শ্রী গৌরহরি আদক, PP-21-22

হাওড়া জেলার কড়িয়া-নারিট রাস্তা

— শ্রী নিতাই চরণ আদক, P-483

হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনের কর্মচারীদের পি.এফ. কো-অপারেটিভ ও জীবনবীমা

— শ্রী অশোক ঘোষ, PP-893-894

হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনে সরকার কর্তৃক অর্থপ্রদান

— শ্রী অশোক ঘোষ, P-876

হাওড়া মাছের বাজার সংলগ্ন 'সুপার মার্কেট'

— শ্রী অশোক ঘোষ, P-875

হাওড়া দীঘা রেলবাস

— শ্রী উপেন কিস্কু, P-882

হাওড়া জেলার চেঙ্গাইল ইন্ডাস্ট্রিয়াল কমপ্লেক্স

— শ্রী রাজকুমার মন্ডল, PP-734-735

হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্র অ্যাম্বুলেন্সের সংখ্যা

— ডাঃ মোতাহার হোসেন, P-492

হাজারদুয়ারীর তৈলচিত্র/পাণ্ডুলিপি সংরক্ষণ

— শ্রী আবুল হাসনাৎ খান, PP-470-471

হিজলী-দীঘা কাঁথি বিদ্যুৎ লাইনের তার চুরি

— শ্রী শিশির অধিকারী, PP-684-685

হিন্দু বিবাহ নিবন্ধিকরণ

— শ্রী অনিল মুখার্জী, PP-478-479

হিন্দি ভাষার মাধ্যমে উচ্চশিক্ষা গ্রহণ

— শ্রী মনোহর তিরকী, P-900

হুগলী জেলার প্রভাসনগরে বোমাবাজির ঘটনায় নিহত জনৈক ব্যক্তি

— শ্রী অরুণ কুমার গোস্বামী, P-686

হুগলী জেলার দ্বারকেশ্বর নদীর ডানদিকের বাঁধ সংস্কার

— শ্রী শিবপ্রসাদ মালিক, P-588

হুগলী জেলার মলয়পুর হইতে বর্ধমান জেলার গোভান পর্যন্ত রাস্তা পাকাকরণ

— শ্রী শান্তি মোহন রায়, P-956

হুগলী নদীতে ফেরীসার্ভিসের আয় ব্যয়

— শ্রী শিবপ্রসাদ মালিক, P-951

হুগলী জেলার খানাকুলে অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনীয়ার (এগ্রি মেক) এর অফিস করার প্রস্তাব

— শ্রী আব্দুল মান্নান, PP-919-920

হুগলী জেলায় রেগুলেটেড মার্কেট

— শ্রী ব্রজগোপাল নিয়োগী, P-882

হুগলী জেলার বাসরুট মঞ্জুর

— শ্রী ব্রজগোপাল নিয়োগী, P-881

হুগলী জেলে বেসরকারী পরিদর্শক টিম

— শ্রী ব্রজগোপাল নিয়োগী, PP-882-883

হুগলী জেলায় মহকুমা ও গ্রামীণ হাসপাতলে বিশেষজ্ঞ ও সাধারণ চিকিৎসকের শূন্যপদ

— শ্রী ব্রজগোপাল নিয়োগী, PP-769-770

ক্ষুদ্রসেচ দপ্তর কর্তৃক কেন্দ্রীয় সরকারের নিকট হইতে প্রাপ্ত অর্থের পরিমাণ

— ডাঃ মানস ভুঁইঞ্যা, PP-164-166

ক্ষুদ্রশিল্প সমূহে বিদ্যুৎ সংযোগে অগ্রাধিকার

— শ্রী অবনীভূষণ সৎপথি, P-906

ক্ষুদ্র ইঞ্জিনীয়ারিং শিল্পসমূহে লৌহ ও ইস্পাতের প্রয়োজন

— শ্রী বামাপদ মুখোপাধ্যায়, PP-747-748

ক্ষুদ্র ও কুটির শিল্পে কাঁচা মাল সরবরাহ

— শ্রী সরল দেব, P-771

ক্ষেত মজুরদের নিম্নতম মজুরী

— শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া, P-501

২৪-পরগনা জেলার ডি আর ডি এর অনুদান

— শ্রী গনেশচন্দ্র মন্ডল, PP-736-737

২৪-পরগনা জেলায় প্রাথমিক শিক্ষক নিয়োগ

— শ্রী সরল দেব, P-752

২৪-পরগনা নবপল্লী ও নপাড়া অঞ্চলকে পৃথক মিউনিসিপ্যালিটিতে পরিণত করার পরিকল্পনা

— শ্রী সরল দেব, PP-889-890

২৪-পরগনার মধ্যমগ্রাম, বসুনগর এবং গঙ্গানগর অঞ্চলকে মিউনিসিপ্যালিটিতে পরিণত করার পরিকল্পনা

— শ্রী সরল দেব, P-890

২নং শালবনী ফডার ফার্মে গোট ফার্ম খোলার পরিকল্পনা

— **শ্রী সুন্দর হাজরা**, PP-8-9

৪৮নং বাস রুটকে কলিকাতা পর্যন্ত সম্প্রসারণের সিদ্ধান্ত

— **শ্রী সুভাষ নস্কর**, P-907

১৯৮৩ সালে কয়েকটি এলাকায় পঞ্চায়েত নির্বাচন না হওয়ার ঘটনা

— **শ্রী কাশীনাথ মিশ্র**, P-592

২৪-পরগনা জেলার নহাটায় মহাবিদ্যালয় স্থাপনের পরিকল্পনা

— **শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ**, P-608

২৪-পরগনা জেলায় শিশু বিকাশ প্রকল্প

— **শ্রী আবদুস সোবান গাজী**, P-612

৩৪নং জাতীয় সড়কে যানবাহনের দুর্ঘটনা

— **শ্রী মাধবেন্দু মোহান্ত**, PP-688-689

২৪-পরগনা জেলায় প্রাথমিক শিক্ষক নিয়োগ

— **শ্রী সুভাষ নস্কর**, P-725

ডাইনী সন্দেহে নিগৃহীত মহিলা

— **শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা**, PP-704-705

ডি পি এল-এর লাভ/লোকসান

— **শ্রী সরল দেব**, PP-766-767

ডি এস টি সি-তে চালু বাসের সংখ্যা

— **শ্রী নবনী বাউরি**, PP-166-168

ডি আর ডি এ প্রকল্পে নদীয়া জেলার উপকৃত পরিবার

— **শ্রী ননীগোপাল মালাকার**, PP-606-607

ডি ভি সি কর্তৃক বিদ্যুৎ সরবরাহ

— **শ্রী কাশীনাথ মিশ্র**, PP-682-683

**Statement on Calling Attention**

On the subject of reported discussion between chief minister & Union Law minister on the problems facing the wagan Industry in the state.

— by Shri Joyti Basu, PP-795-796

Regarding Closure & lockout in Messers. Bengal Ename (Works) Ltd since 1982 resulting in suicide of 20 workers

— by Shri Nirmal Kumar Basu, PP-799-800

Regarding alleged non receipt of pension by the retired school teachers and failure of the Government to formulate any retirement benefit rules since 1st April, 1981.

— by Shri Kanti Chandra Biswas, PP-962-963

Regarding Malpractices in the sale and number of Lottery tickets in aid of construction of Salt Lake stadium.

— by Shri Subash Chakraborty, PP-616-617

Regarding death of one Shri Shashi Shikdar in R.G. Kar Medical College and Hospital

— by Shri Patit Paban Pathak, PP-614-616

Regarding assualt on Shri Santosh Kr. Das Ex-MLA of Gangadharpur under Panchla Panchayat by the Circle inspector of police, Sankrail and the additional S.P. Howrah on the 18th April, 1985.

— by Shri Patit Paban Pathak, PP-507-509

Regarding Industrial refuse emitted into the Hooghly Bhagirathi river causing pollution of water thereof.

— by Shri Bhabani Mukherjee, P-507

Regarding acute scarcity of drinking water in North-Western part of Bankura district.

— by Shri Patit Paban Pathak, P-506

Regarding disasster caused by cyclone on 16th April, 1985 in Midnapur district.

— by Smt. Nirupama Chatterjee, PP-35-36

Regarding Non-Implementation of recommendations of "Bhattacharjee Commissions" on the Cotton Textile Industries

— by Shri Santi Ranjan Ghatak, PP-32-33

Regarding Law and order situation in Kandi and Bhanatpur Police station areas in Murshidabad district.

— by Shri Santi Ranjan Ghatak, PP-34-35

Regarding deadlock in Haldia oil refinery.

— by Shri Nirmal Kumar Basu, PP-31-32

**Zero Hour**

PP-815-819

PP-531-532

PP-47-54

PP-1005-1009

**Printed by : Glasgow Printing Co. Private Ltd.**
**Phone : 643 - 8422, 643 - 8007**